Barcode - 4990010123475
Title - Bengal Legislative Assembly Proceedings (1972) vol.53, pt.3
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 914
Publication Year - 1972
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123475

Vol. 53—No. 3

# Assembly Proceedings

## Official Report

# West Bengal Legislative Assembly

Fifty-third Session

(June—August, 1972)

*(From 26th June, 1972 to 11th August, 1972)*

(The 29th July, 2nd, 3rd, 4th, 7th, 8th, 9th, 10th and 11th August, 1972)

**Published by authority of the Assembly under rule 353 of [illegible] Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly**

**Price—Rs.15·00**

Vol. 53—No. 3

# Assembly Proceedings

## Official Report

# West Bengal Legislative Assembly

Fifty-third Session

(June—August, 1972)

*(From 26th June, 1972 to 11th August, 1972)*

(The 29th July, 2nd, 3rd, 4th, 7th, 8th, 9th, 10th and
11th August, 1972)

Published by authority of the Assembly under rule 353 of the Rules of
Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Superintendent, Government Printing, West Bengal
Alipore, Calcutta 700 027

## GOVERNMENT OF WEST BENGAL

**Governor**

**Shri ANTHONY LANCELOT DIAS**

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS

Shri SIDDHARTHA SANKAR ROY, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Transport, Jails, Tourism and Perliamentary Affairs Branches), Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri ABDUS SATTAR, Minister-in charge of Department of Agriculture and Community Development, Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Waqf Branch).

Dr. ZAINAL ABEDIN, Minister-in-charge of Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries and Department of Cooperation.

Shri MRITYUNJOY BANERJEE, Minister-in-charge of Department of Education (excluding Youth Services and Sports Branches).

Shri ABUL BARKAT ATAWAL GHANI KHAN CHAUDHURY, Minister in-charge of Department of Irrigation and Waterways and Department of Power.

Shri TARUN KANTI GHOSH, Minis-in-charge of Department of Commerce and Industries and Tourism Branch of Home Department.

Shri SANKAR GHOSH, Minister-in-charge of Finance Department and Department of Development and Planning.

Shri GURUPADA KHAN, Minister-in-charge of Depattment of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

Shri SITARAM MAHATO, Minister-in charge of Department of Forests and Veterinary Services (excluding Dairy Development Branch) and Department of Excise.

Shri KASHI KANTA MAITRA, Minister-in-charge of Department of Food and Supplies and Dairy Development Branch of Department of Animal Husbandry and Veterinary Services.

Dr. GOPAL DAS NAG, Minister-in-charge of Department of Labour and Department of Closed and Sick Industries.

Shri GYAN SINGH SOHANPAL, Minister-in-charge of Transport, Jails and Parliamentary Affairs Branches of Home Department.

Shri AJIT KUMAR PANJA, Minister-in-charge of Department of Health (excluding Rural Water Supply Branch).

Shri SANTOSH KUMAR ROY, Minister-in-charge of Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and the Department of Scheduled Castes and Tribes Welfare) and Department of Fisheries.

Shri BHOLANATH SEN, Minister-in-charge of Public Works Department and Housing Department

MINISTERS OF STATE

Shri PRADIP BHATTACHARYYA, Minister of State for Department of Labour and Department of Closed and Sick Industries.

Shri ANANDA MOHAN BISWAS, Minister of State for Department of Agriculture and Community Development, Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Waqf Branch.)

Shri PRAFULLAKANTI GHOSH, Minister of State-in-charge of Department of Municipal Services, Department of Panchayats and Sports Branch of Department of Education.

Dr. Md. FAZLE HAQUE, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri DENIS LAKRA, Minister of State for Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and Department of Scheduled Castes and Tribes Welfare).

Shri SUBRATA MUKHOPADHYAY, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judical Department and Youth Services Branch of Department of Education.

Shri GOBINDA CHANDRA NASKAR, Minister of State for Department of Health (excluding Rural Water Supply Branch).

Shri RAMKRISHNA SARAOGI, Minister of State for Public Works Department and Housing Department.

Shri ATISH CHANDRA SINHA, Minister of State for Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries.

## DEPUTY MINISTERS

Shrimati AMALA SAREN, Deputy Minister for Department of Education (excluding Youth Services and Sports Branches).

Shri GAJENDRA GURUNG, Deputy Minister for Department of Commerce and Industries and Tourism Branch of Home Department.

Shri SUNITI CHATTARAJ, Deputy Minister for Department of Irrigation and Waterways and Department of Power.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

### PRINCIPAL OFFICERS AND OFFICIALS

| | |
|---|---|
| *Speaker* | ... Shri Apurba Lal Majumdar |
| *Deputy Speaker* | ... Shri Haridas Mitra |

### SECRETARIAT

| | |
|---|---|
| *Secretary* | ... Shri K. K. Moitra, M A. (Cal.). LL.B. (London), Barrister-at-Law |
| *Deputy Secretary* | ... Shri A. K. Chunder, B.A. (Hons.) (Cal.), M A , LL.B. (Cantab). LL B.(Dublin), Barrister-at-Law |
| *Deputy Secretary* | ... Shri Dhruba Narayan Banerjee, B.A. (Hons.), LL.B. |
| *Deputy Secretary* | ... Shri Debavrata Chakravarthy, B A. |
| *Assistant Secretary* | . Shri Nayan Gopal Chowdhury, B A. |
| *Assistant Secretary* | ... Shri Sankoriprosad Mukherjee, B.A. |
| *Assistant Secretary* | ... Shri Asadur Rahman |
| *Assistant Secretary* | ... Shri Sailendra Nath Patra |
| *Editor of Debates* | ... Shri Amiya Kumar Dutta |
| *Chief Reporter* | . . Shri S. K. Chatterjee, B. Com. |
| *Private Secretary to the Speaker* | Shri Panchu Gopal Chatterjee |
| *Personal Assistant to the Secretary* | Shri Shyamal Kumar Banerjee |
| *Section Officers* | ... Shri Asim Kumar Adhya<br>Shri Ganesh Chandra Das<br>Shri Prasantakumar Maulik, B.Sc., LLB. |
| *Caretaker* | ... Shri Gopal Chandra Ghatak |
| *English Reporters* | .. Shri Himadri Bhusan Chatterjee, B. Com<br>Shri Prithwish Chandra Sen Gupta<br>Shri Jawhar Lal Dutt, B. Com<br>Shri Sailendra Mohan Chakrabarti<br>Shrimati Subrata Sen Gupta |

| | | |
|---|---|---|
| *English Reporters* | ... | Shri Shyamal Kumar Banerjee<br>Shri Parimal Kanti Ghosh<br>Shri Pulak Chandra Banerjee, B.A. |
| *Bengali Reporters* | ... | Shri Arindam Ghosh<br>Shri Bimal Kanti Bera<br>Shri Prafulla Kumar Ganguli, B. Com.<br>Shri Prabhat Chandra Bhattacharyya, B A.<br>Shri Abney Golam Akbar, B.A.<br>Shri Manas Ranjan Das, B. Com.<br>Shri Jagadish Chandra Biswas, B.A.<br>Shri Swadhin Chatterjee<br>Shri Ranjit Kumar Basu, M.A., LLB.<br>Shri Tarak Nath Chatterjee<br>Shri Dhirendra Nath Bera |
| *Hindi Reporter* | ... | Shri Ram Naresh Tripathi |

# West Bengal Legislative Assembly

## ALPHABETICAL LSIT OF MEMBERS

### A

(1) Abdul Bari Biswas, Shri (54-Jalangi—Murshidabad)

(2) Abdur Rauf Ansari, Shri (144-Taltala—Calcutta)

(3) Abdur Razzak Molla, Shri (100-Bhangar—24-Parganas)

(4) Abdus Sattar, Shri (50-Lalgola—Murshidabad)

(5) Abedin, Dr. Zainal (30-Itahar—West Dinajpur)

(6) Abu Raihan Biswas, Shri (57-Hariharpara—Murshidabad)

(7) Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri (44-Suzapur—Malda)

(8) Aich, Shri Triptimay (244-Hirapur—Burdwan)

(9) Ali Ansar, Shri (164-Kalyanpur—Howrah)

(10) Anwar Ali, Shri Sk. (158-Panchla—Howrah)

### B

(11) Baidya, Shri Paresh Chandra [91-Gosaba (SC)—24-Parganas]

(12) Bandopadhayay, Shri Shib Sankar (66-Kaliganj—Nadia)

(13) Bandopadhyay, Shri Ajit Kumar (252-Faridpur—Burdwan)

(14) Bandyopadhyay, Shri Sukumar (246-Baraboni—Burdwan)

(15) Banerjee, Shri Mrityunjoy (153-Howrah Central—Howrah)

(16) Banerjee, Shri Pankaj Kumar (139-Tollygunge—Calcutta)

(17) Banerjee, Shri Ramdas (245-Kulti—Burdwan)

(18) Bapuly, Shri Satya Ranjan (115-Patharprotima—24-Parganas)

(19) Bar, Shri Ram Krishna [108-Bishnupur East (SC)—24-Parganas

(20) Basu, Shri Ajit Kumar (173-Singur—Hooghly)

(21) Basu, Shri Ajit Kumar (212-Kharagpur Local—Midnapur)

(22) Basu, Shri Chittaranjan (174-Haripal—Hooghly)

(23) Basu, Shri Lakshmi Kanta (138-Rashbehari Avenue—Calcutta)

(24) Bauri, Shri Durgadas [228-Raghunathpur (SC)—Purulia]

(25) Bera, Shri Rabindra Nath (205-Debra—Midnapur)

(26) Bera, Shri Sudhir (187-Daspur—Midnapur)

(27) Besra, Shri Manik Lal [232-Raipur (ST)—Bankura]

(28) Besterwitch, Shri A H. [13-Madarihat (ST)—Jalpaiguri]
(29) Bhaduri, Shri Timir Baran (59-Beldanga—Murshidabad)
(30) Bharati, Shri Ananta Kumar [147-Beliaghata (North)—Calcutta]
(31) Bhattacharjee, Shri Keshab Chandra (81-Ashoenagar—24-Parganas)
(32) Bhattacharjee, Shri Sakti Kumar (77-Haringhata—Nadia)
(33) Bhattacharjee, Shri Shibapada (126-Baranagar—24-Parganas)
(34) Bhattacharjee, Shri Susanta (163-Bagnan—Howrah)
(35) Bhattacharya, Shri Narayan (11-Alipurduar—Jalpaiguri)
(36) Bhattacharyya, Shri Harasankar (270-Bolpur—Birbhum)
(37) Bhattacharyya, Shri Pradip (257-Burdwan South—Burdwan)
(38) Bhowmik, Shri Kanai (190 Moyna—Midnapur)
(39) Bijali, Dr Bhupen (105-Maheshtola—24-Parganas)
(40) Biswas, Shri Ananda Mohon [72-Hanskhali (SC)—Nadia]
(41) Biswas, Shri Kartic Chandra (65-Tehatta—Nadia)

C

(42) Chaki, Shri Naresh Chandra (74-Ranaghat West—Nadia)
(43) Chakrabarti, Shri Biswanath (103-Behala West—24-Parganas)
(44) Chakravarty, Shri Gautam (39-Harishchandrapur—Malda)
(45) Chakravarty, Shri Bhabataran (240-Vishnupur—Bankura)
(46) Chatterjee, Shri Debabrata (9-Kumargram—Jalpaiguri)
(47) Chatterjee, Shri Kanti Ranjan (82-Barasat—24-Parganas)
(48) Chatterjee, Shri Naba Kumar (261-Memari—Burdwan)
(49) Chatterjee, Shri Tapan (124-Panihati—24-Parganas)
(50) Chattaraj, Shri Suniti (274-Suri—Birbhum)
(51) Chattopadhyay, Dr Sailendra (178-Pandua—Hooghly)
(52) Chattopadhyay, Shri Santasri (169-Uttarpara—Hooghly)
(53) Chattopadhyay, Shri Sukumar (259-Raina—Burdwan)
(54) Chowdhury, Shri Abdul Karim (25-Chopra—West Dinajpur)

D

(55) Das, Shri Barid Baran (129-Shyampukur—Calcutta)
(56) Das, Shri Bijoy (204-Pingla—Midnapur)
(57) Das, Shri Bimal (42-English Bazar—Malda)

(58) Das, Shri Jagadish Chandra (118-Bijpur—24-Parganas)

(59) Das, Shri Rajani [3-Cooch Behar West (SC)—Cooch Behar]

(60) Das, Shri Sarat [227-Para (SC)—Purulia)

(61) Das, Shri Sudhir Chandra (199-Contai South—Midnapur)

(62) Das Gupta, Dr. Santi Kumar (154-Howrah South—Howrah)

(63) Das Mohapatra, Shri Kamakhyanandan (198-Contai North—Midnapur)

(64) Daulat Ali, Shri Sheikh (110-Diamond Harbour—24-Parganas)

(65) De, Shri Asamanja (73-Santipur—Nadia)

(66) Deshmukh, Shri Nitai (223-Arsa—Purulia)

(67) Dey, Shri Tarapada (157-Jagatballavpur—Howrah)

(68) Dihidar, Shri Niranjan (247-Asansol—Burdwan)

(69) Doloi, Shri Rajani Kanta [206-Keshpur (SC)—Midnapur

(70) Dolui, Shri Hari Sadhan [186-Ghatal (SC)—Midnapur)

(71) Duley, Shri Krishnaprasad [207-Garbeta East (SC)—Midnapur

(72) Dutt, Dr. Ramendra Nath (28-Raiganj—West Dinajpur)

(73) Dutta, Shri Adya Charan (52-Nabagram—Murshidabad)

(74) Dutta, Shri Hemanta (200 Ramnagar—Midnapur)

E

(75) Ekramul Haque Biswas, Dr. (55-Domkal—Murshidabad)

F

(76) Fazle Haque, Dr. Md (4-Sitai—Cooch Behar)

(77) Fulmali Shri Lalchand [276-Mayureswar (SC)—Birbhum

G

(78) Ganguly, Shri Ajit Kumar (79-Bongaon—24-Parganas)

(79) Gayen, Shri Lalit Mohan (98 Baruipur (SC)—24-Parganas

(80) Ghiasuddin Ahmad, Shri (68-Chapra—Nadia)

(81) Ghosal, Shri Satya (185-Chandrakona—Midnapur)

(82) Ghose, Shri Sankar (134-Chowringhee—Calcutta)

(83) Ghosh, Shri Lalit Kumar (88-Basirhat—24-Parganas)

(84) Ghosh, Shri Nitai Pada (275-Mahammad Bazar—Birbhum)

(85) Ghosh, Shri Prafulla Kanti (128-Cossipur—Calcutta)

(86) Ghosh, Shri Rabindra (161-Uluberia South—Howrah)

(87) Ghosh, Shri Sisir Kumar (123-Khardah—24-Parganas)

(88) Ghosh, Shri Tarun Kanti (85 Habra—24-Parganas)

(89) Ghosh, Maulik Shri Sunil Mohan (62-Barwan—Murshidabad)

(90) Golam Mahiuddin, Shri (279-Nalhati—Birbhum)

(91) Goswami, Shri Paresh Chandra (263 Nadanghat—Burdwan)

(92) Goswami, Shri Sambhu Narayan (239-Onda—Bankura)

(93) Gurung, Shri Gajendra (20-Kalimpong—Darjeeling)

(94) Gurung, Shri Nandalal (22-Jorebunglow—Darjeeling)

(95) Gyan Singh Sohanpal Shri (211-Kharagpur—Midnapur)

## H

(96) Habibur Rahaman Shri (48-Jangipur—Murshidabad)

(97) Hajra, Shri Basudeb (182-Khanakul (SC)—Hooghly)

(98) Halder, Shri Birendra Nath (114-Mathurapur (SC)—24-Parganas)

(99) Halder, Shri Harendra Nath (61-Khargram (SC)—Murshidabad)

(100) Halder, Shri Kansari (99-Sonarpur (SC)—24-Parganas)

(101) Halder, Shri Manoranjan (111-Magrahat East (SC)—24-Parganas)

(102) Hatui, Shri Ganesh (167-Jangipara—Hooghly)

(103) Hazra, Shri Haran (159-Sankrail (SC)—Howrah

(104) Hembram, Shri Shital Chandra (220 Banduan (ST)—Purulia

(105) Hembrom, Shri Benjamin (37-Gajol (ST)—Malda

(106) Hembrom, Shri Patrash (35-Tapan (ST)—West Dinajpur

(107) Hemram, Shri Kamala Kanta (235-Chhatna—Bankura)

## I

(108) Isore, Shri Sisir Kumar (8-Tufanjunj (SC)—Cooch Behar

## J

(109) Jana, Shri Amalesh (196-Bhagabanpur—Midnapur)

(110) Jerat Ali, Shri (46-Farakka—Murshidabad)

**K**

(111) Kar, Shri Sunil (6-Cooch Behar North—Cooch Behar)
(112) Karan, Shri Rabindra Nath [193-Sutahata (SC)—Midnapur]
(113) Karar, Shri Saroj Ranjan (166-Udainarayanpur—Howrah)
(114) Khan, Shri Gurupada [243-Sonamukhi (SC)—Bankura]
(115) Khan, Nasiruddin, Shri (56-Naoda—Murshidabad)
(116) Khan Samsul Alam, Shri (201-Egra—Midnapur)
(117) Kolay, Shri Akshay Kumar (241-Kotulpur—Bankura)

**L**

(118) Lahiri, Shri Somnath (140-Dhakuria Calcutta)
(119) Lakra, Shri Denis [10-Kalchini (ST)—Jalpaiguri]
(120) Lohar, Shri Gour Chandra [234 Indpur (SC)—Bankura]

**M**

(121) M. Shaukat Ali, Shri (84-Deganga—24-Parganas)
(122) Mahabubul Haque, Shri (38-Kharba—Malda)
(123) Mahanti, Shri Pradyot Kumar (214-Dantan—Midnapur)
(124) Mahapatra, Shri Harish Chandra (217-Gopiballavpur—Midnapu
(125) Mahata, Shri Kinkar (224-Jhalda—Purulia)
(126) Mahata, Shri Thakurdas (209-Salbani—Midnapur)
(127) Mahato, Shri Madan Mohan (229-Kashipur—Purulia)
(128) Mahato, Shri Ram Krishna (225-Jaipur—Purulia)
(129) Mahato, Shri Satadal (230-Hura—Purulia)
(130) Mahato, Shri Sitaram (221-Manbazar—Purulia)
(131) Maiti, Shri Braja Kishore (213-Narayangarh—Midnapur)
(132) Maitra, Shri Kashi Kanta (71-Krishnagar East—Nadia)
(133) Maity, Shri Prafulla (203-Pataspur—Midnapur)
(134) Majhi, Shri Rup Sing [222-Balarampur (ST)—Purulia]
(135) Maji, Shri Saktipada [236-Gangajalghati (SC)—Bankura]
(136) Majumdar, Shri Apurba Lal [78-Bagdaha (SC)—24-Parganas]
(137) [illegible]

138) Majumdar, Shri Indrajit (102-Behala East—24-Parganas)
139) Mal, Shri Dhanapati [278-Hansan (SC)—Birbhum]
140) Malik Shri Sridhar [253-Ausgram (SC)—Burdwan]
141) Malla Deb, Shri Birendra Bijoy (218-Jhargram—Midnapore)
(142) Mandal, Shri Arabinda (64-Karimpur—Nadia)
(143) Mandal, Shri Jokhi Lal (43-Manikchak—Malda)
(144) Mandal, Shri Nrisinha Kumar [49-Sagardighi (SC)—Murshidabad]
(145) Mandal, Shri Prabhakar [268-Ketugram (SC)—Burdwan]
(146) Mandal, Shri Prabhonjan Kumar (117-Sagore—24-Parganas)
(147) Mazumder, Shri Dinesh (101-Jadavpur—24-Parganas)
(148) Md. Safiullah, Shri (168-Chanditala—Hooghly)
(149) Md. Shamsuzzoha, Shri (140-Vidyasagar—Calcutta)
(150) Medda, Shri Madan Mohan [184-Goghat (SC)—Hooghly)
(151) Misra, Shri Ahindra (192-Mahisadal—Midnapore)
(152) Misra, Shri Chandra Nath (86-Swarupnagar—24-Parganas)
(153) Misra, Shri Kashinath (238-Bankura—Bankura)
(154) Mitra, Shri Chandipada (80-Gaighata—24-Parganas)
(155) Mitra, Shri Haridas (76-Chakdaha—Nadia)
(156) Mitra, Shrimati Ila (148-Manicktala—Calcutta)
(157) Mitra, Shri Somendra Nath (145-Sealdah—Calcutta)
158) Mohammad Dedar Baksh, Shri (51-Bhagabangola—Murshidabad)
159) Mohammad Idris Ali, Shri (53-Murshidabad—Murshidabad)
(160) Mohanta, Shri Bijoy Krishna [16-Mainaguri (SC)—Jalpaiguri
(161) Moitra, Shri Arun Kumar (23-Siliguri—Darjeeling)
(162) Mojumdar, Shri Jyotirmoy (267-Mongalkot—Burdwan)
(163) Molla Tasmatulla, Shri (89-Hasnabad—24-Parganas)
(164) Mondal, Shri Aftabuddin (165-Amta—Howrah)
(165) Mondal, Shri Amarendra Nath [249-Jamuria (SC)—Burdwan
(166) Mondal, Shri Anil Krishna [90-Hingalganj (SC)—24-Parganas]
(167) Mondal, Shri Gopal [250-Ukhra (SC)—Burdwan]
(168) Mondal, Shri Raj Kumar [160-Uluberia North (SC)—Howrah]
(169) Mondal, Shri Santosh Kumar [113-Kulpi (SC)—24-Parganas
(170) Mondol, Shri Khagendra Nath [83-Rajarhat (SC)—24-Parganas]
(171) Moslehuddin Ahmed, Shri (32-Gangarampur—West Dinajpur)

(172) Motahar Hossain, Dr. (280-Murarai—Birbhum)
(173) Mukhapadhya, Shri Tarapado (119-Naihati—24-Parganas)
(174) Mukherjee, Shri Bhabani Sankar (151-Bally—Howrah)
(175) Mukherjee, Shri Ananda Gopal (251-Durgapur—Burdwan)
(176) Mukherjee, Shri Bhabani (172-Chandernagore—Hooghly)
(177) Mukherjee, Shri Biswanath (210-Midnapore—Midnapore)
(178) Mukherjee, Shri Mahadeb (181-Pursurah—Hooghly)
(179) Mukherjee, Shri Mrigendra (155-Sibpur—Howrah)
(180) Mukherjee, Shri Sanat Kumar (226-Purulia—Purulia)
(181) Mukherjee, Shri Shankar Lal (152-Howrah North—Howrah)
(182) Mukherjee, Shri Sibdas (70-Krishnagar West—Nadia)
(183) Mukherjee, Shri Subrata (266-Katwa—Burdwan)
(184) Mukherji, Shri Ajoy Kumar (191-Tamluk—Midnapore)
(185) Mukhopadhaya, Shri Subrata (141-Ballygunge—Calcutta)
(186) Mukhopadhyaya, Shrimati Geeta (189-Panskura East—Midnapore)
(187) Mukhopadhyaya, Shri Girija Bhusan (171-Champdani—Hooghly)
(188) Mundle, Shri Sudhendu (112-Magrahat West—24-Parganas)
(189) Murmu, Shri Rabindra Nath [36-Habibpur (ST)—Malda]

## N

(190) Nag, Dr. Gopal Das (170-Serampore—Hooghly)
(191) Nahar, Shri Bijoy Singh (133-Bowbazar—Calcutta)
(192) Naskar, Shri Arabinda [96-Kultali (SC)—24 Parganas
(193) Naskar, Shri Gobinda Chandra [95-Canning (SC)—24-Parganas
(194) Nasker, Shri Ardhendu Sekher [142-Beliaghata South (SC)—Calcutta
(195) Nurul Islam Molla, Shri (262-Kalna—Burdwan)
(196) Nurunnesa Sattar, Shrimati (265-Purbasthali—Burdwan)

## O

(197) Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed (143-Entally—Calcutta)
(198) Omar Ali, Dr. (188-Panskura West—Midnapore)
(199) Oraon, Shri Prem [15-Nagrakata (ST)—Jalpaiguri]

P

(200) Paik, Shri Bimal [197-Khajuri (SC)—Midnapur]
(201) Palit, Shri Pradip Kumar (125-Kamarhati—24-Parganas)
(202) Panda, Shri Bhupal Chandra (194-Nandigram—Midnapur)
(203) Panja, Shri Ajit Kumar (149-Burtala—Calcutta)
(204) Parui, Shri Mohini Mohon (109-Falta—24-Parganas)
(205) Patra Shri Kashinath [179-Dhaniakhali (SC)—Hooghly]
(206) Paul, Shri Bhawani (14-Dhupguri—Jalpaiguri)
(207) Paul, Shri Sankar Das (58-Berhampore—Murshidabad)
(208) Poddar, Shri Deokinandan (131-Jorasanko—Calcutta)
(209) Pramanick, Shri Gangadhar [93-Haroa (SC)—24-Parganas]
(210) Pramanik, Shri Monoranjan [258-Khandaghosh (SC)—Burdwan]
(211) Pramanik, Shri Puranjoy [260-Jamalpur (SC)—Burdwan]

Q

(212) Quazi Abdul Gaffar, Shri (87-Baduria—24-Parganas)

R

(213) Rai, Shri Deo Prakash (21-Darjeeling—Darjeeling)
(214) Ram, Shri Ram Peyare (135-Kabitirtha—Calcutta)
(215) Ray, Shri Debendra Nath [29-Kaliaganj (SC)—West Dinajpur
(216) Ray Shri Siddhartha Shankar (41-Malda—Malda)
(217) Roy, Shri Ananda Gopal (277-Rampurhat—Birbhum
(218) Roy, Shri Aswini Kumer (255-Galsi—Burdwan)
(219) Roy, Shri Birendra Nath [2-Mathabhanga (SC)—Cooch Behar
(220) Roy, Shri Bireswar (34-Balurghat—West Dinajpur)
(221) Roy, Shri Haradhan (248-Raniganj—Burdwan)
(222) Roy, Shrimati Ila (130-Jorabagan—Calcutta)
(223) Roy, Shri Jagadananda [12-Falakata (SC)—Jalpaiguri]
(224) Roy, Shri Jatindra Mohan [31-Kushmandi (SC)—West Dinajpur
(225) Roy, Shri Krishna Pada (156-Domjur—Howrah)
(226) Roy, Shri Madhu Sudan [1-Mekliganj (SC)—Cooch Behar]

(227) Roy, Shri Mrigendra Narayan [19-Rajganj (SC)—Jalpaiguri]
(228) Roy, Shri Provash Chandra (107-Bishnupur West—24-Parganas)
(229) Roy, Shri Santosh Kumar (7-Cooch Behar South—Cooch Behar)
(230) Roy, Shri Saroj (208 Garbeta West—Midnapur)
(231) Roy, Shri Suvendu (121-Noapara—24-Parganas)
(232) Roy Barman, Shri Khitibhusan (106-Budge Budge—24-Parganas)

S

(233) Saha, Shri Dulal [269-Nanur (SC)—Birbhum]
(234) Saha, Shri Dwija Pada [273-Rajnagar (SC)—Birbhum]
(235) Saha, Shri Nirad Kumar (97-Joynagar—24-Parganas)
(236) Saha, Shri Radha Raman (69-Nabadwip—Nadia)
(237) Sahoo, Shri Prasanta Kumar (202-Mugberia—Midnapur)
(238) Sajjad Hussain, Shri Haji (27-Karandighi—West Dinajpur)
(239) Samanta, Shri Saradindu (195-Narghat—Midnapur
(240) Samanta, Shri Tuhin Kumar (264-Monteswar—Burdwan)
(241) Santra, Shri Sanatan 242-Indas (SC)—Bankura
(242) Saraogi, Shri Ramkrishna (132-Barabazar—Calcutta)
(243) Saren, Shrimati Amala 233-Ranibandh (ST)—Midnapur
(244) Saren, Shri Dasarathi [216-Nayagram (ST)—Midnapur
(245) Sarkar, Shri Biren [177-Balagarh (SC)—Hooghly]
(246) Sarkar, Shri Jogesh Chandra (5-Dinhata—Cooch Behar)
(247) Sarkar, Dr. Kanai Lal (136-Alipore—Calcutta)
(248) Sarkar, Shri Nil Kamal [67-Nakashipara (SC)—Nadia]
(249) Sarkar, Shri Nitaipada [75-Ranaghat East (SC)—Nadia]
(250) Sau, Shri Sachinandan (272-Dubrajpur—Birbhum)
(251) Sautya, Shri Basudeb (116-Kakwip—24-Parganas)
(252) Sen, Dr. Anupam (18-Jalpaiguri—Jalpaiguri)
(253) Sen, Shri Bholanath (254-Bhatar—Burdwan)
(254) Sen, Shri Prafulla Chandra (183-Arambagh—Hooghly)
(255) Sen, Shri Sisir Kumar (162-Shyampur—Howrah)
(256) Sen Gupta, Shri Kumardipti (63-Bharatpur—Murshidabad)
(257) Shamsuddin Ahmad, Shri (45-Kaliachak—Malda)

(258) Sharafat Hussain, Shri Sheikh (26-Goalpokhar—West Dinajpur)
(259) Sheth, Shri Balai Lal (180-Tarakeswar—Hooghly)
(260) Shish Mohammad, Shri (47-Suti—Murshidabad)
(261) Shukla, Shri Krishna Kumar (122-Titagarh—24-Parganas)
(262) Singh, Shri Chhedi Lal (104-Garden Reach—24-Parganas)
(263) Singh, Shri Lal Bahadur (127-Dum Dum—24-Parganas)
(264) Singh, Shri Satyanarayan (120-Bhatpara—24-Parganas)
(265) Singhababu, Shri Phani Bhusan (231-Taldangra—Bankura)
(266) Singha Roy, Shri Probodh Kumar (33-Kumarganj—West Dinajpur)
(267) Sinha, Shri Atish Chandra (60 Kandi—Murshidabad)
(268) Sinha, Shri Debendra Nath [92-Sandeshkhali (ST)—24-Parganas]
(269) Sinha, Shri Niren Chandra (40-Ratua—Malda)
(270) Sinha, Shri Nirmal Krishna (271-Labhpur—Birbhum)
(271) Sinha, Shri Panchanan (94-Basanti—24-Parganas)
(272) Sinha Roy, Shri Bhawani Prosad (176-Polba—Hooghly)
(273) Soren, Shri Jairam [219-Binpur (ST)—Midnapore]
(274) Sur, Shri Ganapati (150-Belgachia—Calcutta)

**T**

(275) Ta, Shri Kashinath (256-Burdwan North—Burdwan)
(276) Talukder, Shri Rathin (137-Kalighat—Calcutta)
(277) Tewary, Shri Sudhangshu Sekhar (237-Barjora—Bankura)
(278) Tirkey, Shri Iswar Chandra [24-Phansidewa (ST)—Darjeeling]
(279) Topno, Shri Antoni [17-Mal (ST)—Jalpaiguri]
(280) Tudu, Shri Budhan Chandra [215-Keshiary (ST)—Midnapur]

**W**

(281) Wilson-de Rozes, Shri George Albert (281-Nominated)

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 29th July, 1972, at 8 a.m.

**Present**

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 6 Ministers of State, 3 Deputy Ministers and 127 Members.

**Oath or Affirmation of Allegiance**

[8—8-10 p. m.]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

**(There was none to take oath)**

There will be no question, no calling attention and no motion today.

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the Table)**

### বাঁকুড়া জেলায় শরণার্থীদের বাসগৃহ

২৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৬।) **Shri Fhanibhusan Singhababu :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলাদেশ হইতে আগত শরণার্থীদের বাসস্থানের জন্য বাঁকুড়া জেলায় যে সমস্ত গৃহগুলি নির্মিত হইয়াছিল সেই গৃহগুলি বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত গৃহগুলির টালি ও কাঠ বিভিন্ন বিদ্যালয় ও আদিবাসী সম্প্রদায়ের মধ্যে বিতরণ করার পরিকল্পনা ছিল ; এবং

(গ) সত্য হইলে ঐ টালি, কাঠ প্রভৃতি বিতরণ করা হইয়াছে কিনা এবং না হইলে ইহার কারণ কি ?

**The Minister of Refugee Relief and Rehabilitation :** (ক) রাজ্য সরকার স্থাপিত তিনটি শিবিরের জিনিসপত্র ও কেন্দ্রীয় সরকারের একটি শিবিরের কয়েকটি চালাঘর ইতিমধ্যে বিলি করা হইয়াছে, এবং রাজ্য সরকারের একটি শিবিরের জিনিসপত্র ও কেন্দ্রীয় শিবিরের অবশিষ্ট চালাঘরগুলি বিলির অপেক্ষায় আছে।

(খ) হাঁ।

(গ) (ক) প্রশ্নের উত্তরে বর্ণিত বিষয় দ্রষ্টব্য। অতি সত্বর অবশিষ্ট জিনিসপত্র বা চালাঘর বিলি করা হইতেছে।

### ভিক্ষুক

২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬১।) **Shri Muhammad Dedar Bux :** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে ভিক্ষাবৃত্তি অবলম্বন করে যারা জীবিকা নির্বাহ করে তাদের সংখ্যা কত?

**The Minister for Relief and Social Welfare :** এ সম্পর্কে সরকারের নির্ভরযোগ্য কোন তথ্য জানা নাই।

### খরা এলাকায় নলকূপ

২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩০।) **Shri Aidyachran Dutta :** স্বাস্থ্য (রুরাল ওয়াটার সাপ্লাই) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্তমান বৎসরে খরাজনিত পরিস্থিতির মোকাবিলায় সরকার মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ও জিয়াগঞ্জে এপর্যন্ত কয়টি ও কোথায় কোথায়—

(১) নূতন নলকূপ খনন ; এবং

(২) পুরাতন নলকূপ মেরামত করিয়াছেন ?

**The Minister for Health (Rural Water Supply) :** নবগ্রাম ও জিয়াগঞ্জে কোন নূতন নলকূপ খনন করা হয়নি। তবে ঐ দুটি ব্লকে নলকূপ পুনখনন ও মেরামতের হিসাব নিম্নে দেওয়া হইল :

| | পুঃ খনন | মেরামত |
|---|---|---|
| (১) নবগ্রাম— | ২৮টি | ১২৪টি |
| (২) জিয়াগঞ্জ— | ৪১টি | ১০টি |

স্থানভিত্তিক হিসাব পাওয়া যায় নাই।

### তমলুক মাস্টার প্ল্যান

২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৪।) **Dr. Shak Omar Ali :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাঁশকুড়া ও তমলুক থানা এলাকার নিকাশীর (ড্রেনেজ) জন্য "তমলুক মাস্টার প্ল্যান" প্রস্তুত হয়েছে কিনা ;

(খ) না হ'লে (১) ইহার কারণ কি ; এবং (২) কবে নাগাদ হবে ; এবং

(গ) "দেওয়ান খালি" নিকাশী খালের সঙ্গে "শঙ্কর আড়া" খালের সংযোগসাধন "তমলুক মাস্টার প্ল্যানের" অন্তর্ভুক্ত কিনা ?

**The Minister for Irrigation and Waterways :** (ক) এখনও হয় নাই।

(খ) সুষ্ঠু প্রকল্প প্রস্তুতের জন্য প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা প্রয়োজন এবং তাহা সময়সাপেক্ষ। তথ্যাদি বর্তমান বর্ষায় সংগ্রহের ব্যবস্থা হইতেছে। আশা করা যায় ১৯৭২ সনের ডিসেম্বরের মধ্যে প্রকল্প প্রস্তুত করা সম্ভব হইবে।

(গ) না।

### Sugar through Fair Price Shops

**236.** (Admitted question No. 1006.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the quantity of sugar allotted for sale through Fair Price Shops in Midnapore district during the months of March, April, May and June, 1972 ;

(b) out of the above allotment, how much sugar was actually lifted by the dealers for sale through Fair Price Shops ;

(c) the reasons for non-drawal of the full quota by the dealers ; and

(d) what action has been taken or proposed to be taken by the Government to supply the allotted sugar to the buyers of Midnapore district ?

**The Minister for Food and Supplies :** (a) to (c) The district of Midnapore was allotted the following quotas of fixed price sugar during the months of May-June, 1972—

| | | (Figures in tonnes) |
|---|---|---|
| March | ... | 1,421 0 |
| April | ... | 1,420.5 |
| Do. (Additional) | ... | 197.5 |
| May | ... | 1,426.0 |
| June | ... | 1.412 0 |
| Do (Additional) | ... | 161.0 |

The quantities of fixed price sugar actually lifted by the dealers out of the allotments made for the aforesaid months are as follows :

| | | (Figures in tonnes) |
|---|---|---|
| March | .. | 955 |
| April | ... | 1,135 |
| May | ... | 345 |
| June | ... | 742 |

The reasons for non-lifting of the full district quota by the dealers are as follows :

(i) Delay in remittance of earnest money to the sugar factories outside the State and completion of other formalities.

(ii) Inability on the part of the sugar factories to despatch the indented stocks of sugar in full owing to non-availability of wagons within the validity period of allotment, which is one calendar month as prescribed by the Central Government. Any part of an allotment remaining undespatched, for any reason whatsoever, on the last day of a colendar month lapses and is not revalidated by the Central Government.

(d) Despite repeated requests made by the State Government to the Central Government and the appropriate Railway authorities for arranging supply of an adequate number of wagons, the position continues to be unstatisfactory. The District Officers have therefore been advised to have recourse to road transport, wherever possible for lifting sugar from factories outside the State, so that the maximum quantity of the allotted quota can be made available to the buyers.

### লালগড়, শেঠ ও মনোহর কলোনী

২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৭।) **Shri Shibapada Bhattacharjee :** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দমদমের লালগড় কলোনী, শেঠ কলোনী ও মনোহর কলোনীকে সরকারী স্বীকৃতি দেওয়া হইয়াছে কিনা ; এবং

(খ) দেওয়া হইয়া থাকিলে, ইহার উন্নয়নকার্য কবে নাগাদ আরম্ভ এবং কবে নাগাদ শেষ হইবে ?

**The Minister for Refugee and Rehabilitation :** (ক) তিনটি কলোনীই বৈধকরণযোগ্য বলিয়া সরকারী স্বীকৃতিলাভ করিয়াছে।

(খ) আদালতের আদেশবলে ভূমি অধিগ্রহণের ব্যবস্থা এতদিন স্থগিত থাকায় উন্নয়নের কাজ আরম্ভ করা সম্ভব হয় নাই। মামলাটিব নিষ্পত্তি করিয়া আদালত যে রায়দান করিয়াছেন তদনুসারে ভূমি অধিগ্রহণের কাজ সম্পূর্ণ করিয়া কলোনা তিনটিব উন্নয়নকার্য সত্বর আরম্ভ করা হইবে। উন্নয়ন কাজ কয়েকটি বিষয় সাপেক্ষ বলিয়া, কবে ইহা শেষ হইবে তাহা এখন সঠিক বলা যায় না।

### Price of rice at Kharagpur

**238.** (Admitted question No. 1022.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Dapartment be pleased to state—

(a) if it is a fact that in the industrial town of Kharagpur in Midnapore district the retail price of rice has started soaring ;

(b) if so, what steps the Government is contemplating to take in this matter ; and

(c) whether there is any proposal to increase the quota of allotment of rice for this town ?

**The Minister for Food and Supplies :** (a) The minimum wholesale price of common rice in the open market at Kharagpur, which was Rs.155.00 per quintal in the month of May last, rose up to Rs.170.00 per quintal in the second/week of July and remained steady at that level till the 24th of this month, the retail price being Rs.2.00 to Rs.3.00 higher per quintal than rhe wholesale price.

(b) and (c) At present 85 per cent. of the ration card population of Kharagpur town is covered by rice supplies under modified rationing. With the beginning of the lean season in May last allotment of rice for modified rationing in this town has been generally increased, the allotment for the week ending 23rd July, 1972, being 1,228 quintals as against 860 quintals for the first week of May last. The Government has sufficient stock at its disposal ; if necessary, allotment for the town will be increased further to meet modified rationing requirements. Arrangements are also being made to distribute levy-free rice in addition to the normal rice quota under modified rationing, from the first week of August, 1972. The licensed rice wholesalers of Kharagpur have instructions to import rice and broken rice both from inside and from outside the State. In fact these wholesalers have brought a considerable quantity of rice and broken rice from other surplus areas of the district for sale on trade account.

**Accidents on G. T. Road**

**239.** (Admitted question No. 1113.) **Shri Puranjoy Pramanik :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of street accidents on the G. T. Road (i) within the district of Burdwan and (ii) in the rest of the G. T. Road in the State during the years 1969, 1970 and 1971 respectively ; and

(b) the step taken by Government, if any, to check the occurance of such accidents ?

**The Minister for Home (Police) :** (a)

| | 1969 | 1970 | 1971 |
|---|---|---|---|
| (i) | 565 | 632 | 543 |
| (ii) | 449 | 347 | 335 |

(b) Traffic Police Constables were posted at main traffic points and R. T. Vans used to ply along the G. T. Road under the supervision of Superior Police Officers.

**Street accidents**

**240.** (Admitted question No. 1114.) **Shri Puranjoy Pramanik :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of street accidents in the State during the years 1969, 1970 and 1971 respectively ; and

(b) the steps taken by Government, if any, to check the occurrence of such accidents ?

**The Minister for Home (Police) :** (a)

| 1969 | 1970 | 1971 |
|---|---|---|
| 19,522 | 17.685 | 16.550 |

(b) Districts :

(1) Important points and crossings on National Highways and other roads are manned by traffic police.

(2) Road signals on important road crossings.

(3) Road-safety weeks are observed to educate the road-users.

(4) Traffic Training School in Calcutta for training of the traffic Police personnel of West Bengal Police and Calcutta Police in traffic matters.

(5) By-passes on National Highways and other important roads have been provided.

(6) Special checking camps.

Calcutta :

(1) Traffic Control Room has been set up at Lalbazar.

(2) City streets are covered by Traffic jeep patrol cars fitted with wireless

(3) Standby wireless jeep to attend emergency affairs at night.

(4) Intensifying patrols and other precautionary measures in accident prone areas.

(5) Development of city roads and better illumination of roads.

(6) Road marking in important city crossings and lanes in busy roads.

(7) Construction of flyover from Brabourne Road to Howrah Bridge if under consideration of the Port Commissioners.

**Motor Transport Undertakings**

**241.** (Admitted question No. 1151.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is contemplating to bring all the motor transport undertakings including those employing less than five motor transport workers within the ambit of Motor Transport Workers' Act ; and

(b) If so, what action has so far been taken by the Government in this regard ?

**The Minister for Labour :** (a) The question is being considered by the Government.

**Durgapur Steel Ltd. and Chemicals Ltd.**

**242.** (Admitted question No. 1215.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be please to state—

(a) if it is a fact that Durgapur Steel Ltd , a Government of India Undertaking, has claimed a huge amount as interest from Durgapur Chemicals Ltd., a Government of West Bengal Undertaking, on the amount due to them against supply of Naphthalene and Benzene ;

(b) if so, whether the State Government has requested the Government of India to waive this interest ; and

(c) if so, the present position in this regard ?

**The Minister for Public Undertakings :** (a) Yes,

(b) No

(c) Does not arise.

Regarding payment of interest the Durgapur Chemicals Ltd. authorities, however, are negotiating with the HSL and the result so far is inconclusive. The State Government has, however, not yet been asked to intervene in the matter.

**সুন্দরবনের মধু**

২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৭।) **Shri Kalinath Misra :** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সুন্দরবন এলাকা হইতে বেশ কিছু পরিমাণ মধু সংগ্রহ হয় এবং তাহা হইতে সরকারের কিছু আয় হয় ;

(খ) সত্য হইলে, বৎসরের গড়ে কত পরিমাণ মধু সংগ্রহ হয় ;

(গ) ঐ মধু হইতে সরকারের ১৯৭১-৭২ সালের আয়ের পরিমাণ কত, এবং

(ঘ) সুন্দরবনের মধু বিদেশে সরবরাহ হয় কিনা এবং হইলে কোন্ কোন্ দেশে ?

**The Minister for Forests :** (ক) হ্যাঁ।

(খ) প্রায় ৩৯৭ কুইন্টাল।

(গ) ২,১২,৪৫৩·০০ টাকা।

(ঘ) বিদেশে সরবরাহ করা হয়।

**মুর্শিদাবাদ জেলায় রেশন কার্ড**

২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১২০।) **Shri Adya Charan Datta :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে মোট রেশন কার্ডধারীর সংখ্যা কত ;

(খ) ঐ সমস্ত রেশন কার্ডের মধ্যে প্রাপ্ত ও অপ্রাপ্ত শ্রেণীর সংখ্যা কত ;

(গ) প্রতি মাসে এই জেলায় রেশন কার্ড অনুপাতে কি প্রকারের ও কত পরিমাণ খাদ্য-শস্যের প্রয়োজন ;

(ঘ) গত জানুয়ারী হইতে জুন পর্যন্ত প্রতি মাসে ঐ জেলায় খাদ্যশস্য সরবরাহের পরিমাণ কত; এবং

(ঙ) ঐ জেলায় বর্তমান খাদ্যশস্যের স্টক কত?

**The Minister for Food and Supplies:** (ক) মুর্শিদাবাদ জেলায় সংশোধিত রেশন এলাকায় মোট রেশন কার্ডধারীর সংখ্যা ২৮,২১,৬৩২ জন।

(খ) ঐ সমস্ত রেশন কার্ডধারীর মধ্যে প্রাপ্তবয়স্ক শ্রেণীর সংখ্যা ২৫,৩৯,৪৫৯ জন এবং অপ্রাপ্তবয়স্ক শ্রেণীর সংখ্যা ২,৮২,১৭৩ জন। (শতকরা ৯০ জন প্রাপ্তবয়স্ক এবং শতকরা ১০ জন অপ্রাপ্তবয়স্ক অনুসারে)।

(গ) ঐ জেলায় সর্বমোট রেশন কার্ডধারীর অনুপাতে বর্তমান মাসিক খাদ্যশস্যের আংশিক পরিমাণ নিম্নরূপ:

চাউল—আনুমানিক ৬.৫ হাজার টন।

গম—আনুমানিক ২২.৮ হাজার টন।

(ঘ) গত জানুয়ারী হইতে জুন পর্যন্ত প্রতি মাসে ঐ জেলায় খাদ্যশস্য সরবরাহের পরিমাণ নিম্নরূপ:

| মাস | চাউল (টন) | গম (টন) |
|---|---|---|
| জানুয়ারী | ১,১০৪ | ৪,২৮৩ |
| ফেব্রুয়ারী | ১,৫৫৬ | ৪,৬৭৩ |
| মার্চ | ২,৫৭৭ | ২,১৮৮ |
| এপ্রিল | ২,৯৩১ | ৩৯৩ |
| মে | ৩,১৪১ | ৭৬৮ |
| জুন | ২,৭০০ | ২,৮০৪ |
| | ১৪,০০৯ | ১৫,১০৯ |

(ঙ) ঐ জেলায় ফুড কর্পোরেশনের অধীন খাদ্যশস্যের স্টক গত ১৫-৭-৭২ তারিখ অবধি নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| চাউল—বেঙ্গল | ১,০৭১ | মে-টন। |
| নন বেঙ্গল | ৬,৪৪৩ | মে-টন। |
| লেভিমুক্ত | ২৩১ | মে-টন। |
| দানপ্রাপ্ত চাউল | ৪০৭ | মে-টন। |
| মোট | ৮,১৬০ | মে-টন। |
| ধান্য | ৫২৫ | মে-টন। |
| গম | ১৫,১৯০ | মে-টন। |

### Rural Electrification

**245.** (Admitted Question No. 78) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether it is a fact that West Bengal is one of the most backward States in India so far as rural electrification is concerned:

(b) what percentage of villages in the State of West Bengal has so far been electrified in comparison to other States ; and

(c) the reasons for the difference ?

**The Minister for Power :** (a) Yes.

(b) Up to 31st March, 1972. 8 66 per cent, of the total number of of villages in West Bengal were electrified against the All-India average of 21.3 per cent A comparative statement is placed below. As on 30th June, 1972 the percentage of villages electrified stands at 10.4.

(c) Non-availability of adequate fund was the main reason for low progress of Rural Electrification in the State in the past. Late entry of the State in the field of Rural Electrification also accounts for the slow progress achieved. In the first two Five-Year Plans available funds were utilised mainfy for augmentation of generating capacity and erection of transmission and distribution lines.

*Statement referred to in reply to clause (b) of unstarred question No. 245.*

Comperative Statement

The percentage of electrified villages in respect of some State in India advanced in rural Electrification are as follows (as on 31st March, 1972) :

| | | per cent. |
|---|---|---|
| (i) | Haryana | 100 |
| (ii) | Tamil Nadu | 89 |
| (iii) | Kerala | 80 0 |
| (iv) | Punjab | 53.0 |
| (v) | Mysore | 38 |
| (vi) | Andhra Pradesh | 34.2 |
| (vii) | Gujarat | 25 3 |
| (viii) | Himachal Pradesh | 24.8 |
| (ix) | Uttar Pradesh | 21.0 |

Latest information regarding the current figures of villages electrified (i.e., up to 31st March, 1972) in respect of other States have not been received.

The percentage of these States as on 31st March 1971, are, however, indicated below :

| | | per cent. |
|---|---|---|
| 1. | Assam | 2.7 |
| 2. | Andhra Pradesh | 29.9 |
| 3. | Bihar | 11,6 |
| 4. | Jammu & Kashmir | 10.4 |
| 5. | Maharastra | 34.1 |
| 6. | Nagaland | 8.0 |
| 7. | Orissa | 3.6 |
| 8. | Rajasthan | 9.1 |

## মেদিনীপুর জেলায় মৎস্যজীবীদের সাহায্য

২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৬।) **Dr. Shaikh Omar Ali :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সালে মেদিনীপুর জেলায় মৎস্যজীবীদের জন্য ব্লকওয়ারী কি কি সাহায্য কত পরিমাণে দেওয়া হয়েছে;

(খ) ১৯৭২-৭৩ সালে কত দেওয়া হবে;

(গ) পাঁশকুড়া পশ্চিম নির্বাচনী কেন্দ্রের জন্য 'ইনটেনসিভ ডেভেলপমেন্ট স্কীম' গ্রহণ করা হয়েছে কি; এবং

(ঘ) হয়ে থাকলে বিস্তৃত বিবরণ?

**The Minister for Fisheries :** মেদিনীপুর জেলায় মৎস্যজীবীদের সাহায্যের জন্য বিভিন্ন প্রকল্পের অধীনে ১৯৭১-৭২ সালে ব্লকওয়ারী ঋণ বা অনুদান যা দেওয়া হয়েছে তাহা লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

(খ) মৎস্যজীবীদের সাহায্য-প্রকল্পগুলির অধীনে এ বৎসর মেদিনীপুর জেলায় অন্তত: ১ লক্ষ টাকা খরচ করা সম্ভব হবে বলে আশা করা যায়।

(গ) পাঁশকুড়া পশ্চিম নির্বাচনী কেন্দ্রের জন্য 'ইনটেনসিভ ফিসারী ডেভেলপমেন্ট স্কীম' (ইন সি, ডি; ব্লকস) গ্রহণ করা হয়েছে। পাঁশকুড়া ১নং ও ২নং ব্লক দুটিতে উক্ত প্রকল্প চালু করা হয়েছে।

(ঘ) ১৯৬৯-৭০ সাল থেকে 'ইনটেনসিভ ফিসারী ডেভেলপমেন্ট ইন সি, ডি, ব্লকস স্কিম' অনুসারে আঞ্চলিক পরিষদের মাধ্যমে কাজ করা হচ্ছে।

১৯৭১-৭২ সাল পর্যন্ত পাঁশকুড়া ব্লক নং ১এ ৪১টি পুকুর, যাদের মোট পরিমাণ ৬৩ বিঘা, উন্নয়ন করে ৫৫,৫০০ মাছের পোনা ছাড়া হয়েছে।

পাঁশকুড়া ব্লক নং ২এ ৯২ বিঘা পরিমিত ৯৪টি পুকুর উন্নয়ন করে প্রায় ৭৩ হাজার মাছের পোনা ছাড়া হয়েছে।

## বিভিন্ন শিল্পে নিযুক্ত শ্রমিক

২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৮।) **Shri Sukumar Bandyopadhyay :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন শিল্পে নিযুক্ত শ্রমিকদের সংখ্যা কত; এবং

(খ) উক্ত শ্রমিকদের মধ্যে স্থানীয় ও বহিরাগতদের সংখ্যা কত?

**The Minister for Labour :** (ক) এবং (খ) এ সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## GOVERNMENT BILL

### The West Bengal Appropriation (No. 2) Bill, 1972

**Shri Sankar Ghose :** Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Appropriation (No. 2) Bill, 1972.

(Secretary then read the Title of the Bill)

**Shri Sankar Ghose :** Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1972, be taken into consideration.

মহাশয়, ভারতীয় সংবিধানের ২৬৬(৩) অনুচ্ছেদ অনুসারে সংবিধানে নির্ধারিত পদ্ধতি ও উদ্দেশ্য এবং আইনগত পদ্ধতি ছাড়া রাজ্যের একীকৃত তহবিল থেকে কোন অর্থ উপযোজন করা যায় না।

একীকৃত তহবিল থেকে প্রদেয় ব্যয় এবং ১৯৭২-৭৩ আর্থিক বৎসরের একাংশের জন্য পশ্চিমবঙ্গ সরকারের অনুমিত ব্যয় প্রসঙ্গে ভারতীয় সংবিধানের ২০৬ অনুচ্ছেদ অনুসারে এই সভা অগ্রিম যে অনুদান মঞ্জুর করেছিলেন তা নির্বাহের জন্য গত মার্চ মাসে বিধানসভা পশ্চিমবঙ্গের একীকৃত তহবিল থেকে কিছু কিছু অর্থ উপযোজনের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ উপযোজন (ভোট অন অ্যাকাউন্ট) বিল, ১৯৭২, পাস করেছিলেন।

বর্তমান বিলের উদ্দেশ্য হ'ল (ক) বিধানসভা কর্তৃক প্রদত্ত অনুদান এবং (খ) পশ্চিমবঙ্গের একীকৃত তহবিল থেকে প্রদেয় ব্যয় নিবাহের জন্য পশ্চিমবঙ্গের একীকৃত তহবিল থেকে প্রয়োজনীয় সকল অর্থ উপযোজনের ব্যবস্থা করা [পশ্চিমবঙ্গ উপযোজন (ভোট অন অ্যাকাউন্ট) আইন, ১৯৭২, অনুসারে ইতিপূর্বে যেসব অর্থ তুলে নেওয়া হয়েছে এবং উপযোজন করা হয়েছে সেগুলি সহ.]।

সংবিধানে ব্যবস্থা আছে যে, অর্থের অঙ্কের পরিবর্তন হ'তে পারে কিংবা প্রদত্ত অনুদানের লক্ষ্য পরিবর্তন হ'তে পারে কিংবা রাজ্যের একীকৃত তহবিল থেকে প্রদেয় ব্যয়ের পরিমাণের পরিবর্তন হ'তে পারে এই বিলে এমন কোনও সংশোধনের প্রস্তাব আনা যাবে না।

প্রস্তাবিত উপযোজন বিলের বিস্তারিত বিবরণ বিলের অনুসূচিতে পাওয়া যাবে।

আমার বাজেট বিবৃতিতে আমি অভূতপূর্ব খরা-পরিস্থিতিজনিত ক্ষতির এবং খরা-পরিস্থিতির মোকাবিলায় জন্য বাজেটের বিভিন্ন খাতে বৃহত্তর আর্থিক বরাদ্দের কথাও উল্লেখ করেছিলাম। সে সময়ে অনুমান করা গিয়েছিল যে, জুলাই মাসের প্রথম সপ্তাহের মধ্যে বৃষ্টিপাত হ'তে পারে। যদিও কিছু বৃষ্টিপাত হয়েছে তবু সকল জেলায় এই বৃষ্টিপাতের পরিমাণ গড়ের চেয়ে অনেক নিচে এবং কতকগুলি জেলায় এখন পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ খুব কম। পরিস্থিতি গুরুতর এবং আমরা অধিকাংশ জেলায় ত্রাণকার্য চালিয়ে যাচ্ছি। বৃষ্টিপাত আরও বিলম্বিত হ'লে আমরা আরও বেশি গুরুতর পরিস্থিতির সম্মুখীন হব।

মূল বাজেটে খয়রাতী ত্রাণ খাতে ১.১০ কোটি টাকা, টেস্ট রিলিফ খাতে ১.৩০ কোটি টাকা এবং সমগ্র বৎসরের জন্য গ্রামীণ জলসরবরাহের উদ্দেশ্যে ২ লক্ষ টাকার বরাদ্দ ছিল। কিন্তু বর্তমানে ত্রাণব্যবস্থার সকল দফায় মূল বরাদ্দ ৮.৩৬ কোটি টাকার স্থলে ব্যয়ের পরিমাণ হবে প্রায় ১১.৫০ কোটি টাকা। আমরা এপর্যন্ত যে-সব অর্থ বরাদ্দ করেছি সেগুলোর পরিমাণ হ'ল খয়রাতী ত্রাণ খাতে ১.৬৯ কোটি টাকা, টেস্ট রিলিফ খাতে ৪.৭১ কোটি টাকা, এবং পানীয় জলসরবরাহ খাতে প্রায় ২.৭৫ কোটি টাকা।

কিন্তু যদিও আমরা ত্রাণকার্য বাবত বাজেট বরাদ্দের তুলনায় অনেক বেশি অর্থ ব্যয় করছি তবু পরিকল্পনার প্রকল্পগুলিতে ব্যয়ের পরিমাণ কোনরূপে কমানোর উদ্দেশ্য আমাদের নেই। এই উদ্দেশ্য নিয়েই আমরা অতিরিক্ত কর স্থাপনের কয়েকটি প্রস্তাব এনেছিলাম এবং এগুলি থেকে এ বৎসর ১০ কোটি টাকা পাবার সম্ভাবনা। আমরা যাতে এই বৎসরের ৭৩.৫০ কোটি টাকার পরিকল্পনা বিনিয়োগের লক্ষ্য পূরণ করতে পারি সেই উদ্দেশ্যে এইসব ব্যবস্থা অবলম্বন করা হয়েছে।

চলতি বৎসরে পরিকল্পনা পরিকল্পগুলি, কেন্দ্রীয় উদ্যোগের পরিকল্পগুলি, দ্বিতীয় হুগলি সেতু, সি. এম. ডি. এ পরিকল্পগুলি প্রভৃতি বাবত উন্নয়ন পরিকল্পের সামগ্রিক বিনিয়োগের পরিমাণ হবে ১৪২ কোটি টাকার মত। ১৯৬৯-৭০ সালে পরিকল্পনা পরিকল্পগুলিতে ব্যয়ের পরিমাণ ছিল ৪৫.৭৯ কোটি টাকার মত। পরিকল্পনা এবং উন্নয়নমূলক পরিকল্পগুলিতে এই বর্ধিত

বিনিয়োগের ফলে অর্থনীতি-পুনরুজ্জীবনে সহায়তা হওয়া উচিত। সি. পি. এম-প্রভাবিত যুক্তফ্রন্ট সরকারের সময়ে অনুসৃত বিভিন্ন নীতির দরুন পশ্চিমবঙ্গে লগ্নির আবহাওয়া নিদারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়। পশ্চিমবঙ্গের চাকরির অবস্থার কিরকমভাবে অবনতি হয়, নিচের তালিকাগুলি থেকে তা সুস্পষ্টভাবে জানা যাবে :

রেজিস্ট্রিকৃত কারখানাগুলিতে চাকরির হারে শতকরা বৃদ্ধি

| | সময় | |
|---|---|---|
| | ১৯৫১—৬৫ | ১৯৬৫—৬৮ |
| | শতকরা | শতকরা |
| পশ্চিমবঙ্গ | +৩৫'০৩ | −৭'২০ |
| ভারতের বাকি এলাকা | +৬৮'১০ | +৩'২০ |

পশ্চিমবঙ্গ রেজিস্ট্রিকৃত কারখানাগুলিতে চাকরি (লক্ষের হিসাবে)

| ১৯৫১ | ১৯৬১ | ১৯৬৫ | ১৯৬৯ |
|---|---|---|---|
| ৬'৫২ | ৭'১৮ | ৮'৩০ | ৭'৯১ |

এ থেকে বোঝা যায় যে, ১৯৫১ থেকে ১৯৬৫ পর্যন্ত কর্মে নিয়োগের হার বৃদ্ধি পাচ্ছিল কিন্তু ১৯৬৯-এ কর্মে নিয়োগে বৃদ্ধির হার পড়ে যায়। ১৯৬৮-তে কাজ বন্ধের সংখ্যা ছিল ২৪৪, ফলে ২,৭৫৪,৪৪৭ শ্রম-দিবসের ক্ষতি হয়েছিল। ১৯৬৭-তে কাজ বন্ধ ছিল ৪৩৮, নষ্ট শ্রম-দিবসের সংখ্যা ছিল ৫,০১৫,৮৫২। ১৯৬৯-এ কাজ বন্ধের সংখ্যা ছিল ৮৯৪ এবং নষ্ট শ্রম-দিবসের সংখ্যা ছিল ৯,৩৮১,০৮৬।

[8-10—8-20 p.m.]

এই ছিল বড় শিল্পের অবস্থা। কিন্তু ক্ষুদ্রশিল্পের ক্ষেত্রেও অবস্থা এর থেকে বিশেষ ভাল ছিল না। ক্ষুদ্রশিল্প-ক্ষেত্রে ১৯৬৫-৬৬তে যেখানে ১,৩৪৯ কোটি টাকার কাজের অর্ডার পাওয়া গিয়েছিল সেখানে ১৯৬৯-৭০-এ তা কমে গিয়ে হয় ৫৯৮ কোটি টাকা।

নিম্নলিখিত তালিকাগুলি পশ্চিমবঙ্গে শ্রমজীবী জনসংখ্যার ছক নির্দেশ করছে :

তালিকা ১

| | সংখ্যা (লক্ষে) | | শতকরা হার | |
|---|---|---|---|---|
| শ্রেণী বিভাগ | ১৯৬১ | ১৯৭১ | ১৯৬১ | ১৯৭১ |
| (১) কৃষক | ৪৪'৫৯ | ৪০'০৩ | ৩৮'৫ | ৩১'৮ |
| (২) ক্ষেতমজুর | ১৭'৭২ | ৩২'৪৬ | ১৫'৩ | ২৫'৭ |
| (২) অন্যান্য শ্রমিক | ৫৩'৪৯ | ৫৩'৫৮ | ৪৬'২ | ৪২'৫ |
| মোট শ্রমিক | ১১৫'৮০ | ১২৬'০৭ | ১০০'০ | ১০০'০ |

"অন্যান্য শ্রমিকের" (৫৩'৫৮ লক্ষ) তুলনায় "রাজ্যসরকারী কার্যালয়সমূহে কর্মসংস্থানের" (২'৮০ লক্ষ) শতকরা হার — ৫'২০%

"নির্বাচিত শ্রেণীবিভাগ দ্বারা শ্রমজীবী জনসাধারণের" মোট সংখ্যার (১২৬'০৭ লক্ষ) তুলনায় "রাজ্যসরকারী কার্যালয়সমূহে কর্মসংস্থানের" (২'৮০ লক্ষ) শতকরা হার — ২.২২%

## তালিকা ২

| | | |
|---|---|---|
| | | (লক্ষে) |
| (১) | কারখানায় কর্মসংস্থান | ৮·০৯ |
| (২) | কয়লাখনিতে কর্মসংস্থান | ১·০৫ |
| (৩) | বাগিচাগুলিতে কর্মসংস্থান | ১·৯১ |
| (৪) | রাজ্যসরকারী কার্যালয়সমূহে কর্মসংস্থান | ২·৮০ |
| (৫) | কেন্দ্রীয় সরকারী কার্যালয়সমূহে কর্মসংস্থান | ৪·১০ |
| (৬) | আধা-সরকারী কার্যালয়সমূহে কর্মসংস্থান | ২·৯১ |
| (৭) | অন্যান্য ক্ষেত্রে কর্মসংস্থান | ৪·০৮ |
| | মোট | ২৪·৯৪ |

| | |
|---|---|
| মোট কর্মসংস্থানের (২৪·৯৪) তুলনায় "রাজ্যসরকারী কার্যালয়সমূহে কর্মসংস্থানের" (২·৮০ লক্ষ) শতকরা হার | ১১·২৩% |

উপরোক্ত বিবরণ থেকে দেখা যায় যে, কাজে নিযুক্ত জনসংখ্যার মাত্র ২·২% সরকারী অফিসগুলিতে কাজ করেন। কাজে নিযুক্ত জনসংখ্যার মধ্যে ৩১·৮% কৃষিজীবী হিসাবে, ২৫·৭% ক্ষেতমজুররূপে এবং ৪২·৫% অন্যান্য কর্মীরূপে কাজ করেন। উপরোক্ত সংখ্যাগুলি থেকে নিম্নলিখিত দুটি জিনিস যথেষ্ট পরিমাণে পরিষ্কার হয়ে যায় :

(১) আমাদের জনগণকে কেবল করণিকের ও অফিসের কাজ দিয়ে আমরা বেকার সমস্যার সমাধান করতে পারব না।

(২) ভারতের মোট কর্মে নিযুক্ত জনশক্তির প্রায় ৭০% কৃষি থেকে জীবিকা উপার্জন করেন এবং ১৯৬৮-৬৯-এর প্রচলিত দ্রব্যমূল্যে কৃষি থেকেই জাতীয় আয়ের ৫১% এসেছিল। পশ্চিমবঙ্গে ৭৫% লোক গ্রামে বাস করেন।

এ থেকে ভারতে তথা পশ্চিমবঙ্গে জাতীয় অর্থনীতিতে কৃষির গুরুত্ব সঙ্গে সঙ্গেই বোঝা যায়। কৃষিক্ষেত্রে, শিল্পক্ষেত্রে ও ক্ষুদ্রশিল্প-ক্ষেত্রে সম্প্রসারণ ঘটিয়ে আমাদের কর্মের সংস্থান করতে হবে। যাতে দু'টি থেকে তিনটি শস্য তোলা যায় তার জন্য আমরা সেচের সুবিধা, গ্রামে বিদ্যুৎ সরবরাহ ও কৃষিকাজের অন্যান্য জিনিস সরবরাহের ব্যবস্থা করছি। আমরা যদি এগুলি করতে পারি তবে গ্রামাঞ্চলে বেকারি ও আধা-বেকারি সমস্যার মোকাবিলা করতে পারব। গ্রাম থেকে শহরে লোকের চ'লে আসাও এতে বন্ধ হবে।

পশ্চিমবঙ্গে শিল্প-সংকটের অন্যতম গুরুত্বপূর্ণ কারণ হ'ল আমাদের কৃষির অনুন্নত অবস্থা। কৃষির আধুনিকীকরণের ফলে শিল্পজাত জিনিসের চাহিদা যথেষ্ট বৃদ্ধি পেতে পারে। অনুন্নত কৃষিব্যবস্থায় বিদ্যুৎ ব্যবহার হয় না, বড় সরঞ্জাম লাগে না বা অন্যান্য শিল্পজাত জিনিসেরও প্রয়োজন হয় না। তা ছাড়া, কৃষিক্ষেত্রে উৎপাদন কম হ'লে স্থায়ী ভোগ্যপণ্য সহ সবরকম ভোগ্যপণ্যের চাহিদাই যথেষ্ট পরিমাণে ক'মে যায়। সুতরাং এটা স্পষ্ট যে, আমাদের শিল্পভিত্তির দ্রুত পুনরুজ্জীবন ও রূপান্তর এবং তার সঙ্গে সঙ্গে কৃষির আধুনিকীকরণ একটা অন্যটার সাথে অঙ্গাঙ্গিভাবে সংযুক্ত।

আমাদের বেশীর ভাগ শিল্পই কলকাতা, হাওড়া, চব্বিশপরগনা ও বর্ধমানে অবস্থিত। কৃষির আধুনিকীকরণ এবং গ্রামাঞ্চলে সমৃদ্ধ কলকাতার চারপাশে শিল্পের বর্তমান নিবিড় পুঞ্জীভবন দূরীকরণের পথ মুক্ত করবে। আমরা যদি কৃষিক্ষেত্রে আধুনিকীকরণ করতে পারি এবং তার

দ্বারা গ্রামীণ অর্থনীতিতে সমৃদ্ধি নিয়ে আসতে পারি, তবে গ্রামাঞ্চলে শিল্পজাত জিনিসপত্রের চাহিদা বাড়বে। গ্রামাঞ্চলে তখন বিপুলসংখ্যক শিল্প-কেন্দ্র ও উন্নতি-কেন্দ্র সৃষ্টি করার সম্ভাবনা অর্থনীতির দিক থেকে বাড়বে। এর ফলে সারা পশ্চিমবঙ্গের শিল্প ছড়িয়ে দেওয়া সম্ভব হবে। সরকার নিম্নবর্ণিত স্থানগুলিতে উন্নতি-কেন্দ্র গ'ড়ে তুলতে আগ্রহী: (ক) ফরাক্কা—দক্ষিণ ও উত্তর বঙ্গের মধ্যে যোগসূত্র স্থাপন করছে, (খ) শিলিগুড়ি—আসাম, সিকিম ও ভুটানে প্রবেশপথ, (গ) আসানসোল—কয়লাখনি এলাকায় অবস্থিত, (ঘ) পুরুলিয়া—আকরিক সম্পদে সমৃদ্ধ এবং জামসেদপুরের খুব কাছেই অবস্থিত এবং (ঙ) খড়গপুর—দক্ষিণ ভারতের সঙ্গে পশ্চিমবঙ্গের যোগসূত্র স্থাপনকারী বৃহত্তম রেল জংশন।

প্রায় চার মাস হ'ল আমরা কার্যভার গ্রহণ করেছি, কিন্তু এই স্বল্প সময়েই পশ্চিমবঙ্গে লগ্নির পরিবেশের প্রভূত উন্নতি ঘটেছে। দুর্বল ও বন্ধ কারখানা চালু হওয়ার ফলে প্রায় ৬০,০০০ লোক কাজ ফিরে পেয়েছেন, আর আমরা যদি প্রতি পাঁচজনে একটি ক'রে পরিবার ধরি, তা হ'লে এর মানে দাঁড়াচ্ছে এই যে, প্রায় তিন লক্ষ লোকের খাদ্য ও আশ্রয়ের ব্যবস্থা হয়েছে। তা ছাড়া, রাজ্যসরকার শিল্পক্ষেত্রে ৩৩৯ কোটি টাকা লগ্নি করার আবেদনপত্র পেয়েছেন।

আমি ইতিপূর্বেই উল্লেখ করেছি যে, পশ্চিমবঙ্গের ক্ষুদ্রশিল্প-ক্ষেত্রসমূহের অর্ডার ক'মে গিয়ে ১৯৬৫-৬৬ সালের ১,৩৯৪ কোটি টাকা থেকে ১৯৬৯-৭০ সালে ৫৯৮ কোটি টাকায় দাঁড়িয়েছে। সকলেই জানেন যে, কুটির ও ক্ষুদ্র শিল্পগুলিতে কর্মসংস্থানের প্রচুর সম্ভাবনা আছে। কৃষির আধুনিকীকরণের সঙ্গে সঙ্গে আমাদের ক্ষুদ্র ও কুটির শিল্প গ'ড়ে তোলার জন্য সমস্ত সম্ভাব্য ব্যবস্থা অবলম্বন করা উচিত। জনসাধারণের জন্য আত্মনির্ভর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিও আমাদের করতে হবে।

এ কথা জানা আছে যে, আমাদের শিল্পগুলি নির্ধারিত ক্ষমতার চেয়ে কম কাজ করছে। নির্দিষ্ট ক্ষমতার পূর্ণতর সদ্ব্যবহার যাতে সম্ভব করানো যায় সেদিকে দৃষ্টি দেওয়াই হবে আমাদের প্রচেষ্টা। এই ধরনের পূর্ণতর সদ্ব্যবহার হ'লে বহুসংখ্যক লোককে কাজ দেওয়া যাবে। পশ্চিমবঙ্গের প্রচলিত শিল্পসমূহ, যেমন পাট, চা, কারিগরি শিল্প (ইঞ্জিনীয়ারিং) ইত্যাদিকে পুনর্জীবিত করতে হবে এবং নতুন নতুন শিল্প, যেমন পেট্রো-কেমিক্যাল, ইলেকট্রনিক্স্ ইত্যাদি আরম্ভ করতে হবে।

এমন বহু প্রকল্পে আমরা হাত দিয়েছি যেগুলি গ্রামীণ অর্থনীতির পুনরুজ্জীবন ঘটাবে এবং বহু লোকের কর্মসংস্থানও করবে। নিচে এগুলি সংক্ষেপে বর্ণনা করা হ'ল:

(ক) প্রান্তীয় কৃষক ও ক্ষেতমজুরদের জন্য বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় একটি ক'রে মোট দু'টি প্রকল্পে হাত দেওয়া হয়েছে। পরিকল্পনাকালে এ রকম প্রত্যেকটি প্রকল্পের জন্য এক কোটি টাকা ক'রে খরচ হবে।

(খ) পশ্চিম দিনাজপুর হুগলি ও দার্জিলিং জেলায় একটি ক'রে ক্ষুদ্র কৃষকদের উন্নয়ন প্রকল্পে হাত দেওয়া হয়েছে। পরিকল্পনাকালে এ রকম প্রত্যেকটি প্রকল্পের জন্য দেড় কোটি টাকা ক'রে খরচ হবে।

(গ) গ্রামীণ কর্মসংস্থানের জন্য জরুরি কর্মসূচি রূপায়ণের উদ্দেশ্যে ৪.১২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এই পরিকল্পের কাজ চলছে।

(ঘ) শহর ও গ্রাম, উভয় ক্ষেত্রেই বিশেষ কর্মসংস্থান কর্মসূচির জন্য ২.১৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

(ঙ) পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরের মত বরাবরের খরাক্লিষ্ট এলাকাগুলির জন্য খরা-প্রবণ অঞ্চল প্রকল্পের কাজে হাত দেওয়া হচ্ছে এবং চতুর্থ পরিকল্পনাকালে এই প্রকল্পগুলির দরুন ৪ কোটি টাকা ব্যয় করা হবে।

(চ) কংসাবতীর অধীন এলাকাগুলিতে আনুমানিক ১.৫ কোটি টাকা ব্যয়ে পথঘাট এবং বাজার নির্মাণের কর্মসূচি রূপায়ণ করা হচ্ছে।

সরকার এ বিষয়ে স্থিরনিশ্চয় যে, গ্রামীণ অর্থনীতির পুনরুজ্জীবন ছাড়া পশ্চিমবঙ্গের অর্থনীতির পুনরুজ্জীবন সম্ভব নয়। বাজেটে যে-সব ব্যয় ধার্য করা হয়েছে সেগুলি বিশ্লেষণ করলে দেখা যাবে যে, আমরা আমাদের গ্রামীণ সামাজিক-অর্থনৈতিক কাঠামোর উন্নয়ন ও শ্রীবৃদ্ধির জন্য যথেষ্ট অর্থ ব্যয় করছি। এই প্রসঙ্গে কিছু কিছু অঙ্কের উল্লেখ করা যেতে পারে :

(১) আমরা যথাক্রমে শিক্ষা ও জনস্বাস্থ্য খাতে ১৮ কোটি টাকা এবং ৩৯ কোটি টাকা ব্যয় করছি। এই ব্যয়ের অধিকাংশই করা হচ্ছে গ্রামীণ এলাকাগুলিতে।

(২) আমরা কৃষিতে ২০.৭৯ কোটি টাকা, সেচ পরিকল্পগুলিতে ২৬.২১ কোটি টাকা এবং পশুপালনে ২.৫ কোটি টাকা ব্যয় করছি। এই খাতগুলির সমস্ত অর্থই ব্যয়িত হচ্ছে গ্রামীণ এলাকাগুলিতে।

(৩) আমরা কুটিরশিল্প খাতে ব্যয় করছি প্রায় ৩.১১ কোটি টাকা। এর একটা বড় অংশ ব্যয়িত হচ্ছে গ্রামাঞ্চলে।

(৪) আমরা সমষ্টি উন্নয়নে ৯.৫ কোটি টাকা, পঞ্চায়তে ৩.৪৮ কোটি টাকা এবং বন খাতে ৩.৬ কোটি টাকা ব্যয় করছি। এই সব খাতের সমস্ত অর্থই গ্রামাঞ্চলে ব্যয় করা হচ্ছে।

8-20—8-30 p. m.]

সি এম ডি এ এলাকাগুলিতেও ব্যাপক আকারে কাজ এগিয়ে চলেছে। এখানে উল্লেখ করা যেতে পারে যে, সি এম ডি এ পরিকল্পগুলি শুধু কলকাতার জন্য অভিপ্রেত নয়, হাওড়া, হুগলি এবং চব্বিশপরগনাও এর মধ্যে পড়ে। বহুসংখ্যক পৌর সংস্থা এবং এমনকি কতকগুলি পঞ্চায়েত এলাকাও সি এম ডি এ-র অন্তর্ভুক্ত। পরিকল্পনা বিনিয়োগের মোট ৩২২ কোটি টাকার মধ্যে মাত্র ৪৩ কোটি টাকা সি এম ডি এ পরিকল্পগুলিতে ব্যয় করা হবে। সি এম ডি এ-র বৃহৎ কর্মসূচি সম্ভব হয়েছে এই কারণে যে, রাজ্য পরিকল্পনা থেকে পাওয়া ৪৩ কোটি টাকা ছাড়াও পরিকল্পনার বাইরে কেন্দ্রীয় সহায়তা হিসাবে বহুল পরিমাণ অর্থ পাওয়া যাবে। কলকাতার উন্নতি যদি হয়, তা হলে শুধু পশ্চিমবঙ্গের অর্থনীতিই নয়, ভারতের সমগ্র পূর্বাঞ্চলের অর্থনীতিরও উন্নতি হবে।

এই সব পরিকল্প থেকে এ কথা স্পষ্ট বোঝা যায় যে, কৃষি ও শিল্পের উন্নয়ন এবং গ্রামীণ ও শহরাঞ্চলের অর্থনীতির পুনরুজ্জীবনের উপর জোর দেওয়া হয়েছে।

মহাশয়, এই কথাগুলি ব'লে আমি সভা কর্তৃক আমার প্রস্তাব গ্রহণের সুপারিশ জানাচ্ছি।

**Shrimati Ila Mitra :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রিমহাশয় অ্যাপ্রোপ্রিয়েশন বিল মুভ করেছেন এবং আগামী আর্থিক বছরের ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য হাউসের কাছে আবেদন করেছেন। আমরা হাউসের সকল সদস্য নিশ্চয়ই তার অনুমোদন দেব। কিন্তু অনুমোদন দেওয়ার প্রসংগে আমি দুই একটি কথা এখানে উপস্থিত করতে চাই। চার মাস আগে গঠিত মন্ত্রীসভা পূর্ণাংগ বাজেট পেশ না করে বলেছিলেন যে প্রথমে পশ্চিমবংগের অবস্থা ভাল করে খতিয়ে বুঝে, নূতন বাজেট উপস্থিত করবার জন্য চার মাস সময় দরকার। কিন্তু চার মাস পরে যে বাজেট তাঁরা উপস্থিত করলেন, সেই বাজেটের সাধারণ আলোচনায় এবং দফাওয়ারী আলোচনায়, আমরা কিন্তু বার বার করে একথা বলেছি যে এই বাজেটে নূতনত্বের কোন ছাপ নেই। আমরা সেই সাধারণ বাজেট এবং দফাওয়ারী বাজেট পাশ করে দিয়েছি। কাজেই কোনো কাসুন্দি ঘেঁটে আর লাভ নাই। তবে এ কথা বলবো, বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছে, সেই বরাদ্দকৃত টাকার যেন সদ্ব্যবহার হয়। কারণ এই বাজেটের টাকার যদি সদ্ব্যবহার হয় তাহলে সেটাই হবে একটা নূতন এবং বিরাট ঘটনা। একথা বলছি এজন্য যে সরকারের টাকার সদ্ব্যবহার খুব কমই হয়ে থাকে। এই প্রসংগে আমি প্রথমেই একথা বলতে পারি যে

প্রত্যেক বছ'রই বরাদ্দকৃত টাকার কিছু কিছু অংশ হয় পড়ে থাকে না হয় ফেরৎ যায়। প্রত্যে বছর সেরূপ দৃষ্টান্ত ভুড়ি ভুড়ি দেওয়া যায়। গত নির্বাচনের সময়, বর্তমান শাসকবর্গের অনেকে প্রচণ্ড সমালোচনা করেছিলাম গত যুক্তফ্রন্ট আমলের। গত যুক্তফ্রন্ট আমলে শিক্ষা খাতে ৯১ লক্ষ ৬৫ হাজার টাকা ফেরৎ যায়, রাস্তা-ঘাট খাতে ৬৬ লক্ষ ৪৪ হাজার টাকা ফেরৎ যায় এবং কৃষিখাতে ফেরত গিয়েছিল ৩ কোটি ৪৫ লক্ষ টাকা। আমরা সকলেই প্রচণ্ডভাবে তার সমালোচনা করেছিলাম। কিন্তু আজকে যখন রাজ্যের প্রধান শিক্ষক মহাশয়রা এবারের পরিস্থিতির সমালোচনা ক'রে বলেন যে চলতি বছরেও শিক্ষাখাতে বরাদ্দের ১ কোটি টাকা খরচ করা হয়নি তখন সেই থাপ্পার আমাদের গালেও পড়ে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, টাকা খরচ না করা এবং টাকার অপব্যয় করা দুটিই এক রোগ এক কথায় বলা যায়, একই রোগের দুটি উপসর্গ। আমাদের শাসনব্যবস্থার প্রকৃত রোগ হল আমলাতান্ত্রিকতা এবং আমলাতান্ত্রিকতার চরিত্র যে কি ভয়ংকর, সে সম্পর্কে আমরা যারা এখানে নির্বাচিত প্রতিনিধি উপস্থিত হয়েছি, তারা সে সম্পর্কে গত নির্বাচনের সময় বিস্তৃত বক্তৃতা করেছি।

কাজেই সেই বক্তৃতা দেবার সময় এখন নয়, তাকে কি করে দূর করা যায় এবং দূর করার প্রাথমিক পদক্ষেপ হিসাবে কি গ্রহণ করতে পারি সেটা নিশ্চয়ই আমাদের আলোচনার বিষয়। আমরা সম্প্রতি রাজ্যের সেটেলমেন্ট কর্মচারী সমিতির সম্মেলনের একটা খবর দেখলাম। আমরা সকলেই জানি সুষ্ঠু ভূমিসংস্কার যদি করতে হয় তাহলে জমির স্বত্ব এবং জমির দখল হাতে রাখা একটা অপরিহার্য পূর্বশর্ত। আমাদের এই বিধানসভার বর্তমান অধিবেশনেই গোপাল গুহর জমি সম্পর্কে তদন্তের জন্য একটা অতি গুরুত্বপূর্ণ তদন্ত কমিটি গঠিত হয়েছে। যখন জমির রেকর্ডের এই মূল্য তখনই আমলারা ২০ বছরে সেটেলমেন্ট রেকর্ড সম্পূর্ণ হবে বলে একটা স্কীম উপস্থিত করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কোথায় আছি? যেখানে আমরা সকলে মিলে সমাজতন্ত্রের কথা বলছি সেখানে আমাদের আমলারা স্বপ্ন দেখছেন ২০ বছর ধরে দেশে কৃষির বর্তমান কাঠামো বজায় থাকবে। তাই ২০ বছরের একটা স্কীম বর্তমানে উপস্থিত করেছেন। সেই সময় সম্ভব হবে কার কত জমি আছে সেই হিসাব করবার। এই আমলাদের স্কীমের পাল্টা একটা স্কীম উপস্থিত করেছেন সেটেলমেন্ট কর্মচারী সমিতি, তারা বলেছেন পাঁচ বছরে এই রেকর্ড করতে পারবেন এবং তাতে আমলাদের দেয়া যে স্কীম তার থেকে অনেক কম খরচ হবে। এবং এতে অনেক বেকার যুবকের চাকরির সুযোগ হবে। আমার মতে সেটেলমেন্ট কর্মচারীদের এই প্রস্তাব এখনই সরকারের লুফে নেয়া উচিত। আমি বলছি না যে সেটেলমেন্ট কর্মচারীদের স্কীমের ত্রুটি নেই বা নির্দোষ কিন্তু আমলাদের স্কীমগুলো কত ব্যর্থ এবং অকেজো এটা বারে বারে প্রমাণিত হয়েছে এবং আজ যদি নূতন পথ গ্রহণ করি তাহলে এই শাস্তি এবং স্বস্তি থাকবে যে তার ত্রুটিগুলি সংশোধনের অনেক সুযোগ থাকবে। আমরা যখন জমির রেকর্ড এবং ভূমি সংস্কারের ব্যাপারে কথা বলছি তখন গোটা শাসনব্যবস্থার কথাই ভাবছি। মোট কথা হল বা আমাদের মূলকথা হচ্ছে গণতান্ত্রিক বিকাশ ঘটাতে হবে এবং গণতন্ত্র কিছুতেই আমলাতন্ত্র নয় এবং আমরা নিবাচনে এই প্রতিশ্রুতি এবং প্রতিজ্ঞা নিয়েছি যে দেশে গণতান্ত্রিক বিকাশ ঘটানো হবে এবং তা যাতে ঘটে তার জন্য প্রাণপণ চেষ্টা করব। বর্তমানকালে আমাদের রাষ্ট্রকাঠামো বিরাট বিশাল এবং মানুষের প্রতিদিনের রেশনের মধ্যে পর্যন্ত যখন রাষ্ট্র প্রবেশ করেছে তখন রাষ্ট্রকাঠামোর মধ্যে গণতন্ত্রের যদি এক প্লাবন বইয়ে না দিতে পারি তাহলে আমাদের কারোরই নিস্তার নেই। আমার বক্তব্যের মধ্যে কোন দ্বিধা না রেখে আমি এই কথা বলতে চাই যে এই বৃহত সরকারী জনসমাজ তা পুলিশই হোক বা গ্রামসেবকই হোক তারা কোন বৃহত আদর্শের দ্বারা অনুপ্রাণিত নয় এবং এদের যদি আদর্শের দ্বারা অনুপ্রাণিত করতে হয় ও সংশোধন করতে হয় তা উপর থেকেই করতে হবে, নীচে থেকে তা সম্ভব নয়। আমরা সকলেই জানি ব্যক্তিমাত্রই দুর্বল—সেইজন্য মহাপুরুষরা বলেছেন "সংঘম শরণম গচ্ছামি।" ব্যক্তিরা যখন সংঘে সংঘটিত হয়েছে তার সাহায্য নিয়ে আমরা নতুনদল এবং

নতুন মানুষ তৈরী করব। এই কথা আমাদের মনে রাখা উচিত যে আমরা কি বেদনাদায়ক পরিস্থিতির মধ্যে রয়েছি। কারণ কৃষিতে গণতান্ত্রিক পুর্ণগঠন পশ্চিমবংগের উন্নতির চাবিকাঠি বলে আমরা মনে করি। সেই সময় দেখছি পশ্চিমবংগের কৃষিতে সমবায়কে গাঁথা যাচ্ছে না এবং সমবায় মানেই চুরির আখড়া এই দুর্ণাম দূর করা যাচ্ছে না। কাজেই আখড়া যদি গোড়া থেকে ছাড়া না দিতে পারি তাহলে কোন উপায় নেই। আর সেই গোড়া হ'ল মানুষ সেকথা যেন আমরা ভুলে না যাই। আর মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করব সেটা হচ্ছে আমাদের প্রতিশ্রুতি ও প্রতিজ্ঞার সঙ্গে এই বাজেট ও তার অর্থবরাদ্দ সংগতিপূর্ণ হয়েছে কিনা।

[8-30—8-40 p.m.]

আমরা সরকারের পক্ষ থেকে প্রতিশ্রুতি দিয়েছি যে দুর্বল কারখানাগুলির পরিচালনভার সরকার গ্রহণ করবেন। একথা ঠিকই—আমরা অনেকগুলি এই রকম দুর্বল কারখানা গ্রহণ করেছি এবং তার ফলও ভাল হয়েছে। তবু একথা বলতে চাই যে, আমাদের এই সরকারী তত্ত্বাবধানের পশাপাশি অনেক শিল্প ও কারবার আছে সেখানে মালিকরা সব লুটেপুটে নিঃশেষ করে দিচ্ছে। সেই সম্পর্কে কি আমাদের সরকারের কোন কর্তব্য বোধ নাই? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় আমরা সর্বসম্মতিক্রমে কয়লাখনিসমূহের জাতীয়করণ প্রস্তাব গ্রহণ করেছি বটে, কিন্তু কয়লাখনি মালিকরা প্রতিহিংসাপরায়ণ হয়ে তার বিরুদ্ধে প্রতিদিন রুদ্রমূর্তি ধারন করছে তা আমরা সকলে জানি। এমন কি মালিকের সঙ্গে যে ঝগড়া করবার জন্য কয়লাখনি শ্রমিকরা ধর্মঘটের নোটিশ দিয়েছিল স্বয়ং আমাদের মুখ্যমন্ত্রী সেই বিরোধের মীমাংসা করেছেন। কিন্তু আজ কয়লাখনির মালিকরা মুখ্যমন্ত্রীও সরকারকে বুড়ো আঙ্গুল দেখাচ্ছে। সেখানে কি আমাদের সরকার চুপ করে থাকবেন? আমাদের সরকার চুপ করে থাকলে তাতে যে বিরাট ক্ষতি হবে আমরা যে গণতন্ত্রের কথা বলছি—সেই গণতন্ত্রের বিনাশ হবে এবং দেশেরও সর্বনাশ ষোলকলায় পূর্ণ হবে—সে বিষয়ে কোন সন্দেহ নাই। এই প্রসঙ্গে আরো বলতে চাই যে সরকারী কর্তব্য কিছু অর্থ দিয়েই কোন রকমে রাজ্য পরিচালনার মধ্যে সীমাবদ্ধ নয়, তার বাইরেও রাজ্যের প্রয়োজনে সরকারকে চলতে হবে। রাজ্যের প্রয়োজন নিয়ে চলা এবং সেই চলার নীতিই নূতন সম্পদের। বাজেট কি সেই অনুসারে রচিত হবে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি উদাহরণস্বরূপ বলতে চাই মাননীয় মুখ্যমন্ত্রী স্বয়ং পাটের ন্যায্য দর ঘোষণা করেন, দিল্লীর কর্তারা তার চেয়ে ৬০ টাকা কম দর ঘোষণা করেছেন, এখন মুখ্যমন্ত্রীকে বেছে নিতে হবে—পাটচাষী ও পাটচাষকে রক্ষার প্রয়োজনে তিনি নিজে যে দর ঘোষণা করেছেন, সেটাই বলবৎ রাখবেন, নয়া, দিল্লীর কর্তারা যে ৬০ টাকা কম দর ঘোষণা করেছেন সেটা কার্য্যকরী করতে যাবেন? এই সম্পর্কে সরকারী বক্তব্য ও কর্তব্য কী শুধু ...রের দাবি শুনাবার মধ্যেই আবদ্ধ থাকা।

এই প্রসঙ্গে আমি আরো উল্লেখ করতে চাই নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম প্রচণ্ড-ভাবে দিনদিন বেড়ে যাচ্ছে। স্বাধীনতার পর কখনো এই রকমভাবে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম বাড়ে নি, এসব যদি আজকে রুখতে হয়, তাহলে সমস্ত শক্তি দিয়ে এই নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের বাজারের মধ্যে সরকারকে প্রবেশ করতে হবে।

এরপর আরো অনেক কথা আছে unemployment-এর সমস্যা রয়েছে। সেকথা নিয়ে আর এখন আমি বলতে চাই না। বাজেটেই আলোচনা প্রসঙ্গে সে বিষয় বলেছি। এই রকম আরো নতুন নতুন জিনিস আছে সেই নতুন জিনিসের কোন প্রতিফলন এই বাজেটের মধ্যে নাই। সাধারণ মানুষ সরকারকে বিচার করবেন এই কষ্টিপাথরে যাঁচাই করে। দেশে গণতন্ত্র যত বাড়ছে ততর মানুষ ততই সমস্ত কিছু যাঁচাই করতে শিখছে। শুধু অর্থের বরাদ্দে নয়, অর্থব্যয়ের ... সরকারকে অগ্নিপরীক্ষা দিতে হবে।

সেদিন কংগ্রেস সভাপতি কৃষ্ণদয়াল শর্মা বলেছেন সামাজিক ও অর্থনৈতিক অসমতা দূর করবার জন্য। লক্ষ লক্ষ মানুষের কাপড়, বাসস্থান খাদ্য এবং শিক্ষালাভের মোট নূনতম চাহিদা পূরণ করতে হবে। নিশ্চয়ই আমরা সকলে মিলে জনসাধারণের সামনে গরিবী হটাও শ্লোগানকে কার্যকরী করবার জন্য যে প্রতিশ্রুতি দিয়েছি তা পালন করবার প্রাথমিক পদক্ষেপ হিসেবে কংগ্রেস সভাপতি একথা বলেছেন। এখন আমাদের বিচার করতে হবে আমাদের যে সাধারণ বাজেট ও দফাওয়ারি বাজেট পাশ হয়ে গেল সেখানে গরিবী হটাও শ্লোগানকে কার্যকরী করবার জন্য প্রাথমিক পদক্ষেপ গ্রহণ করেছেন কি? সাধারণ বাজেট সহ যে তিনটি বড় বড় বাজেট পাশ হয়েছে তার একটি বাজেটও সেই প্রাথমিক পদক্ষেপের পরিচয় নেই। সাধারণ বাজেট আলোচনা সময় আমাদের সরকারপক্ষ থেকে বলা হয়েছে 'গরীবি হটাও' স্লোগান কার্যকরী করা হবে একটি প্রক্রিয়ার মাধ্যমে। সেটা কোন্ প্রক্রিয়ার মাধ্যমে করা হবে?— সেটা কি সেই প্রক্রিয়া যেখানে সরকারী বেসরকার যৌথ-সংস্থার মাধ্যমে ছোট, বড় ও মাঝারী সমস্ত পুঁজিপতি অর্থাৎ সমস্ত পুঁজিপতিশ্রেণী নব বিন্যাস করতে হবে। এবং সেই যৌথ-সংস্থার পরিচালনার ভার থাকবে সরকারের হাতে নয় বেসরকারী পুঁজির হাতে অর্থাৎ রাষ্ট্রীয় সংস্থার পাশাপাশি অবস্থান করবে আর একটি নির্মিত সংস্থা যেখানে মহামিলন ঘটবে সরকারী পুজি ও ছোট বড় মাঝারি পুঁজির। অধ্যক্ষমহাশয়, এই নীতি শুধু পশ্চিম বাংলায় নয়, সারা ভারতবর্ষে নির্বাচনের পর অনুসৃত হতে চলেছে। আজকে কংগ্রেসের নেতৃত্বে পশ্চিমবঙ্গে সমস্ত পুঁজিপতি শ্রেণীদের ঐক্যবদ্ধ ক'রে গরীবি হটাবার স্বপ্ন দেখা হচ্ছে। আজকে কেউ কি বিশ্বাস করবে যে এই নীতি অনুসরণ করে 'গরীবি হটাও' নীতি কার্যকরী করা যাবে? শিল্প বাজেটে একই কথা ভিন্ন ভাষায় বলা হয়েছে। সরকারপক্ষ থেকে বলা হয়েছে যে অধিকতর কর্মসংস্থানের জন্য একচেটিয়া পুঁজিকে যথেষ্ট সুযোগ ও সুবিধা দিতে হবে মাঝারি এবং ছোট পুঁজির ক্ষেত্রেও দিতে হবে। একথা সরকারপক্ষ থেকে বোঝাতে চাইছেন যে আমাদের এই পশ্চিমবঙ্গে পুঁজিবাদের বিকাশ অপ্রতুল রয়েছে। এবং এজন্যই আমাদের দেশে কর্মসংস্থানের সংকটের এবং লক্ষ লক্ষ মানুষ বেকার হয়ে রয়েছে। তাই শিল্পবিকাশের নামে এবং লক্ষ লক্ষ বেকারকে চাকরি দেবার জন্য পুজিবাদের অবাধ স্বাধীনতা চাই। সরকারপক্ষ থেকে উপদেশ দেওয়া হয়েছে যে এখানে পুঁজিপতিদের বিরুদ্ধে সংগ্রাম করা চলবে না। মাননীয় অধ্যক্ষ-মহাশয়, ভূমি-রাজস্ব বাজেটেও বলা হয়েছে জোতদার ও বর্গাদারদের উচ্ছেদকারীদের বিরুদ্ধে কোন সংগ্রাম করা চলবে না—শান্তিপূর্ণ উপায়ে ভূমি সংস্কার করা হবে। কিন্তু কোন সভ্য কোন মন্ত্রী আছেন কি তাঁরা জবাব দিতে পারবেন কি যে, কোন দেশে গরীব ক্ষেত্র মজুরদের স্বার্থ বিনা সংগ্রামে ভূমি সংস্কার সম্ভব হয়েছে? মাননীয় অধ্যক্ষমহাশয়, ভূমি সংস্কার এবং শিল্প বিকাশ আমরা চাই—কিন্তু ঐ কায়েমী স্বার্থের বেড়াজাল ভেঙ্গে এবং একচেটিয়া পুঁজিপতিদের বিরুদ্ধে কোন রকম হস্তক্ষেপ না করে দেশের স্বার্থে জনসাধারণের স্বার্থে শিল্প বিকাশ ও ভূমি সংস্কার সম্ভব? পশ্চিমবঙ্গে একচেটিয়া পুঁজিপতিরা আজকে যে অতিরিক্ত মুনাফা করেছে—তা দিয়ে তারা কি একটিও কারখানা পশ্চিমবঙ্গে খুলেছে? ১৯৭০-৭১ সালে পরিসংখ্যানে দেখা যায় মালিকেরা ২০০ থেকে ২৫০ কোটি টাকা অতিরিক্ত মুনাফা করেছে। চা বাগিচায় মালিকেরা ২০০ কোটি টাকা মুনাফা করেছে, আজকে ইঞ্জিনীয়ারিং শিল্পে মালিকেরা ৬০ থেকে ৭০ কোটি টাকা মুনাফা করেছে এবং অতিরিক্ত মুনাফা করেছে ৫০ কোটি টাকা। অর্থাৎ সমস্ত মিলিয়ে দেখা যাচ্ছে যে সাধারণ মুনাফা ছাড়াও এরা প্রায় ৫০০ কোটি টাকা অতিরিক্ত মুনাফা করেছে। মন্ত্রী মহাশয় কি বলতে পারেন সেই মুনাফার টাকা দিয়ে তারা দেশের কোন উন্নয়নমূলক কাজের ব্যবস্থা করেছে? গত এক বছরে একচেটিয়া পুঁজিপতি জগতের শিরোমণি ঐ বিড়লা কি একটিও কারখানা এই পশ্চিম বাংলায় স্থাপন করেছে? বরং তারা কারখানা তৈরি করেছে হায়দ্রাবাদে, মির্জাপুরে আর কারখানা খুলছে বিদেশে উগাণ্ডা, থাইল্যাণ্ড, নাইজেরিয়াতে। মাননীয় অধ্যক্ষমহাশয়, শুধু তাই নয়, আজকে বাজুর কোম্পানী এখানে কোটি কোটি টাকা

মুনাফা করছে কিন্তু তারা কি একটিও কারখানা খুলেছে এই পশ্চিমবাংলায়? গোয়েঙ্কা কোম্পানী যেখানে সরকারের নিজের শেয়ার হচ্ছে শতকরা ৫১ ভাগ সেখানে এই কোম্পানী তাদের পুঁজির পাহাড় তৈরী করছে। এখানে সরকার একচেটিয়ার শক্তি বৃদ্ধি করেছেন। পশ্চিমবঙ্গ হয়েছে দেশী বিদেশী একচেটিয়া পুঁজির লুঠের ক্ষেত্র, আর বিনিয়োগের ক্ষেত্র হ'য়েছে অন্যত্র ও বিদেশে। অতএব পুঁজিবাদকে শক্তিশালী ক'রে মানুষের মৌল অধিকার যে পূরণ করা অসম্ভব তা বলা বাহুল্য।

বিধানসভার এই অধিবেশনে গরীব কৃষকরাও ক্ষেত মজুরের স্বার্থে ভূমি সংস্কারের ব্যবস্থা হ'লো না, শিল্পোন্নোয়নের নামে একচেটিয়া পুঁজিপতিদের বিরুদ্ধে কোনপ্রকার হস্তক্ষেপ করা হ'লো না বরং গোটা পুঁজিপতি শ্রেণীর নববিন্যাস করার পথ উন্মুক্ত হ'লো। এই পরিপ্রেক্ষিতে

8-40—8-50 p.m.]

দেখা যাচ্ছে মালিকরা নতুনভাবে আজকে শ্রমিকদের উপর আক্রমণ শুরু করেছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন, শ্রম মন্ত্রীর অনুরোধ সত্ত্বেও ইঞ্জিনিয়ারিং কারখানার মালিকরা শ্রমিকদের মহার্ঘভাতা কেটে নিয়েছে, আপনি জানেন, চটকল মালিকরা চুক্তিভঙ্গ করেছে, কয়লাখনির মালিকরা মুখ্যমন্ত্রীর ভৎর্সনা সত্ত্বেও ১৮ কোটি টাকা শোধ করেনি। একচেটিয়া পুঁজিপতিরা আজকে শ্রমিকদের মাহিনা বাড়াবার প্রশ্নে উৎপাদন বৃদ্ধির কথা প্রথমিক শর্ত হিসাবে উপস্থিত করছেন। সর্বোপরি সরকার ইনডিয়ান অক্সিজেনের শ্রমিকদের উপর ভারতরক্ষা আইনের ১১৯ ধারা প্রয়োগ করেছেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই আঘাত কার স্বার্থে ও কার বিরুদ্ধে? আজকে আমাদের সরকার গরীবি হটানোর পক্ষে আছেন না বিপক্ষে আছেন? আজকে কংগ্রেস সভাপতির সতর্কবাণী সত্ত্বেও যদি সরকার তার নীতির পরিবর্তন না করেন তাহলে জনসাধারণের কাছে গরীবি হটাও প্রতিশ্রুতি কার্যকরী করার যে প্রতিশ্রুতি দিয়ে এসেছি তারজন্য এই সরকারই দায়ী থাকবেন। আর এই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার অংশীদার হিসাবে আমরা সরকারকে এই হুঁশিয়ারী দিয়ে অ্যাপ্রোপ্রিয়েসান বিলকে সমর্থন জানাচ্ছি।

**Shri Asamanja De :** মাননীয় অধ্যক্ষমহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েসান বিলটি উত্থাপন করেছেন সভার একজন সদস্য হিসাবে আমি প্রথমেই তাকে আন্তরিকভাবে স্বাগত সমর্থন জানাই। পশ্চিম বাংলা যখন ভয়ে ভীত, আতঙ্কিত, সন্ত্রস্ত, দারিদ্র, বেকারীতে পশ্চিম বাংলার ৪॥০ কোটি মানুষকে যখন অক্টোপাশের মত বেঁধে শ্বাসরুদ্ধ করে রেখেছে তখন ১৯৭২ সালের নির্বাচনের পর এই নবগঠিত সিদ্ধার্থ রায়ের সরকার, পশ্চিমবাংলার ৪॥০ কোটি মানুষের কাছে অন্ধকারের দুর্গ ভেদ করে এক বিরাট আশার আলো। নির্বাচনের প্রাক্কালে ১৯৬৭ সাল থেকে শুরু করে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির নেতৃত্বে যুক্তফ্রন্ট সরকার বিভিন্ন জেলায় বিশেষ করে নদীয়া, বীরভূম জেলায় যখন অশান্তির দাবানল চারিদিকে ছড়িয়ে দিচ্ছিল, সমস্ত মানুষের জীবনকে বিপর্যস্ত করে তুলেছিল তখন আমরা দেখলাম এই সিদ্ধার্থ রায়ের বলিষ্ঠ সরকার বিরাট পদক্ষেপে এগিয়ে গিয়ে সাধারণ মানুষের জীবনের মধ্যে আবার শান্তি শৃঙ্খলার পুনরুদ্ধার ঘটালো। আমরা দেখলাম ১৯৬৭ সালের মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির নেতৃত্বে গঠিত সরকারের সেই সময়ের শিক্ষামন্ত্রী শ্রীজ্যোতি ভট্টাচার্য জ্যোতি ছড়ানোর বদলে তখন সারা দেশকে অন্ধকারে ভরিয়ে দিয়েছিলেন। আমরা দেখেছিলাম ১৯৬৯ সালে শিক্ষামন্ত্রী শ্রীসত্যপ্রিয় রায় বড় বড় শিক্ষার সংস্কার ঘটাবেন বলে অনেক সত্যের অপলাপ করেছিলেন। তখন সত্যপ্রিয় রায় বিরাট সত্যের অপলাপ ঘটিয়ে সারা দেশের শিক্ষার ক্ষেত্রে বিরাট অসন্তোষ, অরাজগতার সৃষ্টি করেছিলেন। সেই অরাজক অবস্থার ফলে আজকে সিদ্ধার্থ রায়ের সরকারের শিক্ষামন্ত্রী সেই বন্ধ্যাত্বের মোচন ঘটিয়ে আসতে আসতে বহু প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানকে অনুমোদন দিয়ে শিক্ষা জগতে এক আশার আলো প্রজ্বলিত করে তুলেছেন। আমরা দেখলাম মার্কসসিস্ট কমিউনিস্ট পার্টির নেতৃত্বে যুক্ত ফ্রন্ট

সরকারের সেই সময়কার শ্রমমন্ত্রী শ্রমিকদের দাবা খেলার গুঁটিতে পরিণত করে পাইয়ে দেবার রাজনীতিতে প্রলুব্ধ করে মালিকদের বিরুদ্ধে তাদের লেলিয়ে দিয়েছিলেন। হাজার হাজার কারখানার দরজা বন্ধ হয়ে গিয়েছিল, শ্রমিকরা কর্মচ্যুত হয়েছিল, ঠিক সেই সময় একটি অরাজকতার অগ্নুৎপাতের ফলে শ্রমিকদের জীবনে যে নৈরাজ্যের সৃষ্টি হয়েছিল তার পরবর্তীকালে আমরা দেখতে পেলাম এই নব গঠিত গণতান্ত্রিক সরকার হাজার হাজার শ্রমিককে তাদের কর্মজীবনে নতুন করে ফিরিয়ে এনে শ্রমিকদের জীবনের মধ্যে একটা নতুন আশার আলো, একটা শান্তি বাণী, একট আশার পদক্ষেপে ভরিয়ে তুলেছেন। আজকে এই সরকারের অংশীদার কংগ্রেস, যুব কংগ্রেস বা সি-পি-আই বা গণতান্ত্রিক কোয়ালিশান সরকারের কোন মেম্বার যদি কোন দুর্নীতির সঙ্গে, অন্যায়ের সঙ্গে, কোন অসামাজিক কার্যকলাপের সঙ্গে বা কালোবাজারীর সঙ্গে জড়িয়ে থাকেন সেখানে এই বিধানসভায় আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে কংগ্রেস বলে নয়, সি-পি-আই বলে নয়—ইরেসপেকটিভ অব পলিটিক্যাল কাস্ট, ক্রিড অ্যাণ্ড কালার দুর্নীতির বিরুদ্ধে আমরা দুর্ভেদ্য দুর্গ গড়ে তুলবো। তাই সেদিন আমরা দেখলাম যে ঐ বেঞ্চে বসে যখন বিশ্বনাথবাবু ২ লক্ষ বিঘা জমির কালোবাজারের কথা উল্লেখ করলেন তখন সিদ্ধার্থশঙ্কর পরিষ্কার ঘোষণা করলেন এনকোয়ারী কমিটি গঠনের কথা। নিশ্চিতভাবে আমরা চাই আমাদের সরকারের হাত শক্তিশালী হোক। তার জন্য অনুসন্ধান কমিটি গঠন করলেন। যাই কিছুই হোক না কেন তার বিরুদ্ধে যে-কোন ধরনের ব্যবস্থা নিতে আমরা কুণ্ঠাবোধ করবো না। পরের দিনই আপনারা খবরের কাগজে দেখেছেন যে একটা এনকোয়ারী কমিশন গঠিত হয়েছে। শুধু তাই নয়, রাজনীতির নামে এই সরকার থাকতে কোন রকম নোংরামী চলবে না। আমরা দেখেছি কংগ্রেসের আই. এন. টি. ইউ. সি-র নামে বর্ধমানের কয়লাখনি অঞ্চলে যখন ৪ জন শ্রমিক নিহত হল তখন সংগে সংগে তিনি সম্পূর্ণ বলিষ্ঠ মনোভাব নিয়ে এই বিধানসভায় মাননীয় বিধান সভার প্রত্যেক সদস্যরা যাতে আলোচনার সুযোগ পান তার জন্য তিনি সুযোগ করে দিয়েছেন এবং তাতে যথোপযুক্ত ব্যবস্থা যাতে অবলম্বিত হয় তার ব্যবস্থাও তিনি করেছেন। আমাদের এই সরকার এটা বলিষ্ঠভাবে বলতে চায় যে এই সরকার পশ্চিম বাংলার মেহনতী মানুষের কাছে একটা আশার আলোর বাণী ফুটিয়ে তুলে আজকে Development বা উন্নয়নের দিকে দেশকে এগিয়ে নিয়ে যেতে চায়। এই প্রসঙ্গে statistics তোলা প্রয়োজন। ১৯৬৯-৭০ সালে যেখানে উন্নয়নখাতে ৪৫ কোটি টাকা খরচ করা হয়েছিল আজকে এই সরকার ৪২ কোটি টাকা সেখানে খরচ করেছেন। আমাদের উদ্দেশ্য উন্নয়ন, আমাদের মন্ত্র এই, দীক্ষা এই—চরৈবেতি। আমরা কাঁধে কাঁধ মিলিয়ে আমাদের এই পশ্চিম বাংলার ৪॥০ কোটি মানুষকে এগিয়ে নিয়ে যেতে চাই। তবে আজকে আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে একথা বলা দরকার যে শুধু বরাদ্দ করলেই চলবে না, যাতে টাকার সদ্ব্যবহার হয়, Economics-এর ছাত্র হিসাবে একটা আপনার মাধ্যমে আরো বড় Economist অর্থমন্ত্রীকে শুধু স্মরণ করিয়ে দিতে চাই। Newman Morganstar বলে ছিলেন Maximum Minimum Principle-এর কথা। Maximum benefit at minimum cost। অর্থাৎ এই টাকা স্বল্প ব্যয়ে যাতে maximization of social welfare করা সম্ভব হয় সে দিকে মাননীয় অর্থমন্ত্রী এবং এই মন্ত্রীসভা যাতে নজর রাখেন তার জন্য আবেদন রাখছি। এ বক্তব্য নিশ্চয়ই এখানে প্রচারিত করা দরকার যে এত টাকা আমরা খরচ করছি অথচ প্রশাশনিক সংস্কার যদি না করা যায় তাহলে দেশের কোন মঙ্গল, কোন কল্যাণ বা কোন ইপ্সিত লক্ষ্য বা উদ্দেশ্য পূরণ করা আমাদের পক্ষে সম্ভব হবে না। আজকে তাই শান্তি শৃঙ্খলা রক্ষা করাই আমাদের মন্ত্র, উদ্দেশ্য ও লক্ষ। কিন্তু শান্তি শৃঙ্খলার দায়িত্ব যে পুলিশ দপ্তরের উপর রয়েছে সেদিকে তাকালে আমরা কি দেখতে পাই—পুলিশের বর্তমানে যিনি স্পেশাল আই. জি. শ্রীরঞ্জিত গুপ্ত, শোনা যাচ্ছে তিনি নাকি আমাদের কারো কারো দাক্ষিণ্যের ফলে আরো উপর তলায় চলে যাবেন। অথচ আমরা দেখতে পাই when he was the D. I. G., I. B., posted at Barrackpore, তিনি আলিপুরে একটি প্রাসাদসম অট্টালিকা

করেছিলেন যার জন্য তিনি সরকারকে কোন সন্তোষজনক জবাব দিতে পারেন নি। শুধু তাই নয়, সেই সময়কার Inspector-General of Police উপানন্দ মুখার্জী তাঁর সি. সি. রোলে adverse comment করেছিলেন। সেই লোককে আবার পুলিশ কমিশনার করা হল। পুলিশ কমিশনার হয়ে তিনি লালবাজারে লাল রাজনীতির বীজ ঢোকাতে শুরু করে দিলেন। বহু অফিসারকে বদলি করে তিনি মনের মত একটা প্রশাসনিক কাঠামো করার চেষ্টা করলেন। খবরের কাগজ পড়েছি, শুনেছি সেই সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী জ্যোতি বসুর কাছে তিনি রিপোর্ট দিয়েছিলেন যে তদানিন্তন কালের সরকারের বিরোধ দলের নেতা সিদ্ধার্থবাবুর বাড়ীতে বসে পুলিশ অ্যাসোসিয়েসানের জেনারেল সেক্রেটারী সুবোধ দত্ত যুক্তফ্রন্ট সরকারকে টপল করার চেষ্টা করছেন। তারপর দেখা গেল রিপোর্ট থেকে যে সুবোধ দত্ত'র চাকরি গেল। জ্যোতিবাবু পাল্টা অ্যাসোসিয়েসনের জন্ম দিলেন। বিগত পি. ডি. এফ. সরকারের সঙ্গে সঙ্গে আমরা কি দেখলাম, রঞ্জিত গুপ্তকে সরিয়ে দেওয়া হচ্ছে। তিনি দীর্ঘদিন ছুটিতে যেতে বাধ্য হলেন। তারপর হটাৎ দেখা গেল একটা নতুন পোস্ট ক্রিয়েট করে স্পেসাল আই. জি. তাঁকে করা হল। এই সরকার যাঁরা, যদি সত্যি শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনতে চান তাহলে একথা আমি পরিষ্কারভাবে একজন সদস্য হিসাবে জানাতে চাই যে ঘুন ধরা, ঝাড়া বাছা মালদের বসিয়ে শান্তি শৃঙ্খলা রক্ষিত হতে পারে না। আমি এই অবস্থা সম্পর্কে অবিলম্বে দাবি জানাচ্ছি। যদি তা না হয় তাহলে উড়ো খৈ গোবিন্দায় নমঃ ছাড়া আর কিছুই হবে না।

[8-50—9 p. m.]

যদি তা না হয় তবে উড়ো খই গোবিন্দায় নমঃ করে কিছু হবেনা। আমার হয়ত জ্ঞানগম্যি কম, আমার সাধারণ ধারনা, শুনেছি, এস. পি. থেকে ডি. আই. জি. হলে বদলিশান হচ্ছে বুঝি, এই নর্থ বেঙ্গল পোস্টিং হয়। এই নর্থ বেঙ্গলে দেখুন, আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টিগোচরে আনছি যে ডি. আই. জি., হেডকোয়াটারস, নরেন মজুমদার তিনি চিরকাল কলকাতায় থেকে গেলেন তার একমাত্র কন্যা মিডিলটন লরেটোতে লেখাপড়া শেখাবার জন্য। আবার দেখুন, ডি. আই. জি. নর্থ বেঙ্গল, গঙ্গাধর মুখার্জী, তার প্রমোশনের শুরু থেকেই নর্থ বেঙ্গলে। তাহলে এই নরেন মজুমদারের কলকাতায় কন্যাকে মিডিলটন-এ লেখাপড়া শেখাবার সখ থাকতে পারে আর গঙ্গাধর মুখার্জীর ছেলেমেয়েদের কলকাতায় লেখাপড়া শেখাবার সাধ জাগবে না এটা কোন ধরনের ব্যবস্থা আমি ঠিক বুঝে উঠতে পারছি না। তারপর দেখুন, ডি. আই. জি., প্রেসিডেন্সি, অশোক চক্রবর্তী. তিনি খুঁটির জোরে ২৪-পরগণার এস. পি. থেকে ভবানী-এর এক ঘর থেকে পাশের ঘরে গিয়ে বসলেন। এ কি অদ্ভুত অফিসারদের মধ্যে [illegible] : আই. জি. কেন এই দলবাজী করছেন। আমি দাবি করছি এই মন্ত্রীসভা এই সমস্ত [illegible] আর কিক যাতে এই পুলিশের মত উপযুক্ত গুরুত্বপূর্ণ প্রশাসনিক ক্ষেত্রে না চলতে পারে [illegible] ব্যবস্থা করুন। আজকে যিনি কলকাতার পুলিশ কমিশনার হয়েছেন who is formally I.G., B.S.F., posted at Barrackpur, কলকাতার সমস্যার সংগে যিনি ওতপ্রোতভাবে [illegible]ত নয়, সেই রকম একটা লোককে কলকাতায় বসিয়ে দেওয়া হল। কি ধরনের কলকাতার [illegible]স্যার সমাধান হবে আমি তো ঠিক বুঝতে পারছি না। আই এ্যাম মোষ্ট আরঘরচনেট যে [illegible]াষ্ট্রিয়াল মিনিষ্টার নেই। একটা অদ্ভুত ব্যাপার এই কমার্স অ্যাণ্ড ইণ্ডাষ্ট্রিয়াল সেক্রেটারী [illegible]. কে. বিশ্বাস শুনেছি নাকি তিনি থার্ড ডিভিসনে ম্যাট্রিক পাশ করে কার দৌলতে নোমিনেটেড [illegible]ই. এ. এস. হলেন। তারপর তিনি তো মশায় টেকনোলজিকে কোন ক্ষমতা দিতে চান [illegible]। সেই ইণ্ডাষ্ট্রিয়াল ডিপার্টমেন্টে একজন সুগার টেকনোলজিষ্ট স্পেশাল অফিসার, তিনি [illegible]ন বি. বি. সেনগুপ্ত। নিউ সেক্রেটারিয়েটে খোঁজ নিয়ে জানলাম যে ২২ শত টাকা করে [illegible]কে বেতন দেওয়া হয়। ২২ শত টাকা করে বেতন দেওয়া হয় অথচ তাকে কোন কাজ দেওয়া [illegible] না। তার অফিসে পিওন নেই, টেলিফোন নেই, অথচ তাকে ২২ শত টাকা করে বেতন [illegible]ওয়া হয়। কি যে শিল্পের উন্নতি হবে আমার তো মশায় মোটা মাথায় ঢোকে না। জানি না,

মন্ত্রিমহাশয়দের সুক্ষ্ম মস্তিষ্কে এটা ঢুকবে কি না। তারপর এই বড় বড় সরকারের মামুলি মামুলি ব্যাপার। সব ব্যাপারেই যখন দুর্নীতির অভিযোগ আসে আর বলেন ইনকোয়ারী কমিশান বসবে। ফুডের উপর ঘোষ ইনকোয়ারী কমিশান বসলো রিপোর্ট দিলেন ফুড কমিশনার এগ্রিকালচার কমিশনারের বিরুদ্ধে—নো অ্যাকশান। ভিজিলেন্স কমিশান বসলো, রিপোর্ট দিলেন ইরিগেশান সুপারিনটেণ্ডিং ইঞ্জিনিয়ারের বিরুদ্ধে, বললেন, আয়ের তুলনায় অ্যাসেট বেশী এবং দ্যাট ওয়াজ কমেণ্ট। রাইটার্স বিলডিংসের অলিন্দে এখনও কানাঘুসা শোনা যায় ঐ ইরিগেশানের সুপারিনটেণ্ডিং ইঞ্জিনিয়ারের বিরুদ্ধে—কিন্তু নো অ্যাকশান। মুখার্জী কমিশান বসলো—কালকে এই হাউসে খুব সোচ্চার হয়েছিলো যে বর্দ্ধমানের সাই বাড়ীর হত্যাকাণ্ডের নায়ক আর. কে. ভট্টাচার্য এবং তরুন দত্ত তাদের বিরুদ্ধে কি হল? নো অ্যাকশন। ফুড ডিপার্টমেন্টের জয়েন্ট সেক্রেটারী এবং মুর্শিদাবাদে সেম র‍্যাংকে রাখা হল। আবার শোনা যাচ্ছে আর. কে. ভট্টাচার্য ডি. আই. জি. হতে চলেছেন। এ কি শাসনতন্ত্রে কি পাবলিক কনফিডেন্স হতে পারে এবং সরকার কি ধরনের পাবলিক কো-অপারেশন আশা করতে পারেন। আমার তো মশায় মাথায় ঢোকে না। ঐ রুইকাতলা, রাঘববোয়াল ছেড়ে দিয়ে চন্দ্রকান্ত ভাটকারকে এস. ডি. ও কেস দিয়ে তাকে সাসপেণ্ড করা হল। এই বিষয়ে আমি আপনার মাধ্যমে সরকারের কাছে স্পষ্টভাবে জানতে চাই যে কোন আই. এ. এস. এবং আই. পি. এস. অফিসারকে শাস্তি দিতে গেলে সরকারী আইন অনুযায়ী ওয়ান ম্যান ইনকোয়ারী কমিশান ইন্সটিটিউট করা দরকার। সরকার এই তরুণ দত্ত এবং আর. কে. ভট্টাচার্য এদের বিরুদ্ধে সরকারী আইন অনুযায়ী আই. এ. এস. এবং আই. পি. এস. অফিসারকে শাস্তি দিয়ে যে ওয়ান ম্যান ইনকোয়ারী কমিশান ইনষ্টিটিউট করা দরকার সেটা করবেন কি না? আমি পরিষ্কারভাবে সরকারের প্রশাসন ব্যবস্থাকে বজায় রাখবার জন্য এই ওয়ান ম্যান ইনকোয়ারী কমিশান ইনষ্টিটিউট করার জন্য দাবি করছি। আর একটা বড় কথা, খুব ভাল কথা আমাদের চীফ মিনিষ্টার বলেছেন- এই প্রসঙ্গে বলতে গিয়ে গান্ধীজীর কথা মনে পড়ে যায়। সেটা হচ্ছে পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠার কথা। যদি সত্যিকার পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করতে হয় তবে কনসেনট্রেসন অব মোর পাওয়ার টু এ পার্টিকুলার অথরিটি করতে হয়, সেটা সম্ভব কিনা এটা আজকে চিন্তা করা দরকার। তবে আমি বলব আনলেস এণ্ড আনটিল এই জেলা পরিষদ রিকনষ্টিটিউট করতে নিশ্চয়ই ডি. এ. এর হাতে দায়িত্ব দিতে হবে। তবে একটা কথা বলা দরকার আজকে যখন জেলা শাসকের নেতৃত্বে প্ল্যানিং বোর্ডে নূতন নূতন কাজ শুরু হচ্ছে তখন শোনা যাচ্ছে যোগ্য ডি. এম কে তার জেলা থেকে বদলী করে অন্য জেলায় পাঠিয়ে দেওয়া হচ্ছে। কারণ, তাদের দু বছরের টার্মস শেষ হয়ে যাচ্ছে। এই দুই বছরের টার্মের উপর আমি কিছু বলব। মেদিনীপুরের ডি. এম. বি. আর. চক্রবর্তী যোগ্য অফিসার বলে মেদিনীপুরে ৪॥• বছর থাকলেন। তারপর ২৪ পরগনার ডি. এম. রথীন সেনগুপ্ত গণশক্তির লাল টাই গলায় ঝুলিয়ে ৪ বছর থেকে গেলেন। শোনা যাচ্ছে তিনি বোধ হয় এখন প্রোমোশন পেয়ে বিদ্যুত্‍ পর্ষদের সেক্রেটারী হয়ে যাবেন। আর একজন যোগ্যতম তরুণ ডি. এম. হাওড়ার দীপক রুদ্র দু বছরের মধ্যে তার তিনবার ট্রান্সফারের অর্ডার হয়েছিল এবং ফাইন্যাল অর্ডার এসেছে তাকে দার্জিলিং-এ পাঠিয়ে দেবার জন্য। হাওড়ার মত জায়গায় যেখানে দারুন ইনডাষ্ট্রিয়াল আনরেষ্ট, দারুন লেবার ডিসপিউট, যেখানে দারুন নকশাল কাণ্ডক্রিয়া উইথ এ প্রম্পট অ্যাডমিনিস্ট্রেসন ক্যাপাসিটি, যখন হাওড়ায় আইন শৃঙ্খলা ফিরিয়ে আনার চেষ্টা হচ্ছে এবং যখন আমরা দেখতে পাচ্ছি হাওড়া একটা উন্নতির পথে এগিয়ে যাচ্ছে, তখন এই ধরনের ডি. এম. কে ট্রান্সফার করবার কি দরকার? আমি সাজেস্ট করবো, আমি আবেদন করবো, নিবেদন করবো আপনার মাধ্যমে মন্ত্রীসভার কাছে যে ডেভেলপমেন্ট ওয়ার্ক যখন শুরু হচ্ছে তখন পিরিয়ডিক্যাল ওয়ার্কস এবং রিপোর্ট নেওয়া হোক এবং সেই রিপোর্টের ভিত্তিতে ডি. এম. কে ট্রান্সফার বা প্রমোশনের ব্যবস্থা করা হোক। আর একটা কথা, আমি 'কৃষির' দিন

*বলবার সুযোগ পাইনি, 'কমিউনিটি ডেভেলপমেন্টের' দিন বলার সুযোগ পাইনি,* একটা কথা বলা *দরকার, আমি গ্রাম বাংলার কথা বলছি,* আমরা গ্রামের জনসাধারণের, নিপীড়িত, বঞ্চিত মানুষের কথা বলছি কমিউনিটি ডেভেলপমেন্ট সম্পর্কে। একজন অফিসারকে একবার জিজ্ঞাসা করে দেখবেন তো what is the proper connotation of community development? অফিসাররা এই সম্পর্কে ওয়াকিবহাল আছেন কি না। তারা সোসাইটি এবং কমিউনিটির জন্য কাজ করেন, কিন্তু সোসাইটি অ্যাণ্ড কমিউনিটি ইজ নট এ সেম থিং। সোসাইটি হচ্ছে, যখন কতকগুলো মানুষ পরস্পরের সুযোগসুবিধার জন্য সমবেত হয় দ্যাট ইজ সোসাইটি। আর কমিউনিটি মানে হলো, আমাদের সমাজের সমস্ত সম্পদের উপর যখন সকলের সমান অংশ না থাকে তখন হচ্ছে সেটা কমিউনিটি। এই কমিউনিটি ডেভেলপমেন্ট করতে গিয়ে এক্সটেনশন অফিসার বসানো হলো, নিরক্ষরতা দূরীকরণ তাদের কাজ। কিন্তু তাদের দিয়ে রিলিফের ম্যানুয়্যাল রোসটার তৈরি করানো হচ্ছে, এই হচ্ছে নিরক্ষরতা দূরীকরণ। আমি শুধু এইটুকু বলবো, আজকে ২৮ লক্ষ পশ্চিমবাংলায় যে বেকার আছে, তাদের কথা চিন্তা করে সরকারকে সমস্ত বিষয়ে কাজে লাগাতে হবে। আজকে চিন্তা করতে হবে উৎপাদন ব্যবস্থার বৃদ্ধির দিকে, আজকে মনে করতে হবে রাজশক্তির বিকাশ নয়, লোকশক্তির বিকাশ। এই লোকশক্তির বিকাশ ঘটিয়ে এই ২৮ লক্ষ বেকারের কর্মসংস্থানের সুযোগ যদি না হয়, তাহলে এর উদ্দেশ্য সাধিত হবে না, এই বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Biswanath Ghakrabarti :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এবারে বাজেটের দফাওয়ারী ব্যয়বরাদ্দ শেষ হয়ে গেল, অর্থমন্ত্রিমহাশয় আমাদের কাছে ব্যয়বরাদ্দ অনুমোদন চেয়েছেন। ভালই অধিবেশন হ'ল শীততাপনিয়ন্ত্রিত কক্ষে বসে বিধানসভার বাবু সদস্যরা পাঞ্জাবী গায়ে দিয়ে এসে, কখনও কখনও খোস গল্প করে বাজেট পাশ করে দিলাম এবং পরস্পরের পিঠ চাপড়ালাম, এইভাবে সমাজতন্ত্রের পথে এগোচ্ছি গণতন্ত্রের বিকাশ হচ্ছে। মাননীয় স্পীকার, স্যার, আজকে বাজেটারাদের শেষে শুধু একটা কথা বলতে চাই সমস্ত কর্মকাণ্ডের কেন্দ্রস্থল যে সাধারণ মানুষটি যে মানুষ ৪। কোটি কেবল একটা সংখ্যা তার মধ্যে একজন লোক যে গ্রামে থাকে ক্ষেতমজুর, যার রোজ কাজ জোটে না, কাজ জুটলেও মাসের মধ্যে ১০ দিন। দিনে দু টাকা বার আনা বা আড়াই টাকা রোজগার করে, আর শহরে এবং শহরতলীতে যে শ্রমিক আছে যে রিক্সা চালায় এবং দিনের শেষে যার দেড় টাকা রোজগার হয় না। যে ছোট ইঞ্জিনিয়ারিং কারখানার শ্রমিক, মাসে যার ৬০/৬৫ টাকা রোজগার করে। আজকে বাজেটের শেষে সেই মানুষের কাছে কোন আশার আলো কি আমরা জ্বেলে দিতে পেরেছি? এই প্রশ্ন যদি একজন সাধারণ মানুষের দৃষ্টিকোণ থেকে করা যায়, তাহলে অনেক কথা, অনেক বাগাড়ম্বর, অনেক অনেক বক্তৃতা, অনেক প্রতিশ্রুতি ব্যর্থ বলে মনে হবে। তিনটি মানুষের কথা বলছি। একটা রিক্সাচালক কালকে আমাকে প্রশ্ন করেছিল, আপনারা তো বিধানসভায় যান, অনেক কথাবার্তা সেখানে হয়, আপনারা গভর্নমেন্ট চালান, কিন্তু এ কোন অবস্থায় আমরা পড়লাম? খোলা বাজারে চালের দর হু হু করে বেড়ে যাচ্ছে, সরষের তেলের দর ছয় টাকা কে. জি., ডাল যা দরিদ্র মানুষ কেনার চেষ্টা করে তাও দেড় টাকা থেকে আড়াই টাকা। মাছ কিনতে পারা যায় না ১০ টাকা করে কে. জি.। শুধু দরিদ্রতম মানুষেরা নয়, নিম্ন মধ্যবিত্ত মানুষরাও সমান ভাবে ক্ষতিগ্রস্ত, দুর্দশাগ্রস্ত এবং চিন্তিত। সেই মানুষ একটা মোক্ষম এবং মর্মান্তিক প্রশ্ন আমার সামনে রেখেছে। বাবু, বাঁচবো তো? এই প্রশ্ন আজকে বাংলা দেশের সর্বত্র, হিমালয় থেকে সমুদ্র পর্যন্ত। সাধারণ মানুষের মনে ধ্বনিত হচ্ছে, বাঁচবো তো?

[9-00—9-10 p.m.]

বাবু বাঁচবো তো? এই প্রশ্ন আজকে বাংলা দেশের সর্বত্র, হিমালয় থেকে সমুদ্র পর্যন্ত। সাধারণ মানুষের মনে ধ্বনি হচ্ছে বাঁচবো তো? আমি মন্ত্রিমণ্ডলীকে জিজ্ঞাসা করি অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা

করি এই সাধারণ মানুষের একটা অত্যন্ত সাধারণ প্রশ্ন সেই প্রশ্নের কোন উত্তর আপনার বাজেট-বরাদ্দের মধ্যে আছে কি, চিন্তা করছেন কি তার কথা? খবরের কাগজে আরও ভয়াবহ সংবাদ বেরিয়েছে স্টেটসম্যান পত্রিকায় কালকে ম্যাপ এঁকে প্রকাশ করেছে বাংলা দেশের চার পাঁচটি জেলায় বৃষ্টি হয় নি বলে ফসল হবে না মানুষের মনে তার জন্য উদ্বেগ। এই খবর বেরিয়েছে এবং আমি আশঙ্কা করছি এই খবর বেরুনের সংগে সংগে যাদের কাছে কিছু ধানচাল আছে বড় বড় ব্যবসায়ী যারা তারা তা জমাতে আরম্ভ করেছে। একে প্রচণ্ড খরায় ফসল হল না, তারপর রবিশস্য হল না। এর পর আউস না হলে কি অবস্থা হবে সহজেই বুঝতে পারা যায়। অনাহারের মৃত্যুর কথা একজন মন্ত্রী বলেছিলেন আর একজন মন্ত্রী অস্বীকার করেছিলেন। আমার প্রশ্ন সত্য স্বীকার করতে অসুবিধা কোথায়? একথা ঠিক যে অনাহারে মৃত্যুর কতকগুলি ডাক্তারী কারণ আছে, জেলাশাসক রিপোর্ট দেয় অনাহারে মরলে হৃদযন্ত্র বিকল হয়েছে বলে মরেছে। একথা আমরা সকলে জানি কিন্তু একথা ঠিক নয় যে গ্রামবাংলার মানুষ অনাহারে বা অর্ধাহারে নেই, আজকের বাজেটে সেই মানুষের কাছে কোন আশার আলোক কোন ভবিষ্যৎ উত্থাপন করেছেন? আমি এই প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই মন্ত্রিমণ্ডলীর কাছে আগামী দিনে এদের জন্য আপনি কি পরিকল্পনার কথা চিন্তা করেছেন? কোটি কোটি টাকা বরাদ্দ হচ্ছে এবং সেটা খরচও হবে কিন্তু সাধারণ মানুষের কি হল? তারা বাঁচবে তো? একথা স্পষ্ট করে বলুন—তাহলে দুই হাত তুলে ব্যায়বরাদ্দকে সমর্থন জানাতে পারি। প্রশাসন একটা বিরাট ব্যাপার, লালবাড়া সেখানে বিরাট আমলারা, মন্ত্রীরা আছেন, জেলায় জেলায় অফিসার আছে কিন্তু সেখানে সাধারণ মানুষের কোন ভূমিকা আছে কি? সাধারণ মানুষ প্রশাসনের সংগে কি ভাবে জড়িত? ব্রিটিশ আমলের ব্যুরোক্রাটিক স্ট্রাকচার আজ পর্যন্ত বজায় রাখা হল, তার পরিবর্তনের কোন চেষ্টা হল না। সাধারণ মানুষকে প্রশাসনের সঙ্গে যুক্ত করা হল না। সাধারণ মানুষ সেই একই অবস্থায়। তাদের আমরা হচ্ছি বাবু ব্যারিস্টার। আমরা কিন্তু চাষা নই কিন্তু চাষা ব্যারিস্টার। যখন দুর্যোগ আসে তখন এই চাষা ব্যারিস্টারের কেটে পড়ে। সাধারণ মানুষের জানা নেই এই কথা। তাই সাধারণ মানুষের কোন ভূমিকা নেই। চাষীরা তাই মারা যাচ্ছে দিনের পর দিন। মন্ত্রিমণ্ডলী কি এদের কথা শুনেছেন, ভাবছেন—কেমন করে সাধারণ মানুষকে প্রশাসনের অন্তর্ভুক্ত করা যায়। যদি জনসাধারণকে প্রশাসনে না আনা যায়, সাধারণ মানুষকে যদি তার যোগ্য ভূমিকায় প্রতিষ্ঠিত না করা যায় তাহলে আমাদের যে প্রচেষ্টা তা ব্যর্থ হবে এবং সমস্ত কর্মকাণ্ড আমলাতান্ত্রিক লালফিতায় বাঁধা থাকবে। যতই বড় বক্তৃতা করি তাতে কোন লাভ হবে না সাধারণ মানুষকে প্রশাসনের সুযোগ না দিলে। মন্ত্রীরা বারবার বলেছেন যে বাংলাভাষায় প্রশাসন চলবে। দুশো বছর ধরে ইংরেজ শাসনে আমরা ছিলাম। ইংরাজী শিখতে আমরা চেষ্টা করেছি, স্বভাবতই শিখতে পারি নি কিন্তু বাংলাও শিখিনি। এই বিধানসভায় লক্ষ্য করে দেখেছি যে কলিং এটেনসন মোসানের উত্তর মন্ত্রীরা অনেকেই ইংরাজীতে দেন বা বক্তৃতা করেন যদিও তার মধ্যে বহু অশুদ্ধ উচ্চারণ তারা করেন, তা সত্ত্বেও ইংরাজী ভাষা ত্যাগ করার যে চেষ্টা সে চেষ্টা আমরা দেখি না। অসুবিধা কোথায়? এই কথা ঠিক আপনারাও ভাল ইংরাজী জানেন না, আমরাও ভাল ইংরাজী জানি না, অরে দেশের মানুষ একেবারেই জানে না। বাংলাভাষায় বলতে অসুবিধাটা কোথায়, আদালতের কাজকর্ম বাংলাভাষায় চালু করুন, মহাকরণের কাজকর্ম বাংলাভাষায় চালু করুন এবং বাংলাভাষায় সরকারী বিজ্ঞপ্তি প্রচার হোক এবং এর ফলে সাধারণ মানুষ তাদের অভাব অভিযোগগুলি জানতে পারে এবং জানাতে পারে কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হলো না। এই ব্যবস্থা আজ পর্যন্ত হলো না কেন, মন্ত্রিমণ্ডলী তার জবাব দেবেন কি? বাংলাভাষায় প্রশাসন চালাবার মধ্যে অগৌরবের কিছু নেই, আর গ্যাঁক গ্যাঁক করে ইংরাজী বলার মধ্যে গৌরবের কিছু নেই, এই কথাটা আমি মন্ত্রিমহাশয়দের স্মরণ করিয়ে দিতে চাই। মাননীয় স্পীকারমহাশয়, বেকার ছেলেদের কর্ম-নিযুক্তির জন্য সরকার কিছু কিছু পরিকল্পনা করছেন এবং খুব জোরের সংগে নিজেদের পিট

চাপড়িয়ে বলছেন যে দেশময় শান্তিশৃঙ্খলাকে তাঁরা ফিরিয়ে এনেছেন সন্ত্রাসের হাত থেকে। কিন্তু এটা হচ্ছে রাজনৈতিক সন্ত্রাস, আর যে স্থায়ী সন্ত্রাস রয়েছে, যে পারপিচুয়াল টেরর আছে সাধারণ মানুষের জীবনে, সেটা দরিদ্র মানুষের জীবনে রয়ে গিয়েছে। আমাদের এলাকায় দেখছি ছোট ছোট ব্যবসায়ী, সবজি ব্যবসায়ী তাদের পুলিশ ধরে নিয়ে আসে এবং ঘুষ নিয়ে ছেড়ে দেয়। নকশালপন্থী দমন হচ্ছে, উগ্রপন্থী দমন হচ্ছে, কিন্তু সেই সময় সাধারণ ছেলেদের ধরে নিয়ে এসে পুলিশ দাগী করে দিচ্ছে বা ১০০ টাকা, ৫০ টাকা চাইছে, না হলে মিশা করে দেবে বলে ভয় দেখাচ্ছে। এই অবস্থায় সাধারণ মানুষ ভীত সন্ত্রস্ত হয়ে আছে। গ্রামাঞ্চলের অবস্থা অতি ভয়ংকর ভাগচাষীরা যেখানে দিনের পর দিন উচ্ছেদ হচ্ছে কিন্তু তাদের কথা বলার কোন উপায় নাই এবং বহু জায়গায় অনেক রাজনৈতিক লোকেরা পুলিশের সংগে যোগাযোগ করে এই সব কাজ করছে, এই সমস্ত ভাগচাষীদের এবং ক্ষেতমজুরদের উচ্ছেদ করছে। এই সব লোকের সংখ্যা বাংলাদেশে লক্ষ লক্ষ, তাদের জীবনে কোন নিরাপত্তা নাই, সব চেয়ে বড় নিরাপত্তা হচ্ছে খুননিবৃত্তির নিরাপত্তা, খাওয়ার নিরাপত্তা, বাঁচার নিরাপত্তা। সাধারণ মানুষের জীবনে রাজনৈতিক সন্ত্রাসের চেয়ে আরো বড় সন্ত্রাস হচ্ছে দৈনন্দিন জীবনের এই সকল চিরস্থায়ী সন্ত্রাস। স্বল্পস্থায়ী রাজনৈতিক সন্ত্রাস তাদের কাছে সব চেয়ে বড় কথা নয়, তাদের কাছে চিরস্থায়ী এই সকল সন্ত্রাসই বড় কথা। আজ সাধারণ বেকার ছেলেরা জানতে চাইছে, মন্ত্রিমহাশয়রা উত্তর দেবেন কিনা জানি না, আমার কাছে একটি ছেলে এসেছিল ইতিহাসের ২য় শ্রেণীর এম-এ, সেই ছেলেটি ৪ বছর বেকার হয়ে বসে আছে, তার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখান আছে, সে বলছে, একটা পিওনের চাকরিও পাচ্ছি না, লেখাপড়া শিখলাম, আমার বাবা মা এত পয়সা খরচ করলেন, আর একটা পিওনের চাকরি পাচ্ছি না। এই অবস্থা পশ্চিমবংগে রয়েছে, এটা সমাজের একটা পূর্ণ সমস্যা। সুতরাং আত্মসন্তুষ্টির কোন অবকাশ নেই, তাই আমি মন্ত্রিমণ্ডলীকে বলছি যে সমাজতন্ত্র একটা কঠিন সাধনা, সমাজতন্ত্র উচ্চবিত্ত সৌখিন রাজনৈতিকদের বিলাস নয়, সমাজতন্ত্র শ্রমজীবী মানুষের কোটি কোটি হাতের পরিশ্রমে উৎপাদনে একটা সক্রিয় সমর্থন, সক্রিয় সহযোগিতায় একটা বিরাট কর্মযজ্ঞ। তাই আজকে সরকারকে অবিলম্বে একটা রাজনৈতিক ব্রত গ্রহণ করতে হবে—একটা যজ্ঞ—একটা বিরাট কর্মযজ্ঞ গ্রহণ করতে হবে, এই সব কায়েমী স্বার্থের বিরুদ্ধে প্রচণ্ড সংগ্রাম করতে হবে। সংগ্রাম করবার সেই শক্তি আমাদের আছে কি—সেই শক্তি যদি থাকে তাহলে আজকের বাজেটকে সেই ভাবে তৈরী করতে হবে, তার ব্যয় সেই ভাবে করতে হবে। সাধারণ মানুষের কাছে এই কথা বলতে হবে যে এক বছরের সীমাবদ্ধ বাজেটে করতে পারলাম না, কিন্তু আগামী দিনে কল্পলোকে নয়, এই জীবনে আমরা করবই, আমরা সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে বাধ্য এবং তা যদি না বলেন এই বিধানসভার সমস্ত বক্তৃতা সমস্ত বাগাড়ম্বর ব্যর্থতায় পর্যবসিত হবে, আর সমস্ত চিৎকারের উপর সাধারণ মানুষের করুন ক্রন্দনধ্বনি বাংলার আকাশে বাতাসে ধ্বনিত হবে বাঁচবো তো।

[9-10 – 9-20 p. m.]

**Shri Sukumar Bandyopadhyay:** মাননীয় অধ্যক্ষমহাশয়, অর্থমন্ত্রিমহাশয় আইন সভার বিভিন্ন খাতে যে টাকা বরাদ্দ করা হয়েছে সেই টাকা খরচের অনুমতি চেয়েছেন এবং আজকে এই যে অনুমতি এই সভার কাছে তিনি চেয়েছেন আমরা নিশ্চয় সভার পক্ষ থেকে সরকারকে অনুমতি দেব। পশ্চিমবঙ্গে যে সরকার প্রতিষ্ঠিত হয়েছিল সেই সরকারের আয়ুষ্কাল মাত্র ৪ মাস এবং এই সময়ের মধ্যে এই সরকার কিছু কিছু উল্লেখযোগ্য কাজও দেখাতে পেরেছেন। আমি প্রথমেই বলব পশ্চিম বাংলায় এ বছর যেভাবে অভূতপূর্ব খরা সৃষ্টি হয়েছে—বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর তার মোকাবিলা করার জন্য সরকার যা করছেন তার মধ্যে একটি নিশ্চয় আছে—সে সম্বন্ধে তাদের মুখ থেকে শুনেছি যা হয়েছে তা কিন্তু কোনদিন হয়নি। বাঁকুড়া, পুরুলিয়া কঠিন পাথর কেটে সেখানে tubewell তৈরী হয়েছে। ইতিপূর্বে তাঁরা জানতেন না যে এইভাবে tubewell হওয়া সম্ভব, কারণ তাঁরা জানতেন বর্ধমান, হুগলী,

কোলকাতায় এসব হয়। কিন্তু আজ এই মন্ত্রীসভার জানা উচিত যে পশ্চিম বাংলায় ভয়াবহ দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। পশ্চিমবাংলার বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, মালদহ বর্ধমান, হুগলী, মুর্শিদাবাদ এবং আরও বহু জায়গায় চাষের জন্য যে পরিমাণ বৃষ্টিপাতের প্রয়োজন ছিল সে পরিমান হয়নি। আগামী দুই সপ্তাহ যদি তা না হয় আমি স্মরণ করিয়ে দেব এই মন্ত্রীসভাকে যে আপনারা এই দুর্ভিক্ষ সম্বন্ধে সতর্ক থাকুন এবং এরজন্য ৫০।১০০ কোটি টাকার হয়ত যা প্রয়োজন হবে সেই টাকার ব্যবস্থা করা অবিলম্বে প্রয়োজন। আজ এই খরচের যে অধিকার তাকে সমর্থন করতে গিয়ে ২।১টি কথ বলা প্রয়োজন বলে মনে করি। আমরা দেখছি সরকারী কর্মকে বাস্তবে রূপায়িত করতে গেলে প্রশাসনিক স্তরে যে সমস্ত উচ্চ, মধ্য ও নিম্নপদস্থ কর্মচারী আছেন তাঁদের সহযোগিতা প্রয়োজন এবং তাঁদের সহযোগিতা নিয়েই কাজ করতে হয়। সেই কর্মচারীরা দুর্নীতিপরায়ন হতে পারেন, তাঁদের বিরুদ্ধে সমালোচনা থাকতে পারে। কিন্তু তাঁদের অবলম্বন করেই মন্ত্রীসভাকে চলতে হয়। এই মন্ত্রীসভা যদি এই সমস্ত কর্মচারীদের উপর কতৃত্ব করতে পারেন তাহলে গত ২৫ বছর ধরে যে সমালোচনা শুনেছি সরকারের বিরুদ্ধে তা দূর করতে পারবেন। এ সম্বন্ধে হরিয়ানার একটা উদাহরণ দিচ্ছি। সেখানকার মন্ত্রীসভা প্রতিটি আমলাকে কাজ করাতে বাধ্য করান। সেখানে বড় বড় আমলাদের জেলাশাসকের পক্ষ থেকে বলে দেওয়া হয় এই এই কাজ করতে হবে এর তারজন্য সময় লাগবে তিন বছর। এর মধ্যে এই কাজ যদি করতে পারেন তাহলে পুরস্কার পাবেন, না করতে পারলে তদন্ত হবে, শাস্তির ব্যবস্থা হবে। এই তিন বছর ধরে রাজনৈতিক কারণে, কিম্বা ব্যক্তিগত কারণে কিম্বা কোন মন্ত্রীর আত্ম সন্তুষ্টির জন্য কোন কর্মচারী বা অফিসারকে বদলী করা হয় না। তাই আজ হরিয়ানা সর্বপ্রথম ও সর্বপ্রধান রাজ্য যেখানে প্রতিটি গ্রামে বিদ্যুৎ গেছে, সেচের জল গেছে, দুর্ভিক্ষ নেই এবং সেখানকার মানুষ মোটামুটি খেয়েপরে বাঁচতে পারে। আমি মন্ত্রীসভাকে সেদিকে নজর দিতে বলছি। কেন না আমাদের মন্ত্রীসভার জানা প্রয়োজন যে তাঁদের চাকরি অস্থায়ী এবং তাঁদের সময়সীমার মধ্যে কাজ করতে হবে। সরকারী কর্মচারী ও আমলাদের চাকরি স্থায়ী। মন্ত্রীসভায় চাকরি অস্থায়ী, কেন না জনগণের ইচ্ছার উপর তাঁদের নির্ভর করতে হবে। সুতরাং যে হতাশা, ক্ষোভ জনসাধারণের মধ্যে রয়েছে সেই হতাশা, ক্ষোভ দূর করার চেষ্টা করা উচিত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের প্রাক্তন পরলোকগত প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীর ছোট ছেলে সুনীল হেঁটে কলেজে যেতেন। তাঁর অফিসার একদিন তাঁকে জিজ্ঞাসা করেছিলেন স্যার, আপনার ছেলে হেঁটে বা বাসে কলেজে যায় কেন? তিনি বলেছিলেন আমার চাকরি অস্থায়ী, কাজেই বাসে বা হেঁটে না গেলে আমার ছেলের অভ্যাস খারাপ হয়ে যাবে। যাঁরা সত্যিকারের দেশপ্রেমিক তাঁরা জানেন যে তারা জনগণের দ্বারা নির্বাচিত হয়েছেন, জনগণের আশা-আকাঙ্খা পূরণ না করতে পারলে তাদের ক্ষমতার উচ্চ সীমার থেকে টেনে হিঁচরে নামিয়ে দেবেন। স্যার, আমাদের এই পশ্চিমবাংলা অনেক পালা বদল হয়ে গেছে, ইতিহাস তার সাক্ষ্য। মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে এইদিকে নজর রেখে আমাদের খরচ করা উচিত এবং সেইভাবে সরকার পরিচালনা করা উচিত। আজকে যে প্রশাসন সত্যিকারের সেই প্রশাসন হৃদয়হীন, অমানবিক। আজকে স্বাধীন দেশের মানুষ প্রশাসনিক অমানুষিক আচরণ, হৃদয়হীনতা সহ্য করবে না। মন্ত্রীসভার দায়িত্ব আছে অফিসার বা কর্মচারীর মুখে রিপোর্ট শুনে কাজ না করে, রাজা কর্ণের পদাঙ্ক অনুসরণ না করে সত্যিকারের চোখে দেখে কানে শুনে মন্ত্রীসভা যদি গ্রাম থেকে কলকাতা শহর পর্যন্ত সর্বস্তরে কর্মযজ্ঞ সৃষ্টি করতে পারেন তবে এই ব্যয়বরাদ্দ সার্থক হবে। দেশের কোটি কোটি দুঃখী, দরিদ্র, বেকার মানুষ প্রশাসনিক হৃদয়হীনতায় পরিত্যক্ত, সেইসব মানুষকে উদ্ধার করার জন্য, তাদের জীবনে সুখশান্তি, সমৃদ্ধি আনার জন্য এই টাকা। সুতরাং এই টাকার প্রতিটি পাই যাতে ন্যায্যভাবে সার্থকভাবে খরচ হয়, এই টাকার মধ্যে যাতে দুর্নীতি অবহেলা না থাকে এই জিনিসটা নিশ্চয় আমাদের দেখা উচিত। মাননীয় অধ্যক্ষমহাশয়,

আজকে এই আইনসভায় টাকা খরচের অনুমতি দেওয়া হচ্ছে. সেইজন্য এই প্রসঙ্গে দু একটা কথা বলা প্রয়োজন বলে আমি মনে করি। টাকা লেনদেনের যে বর্তমান ব্যবস্থা রয়েছে সেই ব্যবস্থাটা কি—প্রতি জেলায় একটা করে ট্রেজারি আছে, বিভিন্ন মহকুমায় একটা করে ট্রেজারি সাব-ট্রেজারি আছে প্রতি মাসের খরচের হিসাব জেলার ট্রেজারি এ. জি-র কাছে পাঠিয়ে দেন এবং এ. জি-তে সেই সব হিসাব রাখা হয়। এই যে হিসাবপদ্ধতি এটা ত্রুটিপূর্ণ পদ্ধতি। আজকে তাই মন্ত্রিমহাশয়কে চিন্তা করতে হবে এই যে এ. জি অফিসে হিসাব পাঠিয়ে দিচ্ছে সেই হিসাবের মধ্যে অনেক ভুলত্রুটি থাকে। সেইজন্য আমি বলছিলাম এ. জি. বি-তে অ্যাকাউন্টস অ্যাণ্ড অডিট অফিস আছে এ. জি. বি অফিস অডিট অ্যাকাউন্টস এই দুটো কাজ করে থাকে। এই দুটো না করে কবা উচিত অডিটের কাজ এ. জি করবে। যে অডিট করবে সে এ্যাকাউন্টস রাখবে না এটাই নীতি হওয়া উচিত। সেইজন্য ত্যাগী কমিটি রেকমেণ্ড করেছিলেন যে এটা সেপারেট করা উচিত যে যিনি অডিট করবেন তিনি অ্যাকউন্টস রাখবেন না। এই দিকটা আমাদের চিন্তা করা উচিত বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই বিধানসভার পক্ষ থেকে কয়েকটা ট্যাক্স আমরা ধার্য করেছি, যেমন সেলস ট্যাক্স স্টেট একসাইজ ডিউটি, ল্যাণ্ড রেভিনিউ, ইত্যাদি। অডিট সাধারণত: হয় ব্যয়ের দিক—ভাউচার আছে কি না, কোন গ্রান্টের থেকে টাকা খরচ হচ্ছে সেটা ঠিক আছে কি না দেখা হয়। কিন্তু রেভিনিউ ডিপার্টমেন্ট for loans and grant to social, development. industrial and educational Institution এগুলির জন্য রাজস্ব বিভাগের নিজস্ব অডিটিং ডিপার্টমেন্ট থাকা উচিত। এবং আইনসভার নিকট বছরে দুবার পেশ হওয়া উচিত তাদের রিপোর্ট। তা যদি করা হয় তাহলে আমাদের যে আয় সেই আয় ২৫ ভাগ বাড়তে পারে। সেইজন্য অর্থ দপ্তরের অধীনে রেভিনিউ ডিপার্টমেন্টের অডিট বিভাগ থাকা উচিত। এই রাজস্ব অডিট করার জন্য বাইরে থেকে টিম ভাড়া করা হয়, সেদিন চলে গেছে, এখন অডিট করার জন্য সরকারের নিজস্ব অডিট ডিপার্টমেন্ট রাখা দরকার বলে মনে করি।

[9-20—9 30 p. m.]

আজকে আইনসভা ঠিক করে দেবে কত টাকা খরচ হবে মেজর হেডে, মাইনর হেডে। কিন্তু একটা থেকে আর একটায় টাকা চলে আসছে কিনা সেটার উপর আইনসভার কিছু বলার থাকে না। অনেক সময় একটা খরচ বন্ধ করে আর একটা খরচ করতে হয়। কোন হেড-এ টাকা দেওয়া দরকার এটা কে ঠিক করবে? বাজেট যেমন রিজিড হয়, তেমনি আবার বাজেট ফ্লেকসিবল হওয়ার দরকার আছে। পাবলিক অ্যাকাউন্টস কমিটি দেখে যে হেড অনুযায়ী খরচ একজিকিউটিভ করছে কি না। কিন্তু যে সমস্ত খরচ আরও বাড়ান দরকার, যে সমস্ত মাইনর চার্জ হয় সেখানে পাবলিক অ্যাকাউন্টস কমিটির অধিকার থাকা উচিত যে ন্যূনপক্ষে ফাইভ পারসেন্ট খরচ বাড়াতে পারবে। আজকে আমাদের দেখা দরকার সংস্কারের পদ্ধতি এবং চলার পথ কি হবে। আমারা সমস্ত জিনিস দেখব, সমস্ত জিনিস বিচারবিবেচনা করব। ধরুন একটা রাস্তা তৈরী করবার জন্য একটা এসটিমেট দেওয়া হয়েছে যে এত লক্ষ টাকা খরচ হবে। সেখানে আমরা দেখব অতীতে রাস্তা তৈরী করতে কত টাকা খরচ হয়েছিল এবং আমরা আরও দেখব, বিচারবিবেচনা করব পাবলিক একাউন্টস কমিটি পরামর্শ এবং তারপর ঠিক করব এই রাস্তার জন্য কত টাকা খরচ প্রয়োজন। যদি দেখা যায় কম খরচে তৈরী হয়েছে তাহলে নিশ্চয়ই সেই সরকারী কর্মচারীকে পুরস্কৃত করব। আর যদি দেখা যায় বেশী টাকা খরচ হয়েছে তাহলে আমরা এনকোয়ারী করব এবং যদি দেখা যায় আমলারা দায়ী এরজন্য এবং অন্যায়ভাবে খরচ করা হয়েছে তাহলে আমরা তাঁদের শাস্তি বিধান করব। আজকে খরচের উপর যে দাবি অর্থমন্ত্রিমহাশয় এনেছেন, খরচ করবার জন্য যে অধিকার তিনি চাচ্ছেন তাতে তাঁর মনে রাখা উচিত

নিয়ম অনুযায়ী, নীতি অনুযায়ী যেন তিনি খরচ করেন। আমাদের মন্ত্রিমহাশয় এবং মন্ত্রীসভা যেন মনে রাখেন তাঁদের কর্তব্য আছে প্রতিটি জনসাধারণের কাছে এবং সেটা যেন তাঁরা পূরণ করেন। তাঁরা এটা পূরণ করবেন এই বিশ্বাস এবং ভরসা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম।

**Shri Kanai Bhowmik :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলের প্রথমে এটা খুব আশার কথা যে আমাদের মন্ত্রিমহাশয় পশ্চিম বাংলায় যে পরিস্থিতি আসছে সে সম্পর্কে সজাগ হয়েছেন। অনেক মাননীয় সদস্য বলেছেন যে খরা চলছে, এবছর আমন হবে কি না তার কোন আশা নেই, বৃষ্টি হচ্ছে না, নানা রকম সংকট দেখা দিয়েছে। আমাদের এই যে বাজেট হয়েছে এবং মন্ত্রীসভা যে টাকা খরচ করতে চাচ্ছেন তাতে তাঁদের মনে রাখতে হবে যদি এরকম অবস্থা দাঁড়ায়, যদি এরকম অবস্থা আরও ১৫/২০ দিন চলে তাহলে পশ্চিম বাংলায় দারুণ দুর্দশার সম্মুখীন হবে। এই অবস্থা যদি চলে তাহলে পশ্চিম বাংলায় সমস্ত রিসোর্সস্ চালাতে হবে এবং চেষ্টা করতে হবে কি ভাবে গরীব এবং দুঃস্থ মানুষদের বাঁচানো যায় একথা মন্ত্রিমহাশয়ের তরফ থেকে যখন বলা হয়েছে তাতে আমি খুশী হয়েছি। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই ব্যয়বরাদ্দের অধিকার পাবার সময় একথা আমাদের খেয়াল রাখতে হবে যে এই পি. ডি. এফ. সরকারের একটা দৃষ্টিভঙ্গী এবং নীতি আছে। খরচের অধিকার দেবার সময় একথা আমাদের পুরোপুরি মনে রাখতে হবে যে এই প্রগতিশীল মোর্চার সরকার এটা এক ধরণের কোয়ালিসন সরকার এবং এটা এসেছে একটা ঐতিহাসিক পরিবর্তনের মধ্য দিয়ে। এই সরকার হঠাৎ আসেনি। আজকে এই সরকারের একটা কর্মসূচী আছে ১৭ দফা কর্মসূচী যে কর্মসূচী জনসাধারণ আশা করেছে তারা আমাদের এখানে নির্বাচিত করে পাঠিয়েছে, আমাদের এখানে মন্ত্রীসভা গঠনের দায়িত্ব দিয়েছে। মাননীয় স্পীকারমহাশয়, আজকে দেখুন এই মন্ত্রীসভা আসার আগে নয় ধরণের শাসনব্যবস্থার মধ্য দিয়ে পশ্চিম বাংলা পাশ করেছে। পশ্চিম বাংলার নয় ধরণের শাসনব্যবস্থার অভিজ্ঞতা জনসাধারণের হয়েছে। পুরাণো কংগ্রেস আমল দেখেছে তারা, যুক্তফ্রন্ট আমল তারা দেখেছে, তারপর বেইমান প্রফুল্ল ঘোষের সরকার দেখেছে, ধর্মবীরের সরকার দেখেছি, তার পর ২য় যুক্তফ্রন্ট সরকার দেখেছি, তার পর ধাওয়ানের সরকার দেখেছে, তারপর ডেমোক্রেটিক কোয়ালিসন সরকার দেখেছে, তারপর ডায়ার্স সরকার দেখেছে তারপর এই গভর্নমেন্ট এসেছে, এই ইতিহাসকে বাদ দিয়ে গভর্নমেন্ট কাজ করতে পারবে না। এই ইতিহাসের মধ্যে দিয়ে সারা বাংলা দেশের মানুষের শিক্ষা হয়েছে, জনসাধারণের শিক্ষা হয়েছে এবং সমস্ত রাজনৈতিক দলের শিক্ষা হয়েছে, সমস্ত রাজনৈতিক নেতাদের শিক্ষা হয়েছে এবং আমাদের এই গভর্নমেন্ট সেই শিক্ষার উপর দাঁড়িয়ে আমাদের ভবিষ্যত কর্মপন্থা গ্রহণ করতে হবে। যুক্তফ্রনটের আমল সম্পর্কে আমরা এখানে তার থেকে কি শিক্ষা গ্রহণ করেছি, যুক্তফ্রন্ট এই দেশের মধ্যে অরাজকতা এবং বিশৃংখলতা সৃষ্টি করেছিল, তার ইতিহাস কি, কারণ কি, তা যদি বিশ্লেষণ না করা হয় এবং সেই অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে যদি ভবিষ্যতে আমরা না চলি তাহলে আবার আমরা ভুল করব, আবার দেশকে অন্য দিকে নিয়ে যাব। বার বার বলা হয়েছে যুক্তফ্রন্টের আমলে বোধ হয় কিছুই হয়নি, এইভাবে যদি যুক্তফ্রন্ট আমলকে বিশ্লেষণ করা হয় তাহলে ভুল করা হবে। আজকে পি, ডি, এ, সরকার এসেছে, আজকে যদি না '৬৭ সালের এক নতুন ধরণের কোয়ালিশন হত সেদিনে সেই পুরান কংগ্রেসকে ভেংগে দিতে না পারত, অতুল্য ঘোষের কংগ্রেসকে ভেংগে দিতে না পারত তাহলে কি এই কংগ্রেস আসতে পারত, অজয়দা কংগ্রেসে থেকে ফাইট করে সেই কংগ্রেসকে সংশোধন করা যায় না এই অভিজ্ঞতার মধ্যে দিয়ে আলাদা সমগ্র বাংলা দেশের মানুষের কাছে বিগত কংগ্রেসের যে অন্যায় অত্যাচারের কাহিনী তুলে ধরেছেন, সমগ্র দেশকে যদি না জানাতেন যদি নতুন ধরনের শক্তি সমাবেশ না করতেন তাহলে

পুরোন কংগ্রেসের পশ্চিম বাংলার শাসনব্যবস্থার অবসান ঘটত। আজকে ভেবে দেখুন সেই যুক্তফ্রন্ট সরকার দেশের মধ্যে শাসনযন্ত্রকে নতুন দিকে আনার প্রতিশ্রুতি দিয়েছিল, দেশের লোকের মধ্যে নতুন আশার সঞ্চার করতে পেরেছিল শাসনযন্ত্রের মধ্যে নতুন একটা প্রাণ সঞ্চার করবার চেষ্টা করেছিল কিন্তু যুক্তফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছে। এখন সেটা তুলে ধরতে হবে, এখন সেই শিক্ষা নিতে হবে এই শিক্ষাকে অবহেলা করে যুক্তফ্রন্ট যে নতুন ধরনের শক্তি সমাবেশ ঘটেছিল পশ্চিম বাংলায় এক চেষ্টা দেশী বিদেশী পুঁজিপতি শাসক শোষক গোষ্ঠী এবং পশ্চিম বাংলার সমাজতন্ত্র এবং অর্থনৈতিক অবস্থা যেভাবে পংগু করে ফেলেছিল তার বিরুদ্ধে একটা বিরাট ধাক্কার প্রয়োজন ছিল, সেই ধাক্কা নিশ্চয়ই সেদিনের যুক্তফ্রন্ট দিয়েছিল যার জন্য বাংলা দেশে এই পরিবর্তন এসেছিল। আপনারা মনে করে দেখুন এই পি, ডি,এ আসার আগে ডেমোক্রাটিক কোয়ালিসনএর কি প্রয়োজন হয় নি? যেখানে ফরোয়ার্ড, মুশ্লীম লীগ এই সমস্ত নূতন ধরণের শক্তি নিয়ে একটা নূতন ধরনের শক্তি সমাবেশ ঘটাবার দরকার হয় নি? এই ইতিহাস কি ব্যর্থ হয়ে যাবে—এই ইতিহাসের কি কোন মূল্য নেই? ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সাল এর মধ্যে যে এত পরিবর্তন ঘটে গেল তা কি সবই ব্যর্থ—জনসাধারণের ভূমিকা কি ব্যর্থ হয়ে গেল? জনসাধারণের রায় কি ব্যর্থ হয়ে যাবে—জনসাধারণের চেতনা ব্যর্থ হয়ে যাবে—জনসাধারণের সংগ্রাম কি ব্যর্থ হয়ে গেল—সমস্তই কি ব্যর্থ হয়ে যাবে? আমরা মনে করি তার শিক্ষা হচ্ছে এই ১৭ দফা কর্মসূচী নেবার সময় এটা পি, ডি,এ কে মনে করতে হবে। এই ধরণের কর্মসূচী ইউনাইটেড ফ্রন্টও ছিল। তারাও ৩২ দফা কর্মসূচী নিয়েছিল কিন্তু সেই কর্মসূচী নেগ্লেক্ট করা হয়েছে, পদদলিত করা হয়েছে। এই কার্যসূচীকে কার্যকরী করার ব্যাপারে দলবাজী করা হয়েছে। সি, পি, এম নিজের দলকে প্রতিষ্ঠা করতে চেয়েছিল সমগ্র শাসনযন্ত্রকে নিজের দলের দ্বারা করায়ত্ব করতে চেয়েছিল, দলবাজী যুপকাষ্ঠে সমস্ত মানুষ সমগ্র জনসাধারণের আশা আকাংখাকে বলি দিতে হয়েছে। সেইজন্যই নূতন রায় দিয়েছেন জনসাধারণ, তাদের নূতন অভিজ্ঞতা থেকে পশ্চিম বাংলার জনসাধারণ সংগ্রামী মানুষ তারা নূতন নূতন ইতিহাস সৃষ্টি করেছে।

[9-30—9-40 p. m.]

এই বাংলাদেশের মানুষ কংগ্রেসের পতন ঘটিয়েছিল, বাংলা দেশের মানুষই যুক্তফ্রন্টে নব জীবনের উন্মেষ ঘটিয়েছিল, এই বাংলা দেশের মানুষই নূতন নূতন ভাবে নূতন নূতন পরিবর্তনের নায়ক হয়েছে। আপনারা মনে করবেন না এম. এল.-এ. রাই নায়ক। মন্ত্রীসভা নায়ক তা মনে করবেন না এবং মনে করবেন না যে আপনারা সমস্ত জিনিস করতে পারেন। আজকে বাংলা দেশের আসল নায়ক খেটে খাওয়া মানুষ, মেহনতি মানুষ। তারাই ইতিহাস রচনা করেছে। ইতিহাসের একটা সন্ধিক্ষণে এই প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা এসেছে ১৭ দফা কর্মসূচীর প্রতিশ্রুতি নিয়ে। সেই কর্মসূচী থেকে যদি সরে যান, সেই কর্মসূচীকে যদি পদদলিত করেন, অন্যদিকে নিয়ে যাবার চেষ্টা করেন, তাহলে আবার মানুষের মধ্যে, জনসাধারণের মধ্যে হতাশা আসবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, লক্ষ্য করে দেখুন, প্রগতিশীল মোর্চার যে কর্মসূচী তাতে কি ঘটতে যাচ্ছে। সেই কর্মসূচী মনে রাখতে হবে, আমি হুঁশিয়ার করব না, কিন্তু একথা বলবো যে আত্মসন্তুষ্টির মনোভাব থাকা উচিত নয়। নিশ্চয়ই এই সরকার অনেক কিছু করেছে, এই সরকারের একটা ইমেজ হয়েছে, সেই ইমেজকে, কিছুই করিনি বলে, ম্লান করার চেষ্টা ঠিক নয়। কিন্তু আত্মসন্তুষ্টির মনোভাব বিপজ্জনক, তাই হুঁশিয়ারী দেওয়া দরকার। আমরা যারা কংগ্রেস সরকারের সংগে আছি, শরিক হয়েছি পি. ডি. এফ-এর, তাদের রাইট আছে দায়দায়িত্ব আছে হুঁশিয়ারী করার, যদি কর্মসূচী থেকে সরে যান। এত আত্মসন্তুষ্ট হবেন না। এত বিরতি দেবেন না। বড় বেশী কথা বলছেন একটু কাজ করুন, অনেক কথা, অনেক লোক শুনিয়েছে কয়েক বছর ধরে, কথা শুনতে শুনতে মানুষের কাণ ঝালাপালা হয়ে গেছে। কাজ দেখান, কাজ করুন। কোন দিকে নিয়ে যাচ্ছেন? এখানে শিল্পের ব্যাপারে কি বলা হয়েছে? 'জাতীয় অর্থনীতির সেইসব

গুরুত্বপূর্ণ শক্তি গুলির জাতীয়করণ যেগুলি এখনও একচেটিয়া পুঁজি ও বৈদেশিক সাম্রাজ্যবাদী পুঁজির কব্জায় রয়েছে, এই জাতীয়করণের দ্বারা জাতির স্বাধীন ও স্বয়ম্ভর অগ্রগতি শক্তিশালী হবে। কি করা হচ্ছে? তরুণবাবু কি রায় দিয়েছেন? তিনি ফরেন ক্যাপিটাল আনতে চাচ্ছেন, তাই কি তিনি দিল্লী যাচ্ছেন? মন্ত্রীসভা দপ্তরের সেক্রেটারীকে একথা বলেছেন, আমাদের এখানে একচেটিয়া পুঁজিকে রেষ্ট্রিকট করা জন্য লাইসেন্স দেবার নীতিকে শিথিল করে দাও, বাংলা দেশের একচেটিয়া পুঁজির ক্ষেত্রে আর একধাপ বাড়িয়ে বিদেশী পুঁজিকে আমন্ত্রণ কর। আমি জানি না, প্রগতিশীল মোর্চার কর্মসূচী নিয়ে মন্ত্রীসভায় আলোচনা করে এই নীতি ঠিক হয়েছে কিনা। কিন্তু একথা নিশ্চয়ই বলে রাখা দরকার, যে সমস্ত ল্যাপ্স না রয়েছে, কর্মসূচী থেকে সরে যাবার ইংগিত রয়েছে, এখনই সেটা বন্ধ করুন, এখনও সময় আছে। তা না হলে অবস্থা আয়ত্বের বাইরে চলে যাবে।

দ্বিতীয় কথা, কৃষিব্যবস্থা সম্বন্ধে বলা হয়েছে সিলিং কার্য্যকরী করবেন, ভূমিহীন চাষীদের জমি দেবেন, কৃষি সম্বন্ধে নূতন পরিবর্তন আনবেন। আমরা আশা করেছিলাম বাঁকুড়ার গ্রামাঞ্চলের অভিজ্ঞতাসম্পন্ন শ্রীগুরুপদ খাঁন মহাশয়, তাঁর অভিজ্ঞতা কাজের ভিতর ছড়িয়ে দেবেন। কিন্তু কি ঘটেছে? দেখতে পাচ্ছি জরীপ যেটা এত গুরুত্বপূর্ণ বিষয়, যার জন্য খাজনা বাড়ান যাচ্ছে না, সে সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে খাজনা ঠিকমত ধার্য্য করা যাচ্ছেনা যতক্ষণ রেকর্ড ঠিকমত হয়। সেই রেকর্ডে কার কত জমি জানবার উপায় নাই। মাননীয় কৃষিমন্ত্রী ঘোষণা করেছেন বিভিন্ন কোশ্চেন অ্যানসারের মাধ্যমে, যে ২০ বছর লাগবে কার কত জমি এটা ঠিক করতে। তাহলে কি ২০ বছর অপেক্ষা করতে হবে বাংলা দেশের বুভুক্ষু চাষীদের, ভূমিহান চাষীদের, মধ্যবিত্ত চাষীদের? তাঁকে কে বলেছে ২০ বছর যাবে? কোন অফিসার, কোন আমলা তাঁকে বুঝিয়েছে যে ২০ বছর যাবে? বিকল্প পরিকল্পনা আছে, ৩ থেকে ৫ বছরের মধ্যে গোটা বাংলা দেশের মধ্যে জরীপ করা যায়। জরীপ না করে কি ভাবে করবেন? কাজেই কৃষিব্যবস্থা সম্বন্ধে এই সমস্ত যা দেখতে পাচ্ছি, এইগুলির পরিবর্তন দরকার।

মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন শিক্ষার ব্যাপারে স্টেটাস কুয়ো মেণ্টেইন করা যাবে এমন কি মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় শিক্ষকদের অনশন ভংগের সময় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ডেফিসিট গ্রাণ্ট পূরণ করা হবে, সেই ডেফিসিট গ্রাণ্ট পর্যন্ত পূরণ করা হয়নি।

কিন্তু সেই গ্রাণ্ট পূরণ করা হয় নি, তার কোন ইংগিত এবারের বাজেটে নেই। তাই দেখিয়ে কি করে জনসাধারণের মধ্যে উৎসাহ সৃষ্টি করা যাবে। সেইজন্য মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে বরাদ্দ খরচ করার অধিকার দেয়ার সংগে সংগে আমি এই কথাই বলতে চাই যে খাদ্যের ব্যাপারে, জিনিসপত্রের দাম যেভাবে প্রতিদিন বেড়ে চলেছে সেই জিনিসের সম্পর্কে আমাদের সুনির্দিষ্ট কর্মপন্থা ঠিক করতে হবে। চালের দাম ইতিমধ্যে মেদিনীপুর শহরের মত জায়গায় খড়গপুরের মত জায়গায় ২.১০, ২.১৫ হয়ে গেছে, চাল, গম ইত্যাদির দাম হু হু করে বেড়ে চলেছে। এই প্রসঙ্গে বিভিন্ন প্রশ্নের মাধ্যমে বহু উত্থাপন করা হয়েছে। কাজেই এই সম্পর্কে আমাদের মন্ত্রীসভার সুনির্দিষ্ট ব্যবস্থা নিতে হবে, কার্যকরী ব্যবস্থা নিতে হবে। সর্বশেষে আমি এই কথা বলতে চাই প্রশাসনিক ব্যবস্থার মধ্যে নিশ্চয়ই গুরুত্বও পরিবর্তন আনতে হবে। সেদিন সুব্রতবাবু বলেছেন তিনি নাকি এই কাঠামোর মধ্যে সমাজতন্ত্র আনবেন, তিনি নাকি এই ধরনের আমলাতান্ত্রিক কাঠামোর মধ্যে সমাজতন্ত্র নিয়ে আসবেন। জানি না কি দৃষ্টিভংগী থেকে এই কথা বলেছেন, জানি না সমাজতন্ত্র সম্পর্কে তিনি কি দৃষ্টিভংগী নিয়েছেন, জানি না কি কর্মসূচী নিয়েছেন। কিন্তু এটা প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার কর্মসূচী নয় এটা একটা নূতন নীতি হতে পারে। এই আমি মনে করি এই কাঠামোর মধ্যে সমাজতন্ত্র কেন আমাদের দেশের প্রগতিমূলক কাজ করা যায় না। অধিকাংশ সদস্য বলেছেন যে কি রকমভাবে লালফিতার বাঁধন সব বাঁধা আছে। মাননীয় সদস্য মিঃ দে বলেছেন কিভাবে বিভিন্ন অফিসার বিভিন্ন জায়গায় কাজ করেন—এই সব শোনা

সত্ত্বেও যদি তন্ত্র কায়িম করা হয়, এই কথা যদি খবরের কাগজে বেরোয় যে এই কাঠামোর মধ্যে সমাজতন্ত্র হবে তাদের এই কথা আমি বিনয়ের সংগে বলতে চাই যে কমিউনিষ্ট পার্টি ঐ সমাজতন্ত্র জানে না, ঐ কাঠামোর মধ্যে সমাজতন্ত্র হতে পারে না, প্রগতিশীল মোর্চার কার্যসূচী এতে রূপায়ন করা যেতে পারে বলে আমি মনে করি না। এই কথা বলে বায়বরাদ্দের অধিকার দেয়ার সংগে সংগে এই হুঁশিয়ারী উল্লেখ করে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

**Shri Abdul Bari Biswas:** মাননীয় ডেপুটি স্পীকারমহাশয়, আমাদের অর্থমন্ত্রীর ১৯৭২-৭৩ সালের দাবিকৃত খরচ ইতিমধ্যে আমরা বিধানসভায় পাশ করে দিয়েছি, সেই খরচের অধিকার দেয়ার যে বিল তিনি এনেছেন সেই বিলকে আমি সমর্থন জানাই। এই প্রসঙ্গে মাননীয়া সদস্যা শ্রীমতি ইলা মিত্র এবং কানাই ভৌমিক মহাশয় কয়েকটা কথা বলেছেন, আমরা যদি সে সম্বন্ধে কিছু না বলি তাহলে আমার মনে হবে যে পরিবর্তনশীল সমাজব্যবস্থার দিকে তাকিয়ে দেশের জনমানস যে পরিবর্তনের ইংগিত দিয়ে আমাদের পাঠিয়েছেন তার প্রতি বিশ্বাসঘাতকতা করা হবে। কানাই ভৌমিক মহাশয় বলেছেন যে যুক্তফ্রন্ট সরকারকে কংগ্রেস ভেঙেছে (শ্রীকানাই ভৌমিক: আমি বলেছি যুক্তফ্রন্ট কংগ্রেস সরকারকে ভেঙ্গেছে)। স্যার, আমার বক্তব্য অত্যন্ত স্পষ্ট যে যুক্তফ্রন্টের উনি যে ভাষায় প্রশংসা করেছেন, যুক্তফ্রন্টকে উনি যে ভাষায় সমাজের উচ্চস্তরে রাখার চেষ্টা করছেন তা যদি হত তাহলে যুক্তফ্রন্টের এই অপমৃত্যু ২২ মাসের দু' দফার শাসনব্যবস্থার মধ্য দিয়ে বাংলা দেশের মানুষ রচিত করত না। তাঁর প্রশংসায় পঞ্চমুখ যুক্তফ্রন্টের দিকে একবার তাকালে অনেক কিছু আমাদের মনে পড়ে যায়। আমরা বিধানসভায় দাঁড়িয়ে যখন বক্তব্য রাখি তখন নিশ্চয়ই আমাদের ভেবেচিন্তে দেখতে হয় যে আমরা অতীত দিনে কোন অবস্থায় ছিলাম, এখন কোন অবস্থায় আছি এবং কোন অবস্থায় যেতে চাচ্ছি। আমাদের

[9-40—9-50 p. m.]

সমালোচনা আমরা নিশ্চয়ই করবো; আমাদের দোষ-ত্রুটির নিশ্চয়ই আমরা উল্লেখ করবো। আমরা কংগ্রেস সদস্যরা এই সভায় দাঁড়িয়ে যে ধরনের সমালোচনা করেছি, গঠনমূলক বক্তব্য রেখেছি মন্ত্রীসভার কাছে পশ্চিমবঙ্গের সামগ্রিক উন্নয়নের জন্য, তাতে আমি নিশ্চয়ই মনে করি আমাদের গণতান্ত্রিক মোর্চার অন্য সরিক যে ভাষায় তাঁদের বক্তব্য রেখেছেন, তার চেয়ে অনেক কঠোরতম ভাষায় আমরা আমাদের বক্তব্য আরো জোরালোভাবে এখানে তুলে ধরেছি। একথা আমরা মনে করি। আজকে যুক্তফ্রন্টের দিকেও একবার তাকিয়ে দেখার দরকার আছে। মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র বলেছেন, কংগ্রেসের এই সরকারের ষোলকলা পূর্ণ হবে, দেশের সর্বনাশ রচিত হবে। তাঁরা তখন শিল্পক্ষেত্রে কর্মে নিযুক্ত ১ লক্ষ ৬০ হাজার শ্রমিককে বেকার করে তুলে—সেই কলকারখানাগুলি লক-আউট, লে-অফ, ক্লোজার করে দিয়ে যে আইনের তাঁরা বড়াই করেন, সেই আইনের লাল রুমাল বেঁধে জ্যোতিবাবুকে তাঁর দলের মধ্যে ঢুকতে হয়েছিল কিনা—সে কথাও আজকে ভেবে দেখতে হবে। তখন ভূমিনীতি বলগাহীন করা হয়েছিল। জমির দখল নিয়ে তখন সারা পশ্চিম বাংলায় মানুষে মানুষে সংঘর্ষ ও খুনোখুনির দাবানল জ্বলে উঠেছিল। সে কথাও আজকে ভেবে দেখা দরকার হবে। আর শিক্ষাক্ষেত্রে এক বিরাট অরাজকতা ও নৈরাজ্য সৃষ্টি হয়েছিল এবং তার অবশ্যম্ভাবী ফলস্বরূপ গোটা পশ্চিম বাংলার শিক্ষাব্যবস্থাকে ভেঙ্গে তছনছ করে দেবার একটা চেষ্টা হয়েছিল। আজকে যদি আমরা একথা বলি যে, যুক্তফ্রন্টের যে সরকার সেই সরকার জনমানসের কোন প্রকৃত কল্যাণ করতে চায়নি; কেবল বড় বড় সমস্যারই সৃষ্টি করেছে, যত রকম ভাল ব্যবস্থা আছে তাকে জনসাধারণের হেয় প্রতিপন্ন করবার জন্য ও রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য গোটা প্রশাসনকে, শাসনব্যবস্থাকে তাঁরা কাজে লাগিয়েছেন, কতিপয় অফিসারকে দিয়ে তাঁদের কথামত কাজ করিয়েছেন এইসব

কথা বললে কোন অন্যায় বলা হবে না। আমরা এখন পাওয়ারে আছি—ঐ ট্রেজারী বেঞ্চে যাঁরা বসে আছেন, রাইটার্স বিল্ডিংসের লালবাড়ীতে যাঁরা বসে আছেন, তাঁরা যদি এখন আমাদের কথা না শোনেন, তাহলে আমরা তাঁদের কোনক্রমেই ক্ষমা করবো না।

বর্ধমানের নারকীয় হত্যাকাণ্ডের ব্যাপারে জ্যোতিবাবু তাঁদের আলিঙ্গন করতে পারেন, হরেকৃষ্ণ কোনার বলতে পারেন—তারা যা করেছে ভাল করেছে এই কথা বলার পরে তাঁদের বিরুদ্ধে কী ব্যবস্থা অবলম্বন করা হয়েছে? সেকথা আজকে জানতে চাই। আমাদের দোষ ত্রুটি নিশ্চয়ই আছে। কিন্তু যারা প্রকাশ্য ময়দানে দাঁড়িয়ে বলে—ঐসব বীভৎস হত্যালীলার মাধ্যমে তারা বিপ্লব আনবার চেষ্টা করছে। এই রকম বিপ্লবের লেলিহান অগ্নিশিখা সারা পশ্চিমবঙ্গে সেদিন তারা প্রজ্জলিত করেছিল, তাকে আনন্দের সংগে গ্রহণও করা হয়েছিল। এই কথা যদি বলি তাহলে নিশ্চয়ই কোন ভুল বলা হবে না।

আজকে যে ব্যয়বরাদ্দের দাবিকে খরচ করবার অধিকার আমরা দিতে যাচ্ছি, সেই সম্পর্কে আমাদের অর্থমন্ত্রীকে একটু হুঁসিয়ার করে দিতে চাই। আপনি বার বার খরার কথা উল্লেখ করেছেন। ত্রাণের কথা উল্লেখ করেছেন। কোন গণতান্ত্রিক জগতের মানুষ—কোন সভ্য জগতের মানুষ কি একথা ভাবতে পারে যে ২৫ বছর ধরে আমাদের ত্রাণ দপ্তর বলে একটা দপ্তর থাকবে? এই রকম তার কার্যসূচী হবে? আমরা যখন এই ত্রাণের কথা বলি, তখন বাস্তবিকই লজ্জা লাগে—এই রকম সব জি-আর, টি-আর ইত্যাদি দিয়ে আমাদের দেশের মানুষকে বাঁচিয়ে রাখবার ব্যবস্থা করতে হবে। এতদিনে যে মানসিকতা জনসাধারণের মধ্যে সৃষ্টি করা উচিত ছিল, সেদিকে আমরা যেতে পারিনি। আজ স্বাধীনতার ২৪/২৫ বছর পরেও আমাদের খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবার দিকে যে প্রচেষ্টা নেওয়া উচিত ছিল, তাতে আমরা ব্যর্থকাম হয়েছি। অতীতে যে কংগ্রেস সরকার ছিল, সে এই কংগ্রেস সরকার নয়। তাছাড়া যুক্তফ্রণ্ট সরকার আমাদের সব কিছু ভেঙ্গেচুরে একেবারে শেষ করে দিয়ে চলে গেছে। একটা কথা বলা প্রয়োজন। আমাদের এই সরকার মাত্র ছয়মাস এসেছে এবং এই বিধানসভায় আমরা কঠোরভাবে বিভিন্ন ব্যাপারে তার সমালোচনা করেছি—কিন্তু একটি জিনিসের দিকে আমি বিশেষভাবে অঙ্গুলি নির্দেশ করতে চাই যে, ঐ লালবাড়ীর লোকদের আমি সতর্ক করে দিতে চাই যে তাঁরা যেন সঠিক পথে চলেন। জনসাধারণের সংগে সংযোগ রক্ষা করে যেন চলেন এবং তাঁদের দরজা যেন গরীব মানুষের জন্য সব সময় খুলে রাখেন। যে আলোচনা, সমালোচনা এখানে হচ্ছে তার দিকে বিশেষ সজাগ দৃষ্টি রাখা তাদের একান্ত দরকার। আর একটা কথা বলতে চাই তাঁরা যদি এই মন্ত্রসভাকে বিভ্রান্ত করেন তাহলে তার ফল খুবই সাংঘাতিক হবে। এখানে যে আই সি এস ও আই এ এস অফিসাররা রয়েছেন তাঁরা আমাদের মাথায় দাঁড়িয়ে কষাঘাত করবার জন্য চেষ্টা করছেন। আমি তাঁদের প্রতি অঙ্গুলি নির্দেশ করে বলে রাখছি যে এ সদস্যরা যে নির্দেশ দিচ্ছে যে পথে তারা চলবার চেষ্টা করছে কিনা সেদিকে যেন সরকার লক্ষ্য রাখেন। যদি তাঁদের মস্তকের মধ্যে থাকে যে তারা তাদের ক্ষমতাকে কুক্ষিগত করে রাখবেন আমাদের মন্ত্রীসভাকে বিপথে চালিত করবেন তাদের জনসাধারণের সামনে হেয় প্রতিপন্ন করবেন তাহলে একথা আমি বলে রাখছি যে তাহলে আগামী দিনে বিপ্লব আরম্ভ হয়ে যাবে। আমরা ঘুমিয়ে নেই অসাড় অচেতন হয়ে নেই। আজকে অর্থমন্ত্রীকে একথা আমি বলতে চাই যে আজকে ডিসেন্ট্রালাইজেসন অব পাওয়ার-এর কথা আমরা বলি কিন্তু এই যে সি এম ডি এ, সি এম পি ও করা হয়েছে তারা বহু কাজ করছেন—কিন্তু সেই জায়গায় সমস্ত কর্মচারীদের খুঁটি করে দিয়েছি—তারাই মাথায় বসে আছে—জনপ্রতিনিধিত্বমূলক ব্যবস্থা সেখানে গড়ে তোলা হোল না যেখানে জনসাধারণের প্রতিনিধি সেটাকে তদারকী করতে পারে। এ কখনই হতে পারে না। অপর দিকে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলছেন যে জেলা ম্যাজিষ্ট্রেটের ক্ষমতাকে কেন্দ্রীভূত করার চেষ্টা হচ্ছে—নিশ্চয় হচ্ছে—আমি তাঁকে সমর্থন জানাই—যদি ভালভাবে কাজ করতে চান তাহলে নিশ্চয় ডিসেনট্রালাইজেসন অব পাওয়ার করতে হবে। আজকে গ্রামের

মানুষ যাদের ভোট নিয়ে আমরা এখানে এসেছি এবং জনসাধারণের ভোট নিয়ে আমাদের অর্থমন্ত্রীও এসেছেন তাদের কথা আমাদের ভাবতে হবে। আজকে দেখুন মহারাষ্ট্রে—তারা পঞ্চায়েত ব্যবস্থাকে এমনভাবে জোরদার করেছে যে সেখানে জেলা পরিষদের নির্দেশে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে চলতে হচ্ছে—তারা পঞ্চায়েতকে বিভিন্ন দিকে বাস্তবে রূপায়িত করেছে। সেই জন্য আমি অর্থমন্ত্রী মহাশয়কে বলবো ডিসেন্ট্রালাইজেশন অব পাওয়ারের কথা যেন তিনি ভাবেন এবং পরবর্তীকালে আমাদের সামনে যখন পঞ্চায়েত বিল আনবে তখন যেন আমরা দেখতে পাই যে সমস্ত দপ্তরের উন্নয়নমূলক ব্যবস্থায় যে জনপ্রতিনিধিত্বমূলক ব্যবস্থা থাক—ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট জেলা পরিষদের অন্তর্ভুক্ত হয়, বি ডি ও পঞ্চায়েত সমিতির অধীনস্থ হয়ে কাজ করে। আজকে পশ্চিম বাংলায় এগ্রিকালচার ব্যবস্থা—ফুলফিল্ড এগ্রিকালচার ব্যবস্থা হয় না। আজকে পশ্চিম বাংলা বাদ দিয়ে অন্যান্য রাজ্যের দিকে তাকিয়ে দেখুন সেখানে দেখবেন যে এই কৃষি-খাতের কাজ নানা দিক দিয়ে এগিয়ে গেছে। শোনা যাচ্ছে যে কল্যাণী ইউনিভার্সিটিকে দ্বিখণ্ডিত করা হবে। আর্টস এবং সায়েন্সকে আলাদা করে সেখানে একটি এগ্রিকালচার ইউনিভারসিটি করা হবে। আমি অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো আমাদের মুর্শিদাবাদ জেলায় যে ইমামবাড়া ও হাজারদুয়ারী যে বিল্ডিং রয়েছে সেগুলি একেবারে পড়ে নষ্ট হয়ে যাচ্ছে সেখানে একটা এগ্রিকালচার ইউনিভারসিটি করার জন্য যেন সরকার চেষ্টা করেন। এই প্রসংগে আর একটি কথা না বলে পারা যায় না। আমাদের স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী এখানে রয়েছেন—আমরা বার বার বিভিন্ন সদস্য এখানে তুলবার চেষ্টা করেছি যে স্বাস্থ্যদপ্তরের সচিব এ কে মজুমদারের সম্বন্ধে। তার কেলেঙ্কারীর কথা, শরণার্থীদের ব্যাপারে কেলেঙ্কারীর কথা আমরা বার বার বলছি—কিন্তু কেন যে তাঁরা এ ব্যাপারে নিরব থাকেন তা বুঝতে পারছি না। এই রকম একটা অপদার্থ অফিসার যার বহু কেলেঙ্কারীর কথা সকলেই জানেন এবং তার বিরুদ্ধে বহু চার্জ আছে কেন তাকে সাসপেণ্ড করা হয় না। আপনারা একথা একবার ভেবে চিন্তে দেখুন যে তার বিরুদ্ধে কোন ডিসিপ্লিনারী অ্যাকসন নেওয়া যায় কিনা। এই প্রসংগে আর একটি কথা বলতে চাই যে এস এস কে এম হাসপাতালের কার্ডিওলজি ডিপার্টমেন্টের ডাঃ বি কে বসু তাঁর এক অপকীর্তির কথা বলি। ষষ্টম ওয়ার্লড কংগ্রেস কনফারেন্স ইন কার্ডিওলজি যেটা লণ্ডনে হয়েছিল তাতে ঐ ডাঃ বি কে বসু গভর্নমেণ্টকে বললেন যে তিনি নিমন্ত্রিত হয়েছেন—আমি ওখানে যাবো—কিন্তু দেখা গেল যে তিনি সেখানে নিমন্ত্রিত হন নি বক্তৃতাও দেন নি এমন কি তার নামও মিনিট বুকে উঠে নি। এইভাবে গভর্নমেণ্টকে ভাঁওতা দিয়ে বেশ বিলাত ভ্রমন করে এলেন এবং গভর্নমেণ্টের প্রচুর টাকা অপচয় করলেন। তিনি প্রাইভেট প্রাকটিসও করেন—একটি তার নমুনাও আছে। ইউ পি গাঙ্গুলি নামে এক ভদ্রলোক যিনি লিনসে ষ্ট্রীটে থাকেন তাঁকে তিনি প্রাইভেট ট্রিটমেণ্ট করেছিলেন, তার ই সি জি টেস্ট হোল। ঐ ভদ্রলোক থেকে যে ফী নিয়েছিলেন তার প্রমান হচ্ছে যে ঐ মিঃ ইউ পি গাঙ্গুলীর ব্যাঙ্ক অ্যাকাউণ্ট থেকে ঐ ডাঃ বি কে বসুর অ্যাকাউণ্টে ট্রান্সফার হয়েছে। আজকে সেই সমস্ত লোক যাদের নার্সিং হোম

[9-50—10-00 p. m ]

আছে তাদের সংগে ষড়যন্ত্র করেছিলেন। একসংগে লিংকড আপ করে রেখেছে কত অট্টালিকা, পেট্রোল পাম্প গজিয়ে উঠছে। কিন্তু সেদিকে একটুও দৃষ্টি দেওয়া কেন হয় নি? মাননীয় অধ্যক্ষ-মহাশয়, আজকে যদি খাদি বোর্ডের দিকে অঙ্গুলি নির্দেশ করা যায় তাহলে কোয়েশচেন আসে যে ৪৮৪টি রেজিষ্টার্ড সোসাইটির মধ্যে ৩৩৭টি অচল। এরমধ্যে কতগুলি ভুয়ো সেকথা বলাই বাহুল্য। কিন্তু আজকে এই খাদি বোর্ডের উপর নির্ভর করছে গ্রামীন অর্থনীতি এবং ৫৮ হাজার কর্মচারী সেখানে নিযুক্ত আছেন। আজকে খাদি বোর্ডকে যদি ঢেলে সাজা না না যায় সরকার যে টাকা দিতে চেয়েছিলেন খাদি বোর্ডকে, বিভিন্ন সংস্থাকে সেই টাকা দেননি। কিছু কিছু টাকা দিয়েছেন, ঋণ দিয়েছেন, অনুদান দিয়েছেন—১০/২০ হাজার টাকা দেবার পরে যে ধরনের টাকা দেবার কথা ছিল তা দেন নি। ফলে যে ধরনের স্কীম গ্রহণ করা হবে বলে

দিয়েছিলেন সেই ধরনের স্কীম গ্রহণ করতে পারেন নি। তারজন্য এক অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়েছে। অনুদান, ঋণ উপযুক্ত পরিমানে মঞ্জুর না করার জন্য ভুয়ো সোসাইটি বেড়েই যাচ্ছে। এই সংখ্যা কমাতে হবে। খাদি বোর্ডকে ঢেলে সাজাতে হবে এবং গ্রামের মানুষকে কাজ যাতে দেওয়া যায় তারজন্য চেষ্টা করতে হবে। সে চেষ্টা যদি হয় তাহলে স্যার, আপনার মাধ্যমে একটি কথা বলতে চাই, সেটা হচ্ছে, সেখানে ঋণ, অনুদান যেগুলি আছে সেগুলি যেন সম্প্রসারিত করা হয়। তারপর স্যার, স্ট্রাইকার্সদের প্রমোশনের ব্যাপার। তাজ্জব ব্যাপার এটা। ১৯৭০ সালের ২৬/২৭/২৮ আগস্ট তারিখে যে স্ট্রাইক হয়েছিল তারপর নন-স্ট্রাইকারদের নয়, স্ট্রাইকারদের প্রমোশন হয়ে গেল। সরকারের নির্দেশ থাকা সত্ত্বেও পশ্চিম দিনাজপুর জেলাতে ২৭ জন স্ট্রাইকারকে প্রমোশান দেওয়া হয়েছে। তারপর স্যার, লেট অ্যাটেনডেন্স হলে পাঁচ দিনে এক দিন ক্যাজুয়াল লিভ চলে যায়। মাননীয় অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, কারো বিরুদ্ধে কি মাহিনা কাটা হয়েছে? দিনের পর দিন অফিসে বক্তৃতা চলছে, খবরের কাগজ পড়া চলেছে, ১২ টার সময় চলে যাচ্ছে, কখন যে সই করছে তার ঠিক নেই, লেট অ্যাটেনডেন্সের মার্ক হচ্ছে, এদিকে নজর দিয়েছেন কি? স্যার, ফেজারগঞ্জের বাঁধের কথা বলছি, ২৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে কিন্তু বাঁধের 'ব' পর্যন্ত নেই। অথচ ওরা বলেন এটা হাইলি টেকনিক্যাল ব্যাপার। হাইলি টেকনিক্যাল ব্যাপারটি যখন আমরা ইনপ্লিমেণ্ট করতে যাচ্ছি, যখন একটা প্লান নিয়ে এসটিমেট করা হল যে লক্ষ লক্ষ টাকা খরচ করা হবে তখন সেই হাইলি টেকনিক্যাল ব্যাপারে আগে কেন চিন্তা করা হল না যে এটা হাইলি টেকনিক্যাল ব্যাপার? ওরা কি রকম টেকনিসিয়ান? ওরা যদি এই রকম টেকনিসিয়ান হয় তাহলে হাজার হাজার টাকা মাহিনা দিয়ে ওদের পুষে রাখা কেন? ওরা এমনই টেকনিসিয়ান যে বাঁধ ভেংগে গিয়ে সমুদ্রের নোনা জলে হাজার হাজার বিঘা জমি ভেসে যাচ্ছে। এদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে? সল্ট লেকের ব্যাপারে আমি বলতে চাই যে ভিজিলেন্স কমিশন পর্যন্ত চেপে যাচ্ছে। ঐ সমস্ত বড় বড় অফিসার যারা আছে, যারা হাজার হাজার টাকা মারছেন সেখানে ভিজিলেন্স কমিশনকে পর্যন্ত চেপে দেওয়া হচ্ছে। সুতরাং সত্ দক্ষ ভিজিলেন্স কমিশন দরকার। শতকরা ৫০/৬০ ভাগ বালি দিয়ে সেখানে স্টোন মেটালের টাকা নিয়ে চলে যাচ্ছে। স্যার, সেই জন্য বলছি, দুর্নীতিমুক্ত প্রশাসন গড়ে তোলার জন্য আমাদের আরো ভীষণ পদক্ষেপ নিতে হবে। তাই আমার সাজেশান হচ্ছে, পারফরমেন্স কমিটি জনসাধারণের প্রতিনিধি নিয়ে করা হোক। তাঁরা প্রত্যেকটি দপ্তরের সংগে যথাযথভাবে কাজ করবেন। সেখানে প্রশাসন ও জনপ্রতিনিধিদের লোক নিয়ে অডিট ব্যবস্থা করা হোক। যাতে প্রত্যেকটি পয়সার কাজ বাস্তবে রূপায়িত হয়। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে নেই, তিনি প্রতিশ্রুতি দিয়েছেন যে লাম্প গ্রান্ট বিদ্যালয়গুলিকে ডেফিসিট গ্রান্টের আওতায় নিয়ে যাবেন। তাঁর সেই প্রতিশ্রুতি গেল কোথায় লাম্প গ্রান্ট স্কুলগুলিকে ডেফিসিট গ্রান্ট স্কুল পরিণত করার? টাকা আমরা নিশ্চয় মঞ্জুর করেছি এবং করবো কিন্তু যুক্তফ্রন্টের কথায় যারা পঞ্চমুখ হচ্ছিলেন তাদের আমি আবার স্মরণ করিয়ে দিতে চাই যে যুক্তফ্রন্ট আমাদের শেষ করে দিয়ে গিয়েছেন। আবার যদি সপ্রশংস হয় তাহলে আমি জানাতে চাই যে আমাদের এই সরকারের মধ্যে একটা গণ্ডগোল বাঁধিয়ে দেবার চেষ্টা হচ্ছে। আর জনসাধারণের দ্বারা নির্বাচিত এই অ্যাসেম্বলী, যেটা প্রাণকেন্দ্র সেখানেও এই প্রয়াস চলেছে, এই প্রয়াসকে ব্যর্থ করতেই হবে।

**Shri Deo Prakash Rai :** Mr. Deputy Speaker, Sir, I shall begin my reading a particular item of the election manifesto of the P. D. A. Government, that is, Preventive Detention Act Government "প্রগতিশীল চিন্তাধারায় ভারতীয় সংবিধানে ৮ম অনুচ্ছেদে নেপালী ভাষা অন্তর্ভুক্তিকরণের প্রচেষ্টা এবং পার্বত্য অঞ্চলে স্থানীয় স্বায়ত্বশাসন প্রবর্তনের উদ্যোগ গ্রহণ"

Sir, this is the election manifesto of this Preventive Detention Act Government and though we are citizens of the hill areas we are the detenues under this Government. The Government was formed in the month of March and now it is end of July.

Sir, as I represent the hill people of Darjeeling district I first want to know from the Hon'ble the Chief Minister of this Preventive Detention Act Government as to whether any effort has been made to translate those two pledges into action—I am not speaking of all the 16 17 items. There is one Deputy Minister, Shri Gajendra Gurung, from this district but I have very much doubt as to whether he represents an iota of the population of the district of Darjeeling which I claim to represent. I want to know from this Preventive Detention Act Government as to what efforts they have made to translate into action these two promises during the last six months of their administration in West Bengal.

( Voices—Four months )

Now, Sir, on the last occasion during the General Discussion on Budget I spoke about these, and when I was speaking on these particular items on the Vote on Account for the constitution of an Autonomous Council for Darjeeling district, as is there in Assam, and also for inclusion of Nepali language in the 8th Schedule of Constitution of India as all the other 15 languages have been given recognition there—I do not want the status of a national language because there is no national language in India up till now why should our language spoken by 45 lakhs of people in India, excluding the soldiers of the Gorkha Regiment, whose mother tongue is also Nepali, be not recognised—then some of the Members of this Preventive Detention Act Government requested me not to press for a voting. Although I debated I did not move my cut motion yet the cut motion was rejected by voice vote. Now, this voice vote also included the vote of Shri Gajendra Gurung, the Deputy Minister, whose mother tongue is also Nepali. Sir, only during the last elections he himself was vociferous about these two things. After the elections when he visited Darjeeling he gave words of promise to the people of Darjeeling from the public platform that if these two demands, viz., constitution of an Autonomous Council for Darjeeling district and inclusion of Nepali in the Constitution were not fulfilled he would resign. Now, Sir, these two demands have not been fulfilled within six months and is he going to resign? Sir, the Deputy Minister is not present here, and I am not surprised because Deputy Minister is of no use, but there are other Ministers. I am not concerned with any individual Minister but there are other Ministers of this Preventive Detention Act Government and I want to know from them

*that when he gave this assurance to the people of Darjeeling from the public platform as a Deputy Minister that if these two demands were* not fulfilled he would resign—why has he not resigned up till now ? Sir, is Gajendra Gurung going to resign because these demands have not been fullfilled ? I think the reply should come from them, Sir, (Shri

[10—10-10 p.m.]

Bijoy Singh Nahar : It is a four months only). True, it is four months but shall I take it as an official assurance Bijoyda because you belong to the Government side ? Of course, if you are joking, that is a different thing—joking depends on age also. Sir, as I was saying that he as the Deputy Minister of this P. D. A. promised that to the people from public platform, It is almost five months since this Government was sworn in. Is he going to resign ? I want to know this from the Chief Minister in his concluding reply.

Sir, the U. F. Government came to power in 1969—I was a Minister in the U. F. Government then—I was a Minister twice in the U. F. Government and once in the last Democratic Coalition Government—and if you talk of the U. F. Government, then I can also talk about the Democratic Coalition Government which lasted for 88 days after it came to power but I shall not talk about the Democratic Coalition Government—but the U. F. Government with all its shortcomings, with all the mischiefs that the Marxists Communists had done, did two good things politically for the State of West Bengal. So for as these two demands are concerned, namely, recognition of Nepali language and grant of autonomy to the three hill areas of Darjeeling, when the U. F. Government were in power, they brought the people of planes and the people of hills together. Sir, since the Congress regime after independence till the time when the U. F. Government came to power, these two demands were looked upon with jaundiced eyes. Whenever we demanded for autonomy of the hill areas of Darjeeling and recognition of Nepali language, they thought that we were asking for a greater Nepal in Bengal. But, Sir, I am an Indian and I want these two demands under the Constitution of India and not under the Constitution of any foreign country. Till the time when the U. F. Government came to power we were looked upon with suspicion whenever we demanded these two things and we were asked to go to Nepal. Why ? They forget that we also worship Shakespeare and some Persian poets. Whenever we asked about the recognition of Nepali language, they said, you go to Nepal. But, Sir, the U. F. Government with all its failures, all its shortcomings, with all the mischiefs that the

cleared this artificial war which was created by the Congress between the hill people and the planes people—the planes people understood the demand that it was not for greater Nepal. Sir, this Nepali language is spoken by the Nepalese citizens of India but we in the U. F. Government could not fulfil the demand because we were there only for a short spell. Sir, as I said, the U. F. Government in 1959 introduced the Small Farmers Development Agency for the hill areas of Darjeeling. It was inaugurated on the birthday of Mahatma Gandhi on October 2, 1969, by no less a person than the then Chief Minister, Shri Ajoy Kumar Mukherjee. Six Ministers went up there—the Agriculture Minister, the Animal Husbandry Minister and others and also myself. It was a scheme of Rs. 1½ crores. That was in October 1969 and that Ministry lasted till next March. After that there was President's Rules and thereafter again President's Rule, and now this P. D A. has come to power. Sir, I want to know what the Government have done to implement the Small Farmers' Development Agency when they have got one and a half crores of rupees from the Central Government. Sir, till 1961 when the Official Languages Act was passed, the Nepali language was also in official use in three hill subdivisions of Darjeeling along with Bengali as the official language of the State. Now, any Bengali officer posted at Darjeeling, when he passes an examination in Nepali,—colloquial Nepali—gets a reward of Rs. 800 or 900. But why any Nepali officer who passes an examination in Bengali should not get the same reward? Why not? I want to know that.

Sir, there is a big talk of Bengali battalion and Bengali regiment. We also want that. But we should not forget that the bulk of the fighting fources of Bengal comes from the district of Darjeeling, and Darjeeling is not outside West Bengal. The district of Darjeeling supplies the bulk of the fighting forces of Bengal. Now, Sir, there is a scheme for the rehabilitation of ex-servicemen—there is big talk in papers of giving them land, opportunities for employment and jobs. But nothing has been done for rehabilitating them or giving them land for their livelihood. I hope the Government will take up this matter earnestly.

**Shri Harisankar Bhattacharyya:** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই অ্যাপ্রপ্রিয়েশন বিল পাশ করার সময় মাননীয় অর্থমন্ত্রী যে ধরনের বিবৃতি দিয়েছেন, আমি কিন্তু তার থেকে একটা ভিন্নতর বিবৃতি আশা করেছিলাম। তিনি বাজেটের সাধারণ আলোচনার মত বিবৃতি অ্যাপ্রোপ্রিয়েশন বিলে পেশ করলেন। ভেবেছিলাম তাঁর বিবৃতিতে থাকবে, তিনি এই বায়-বরাদ্দর টাকাগুলো ব্যয় সম্পর্কে সরকারের নূতন নীতি কি হবে এটা তিনি বলবেন। কিভাবে তিনি অপব্যয় বন্ধ করবেন এবং আয় বাড়াবেন, অডিট করাবেন, হিসাব রাখবেন, এই ব্যয়ের উপর আইনসভার কর্তৃত্ব আরও কেমন করে বাড়াবেন, পার্লামেন্টারী কনট্রোল বাড়াবার

ব্যাপারে তিনি বলবেন। কিন্তু দুঃখের বিষয় তাঁর ভাষণে এইসব কিছুই পাইনি। তবে আমি মাননীয় অর্থ মন্ত্রিমহাশয়ের কাছে বিবেচনার জন্য কয়েকটি কথা এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের সময় পেশ করেছি। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, সবচেয়ে প্রথম কথা হচ্ছে টাকা আমরা ব্যয় করবার অনুমতি দিলাম, কিন্তু উনি ইকনমিক্যালি ব্যয় করবেন তো? তাঁর ইকনমি কিভাবে আনবেন সেটা যেন প্রতিটি মন্ত্রী প্রতিদিন চিন্তা করেন। অপব্যয় কোন ব্যক্তিগত ব্যাপার নয়, অপব্যয়টা ইনষ্টিটিউসনালাইজ হয়ে গেছে, প্রতিষ্ঠানের রূপ নিয়ে নয়। যেসমস্ত রুলস, যেসমস্ত প্রাকটিস সেটা খুব জটিল ধরণের হয়েগেছে। যেখানে ৫ টাকার টিউবয়েল পার্টস কিনতে ৫০ টাকা টি. এ. বিল খরচ হয় এবং ১ হাজার টাকা মাইনে অফিসারদের এক ঘণ্টা সময় ব্যয় হয় সেখানে এই রুলস বদলাবেন কবে—যতক্ষণ পর্যন্ত না বদলাচ্ছেন ততক্ষণ পর্যন্ত এই অপব্যয় বন্ধ হবে না। অপব্যয়েব কতকগুলি প্রতিষ্ঠানগত রূপ আছে। সেই ইনষ্টিটিউসনালাইজ খরচটা সম্বন্ধে ভাবতে হবে। আশা করছিলাম সেটা তিনি ঘোষণা করবেন। মাননীয় উপাধ্যক্ষ-মহাশয়, আমাদের দেশে ইকনমির বড দরকার। এই যে পরিকল্পনা কমিশন বলছেন যে দারিদ্র্যতা দূর করবেন গরিবী হঠাবেন, আমাদের দেশের দারিদ্র্য কি সেটা জানলে অপব্যয় বন্ধ করার কাজে ঝোঁক হবে।

[10·10—10-20 p. m.]

আমরা সকলে জানি ১৯৬১/৬২ সালের হিসাব মাসিক ২০ টাকা পর্যন্ত যে আয় করে সে ছিল দরিদ্র্য এবং ১ টাকা ৮৬ বেড়ে গিয়ে সেটাকে ১ দিয়ে গুণ করলে ৩৭ টাকা ২০ পয়সা পর্যন্ত মাসিক যার আয় তাকে আমরা বলি দরিদ্র। দরিদ্রের একটা অর্থনৈতিক হিসাব আছে। আমাদের ভারতবর্ষের ২২ কোটি লোক এই আয়সীমার নীচে। পশ্চিম বাংলার ২ কোটি লোক ৩৭ টাকা ২০ পয়সা আয় করতে পারে। সেইজন্য মন্ত্রীদের এবং সরকারী কর্মচাবীদের ভাবতে হবে ২৭ টাকা ২০ পয়সা অপচয় করে একজন ব্যক্তিকে আমরা অনাহারে রাখলাম এইটা হলো ইকোনমি। রেভিনিউ দপ্তরের প্রতি টাকার ব্যয় এবং কত টাকা আদায় হলো তার রেশিয়টা কোথায় সেটা উনি বলতে পারবেন, আমাদের দেখাবেন ১ টাকা ব্যয় করে কত টাকা আয় হলো—এর হিসাবটা কোথায়, ফিজিক্যাল টার্গেট সেটা কতটা পূর্ণ হলো সেই পারফর্মন্স বার বার আইনসভায় পেশ করে দেখাবেন এই রকম আশ্বাস আমরা অর্থমন্ত্রীর কাছ থেকে পাইনি। কত টাকা ব্যয় হবে এটা আমরা জানি না। কত টাকা ব্যয়ে কতটা কাজ হবে, এবং টাকা ব্যয়ের মধ্যে যে কাজ হচ্ছে তার চেয়ে বেশী কাজ হলো কিনা তার নাম ইকোনমি আকাশে বাতাসে ঘুরে বেড়ায় না, সেটা ধরা ছোয়া যায়। জ্ঞান সিং সোহানপাল মহাশয় বসে আছেন উনি ইকোনমি করলেন বাজেটের মধ্যে যে আর স্টেটবাস বাড়াবেন না। উনি যদি স্টেটবাসে খরচ না করেন উনি যদি ইকোনমি করেন তাহলে সে ধরনের ইকোনমি করা যায় না। আমি চাইছি এক্সপেনডিচার যেন প্রডাকটিভ এক্সপেনডিচার হয়। এই বাজেটে যদি জানতে পারি তার রেশিওটা কি প্রডাকটিভ আন প্রডাকটিভ এক্সপেনডিচারের অনুপাতটা কি এবং এই অনুপাতটা বাড়ে কিনা প্রত্যেকটা ডিপার্টমেন্টের তা লক্ষ্য থাকতে হবে।

**Shri Gyan Singh Sohanpal :** আপনার কাছ থেকে শিখে নেব।

**Shri Harasankar Bhattacharyya :** আমার কাছ থেকে শিখতে হবে না, পারলামেন্টের যে এসটিমেট কমিটি আছে তার কাছ থেকে শিখুন। প্রতিটি ডিপার্টমেন্টের জন্য আইনসভা থেকে একটা ভিজিলেনস কমিটি থাকা দরকার তা না হলে কোন ইকোনমি হবে বলে আমি মনে করি না। বা পার্লামেন্ট-এর কনট্রোলে যদি এনসিয়রড না হয় তা মন্ত্রীরা এক্সিকিউট করতে পারেন। আমার ২য় কথা আসলে কোন মন্ত্রী এক্সিকিউটিভ নয়

আই. এ. এস-রা এক্সিকিউটিভ নয়, আমাদের দেশে মন্ত্রীরা স্পেনডিং মিনিষ্টার, সব মন্ত্রীই, আর এক্সিকউটিভ হচ্ছে কনট্রাকটারা। স্কুল হচ্ছে, কলেজ হচ্ছে কনট্রাকটাররা এক্সিকউট করছে। আজকে যে কাজ হবে, রাস্তা হবে, ব্রিজ হবে সব কনট্রাকটাররা এক্সিকিউট করবে যারা ঐ ট্রেজারী বেঞ্চে বসে আছেন তারা এক্সিকিউটিভ নয় বা যারা ঐ ট্রেজারী বেঞ্চের পিছনে বসে আছেন তারাও এক্সিকিউটিভ নয়, সুতরাং এই দায়িত্ব কনট্রাকটারদের। এই কনট্রাকট ব্যবস্থা বাতিল করে লেবার কো-অপারেটিভ করতে হবে। গরীবী যদি হটাতে হয় ইন্দিরা গান্ধীর নীতি যদি মানতে হয় তাহলে এক্সিকিউটিভ লেবার কো-অপারেটিভ করতে হবে। কষ্ট হবে হয়ত, আমরা প্রথম প্রথম ভুল করব, হয়ত প্রথম দিকে বাড়বে না কিন্তু আমাদের চেষ্টা করতে হবে, আমাদের লেবার কো-অপারেটিভ-এর দিকে যেতে হবে। সেন্ট্রাল গভর্নমেন্ট বলছেন গৃহহীনদের গৃহ বানিয়ে দেওয়া হবে। গৃহহীনদের নিজেদের গৃহ বানাবার দায়িত্ব দিয়ে দিন বা দিয়ে দেব এই কথা মাননীয় অর্থমন্ত্রী তার বিবৃতিতে বললেন না যে প্রডিউসারস কো-অপারেটিভ থেকে আমরা আমাদের সমস্ত কিছু পার্চেস করব। আমি জিজ্ঞাসা করি এই যে স্টোর্স পারচেস এর কতটা উনি বেঙ্গল হোম ইণ্ডাসট্রিস অ্যাসোসিয়েশন থেকে কেনেন, কতটা খাদি বোর্ড থেকে কেনেন, আর কতটা সমবায়িকা থেকে কেনেন, আর কতটা ব্যক্তিগত ব্যবসাদারদের কাছ থেকে কেনেন। এই মন্ত্রীসভা কি মনে করেন যে কনট্রাকটারদের দিয়ে আমরা সমাজতন্ত্রে পৌছে যাবে? মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের দেশের স্পেনডিং অথরিটি যারা তাদের হিসাব রাখেন এ. জি. বেঙ্গল, দুঃখের বিষয় কোন মন্ত্রী জানেন না প্রতি মাসে তার কত টাকা খরচ হচ্ছে, এ. জি. বেঙ্গল হিসাব রাখে এবং বছরের শেষে হিসাব দেয়।

পাবলিক অ্যাকাউন্টস কমিটির ১৯৬২-৬৩ সালের রিপোর্ট যার নাম ত্যাগী কমিটি সেই ত্যাগী কমিটি বলছেন যারা অ্যাকাউন্টস রাখে তারা যেন অডিট না করে। অ্যাকাউন্টেন্ট জেনারেল, ওয়েষ্ট বেঙ্গলে অ্যাকাউন্টস রাখা হয় তারাই আবার অডিট করে। পৃথিবীর কোন দেশের ইতিহাসে এরকম আছে? হিসাব রাজ্য সরকারের প্রতিটি মন্ত্রীকে রাখতে হবে। তাহলে ব্যয় সংকোচের চেষ্টা হবে। আবার মন্ত্রীদের rate of flow of expenditure চোখের সামনে থাকবে। ৩১শে মার্চ হুড়মুড় করে বাজেটের টাকা ফেরত দিতে হবে না বা দিল্লীতে ফেরত দিতে হবে না অতএব খরচ কর। কোথায় সেই হিসাব রাখার পদ্ধতি? বর্তমানে কেবল এ. জি বেঙ্গল অডিট করে। আমাদের পশ্চিমবংগ সরকারের অবস্থা কিন্তু আর সে রকম নেই। Loans and grants to Social, Development and Industrial Institutions, এটার মানে হচ্ছে, নূতন নূতন শিল্প হচ্ছে, বাইরের ভাড়া করা অডিটাররা কিভাবে অডিট করে আপনারা জানেন। রাজ্য সরকারের নিজস্ব অডিট বিভাগ থাকা দরকার। পার্লামেন্টের পাবলিক অ্যাকাউন্টস কমিটির ১৯৬৭ সালের অডিট রিপোর্টটা একটু পড়ে দেখুন। ওঁদের পড়বার জন্য অনুরোধ করছি। পড়লে বুঝতে পারবেন রাজ্য সরকারের নিজস্ব অডিট বিভাগ থাকার কথা কেন্দ্র এমন কি ইন্দিরা গান্ধী পর্যন্ত বলেছেন যাঁর নাম ওঁরা রোজই করে থাকেন। কিন্তু তাঁর কথা নিজেরাই শুনছেন না এখানে শুধু এক্সপেনডিচার অডিট হয়। আপনি জানেন ব্যয় অডিট করা প্রয়োজন কিন্তু রেভেনিউ অডিট হয় না। আণ্ডার অ্যাসেসমেন্ট রেভিনিউ কি রকম, সেটা কে করবে রাজ্য সরকারের অডিট বিভাগ না থাকায়। এখানে অনেক সদস্য আছেন যাঁরা মিউনিসিপ্যালিটি চালান। প্রতিটি মিউনিসিপ্যালিটির বাড়ীর যে ট্যাক্স বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজনদের ক্ষেত্রে একটু কম ধার্য করা হয় এতো জানি। ঠিক সেই রকম যদি রাজ্য সরকারের রেভিনিউ অডিট না হওয়ার পঁচিশ পারসেন্ট ইনকাম কম পাচ্ছেন। সেইজন্য রাজ্য সরকারের ফিন্যান্স মিনিষ্ট্রির একটা বিশেষ করে অডিট বিভাগ এবং রেভিনিউ অডিট গড়ে তোলা দরকার। ১৯৬১ সালে অ্যাকাউনটেন্ট জেনারেল একটা স্টেট অডিট করেছিলেন। তার ভিত্তিতে পাবলিক অ্যাকাউন্টস কমিটি ১,৬২১টা কেস আণ্ডার অ্যাসেসমেন্ট ছিল। এবং সেখানে ১২ কোটি কয়েক লক্ষ টাকা জড়িত ছিল। যে স্টেট অডিট হয়েছিল

তার 16 per cent case, under assessment. সুতরাং রাজ্য সরকারের নিজস্ব অডিট এবং রেভিনিউ অডিট তৈরী হবে আশা করেছিলাম এটা অ্যাপ্রোপ্রিয়েসান বিলে দেখতে পাবো। সবশেষে একটা কথা বলি বাস্তবে কি হয়। এপ্রিল মাসে বাজেট পেশ হয়। তারপর একমাস যায় প্রশাসনের কাগজটা পাঠাতে যে তোমার দপ্তরে এত টাকা বরাদ্দ হলো, তারপর তারা আবার একমাস নিয়ে নেন অধস্তন অফিসারদের পাঠাতে যে তোমার এই এই গুলো বরাদ্দ হয়েছে। এই সব করতে করতে অক্টোবর নভেম্বর মাস চলে যায়। তারপর অর্থদপ্তরের স্যাংসান নিতে হয়। প্রতিটা কাজ করতে করতে স্যাংসান নিতে অর্থদপ্তরে কেরাণী থেকে অফিসার পর্যন্ত অনেক কোয়ারী করেন। তারপর তিন মাস কাজ হয়। বাকি কাজ পড়ে থাকে। এই ভাবে ৩১শে মার্চের পর কাজকর্ম আটকে দেয়। সেইজন্য প্রতি মাসে ঠিকমতো খরচের জন্য আইনসভার কন্ট্রোল আনতে হবে। এটা যদি না করেন তাহলে টাকার জন্য রাজ্য সরকারের উন্নয়নমূলক কাজ বাধা পড়বে। আইনসভার কর্তৃত্ব এবং আইনসভার ক্ষমতা থাকলে টাকা ঠিকমতো এবং সময়মতো ব্যয় হবে। তা না হলে বরাদ্দ অনুমোদন করা বৃথা। এটা না হলে ব্যয় কেমনভাবে হচ্ছে আইনসভা কখনই তা জানতে পারে না। ব্রিটিশ জনসাধারণ যেমন ৫ বছর অন্তর নির্বাচনের দিন স্বাধীন হয়, আমরা M. L. A.-রা বক্তৃতা দেবার জন্য অধিবেশনের দিন কটি স্বাধীন হই। কিন্তু সরকারের প্রতিটি কাজের সংগে M.L.A.-দের যুক্ত রাখা ব্যাপারটা দিল্লীতে হয়ে গেছে। ভারত সরকারের সমস্ত কাজ এইভাবে চলছে। আমাদের রাজ্যেও এটা করা দরকার। তাই অর্থ মন্ত্রীর মহাশয়ের কাছে আমাদের আবেদন আপনি নিয়মকানুন পরিবর্তন করুন। আপনার দৃষ্টিটা তীক্ষ্ণ করুন, মুষ্টিটা শিথিল করুন। কিছুক্ষণ আগে কানাই ভৌমিক যে কথা বললেন এবং তার উত্তরে আবদুল বারি বিশ্বাস যে কথা বললেন এই প্রসঙ্গে ২।১টি কথা বলতে চাই। আমি ভাবতে পারেনি Appropriation Bill-এর উপর আলোচনা এইসব নিয়ে হবে। আমি বিশেষ-ভাবে আবদুল বারি বিশ্বাসকে বলতে চাই যে আপনি ভুল বুঝবেন না। ইতিহাস বিকৃত করে কেউ কোনদিন সত্যে পৌছাতে পারেনি। যুক্তফ্রন্টের সবলতা ও দুর্বলতা উভয় দিকেই তিনি দেখিয়েছেন। আমি মনে করি প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সবলতা ও দুর্বলতা দুই আছে। সেই দুটো দিকই কানাইবাবু দেখিয়েছেন। সুতরাং আবদুল বারি বিশ্বাসের এই উষ্মা এটা অস্বাভাবিক বলে মনে হচ্ছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[10-20—10-30 p.m.]

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় স্পীকারমহাশয়, মাননীয় অর্থ মন্ত্রিমহাশয়, আমাদের সামনে যে Appropriation Bill এনেছেন তাকে সমর্থন করছি। একটু আগে আমার পূর্ববর্তী বক্তা শ্রীদেউপ্রকাশ রায় আমাদের এই P.D.A Govt.-কে বলেছেন Preventive Detaintion Act Govt. এবং বলে যে ভাবে twist করেছেন তাতে আমি মনে করি আমাদের P.D A. Govt.-এর image-কে তিনি নষ্ট করতে চেয়েছেন। এইভাবে twist করা তাঁর অভ্যাস বলে আমি মনে করি। আজ যে Appropriation Bill আনা হয়েছে সেই বিলে যে ব্যয়বরাদ্দ আছে সেই ব্যয়বরাদ্দ কোন নীতির ভিত্তিতে আমরা সমর্থন করব, সেই সমস্ত টাকা ব্যয় করব সে আলোচনার অবকাশ ছিল। এই আলোচনার সময় U. F. Govt.-এর কথা ওঠায় আমাদের alliance-এর কয়েকজন সদস্য উষ্মা প্রকাশ করেছেন। কিন্তু যাঁরা ক্ষুব্ধ হয়েছেন U. F. Govt.-এর কার্যকলাপের কথাগুলো তাঁরা কি অস্বীকার করবেন যে এই সময় পশ্চিম বাংলার অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পড়েছিল, আইনশৃঙ্খলার অবনতি হয়েছিল। জীবন ও সম্পত্তির অভাব ছিল, কারখানা সব বন্ধ হয়ে পড়েছিল, বহু কর্মী ছাটাই হয়ে গিয়েছিল, হত্যা, লুঠতরাজ, ডাকাতির সংখ্যা বেড়ে গিয়েছিল, বহু ট্রাম-বাস পোড়ান হয়েছিল, Calcutta State Transport, Durgapur State Transport প্রভৃতি Transport Department দিনের পর দিন অবলুপ্তির দিকে যাচ্ছিল। আমাদের P. D. A. Govt. মাত্র কয়েক মাস এসেছে।

এবং এর মধ্যেই আপনি নিশ্চয়ই লক্ষ করেছেন যে আইনশৃঙ্খলার যথেষ্ট উন্নতি হয়েছে এবং সাধারণের জীবন, সম্পত্তি রক্ষার যে দায়িত্ব আমরা নিয়েছিলাম তা পালন করেছি। ভেঙ্গে যাওয়া অর্থ নৈতিক কাঠামোকে চাঙ্গা করার জন্য এই মন্ত্রীসভা যেসমস্ত বলিষ্ঠ পদক্ষেপ নিচ্ছেন তাতে বিশ্বাস আছে যে আমাদের এই ভেঙ্গে যাওয়া অর্থনীতিকে তাঁরা চাঙ্গা করতে পারবেন। মিঃ স্পীকার, স্যার, আপনি নিশ্চয়ই জানেন কয়েকদিন আগে আলোচনা হয়েছে ইউ এফ গভর্নমেণ্টের সময় যেসব পাব্লিক সেকটর আনডারটেকিংসে বিভিন্নভাবে লস হচ্ছিল এই গভর্নমেণ্টের আমল-এ সেই সব পাব্লিক সেকটর আনডারটেকিংসে দিনের পর দিন প্রফিট দেখা যাচ্ছে। যেমন আমরা দেখেছি ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট করপোরেসন, দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট করপোরেসন, ক্যালকাটা ট্রামওয়েজ, ইত্যাদিতে প্রতিদিন ইনকাম অনেক বেড়েছে। মিনি বাস ইত্যাদি করে জনসাধারণের যাতায়াতের যে দুর্গতি ছিল সেটা অনেকটা সমাধান করবার চেষ্টা করা হচ্ছে। কিন্তু একটা ক্ষেত্রে দেখতে পাচ্ছি ইলেকট্রিক সাপ্লাইয়ের ক্ষেত্রে অবস্থা ডিটেরিওরেট করেছে। যে অবস্থা ইউ এফ গভর্নমেণ্টের সময় ছিল না, রাষ্ট্রপতির শাসনের সময় ছিল না আমাদের সরকার আসার পর সেটা দেখা যাচ্ছে দিনের পব দিন ইলেকট্রিক সাপ্লাই ডিটরিওরেট করছে। এর পেছনে কোন স্যাবোটেজ আছে কিনা সেটা অনুসন্ধান করবার জন্য এবং ইলেট্রিক সাপ্লাই যাতে ঠিকমত হয় তার দিকে দৃষ্টি দেবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। গ্রামবাংলায় কৃষি, খাদ্য, সেচ, শিল্প এবং বিদ্যুৎ ইত্যাদির জন্য যে ব্যয়বরাদ্দ আছে সেগুলি যাতে ন্যায্যভাবে ব্যয় করা হয় তার জন্য নিশ্চয়ই আমরা চেষ্টা করে যাব। যেসব রাস্তাঘাট, হাসপাতাল প্রভৃতির কাজ বন্ধ হয়ে রয়েছে সেগুলি অবিলম্বে শেষ করা দরকার। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন আমরা বৈপ্লবিক নীতির কথা বলেছি, মাননীয় অর্থমন্ত্রী একটা বৈপ্লবিক নীতির কথা ঘোষণা করেছেন আমাদের সামনে। ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবংগে অর্থনৈতিক কাঠামো যেভাবে ভেঙ্গে পড়েছিল তার ছবি আমাদের সামনে তিনি তুলে ধরেছেন। বর্তমানে আমরা যেভাবে অগ্রসর হচ্ছি সেইভাবে যদি অগ্রসর হই, যেভাবে দৈনন্দিন কাজ আমরা করে চলেছি সেই কাজের মাধ্যমে জনসাধারণ যদি অনুভব করতে পারে যে তাদের সুখদুঃখের সাথে আমরা জড়িত রয়েছি, তারা হাসপাতালে গেলে নার্স ডাক্তার তাদের সংগে যদি ঠিকমত ব্যবহার করে, তাবা যদি ঠিকমত ওষুধ পায়, তাদের জন্য যদি আমরা মোটা কাপড়, সামান্য কিছু খাবারের ব্যবস্থা করতে পারি তাহলে আমার বিশ্বাস আমাদের সরকার কোনদিন নড়বড় হবে না, অটল, অচল থাকবে। মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েসন বিল এনেছেন তাতে দেখছি আমাদের কৃষি, সেচ, পশুপালন-এর ক্ষেত্রে তিনি বলেছেন কৃষিক্ষেত্রে ২০ কোটি ৭৯ লক্ষ টাকা, সেচক্ষেত্রে ৩৬ কোটি ২১ লক্ষ টাকা এবং পশুপালন ক্ষেত্রে ২ কোটি ৫ লক্ষ টাকা ব্যয়বরাদ্দের ব্যবস্থা করা হয়েছে। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন ১৯৫২ সাল থেকে সারা ভারতে কৃষিক্ষেত্রে যে রিসার্চ চলছিল সেই রিসার্চের ফল ১৯৬৫ সাল থেকে দেখতে পাওয়া যাচ্ছে বিভিন্ন রাজ্য পেতে বসেছে। অন্যান্য রাজ্যে তারা আই আর ৮, তাইচুং, ইত্যাদি বিভিন্ন ধরণের ধান ফলাতে চেষ্টা করছে। তারা কৃষিক্ষেত্রে একটা সবুজ বিপ্লব সৃষ্টি করার চেষ্টা করে চলেছে যখন তখন আমাদের রাজ্যে মাওবাদের লালঝাণ্ডা তোলা হয়েছে যুক্তফ্রন্ট রাজত্বে। অন্যান্য রাজ্য যখন সবুজ বিপ্লবের ফল উপভোগ করতে পারছে তখন আমরা তার থেকে বঞ্চিত হয়েছি। তাই আমরা কৃষিক্ষেত্রে, সেচের ক্ষেত্রে অন্যান্য রাজ্যের তুলনায় অনেক পেছিয়ে গেছি। আমার বিশ্বাস আমাদের অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে রেখেছেন, আমাদের কৃষিমন্ত্রী যেভাবে কৃষিখাতে ব্যয়বরাদ্দ রাখতে গিয়ে আমাদের সামনে তাঁর বক্তব্য পেশ করেছেন তাতে আমাদের শ্রদ্ধেয়া প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর গরীবী হঠাও নীতিকে সফল করার পথে একটা বিরাট পদক্ষেপ। গণতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠার পথে আমাদের প্রিয় নেতার যে আদর্শ সেই আদর্শকে অনুসরণ করতে পারব বলে আমার বিশ্বাস। স্যার, সেচ পরিকল্পনার খাতে ৩৬ কোটি ২১ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে, আমি যে কথা আগে বলেছি, এখনও বলছি যে আমাদের মেদনীপুর

জেলার ঘাটাল সাব-ডিভিসন বন্যার কবলে প্রতি বছর পড়ে, তাতে হাজার হাজার অধিবাসী ক্ষতিগ্রস্ত হয়, বছরের পর বছর লোক না খেয়ে মরে। সেই জন্য আমি বলতে চাই যেভাবে নর্থ বেংগল ফ্লাড কন্ট্রোল কমিশন তৈরী করা হয়েছে সেইভাবে আমাদের মেদনীপুর, হুগলী এবং হাওড়া এই তিনটি জেলাকে নিয়ে দক্ষিণ বংগ ফ্লাড কমিশন চলছে সেইভাবে দক্ষিণ বংগ ফ্লাড কন্ট্রোল কমিশন চালানো হোক।

[10-30—10-40 p.m.]

মাননীয় স্পীকারমহাশয়, আমি এই বাজেটের মধ্যে এরকম কোন কমিশনের কথা দেখছি না। সেইজন্য আমি অনুরোধ করছি আমাদের অর্থ মন্ত্রিমহাশয় আগামী দিনে যে বাজেট আমাদের সামনে রাখবেন তখন তিনি নিশ্চয়ই এই ব্যাপারে চিন্তা করবেন এবং তাঁর বক্তব্য আমাদের সামনে রাখবেন। মাছের ব্যাপারে যে টাকা রাখা হয়েছে সেটা অপ্রচুর কাজেই এই মাছের খাতে ব্যয়বরাদ্দ আগামী বাজেটে যেন তিনি বাড়ান। শিল্পক্ষেত্রে আমরা দেখছি মেদিনীপুরের হলদিয়ায় একটিমাত্র শিল্পকেন্দ্র তৈরী হয়েছে। আমাদের মেদিনীপুর জেলায় ঝাড়গ্রাম, ঘাটাল, মেদিনীপুর নর্থ, পুরুলিয়ার কিছু অংশ এবং বাঁকুড়ার কিছু অংশে কোন ইণ্ডাষ্ট্রি নেই। সেখানকার লোক ড্রাটের মধ্যে পড়ে, বন্যার কবলে পড়ে। কাজেই এখানে যদি ইণ্ডাষ্ট্রির ব্যবস্থা হোত এবং বাজেটে সেই প্রভিসন থাকত তাহলে আমি সমর্থন জানাতে পারতাম। আমি অর্থমন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি আগামী দিনের বাজেটের সময় তিনি যেন মেদিনীপুরে বাঁকুড়া এবং পুরুলিয়ার যে অংশ রয়েছে সেখানে শিল্প প্রতিষ্ঠার ব্যবস্থা করুন। আমার পূর্ববর্তী বক্তা আবদুল বারি বিশ্বাস শিক্ষার কথা বলেছেন। সকল স্তরে মাধ্যমিক স্কুলকে ডেফিসিট গ্রাণ্ট দেবার কথা আমাদের মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রিমহাশয় বলেছিলেন। কিন্তু দুঃখের বিষয় আমরা বাজেটের মধ্যে সে রকম কোন কথা দেখছি না। শুধু তাই নয়, মাধ্যমিক শিক্ষকদের মাসের ১লা তারিখে বেতন দান, অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা এবং গ্রামে গ্রামে শিক্ষা প্রচলন করবার কথা বলে আসছি। কিন্তু বাজেটের মধ্যে সে রকম ইংগিত প্রতিফলিত হয়নি। আমি মাননীয় স্পীকারমহাশয়ের মাধ্যমে অর্থমন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি তিনি যেন এই দিকে দৃষ্টি দেন। অর্থাৎ মাধ্যমিক স্কুলের শিক্ষকরা যেন মাসের ১লা তারিখে তাঁদের বেতন পান, যে সমস্ত স্কুল নন-ডেফিসিট হয়ে রয়েছে এবং বহুদিন ধরে চলছে, মাস্টাররা ২৬/২৭ মাস বেতন পাননি সেগুলি যাতে ডেফিসিট হয় এবং অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিকভাবে পড়াশুনা করতে পারে সেইজন্য তিনি যেন বেশী করে টাকার ব্যবস্থা করেন। মাননীয় স্পীকারমহাশয়, আপনি জানেন যে-সমস্ত সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার রয়েছে গ্রামের মধ্যে সেখানে ডাক্তার নেই, নার্স নেই, ঔষধ নেই। কাজেই আমি অর্থমন্ত্রিমহাশয়কে অনুরোধ করব সেখানে যে বরাদ্দ করছেন সেটা যেন বিবেচনা করে করা হয় এবং যদি দরকার হয় তাহলে তারজন্য একটা কমিটি করুন সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারে। এটা হল আমার বিশ্বাস রোগীরা ঠিকমত ঔষধ পাবে, ডাক্তার এবং নার্সরা রোগীদের সংগে ভাল ব্যবহার করবে। স্বাস্থ্য দপ্তরে যে সমস্ত এনকোয়ারী কমিশন হয়েছে সেখানে আমরা দেখেছি রিপোর্ট পাওয়া যাচ্ছে না। অর্থাৎ যে সমস্ত রিপোর্ট লক্ষ লক্ষ টাকা খরচ করে তৈরী করা হয়েছে সেটা পাওয়া যাচ্ছে না। ন্যাসনাল মেডিকেল কলেজ সম্বন্ধে অনেক কথা হয়েছে। কাজেই আমি আর সে সব কথা বলছি না। আমি শুধু অর্থমন্ত্রিমহাশয়কে এই অনুরোধ করব তিনি যেন দেখেন এই যে লক্ষ লক্ষ টাকা খরচ করে রিপোর্ট তৈরী হয়েছে সেই সমস্ত রিপোর্ট যেন পাবলিস করা হয় এবং পুংখানুপুংখরূপে পরীক্ষা করা হয়। পরিশেষে আমি বলব যে নীতি আমরা অনুসরণ করে চলেছি সেই গরীবী হঠাও আন্দোলন যদি আমরা সফল করতে চাই তাহলে কৃষি এবং সেচের উপর জোর দিতে হবে এবং কৃষিখাতে যে ব্যয়বরাদ্দ রেখেছেন সেখানে আরও টাকা দিতে হবে। তারপর আমার বক্তব্য হচ্ছে গ্রামাঞ্চলে রিভার পাম্প করে, ডিপ টিউবওয়েল করে, স্যালো টিউবওয়েল করে

আগামী দিনে যাতে চাষীদের মুখে দুমুঠো অন্ন তুলে দিতে পারি এবং বেকারদের কর্মসংস্থান করতে পারি তার জন্য আমাদের চেষ্টা করা দরকার। একথা বলে আমাদের অর্থমন্ত্রিমহাশয় আমাদের সামনে যে অ্যাপ্রোপ্রিয়েসন বিল এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্।

**Shri Kansari Halder :** মাননীয় অধ্যক্ষমহাশয়, পশ্চিমবংগ অ্যাপ্রোপ্রিয়েসন বিল সম্পর্কে আলোচনা প্রসংগে আমি গণতান্ত্রিক মোর্চার উৎপত্তি সম্বন্ধে কিছু বলতে চাই। কারণ এই সম্বন্ধে একটা ভুল ধারণার সৃষ্টি হয়েছে। কমিউনিস্ট পার্টি গণতান্ত্রিক মোর্চার শরিক হিসাবে কয়েকটা আসন ভাগাভাগি করে এখানে আসে নি। তারা একটা আন্তর্জাতিক নিয়ম মেনে চলে বলেই এই গণতান্ত্রিক মোর্চার শরিক হয়েছে এবং যে আন্তর্জাতিক মোর্চার প্রবক্তা ছিলেন জর্জ ডিমিট্রোভ। তিনি যুক্তফ্রন্ট গঠন করবার জন্য বিভিন্ন দেশে যে নীতি প্রয়োগ করেছিলেন আমরাও এখানে সেই নীতি প্রয়োগ করে এসেছি। অনেকে আমাদের বিরোধীদল বলে সম্বোধন করতেও কুণ্ঠাবোধ করেন না। কারণ আমরা জানি আজ সরকারে যখন আছি, গণতান্ত্রিক মোর্চায় যখন আছি, তখন আমাদের গঠনমূলক সমালোচনা করার পুরো অধিকার আছে এবং সেটা প্রত্যেক সদস্যেরই আছে কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় অনেক সময় অতি প্রবীণ সভ্যরাও পর্যন্ত কতকগুলি এমন অপ্রাসঙ্গিক এবং অশোভন উক্তি করে থাকেন যেটা গণতান্ত্রিক মোর্চার পক্ষে ক্ষতিকর। গণতান্ত্রিক মোর্চাকে শক্তিশালী করা এবং তার সমস্ত পরিকল্পনাগুলিকে কাজে পরিণত করার চেষ্টা করা উচিত। জনসাধারণের মধ্যে আজ যে গণতান্ত্রিক শক্তি জেগেছে সেটাকে একত্রিত করার জন্য এই গণতান্ত্রিক মোর্চার প্রয়োজন আছে। কয়েকদিন আগে পুলিশ বাজেটের উপর বক্তৃতাকালে মাননীয় সভ্য শ্রীঅর্ধেন্দু নস্কর—আমি যখন পুলিশ বাজেটের উপর বক্তৃতা করছিলাম তখন তিনি কয়েকটি মন্তব্য করেছিলেন। তিনি বলেছিলেন যে, আমার বরাবর কর্মকেন্দ্র ছিল ডায়মণ্ডহারবার সাবডিভিসন এবং সেখান থেকেই আমি লোকসভায় নির্বাচিত হতাম, এবার আমি সোনারপুর আসন থেকে বিধানসভায় এসেছি, আমি সেখানে কোনদিন গিয়েছি কিনা তিনি জানেন না এবং আমাকে সেখানে তিনি কোনদিন দেখেন নি। এইরূপ মন্তব্য এই হাউসের মর্যাদা বৃদ্ধি করে কি না? কয়েকদিন ধরে আমি এই সম্বন্ধে ব্যক্তিগত এক্সপ্লানেসন দেবার জন্য স্পীকারমহাশয়ের কাছে উপস্থিত হয়েছিলাম কিন্তু দেরী হবার জন্য তিনি আজ এই অ্যাপ্রোপ্রিয়েসন বিলের উপর আমাকে বলবার সুযোগ দিয়েছেন। সেজন্য আমি সেই প্রসঙ্গে এই কথা বলছি। মাননীয় স্পীকার মহাশয়, আমরা বিরোধী যে নই গণতান্ত্রিক মোর্চার শরিক এটা সমস্ত সভ্যদের জানা দরকার। এবং তারা যেভাবে মাঝে মাঝে ইঙ্গিত করেন সেটা গণতান্ত্রিক মোর্চার পক্ষে ক্ষতিকর। আমার ঐ দিনের বক্তৃতায় মূলবিষয় ছিল যে কিভাবে চাষের জমিগুলিকে ময়লা জলে ডুবিয়ে দিয়ে ভাগচাষীদের উচ্ছেদ করা হচ্ছে এবং সেই ভাগচাষীদের উচ্ছেদের জন্য সরকারের পুলিশ ঐ জোতদার এবং জমিদারদের সাহায্য করছে। সেখানে পার্সোনালী কারো বিরুদ্ধে কোন ইঙ্গিত ছিল না। যে সমস্ত বড় বড় ফিসারীর মালিক জোতদাররা চাষের জমি লোনা জলে ডুবিয়ে দিয়ে ফিসারীতে পরিণত করেছে সেই সমস্ত চাষীদের উচ্ছেদ করা হয়েছে এবং যারা কিছুদিন আগেও ঐসব জমিতে আই-আর ৮ ধানের চাষ করেছিল এখন সেই জমি থেকে তাদের উচ্ছেদ করার জন্য সেখানে পুলিশ ক্যাম্প বসানো হয়েছে। সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে জানাতে চাই যে, সেই সমস্ত পুলিশক্যাম্প ওখান থেকে হটানো হোক। যে জমিতে চাষ হয়েছিল তাদের আবার সেই সমস্ত জমিতে চাষ করতে দেয়া হোক। এটা একটা সামান্য ঘটনা নয়, এই সম্পর্কে আমি গত বাজেটে আলোচনা করেছি এবং এখন আবার বলছি। সেই সমস্ত জমির পাশের পুলিশক্যাম্প বসানো রয়েছে এবং তারা কৃষকদের উচ্ছেদ করবার জন্য জোতদারদের সাহায্য করছে। আমি কয়েকটা উদাহরণ দেব। আমার এলাকায় বোরো আমন ধানের চাষ করা হয়েছিল, সেখানে পাম্পিং মেসিনের সাহায্যে জমি

সম্পর্ণ জলে ডুবিয়ে রাখা হয়েছে। আমার বক্তব্য এই ছিল এবং আমি এখানে আবার বলতে চাই যে, সরকারী নীতি হচ্ছে ভাগচাষীকে উচ্ছেদ করা চলবে না, জমিতে তাদের পুরো অধিকার দিতে হবে। সেজন্য সরকার আইন করেছেন যদি কোন

[10-40—10·50 p. m.]

জোতদার চাষীকে উচ্ছেদ করে, তাহলে তার ১৯(১) ধারা অনুযায়ী শাস্তি হবে। এ পর্যন্ত আইন করা হয়েছে। আমার বক্তব্য ছিল, চাষীকে কোনরকমে উচ্ছেদ করা চলবে না। কিন্তু সেইকথা থেকে সরে গিয়ে ফিসারী ইত্যাদির সিলিং নিয়ে নানা কথা বলে আমাকে তিনি আক্রমণ করার চেষ্টা করেছিলেন। সেজন্য আমি আবার বলব, মাননীয় রাজস্বমন্ত্রিমহাশয় গত অধিবেশনে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ফিসারীগুলিকে সিলিংএর আওতায় আনবেন, সেই বিল কবে আসবে? সেই বিল আসবে কিনা জানি না, কিন্তু আমার মনে হয় সেই বিল আনবার প্রয়োজন আছে। আমাদের অভিজ্ঞতা থেকে শিক্ষা করা দরকার। ১৯৫৫ সালে সিলিং বাঁধার কথা হয়, কিন্তু কাজে কতটুকু হয়েছে? যার ফলে আজকে এই সমস্ত জমি নানাভাবে আটকে রাখা হয়েছে। আজকে সরকারী হিসাবে ৩২ লক্ষ একরের মধ্যে মাত্র এক লক্ষ একর উদ্ধার করা হয়েছে। তার মানে তিন চতুর্থাংশ জমি এখনও বেনামী করে বড় বড় জোতদার মালিকেরা কব্জার মধ্যে রেখে দিয়েছে। সেজন্য আমি বলছি, এখনই ফিশারী আইনের ব্যবস্থা করা হোক। তা না হলে আমার যে বক্তব্য, আমার যে মন্তব্য—চাষের জমি নানা কৌশলে জলে ডুবিয়ে দিয়ে চাষীদের উচ্ছেদ করা হচ্ছে, সেটা আবার শুরু হবে এবং সেই জমির রাঘববোয়ালরা করপোরেসনের ময়লা জলের মধ্যে আশ্রয় নেবে। জমি পাওয়া দুষ্কর হবে। সেজন্য আমি অনুরোধ করছি চাষীদের যে জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে এবং তাদের উপর পুলিশী জুলুম চলছে দিনের পর দিন, সেটা বন্ধ করা হোক। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ardhendu Sekhar Naskar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি গত ২৮শে জুলাই, আপনার কাছ থেকে একখানি পত্র পেয়েছি। আপনি লিখে জানিয়েছেন যে, মাননীয় সদস্য শ্রীকাংসারী হালদার, পুলিস বাজেট যেদিন আলোচনা হয়, সেদিন আমি যে বক্তব্য রেখেছিলাম, তাতে তিনি দুঃখিত হয়েছেন, আমার বক্তৃতায় নাকি অশোভন উক্তি রয়েছে। তাঁর কথার জবাবে আমি ভাঙর থানা সম্বন্ধে যে কথাগুলি বলেছিলাম, তা যদি তিনি পরিষ্কারভাবে শুনতেন বা জানতেন, তাহলে তাঁর আঘাত পাবার কোন যুক্তি থাকত না তিনি তাঁর পত্রের একজায়গায় উল্লেখ করেছেন, ভাঙর অঞ্চলের কথা বলতে যেয়ে—সেখানে সরকার, সাপুই, নস্কর ইত্যাদি বড় বড় ফিশারীর মালিক জোতদাররা চাষের জমি ফিশারীতে পরিণত করেছে। এটা তাঁরই লেখা চিঠি। পশ্চিমবংগে ঘোষ, বোস, মিত্তরের ন্যায় বহু নস্কর আছে। আমি একথা বলেছিলাম যে ভাঙর থানার নস্করদের উদ্দেশ্য করে যে কথা বলছেন, সে নস্কর যদি আমি হই, তাহলে সেই চ্যালেঞ্জ আমি আবার রেখে যাচ্ছি যে, রেকর্ডে ফিশারীর জমি নোনা জলে বা ময়লা জলে ডুবিয়ে আমি থাকি, এই প্রমাণ তিনি দিতে পারেন, আমি এই হাউসের সদস্যপদ থেকে ইস্তফা দেব।

আইন ও শৃঙ্খলার কথা যখন উল্লেখ করলেন, তখন বলি, আমাদের মোর্চার মাধ্যমে গতবারের নির্বাচনের পর সরকার গঠন করলে, আপনি জানেন মাননীয় স্পীকারমহাশয়, ভাঙর থানা থেকে সি. পি. এম. সিট দখল করেছিল। ঐ অঞ্চলে কিছুদিন, দিন দুপুরে রাস্তায় পাইপগান নিয়ে বেরিয়েছিল, ছিনতাই, নারী নির্যাতন ইত্যাদি বহু ঘটনার খবর পাওয়া গেছল। আমি বলেছিলাম ম্যাপ-এ তিনি ২৪-পরগনা দেখিয়েছিলেন এবং তাঁর যে কণ্ঠস্বর শুনেছিলাম সেটা মনে হচ্ছিল হরেকৃষ্ণবাবুর কণ্ঠস্বর তাঁর মুখ দিয়ে বেরুচ্ছে। আমরা এই মোর্চার সদস্য হয়ে তাঁর এসব কথা আলোচনা করার দরকার ছিল না। তিনি মুখ্যমন্ত্রীর কাছে বলতে পারতেন যে কার কি কোথায় কিভাবে আছে। বিশ্বনাথবাবু যেমন বলেছেন যে কোথায় ২ লক্ষ বিঘা জমি কে রেখে দিয়েছে তার কথা, আমি স্তম্ভিত হয়ে গেলাম শুনে, কারণ ২ লক্ষ একর বিঘা জমিতো

সারা দক্ষিণ ২৪-পরগনায় নেই। সুতরাং দায়িত্বপূর্ণ সভা হিসাবে সমস্ত দায়িত্ব নিয়েই এখানে বক্তব্য রাখা উচিত। যদি কোন চাষের জমি রেকর্ড ছাড়া বেআইনীভাবে রেখে থাকি তাহলে আমি এই House থেকে ইস্তফা দেব, না হয় তিনি দেবেন। একথা সম্পূর্ণ দায়িত্ব নিয়ে আমি বলছি।

**Shri Kansari Halder :** তিনি চ্যালেঞ্জ করেছেন বলে তার জবাব আমি দিতে চাই তিনি চাষের জমি ময়লা জলে ডুবিয়ে দিয়েছেন কিনা তিনি তা প্রমাণ করুন এই চ্যালেঞ্জ আমি রাখলাম চাষের জমি কর্পোরেশনের ময়লা জল ডুবিয়ে দিয়ে চাষীদের উচ্ছেদ করা হয়েছে।

**Mr. Speaker :** You can only deny it, don't make any speech.

**Shri Ardhendu Sekhar Naskar :** আমার রেকর্ডে ফিশারী ছাড়া অন্য কোন চাষের জমি আমি যদি ডুবিয়ে দিয়ে থাকি তাহলে সেটা প্রমাণ করুন।

**Mr. Speaker :** Please speak through me, do'nt generate heat.

**Shri Kanai Bhowmik :** On a point of order, স্যার, উনি ওঁর বক্তৃতার সময় নস্কর বা সরকার কারোর নাম না করে যদি বলেন যে অমুক জায়গায় এই দুই পরিবার লোনা জল ঢুকিয়ে জমিকে ফিশারীতে পরিণত করেছেন তাহলে আপত্তির কিছু নেই, কিন্তু উনি কেন নিজের ঘাড়ে নিচ্ছেন। এ ধরণের কোন family-র উদ্দেশ্য করে বললে তার একটা কারণ ছিল সে হিসাবে personal explanation. কিছু বলা যায় কিনা আপনি দেখবেন।

**Shri Keshab Chandra Bhattacharya :** উনি এইমাত্র বললেন যে ওনার জমি ডুবিয়ে দিয়েছেন।

**Mr. Speaker :** Please end the matter here. There should be no more discussion on it. I do not like to give any ruling on this particular point. It is better to forget it. We should not speak in a fashian that night hit or injure the feeling of any honourable member.

**Shri Kanai Bhowmik :** Sir, I have raised a point of order.

**Mr. Speaker :** On this particular point of order, I would expect this much from the honourable members that whenever they make a speech in the House they should try to avoid any comment that may hit and injure another honourable member. I will try to make my point clear. Even if one does not mention the name. he can criticise a member—and a particular member may feel that he has been intentionally and unnecesarily criticised, or his feeling may have been wounded ; even if Mr. Kanai Bhowmik feels that without mentioning his name some allegation has been made, irresstible conclusion of which may be that it mean Mr. Kanai Bhowmik, and that he has been the target of attack in that particular case I expect that no member should speak in a fashion that might hurt another honourable member of

[10-50—11 p.m.]

this House. If you feel that you have been, though not named, the target of attack and from that your feeling is injured, in that particular case also I will request that no member should speak in that fashion injuring the sentiment of any individual member of the House. If he says that he has not mentioned that nor intended to mean him the matter ends there. If the position is, as has been explained by Shri Kanai Bhowmik, that he has not mentioned the name then the matter ends there.

### Ninth Report of the Business Advisory Committee

**Mr. Sheaker :** I have got to present the Ninth Report of the Business Advisory Committee. The Business Advisory Committee at its meeting held in my Chamber on the 29th July, 1972, considered the question of allocation of dates and time for disposal of legislative business and recommended as follows :

Wednesday, 2nd August, 1972 :

(i) The Calcutta Municipal (Third Amendment) Bill, 1972 (Introduction, Consideration and Passing)—1 hour.

(ii) Discussion on Food—3 hours.

Thursday, 3rd August, 1972 :

(i) Resolution for Ratification of the Constitution (Twenty-eight Amendment) Bill, 1972—1 hour.

(ii) Half-an-hour Discussion under rule 58 on Political Sufferers and and their pensions.—½ hour.

(iii) Half-an-hour Discussion under rule 58 on financial aid to different Zilla Parishads—½ hour.

(iv) Motion under rule 185 on the unemployment problem in West Bengal by Shri Mrigendra Mukherjee and Shri Sukumar Bandyopadhyay—2 hours.

Friday, 4th August, 1972 :

(i) The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1972 (Introduction, Consideration and Passing)—½ hour.

(ii) Motion under rule 185 on the supply of water to the Ganges through Farakka by Shrimati Geeta Mukhopadhyaya.—2 hours.

(iii) Discussion on Chief Minister's statement dated 28th July, 1972, in connection with the murder of 4 trade union workers at Chinakuri Colliery—1½ hours.

Monday, 7th August, 1972 :

(i) Shri Aurobindo Memorial Bill, 1972 (Introduction, Consideration and Passing)—1 hour,

(ii) The West Bengal Housing Board Bill, 1972 (Introduction, Consideration and Passing)—3 hours.

Tuesday, 8th August, 1972 :

The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972 (Introduction, Consideration and Passing)—4 hours.

Wednesday, 9th August, 1972 :

(i) The Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1972 (Introduction, Consideration and Passing)—1 hour.

(ii) The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1972 (Introduction, Consideration and Passing)—1 hour.

(iii) Motion under rule 185 on the re opening of the services of the Martin Light Railways by Shri Mrigendra Mukherjee, Shri Md. Safiullah and Shri Sudhir Bera.—2 hours.

(There will be no meetings on the 31st July, 1972 and 1st August, 1972.)

The Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

**Shri Gyan Singh Sohanpal :** I beg to move that the Ninth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

**Mr. Speaker :** I think there is no objection and the motion is adopted. ... ... (pause) .. ... The motion is adopted.

**Shri Monoranjan Pramanik :** মাননীয় অধ্যক্ষমহাশয়, বাজেট আলোচনায় বিভিন্ন খাতে যে টাকা মঞ্জুর করা হয়েছে সেই অর্থ খরচ করার জন্য যে বিল এসেছে আমি তাকে সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। বিগত নির্বাচনের প্রাক্কালে আমরা জনসাধারণের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমরা আমাদের মহান নেতৃ ইন্দিরা গান্ধীর নেতৃত্বে থেকে আমরা সার্থক গণতন্ত্র গড়ে তুলবো—গরীবী হটাবো, বেকার দূর করবো। একথা আমরা অঙ্গীকারাবদ্ধ ছিলাম। বাজেটের বিভিন্ন খাতে বরাদ্দের উপর যে আলোচনা সমাপ্ত হয়েছে এবং যে বাজেট এখানে আনা হয়েছে তাতে কিছু নূতনত্ব থাকা উচিত ছিল, একটা বৈপ্লবিক চিন্তাধারা থাকা উচিত ছিল,—কিন্তু এই বাজেটের মধ্যে সেই রকম কিছু নূতনত্ব দেখতে পেলাম না। এবারের বাজেটও সেই চিরাচরিত প্রথায় উপস্থিত করা হয়েছে। এই বাজেটের মধ্যে যে বিভিন্ন ব্যয় ব্যয়বরাদ্দ করা হয়েছে তাকে যদি সার্থক রূপ দিতে হয় এবং আমাদের যে নীতি ও আদর্শ তাকে যদি বাস্তবে রূপায়িত করতে হয় তাহলে যে মেসিনারী যে প্রশাসনযন্ত্র রয়েছে তাকে আরও সক্রিয় হতে হবে। যদি আমাদের আদর্শকে রূপায়িত করতে হয়, সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে হয়, গরীবী দূর করতে হয় তাহলে ঐ সরকারী অফিসারদের সেইদিকে উদ্বুদ্ধ করতে হবে—সরকারী কর্মচারীদের

আদর্শবাদী হতে হবে এবং তাদের দেশ গড়ার কাজে আত্মনিয়োগ করতে হবে। তাহলেই আমরা আমাদের নীতিকে বাস্তবে রূপায়িত করতে পারবো। বিভিন্ন সময়ে আমরা দেখেছি কোন ডিপার্টমেন্টের বাজেট মঞ্জুরী থাকলেও—তারা টাকা খরচ করার পারমিসন পায় না—অনুদান পেলেও ফাইনেন্স ডিপার্টমেন্ট তাদের সেই কাজ করার চেষ্টাকে ব্যাহত করছে—ফাইনান্স ডিপার্টমেন্টের বেড়াজালের মধ্যে পড়ে গিয়ে ঠিকমত কাজ অনেক সময় হচ্ছে না কিংবা অহেতুক বিলম্ব ঘটছে। এটা যে-কোন উপায়ে বন্ধ করতে হবে। ফাইনান্স ডিপার্টমেণ্ট যেন একটা সুপার ক্যাবিনেট মন্ত্রীসভার চেয়েও যেন উচ্চ ক্ষমতাসম্পন্ন বলে বিশেষভাবে পরিগণিত হচ্ছে। এটা নিশ্চয় বন্ধ করতে হবে। আর একটা কথা বলি যে আমাদের বিভিন্ন খাতে যে টাকা খরচ হয় তা অনেক সময় অপচয় হয়—এবং বিশেষ করে আমরা দেখেছি যে পি ডবলিউ ডি এবং সেচ বিভাগে এই টাকা বিশেষ বিশেষভাবে অপচয় হয়। এই অপচয় যেভাবেই হোক বন্ধ করতে হবে। এই গরীব জনসাধারণের পয়সা সুষ্ঠুভাবে ইকনমিক ওয়েতে খরচ করতে হবে। এই যে বিভিন্ন খাতে টাকা বরাদ্দ হোল সেই টাকা যাতে ঠিকমত খরচ হয় তার জন্য একটা জনপ্রতিনিধি নিয়ে ভিজিলেন্স কমিটি বা একটা অ্যাডভাইসারী কমিটি গঠন করা দরকার। তারা সেই কমিটিতে থেকে বিভিন্ন কাজ তদারকী করবে এবং সরকারী অর্থ যাতে ঠিক ঠিকভাবে ব্যয়িত হয় তার দিকে তারা প্রহরীর মত দৃষ্টি রাখবে। সর্বোপরি কেন্দ্র আমাদের যে টাকা দেয় তা ঠিক ঠিক খরচ হয় না ফেরত যায়। আমি জানি আমাদের তপশীলী উপজাতীদের জন্য দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে টাকা এসেছিল তা ঠিকমত খরচ করা হয় নি সেই টাকা কেন্দ্রে ফেরত চলে গেছে। কেন্দ্রীয় সরকারের এই যে টাকা সেটা যাতে ঠিকমত ব্যয় হয় সেদিকে নজর দিতে আমি অনুরোধ জানাই। মন্ত্রিমহাশয় বলেছেন অর্থের অভাবে কাজ করা সম্ভব হয় না। প্রত্যেক মন্ত্রীই এই অর্থের অভাবের কথা বলেছেন। তাহলে আমি বলবো যে কেন্দ্রের কাছে কেন বেশী পরিমাণ অর্থ দাবি করা হচ্ছে না একথা আমি ঠিক বুঝতে পারছি না। আজকে দেখছি যে শহরাঞ্চলের বেকারদের জন্য যেভাবে মাথা ঘামাচ্ছেন গ্রামাঞ্চলের বেকারদের জন্য সে রকম মাথা ঘামাচ্ছেন না। আমি প্রস্তাব রাখছি গ্রামীন বেকারদের কর্মসংস্থানের জন্য অধিকতর ক্রাস প্রগ্রাম চালু করতে হবে। গ্রামীন বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা করে দিতেই হবে। আমাদের বর্ধমান জেলার দক্ষিণ দামোদর অঞ্চলে জামালপুরের কিছু অংশ রায়না থানা এবং খণ্ডঘোষ প্রভৃতি বহু জায়গায় যেসব কাজ এখনও আরম্ভ হয় নি সেগুলি চালু করা দরকার এবং সেখানে তপশীলী সম্প্রদায়ের যেসব লোক বাস করে তারা অর্ধাহারে এবং অনাহারে দিন কাটাচ্ছে। সেখানে চালের দর ২১৫ টাকা হয়ে গেছে এবং চিনির দাম আজকে সেখানে ৩২৫ টাকায় বেড়ে গেছে। সাধারণ মানুষ অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছে এবং জিনিসপত্রের দাম

[11-00—11-10 p.m.]

বেড়েই চলেছে। এই যে জিনিসপত্রের বা শস্যের দাম বাড়ছে এরজন্য কিন্তু প্রকৃত চাষীরা লাভবান হচ্ছে না, লাভবান হচ্ছে মজুতদাররা, ব্যবসাদাররা। এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে হবে। সরকারের উচিত অবিলম্বে ন্যায্যমূল্যের দোকান খোলা, মডিফায়েড রেশনিং চালু করে খাদ্যশস্য সরবরাহের ব্যবস্থা করা। খাদ্যশস্যের দাম যাতে কম হয় এবং যাতে গরীব মানুষরা দুবেলা পেট পুরে খেতে পায় তার দিকে সরকারকে লক্ষ্য দিতে হবে। খরা বা বন্যার জন্য অনেক সময় ফসল নষ্ট হয়ে যায়, তারজন্য সরকারের কাছে অনুরোধ করে বলছি যে কৃষি-বীমা প্রবর্তন করা যদি সম্ভব হয় তাহলে এ বিষয়ে নিশ্চয় অনেক সুফল পাওয়া যাবে। তারপর স্যার, শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য বা পরীক্ষায় প্রহসন দূর করার জন্য সরকারের কোন বলিষ্ঠ পদক্ষেপ দেখতে না পাওয়ায় আমি হতাশা বোধ করছি।

**Shri George Albert Weison-De Roze :** Mr. Speaker, Sir, the various demands for grants have been passed, and now it is the only question, Sir, whether all the money which is being spent and will be spent within

the next financial year, is spent in time and spent for the objects for which it has been granted. Sir, this can be achieved in two ways—one is by external supervision which has been suggested by certain members, i e., appointment of committees, and the other by creating a kind of internal dynamism. Sir, I feel that in every department of the Government every member of the staff, right down to class IV staff, shou'd become aware of the targets that each department has set for itself. This can be done in many ways, by conferences with staff, by in-session training and by getting every person in each department completely associated with the projects and objectives of each department so that every member of every department feels that he has helped to achieve the target. The second factor which should be brought into place is that the Finance should no longer function merely as watch dog or be some kind of a stumbling block to other departments. The Finance Department, Sir, should become a dynamic unit. The Hon'ble Finance Minister should not be afraid of the philosophies of blackboards, charts, chalks and coloured pencils and should keep a detailed record—day to day, week to week idea—as to what is going on, how the money that has been sanctioned is being spent, whether it has been spent, and if it is not spent then the Finance Department should immediately inform the Cabinet and the Chief Minister and the department concerned to see why it is not making the progress as required. I say the Finance Department should become the operation centre to see that the entire progress of the projects for which money has been sanctioned, is known at every stage. Otherwise, at the end of every year we will find that either the money has not been spent or it has been spent hurriedly. Sir, I will again say that the Finance Department should be a dynamic unit to see that every department is spending the money in time as planned. Sir, this kind of internal dynamism will achieve result so that when we again come back here we can see that the money sanctioned has been spent as we have desired.

**Shri Abdus Sattar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েসন বিল এনেছেন আমি তাকে সমর্থন করছি। আজকে মাসের ২৯ দিন নিয়ে আমাদের এই সরকার মাত্র ৪ মাস ৯/১০ দিন হল ক্ষমতায় এসেছেন। আমরা যখন ক্ষমতায় আসি তখন পশ্চিম বাংলার অবস্থার দিকে একটু তাকালে দেখতে পাবো যে পশ্চিম বাংলার অধিকাংশ জেলাই ঠিক প্রায় বন্যার কবল থেকে মুক্তি পেয়েছিল অর্থাৎ প্রায় সমস্ত জেলা মালদহ, পশ্চিম দিনাজপুর, মুর্শিদাবাদ, নদীয়া, বর্ধমানের অংশ, হুগলীর অংশ, হাওড়ার অংশ, মেদিনীপুরের অংশ ইত্যাদি সমস্ত জেলাগুলি ফ্লাড অ্যাফেকটেড হয়েছিল এবং তারপর আমরা শাসনভার গ্রহণ করেছি। সেই সময় আমাদের প্রচুর শস্যহানি ঘটেছিল এবং ফ্লাড-এর পরে ড্রাউট এসে গেল। খরার ব্যাপারে আমি আগেই একটি বক্তব্য রেখেছিলাম বোরো ধান এবং অন্যান্য শস্য মিলিয়ে ১৮ কোটি টাকার মত ক্ষতি হয়েছে। আউসের অবস্থা সম্বন্ধে আমি আগেই বলেছি। আউসের অবস্থা একেবারে ভয়াবহ। খরার ফলে সেখানে বুনানী সম্ভব হয়নি। তার ফলে ক্ষতির পরিমাণ

মোট দাঁড়িয়েছে এই, যেখানে ১৯৭১-৭২ সালে ৯'৫ লক্ষ টন পেয়েছিলাম এবার সেখানে ৪ লক্ষ টনের মতন আউস পাওয়া যাবে আশা করা যাচ্ছে। আর যেটা সামার বোরো রাইস—গ্রীষ্মকালীন উচ্চফলনশীল ধান, সেটা সম্বন্ধে আমি আগেই বলেছি যে আমাদের টার্গেট ছিল যেখানে ১০'৪৮ লক্ষ টন, সেখানে অ্যাকচুয়ালী আমরা পেয়েছি ৯'২ লক্ষ টন। এ ছাড়া পাটের প্রভূত ক্ষতি হয়েছে বাগড়ী অঞ্চলে, যেটা নাকি জুট গ্রোয়িং এলাকা বলে পরিচিত। তারপর খরা এসেছে এবং সেই অভিশাপ থেকে আমরা এখনও মুক্তি পাই নি। আমন ধান বোনার সময় চলে গিয়েছে। ৭ই আগস্টের মধ্যে যদি সত্যিকারের বৃষ্টি না হয় তাহলে ভয়াবহ অবস্থার সৃষ্টি হতে পারে সেটা আমি আগেই বলেছি। আমি আপনাদের ১/৬ থেকে ২৭/৭/৭২ পর্যন্ত রেনফলের হিসাবটা দিচ্ছি। গত বছর কোলকাতায় যেখানে ৫৭০'৩ মিলিমিটার বৃষ্টি হয়েছিল সেখানে এই বছর ৩৭৪'৯ মিলিমিটার হয়েছে অর্থাৎ শতকরা ৩৫ ভাগ কম হয়েছে। দমদমে শতকরা ৪০ ভাগ কম গত বছরের তুলনায় এই বছর। মেদিনীপুরে ২০ পারসেন্ট কম, আসানসোলে ৩১ পারসেন্ট কম, বাঁকুড়ায় ২৭ পারসেন্ট কম, বহরমপুর, মুর্শিদাবাদে ৪০ পারসেন্ট কম, কৃষ্ণনগরে ২১ পারসেন্ট কম, পুরুলিয়াতে ৫১ পারসেন্ট কম গত বছরের তুলনায় এ বছর। মালদহে ৭০ পারসেন্ট কম অর্থাৎ একেবারে ড্রাউট, ভীষণ অবস্থা। বালুরঘাটে গত ১০/১১ দিন ধরে কোন বৃষ্টি হয় নি। গত বছরের তুলনায় এ বছর ভয়াবহ অবস্থা জলপাইগুড়িতে, সেখানে ১০ পারসেন্ট কম, কোচবিহারে ৩৪ পারসেন্ট কম, দার্জিলিংএ ৪৬ পারসেন্ট কম—

( এ ভয়েস— ওয়েস্ট দিনাজপুরটা বলুন। )

ওয়েস্ট দিনাজপুর বলে নেই, বালুরঘাটে ১০/১১ দিন ধরে বৃষ্টি হয়নি। আর ২৪ পরগনার

[11-10—11-20 p. m.]

figure নেই, Calcutta, আলিপুর, দমদমের আছে। একটাতে ৩৫% আর একটাতে ৪৫% deficit. এর থেকে দেখা যাচ্ছে আমনের যা আশঙ্কা রয়েছে, সেজন্য আমাদের প্রস্তুত থাকতে হবে। তার জন্য যে precaution নেওয়া দরকার সেটা নিতে হবে। আমরা আসার পরে আমাদের লোককে relief করার জন্য আমাদের সমস্ত অন্যান্য development-এর কাজ প্রায় বন্ধ করিনি তবুও development-এর কাজ অনেক ব্যাহত হয়েছে। এ পর্যন্ত relief-এর জন্য যা ছিলো ২ কোটি৫০ লক্ষ টাকা test relief, gratuitous relief-এ সেখানে অদ্যাবধি আমরা already ৭৷৷০ কোটি টাকা খরচ করে ফেলেছি। আজকে খবরের কাগজে দেখেছেন জলপাইগুড়িতে আবার বন্যা নেমেছে। আজকে আমরা মুখ্যমন্ত্রীসহ drought-এর ব্যাপারে যাচ্ছি; সেখানে drought-এ যে সমস্ত প্রকল্প আছে তা নিয়ে কি করে লোককে কাজ দিতে পারা যায় তার চেষ্টা করছি, হঠাৎ আবার বন্যা নেমেছে। আজকে পশ্চিম বাংলার যে অবস্থা, আপনারা সমালোচনা নিশ্চয়ই করবেন এবং সেই সমালোচনা করে সরকারকে সজাগ রাখবেন এটা আমরাও চাই। কিন্তু আমার দিক থেকে আমি বলতে চাই যারা মন্ত্রিমণ্ডলী আছেন, তারা আমার মনে হয় কেউ বসে নেই। কি করে এই সমস্ত জিনিসের মোকাবেলা করা যায় সেটা করতে আমরা সব সময়ে প্রস্তুত। এজন্য আপনাদের সহযোগিতা ও সহানুভূতি নিশ্চয়ই দরকার। শুধু সহযোগিতা হলেই হবে না, যারা বাংলা দেশের মানুষ তাদের বুঝিয়ে দিতে হবে। আজকে আমরা ৪ মাস ১০ দিন হল এসেছি। এর আগে ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের আমলে দেখেছিলাম তখনকার অবস্থা, তখনকার আইন-শৃঙ্খলার সংগে যদি তুলনা করা হয়, আমরা লোকের সামনে যে image ধরেছি সেই image খারাপ নয়। আমাদের কংগ্রেসের সরকারপক্ষীয় যেসব সভ্য আছেন, তারা আমাদের সমালোচনা করেছেন। আমরা বলেছি গঠনমূলক সমালোচনা আমরা সবসময়ই welcome করবো এবং এটাও আমরা চাই। সমালোচনার সংগে সংগে মাননীয় সদস্যদের বলবো—সকলেরই কর্তব্য আজকে দেশে বর্তমান অবস্থার সৃষ্টি হয়েছে তাকে বাঁচাতে গেলে মন্ত্রীমণ্ডলী এখানে বসে Statement দিলেই হবে না, বক্তব্য রাখলেই সমাধান হবে না। আজকে কর্মযোজ্ঞে দরকার কি করে দেশের দুঃস্থ মানুষকে relief দেওয়া যায়, কি করে তাদের সাহায্য করা যায় সেজন্য

সমবেত চেষ্টা করে সকল member এবং সমস্ত দলের member-কে এগিয়ে আসতে হবে। আজকে যেখানে ২ কোটি টাকা ছিলো সেখানে ৭॥• কোটি টাকা আমরা খরচ করেছি। এর আগে বলছি tubewell সংক্রান্ত ব্যাপারে—আপনারা একটা সরকারকে দেখিয়ে দিন যেভাবে আমরা relief-এর জন্য টাকা খরচ করেছি, যুক্তফ্রন্টের আমল থেকে অতীতের কোন সরকার এইভাবে খরচ করতে পারেনি, এইভাবে কোন drought-এর মোকাবিলা করতে পারে নি, একথা আমি আপনাদের challenge করে বলছি। তারপর আছে water supply। আমাদের বাজেট ছিলো ৬০ লক্ষ টাকা, কিন্তু এ বছর সেই জায়গায় আমরা ২ কোটি ৬৩ লক্ষ টাকা আজকে drought-এর মোকাবিলার জন্য tubewell, তারপর masonry well এসব করেছি ২ কোটি ৬৩ লক্ষ টাকার। আপনারা স্বাধীন হবার পর থেকে দেখুন, সমস্ত ভার আপনাদের উপর দেওয়া হচ্ছে, block officer, local MLA এবং স্থানীয় লোকের সহযোগিতায় এটা হচ্ছে। আপনারা খোঁজ করে দেখুন, তাহলে দেখবেন যে tubewell, যেটা rural water supply scheme-এ ১২ শত টাকা খরচ হচ্ছে সেখানে ৪/৫ শত টাকা খরচ করে tubewell হচ্ছে। আমি বলতে চাই, ১১ হাজার ৪৪৪ কি ৮৫টি tubewell হবে সেখানে আমাদের terget থেকে অনেক বেশী চলে গেছি। অনেক বেশী করেছি। সুতরাং আমরা কাজ করে যাচ্ছি। আজকে ৪ মাস সরকারে আসার পর আমরা সমস্ত প্রকল্প হাতে নিয়েছি। কৃষি বিভাগের মন্ত্রী আমি, কি করে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা যায় তার জন্য একটি প্রকল্প হাতে নিয়েছি। আমাদের সেন্ট্রাল গভর্নমেন্টের কৃষি বিভাগের মিনিস্টার অব স্টেট তিনি এখানে এসেছিলেন। আমি তাঁর সংগে দেখা করেছি এবং আমাদের যারা কৃষি দপ্তরের সরকারী কর্মচারী তাঁরাও গিয়েছিলেন। আমি আপনাদের বলছি ৫৬ কোটি টাকার যে প্রকল্প ৬' বছরের মধ্যে করতে চেয়েছিলাম তার মধ্যে ১২ কোটি টাকা আমাদের আছে এবং ৪৪ কোটি টাকা আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে চেয়েছি এবং সেন্ট্রাল গভর্নমেন্ট-এর একটা স্টাডি টিম স্টাডি করে গেছেন। তাঁরা আমাদের বলেছেন সাহায্য করতে আমরা প্রস্তুত। তাঁরা শুধু বলেছেন ৩ বছরের করতে এবং আমরা আশা করি এই প্রকল্পের রূপদান করতে পারব এবং সেন্ট্রাল গভর্নমেন্টের সমস্ত সাহায্য আমরা পাব এই বিশ্বাস আমাদের আছে। তাঁরা আমাদের অ্যাসিওরেন্স দিয়ে গেছেন। মাননীয় সদস্যদের আমি এই আশ্বাস দিতে পারি যদি আমাদের অন্যদিকে তাকাতে না হয় তাহলে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা লাভ করতে পারব এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা লাভ করতে পারলে আমাদের ডেভেলপমেন্টের কাজ তরান্বিত করতে পারব। এই খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা লাভ করতে হলে কৃষিভিত্তিক আর্থনীতিক কাঠামোকে আমাদের প্রথমে সুদৃঢ় করতে হবে এবং এই আর্থনীতিক কাঠামোকে যদি সুদৃঢ় করতে হয় তাহলে এগ্রিকালচারাল বেসড ইণ্ডাষ্ট্রির উপর জোর দিতে হবে এবং সেটা হলে এই ধরনের যতসব ইণ্ডাষ্ট্রি আছে সেগুলি বেশী পরিমাণে গ্রো করবে। আজকে আমাদের যেসমস্ত ইণ্ডাষ্ট্রি আছে তাতে এক সময় কোটি কোটি টাকা ঢেলেও আমরা দেশের সমস্যার সমাধান করতে পারি নি। আমাদের দেশের শতকরা ৭৫ ভাগ মধ্যবিত্ত, কৃষি, ক্ষেত-মজুরদের অবস্থার পরিবর্তন যদি আমরা না করতে পারি তাহলে পশ্চিমবংগর আর্থনীতির কখনও পরিবর্তন হবে না। আজকে গ্রামের আর্থনীতিক কাঠামোকে পরিবর্তন করতে হবে। এবং তাকে সুদৃঢ় অর্থনৈতিক ভিত্তিতে প্রতিষ্ঠিত করতে হবে। আজকে যদি কৃষির উন্নতি করতে হয়, কৃষিকে যদি স্বয়ংসম্পূর্ণ করতে হয় তাহলে আমি বলব পপুলেসন ইজ নট দি ফ্যাক্টর। আজকে আমাদের মানুষ বেড়ে যাচ্ছে। আমার মনে হয় যদি আমরা সকলে মিলে সমগ্র কালটিভেটেড ল্যাণ্ডকে দোফসলী বা তিন ফসলী করতে পারি তাহলে এই লোক সংখ্যা আমাদের সমস্যা হবে না। এমপ্লয়মেন্টের কথা যখন বলি, বেকারদের কথা যখন বলি তখন চিন্তা হয় শিক্ষিত বেকার যুবকদের নিয়ে, কিন্তু গ্রামের লক্ষ লক্ষ মানুষ যারা আজকে অনাহারে দিন কাটাচ্ছে, লক্ষ লক্ষ মানুষ কাজ না পেয়ে ছটফট করছে, সেই সব

মধ্যবিত্ত কৃষিজীবীদের দিকে যদি লক্ষ না রাখি, যদি শুধু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যারা নাম লেখাচ্ছে তাদের দিকেই লক্ষ্য থাকে তাহলে কিছুই হবে না। আমাদের সামগ্রিকভাবে চিন্তা করতে হবে। যেসমস্ত লোক মাথার ঘাম পায়ে ফেলে ফসল ফলায় অথচ তারা খেতে পায় না, তাদের কথা যদি চিন্তা না করি, তাদের অবস্থার পরিবর্তন যদি না করতে পারি তাহলে আমাদের কিছুই হবে না। আমাদের সরকার গ্রামীন অর্থনীতিকে সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করতে চায়। আমাদের সরকার চায় যে দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হোক এবং এদিকে আমরা লক্ষ্য রাখছি। লক্ষ লক্ষ মধ্যবিত্ত চাষী, গৃহহীন চাষী-মজুর, খেটে খাওয়া মানুষ যাতে বার মাস কাজ পায়, খেতে পায় তার ব্যবস্থা করার দিকে লক্ষ্য রেখে আমরা এগিয়ে যাচ্ছি। সেদিন আমাদের মুখ্যমন্ত্রী ইস্টার্ন জোনাল কাউন্সিলে বলেছেন পাটের দর কেন্দ্র থেকে যেটা বাড়ানো হয়েছে মিনিমাম অ্যাট দি সেকেণ্ডারী মার্কেট তার বিরুদ্ধে তিনি সোচ্চার হয়েছেন। আমরা আগে বলছি কৃষি ব্যয়-বরাদ্দে পাটের দাম যেটা মিনিমাম করা হয়েছে সেটা অবৈজ্ঞানিক, সেটা ঠিক করা হয় নি। পাটের দাম হিসেব করে আমি নিজে একটি চিঠি দিয়েছি সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে। সেখানে আমি বলেছি পাটের মিনিমাম দর হওয়া দরকার—অর্থাৎ খরচ হয়েছে ১২৭ কোটি টাকা পার কুইন্টাল, যদি আমরা ফার্টিলাইজার দিই এবং লেবার খরচ ধরি—লেবার খরচ হচ্ছে ৩'৫০ পয়সা পার ডে পার লেবার। আর একটা ক্ষেত্রে ৪ টাকা ১০ পয়সা এই ধরে ১২৭ টাকা পার কুইন্টালে

[11-20—11-30 p. m.]

২০% মারজিন দিলে হবে না। সেই হিসাবে ১৫৩ টাকা ধরা হচ্ছে প্রাইমারী মার্কেটে। আর সেকেণ্ডারী মার্কেট সেটা কলকাতার বাজার দর। প্রাইমারী মার্কেটে ২০ টাকা বাদ দিয়ে সেটা ৯৫ টাক থেকে হবে না। শুধু পশ্চিমবংগের জন্য পাটের দরকার নেই সমগ্র ভারতবর্ষের জন্য পাটের দরকার, এই পাটের জন্য গত বছর আমরা ৩০০ কোটি টাকার ফরেন এক্সচেঞ্জ আরন করেছিলাম। চাষীরা যদি পাটের চেয়ে ধানে—বোরো ধানে বেশী মুনাফা পায় তাহলে তারা আর পাটের চাষ করবে না। ফরেন এক্সচেঞ্জ-এর যদি দরকার হয় তাহলে পাটের চাষ করতে হবে এবং চাষীকে ইমপেটাস দিতে হলে প্রতিটি এরিয়ায় মিনিমাম দর এট দি প্রাইমারী মার্কেট দিতে হবে। যে মার্কেটে চাষীরা পাট বিক্রয় করেন সেই মার্কেটে ১৫৩ টাকার কম দিলে হবে না। এ ছাড়া মার্কেট রেগুলেসান অ্যাক্ট আমাদের করা দরকার এবং সেখানে পশ্চিমবংগের মধ্যে আমরা ৫০টি মার্কেটকে নিয়ে আসছি, সেইখানে সেই মার্কেটে চাষীদের ধান ইত্যাদি সব রকম ফসল বিক্রয় করবার ব্যবস্থা থাকবে, সেখানে মিনিমাম একটা দর থাকবে এবং অকসন হবে, সেখানে গোডাউন থাকবে, কোল্ড স্টোরেজ থাকবে, ব্যাঙ্ক থাকবে দরকার হলে চাষীকে ফসল রাখবার অ্যাডভান্স দেবে এবং সেখানে বেথে দেবে, তারপর সময়মত বিক্রয় করা হবে। এইভাবে আমরা গ্রামীন অর্থনীতিকে কিভাবে উন্নতি করা যায় তার চেষ্টা করছি। আশা করি মাননীয় সদস্যরা বুঝবেন যে এই ৪ মাস ১০ দিনে কি পরিমাণ কাজ করেছি এবং বেকার ছেলেদের দিকে লক্ষ্য রেখে পরিকল্পনা এনেছি। তাই আমি আশা করব যে এই অ্যাপ্রপিয়েশন বিলকে যেটা আমাদের মাননীয় অর্থমন্ত্রী এনেছেন তাকে মাননীয় সদস্যরা সমর্থন জানাবেন এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sankar Ghose :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অ্যাপ্রোপ্রিয়েসন বিলের উপর মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন এবং সমর্থন জানিয়েছেন তারজন্য আমি আনন্দিত এবং আশান্বিত। মাননীয় সদস্যরা যে বিভিন্ন বাস্তববাদী দিক থেকে গঠনমূলক বক্তৃতা রেখেছেন যেমন শ্রীমতী ইলা মিত্র, অসমঞ্জ দে, সুকুমার বন্দোপাধ্যায়, কানাই ভৌমিক, ইত্যাদি, সকলের নাম করতে চাই না তারা অনেকেই গঠনমূলক বক্তৃতা দিয়েছেন। আমরা যখন বাজেট তৈরী করেছি তখন দেশের একটা অবস্থা ছিল, আর তারপর খরার জন্য দেশের অবস্থা অনেক বদলিয়ে গিয়েছে। আমরা বাজেট যখন করেছিলাম তখন ভেবেছিলাম গ্রাটুইটাস রিলিফ বা খয়রাতি সাহায্য ১ কোটি ১০ লক্ষ

টাকা দিলেই হবে, কিন্তু তাতে হয়নি। এই খাতে ২ কোটি টাকা প্রায় দিতে হচ্ছে, ১ কোটি ৭০ লক্ষ টাকা এর মধ্যেই খরচ হয়ে গিয়েছে। আমরা ভেবেছিলাম টি, আর, এ ১ কোটি ৩০ লক্ষ টাকা লাগবে সেখানে ৪ মাসে খরচ হয়েছে ৪ কোটি ৭০ লক্ষ টাকা, এই টাকা আমাদের খরচ হয়ে গিয়েছে। এই টাকা আমাদের খরচ করতে হচ্ছে এবং করতে হবে, আমরা আমাদের সমস্ত উন্নয়ন পরিকল্পনা যা আছে সেগুলি আমরা করব কিন্তু তার আগে আমাদের মানুষকে বাঁচাতে হবে। আগে দেশের এই আর্থনীতিক অবস্থাটা বেঁচে থাকবে, তারপর উন্নয়নমূলক কাজ করতে পারব। সেইজন্য আমরা অতিরিক্ত অর্থ বরাদ্দ করেছি। আমরা এই খরার মোকাবিলা যেভাবে করেছি অতীতের কোন সরকার তা করতে পারেন নি, পুরুলিয়ার লোক, বাঁকুড়ার লোক দেখেছেন যেখানে কোনদিন টিউবওয়েল ছিল না, শক্ত মাটি ছিল, সেখানে রিগ দিয়ে আমরা টিউবওয়েল করেছি। সেই জন্য এই কারণে এখন আমাদের উন্নয়নের কাজ কিছুটা ব্যাহত হতে পারে। এই সমস্ত কাজে আমাদের ২॥ কোটি টাকা ধার্য ছিল—এই সমস্ত টেস্ট রিলিফ, জি-আর-এর কাজে সেখানে আমাদের ইতিমধ্যে ৭॥ কোটি টাকা খরচ হয়ে গিয়েছে। জলসরবরাহের ক্ষেত্রে আমরা দু কোটি সত্তর লক্ষ টাকার মতো খরচ করেছি যেখানে কেবল ৬০ লক্ষ টাকা ছিল। কিন্তু এখন আমরা যা পরিকল্পনা নিয়েছি তাতে আমাদের বিভিন্ন উন্নয়ন প্রকল্প রয়েছে। সেই উন্নয়ন প্রকল্পগুলি যদি এখই চালু করতে পারি কেন না আমাদের যে সমস্ত অঞ্চলে খরা রয়েছে সেখানের লোকেদের হাতে কিছু পারচেজিং পাওয়ার দিতে হবে। সুতরাং টেষ্ট রিলিফের কাজ করে প্রায় ৫ কোটি টাকা খরচ হয়ে গিয়েছে। কিন্তু যেসব বিভিন্ন প্রকল্প রয়েছে যেমন Crash programme for rural unemployment সেখানে প্রায় চার কোটি টাকা রয়েছে সেই কাজটা যাতে আমরা ত্বরান্বিত করতে পারি তার বন্দোবস্ত করছি। তারজন্য আমরা কমিটি করছি, তারজন্য দল পাঠিয়ে দিয়েছি বিভিন্ন ডিষ্ট্রিক্টে যাতে এখনই কাজ আরম্ভ করতে পারি। এই রকম বিভিন্ন খাতে যে টাকা রয়েছে তা যাতে এখনই খরচ করতে পারি, যাতে গ্রামের লোকের হাতে কিছু অর্থ, কিছু পারচেজিং পাওয়ার দিতে পারি তারা যাতে এই দুর্দশা থেকে কিছুটা মুক্ত হতে পারে। তবে আমাদের এই বাজেট যা এনেছি এই ৫৭৬ কোটি টাকার বাজেট সেটায় কেবল খরা সমস্যার মোকাবিলা ছাড়া আমাদের দীর্ঘকালীন যে ব্যবস্থা রয়েছে, যে প্রকল্পগুলি রয়েছে তার দিকও বিশেষ করে জোর দিতে চাই। আমরা এই বাজেটে যে জিনিসটা বিশেষ করে করতে চাই তা হচ্ছে এতদিন যা কিছু প্রকল্প হয়েছে তাতে কৃষির উপর কিছুটা কম জোর দেওয়া হয়েছিল। কিন্তু আমরা এখন দেখতে পাচ্ছি আমাদের ৭০ ভাগ মানুষ গ্রামে থাকে সেই ৭০ ভাগ মানুষের অবস্থার উন্নতি যদি না করতে পারি তাহলে কেবল শিল্প দিয়ে, বাণিজ্য দিয়ে আমরা দেশ গড়তে পারবো না। কৃষিক্ষেত্রে এমন একটা অবস্থা রয়েছে যে আমরা যদি সেখানে কিছু অর্থবিনিয়োগ করি তাহলে সেখানে দু'গুণ, তিনগুণ কি ছয়গুণ হতে পারে। কিন্তু যদি High yielding variety বাড়তে থাকে তাহলে ছয়গুণ করতে পারি এবং এটা এক বছরেই হতে পারে। কিন্তু কেবল শিল্পক্ষেত্রে বিনিয়োগ করলে তার একটা জেসটেসান পিরিয়াড আছে অনেক সময় লাগে সম্পদ আসতে। আমাদের এখন যা দেশের অবস্থা তাতে আমাদের যদি উন্নতি করতে হয় তবে গ্রামের কৃষির উন্নতি করতে হবে এবং সেই দিকে দৃষ্টি রেখে বাজেট প্রনয়ণ করেছি। আমরা কৃষিক্ষেত্রে ২১ কোটি টাকা বরাদ্দ করেছি। আর এই কৃষির উন্নতি করতে হলে সেখানে জল দিতে হবে, ইরিগেসানের বন্দোবস্ত করতে হবে। সেই ইরিগেসানের জন্য ৩৬ কোটি টাকা আমরা বরাদ্দ করেছি আর যে বিভিন্ন প্রকল্প গ্রামের উন্নতির জন্য বরাদ্দ করেছি তাহলো কম্যুউনিটি ডেভেলাপমেণ্ট প্রজেক্ট এবং সেখানে সাড়ে নয় কোটি টাকা বরাদ্দ করছি, গ্রামের ফরেস্ট ডেভেলাপমেণ্টের সাড়ে তিন কোটি টাকা আর পশুপালন, অ্যানিমেল হ্যাজবেনড্রির জন্য আড়াই কোটি টাকা, কটেজ ইনডাসট্রিসের জন্য তিন কোটি টাকা। আমরা এখন আর যে সমস্ত বিভিন্ন প্রকল্প গ্রামে নিয়েছি তার ভিতরে রয়েছে **marginal farmers, agricultural labourers.** এটা আমাদের হয়েছে বাঁকুড়ায়, পুরুলিয়ায়। সেটার এক একটা

প্রকল্পে এক কোটি করে টাকা পরিকল্পনার সময়ের মধ্যে খরচ করবো। এছাড়া আমাদের রয়েছে small farmers scheme। সেটা আমাদের তিনটি জেলায় রয়েছে। ওয়েস্ট দিনাজপুরে রয়েছে, হুগলীতে রয়েছে, দার্জিলিংএ রয়েছে। সেখানে দেড় কোটি টাকা করে এক একটা প্রকল্পে এক একটি জেলায় আমরা খরচ করবো। আর একটা বড় স্কীম যেটাকে crash programme for rural unemployment সেখানে চার কোটি টাকা খরচ করা হবে। আর একটা প্রকল্প আছে সেটা প্রায় দু কোটি টাকার প্রকল্প স্পেশাল আন-এমপ্লয়মেন্ট। সেটা গ্রামে এবং শহরে দু'জায়গায় চালু হবে। আর পঞ্চম একটা যেটা প্রকল্প রয়েছে সেটাতে খরা অঞ্চলে বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরে সেখানে চার কোটি টাকা ব্যয়ে একটা পরিকল্পনা নিয়েছি। এছাড়া, আমাদের আর একটা প্রকল্প রয়েছে সেটা কংসাবতী কম্যাণ্ড এরিয়ার। সেখানে রাস্তা এবং বাজার এই সমস্ত তৈয়ারীতে দেড় কোটি টাকার প্রকল্প রয়েছে। আমাদের যদি বাংলা দেশের অর্থনৈতিক অবস্থার উন্নতি করতে হয় তাহলে গ্রামের অবস্থার উন্নতি করতে পারলে শহরের অবস্থার উন্নতি করতে পারবো। কারণ আমাদের শহরের যে শিল্পগুলি রয়েছে তার মধ্যে অনেক সিক ইনডাসট্রিস আছে, ক্লোজড্ ইনডাষ্ট্রীস আছে। এই যে সিক ইনডাষ্টস তার জিনিসের চাহিদা নেই। কিন্তু আমাদের গ্রামে বিরাট হিনটারল্যাণ্ড আছে, ৭০ ভাগ মানুষ সেখানে বাস করছে তাদের হাতে অর্থ নেই, পারচেজিং পাওয়ার নেই। তাদের হাতে অর্থ দিতে হলে, পারচেজিং পাওয়ার দিতে হলে আমাদের কৃষির উন্নতি করতে হবে। যদি কৃষির আধুনিকীকরণ, চাষের কাজ যদি যান্ত্রিকভাবে করতে পারি তাহলে আমরা সেখানে নানারকম ফলন করতে পারবো এবং সম্পদ সঞ্চয় করতে পারবো, তাহলে দেশের লোকের হাতে অর্থ দিতে পারবো, তাহলে শহরের যে শিল্প জিনিস আছে তা তারা কিনতে পারবে। আমাদের এখানে কেমিক্যাল ইনডাসট্রিস আছে, সেই কেমিক্যালস ফার্টিলাইজার যদি আমরা গ্রামে দিতে পারি তাহলে কৃষির উন্নতি হবে। আমাদের ইঞ্জিনিয়ারিং ইনডাসট্রিস রয়েছে সেখানে গ্রামে পাম্প, motor, agricultural implements, tool তার একটা চাহিদা হতে পারে। সুতরাং এতদিন যেভাবে শিল্প গড়ে উঠেছে তাতে গ্রামের সংগে শহরের সংযোগটা ছিল না। একপেশেই ব্যাপারটা চলছিল। শিল্প ও বাণিজ্যের উন্নতি হচ্ছিল, কিন্তু কৃষির সাথে যোগটা ছিল না।

[11-30—11-44 p.m.]

কিন্তু এটা পরিষ্কার প্রমাণ হয়ে গেছে যে আমরা শিল্পোন্নতি করতে পারব না যদি না কৃষির উন্নতি করতে পারি। আবার কৃষির উন্নতি করতে পারব না যদি না Engineering industry, fertiliser industry, chemical industry-এর উন্নতি করতে পারি। সুতরাং এক পায়ে না চলে আমাদের ২ পায়ে চলতে হবে। অতএব একদিকে শিল্পবাণিজ্য বৃদ্ধি করতে হবে, অন্য দিকে কৃষির আধুনিকীকরণ করতে হবে। সেজন্য আমরা বাজেটে যে ব্যয়বরাদ্দ করেছি সেদিকে দৃষ্টিভঙ্গী রেখেই করেছি। এই শিল্পবাণিজ্য তখনই সার্থক হবে যখন সবুজ বিপ্লব সার্থক হবে। সেজন্য গ্রামে irrigation-এর জন্য electrification দরকার এবং সেই হিসাবে ১০ হাজার গ্রামে বৈদ্যুতিকরণ ১৯৭৩ সালের শেষ দিকের মধ্যে হবে। এই সরকার এমন সমস্ত প্রকল্প নিয়েছে যাতে আমরা আর্থিক অবস্থার উন্নতি করতে পারি। আপনারা বলেছেন আমাদের যা কিছু অর্থ কেন্দ্র থেকে পাচ্ছি—সেই অর্থ যাতে ফেরৎ না যায়। আমি বলছি এদিকে সরকার বিশেষভাবে সতর্ক দৃষ্টি রেখেছেন। গত বছর যখন এই সরকার ছিল না তখন কিছু অর্থ কেন্দ্রে ফেরৎ গিয়েছিল। গত বছর যে বিরাট বন্যা হয়েছিল তার জন্য district authorities-রা কোন কাজ করতে পারেন নি। এই বন্যার জলের সংগে মানুষের বন্যাও ছিল। প্রায় ১০০ লক্ষ লোক ওপার বাংলা থেকে ভারতবর্ষে এসেছিল—তার প্রায় ৭০ লক্ষ পশ্চিম বাংলায় ছিল। এই জল ও মানুষের বন্যার জন্য district authorities কাজ করতে পারেন নি এবং এর জন্য C. S. R. E. programme ১½ কোটি টাকা ফেরৎ গিয়েছিল। এই ১½ কোটি

টাকা আমরা কেন্দ্রের কাছ থেকে চাচ্ছি। C.S.R.E. programme-এ crash programme for rural upliftment-এ ৩ কোটি টাকা রয়েছে। যে ১½ কোটি টাকা ফেরৎ গিয়েছিল সেই টাকা আমরা ফেরৎ চাচ্ছি যাতে crash programme for rural employment-এ সাড়ে আট কোটি টাকা খরচ করতে পারি। কেন্দ্র এটা বিবেচনা করবেন এবং আমার বিশ্বাস যে-টাকা ফেরৎ গিয়েছিল সেই টাকা আমরা ফেরৎ পাব। আমরা কেন্দ্র থেকে যা কিছু টাকা পাচ্ছি সেই টাকা আমরা ব্যয় করব। বিশেষ করে T. R.-এ আমাদের প্রায় ৫ কোটি টাকা খরচ হয়ে গেছে—যেখানে ১, কোটি টাকা ছিল। সুতরাং T. R.-এ টাকা দেবার আমাদের সামর্থ নেই। সেজন্য কেন্দ্র থেকে যে সমস্ত প্রকল্প আছে সেগুলি আমরা চালু করেছি। Crash programme for Small Scale industries relief, agricultural relief ইত্যাদি আমরা এখনি চালু করেছি যাতে লোকের purchasing power বাড়ে।

**Shri Ananda Gopal Mukherjee :** Sir, on a point of clarification; ১০ হাজার গ্রামে electrification করব এই programme maintain করব কি করে? Power Shortage হচ্ছে যেখানে আমাদের 90 M.W. Shortage দরকার। এটা House-এ বললে উপকৃত হব।

**Shri Sankar Ghose :** এ বিষয়ে সরকার বিশেষভাবে চিন্তা করছেন এবং নানা রকম চেষ্টা করছেন। Rural Electrification Corporation থেকে ৩০ কোটি টাকা পেয়েছি এবং মাননীয় সদস্যের যদি এবিষয়ে কিছু বলার থাকে তিনি আমার সংগে দেখা করে আলোচনা করবেন এবং তারপর নিশ্চয় আমরা তা বিবেচনা করব। আরও কতকগুলি প্রশ্ন মাননীয় সদস্যরা রেখেছেন সে সম্বন্ধে বলব। এই যে বাজেটবরাদ্দে যে টাকা দিয়েছি তার ভেতরে কিছু টাকা রুগ্ন industry খোলার জন্য আছে। এগুলি খুলতে গেলে অনেক টাকার প্রয়োজন আছে এবং তারজন্য অর্থ বিনিয়োগ করেছি। ৬০ হাজার শ্রমিক যাদের কাজ গিয়েছিল তারা কাজ ফেরৎ পেয়েছে। একটা শ্রমিকের যদি ৫ জনের একটা পরিবার হয় তাহলে ৩ লক্ষ লোকের খাবারের একটা বন্দোবস্ত হয়েছে। এই কাজ আমাদের আরও করতে হবে। আমরা যুক্তফ্রন্টের আমলে দেখেছিলাম সমস্ত কারখানাগুলি বন্ধ হয়ে গিয়েছিল। এই সরকারের নীতি হচ্ছে কারখানাগুলি খুলব এবং এ বিষয়ে সদস্যেরা যে সমর্থন করছেন সেটা আনন্দের কথা। দ্রব্যমূল্যবৃদ্ধি সম্বন্ধে কিছু সদস্য বলেছেন, সরকার এই বিষয়ে চিন্তা করছেন এবং যা কিছু করার তার ব্যবস্থা নিচ্ছেন। কেন দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে সেটা সকলেই জানেন। এক শত লক্ষ লোক ওপার বাংলা থেকে এসেছিল এটা দ্রব্যমূল্য বৃদ্ধির একটা কারণ সেটা আপনারা জানেন। আমাদের কেন্দ্রীয় সরকারের এই প্ল্যান পিরিয়ডে যে ডেফিসিট ফাইনানসিং-এর কথা ছিল তার পরিমাণ ছিল প্রায় ৫ শো কোটি টাকা, কিন্তু এই উদ্বাস্তুপ্রবাহ ওপার বাংলা থেকে আসতে থাকায় ১৯৭১-৭২ সালে এই বছরে আগে যেটা ছিল ৫ বছরে ৫ শো কোটি টাকা ডেফিসিট ফাইনানসিং যেটা হল সাড়ে ৮ শো কোটি টাকা। ওপার বাংলা থেকে ১ শো লক্ষ অর্থাৎ ১ কোটি উদ্বাস্তু আসার পর আমাদের অর্থনীতির উপর চাপ পড়েছিল, এই চাপ আমরা সবাই গ্রহণ করেছিলাম। কারণ, স্বাধীনতার সংগ্রামের সাথে ওপারের ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রাম যুক্ত ছিল, স্বাধীনতা সংগ্রামের কোন সীমারেখা ছিল না। সেজন্য সেসমস্ত উদ্বাস্তুদের আমরা প্রত্যাখ্যান করিনি, তাদের আহ্বান জানিয়েছিলাম। সেজন্য তার দায়দায়িত্ব সমস্ত দেশ ধনী হোক, নির্ধনী হোক সবাই সেই বোঝা বহন করেছিলেন। তারজন্য আমাদের অর্থনীতির উপর যে চাপ পড়েছে, তার জন্য আমাদের জিনিসপত্রের দাম কিছু বেড়েছে। সেজন্য কতকগুলি পরিসংখ্যান আমি রাখতে চাই যে এই প্ল্যান পিরিয়ডের ভেতর কেন্দ্রীয় সরকারের ডেফিসিট ফাইনানসিং ছিল সাড়ে ৮ শো কোটি টাকা। কিন্তু ১ বছরে ৫ শো কোটি টাকা ডেফিসিট ফাইনানসিং হয়ে গেছে, তাতে অর্থনীতির উপর যে চাপ পড়ে তার জন্য এই দ্রব্যমূল্য বৃদ্ধি।

তার বিরুদ্ধে আমাদের সংগ্রাম করতে হবে। সেই সংগ্রামের দুটো দিক আছে—একটা হচ্ছে উৎপাদন বৃদ্ধি করা, আর একটা হচ্ছে জিনিসের দাম যাতে রক্ষা করা যায় সে প্রাইস কন্ট্রোল করে হোক, যেভাবে হোক সেটা করতে হবে। আমরা অনেক অর্থ বিনিয়োগ করছি। একটা ডেভেলপিং ইকনমিতে যখন অর্থ বিনিয়োগ করা হয় সেই অর্থ অর্থনীতির ভেতরে চলে যায়, তার ম্যাচিং নিডস আসতে কিছু সময় লাগে। এই যে জেসটেসান পিরিয়ড এই পিরিয়ডে ডেভেলপিং ইকনমিতে ইনফ্লেসানের একটু টেনডেনসি হয়—হিসট্রি অব ডেভেলপিং ইকনমি ইজ হিসট্রি অব ইনফ্লেসান। এটা একটা দ্রব্যমূল্য বৃদ্ধির কারণ। তার বিরুদ্ধে ব্যবস্থা সরকার নিশ্চয়ই গ্রহণ করবেন। সেই ব্যবস্থা হচ্ছে দুটি—একটি হচ্ছে উৎপাদন বৃদ্ধি সে শিল্পক্ষেত্রে হোক, কৃষিক্ষেত্রে হোক, সমস্ত ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি, আর দাম বৃদ্ধি তার জন্য সরকার প্রাইস কন্ট্রোল করবেন। আজকে জনপ্রতিনিধিমূলক সরকার এসেছে, যাকিছু সমস্ত জনপ্রতিনিধিমূলক করার জন্য সরকার বিভিন্ন কমিটি করেছেন এবং বিভিন্ন এম. এল. এ.-দের সাথে যোগাযোগ করে সমস্ত ব্যবস্থা নিয়েছেন। সরকার প্রশাসনের জনসাধারণের সেবার জন্য যাতে পুনর্গঠন হয় তার জন্য ব্যবস্থা নিচ্ছেন। এটা আমরা পরিষ্কার বলে দিয়েছি যে সরকার যে নীতি নিচ্ছেন সেই নীতি রূপায়িত করতেই হবে, তাতে কোন বাধা কোন শ্রেণী থেকে আসবে না, সরকার এই বিষয়ে দৃঢ়প্রতিজ্ঞ। তারজন্য আমাদের প্রশাসনিক কাঠামো যেভাবে পরিবর্তন করতে হয় যেভাবে ঢেলে সাজাতে হয় সেটা করতে হবে। সরকারের যে প্রতিশ্রুতি, যে নীতি তাতে কোন বাধা আসবে না। কিন্তু শান্তিপূর্ণ উপায়ে বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে গঠনমূলকভাবে আমরা সেই পরিবর্তন আনব। আর একটা কথা সেটা হচ্ছে আমরা যে প্রকল্পগুলি নিয়েছি, গ্রামের ক্ষেত্রে উন্নতির জন্য যে অর্থবরাদ্দ আমরা করেছি সেটা বলেছি, গ্রামের উন্নতি ছাড়া শহরের উন্নতির কথা বলেছি। শহরের উন্নতি বিশেষকরে সি এম ডি এ'র যে কাজ হচ্ছে সেই কাজের মাধ্যমে শহরের উন্নতি হচ্ছে। সি এম ডি এ কলকাতায় সীমাবদ্ধ নয়, সি এম ডি এ'র কাজ কলকাতা, হাওড়া, হুগলী, ২৪ পরগনা সমস্ত নিয়ে সি এম ডি এ'র এলাকা। পশ্চিমবঙ্গের ১৬ ভাগ মানুষ সি এম ডি এ'র এলাকায় আছে। এতে ৩৫টি মিউনিসিপ্যালিটি আছে, তাছাড়া কিছু পঞ্চায়েত এলাকা এর ভেতরে রয়েছে। আমরা যে এই প্ল্যানে ৩২২ কোটি টাকা খরচ করছি এই টাকার ভেতর সি এম ডি এ'র প্রকল্পের জন্য ৪৩ কোটি টাকা আছে, সি এম ডি এ'র বেশীর ভাগ টাকা কেন্দ্র থেকে আসছে। সুতরাং বাজেটে যেসব বরাদ্দ রাখা হয়েছে সেটা গ্রামের অর্থনৈতিক উন্নয়নের জন্য বরাদ্দ করা হয়েছে, শহরের উন্নতির জন্য কেন্দ্রের কাছ থেকে যে টাকা আসছে সি এম ডি এ'র বড় বড় প্রকল্প সেই টাকা থেকে চলছে। কতগুলি ছোট ছোট বিষয় সমালোচনা করেছেন, বিচ্ছিন্ন সমালোচনা কাজেই আমি তার মধ্যে যাচ্ছি না। বড় বড় যেসব প্রস্তাব আপনারা রেখেছেন সেগুলি সরকার নিশ্চয়ই বিবেচনা করবেন এবং যে অর্থ আমি চাচ্ছি সেটা যাতে অপচয় না হয় তারজন্য আমরা দৃষ্টি দেব। অবশ্য এরজন্য অনেক রকম অ্যাকাউন্ট আছে, অডিট আছে, ব্যবস্থা আছে এবং মাননীয় সদস্যরা যদি কোন ক্ষেত্রে অপচয়ের কনক্রিট কেস দেন তাহলে আমরা সেটা নিশ্চয়ই বিবেচনা করব। আমরা বিভিন্ন গ্রান্টে যে প্রস্তাব এনেছিলাম তখন বিভিন্ন ডিপার্টমেনট সম্বন্ধে যদি কোন প্রস্তাব থাকত তাহলে মাননীয় সদস্যেরা তা তুলতে পারতেন। তবে এখনও কোন বিশেষ ক্ষেত্রে যদি আমাদের দৃষ্টি আকর্ষণ করেন যে এই ক্ষেত্রে অপচয় হচ্ছে তাহলে সেক্ষেত্রে আমরা দৃষ্টি দেব। আমরা ৫১৬ কোটি টাকা যেটা খরচ করছি সেটা যাতে জনকল্যাণমূলক উন্নয়নের জন্য খরচ হয় সেটা আমরা দেখব। খরার কবলে আমরা যে খরচ করেছি তাতে প্রত্যেক অঞ্চলে ৩৫টি করে টিউবওয়েল বসবে। এই ব্যাপারে আমরা স্থানীয় জনসাধারণ, এম. এল. এ'দের সহযোগিতা পেয়েছিলাম এবং এই সমস্ত খরচের ব্যাপারে আমরা আশা করি এম. এল. এ. এবং জনসাধারণের নেতৃমণ্ডলী এবং জনসাধারণের কর্মিদের সমর্থন পাব। একথা বলে এই অ্যাপ্রোপ্রিয়েসন বিলের সমর্থনে আপনারা যে বক্তব্য রেখেছেন তার প্রতি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sankar Ghose that The West Bengal Appropriation (No. 2) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1, 2, 3, Schedule and Preamble**

The question that clauses 1, 2, 3, Schedule and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Sankar Ghose :** Mr. Speaker, Sir, I beg to move that The West Bengal Appropriation (No. 2) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 11-44 a.m. till 1 p.m. on Wednesday, the 2nd August, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 2nd August, 1972, at 1 p. m.

**Present**

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 9 Ministers, 7 Ministers of State, 3 Deputy Ministers and 159 Members.

[1—1-10 p. m.]

**Oath or Affirmation of Allegiance**

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

**STARRED QUESTIONS**

**(to which oral answers were given)**

**Electricity from Durgapur Projects Ltd.**

***396.** (Admitted question No. *1305.) **Shri Aswini Roy :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) if there was a scheme of the Durgapur Projects Ltd. for supply of 105 M.W. electricity to Calcutta daily from 12th July, 1972 ; and

(b) if so, the daily output (in M.W.) of electricity from 1st July to 11th July, 1972, and from 12th July to 20th July, 1972 ?

**Dr. Zainal Abedin :** (a) In a joint meeting on 6th July 1972 of Public Undertakings, Power Ministry and Durgapur Projects Ltd. and all other generating Companys, it was ascertained from the Senior Superintendent, Power Plan, Durgapur, that 105 Mega Watt could be exported to Bandel after 12th July, 1972.

(b) The daily output (generation) is indicated below :

| Date | Maximum output (in Mega Watt) |
|---|---|
| 1-7-72 | 102 |
| 2-7-72 | 86 |
| 3-7-72 | 100 |
| 4-7-72 | 110 |
| 5-7-72 | 108 |
| 6-7-72 | 104 |
| 7-7-72 | 117 |
| 8-7-72 | 142 |
| 9-7-72 | 74 |
| 10-7-72 | 143 |
| 11-7-72 | 144 |
| 12-7-72 | 128 |
| 13-7-72 | 122 |
| 14-7-72 | 110 |
| 15-7-72 | 104 |
| 16-7-72 | 88 |
| 17-7-72 | 100 |
| 18-7-72 | 100 |
| 19-7-72 | 124 |
| 20-7-72 | 125 |

**Shri Aswini Roy :** এই দুর্গাপুর প্রজেক্টে থারমাল প্ল্যান্টের উৎপাদনক্ষমতা কতটা তা কি বলতে পারবেন ?

**Dr. Zainal Abedin :** আপনি কি total (টোটাল) আউটপুট জানতে চাইছেন ?

**Shri Aswini Roy :** হ্যাঁ, এবং টারগেট কত ?

**Dr. Zainal Abedin :** ইনস্টল ক্যাপাসিটি ২৮৫ মেগা ওয়াট টোটাল।

**Shri Aswini Roy :** তাহলে এখানে দেখা যাচ্ছে, যে ১০৫ মেগা ওয়াট যখন আপনারা থারমাল প্ল্যান্টের সরবরাহের জন্য ব্যবহার করলেন, তাহলে বাকিটা নিশ্চয়ই দুর্গাপুরে যে সমস্ত ইনডাসট্রিস অ ছে, এদের সরবরাহ করবার জন্য কোন কমিটমেণ্ট আছে কি, তাহলে লোকাল কমিটমেণ্ট কত আছে ?

**Dr. Zainal Abedin :** সে দিন আমি I made a long statement about this in this House, আমি এখ'নে বলেছি ইনস্টল ক্যাপাসিটি ইজ ২৮৫ মেগা ওয়াট হলেও আমরা ১২০/১২৫ মেগা ওয়াট-এর মত আমরা এখন জেনারেট করতে পারছি। আর এখন একসপোর্ট করতে পারছি আ্যাভারেজ ৬০ অর লিটিল অ্যাবাব, আর বাকিটা দুর্গাপুর প্রপার এবং আসানসোলে একসপোর্ট করছি।

**Shri Aswini Roy :** যখন আপনারা জানেন যে দুর্গাপুরে লোকাল এবং আসানসোল, পাণ্ডুয়া ইত্যাদির জন্য যে কমিটমেণ্ট আছে, লোকাল কমিটমেণ্ট যেটা আছে, তারপরে আপনারা এই যে মিটিং করলেন, করে ১০৫ মেগা ওয়াট কমিটমেণ্ট করলেন কি করে যে, ব্যাণ্ডেলকে আমরা সাপ্লাই করব ?

**Dr. Zainal Abedin :** আমাদের তখন পর্যন্ত আশা ছিল যে আমাদের চারটি ইউনিট চলবে। আমরা দেখলাম আমাদের সাবসিকোয়েন্টলি আমাদের তিনটি ইউনিট মাত্র চলতে পারলো, একটা ইউনিট বসে গেল।

**Shri Aswini Roy :** আজকের সংবাদপত্রে একটা যে ইউনিট সেটাও দেখছি বিকল হয়ে গিয়েছে। তাহলে এই যে ইউনিটগুলি, এই ইউনিটগুলি সম্পর্কে কোন রকম কমিশন করে কি একজামিন করা উচিত নয়? এই কারণে যে এদের ক্ষমতাটা কি পরিমাণ কমে গিয়েছে নূতন করে কোন ইনসটলেশন দরকার কিনা?

**Dr. Zainal Abedin :** আজকের সংবাদপত্রে, মাননীয় অধ্যক্ষমহাশয়, this report is absolutely malicious one. আমি জানি না কিজন্য এইভাবে অবাস্তব, ভিত্তিহীন সংবাদ প্রচারিত হয়। সংবাদপত্রে দেখলাম দুর্গাপুরে একটা ইউনিট বসে গিয়ে মাত্র ১০ মেগা ওয়াট আমরা এক্সপোর্ট করছি। এটা অত্যন্ত দুঃখের এবং উদ্দেশ্যপ্রণোদিত বলে মনে হয়। ইন ফ্যাক্ট, আমরা কালকে ৩৫ মেগা ওয়াট ডি ভি সি কে এক্সট্রা দিয়েছি এবং টোটাল এক্সপোর্ট যেখানে আমাদের আশা ছিল ৬০ দেবো আমরা বিদ্যুতসংকট মোচন করবার জন্য সেখানে আমরা ৭০.৫ মেগা ওয়াট এক্সপোর্ট করতে পেরেছি। সুতরাং সংবাদপত্রে যা বের হয় তা সবটাই সত্য নয় এটা মাননীয় সদস্যদের উপলব্ধি করতে অনুরোধ করি।

### হাণ্ডর খাল

*৩১৮ (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৩।) **Shri Netaipada Sarkar :** গত ৫ই মে, ১৯৭২, তারিখে প্রদত্ত অতারকিত ২৩৬নং (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৮) প্রশ্নের (গ) অংশের উত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি উক্ত হাণ্ডর খালের সংস্কারসাধন কার্য রূপায়ণে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন?

**Shri Suniti Chattaraj :** প্রয়োজনীয় জমি বিনামূল্যে পাওয়া যাইবে এই প্রতিশ্রুতি জমির মালিকদের নিকট হইতে পাইয়া হাণ্ডর খাল সংসকারের কাজ ১৯৭০ সালে আরম্ভ করা হয় এবং কাজ সামান্য অগ্রসরও হয়। কিন্তু পরে মালিকেরা জমি বিনামূল্যে প্রদান করিতে অস্বীকৃত হইলে প্রকল্পের কাজ বন্ধ রাখিতে হয়।

প্রয়োজনীয় জমি দখল করিবার জন্য যথাযথ L. A. আইনানুসারে ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। জমি দখল হইলে পর কাজ আবার শুরু করা হইবে।

**Shri Netaipada Sarkar :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে উক্ত খালের বেশীর ভাগ জমি ছিল সরকারের খাস জমি?

**Shri Suniti Chattaraj :** আমার কাছে যা নথীপত্র আছে তা থেকে দেখছি যে আমরা ওনারদের কাছ থেকে ল্যাণ্ড নেবো বলে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছিলাম।

**Shri Netaipada Sarkar :** আমর যে পরিকল্পনা দিয়েছিলাম তাতে পুরো যে খালটা তার বেশীর ভাগই ছিল সরকারের খাসজমি। এই সবখাসজমি কিন্তু নানাভাবে লাইসেন্স নিয়ে লোকেরা চাষবাস করলেও যারা লাইসেন্স নিয়ে চাষ করে তাদের ওনারশিপের প্রশ্ন উঠে না। তাহলে তাদের কাছ থেকে জমি নিতে গেলেও কি অ্যাকুইজেশন করার দরকার হয়?

**Shri Suniti Chattaraj :** এই তথ্য এখন আমার জানা নেই। আপনি যথা সময়ে বললেন আমি তদন্ত করে দেখবো।

**Shri Netaipada Sarkar :** এই যে জমি যা অ্যাকুইজেশন করছেন এই অ্যাকুইজেশন করে কত দিনের মধ্যে এই খালের কাজ পুনরায় চালু হতে পারে?

**Shri Suniti Chattaraj :** আমি বলছি যে আইন অনুসারে দখল করার পর যথা শীঘ্র সম্ভব আরম্ভ করবো।

## মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ

*৩৯৯ (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৫।) **Shri Harendranath Halder :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড-এর ১৯৭১-৭২ সালে কত আয় হইয়াছিল ;

(খ) বর্তমানে কোন্ কোন্ জলকর ঐ সমিতির লীজ নেওয়া আছে ; এবং

(গ) সোসাইটির রেজিস্ট্রেশন পাওয়ার পর অদ্যাবধি মুর্শিদাবাদ জেলার গরিব মৎস্য-জীবীদের জন্য ঐ সমিতির মাধ্যমে কি কি কাজ করা হইয়াছে ?

**Dr. Zainal Abedin :** (ক) ১৯৭১-৭২ সালে জলকর হইতে কোন আদায় না থাকায় সমিতির কোন আয় হয় নাই।

(খ) হাজারহাটী-মীরগঞ্জ জলকরটি লীজ নেওয়া আছে।

(গ) প্রাথমিক মৎসজীবী সমবায় সমিতিগুলিকে জলকর পাইতে সাহায্য করিয়াছে ও পরামর্শ দিয়া সাহায্য করিয়াছে।

[1-10—1-20 p. m.]

**Shri Harendranath Halder :** মাননীয় মন্ত্রিমহাশয়, হাজারীহাটে ১৯৭১-৭২রে জলকর আদায় হয়নি বলেছেন। কিন্তু আমি জানি বিগত ১৯৭০ সাল থেকে পাঁচ বছরের lease নেওয়া হয়েছে। যে জলকরের কথা হচ্ছে আট মাইল দীর্ঘ পদ্মার ধার সেই জলধার আমি জানি অনেক টাকা আয় হয়েছে। সেই আয়ের হিসাব দাখীল করা হয়নি। আমার জিজ্ঞাস্য মন্ত্রিমহাশয়ের কাছে তিনি কি অবগত আছেন এই আয়করের হিসাব দাখীল করা হয়েছে কিনা ?

**Dr. Zainal Abedin :** Audit তো হয়েছে।

**Shri Harendranath Halder :** মাননীয় মন্ত্রিমহাশয়, আমি সেই Societyর একজন Director হিসাবে জানি যে Audit হয়েছে কি না ?

**Dr. Zainal Abedin :** আপনি সহ-সম্পাদকও বটে।

## যৌথ খামার

*৪০৩ (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৬।) **Shri Sukumar Bandyopadhyay :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যৌথ খামার প্রথায় চাষ শুরু করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কি ভাবে কার্যকরী হবে এবং সে সম্পর্কে সরকার কোন কর্মসূচী গ্রহণ করেছেন কি না ?

**Dr. Zainal Abedin :** (ক) সমবায় খামার প্রকল্প দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার সময় হইতেই গ্রহণ করা হয়েছে। যৌথ খামার (collective farming) গঠন এই প্রকল্পে অন্তর্ভুক্ত।

(খ) সরকারের খাস বা vested জমি পাওয়া গেলে প্রধানতঃ ভূমিহীন চাষী ও আদিবাসী প্রভৃতিকে লইয়া সমবায় যৌথ খামার গঠন করা হয়। এইরূপ জমি পাওয়ার অনিশ্চয়তার জন্য যৌথ খামার গঠনের কোন নির্দিষ্ট কর্মসূচী গ্রহণ ও কার্যকরী করা সম্ভব হয় নাই।

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে পশ্চিমবঙ্গে অদূর ভবিষ্যতে যৌথ খামারের পরিকল্পনাকে কার্যকরী করার কোন সক্রিয় কর্মপন্থা গ্রহণ করবেন কিনা ?

**Dr. Zainal Abedin :** আপনারা এটা নিশ্চয়ই জানেন আমাদের যা লক্ষ্য তাতে এর উপর জোর দেওয়া উচিত। কিন্তু bottlenecks কিছুটা আছে সেটা আমি বলেছিলাম।

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন যে এটা আমাদের লক্ষ্য। আমার প্রশ্ন হচ্ছে এই লক্ষ্যকে বাস্তবে রূপায়িত করার জন্য সরকারের পক্ষ থেকে কোন সুনির্দিষ্ট সক্রিয় কর্মপন্থা গ্রহণ করা হয়েছে কিনা ?

**Dr. Zainal Abedin :** এই রকম পরিকল্পনা দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা থেকে রয়েছে। এটাতে কতকগুলি bottlenecks আছে সেগুলি আমরা বিবেচনা করে দেখছি যে কি প্রকারে এটাকে আরো জোরদার করা যায়।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কত একর জমি এক জায়গায় থাকলে, compact areaতে থাকলে এই প্রকার যৌথখামার ব্যবস্থা চাষের আওতায় আনা হবে ?

**Dr. Zainal Abedin :** এটার নির্দিষ্ট কোন grammar নেই। মূল কথা যা আছে society viable হলে this cooperative farming society তার উপরে নির্ভর করবে। কোন নির্দিষ্ট কিছু নেই যে ১০ বিঘা, ৫ বিঘা, একশত বিঘা বা দুইশত বিঘা, এই রকম কোন নির্দিষ্ট কিছু নেই। Viable হলে যে রকম available land হবে তার উপর society viable হলে তার ভিত্তিতে economics অনুসারে individual merit বিচার করে হয়।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় মন্ত্রিমহাশয়, পশ্চিম বাংলার মধ্যে এমন একটা কি জায়গা নেই, যে compact area পাঁচ কিম্বা ততোধিক বিঘা জমি সরকারে ন্যস্ত হয়েছে এবং সেখানে সেই রকম চাষের ব্যবস্থা করা সম্ভব নয় ?

**Dr. Zainal Abedin :** এটা অন্য department-এর প্রশ্ন। সরকারে সে জমি ন্যাস্ত হয়েছে। এখানে land distribution and land utilisation, individual ভূমিহীনদের দেওয়া হয়, এখানে land utilisation and land reform থেকে এই ব্যবস্থা নেওয়া হয়নি। আর যৌথখামার করার সময় সকলকে একটা callective farming-এ আনতে হবে। আমরা এটা নিয়ে আলোচনা করছি, বিবেচনা করছি কিকরে করা যায়। হয়নি একথা বলিনি।

**Shri Sarat Chandra Das :** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন এটা দ্বিতীয় পঞ্চবার্ষিক থেকে কার্যকরী হয়েছে। দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষে হতে চলেছে। এই যে যৌথখামার ব্যবস্থা এই তিনটি পরিকল্পনার মধ্যে কয়টা করেছেন ?

**Dr. Zainal Abedin :** আপ টু ফাষ্ট ইয়ার অব ফোর্থ প্ল্যান ১২১।

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যৌথ খামার প্রথায় চাষ করবার জন্য যদি কোন বে-সরকারী পরিকল্পনা থাকে এবং এই পরিকল্পনায় উৎসাহ প্রদর্শন করে, তাহলে সরকারপক্ষ থেকে সাহায্য করা হবে কিনা ?

**Dr. Zainal Abedin :** নিশ্চয় করা হবে, হয়ে থাকে।

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কি ধরনের সাহায্য এই বাবদ করা হয়েছে ?

**Dr. Zainal Abedin :** মোটামুটি সাহায্যের ধরণটা বলে দিলেই হবে। আংশিকভাবে মূলধন হিসাবে সংযুক্ত এবং যৌথ খামারে দুই হাজার টাকা ঋণ, ভূমি উন্নয়নের জন্য সংযুক্ত খামারে একর পিছু ১০০ টাকা করে ঋণ (অনুদান নয়) আর যৌথ খামারে একর প্রতি ১৫০ টাকা হিসাবে ঋণ, গুদাম, গোশালা নির্মাণের জন্য ৩,৭৫০ টাকা ঋণ এবং ১,২৫০ টাকা অনুদান, সাবসিডি, পরিচালনা অনুদান ১,২০০ টাকা সংযুক্ত খামারে, পাঁচ বৎসরব্যাপী, প্রথম বৎসরে ৪০০ টাকা পরবর্তী বৎসরগুলিতে ২০০ টাকা করে দিই। যৌথ খামারে ২,১০০ টাকা চার বছরে, প্রথম বছরে ৬০০ টাকা, পরবর্তী প্রতি বছরে ৫০০ টাকা করে।

## রায়গঞ্জে ইণ্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনষ্টিটিউট

*৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৬।) **Shri Ramendra Nath Dutt :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রায়গঞ্জে আই টি আই (ইনডাসট্রিয়াল ট্রেনিং ইনসষ্টিটিউট)-এর জন্য কোন কন্সট্রাকসন হইয়াছে কিনা : এবং

(খ) হইয়া থাকিলে—

(১) উক্ত আই টি আই কবে চালু হইবে, এবং

(২) আপাততঃ কতজন ছাত্র ভর্তি হইবে ?

**Shri Tarun Kanti Ghosh :** (ক) হ্যাঁ।

(খ) (১) বিষয়টি অর্থ বিভাগের বিবেচনাধীন আছে। অর্থ বিভাগের সম্মতি পাইলে আশা করা যায় ১৯৭৩ সালের অগাস্ট মাস হইতে চালু হইবে।

(২) প্রথম পর্যায়ে বিভিন্ন বিষয়ে ১৮৮ জন ছাত্রের ভর্তির ব্যবস্থা হইবে।

**Shri Ramendra Nath Dutt :** এই বিল্ডিং-এর কাজ কমপ্লিট হয়েছে কোন বছর থেকে ?

**Shri Tarun Kanti Ghosh :** খোঁজ নিয়ে জেনেছি কাজ শেষ হয়ে গেছে, একজাক্ট বছর এখানে নাই, এখনও পর্যন্ত উইয়ারিং-এর কাজ শেষ হয়নি, অতএব বলা যায় যে এ বছর শেষ হচ্ছে। শেডগুলি শেষ হয়ে গেছে, মেসিনারী কিনবার জন্য চেষ্টা হচ্ছে, তাই আগস্ট থেকে চালু করা যায়নি, পরের বছর চালু করা হবে।

**Shri Rameudra Nath Dutt :** এখন এটা কি হিসাবে ব্যবহার করা হচ্ছে, বাজে লোক এসে সেটা নষ্ট করছে, নাকি কোন প্রটেকসন কিছু আছে ?

**Shri Tarun Kanti Ghosh :** এই রকম কোন খবর আমার কাছে নাই।

## ব্যাণ্ডেল থার্মাল প্ল্যাণ্টের কর্মচারিবৃন্দ

*৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৮।) **Shri Abdul Bari Biswas :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যাণ্ডেল থার্মাল প্ল্যাণ্টে কতজন কর্মচারী বর্তমানে কাজ করেন ; এবং

(খ) কর্মরত কর্মচারীদের মাসিক কত মাহিনা এবং ওভারটাইম বাবদ দিতে হয় ?

**Shri Suniti Chattoraj :** (ক) মোট ১,২১৮ জন।

(খ) উপরোক্ত কর্মচারীদের মাসিক মাহিনা এবং overtime-এর গড় যথাক্রমে ৪,৪০,১০০ টাকা এবং ৯৭,৫০০ টাকা।

**Shri Abdul Bari Biswas :** তাহলে এখন যেটা বুঝতে পারা যাচ্ছে ১৭ হাজার টাকা এখানে ওভারটাইম বাবদ দেওয়া হচ্ছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি এই ব্যাণ্ডেল থার্মাল প্ল্যান্টে ওভারটাইম বন্ধ করে দিয়ে নূতন কর্মচারী নিয়োগের বিষয়ে কোন পরিকল্পনা বা সিদ্ধান্ত আছে কিনা ?

**Shri Suniti Chattoraj :** এখন পর্যন্ত সে রকম কোন পরিকল্পনা বা সিদ্ধান্ত গ্রহণ করিনি, তবে ভবিষ্যতে গ্রহণ করার জন্য চিন্তা আমাদের আছে।

**Shri Nitai Pada Ghosh :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে এখানকার কর্মচারীরা কাজের সময় কাজ করে না, ওভারটাইম নেবার জন্য বসে থাকে ?

**Shri Suniti Chattoraj :** সে রকম তথ্য আমার জানা নাই, মাননীয় সদস্য যদি সে রকম তথ্য আমাকে দেন, তাহলে নিশ্চয়ই তদন্ত করব।

## জে, কে, নগর অ্যালুমিনিয়াম ফ্যাক্টরিতে বিদ্যুৎ সরবরাহের হার

*৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩।) **Shrimati Geeta Mukhopadhyaya :** পাবলিক আণ্ডারটেকিং বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর প্রজেক্ট লিমিটেড যখন জে, কে, নগর অ্যালুমিনিয়াম ফ্যাক্টরিকে বিদ্যুৎ সরবরাহ করত তখন কি রেটে সরবরাহ করত ; এবং

(খ) সেই সরবরাহ উৎপাদন খরচের চেয়ে বেশি হারে না কম হারে করা হত ?

[1-20—1-30 p.m.]

**Shri Atish Chandra Sinha :** (ক) দুর্গাপুর প্রজেক্টস লিমিটেড বিগত ছয় বৎসর যাবৎ অ্যালুমিনিয়াম ফ্যাক্টরিকে যে বিদ্যুত সরবরাহ করিত তাহার বাৎসরিক হার নিম্নে দেওয়া হইল :

| বৎসর | দাম (পয়সা ইউনিট প্রতি) |
|---|---|
| ১৯৬৫-৬৬ | ৩.২৫ |
| ১৯৬৬-৬৭ | ২.৯০ |
| ১৯৬৭-৬৮ | ২.৮৪ |
| ১৯৬৮-৬৯ | ২.৮০ |
| ১৯৬৯-৭০ | ২.৯৯ |
| ১৯৭০-৭১ | ২.৯৭ |

(খ) কম হারে।

**Shrimati Geeta Mukhopadhyaya :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে উৎপাদন খরচের চেয়ে বেশী ২০০/৩০০ per cent কমে সেখানে দেওয়া হতো এবং এ দেওয়ার দরুন লস অফ রেভিনিউ যা দুর্গাপুর প্রজেক্টে লসে রান করছে।

**Shri Atish Chandra Sinha :** শিল্প স্থাপন করবার জন্য সরকার ইলেকট্রিসিটি দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং কম হারে দেওয়া হতো। ১৯৭০ সালের জুন মাসের পর থেকে আর সাপ্লাই করা হচ্ছে না, ডি ভি সি থেকে দেওয়া হচ্ছে।

**Shri Harasankar Bhattacharyya :** পাবলিক সেকটারে এর যে প্রতিষ্ঠান করা হয়েছে সেখানে প্রাইভেট ব্যবসায়ীদের কি বেশী মুনাফা লোটবার জন্য উৎসাহ দেওয়া হচ্ছে ?

**Mr. Speaker :** It is a matter of opinion.

## হলদিয়ার শিল্পোন্নয়ন পরিকল্পনা

*৪০১। (অনুমোদিত প্রশ্ন নং *১১০।) **Shri Sudhir Chandra Das :** বাণিজ্য এ শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া অঞ্চলে সামগ্রিক শিল্পোন্নয়ন পরিকল্পনায় এ বছর নূতন কর্মসংস্থানে সম্ভাবনা আছে ; এবং

(খ) ঐ কর্মসংস্থানে পশ্চিমবঙ্গের স্থায়ী অধিবাসীদের কোন নির্দিষ্ট কোটা আছে কিনা !

**Shri Tarun Kanti Ghosh :** (ক) ও (খ) হলদিয়ায় বর্তমানে যে প্রকল্পের কা চলিতেছে তাহা এখনও শেষ হয় নাই। অতএব এ বৎসর কত লোকের কর্মসংস্থান হইবে তা বলা সম্ভব নয়। তবে চাকুরীর ক্ষেত্রে পশ্চিমবঙ্গের অধিবাসীদের অগ্রাধিকার দেওয়াই সরকারে নীতি।

**Shri Sudhir Chandra Das :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, সেখানে যে শ্রমি রয়েছে তার মধ্যে অবাঙ্গালীর সংখ্যা অর্ধেকের বেশী ও বাঙ্গালী শ্রমিকের সংখ্যা কম ?

**Shri Tarun Kanti Ghosh :** হ্যাঁ, আমার জানা আছে। কিন্তু সেখানে কারখানা কাজ হচ্ছে না। যারা কনট্রাক্টার কাজ করাচ্ছেন তাদের কাজে এই সংখ্যা হতে পারে কারখানা হলে সেখানে শ্রমিকদের কাজ দেওয়া হবে ও সেখানে পশ্চিম বাংলার ছেলেদে অগ্রাধিকার দেওয়া হবে।

**Shri Sudhir Chandra Das :** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কিনা যে ঐখানে যেসম কর্মচারী কাজ করে তাদের সংখ্যা প্রায় ৬ হাজার ও তাদের মধ্যে প্রায় ৩ হাজারের মত লো অবাঙ্গালী—বাংলার বাহিরের লোক ?

**Shri Tarun Kanti Ghosh :** আমি আগেই বলেছি যে ঐ কারখানায় ঐ সমস্ত লো কাজ করে না, কনট্রাকটারের অধীনে কাজ করে। ঠিক কত লোক কাজ করে আমার পক্ষে এখ বলা সম্ভব নয়। আপনি বলবার পর আমি সংবাদ নিচ্ছিলাম তাতে আমি জেনেছি যে সেখা অনেক অবাঙ্গালী কাজ করে ও কারখানা হলে সেখানে পশ্চিম বাংলার ছেলেরা অগ্রাধিক পাবে।

**Shri Sudhir Chandra Das :** আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যে আমাদের কোনরকম কো আছে কিনা ? সরকার নিশ্চয়ই অবগত আছেন যে বিহার ও উড়িষ্যা ইত্যাদি জায়গায় তা নির্দিষ্ট কোটা ঠিক করে দিয়েছেন যে, তাদের লোকেদের অগ্রাধিকার থাকবে, আমাদের সরক সেরূপ করছেন না কেন ?

**Shri Tarun Kanti Ghosh :** আইনগতভাবে সেটা করতে পারি না। আমার মনে বেশী কথা না বলে যাতে পশ্চিম বাংলার অধিবাসীদের বেশী চাকরি দিতে পারি সেদিকে আমাদে নজর দেওয়া উচিত। এই ধরণের আইন পাশ করার কথা বলছি না।

**Shri Sukumar Bandyopadhyaya :** মাননীয় মন্ত্রিমহাশয় একটু আগে বললেন সেখানে কোন কারখানা তৈরী হয় নাই, এবং সেখানে কোন শ্রমিক বা লোকজন নিয়োগ ক হয়েছে কিনা তা বলা সম্ভব নয়। একথা তিনি স্বীকার করেছেন যে, ঠিকাদারদের নিয়ন্ত্রণে বি শ্রমিক সেখানে কাজকর্ম করছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—সেখানে সরকারী যে প্রকল্পের কাজকর্ম চলছে, সেখানে ঠিকাদাররা যে লোকজন নিয়োগ করবেন, তার উপর পশ্চিম

**Shri Tarun Kanti Ghosh :** এ আমার জানা নাই। PWD মিনিস্টার বা Irrigation মিনিস্টার যারা ঠিকাদার নিয়োগ করেন, তাঁরা এটা জানেন।

**Shrimati Geeta Mukhopadhyaya :** হলদিয়া প্রকল্পের পরবর্তীকালের কাজে স্থানীয় ছেলেদের অগ্রাধিকার দেওয়ার কথা তিনি বলেছেন। এই হলদিয়া তৈরী করবার জন্য যে কৃষকদের জমি থেকে উচ্ছেদ করা হয়েছিল, তাদের ছেলেদের উপযুক্ত বিবেচনায় সর্বাগ্রে অধিকার দেওয়ার কথা তিনি বিবেচনা করেছেন কি ?

**Shri Tarun Kanti Ghosh :** নিশ্চয়ই। বাস্তুচ্যুত যারা হয়েছে, তাদের অগ্রাধিকার দেওয়ার কথা বিবেচনা করতেই হবে। সব জায়গায় তাই হয়ে থাকে।

**Shrimati Geeta Mukhopadhyaya :** এখন কিন্তু তা হচ্ছে না, তা আপনি অবগত আছেন ?

**Shri Tarun Kanti Ghosh :** এখন পর্যন্ত সেখানে কোন কারখানা তৈরী হয় নাই। কাজেই এ প্রশ্ন এখন উঠছে না।

**Shri Aswini Roy :** বর্তমানে হলদিয়া প্রজেক্ট গড়ার জন্য যারা অস্থায়ী কর্মচারী হিসেবে কাজকর্ম করছে, ওটা গড়ে উঠলে স্থায়ী কর্মচারী হিসেবে নিয়োগের ক্ষেত্রে এদের কথা কি বিবেচনা করা হবে ?

**Shri Tarun Kanti Ghosh :** এখানে more than 50 per cent অন্য প্রদেশের লোক এটা যাঁরা জেনেও একথা বলেন,—I don't think that would be approved by the House.

**Shri Harasankar Bhattacharyya :** Contractor-দের লোক নিয়োগের ক্ষেত্রে সরকারের কি কোন ক্ষমতা নাই ?

**Mr. Speaker :** The Minister need not answer this question.

**Tenughat Dam**

***410.** (Admitted question No. *726.) Shrj **Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) where the State Government has come to any arrangement with the Government of Bihar on the issue of offtake from Tenughat Dam for West Bengal, and

(b) if so, the nature of the agreement ?

**Shri Suniti Chattaraj :** (a) No.

(b) Does not arise.

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি—এই যে তেনুঘাট বাঁধ বিহার সরকারের আওতারে রয়েছে, তা থেকে আমাদের পশ্চিমবঙ্গ সরকার কি কিভাবে উপকৃত হন ?

**Shri Suniti Chattaraj :** মাননীয় সদস্য জানেন যে the matter is still under negotiation. কাজেই এ প্রশ্ন কি করে উঠতে পারে বুঝি না।

**Mr. Speaker** : Mr. Chattaraj, don't give any reply to the member directly—give it through the Chair.

**Shri Rajani Kanta Doloi** : এই ড্যামটি তেনুঘাটে বিহার সরকারের আওতারে থাকার ফলে পশ্চিমবংগ সরকার কিভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন ?

**Shri Suniti Chattaraj** : এটা একটা separate issue. নোটিশ দেবেন, উত্তর দেব।

**Shrimati Geeta Mukhopadhyaya** : এটা কি সত্য যে, তেনুঘাট ড্যাম বিহার সরকার আলাদাভাবে করছেন এবং দামোদর ভ্যালী করলে—সস্তায় ১০ পয়সায় আমরা জল পেতে পারতাম এবং দামোদর ভ্যালী সিস্টেমে করার ফলে আমাদের জলের মূল্য হিসাবে অনেক বেশী মূল্য এখন দিতে হবে ?

[1-30—1-40 p. m.]

**Shri Suniti Chattaraj** : এই প্রসংগে এই প্রশ্ন আসতে পারে না। আপনি নির্দিষ্ট নোটিশ দেবেন, আমি বলে দেবো।

**Shri Aswini Roy** : এই যে ৭/৮টি ড্যাম করার পরিকল্পনা আছে তার মধ্যে এই তেনুঘাট ড্যাম আছে সেটার মধ্যে দেখা যাচ্ছে ১৬০ কিউসেক জল পশ্চিম বাংলাকে বিহার সরকার সরবরাহ করবে এই রকম কোন কন্ট্রাক্ট হয়েছে, আলোচনা হয়েছে ?

**Shri Suniti Chattaraj** : ১৬১ নয়, ৩০০ কিউসেক জলের জন্য আমরা আবেদন করবো।

**Shri Aswini Roy** : বিহার সরকার কি এ ব্যাপারে এগ্রি করেছে যে তারা দেবে ?

**Shri Suniti Chattaraj** : বিহার গভর্নমেন্টের সংগে কোন এগ্রিমেন্ট হয় নি।

**Small-Scale Industrial Units in Darjeeling**

***412.** (Admitted question No. 852.) **Shri Deo Prakash Rai** : Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) whether the Government have prepared any list of small-scale industrial units to be established in the district of Darjeeling : and

(b) if so—

(i) what are the units,

(ii) location of each unit.

(iii) initial financial involvement for each unit, and

(iv) the approximate employment scope in each unit ?

**Shri Atish Chandra Singha** : (a) The State Government has no scheme to set up small-scale industrial units departmentally in the district of Darjeeling.

(b) (i), (ii), (iii) and (iv) Does not arise.

## মুর্শিদাবাদ জেলায় শিল্পস্থাপন

*৪১১। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৪।) **Shri Adya Charan Dutta :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন মাঝারি বা বড় শিল্প স্থাপনের পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে কোথায় কোথায় এবং কি ধরণের পরিকল্পনা আছে?

## মুর্শিদাবাদ জেলায় বৃহৎ শিল্প

*৪৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২।) **Shri Adya Charan Dutta :** বাণিজ্য এবং শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বড় শিল্প স্থাপনের কোন পরিকল্পনার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা; এবং

(খ) করিলে তাহা কোথায় কোথায় এবং কি কি ধরণের শিল্প স্থাপন করা হইবে?

**Shri Tarun Kanti Ghosh :** (ক) পশ্চিমবংগের অন্যান্য স্থানের সাথে সাথে মুর্শিদাবাদ জেলাতেও নূতন শিল্প স্থাপনের ইচ্ছা সরকারের থাকিলেও এই মুহূর্তে মুর্শিদাবাদে কোন নূতন শিল্প স্থাপনের প্রস্তাব সরকারের নিকট আসে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**Shri Abdul Bari Biswas :** মুর্শিদাবাদ জেলার প্রস্তাব থাকলেও কোন পরিকল্পনা আসে নি—সেই রকম কোন কারণও ঘটে নি। আমার প্রশ্ন হচ্ছে মুর্শিদাবাদ জেলায় মাঝারি ও বড় শিল্প স্থাপনের প্রশ্ন আছে কিনা—এবং থাকলে কোথায় কোথায় আছে এবং কি কি ধরনের শিল্প সংস্থাপনের প্রশ্ন আছে।

**Shri Tarun Kanti Ghose :** ফরাক্কাকে একটা গ্রোথ সেন্টার করা হয়েছে—এই ফরাক্কা থেকে বিভিন্ন শিল্প স্থাপন করার জন্য একে উন্নয়ন করা হচ্ছে। এখনও পর্যন্ত এই মুর্শিদাবাদ জেলায় কি কি শিল্প স্থাপন করা যেতে পারে সে সম্বন্ধে I have not received any proposal for establishing any particular industry at Farakka or in Murshidabad uptill now.

## ভগবানগোলা থানা এলাকায় সেচ

*৪২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩।) **Shri Mohammad Didar Box :** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ভগবানগোলা থানায় বর্তমানে সেচের কোন ব্যবস্থা নাই; এবং

(খ) অবগত থাকিলে—

(১) সেচের ব্যবস্থা না থাকার কারণ কি, এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করছেন?

**Shri Suniti Chattaraj :** (ক) সেচ ও জলপথ বিভাগের অধীনে সেচের কোন ব্যবস্থা নাই, কিন্তু কৃষি বিভাগের অধীনে এই থানায় ৩টি 'রিভার লিফ্‌ট' সেচ প্রকল্প আছে।

(খ) উক্ত এলাকা নদী সেচের আওতার বাহিরে থাকায় সেচ ও জলপথ বিভাগের অধীনে কোন সেচ ব্যবস্থা গ্রহণ করিবার প্রশ্ন উঠে না, তবে কৃষি বিভাগের অধীনে কয়েকটি গভীর নলকূপ স্থাপন করিবার পরিকল্পনা রহিয়াছে। ইহা ছাড়া ঐ বিভাগের অধীনে একটি 'নালা সংস্কার' করিবার পরিকল্পনা পরীক্ষাধীন রহিয়াছে।

**Shri Mahammad Dedar Box :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কোথায় কোথায় নলকূপ বসাবার পরিকল্পনা রয়েছে ?

**Shri Suniti Chattaraj :** এটা কৃষি বিভাগের অধীনে, আমার পক্ষে বলা সম্ভব নয়।

Question No. *425.

**Shri Suniti Chattaraj :** Mr. Speaker, Sir, the question should be held ver.

**Mr. Speaker :** Starred question 425 is held over.

## সিনকোনা

*৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৮।) **Shri Mahammad Safiulla :** শিল্প ও াণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের সিন্‌কোনা বিভাগ হইতে বার্ষিক আয়ের পরিমাণ কত ;

(খ) প্রতি বছর সিন্‌কোনা রোপণের জন্য যে টাকা ব্যয় করা হয় তাহাতে সিন্‌কোনাচাষ প্রতি বছর বৃদ্ধি পাইতেছে কিনা ; এবং

(গ) আধুনিক পদ্ধতিতে কুইনিন উৎপাদনের জন্য সরকার যে বায়বরাদ্দ গত বছর মঞ্জুর করিয়াছিলেন তাহার দ্বারা ঐ বিভাগটিতে আধুনিক উপায়ে কুইনিন উৎপাদিত হইতেছে কি ?

**Shri Gajendra Gurung :** (a) The income during 1971-72 is 78,27,700.

(b) Yes.

(c) No.

**Shri Md. Safiulla :** Will the Hon'ble Minister be pleased to state hether the Government is aware that due to the appearance of new edicines in the field for checking malaria this quinine industry is facing :isis ?

**Shri Gajendra Gurung :** No, the quinine industry is not facing any isis. The Government is making a proposal for the modernisation of ie quinine industry and so the question of facing any crisis does not me at present.

## অগভীর নলকূপ বৈদ্যুতিকরণ পরিকল্পনা

*৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯৯।) **Shri Sakti Kumar Bhattacharyya :** দ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকার অগভীর নলকূপগুলি বৈদ্যুতিকরণ করিবার পরিকল্পনা করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, পশ্চিমবঙ্গে ১৯৭২-৭৩ সালে কতগুলি অগভীর নলকূপে বিদ্যুৎ সরবরাহ করা হইবে ?

**Shri Suniti Chattaraj :** (ক) হাঁ।

(খ) ১৬,৫৮২।

**Shrimati Geeta Mukhopadhyaya :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, একথা কি সত্য যে, ১৫ হাজার স্যালো টিউবওয়েলে কানেকশান দেবার কথা ইতিপূর্বে ঘোষিত হয়েছিল?

**Shri Suniti Chattaraj :** এটা আমি খবর নিয়ে জানাবো।

[1-40—1-50 p.m.]

**Shri Aswini Roy :** এখন যে ধরনের বিদ্যুৎ সংকট দেখা দিয়েছে তাতে এই ১৬ হাজার ৫৮২টি অগভীর নলকূপে আপনারা বিদ্যুৎ সরবরাহ করবেন বলছেন, এই টারগেট কি পূরণ করা যাবে।

**Shri Suniti Chattaraj :** আশা করি নিশ্চয় যাবে।

**Shri Rajani Kanta Doloi :** সরকারের এই রকম কোন প্রোপোজাল আছে কিনা যেখানে স্যালো টিউবওয়েল বসানো হবে সেখানে যদি আগে ইলেকট্রিসিটি না গিয়ে থাকে তাহলে স্যালো টিউবওয়েল হবে না—এই রকম কোন প্রোপোজাল আপনাদের আছে কিনা, সেটা বলবেন?

**Shri Suniti Chattaraj :** না, সে রকম কোন প্রোপোজাল আমার কাছে এ পর্যন্ত নেই।

**Shri Rajani Kanta Doloi :** যেসব এলাকায় স্যালো টিউবওয়েলে এখন পর্যন্ত ইলেকট্রিফায়েড হয়নি সেইসব এলাকায় কতগুলি টিউবওয়েল একসংগে থাকলে সেখানে ইলেকট্রিফিকেসন করা যেতে পারে বা ইলেকট্রিফায়েড হতে পারে, এটা জানাবেন কি?

**Shri Suniti Chattaraj :** এই রকম কোন বিধিবদ্ধ নিয়ম করিনি। তবে যেসব জায়গায় স্যালো টিউবওয়েলের ইমপর্টেন্সী আছে, গুরুত্ব আছে সেখানে বিদ্যুৎ নিয়ে যাবার চেষ্টা করছি এবং সেরকম প্রকল্প আমাদের হাতে আছে।

**Shri Sachinandan Shaw :** আমি একটি স্পেসিফিক কেস দিচ্ছি। বীরভূম জেলার কোটায় অগভীর নলকূপ করা হয়েছে, কিন্তু সেখানে এখন বিদ্যুৎ সরবরাহ করা হয় নি, এই সম্পর্কে কি মন্ত্রিমহাশয় অবগত আছেন?

**Mr. Speaker :** The question does not arise.

**Shri Abdul Bari Biswas :** একটি কমপ্যাক্ট এরিয়ার মধ্যে ৫টি স্যালো টিউবওয়েল না হলে সেখানে বিদ্যুৎ সরবরাহের কোন পরিকল্পনা সরকারের নেই, এটা কি মাননীয় মন্ত্রিমহাশয় জানেন?

**Shri Suniti Chattaraj :** আমি এর উত্তর আগেই দিয়েছি। আমি অলরেডি বলেছি যে, আমাদের যে প্রকল্প আছে সেই অনুসারে আমরা এগিয়ে যাচ্ছি।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমার সাপ্লিমেন্টারী প্রশ্নটা হচ্ছে একটি কমপ্যাক্ট এরিয়ার মধ্যে যদি ৫টি স্যালো টিউবওয়েল না থাকে তাহলে সেখানে সরকারের বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা নেই—এই রকম ধরনের ব্যবস্থার কথা আপনার জানা আছে কি?

**Shri Suniti Chattaraj :** স্যার, আমি এর উত্তর যেরকম ভাষায় আগে দিলাম সেট হচ্ছে আমাদের যেরকম প্রকল্প আছে তার বাহিরে কোন নিয়ম ভঙ্গ করা হচ্ছে না।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—যেখানে ৫টির কম টিউবওয়েল আছে সেখানে ৫টি টিউবওয়েল করার কোন পরিকল্পনা সরকারের আছে কি, নেই এবং যেখানে ৫টি টিউবওয়েল আছে সেখানে কতদিনের মধ্যে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করবেন, সেটা জানাবেন ?

**Shri Suniti Chattaraj :** এটা সেপারেট ইস্যু। আপনি পরে প্রশ্ন করবেন, আমি উত্তর দেব।

**Shrimati Geeta Mukhopadhyaya :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন—৫টি টিউবওয়েল রয়েছে, দীর্ঘদিন ধরে কানেকসনের জন্য দরখাস্ত করেছে, টাকাও জমা দিয়েছে, কিন্তু তবুও বহু ক্ষেত্রে কানেকসন পাচ্ছে না, এই কথা কি সত্য ?

**Shri Suniti Chattaraj :** স্যার, মাননীয়া সদস্যা যদি আমাকে তথ্য সরবরাহ করেন তাহলে আমি উপযুক্ত তদন্ত নিশ্চয় করবো।

**Shri Harendra Nath Halder :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—সরকারের তরফ থেকে যেসব স্যালো টিউবয়েলগুলি দেওয়া হয়, যেখানে ইলেকট্রিসিটি নেই সেখানে পাম্প মেশিনের প্রয়োজন হয়। খরাক্লিষ্ট এরিয়ায় সেচের জন্য স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল ইত্যাদি বসানোর জন্য সরকার পরিকল্পনা নিয়েছেন। অনেক জায়গায় হয়েছে, কিন্তু এখন সেখানে ইলেকট্রি-ফিকেসনের ব্যবস্থা করা হয় নি, যার জন্য সেগুলি চালু হতে পারছে না। কাজেই যেখানে ইলেকট্রিসিটি যায় নি, অথচ স্যালো টিউবওয়েল হয়েছে কিন্তু চালু করা যাচ্ছে না বিদ্যুতের জন্য, সেখানে সরকার থেকে প্রচুর পরিমাণে পাম্প সরবরাহ করবার কি কোন পরিকল্পনা করেছেন ?

**Shri Suniti Chattaraj :** মাননীয় সদস্য অনেকগুলি প্রশ্ন একসংগে করলেন। একসংগে এতগুলি প্রশ্ন করলে উত্তর দেওয়া সম্ভব নয়।

**Mr. Speaker :** Starred question No. 432 is held over.

## দামোদর নদীর ভাঙ্গনে কনকপুর গ্রাম

*৪৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬২।) **Shri Puranjoy Pramanik :** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্ধমান জেলার জামালপুর থানার কনকপুর গ্রাম দামোদর নদীর ভাঙ্গনের ফলে নিশ্চিহ্ন হইবার উপক্রম হইয়াছে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হাঁ" হয়, তবে এই ভাঙ্গন প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**Shri Suniti Chattaraj :** (ক) কনকপুর অঞ্চলে ভূমিক্ষয়ের প্রকোপ দেখা যায়।

(খ) এলাকায় ভূমিক্ষয় প্রতিরোধের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করার বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই তবে নিম্নদামোদর পরিকল্পনার ২য় পর্যায়ে দামোদরের দক্ষিণতীরে বাঁধ নির্মিত হবে—উক্ত এলাকাটি বন্যার কবল হইতে রক্ষা পাইবে।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন আগামী বর্ষায় যদি মোদরের জল বৃদ্ধি হয় তাহলে গ্রামটা নিশ্চিহ্ন হবার আশঙ্কা আছে কিনা ?

**Shri Suniti Ghattaraj :** আশঙ্কা সম্বন্ধে কোন তথ্য পরিবেশন করতে পারবো না।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, গত বৎসর গায় এই বাঁধের ভাঙ্গন হয়েছে, ফলে প্রায় ৪০ জন লোক গৃহহীন হয়েছে ?

**Shri Suniti Chattaraj :** আমার Specific জানা নাই। তবে ভূমিক্ষয়ের কাপ দেখা যায় এই তথ্য আমার জানা আছে।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন অবিলম্বে এই মটি রক্ষা করার জন্য দামোদরের দক্ষিণে বাঁধের ব্যবস্থা করা দরকার কিনা ?

**Shri Suniti Chattaraj :** আমি সেটা মনে করি এবং সেজন্য সেচ বিভাগ দ্বিতীয় ায়ে দামোদরের দক্ষিণ তীরে বাঁধ নির্মিত হলে বন্যার কবল থেকে রক্ষা পাবে। সেজন্য ই রকম চিন্তা করে এগিয়ে যাচ্ছি।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই বৎসরে ার পূর্বে কিছু ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কিনা ?

**Shri Suniti Chattaraj :** এখন এই রকম কোন ব্যবস্থা গ্রহণ করতে পারবো কিনা ই আশ্বাস দিতে পারছি না।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, গ্রামটি নিশ্চিহ্ন ন এবং গ্রামের লোক গৃহহারা হলে তাতে কি সরকারের কোন দায়িত্ব আছে কিনা ?

**Shri Suniti Chattaraj :** এ প্রশ্ন এটা থেকে আসে না।

**Shri Tuhin Kumar Samanta :** ওনার দপ্তর যে তথ্য পেশ করছেন তা সম্পূর্ণ অসত্য। ন না। গ্রামটি ভেঙ্গে নদীর গর্ভে চলে যাচ্ছে এই বৎসর দামোদরের জল বৃদ্ধির সংগে সংগে মটি নিশ্চিহ্ন হবার আশঙ্কা আছে। আমি তাই মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি অবিলম্বে স্থ করে কোন ব্যবস্থা গ্রহণ করবেন কিনা ?

**Shri Suniti Chattaraj :** মাননীয় সদস্য যেকথা বললেন সে সম্পর্কে অবহিত আছি। ং চিন্তা করছি দামোদরের দ্বিতীয় পর্যায়ে দক্ষিণ তীর বাঁধ হলে রক্ষা পাবে; সে সম্বন্ধে স্থ করছি। ভূমি ক্ষয় হচ্ছে সে সম্পর্কেও অবহিত আছি।

**Mr. Speaker :** I have got copies of the answer to the question of . Sailendra Chattopadhyaya. Dr. Chattopadhyay, you may put the estion.

**Dr. Sailendra Chattopadhyay :** মাননীয় স্পীকার মহাশয় এটা held over করে দুন।

**Mr. Speaker :** Why ?

**Dr. Sailendra Chattopadhyay :** স্যার, এখানে answer tableএ ঠিকমত পাওয়া নি। সেজন্য আমরা ঠিক তৈরী হতে পারি নি।

**Mr. Speaker :** Dr. Chattopadhyay did not get the reply to the question in time on the library table, and so he is not prepared with the supplementaries. So, let the question be held over.

### কংসাবতী ক্যানেল হইতে খড়্গপুর ব্লকে জল সরবরাহ

*৪৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪১।) **Shri Ajit Kumar Bose :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) খড়্গপুর ২নং ব্লকের কংসাবতীর ক্যানেল হইতে কবে নাগাত জল ছাড়া হবে ; এবং

(খ) ঐ ক্যানেল হইতে এখনও পর্যন্ত জল না ছাড়ার কারণ কি?

**Shri Suniti Chattaraj :** (ক) কংসাবতী ক্যানেল হইতে খড়্গপুর অঞ্চলে ১৯৭৬ সালের আগে জল ছাড়া সম্ভব হইবে না।

(খ) Tarafeni South Main Canal এবং Kumari Dam নির্মাণের কাজ শেষ না হওয়ায় উক্ত অঞ্চলে ক্যানেলের জল ছাড়া সম্ভব নয়।

[1-50—2 p.m.]

**Shri Ajit Kumar Bose :** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে Canal বর্তমানে খনন করা হয়েছে সেটা নয়, পূর্বের Canal যেটা আছে, সেই Canal এর প্রশ্ন এটি ?

**Shri Suniti Chattaraj :** Specifically প্রশ্নের মধ্যে যা প্রশ্ন করেছেন, আমি সেই রকম উত্তর দিলাম। কংসাবতী ক্যানেল হইতে খড়গপুর অঞ্চলে ১৯৭৬ সালের আগে জল ছাড়া সম্ভব হবে না।

**Shri Rabindra Nath Bera :** মন্ত্রিমহাশয় জানাবেন কি কুমারী dam কবে জল দেবে সেইজন্য মেদিনীপুর Canal Comand Areaর মধ্যে পড়ে বলে জল পায় না কোনদিন সেইসব জায়গায় Deep Tubewell করার কোন বাধা আছে কি? এবং Deep Tubewell sink করার কোন permission দিয়েছেন কি ?

**Shri Suniti Chattaraj :** Deep Tubewell এর Department আমার নয়, সেটা কৃষি বিভাগের, সেই রকম উপযুক্ত তথ্যের ভিত্তিতে permission দেওয়া হচ্ছে না, এইরকম কোন কিছু আমার কাছে এলে আমি নিশ্চয়ই তদন্ত করে দেখবো।

### খরা-কবলিত এলাকায় ফসলহানি

*৪৩৮ (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৬।) **Shri Netaipada Sarkar :** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে কোন্ কোন্ জেলায় খরার কবলে পড়িয়া মোট কত একর জমির ফসলহানি ঘটিয়াছে ; এবং

(খ) উক্ত খরা-কবলিত এলাকায় ভূমিরাজস্ব মকুবের বিষয়টি সরকার বিবেচনা করিতেছেন কিনা ?

**Shri Gurupada Khan :** (ক) বিভিন্ন জেলায় খরার জন্য যে পরিমাণ জমিতে ফসল বোনা সম্ভব হয় নাই তার একটি বিবরণী টেবিলে রক্ষিত হল।

(খ) এরূপ কোন প্রস্তাব এখনও পাওয়া যায় নাই।

*Statement referred to in reply to clause (a) of starred question No. 438.*

**১৯৭২ খ্রীষ্টাব্দের ২০শে মে পর্যন্ত বিভিন্ন জেলায় খরার কবলে পড়ে যে জমিতে ফসল বোনা সম্ভব হয় নাই তার একটি বিবরণী**

| | | ফসলের নাম | | |
|---|---|---|---|---|
| ক্রমিক সংখ্যা | জেলার নাম | বোরো (১০০০ একর হিঃ) | পাট (১০০০ একর হিঃ) | আউস (১০০০ একর হিঃ) |
| ১। | ২৪-পরগণা | ১৬'৭৫ | ৯৯'৮০ | ৬৫'৭৯ |
| ২। | নদীয়া | ১৯'০০ | ১৭৯'২৮ | ২০৬'৪০ |
| ৩। | মুর্শিদাবাদ | ১০'০০ | ২০২'১৬ | ১৭১'৯০ |
| ৪। | বর্ধমান | ২০'০০ | ২২'৮৯ | ৭৮'০০ |
| ৫। | বীরভূম | ২৫'০০ | ১.৩০ | ১২'২০ |
| ৬। | বাঁকুড়া | ২'২৪ | ২'৪০ | ১৩'৫০ |
| ৭। | মেদিনীপুর | ৯'৫০ | ২১'০৬ | ১৭৪'৩০ |
| ৮। | হুগলী | ৩৭'০০ | ৩৬'৭০ | ৪১.৮০ |
| ৯। | হাওড়া | ৪'০০ | ৯'১২ | ৭'০০ |
| ১০। | জলপাইগুড়ি | × | ১০'০৫ | ৫০'৭২ |
| ১১। | দার্জিলিং | × | ১'২৫ | ১১'০৭ |
| ১২। | মালদহ | ৫'০০ | ৫৫'৫৯ | ১৭২'২১ |
| ১৩। | পশ্চিমদিনাজপুর | ৪'৮০ | ৫৪'৬০ | ২৮১'৭৯ |
| ১৪। | কোচবিহার | × | + | ১৫'৩১ |
| ১৫। | পুরুলিয়া | ১'২৭ | ০'০০ | ১১'১০ |
| | মোট | ১৫৪ ৫৬ | ৬৯৬'৮০ | ১,৫৫১'০৯ |

**Shri Netaipada Sarkar :** যে সমস্ত জেলায় খরার জন্য ফসল হানি ঘটেছে, সেই জেলাগুলি থেকে যদি প্রস্তাব আসে তাহলে সেখানে খাজনা মুকুব করার কথা সরকার বিবেচনা করবেন কি ?

**Shri Gurupada Khan :** নিশ্চয়ই বিবেচনা করা হবে।

**Shri Netaipada Sarkar :** আমাদের মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় সম্ভবতঃ কয়েকটি জেলায় সফর করতে গিয়ে দেখেছেন, সেই সমস্ত জেলায় খরা বা বন্যার জন্য ফসল হানি ঘটেছে তিনি বলেছেন ভূমি রাজস্ব মকুব করা হবে, সেটা আপনার জানা আছে কি ?

**Shri Gurupada Khan :** মুখ্যমন্ত্রী ফিরে এলে আমি তাঁর কাছ থেকে সমস্ত বিষয় অবগত হবার চেষ্টা করবো।

**Shri Netaipada Sarkar :** যে সমস্ত কৃষকের এই ফসলহানি ঘটেছে তারা যদি আবেদন করে কৃষিঋণ মকুব করার জন্য, তাহলে আপনি সুপারিশ করবেন কি ?

**Mr. Speaker :** It is presumptive question—need not be answered.

**Shri Rajani Kanta Dolui :** যে সমস্ত খরা কবলিত এলাকা রয়েছে, সেই সমস্ত এলাকার তহশীলদাররা খাজনা আদায়ের জন্য চাপ দিচ্ছে এই রকম খবর আপনার কাছে আছে কি ?

**Shri Gurupada Khan :** ঠিক এই রকম খবর আমার জানা নেই।

**Shri Rajani Kanta Dolui :** তহশীলদাররা এই যে চাপ সৃষ্টি করছে, তারজন্য কোন ব্যবস্থা নেবেন কি ?

**Mr. Speaker :** It is a hypothetical question—need not he answered.

**Shri Sudhir Chandra Das :** সরকার যখন জানতে পেরেছেন, যেটাতে Government report এসেছে যে খরায় ধান নষ্ট হয়ে গেছে, যেখানে সরকার initiative নিয়ে খাজনা মকুব করতে যাবেন, না দেশের লোক দরখাস্ত করলে তবে মকুব হবে, এটা কোন নীতিতে হবে ?

**Shri Gurupada Khan :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের তৈরী manual এর ১১৫ নং নীতি অনুযায়ী এখানে কোন জেলায় যদি ফসলহানি ঘটে তাহলে জেলা সমাহর্তা নিজে রাজস্ব আদায় স্থগিত রাখতে পারেন। তারপর আমাদের যে নিয়ম আছে, Board of Revenue প্রস্তাব পাঠান, তখন সেটা বিবেচনা করা হয় যে, খাজনা আদায় বন্ধ হবে কি হবে না।

### Recruitments in the Durgapur Projects Ltd.

***439.** (Admitted questions No. *669.) **Shri Aswini Roy :** Will the Mihister-in-charge of the Puhlic Undertakings Department be pleased to refer to the reply to the starred question No. *2 (Admitted question No. *21) delivered in the House on the 28th June, 1972. and state—

(a) whether the Durgapur Projects Ltd. Authority made any reference to the Durgapur and Burdwan Fmployment Exchanges for sending names for recruitment of those 362 Sramiks, 14 Technical Staff and 3 Officers ; and

(b) if so—

(i) when such reference was made, and

(ii) the reply of those two Employment Exchanges in this regard ?

**Shri Atish Chandra Sinha :** (a) The Sub-Regional Employment Exchange at Durgapur was asked for particulars of candidates for Sramiks and Technical staff but Burdwan Employment Exchange was not.

(b)

| Sl. No. | Post notified | Date of reference to the Sub-Regional Employment Exchange, Durgapur. | Date of reply from Sub-Regional Employment Exchange, Durgapur. |
|---|---|---|---|
| 1 | Asstt. Nurse-cum-Midwife | 27.12.71 | 12 1 72 sending particulars of 3 candidates. |
| 2 | Pharmacist | 18 11.70 | 23 11.70 sending particulars of 7 candidates. |
| 3 | Dresser | 29 9 69 | 14.10.69 sending particulars of 19 candidates. |
| | | 19.12:69 | 24 1.70 sending particulars of 7 candidates. |
| 4 | Sramiks | 29.3.72 | 18.5.72 sending particulars of 2,006 candidates. |

**Shri Aswini Roy** : তারপর এই যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ নামগুলি পাঠালো, সেগুলিকে পরীক্ষা করবার জন্ম কোন কমিটি হয়েছিল কি ?

**Shri Atish Chandra Sinha** : আপনাদের আমি আগে বলেছি এবং এই প্রশ্নের জবাব আগেও দিয়েছি, আবার দিচ্ছি এপ্রিল মাসে কোর্থ কোক ওভেন ব্যাটারী ওপেন হওয়ার পর যে নাম পাঠিয়েছিল সেগুলি নেবার জায়গা পাইনি, নাম যা পাঠিয়েছিল তার আগেই যে দরখাস্তগুলি পেয়েছিলাম তাদের ক্ষেত্রে স্ক্রিনিং কমিটি এবং এমপ্লয়মেণ্ট কমিটি করা হয়েছিল, সেখানে এই দুটো কমিটির মাধ্যমে নেওয়া হয়েছে।

**Shri Aswini Roy** : তার উত্তরের অপেক্ষা না করে এবং এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে রিমাইণ্ডার দেওয়ার যে ব্যবস্থা সেটা করা হয়েছিল কি যে তারা নাম কেন পাঠালেন না ?

**Shri Atish Chandra Sinha** : এটা এত অল্প সময়ের মধ্যে হয়েছিল যে রিমাইণ্ডার দেবার সুযোগ হয় নি।

**Shri Tuhin Kumar Samanta** : ঐ শ্রমিকদের মধ্যে কতজন গ্রাজুয়েট এমপ্লয়মেণ্ট পেয়েছে ?

**Shri Atish Chandra Sinha** : ৩৬২ জনের মধ্যে ৩০০ জনের সেখানে ডাইরেক্ট এমপ্লয়মেণ্ট হয়েছে এবং ৬২ জন যাঁরা ফোর্থ কোক ওভেন ব্যাটারী ওপেনের সময় ছিলেন এবং সাহায্য করেছিলেন তাদের নেওয়া হয়েছে।

## স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে শূন্যপদ

*৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪।) **Shrimati Geeta Mukhopadhayay** : বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে ইঞ্জিনিয়ার ও অন্যান্য স্টাফের বহু অনুমোদিত পদ বর্তমানে খালি আছে ;

(খ) সত্য হইলে—

(১) কোন্ ক্যাটেগরিতে কয়টি পোস্ট কতদিন ধরে খালি পড়ে আছে ;

(২) খালি পড়ে থাকার কারণ কি ; এবং

(গ) এই বেকার সমস্যার দিনে এই পদগুলি পূর্ণ করার কি ব্যবস্থা হচ্ছে ;

**Shri Suniti Chattaraj** : (ক) হ্যাঁ, সত্য।

(খ) (১) এ সম্বন্ধে একটি তালিকা সংযোজিত হইল।

(২) ইহার মধ্যে চতুর্থ শ্রেণীর পদ ছাড়া বেশীর ভাগই নূতন সৃষ্ট এবং পর্ষদের নিয়মানুযায়ী বিভাগীয় প্রমোশনের ভিত্তিতে এই সকল পদ পূর্ণ করার ব্যবস্থা গ্রহণে কিছু সময়ের প্রয়োজন। চতুর্থ শ্রেণীর পদসমূহে নিয়োগের প্রথা বর্তমানে পর্ষদ সরকারের সহিত পরামর্শক্রমে স্থির করিতেছে।

(গ) চতুর্থ শ্রেণীর পদ ছাড়া অন্যান্য বেসিক গ্রেড পদে কাগজে বিজ্ঞাপন দ্বারা পূর্ণ করা হইবে। পর্ষদ সরকারের সহিত পরামর্শক্রমে যথাযথ প্রথায় বাহির হইতে অদক্ষ শ্রমিক দ্বারা চতুর্থ শ্রেণীর পদ সমূহ পূর্ণ করিবার ব্যবস্থা করিতেছেন।

**Shri Aswini Roy** : অল্প কয়েক দিন হলো পদগুলি সৃষ্টি করা হয়েছে এবং সব করা যায় নি, তাহলে আপনি কি অবগত আছেন যে অতঃপর অ্যাডভার্টাইস করা হচ্ছে এবং ইণ্টারভিউ করা হচ্ছে এবং প্যানেল করা হচ্ছে, সেই প্যানেল পড়ে রয়েছে ?

[2-00—2-10 p. m.]

**Sari Suniti Chattaraj :** এই রকম তথ্য আমার জানা নেই। মাননীয় সদস্য যদি দেন টা আমরা বিবেচনা করবো।

**Shrimati Geeta Mukhopadhyay :** প্যানেল যদি থাকে তাহলে সেটা অনুসৃত হবে কি?

**Shri Suniti Chattaraj :** না দেখে উত্তর দিতে পারবো না।

**Shri Rajani Kanta Doloi :** একটা প্যানেলের ভ্যালিডিটি কত বছর থাকতে পারে?

**Mr. Speaker :** Question hour is over. Now heldover questions.

### সাঁইথিয়া ব্লকে বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ ব্যবস্থা

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮।) **Shri Netai Pada Ghosh :** বিদ্যুৎ বিভাগের মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭০ ও ১৯৭১-৭২ সালে সাঁইথিয়া ব্লকে কতগুলি গ্রাম বৈদ্যুতীকরণ করার কথা ছিল;

(খ) তন্মধ্যে কতগুলি গ্রাম এ পর্যন্ত বৈদ্যুতীকরণ করা হইয়াছে এবং কতগুলি গ্রামে হয় নাই;

(গ) বৈদ্যুতীকরণে দেরি হওয়ার কারণ কি; এবং

(ঘ) যে গ্রামগুলিতে বৈদ্যুতিকরণ হয় নাই সেগুলিতে কতদিনের মধ্যে করা হইবে?

**Shri Suniti Chattaraj :** (ক) ১৯৭০-৭১ সনে একটিও না, ১৯৭১-৭২ সনে ১৮টি গ্রামে।

(খ) একটি গ্রামে হইয়াছে বাকিগুলিতে হয় নাই।

(গ) বীরভূম জেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির জন্য। নকশালী হামলার জন্য বিদ্যুৎ পর্ষদের কর্মীরা জেলার গ্রামাঞ্চলে কাজ করিতে অনিচ্ছা প্রকাশ করে।

(ঘ) ১৯৭৩ সালের মার্চ মাসের মধ্যে কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যাইতেছে।

**Shri Netai Pada Ghosh :** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ওই ১৯৭১-৭২ সালে যে টি গ্রামে হয় নি ওই কাজগুলো কোন কনট্রাক্টরকে দেওয়া হইয়াছিল?

**Shri Suniti Chattaraj :** এটা আপনি সেপারেটলি প্রশ্ন করবেন আমি সেপারেটলি উত্তর দেবো।

**Mr. Speaker :** Starred question Nos. 397, 400, 401, 402,, 407, 412, 413, 418, 415, 416, 419, 421, 422, 423, 424, 427, 428, 430, 431, 433, 435 and 437 will be treated as unstarred questions.

## STARRED QUESTIONS

### (to which written answers were laid on the Table)

### বাঁকুড়া বিদ্যুৎ সরবরাহ সংস্থা

*৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৫০।) **Shri Kasinath Misra :** বিদ্যুৎ সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়ার বিদ্যুৎ সরবরাহ সংস্থা রাষ্ট্রায়ত্ত করার দাবিতে বাঁকুড়ার জনসাধারণ আন্দোলন করিতেছেন এবং সরকারের নিকট স্মারকলিপি দিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, সরকার এ ব্যাপারে কতদূর অগ্রসর হইয়াছেন?

**Minister for Power (Electricity) Department :** (ক) হাঁ মহাশয়।

(খ) আইন অনুযায়ী লাইসেন্স কেন বাতিল করা হইবে না তাহার কারণ দর্শানোর জন্য তিন মাসের নোটিশ দেওয়া হইয়াছে।

### বাঁকুড়া জেলায় বৃহদায়তন শিল্প

*৪০০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৫।) **Shri Shambhu Narayan Gaswami :** বাণিজ্য এবং শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ৩০শে জুন, ১৯৭২, পর্যন্ত কতগুলি বৃহদায়তন শিল্প স্থাপন করা হইয়াছে এবং বর্তমান বৎসরে আরও কতগুলি উক্ত শিল্প স্থাপনের প্রস্তাব আছে;

(খ) ইহাদের মধ্যে কতগুলি সরকারী আর কতগুলি বে-সরকারী;

(গ) বাঁকুড়া জেলায় শিল্প স্থাপনের উপযোগী প্রাকৃতিক সম্পদ আছে কিনা এ বিষয়ে কোন সমীক্ষা করিয়াছেন কি; এবং

(ঘ) করিয়া থাকিলে, তাহার ফলাফল কি?

**Minister for Commerce and Industries Department :** (ক) (খ) (গ) (ঘ) শিল্পে অবহেলিত জেলার মধ্যে বাঁকুড়া অন্যতম। বাঁকুড়া জেলায় কোন বৃহৎ শিল্প নাই। এই জেলায় শিল্প উন্নয়নের জন্য কোন Mini Steel কারখানা করা যায় কিনা তাহা সরকার বিবেচনা করিতেছেন।

এ পর্যন্ত সমীক্ষা করিয়া বাঁকুড়া জেলায় কিছু Black Stoneএর সন্ধান পাওয়া গিয়াছে। ইহা কি কাজে লাগান যাইতে পারে তাহা সরকার অনুসন্ধান করিতেছেন। এখনও পর্যন্ত কোন Report পাওয়া যায় নাই।

### পুরুলিয়া জেলায় খাস ও বেনামী জমি

*৪০১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৯।) **Shri Sital Chndra Hembram :** ভূমি-সদ্ব্যবহার ও ভূমি-সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় সরকারী খাস এবং বেনামী জমি কত;

(খ) ঐ জেলায় ভূমিহীন লোকের সংখ্যা কত; এবং

(গ) ঐ খাস এবং বেনামী জমি ভূমিহীন লোকের মধ্যে বিলিবণ্টন হইলে তাহারা কি অনুপাতে জমি পাইতে পারে?

**Minister for Land Utilisation and Reforms Department :** (ক) সরকারী ন্যস্ত জমির পরিমাণ কৃষিজমি ৫৬,০৬৬ একর অকৃষি জমি ৩৮,৮০৪ একর এবং বনভূমি ৮১,১৪১ একর। বেনামী জমির কোন হিসাব সরকারের কাছে নাই।

(খ) এ সম্বন্ধে কোন হিসাব সরকারের কাছে নাই।

(গ) যে সংখ্যক লোককে ন্যস্ত জমি বিতরণ করা সম্ভব হইবে তাঁহারা সর্বনিম্ন ১/৩ একর এবং সর্বোচ্চ ১ হেক্টর পর্যন্ত জমি পাইতে পারেন। সাধারণতঃ ১/৩ একর হিসাবে দেওয়া হয়।

### চব্বিশপরগনা জেলায় পর্যটন নিবাস

*৪০২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৯।) **Dr. Bhupen Bijali :** স্বারষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন চব্বিশপরগনা জেলার বিভিন্ন এলাকায় পর্যটকদের আকর্ষণের উপযোগী যথেষ্ট উপকরণ এবং আকর্ষণীয় ক্ষেত্র আছে ; এবং

(খ) অবগত থাকিলে,—

(১) ঐ জেলায় পর্যটননিবাস এবং যোগাযোগের সুষ্ঠু ব্যবস্থার জন্য সরকার কি কি ব্যবস্থা করিতেছেন, এবং

(২) কোথায় কোথায় পর্যটননিবাস স্থাপন করিবার কথা সরকার চিন্তা করিতেছেন ?

**Minister for Home (Tourism) Department :** হাঁ।

১৯৬৭ সালে ডায়মণ্ডহারবারে একটি পর্যটনকেন্দ্র স্থাপিত হইয়াছে। বকখালিতে একটি পর্যটক-আবাস নির্মাণ সমাপ্তির পথে।

জলপথে পর্যটকদের সুন্দরবন ভ্রমণের নিমিত্ত উপযুক্ত জলযান ক্রয়ের চেষ্টা চলিতেছে।

ডায়মণ্ডহারবার ও বকখালিতে পর্যটক-নিবাসগুলির পরিবর্দ্ধন ছাড়া সুন্দরবন, নুরপুর, ফলতা প্রভৃতি স্থানে পর্যটনের যথোচিত সুযোগ-সুবিধাদানের ব্যবস্থা পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিবেচিত হইবে।

### Supply of Water from Farakka

*406. (Admitted question No. *681.) **Shri Kumar Dipti Sengupta :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) the steps taken or proposed to be taken by the Government for the river Hooghly for maintaining properly the great port of Calcutta ;

(b) the present position for supplying of 40,000 cusecs of water for the Farakka Barrage Project through river Bhagirathi ; and

(c) the present position of construction of the Feeder Canal connecting Farakka Barrage in the river Bhagirathi at Jangipur or through any other area nearly for the the above purpose ?

**Minister for Irrigation and Waterways Department** : (a) In order to improve the condition of the river Hooghly which will also account for the preservation of the Port of Calcutta, Government of India have taken up the construction of the Farakka Barrage Project.

(b) Government of India have been moved from time to time to assure sufficient supply.

(c) Excavation of the Feeder Canal has not yet been completed. About 70% of the work has been completed.

## বাঁকুড়া ও পুরুলিয়া জেলার কৃষিজমি

*৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯২২।) **Shri Saktipada Maji :** ভূমি-সদ্ব্যবহার এবং ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া ও পুরুলিয়া জেলার কৃষিজমির উর্বরাশক্তি অন্যান্য জেলার কৃষিজমির উর্বরাশক্তির সমান কিনা ; এবং

(খ) সমান না হইলে, জমির 'সিলিং' এবং খাজনা ধার্যের ব্যাপারে তারতম্য না থাকার কারণ কি ?

**Minister for Land Utilisation and Reforms Department. :** (ক) না।

(খ) উর্বরাশক্তির ভিত্তিতে 'সিলিং' এবং খাজনা ধার্য করা দীর্ঘ সময়সাপেক্ষ। এই কারণে 'সিলিং' ও খাজনা ধার্যের ব্যাপারে তারতম্য রাখা সম্ভবপর হয় নাই।

## পুরুলিয়া জেলায় বরাবাজার ও বলরামপুর শহরে বৈদ্যুতীকরণ

*৪১১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৭।) **Shri Rupsingh Majhi :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া জেলার বরাবাজার এবং বলরামপুর শহরের আংশিক এখনও পর্যন্ত বৈদ্যুতীকরণ না হওয়ায় ঐ দুই শহরের অধিবাসীদের বিশেষ অসুবিধা হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে উক্ত এলাকায় বৈদ্যুতীকরণের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**Minister for Power Department. :** (ক) হ্যাঁ।

(খ) পুরুলিয়া জেলার জন্য দ্বিতীয় পর্যায়ের অঞ্চলবৈদ্যুতীকরণ প্রকল্পে বরাবাজার মৌজা অন্তর্ভুক্তি করা হইয়াছে। এই প্রকল্পটি গ্রাম্য বৈদ্যুতীকরণ সংস্থার নিকট পেশ করা হইয়াছে। বলরামপুর শহরটির বৈদ্যুতীকরণের কাজ করা হইয়াছে। আগ্রহী গ্রাহকগণের নিকট হইতে যুক্ত আবেদনপত্র পাইলে লোক্যাল ইলেকট্রিক সাপ্লাই অফিস আরো অধিক সংখ্যক অঞ্চলের বৈদ্যুতীকরণের কাজ করিতে মেন্‌স (Mains)এর সম্প্রসারণের কাজ হাতে লইবে।

## চব্বিশপরগনা জেলায় ভাগচাষী উচ্ছেদ

*৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৫।) **Shri Arabinda Naskar :** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, চব্বিশপরগনা জেলার কুলতলী, বাসন্তী, ক্যানিং, মথুরাপুর, কাকদ্বীপ, সাগর, জয়নগর, বারুইপুর, পাথরপ্রতিমা, গোসাবা, সন্দেশখালি, কুলপি প্রভৃতি থানায় ব্যাপকভাবে ভাগচাষী উচ্ছেদ চলিতেছে ;

(খ) অবগত থাকিলে, সরকার এই বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ;

(গ) ইহা কি সত্য যে, ঐ সমস্ত থানার জনসাধারণ পৃথক পৃথকভাবে স্থানীয় থানায় জে এল আর ও অফিসে এবং সরকারের কাছে ঐ উচ্ছেদের বিরুদ্ধে স্মারকলিপি দিয়াছেন ;

(ঘ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কোন অনুসন্ধান করিয়াছেন কিনা ; এবং

(ঙ) করিলে, তাহার ফলাফল কি ?

**Minister for Land Utilisation and Reforms Department :** (ক) ভাগচাষী উচ্ছেদের কিছু অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) যেসকল ক্ষেত্রে অভিযোগ পাওয়া গিয়াছে সেক্ষেত্রে অভিযোগগুলি তদন্ত করা হইতেছে।

(গ) এরূপ কিছু স্মারকলিপি পাওয়া গিয়াছে।

(ঘ) ও (ঙ) কিছু ক্ষেত্রে তদন্ত সম্পূর্ণ করিয়া সংশ্লিষ্ট বর্গাদারদের উচ্ছেদ বন্ধ করা হইয়াছে। অবশিষ্ট অভিযোগগুলির তদন্ত ত্বরান্বিত করা হইতেছে।

## কেশিয়াড়ী মালটিপারপাস রাইস মিল

*৪১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৫।) **Shri Budhan Chandra Tudu :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনাপুর জেলার কেশিয়াড়ী মালটিপারপাস রাইস মিল কোন্ সালে প্রতিষ্ঠিত ;

(খ) এই রাইস মিলের বর্তমানে মূলধন কত টাকা ;

(গ) কবে নাগাদ এই রাইস মিলের কাজ আরম্ভ হবে ; এবং

(ঘ) এই রাইস মিলে কতজন এবং কে কে সদস্য আছেন ?

**Minister for Co-operation Department :** (ক) মেদিনীপুর জেলার কেশিয়াড়ী মালটিপারপাস রাইস মিল নামে কোন সমবায় সমিতি নাই।

কেশিয়াড়ী-নয়াগ্রাম সাঁকরাইল সমবায় রাইস মিল লি: নামে একটি সমিতি ১৯৬৫ সালে রেজেষ্ট্রি করা হয়।

(খ) কেশিয়াড়ী-নয়াগ্রাম সাঁকরাইল সমবায় রাইস মিল লি:-এর মূলধন ১৩ হাজার ৫৫ টাকা ছিল। তন্মধ্যে ধান্য সংগ্রহ ব্যবসায় লোকসান হেতু টাকা ৬৬,৮৫৯-৩৩ অনাদায়যোগ্য হওয়ায় মূলধনের পরিমাণ কার্যত বর্তমানে টাকা ৬,১৯০-৬৭ মাত্র দাঁড়াইয়াছে।

(গ) এই সমিতি কর্তৃক রাইস মিল স্থাপনের কোন সম্ভাবনা নাই।

(ঘ) উক্ত সমিতির সদস্য সংখ্যা ২১২ এবং তাঁহাদের নামের একটি তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

## জিয়াড়া-কানাইডাঙ্গা ডি ভি সি ডিস্ট্রিবিউটারি ক্যানেল

*৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯।) **Shri Ganesh Hatui :** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার চণ্ডীতলা ১নং ব্লকের অন্তর্গত জিয়াড়া হইতে কানাইডাঙ্গা পর্যন্ত ডি ভি সি ডিষ্ট্রীবিউটারি ক্যানেল কে/১এ (যাহা ১৫-২-৫৫ ও ২৫-২-৫৫ ইত্যাদি তারিখে গেজেট হইয়াছিল) পরিকল্পনা অনুযায়ী কাটা হইয়াছে কিনা ;

(খ) যদি পরিকল্পনা অনুযায়ী কাটা না হইয়া থাকে তবে ইহার কারণ কি ;

(গ) জিয়াড়া হইতে রাধাবল্লভপুর পর্যন্ত যে কে/১এ খালটা কাটা হইয়াছে, উহা হইতে কত বিঘা জমিতে জলসরবরাহ করা হয় ;

(ঘ) ঐ সেচ এলাকা হইতে সেচকর বাবদ বৎসরে কত টাকা আদায় হয় ; এবং

(ঙ) জিয়াডা হইতে রাধাবল্লভপুর পর্যন্ত কে/১এ খালটি কিরূপ জমির উপর দিয়া কাটা হইয়াছে ?

**Minister for Irrigation and Waterways Department :** (ক) প্রথম DVC কর্তৃপক্ষ K/1A খালটি জিয়াডা হইতে কানাইডাঙা পর্যন্ত কাটিবার পরিকল্পনা করে এবং অনুরূপ গেজেট করে। কিন্তু পরে পরিকল্পনা পরিবর্তন করিয়া খালটি জিয়াড়া হইতে রাধাবল্লভপুর পর্যন্ত কাটা হয়।

(খ) প্রথম পরিকল্পনা অনুযায়ী খালটি কাটিতে গেলে প্রচুর পরিমাণ কৃষিজমির ক্ষতি হইতে। সেই ক্ষতি বাঁচাইবার জন্য পরিকল্পনার পরিবর্তন করা হয়। দ্বিতীয় গতিপথ মোটামুটিভাবে পুকুর ইত্যাদি এবং পুরাতন কৌশিকী নদীর গতিপথ অনুসরণ করিয়াছে।

(গ) আনুমানিক ১,৮৭৮ বিঘা (৬২৬ একর) জমি।

(ঘ) প্রতি একর ১২টা: ৫০ প: হিসাবে মোট ডিমাণ্ড হয় ৭,৮২৫ টাকা। প্রকৃতপক্ষে কত আদায় হয় তাহা বলা সময়সাপেক্ষ। মোটামুটিভাবে বলা যায় শতকরা ২০/২৫ টাকার বেশী নয়।

(ঙ) খালটি প্রধানত: কাটা হইয়াছে পুকুর, ডোবা এবং পুরাতন কৌশিকী নদীর গতিপথ [ধ]রিয়া।

## অগভীর নলকূপের জন্য বিদ্যুৎ

*৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৪।) **Shri Naresh Chandra Chaki :** বিদ্যুৎ [বি]ভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলসেচের জন্য স্যালো টিউবওয়েলগুলিতে বিদ্যুৎ সরবরাহের কি ব্যবস্থা আছে ;

(খ) সরকার কি অবগত আছেন যে, (১) চাষীরা ব্যাংক হইতে ঋণ লইয়া টিউবওয়েল বসাইয়া মাসের পর মাস অপেক্ষা করা সত্ত্বেও বিদ্যুৎ সংযোগ না পাওয়ায় বিশেষ অসুবিধা ভোগ করিতেছে,

(২) নদিয়া জেলার রানাঘাট ১নং ব্লকের কালীনারায়ণপুর অঞ্চলের ১৫/২০ জন চাষী দীর্ঘদিন পূর্বে টাকা জমা দিয়াও তাহাদের স্যালো টিউবওয়েল-এ বিদ্যুৎ সংযোগ পান নাই ; এবং

(গ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**Minister for Power Department :** (ক) যে সমস্ত কৃষক চাষে ব্যবহারের নিমিত্ত [প]াম্পের জন্য বিদ্যুৎ লইতে ইচ্ছুক তাহারা স্থানীয় ব্লক ডেভেলপমেন্ট অফিসারের মাধ্যমে নিকটবর্তী [বি]দ্যুৎ সরবরাহকেন্দ্রে আবেদন করিতে পারেন।

(খ) (১) ইহা জানা নাই।

(২) এ সম্বন্ধে পরিপূর্ণ বিবরণ না পাইলে সঠিক জবাব দেওয়া সম্ভব নহে।

(গ) (১)(২) এ প্রশ্নসমূহ উঠে না।

## বাঁকুড়া জেলায় চাষযোগ্য জমি

*৪১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৪।) **Shri Phani Bhusan Singh Babu :** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে বাঁকুড়া জেলায় বহু চাষযোগ্য জঙ্গলভূমি অব্যবহৃত অবস্থায় পড়িয়া আছে ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত চাষযোগ্য ভূমি বিলিবন্দোবস্ত করিবার কোন পরিকল্পনা আছে কিনা ; এবং থাকিলে, কবে নাগাদ ইহার কাজ শুরু হইবার সম্ভাবনা ?

**Minister for Land Utilisation and Reforms :** (ক) বাঁকুড়া জেলার বনভূমির মধ্যে মধ্যে কিছু ক্ষুদ্রাকারের চাষযোগ্য জমি পড়িয়া আছে।

(খ) না, যেহেতু নুতন বনভূমি সৃষ্টির জন্য ঐসব জমির প্রয়োজন হইবে।

## বাঁকুড়া জেলায় শাহসপুরে কাটলারি ওয়ার্কশপ

*৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫৯।) **Shri Sanatan Santra :** কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলার শাহসপুরে বহু লোক দীর্ঘদিন যাবত ছুরি, কাঁচি, ক্ষুর প্রভৃতি কুটিরশিল্পে জীবিকানির্বাহ করিতেছেন ;

(খ) অবগত থাকিলে, কুশলী শিল্পীদের স্থায়ীভাবে কর্মসংস্থানের কথা চিন্তা করিয়া ঐ এলাকায় একটি কাটলারি ওয়ার্কশপ স্থাপন করার কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি ;

(গ) করিয়া থাকিলে, কবে নাগাদ এই প্রস্তাবিত কারখানা স্থাপিত হইতে পারে ; এবং

(ঘ) ঐ ক্ষুদ্রশিল্প কারখানায় কত লোকের কর্মসংস্থানের সুযোগ মিলিতে পারে ?

**Minister for Cottage and Small Scale Industries Department :** (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) এবং (ঘ) প্রশ্ন উঠে না।

## বোসপুকুর-আনকুল বৈদ্যুতীকরণ

*৪২১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৩।) **Shri Sisir Kumar Sen :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাওড়া জেলার শ্যামপুর থানার বোসপুকুর হইতে আনকুল পর্যন্ত বৈদ্যুতীকরণের জন্য বহুদিন যাবত তারের লাইন টানা হইয়া পড়িয়া আছে ; এবং

(খ) অবগত থাকিলে, ঐ স্থানে কতদিনের মধ্যে বৈদ্যুতীকরণ করা হইবে বলিয়া আশা করা যায় ?

**Minister for Power Department :** (ক) হ্যাঁ। লাইনটি বোসপুর হইতে আনকুল পর্যন্ত টানা আছে।

(খ) বৈদ্যুতীকরণের সর্বপ্রকার কাজ শেষ হইয়া গিয়াছে। এক মাসের মধ্যেই গ্রাহকদের সরবরাহ দেওয়া যাইবে বলিয়া আশা করা যায়।

### Agricultural Land Tax

***422.** (Admitted question No. *1180.) **Shri Chandra Nath Misra:** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms Department be pleased to state—

(a) the minimum and maximum tax for agricultural land per acre in West Bengal;

(b) the principle of determination of such tax; and

(c) whether there is any plan of the present Government to revise the agricultural land tax?

**Minister for Land Utilisation and Reforms Department:** (a) Average rate of land revenue for agricultural land is the lowest in the district of West Dinajpur being Rs. 2.22 per acre and highest in the district of Howrah being Rs. 10.66 per acre.

(b) Since the abolition of zamindary system the raiyats are paying revenue at the same rate at which they used to pay rent to their landlords.

(c) A Bill for effecting suitable changes in the matter of assessment of land revenue was passed by the Assembly on the 4th July, 1972.

### নদিয়া জেলায় পাটকল

*৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮৬।) **Shri Radha Ramon Saha:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় একটি পাটকল স্থাপনের কোন রকম পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে—

(১) তাহা বর্তমানে কোন্ পর্যায়ে আছে, এবং

(২) কতদিনের মধ্যে উহার নির্মাণকার্য শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**Minister for Commerce and Industries Department:** (ক) ও (খ) নদিয়া জেলায় শিল্পোন্নতির ব্যাপারে সরকার যথেষ্ট সচেষ্ট আছেন, তবে উক্ত জেলায় পাটকল সংস্থাপনের আপাততঃ কোন প্রস্তাব নাই।

### পুরুলিয়া জেলায় সেচের জন্য ডাংরা জোড় পরিকল্পনা

*৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯।) **Shri Madan Mohan Mahato:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার কাশীপুর ব্লকে ডাংরা‌জোড় স্কীমটিতে কত টাকা মঞ্জুর আছে;

(খ) উক্ত স্কীমে কত জমিতে সেচের জল সরবরাহ করা যাইবে;

(গ) এই স্কীম-এর কাজ বর্তমানে চলিতেছে কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'না' হয় তবে ইহার কারণ কি?

**Minister for Irrigation and Waterways Department :** (ক) ডাংরাজোড় সেচ পরিকল্পনার জন্য ১৯৭২-৭৩ সালে ৪ লক্ষ টাকা বরাদ্দ আছে।

(খ) ২,৫০০ একর।

(গ) হ্যাঁ।

(ঘ) (গ)-প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

## মুর্শিদাবাদ জেলায় সরকারে ন্যস্ত জমি

*৪২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭০।) **Shri Idris Ali :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কত একর জমি ৩১এ মার্চ, ১৯৭২ পর্যন্ত সরকারে ভেস্টেড হইয়াছে ;

(খ) উহার বাবত কত টাকা ক্ষতিপূরণ দেয় ;

(গ) উক্ত ক্ষতিপূরণের কত টাকা নগদে দেয় এবং কত বণ্ড-এ দেয় ; এবং

(ঘ) নগদ দেয় ক্ষতিপূরণের কত টাকা ১৯৭২ সালের ৩১এ মার্চ পর্যন্ত দেওয়া হইয়াছে ?

**Minister for Land Utilisation and Reforms Department :** (ক) ৬৭,৭৪৯·৩১ একর।

(খ) ও (গ) প্রজাবিলি সম্পত্তির খাজনা ও ন্যস্ত খাসজমির আয় একই সঙ্গে ধরিয়া ক্ষতিপূরণের তালিকা প্রত্যেক মধ্যস্বত্বাধিকারীর জন্য প্রস্তুত করা হয়। সুতরাং কেবলমাত্র খাসজমির ক্ষতিপূরণের হিসাব পৃথকভাবে দেওয়া সম্ভব নহে।

(ঘ) ৭৪, ৩৭, ৩৯৪ টাকা।

## দেঁড়েদিঘী-উদবাদাল ও কলাবেড়িয়া নিকাশী খাল

*৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৮।) **Shri Amalesh Jana :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার অন্তর্গত ভগবানপুর ১নং ব্লকের (১) দেঁড়েদিঘী-উদবাদাল ও (২) কলাবেড়িয়া—এই দু'টি প্রধান নিকাশী খালের (শাখা খালসমূহ সহ) দীর্ঘদিন সংস্কারের অভাবহেতু বছর বছর উক্ত ব্লকের ফসলহানি ঘটিতেছে ;

(খ) অবগত থাকিলে, উক্ত খাল দু'টি সংস্কারের জন্য সরকার কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি ; এবং

(গ) করিয়া থাকিলে, উক্ত সংস্কারের কাজ কবে নাগাত শুরু হইবে ?

**Minister for Irrigation and Waterways Department :** (ক) ভালমতন সংসকার না হওয়ার জন্য এই খাল দুটি দিয়া ঠিকমত জল নিকাশী হয় না, তাই এই দুটি মালের সংসকার আশু প্রয়োজন।

(খ) প্রথমোক্ত খাল সংসকারের কাজটি ত্বরান্বিত করার জন্য উহা গ্রামীন কর্মসংস্থানভিত্তিক জরুরী প্রকল্প কার্যাক্রমের (crash scheme for ruralemployment) অন্তর্ভুক্ত করা হইয়াছে। দ্বিতীয় অর্থাৎ কলাবেড়িয়া খাল সংসকারের পরিকল্পনাটি বর্তমানে প্রস্তুতির পর্যায়ে রহিয়াছে।

(গ) কৃষি ও সমষ্টি উন্নয়ন দপ্তরের অনুমোদন ও প্রয়োজনীয় অর্থ পাওয়া গেলে প্রথমোক্ত খাল সংসকারের কাজ শীঘ্রই শুরু করা যাইতে পারে।

দ্বিতীয় খালটির সংসকারের কাজ পরিকল্পনাটি প্রস্তুত হইবার পর আরম্ভ করা যাইতে পারে।

## শ্মশানভূমি ও কবরস্থান বণ্টন

*৪৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৩।) **Shri Jatidra Mohan Roy :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যে সমস্ত জমি গত সেটেলমেন্ট রেকর্ড-এ শ্মশানভূমি ও কবরস্থান ব'লে রেকর্ডভুক্ত হয়েছে, উক্ত জমিগুলি ভূমিহীনদের মধ্যে বণ্টন করার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) পশ্চিম দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ ও কুশমণ্ডী থানার অঞ্চলভিত্তিক ঐরূপ শ্মশান ও কবরস্থানগুলিতে কত জমি জড়িত আছে ?

**Minister for Land Utilisation and Reforms Department :** (ক) সেটেলমেন্ট রেকর্ডে কবরস্থান বা শ্মশান হিসাবে যে সকল জমি উল্লিখিত হইয়াছে এবং বর্তমানে যে সকল জমি উপরোক্ত উদ্দেশ্যে ব্যবহৃত হইতেছে তাহা কাহাকেও বিলি করিবার কোন পরিকল্পনা নাই।

(খ) দুইটি থানায় শ্মশান ও কবরস্থানের অন্তর্ভুক্ত মোট জমির পরিমাণ :

| থানা | শ্মশান | কবরস্থান |
|---|---|---|
| কালিয়াগঞ্জ | ৬৯'৫৫ একর | ৩৮'১৭ একর |
| কুশমণ্ডী | ২৩'১১ একর | ৫৩'২৫ একর |

## মহানন্দা তীর বরাবর বালির বাঁধ

*৪৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৬।) **Shri Bimal Das :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বন্যা নিয়ন্ত্রণের জন্য ইংলিশবাজার শহরের পূর্বদিকে মহানন্দা নদীর তীর বরাবর যে বাঁধ নির্মিত হচ্ছে তা মাটির পরিবর্তে বালি দিয়ে নির্মিত হচ্ছে ; এবং

(খ) সত্য হ'লে এর কারণ কি ?

**Minister for Irrigation and Waterways Department :** (ক) হ্যাঁ।

(খ) কারণ নিকটবর্তী কোন জায়গায় মাটি পাওয়া যায় নাই। তা'ছাড়া বালি দিয়ে বাঁধ তৈরী করলে কোন ক্ষতি হওয়ার আশঙ্কা নাই। বস্তুত: উত্তরবংগে প্রায় সমস্ত বাঁধই বালি দিয়ে তৈরী হইয়া থাকে।

## ঝাড়গ্রামে ডুলুং নদীবাঁধ পরিকল্পনা

*৪৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩০।) **Shri Harish Chandra Mahapatra :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম মহকুমায় ডুলুং নদীবাঁধের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, কবে নাগাত ও কোন্ জায়গায় ঐ বাঁধের কাজ আরম্ভ হইবে ;

(গ) এই বাঁধ নির্মাণের জন্য আনুমানিক কত টাকা খরচ হইবে ; এবং

(ঘ) ইহার ফলে ঐ মহকুমায় কোন্ কোন্ ব্লকের কত একর জমি সেচের সুবিধা পাইবে ?

**Minister for Irrigation and Waterways Department :** (ক) হ্যাঁ।

(খ) প্রাথমিক তথ্য অনুসন্ধান ও জরীপের কাজ চলিতেছে। এরপর বিশদ প্রকল্প প্রস্তুত করা হইবে এবং বাঁধ কোথায় করা উচিত তাহা ঠিক হইবে। কাজ কবে নাগাদ আরম্ভ হইবে বর্তমানে বলা সম্ভব নহে।

(গ) প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত না হওয়া পর্যন্ত কত টাকা ব্যয় হইবে বলা সম্ভব নহে।

(ঘ) প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত না হইলে কোন কোন ব্লকের কত একর জমি সেচের সুবিধা পাইবে বলা সম্ভব নহে।

## বন্যানিয়ন্ত্রণকল্পে দামোদর নদের দক্ষিণ তীরে বাঁধ

*৪৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১১৫।) **Shri Sukumar Chattapadhyay :** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দামোদর নদের দক্ষিণ তীরে বন্যা প্রতিরোধের জন্য কোন বাঁধের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কতদিনে উহা কার্যকরী করা হইবে?

**Minister for Irrigation and Waterwaya Department :** (ক) হ্যাঁ, আছে।

(খ) ১৯৭৫ সনে বাঁধের কাজ আরম্ভ করা যাইবে আশা করা যায়।

## বাঁকুড়ায় শিল্প স্থাপনের পরিকল্পনা

*৪৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৭।) **Shri Kasi Nath Misra :** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কোন কোন ধরনের শিল্প স্থাপন করা যাইতে পারে;

(খ) কোন শিল্প স্থাপনের ব্যাপারে এই জেলায় উপাদানের অভাব আছে কিনা;

(গ) সরকার বাঁকুড়ায় শিল্পস্থাপনের ব্যাপারে উদ্যোগী কিনা; এবং

(ঘ) ঐ জেলায় শিল্পস্থাপনের সর্বশেষ কি প্রচেষ্টা করা হইয়াছে ও বর্তমানে ঐ জেলায় কোন শিল্প স্থাপনের প্রস্তাব আছে কিনা?

**Minister for Commerce Industries Department :** পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় শিল্প স্থাপনের ইচ্ছা সরকারের আছে। কিন্তু বর্তমানে বাঁকুড়ার জন্য কোনও পরিকল্পনা নেওয়া হয় নাই।

## টুরিস্ট লজ

*৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৮।) **Shri Ramendra Dutta :** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭১-৭২ সালে টুরিস্ট লজগুলি হইতে মোট কত টাকা আয় হইয়াছে; এবং

(খ) ১৯৭২-৭৩ সালে আর কোন নূতন টুরিস্ট লজ খুলিবার পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে কোথায় কোথায় আছে?

**Minister for Home (Tourism) Department :** পশ্চিমবঙ্গে ১৯৭১-৭২ সালে টুরিস্ট লজগুলি হইতে মোট ৫, ৫৭, ৫০০ টাকা আয় হইয়াছে।

১৯৭২-৭৩ সালে নিম্নলিখিত টুরিস্ট লজ খোলার পরিকল্পনা আছে:

১। জেসারগঞ্জের নিকট বকখালিতে টুরিস্ট লজ শীঘ্রই চালু হইবে।

২। ভারত সরকারের বরাদ্দে দার্জিলিংএ একটি 'ইউথ হোস্টেল' নির্মাণের সম্ভাবনা আছে।

৩। শিলিগুড়িতে একটি 'মটেল' নির্মাণের কাজ শীঘ্রই লওয়া হইতে পারে।

## মুর্শিদাবাদ জেলায় কুটীর ও ক্ষুদ্র শিল্প

*৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৫।) Shri Adya Charan Dutta : কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বিশেষ করে নবগ্রাম বিধানসভা কেন্দ্রে কুটির ও ক্ষুদ্র শিল্প সম্প্রসারণের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকিলে কি ধরণের কুটিরশিল্প সম্প্রসারনের কথা বিবেচনাধীন আছে ?

**Minister for Cottage and Small-Scale Industries Department :** (ক) এরূপ কোন পরিকল্পনা বর্তমানে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## ভালুকা গ্রামের রক্ষার জন্য বাঁধ

*৪৪৩। অনুমোদিত প্রশ্ন নং *১০৭।) Shri Bimal Das : সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বন্যার হাত হইতে মালদা জেলার ভালুকা গ্রামটিকে রক্ষা করিবার জন্য যে বাঁধটি নির্মাণ করা হইতেছিল জলের তোড়ে তাহার সমস্ত অংশটিই ভাঙ্গিয়া গিয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি, ও

(২) এ বিষয়ে কোন অনুসন্ধান করিয়াছেন কি ?

**Minister for Irrigation and Waterways Department :** (ক) ভালুকা গ্রামটিকে নদীর ক্ষয় হইতে রক্ষা করার জন্য কোন বাঁধ তৈয়ারী করা হয় নাই। নদীকে অন্য সংক্ষিপ্ত গতিপথে চালাইবার চেষ্টা করা হইতেছে এবং সেই উদ্দেশ্যকে সাহায্য করিবার জন্য যে বর্তমান নদীপথে একটা বাঁধ করা হয়েছিল, সেই আড়াআড়ি বাঁধটি ভাঙ্গিয়া গিয়াছে।

(খ) নদীর নতুন গতিপথ সময়াভাবে বেশী বড় করিয়া করা সম্ভব হয় নাই। তাই বন্যার জল প্রথমেই সেই পথে সবখানি চালানো সম্ভব হয় নাই। সেহেতু আড় বাঁধটি ভাঙ্গিয়া গিয়াছে।

## পুরুলিয়া জেলায় সিমেণ্ট কারখানা

*৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৩।) Shri Sukumar Bandopadhaya : শিল্প ও ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় প্রস্তাবিত সিমেণ্ট কারখানার নির্মাণকার্য কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(খ) উক্ত কারখানার জন্য সরকার প্রয়োজনীয় জমি সংগ্রহ করিয়াছেন কিনা ?

**Minister for Commerce and Industries :** (ক) এবং (খ) পুরুলিয়া জেলায় প্রস্তাবিত সিমেণ্ট কারখানা স্থাপনের জন্য ভারত সরকারের নিকট হইতে লেটার অফ ইনটেণ্ট পাওয়ার পর জমি সংগ্রহের জন্য পুরুলিয়া জেলাশাসককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হইয়াছে। জমি সংগ্রহ হইলেই নির্মাণকার্য শুরু করা হইবে বলিয়া আশা করা যায়।

## তহসিলদারদের সরকারী কর্মী হিসাবে নিয়োগ

*৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৪) Shri Muhmmad Dedar Box : ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তহসিলদারদের কমিশনভিত্তিক কাজের স্থলে নিয়মিত সরকারী কর্মী হিসাবে কাজ দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে পরিকল্পনাটি কি এবং কখন হইতে উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ;

(গ) পশ্চিমবঙ্গের তহসিলদারদের বর্তমানে সংখ্যা কত ; এবং

(ঘ) ঐ তহসিলদারদের নিয়মিত সরকারী কর্মী হিসাবে নিয়োগ করিলে সরকারের মোট কত টাকা বেশী খরচ হইবে ?

**Minister for Land Utilisation and Reforms Department :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ৫৬৬৬।

(ঘ) প্রায় ১ কোটি টাকা।

## ঝাড়গ্রাম মহকুমায় বিভিন্ন গ্রাম বৈদ্যুতীকরণ

*৪৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩১।) **Shri Harish Chandra Mahapatra :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম মহকুমায় এ পর্যন্ত কোন্ কোন্ উন্নয়ন ব্লকের অধীনে কতগুলি গ্রামে বৈদ্যুতিকরণ হইয়াছে ;

(খ) ঐ মহকুমায় ১৯৭২-৭৩ সালে বৈদ্যুতীকরণের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(গ) থাকিলে, কোন্ উন্নয়ন ব্লকের কতগুলি গ্রাম বর্তমান বৎসরে বৈদ্যুতীকরণ হইবে ?

**Minister for Power Department :** (ক) ১৯৭২ সালের ৩০শে জুন পর্যন্ত ঝাড়গ্রাম মহকুমায় যে সকল মৌজায় বৈদ্যুতীকরণ হইয়াছে তাহার সংখ্যা থানাওয়ারী নিম্নে বর্ণিত হইল :

| | থানার নাম | মৌজাসংখ্যা |
|---|---|---|
| ১। | ঝাড়গ্রাম | ১৬ |
| ২। | জামবনী | ১ |
| ৩। | সাঁকরাইল | ২ |
| | | ১৯ |

(খ) হ্যাঁ আছে।

(গ) ১৯৭২-৭৩ সালের মধ্যে ঝাডগ্রাম মসকুমার যে সকল মৌজায় বৈদ্যুতীকরণ হইবে তাহার সংখ্যা থানাওয়ারী নিম্নে বর্ণিত হইল :

| | | মৌজাসংখ্যা |
|---|---|---|
| ১। | ঝাড়গ্রাম | ৩৬ |
| ২। | জামবনী | ৩০ |
| ৩। | বিনপুর | ৩১ |
| ৪। | গোপীবল্লভপুর | ২২ |
| ৫। | সাঁকরাইল | ১৭ |
| ৬। | নয়াগ্রাম | ৭ |
| | | ১৪৩ |

(বিদ্যুৎ পর্ষদ থানাওয়ারী ভিত্তিতে হিসাব রাখেন ব্লক ভিত্তিতে নয়।)

### জুনপুটে নতুন পর্যটন কেন্দ্র

*৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯০) Shri Sudhir Chandra Das: স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা সত্য যে, কাঁথি শহরের পাঁচ মাইল দূরে জুনপুট সমুদ্রের নিকট জুনপুটে একটি নতুন পর্যটন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ বিষয়ে সরকার বিবেচনা করিতেছেন ; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন ?

**Minister for Home (Tourism) Department:** 'হ্যাঁ'।
ইহা পর্যটনের ৫ম পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্তির জন্য বিবেচনাধীন।

### চব্বিশপরগনায় পাওয়ারলুম

*৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪০।) Dr. Bhupen Bijali: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশপরগনা জেলায় বর্তমানে কয়টি পাওয়ারলুম আছে ; এবং

(খ) ঐ জেলাতে পাওয়ারলুমের বর্তমান সংখ্যা বাড়াইবার কোনও পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে, কোথায় কোথায় হইবে ?

**Minister for Cottage and Small Scale Industries Department:** (ক) ১৬৯টি।

(খ) চব্বিশপরগনা সমেত পশ্চিম বাংলায় পাওয়ারলুমের বর্তমান সংখ্যা বাড়াইবার পরিকল্পনা সরকারের আছে এবং পাওয়ারলুম কোথায় হইবে সেই সমস্ত স্থান নির্বাচন করার জন্য সরকার একটি Selection Committee সম্প্রতি গঠন করিয়াছেন। উক্ত কমিটির নির্দেশানুযায়ী পাওয়ারলুম স্থাপন করার স্থান স্থিরীকৃত হইবে।

### সরকারী খাস কৃষিজমি সরকারী কর্মচারীদের মধ্যে বণ্টন

*৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮১২।) Shri Abdul Bari Biswas: ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় সরকারী খাস কৃষিজমি সরকারী কর্মচারীদের মধ্যে বিলি করার কোন নির্দেশ আছে কিনা ;

(খ) ইহা কি সত্য যে, ঐ জেলার সদর বহরমপুর, বেলডাঙ্গা ও নবগ্রাম থানায় সরকারী কৃষিযোগ্য খাসজমি স্বনামে ও বেনামে সরকারী কর্মচারীদের মধ্যে বিলি করা হইয়াছে ; এবং

(গ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ বিষয়ে তদন্ত করিয়া বিতরিত ঐ প্রকার জমি বাতিল করার কোন প্রস্তাব আছে কিনা ?

**Minister for Land Utilisation and Reforms Department:** (ক) না।

(খ) হ্যাঁ।

(গ) (১) ভূমি সংস্কার উপদেষ্টা কমিটির অনুমোদন লইয়া তাঁদের জমি বন্দোবস্ত দেওয়া হয়েছিল।

(২) এ বিষয়ে বিশদ তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।

### ভারী শিল্পের বিকেন্দ্রীকরণ

*৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৯১০) **Shri Naresh Chandra Chaki :** বাণিজ্য এবং শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভারী শিল্পের বিকেন্দ্রীকরণের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, বিভিন্ন জেলাতে উদ্যোগী ব্যক্তিগণ বা শিল্প-সংস্থাগুলি শিল্প প্রতিষ্ঠান করিতে সরকার হইতে কিভাবে ও কি কি সাহায্য পাইতে পারেন?

**Minister for Commerce and Industries Department :** (ক) কলিকাতা ও শহরতলী এলাকায় যাহাতে আর শিল্প সন্নিবেশ না হয়, এবং জেলাগুলিতে যাহাতে শিল্পোন্নয়ন হতে পারে তাহার সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন।

(খ) লাইব্রেরী টেবিলে ইহার উত্তর স্থাপিত হইল।

### পশ্চিম বাংলায় বিদ্যুৎ সরবরাহের পরিমাণ

*৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪২।) **Dr. Sailendra Chattopadhyay :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বর্তমানে কত পরিমাণ বিদ্যুৎতের প্রয়োজন,

(খ) তাহার মধ্যে কত পরিমাণ বিদ্যুৎ সরবরাহ করা হয়; এবং

(গ) চাহিদা অনুযায়ী বাড়তি যে বিদ্যুতের প্রয়োজন তাহার জন্য সরকার কি কি ব্যবস্থা লইয়াছেন?

**Minister for Power Department :** (ক) ১,০১৬ মেগাওয়াট।

(খ) ৯৯৮ মেগাওয়াট।

(গ) বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি করিবার নিমিত্ত নিম্নলিখিত দীর্ঘমেয়াদী প্রকল্পগুলি বিবেচনা করা হইতেছে:

১। সাঁওতালদি তাপবিদ্যুত্‌কেন্দ্রে চারিটি ১২০ মেগাওয়াট এবং একটি ২০০ মেগাওয়াট ইউনিট স্থাপন;

(২) ব্যাণ্ডেল তাপবিদ্যুতকেন্দ্রে একটি ২০০ মেগাওয়াট ইউনিট স্থাপন;

(৩) হলদিয়া-কোলাঘাট অঞ্চলে দুইটি ২০০ মেগাওয়াট ইউনিট স্থাপন;

(৪) দুর্গাপুর অথবা হলদিয়া-কোলাঘাট অঞ্চলে আরো একটি ২০০ মেগাওয়াট ইউনিট স্থাপন।

ইহা ছাড়া স্বল্প মেয়াদী কার্যক্রম হিসাবে কলিকাতায় দুইটি গ্যাস টারবাইন সেট স্থাপনের কথাও বিবেচনা করা হইতেছে।

### Setting up of an industrial Estate at Kharagpur

*452. (Admitted Question No. *1149.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) the present position of the proposal for setting up of an Industrial Estate at Kharagpur within Midnapore district;

(b) when the proposal is likely to be implemented; and

(c) if the Government has acquired the land for the proposed Industrial Estate?

**Minister for Cottage and Small Scale Industries Department:**

(a) The site for setting up the Industrial Estate at Kharagpur has been tentatively selected in Nimpura area and at present investigation regarding availability of sub-soil water is being made. The Government of India has also been requested to provide fund for the aforesaid purpose.

(b) Cannot be stated at present.

(c) Not yet.

### পুরুলিয়ায় জে এল আর ও অফিস

*৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৮।) **Shri Sital Chandra Hembram:** ভূমি-দ্ব্যবহার ও ভূমি-সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলায় কয়েকটি নতুন জে এল আর ও অফিস খোলার পরিকল্পনা আছে,

(খ) সত্য হইলে কোন্ কোন্ ব্লকে ঐ অফিস খোলা হইবে, এবং

(গ) উক্ত অফিসের কর্মচারিগণকে কিভাবে নিযুক্ত করা হইবে?

**Minister for Land Utilisation and Reforms Department:** (ক) হাঁ, পুরুলিয়া জেলায় ১২টি নতুন এল. আর সার্কেল অফিস খোলার আদেশ দেওয়া হইয়াছে।

(খ) ১। পুরুলিয়া—২
২। আসরা
৩। ঝালদা
৪। জয়পুর
৫। হুরা
৬। পুনচা
৭। রঘুনাথপুর—২
৮। সানতুরি
৯। নিতুরিয়া
১০। মানবাজার—২
১১। বান্দোয়ান
১২। বাঘমুণ্ডি

(গ) প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সরাসরিভাবে অথবা পদোন্নতির মাধ্যমে সার্কেল ইন্সপেক্টর হইতে জে এল আর নিয়োগ করা হয়। শুধুমাত্র পদোন্নতির মাধ্যমে নিম্নবর্গীয় করণিক হইতে সার্কেল ইন্সপেক্টরের পদে নিযুক্ত করা হয়।

উদ্বৃত্ত প্রাক্তন শিবির ও আদমসুমারীর কর্মীবৃন্দকে নিম্নবর্গীয় করণিকের পদে ও চতুর্থ শ্রেণীর কর্মচারী পদে গ্রহণ করা হইবে।

### বাঁকুড়ায় ক্ষুদ্র এবং বৃহৎ শিল্প প্রকল্প

*৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৩।) **Shri Saktipada Majhi:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় যেখানে প্রচুর সম্ভাবনা আছে (শালতোড়া, বড়জোড়া ইত্যাদি) সেখানে ক্ষুদ্র বৃহৎ শিল্প-প্রতিষ্ঠান গড়ে তোলার সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কোথায় এবং কখন সেই পরিকল্পনা কার্যে রূপায়িত হবে?

**Minister for Commerce and Industries Department:** পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় শিল্প স্থাপনের ইচ্ছা সরকারের আছে। কিন্তু বর্তমানে বাঁকুড়ার জন্য কোনও পরিকল্পনা লওয়া হয় নাই।

## বাঁকুড়ার ওন্দা ব্লকে বৈদ্যুতীকরণ

*৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৬) **Shri Sambhu Narayan Goswami:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ওন্দা ব্লকের কতকগুলি গ্রাম ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত বৈদ্যুতীকরণ করা হইয়াছে;

(খ) বর্তমান আর্থিক বৎসরে কতগুলি গ্রাম বৈদ্যুতীকরণের প্রস্তাব আছে;

(গ) ইহা কি সত্য যে, বৈদ্যুতীকরণের ক্ষেত্রে কৃষির উপর অগ্রাধিকার দেওয়া হইতেছে; এবং

(ঘ) সত্য হইলে, যেসকল জায়গায় "লিফট ইরিগেশন" রহিয়াছে সেখানে এখনও পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ না হইবার কারণ কি?

**Minister for Power Department:** (ক) ১৫টি গ্রাম।

(খ) ৪টি গ্রাম।

(গ) হ্যাঁ।

(ঘ) এ সম্বন্ধে প্রকৃত ঘটনার বিবরণ (specific case) ছাড়া কিছু বলা কঠিন।

## মুর্শিদাবাদে বর্গাদার সংখ্যা

*৪৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৭।) **Shri Harendra Nath Halder:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কত জন বর্গাদার আছেন; এবং

(খ) বর্তমানে কত জন বর্গাদারের উপর বর্গাদারী উচ্ছেদের মামলা চলিতেছে?

**Minister for Land Utilisation and Reforms Department:** (ক) সঠিক সংখ্যা বলা সম্ভব নহে।

(খ) ১৪৩ জন।

## নবদ্বীপ বেসরকারী বিদ্যুৎ সংস্থা

*৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮৯।) **Shri Radha Raman Saha:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবদ্বীপ বেসরকারী বিদ্যুৎ সরবরাহ সংস্থা রাষ্ট্রয়করণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, সরকার এ বিষয়ে কতদুর অগ্রসর হইয়াছেন?

**Minister for Power Department:** (ক) ও (খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

## কুটির ও ক্ষুদ্র শিল্পে মহিলাদের কর্মসংস্থান

*৪৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৫) **Shrimati Geeta Mukhopadhyay:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মহিলাদের কর্মসংস্থানের দিকে বিশেষ নজর রাখিয়া কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তর কোনও পরিকল্পনা তৈরি করিতেছেন কিনা; এবং

(খ) করিলে—

(১) কি কি পরিকল্পনা, ও

(২) কবে নাগাদ ঐ পরিকল্পনার কাজ শুরু হইবে ?

**Minister for Cottage and Small Scale Industries Department :** (ক) কোন রিকল্পনা বর্তমানে নাই।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

## বন্যা এলাকায় খাজনা মকুফ

*৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬।) **Shri Md. Dedar Box :** ভূমি সদ্ব্যবহার ং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বন্যায় যে সমস্ত জেলা সর্বাধিক ক্ষতিগ্রস্ত বলিয়া ঘোষিত হয়েছিল ঐসমস্ত জেলার জমির মালিকদের ১৩৭৮ সালের খাজনা মকুফের যে বিষয়টি সরকারের বিবেচনাধীন ছিল সে বিষয়ে কোন সিদ্ধান্ত হয়েছে কি ;

(খ) সিদ্ধান্ত হয়ে থাকলে, তা কি ; এবং

(গ) খাজনা মকুফের সিদ্ধান্ত হলে যাঁরা খাজনা দিয়েছেন তাঁদের টাকা ফেরত দেওয়া হবে কি ?

**Minister for Land Utilisation and Reforms Department :** (ক) (খ) বন্যায় তিগ্রস্ত জেলাগুলির যে সমস্ত মৌজায় স্বাভাবিক ফলনের শতকরা ৬০ ভাগের চেয়ে কম ফলন ৎপন্ন হয়েছে, সেখানে খাজনা মকুফের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(গ) ঐ সব এলাকায় যাঁরা আগেই খাজনা দিয়েছেন তাঁদের টাকা পরবর্তী বৎসরে দেয় জনার সংগে সমন্বয়িত (adjust) করা হবে।

## শিল্পে কর্মী নিয়োগের পদ্ধতি

*৪৬০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫) **Shri Naresh Chandra Chaki :** শিল্প এবং নিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার বিভিন্ন শিল্পে বর্তমানে কিভাবে লোক নিয়োগ করা হয়,

(খ) ইহা কি সত্য যে, এইসব শিল্পে নিযুক্ত অধিকাংশ লোকই অবাঙালী ; এবং

(গ) সত্য হইলে, পশ্চিম বাংলার শিল্পে পশ্চিম বাংলার সন্তানদের নিয়োগে বাধ্য করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি ?

**Minister for Commerce and Industries Department :** (ক) (খ) ও (গ) শ্চিমবংগে শ্রমিকের মধ্যে শতকরা ৬০ ভাগেরও বেশী অবাঙালী। সরকার যাহাতে আরও বেশী নীয় যুবক চাকরি পায় তাহার চেষ্টা করিতেছেন।

## গাংদুয়া প্রোজেক্ট

*৪৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৪।) **Shri Sakti Pada Majhi :** সেচ ও জলপথ ভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেনন কি—

(ক) বাঁকুড়া জেলায় গংগাজলঘাটি ব্লকে অমর কাননের নিকটবর্তী গাংদুয়া প্রোজেক্টের কাজ বন্ধ থাকার কারণ কি ; এবং

(খ) কবে নাগাত উহার কাজ শুরু হবার সম্ভাবনা আছে ?

**Minister for Irrigation and Waterways Department :** (ক) প্রস্তাবিত নী রিজারভয়ার প্রকল্পের "হেডওকর্স"টি গাংদুয়াতে নির্মিত হইবে।

সালী রিজার্ভয়ার প্রকল্পটি চতুর্থ পরিকল্পনায় "খরা-প্রবন এলাকার উন্নতির জন্য গৃহীত ...ী"র অন্তভুক্ত করার জন্য প্রস্তাব করা হইয়াছিল এবং ঐ প্রস্তাবে কেন্দ্রীয় সরকারের অনুমতি । যাইবে এই আশায় কিছু কিছু প্রাথমিক কাজ-কর্ম শুরু করা হইয়াছিল। কিন্তু পরবর্তীকালে প্রকল্পটি "খরা-প্রবন এলাকার জন্য গৃহীত কর্মসূচী"র অন্তভুক্ত না হওয়ায় সমস্ত কাজ বন্ধ দেওয়া হয়।

(খ) প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ পাওয়া গেলে ৫ম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে উক্ত প্রকল্পের ...রম্ভ করা হইবে।

## ডালখোলা থারমাল প্ল্যান্ট

*৪৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৯১০।) **Shri Ramendra Nath Dutta:** বিদ্যুৎ ...গের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডালখোলা থারমাল প্ল্যান্ট স্থাপনের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়া গিয়াছে কিনা;

(খ) পাওয়া গিয়া থাকিলে—

(১) কবে নাগাত ইহার কাজ আরম্ভ হইবে,

(২) শেষ করিতে কতদিন সময় লাগিবে, এবং

(৩) কত লোকের কাজের সংস্থান হওয়ার সম্ভাবনা আছে; এবং

(গ) উক্ত প্ল্যান্ট-এর জন্য জমি সংগ্রহ করা হইয়াছে কিনা?

**Minister for Power Department:** (ক) ডালখোলা তাপ বিদ্যুৎ কেন্দ্র (থারমাল ...) স্থাপনের আনুষ্ঠানিক অনুমোদন দানের ব্যাপারে কেন্দ্রীয় সেচ ও বিদ্যুৎ মন্ত্রণালয় যথাযথ গ্রহণ করিতেছেন। অবশ্য শর্তসাপেক্ষে সম্মতি ইতিমধ্যে পাওয়া গিয়াছে।

(খ) এখনই বলা সম্ভব নয়। এই থার্মাল প্ল্যান্টটি কেন্দ্রীয় উদ্যোগে স্থাপিত হইবে; কাজেই ...র বিস্তারিত তথ্য বর্তমান পর্যায়ে দেওয়া সম্ভব নয়।

(গ) এখনও হয় নাই।

## জমির হিসাব দাখিলের সময় বৃদ্ধি

*৪৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩।) **Shri Aswini Roy:** ভূমি সদ্ব্যবহার ও ...বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার ১২ একরের উর্ধে কৃষিজমির মালিকদের জোতের হিসাব দাখিলের সময় বাড়াইয়া দিয়াছেন; এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) কোন্ তারিখ পর্যন্ত হিসাব দাখিলের মেয়াদ বাড়ানো হইয়াছে?

**Minister for Land Utilisation and Reformes:** (ক) না।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

## বাঁকুড়া জেলায় তন্তুবায়

*৪৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৩।) **Shri Kashi Nath Misra:** ক্ষুদ্র ও কুটির ...ভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে তন্তুবায়ের সংখ্যা কত;

(খ) এদের কোন সমবায় আছে কি; এবং

(গ) থাকিলে, সকল তন্তুবায়গণই কি ঐ সমবায়ের অন্তর্ভুক্ত?

**Minister for Cottage and Small Scale Industries Department :** (ক) ১২,১০৫।

(খ) হাঁ।

(গ) সমস্ত তন্তুবায়েরা সমবায় সমিতিগুলির অন্তর্ভুক্ত নহে।

### খড়গ্রাম থানায় বাঁধ

*৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৭।) **Shri Harendra Nath Haldar :** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদের খড়গ্রাম থানার সমস্ত এমব্যাঙ্কমেন্ট-এর কাজ কি সব শেষ হয়েছে ;

(খ) দ্বারকা নদীর সাইড বাঁধ বাবত কত টাকা খরচ করা হয়েছে ; এবং

(গ) সরকার কি খড়গ্রাম থানাকে বন্যার হাত হতে বাঁচাবার কোন পরিকল্পনা করেছেন এবং করে থাকলে, কি কি পরিকল্পনা নিয়েছেন ?

**Minister for Irrigation and Waterways Department :** (ক) হাঁ, সেচ এবং জলপথ বিভাগের অধিকারভুক্ত সমস্ত বন্যা প্রতিরোধ Embankment-এর মেরামতির সমস্ত কাজগুলি শেষ হয়েছে।

(খ) ৫,৩৩,১২৫ টাকা।

(গ) নূতন কোন পরিকল্পনা আপাততঃ নাই।

### West Bengal State Electricity Board

*467. (Admitted question No. *1203.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the Government is considering any proposal or scheme for training of suitable personnel for the maintenance and operations of the installations under the West Bengal State Electricity Board ;

(b) what amount of money is annually paid by the West Bengal State Electricity Board to private agencies as consulation fees ;

(c) if it is a fact that there are many qualified engineers capable of taking up the project works of the Board independently ; and

(d) if so, what action has been taken or proposed to be taken for employment of such persons in the project works in place of taking the help of private agencies ?

**Minister for Power Department :** (a) The West Bengal State Electricity Board has already got a training organisation for imparting training to its personnel required for operation and maintenance of the installations.

(b) No consutlation fee is paid to private agencies so far as maintenance and operation of installations are concerned.

(c) For major project like Thermal Power Station—Not many. For Transmission and Distribution Scheme 132 KV and below—Yes.

(d) No help is taken from private agencies for handling Transmission and Distribution Projects. For handling major Thermal Project arrangements are being made to train up departmental engineers for assuming gradually more and more responsibility.

## দেবোত্তর ও বেনামীতে জলাভূমি

*৪৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬।) **Shri Netai Pada Sarkar :** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, দেবোত্তর বা অন্যান্য বেনামীতে পশ্চিমবঙ্গে বহু পরিমাণ জলাভূমি মধ্যস্বত্বভোগীরা ব্যক্তিগত মালিকানায় রাখিয়াছেন ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার মৎস্যজীবীদের স্বার্থে এবং মৎস্যোৎপাদন বৃদ্ধির স্বার্থে উক্ত জলাভূমি অধিগ্রহণের বিষয়টি বিবেচনা করিতেছেন কিনা ?

**Minister for Land Utilisation and Reforms Department :** (ক) মৎস্যচাষের উদ্দেশ্যে ব্যবহৃত হয় এরূপ জলাশয়সমূহের মালিকানা সম্পর্কে আইনে কোন উর্ধসীমা নাই।

(খ) মৎস্যচাষের উন্নতিকল্পে এবং জনসাধারণকে মৎস্য সরবরাহ করিবার উদ্দেশ্যে প্রয়োজন হইলে সরকার ওয়েস্ট বেংগল ফিসারিজ (রিকুইজিসান অ্যাণ্ড অ্যাকুইজিসান) আইনে জলাশয় অধিগ্রহণ ও গ্রহণ করিতে পারেন।

## মধুকুণ্ডাতে মিশ্র ইস্পাত কারখানা

*৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৩।) **Shri Sital Chandra Hembram :** গত ৫ই জুলাই, ১৯৭২ তারিখে প্রদত্ত তারকিত ৪৬ (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮) প্রশ্নোত্তরের (গ) প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত মিশ্র ইস্পাত কারখানায় লোক নিয়োগের ক্ষেত্রে অন্যান্য দপ্তরের ন্যায় আদিবাসী ও হরিজনদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা আছে কিনা, এবং

(খ) থাকিলে, কি অনুপাতে ও কিভাবে ঐ শ্রেণীর লোকদের নিয়োগ করা হইবে ?

**Minister for Commerce and Industries Department :** (ক) ও (খ) কারখানাটি সরকারী নয়। সরকারী দপ্তরের ন্যায় এরূপ আসন সংরক্ষণ কারখানাটির পক্ষে বাধ্যতামূলক নয়। তবে নিয়োগের ব্যাপারে যথাসম্ভব উপযুক্ত স্থানীয় অধিবাসীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

## বাঁকুড়া জেলায় সেচ এলাকা

*৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৭।) **Shri Shambhu Narayan Goswami :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোন্ কোন্ ব্লককে সেচ এলাকা বলিয়া গণ্য করা হইয়াছে ;

(খ) সরকার কি অবগত আছেন যে, উক্ত জেলায় যেসকল এলাকা এখনও পর্যন্ত সেচের জল পায় নাই সেগুলিও সেচ এলাকা বলিয়া নোটিশ দেওয়া হইয়াছে ; এবং

(গ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার যথোচিত ব্যবস্থা অবলম্বন করিতেছেন কি ?

**Minister for Irrigation and Waterways Department:** (ক) ১৯৭২ সালে খারিফ মরশুমে বাঁকুড়া জেলার ওন্দা, কতুলপুর, ইন্দপুর, তালডাংরা, বিষ্ণুপুর, জয়পুর, বাঁকুড়া-১, সিমলাপাল, খাঁতরা-১ ও রায়পুর-২ ব্লকগুলির সম্পূর্ণ বা আংশিক অংশে কংসাবতী প্রকল্প হইতে সেচের জল সরবরাহ করা হইবে বলিয়া স্থিরিকৃত হইয়াছে। ইহা ছাড়া বরজোরা, সোনামুখী, পাত্রসায়ার ও ইন্দাস ব্লকগুলির কিছু কিছু অংশে দামোদর ভ্যালী প্রোজেক্ট হইতে সেচের জল সরবরাহ করা হইয়া থাকে। বরজোড়া, সোনামুখী এবং বিষ্ণুপুর ব্লকগুলির কিছু কিছু অংশ শুভংকর-দাঁড়া, শালবাঁধ, মোলবাঁধ ও ভোরাখাল সেচ প্রকল্পগুলি হইতেও সেচের জল পাইয়া থাকে।

(খ) না। এইরূপ কোন ঘটনা সম্পর্কে সরকার অবহিত নহেন।

(গ) এ প্রশ্ন উঠে না।

### সরকারে ন্যস্ত কৃষি ও কৃষি জমি

*৪৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৯০২।) **Shri Harish Chandra Mahapatra:** ভূমি সদ্ব্যবহার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম মহকুমায় এ পর্যন্ত সরকার কত একর কৃষি এবং কত একর অ-কৃষি জমি খাস দখলে লইয়াছে; এবং

(খ) ঐ মহকুমায় ১৯৭২ সালের ৩১এ মার্চ পর্যন্ত ব্লকওয়ারী কত কৃষিজমি কত ভূমিহীন পরিবারকে স্থায়ীভাবে বিলি করিয়াছেন?

**Minister for Land Utilisation and Reforms Department:** (ক) ঝাড়গ্রাম মহকুমায় ১৯৭২ সালের জুন মাস পর্যন্ত মোট ৫৪,৭১১ একর সরকারে ন্যস্ত কৃষিজমির এবং ১৩,৩৮৩ একর সরকারে ন্যস্ত অকৃষি জমির দখল লওয়া হইয়াছে।

(খ) ১৯৭২ সালের ৩১শে মার্চ পর্যন্ত ব্লকওয়ারী বিলিকৃত কৃষিজমির পরিমাণ ও উপকৃত পরিবারের সংখ্যার একটি তালিকা টেবিলে রক্ষিত হইল।

১৯৭২ সালের ৩১শে মার্চ পর্যন্ত ব্লকওয়ারী বিলিকৃত কৃষিজমির পরিমাণের ও উপকৃত পরিবারের সংখ্যার তালিকা

| ক্রমিক সংখ্যা | ব্লকের নাম | বিলিকৃত কৃষি জমির পরিমাণ একরে | উপকৃত পরিবারের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ঝাড়গ্রাম | ৪,৯৮১.৭৫ | ৫,৪৭০ |
| ২ | জামবনী | ১,৯৯৭·০৫ | ২,৭৬৪ |
| ৩ | বিনপুর-১ | ৩,২২৯.০০ | ৪,৫৭২ |
| ৪ | বিনপুর-২ | ৩,৭০০.৪৭ | ৪,৫৮৯ |
| ৫ | গোপীবল্লভপুর-১ | ৫৪১·০৯ | ১,০০৯ |
| ৬ | „ —২ | ১,৩৭৫,০৬ | ৩,২১০ |
| ৭ | নয়াগ্রাম | ১,৪২২.৭৬ | ২,৬৪৪ |
| ৮ | সাঁকরেল | ১,৯৮৩.৪৫ | ৩,০৬৫ |
| | মোট | ১৯,২৩০.৬৩ | ২৭,৩২৩ |

### রবি মরসুমে সেচপ্রাপ্ত জমি

*৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৩।) **Dr. Sailendra Chattopadhyay:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬ সাল হইতে হুগলী জেলায় রবি মরসুমে সেচের খাল হইতে সেচের জল কোন্ কোন্ জমি পাইয়াছে তাহা নির্ণয় করিবার জন্য কি পদ্ধতি অবলম্বন করা হইয়াছিল;

(খ) সরকার কি অবগত আছেন যে, গত ২৬এ ফেব্রুয়ারি যে গেজেট (এক্সট্রাঅর্ডিনারি) প্রকাশিত হইয়াছে সেখানে সেচ বিভাগের নোটিশে পাণ্ডুয়া থানার সমগ্র এলাকার শতকরা নব্বই ভাগ (নাইনটি পার্সেন্ট) স্কুল, কলেজ, রাস্তাঘাট, হাটবাজার, মন্দির, মসজিদ, বসতবাটি সহ) রবি মরসুমে সেচের জল পাইয়াছে বলা হইয়াছে ;

(গ) অবগত থাকিলে, কে বা কাহারা ঐরূপ এলাকা নির্দিষ্ট করিয়াছিলেন, এবং কিসের ভিত্তিতে ; এবং

(ঘ) পাণ্ডুয়া থানায় কত এলাকা (শতকরা হিসাবে) খারিফ মরসুমে সেচের জল পায় ?

**Minister for Irrigation and Waterways Department :** (ক) The West Bengal Irrigation (Imposition of Water Rate for Damodar Vally Corporation Water) Act, 1958-এ বর্ণিত পদ্ধতি অবলম্বন করা হয়।

(খ) তদন্ত করা হইতেছে।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) গত ১৯৭১ সালে খারিফ মরসুমে পাণ্ডুয়া থানা এলাকার মোট ১৪,৩৬৬ একর (gross area) জমিতে সেচের জল দেওয়া হইয়াছে।

## নদীয়া জেলায় সুতাকল

*৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯০।) **Shri Radha Raman Saha :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় একটি সুতাকল স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(খ) থাকিলে, তাহা বর্তমানে কি পর্যায়ে আছে এবং কোন্ সময় নাগাদ উহার নির্মাণকার্য শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**Minister for Commerce and Industries Department :** (ক) ও (খ) এখন পর্যন্ত এ ধরনের কোন প্রস্তাব সরকারের নিকট আসে নাই।

## গৃহনির্মাণের জমি

*৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৭।) **Shri Sukumar Bandyopadhyaya :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত কতজন ব্যক্তিকে "গৃহনির্মাণের" জন্য জমি দান করা হইয়াছে : এবং

(খ) পশ্চিমবঙ্গ সরকার "গৃহনির্মাণে" জমিদানের জন্য কি কি বিষয়ের উপর ভিত্তি করিয়া সিদ্ধান্ত গ্রহণ করেন ?

**Minister for Land Utilisation and Reforms Department :** (ক) ১৯৭২ সালের ৩০শে জুন পর্যন্ত গৃহনির্মাণের জন্য বিলি করা জমির তথ্য এখনও সরকারের হাতে আসে নাই। তবে ৩০শে এপ্রিল পর্যন্ত প্রায় ৬০,০০০ গৃহহীন পরিবারের মধ্যে প্রায় ৫,০০০ একর জমি উক্ত উদ্দেশ্যে বিলি করা হইয়াছে।

(খ) গ্রামাঞ্চলে গৃহনির্মাণের জন্য জমি বিলি করা হয় সেইসব গৃহহীন পরিবারকে যাঁরা গ্রামে স্থায়ীভাবে বসবাস করছেন বা স্থায়ীভাবে বসবাস করার ইচ্ছা যাঁদের আছে। অগ্রাধিকার দেওয়া হয় তাঁদের যাঁরা গৃহস্থী ক্ষেতমজুর বা বর্গাদার। এঁদের মধ্যে অগ্রাধিকার পান অনগ্রসর তফসিলভুক্ত উপজাতি সম্প্রদায়ভুক্ত অথবা অসচ্ছল পরিবারেরা।

## UNSTARRED QUESTIONS

**( to which written answers were laid on the table)**

### সুরুল-গুন্নুটিয়া রোড

২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৩।) **Shri Hara Sankar Bhattacharyay** পূর্তবিভাগের অনুগ্রহপূর্বক মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) সুরুল-গুন্নুটিয়া রোডের (বীরভূম) অবশিষ্ট অংশ নির্মাণের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ; এবং

(খ) ঐ রাস্তার কাজ কবে নাগাত শুরু ও শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Public Works (Roads) :** সীমিত অর্থ বরাদ্দের মধ্যে আপাতত অবশিষ্টাংশ নির্মাণ করা সম্ভব নয়। তবে অর্থোন্নতির সম্ভাবনার দিকে দৃষ্টি রাখিয়া কাজটির আনুমানিক ব্যয়ের একটি প্রাক্কলন (এষ্টিমেট) প্রস্তুত করা হইয়াছে।

### নবগ্রাম ব্লকে ডিপ টিউবওয়েল

২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৯।) **Shri Adya Charan Dutta :** কৃষিবিভাগ মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ব্লকে কৃষিকার্যের জন্য ডিপ টিউবওয়েল বসানোর কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কোথায় কোথায় এই ডিপ টিউবওয়েল বসানো হইবে ?

**The Minister for Agriculture :** (ক) বর্তমান বৎসরের বাজেটে যথোপযুক্ত বরাদ্দ না থাকাতে কোন নূতন ডিপ টিউবওয়েল বসানো সম্ভব নয়। তবে কেন্দ্রের নিকট হইতে যোজনা বহির্ভূত অর্থসাহায্য পাওয়া গেলে নূতন টিউবওয়েল স্থাপনের কার্যসূচি গ্রহণ করা হইবে।

(খ) এই প্রশ্ন উঠে না।

### জনস্বাস্থ্যবিভাগে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

২৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪৪।) **Shri Sankardas Paul :** স্বাস্থ্যবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যসরকারের জনস্বাস্থ্যবিভাগে সম্প্রতি ১৪ জন সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার করা হইয়াছে ;

(খ) সত্য হইলে—

(১) উহাদের প্রত্যেকের উক্ত কার্যের উপযোগী দক্ষতা আছে কিনা, এবং

(২) নিয়োগের পূর্বে কাগজে বিজ্ঞাপন দেওয়া হইয়াছিল কিনা ; এবং

(গ) না হইলে, এইভাবে নিয়োগের কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Health :** (ক) এবং (খ) (১) ও (২) হ্যাঁ।

(গ) প্রশ্ন উঠে না।

## মুর্শিদাবাদ জেলায় রেশম শিল্প

২৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৪।) **Shri Adya Charan Dutta** : কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় খাদি বোর্ড হইতে অনুদান ও ঋণ বাবত রেশম শিল্পের জন্য কাহাকে বা কোন্ সংস্থাকে বিগত তিন আর্থিক বৎসরের (১৯৬৭-৬৮ হইতে ১৯৬৯-৭০) প্রতি আর্থিক বৎসরে পৃথক পৃথক ভাবে কত টাকা মঞ্জুর করা হইয়াছে ; এবং

(খ) অনুদান হিসাবে বা ঋণ হিসাবে বরাদ্দীকৃত অর্থ সব ব্যক্তি বা সংস্থা ঠিকমত সদ্ব্যবহার করিয়াছেন কিনা, তাহার অডিট হইয়াছে কিনা এবং হইলে, রিপোর্ট কি ?

**The Minister for Cottage and Small-Scale Industries :** (ক) উক্ত জেলায় খাদি বোর্ড হইতে বিগত তিন আর্থিক বৎসরে (১৯৬৭-৬৮ হইতে ১৯৬৯-৭০) রেশম শিল্পের জন্য কাহাকেও বা কোন সংস্থাকে অনুদান ও ঋণ বাবত কোন অর্থ মঞ্জুর করা হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## বাঁকুড়া জেলায় লিফ্ট ইরিগেশন

২৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৫।) **Shri Phani Bhusan Singhababu** : কৃষি-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার তালডাংরা থানার পুরন্দরথালে লিফ্ট ইরিগেশন স্কীমটি বর্তমানে কি অবস্থায় আছে, এবং

(খ) উক্ত স্কীমটি যে অতিরিক্ত ছয়টি মৌজায় চালু হইবার কথা ছিল সে বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Agriculture :** (ক) তালডাংরা থানার পুরন্দরথালে অবস্থিত শালতোড়া নদী সেচ প্রকল্পটি বর্তমানে চালু অবস্থায় আছে।

(খ) এরূপ কোন প্রস্তাব বিবেচনাধীন নাই।

## পিছাবনী স্বাস্থ্যকেন্দ্র

২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮০।) **Shri Sudhir Chandra Das :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কাঁথি মহকুমার অন্তর্গত পিছাবনী স্বাস্থ্যকেন্দ্রটির গৃহ অত্যন্ত জরাজীর্ণ হওয়ায় রোগীর বাসের সম্পূর্ণ অযোগ্য হইয়া উঠিয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে ?

**The Minister for Health :** (ক) পিছাবনীতে স্বাস্থ্যকেন্দ্র নাই। একটি এ জি হাসপাতাল আছে এবং হাসপাতালটির গৃহ জরাজীর্ণ।

(খ) পূর্তবিভাগকে অবিলম্বে গৃহ মেরামতের জন্য অনুরোধ করা হয়েছে।

**Crimes in Jamalpur P. S.**

254. (Admitted question No. 1125.) **Shri Puranjoy Pramanik :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of cases, if any, of murder and dacoity under Jamalpur police-station in the district of Burdwan during the years 1969, 1970, 1971 and 1972 (up to June);

(b) the number of miscreants so far arrested in connection with the crimes mentioned at (a) above;

(c) the number of the said miscreants who have been punished and the nature of punishment; and

(d) the steps taken by Government for prevention of such crimes in this area?

**The Minister for Home (Police) :**

| | Murder | Dacoity |
|---|---|---|
| (a) 1969 | 1 | 3 |
| 1970 | 1 | 6 |
| 1971 | 7 | 5 |
| 1972 ( up to June, 1972) | 1 | Nil |

(b) Murder—34, Dacoity—56. Total 90 persons.

(c) One person—life imprisonment.

(d) R. G. parties have been reactivised in the affected areas. Also anti-dacoity patrols have been introduced. Actions were also taken under preventive section of law. Three dacoits have been detained unde MISA.

**Labour Welfare Centres**

255. (Admitted question No. 1150.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) total number of Labour Welfare Centres in West Bengal; and

(b) total number of Labour Welfare Centres in Midnapur district?

**The Minister for Labour :** (a) There are in all 53 Lobour Welfare Centres in West Bengal.

(b) Nil.

**Scrap materials for minor industries**

256. (Admitted question No. 1170.) **Shri Ajit Kumar Basu :** Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) whether the State Government has any proposal to utilise the scrap materials available in Kharagpur Railway Workshops in Midnapore district for the growth of ancillary industries in the area;

(b) if so, what are the ancillary industries, which are likely to come up in the area in the near future ; and

(c) the prospect of the industrial growth of this area in future ?

**The Minister for Cottage and Small-Scale Industries : (a)** No.

(b) The following ancillary industries may come up in the area :

(1) Brake block,

(2) Bolt, nuts and screws ,

(3) Hinges, rivets and washers; and

(c) The Railway Workshop at Kharagpur and the Petro-Chemical Complex in Haldia region offer tremendous prospect for industrial growth of the area.

### কালনা মহকুমা হাসপাতাল

২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৮।) **Shri Nurul Islam Mullah :** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কালনা মহকুমা হাসপাতালের নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(খ) কোন্ সময়ের মধ্যে ইহার নির্মাণকার্য শেষ হইবে ?

**The Minister for Public Works :**

(ক) হাসপাতাল ভবন নির্মাণের কার্য প্রায় ৮০ শতাংশ সম্পূর্ণ হইয়াছে। অন্যান্য আনুষঙ্গিক কাজসমূহের অগ্রগতি অব্যাহত আছে।

(খ) আশা করা যাইতেছে যে, ১৯৭৩ সালের মার্চ মাসের মধ্যে হাসপাতাল নির্মাণের কার্য সম্পূর্ণ হইবে।

### Cycle tyres and tubes

**258.** (Admitted question No. 1185.) **Shri Girija Bhusan Mukhopadhyaya :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether cycle tyres and tubes and essential commodities are sold at controlled price ; and

(b) if so, the prices of cycle tyres and tubes of different varieties ?

**The Minister for Food and Supplies :** (a) Cycle tyres and tubes have been included in the schedule of essential commodities under the Essential Commodities Act of 1955. But there has been no statutory order fixing maximum selling rates of these commodities.

(b Does not arise,

**Sales Counters by F. C. I.**

259. (Admitted question No. 1200.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the State Government has requested the Food Corporation of India to open at least one sales counter in each of the districts of West Bengal ; and

(b) if so, how many sales counters have already been opened by Food Corporation of India so far and how many are expected to be opened by the end of the current year ?

**The Minister for Food and Supplies :** (a) No. The Food Corporation of India have, however, on their own initiative opened one sales centre in Calcutta for sale of pulses and they have decided in consultation with the State Government to open such sales centre at Siliguri, Asansol, Krishnagar, Berhampore and Bankura during the current year.

(b) Does not arise.

**Mustard seeds and pulses**

260. (Admitted question No. 1202.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has requested the Food Corporation of India to purchase mustard seeds and pulses on its behalf ; and

(b) if so, the reasons for not opening direct agency of the State Government for purchase of such commodities ?

**The Minister for Food and Supplies :** (a) The State Government, with a view to keeping the prices of mustard seeds and pulses at reasonable level, requested the Food Corporation of India, from time to time, to make large-scale import of the commodities from the producing States like Uttar Pradesh, Rajasthan, etc., on their own account on commercial basis for distribution of the same at fair prices, particularly during the lean period when the prices of the same generally soar up.

(b) The State Government has no purchasing organisation of its own in the producing States while the Food Corporation of India have such organisation.

**পলিও ক্লিনিক**

২৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪২) **Dr. Md. Ekramul Haque Biswas :** স্বাস্থ্য-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট কয়টি পলিও ক্লিনিক আছে ; এবং

(খ) প্রতিদিন গড়ে কতজন আউটডোর এবং ইনডোর-এ রোগী চিকিৎসার সুযোগ পেয়ে থাকেন ?

**The Minister for Health :** (ক) একটি।

(খ) প্রতিদিন গড়ে ইনডোর-এ ২৬ জন এবং আউটডোর-এ ১০০ জন রোগী চিকিৎসার সুযোগ পেয়ে থাকেন।

বন্যাবিধ্বস্ত এলাকায় পাকা বাড়ি নির্মাণ

২৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯৮।) **Shri Harisadhan Doloi :** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাঁটাল মহকুমায় চন্দ্রকোণা ১নং ব্লক এবং ঘাঁটাল ব্লকে বন্যাবিধ্বস্ত এলাকার লোকেদের জন্য সরকারের খরচায় কিছু পাকা ঘরবাড়ি তৈয়ারি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে—

(১) ১৯৭২-৭৩ আর্থিক বৎসরে এজন্য কত টাকা ব্যয় হইবে, ও

(২) কয়টি ও কোথায় বাড়ি তৈয়ারি হইবে ?

**The Minister for Housing :** (ক) আপাতত এরূপ কোন পরিকল্পনা আবাসন-বিভাগের নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**Improper method practiced by the F.C.I.**

**263.** (Admitted question No. 1222.) Shri **Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the State Government has of late noticed serious lacunae in the machinery for storage and distribution of the Food Corporation of India in this State ; and

(b) if so—

(i) the nature of irregularities noticed by the Government, and

(ii) the steps the Government has taken in the matter ?

**The Minister for Food and Supplies :** (a) The State Government has of late come across some serious defects in the system of storage and distribution of foodgrains by the Food Corporation of India in this State. The main complaint against the Food Corporation of India, however, relates to the quality of foodgrains of non-Bengal origin issued from its godowns.

(b) (i) The major defects noticed by the Government are :

(1) absence of proper dunnage in some godowns, lack of proper ventilation, absence of modern godowns, etc. ;

(2) inadequacy of arrangements for treatment of infested stocks, e.g. spraying, fumigation, etc. ;

(3) failure to segregate infested stocks to prevent infestation of good stocks in some cases ;

(4) inadequacy of arrangements to clean recondition, or otherwise treat sub-standard stocks in order to elevate them to the fair average quality standard ;

(5) inadequacy of arrangements to segregate condemned stocks in some cases ;

(6) failure to observe due rotation of stocks on the basis of the storage life of the grains ;

(7) absence of a system of inspection of stocks before issue to ration dealers by the Food Corporation to ensure supply of foodgrains of fair average quality to consumers.

(ii) In view of persistent complaints about the quality of foodgrains upplied through the public distribution system, particularly of non-lengal rice of Atap variety a system of cent per cent. pre-delivery joint nspection by the officers of the Food Corporation and the State Government of stocks issued to the ration dealers has been introduced vith effect from 27th March, 1972. As a result, a large quantity of ub-standard rice and wheat has been withheld from distribution and ept segregated for cleaning and reconditioning. To expedite the work f cleaning and reconditioning the Food Corporation of India has been revailed upon to bring down several power-driven grain-cleaning nachines. Six such machines have already been installed and are in perations in different godowns. The Food Corporation of India has een requested to install 100 such machines in different godowns. The toring Agents of the Food Corporation of India have also been directed o install big sieves in their godowns for cleaning sub-standard stocks ending installation of mechanical grain-cleaners. The Food Corporation as also been asked to take all possible measures to eliminate the defects n the system of storage locally as far as practicable.

The State Government has also appointed a committee consisting f three officials and four non-officials, including one M.P. and two M.L.A.s, to go into the whole question of storage, distribution and uality control of foodgrains meant for supply under the public istribution system by the Food Corporation. The committee has taken p the work in right earnest and is expected to submit its report hortly.

## মাঝিয়ান কৃষিবীজ ফার্ম

২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০০।) **Shri Bireswer Roy :** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুরের মাঝিয়ান কৃষিবীজ ফার্মের জন্য গত ১৯৭০-৭১ সালে সমস্ত প্রকার খাতে মোট কত টাকা খরচ হইয়াছে ;

(খ) ঐ ফার্মে উক্ত বৎসরে কোন্ প্রকারের কত পরিমাণ বীজ উৎপাদন হইয়াছিল ;

(গ) বীজগুলির বিক্রয়মূল্য কত ছিল ;

(ঘ) বীজগুলি বিক্রয় করিয়া মূল্য বাবত যাহা পাওয়া গিয়াছে তাহাতে লাভ না লোকসান হইয়াছে ; এবং

(ঙ) লোকসান হইলে, তাহার কারণ কি ?

**The Minister for Agriculture :** (ক) মোট ১,০২,২৯৮.৬৩ টাকা খরচ হইয়াছে।

(খ) ঐ ফার্মে উক্ত বৎসরের উৎপাদিত বীজের প্রকার ও পরিমাণ নিম্নে তালিকাকারে দেওয়া হইল :—

| বীজের প্রকার | পরিমাণ (কিগ্রা:) |
|---|---|
| (১) ধান | ৮৫,৪৭১.৫০০ |
| (২) পাট | ৫২৪.০০০ |
| (৩) গম | ১৩,৭৫৭.০০০ |
| (৪) সরিষা | ৯১১.০০০ |
| (৫) বার্লি | ১,০৬০.০০০ |
| (৬) মুগ | ৮৬.০০০ |

এ ছাড়া সবজি, পেয়ারা, কলা ইত্যাদিও উৎপাদিত হইয়াছিল।

(গ) বীজ ও অন্যান্য সামগ্রীর বিক্রয়মূল্য মোট ৮৬,৫৮৯.৬২ টাকা ছিল।

(ঘ) লোকসান হইয়াছে।

(ঙ) লোকসান হইবার কারণগুলি নিম্নরূপ :

প্রথমত : মজুরের রোজ, সার, ঔষধাদি এবং সরকারী কর্মচারীদের মাহিনা বাড়ার ফলে ফার্মের খরচ তুলনামূলকভাবে প্রায় শতকরা ২০ ভাগ মত বাড়িয়া গিয়াছে, কিন্তু সেই অনুপাতে ফার্মে উৎপাদিত বীজের দাম বাড়ানো যায় নাই।

দ্বিতীয়ত : ফার্মের সীমানার বেড়া এখন পর্যন্ত মেরামত না হওয়ায় ছাড়া গরু, ছাগল দ্বারা সাধিত ক্ষতি এই লোকসানের জন্য দায়ী।

তৃতীয়ত : খরিফ মরসুমে বন্যার জন্য ক্ষতির পরিমাণ যথেষ্ট বাড়িয়া যায়।

চতুর্থত : এখন পর্যন্ত সমগ্র জমিতে সেচের জলের ব্যবস্থা করা যায় নাই এবং ভাল জল নিকাশের ব্যবস্থাও সুষ্ঠুভাবে করা সম্ভব হয় নাই ; এজন্য পার্শ্ববর্তী এলাকার জল নিকাশও ফার্মের জমির উপর দিয়া হয়।

### বিধ্বস্ত গৃহ বাবত অনুদান

২৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪১।) **Dr. Shaikh Omar Ali :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ সালে মেদিনীপুর জেলায় ব্লকওয়ারি বন্যায় ও ঘূর্ণিঝড়ে কতগুলি বাসগৃহ বিধ্বস্ত হয়েছে ;

(খ) এইজন্য অনুদানি বাবত কত টাকার দাবি ছিল ;

(গ) রাজ্যসরকার মোট কত টাকা মঞ্জুর করেছেন ; এবং

(ঘ) বাকি টাকা দেওয়া হবে কিনা এবং হ'লে কবে নাগাত হবে ?

**The Minister for Relief and Social Welfare :** (ক) একটি বিবরণী দিয়া দেওয়া হইল।

(খ) ৩৯,০৬,০০০ টাকা।

(গ) ৯,৮১,০০০ টাকা।

(ঘ) এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের নিকট লেখা হইয়াছে। কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়া গেলে আরও সাহায্য দেওয়ার ব্যবস্থা হইবে।

*Statement referred to in reply to Clause (Ka) of unstarred question No. 841*

বিবরণী

| ব্লকের নাম | সংখ্যা |
|---|---|
| পাঁশকুড়া-১ | ২,১০০ |
| পাঁশকুড়া-২ | ১,০০০ |
| তমলুক-১ | ৯৭০ |
| তমলুক-২ | ৫০০ |
| ময়না | ১,৮৫০ |
| মহিষাদল-১ | ২৫০ |
| মহিষাদল-২ | ১,০০০ |
| সুতাহাটা-১ | ৫৬০ |
| সুতাহাটা-২ | ৫৫০ |
| নন্দীগ্রাম-১ | ৩,২০০ |
| নন্দীগ্রাম-২ | ১,৫০০ |
| নন্দীগ্রাম-৩ | ৫,০০০ |
| কাঁথি-১ | ৪,২০০ |
| কাঁথি-২ | ৩,৭০০ |
| কাঁথি-৩ | ৩,৪৮০ |
| এগরা-১ | ৯৫০ |
| এগরা-২ | ৪,৯০০ |
| রামনগর-১ | ১,০০০ |
| রামনগর-২ | ২,০৩০ |
| ভগবানপুর-১ | ২,৫০৮ |
| ভগবানপুর-২ | ১,৮০০ |
| পটাশপুর | ১,৭০০ |
| খেজুরী | ১,৩৩০ |
| ঝাড়গ্রাম | ৫০৫ |
| বিনপুর-১ | ৯২ |
| বিনপুর-২ | ৬০ |
| জামবনী | ১১৭ |
| নয়াগ্রাম | ৬৬ |
| সাঁকরাইল | ১৭৫ |
| গোপীবল্লভপুর-১ | ১১০ |
| গোপীবল্লভপুর-২ | ২২৩ |

| ব্লকের নাম | সংখ্যা |
|---|---|
| খড়্গপুর-১ | ১,৩৭৫ |
| খড়্গপুর-২ | ১,৬৭১ |
| সবং | ৪,৩৫০ |
| পিংলা | ২,৬৫৭ |
| কেশিয়াড়ী | ১,২৭৮ |
| দাঁতন-১ | ২,১৭৮ |
| দাঁতন-২ | ১,০২১ |
| নারায়ণগড় | ৩,১০০ |
| মোহনপুর | ১,৫৭০ |
| মেদিনীপুর | ২ ৪৬২ |
| ডেবরা | ২,৭২৪ |
| কেশপুর | ৩,২৮০ |
| শালবনী | ৫২৮ |
| গড়বেতা-১ | ১,৩৫২ |
| গড়বেতা-২ | ৩০১ |
| গড়বেতা-৩ | ৬৩২ |
| ঘাটাল | ৪,৪৩৫ |
| দাসপুর-১ | ৩,৪৯১ |
| দাসপুর-২ | ১,১৭৮ |
| চন্দ্রকোনা-১ | ১,৫৯৬ |
| চন্দ্রকোনা-২ | ২,০৬০ |
| মোট | ৯১.৯৭৮ টি |

**CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE**

**Mr. Speaker :** The Minister-in-charge of the Labour Department will please make a statement on the subject of relay hunger strike by the employees of Messrs Indian Standard Wagon, Burnpur, since the 14th July, 1972—Attention called by Shri Nirnjan Dihidar on the 26th July, 1972.

**Shri Pradip Bhattacharyya :** Sir, in reply to the calling attention notice given by Shri Niranjan Dihidar on the subject of relay hunger strike by the employees of Messrs Indian Standard Wagon, Burnpur, I beg to state that the employees of Messrs Indian Standard Wagon, Burnpur, had gone on a relay hunger strike with effect from 14th July, 1972 on the following demands of the Staff Association: (i) Arrear dues of the salary payable according to tripartite settlement of 1971 should be paid; (ii) revision of grades; and (iii) illegal transfer of staff should be stopped. The

hunger strike was callen off ultimately on 23rd July, 1972. On 26th July, 1972 the Deputy Labour Commissioner, Durgapur, went to Asansol because the workmen resorted to a strike on the issue of certain chargesheets. The strike was called off on the same day. It was decided that all the unions and the management would discuss the pending issues amongst themselves to arrive at a final settlement. The situation is now peaceful.

**Mr. Speaker:** The Minister-in-charge of the Relief and Welfare Department will please make a statement on the subject of serious situation in Malda and West Dinajpur districts as a sequal to drought—Attention called by Shri Sukumar Bandyopodhyay on the 27th July, 1972.

**Shri Sankar Ghose:** With your permission, Sir. In reyly to the Calling Attention Notice by the honourable member, Shri Sukumar Bandyopadhyay, I rise to say that Government are fully alive to the difficult situation created by drought in the districts of Malda and West Dinajpur. Government have undertaken all possible measures for relief of distressed and drought affected people of the two districts and sanctioned the following allotments up to 29th July, 1972 under various heads of relief:

Malda—Gratuitious relief Rs.10,30,000 plus 10 metric tonnes of Italian rice.

West Dinajpur—Gratuitious relief Rs 11,87,960.

Test Relief: Malda—Rs.44 50,000 plus 125 metric tonnes of Russian rice plus 729 metric tonnes CARE wheat despatched up to 30th June, 1972.

Test Relief: West Dinajpur—Rs.31,25,000 plus 125 metric tonnes ot Russian rice plus 967 metric tonues of CARE wheat despatched up to 30th June, 1972.

Relief Contingency: Malda—Rs 5,44,700.

Relief Contingency: West Dinajpur—Rs 2,11 000.

Agricultural Loan: Malda—Rs.3,00,000.

Agricultural Loan: West Dinajpur—Rs.6,45 000

Instructions are already being communicated to the District Officers give doles in emergent cases for preservation of life. Relief operations e still continuing and the District Officers concerned have been structed to render relief on a liberal scale according as the situation mand. Besides, arrangements are there to feed a target of 45 ousand and 35 thousand children per day in Malda and West Dinajpur spectively under CARE assisted sick feeding programme.

Bharat Sevashram Sangha and the Marwari Relfef Society have also started opening immediately free relief kitchen in severely drought affected pockets in consultation with the District Officers of these two districts. Each of these organisations will feed distressed people up to 25 thousand per day for a period of one month.

Indian Red Cross Society have also already sent milk powder to West Dinajpur and Malda.

**Mr. Speaker** : I have received 9 notices of Calling Attention on the following subjects, namely :

(1) Situation in drought-hit Murshidabad—From Shri Mohammad Dedar Bakash.

(2) Flood in North Bengal—From Shri Abdul Bari Biswas and Shri Madhu Sudan Roy.

(3) Appaling condition in drought-hit Bankura district and inadequacy of beds at Bankura Sanmilanee Hospital—From Shri Kashinath Misra.

(4) Im[illegible]iate provision for G. R., T. R., etc., in drought-hit [illegible]um district—From Shri Netai Pada Ghosh.

(5) Intensification of power crisis in Calcutta due to two units of power generator at Durgapur Project Ltd. going out of commission—From Shri Niranjan Dihidar and Shri Sukumar Bandyopadhyay.

(6) Deterioration of flood condition in North Bengal and reported death of several persons—From Shri Netai Pada Sarkar.

(7) Immediate provision for G. R., T. R., etc , throughout West Bengal specially in drought-hit districts—from Shri Abdul Bari Biswas.

(8) Closure of 8,000 power looms in West Bengal—From Shri Aswini Roy.

(9) Drought affected areas in Birbhum district—From Shri Sachinandan Show.

I have selected the notice of Shri Niranjan Dihidar and Shri Sukumar Bandybpadhyay on the subject of intensification of power crisis in Calcutta due to two units of power generator at Durgapur Project Ltd. going out of commission.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date.

[2-10—2-20 p. m.]

**Dr. Zainal Abedin :** Mr Speaker, Sir, I propose to make a statement today.

A tendentious report has appeared in certain press today stating that the DPL has during recent months generated only 45 MW of power and that on the evening of 1st August 1972 the DPL has produced only 10MW of power DPL's average export of power to Calcutta during July, 1972—during the present power crisis—has been about 75 MW during morning peak This is apart from 70 MW of power supplied to local industries of Durgapur and to WBSEB at Pandaveswar On 1st August 1972 DPL's total question was 128 MW During morning peak of 1st August 1972 export to Bandel was 54 MW while during evening peak the supply to Bandel was 73.5 MW. This would show how untrue and malicious the press report is. It is learnt informally that the above report was meant for the Durgapur Thermal Power Station of DVC and not DPL If that be so, it is very strange why DPL has been brought into the picture to be maligned and given a bad name during the present power crisis. It is further learnt that DPL gave DVC a loan of 35 MW on 1st August 1972.

**Shri Pankaj Kumar Banerji :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমরা এর আগের সপ্তাহ বিধান সভায় বলেছিলাম বন্ধ কৃষ্ণা গ্লাস কারখানা যদি অবিলম্বে খোলার ব্যবস্থা সরকারের তরফ থেকে করা না হয় তাহলে আমরা কয়েকজন বিধানসভার ভেতর অনশন করতে বাধ্য হব। সেই কথা অনুযায়ী আজকে দক্ষিণ কলিকাতা থেকে ১০/১৫ হাজার মেহনতী মানুষ আমাদের এই বিধান সভা অভিযানে বেরিয়েছিলেন, তাঁদের রাজভবনের দক্ষিণ দিকে আটক করে রাখা হয়েছে। আমি রাষ্ট্র মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যদি এই সভায় একটা স্টেটমেন্ট দেন এবং এই সমস্ত বিক্ষুব্ধ মানুষের সামনে গিয়ে আমার সরকার এই সম্বন্ধে কি চিন্তা, কি নীতি ঠিক করেছেন সেটা যদি তাঁদের সামনে বুঝিয়ে বলেন তাহলে বিক্ষুব্ধ মানুষদের আমরা শান্তিপূর্ণভাবে বাড়ীতে পাঠিয়ে দিতে পারব। যতক্ষণ না সরকার এই কারখানা খোলা সম্পর্কে দিনক্ষণ ঠিক করে দিচ্ছেন, একটা সুস্পষ্ট নীতি ঘোষণা করছেন ততক্ষণ তারা সেখানে অবস্থান অনশন করবেন এবং আমরাও ভেতরে অনশন করব বলে ঠিক করেছি। এই সংগে সংগে আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব তাঁরা যেন সেই আধপেটা খাওয়া, না খাওয়া মানুষদের সামনে গিয়ে তাঁদের বৈপ্লবিক চিন্তাধারা, বৈপ্লবিক সংগ্রামের কথা তাদের দাবিদাওয়া আদায়ের ক্ষেত্রে যেন রাখেন।

**Mr. Speaker :** There is no point of order in it. You have only drawn the attention of the House and the members of the Treasury Benches to some facts. I call upon Shri Niranjan Dihidar.

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়টা নিয়ে গত ২।৩ দিন আগে আমাদের বন্ধু সদস্য ললিত গায়েন মহাশয় একটা বক্তব্য রেখেছিলেন। আজকে ১০ হাজার শ্রমিক এসেছে, আমাদের মন্ত্রিমহাশয়রাও এখানে আছেন, আমরা মনে করি এই অবস্থায় অন্ততঃপক্ষে ক্যাবিনেট কিংবা বিভাগীয় দপ্তরের কোন একজন মন্ত্রীর সেখানে গিয়ে তাদের অবস্থা এবং তাদের দাবিদাওয়া সম্বন্ধে তাদের কাছ থেকে শোনা উচিত এবং তাদের সামনে যাওয়া উচিত।

**Mr. Speaker :** Mr Banerjee. you were speaking on Krishna Glass Works. I call upon Shri Pradip Bhattacharyya to make a statement on the subject.

**Shri Pradip Kumar Bhattacharyay :** মাননীয় স্পীকারমহাশয়, কৃষ্ণা গ্লাস ওয়ার্কস লিমিটেডের দুটি কারখানা একটি যাদবপুরে ও অপরটি বারুইপুরে। যাদবপুরে কারখানা শ্রমিকসংখ্যা ছিল প্রায় ১,০০০, এবং বারুইপুরে ছিল প্রায় ৮০০। সবসমেত কোম্পানীর অধীনে প্রায় ১৮০০ শ্রমিক কাজ করতেন ২২. ১০. ৭০ তারিখে যাদবপুরের এবং ২০. ১০. ৭০ তারিখে বারুইপুরের কারখানা বন্ধ হয়। বন্ধের কারণ এস. ইউ. সি. ও সি. পি. আই. (এম) ইউনিয়নের মধ্যে বিরোধ এবং সংঘর্ষ। এই বিরোধের সূত্রপাত হয় প্রথম U. F. Government আমলে, দ্বিতীয় U. F. আমলে বিরোধ ভীষণ আকার ধারন করে এবং শেষ পর্যন্ত মালিকপক্ষ কারখানা বন্ধ করিয়া দেন। এরই ফলশ্রুতি ১,৮০০ শ্রমিকের বেকারী এবং ১,৮০০ পরিবারের চরম দুর্গতি।

রাজ্য সরকারের শ্রম বিভাগ বহু চেষ্টার ফলে দ্বিপাক্ষিক এবং ত্রিপাক্ষিক শান্তিচুক্তির মাধ্যমে এক চুক্তি সম্পাদন করেন যাহার শর্ত অনুসারে ৪. ৬. ৭১ তারিখে কারখানা দুটি খোলার কথা ছিল। কিন্তু ইতিমধ্যে কেন্দ্রীয় অন্ত শুল্কের প্রায় ৯½ লক্ষ টাকার এক দাবি উপস্থিত হওয়ায় মালিকপক্ষ কারখানা খুলিতে অসমর্থ হন। এ অবস্থায় রাজ্যসরকারের অনুরোধে বিগত ৩১. ১. ৭১ তারিখে কেন্দ্রীয় সরকার এই কোম্পানীর বিষয় তদন্তের জন্য Industrial (Development and Regulation) Act অনুযায়ী এক কমিটি নিয়োগ করেন। কিন্তু কমিটির তদন্তের শুরুতেই সর্বপ্রথম জানা গেল যে কোন পাওনাদারের দরখাস্তের বিচারে মাননীয় হাইকোর্ট ১৫. ১১. ৭১ তারিখ-এ কোম্পানি গুটাইয়া ফেলার আদেশ দিয়া লিকুইডেটার নিয়োগ করিয়াছেন। এমতাবস্থায় হাইকোর্টের বিশেষ অনুমতি সাপেক্ষে তদন্ত স্থগীত রাখা হয়। অতঃপর রাজ্যসরকার হাইকোর্টের বিশেষ অনুমতি লইয়া তদন্ত চালানোর দাবী জানান এবং বিগত ৩০শে জুলাই তারিখে হাইকোর্ট কেন্দ্রীয় সরকারের আবেদন মঞ্জুর করিয়া তদন্ত চালানোর অনুমতি দিয়াছেন এবং শ্রম মন্ত্রিমহাশয়ের বিশেষ অনুরোধে এরই মধ্যে কেন্দ্রীয় সরকার তদন্ত কমিটি পুর্ণগঠন করিয়া বিধিবদ্ধ তদন্তের আদেশও জারী করিয়াছেন।

এই তদন্তের আদেশ অনুযায়ী ভারত সরকার কম্পানীর কার্যভার পরিচালনার দায়িত্ব গ্রহণ করা বা না করা স্থির করবেন। এবিষয়ে রাজ্য সরকারের আইনগত কোনো ক্ষমতা নাই (সুতরাং কারখানা দুটি কবে খুলিবে এবং আগেই খুলিবে কিনা এ বিষয়ে রাজ্য সরকার কোন সময়সীমা নির্ধারণ বা প্রতিশ্রুতি দিতে পারেন না।) তবে কেন্দ্রের বিভিন্ন পদক্ষেপের জন্য রাজ্যসরকার প্রয়োজনীয় সুপারিশ করিয়াছেন এবং করিবেন। রাজ্য সরকারের স্থিরবিশ্বাস যে কারখানা দুটি খোলা সম্ভব হইবে এবং এ বিষয়ে যাহাতে কোন অকারণ বিলম্ব না ঘটে তাহার জন্য এই সরকার বিশেষ চিন্তিত আছেন ও থাকিবেন।

এই অনুসন্ধানকার্য্য ত্বরান্বিত করার জন্য বিভিন্ন শ্রমিক সংস্থাগুলির সহায়তাও রাজ্য-সরকার চাইছেন।

**Shri Pankaj Kumar Banerji :** মাননীয় স্পীকারমহাশয়, মন্ত্রিমহাশয় যা বললেন সেটা আমার বক্তব্যকে সমর্থন করল না। আমরা চেয়েছিলাম একটা সময় নির্ধারণ করা হোক যে অমুক দিন এটা খোলা হবে। ১৭ জন শ্রমিক না খেয়ে মরে গেছে অথচ এ সম্বন্ধে কোন সুস্পষ্ট ইংগিত আমরা পেলাম না। মাননীয় স্পীকারমহাশয়, এ সম্বন্ধে আমি মন্ত্রিমহাশয়ের এবং সরকারের পরিষ্কার বক্তব্য আশা করেছিলাম।

**Shri Niranjan Dihidar :** মাননীয় স্পীকারমহাশয়, আজকে মাননীয় সদস্যেরা শ্রমিকদের অভাব অভিযোগের কথা যা এখানে রাখলেন এবং বললেন ১৫ হাজার শ্রমিক বাইরে দাঁড়িয়ে রয়েছে, আমিও অন্য জায়গার সেই একই শ্রমিকের কথা অর্থাৎ কয়লাখনির শ্রমিকদের কথা এখানে বলতে চাই। আজকে শ্রমিকদের উপর নূতন করে জুলুম চলছে, আজকে নূতন করে তাদের উপর অত্যাচার এসেছে এবং এটা হচ্ছে কয়লাখনি অঞ্চলের শ্রমিকদের কথা। এর আগে কয়েকটি কয়লাখনি বন্ধের কথা আমি হাউসে বার বার রেখেছি। কিন্তু যতই এইসব কথা রাখছি ততই কয়লাখনি বন্ধ হচ্ছে। জামুরিয়া কয়লাখনি বন্ধ করবার জন্য নোটিশ দেয় ১০ তারিখ থেকে। তার প্রতিবাদে ২৮শে জুলাই থেকে রিজিওন্যাল লেবার কমিশনের অফিসের সামনে পাঁচজন শ্রমিক আমরণ অনশন করছে এবং তাদের অবস্থা অত্যন্ত সংকটজনক। এই কয়লাখনিতে ১,৫০০ শ্রমিক কাজ করে। মালিকরা শ্রমিকদের ২ মাসের বেতন দিচ্ছে না, তারা প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা দেয়নি, এবং তার পরিমাণ হচ্ছে ২ লক্ষ টাকা এবং এছাড়া তারা রয়ালটির ১১ লক্ষ ৪০ হাজার ৯০৮ টাকাও তারা দেয়নি। এরকম একটি মালিক যার নাম হচ্ছে মেসার্স চনচনী। আমরা দেখছি এক একটা কয়লাখনি বন্ধ হতে চলেছে এবং সেখানে বে-আইনী রাজ চলেছে। মালিকরা দম্ভের সংগে বলছে আমরা কোন কথা বলব না। তারা বলছে, দেয়ার ইজ নো পাওয়ার অন দি আর্থ হুইস্ ক্যান মেক আস্ রান দি কলিয়ারিস। এসব কথা তারা ঘোষণা করেছে। আমরা ভেবেছিলাম আমাদের সরকার কয়লাখনি খোলা রাখবেন এবং শ্রমিকের প্রাপ্য পয়সা দেবেন। মালিকরা বলছে আমাদের যেটা দেবার কথা ছিল সেটা দেয়নি কাজেই এই সরকারকে আমরা মানি না। এরকম সব দাম্ভিক উক্তি তারা বিভিন্ন অঞ্চলে করেছেন। এই কয়লাখনির যে পাঁচজন শ্রমিক অনশন করছে সেখানে যদি অনতিবিলম্বে সরকারের তরফ থেকে হস্তক্ষেপ না করা হয় তাহলে তাদের মৃত্যু হতে পারে। কাজেই আমার বক্তব্য হচ্ছে কয়লাখনি অঞ্চলে ১ লক্ষ ৫৫ হাজার শ্রমিকের মধ্যে যে বিক্ষোভ দেখা দিয়েছে সেটা দারুণভাবে ফেটে পড়বে সুতরাং আমি আশাকরি সরকার এর প্রতিবিধান করবেন।

[2-20—2-30 p. m ]

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় স্পীকারমহাশয়, আজকে একটি জরুরী বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বহু মাননীয় সদস্য যে দৃষ্টি আকর্ষণী নোটিশ দিয়েছেন তার মাধ্যমেই আমার বক্তব্যের প্রতিফলন ঘটছে। মাননীয় স্পীকার-মহাশয়, আপনি জানেন পশ্চিমবাংলায় এবছর বৃষ্টিপাত হয় নি। এর ফলে সমগ্র পশ্চিম বাংলায় আমন চাষ প্রায় বন্ধ হয়েছে এবং আউসের ফলন শতকরা ৩০ ভাগও হবে না। মাননীয় স্পীকার-মহাশয়, পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় আজকে ক্ষেতমজুর এবং কৃষিজীবীদের সামনে নিদারুণ সঙ্কট দেখা দিয়েছে। ইতিমধ্যেই বাঁকুড়া, পুরুলিয়া জেলা এবং আসানসোল মহকুমার বারাবনী, কুলটি, জামুরিয়া, রানীগঞ্জ, অণ্ডাল, ফরিদপুর এবং বাঁকুড়া জেলার ছাতনা, গঙ্গাজলঘাটি, মেজিয়া, শালতোরা, তালডাংরা, সিমলাপাল বড়জোড়া এবং পুরুলিয়া জেলার রঘুনাথপুর, কাশীপুর, পাড়া, বা, জয়পুর বলরামপুর, বাঘমুণ্ডী, বরাবাজার, ঝালদা, বান্দোয়ান প্রভৃতি ব্লক দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। কাজেই আজকে জি আর-এর পরিমাণ বৃদ্ধি এবং তার সরবরাহ অব্যাহত রাখতে হবে এবং টেস্ট রিলিফের কাজ চালাতে হবে। আজকে এই যে, গভীর সংকটের সম্মুখীন হয়েছে সে সম্পর্কে মন্ত্রীসভার বিবেচনা করতে হবে এবং এই যে দুর্ভিক্ষের অবস্থা সৃষ্টি হয়েছে সে সম্পর্কেও বিবেচনা করতে হবে। স্যার বাঁকুড়া, পুরুলিয়া, মালদহ, পশ্চিম দিনাজপুর, ২৪ পরগনা, হুগলী, মেদিনীপুর এবং অন্যান্য জায়গায় সর্বত্রই একটি কথা যে, মানুষ একটিও মানুষের মত নেই, মানুষের কাজ নেই, চাষআবাদ বন্ধ, প্রচণ্ড দুরবস্থার সম্মুখীন। এই যে ভয়াবহ অবস্থা, এই যে ভিক্ষ পশ্চিম বাংলার সাড়ে চার কোটি মানুষের জীবনে অন্ধকার অবস্থার সূচনা করছে তাতে আমি আপনার মাধ্যমে আমাদের প্রিয় মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, অবিলম্বে কেন্দ্রীয়

সরকারের কাছে ১০০ কোটি টাকার দাবি করুন আগামী দিনের সংকট এবং দুর্ভিক্ষজনিত অবস্থার মোকাবিলার জন্য। এইযে অতি ভয়াবহ এবং জীবনযাত্রার সঙ্গে সংশ্লিষ্ট দুরূহ সমস্যা তার সঙ্গে মোকাবিলা করবার জন্য আমি মন্ত্রিসভাকে অনুরোধ করছি তাঁরা অনতিবিলম্বে পশ্চিম বাংলার এই ভয়াবহ অবস্থার প্রতিবিধান করুন।

**Shri Sudhir Chandra Bera :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার কাছে উত্তরবঙ্গের ভয়াবহ বন্যার কথা বলছি। আমরা দেখছি কোচবিহার এবং জলপাইগুড়ি জেলার বন্যার ব্যাপারে নানারকম গুজব ছড়ান হচ্ছে এবং খবরের কাগজে বিভিন্ন রকম রিপোর্ট লেখা হচ্ছে। আমাদের মন্ত্রিসভা বন্যার সঠিক কি অবস্থা এবং কিভাবে এর প্রতিকার করা হচ্ছে সেটা যেন আমাদের জানান। কারণ কিছু কিছু চক্রান্তবাজ লোক বলছে যে, বন্যার ব্যাপারে ত্রাণকার্য ঠিকমত হচ্ছে না, কাজেই আপনারা পরিস্থিতিটা আমাদের ভাল করে বুঝিয়ে দিন।

**Shri Sharat Chandra Das :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমরা আজই পুরুলিয়া থেকে আসছি, এবং পুরুলিয়া জেলার কথা আপনি অন্ততঃ জানেন, যে এই বছর দীর্ঘ ৬ মাস খরা চলছে, সেখানে জনগণ আশা করেছিল যে বর্ষাকালে আবার বৃষ্টি হবে। বৃষ্টি হলে তারা আবার চাষ আবাদ করবে, কিন্তু প্রকৃতির খেয়ালখুশির ফলে এ যাবৎ পুরুলিয়া জেলায় বৃষ্টি হয়নি এবং এর পূর্বে আমরা দেখেছি সময় সময় অনাবৃষ্টি হয়, কিন্তু যে বীজধান থাকে সেই বীজধানগুলি স্বল্পবৃষ্টি হলেও সেগুলি রক্ষা পায়, কিন্তু এ বছর ভয়াবহ খরায় সমস্ত বীজধান চাষীদের নষ্ট হয়ে গিয়েছে, তারা আবার বৃষ্টি হলে চাষ করতে পারবে সে রকম অবস্থা তাদের নাই। এছাড়া হাজার হাজার কৃষিমজুর যারা কৃষিকার্যে আত্মনিয়োগ করে নিজেদের ভরণপোষণ করতে তারা আজ মহাবিপন্ন হয়ে পড়েছে, এবং তারা অখাদ্য কুখাদ্য খেয়ে, ডায়েরীয়া এবং কলেরায় মারা যাচ্ছে। ইতিমধ্যে রঘুনাথপুর, মালদা ও আদরায় বহু লোক মারা গিয়েছে ডায়েরীয়া হয়ে। এই মন্ত্রীসভা খরার সময় ৭ কোটি টাকা খরচ করেছেন, কিন্তু কেন্দ্রীয় সরকার মাত্র ৭৫ লক্ষ টাকা সাহায্য দিয়েছে। এ বছর মালদা, পশ্চিমদিনাজপুর, পুরুলিয়া, বাঁকুড়া এবং মুর্শিদাবাদে ভয়াবহ খরা এবং দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার যদিও সতর্কভাবে এগিয়ে যাচ্ছেন, কিন্তু কেন্দ্রীয় সরকার যদি যথোপযুক্তভাবে এদের সাহায্য করেন তাহলে এই মন্ত্রীসভা এই খরার মোকাবিলা করতে পারবেন। তারজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি, তারা যাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যথোপযুক্ত সাহায্য আদায়ের চেষ্টা করেন।

**Shri Dulal Saha :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে বীরভূম জেলায় যে প্রকটভাবে খরা চলেছে, এবং তার যে ভয়াবহ চিত্র আমরা দেখেছি, সেটা সম্বন্ধে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি, সেখানে এখনও বৃষ্টি আরম্ভ হয় নি যার ফলে চাষ সুদূর পরাহত। সেখানে টি. আর-এর কাজ বন্ধ করে দেওয়া হয়েছে। যার ফলে সাধারণ শ্রমিকরা কাজ না পেয়ে অনাহারে মৃত্যুর দিন গুনছে, সাধারণ গরীব চাষী তাদের ঘরেও অন্ন নাই, পরনে বস্ত্র নাই। মধ্যবিত্ত গরীব চাষী তাদের অবস্থা আরো ভয়াবহ কেন না তারা সরকারের কাছ থেকে লোন নিয়েছিলেন, সে ঋণ তারা পরিশোধ করতে পারেন নি। তাছাড়া তারা জি আর পাচ্ছেন না এবং সেকারণে তাদের বাধা সৃষ্টি করা হচ্ছে, এরফলে সাধারণ মধ্যবিত্ত ঘরের যে কঠিন পরিস্থিতি সে সম্পর্কে আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। চালের দর ১ টাকা ৫০ পয়সা থেকে ২ টাকা উঠেছে এবং ক্রয় ক্ষমতা একদম কমে গিয়েছে, সুতরাং তাদের মৃত্যুর দিন গোনা ছাড়া আর কোন উপায় নাই। এইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, সেখানে অবিলম্বে লঙ্গরখানা খুলে তাদের দুমুঠো অন্ন সংস্থান করুন।

**Shri Bhabani Shankar Mukherjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, বন্যা পরিস্থিতি উত্তরবঙ্গে যা হয়েছে তা আমাদের সকলের দৃষ্টি আকর্ষণ করেছে এবং সে সম্পর্কে আমি দু-একটি কথা বলতে চাই। উত্তরবঙ্গে প্রত্যেক বারই বন্যা হচ্ছে। শুনলাম যে এবার সেখানে ভারত সরকার নিযুক্ত বিশেষ সমীক্ষক দল আসছে, এরজন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকার থেকে কি ব্যবস্থা করা হচ্ছে তা বুঝতে পারছি না। আমি বিশেষ করে বলতে চাই দিল্লী থেকে ওরা যখন সমীক্ষা করতে আসছে তাদের সঙ্গে আমাদেরও লোক থাকা দরকার, কারণ এটার একটা পারমানেণ্ট সেটলমেণ্ট না হলে এই সমস্যার সমাধান হবে না। বরাবরের জন্য যাতে উত্তরবঙ্গ বন্যার হাত থেকে রেহাই পায় সেই চেষ্টা বিশেষ ভাবে করা প্রয়োজন, এই বিষয়ে আমি বিভাগীয় মন্ত্রমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

[2-30—2-40 p.m.]

**Shri Netai Pada Ghosh :** মাননীয় স্পীকার, স্যার, আমি একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আর্কষণ করছি। আমাদের বীরভূম জেলাতে পশ্চিম বাংলার গ্র্যানারী বলে অভিহিত করা হলেও গত বৎসর অতিবৃষ্টির জন্য চল্লিশ ভাগ ফসল হয় নি। তারজন্য এবার সাধারণ মানুষ গরীব, মধ্যবিত্ত ও শ্রমিকদের দুর্দশার অন্ত নেই। তারা অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে, তারপর তার সঙ্গে যুক্ত হয়েছে অসাধু ব্যবসায়ীদের অন্যায় কার্যকলাপ। যেখানে পাঁচদিন আগে সাঁইথিয়ায় ১৷৷০ টাকা চালের দর ছিল আজকে সেই চালের দর ২ টাকার উপর উঠেছে। এবং আমাদের মনে হচ্ছে '৬৭ সালের পুনরাবৃত্তি ঘটাবার জন্য একজোট বেঁধে লেগেছেন। আমি সেই দিকে আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আর্কষণ করছি। এই লোকগুলিকে অবিলম্বে যদি দুর্ভিক্ষের হাত থেকে বাঁচাতে হয় তাহলে অবিলম্বে জি আর প্রভুত পরিমানে এবং টি আর-এর কাজ—যাতে কৃষি উন্নয়নমূলক কাজে লাগান যায়, সেইরকম টি আর-এর কাজ এবং যেখানে অনাহারে লোক মরছে সেখানে অবিলম্বে লঙ্গরখানার ব্যবস্থা করুন এবং যারা অসাধু ব্যবসায়ী, যাদের জন্য ১৷৷ থেকে ২ টাকা চালের দর ৫ দিনের মধ্যে বেড়েছে, যারা '৬৭ সালের পুনরাবৃত্তি করবার জন্য, সেই ৫ টাকা দর করবার জন্য প্রস্তুত হয়ে রয়েছেন, নিশ্চয়ই আমাদের জনপ্রিয় সরকার তাদের সম্বন্ধে অত্যন্ত কঠোর ব্যবস্থা নেবেন যাতে অন্ততঃপক্ষে দ্রব্যমূল্যের বৃদ্ধি না ঘটে। এই বিষয় আমি আপনার ও সভার দৃষ্টি আকর্ষণ করছি। নমস্কার।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের এই সভায় এতক্ষণ ধরে আলোচনা হল খরা ও বন্যার উপর যা আপনি নিজেই শুনেছেন। স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় নিজের এলাকা সম্বন্ধেও সচেতন। সেদিক থেকে আমি বলছি যে আমাদের মন্ত্রিমহাশয় এই অবস্থা সম্বন্ধে সম্যক অবগত আছেন। তবুও আমি কয়েকদিন আগে মুর্শিদাবাদ জেলা সম্বন্ধে বলেছিলাম এবং এই ব্যাপারে তাঁর দৃষ্টি আকৃষ্ট হয়েছে এবং ব্যবস্থা গ্রহণ করেছেন বলেছিলেন। আমি এই কয়েকদিন হল মুর্শিদাবাদ জেলা থেকে ফিরে এসেছি এবং মুর্শিদাবাদ জেলা সম্বন্ধে বলছি। অপরপক্ষে অন্যান্য সদস্যরা তাঁদের নিজ নিজ জেলা সম্বন্ধে বলেছেন এবং তা থেকে দেখতে পাওয়া যাচ্ছে যে পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরের কিছু অংশ মুর্শিদাবাদ, মালদা পশ্চিম দিনাজপুর ইত্যাদি জায়গায় বিগত দিনের বন্যায় ও খরায় যে ক্ষতি হয়েছে তাতে এক অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়েছে। আজকে এই বিষয়ে বিশেষভাবে চিন্তা করা দরকার। আমাদের সামনে বিপদ। মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত এলাকায় আউস ধান হয়, আমি আউস ধান এলাকার লোক এবং স্যার, আপনিও হয়ত আউশ ধান এলাকার লোক, সেখানে আউস ধানের গাছ হয়েছে সেই গাছগুলির উপর যদি হাত বুলিয়ে যান তাহলে তা উঠে আসবে কারণ বৃষ্টি না হওয়ার জন্য এই ধানগাছগুলি দাঁড়িয়ে থাকবার ক্ষমতা হারিয়ে ফেলেছে। পাটচাষও ক্ষতি থেকে ক্ষতিতর হতে চলেছে। এমন কি যেখানে ধান রোয়া হয় সেখানে বৃষ্টির অভাবে ধান রোয়া সম্ভব হয়নি। একবার বীজ দিলে সেই বীজ বৃষ্টির অভাবে বরবাদ হয়ে যাচ্ছে।

ধানগাছ কিছুটা হয়ে সাদা হয়ে শুকিয়ে যাচ্ছে। আপনি জানেন, স্যার, বীজগাছ বয়স্ক হয়ে গেলে তা আর রোয়া যায় না এবং সেই গাছ থেকে ধান হয় না। এইভাবে চাষী ৪/৫ বার বীজগাছ করে, বৃষ্টির অভাবে সেই গাছ নষ্ট হয়ে যাচ্ছে। আজকে এইসব অঞ্চলের লোকেরা একটা ভীষণ অবস্থার সম্মুখে এসে দাঁড়িয়েছে। এই সমস্যার মোকাবিলা কি করে করা হবে তা বুঝতে পারি না। এইসব এলাকায় দেখেছি যে টি আর-এর কাজ সম্প্রসারণ করা হয়নি, জি আর-ও তথৈবচ। গ্রাম থেকে অনাহারে মৃত্যুর খবর আমাদের কাছে দিনের পর দিন আসছে। মুর্শিদাবাদ জেলা থেকে তিনটি মৃত্যুর খবর দিয়েছিলাম। আজকে এখানকার সভ্য দেদার বক্স সাহেবের কাছে খবর এসেছে, ভগবানগোলার ব্লক যুব কংগ্রেস কমিটির সম্পাদক রেজাউল হক খবর দিয়েছেন সেখানে শ্রীমতী চারুবালা পাল নামে একজন বিধবা মেয়ে, তার স্বামী স্বর্গীয় বিষ্টু পাল, ১০ দিন না খেতে পেয়ে মারা গিয়াছে। আর একটা কথা, স্যার, খড়গ্রামে তারা এই রেজলিউন পাশ করেছে।

মাননীয় মন্ত্রিমহাশয়রা, আমাদের কথা শুনছেন, মাননীয় অধ্যক্ষমহোদয়, আজকে সেন্স অব দি হাউস হচ্ছে, এ বিষয়ে মন্ত্রীসভা একটা ব্যবস্থা করুন। আমরা কি করব স্যার, আপনার প্রটেকশন ছাড়া আমাদের গত্যান্তর নাই, আমাদের পিঠের ছালগুলি যদি বাঁচাতে হয়, তাহলে আমাদের আপনার শরণাপন্ন হতে হয়। আমি জানি স্যার আজকে মাননীয় ত্রাণমন্ত্রী বাইরে আছেন, ডেপুটি লীডার বাইরে আছেন, কিন্তু স্যার, আজকে মন্ত্রীসভার অনেক বলিষ্ঠ মন্ত্রী এখানে উপস্থিত আছেন, আজকে আমরা তাঁদের কাছ থেকে স্টেটমেন্ট চাই, গোটা বাংলা দেশের কোন্ কোন্ জেলায় কি ব্যবস্থা নিচ্ছেন, ত্রাণ যা পাঠাচ্ছেন তা কার্যকরী হচ্ছে কিনা, এই সমস্ত আমরা জানতে চাই। স্যার, বিগত বন্যায় তাদের সব ভেসে গিয়েছে, আবার এই খরায় পুড়তে পুড়তে দুঃসহ অবস্থার মধ্যে আছে, তাদের জন্য ত্রিপল পর্য্যন্ত আমরা দিতে পারিনি। যা দিচ্ছেন, তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত নগণ্য। খাদ্য সরবরাহ যা করছেন, এবং তাতে যে চাল দিচ্ছেন তা অখাদ্য, আজকে মানুষের ক্রয়ক্ষমতা নাই। স্যার, আপনি আজকে অবস্থা বিচার করুন, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীদের কর্ণকুহরে এটা আনতে চাই। কি হবে আমাদের? এই বিধানসভা কাদের জন্য চলবে? সাড়ে চার কোটি মানুষের আশীর্বাদপুষ্ট এই বিধানসভা, তারাই আমাদের ভোট দিয়েছে আজকে বিধানসভার কার্যাবলী নিশ্চয়ই চলবে, কিন্তু যারা ভোট দিয়ে পাঠাল, তাদের আমরা কি করছি?

**Mr. Speaker:** Mr. Biswas, please take your seat. I am on my legs. You know, today we have fixed a debate on the food situation in the State and the hours have been allotted for discussion of the food problem. During that debate, I think you will get ample opportunity to draw the attention of the House and to the Food Minister and other members of the Treasury Bench to the problem. I think that is the best possible way.

**Shri Biswanath Mukherji:** আমি এটা পরিষ্কার করে নিতে চাই, ফুডের উপর আলোচনা আছে, ফুড মিনিস্টার যে স্টেটমেন্ট দিয়েছেন, তার উপর কত খাদ্য কত বৃত্তান্ত সে সব আলোচনা হবে। কিন্তু মাননীয় সদস্যরা যে সব কথা বলেছেন, কি খাদ্য সরবরাহ হচ্ছে, মানুষ আজ কি অবস্থায় দাঁড়াচ্ছে, কাজ নাই খেতে পাচ্ছে না, না খেয়ে মরছে, এই সমস্ত বিষয়ের ডিসকাশনের স্কোপ তাতে আছে কিনা, এটা একটু বলে দিন।

**Shri Abdul Bari Biswas:** স্পীকার, স্যার, আই আম অবলাইজড টু ইউ, আপনি যে কথা বলেছেন, ফুড ডিবেটে সমস্ত কথা আসবে। কিন্তু স্যার, আজকে প্রশ্ন হচ্ছে খাদ্যে যেন ফলন না কমে, আউস ধান যাতে বাঁচান যায়। আজকে ইর্মাজেন্সীর ভিত্তিতে শ্যালো টিউবওয়েল,

ডীপ টিউবওয়েল, লিফটিং পাম্প চালিয়ে ধানগাছগুলিকে যাতে বাঁচান যায় সেটাই প্রশ্ন। আজকে ইমার্জেন্সীর ভিত্তিতে যাতে ধানগাছ বাঁচান যায়, বীজগুলি যাতে নষ্ট না হয় কিভাবে বীজের সরবরাহ হবে, তার কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না। তারজন্য অজকেই ব্যবস্থা করতে হবে।

**Mr. Speaker:** Mr. Biswas, on the food debate, if you feel. strictly speaking starvation deaths and other things do not come in, you can certainly refer the matter that for want of food people are dying, but it you want a separate full-scale discussion on the situation, that people are dying for want of food and that G. R., T. R are not sufficiently being given in the village areas, then, you can give notice to bring a motion on the subject and if that it is placed before me, I will give my anxious consideration to the matter. All those things may come in as separate motion Now, you are here at present, only for mentioning a particular fact under rule 351 and you have get no scope to go beyond rule 351 – that is merely-stating a fact. I think you are going to misuse the rule.

**Shri Abdul Bari Biswas:** মাননীয় অধ্যক্ষমহাশয় আমি কলিং অ্যাটেনশন দিয়েছি, মেনশন দিয়েছি, মোশন দিয়েছি ওয়ান এইট ফাইভে। তবে জনসাধারণ যে দরখাস্ত দিয়েছে এখানে স্বাক্ষর করে এবং টিপসই দিয়ে এবং ব্লক ডেভেলপমেন্ট কমিটি যে রেজোলিউশন দিয়েছে, মৃত্যুর যে খবর বেরিয়েছে, সেই সমস্তের আজকে কি হবে। ৩৫১ মেনশনে যে কথা বলেছে, মন্ত্রী সভার সদস্যরা একটা কথা আমাদের পক্ষ থেকে বলুন যে খরার দিক থেকে কি কি ব্যবস্থা নিয়ে মোকাবিলা করছেন এবং প্রডাকশন যাতে ব্যাহত না হয়, কোন লস না হয় এবং প্রডাকশানে যে ক্ষতি হয়েছে তার মেক-আপ করার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন। কিন্তু আজকে যদি এই

[2-40—2-50 p.m.]

অসহায় অবস্থার কথা না ভাবি তাহলে কি হবে? আমাদের হাউসের রুলস অ্যাণ্ড বিজনেস এসব কাদের স্বার্থের জন্য আমরা চালাচ্ছি? স্যার, তাঁরা ধুঁকে ধুঁকে মরছে—আজ কাদের স্বার্থে আমরা এসব করব? আমি গত তিনদিন ধরে সব ঘুরে দেখে এসেছি সেখানে এক অস্বাভাবিক অবস্থা চলেছে—সেখানে ১০/১২ দিন ধরে লোকে খেতে পাচ্ছে না। আর আমরা কোথায় আছি?

**Mr. Speaker:** Mr Biswas, I have given you enough time to place your point before the House very lucidly. You have taken about 10 minutes to place your point and I think the honourable members are giving their anxious consideration to your point that you have raised—that people are facing starvation due to various reasons. You can draw the attention of the Minister concerned but it is not the duty of the Chair to force any Hon'ble Minister to make a statement.

**Shri Biswanath Mukherji:** আমার এক নং সাজেসসন হচ্ছে যে মোশানটা উনি এনেছেন সেটা আগামীকালই হাউসে নেয়া হোক; দু নং কথা হচ্ছে ডেসপাইট দ্যাট, আজকে ফুড ডিবেটের যে স্কোপ তার মধ্যে সমগ্র সমস্যাটা ডিসকাস করবার সুযোগ দেয়া হোক। তিন নং হচ্ছে ফুড ডিবেট যখন হবে তখন যাতে ফুড মিনিস্টার ছাড়াও

কৃষিমন্ত্রী, সেচমন্ত্রী, ত্রাণমন্ত্রী এবং কো-অপারেটিভের মন্ত্রী ইত্যাদি ক্যাবিনেটের সমস্ত মন্ত্রী উপস্থিত থাকতে পারেন। বেশীর ভাগ মন্ত্রী যাতে উপস্থিত থাকেন সেজন্য আমি বলছি। এবং ফুড ডিবেটের স্কোপের মধ্যে শুধু ফুড ডিবেটের ব্যাপার নয় সমস্ত ব্যাপারটার আলোচনার সুযোগ দেয়া হোক এবং আগামীকাল যে মোশানটা আসবে তার ব্যবস্থা করা হোক অ্যান ইমার্জেন্সী মিটিং অব দি অ্যাডভাইজরী কমিটি করে।

**Dr. Zainal Abedin :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে খরা পরিস্থিতি এবং বন্যা পরিস্থিতির কথা মাননীয় সদস্যগণ অত্যন্ত উদ্বেগের সংগে এখানে উপস্থিত করেছেন। আমি মাননীয় সদস্যদের সংগে উদ্বেগ প্রকাশ করছি এবং গভর্নমেন্টও এই উদ্বেগের শেয়ার নিচ্ছেন মাননীয় সদস্য শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় ফুড ডিবেটের স্কোপের মধ্যে এসবের আলোচনার কথা বলছেন এবং তিনি বলেছেন যেন আলোচনার সময় কৃষিমন্ত্রী, সেচমন্ত্রী এবং অন্যান্য সব মন্ত্রীরা উপস্থিত থাকেন। আপনারা নিশ্চয়ই খবরের কাগজে দেখেছেন যে, মাননীয় সেচমন্ত্রী, কৃষিমন্ত্রী ত্রাণমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী এখানে নেই। তারা বন্যা ও খরাত্রাণের জন্য বিভিন্ন অঞ্চলে ঘুরে বেড়াচ্ছেন। সুতরাং তাদের উপস্থিত হওয়া সম্ভব নয়। খবরের কাগজে নিশ্চয়ই দেখেছেন মুখ্যমন্ত্রী মহাশয় নির্দেশ দিয়েছেন যে, অন ওয়ার ফুটিং ত্রাণকার্য চালাতে হবে। রাজ্যের অন্যান্য জেলায় যে অবস্থার সৃষ্টি হয়েছে অনাবৃষ্টির ফলে সেকথা অনেকেই জানেন। এরজন্য মন্ত্রীসভার একাধিক স্পেশাল কমিটি গঠিত হয়েছে। এই আসপেক্টটা ট্যাকল করবার জন্য অনুরোধ করছি ডিবেটের উপর এই রকম কোন সাবজেক্ট যেন না আনা হয় যাতে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রিমহাশয় উপস্থিত না থাকার জন্য উত্তর দেয়া সম্ভব হবে না। আপনাদের উদ্বেগের ব্যাপারে মন্ত্রীসভা আপনাদের থেকে আলাদা নয়। আজকে যে সমস্যা আমাদের সামনে এসেছে বিভাগীয় মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী এলে মাননীয় সদস্যদের উদ্বেগের কথা আমি জানাব এবং মাননীয় স্পীকারমহাশয় যে কথা বলেছেন ইউ ক্যান ব্রিং সেপারেট মোশান ফর দ্যাট। মাননীয় বিশ্বনাথ মুখার্জী মহাশয় যে কথা বললেন আইনকানুনের বাইরের কথা ফুড ডিবেটের স্কোপ-এ ইট ক্যানট কাম আণ্ডার দ্যাট। বিশ্বনাথবাবু চিরাচরিতভাবে একটু বে-আইনী করতে ভালবাসেন। আমরা সেটা করছি না, আমরা চাই যে সমস্যা সৃষ্টি হয়েছে তার সমাধান করতে—অবশ্য এরজন্য স্বভাবতঃ উদ্বিগ্ন হতে পারে।

কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সংকটের সময় যদি আমরা মাথা গরম করি, তাহলে সমস্যার সমাধান হবে না। তাই আজকে প্রয়োজন ঠাণ্ডা মাথায় একাধিকবার সবাই একত্রে বসা; জেলাওয়ারী মাননীয় সদস্যদের সঙ্গে বসে আমাদের সিদ্ধান্ত নিতে হবে—কিভাবে এই সমস্যার মোকাবিলা করা যায়। এই সমস্যা সার্বজনীন—কোথাও খরা, কোথাও অনাবৃষ্টি, কোথাও বা বন্যার উপদ্রব। সেইজন্য আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো—আমরা যেন সুচিন্তিতভাবে সমস্যার সমাধানের জন্য এগিয়ে আসি। আমাদের উদ্বেগ থাকবে ঠিকই, কিন্তু, তাই বলে উত্তেজনা থাকবে না। তাহলে সমস্যা সমাধান করবার পরিবর্তে তা ব্যর্থতায় পর্যবসিত হবে এবং লক্ষ্যকে ছেড়ে দিয়ে আমরা উপলক্ষ্য নিয়ে মেতে উঠবো। তাই আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো আরো একটু অপেক্ষা করবার জন্য আমাদের মন্ত্রীমণ্ডলীর অন্যান্য সদস্যরা যখন আসবেন—মোশানের এই Scope Enlarged করা সম্ভব নয়। কারণ Business Advisory কমিটি অত elastic নয়। সেখানে বিজিনেস রুল বাঁধা, সেখানে কোন elasticity নাই। তাই বিশ্বনাথবাবু দম্ভভরে যে কথা বললেন তাঁরা বেলাইনে চলবেন, বে-আইনী কাজ করবেন, সেটা বলা উচিত নয়। অবশ্য আমরা বে-আইনী চলতে অভ্যস্ত নই। আমরা নির্দিষ্ট আইন থেকে deviate করতে পারি না। সেখানে নির্দিষ্ট রুল রয়েছে—সেটা elastic নয়। একটা নির্দিষ্ট ফ্রেমওয়ার্কের মধ্যে আমরা নির্দিষ্টভাবে আলোচনা করে একটা নির্দিষ্ট লক্ষ্যে উপস্থিত হব।

**এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।**

**Shrimati Ila Mitra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই প্রসঙ্গে আমি একটু বলতে চাই—ওঁর উত্তর হিসেবে কিছু বলছি না। ফুড ডিবেট আছে সেগুলো, তা ডিষ্ট্রিবিউটও করা হয়েছে ঠিকই কিন্তু আমরা এইমাত্র জানতে পারলাম মুখ্যমন্ত্রী, কৃষিমন্ত্রী ও ত্রাণমন্ত্রী এই তিনজন আজকে আলোচনার সময় হাউসে উপস্থিত থাকতে পারবেন না। এঁরা যদি অনুপস্থিত থাকেন, তাহলে কোনক্রমেই এই food debate আজকে হতে পারে না। Schedule টাইমে এখানে চীফ মিনিস্টারের উপস্থিত থাকা দরকার। তা না হলে আজকে ফুড ডিবেট হতে পারে না। আমরা কি দেওয়ালের কাছে আমাদের বক্তব্য রাখবো? আমরা অ্যাসেম্বলীর দেওয়ালের সঙ্গে কথা বলবো? আমরা ছেলেখেলা করতে এখানে আসি নাকি? এটা ছেলেখেলার জায়গা নয়। মুখ্যমন্ত্রী অনুপস্থিত, কাজেই আজকে food debate হতে পারে না।

**Mr. Speaker :** The Food Minister will be here today. On the day when the Demand for Grant on Food was before the House, due to failure of electricity no debate could be held on that particular Grant. Then a request came from the Minister himself that a day might be fixed for having a debate on the food situation in West Bengal. The matter was placed before the Business Advisory Committee and the members unanimously agreed that a particular date should be fixed for discussion of the food situation in West Bengal and allotted 3 hours' time for the purpose and accordingly, the recommendation of the Business Advisory Committee was moved before the House and the House agreed that 3 hours' time would be alotted for a debate on food situation. So, it has got nothing to do with Ministers of other Departments. As has been accepted by the House, by a motion and as per recommendation of the Business Advisory Committee a debate will go on, today, at proper time and for 3 hours and there will be some scope for the members to discuss the food situation which they did not get at the time when the Grant on Food was moved, and the Hon'ble Minister will be in a position to clarify Government's policy regarding food situation. So, that is a separate thing. Another notice has been received by my office today.

[2-50—3 p. m.]

**Shri Biswanath Mukherjee :** Discussion on that motion may be held either tomorrow or day after.

**Mr. Speaker :** The notice of Shri Abdul Bari Biswas and Shri Adya Charan Dutta has been received today, just a few minutes ago. In the Business Advisory Committee we discussed about business to be taken—up to 9th of August and a programme had been recommended by the Business Advisory Committee. It was placed before this House and a motion was adopted by this House to that effect. It was not opposed by a single member. We have circulated the programme up to 9th August, after it had been adopted by the House.

**Shri Biswanath Mukherjee :** Sir, it does not matter. Previously also the programmes were changed after it was decided by the Business Advisory Committee and after the House had given its approval. Therefore, though the programme up to 9th August has already been circulated, it can certainly be revised by the Business Advisory Committee so as to include the question of a general discussion on Food for three hours and that can be put before the House for its approval.

**Mr. Speaker :** That can be done if the Business Advisory Committee agrees to this matter. That is why I have decided to call the meeting of the Business Advisory Committee, tomorrow, and place the matter before the Business Advisory Committee. The committee will consider and revise, if necessary the programme and the programme will be followed as per recommendation, after adoption of the same by the House. Now I call upon Shri Bhabataran Chakravarty.

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি যে বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করলাম সে ব্যাপারে যে চিঠি জনসাধারণের স্বাক্ষরিত আমি পেয়েছি এবং যে দরখাস্ত ও রেজলিউসন পেয়েছি সেটা আমি আপনাকে দিয়ে দিচ্ছি।

**Mr. Speaker :** Yes, I will hand it over to the Minister concerned.

**Shri Bhabataran Chakravarty :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই খরা সম্বন্ধে আমার যে অভিজ্ঞতা আছে তা আমি আপনার মাধ্যমে এই সভার ও মন্ত্রীমণ্ডলীর গোচরীভূত করতে চাই। শনিবার গিয়ে দেখলাম যে বহু লোক এস ডি ওর বাংলায়, এস ডি ও-র কোর্টের সামনে জমায়েত হয়ে রয়েছে। কাজ না পেয়ে পল্লী অঞ্চলের লোকেরা সেখানে এসেছে। টি আর বন্ধ হওয়ায় এবং চাষের কাজ এখনও শুরু হয় নি এবং বৃষ্টির পরিমাণ খুবই কম—স্থানে স্থানে একটু-আধটু যে বৃষ্টি হয়েছিল তাতে অল্প কিছু আবাদ করার চেষ্টা হয়েছিল—কিন্তু সেই বৃষ্টিও শুকিয়ে যাচ্ছে বীজে গাঁট হয়ে যাচ্ছে—জলের অভাবে শুকিয়ে যাচ্ছে—অবশ্য কাল কিছু বৃষ্টি হয়েছে তাতে কিছু বাঁচবার সুবিধা হয়তো হতে পারে, কিন্তু এতে শ্রমিকরা কাজ পাচ্ছে না এবং কাজ না পেয়ে চতুর্দিকে লোকজনকে বিব্রত করছে—লোকজন গিয়ে জয়পুরের বি ডি ও-কে সেখানকার অঞ্চল প্রধান ও প্রধানদের ঘেরাও করছে মিউনিসিপ্যালিটির কমিশনারদের জি আর দেবার জন্য ব্রত করছে—তারা একেবারে অস্থির হয়ে পড়ছে। এই অবস্থার মধ্যে তারা আমাদেরকেও ঘেরাও করে রাখছে—তাদের দিনরাত আবেদন নিবেদন শুনতে হচ্ছে। এখানে বেরিয়ে এসে স্বস্তির নিঃশ্বাস ফেলেছি। কিন্তু আমাদের আবার সেখানে যেতে হবে যখন আপনার দরজা বন্ধ হয়ে যাবে—আর তা না হলে হয়তো মুখ্যমন্ত্রীর ঘরের সামনে গিয়ে শুয়ে থাকতে হবে। সত্যিই বাঁকুড়া জেলা একেই তো দুর্ভিক্ষপ্রপীড়িত জায়গা বলে পরিচিত আছে। তার উপর এই জেলায় আগের চেয়ে টি আর জি আর-এর পরিমাণ বাড়ে নি—সেখানে কমে পাঁচ জনের জায়গায় দুই জন করে দেওয়া হচ্ছে। এই ব্যাপারে মন্ত্রিমহাশয়কে সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sachi Nandan Shaw :** মাননীয় অধ্যক্ষমহাশয়, ময়ূরাক্ষী সেচ প্রকল্প যেটা বীরভূম জেলার প্রাণকেন্দ্র এবং যার উপর ঐ জেলার মানুষ নির্ভরশীল সেই ময়ূরাক্ষী সেচ প্রকল্পের জল বন্ধ হয়ে গিয়েছে, আগামীকাল থেকে আর জল দেওয়া হবে না। আমি নিজের

চোখে দেখে এসেছি যে সেই সেচ প্রকল্পে যতদূর ফ্লো দেওয়া উচিত ছিল সেটা অনেক নীচে নেমে গিয়েছে। গ্রামের কৃষকরা কোন রকম ভাবে বীজ ধান পাম্প মেশিনের দ্বারা বাঁচাবার আপ্রান চেষ্টা করছে। স্যার আপনি জানেন, বীরভূম জেলাতে এই ময়ূরাক্ষী সেচ প্রকল্পের দ্বারা সেখানকার ৪০ পারসেন্ট জমিতে সেচের ব্যবস্থা হয়। তা ছাড়া দুবরাজপুর, রাজনগর, ইলমবাজার, খয়রাশোল, মুরারই ইত্যাদি থানাগুলিতে কোন রকম সেচের ব্যবস্থা নেই, এগুলি নন ইরিগেটেড এলাকা। তারপর স্যার, ডিপ টিউবওয়েলের সাহায্যেও অনেক জায়গাতে জল দেওয়া হয়। কিন্তু তারা এমনভাবে চাষীদের বিভ্রান্ত করছে, অর্থ চাইছে যে সে ক্ষেত্রে ডিপ টিউবওয়েল অপারেটাররা চাষীদের সাহায্য করছে না। আমি এদিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর স্যার, বীরভূমের শিক্ষিত যুবকরা যারা বি.এ, বি.এস.সি, এল.সি, এল.এম.ই পাশ করেছে সেইসব ছেলে যারা জাহানাবাদ প্রকল্পে কাজ করছিল—স্যার, বীরভূম জেলাতে নকশাল আন্দোলন কিভাবে শুরু হয়েছিল আপনার জানা আছে, সেই জাহানাবাদ প্রকল্পে যে ১০ হাজার লোক কাজ করছিল আজকে তাদের কাজ নেই। যে সমস্ত টি আর জি আর স্কিম নেওয়া হয়েছিল সেগুলির কাজও বন্ধ। কাজেই স্যার, আপনার মাধ্যমে এই সমস্ত বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলাম।

**Shri Biswanath Mukherjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আজ একটি অদ্ভুত ঘটনা মেনসান করবো, সেটা হচ্ছে ঘাস এবং তার বীচি। এই হচ্ছে শ্যামা ঘাস। অবকাশের সময় যেমন সকলেই তাঁর কনসটিটিউয়েনসীতে যান সেই রকম আমিও গত রবিবার দিন গিয়েছিলাম। গিয়ে চারিদিক থেকে শুনতে লাগলাম যে লোকে না খেয়ে মরছে। স্বচক্ষে দেখবার জন্য আমি শহর থেকে ৪/৫ মাইল দূরে একটা গ্রামে গেলাম। সেখানে গিয়ে দেখি চাষবাস নেই। ভেতরে যখন গেলাম তখন লোকজন এল এবং তাদের কাছে কিছু কাহিনী শুনলাম এবং তারা এই ঘাস এবং তার বীচি আমাকে এনে দিল। তারা বললে মেয়েরা রাত্রিবেলাতে একটা দুটার সময় মাঠে যায় এবং এই ঘাস ঝেড়ে তার বীচি সংগ্রহ করে। তারপর সেগুলিকে সেদ্ধ করে গ্রামে যে ২/৩টি ঢেঁকি আছে তাতে লাইন দিয়ে দাঁড়িয়ে রাতে ছাঁটে। কারণ কাল এগুলি ছাঁটা যাবে না। সেগুলি ছাঁটার পর ছোট্ট ছোট্ট শাঁস বেরয়। ইতিমধ্যে তাদের ছেলেমেয়েরা মার কাপড় ধরে টানাটানি আরম্ভ করেছে কাজেই তাড়াতাড়ি বাড়ীতে গিয়ে সেগুলিকে কোন রকমে সেদ্ধ করে তাদের খেতে দেয়। এইভাবে খাবার ২/১ দিন পরেই ঘোরতর পাইখানা, আমাশা ইত্যাদি দেখা দেয়। তখন বড়ি কেনার জন্য পয়সার দরকার, কাজেই চারিদিকে দৌড়াদৌড়ি আরম্ভ হয়ে যায়। এই অবস্থা আমি দেখলাম। আমি জিজ্ঞাসা করলাম, কত লোকের এইরকম হবে? তারা বললে, অন্ততঃপক্ষে ১০০/১৫০ লোক হবে যারা একেবারেই দুস্থ, বাকি ক্ষেতমজুররা বেশীরভাগই কাজ পাচ্ছে না। ২/৪ জন শহরে গিয়ে কাজ করছে, তাকরে যে ১/১৷৷ টাকা পাচ্ছে তা দিয়ে আটা কিনে আনছে। তাও সেই আটা কিনে নিয়ে এসে রাঁধবার অবকাশ নেই, সেটাকে গুলে নুন দিয়ে ভাগ ভাগ করে ছেলেদের খেতে দিচ্ছে। গ্রামের অবস্থাপন্ন লোক যাদের ১৫/২০ বিঘা জমি আছে—গ্রামটির নাম ছেড়ুয়া, আমি সব নাম লিখে নিয়ে এসেছি, তাদের জিজ্ঞাসা করলাম আপনাদের কি অবস্থা? তারা বললেন দু বছর বন্যা হয়েছে, এ বছর খরা, আমাদের বাড়ীতেও খাবার নেই। তারা বললেন, আমরা ডিফলটার, ঋণও আমাদের দিচ্ছে না। আমি বললাম, আপনাদের কি হবে? এদের জন্য না হয় লংগরখানা বললাম, তারা বললেন লংগরখানা না হলে এর পরে লাশ টানবার জন্যও আর লোক থাকবে না। আমি বললাম, আপনারা তো মধ্যবিত্ত, আপনারা তো লংগরখানাতে খাবেন না, তারা বললেন, ডিফলটার বলে আমাদের যদি ঋণ না দেয় তাহলে আমাদের কিছুটা বিষ এনে দিন, আমরা বিষ খেয়ে মরবো। কাজেই মধ্যবিত্ত থেকে দরিদ্রতম পর্যন্ত সবাই যেখানে এক লাইনে দাঁড়িয়ে গিয়েছে সেই সিচুয়েশানটা কি ভয়ানক এক্সপ্লোসিভ সেটা আপনারা বুঝুন। আজকে শুধু দরিদ্র ক্ষেতমজুররা নয়, দরিদ্র

ক্ষেতমজুর থেকে আরম্ভ করে মধ্যবিত্ত গৃহস্থ পর্যন্ত যেখানে এক লাইনে দাঁড়িয়ে গিয়েছে সেখানে একসপ্লোসিভ সিচুয়েশান হয়েছে জানবেন. অবিলম্বে এর প্রতিকারের ব্যবস্থা যদি না হয় তাহলে যে একসপ্লোশান হবে সেটা কেউ ঠেকাতে পারবে না।

[3-00—3-10 p m.]

**Shri Nitai Pada Sarkar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, খরা এবং বন্যা পরিস্থিতি নিয়ে এই হাউসে খুব উদ্বেগপূর্ণ আলোচনা হয়েছে। আমি সেই উদ্বেগের সংগে আরো কিছু উদ্বেগ যোগ করতে চাই। আমরা নদীয়া জেলা এবং নদীয়ার পার্শ্ববর্তী মুর্শিদাবাদ, বনগাঁ, বগদা প্রভৃতি ২৪-পরগনার অন্যান্য এলাকার আউশ ধান সম্বন্ধে কিছু বলতে চাই। স্যার, আপনি জানেন একজন কৃষকের কোন আত্মীয় যদি বিয়োগ হয় অর্থাৎ তার আত্মীয়ের মৃত্যু হলে সে যেরকম দুঃখ পায় সেই ধরণের দুঃখ আজকে তাদের সামনে দেখা দিয়েছে। তারা চোখের সামনে আজকে দেখছে তাদের আউশ ফসল খরায় নষ্ট হয়ে যাচ্ছে, তার কোন শীষ বেরোচ্ছে না। এই দেখে তারা মাথায় হাত দিয়ে বসে কান্নাকাটি শুরু করে দিয়েছে এবং তাদের আত্মীয়-স্বজনের বিয়োগব্যথা যেরকম বাজে ঠিক সেই রকম ব্যথা ফসল নষ্ট হয়ে যাওয়ায় পাচ্ছে। তাদের উৎপাদিত ফসল মাঠে-ঘাটে নষ্ট হয়ে যাচ্ছে। সামান্য পাট চায যা হয়েছিল তাও একদম নষ্ট হতে চলেছে জলের অভাবে। এই জেলায় এক মাসের মধ্যে সামান্য বৃষ্টি হয়েছে। ধান যখন ফলে অর্থাৎ ধানের যখন শীষ বেরোয় তখন যদি বৃষ্টি না হয় তাহলে কখনই সেই শীষ বের হতে পারে না, শুধুমাত্র খড়ই হয়। তাই আমাদের সমগ্র আউস এলাকায় খড় ছাড়া আর কিছু হবে না। আজকে জি আর টি. আর-এর কাজ বন্ধ এবং অন্যান্য যে সব কৃষিঋণ আমরা বারে বারে দাবি করেছি তাও তারা পাচ্ছে না। মানুষ যে ঘাসের বীজ খাচ্ছে সে বিষয়ে নিত্যানন্দ এইমাত্র বলে গেলেন। গ্রামে যে শাক-সব্জি হত তাও শুকিয়ে যাচ্ছে, যার ফলে গ্রামের আদিবাসীরা ও অন্যান্য ক্ষেতমজুর সম্প্রদায় আজকে কাজ পাচ্ছে না। আজকে অনাহারে মৃত্যু ঘটছে। সরকারী হিসাবে দেখান হচ্ছে স্ট্রং ডায়রিয়া ইত্যাদি ইত্যাদি অর্থাৎ আমাশা বা অন্যান্য ধরণের স্ট্রং রোগ-এর কথা বলা হচ্ছে এবং এই জন্যই মৃত্যু ঘটছে। তাই আমি নদীয়ার কথা এখন তুলে ধরছি। সেখানে অনাহারে মৃত্যু হয়েছে। জি. আর. টি. আর.-এর কাজ বন্ধ অবস্থা খুবই শোচনীয় আকার ধারন করেছে। এই অবস্থা প্রতিকারের জন্য অবিলম্বে সরকার থেকে প্রতিকারের ব্যবস্থা করা হোক।

**Shri Asamanja Dey :** মাননীয় স্পীকার, স্যার, আজকে দার্জিলিং জেলা থেকে একটি গণদরখাস্ত পেয়ে আপনার মাধ্যমে সরকারের লাল ফিতার বন্ধন এবং হতাশার ফলে কিভাবে বহু কৃষক পরিবার তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হয়ে চরম সংকটের মধ্যে পড়েছে তার একটি করুণ চিত্র তুলে ধরে মন্ত্রিমহাশয়ের কাছে প্রতিকার দাবি করছি। প্রায় ৭০/৮০টি পরিবার দার্জিলিং জেলার ফাঁসিদেওয়া থানার অন্তর্গত বাগডোগরা এয়ারপোর্টের অতি সংলগ্ন অভিরাম ও তুতিভিটা মৌজায় বসবাস করিতেছিল। ১৯৬২ সালে চাইনিজ অ্যাগ্রেসনের পর ১৯৬৩ সালের গোড়ার দিকে ফর এক্সটেনসন অব বাগডোগরা এয়ার ফিল্ড, ফর প্রভিসন অব ওয়ার সার্ভিস টেকনিকাল রিকোয়ার স্কীম অনুসারে সরকার তাদের কাছ থেকে জমি রিকুইজিশন করেছিল এবং রিকুইজিশান করার সাথে সাথে জাতীয় স্বার্থের কথা চিন্তা করে তারা বিন্দুমাত্র উচ্চ-বাচ্য না করে সংগে সংগে সেই জমি ছেড়ে দিয়ে চলে গেল। জমি ছেড়ে দেবার আরো কারণ ছিল। জমি ছেড়ে দেবার আগে দার্জিলিং এ. এল. অফিসের কে. জি. ও. শ্রী বি কে. রায় এবং এ. এল. অফিসের শ্রী জে. এন. ঘটক মহাশয় তাদের কাছে পরিষ্কার আশ্বাস দিয়েছিলেন যারা বাড়ীঘর, জমি ছেড়ে দিচ্ছ সরকার তাদের অবিলম্বে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখ, বেদনার সংগে বলতে বাধ্য হচ্ছি ১৯৬২ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত এই দীর্ঘ ১০ বছর ধরে আজ পর্যন্ত তাদের পুনর্বাসন-এর ব্যবস্থা হয় হয় নি। শুধু পুনর্বাসনের

ব্যবস্থা হয় নি তাই নয়, আজকে তাদের কোন রকম ক্ষতিপূরণ পর্যন্ত দেওয়া হয় নি। এই ৭০/৮০টি হতভাগ্য দরিদ্র কৃষক পরিবার সম্পূর্ণ অসহায় অবস্থার মধ্যে নির্যাতিত, নিপীড়িত, অবহেলিত হয়ে কোনরকমে কালাতিপাত করছে। তারপর আমরা দেখেছি পশ্চিম বাংলায় হত্যার অবস্থা চলছিল, তাই তাঁরা তখন কিছু করতে পারেন নি। তারপর ১৯৭২ সালে যখন গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হল তখন তারা আশা করছিল তাদের পুনর্বাসনের ব্যবস্থা হবে। পশ্চিমবঙ্গ সরকারের কাছে কয়েকবার তারা দাবি-দাওয়ার কথা জানিয়েছিল, ডেপুটেশনেও এসেছিল। কিন্তু দেখা গেল তাদের দাবি-দাওয়ার প্রতি বিন্দুমাত্র কর্ণপাত করা হয় নি। তাদের সমস্যার সমাধানের কোন ইঙ্গিত সরকারপক্ষ থেকে আসে নি। তাই তাঁরা সিদ্ধান্ত নিয়েছেন অবিলম্বে এই দাবি-দাওয়া আদায়ের জন্য আন্দোলনের পথে যেতে বাধ্য হবেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে সরকারী লাল ফিতার বাঁধন ও মাহাত্ম্য আমরা বুঝি না, আর সেই জন্যই বোধ হয় আমাদের বেলায় এই টালবাহনা, এই বিষয় প্রতিকারের জন্য আমি অতি সত্বর দাবি জানাচ্ছি।

**Shri Kasi Kanta Misra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে সভায় উপস্থিত করছি। বাঁকুড়া জেলায় অনাবৃষ্টির ফলে সকল দিকে হাহাকার উঠেছে। মাঠে জল নেই, চারা শুকিয়ে যাচ্ছে। শতকরা ৫% যা চাষ হয়েছে সেগুলিও জলের অভাবে মরে পচে যাচ্ছে। চাষীর হাতে বীজধান নেই। তার সংগে নিম্নমধ্যবিত্তদের অবস্থা আরো শোচনীয়। I. R.-8, জয়া, পদ্মা, প্রভৃতি ফসল নষ্ট হয়েছে। আমন ধানের অবস্থাও শোচনীয়। এবারে খরার পরে কয়েক পশলা বৃষ্টি হয়েছিল তাতে চাষীরা নূতন আশা নিয়ে মাঠে নেমেছিল। কিন্তু দেখা যাচ্ছে জুলাই আগস্টের মধ্যে এবারে বৃষ্টি বাঁকুড়ায় ১ শত মিলিমিটার হয়েছে গতবার সেখানে হয়েছিল ৪৬৫ এবং ৪৪৮ মিলিমিটার। এর থেকে বোঝা যায় বাঁকুড়া জেলার পরিস্থিতি কি? এই রকম অবস্থা চলতে থাকলে আমাদের ভয় হয় যে দুর্ভিক্ষ মহামারী এবং আরো অন্যান্য রকম অবস্থার সম্মুখীন হতে হবে। এজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে অবিলম্বে সরকারী উদ্যোগে লঙ্গরখানা খোলার দাবি জানাচ্ছি। বর্তমানে সেখানকার বাজারে চালের দর ১-৭০ পয়সা হয়েছে। সেই পরিপ্রেক্ষিতে তারা সেই চাল কিনে খেতে পারছে না। সেজন্য অবিলম্বে G. R., T. R. বাড়ানো হোক। আপনার মাধ্যমে বাঁকুড়া জেলার এই পরিস্থিতির বিষয় উল্লেখ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## LEGISLATION

### The Calcutta Municipal (Third Amendment) Bill, 1972

**Shri Prafulla Kanti Ghosh :** Sir, I beg to introduce the Calcutta Municipal (Third Amendment) Bill, 1972, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the Title of the Bill)

**Shri Prafulla Kanti Ghosh :** Sir, I beg to move that the Calcutta Municipal (Third Amendment) Bill, 1972, be taken into consideration.

**Mr. Speaker :** Sir, under section 81 of the Calcutta Municipal Act, 1951, appointments to posts carrying a maximum salary of above Rs.300 but below Rs.1,500 per month used to be made on the recommendations

of the Municipal Service Commission. Appointments to posts, the maximum salary of which did not exceed Rs.300 per month were made by the Commissioner of the Corporation of Calcutta without consultation with the Municipal Service Commission, but subject to such regulations relating to such appointments as might be framed by the Municipal Service Commission approved by the Corporation. A number of posts of different grades of pay, the maximum salary of which exceed Rs.300 per month, but did not exceed Rs.500 per month had been lying vacant in the Corporation establishment. In some cases due to non-filling up of these posts, a serious situation had been created bordering deadlock in the working of the junior levels of the Clerical Cadre. For administrative convenience, it was essential to fill them up quickly. This could not, however, be done in the absence of suitable provisions in the Act. With a view to removing the administrative difficulty in making appointments quickly in the junior grades of the Corporation establishment and thereby ensuring better functioning of the Corporation administrative machinery, it was considered urgently necessary to exclude from the purview of the Municipal Service Commission all appointments to post, the maximum salary of which did not exceed Rs.500 per month. The Calcutta Municipal (Third Amendment) Ordinance was promulgated on 24th June, 1972 to achieve that objective.

[3-10—3-30 p.m including adjournment]

Sir, I have just read out a statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly explaining therein the circumstances under which the Calcutta Municipal (Third Amendment) Oordinance, 1972 was promulgated on 24th June, 1972. Serious administrative difficulty is likely to be created if the vacancies in the junior grades of the Corporation establishment remain unfilled for a long period. To remove administrative difficulty and thereby to bring about better administration, these vacancies should be filled up as quickly as possible. The provisions of section 81, as amended by the Ordinance, achieved that objective by excluding from the purview of the Municipal Service Commission all appointments to posts the maximum salary of which did not exceed Rs 500 per month. Moreover, the limit of Rs.300 in section 81 of the Calcutta Municipal Act, 1951, was fixed in 1964 in place of Rs 250. Since then the scales of pay of different grades of Corporation employees have undergone upward revision. As a result of the recent agreement reached on the 16th July, 1972, with the different Employees' Unions of the Corporation, the pay-scales of the Corporation employees would be fixed at a substantially higher stage due to the merger of dearness allowance with the pay. This would necessitate exclusion from the purview of the

Municipal Service Commission all appointments to posts with still higher pay-scales. Commensurate with the upward revision of these pay-scales it is considered appropriate that all appointments to posts the maximum salary of which does not exceed Rs 700 per month should be excluded from the scope of the Municipal Service Commission. The provisions of the Bill have accordingly been made more liberalised than those of the Ordinance. There will be no expenditure to give effect to the provisions of the Bill. I am sure, the Bill would receive full support of all sections of the House.

Sir, with these words, I commend my motion to the acceptance of the House.

(At this stage the House was adjourned till 3-30 p.m.)

[3-30—3-40 p.m.]

**[After adjournment]**

**Dr. A. M. O. Ghani :** মাননীয় অধ্যক্ষমহোদয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিলটা হাউসের সামনে এনেছেন, আমি তার প্রারম্ভিক ভাষণ মনোযোগ দিয়ে শুনেছি। কিছু কিছু অ্যাডমিনিস্ট্রেটিভ ডিফেক্টের কথা তিনি উল্লেখ করেছেন, অস্বীকার করি না, নিশ্চয়ই ক্যালকাটা করপোরেসন একটা বিরাট প্রতিষ্ঠান, এখানে অনেক চাকরি-টাকরি দেওয়া হয়—অনেক ক্যান্ডিডেট থাকে, তাদের বিচার করবার জন্য যে একটা মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন—তা একটা অত্যন্ত প্রচণ্ড ব্যাপার। সেইজন্য তিনি এই বিলটা এনেছেন এবং আমরা শেষ পর্যন্ত অন প্রিন্সিপ্যাল সমর্থন করব, কিন্তু আমাদের নীতিগতভাবে খুব অসুবিধায় ফেলে দিয়েছেন মন্ত্রিমহাশয়। আমরা সবসময় মনে করি যে, যেটাকে আপনারা ডেমক্র্যাসি বলেন সেটা যদি আপনারা রাখতে চান তাহলে এইসব বিষয়ে একজন ইনডিভিজুয়ালের ঘাড়ে সমস্ত রেসপনসিবিলিটি না চাপিয়ে যদি ক্যালেকটিভলি করবার চেষ্টা করেন তাহলে ভাল হয়। আপনি অফিসারের ক্ষমতা বাড়িয়ে দিচ্ছেন তাতে আমাদের আপত্তি নাই, আপনার যোগ্য অফিসার আছেন তা আমরা জানি এবং আমর আশা করি তাদের পক্ষ থেকে কোন ত্রুটি হবে না। কিন্তু চাকরির ব্যাপার, অনেক লোক চাকরি পায় না এবং যারা পান না তারা ঐ একজন ইনডিভিজুয়ালকে দোষারোপ করবেন যে, "যাকে দেওয়া হচ্ছে তার চেয়ে যোগ্য ব্যক্তি আমি ছিলাম, উনি কি করে আমাকে রিজেক্ট করলেন।" কাজেই ডেমোক্র্যাটিক দেশে এইগুলি অ্যাডমিনিস্ট্রেটিভ অসুবিধা হয়। ক্লাস ফোর এবং ক্লাস থ্রি এই লিমিটেড পদগুলি যদি আপনার অফিসারের হাত ছেড়ে দেন তাহলে আরও ভাল হয় এবং আমরা তাকে কোন দিনই বাধা দেব না। কিন্তু এইটা প্রথমে ৩০০ থেকে ৫০০ যখন হাউস ছিল না একটা অর্ডিন্যান্স হয়েছিল এবং ৫০০ থেকে বাড়িয়ে ৭০০ যখন করছেন তখন ক্লাস ফোর, ক্লাস থ্রীর লিমিট থাকতে পারে না। সেখানে ঝুঁকিটা অফিসারকে দেওয়া হবে, আমরা আশা করব আপনিও এই ঝুঁকিটা নেবেন তাতে সুনাম দুর্নাম যা হবে আপনাকে নিতে হবে। মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন করতে যদি দেরি হয় ঠিক আছে প্রথমে সার্ভিস কমিশন যদি নেয়, অন্তত সিলেকসন বোর্ড করে দিন। ক্লাস ফোর বাদ দিয়ে বাকি সবক্ষেত্রে দেখবেন সমান কোয়ালিফিকেশন রয়েছে এবং এইসব ক্ষেত্রে যদি একজন ইনডিভিজুয়ালের বিচারের উপর সব ছেড়ে দেন তাহলে এইট মিস ক্যারেজ হবার সুযোগ রয়েছে এবং পাবলিক এইটা ঠিক ভাবে নেবে না। যেমন সমস্ত চাকরি-বাকরির পাবলিক সার্ভিস কমিশনের সিলেকশনের উপর হয় তাতে আমরা দেখেছি—আমাদের দেশের বেকার-এর সংখ্যা অত্যন্ত বেশি এবং বহু লোক চাকরি পায় না বা পাবলিক সার্ভিস কমিশনের কাছে যেতে

পারে না, আবার যারা যেতে পারে তারা সকলেই চাকরি পায় না। কিন্তু যেহেতু এটা পাবলিকের চোখের সামনে হচ্ছে একজন ইনডিভিজুয়ালের বিবেচনায় নয় সেইজন্য সাধারণ মানুষ স্যাটিসফায়েড। সরকারী চাকরিতে আরও বেশি চাই। চাকরির স্কোপ করে দিতে পারি, মন্ত্রীসভাকে বলতে পারি। পাবলিক সারভিস কমিশন হয়েছে। অনেক লোক দরখাস্ত করে, কিন্তু চাকরি পায় না। তারজন্য অভিযোগ হয় না। সিমিলারলি মিউনিউপ্যাল সারভিস কমিশনের কাছে চাকরি চায় অনেকেই, সবাই কিন্তু পাবে না। কিন্তু যেহেতু একজনের বেশি থাকেন বদনাম হবে না। সেইজন্য বলছি বদনামের সুযোগ করে দিচ্ছেন। একজনের চাকরি হলো আর একজনের হলো না লোকে বলবে এই যে লোকের হল এর কি যোগ্যতা ছিল যে এর হলো। এরচেয়ে অনেক বেশি যোগ্যতার লোক ছিল। শুধু তো কোয়ালিফিকেশান হলেই হল না। একটা ডিগ্রি হলেই হলো না। অ্যান্টিসিডেন্টস, তার হিসট্রি, এক্সপিরিয়েন্স ইত্যাদির প্রশ্ন আছে। লোকে বলবে রেকোমেনডেসানের জোরে হয়েছে। কিন্তু যদি ক্যালেকটিভলি চার, পাঁচ, ছয় জনের বোর্ড বিচার করে তাদের বিরুদ্ধে বলবার কিছু নেই। সেইজন্য কিন্তু এটা বলছি। নীতিগতভাবে এটা মনে করি। তবে অসুবিধা হোক বা না হোক মোর্চার সরকার আমরা সমর্থন করবো। কারণ, এতে মহাভারত অশুদ্ধ হচ্ছে না। হচ্ছে যেটা সেটা হচ্ছে আপনারা দাবি করেন গণতান্ত্রিকভাবে সরকার চালাতে চান। কিন্তু লোককে একটা ক্রিটিসিজিমের সুযোগ করে দিচ্ছেন। সরকারী চাকরি পি. এস. সি'র দ্বারা হয়। কিন্তু কলকাতা করপোরেসানে ক্লাস থ্রী এবং ক্লাস ফোর এইসবের ব্যাপারে একজন অফিসার সিলেক্ট করবেন। আর একটা জিনিস আছে। ভিতর দিয়ে যারা প্রমোশন পেয়ে আসবেন তাদের কিছু যারা অলরেডি করপোরেশানে আছে সেটা আপনি মিউনিসিপ্যাল সারভিস কমিশন বা বোর্ডের হাতে না দিয়ে অ্যাডমিনিসট্রেটিভলি আপনারা বিচার করবেন। একে প্রমোশন দেওয়ার দরকার, এর যোগ্যতা আছে, ভালো কাজ করেছে। আমরা একে তুলে দেবো। কিন্তু নুতন অ্যাপয়েন্ট করছেন বাইরে থেকে। সেখানে সিলেকসানের ব্যাপারে একজন দু'জন না বেখে তিন-চারজন মিলে করে দিন। আইনে এইরকম স্কোপ করার আছে কিনা জানি না তাই এখানে এনেছি। এখানে উইথড্র করে নিতে পারি যদি মনে করি এটা ডেমোক্র্যাটলী পুস করছেন। যদি প্রমোশনের স্কোপ থাকে সেটা আলাদা কিন্তু বাইরে থেকে করলে একটা ক্যালেকটিভ বডিকে দিয়ে করালে ভাল হয়। ক্লাস থ্রি-দের জন্য একটা বোর্ড হতে পারে, ক্লাস ফোরের জন্য একটা থাকতে পারে, মিউনিসিপ্যাল সারভিস কমিশনকে দিয়েও করাতে পারেন। সেইজন্য আমি অনুরোধ করছি। আজকে যে অসুবিধা হচ্ছে বললাম সেটা নীতিগতভাবে হতে পারে। আমরা সব ব্যাপারে একমত নই। কিন্তু এটা আপনাদের পক্ষে বলছি। আপনারা যদি গণতান্ত্রিকভাবে এই জিনিসটা নিতে পারেন, তাহলে সুনাম আমাদের নয়, আপনাদের হবে। লোকে বলবে এই কংগ্রেস যে আইন করেছে অ্যাপয়েন্টমেন্টের জন্য এটা অত্যন্ত ডেমোক্র্যাটিকভাবে করেছে। তাই বলছি এইগুলো বিচার করতে। যদি না রাখেন ইনসপাইট অফ দ্যাট আমি একে সমর্থন করছি।

[3-40—3-50 p. m.]

**Shri Ananta Kumar Bharati :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজ এই বিলকে সমর্থন করতে গিয়ে আমি বলছি যে পৌরসংস্থার সমস্ত কাজকর্ম নাগরিকদের কাজকর্মের সংগে জড়িত। আমি দীর্ঘদিন Calcutta Corporationএর সদস্য থাকায় আমি দেখছি যে Municipal Service Commssion পাঠিয়ে লোক আনতে অনেক দেরি হয়, যাতে সবসময় কাজ করা যায় না। ১৯৫১, ১৯৬৪ সালে এর amendment হয়েছে। এবং ১৯৭২ সালে আবার হচ্ছে। আজ মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যেকোন আইন আইন পৌরসভার জন্য করুন না কেন তা সাধারণ নাগরিকদের সুখ-স্বাচ্ছন্দ্যের দিকে তাকিয়ে করবেন। আমরা আগে বহু আইন সংশোধন করেছি। নূতন আইন আজও করছি, কিন্তু তাদের সুযোগসুবিধার দিকে দৃষ্টি রেখে যদি তিনি

এগোন তাহলে ভাল কাজ হবে। অতীতে ৩০০ টাকা থেকে ৫০০ টাকা পর্যন্ত নিয়োগের ব্যবস্থা কমিশনার করতে পারতেন এবং তাকে Municipal Service Commission-এর অনুমোদনের প্রয়োজন ছিল। আজ সেটা বাড়িয়ে ৭০০ টাকা পর্যন্ত করা যাবে এই সংশোধনী বিলের মাধ্যমে। আজ Corporation-এ জনপ্রতিনিধিদের ক্ষমতা যেভাবে খর্ব করা হচ্ছে তাতে তাঁদের পক্ষে কাজ করা সম্ভব বলে মনে করি না। নাগরিকদের সুবিধার জন্য Corporation-কে supersede করা হয়েছে এবং সরকারী আওতায় এনে মানুষের মঙ্গল যাতে করা যায় সেইভাবেই করা হচ্ছে। আজ যেভাবে Grade revise করা হচ্ছে এবং 16th July তাদের সংগে Aggreement হয়েছে তাতে তাদের মাইনে বেড়ে গেছে। নিম্নতম কর্মীও এরমধ্যে এসে গেছেন। সেজন্য এটা করা যুক্তিযুক্ত হয়েছে বলে আমি মনে করি। পৌরসভায় সমস্ত নিয়োগব্যবস্থায় একটা সুষ্ঠু ব্যবস্থা করবেন একটা Service Committee গঠন করে। এই বলে আমি এই বিল সমর্থন করছি।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, I support the Calcutta Municipal (Third Amendment) Bill, 1972, and I feel that it is necessary because some time ago this Calcutta Corporation was superseded for the interest of the people of Calcutta, for better administration, for efficiency in the service and for improving the civil amenities to the people of Calcutta. At the time when the Corporation was superseded just a few days back the grades of the employees were revised, and that the grades were revised in such a way that it was quite impossible to fill up the various and hundreds of vacancies on the part of the Commissioner, Calcutta Corporation, who had a limited power for appointment up to a salary of Rs.300. On the last occasion this was raised to Rs 500 and now this House is going to amend the same for raising it to Rs 700.

I deem it necessary because there are hundreds of posts lying with the Municipal Service Commission unfilled and I fail to understand what lies on their way that they are not in a position to fill up those posts? I can say, Sir, because of those various vacancies in important positions the Calcutta Corporation's service is suffering badly. It is not only that Calcutta Corporation is suffering but also the people of Calcutta are suffering because the people are not getting proper civic amenities which they should get. Even for the post of Inspectors they have got to go to the Municipal Service Commission. For engineering services, for conservancy service and for the services of petty Inspector and Sub-Inspector they have to look to the Municipal Service Commission. Hundreds and hundreds of cases are pending there and the Calcutta Corporation is not getting the services of those posts and so the people are also affected. I think it is quite befitting to empower the Commissioner, Calcutta Carporation, to appoint persons up to a salary of Rs.700. The Commissioner personally will not exercise this power he will appoint committees for various posts. At

the time of selection he will go to the Selection Board for appointment of persons in various posts. So he will not personally exercise this power. If this power is given to him, I think, it will help in filling up various vacancies in the posts of Sub-Inspectors in the Assessement Department, Lighting Department, Conservancy Department, Health Department and other Departments, as early as possible, and the people will get their services. I, therefore, support this Bill and I think my other friends will also support it. I do not think there is any controversy in it. It is a clear and simple Bill as it is for the interest of the people of Calcutta. Sir, I again support this Bill.

Thank you, Sir.

**Shri Prafulla Kanti Ghosh :** মি: স্পীকার, স্যার, আজকে এই বিধানসভার সামনে কর্পোরেশন, মিউনিসিপ্যালিটির কিছু ডিফিক্যালটিকে সামনে রেখে একটা অ্যামেণ্ডমেন্ট বিল আমি এনেছি। আমি ডা: গণি, শ্রীঅনন্ত ভারতী এবং আবদুল রোপ আনসারি যে কথা রাখলেন সেই কথাগুলি শুনলাম এবং তাঁদের বক্তব্য আমি নোট করে নিয়েছি। আজ এই বিল আনার পরিপ্রেক্ষিতে আমি আমার বক্তব্য আগেই পড়ে শুনিয়েছি। আমরা কর্পোরেশনকে সুপারসিড করার পর কর্পোরেশনকে সঠিকভাবে চালাতে গিয়ে যে যে অসুবিধার ভেতরে পড়েছিলাম বা পড়েছি তার মধ্যে একটা বিশেষ অসুবিধা ছিল বিভিন্ন ডিপার্টমেন্টে লোকের দরকার কিন্তু লোক পাওয়া যাচ্ছে না। প্রশ্ন করে জানতে পারছিলাম যে এটা মিউনিসিপ্যাল সার্ভিসের আওতায় পড়ে, মিউনিসিপ্যাল সার্ভিসের আওতা ৩০০ টাকাতে গিয়ে পৌঁছেছে। এই ৩০০ টাকার ব্যাখ্যা কিছুটা দরকার। স্টার্টিং স্যালারি নয় যে স্যালারিতে আমি শেষ পর্যন্ত পৌঁছেছি সেটা ধার্য হবে। একটা কর্মচারী সে হয়ত ১৫০ টাকায় ঢুকছে, ৩০ বছর চাকরি করার পর তার মাইনে গিয়ে পৌঁছেছে ৩০০ টাকায়, কিন্তু মিউনিসিপ্যাল সার্ভিস কমিশানে কার কেস যাবে কি যাবে না এটা ধার্য করতে গেলে আমি যে মাইনেতে পৌঁছেছি সেটা ধরা হবে। আজ আমরা এটাকে ৭০০ টাকা করার জন্য আপনাদের সামনে পেশ করেছি। এটা বিশ্লেষণ করলে দেখা যাবে যেসব কর্মচারীদের জন্য আজ আমরা এই আইন কমিশানের হাতে তুলে দিতে চেষ্টা করছি তাতে তারা যে আওতায় গিয়ে পড়বে সেটা ৭০০ টাকা বলেছি। এই ৭০০ টাকায় সব চেয়ে যেটা উপরে সেটা যদি ধরি তাহলে দেখা যাবে একজন কনজারভেন্সি অ্যাসিস্ট্যান্ট, একজন সুপারভাইজার, কি একজন ফার্স্ট অ্যানালিস্ট কি একজন অ্যাসিস্ট্যান্ট এই যে গ্রুপ এই গ্রুপে ৭০০ টাকায় গিয়ে পড়ছে। ডা: গণিসাহেব যে কথা বলেছেন আমি নিশ্চয়ই সেটাকে মনে রাখব যে এটা শুধু একজন অফিসারের হাতে না রেখে তাকে সাহায্য করবার জন্য একটা কমিটি গঠন করে দেওয়া যায় যে কমিটি পুরো দেখবে দেখার পর সিলেকসান হবে সেটা নিশ্চয়ই আমরা ভাবব। তারপর আর একটা কথা আমি ভাবছিলাম ডিপার্টমেন্টাল প্রেমোসনের ক্ষেত্রে যে যারা তলায় কাজ করে, ভাল কাজ করছে কিন্তু তারা যদি আজকে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশানের সামনে যায় তাহলে তাদের হয়ত দেখা যাবে কোন কোন জায়গায় কোয়ালিফিকেশান আটকে যাচ্ছে। সুতরাং সেক্ষেত্রেও যাতে সুবিধা হতে পারে সেটাও আমাদের লক্ষনীয় বস্তু ছিল। আপনারা জানেন বিশেষ কোন কারণের ফলে কলকাতা কর্পোরেশান সুপারসিডেড হয়েছে। এটা চিরকাল থাকতে পারে না, থাকবে না, সেই পৌরসভার নির্বাচন হবে, নির্বাচিত কাউন্সিলার আসবেন, তারা কলকাতা কর্পোরেশান কিভাবে চলবে না চলবে দেখবেন। সেখানে যদি আজকে তাঁদের শক্তিকে সীমাবদ্ধ করে দেওয়া যায় তাহলে কাজ করার অসুবিধা হবে। সুতরাং আজকে

[3-50—4 p.m.]

যে ডিফিকাল্টি সেটাকে সামনে রেখে আপনাদের সামনে প্রস্তাব উপস্থিত করি নি। আগামীদিনে যাতে কোলকাতে পৌরসভার পরিচালনা সুষ্ঠুভাবে চলে সেইজন্য এই বিল অনুমোদনের জন্য আপনাদের সামনে পেশ করছি। আমি বিশ্বাস করি আপনারা যদি আমাকে অনুমোদন দেন তাহলে কোলকাতা পৌরসভা পরিচালনার পক্ষে অনেক সহায়ক হবে। এখন যে যে জায়গায় কর্মচারী না নেবার ফলে কাজের অসুবিধা হচ্ছে এবং শুধু কাজের অসুবিধা হচ্ছে না আপনারা যদি পৌরসভার দিকে চেয়ে দেখেন তাহলে দেখবেন সেখানে কাজ চালাবার জন্য যে ওভারটাইম দিচ্ছি তাতে কোলকাতা পৌরসভার কাজ ব্যাহত হচ্ছে এবং তাদের খরচ বাড়ছে। আমাদের পশ্চিম বাংলায় যে চল্লিশ লক্ষ শিক্ষিত বেকার যুবক রয়েছে সেখানে আমাদের ভাবা দরকার আমরা ওভারটাইম দেব, না ওই শিক্ষিত, অর্ধশিক্ষিত লোকেদের নিয়োগ করে তাদের খাবারের ব্যবস্থা করব। সবকথা ভেবে আজকে আপনাদের সামনে এই বিল উপস্থিত করেছি। কাজেই মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি আবার বলছি, I beg to move that the Calcutta Municiple (3rd Amendment) Bill, 1972, be taken into consideration.

The motion of Shri Prafulla Kanti Ghosh that The Calcutta Municipal (Third Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

*Clauses 1, 2, 3, 4 and Preamble*

The question that clauses 1, 2, 3, 4 and preamble do stand part of the Bill was then put and agrted to.

**Shri Prafulla Kanti Ghosh** : Sir, I beg to move that the Calcutta Municipal (Third Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## DISCUSSION ON FOOD

**Shri Kashi Kanta Maitra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে খাদ্য বিষয়ে আলোচনার জন্য আপনি যে সুযোগ দিয়েছেন সেজন্য ব্যক্তিগতভাবে এবং এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি আরো ধন্যবাদ জানাচ্ছি যে এই হাউসে আলোচনায় কয়েকদিন আগে যখন বিভিন্ন মাননীয় সদস্য দারিদ্র জনিত সাধারণ মানুষের যে যন্ত্রণা এবং কষ্টের কথা একের পর এক পেশ করে যাচ্ছিলেন তখন আপনি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিয়েছিলেন যে এইবার খাদ্য বিতর্কের আলোচনা বাজেটের দিন হয়নি বলে আপনি একদিন আলোচনার সুযোগ দেবেন এবং আমি নিজও মন্ত্রী হিসাবে আপনাকে অনুরোধ জানিয়েছিলাম যে খাদ্যের মত একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হওয়া প্রয়োজন, বিতর্ক হওয়া প্রয়োজন, মাননীয় সদস্যদেরও অভিমত জানা দরকার এবং সেই সমালোচনা আমি শুনতে চাই। তাঁদের কি বক্তব্য, তাঁদের কি গঠনমূলক এবং আমাদের কি প্রস্তাব আছে বলার সেটাও মাননীয় সদস্যদের জানা দরকার। সুতরাং আপনি আলোচনার দিন আমাদের দিয়েছেন, সেজন্য আবার আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি। মাননীয় সদস্যদের আমি বলতে চাই যে এটা একটা নতুন নজীর আমরা করলাম। এমন কোন ধারনা কোন সদস্যদের নিশ্চয়ই হয়নি বা এই রাজ্যের কোন সাধারণ নাগরিকদের হয়নি যে যান্ত্রিক অভাবনীয় গোলযোগের জন্য, অস্বাভাবিক অবস্থার জন্য বিধানসভায় খাদ্য নিয়ে

বাজেট আলোচনা হয়নি বলে আমরা এড়িয়ে গেলাম, আমরা সমালোচনাকে পাশ কাটিয়ে গেলাম, সেটা না করে সেদিনই আমি মাননীয় অধ্যক্ষমহাশয়কে জানিয়ে দিয়েছিলাম যে আপনি দয়া করে একটা দিন ঠিক করুন যেদিন আমরা খাদ্য নিয়ে আলোচনা করতে পারব। মাননীয় সদস্যরা বিতর্ক শুরু হওয়ার আগে নানাভাবে দেশে যে গুরুত্বপূর্ণ সমস্যা তার প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন এবং মাননীয় সদস্যদের আমি খুব জোরের সংগে বলতে চাই যে খাদ্য দপ্তরের তরফ থেকে এই সরকার ক্ষমতায় আসীন হওয়ার পর যতটুকু সম্ভব ততটুকু নিশ্চয়ই আমরা করেছি। কোন জায়গায় ত্রুটি এবং বিচ্যুতি আমাদের হয়নি। আমি আরো বলছি যে যদি গাফিলতি হয়ে থাকে, কোন মাননীয় সদস্য যদি তথ্য দিয়ে যুক্তি দিয়ে দেখাতে পারেন আমি আবার বলছি যে দেশের এই দারুন সংকটময় পরিস্থিতিতে আমি খাদ্যমন্ত্রী হিসাবে আমাদের যদি এই বিশ্বাস হয়ে থাকে অনেস্ট কনভিকসান, অনেস্ট ওপিনিয়ান তাহলে as Food Minister I have failed to discharge my duties and as Food Minister I have not given sufficient direction to Food Department and its officers to implement effectively, honestly and conscientiously the policy of the present Congress Government then I will tender my resignation—I will resign. কিন্তু মাননীয় সদস্যদের আমি জানাতে চাই যে দেশের অবস্থা বড় সংকটজনক, খুব গুরুত্বপূর্ণ। গেল গেল রব তুলে বক্তৃতা করলে মজুতদারদের মুনাফাশিকারীদের হাত জোরদার করা হবে। এটা যাঁরা করবেন তাঁরা তাদের হাত জোরদার করবেন। গেল গেল রব তুলবার কোন কারণ নেই। আমি জোরের সংগে বলতে চাই পশ্চিম বাংলার এই দারুণ সংকটময় মুহূর্তে যেখানে ভয়াবহ বন্যা হয়েছে, যেখানে পর পর দুইবার ভয়াবহ খরা এসেছে সেখানে খাদ্যের ঘাটতি এমন কিছু নাই, চাল আমরা পাব কেন্দ্র থেকে। আমরা যা চাইব কেন্দ্র উদারভাবে চাল গম আমাদের দেবেন এবং পশ্চিম বাংলার দুর্গত মানুষদের সেবায় আমরা সক্রিয় ভূমিকা নিয়ে তাদের দুঃখ যন্ত্রনা দূর করবার জন্য আমরা সক্ষম হব। আমি মাননীয় সদস্যদের বলতে চাই যে এই সরকার, আমরা

[4-00—4-10 p.m.]

যেদিন শপথ নিয়েছি ২০শে মার্চ তারিখে, সেইদিন কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সেই ২০শে তারিখেই নিয়েছিলাম। তার মধ্যে একটা সিদ্ধান্ত এই যে, পশ্চিম বাংলায় বন্যাপীড়িত যে কয়েকটি জেলা প্রত্যেক জেলায় ক, খ, গ, ঘ, ঙ, এই পাঁচটি শ্রেণীকেই র‍্যাশনে চাল দিতে হবে। মনে রাখবেন মাননীয় সদস্যগণ, মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে আমি জানাচ্ছি যে এই পশ্চিম বাংলায় র‍্যাশানিং ব্যবস্থা চালু হওয়ার পর (ক) এবং (খ) শ্রেণী—তাও সব ক্ষেত্রে নয়, ১২ মাস র‍্যাশনে চাল পেতে হকদার ছিল না, rice was made admissible to all categories of card holders. (এ) এবং (বি) ক্যাটিগোরির কার্ড হোল্ডার্স কাদের বলা হয়? যাদের জমি নেই, ভূমিহীন গরীব ক্ষেতমজুর এবং যাদের এক অল্প জমি সেই জমির যে ফসল হয় তাতে বৎসরে দু'তিন মাসও তাদের চলে না, এবার আসার পর এই সরকার ক, খ, গ, ঘ, ঙ এই পাঁচ শ্রেণীর র‍্যাশন কার্ডভুক্ত মানুষ আছে, এর বাইরে কোন ব্যক্তি নেই, প্রত্যেককে, এমন কি যাদের জমি আছে যেহেতু বন্যায় তারা ক্ষতিগ্রস্ত হয়েছে, বিপন্ন হয়েছে, সেইজন্য তাদের প্রত্যেককে চাল দেবার ব্যবস্থা হয়েছে। আর একটা কাজ আমরা করলাম, আপনারা জানেন যে র‍্যাশনের পরিমাণ বাড়ান দরকার। কিন্তু এই রাজ্যে যে পরিমাণ চাল হয় তা দিয়ে এবং যে পরিমাণ আমরা সংগ্রহ করি তা দিয়ে আমাদের পাবলিক ডিষ্ট্রিবিউশন সিসটেম, আমরা র‍্যাশনিং সিসটেমকে সারা বৎসর গ্রামে ও বিধিবদ্ধ র‍্যাশনিং এলাকায় চালাতে পারি না বলেই আমাদের কেন্দ্রের উপর সম্পূর্ণভাবে নির্ভরশীল হয়ে থাকতে হয়। সেইজন্য আমরা নিজেদের ইচ্ছামত র‍্যাশন যখন তখন বাড়াতে পারি না। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যে কেন্দ্রীয় সরকারের কতকগুলি আইন আছে সেই আইন বলে দেয় যে কোন রাজ্যের খেয়াল খুশীমত চালের স্কেল র‍্যাশনে, কি বিধিবদ্ধ

র‍্যাশন এলাকায় কি সংশোধিত র‍্যাশনিং এলাকায় বাড়ান চলে না। সব সময় কেন্দ্রের অনুমতি এবং কংকারেন্স নেওয়া দরকার হয়। সেই অনুমতি নেবার জন্য মে মাসে আমি দিল্লী যাই এবং সেখানে কেন্দ্রের সংগে দরবার করে বলি যে আমাদের অন্ততঃপক্ষে বিধিবদ্ধ র‍্যাশন এলাকায় যেমন চাল বাড়াতে হবে তেমনি সংশোধিত এলাকায় গ্রামের মানুষের জন্য, পল্লী বাংলার জন্য, মফঃস্বলের মানুষের জন্য কিছু চাল বাড়াতে হবে, র‍্যাশনের স্কেল বাড়াতে হবে এবং সেই আলোচনা হওয়ার পর কেন্দ্রের খাদ্যমন্ত্রী বিশেষ করে রাষ্ট্রমন্ত্রী শ্রী সিন্ধে অত্যন্ত সহানুভূতির সংগে আমাদের দাবি বিবেচনা করে, তার জন্য বাড়তি যেটুকু চাল লাগবে, তার জন্য ১ লক্ষ ২০ হাজার টন চাল আমাদের দিলেন। সুতরাং আমরা কিন্তু এই দৃষ্টিভংগী নিয়ে চলিনি যে কলকাতা, শহরতলী এবং বিধিবদ্ধ র‍্যাশন এলাকার নাগরিকদের র‍্যাশন শুধু আমার বাড়াবো। আমরা ১০০ গ্রাম করে হাজারের উপর বাড়িয়েছি। গত বৎসর যখন কোয়ালিশন মন্ত্রীসভা ছিল তখন খাদ্যমন্ত্রী হিসাবে আমি ৫০ গ্রাম বাড়িয়েছিলাম, ২॥ থেকে হাজার গ্রাম করেছিলাম। এবার ১১ শত গ্রাম কার্ড প্রতি আমরা দিয়েছি। এবং সংগে সংগে কেন্দ্রীয় সরকারকে আমরা জানাই, এটা কিন্তু শুধু কলকাতার জন্য বলবো না, যদি সংগে সংগে গ্রাম বাংলার মানুষকে এই রকম বাড়তি হারে দু'এক শত গ্রাম তাদের না দিতে পারি তাহলে আমি শুধু কলকাতার জন্য চাইবো না। কেন্দ্রীয় সরকার আমাদের সেই দাবি মেনে নেন এবং তাই গ্রাম বাংলা ও শহরের জন্য ১০০ গ্রাম করে চাল আমরা বাড়াতে পেরেছি। গ্রামে যেখানে লোক ৬০০ গ্রাম (ক) ও (খ) শ্রেণীর, অর্থাৎ ভূমিহীন এবং খুব অল্প জমির মালিক যে কার্ডভুক্ত মানুষ তাদের প্রত্যেককে সাতশত গ্রাম করে প্রতি সপ্তাহে চাল দেবার ব্যবস্থা হয়েছে এবং এছাড়া আপনারা জানেন শহরাঞ্চলে বিধিবদ্ধ র‍্যাশন এলাকায় ২॥ হাজার গ্রাম গম প্রত্যেক সপ্তাহে এবং গ্রামে ২ হাজার গ্রাম করে গম প্রতি সপ্তাহে প্রতি প্রাপ্তবয়স্কদের দেবার ব্যবস্থা আছে। এই সিস্টেম আমরা চালিয়ে যাচ্ছি। আজকে মাননীয় সদস্যদের আমি বলছি যে, হাঁ, খোলা বাজারের দাম বেড়েছে। আমিও অত্যন্ত উদ্বিগ্ন। আমি বলছি বাজার দর গত বৎসর এই সময় ঠিক জুলাই মাসে যা ছিল, আমি ৩/৪ দিন আগের কথা বলছি, খোলা বাজারে দর ২০ পয়সা করে প্রতি কেজি বেড়েছে। আমি নিজে স্বীকার করছি যে এর জন্য আমি অত্যন্ত দুঃখিত এবং অত্যন্ত উদ্বিগ্ন আপনাদের মত সমানভাবে কিন্তু মনে রাখতে হবে এই যে দর বেড়েছে, আপনারা জানেন যে শুধু পশ্চিম বাংলার ব্যাপার নয়, কেন্দ্রের খাদ্যমন্ত্রী যখন কলকাতায় এসেছিলেন গত একমাস আগে, মহাকরণে আমার ঘরে বসে আলোচনা হয়, সাংবাদিকদের সামনে তিনি প্রকাশ্যেই বলে যান যে অতীতে আমরা দেখতাম পশ্চিম বাংলার খাদ্য পরিস্থিতি যখন সংকটপূর্ণ হয়ে উঠে দাম বাড়তে থাকে এবং তার ফল ভারতবর্ষের অন্যান্য জায়গায় গিয়ে পড়ে কিন্তু এবার ঠিক উলটো দেখছি আমরা। ভারতবর্ষের অন্যান্য জায়গায় দাম অনেক বেশী বেড়েছে এবং পশ্চিম বাংলায় দাম সেইভাবে বাড়েনি। যা বলেছিলেন সেটা আমরা কমপ্লিমেন্ট হিসাবে নিচ্ছি না কারণ দাম যে কোনভাবে বাড়লেও আমরা মনে করি সেটা বাড়া উচিত নয় এবং যাতে না বাড়ে তারজন্য আমাদের সক্রীয় ভূমিকা নিতে হবে এবং কঠোর ব্যবস্থা অবলম্বন করতে হবে। কেন্দ্রীয় সরকারের খাদ্যমন্ত্রীকে আমি জানিয়েছি এবং আপনারাও জানেন যে গত বৎসরের তুলনায়, ১৯৭১ সালের এই জুলাই মাস পর্যন্ত জিনিসের যে দাম ছিল সেট ছিল পাইকারী গড় দাম, এই বৎসর এই জুলাই মাসের শেষে সেটা গিয়ে দাঁড়ায় ৭·১ ভাগ অতিরিক্ত। ৭·৫ পার সেন্ট প্রাইস রাইজ হয়েছে, আর জুলাই মাসে গত বছর যেখানে দাম ছিল হোলসেলে তার থেকে ৩·১ পার সেন্ট বেড়েছে। জুলাই মাসের প্রথম সপ্তাহে এবং দ্বিতীয় সপ্তাহে ১·১ পার সেন্ট বেড়েছে। সুতরাং দাম অত্যন্ত বেড়েছে। দাম বাড়বার সাথে সাথে আমাদের সরকারের এই রাজ্যে খাদ্য দপ্তর সারা পশ্চিম বাংলায় পাবলিক ডিষ্ট্রিবিউশন সিসটেম বাড়িয়েছি। আমি বিধিবদ্ধ রেশনিং-এর কথা বাদ দিচ্ছি, সেখানে যে রেশন দিচ্ছি সেটা স্টেটুটারিলি গ্যারান্টিড সাপ্লাই, আমি সংশোধিত এলেকার কথা বলছি। আমি প্রত্যেককে অতি বিনয়ের সংগে বলব—পশ্চিম বাংলায় এতদিন পর্যন্ত কখনো সংশোধিত এলেকায় মফঃস্বল বাংলায়

এত চাল দেওয়া হয়নি। এই ফিগারটা রিভিলিং মনে হবে—১৯৬৯ সালে যুক্ত ফ্রন্টের আমলে জানুয়ারী থেকে জুন মাসে কলকাতার বাইরে বরাদ্দ হয়েছিল যেখানে ৫২ হাজার মেট্রিক টন, সেই জানুয়ারী থেকে জুন মাসের মধ্যে আমরা দিয়েছি ১ লক্ষ ৬৫ হাজার মেট্রিক টন। আমি আর একটা ফিগার দিচ্ছি। ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট জুলাই মাসে, লীন মাস্থ যখন সাধারণ সাধারণ টেণ্ডেন্সী হচ্ছে দাম বাড়ার, তখন সারা পশ্চিম বাংলায়, কলকাতা বাদ দিয়েছি ২৮ হাজার ২০০ মেট্রিক টন, আর আমরা করেছি সেটা ৬০ হাজার মেট্রিক টন। এ ছাড়া আমরা আরও বেশী দিয়েছি। মানুষের দুঃখ দূর করার জন্য, পাবলিক ডিষ্ট্রিবিউশন জোরদার করার জন্য লেভী ফ্রী চাল, রাশিয়ান ব্রোকেন রাইস দিয়েছি। বাংলা দেশের বিপদের দিনে, শরণার্থীদের সাহায্যের নিমিত্ত রাশিয়ান সরকার যে চাল দিয়েছিলেন, আমাদের কেন্দ্রীয় সরকারের সংগে অত্যন্ত বন্ধুত্বপূর্ণ আলোচনার পর, সেই রাশিয়ান ব্রোকেন চাল আমরা ৯০ পয়সা দরে গরীব মানুষদের নিকট বিক্রী করেছি ১৯ হাজার টন, এবং পরে আরও ১৭ হাজার টন দিয়েছি জি. আর. টি. আর.-এর মাধ্যমে। এ ছাড়া পাবলিক ডিষ্ট্রিবিউশন মডিফায়েড রেশনিং-এর মাধ্যমে নদীয়া, চব্বিশপরগনা, মালদহ, পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর এই সমস্ত জায়গা, যেগুলি দারুণ খরা অধ্যুষিত এবং সংকটের মুখে পড়েছে সেখানে আরও ৩০০ মেট্রিক টন সরবরাহের নির্দেশ দিয়েছি যাতে অতিরিক্ত চাল ৯০ পয়সা দরে দেওয়া যায়। সমস্যা সম্বন্ধে আমরা অবহিত আছি এবং এই সমস্যার মোকাবিলা করবার জন্য আমরা দৃঢ়প্রতিজ্ঞ। আমি প্রত্যেক জেলা ম্যাজিস্ট্রেটের সংগে টেলিফোনে যোগাযোগ করছি এবং গভর্ণমেন্টের প্রটোকল অনুযায়ী যদিও তা করা যায় না, কেননা নিয়ম হচ্ছে খাদ্য কমিশনার, জয়েন্ট সেক্রেটারী এবং ডিরেক্টারদের রেডিও মেসেজ দেওয়া, তাঁরা তা দিচ্ছেন, কিন্তু আমি নিজেও প্রত্যেক জেলা ম্যাজিষ্ট্রেটকে নির্দেশ দিচ্ছি, ডিরেকশন দিচ্ছি যে যদি দেখা যায় যেকোন রেশন মালিক দু সপ্তাহের মধ্যে এফ. সি. আই. গো-ডাউন থেকে মাল নিয়ে বিক্রী না করে, তাহলে তাকে ফোর্থ উইথ সাসপেণ্ড করে নূতন ডিলার যেন অ্যাপয়েন্ট করেন, এবং এই নির্দেশ দিয়েছি যে প্রেফারেবলী আনএমপ্লয়েড ইয়ুথদের ডিষ্ট্রিক্ট কনট্রোলার, সাব ডিভিশনাল কনট্রোলার নিয়োগ করবেন, আরও নির্দেশ হচ্ছে যে বড় বড় হোলসেলারদের বেলায় ডিষ্ট্রিবিউটার নিয়ে গিয়ে চেক করতে হবে এবং যাদের বিরুদ্ধে কোন দুর্নীতি প্রমাণ হবে, প্রাইমা ফ্যাসি কেস পাওয়া যাবে তার বিরুদ্ধে স্টার্নেস্ট মেজার নেওয়া হবে। আপনি স্যার, শুনলে খুসী হবেন আমি জোরের সংগে বলছি, এতদিন পশ্চিম বাংলায় কোন সরকার সাহস পাননি এই সব লক্ষ লক্ষ টাকার মালিকাদের বড় বড় স্টোরিং এজেন্টদের কেশাগ্র স্পর্শ করার এবং অন্যান্য বড় বড় স্টোরিং এজেন্টদের গায়ে তাঁরা হাত দিতে সাহস পাননি, কিন্তু আমরা এনকুইয়ারী করে তাদের ক্যানসেল করেছি। একজন স্টোরিং এজেন্ট যার অ্যানুয়েল টার্নওভার ৫০ লক্ষ টাকা, কৃষ্ণনগরের এই রকম একজন স্টোরিং এজেন্ট-এর এজেন্সী ক্যানসল করেছি যখন দেখলাম রেশন দোকান গুদাম থেকে চাল চলে যাচ্ছে। রাশিয়ান চাল এসেছে সে চাল

[4-10—4-20 p. m.]

চলে গেছে, American long grain rice, supefine rice সে চাল চলে গেছে East Germany থেকে ভাল boiled rice পাচার হয়ে গেছে। আমি নিজে তদন্ত করেছি, গুদাম seal করেছি, পরে দেখেছি গুদাম seal করবার পর গুদাম ভাঙ্গা হয়েছে—ছুটেগেছি, তারপর তদন্ত করে suspend করে cancel করবার ব্যবস্থা করা হয়। এক কোটি টাকার twrnover annually তা cancel করে দেওয়া হয়; বাঁকুড়া জেলায় চালের কলের সঙ্গে পাথর, নোংরা কয়লার গুঁড়া দিয়ে পচা জিনিস দিয়ে বাংলা দেশের মানুষকে মারবার যন্ত্র করছিল। গত ২৭ তারিখে যেদিন সরকার প্রমান পেয়েছে গুদাম seal করে দেয়, দেখি পচা চাল Rationএ দেবার ব্যবস্থা হচ্ছিল, সেটা বন্ধ করে দেওয়া হয় এবং সঙ্গে সঙ্গে নির্দেশ দেওয়া হয় সেই চালকলের মালিকের ব্যবসার যে licence তা suspend করে দেওয়া হয়।

এইরূপ চেষ্টা আমরা করছি। আমরা জানি Gazetted Officer যারা দুর্নীতি করছেন তাঁদের বিরুদ্ধে একে একে enquiry শুরু করছি। একজন Subdivisional Controllerকে suspend করেছি যাদের। বিরুদ্ধে অভিযোগ এসেছে বিশেষ করে মাননীয় হাউসের সদস্যরা যাদের বিরুদ্ধে অভিযোগ করেছেন মাননীয় প্রবীন সদস্য অজিত গাঙ্গুলী যিনি অনেক গঠনমূলক প্রস্তাব করেন যাতে আমরা অনেক সময় উপকৃত হই তিনি সেরূপ কয়েকটি অভিযোগ করেছিলেন এবং আমি তাকে আশ্বাস দিয়েছিলাম যে ঐ সমস্ত অফিসারদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করছি। সুতরাং আমরা একদিকে যেমন সরবরাহ ব্যবস্থা ঠিক রাখছি তেমনি দুর্নীতি দূর করার ব্যবস্থা নিচ্ছি। সামগ্রিকভাবে আমরা যে এসব সম্বন্ধে অবহিত আছি তাই নয় আমরা চেষ্টা করছি। চিনি সমস্যা সম্বন্ধে গত কয়েকদিন আগে বিধানসভায় বলেছি। আমি আবার বলছি যে আমাদের যে চিনি সরবরাহ ছিল মাসে ২০ হাজার মেট্রিক টন, সরকার—কেন্দ্রীয় সরকার যেহেতু চিনির all India release কমে গেছে সেইজন্য ২০ হাজার M.T. থেকে ১২ হাজার M.T.তে কমে এসেছে। আমি মাননীয় সদস্যদের বিবেচনা করতে বলি। বক্তৃতা করলে হবে না। বাহিরের চিনি কেন কমে যাচ্ছে সেটা বুঝতে হবে। কোন সরকার বা কোন Minister কিছু করতে পারবে না। চিনির release কমে গেছে। এবং শুনলে অবাক হবেন চিনির কলের মালিকদের সীমাহীন লোলুপতা ও লালসা তারা এত দাম পাচ্ছে তাতেও তারা সন্তুষ্ট নয়, তারা মুনাফার পাহাড় করছে তাতেও সন্তুষ্ট নয়। কেন্দ্রীয় সরকার চিনির দাম কমিয়ে ঠিক করে দিলেন যে, এত পরিমাণ চিনি বাড়াতে হবে statutory করে দিলেন যে ৬০ ভাগ চিনি আনতে হবে। শুনলে অবাক হবেন যে আমাদের এই মাসে যে চিনি বরাদ্দ হয়েছে সেই চিনি ৮ হাজার মেট্রিক টন শুধু উত্তর প্রদেশের কারখানার উপর বরাদ্দ হয়েছে Allotment। ঐ উত্তরপ্রদেশের কারখানা থেকে ৮ হাজার মেট্রিক টন চিনি আনতে পারলে তবে সরবরাহ রাখতে পারি। আপনারা শুনলে অবাক হবেন যে ঐ মুনাফাখোর ঐ বড় বড় চিনির কলের মালিক মহামান্য আদালতে গিয়ে rule of law—আইনের শাসন দেখিয়ে export injunction নিলেন। ১লা আগস্ট injunction-এর দিন ছিল। আমি খবর নিয়ে জেনেছি যে কোন ফল হয় নি injunction continue করছে injunction-এর effect হচ্ছে 25 per cent of this allotment of sugar from U.P. Sugar Factory can be for West Bengal. How can we maintain supply? How can we maintain the scale? আমাদের এই সরকার আসার পর যেখানে ১৫০ গ্রাম চিনি বিধিবদ্ধ Ration এলাকায় ছিল তা বাড়িয়ে ২০০ গ্রাম করেছি। আজকে অনেক সংগ্রাম করতে হয়েছে। তবুও আমি বিধানসভার সদস্যদের বলিনি, কেন বলিনি, যে বললে বাহিরের ব্যবসায়ীরা সুযোগ নিতে পারে আমি ব্যবসায়ীদের এবং Importers-দের ডেকে বলেছি যে যেভাবে হোক মফঃস্বলে চিনির supply maintain করতে হবে। আমি আশা করি যে আপনাদের সহযোগিতা, জনসাধারণের সহযোগিতা, সংবাদপত্রের সহযোগিতা, এবং কেন্দ্রীয় সরকারের সহযোগিতা থাকলে নিশ্চয় এ বিশ্বাস রাখি যে এই চিনির scale কি শহরে কি গ্রামে এর উন্নতি করতে পারবো সেই বিশ্বাস নিয়ে চেষ্টা করছি। শুধু তাই নয় আর একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করবো। আমি মন্তব্য এবং সমালোচনা চাই এবং সব শোনার পর আমি জবাব দেবো। আমার একটা ঘটনা মনে পড়লো। আপনাদের একজন সেবক হিসাবে অনুরোধ করবো ও দেশবাসীর ভৃত্য হিসাবে অনুরোধ করবো যে দেশের এই সংকটের কথা বার বার বেশী বলা ঠিক নয়। গেল গেল বললে বিপদ আছে। আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি গেলবার যখন মন্ত্রী ছিলাম উত্তর বাংলায় ঠিক এই সময় নাগাত জুন মাসের প্রথম দিকে গংগায় বন্যা এসে গেল রেললাইন breached হয়ে গেল, আমাদের উত্তর বাংলায় চাল নিয়ে যাওয়া অসম্ভব অথচ লক্ষ লক্ষ শরণার্থী ওপার বাংলা থেকে এসেছেন। শুনলে অবাক হয়ে যাবেন আজকেই আমি প্রথম একথা বলছি সমগ্র উত্তর বাংলায় মাত্র ১০ দিনের supply ছিল, total supply of wheat and rice আমার

মহাকরণের ঘরে কয়েকজন সংবাদপত্রের প্রতিনিধি এসেছিলেন আমি তাঁদের অকপটে বলেছিলাম এই ভয়াবহ অবস্থার কথা এবং অনুরোধ করেছিলাম যাতে বাহিরে এ সংবাদ না যায় কারণ তাহলে উত্তর বাংলার লোকদের মুনাফা শিকারীরা ছিঁড়ে খাবে। আমি অন্তরের গভীরতম কৃতজ্ঞতা জানাচ্ছি যে ঐ সমস্ত প্রতিনিধিরা একটি বর্ণও বার হতে দেন নি—কোন সংবাদ বার হয় নি। সেদিন আমার ঘরে মহাকরণে সমস্ত সংবাদপত্রের প্রতিনিধিরা এসেছিলেন। আমি তাঁদের সরল বিশ্বাসে বলেছিলাম সেই ভয়াবহ অবস্থার কথা। আপনারা তো বুঝতেই পারছেন—বাইরে যদি কোনক্রমে এই কথা যায়, তাহলে উত্তর প্রদেশের লোক আমাদের ছিড়ে খাবে। আমি এই সুযোগে সংবাদপত্রের প্রতিনিধিদের জানাচ্ছি—একটি সংবাদপত্রের প্রতিনিধিও বাইরে whiper করতে যায়নি। ১০ দিনের মধ্যে আমি ফুড ডিপার্টমেন্টের কমিশনারকে দিল্লী পাঠাই। ৭ দিনের মাথায় বিহার থেকে চাল আসতে আরম্ভ করে। এখন ঘটনার কথা বলি—সংবাদপত্র যদি সেদিন বাইরে এই সংবাদ দিতেন, তাহলে আমরা বে-সামাল হয়ে পড়তাম। তাই বলি আজকেও এই সংযমের প্রয়োজন আছে। এটা আশার কথা ভারতবর্ষের অন্যান্য রাজনৈতিক দলের লোকেরা মার্ক্সিস্ট কম্যুনিস্ট, সোস্যালিস্ট ইউনিট সেন্টার, ফরওয়ার্ড ব্লক, আর এস পি তাঁরা এসে দেখে যান। আমি বলে দিচ্ছি—যুক্তফ্রন্টের আমলে মাননীয় সদস্য বিশ্বনাথবাবু ছিলেন, যুক্তফ্রন্টে এই অধমও বসে থাকতো এককভাবে যুক্তফ্রন্টের সরিক সমস্ত রাজনৈতিক দলের সদস্যদের মুখে সীল করা ছিল। তাঁরা কোন দুর্নীতি ও অন্যায়ের বিরুদ্ধে মুখ খোলেন নি। আর আজ কংগ্রেসদল—কংগ্রেস Progressive Coalition গভর্নমেন্ট—democratic alliance, তা সত্ত্বেও আজকে কংগ্রেস সদস্যরা যেরকম নির্মমভাবে সমালোচনা করছেন, আমি জানি মার্ক্সিস্ট কম্যুনিস্ট পার্টি, আর এস পি, এর চেয়েও বেশী সমালোচনা করতে পারেন। কিন্তু এর থেকে প্রমাণ হচ্ছে কংগ্রেসেরও democratic opposition রয়েছে আজকে মার্ক্সিস্ট কম্যুনিস্ট পার্টি না আসা সত্ত্বেও। অবশ্য তাদের আসা উচিত। এখানে আমি ভারতের প্রধানমন্ত্রীর কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বলবো—দেশের এই যন্ত্রণা, দুঃখ-কষ্ট, দারিদ্র্য, দুর্নীতি কি করে দূর করা যায়, তারজন্য তাঁদের কাছে আবেদন করবো—আপনারা আসুন, যোগদান করুন, এইসব সমস্যা সমাধানের জন্য সরকারের সমালোচনা করুন, সমাধানের পথ দেখিয়ে দিন, সঠিক পথে সরকারকে চালান। তা তাঁরা আসছেন না। পশ্চিমবঙ্গের অন্যান্য বিরোধীদল জেনে রাখুন বিধানসভায় বামপন্থী মনোভাব-সম্পন্ন সরকারের সমালোচনাশীল নাগরিকদের ও মানুষের দৃষ্টিভঙ্গী আছে। Their interest is not going unrepresented in this House। বিধানসভায় কংগ্রেস সদস্যরা সেই সমালোচনায় দৃষ্টি রাখছেন প্রারম্ভিক আলোচনায় যে সমালোচনা আপনারা করেছেন তারজন্য ধন্যবাদ জানাচ্ছি। কারণ এটাই হলো গণতান্ত্রিক কাজ। বিশ্বনাথবাবুকে বলছি, তিনি নিশ্চয়ই স্মরণ করবেন—বিশ্বনাথবাবু একজন প্রভাবশালী নেতা এবং তিনি এর আগে একজন প্রভাবশালী মন্ত্রীও ছিলেন তিনি কি কোনদিন বলতে পারবেন, বিচ্ছিন্নভাবে বলা ছাড়া—এত কঠোর সমালোচনা তখন তাঁর সময়ে হয়েছে? এত সমালোচনা হয় নাই। তাই আমি আবার বলছি—আলোচনা হোক, সমালোচনা হোক। কিন্তু এই যে চিৎকার করে বলা হচ্ছে, গেল-গেল রব তোলা হচ্ছে, অনাহারে সব মারা যাচ্ছে, কিছু করা হচ্ছে না এইসব কথা ঐভাবে না বলে আপনারা বলুন কি করে সমস্যার সমাধান করা যায়, প্রতিকার করা যায়, সবকিছু বিবেচনা করতে হবে। শুধু মালদহের, দিনাজপুরের সমস্যা বললে ভুল হবে। পশ্চিম বাংলার মধ্যে পুরুলিয়া হচ্ছে সবচেয়ে গরীব, মেদিনীপুরের সাঁওতাল অধ্যুষিত এলাকা ও বাঁকুড়ার বাউড়ি সম্প্রদায় থেকে কারা বেশী দরিদ্র আছে আমি জানি না। পশ্চিম বাংলার শতকরা ৮০ জন মানুষ কি গ্রামে, কি শহরে—মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত, যাঁরা রোজগারের মানুষ, আজ তাদের প্রত্যেকেরই একই সমস্যা। আজকে বলবো আমাদের যে সমস্যা তা খুব জটিল। তবে জটিল হলেও সমাধানের বাইরে নয়, সমাধান নিশ্চয়ই করা সম্ভব। এ সম্বন্ধে নিশ্চয়ই আপনাদের গঠনমূলক প্রস্তাব থাকবে, সমালোচনা থাকবে। আমাদের বিশ্বনাথবাবু, ভগিনী গীতা মুখার্জী, শ্রীমতী ইলা মিত্র ও অন্যান্য

অনেক সদস্য আছেন তাঁরা আজকে এই খাদ্যসমস্যা সমাধানের উপায় সম্পর্কে গঠনমূলক প্রস্ত রাখবেন আশা করি। এই কথাগুলো বলে আমি আপনাদের কাছে এই আলোচনা রাখছি কি করে এটা আরো জোরদার করা যায়, কি করে মজুতদারদের বিরুদ্ধে লড়াই জোরদার ক যায়, কি করে বিপন্ন মানুষের কাছে সত্বর রিলিফ পৌছে দেওয়া যায় সেই সমস্যা সম্বন্ধে আলোচনা সমালোচনা আহ্বান করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 p.m.]

**Shri Pradyut Kumar Mahanti :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি প্রথমে আমার বক্তব রাখতে গিয়ে আপনাকে ধন্যবাদ জানাই এইজন্য যে আপনি খাদ্যের উপর আলোচনার সুযোগ দিয়েছেন। মাননীয় খাদ্যমন্ত্রী এতক্ষণ ধরে এই বিতর্কের অবতারণা করে বলেছেন যে শুধু পশ্চিম বাংলায় নয় সারা ভারতবর্ষে খাদ্যের পরিস্থির প্রভূত উন্নতি হয়েছে। আমি বিশেষ কর যে অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি তাদের সঙ্গে একমত হয়ে স্বীকার করি যে খাদ্যের অবস্থ খাদ্যের পরিস্থিতির সামগ্রিক উন্নতি হয়েছে। কিন্তু তা সত্ত্বেও গ্রামীন জনসাধারণের প্রতিনিধি হিসাবে অত্যন্ত ক্ষোভের সঙ্গে দুঃখের সঙ্গে একথা বলতে বাধ্য হচ্ছি যে গ্রাম বাংলার মানুষেরকাছে এখনও পর্যাপ্ত পরিমাণে খাদ্যশস্য—সস্তায় খাদ্যশস্য পৌছালো না যদিও আজকে দেশ স্বাধীন হয়েছে প্রায় পঁচিশ বছর। একদিকে আমরা দেখছি মাননীয় খাদ্যমন্ত্রিমহাশয় বলছেন যে অত্যন্ত সঙ্কটজনক পরিস্থিতি। পশ্চিম বাংলার উত্তরবঙ্গে দেখছি খরা, বন্যা আবার দক্ষিণ বাংলায় দেখছি নিদারুণ খরা। এ একেবারে অচল পরিস্থিতি একদিকে বন্যা পরিস্থিতি চলেছে আর একদিকে খরা পরিস্থিতি চলেছে এবং এইভাবে আর কিছুদিন চললে খাদ্য পরিস্থিতি একটা ভয়াবহ অবস্থায় এসে দাঁড়াবে। আপনারা স্বীকার করেন যে খাদ্যের সামগ্রিক উন্নতি হয়েছে। স্বাধীন দেশের নাগরিক এই জিনিস দাবি করেন যে সবকারের কাছ খাদ্য থাক বা—থ করে মনে হচ্ছে অ্যাভেলেবিলিটি অব ফুড মাস্ট বি অ্যাসিওর্ড বাই দি গভর্নমেণ্ট। যদিও শুধু খাদ্য থাকলেই হবে না। খাদ্য পর্যাপ্ত পরিমাণে থাকলেও জনসাধারণের কাছে খাদ্য গিয়ে পৌছাবে না, যদি তার সঙ্গে তাদের পারচেজিং পাওয়ার-এর সমতা না থাকে। কারণ এই ক্রয়ক্ষমতাও ওর সংগে ওতপ্রোতভাবে জড়িত রয়েছে। আজকে দেখছি যে নিত্যব্যবহার্য জিনিসপত্রের দাম দিন দিন বেড়ে চলেছে। মাননীয় অধ্যক্ষমহাশয় আপনি লক্ষ্য করলে দেখতে পাবেন যে আজকে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম যা বেড়েছে তা গত ১০ বছরে বাড়ে নি। চালের দাম ডালের দাম সরষের তেলের দাম মসলাপাতির দাম—কাপড় বলুন, কেরসিনতেলের দাম বলুন, চিনির দাম বলুন—প্রত্যেকটি জিনিসের দাম দিনের পর দিন বেড়ে চলেছে। আজকে চিনির দাম তিন টাকা—কালকে চিনির দাম ৩-২০ পরশু চিনির দাম ৩-৫০ পয়সা এইভাবে দিনের পর দিন বাড়ছে। সরষের তেলের দাম ৬ টাকা করে বিক্রী হচ্ছে। কি তেল তা জানি না। আজকে মফঃস্বলে সরষের দাম ২ টাকা কেজি—১ কেজি সরষে থেকে তেল দাঁড়াবে আড়াইশো—অর্থাৎ ১ কেজি সরষের তেল হতে চাই ৪ কেজি সরষে, অর্থাৎ ১ কেজি তেলের দাম হওয়া উচিত ৮ টাকা—সেখানে দেখতে পাচ্ছি সরষের তেলের দাম হচ্ছে ৬ টাকা কেজি, জানি না আমরা কি তেল খাচ্ছি। আমি গ্রাম বাংলার উড়িষ্যা প্রান্ত এলাকার দিক থেকে এখানে এসেছি—জানি না অন্য কোথায় কি রকম চালের দর থাকে—তবে আমার এলাকায় বেশী দাম হলে চালের দাম থাকে ১৫০ থেকে ১৬০ পয়সা। কিন্তু বর্তমানে চালের দাম ২.১০ কে. জি। আজকে সামগ্রিকভাবে খাদ্য পরিস্থিতির উন্নতি হলেও গ্রামবাংলার মানুষের কাছে সেই খাদ্য গিয়ে পৌছাচ্ছে না। তাদের ক্রয়ক্ষমতা এতো নীচে নেমে গেছে যে বর্তমানে যে খাদ্যের মূল্য রয়েছে তাদের কেনবার ক্ষমতা নেই। এর কারণ হিসাবে মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে কয়েকটি বক্তব্য রাখতে চাই। পরিস্থিতির উন্নতি হলেও প্রকিওরমেন্ট, স্টোরেজ অ্যাণ্ড ডিসট্রিবিউসান এই তিনটি জিনিসের মধ্যে

গুরুতর ত্রুটি থাকার জন্য সরকারের সদিচ্ছা থাকা সত্ত্বেও বিশেষ করে গ্রামবাংলার মানুষের কাছে খাদ্যশস্য পৌঁছে দেওয়া যাচ্ছে না। আজকে আমরা এটা চাই যে খাদ্য মাঠ থেকে যেন রান্নাঘরে ঠিকমত পৌঁছায়। ফ্রম ফিল্ড টু কিচেন এই যে রোড, এই যে চ্যানেল এটা পরিষ্কার করতে হবে। ফ্রম ফিল্ড টু কিচেন যে রোড সেই রোড ক্লীয়ার করতে হলে প্রকিওরমেন্ট স্টোরেজ অ্যাণ্ড ডিসট্রিবিউশান যে তিনটি সরকারের নিয়ন্ত্রণাধীন সেই তিনটি ব্যবস্থার উন্নতি না করলে সামগ্রিক খাদ্য পরিস্থিতির উন্নতি হলেও গ্রামবাংলায় যেখানে শতকরা ৮০ ভাগ লোক বাস করে এবং যেখানে সরকার সস্তায় খাদ্য দিতে চাচ্ছেন সেটা করা যাবে না। আমি জানি না ফুড করপোরেসনের সংগে আমাদের প্রাদেশিক সরকারের সম্পর্ক কতটুকু বা কতজন কর্মচারী আমাদের সরকারের নিয়ন্ত্রণাধীন। আমরা কাগজে দেখি যে মন্ত্রিমহাশয় গো-ডাউনে যাচ্ছেন, গিয়ে কোথাও কোথাও তালা মেরে দিয়ে আসছেন। আমরা কাগজে দেখি সেখানে গুরুতর ত্রুটি থাকার জন্য, চাল রাখার অব্যবস্থা বা কোয়ালিটি দেখে মন্ত্রিমহাশয় তদন্ত সাপেক্ষে গো-ডাউনে তালা দিচ্ছেন। কিন্তু ৪ দিন পরে দেখা গেল তালা খুলে গেল। কি কারণে খুললো তা জানি না। তালা দেবার পর ফুড করপোরেসনের অফিসার যারা ঘুরে বেড়াচ্ছেন তারা বলেন খাদ্যমন্ত্রীর কি ক্ষমতা আছে আমাদের গো-ডাউনে তালা মারার, আমরা তালা ভেংগে দেব। ফুড করপোরেশনের উপর আমাদের প্রাদেশিক সরকারের কোন কর্তৃত্ব আছে কিনা—যদি না থাকে, শুধু ডিসট্রিবিউসানের বেলায় যদি প্রাদেশিক সরকারের কর্তৃত্ব থাকে তাহলে প্রকিওরমেন্ট, স্টোরেজ এতে যে জিনিস নষ্ট হচ্ছে বা ডিষ্ট্রিবিউসানে যা করা হচ্ছে তার সমস্ত দায়দায়িত্ব, দোষত্রুটি আমাদের সরকারের উপরই বর্তাবে। প্রভিনসিয়াল গভর্নমেন্টের স্ট্রেট কনট্রোল যদি না থাকে—প্রকিওরমেন্টই বলুন, স্টোরেজই বলুন, ডিসট্রিবিউসানই বলুন যেসব সংস্থার উপর দায়িত্ব ন্যস্ত আছে সেই সংস্থার উপর প্রাদেশিক সরকারের ফুল কনট্রোল থাকা উচিত। তা না হলে আমাদের প্রাদেশিক সরকারের যে নীতি বা যে ব্যবস্থা সেই ব্যবস্থা কার্যকরী করা যাবে না। স্যার, আমরা দেখেছি গ্রামবাংলার খাদ্য পরিস্থিতি যখন খারাপ হয় বিশেষ করে খরা, অনাবৃষ্টিজনিত পরিস্থিতি এবং বন্যা পরিস্থিতিতে তখন সরকার কিছু কিছু ন্যায্যমূল্যের দোকান খোলেন। কিন্তু সেগুলির মধ্যেও গুরুতর ত্রুটি রয়েছে যার ফলে ন্যায্যমূল্যের দোকানে চাল গেলেও পাওয়া যায় না। হয়ত দেখা গেল একদিন পাওয়া গেল, তারপরের দিন কার্ডহোল্ডাররা ন্যায্যমূল্যে জিনিস কিনতে চেয়েও পেল না। কাজেই সেখানে ত্রুটি রয়েছে। তাছাড়া এম. আর. ডিলার যা করা হয়েছে সেটাও অপ্রতুল, সেটাকে আরো বাড়ানো উচিত। স্যার, যদি সরকার অ্যাভেলিভিটি অব ফুড অ্যাসিয়োর্ড করতে চান, হাই হোক বা লো হোক যেকোন স্তরের মানুষ হোক না কেন তারা যাতে জিনিস পেতে পারেন, সে ব্যবস্থা করতে চান তাহলে গো-ডাউনের সংখ্যা আরো বাড়ানো দরকার। স্যার, তা ছাড়া দূর থেকে যারা মাল নিয়ে যেসমস্ত ডিলাররা তাদের যে রেট দেওয়া হয় সেখানে দেখবেন ১০ বছর আগেকার রেট। স্যার, ১০ বছরে আমরা অনেক বিষয়ে অনেক এগিয়ে গিয়েছি কিন্তু ডিলারদের যে রেট সেটা আমরা পরিবর্তন করতে পারিনি। যার ফলে ডিলাররাও উৎসাহিত হয় না মাল নিয়ে গিয়ে গ্রামের লোকের কাছে পৌঁছে দিতে। যদিবা তাদের চাপ দিয়ে বা জোর করে রাজী করানো হয় তাহলে তারা গো-ডাউন থেকে মাল বাইরে নিয়ে গিয়ে ক্ষতিপূরণের জন্য কার্ডহোল্ডারদের হয় মাল কম দেয় না হয় দুর্নীতিপরায়ণভাবে বিক্রি করে তাদের ক্ষয়ক্ষতি পূরণ করার চেষ্টা করে।

[4-30 – 4-40 p.m.]

ফলে দেখা যাচ্ছে মাল যাবার সংগে সংগে অনেক জায়গায় মাল পৌঁছানোর খবর বা মাল যে গেছে বা মাল যে বিতরণ হবে সেই খবর জনসাধারণ পাচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের বিবেচনার জন্য একটি প্রস্তাব রাখতে চাই যে যখন কোন মাল সরকারী গোডাউন থেকে অ্যালটেড হয়ে ডিলারের কাছে যাচ্ছে তার সংগে একটি অর্ডারের কপি যাচ্ছে আমাদের ফুড ইনসপেকটর বা সাব-ইনসপেকটরের কাছ থেকে যে কোন্ অঞ্চলে কোন্

ডিলারের কাছে কতটুকু মাল দেওয়া হল, সেই মালের খবর কবে গেল তা সেখানকার অঞ্চল প্রধান বা সেখানকার বি ডি ও বা সেখানকার জনপ্রতিনিধিরা জানতে পারে না যে ক র ম লটি গেল, কিভাবে গেল, কতটা পরিমাণ গেল। যে ফর্টনাইট-এর জন্য মালটি গিয়ে পৌঁছল এবং সেই ফর্টনাইটএ জনসাধারণ পৌঁছানোর খবর কিছুই জানতে পারলেন না। আবার অনেক সময় দেখা গেল ২/৩ দিন হয়ে গেছে মাল পৌঁছায় নি। এই না জানার জন্য জনসাধারণ ঠিক সময় মত পেতে পারছে না। সরকারী কর্মচারীদের পক্ষে বা অঞ্চল প্রধান জানতে না পারার জন্য, কতট কার্ড হোল্ডারকে দিল আর কতট ব্লাক করল, কতটা মাল রাস্তায় বিক্রী করে দিল সে খবর জানতে না পারার জন্য সরকার ন্যায্যমূল্যে খাদ্য দিতে চাইলেও সেই খাদ্য জনসাধারণের কাছে পৌঁছতে পারছে না। অতএব ন্যায্যমূল্যের দোকান মারফৎ জনসাধারণের কাছে খাদ্য পৌঁছে দিতে গেলে, নিম্নমধ্যবিত্ত লোকদের কাছে খাদ্য পৌঁছে দিতে গেলে কতগুলি চ্যানেল তৈরী করতে হবে। গ্রামাঞ্চলে গোডাউন বাড়াতে হবে। গোডাউন ও তদারকীর ব্যবস্থা করেছেন বলে মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে রেখেছেন। আমি বলতে চাই জনপ্রতিনিধি অঞ্চল পঞ্চায়েত বা বি ডি ও মালটি ঠিকমত ডিলারের কাছে পৌঁছচ্ছে কিনা এবং ডিলার সেটা ঠিকমত ডিষ্ট্রিবিউট করেছেন কিনা এটা তারা তদারকী করতে পারেন। আর একটি জিনিস হচ্ছে তিনি রেশনিং কার্ড করেছেন। কলকাতায় যেমন অনেক ঘোষ্ট কার্ড রয়েছে তেমনি মফঃস্বলেও আজকে কলকাতার মত ঘোষ্ট কার্ড চালু হয়ে গেছে। সেগুলিকে ধরবার জন্য যেমন সরকারী ব্যবস্থা থাকা উচিত তেমনি সংগে সংগে দেখা যাচ্ছে যেখানে ১০ বছর আগে, কিম্বা ৪/৫ বছর আগে যে ডি পি লিস্ট তৈরী হয়েছিল সেই লিস্ট আজকে নতুন করে আর তৈরী হচ্ছে না, যদিও কোথাও কোথাও অঞ্চল প্রধান জনসংখ্যা বৃদ্ধির জন্য কিছু কিছু ডি পি লিস্ট নতুন করে বদল করে যেখানে পাঁচজন লোক ছিল সেখানে ৮/১০ জন লোক করবার চেষ্টা করছেন। কিন্তু এমনই সরকারী ব্যবস্থা যে সেগুলি অঞ্চল পঞ্চায়েত বা অঞ্চল প্রধান বা বি ডি ওর কাছে, ফুড ইনসপেকটরের কাছে পাঠিয়ে এক বছর করে দেরী হয়ে যাচ্ছে, সেই লিস্ট অ্যাপ্রুভ হচ্ছে না, যার ফলে জনসংখ্যা বৃদ্ধি পাওয়া সত্ত্বেও পাঁচ জনের জায়গায় ১০ জন লোক হওয়া সত্ত্বেও ন্যায্যমূল্যে জিনিসপত্র পাবার যোগ্য হলেও ৫/৬ জন লোক মাত্র সেই জিনিস পাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি গ্রামবাংলার প্রতিনিধি হিসাবে তাঁর বিবেচনার জন্য এই বক্তব্য রাখবো রেশনিং-এর ব্যাপারে ডি পি লিস্ট তৈরী করার ব্যবস্থা ব্লকস্তরে অনুমোদন করা যায় কিনা। এইভাবে দেখতে পাচ্ছি শুধু মেদিনীপুর জেলায় নয়, বাঁকুড়া, পুরুলিয়া জেলাও মেদিনীপুর জেলার সংগে সংশ্লিষ্ট, এই তিনটি জেলাতে পর পর তিন বছর ফ্লাড হবার ফলে ফডারেরও অভাব হয়েছে, গরু আজকে সেখানে খেতে পাচ্ছে না। মানুষের অভাবের সংগে এটাও ওতঃপ্রোতভাবে জড়িত। কাজেই মানুষের খাবারের সংগে সংগে গরুর খাবারেরও ব্যবস্থা করতে হবে এবং সরকারকে সেদিকে লক্ষ্য রাখতে হবে। পর পর তিন বছর খরা ও বন্যার ফলে মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়ায় শস্যহানি ঘটেছে। কাজেই সেখানে যে গরুর খাদ্যাভাব ঘটছে সেটাও সরকারকে বিবেচনা করে দেখতে হবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আর বেশী কিছু বলতে চাই না, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে শুধু এইটুকু রাখতে চাই যে কলকাতা শহরে রেশনিংএ কিছু উন্নতি হয়েছে বটে—আগে কলকাতার রেশনের চাল খাবার দুর্ভাগ্য আমার হয়নি, কেন না আমি মফঃস্বলের লোক। আজকে নির্বাচিত প্রতিনিধি হয়ে এসেও কলকাতার রেশানের চাল আমাদের খেতে হচ্ছে। এখানকার রেশানের চাল আগেও খেয়েছি যখন কলকাতায় casually এসেছি তার থেকে quantity হয়ত উন্নত হয়েছে কিন্তু কাঁকর যে পরিমাণ ছিল সেটার পরিমাণ কমেনি। কলকাতায় কিছু উন্নত হলেও quantityর দিক থেকে মফঃস্বলে ন্যায্যমূল্যের খাদ্যশস্য সামান্য কিছু বেড়েছে বটে কিন্তু খাদ্যশস্যের দাম বৃদ্ধি হবার জন্য সেটা মানুষের কাছে পৌঁচাচ্ছে না। কাজেই আজকে শুধু খরা পরিস্থিতি নয়, বন্যার পরিস্থিতি নয়। এই রকম পরিস্থিতি চলতে থাকলে আগামী দিনে খাদ্যাবস্থার যে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হবে সেই পরিস্থিতির মোকাবিলা

করতে গেলে এই যে শোষণ যন্ত্রকে দুর্নীতি মুক্ত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সরকার সেই শাসকযন্ত্রকে সুস্থ, সবল ও দুর্নীতিমুক্ত করতে হবে। সেজন্য আপনার সামনে যে প্রস্তাব রাখলাম সেটা গ্রহণ করে এই সরকার গ্রামবাংলার মানুষের আশীর্বাদ গ্রহণ করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Shib Sankar Bandopadhayay :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে যে গুরুতর পরিস্থিতি এবং সংকটের বিষয় নিয়ে আলোচনা করছি তাতে আমাদের খাদ্যমন্ত্রী যে দৃপ্ত ঘোষণা করেছেন এবং অত্যন্ত জোরের সংগে, অত্যন্ত বলিষ্ঠতার সংগে জানালেন, যদিও আজকে বাংলা দেশের সর্বক্ষেত্রে খাদ্যাভাবের কথা চিৎকার করে বলা হয়েছে। কিন্তু প্রকৃত প্রস্তাবে সরকারের সাধ্যের মধ্যে যা আছে সরকার তা যোগ্যতার সংগে হস্তক্ষেপ করেছেন একথা নিশ্চয়ই স্বীকার করতে হবে। আজকে বাংলা দেশে খরা হয়েছে, বন্যা হয়েছে এবং সেজন্য খাদ্যাভাব বাংলা দেশে বেড়েছে একথা অনস্বীকার্য, একথা আমাদের স্বীকার করতেই হবে। কিন্তু এই খাদ্যাভাবের পরিস্থিতির কথা বার বার ঘোষণা করে আমরা যেন কোন কারণেই মুনাফা খোরদের সুযোগ করে না দেই। অতীতে আমরা যে খাদ্য আন্দোলন দেখেছি, যে খাদ্য আন্দোলন হয়েছে তাতে খাদ্য আন্দোলনের নাম করে এই দেশের খাদ্যবস্তু সরবরাহ কেমন করে বন্ধ করে দেওয়া যায়, কেমন করে রেল লাইন বন্ধ করে দেওয়া যায়, সেই আন্দোলন, আমরা দেখেছি এবং খাদ্য আন্দোলনের নাম করে অতীতে কেমন করে খাদ্যবস্তু সরবরাহ কমিয়ে দেওয়া যায় সেই প্রচেষ্টাও আমরা দেখেছি। আজকের দিনে এই আলাপ আলোচনার মাধ্যমে সেদিনের সেই গন্ধ দেখতে পাচ্ছি। আবার যেন মনে হচ্ছে সেই রকম আন্দোলন এখান থেকে গড়ে তোলার চেষ্টা হচ্ছে এবং এতে প্রকারান্তরে সাহায্য করা হবে মুনাফাখোর ঐ সব লোকদের যারা খাদ্যের কৃত্রিম অভাব নিয়ে আরো অধিক পরিমাণ অর্থ সংগ্রহ করতে পারে। ১৯৬৯ সালে বাংলা দেশের যত লোককে modified rationing-এর আওতায় আনা হয়েছিল আজকে তার প্রায় দ্বিগুণ লোককে modified rationing-এর আওতায় আনা হয়েছে। একটা figure দেওয়া হয়েছে। ১৯৬৯-৭০ সালের জুলাই মাসে যেখানে ২৮ হাজার মেট্রিক টন খাদ্যশস্য modified rationing-এর মাধ্যমে দেওয়া হয়েছিল সেখানে এবছর ১৯৭২ সালের জুলাই মাসে ৬০ হাজার মেট্রিক টন খাদ্যশস্য দেওয়া হয়েছে। আমার বন্ধু প্রদ্যুৎ মহান্তি মহাশয় বলেছেন যে গ্রামবাংলার মানুষের ক্রয়ক্ষমতা কমে গেছে। অবশ্য এটা ঠিক যে কমেছে। কিন্তু এই যে ৬০ হাজার মেট্রিক টন খাদ্যশস্য গ্রামের লোক পেল, এটা নিশ্চয়ই বৃদ্ধি হয়েছে। এটা অস্বীকার করলে চলবে না। একথা গর্বের সংগে স্বীকার করতে হবে যে কংগ্রেস সরকার মাত্র ৪ মাস আসার পরে গ্রামের মানুষদের মধ্যে ৬০ হাজার মেট্রিক টন খাদ্যশস্য দিয়েছে এবং সকল শ্রেণীর মানুষ যাতে সুবিধাদরে চাল পেতে পারে তার চেষ্টা করেছে। এই জন্য মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় প্রশংসার যোগ্য। আজকে চিনি সাধারণ ভাবে বাজারে যা বিক্রয় হচ্ছে তার ফলে ৩৫০ পয়সায় উঠে গেছে। পক্ষান্তরে রেশানিং-এ যে চিনি দেওয়া হয় তার দাম অনেক কম এবং তার supply অনিয়মিত হবার ফলে মানুষের পক্ষে চিনি পাওয়া সংকটের বিষয় হয়ে দাঁড়িয়েছে, একথা নিঃসন্দেহে বলা যায়। কিন্তু সংগে সংগে আজকে যদি বাংলা দেশের সমস্ত সমস্যাকে আমাদের নিজেদের সমস্যা বলে মনে করি, বাংলা দেশের খাদ্যাভাব থেকে তাদের সত্যিকারের উদ্ধার করতে চাই, যদি মানুষের দুঃখ বেদনাকে আমরা দূর করতে চাই তাহলে শুধু এই খাদ্যাভাবের কথা বললেই হবে না। আমাদের অভাব আছে এটা ঠিক, কিন্তু তার মূল কারণটা খুঁজে

[4-40—4-50 p. m.]

বার করতে হবে, সেদিকে লক্ষ্য রাখার প্রয়োজন আছে। চিনির অভাব সম্পর্কে মুখ্যমন্ত্রী বলেছেন আমাদের বাংলা দেশে একটিও চিনির কল নেই। আমাদের নদীয়া জেলার পলাশীতে sugar-mill ছিল কিন্তু সেখানে মাত্র ৬ হাজার টন চিনি উৎপাদন হয়, বাংলা দেশের প্রয়োজনের তুলনায়

এটা অত্যন্ত নগণ্য। বাইরে থেকে আমাদের চিনি আনতে হয়। গোটা ভারতবর্ষের চিনি শিল্পের মালিকরা কেমন করে মুনাফা করতে চায় তার কথা খাদ্যমন্ত্রী বলেছেন। আজকে এই সমস্ত বিষয় House থেকে resolution করা উচিত বলে মনে করি যে ভারত সরকারকে ওদিকে দৃষ্টি দিতে হবে, বাংলা দেশের মানুষ যাতে চিনি পেতে পারে তার ব্যবস্থা করা উচিত। আজকে সরষের তেলের দাম ৬ টাকা হয়ে গেছে। এই সরষের কারবার নিয়ে, উত্তর প্রদেশ থেকে যে সরষে আসে তা নিয়ে মুনাফাখোরদের একটা বিরাট ব্যবসায়ী চক্রান্ত চলছে তা, ভেঙ্গে ফেলার প্রয়োজন আছে। এমন ব্যবস্থা করা যায় যে, যাতে করে তৈলশিল্পকে আমরা জাতীয়করণ করতে পারি? তেলের কারবার করে কতকগুলি মুনাফাখোর দেশের সর্বনাশ করে চলেছে, তা যাতে করতে না পারে, তার জন্য ওদিকে খাদ্যমন্ত্রীর কাছে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই মন্ত্রিমহাশয় শত চেষ্টা করলেও যে ঘুণ ধরা শোষণ ব্যবস্থা চলছে, এই শোষণ ব্যবস্থার মধ্যে যে কাজ করতে চাচ্ছেন তা করা সম্ভবপর হবে না, কারণ আমরা জানি—কালকের কাগজে দেখলাম জেলা ম্যাজিস্ট্রেট খাদ্যমন্ত্রীর আদেশ পালন করেন না। এই যে কিছু কিছু motivated persons, designing officer আছেন তাঁরা কিছুতেই এই কাজ করতে দিচ্ছেন না। তিনি বলছেন West Dinjpur-এর চাল মালদহে নিয়ে আসা হোক কিন্তু এই কাজ তারা করতে দিতে চান না। এই ব্যবস্থাকে ভেঙ্গে চুরমার করতে হবে। খাদ্যমন্ত্রীকে অনুরোধ করছি এবং এই হাউস-এর কাছে আমার আবেদন, এই অবস্থায় বাংলা দেশের খাদ্যদ্রব্য যে মূল্যবৃদ্ধি হচ্ছে, এই বাংলা দেশকে কেমন করে রক্ষা করা যায় সেই সম্পর্কে একটা প্রস্তাব নিয়ে তার জন্য সচেষ্ট হবার প্রচেষ্টার প্রয়োজন আছে। এই নিয়ে রাজনীতি নয়। খাদ্য আন্দোলনের নামে, খাদ্য বন্ধ করে দেওয়া নয়, কেমন করে আমাদের গরীব মানুষ, দারিদ্র পীড়িত মানুষ কেমন করে খাদ্য পেতে পারে সেদিকে দৃষ্টি দেওয়া হোক, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Biswanath Mukherjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী যে বিবৃতি রাখলেন তার উপর একটা কথা বলে আরম্ভ করতে চাই। খাদ্য দপ্তরের ব্যয়বরাদ্দ আমরা ইতিপূর্বে মঞ্জুর করেছি। খাদ্যমন্ত্রীর প্রতি অসাধু বা অনাস্থার জন্য আজকের এই খাদ্য আলোচনা নয়। তাঁর সীমাবদ্ধ সংস্থানের উপর তিনি যে অযোগ্যতার সঙ্গে কাজ করছেন, এই রকম অভিযোগ কেউ করেননি। আজকের আলোচনার পটভূমি আরও অনেক বড়, আরও অনেক গভীর, আরও অনেক গুরুত্বপূর্ণ। আমরা একজন মন্ত্রিমহাশয়কে নিয়ে কিংবা তাঁর দপ্তরকে নিয়ে আলোচনা করছি না। খাদ্যসমস্যা যেটা দেখা দিয়েছে এবং আর যে দেখা দিতে যাচ্ছে তার গুরুত্ব সম্পর্কে কিছু ইঙ্গিত খাদ্য মন্ত্রিমহাশয়ের বক্তব্যের মধ্যে ছিল। কিন্তু এক এক বার মনে হচ্ছে তিনি গুরুত্বটা ধরেছেন আবার মনে হচ্ছে গুরুত্বটা তাঁর হাত থেকে ফসকে যাচ্ছে। কেন, কথাটা বলি, তিনি বলেছেন যে এই নিয়ে হৈচৈ করা বিশেষ উচিত নয়। হৈচৈ করলে যারা মুনাফাখোর তাদের মুনাফা করার সুযোগ সুবিধা হয়। কিন্তু আমি তাকে একটু ভেবে দেখতে বলব, যে সমস্ত কারণে একটা দুর্ভিক্ষ আমাদের পশ্চিম বাংলায় নেমে আসছে এবং আগামী কয়েকদিনের মধ্যে বৃষ্টি হলেও আসবে—আগামী কয়েকদিনের মধ্যে বৃষ্টি না হলে যে ভয়ংকর অবস্থা হবে সেটা আমরা সকলেই বুঝতে পারছি। সেটা কি ব্যবসাদাররা বোঝে না? আমি যদি এই বিধানসভায় বক্তৃতা না করি কিম্বা পাবলিক মিটিং-এ না বলি যে একটা ভয়াবহ দুর্ভিক্ষের অবস্থা আসছে তাহলে ব্যবসাদাররা সেটা বুঝতে পারবে না। প্রথমত: ব্যবসাদাররা যথেষ্ট খোঁজ খবর রাখে, তাদের ব্যবসায়ের সংগঠন বা অরগানাইজেশন সুদূর গ্রাম পর্যন্ত বিস্তৃত। দ্বিতীয় আজকে এই ব্যাপারটা একটা পাবলিক নলেজ-এর ব্যাপার, সমস্ত খবরের কাগজে বলছে। গত বছরে যে বন্যা হয়ে গিয়েছে তাতে অনেক জায়গায় ধান নষ্ট হয়ে গিয়েছে, ফসল নষ্ট হয়ে গিয়েছে এই খবর সকলেই জানেন, ব্যবসাদাররাও জানেন। এই বছর উত্তর বংগে যে বন্যা হলো তাতে যে ফসল নষ্ট হয়ে গেল তা সকলেই জানে, ব্যবসাদাররাও জানে। যে প্রচণ্ড খরা চলছে

গত কয়েক মাস ধরে এবং আজকে আগস্ট মাসে পশ্চিম বাংলার বিস্তৃত অঞ্চলে এখনও বৃষ্টি নাই, এখনও জল নাই, চাষ হচ্ছে না যারা বুনেছিল তাদের গাছ মরে যাচ্ছে যারা বোয়ার চেষ্টা করেছিল তাদের চারা মরে যাচ্ছে এই কথা সকলেই জানে, আর খালি ব্যবসাদাররা জানে না? সুতরাং আমি যদি এই নিয়ে একটু বলি তাহলে ব্যবসাদারদের সুবিধা হবে? আদার ওয়াইস ব্যবসাদাররা এত ভালমানুষ, এত নির্বোধ এত কম খবর রাখে? ব্যবসা-বাণিজ্য করতে যারা যায় তারা সব সাধু, আর আমরা কিছু বললেই তারা জেনে নিয়ে মুনাফা করবে, এটা একেবারে ছেলেমানুষী কথা—আমি এটাকে টোটালি রিজেকট করছি। উনি প্রথম ১৯৬৭ সালের যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রী ছিলেন—আমিও ছিলাম, তিনি যেটা রেফার করেছেন, সেটা হচ্ছে আমি বিশ্বনাথ মুখার্জী দিল্লীতে যে স্টেটমেন্ট করেছিলাম, ডঃ ঘোষ তখনকার খাদ্যমন্ত্রী তার প্রচণ্ড প্রতিবাদ করেছিলেন এবং বলেছিলেন যে স্টেটমেন্ট করার ফলে আতংক সৃষ্টি হবে, খাদ্যের দাম বেড়ে যাবে। সৌভাগ্যের বিষয় বাকি মন্ত্রীরা আমাকে সমর্থন করেছিলেন। সেই হৈ-চৈ না করা হলে বাঁকুড়া এবং পুরুলিয়ায় যে খাদ্য পরিস্থিতি দেখা দিয়েছিল এবং সারা পশ্চিম বাংলায় যে সংকট দেখা দিয়েছিল তা আমরা সামাল দিতে পেরেছিলাম কিনা জানি না? কিন্তু এইটা এমন একটা প্রশ্ন যে, এর উপর একটা শক্তিশালী জনমত গঠন হওয়া দরকার দুর্ভিক্ষের সম্মুখীন হওয়ার জন্য এবং জরুরীকালিন ব্যবস্থা অবলম্বন করা দরকার। রাজ্যকে বাঁচাবার জন্য রাজ্য-সরকার যদি এই বিষয়ে কোন চেষ্টা করে তাহলে একটা শক্তিশালী জনমত দরকার—জনতাকে ভাঁওতা দিয়ে বিভ্রান্ত করে নয়। যেখানে উলংগ সত্য আমাদের দেশে জনসাধারণের সামনে নৃত্য করছে সেখানে তাকে মোকাবিলা করার জন্য মন্ত্রীরা এবং আমরা এক যোগে প্রস্তুত হয়ে বলতে চাই। এই পরিস্থিতিটা অত্যন্ত ভংকর তাতে সন্দেহ নাই যেখানে চাষ হচ্ছে সেখানে আউশ নষ্ট হয়ে গিয়েছে বোরো নষ্ট হয়ে গিয়েছে। আমন ১/৩ মানুষ পাবে আর ২/৩ পাবে না যদি বৃষ্টি হয়, আর যদি বৃষ্টি না হয় তাহলে কি হবে জানি না। এই যে একটা প্রচণ্ড খাদ্য সংকট দেখা দিচ্ছে ইনটারনাল প্রোডাকশনএর এই ভয়াবহ অবস্থায় আভ্যন্তরিন সরবরাহ কমে গেলে—সেখানে প্রোডাকশনের ভিতর দিয়ে যে টাকা রোজগার হয় সেই রোজগার যে বন্ধ হয়ে গেল তাই নয়, কেনবার ক্ষমতাও আর থাকবে না। আমি জানি না ন্যায় করেছি কি অন্যায় করেছি।

[4-50—5-00 p m.]

আমি পশ্চিমবংগ সরকারের যাঁরা মাথা এবং পশ্চিমবংগ কংগ্রেসের মাথা যাঁরা তাঁদের বলেছি গত ১৫/২০ দিন ধরে তিন সপ্তাহ ধরে বলছি যদি আর বৃষ্টি না হয় এই যদি চলে তাহলে খাদ্যের ব্যাপারে কি দাঁড়াবে এখন থেকে ভাবুন, এখন থেকে প্রস্তুত করুন। অন্য রাজ্য থেকে কি আসবে, কোথা থেকে স্টক আসবে সেটা দেখুন। যতটা পারেন চারদিকে ছড়িয়ে দিন। অন্তত আধপেটা খেয়ে যাতে মানুষকে বাঁচিয়ে রাখা যায় তার তৎপরতার প্রয়োজন আছে সেটা করুন এবং বর্তমানে যে খাদ্যসংকট চলেছে তার কারণ শুধু দাম বাড়া নয় সেটা মন্ত্রিমহাশয়কে বিশেষভাবে বুঝতে বলবো। বাজারে দাম বাড়ছে বীরভূমে যেখানে একটাকা আট আনা ছিল সেখানে আড়াই টাকা হয়ে গিয়েছে। গড়বেতার মতো দুর্দশাগ্রস্ত অঞ্চলে দু টাকা ৫০ পয়সা হয়ে গিয়েছে। এটা একটা ভয়ংকর কথা। আমি যেটা বলছিলাম সেটা হচ্ছে মন্ত্রিমহাশয় এটা বুঝুন যে সমস্যাটা এই নয় খোলাবাজারে চালের দাম বেড়েছে সেটা নিশ্চয়ই সমস্যা। সমস্যাটা শুধু এই নয় যে রেশনে কত সরবরাহ করতে পারছেন না, সমস্যাটা শুধু এই নয় যে আংশিক রেশনে কত বাড়িয়ে দিতে পারছেন কিনা। সমস্যাটা তার চেয়েও গভীরতর। সেটা হচ্ছে এই যে যাদের কেনবার ক্ষমতা নেই সেই লোকে গভর্নমেন্টের কাছ থেকে কি পাবে? তারা বলছে, আমাদের স্টেট রিলিফের কাজ দাও, খাদ্যমজুরী দাও। আমাদের রিলিফের কাজ দাও, খাদ্য দাও। সুতরাং আপনার সামনে মজুতের সমস্যা চারদিক থেকে আসছে। আপনার খোলাবাজারে দর যাতে না বাড়ে তারজন্য সরবরাহ অব্যাহত রাখা, আপনার রেশনের সরবরাহ অব্যাহত রাখতে হবে, আপনার মডিফায়েড রেশনকে বিস্তৃত করতে হবে, মডিফায়েড রেশনের পরিমাণ বাড়াতে

হবে। ক, খ-কে গ, ঘ, ঙ-র মতো দিতে হবে। পরিমাণ বাড়ালেই চলবে না। যাদের কেনবার ক্ষমতা নেই সাধারণভাবে দারিদ্র গভীরতর প্রসারের জন্য বিশেষ করে বন্যাপীড়িত, খরাপীড়িত এলাকায় এমন অবস্থা হয়ে গিয়েছে যে তারা খাদ্যের মজুরী চাইবে, আপনার কাছ থেকে খাদ্যের রিলিফ চাইবে আপনার অবগতির জন্য বলছি। আপনি জানেন আমাদের দেশের ক্ষেত মজুরেরা সাধারণতঃ একবেলা খোরাকী পায়, তারপর টাকার অংকে এক টাকা, দেড় টাকা বা দু টাকা পায়। যেখানে যেমন ব্যবস্থা আছে। তাছাড়া, দুশো বা আড়াইশো গ্রাম করে মুড়ি পায়। সম্প্রতি আমি দেখছি যারা ক্ষেতমজুরদের কাজে নেয়, ক্ষেতমজুরকে কাজে লাগাচ্ছে তারা বলছে খোরাকী দিতে পারবো না। আমি একজন মুসলমান ক্ষেতমজুরের কথা জানি সে কাজ করতে গিয়েছিল। খুব কম ভাড়ায়, অল্প ভাড়ায়, মাত্র দেড় টাকায় এবং মালিক বলেছিল খোরাকী দেবো না, খোরাকী নেই। কিন্তু ঘণ্টাখানেক কাজ করেছে মুড়ি চেয়েছে, তখন মালিক বলেছে আমি মুড়ি দিতে পারবো না। ইচ্ছে হয় কাজ করো, না হয় চলে যাও। মুড়ি না খেয়ে এবং কিছু না খেয়ে কাজ করতে করতে বিকেল বেলার দিকে মূর্চ্ছিত হয়ে পড়েছে। এই ঘটনা যে ঘটছে এটা কিছুদিন দেখছি। খাদ্যমন্ত্রী হিসাবে আপনাকে এ দায়িত্ব নিতে হবে। আমরা আগামী দিনে আলোচনা করব, গভর্নমেন্টকে বলব যে ব্যাপকভাবে test relief, dry dole দিতে হবে। আমি mention-এর সময় গ্রামের চরম দুর্দশার কথা বলে বললাম অবস্থাপন্ন লোকেরা সপ্তাহে ২/৩ দিন ভাত খাচ্ছে, সাধারণ মানুষরা একবেলা আটা গুলে খাচ্ছে এবং গরীব মানুষরা ঘাসের বিচি খাচ্ছে। সেখানে fortnight-এ ২০টা dry dole ছিল, এবার ৫টা গেছে। সেই ৫টা dry dole-এ সব লোক সারিবদ্ধভাবে দাঁড়িয়ে আছে এবং বলছে আমাদের সকলকে একপোয়া করে দাও, না হলে না খেয়ে মারা যাব। তারা আমায় বলেছে লঙ্গরখানা খুলে দাও। তারা বলছেন আগামী ১৫ দিনের মধ্যে যদি লঙ্গরখানা খোলা না হয় তাহলে মানুষ টানার মানুষ পাওয়া যাবে না। ২/১ জন করে মরছে। দারিদ্রের যন্ত্রণায় ৫টি মেয়ে বিষ খেয়েছে—২টি মারা গেছে, ৩টি বেঁচেছে—তাদের বাঁচা মরার চেয়ে অধম। এই অবস্থায় লঙ্গরখানা খোলার দাবি রাখছে। Dry dole, test relief এর পয়সা দেবে অন্য দপ্তর, Government decide তা করবে। কিন্তু শেষ পর্যন্ত আপনার বিভাগকে খাদ্য সরবরাহ করতে হবে। সুতরাং সমস্যার ব্যাপকতার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি আবার আপনাকে বলছি আপনার এক্তিয়ারের মধ্যে আপনি অযোগ্যতার পরিচয় দেননি। আপনি সক্রিয়মন্ত্রী, আপনি খোঁজখবর রাখেন ও চেষ্টা করেন। কিন্তু আপনার গোড়ায় ভুল হয়ে গেল। আপনার সুনাম বা দুর্নাম করার জন্য আলোচনা করছি না। কিন্তু একটা অস্বাভাবিক পরিস্থিতিতে আপনার দায়িত্ব ভীষণভাবে বেড়ে গেল। সেই দায়িত্বের কথাই আমি বলতে চাই। আমার দলের M. L. A. গ্রামে গিয়েছিলেন তাদের কাছ থেকে কিছু খবর সংগ্রহ করেছিল—এই অবস্থা এক আধটা জায়গায় নয়, ব্যাপকভাবে সব জায়গায় হয়েছে এবং তাদের কেউ কেউ বলবেন। কিন্তু তাদের সকলের হয়ে একথা খাদ্যমন্ত্রীর মারফত গভর্নমেন্টকে জানাচ্ছি যে কিছু pockets আছে যেখানে অবস্থা অতি শোচনীয় হয়েছে। আগে কতকগুলি distress pocket থাকতো সেগুলি কিভাবে সামলানো যায় তার চেষ্টা করা হোত। কিন্তু এখন ধারনা হচ্ছে যেগুলিতে distress নেই সেগুলি pocket হয়ে গেছে এবং পশ্চিম বাংলার গ্রামাঞ্চলে বেশীরভাগ জায়গায় এগুলি হয়েছে। কাঁথির M. L. A. উপস্থিত আছেন, তিনিই বলুন যদি আজ সেখানে বৃষ্টি হয় তাহলে কতজন চাষী সেখানে চাষ করতে পারবে বা কতজন চাষী বীজধান কিনতে পারবে? কারণ তারা তো সব বীজধান খেয়ে ফেলেছে। এই রকম অবস্থা সমস্ত জেলাতেই। সুতরাং আমি আর কথা না বাড়িয়ে দু'একটা কথা বলব

[5—5-10 p. m.]

যেটা খাদ্য বিভাগের সরাসরি ব্যাপার। প্রথমতঃ আমি এটা বলতে চাই খাদ্যমন্ত্রীকে যে আশু অবস্থার সম্মুখীন হবার জন্য এবং ভবিষ্যতে এর থেকে সাংঘাতিক অবস্থার সম্মুখীন হবার জন্য

এখনই তিনি যেন প্রয়োজনীয় স্টক সংগ্রহে প্রাণপণ চেষ্টা করেন এবং গভর্নমেন্টকে যে প্রেসার দেওয়া দরকার সেটা যেন দেন। ২নং হচ্ছে এই যে খাদ্যবস্তু এবং অন্যান্য সরবরাহ বস্তুর উপর মুনাফাখোরী হচ্ছে, আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি কি জানেন কলকাতায় যে পাইকারী বাজার কাটনী তারা নিজেদের মধ্যে আলোচনা করছে যে অবস্থা যা দাঁড়িয়েছে এই অবস্থায় অনেক দাম বাড়বে এবং অলরেডি তারা কিছু কিছু মজুত করেছে কিন্তু ব্যাপকভাবে মজুত করবার পরিকল্পনা করছে—That discussion is going on among them and they are preparing for hoarding to such an extent that it will create an artificial scarcity. মন্ত্রিমহাশয় সেই ভয়ংকর অবস্থার মধ্যে পড়ে যাবেন এবং দেশের লোক ভয়ংকর অবস্থার মধ্যে পড়ে যাবে। অবিলম্বে তিনি সৎ লোকদের দিয়ে সরাসরি তদন্ত করে স্টক চেক-আপ করার ব্যবস্থা করুন এবং ভবিষ্যতে যেকথা বলেছি এবং কোন কোন কংগ্রেসী সদস্য বললেন বলে আমি আনন্দিত যে এই পাইকারী ব্যবসা রাষ্ট্রের হাতে আনা যায় কিনা, পশ্চিমবঙ্গে যেসব জিনিস আমদানি করতে হয় সেই আমদানি বাণিজ্য রাষ্ট্রের হাতে আনা যায় কিনা তার চেষ্টা করা উচিত, যেমন সর ষর তেল প্রভৃতি। আর চিনির ব্যাপারে যে ভয়ংকর অবস্থা সেটা ভারত সরকারের করা উচিত। চিনি কলের মালিকরা যা করছে ইফ নেসাসারি দি হোল পলিসি মাস্ট বি রিভাইজড এবং তারজন্য পশ্চিমবংগ সরকারের তরফ থেকে যে প্রেসার দেওয়া দরকার তা দেওয়া উচিত। এই কথার শেষে দু'একটা খুচরো কথা বলে মোটামুটি এই আলোচনা শেষ করতে চাই। আমিও ডিপার্টমেন্টের দুর্নীতি, অব্যবস্থার কথা বেশী বলতে চাই না। আমার নিজের কনসটিটিউয়েনসিতে একজন ডিলারের জন্য ২ মাস আগে রেকমেণ্ড করেছিলাম, কেন না সেখানকার মানুষকে ৮/৫ মাইল দূরে যেতে হয়, গত পরশু দিন গিয়ে শুনলাম কিছুই হয়নি। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে গিয়ে বলে এলাম। সরোজবাবু যে খবর এনে দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি মে-জুন মাসের ব্যাপার এখন পর্যন্ত সেটা হয়নি, যদিও ডি. এম. বলেছেন হয়ে গেছে। উনি খোঁজখবর নিয়ে এসে বলেছেন যে এখনও পর্যন্ত হয়নি। আর একটা বড় কথা আপনি বলেছেন যে রেশনসপ করছি এবং খোলাবাজারে যারা বিক্রয় করে তারা নিয়ে যেতে পারছে। কিন্তু আমি শুনছি এবং একজন মাননীয় সদস্যও এখানে বললেন যারা লাইসেন্স পেয়েছে মিল থেকে আটা কিনবার জন্য সেখানে মিল বলছে আটা নেই। পাবলিক আসছে কিন্তু তারা বলছে আমরা মিলের কাছ থেকে পাচ্ছি না তারপর, আপনি স্বীকার করুন যে মডিফাইড রেশনে আপনার স্টক কম আছে এবং সেই স্টক কম বলে এমন কাণ্ড করছেন যেটা উচিত কিনা দেখুন। (মাননীয় সদস্য সভায় একটি থলি দেখাইয়া) এই থলিটা হচ্ছে অর্থাৎ এই থলিতে যে খাদ্য ছিল সেটা হচ্ছে গিফট অব দি ইউরোপিয়ান কামিউনিটি।

**Shri Kashi Kanta Maitra :** ইটালিয়ান।

**Shri Biswanath Mukherjee :** ইউরোপিয়ান বা ইটালিয়ান যাই হোক না কেন তাঁরা এটা পাঠিয়েছিলেন পূর্ববাংলার দুর্ভাগা মানুষদের জন্য। সেই চাল এবং গমের নমুনা আমি সীল করে করে নিয়ে এসেছি, আপনারা দেখুন এটা মানুষের খাদ্য কিনা? এরমধ্যে যে চাল আছে সেটা যদি আর একবার ভেনে নেওয়া যায় তাহলে হয়ত চেষ্টা করলে মানুষে খেতে পারবে। এগুলি আমার মতে খুচরো কথা। আমি আসল কথা পুনরায় বলছি আজকে খাদ্যসমস্যা পশ্চিম বাংলায় শুধু খাদ্য দপ্তরের সমস্যা নয়, আজকে মানুষ খেতে পারছে না, এম. আর.-এ পয়সা দিয়ে মানুষ খেতে পারছে না। কাজেই এম. আর.-এ খাদ্যসরবরাহ বাড়ান, বাজার দর বাড়ান বন্ধ করুন, যাদের ক্রয়ক্ষমতা নেই তাদের সেই ক্ষমতা দিয়ে খাদ্যের ব্যাপারে তাদের রিলিফ দেবার ব্যবস্থা করুন, লঙ্গরখানা খুলে খাদ্য দেবার ব্যবস্থা করুন। এই কথাগুলি বিবেচনা করে আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় যদি আইনসভার সদস্যদের সংগে সহযোগিতা করেন এবং একমত হয়ে, একমন হয়ে সহযোগিতা করতে অগ্রসর হন তাহলে আমি আনন্দিত হব।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে খাদ্যের উপর যে বিতর্ক চলছে তাতে এই বিষয়ে আর কোন সন্দেহ নেই যে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আমরা আজ বিধানসভায় বসে আলোচনা করছি। আজকের আলোচনা যেমন গুরুত্বপূর্ণ এবং যে অবস্থায়, যে সময়ে পশ্চিম বাংলার বিধানসভায় দাঁড়িয়ে আমরা যখন বক্তব্য রাখছি তখন আমাদের মনে রাখতে হবে যে আজ পশ্চিম বাংলার অবস্থা অত্যন্ত সংকটজনক। একথা মনে রেখে আমাদের ধীরস্থীরভাবে একদিকে গঠণমূলক কর্তব্য করার জন্য সচেষ্ট হতে হবে এবং অপরপক্ষে জনমানসে হতাশার ভাব বিস্তৃতি লাভ করে আরও একটা বিশৃঙ্খলার ভাব আসুক এটা পরিহার করবার জন্য আমাদের উপায় উদ্ভাবন করতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার মনে পড়ছে এই অধিবেশনের আগে যখন অধিবেশন চলছিল সেই অধিবেশনে ১৮৫ বিধান মতে আমি একটা মোসন এনেছিলাম এবং সেই মোসনে আগামীদিনে কোন অবস্থায় যাচ্ছি তার ইংগিত পরিষ্কার ভাষায় বলে সরকারকে একদিকে সচেতন এবং অপরদিকে গঠণমূলক কর্তব্য স্থির করবার জন্য পথনির্দেশ দিয়েছিলাম। সেদিন যে আলোচনা হয়েছিল তা থেকে আজকে বেশী সমালোচনামূলক বক্তব্য হচ্ছে বলে মনে হচ্ছে না আমরা কংগ্রেসের লোক সজাগ এবং সচেতন হয়ে পশ্চিম বাংলার ৪ কোটি ৪৪ লক্ষ মানুষের শান্তিশৃঙ্খলা বজায় রেখে তাদের সুখশান্তির কথা চিন্তা করে এই দাবি আমরা রাখি। ক্ষেত্র যেমন গভীর তেমনি নিশ্চয়ই আমরা সাধারণ মানুষের মত বক্তব্য রাখব না বা মেঠো বক্তব্য রেখে জনমানসে অহেতুক উত্তেজনা সৃষ্টি করব না। পশ্চিম বাংলায় গত বছর যেখানে ৭৫ লক্ষ মেট্রিক টন খাদ্যের প্রয়োজন ছিল ৪ কোটি ৪৪ লক্ষ লোকের জন্য সেখানে আমাদের হাতে খাদ্য ছিল মাত্র ৫৭ লক্ষ মেট্রিক টন। বীজ এবং বীজজাত জিনিসের জন্য বরাদ্দ করে রাখলে মাত্র ৫১ লক্ষ মেট্রিক টন খাদ্য আমাদের হাতে থাকে। আজকে যে ২০ লক্ষ টন খাদ্যের প্রয়োজন তারজন্য আমাদের মোটামুটিভাবে কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করতে হয়। এখন কথা হচ্ছে যে বন্যা গেল ভোট আসল, আর

[5-10—5-20 p. m.]

এই অবস্থায় আমরা কংগ্রেসের লোকরা বা কংগ্রেসের সরকার যেভাবে সমস্যার মোকাবিলা করে যাচ্ছেন তাতে আমরা যদি বলি আজকে বিধানসভায় দাঁড়িয়ে যে আমরা অবস্থার গুরুত্ব উপলব্ধি করিনি তাহলে আমার মনে হয় নছক এটা অসত্য কথা বলা হবে। আজকে আমাদের মাননীয় সদস্য প্রদ্যোৎ মহান্ত মহাশয় এখানে নেই, তিনি একটা কথা বলেছিলেন আজকে যে খাদ্যের দর সেই দর নাকি তিনি ২৫ বছরের মধ্যে দেখেন নি। আমাদের এপক্ষের সদস্যরা আছেন, আমাদের গণতান্ত্রিক মোর্চার সদস্যরা আছেন, মন্ত্রীসভার মাননীয় সদস্যরা আছেন, স্যার, আপনিও একজন বিজ্ঞ লোক, এখানে সাংবাদিকরাও আছেন সকলের কাছে আমি একটা কথা রাখতে চাইছি সেটা হচ্ছে ১৯৬৪ সালের পর ১৯৬৭ সাল পর্যন্ত এই সময়ের মধ্যে বাংলা দেশে খাদ্যের মূল্য কে. জি. পিছু কি ৪৷৷০ টাকা কি হয়েছিল না? তা যদি হয়ে থাকে এবং সেই সময় খাদ্যের নামে যে অন্দোলন সৃষ্টি করা হয়েছিল অহেতুক উত্তেজনা বাড়ানর জন্য তার যে অবশ্যম্ভাবী পরিণাম সেকথা সেদিন যাঁরা অন্দোলন করেছিলেন যাঁরা বারাসাতে নুরুল ইসলামকে এগিয়ে দিয়েছেন খাদ্য আন্দোলনের নামে তাঁরা তা বোঝেন এবং আমরাও বুঝি। আজকে ২০ বছরের মধ্যে খাদ্যের মূল্য এত বাড়েনি একথা অন্ততঃপক্ষে বিধানসভার সামনে দাঁড়িয়ে বলা যায় কিন্তু বাইরে দাঁড়িয়ে যদি বলা যায় তাহালে লোকে পাগল ছাড়া আর কিছুই বলবে না। অতএব আমি তো স্যার একটা মানুষ, আমার বিবেকবুদ্ধি আছে আমি তো অহেতুক এখানে উত্তেজনা বাড়াবার জন্য পাগল সাজতে পারি না, তাই আমি নিজেকে পাগল সাজাতে চাই না বলে আমি ৪৷৷০ টাকা চালের দাম হয়েছে একথা বলতে পারব না। অপরপক্ষে চালের দর বাড়ছে এটা ঠিক, সেটা মন্ত্রীও বলেছেন, আমরাও বলছি এবং এই বিধানসভায় দাঁড়িয়ে এই বিষয়ে আমরা দৃষ্টি আকর্ষণ করেছি। আজকে ২'১০ পয়সা চাল যাঁরা কালকে মুর্শিদাবাদ থেকে

এসেছেন তাঁরা দেখে এসেছেন। বহরমপুর শহরে ২'১৫ পয়সা চাল হয়েছে। কিন্তু আমি বলতে পারি ২'৫০ পয়সা কি ৬০ পয়সা কি ৭০ পয়সা মফস্বল শহরে কোথাও হয়েছে বলে আমাদের কাছে খবর নেই। সত্য কথা বলতে হবে। আমি গ্রামের মানুষ, গ্রামেই থাকি কিন্তু আজকে যেহেতু বক্তব্য রাখতে হবে সেহেতু অহেতুক আমি কোন কথা বলতে চাই না। আজকে আমাদের ভেবে-চিন্তে কথা বলতে হবে। আজকে আমাদের খাদ্যের বরাদ্দ বাড়িয়েছি, আমরা জানি আরো বাড়াবার প্রয়োজন আছে। কেন্দ্রীয় সরকারের কাছে আরো আমাদের দাবি আছে। আজকে কংগ্রেস দল বা কংগ্রেসী সরকার এই বিষয়ে তাঁদের সতর্কতা নাই তা আমি মনে করতে পারি না। আমরা এই বিধানসভায় দাঁড়িয়ে প্রকৃত মানুষের মনের কথা বলতে চাই। তেমনি মন্ত্রীরাও পুর্বাহ্নে জেনে নর্থ বেঙ্গলে বেরিয়ে পড়েছেন, দরকার হলে দক্ষিণ বাংলায়ও যাবেন এবং প্রয়োজন হলে আমরাও যাব। জনসাধারণের সাহায্য এবং সহযোগিতা নিয়ে আমরা এই সমস্যার এমনভাবে মোকাবিলা করতে চাই যাতে মানুষের সমস্যার সমাধান হয়। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে আপনার সামনে যদি আমরা বলি যে আজকে কত আমাদের এম. আর ডিলার আছে—আমি এখানে খোঁজ নিচ্ছিলাম, ১৩ হাজার এম. আর. ডিলার আছে। ৩৩৫টি ব্লকে ১৩ হাজার যদি এম. আর. ডিলার থাকে তাহলে আমি হিসাব করে দেখছিলাম গড়ে পার ব্লকে ৩৯টি করে পড়ে। অঞ্চল প্রতি যদি ১০টি করে ধরা যায় তাহলে ৩টি করে মডিফায়েডের দোকান পড়ে। আমি একথা বলছি না যে এটা একেবারে স্বয়ংসম্পূর্ণ হয়ে গিয়েছে, কিন্তু এম. আর. দোকান বাড়িয়ে, আরো হৈ চৈ না করে এই দোকানের মাধ্যমে সুষ্ঠুভাবে বণ্টন, সঠিকভাবে বণ্টন, ন্যায্য ব্যবস্থা, এর উপর জোর দিতে হবে। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে আরো দু' একটি কথা বলে রাখতে চাই। সেটা হচ্ছে যে আজকে যখন আমরা একটা অস্বাভাবিক অবস্থা ফেস করছি তখন আজকে আমাদের ভেবে দেখতে হবে যে এই সরকার যতটুকু করতে চাচ্ছেন সেখানে আন্তরিকতার কোন অভাব ঘটেছে কি ঘটে নি। যদি আন্তরিকতার অভাব ঘটে থাকে নিশ্চয়ই আমরা বলবো যে আন্তরিকতার অভাব ঘটেছে বলে তারা অত্যন্ত অপদার্থ। কিন্তু আন্তরিকতার অভাব যদি ঘটে না থাকে, সততার ভিত্তিতে আন্তরিকতা নিয়ে, সংযোগিতার মনোভাব নিয়ে মানুষের যদি প্রকৃত অবস্থা বুঝতে পারে এবং সেই বুঝে যদি আসল সমস্যা সমাধানের জন্য আমরা চেষ্টা করি তাহলে, আমি, মাননীয় উপাধ্যক্ষমহাশয়, বলবো যে, জনসাধারণ আমাদের উপর যে আস্থা রেখে এই বিধানসভায় আপনাকে এবং আমাদেরকে পাঠিয়েছে তার প্রকৃত কর্তব্য আমরা পালন করবো। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, গ্রামবাংলার মানুষের কাছে আমরা একটা কথা এই বিধানসভার মাধ্যমে বলতে চাই। সেটা কি, মানুষ আজকে যেন ভেবে চিন্তে দেখেন যে খোদার উপর বা ভগবানের উপর হাত দেবার মত অধিকার নিশ্চয়ই, মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আপনিও রাখেন না এবং পৃথিবীর এমন কোন জীব, মানুষ কিম্বা চতুস্পদ জন্তু মিলিয়ে ঝুলিয়ে, আছে কিনা তাও আমরা জানি না। তবে বৈজ্ঞানিক প্রথায়, বিজ্ঞানের সাহায্যে মানুষ চাষবাসের উৎকর্ষসাধন করছে এবং এই ইমার্জেন্সির সময় আমি যেহেতু আজকে ১৮৫ ধারা মতে একটা মোশান টেবেল করেছি, আশা করছি যে আপনি আমাদের হয়ত সে সুযোগ দেবেন বৃহত্তর আলোচনার জন্য, কিন্তু আমি আপনাকে একটা কথা বলে দিতে চাচ্ছি সেটা হচ্ছে যে আমাদের এখানে যে-কোন পক্ষরই রেসপনসিবিলিটি সিজ হবে না। আজকে মন্ত্রিমহাশয় বলেছেন যে বিরোধীপক্ষ নেই কিন্তু তবুও বিধানসভা প্রাণবন্ত, বিধানসভায় মুখ্যমন্ত্রী পর্যন্ত বলেছেন তাঁর প্রারম্ভিক ভাষণে, আমাদের মন্ত্রিমহাশয়ও স্বীকার করেছেন কঠোর সমালোচনা, গঠনমূলক সমালোচনা এই বিধান সভার মধ্যে আছে, আমরা যারা সরকারের দায়িত্ব নিয়ে গণতান্ত্রিক মোর্চায় আছি আমাদের যেন কোন রাজনৈতিক অভিসন্ধি না থাকে। খাদ্য নিয়ে যেন আমরা রাজনৈতিক বেসাতি না করি। অতীত দিনে যে ঘটনা ঘটেছে সেটা যেন আমরা বার বার মনে রাখি, মনে রাখি আগামী দিনে সাধারণ মানুষের কল্যাণ করার জন্য গঠনমূলক দৃষ্টিভংগি নিয়ে আমাদের এই সমস্যার মোকাবিলা করতে হবে। এবং এই

সমস্যার মোকাবিলা আমরা করতে পারবো এবং আমাদের এই সরকার করতে পারবে ব আমরা বিশ্বাস করি। আমার সেই আস্থা আছে এবং আমরা এই সমস্যা মোকাবিলা করার জ শুধু একটা অনুরোধ করি আপনার মাধ্যমে, মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মন্ত্রিমহাশয়কে, পশ্চি বাংলার এই অগ্নিগর্ভ অবস্থার কথা, কি চিনি, কি চালের, কি গমের ক্ষেত্রে, একটু স্মর করিয়ে দিতে চাই যে মন্ত্রিমহাশয় যেন এদিকে দৃষ্টি দেন, এইদিকে সহানুভূতিসূচ মনোভাব রাখেন এবং এই যে দায়দায়িত্ব আমাদের উপর রয়েছে সেটা যেন কেন্দ্রীয় সরকা দেবার জন্য প্রস্তুত থাকেন। আমরা মন্ত্রীসভাকে অনুরোধ করবো কেন্দ্রের উপর যেন আপনার সেইভাবে চাপ সৃষ্টি করেন এবং কেন্দ্রের কাছ থেকে খাদ্য আদায় করেন।

**Shri Asamanja De :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে পশ্চিম বাংলার সব চেয়ে বড় সমস্যা, সেই খাদ্যসমস্যার বিতর্কে অংশ গ্রহণ করবার প্রাক্কালে আমি এতক্ষণ পর্যন্ত আমার ব প্রদ্যোৎবাবু, বিশ্বনাথবাবু এবং আরো সকলের বক্তব্য শুনলাম। এই শুনবার পর এই বিতর্কের আলোচনায় অংশ গ্রহণ করে আমি নিশ্চিতভাবে পৃথিবীর সবচেয়ে বড় অর্থনীতিবিদ, কাস্রো জিয়োগ্রাফি অব হাংগারের উদ্ধৃতি স্মরণ করে নিশ্চিতভাবে বলবো যে, কোন দেশের একট অর্থনৈতিক কাঠামোর উন্নয়ন এবং প্রগতি সাধনের জন্য সবাগ্রে যেটা প্রয়োজন নিশ্চয়ই সেট ক্ষুধা নিবৃত্তি। সেই ক্ষুধা নিবৃত্তি ঘটাতে গিয়ে নিশ্চয়ই এমন আমরা কিছু করবো না যাতে পশ্চি বাংলার সাড়ে চার কোটি মানুষের মধ্যে আমরা দায়িত্বশীল পদে আসীন থাকা সত্ত্বেও হতাশ আর বিক্ষোভের সৃষ্টি হয়। আজকে বাংলা দেশের সমস্যার দিকে তাকালে নিশ্চিতভাবে

[5-20—5-30 p.m.]

আমাদের পরিবারগত সমস্যার কথা মনে পড়ে, গুণগত সমস্যার কথা মনে পড়ে, নিয়ন্ত্রণগত সমস্যার কথা মনে পড়ে, মনে পড়ে সীমান্ত এলেকা দিয়ে অনেক স্মাগলিং হচ্ছে, ফাটকাবাজী মুনাফাখোরী হচ্ছে। নিজেদের সংকীর্ণ উদ্দেশ্য চরিতার্থ করার জন্য জিনিসপত্রের দাম বাড়িয়ে চলেছে এবং সাধারণ মানুষের জীবনযাত্রায় দিনের পর দিন বিপর্যয় আনছে। কিন্তু তাই বলে আমি খাদ্যমন্ত্রীর ভবিষ্যৎ দৃষ্টিভংগীর সংগে একমত হয়ে একথা বলব যে পশ্চিম বাংলার দিকে দিকে রব তুললেই চলবে না, মনে রাখতে হবে পশ্চিমবংগ সরকারের হাতে আলাদীনের আশ্চার্য প্রদীপ নেই এবং ঘষলেই সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে। এটা মনে রাখতে হবে যে পুরাণো গাতার পুরাণো যুদ্ধের মত পশ্চিমবংগ সরকারের হাতে বর্তমানকালে কল্পতরু আর কামধেনু নেই যে চাইলেই সংগে সংগে পশ্চিম বাংলার বুকে জনজীবনের সমস্ত সমস্যার হাত থেকে নিষ্কৃতি পাওয়া যাবে। আমি একথা বলবো আজকে যখন বাস্তব পরিস্থিতিতে খরা চলছে, বন্যা চলছে, যখন উৎপাদন সমস্যা চলছে, যখন সমস্ত সমস্যা পশ্চিমবংগের অর্থনৈতিক কাঠামোকে আষ্টেপিষ্টে বেঁধে শ্বাসরুদ্ধ করে মারছে, তখন পশ্চিম বাংলা সরকারের সীমিত সামর্থের মধ্যে পশ্চিমবংগ সরকারের কার্যকলাপ বিচার বিশ্লেষণ করে কিভাবে সমস্যার মোকাবিলা করা যায়, সেদিকে দৃষ্টি দিতে হবে। আজকে নিশ্চিতভাবে একথা অস্বীকার করে লাভ নেই যে যখন মানুষের জীবনে দেখা দিয়েছে দারিদ্র, দুঃখদুর্দশা, তখন পশ্চিমবংগ সরকার রেশনিং অ্যালটমেন্ট অনেক বেশী পরিমাণে বাড়িয়ে দিয়েছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে সভার সমস্ত সদস্যের অবগতির জন্য বলতে চাই ১৯৬৯ সালে যখন মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে যুক্তফ্রন্ট সরকার পশ্চিমবংগে কায়েম হয়েছিল, তখন যে রেশানিং অ্যালটমেন্ট হয়েছিল, ১৯৭২ সালের সরকার সেই রেশানিং অ্যালটমেন্ট দ্বিগুণ করে দিয়েছেন। আজকে প্রদ্যোৎবাবু চীৎকার করে বললেন যে মানুষের ক্রয়ক্ষমতা কমে গিয়েছে। আমি চীৎকার করে বলতে চাই না। আমি অর্থনীতির ছাত্র, স্ট্যাটিসটিকস দিয়ে প্রমাণ করতে চাই। আজকে দেখুন ১৯৬৭ সালের ইতিহাস, দেখুন ১৯৬৯ সালের ইতিহাস, দেখুন ১৯৭১, ১৯৭২ সালের ইতিহাস, পরিষ্কার বলে দেবে যে রেশনিং অ্যালটমেন্টের যে অফটেক তা দ্বিগুণ হয়েছে। এই অফটেক দ্বিগুণ হওয়ার মধ্য দিয়ে কি এটা যথেষ্ট ইংগিত এবং সাক্ষ্য বহন করে না যে দরিদ্র অধিবাসীদের মধ্যে ক্রয়ক্ষমতা বৃদ্ধি পেয়েছে? অনেকে

বলেছেন রিলিফ মেজার কমিয়েছেন, আমি শুধু তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই পশ্চিম বাংলার ইতিহাস বলবে এতবেশী পরিমাণ রিলিফ মেজার, শুধু পরিমাণে বেশী নয়, এত দ্রুততার সংগে, ক্ষিপ্রতার সংগে এবং প্রশাসনিক দক্ষতার সংগে আর কখনো রিলিফের কার্যকলাপ পরিচালনা করা হয়েছে কিনা। প্রদ্যোৎবাবু আরও বলেছেন, তিনি গাঁয়ের লোক কলকাতা শহরে এসেছেন, কলকাতার রেশনচাল ভাগ্যে জুটেছে, রেশনের চাল খেতে গিয়ে তাঁর নূতন অভিজ্ঞতা হল যে রেশনের চালের মধ্যে কাঁকড়, আমি তাঁর একথা নিশ্চিন্তভাবে মানি, রেশনের চাল কাঁকড়মুক্ত একথা আমি বলি না। কিন্তু আজকে এটা বিচার করতে হবে—সমস্যার মোকাবিলা করার জন্য পশ্চিমবংগ সরকারের ভূমিকা কি? একথা অস্বীকার করলে হবে না যে পশ্চিমবংগ সরকার-এর কার্যকলাপ থেকে, এফ সি আই-এর কাছ থেকে অধিকার আদায়ের জন্য পশ্চিমবংগ সরকার যে লড়াই শুরু করেছেন, সেজন্যই আজকে পশ্চিমবংগ সরকারের সংগে এফ সি আই-এর কনফ্রন্টেশন শুরু হয়েছে। আজকে কাগজে দেখলাম স্টেট ইনকুইয়ারী কমিশন বসেছে, এফ সি আই এই ব্যাপারে অসহযোগিতা করছেন। চালের উৎকর্ষ আনয়নের জন্য মান উন্নতির জন্য এই প্রচণ্ড চেষ্টা পশ্চিমবংগ সরকার থেকে চলেছে এবং এই ধানচাল বাছাইয়ের জন্য যখন আমাদের পশ্চিমবংগ সরকার থেকে বলা হয়েছে ১০০টি মেশিন দরকার, সেখানে এফ সি আই মাত্র ছয়টি মেশিনের অনুমতি দিয়েছেন। আমি দাবি করব, রাজ্য সরকারের খাদ্যমন্ত্রী কাশীবাবু এফ সি আই-এর কাছ থেকে ক্লিনিং মেশিন বেশী সরবরাহ আনবার জন্য যে নোট দিয়েছেন, তার রিপ্লাইয়ে যে নোট এসেছে, সেটা আমাদের সভার সমস্ত মাননীয় সদস্যদের গোচরীভূত করুন। শুধু তাই নয়, সমস্যার আর একটা প্রশাসনিক দিক আছে, এটা অস্বীকার করে লাভ নেই। মালদার খরা পরিস্থিতি মোকাবিলার জন্য, কাগজে দেখেছি, সেখানে জেলাশাসক সম্পূর্ণ রিফুজ করেছেন, সেই সংবাদ আসার সংগে সংগে স্টার্ন অ্যাকশন নেওয়া হয়েছে। এই সম্বন্ধে আরও ইতিহাস আমি জানি নদীয়া জেলায় ফাটকাবাজী প্রতিরোধের জন্য স্টে বিং এ্যাক্টেন্টকে ক্যানসেল করা হয়েছে, এস ডি পি-এর বিরুদ্ধে অনেক শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। সুতরাং প্রশাসনিক কাঠামো দক্ষতার সংগে এগিয়ে গিয়েছে বলে আমি বিশ্বাস করি। আজকে যে নজির খাদ্যদপ্তরে সৃষ্টি হয়েছে, সেই নজির যদি চলতে থাকে, পশ্চিমবংগের সাড়ে চার কোটি মানুষ যদি সরকারের হাত শক্ত করে তুলে, সরকারের হাত যদি দৃঢ় থেকে দৃঢ়তর এবং দৃঢ়তম করে তোলে, তাহলে মানুষের খাদ্যসামগ্রীর একান্ত প্রয়োজনীয় জিনিসগুলি নিয়ে যাতে ফাটকাবাজী, মুনাফাখোরী না চলতে পারে, জনজীবনকে দারিদ্রের কষাঘাতে আজ জর্জরিত করে না তুলতে পারে, অবস্থার অধোগতি রুখবার জন্য সরকারের হাত আরও শক্ত হবে। মানুষের পক্ষে অপরিহার্য হয়ে উঠেছে এই দ্রব্যমূল্য বৃদ্ধি—মানুষকে এই দ্রব্যমূল্য বৃদ্ধির কষাঘাতে জর্জরিত করছে তাকে অধোগতিতে নিয়ে যাচ্ছে। আমি এই কথা বলতে চাই যে এই সমস্যার মোকাবিলা করবার জন্য কেবলমাত্র স্টপ গ্যাপ মেজার নিলে চলবে না, সবচেয়ে লং টার্ম মেজার—স্টেট ট্রেডিং ইন ফুডগ্রেন তার পরিধি বাড়াতে হবে। যদি স্টেট ট্রেডিং ইন ফুডগ্রেনসএর পরিধি না বাড়ান যায় তাহলে এই সমস্যার সমাধান সম্ভব হবে না ও মোকাবিলা করা সম্ভব হবে না। আমি নদীয়া জেলার লোক। আমি এইটুকু বলবো নদীয়া জেলা ঘাটতি এলাকা তাকে চিরকালই বর্দ্ধমান জেলার উপর নির্ভর করে থাকতে হয়। যদি বর্দ্ধমান জেলা থেকে চাল না আসতে পারে তাহলে নদীয়া জেলার সমস্যার সমাধান করা সম্ভব নয়। আমি এই কথা বলবো যে আজকে বলেছেন যে কর্ডনিং আছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি চোরাকারবারিদের মাধ্যমে যে চাল আসছে সে চাল কর্ডনিং না থাকলেও নদীয়া জেলায় সেই পরিমাণ চাল আসত। শুধু কর্ডনিং থাকার ফলে কতকগুলি পুলিশ পিকেটের কাছে কতকগুলি পোস্টে ঘুষ দিতে হচ্ছে। এবং যার ফলে আজ আমরা চাল পাচ্ছি কিন্তু তার রেট ডবল হয়ে যাচ্ছে। সেইজন্য নদীয়া জেলার কথা চিন্তা করে আমি দাবি করবো যে নদীয়া জেলা এবং বর্ধমান জেলা এই ঘাটতি এবং উদ্বৃত্ত জেলা এই দুটিকে একসংগে ট্যাগ করা হোক। এ না হলে নদীয়া জেলার সমস্যার সমাধান হবে না। আর একটা কথা

বলবো দাম যে আজকে বেড়েছে একথা অস্বীকার করে লাভ নেই তার জন্য কনস্ট্রাকটিভ সাজেসন হচ্ছে আমার এই যে দাম নিয়ন্ত্রণের জন্য পশ্চিমবংগ সরকার কেন্দ্রীয় সরকারের মত একটা প্রাইস ইউটিলাইজেসন বোর্ড তৈরী করুন। আর একটা কথা খাদ্যের ব্যাপারে বলবো যে খাদ্যসামগ্রী নিয়ে ব্যবসায়ীরা যেভাবে ছিনিমিনি খেলছে তা চলতে পারে না। সেইজন্য প্রত্যেককে লাইসেন্স দিয়ে এবং সেই লাইসেন্স দেবার শর্ত হবে প্রতি ১৫ দিন অন্তর মজুত ক্রয় এবং বিক্রয়ের হিসাব সরকারকে দিতে হবে। যাতে সরকার ভবিষ্যতে সমস্যা সম্বন্ধে ওয়াকিবহাল থাকেন। শুধু তাই নয় মজুতদার, কালোবাজারী এবং মুনাফাখোরদের কার্যকলাপ অনুসন্ধান করবার জন্য প্রয়োজনীয় সংশোধন করবার জন্য এবং প্রয়োজনীয় শাস্তি বিধান করবার জন্য রাজ্য ভিত্তিক সংস্থা গঠন করতে হবে। আর ফাটকাবাজী রোধ করবার জন্য সবচেয়ে বড় গুরুত্বপূর্ণ সাজেশান হচ্ছে আমার যে মুনাফাখোরদের ফরওয়ার্ড ট্রেডিং বন্ধ করতে হবে। আজকে আমি বিশ্বাস করি যে, যে সমস্ত ব্যবস্থা সরকার নিচ্ছেন এই সমস্ত ব্যবস্থা যদি নেন তাহলে নিশ্চয়ই বলতে পারি যে আমলাতান্ত্রিক বাধা অতিক্রম করে এই খাদ্যসমস্যা যা নিয়ে পশ্চিম বাংলা দীর্ঘকাল জড়িত তার সমাধান হবে। এই আশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ajit Kumar Basu (Singur)** : মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে আমরা মোটামুটি একটা বিপর্যয়ের সামনে এসে দাঁড়িয়েছি বলে মনে করি। কেন না বহু জায়গায় আজকে অফটেকের কথা উঠেছে। অফটেকের কথা আমরা জানি। আমরা দেখেছি বহু জায়গায় ১.২০ লেভি-ফ্রি চালের দাম উঠেছে এবং লোকে তা কিনতে পাচ্ছে না। এরূপ একটা পরিস্থিতিতে সমস্ত জিনিস আমাদের নূতন করে ভাবতে হবে। নিশ্চয়ই খাদ্যের সরবরাহ ব্যবস্থা আগের চেয়ে অনেক উন্নত ও খাদ্যের পরিমাণও অনেক বেশী পাওলেও আজকে দেশের লোক না খেতে পেয়ে মারা যাচ্ছে। ট্রেজারী বেঞ্চের মন্ত্রীরা যতই বলুন না কেন যে লোক না খেতে পেয়ে মরে নি যাই বলুন না কেন তাদের এলাকা ঘুরে এসে এ জিনিস দেখেছি প্রমান আছে যে লোক না খেতে পেয়ে মারা যাচ্ছে। একথা খাদ্য মন্ত্রীকেও ভাবতে হবে। সরবরাহ বাড়ানোর ব্যাপারে এই সমস্যা সমাধানের কথা ভেবেছেন—নিশ্চই তা ভাবতে হবে। কিন্তু কথাটা এসে পড়েছে সামনে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন মালদহে গিয়েছিলেন, সেখানে তিনি বলেছেন যে, আমাদের ফুড অনেক রয়েছে, লোকের ক্রয়ক্ষমতা নেই। মূল ব্যাপারটা এখানে রয়েছে। মানুষের আগের দিনের চেয়ে ক্রয়ক্ষমতা অনেক কমে গেছে। এটা আকস্মিক হয় নি, দীর্ঘদিনে নানা ধরনের কাজের ভেতর দিয়ে ফিকচার ধরতে না পারার জন্য এবং বিশেষ করে প্রত্যেক বৎসর প্রাকৃতিক দুর্যোগের ভেতর দিয়ে গ্রামাঞ্চলের মানুষ আজকে বিরাট বিপর্যয়ের সামনে এসে দাঁড়িয়েছে। তারই একটা অংশ আজ ১.২০ পয়সা চাল কিনতে পাচ্ছে না, আপনি যে কথা বলেছেন সেকথা ভাবতে হবে। আপনার কথা আমি গভীরভাবে শুনলাম। আপনার সততা সম্বন্ধে আমাদের মনে কোন সন্দেহ নেই। কিন্তু আপনি যদি দেখেন তাহলে দেখবেন ক্রয়ক্ষমতার অভাবে সরবরাহ থাকা সত্ত্বেও মানুষ কিনতে পাচ্ছে না। তা হলে কি করা দরকার সেটা ভাবতে হবে। এখান থেকে আজকে ভাবতে হবে। মাননীয় খাদ্য মন্ত্রিমহাশয়,

[5-30—5-40 p.m.]

আপনার কাছে একটা কথা রাখতে চাই—দীর্ঘদিন ধরে একই পথ চলতে চলতে আজকে আমরা চৌরাস্তায় বা cross road-এ এসে দাঁড়িয়েছি। একথা আজকে ভাবতে হবে বরাবর যে পথে চলেছি সেই পথে এখন যাব, না, অন্য কোন পথে মোড় নেবে। একথা ভাবুন। যদি মৌলিক কোন সমাধানের কথা আজকে আপনি না ভাবেন তাহলে ঠিকমত কিছু করা যাবে না। এক আধটু ঝড়, অনাবৃষ্টি, বন্যা ইত্যাদি তো বছর বছর হবেই, আর অমনি মানুষ না খেয়ে মরবে? তাদের হাহাকার করতে হবে? এই ব্যাপার নিয়ে মিছিল বেরুবে, নানা রকম আওয়াজ উঠবে। কিন্তু তাই বলে দেশ বরাবর একই পথ ধরে চলতে পারে না। প্রত্যেক দেশে যা হয়েছে ক্রয় ক্ষমতার সঙ্গে সমতা রেখে খাদ্য সরবরাহ করতে হবে। আমাদের দেশেও

তাই করতে হবে। আমরা তিন মাস এসেছি, কি চার মাস ক্ষমতায় এসেছি এ কোন কথা নয়। আমরা আজকে এক ক্রস রোডে এসে দাঁড়িয়েছি। এতদিন যে পথে আমরা চলেছি, সে পথে এখন চলতে গেলে তাতে হবে না। এখন অন্য পথের সন্ধান করতে হবে। তা যদি না হয় তাহলে বছর বছর এই রকম দোষারোপ করবো। আমি জানি না এরচেয়ে আর কোন গঠনমূলক সমালোচনা কা আছে! এই জাতীয় পথকে আজকে আপনাকে গড়ে তুলতে হবে। মানুষের ক্রয়ক্ষমতার সঙ্গে সমতা রেখে খাদ্যের দাম ঠিক করা হোক। আমি একটা ছোট্ট উদাহরণ দেই। এতবড় একটা বাংলাদেশের লড়াই চলছে, তখন এক কোটি লোক এখানে এসেছিল। তাদের খাওয়া পরার ও নিরাপত্তার দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিলেন। প্রয়োজন হলে আমাদের সরকারও করেছেন। কাজেই এই ঘনায়মান বিপদের সামনে আজ তাঁরা দাঁড়িয়েছেন। আমি বলবো তোমরা আগেকার দিনের সরকার নও, তোমরা আমাদের সরকার, তোমরা আমাদের ভরসা দেও, আমরা যারা অভাবগ্রস্ত লোক, কোন রকমে বেঁচে থাকার মত খাদ্য পাব। এই কথা লোককে বলতে হবে—হ্যাঁ পাবে। একথা বলতে গিয়ে খুব বেশী দরকার হয় না ক্রয় ক্ষমতার সঙ্গে সমতা রেখে তাদের খাদ্য দিতে হবে। এ ছাড়া সমাধানের জন্য কোন পথ নাই খাদ্য মন্ত্রিমহাশয়। বরাবর নানা রকম বিপর্যয় ঘটবে। কাজেই বনিয়াদী ক্ষেত্রে একটা মৌলিক পরিবর্তন আনতে হবে। একথা আমি বিনীতভাবে ট্রেজারী বেঞ্চের সদস্যদের কাছে রাখতে চাই। খাদ্য মন্ত্রিমহাশয়, আপনার প্রচেষ্টা সম্বন্ধে আমরা অবহিত আছি আপনি দুর্নীতি দূর করার জন্য চেষ্টা করছেন। আপনি হয়ত জানেন না চূড়ান্ত দুর্নীতি আপনার এই দপ্তরে তা বলে কয়ে শেষ করা যায় না। এই যে লেভি-ফ্রি রাইস হোলসেলারদের কাছে আসে, তা বন্টন প্রায়ই হয় না। আমাদের অভিজ্ঞতা বেশীর ভাগ ক্ষেত্রে তাঁরা তা নিয়ে যান না। ওখানে হোলসেলাররা মাঝ পথেই বেশী টাকায় ছেড়ে দেন। এগুলো সাপ্লাই ইনস্পেক্টরের জ্ঞাতসারেই হচ্ছে। আমাদের চোখের সামনে হচ্ছে। চূড়ান্ত দুর্নীতি। Sub-Inspector, Inspector ; Subdivisional Controllerকে বলেও কিছু হবে না। তাদের অনেক বলেছি। ঐ কয়জন ডিলার আছে এইসব Princeদের সঙ্গে—তাদের তো একটি সুখী পরিবার। সেখানে তা যা করছে তা বলে আর দরকার নাই। আমি তলার ক্ষেত্রে বলছি, উপরের ক্ষেত্রের কথা বলছি না। জেলাস্তরে ও গ্রামাঞ্চলে দুর্নীতি চরম চলছে। তা কি করে দূর করতে পারবেন মন্ত্রিমশাই in spite of all your best efforts? আপনি পারবেন না তো একা? আপনি আর একবার ভাববেন না? আমাদের জীবনের অভিজ্ঞতা all party কমিটি করে এগিয়ে অনেকটা সংযত করা সম্ভব হয়েছে। সকলকে ডাক দিয়ে যাদের ঘাটিতে পা রাখবার মত জায়গা আছে তাদের নিয়ে এটা করুন। আমি এম-এল-এ আমি জানি না আমার এলাকায় কতটা খাদ্য আছে। সাবডিভিসন্যাল কণ্ট্রোলার বলুন আর যেই বলুন কেউ কেয়ার করে না। এখানে যে চূড়ান্ত দুর্নীতি চলেছে তা দূর করতে গেলে আমি খাদ্য মন্ত্রিমহাশয় বলবো যে জেলাস্তর থেকে অঞ্চলস্তর পর্যন্ত—আমি গ্রামস্তরের কথা বলবো না—অঞ্চলস্তর পর্যন্ত একটা অল পার্টি কমিটি করতে হবে। এ ছাড়া উপায় নেই। বহু লোকের চোখের সামনে এইসব চুরি হচ্ছে—সকলেই জানেন। আপনি যদি এটা করতে পারেন তাহলে তাদের ঐ দুর্নীতি কমবে। যারা একবার রক্তের আস্বাদ পেয়েছে তারা কিছুতেই দুর্নীতি ছাড়বে না। আপনি মিসায় তাদের গ্রেপ্তার করবেন, আবার তারা ফিরে এসে ঐ কাজই করে যাবে। ফলে মোটামুটি যে জিনিস হয়ে যাচ্ছে সেই জিনিস হয়ে যাবে। দু চারটি রেশন দোকানের ডিলারের লাইসেন্স নাচক করতে পারেন, তার পরে যারা আসবে তারাও আবার সেই দুর্নীতি করে যাবে। এর ভেতর ডিলারদের যদি কিছু বলতে যান প্রধানরা, তারা অমনি বলে বসেন, মহাশয়, আপনাদের পরামর্শক্রমে কাজ করবার তো কথা নয়। তাই আমি বলছি যে এই সব দুর্নীতি যদি কমাতে চান তাহলে মোটামুটি জেলাস্তর থেকে অঞ্চলস্তর পর্যন্ত অন্তত সর্বদলীয় কমিটি করা হোক। এই দুটি সাজেসন খাদ্য মন্ত্রিমহাশয়ের কাছে রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sarat Chandra Das :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে খাদ্য সম্বন্ধে যে প্রস্তাব আছে, সে সম্বন্ধে আমি দু'চারটি কথা আপনার মাধ্যমে নিবেদন করবো। বর্তমানে খাদ্যের যে অবস্থা দেশে চলেছে এবং সে ব্যাপারে কি কি সমস্যার জন্য কিছু কিছু মূল্যবৃদ্ধি ঘটেছে এবং কিছু কিছু যে অভাব দেখা দিয়েছে সে সম্বন্ধেই আমার বক্তব্য সীমাবদ্ধ রাখবো। আমাদের খাদ্যমন্ত্রিমহাশয় নদীয়া জেলার লোক। নদীয়া জেলায় শ্রীশ্রীমহাপ্রভু একটা কথা বলেছিলেন যে সাথক বৈষ্ণব হতে গেলে তিনটি গুণ থাকা দরকার। সেটা হচ্ছে তৃণাদপি, সহিষ্ণুতা, ক্ষমাশীলতা—এই তিনটি গুণ থাকলে তবে সাথক বৈষ্ণব হওয়া যায়। আমাদের পশ্চিম বাংলার যিনি খাদ্যমন্ত্রি হবেন তাঁর তিনটি গুণ থাকা দরকার—সাহস, শক্তি ও আত্মবিশ্বাস। আমাদের খাদ্যমন্ত্রিমহাশয়, খাদ্য সম্বন্ধে যে আশ্বাস এবং কথা রেখেছেন তাতে ঐ তিনটি গুণ আমরা পরিপূর্ণভাবে উপলব্ধি করছি এবং তাঁর ভাষণে তিনি যে সাহস, শক্তি এবং আত্মবিশ্বাস রেখেছেন তারজন্য আমরা তাঁকে প্রশংসা করছি। তাঁর সুদূরপ্রসারী দৃষ্টিভঙ্গীরও আমি প্রশংসা করি। পুরুলিয়া জেলার লোকদের কি খাদ্যের প্রয়োজন সেখানে গরীব আদিবাসী হরিজন বাউরিয়া ক্লাস যারা অত্যন্ত গরীব, দুর্বল, অত্যন্ত দুঃখী তাদের জন্য যে খাদ্যাবস্থার প্রয়োজন সে ব্যাপারে তিনি ব্যবস্থা করেছেন এরজন্য সত্যিই তিনি সকলের ধন্যবাদ পাবেন। বর্তমানে যে খাদ্যের অভাব হয়েছে এবং যে মূল্যবৃদ্ধি হয়েছে তার কয়েকটি কারণ আছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের জেলায় শ্রাবণ মাসে সমস্ত ধানচাষের কাজ আরম্ভ হয়। এবং সেখানে মজুরদের যে মজুরী দেওয়া হয়, তা টাকায় দেওয়া হয় না—ধান-চাল দিয়ে মজুরী দেওয়া হয়। এবং চাষীদের ঘরে যে মজুত চাল-ধান থাকে সেই ধানচালে কৃষক ক্ষেতমজুরদের মজুরী দেয়। ফলে এই সময় মূল্যবৃদ্ধি হয় না। কিন্তু বর্তমান অবস্থায় অনাবৃষ্টি এবং অস্বাভাবিক পরিস্থিতির জন্য চাষীরা তাদের সেই মজুত ধান যা চাষের জন্য রেখেছে তা ভয়ে বের করছে না। তারজন্য এই মূল্যবৃদ্ধি বিভিন্ন জায়গায় দেখা দিয়েছে। আমাদের মাননীয় খাদ্যমন্ত্রিমহাশয় পুরুলিয়া জেলার কথা বলেছেন সেখানে লোকের ক্রয়ক্ষমতা মোটেই নেই এবং সেইজন্য তিনি সেখানে প্রচুর পরিমাণে খাদ্যদ্রব্য পাঠিয়েছেন। আমাদের পুরুলিয়া জেলায় কোন কলকারখানা নেই, কোন চাকরি-বাকরির ব্যবস্থা নেই, কোন ইনডাষ্ট্রি নেই। সেখানে লোকের ক্রয়ক্ষমতা নেই এবং যে প্রচুর পরিমাণে চাল পাঠিয়েছেন

[5-40—5-50 p. m ]

সেগুলি এখনও পর্যন্ত গুদাম থেকে খালাস হয়নি। শহরে কিছু কিছু খালাস হলেও গ্রামের লোকেরা খরিদ করতে পারে নি। বর্তমানে আবার কিছু ভুট্টা পাঠিয়েছেন এবং সেগুলি রেশন দোকান থেকে বিলিও হচ্ছে পাঁচ টাকা ত্রিশ পয়সা কেজি করে কিন্তু গ্রামের লোকেরা সেটাও সম্পূর্ণভাবে খরিদ করতে পারছে না। কাজেই আমার আবেদন আমার জেলার লোকের অর্থনৈতিক অবস্থার কথা বিবেচনা করে কিছু ভরতুকি বা সাবসিডি দেবার ব্যবস্থা করুন। কারণ আমাদের রিলিফ ছাড়া অন্য কোন ইকনোমিক সোর্স নেই। আমাদের ছেলেরা চাকরি পায় না, আমাদের কলকারখানা নেই কাজেই রিলিফ ছাড়া যখন আমাদের কোন ইকনোমিক সোর্স নেই তখন কিছু ভরতুকি সরকার থেকে দেবার যেন ব্যবস্থা করা হয়। তারপর স্যার, শুনলাম বিহার থেকে নাকি কিছু খাদ্য পশ্চিমবংগে সরবরাহ করার কথা ছিল, এটা শুনে স্যার, আমি অবাক হয়ে গেলাম। কেন না আমার কন্সটিটিউয়েন্সী দামোদর নদীর এক পারে তার অপর পারে বিহারের ধানবাদ জেলা, সেখানে আমার কন্সটিটিউয়েন্সীতে গিয়ে শুনলাম চিতোরমা'র একজন এম. আর. ডিলার তার নাম রামলাল, সে চার/পাঁচশো মণ চাল বিহারে পাচার করেছে। ঐ এম. আর. ডিলার ওখান থেকে চাল সংগ্রহ করে যখন বিহারে পাচার করেছে তখন নিশ্চয় বিহারে বেশী দর। কাজেই বিহার চাল দেবে এটা শুনে আমি অবাক হয়ে গিয়েছিলাম। তারপর খাদ্যমন্ত্রিকে বলব যে আমাদের খাদ্যের অভাব বর্তমানে না হলেও আগামী দিনে ভয়ের, আশংকার সংকেত আছে। আমরা জানি স্যার, এই খাদ্য নিয়ে কত মূল্যবান প্রাণ বিনষ্ট হয়েছে। কাজেই সেইরকম আন্দোলন বা অশান্তি যাতে আবার শুরু না হয় সেদিকে মন্ত্রিমহাশয় নজর রাখুন এবং বিহিত

ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করুন। শেষ কথা, আমাদের এখানে মাননীয় সদস্য প্রদ্যোৎ মহান্তি মহাশয় আমাদের খাদ্যব্যবস্থার তীব্র সমালোচনা করলেন। তাঁর বক্তৃতা আমি খুব মনোযোগ দিয়ে শুনছিলাম, শুনতে শুনতে তাঁদের অনুসৃত ঐতিহাসিক খাদ্যনীতির কথা আমার মনে হচ্ছিল। সেই সময়কার কথা মনে করে আমি মনে করেছিলাম তিনি কিছু বলবেন না, কিন্তু তিনি বললেন। যাই হোক, সেই খাদ্যনীতি তাদের ডুবিয়েছে, আমাদের অনেককে ডুবিয়েছিল আর যাতে তাঁর কথা শুনে আমরা না ডুবি সেদিকে মন্ত্রিমহাশয়কে সতর্ক করে আমি শেষ করলাম।

**Shri Jyotirmoy Mojumdar :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, খাদ্য সম্পর্কে বিশেষ আলোচনার সুযোগ আজকে আমরা এই বিধানসভায় পেয়েছি। এই আলোচনার সুযোগে আমার পূর্বে বিভিন্ন বক্তা বক্তব্য রেখেছেন। কিন্তু বাস্তব পরিস্থিতি উপলব্ধি করতে গিয়ে আজকে একটা জিনিস দেখে আমার সবচেয়ে আশ্চর্য লাগছিল যে, পরিস্থিতির মোকাবিলা করতে গিয়ে আমরা যতবেশী না দেশের বর্তমান পরিস্থিতির কথা চিন্তা করছি তারচেয়ে বেশী করে আমরা আমাদের মানসিকতাকে অন্যখাতে বইয়ে দিতে শুরু করেছি। ভাবতে আশ্চর্য লাগছে কিছু কিছু বিধানসভার সদস্য তাঁরা ইতিমধ্যেই ভাবতে শুরু করেছেন যে, সরকার একটা মজুদদার, সে মজুদ করে রেখে দিয়েছে, আমরা বিধানসভার অভ্যন্তরে বসে বক্তৃতা দিয়ে চিৎকার করে কিছুটা হয়ত টেনেহিচড়ে বের করে আনতে পারবো এবং তা কবে নিজের কনস্টিটিউয়েনসীতে নিয়ে গিয়ে বলতে পারবো, কিছু এনে দিয়েছি, একটা সম্মান কিনবো। এই যে দৃষ্টিভঙ্গী, এই দৃষ্টিভঙ্গী পরিবর্তনের প্রয়োজনীয়তা আছে। কোন্ ভিত্তিতে—তার প্রথম কথা হচ্ছে আমরা অনেকেই কিন্তু প্রথমে স্বীকার করে নিয়েছি বর্তমান মন্ত্রীসভা দেশে যে জরুরী পরিস্থিতি সৃষ্টি হয়েছে সেই জরুরী পরিস্থিতির মোকাবিলা করছেন এবং আমরা সর্বপ্রথমে স্বীকার করে নিয়েছি একদিকে বন্যা, ধস অন্যদিকে খরায় বীজ মরছে—এই দুই-এর মাঝখানে আমাদের সরকার এগিয়ে চলেছ। এই পরিবেশের মাঝখানে দাঁড়িয়ে যদি আমরা চিন্তা করি ১৯৬৭ সাল থেকে শুরু করে ১৯৭২ সালের কথা, তাহলে আমরা কি দেখবো—আমরা দেখতে পাচ্ছি ১৯৬৭-৬৮ সালে ২৮৮ লক্ষ টন চাল সরকার বিলি করেছেন, ১৯৬৯-৭০ সালে ৬ লক্ষ টন চাল বিলি করেছেন, এর মাঝখানে ১৯৭০ সালে কেবলমাত্র জুলাই মাস পর্যন্ত সরকার দেয় চালের পরিমাণ হচ্ছে ৪ লক্ষ টন এবং আগস্ট মাস যদি ধরি তাহলে এই পরিমাণ গিয়ে দাঁড়াবে ৯ লক্ষ টনে। এইযে পরিবেশ, এই পরিবেশের মাঝখানে দেশে খাদ্যের দাম বাড়তে পারে, সেটা অস্বাভাবিক কিছু নয়—কিন্তু এই পরিবেশের মোকাবিলা যদি করতে হয় তাহলে সেই ক্ষেত্রে সরকার সচেষ্ট কি, সচেষ্ট নন সেদিকে আমাদের দৃষ্টি রাখতে হবে। আমি সর্বপ্রথমে খাদ্যমন্ত্রির কাছে অনুরোধ জানাবো তিনি নিশ্চয়ই তাঁর জবাবী ভাষণে আমাদের সংগে একমত হবেন ফুড কর্পোরেসন অব ইণ্ডিয়া সমগ্র ভারতবর্ষের মধ্যে অন্যান্য প্রদেশে যেভাবে কার্যকলাপ চালিয়েছে, যে দৃষ্টিভঙ্গী দিয়ে অন্যান্য প্রদেশের খাদ্যাবস্থাকে তারা বিচার করছে এবং অন্যান্য প্রদেশে খাদ্য পরিস্থিতিতে যেভাবে সাহায্য করছে, পশ্চিমবংগ সেই সাহায্য থেকে বঞ্চিত হচ্ছে—কেন? ফুড কর্পোরেসন অব ইণ্ডিয়ার চেয়ারম্যান শ্রীইকবাল সিং তিনি কিছুদিন আগে পশ্চিমবংগে এসেছিলেন। তিনি এখানে এসে পরিষ্কারভাবে ঘোষণা করে গেলেন দুর্ভিক্ষ হতে পারে না, খাদ্যের অভাব ঘটতে পারে না। আমি এফ. সি. আই.এর চেয়ারম্যানকে চ্যালেঞ্জ জানিয়ে বলছি তিনি আসুন পশ্চিমবঙ্গে এবং পশ্চিমবংগের বর্তমান পরিস্থিতি কি সেটা তিনি ওয়াকিবহাল হোন এবং তাঁকে আমার খাদ্যমন্ত্রী যে নোট পাঠিয়েছেন সেই নোটের আজও কেন উত্তর এল না, তিনি সেটুকু দয়া করে জানান। আর খাদ্যমন্ত্রীর কাছে আমি অনুরোধ জানাচ্ছি আমাদের সরকার যে সচেষ্ট, আমাদের সরকার যে অত্যন্ত বলিষ্ঠহাতে এই ব্যবস্থার মোকাবিলা করতে চান তার নমুনাস্বরূপ তিনি এফ. সি. আই.এর কাছে যে নোট পাঠিয়েছেন আজকে মাননীয় সদস্যদের সামনে তা তুলে ধরুন এবং সেই নোট তিনি যদি তুলে ধরেন তাহলে মাননীয় সদস্যগণ ওয়াকিবহাল হবেন যে তিনি খাদ্য পরিস্থিতির মোকাবিলা করতে সত্যিই যাচ্ছেন। আমাদের বাংলা দেশের ৪॥ কোটি মানুষ জেনে যাবেন

যে আমাদের খাদ্যমন্ত্রী ঠিক পরিবেশে ঠিকভাবে হাল ধরতে চাইছেন। আমার পূর্ববর্তী বক্তারা তাঁদের বক্তব্যের মধ্যে কিছু কিছু এই জিনিস তুলে ধরতে চেষ্টা করেছেন। সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা একেবারে কমে গেছে, জনসাধারণের ক্রয়ক্ষমতা কমে গেছে। তাই তাদের হাতে যেটুকু পয়সা আছে সেটা দিয়ে চাল বা গম কেনা যায় না, কেনার ইচ্ছা থাকলেও সে চাল বা গম পাওয়া যাচ্ছে না—আমি এই চিন্তাধারার সংগে একমত হতে পারছি না। মাননীয় উপাধ্যক্ষ-মহোদয়, আমি কিছুদিন আগে আমার কনসটিটিউএন্সির দুরাবস্থার কথা মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে তুলে ধরেছিলাম। আমি একখানি চিঠি দিয়েছিলাম। সংগে সংগে তিনি ডেপুটি সেক্রেটারীকে ডেকে আমার সেই দরখাস্তের উপর আমার থানার এ. বি. সি. এই তিনটি ক্লাশকে অতি সত্বর চাল সরবরাহ করার আদেশ দিয়েছেন। আমি তো দেখতে পেয়েছি, তিনি তো কই আমাকে বলেন নি মঙ্গলকোট থানার অবস্থা খারাপ হওয়া সত্বেও আমি চাল সরবরাহ করতে পারছি না বা করবো না। তাই মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি বলব যে মাননীয় সরকার বা মাননীয় খাদ্যমন্ত্রী এই পরিবেশ উপলব্ধি করতে পারছেন না বা উপলব্ধি করছেন না এ-জাতীয় চিন্তাধারা নিশ্চয়ই আমরা মেনে নিতে পারছি না। যে কথা বলছিলাম সেটা হচ্ছে মানুষের ক্রয়ক্ষমতা হ্রাস পেয়েছে। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, ১৯৬৭ সাল থেকে শুরু করে ১৯৭১ সাল পর্যন্ত,—আপনি আমার চেয়ে বয়সে অনেক বড়, আপনার অনেক অভিজ্ঞতা হয়েছে, এখানে অনেক মাননীয় সদস্য উপস্থিত আছেন, আমার পূর্ববর্তী বক্তা একটু আগে বললেন আপনাদের নেতাদের জিজ্ঞাসা করুন ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবংগে কলকারখানা বন্ধের পরিমাণ কত বা তার সংখ্যা কত? যে সমস্ত কলকারখানা চালু ছিল, ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সালের মধ্যে কতগুলি বন্ধ হয়ে গেছে এবং কত হাজার কর্মী কর্মচ্যুত হয়েছে—বলেছেন। আমরা জানি এখানে ৪৫০ টাকা মাইনেতে অনেকে চাকরি করে। কিন্তু যদি কারখানা বন্ধ হয়ে থাকে তাহলে আমরা কি করবো? আমার সংসারের ঘটি-বাটি থালা বেচে দিয়ে ছেলে-মেয়েদের মুখে ভাত তুলে দেব ঠিক কথা, কখনই ভাল ক্রয়ক্ষমতা থাকতে পারবে না। কিন্তু তারপর?

[5-50—6-00 p. m.]

তারপর ক্রয়ক্ষমতা থাকতে পারে না। তাই আজকে এই সরকারের পরিচালন ব্যবস্থার জন্য মানুষের ক্রয়ক্ষমতা কমে গেছে, এটা সত্য নয়, এটা মেনে নিতে পারছি না। ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত যে অরাজকতা, যে হিংস্রতার রাজনীতি পশ্চিম বাংলার অর্থনৈতিক অবস্থাকে ভেঙ্গে চুরমার করে দিয়েছে মানুষের ক্রয়ক্ষমতা সেদিন থেকে লোপ পেয়েছে, মানুষের ক্রয়ক্ষমতা সেদিন থেকে নষ্ট হয়েছে, আজকে নয়। আজকে এই সরকার প্রতিষ্ঠিত হবার পরে—আমার পূর্বপর বক্তারা স্বীকার করেছেন তাদের বক্তব্যের মধ্যে যে, এই সরকার প্রতিষ্ঠিত হবার পরে বেশ কিছু বন্ধ কলকারখানা ইতিমধ্যেই খোলা হয়েছে এবং যার ফলে ৫৫ থেকে ৬০ হাজার শ্রমিক কর্মচারী নূতন করে তারা কর্মসংস্থানের সুযোগ পেয়েছে সে সরকারের আমলে নূতন করে ৫৫ থেকে ৬০ হাজার কর্মচ্যুত মানুষ তাদের কর্মসংস্থানের পথ খুঁজে পেয়েছে। তাদের জীবীকার পথ খুঁজে পেয়েছে তাতে সেই সরকারের পরিচালন ব্যবস্থায় ক্রয়ক্ষমতা বেড়েছে না কমেছে, অর্থনীতিবিদরা কিন্তু বলবেন, হ্যাঁ, ক্রয়ক্ষমতা বেড়েছে। ক্রয়ক্ষমতা বাড়ার পর যখন পথ প্রশস্ত হতে চলেছে তখন একদিক প্রাকৃতিক বিপর্যয় শুরু হয়েছে আমাদের উপর। এই বিপর্যয় থেকে উদ্ধার পাবার জন্য TR আর GR বাড়ালেই এই পরিবেশ থেকে উদ্ধার পাবো একথা বলা ঠিক হবে না। TR এবং GR এই সমস্যা সমাধান নয়। আজকে পশ্চিমবংগের মানুষকে যদি এই পরিবেশ থেকে উদ্ধার করতে হয় তাহলে আসুন সরকারের সংগে হাতে হাত মিলিয়ে কেন্দ্রের উপর এই চাপ দেই যে আজকে পশ্চিমবংগ সরকার খরা এবং বন্যাত্রাণের জন্য কেন্দ্রের কাছে যে সাহায্য যে মঞ্জুরীর দাবি জানিয়েছেন সেটার পুরোপুরি অনুমোদন দিতে হবে এবং সেটা অন্ততঃপক্ষে ৭৫% চাল এবং গম সেটা কোন প্রদেশ থেকে আসবে, কিভাবে আসবে জানি না। কেন্দ্রীয় সরকার বলছেন বিহারকে পশ্চমবংগ সরকারকে ৬ হাজার টন চাল দাও।

কিন্তু বিহার মাত্র ২ হাজার টন দিচ্ছেন। আর বাকী ৪ হাজার টন চাল দেবার আগে বিহার সরকার থমকে দাঁড়াচ্ছেন। কেন্দ্রীয় সরকার অনুরোধ জানাবেন আর অন্যান্য প্রদেশ চাল দেবে না। পশ্চিমবংগ সরকারের হাতে কিছু কাঁচা মাল আছে যা অন্যান্য প্রদেশে না পাঠালে সেখানকার শিল্প কলকারখানা বন্ধ হতে পারে। কেন্দ্রীয় সরকার আসুন আজকে একথা জানাই যে আমাদের সরকারকে খয়রাতী সাহায্যের জন্য, বন্যার জন্য সাহায্যের যে টাকা যে দাবি জানিয়েছেন সেটা মঞ্জুর করতে হবে এবং সেই অনুযায়ী চাল এবং গম পশ্চিমবংগকে দিতে হবে।

আর একটা কথা Food Corporation of India. কেন্দ্রীয় সরকার এখানেও পশ্চিমবংগের ক্ষেত্রে দেখছি একটা বিরাট বিমাতৃসুলভ মনোভাব ব্যবহার করছেন। মাননীয় খাদ্যমন্ত্রমহাশয় এখানে আছেন, তিনি স্বীকার করবেন যখন প্রথম পশ্চিমবংগে F. C. I. introduce হয় তখন এই সরকারের অধীনে খাদ্যদপ্তর ৬ হাজার কর্মীকে deputation পাঠান হল। এই F. C. I.-এর আজ পর্যন্ত ৬ হাজার কর্মী যাঁরা deputation-এ কাজ করেছেন তাঁরা না কেন্দ্রীয় সরকারের কর্মচারী না রাজ্যসরকারের কর্মচারী মাঝখানে ত্রিশঙ্কু অবস্থায় থাকার জন্য F.C.I. কর্মীরা যথাযথ কাজ করছেন না এবং procurement-ও হচ্ছে না। Procurement যদি না হয় কোন সরকারই State Trading বাড়াতে পারে না। আমরা State Trading-এর দাবি জানাবো অথচ procurement ঠিকমত হবে না এটা হতে পারে না। তাই সর্বপ্রথমে এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারকে বুঝিয়ে দিতে হবে যে ঐ ৬ হাজার ব্যক্তি যাঁরা deputation-এ রয়েছেন রাজ্যসরকারের কর্মচারী যাঁদের F. C I.-তে deputation-এ দেওয়া হয়েছে তাঁদের প্রত্যেককে কেন্দ্রীয় সরকারের কর্মচারী হিসাবে গণ্য করতে হবে। এবং তাঁদের নিয়োগ করে procurement-এর সুবন্দোবস্ত করতে হবে। এই দাবি আমি জানাচ্ছি।

**Shri Bimal Das :** মাননীয় স্পীকারমহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী যে বক্তব্য রেখেছেন, তা আমি অত্যন্ত মনোযোগ সহকারে শুনেছি। তিনি গঠনমূলক আলোচনার কথা বলেছেন। গঠনমূলক আলোচনা প্রসংগে বলতে গিয়ে প্রথমে আমার মালদহের কথা মনে আসে, কেন না আমি যে অঞ্চল থেকে নির্বাচিত, সেই জেলায় আজকে যে প্রচণ্ড খরা চলছে, তার কথা যদি উল্লেখ না করি তাহলে আমি মনে করবো মালদহ জেলার মানুষের প্রতি চরম বিশ্বাসঘাতকতা করবো। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি একথা জানেন সারা পশ্চিম বাংলার মাথা পিছু আয় যদি কোন জেলায় কম থাকে তাহলে সেটা এই মালদহ জেলাতেই আছে। এই মালদহ জেলার অধিবাসীদের মাথা পিছু আয় অত্যন্ত কম। সেই জন্য পশ্চিম বাংলার মধ্যে মালদহ জেলা অত্যন্ত গরীব জেলা। তারপর গতবারের ভয়াবহ বন্যায় মালদহ জেলায় ১০ ভাগের ৯ ভাগ ডুবে গিয়েছিল। সেখানকার মানুষ দারুণ অবস্থার মধ্যে পড়েছিল। তারপরই এলো প্রচণ্ড খরা, খরার চারিদিকে জ্বলে যাচ্ছে এবং আপনারা জানেন যে মালদহ জেলার একমাত্র ফসল হচ্ছে আম, যে আম মালদহ জেলাকে প্রচণ্ডভাবে টাকা এনে দেয়, সেই আম এবারে হয়নি। মাননীয় অধ্যক্ষমহাশয়, তাহলে হিসাবের কি যোগফল দাঁড়ায় দেখুন. এই দুর্ভিক্ষ এবং দুর্দশার কথা আমরা বারে বারে বলেছি এই এপ্রিল এই বিধানসভায়—এই ভয়াবহ খাদ্যের অবস্থার কথা সেদিন সকলে বলেছিলাম। কংগ্রেস সদস্য মহবুল হক সাহেব অনাহারে মৃত্যুর কথা এই বিধানসভায় উল্লেখ করেছিলেন। আমরা মালদহ জেলার সমস্ত এম এল এ-রা মুখ্যমন্ত্রীর কাছে ৬ই জুলাই গিয়েছিলাম এবং বলছিলাম এই ভয়াবহ অবস্থার কথা। কমরেড ইলা মিত্র অনাহারে মৃত্যুর কথা উল্লেখ করেছিলেন, সমস্ত খবরের কাগজে এই খবর বেরোল। এমনি ভাবে ২॥ মাস ধরে হৈচৈ চললো কিন্তু পাশান গললো না, মালদহ জেলার মানুষের মাথা ফেটে চৌচির হয়ে গেল কিন্তু তবু এই পাশানের সম্বিত জাগলো না। আজকে মালদহ জেলার সমস্ত থানায় থানায় ঘেরাও, অনশন, আন্দোলন চলছে। আন্দোলন এবং অনশন নিয়ে অনেকে রাজনীতির কথা বলেছেন, কিন্তু আন্দোলন অনশন করছে না কে? কংগ্রেসের লোকও খরা কবলিত এলাকায় আন্দোলন করছে, অনশন করছে আবার কম্যুনিস্ট পার্টিও করছে, মালদহ জেলার সমস্ত মানুষই আজকে আন্দোলনের

পথে সামিল হয়েছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি শুনেছি যে মানুষ নাকি দুর্ভিক্ষের সময় মানুষের মাংস ছিঁড়ে খায়। আপনাকে অনুরোধ করছি মালদহ জেলার আমার কেন্দ্রে আসুন। শহর থেকে দু মাইল দূরে যান দেখবেন সেখানে সজনে পাতা সিদ্ধ করে লবণ দিয়ে মানুষ খাচ্ছে। সেই সজনে পাতা জোগাড় করবার জন্য ছেলেমেয়েদের কি প্রচণ্ড মারপিট, তা দেখলে বোধ হয়—মানুষের মাংস মানুষ ছিঁড়ে খেলেও এর চাইতে বোধ হয় করুণ দৃশ্যের অবতারনা হ'ত না। তা ছাড়া আমার নির্বাচনী কেন্দ্রে একটা জুনিয়ার বেসিক ট্রেনিং কলেজ আছে ৯ মাইল দূরে। সেখানে ছাত্ররা খাবার পর যে পাতা ফেলে দেয়, সেইগুলো খাবার জন্য বয়স্ক মহিলা, পুরুষ থেকে আরম্ভ করে ছোট ছোট ছেলেমেয়েরা যেভাবে মারামারি করে তা দেখলে মানুষ ঠিক থাকতে পারে না। এবং যেকোন মানুষ বলবে যে দুর্ভিক্ষের দৃশ্য এর চাইতে আর খারাপ অবস্থা হতে পারে না, সারা মালদহ জেলায় এইরকম দুর্ভিক্ষ পরিস্থিতি চলছে। আমরা আশা করেছিলাম যে, এই রকম পরিস্থিতি আমাদের সরকার সম্যকভাবে উপলব্ধি করে সম্যকভাবে লড়াই করবেন এই অবস্থার মোকাবিলা করবার জন্য। কিন্তু আমরা কি দেখলাম যে এই পরিস্থিতির সংগে লড়াই করার পরিবর্তে শুরু হয়ে গেল বিবৃতির লড়াই। এক মন্ত্রী বলছেন অনাহারে মারা গেছে, আর একজন বললেন যে অনাহারে মারা যায়নি। এমনি করে পরিস্থিতির সংগে সম্যকভাবে লড়াই করার পরিবর্তে শুরু হয়ে গেল বিবৃতির লড়াই। মালদহের মানুষের কাছে যেটা ছিল সবচেয়ে অবাঞ্ছিত এক হৃদয়হীন আচরণ। আমি তাই আপনার কাছে এই কথা বলতে চাই যে সেন্ট্রালের স্টাডি টিম ওখানে গিয়েছিলেন, তার মধ্যে ছিলেন ডঃ ফুলরেণু গুহ, বিশিষ্ট সমাজসেবী, কেন্দ্রীয় কেবিনেটে সদস্য ছিলেন তিনি বলেছিলেন ২॥ মাস আগে প্রচণ্ড খরায় মালদহের মানুষ না খেয়ে মারা যাচ্ছে, আপনারা কেউ তো বলেন নি, সেই জন্য আমরা কেউ জানতে পারি নি, এই কথা আমাদের জানানো উচিত ছিল। কাজেই এই কথা আমি বলতে চাই মালদহ জেলায় যে প্রচণ্ড অবস্থা চলছে এই প্রচণ্ড অবস্থার কথা যদি না বলি তাহলে নিঃসন্দেহে আমাদের জেলার প্রতি আমরা বিশ্বাসঘাতকতা করবো। সেদিন কালিয়াচকের কম্যুনিস্ট পার্টি অফিসে এক ভদ্রলোক এলেন এবং বললেন যে আমার পাঁচ বছরের এক ছোট্ট মেয়ে আছে, তাকে আমি কারোর কাছে ২০/৩০ টাকায় রেখে দিতে চাই, তারপর আমি চলে যাবো। বড় হলে আপনার ইচ্ছা হলে আপনি ফিরিয়ে দেবেন, এর মানে কি? মাননীয় অধ্যক্ষমহাশয়, ক্ষুধার জ্বালায় তার মেয়েকে বিক্রি করতে এসেছে। সেদিন কালিয়াচকে কার্তিক মণ্ডলের পুত্রবধূ ক্ষুধার জ্বালায় তু দুটো বাচ্চা শিশুকে নিয়ে বাসের তলায় ঝাঁপ দিয়েছিলেন, তারপর হাসপাতালে তিনি মারা যান। তার দুটো শিশু ছিটকে পড়ে বেঁচেছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে মালদহের মানুষ অনাহারে মারা যাচ্ছে, অনাহারে মৃত্যুকে আলিংগন করছে, অখাদ্য কুখাদ্য খেয়ে বিকলাংগ পংগু হয়ে যাচ্ছে, তার খবর সমস্ত খবরের কাগজে বেরিয়েছে। এই অবস্থাতে মালদহ জেলাকে দুর্ভিক্ষ এলাকা হিসাবে ঘোষণা করা ছাড়া অন্য কোন উপায় নেই। আমরা সরকারের কাছে আবেদন করেছি যে মালদহ জেলাকে দুর্ভিক্ষ জেলা হিসাবে ঘোষণা করা হোক। সেখানকার এই অবস্থাকে যুদ্ধের মত জরুরী অবস্থা হিসাবে ঘোষণা করে সেই অবস্থার মোকাবিলা করুন এবং সেখানে লংগরখানা খোলার ব্যবস্থা করা হোক, এই ছিল আমাদের দাবি। এর পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী গিয়েছিলেন, মুখ্যমন্ত্রী সব এম এল এ-দের আমন্ত্রণ করেছিলেন এবং অফিসারদেরও আমন্ত্রণ করেছিলেন, কিন্তু অবাক হয়ে গেলাম—আমরা জানতে চাই মুখ্যমন্ত্রীর কাছে যে তাঁর কাছে আমলারা বড় না জনপ্রতিনিধিরা বড়? আমরা সেখানে দেখলাম এক একটা অফিসারকে ডেকে জিজ্ঞাসা করা হচ্ছে, অনাহারে কেউ কি মারা গেছে? তারা বলছে যে মারা যায় নি। আমরা যারা অনাহারে মৃত্যুর কথা বলছি, মকবুল সাহেব এবং আমি সেখানে বসে আছি, আমাদের মনে হলো যেন মুখ্যমন্ত্রী আমাদের ডেকে এনে তাদের সামনে অপমান করছেন এবং আমাদের নিজেদের সেখানে মিথ্যাবাদি বলে মনে হলো। আমরা তাই প্রচণ্ড ক্ষুব্ধ হলাম। মালদহ জেলার কম্যুনিস্ট পার্টির তরফ থেকে একটা স্মারকলিপি আমরা দিয়েছিলাম কিন্তু অত্যন্ত দুঃখ এবং ক্ষোভের সংগে জানাতে বাধ্য হচ্ছি যে সেই স্মারকলিপি

তিনি ছিঁড়ে ফেলে দিলেন। তিনি বললেন, তোমরা যদি এই রকম ঘেরাও বন্ধ না করো, এই রকম আন্দোলন বন্ধ না করো, স্লোগান বন্ধ না করো,—আমি কোন কথা শুনতে চাই না।

[6-00—6-10 p m.]

মাননীয় উপাধ্যক্ষমহাশয়, সেখানে স্লোগান ছিল লংগরখানা খোলার দাবিতে, এই স্লোগান-এর দাবি কংগ্রেস পক্ষ থেকেও রাখা হয়েছিল, তারাও সেখানে ঘেরাও করেছে আন্দোলন করেছে। কিন্তু আমি অবাক হয়ে যাই যে আমরা জনপ্রতিনিধিরা আজকে মুখ্যমন্ত্রীর কাছে বড় না আমলাতন্ত্র বড়? আজকে সন্ত্রাসের নাম করা হয়, সন্ত্রাসে আমাদের দেশ ভেসে গিয়েছিল কিন্তু সন্ত্রাস থেকে বাঁচাবার জন্য সুকৌশলে আমলাতন্ত্রের লৌহবাসরে আমরা প্রবেশ করতে চাই না, লৌহবাসরে প্রবেশ করে আজকে সন্ত্রাস এর হাত থেকে বাঁচতে পারা যাবে না। বেহুলা একদিন সর্প দংশনের হাত থেকে লক্ষীন্দরকে বাঁচাবার জন্য লৌহবাসর তৈরী করে দিয়েছিল কিন্তু বেহুলা তাকে বাঁচাতে পারে নি। আজকে যদি ঐ খুন সন্ত্রাসের হাত থেকে বাঁচতে গিয়ে আমাদের সমাজে যে যে কারণে খুন সন্ত্রাস সৃষ্টি হয় তাকে নির্মূল করে তার হাত থেকে বাঁচাবার জন্য আমলাতন্ত্রের সেই বাসরে আমাদের যদি ঢুকিয়ে দেওয়া হয় তাহলে বাংলা দেশ থেকে খুন ও সন্ত্রাসের রাজনীতি বন্ধ হবে না। বাংলা দেশে আজকে যে প্রচণ্ড ক্ষুধার জ্বালা চারিদিকে সে কথা আপনারাও জানেন আমিও জানি, কাজেই এই কথা আমি বলতে চাই যে মাননীয় খাদ্যমন্ত্রী বলেছেন আমরা অনেকগুলি বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছি, নিঃসন্দেহে সেই বলিষ্ঠ পদক্ষেপের প্রতি আমাদের সমর্থন আছে। কিন্তু কেন আমরা আমলাতন্ত্রের সম্বন্ধে এই কথা বলছি তা আমাদের মাননীয় খাদ্যমন্ত্রীকে অত্যন্ত পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাই। মালদা জেলার খাদ্যবিভাগে এমন কতগুলি বাস্তু ঘুঘু আছে যারা বাসা বেঁধেছে, তাদের বাসা যদি ভেংগে দেওয়া না যায় তাহলে আপনি যে নীতি নেবেন তা মালদা জেলার মানুষের কাছে গিয়ে পৌঁছবে না। প্রচণ্ড খরা কবলিত দুর্ভিক্ষের মধ্যে মালদা জেলায় চালের যে একসট্রা প্রাইস ঐ কালিয়াচক, এবং হরিশ্চন্দ্রপুরের জন্য আপনি গ্রাণ্ট করেছেন সেটা আমরা জানি কিন্তু তার শতকরা ৯০ ভাগ চোরাবাজারে চলে গিয়েছে এবং এই কথা মালদা জেলার প্রতিটি মানুষ জানে। কি হৃদয়হীন আচরণ, তাই আমি বলতে চাই আমলাতন্ত্রের উপর নির্ভর করে নয় আমলাতন্ত্রকে নির্মূল করে যদি এগুতে না পারেন তাহলে আজকে যে অবস্থা সেই অবস্থার সংগে মোকাবিলা করা যাবে না। আমি এই প্রসংগে আর একটা কথা বলতে চাই যে মুখ্যমন্ত্রী যখন বি ডি ওর সংগে কথা বলছিলেন তখন তারা বলছিলেন যে প্রতি ব্লকে নাকি কোথাও ২০ হাজার, কোথাও ২৫ হাজার করে স্টেট রিলিফের কাজ হচ্ছে, আমি সেই জেলার জনপ্রতিনিধি হিসাবে এবং অন্যান্য এম এল এ-রাও ছিলেন তারা ফিস-ফিস করে বলছিলেন—কংগ্রেসিরা পর্যন্ত যে এই সমস্ত অসত্য কথা। কয়েকটি জায়গায় কোথাও একদিন দুইদিন করে কাজ হয়েছে বাকি জায়গায় কাজ হচ্ছে না। স্টেট রিলিফের বেশীরভাগ জিনিস চোরাবাজারে চলে যাচ্ছে, গরীব মানুষের কাছে পৌঁছচ্ছে না। আজকে অনাহারের মধ্যে ক্রয়ক্ষমতা তাদের শেষ হয়ে এসেছে এই কথা তারা বার বার বলে এসেছে। কাজেই স্পীকার, স্যার, আমি এই কথা বলতে চাই আপনার কাছে যে অনাহারে মৃত্যুর অত্যন্ত বড় লিস্ট আমার কাছে আছে, ১৪ জন মারা গিয়েছেন, তালিকা পড়বার আমার সময় নাই কিন্তু আমি এই কথা বলতে চাই যে ২৪ জন এর মৃত্যুর লিস্ট আমার কাছে আছে। এরমধ্যে কেউ অনাহারে কেউ উদ্‌বন্ধনে মৃত্যুকে আলিংগন করেছেন, কেউ অনাহারে বাসের তলায় চাপা পড়েছেন। কাজেই এই প্রসংগে আমি আপনার কাছে একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে এই যে আমাদের কাছে গঠনমূলক দৃষ্টিভংগি মাননীয় খাদ্যমন্ত্রি আশা করেছেন, আজকে মালদা জেলায় যে অবস্থা এই অবস্থার উপর লক্ষ্য রেখে যদি আমাদের খাদ্যনীতি নির্ধারিত না হয় তাহলে আজকে মালদা জেলার মানুষের চোখে মুখে যে ক্ষুধার এবং ঘৃণার আগুন দেখে এসেছি তাকে যদি আমরা সুষ্ঠু পথে এবং দৃঢ়হাতে মোকাবিলা না করতে পারি তাহলে এই শীতাতপনিয়ন্ত্রিত কক্ষে বসে কেন এর চেয়ে উচ্চ ক্ষমতাশালী শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বসেও আমরা রেহাই পাব না, ঐ ক্ষুধা এবং ক্রোধের আগুন আমাদের

সকলকে জ্বালিয়ে পুড়িয়ে ছাড়খার করে দেবে। তাই আমি এই কথা বলতে চাই যে যেমন গঠনমূলক দৃষ্টিভংগি আমাদের কাছে আশা করেছেন তেমনি আমরা সমগ্র মন্ত্রিমণ্ডলীর কাছে মালদা জেলার পক্ষ থেকে আশা করি একটা মানবিক হৃদয়, একটা সংবেদনশীল মন আর একটা তড়িৎগতিসম্পন্ন উদ্ধার এবং ত্রাণকার্য। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আপনি আমাকে বলতে দিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার ভাষণ শেষ করছি।

**Shri Kashinath Misra :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে এই খাদ্যপরিস্থিতি বিতর্কে অংশ গ্রহণ করতে গিয়ে আমি দু-চারটি কথা বলছি। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এই ৪ মাসে মন্ত্রীসভা যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন সেই বলিষ্ঠ পদক্ষেপকে আমি প্রথমেই সমর্থন করছি। এই চার মাসের মধ্যে সারা পশ্চিমবাংলার মধ্যে যে একটা আলোড়ন সৃষ্টি হয়েছে এইজন্য আজকে এইটা প্রশংসাযোগ্য। আমি দেখছি আমাদের বাঁকুড়া জেলায় যে খরা পরিস্থিতির উদ্ভব হয়েছিল তা অত্যন্ত ভয়াবহ। এই সরকার যে ভূমিকা গ্রহণ করে খরা পরিস্থিতির মোকাবিলায় অংশ গ্রহণ করেছিলেন তা সত্যই প্রশংসনীয়। আমি জানি ১৯৬৬ সালে যখন খাদ্যআন্দোলন হয়েছিল তখন বাঁকুড়ায়ও সেই খাদ্যআন্দোলন হয়েছিল এবং সেখানে দেখতে পাই যে একজন যুবক সেই খাদ্যআন্দোলনের বলি হয়েছিল বাঁকুড়ার লালবাজারে। সেই সময়কার মুখ্যমন্ত্রী মাননীয় প্রফুল্লচন্দ্র সেন এবং অতুল্যবাবু বাঁকুড়ায় বলে এসেছিলেন কাঁচাকলা এবং কানা বেগুন খেতে। এই জিনিসটা আমরা ১৯৬৬ সালে দেখতে পাই। সেই সময়কার কংগ্রেসী মুখ্যমন্ত্রী বলে এসেছিলেন। ১৯৬৭ সালেও যুক্তফ্রন্ট সরকার যখন এলেন খরা দেখা দিলো বাঁকুড়ায়, সেই সময় দেখলাম বেসরকারী প্রতিষ্ঠান এবং আমি তখন ছাত্র ছিলাম ছাত্র সংগঠনের থেকে আমরা অংশ গ্রহণ করেছিলাম, আমার মনে হয় যত সাহায্য সেদিনে সরকার থেকে হয়েছিল তার থেকে বেশী হয়েছিল বেসরকারী প্রতিষ্ঠান এবং আমাদের তরফ থেকে। এইবার কিন্তু পার্থক্য দেখতে পাচ্ছি সেখানে সরকার সত্যই সচেষ্ট এবং আজকের খবরের কাগজে তার কিছুটা প্রমাণ পেয়েছি। দুর্নীতিপরায়ন যেসব মুনাফাখোর ব্যবসায়ী আছেন তাদেরকে ধরবার কথা এবং কিছুদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী বিধানসভায় বলেছিলেন এবং একটা চার্টও দিয়েছিলেন কালোবাজারী এবং মুনাফাখোর যাদের ধরা হয়েছে। তাদের লিস্ট দিয়েছিলেন। এই সরকার যখন সচেষ্ট হয়েছে তখন আজ আমাদের প্রত্যেকের সজাগ হওয়ার দরকার। আমি এই আলোচনার পরিপ্রেক্ষিতে এই কথাই বলবো বাঁকুড়ায় যে অসুবিধা দেখা দিয়েছে চালের দাম যে বাড়তির মুখে, ১'৮০ পয়সা যে হয়েছে প্রশাসনকে যদি একটু সজাগ করা যায় আমার মনে হয় এটা দূর হয়ে যাবে। তাছাড়া, বাঁকুড়ার যে পরিস্থিতি সে পরিস্থিতির মধ্যে একটা পার্থক্য আছে। সেখানে মডিফায়েড রেশনিংএ যদি চাল পাওয়া যায়, সেখানে বাজারে যদি কম দামে চাল পাওয়া যায় সেখানকার লোকের কেনার ক্ষমতা নেই, কারণ সেখানে শিল্প নেই, মানুষের রোজগার নেই, কাজ নেই। যে খরা হয়ে গেলো তাতে ভেবেছিলাম যে জলের মুখ দেখতো পাবো। কিন্তু তা পাই নি। বাঁকুড়ায় গতবারে দেখেছি এপ্রিল, মে, জুন, জুলাই মাসে ১১০-১, ১১৪-৩, ১৮১ এবং ৩৪৮-৭ এবং গত আগস্ট মাসে ৪৬৫'৫ মিলিমিটার পর্যন্ত বৃষ্টি হয়েছে। সেখানে এখন জুন জুলাইতে একশো মিলিমিটার মতো বৃষ্টি হয়েছে। এবং এপ্রিল মে-তে একেবারে বৃষ্টি হয়নি। এর থেকে বোঝা যায় চাষবাস আমাদের হচ্ছে না। এরজন্য অসাধু ব্যবসায়ীরা সুযোগ নিচ্ছে। এটা রোধ করলে বর্তমান অবস্থা দূর হবে। আজকে আমাদের যে অবস্থা সৃষ্টি হয়েছে বাঁকুড়ার অবস্থা এইজন্য যে সেখানে পারচেজিং ক্যাপাসিটি নেই এবং ওখানকার বেশীরভাগ লোক বিড়ি বাঁধে, রিক্সা টানে এবং মুটে। নিম্ন মধ্যবিত্তদের মধ্যে তাঁতী, কুম্ভকার, শাঁখারী। তন্তুজ সমবায় সংস্থাগুলি বন্ধ এবং কাঁচামালের অভাবে মৃতপ্রায় হয়ে গিয়েছে। তাদের রোজগার নেই এবং মডিফায়েড রেশনিংএ চাল পাওয়া গেলেও কিনবার ক্ষমতা নেই, কিনতে পারছে না। তাই মন্ত্রিমহাশয়কে এইটুকু অনুরোধ করবো যে বাঁকুড়ার পরিস্থিতি মোকাবিলা করতে গেলে বর্তমানে প্রয়োজন জি, আর এবং টি, আর-এর কাজ যাতে হয় তার ব্যবস্থা করা। এছাড় আনুসাঙ্গিকভাবে

[6-10—6-20 p.m.]

এর পরও যদি বৃষ্টিপাত হয় তাহালে কৃষিকার্য্যের জন্য চাষীরা যাতে সরকার থেকে বীজ ধান পায় তার ব্যবস্থা করা হবে। Cattle purchase loan, agricultural loan এর জন্য বেশ কিছু লোক দরখাস্ত করেছিল কিন্তু এখনও পর্যন্ত এই সমস্ত loan তারা পায়নি। এই পরিস্থিতির মোকাবিলা করার জন্য বাঁকুড়া ক্ষেতমজুর, শ্রমিক, নিম্ন মধ্যবিত্তদের বাঁচাতে গেলে সরকারপক্ষ থেকে সেখানে এখুনি লঙ্গরখানা খোলা একান্ত প্রয়োজন। আমি নিজে দেখে এসেছি বিকনা অঞ্চলে একটি B.A. পাশ নাম দীনবন্ধু সিং দেশে বাড়ীতে উপোষ করে আছে। আমি তারপর B.D.O.কে বলে তার বাড়ীতে relief ও কাপড় পাঠিয়ে দিয়েছি—তার বাড়ীতে ১০ জন লোক আছে। সর্বশেষে বাঁকুড়াকে যদি বাঁচাতে হয় তাহলে বর্তমান অবস্থায় সেখানে এখুনি লঙ্গরখানা খোলা একান্ত আবশ্যক।

**Shri Rabindra Nath Bera :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী খাদ্য বিতর্কের সূচনা করে সকলকে আন্তরিকভাবে আলোচনা ও সমালোচনা করার জন্য আহ্বান জানিয়েছেন বলে তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আজ এই আলোচনা ও সমালোচনার স্রোত যেভাবে সিদ্ধপথে প্রবাহিত হচ্ছে তাতে খাদ্যনীতি যে বলিষ্ঠ এবং তাকে কার্যকরী করার বিষয় তাঁর যে আন্তরিকতা আছে সেটাই আজ বিশেষভাবে প্রমাণ পাওয়া যাচ্ছে। আগে খাদ্য দপ্তরের ইতিহাসে দেখা গেছে যে, এই দপ্তরের দায়িত্ব গ্রহণ করে কেউ কোনদিন তাঁর যোগ্যতার প্রমাণ এত দৃঢ়ভাবে উপস্থিত করতে পারেন নি। কিন্তু আজ আমাদের খাদ্যমন্ত্রীর দক্ষতা ও যোগ্যতা আমরা পেয়েছি। আমরা দেখেছি তিনি একপ্রান্ত থেকে অন্যপ্রান্ত গিয়ে দুর্নীতি ধরছেন। Storing agency-গুলি বাতিল করে দিয়েছেন। আমি তাই বলছি খাদ্যমন্ত্রী যদি আজ এইভাবে অগ্রসর হন তাহলে দুর্নীতি, মজুতদারী প্রভৃতি যেসব Corruption আছে সেগুলি আরও দৃঢ়হস্তে দমন করা যাবে। অনেক দুর্নীতিপরায়ণ অফিসার খাদ্য দপ্তরের বিভিন্ন জায়গায় আছে। সেগুলি সম্পর্কে যদি আমরা মন্ত্রিমহাশয়ের কাছে report করি তাহলে তিনি সহানুভূতির সঙ্গে সেইসব officer-দের তিনি transfer করেন বা তাদের বিরুদ্ধে step নিতে বলেন। কিন্তু তাঁর যে order সেই order carry out হতে হতে অনেক অঘটন ঘটে যায়। আমি এই রকম দু'একটা ব্যাপার জানি, নিজে সংশ্লিষ্ট, সেদিক থেকে বলছি আমরা যেসব জনপ্রতিনিধি আছি আমরা সেইসব অফিসার সম্পর্কে যখন কোন ডেফিনিটি জিনিস আনব মন্ত্রিমহাশয়ের দপ্তরে তখন তার যাতে তাড়াতাড়ি অ্যাকসান হয়, সেই অ্যাকসান যাতে আমলাতন্ত্রের জটিলতার মধ্যে আবদ্ধ না থাকে সেদিকে যেন দৃষ্টি দেন। আমরা অনেক জায়গায় দেখছি যে আমাদের খাদ্য দপ্তরের মন্ত্রিমহাশয় এবং তাঁর দপ্তর অনেকটা সজাগ হয়েছেন। অনেক জায়গায় যেসমস্ত এম. আর. ডিলার বিভিন্নভাবে দুর্নীতির আশ্রয় গ্রহণ করত সেইসব ডিলারদের ধরা হচ্ছে এবং সাসপেণ্ড করা হচ্ছে। সেইযে সাসপেনসান অর্ডার দেওয়া হল সেই অন্তর্বর্তীকালীন সময়ে অন্যকোন ডিলারের অ্যাপয়েন্টমেন্ট করা হচ্ছে না। এর কারণ ডিলারসিপ দেওয়ার যে নিয়ম আছে তাতে যে ফুড অ্যাণ্ড রিলিফ কমিটি আছে সেই কমিটি সাবডিভিসনাল কনট্রোলারের কাছে তাদের রেকমেনডেসান পাঠালে তারপর সেখান থেকে মঞ্জুর করা হয় ডিলারসিপ। কিন্তু ফুড অ্যাণ্ড রিলিফ কমিটি তাদের রেকমেনডেসান পাঠাবার পর সেটা সেই দপ্তরে গিয়ে দিনের পর দিন পড়ে থাকে এবং এখন আবার নিয়ম হয়েছে তার ব্যাঙ্ক ব্যালেন্স না থাকলে ডিলারসিপ দেওয়া যাবে না। ফুড অ্যাণ্ড রিলিফ কমিটি একজন গরীব লোককে সুপারিশ করে পাঠাল, ডিপার্টমেন্ট কুইরি করে পাঠাল তার ব্যাংক ব্যালেন্স আছে কিনা, যে জায়গায় হচ্ছে সেই জায়গায় দোকান চলতে পারে কিনা, এইভাবে ৩/৪ মাস ধরে এনকোয়ারী চলতে থাকে, তাতে সেখানকার জনসাধারণকে দুরবস্থার সম্মুখীন হতে হয়। আর একটা জিনিস দেখছি সেটা হচ্ছে রেশান ডিলার অনেক সময় বলেন যে তারা ক্যারিং কস্ট অনেক সময় পান না, একটা নির্দিষ্ট মাইলেজ

পর্যন্ত ক্যারিং কস্ট দেওয়া হয়, তার পরে হলে দেওয়া হয় না। ফলে তাদের যে রেমুনারেসান হয় তাতে তাদের পোষায় না, এই রকম অজুহাত দেখিয়ে তারা নানা রকম দুর্নীতির আশ্রয় গ্রহণ করে বলে আমরা অভিযোগ পাই। যদি তাদের সবাইকে ক্যারিং কস্ট দেওয়া হয়, তারা যাতে এই দোকান কোন রকম দুর্নীতির আশ্রয় গ্রহণ না করে ভালভাবে চালাতে পারে সেইরকম রেমুনারেসানের ব্যবস্থা করা যায় তাহলে আমার মনে হয় এই রকম করাপসান দূরীভূত করা যাবে। রাইস মিল সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, রাইস মিল যদিও এই দপ্তরের অন্তর্ভুক্ত নয়, এই যে মেদিনীপুরে অনেক রাইস মিল বন্ধ অবস্থায় পড়ে আছে; গতবারে চলেনি, এবারে চালাতে পারবে কিনা জানি না। এর কারণ তারা বলছে তারা যে দরে ধান কেনে আর যে দরে সরকারকে চাল দিতে হয় তাতে তাদের পোষাচ্ছে না। মেদিনীপুর রাইস মিলের দিক থেকে উল্লেখযোগ্য জায়গা, সেই জায়গায় রাইস মিলগুলি অচল অবস্থায় পড়ে আছে। আমি খাদ্য দপ্তর এবং শিল্প দপ্তর এই দুটি দপ্তরের কাছে আবেদন রাখব তাঁরা যেন এই রাইস মিলগুলি যাতে চালান যায় তার দিকে লক্ষ্য দেন। অনেক মাননীয় সদস্য বলেছেন পশ্চিমবঙ্গে ভয়াবহ সমস্যা দেখা দিয়েছে, একদিকে ১২টি জেলা প্রচণ্ড খরা কবলিত, অন্যদিকে বন্যার সম্মুখীন হওয়া গেছে। সেজন্য মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ তিনি যেন খাদ্য বরাদ্দের জন্য কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করেন এবং এই বিষয়ে আমি মাননীয় সদস্যদের সঙ্গে একমত। এই বক্তব্য রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Sk. Omar Ali :** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, খাদ্য সংক্রান্ত আলোচনায় অনেকেই অংশগ্রহণ করেছেন, অনেকে অনেক বক্তব্য রেখেছেন, সুতরাং এ সম্পর্কে আমি আর বেশী কিছু বলতে চাই না। আমাদের রাজ্যে যে খাদ্য নীতি আছে তার মূলকথা হল খাদ্য সংগ্রহ, খাদ্য সংরক্ষণ এবং খাদ্য বণ্টন। খাদ্য সংগ্রহের জন্য আমরা প্রধানত: বাজারে যে খাদ্যশস্য বিক্রির জন্য আসে মার্কেটেবল সারপ্লাস হিসাবে সেখান থেকে এবং বড় বড় জোতের যারা মালিক যাদের উৎপাদন বেশী তাদের উপর, আর মিল মালিক, খাদ্য ব্যবসায়ী এদের উপর লেভি ধার্য করে খাদ্য সংগ্রহ করে থাকি। আমরা দেখছি আমাদের রাজ্য সরকার সংগ্রহ করবার ব্যাপারে যথেষ্ট

[6 20—6-30 p. m.]

তৎপর নয়। মার্কেটেবেল সারপ্লাস যা বাজারে আসে তা থেকে উপযুক্ত পরিমাণ খাদ্য কিনে নেবার ক্ষমতা নেই, ডিসট্রেস সেল-এর মাধ্যমে যা আসে তাও কিনে নেওয়া যায় না। লেভি উৎপাদনের উপর ধার্য না করে জমির উপর ধার্য করতে গিয়ে উৎপাদকরা যেভাবে ফাঁকি দেয় সেই ফাঁক বন্ধ করে ভালভাবে লেভি ধার্য করার কোন ব্যবস্থা নেই। আবার যা ধার্য হল তাও আদায় করবার কোন কার্যকরী ব্যবস্থা নেই। সেইজন্য দেখা যাচ্ছে সংগ্রহমাত্রা যা ঠিক করা হয় সংগ্রহ হয় তার চেয়ে অনেক কম এবং সেই কারণে আভ্যন্তরীণ খাদ্যসংগ্রহ আমরা ঠিকমত করতে পারি না। পশ্চিম বাংলা সাধারণভাবে খাদ্য ঘাটতি এলাকা। বন্যা হবার ফলে এবং খরার ফলে এই ঘাটতি বৃদ্ধি পাওয়া নিতান্তই স্বাভাবিক এবং সেই ঘাটতি মেটাবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অধিক সাহায্যের নিশ্চয়ই প্রয়োজন আছে। আমাদের অভিজ্ঞতায় আমরা দেখেছি ১৯৭০ সাল কি ১৯৭১ সালে কেন্দ্রীয় সরকার মোটামুটি এই রাজ্যের প্রয়োজনীয় খাদ্য সরবরাহ করেছেন। কিন্তু শুধু কেন্দ্রীয় সরকারের সাহায্যের উপর নির্ভর করলে কিছুতেই পশ্চিম বাংলায় যে খাদ্যসংকট থাকে তার মোকাবিলা করা সম্ভব নয়। কাজেই খাদ্যসংগ্রহের দিকে আমাদের যথাযথ নজর দেওয়া দরকার। খাদ্যমন্ত্রিমহাশয় ভেবে দেখুন জমির পরিমাণের উপর না করে উৎপাদনের উপর যদি লেভি ধার্য করা হয় এবং লেভি ধার্য করার ব্যাপারে কেবলমাত্র আমলাতন্ত্রের উপর নির্ভর না করে তত্ত্বাবধায়ক কমিটির মারফত যদি লেভি ধার্য এবং আদায় করবার ব্যবস্থা হয় তাহলে আভ্যন্তরীণ সংগ্রহ বাড়বে এবং সেই সংগ্রহ দিয়ে আমরা সংকটের মোকাবিলা করতে পারব। এ ছাড়া আমাদের রাজ্যের প্রায় ৬০ লক্ষ টনের মত গড় উৎপাদনের

মধ্যে নিয়ম অনুযায়ী ২০ লক্ষ টন চাল যেটা মার্কেটেবেল সারপ্লাস হিসেবে বাজারে আসে তার মধ্য থেকে যদি যথেষ্ট পরিমাণ খাদ্য সরকার কিনতে পারে তা এফ. সি. আই.-কে দিয়েই হোক বা এফ. সি. আই যদি উপযুক্তভাবে সংগ্রহ নীতি পরিচালনা করতে না পারে, গাফিলতি করে তাহলে আমাদের রাজ্যের জন্য পৃথকভাবে স্টেট ফুড কর্পোরেসন গঠন করবার মধ্য দিয়ে হোক তাহলে পরিস্থিতি মোকাবিলা করবার দিক থেকে আমরা অনেক অগ্রসর হব। আলোচনায় প্রমাণিত হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের বিবৃতি এবং আমাদের অভিজ্ঞতা হচ্ছে যে, পশ্চিম বাংলায় অভূতপূর্ব খাদ্য সংকট দেখা দিয়েছে এবং পরবর্তীকালে এই খাদ্য সংকট ভয়াবহ হবে। কেন্দ্রীয় সরকার বলছেন "উদ্বেগের কোন কারণ নাই। আমাদের হাতে ৯০ লক্ষ টন খাদ্যশস্য মজুত আছে।" রাজ্যসরকার বলছেন "উদবেগের কোন কারণ নাই, আমরা সফলভাবে এই সমস্যার মোকাবিলা করার চেষ্টা করছি"। কিন্তু যখন দেখছি যে কেন্দ্রীয় সরকারের ইনস্ট্রাকশন থাকা সত্বেও বিহার ৪২ হাজার মেট্রিক টন চাল সরবরাহ না করে আড়াই হাজার মেট্রিক টন চাল সরবরাহ করে বন্ধ করে দিয়েছে তখন কি করে ভরসা করতে পারি যে অন্য রাজ্য থেকে চাল এনে আমাদের এখানকার ঘাটতি পূরণ করতে পারব? সুতরাং নিশ্চয়ই উদ্বেগের কারণ আছে। খাদ্য স্টকের ব্যাপারে উদবেগের কারণ আছে, খাদ্য সংরক্ষণের ব্যাপারে উদবেগের কারণ আছে, কারণ যে পদ্ধতিতে সংরক্ষণ করা হচ্ছে সেই পদ্ধতি নিতান্ত অবৈজ্ঞানিক বলে খাদ্যশস্য মানুষের ব্যবহারে অযোগ্য হয়ে যাচ্ছে। এই অভিজ্ঞতা স্বয়ং খাদ্যমন্ত্রির আছে। সেই কারণে তিনি একে বন্ধ করবার জন্য অনেক চেষ্টা করছেন এবং আরো কি ব্যবস্থা অবলম্বন করা যায় সেই কথা ভাবছেন। আমি বলতে পারি তেমনি বণ্টনের ব্যাপারেও গোলমাল আছে—এমনভাবে বণ্টন করা হচ্ছে যাতে সুদূর গ্রামাঞ্চলে জনসাধারন খাদ্যশস্য পাচ্ছে না, সুষ্ঠুভাবে বণ্টন করা হচ্ছে না। এই বণ্টনব্যবস্থা পরিবর্তন করতে হবে। বন্যাক্লিষ্ট এলাকায় সব শ্রেণীর রেশন কার্ডে চাল সরবরাহের ব্যবস্থা আছে। যদি সংকটকে মোকাবিলা করতে চান তাহলে আমি প্রস্তাব করব যে সমস্ত জেলা খড়া কবলিত হয়েছে সেখানে শ্রেণী বিভাগ না করে চাল সরবরাহ করা হোক। তাহলে খানিকটা অবস্থার উন্নতির হতে পারে। একজন মাননীয় সদস্য এখানে গড় হিসেবে দেখিয়ে দিয়েছেন—যে প্রতি অঞ্চল এলাকাতে তিনজন করে ডিলার আছে, কোথাও হয়ত তিনজন কিম্বা চারজন থাকতে পারে কিন্তু অনেক বড় বড় এলাকা আছে যেখানে ১৫/১৬ হাজার লোকের বাস সেখানে একজনমাত্র রেশন ডিলার আছে। আট দশ মাইল দূর থেকে সেখানে লোককে রেশন আনতে হয়। সেজন্য আমি প্রস্তাব করছি রেশন ডিলারের সংখ্যা আরো বেশী বাড়ান দরকার এবং রেশন ডিলারদের মধ্যে যে দুর্নীতি আছে তা দূর করা দরকার। ফুড ইনসপেকটরকে দিয়ে দুর্নীতি দূর করা যাবে না। সাবডিভিসানাল কন্ট্রোলার অব ফুড এণ্ড সাপ্লাইকে দিয়ে দুর্নীতি দূর করা যাবে না। যদি দুর্নীতি দূর করতে হয় তাহলে জনপ্রিয় কমিটি গঠন করে রেশন ডিলারদের দুর্নীতি দূর করতে হবে। এবং সবশেষে আমি বলতে চাই যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তাকে উপলব্ধি করে ঠিকমত যাতে খাদ্যের উৎপাদন বৃদ্ধি পায় সেদিকে নজর দিতে হবে এবং বণ্টন ব্যবস্থার উন্নতি করতে হবে। এই কয়টি কথা বলে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sukumar Bandyopadhyay:** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে এই বিধানসভায় আলোচনা হচ্ছে—সেই বিষয়বস্তু হচ্ছে খাদ্য। অবশ্য খাদ্য সম্পর্কে আলোচনা করতে গিয়ে অনেক সদস্য অন্যান্য বিষয়ে আলোচনা করেছেন। টি আর, জি আর-এর বিষয় ও বলেছেন যদিও এগুলির খাদ্যদপ্তরের সংগে যোগাযোগ বিশেষ নাই কিন্তু যখন আমরা খাদ্য নিয়ে আলোচনা করছি তখন এগুলি সম্পর্কেও কোন কোন সদস্য বলেছেন। আজকে পশ্চিম বাংলায় যে খাদ্যের অবস্থা হয়েছে এবং সংকট যা দেখা দিয়েছে তা ইতিপূর্বে আর কোনদিন দেখা দেয় নি। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই বক্তব্য যিনি বলেছেন তা যে সত্য নয় সেই ইতিহাস

আমাদের আছে। ১৯৬৭ সালের ঘটনা আমরা ভুলিনি, যখন চালের দর পাঁচ টাকা হয়েছিল—সেই প্রসংগ বাদ দিলেও এই কথা আমরা বলতে পারি যে সংকট নিশ্চয়ই আমাদের সামনে এসেছে এবং খুব ভয়াবহ সংকটের মধ্যে আমরা দাঁড়িয়ে আছি। পশ্চিমবংগের কোথাও আমাদের সম্ভাবনা নাই, বোরোধানের চাষও আশাপ্রদ নয়, উতপাদন হবে না বলে ধরে নেয়া যায়, আউসের অবস্থাও শোচনীয়, এই এতবড় সংকট বোধহয় পশ্চিম বাংলার জীবনে আর কোনদিন আসে নি। সেই সংকটের সামনে দাঁড়িয়ে পশ্চিমবংগের মানুষের ভবিষ্যত কি হবে এই সম্পর্কে চিন্তা করতে গিয়ে এই কথাই বলতে হয় এটা কেবল খাদ্যদপ্তরের দায়িত্ব নয়, এর সংগে আরো অনেক দপ্তর জড়িত আছে। এই সংকটের মোকাবিলা করার জন্য আজকে সকলকে বিশেষ সক্রিয় হতে হবে। আজকে যখন আমরা খাদ্য নিয়ে আলোচনা করছি তখন আমাদের প্রথমেই দেখতে হবে খাদ্যের যে সংগ্রহ, বন্টন, তাতে কোন শৈথিল্য আমাদের আছে কিনা।

[6-30—6-40 p.m.]

মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে আমরা এই কথা বলি, চারমাসের সরকারের এই যে খাদ্যদপ্তর সেই খাদ্যদপ্তরের বিরুদ্ধে যদি শুধু কেউ ঢিলেমীর অভিযোগ আনেন, আলোস্যের অভিযোগ আনেন এবং দীর্ঘসূত্রতার অভিযোগ আনেন, আমি মনে করবো তিনি সত্য কথা বলছেন না। কেন না, মাননীয় উপাধ্যক্ষমহায়, আমরা এই জিনিস দেখেছি পশ্চিমবংগে এই চারমাসের ইতিহাস এবং পশ্চিমবংগের যে কাজ সেই কাজের মধ্যে ত্রুটি বিচ্যুতি কোথায় আছে, সেখানে আমরা দেখেছি, কি ফুড কর্পোরেশন অব ইণ্ডিয়ার সংগে লড়াই, কি এখানে ভাল চালের জন্য লড়াই, কি অখাদ্য চালের গুদাম সিজ করা এবং যে কোন জায়গায় সুনির্দিষ্ট অভিযোগ করা হয়েছে, কোন আমলার বিরুদ্ধে, কোন অফিসারের বিরুদ্ধে, সংগে সংগে তড়িতগতি কর্মপন্থা গ্রহণ করার ব্যাপারে আমাদের খাদ্যমন্ত্রী কিন্তু কোন শৈথিল্য দেখান নি। আজকে আমাদের সভার মাননীয় সভ্য শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় মহাশয়, তিনি '৬৭ সালের উদাহারণ তুলে বললেন যে '৬৭ সালে তিনিও দিল্লীতে দরবার করতে গিয়েছিলেন, আজকে যিনি খাদ্যমন্ত্রী তিনিও সেখানে গিয়েছিলেন। কিন্তু দিল্লীতে দরবার করে, দিল্লীতে ধরনা দিয়ে তাঁরা কি নিয়ে ফিরে এসেছিলেন? তারপর পাচ টাকা কেজি চাল হয়ে ছিল, তারপর কিন্তু সেই মন্ত্রিসভার পক্ষ থেকে জনসাধারণের দুঃখে কোন কান্নাকাটি করা হয়নি, কোথায়ও জনসভা করা হয়নি, কোন গেল গেল রব উঠেনি। আজকে সংকট রয়েছে ঠিক কথা কিন্তু সেই সংকটের মোকাবিলা করার জন্য আন্তরিকতার অভাব নেই, সততার অভাব নেই এবং সেই সংগে কর্মতৎপরতারও অভাব নেই। তাই মাননীয় উপাধ্যক্ষমহাশয়, একথা আজকে বলছি যে আমাদের খাদ্যদপ্তরে যে র‍্যাশনিং ব্যবস্থা রয়েছে, খাদ্য সংগ্রহের যে নীতি তাঁরা গ্রহণ করেছেন এবং সেই সংগে সংগে পশ্চিমবংগ যে খাদ্য ঘাটতি আছে সেই ঘাটতি মিটাবার জন্য কেন্দ্রের সংগে তাঁরা যেভাবে কথাবার্তা চালিয়ে যাচ্ছেন এবং সেই সংগে সংগে যে পরিমাণ পাওনা আদায় করছেন সেই পাওনার পরিমাণ হয়ত কম হতে পারে কিন্তু একথা ঠিক নয় যে পশ্চিমবংগের উপর কেন্দ্রীয় সরকারের সহানুভূতি নেই, পশ্চিমবংগের প্রতি কেন্দ্র সহানুভূতিশীল নয়, একথা যদি কেউ বলে থাকেন আমি বলবো তিনি ঠিক বলছেন না। আজকে তাই এই সংকটের মধ্যে আমাদের দেখতে হবে এই সংকটের সমাধান কি করে করা যায়। এবং খাদ্যের ব্যাপারে আজকে আমি নিশ্চয়ই আশা রাখি পশ্চিমবংগ যেমন দুঃখের সম্মুখীন হয়ে দাড়িয়ে রয়েছে তখন আমাদের যে খাদ্যদপ্তর রয়েছে সেই খাদ্যদপ্তরের দায়িত্ব খানিকটা আছে। সেই সংকট মোকাবিলা করার জন্য এবং আমাদের বুঝতে হবে, মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে আমাদের জনপ্রিয় মন্ত্রীসভার আমাদের কর্মতৎপর খাদ্যমন্ত্রি, তিনি সমস্যা সম্পর্কে ওয়াকিবহাল এবং তাঁর দপ্তরও ওয়াকিবহাল। তাঁরা নিশ্চয়ই সেই সংকটের দিকে তাকিয়ে কাজ করে যাবেন। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এই প্রসংগে বলতে গিয়ে একটা কথা বলতে চাই সেটা হল এই যে আজকে খাদ্যদপ্তরের কাজ, মন্ত্রিমহাশয়ের কর্মকুশলতা, মন্ত্রীর সহানুভূতি, কেন্দ্রের সংগে যে সমস্ত আলাপ আলোচনা, এর কোন কিছুর মধ্যে ত্রুটি নেই। ত্রুটি রয়েছে কোথায়? ত্রুটি সেখানে

যেখানে আমি বলতে বাধ্য হচ্ছি যে খাদ্য নিয়ে যারা মুনাফা করে, খাদ্য নিয়ে যারা ফাটকা করে খাদ্যে যারা ভেজাল মিশায়, সেই সমস্ত অসাধু চোরা কারবারী দুর্নীতিপরায়ণ ও স্ফীতকায় অর্থবান যারা, অক্ষমের বক্ষ থেকে রক্ত শোষণ করে, তাদের বিরুদ্ধে কিন্তু কোন সক্রীয় কর্মপন্থা গ্রহণ করা এখনো সম্ভবপর হল না। আমি তাদের ল্যাম্পপোষ্টে ঝুলিয়ে ফাঁসি দিতে বলছি না। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমাদের এই মন্ত্রীসভার ক্ষমতা আছে, আমাদের মাননীয় খাদ্যমন্ত্রি-মহাশয়ের ক্ষমতা আছে, এই বিধানসভার সভ্যরা তাঁকে ক্ষমতা দেবার জন্য তৎপর হয়ে আছেন যে যারা এই চালে কাঁকড় মেশায়, যারা কৃত্রিম অভাব সৃষ্টি করা, যারা ঐ ময়দার সংগে সোপস্টোন মিশায়, বেবীফুডে ভেজাল মিশায়, যারা অন্যান্য খাদ্যদ্রব্যে ও তেলে শেয়ালকাঁটার বীজ মিশায়, যত সব মানুষের অখাদ্য মিশায়, সেই সমস্ত অসাধু ব্যবসায়ী, সেই সমস্ত দুর্নীতিপরায়ণ ব্যবসায়ী, তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট কর্মপন্থা গ্রহণ করার প্রয়োজন আছে। সংকট রয়েছে এই সংকট হয়ত থাকবে এবং আমরা জানি এই সংকট জাতীয় সংকট। কিন্তু মাননীয় উপাধ্যক্ষমহাশয়, দুঃখ হয় যখন এখনও দেখি চাল চোরাই হচ্ছে, চোখের সামনে দেখি খাদ্য নিয়ে ফাটকা হচ্ছে, চোখের সামনে দেখি হাজার হাজার বস্তা চিনি আটকে পড়ে রয়েছে, চোখের সামনে দেখি নিত্য প্রয়োজনীয় দ্রব্য অসাধু ব্যবসায়ীরা গুদামজাত করে রেখেছে এবং সাধারণ মানুষ পাচ্ছে না। এইখানে আমাদের আপত্তি। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমি আমাদের মাননীয় খাদ্যমন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, আমাদের সমস্ত শক্তি তাঁর সংগে রয়েছে, সমস্ত সমর্থন তাঁর সংগে রয়েছে, খাদ্যের সংগ্রহ ও খাদ্যের বণ্টন উন্নত করার সংগে সংগে সমাজের পাপ, সমাজের গ্লানি, এই সমস্ত অসাধু ব্যবসায়ীদের যেন ক্ষমা না করেন এবং পশ্চিমবংগের মানুষ যেন তা দেখতে পায়। এই কথা বলে আমি আমার সরকারের খাদ্যনীতিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম।

**Shri Kashi Kanta Maitra:** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে মাননীয় সদস্যদের তথ্য সম্বন্ধে, যুক্তি সম্বন্ধে এবং আবেগপূর্ণ বক্তৃতায়, আমি অন্ততঃ সব চেয়ে বেশী উপকৃত হয়েছি এবং তাদের কাছ থেকে তাঁদের বক্তব্যের মধ্য দিয়ে অনেক জিনিস পেয়েছি। মাননীয় সদস্য সদানন্দবাবু, জ্যোতির্ময় মজুমদার, মাননীয় সদস্য ভারতীয় কমিউনিষ্ট পার্টির ওমর আলি এবং সুকুমার বন্দোপাধ্যায় ও শরৎ দাস মহাশয়, প্রস্তাব করেছেন, সংশোধিত রেশন-এর অব্যবস্থা সম্বন্ধে। পশ্চিম বাংলায় ১৩ হাজার সংশোধিত রেশন দোকান চালু আছে। আমি আগেই বলেছি, আমার প্রারম্ভিক ভাষণে, সত্যসত্যই এতে অব্যবস্থা আছে, সংশোধিত রেশন দোকানে যে ত্রুটি দুর্নীতি আছে, তার বিরুদ্ধে কঠোরহস্ত গ্রহণ করেছি, আমি কিছু কিছু সাসপেণ্ডও করেছি। আমি এখানে ঘোষণা করছি যে আগস্ট কি সেপটেম্বরের মধ্যে, আমি চেষ্টা করব আগস্টের মধ্যেই বিধানসভা শেষ হবার সাথে সাথে প্রত্যেক জেলার জন্য একটা সুপারভিশন কমিটি করে দিতে। এতে থাকবেন সরকারী অফিসার, সেই জেলার কিছু মাননীয় বিধানসভায় সদস্য নয় অথচ জনতার শ্রদ্ধাভাজন নির্ভীক সৎ ব্যক্তি। সেই কমিটির কাজ হবে সারা বছর সংশোধিত রেশন দোকান ঠিকমত কাজ করছে কিনা সেটা দেখা, তাদের যদি অসুবিধা এবং অভাব অভিযোগ থাকে সেটা কিভাবে দূর করা যায় সেটা তদারকি করা। এই রকম একটা অ্যাডভাইসরি কমিটি হিসাবে আমি প্রত্যেক জেলার গঠন করে দেব, এই আশ্বাস আমি মাননীয় সদস্যদের দিচ্ছি। (এই ঘোষণায় কয়েকজন মাননীয় সদস্য মন্ত্রিমহাশয়কে টেবিল চাপড়ে অভিনন্দন জানান) মাননীয় সদস্যদের কয়েকজন আর একটা কথা বলেছেন, এর আগে আমি বর্ধমান, মেদিনীপুর এবং নদীয়া জেলার সদস্যদের সংগে আলোচনা করেছি, নরেনবাবু, শিবশংকর বাবু, অরবিন্দবাবুর সংগে আলোচনা করেছি, আরও কয়েকজনের সংগে কথা বলেছি, বিশেষ করে শ্রীগীতা মুখার্জী এবং শ্রীবিশ্বনাথ মুখার্জীর সংগে আলোচনা করেছিলাম এবং বলেছিলাম বিবেচনা করছি হাসকিং মেশিন সম্বন্ধে। আমি বলেছিলাম প্রকৃত অবস্থা দেখে যেখানে ঢেঁকি আস্তে আস্তে উঠে যাচ্ছে, গ্রামে যেখানে লোকের কর্মসংস্থান নাই, সেখানে হাসকিং মেশিন লাইসেন্স দেবার কথা ভাবছি। আমি বিশেষ করে সদস্যদের একথা বলেছিলাম যে সরকারের

পয়েন্ট অব ভিউ হচ্ছে যে হাসকিং মেশিন লাইসেন্স দিলে প্রকিওরমেন্ট এফেকটেড হবে, খাদ্য সংগ্রহ কমে যেতে পারে, সমস্যা দেখা দিতে পারে। কিন্তু আমার নিজের ধারণা হচ্ছে, অবস্থা যা এখন, মেদিনীপুর জেলায় বিশেষ করে বিপুল সংখ্যক হাসকিং মেশিন ইরেগুলার ওয়েতে চলছে। লাইসেনস না নিয়ে নানা রকম ভাবে, দুর্নীতির সুযোগ নিয়ে তারা হাসকিং মেশিন চালিয়ে যাচ্ছে। এগুলি চলা সত্ত্বেও প্রকিওরমেন্ট যা আছে তা যদি থাকতে পারে, তাহলে আমার মনে হয় কিছু হাসকিং মেশিন লাইসেন্স দেওয়া যেতে পারে। বিশেষ করে মাননীয় সদস্যরা নিজেরা স্পনসর করে, কিছু কিছু জায়গায়, অল্প অল্প সংখ্যক হাসকিং মেশিন গ্রামের মানুষদের, যারা যুবক কর্মী স্বল্প আয় করতে চান, বেকার যুবক, তাদের ছোট ছোট পার্টনারশিপ করেই হোক, আর সমবায়ের মাধ্যমেই হোক, দেওয়া যেতে পারে। আমি আবার মাননীয় সদস্যদের আশ্বাস দেব যে এই হাসকিং মেশিন লাইসেন্স দেওয়া সম্বন্ধে আগস্ট মাসেই আমি আমার সিদ্ধান্ত ঘোষণা করব। আমি এই ব্যাপারে মাননীয় সদস্যদের বিশেষ সহযোগিতা চাইছি। আমি বিশেষ করে মেদিনীপুরের নির্বাচিত জনপ্রতিনিধি বিশ্বনাথবাবু যিনি অসংখ্য হাসকিং মেশিন সম্বন্ধে বলেছেন, লাইসেন্স নিয়ে বে-আইনী করার ব্যাপার, যে সারকামস প্রেকশন সুপারভিশন করে তদারকির দরকার, সে সম্বন্ধে সাহায্য এবং পরামর্শ মাননীয় জনপ্রতিনিধি বিশ্বনাথবাবুর কাছে পাব। এই ব্যাপারে বলে আমি মাননীয় বিশ্বনাথবাবুকে কয়েকটি কথা বলব। তিনি সর্বভারতীয় কমিউনিস্ট পার্টির প্রথম সারির একজন নেতা। তিনি যে air of seriousness নিয়ে তাঁর বক্তৃতা শুরু করলেন, বক্তৃতা যখন শেষ করলেন, তখন কিন্তু মনে হল না তাঁর কথার মধ্যে কেমন সিরিয়াসনেস ছিল। বিশ্বনাথবাবু ১৯৬৭ সালের ঘটনা উল্লেখ করে বললেন যে তিনি দিল্লীতে গেছলেন, স্টেটমেন্ট করেছিলেন। ডঃ ঘোষ এ নিয়ে এমবেরাসড বোধ করেছিলেন, যুক্তফ্রন্টে এ নিয়ে গণ্ডগোলও হয়েছিল, বিশ্বনাথবাবু অন্যায় করেননি, দিল্লীতে যে ৬ জন মন্ত্রী গেছলেন অনশনের জন্য, আমি তার মধ্যে একজন ছিলাম।

[6-40—6-54 p. m.]

মাননীয় সদস্য এবং কমিউনিস্ট পার্টির নেতা বিশ্বনাথবাবুকে আমি জিজ্ঞাসা করি তিনি বুকে হাত দিয়ে বলুন আমিও অনশন করেছিলাম কিন্তু আমরা কি পেয়েছিলাম এবং সত্যকারের যুক্তফ্রন্ট সরকারের আমলের সময় যখন বিশ্বনাথবাবুও ছিলেন তখন ৫ টাকা কে. জি. চালের দর হয়েছিল কিনা? পশ্চিম বাংলায় কোথাও জনসভা হয়েছিল কিনা? আই অ্যম অলসো গিলটি। জনসভায় আমরা কনডেম করিনি। আমরা মনে করেছি যে আমরা রুলিং পার্টি আমরা অন্যায় করেছি অতএব চুপ করে বসে থাকা যাক। মাননীয় বিধানসভার সদস্য ও সি. পি. আই এর নেতা কি বলেন যে, ১৯৬৭-৬৮ সালে ৫ টাকা কে. জি. চাল হয়েছিল কিনা ও মানুষের ক্রয়ক্ষমতা পিউপল হ্যাড এডিকোয়েট পারচেসিং পাওয়ার ছিল কিনা, ৫ টাকা দরে মানুষ চাল কিনতে পেরেছে কিনা এবং তখন সরিষার তেলের দাম যে ১০ টাকা হয়েছিল তা মানুষের কেনার ক্ষমতা ছিল কিনা? সে ক্ষমতা মানুষের ছিল কিনা। আমি এই কথা বলতে চাই যে এটা তর্কের বিষয় নয়। দুই টাকা কুড়ি পয়সা কে. জি. চালের দাম চলেছে ঠিক কিন্তু সঙ্গে সঙ্গে মনে রাখতে হবে যে ২ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন চাল সংশোধিত রেশন এলাকা যা পশ্চিম বাংলায় রয়েছে সেখানে ছাড়া রাখা। এ ছাড়া মনে রাখতে হবে লেভি রাইস, লেভি ফ্রি রাইস ও রাশিয়ান ব্রোকেন রাইস এসব মিলিয়ে দেওয়া হয়েছে। এটা এখনই দেওয়া হয় নি কখনই রেশনে এতটা কভার করা হয়নি। ১৯৭২ সালের এপ্রিল থেকে জুলাই পর্যন্ত ৪ মাসের ফিগার হিসাবে আমরা ২ কোটি লোককে রেশনে কভার করেছি। আমি জিজ্ঞাসা করছি যে শ্রীবিশ্বনাথবাবু ও শ্রীওমর আলি বলুন এই যে ৭৫ পারসেন্ট অফটেক হচ্ছে এটা কি মায়া? এটা transcendental metaphysics. কাকে এসব গল্পকথা শোনাচ্ছেন শ্রীবিশ্বনাথবাবু বলুন this is fact এটা

রেশানের বাহিরে তার মধ্যে ২ কোটির উপর লোককে রেশান দেওয়া হচ্ছে এ. বি. সি. ডি. ই. ক্লাস এতে। এবং রেশনে অফ্‌টেক হচ্ছে কিনা বলুন। আজকে এই কথা কেউ বলতে পারবে না পশ্চিম বাংলায় ৫ কোটি লোকের মধ্যে কারুর অভাব নেই। অভাব আছে বলেই আমরা সজাগ আছি এবং বরাদ্দ বাড়াবার চেষ্টা করছি। অর্থনীতির ছাত্রদের আমি বুঝবার জন্য আবেদন জানাচ্ছি—আমার ভুল হলে আমাকে সংশোধন করে দেবেন। একটা রেশানের দোকানে মনে করুন বরাদ্দ করলেন। দুটো জিনিস হতে পারে রেশান দোকান স্টোরিং এজেন্ট—হোলসেল গোডাউন থেকে চাল ও গম লিফ্‌ট না করার ফলে খাদ্য দপ্তর যে ২ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন বরাদ্দ করেছে কিন্তু পশ্চিম বাংলার ১৩ হাজার রেশন দোকানের মধ্যে ১০ হাজার রেশান দোকান চাল বা গম ডিষ্ট্রিবিউটারের ঘর থেকে, স্টোরিং এজেন্টের ঘর থেকে, হোলসেলারের ঘর থেকে কেউ লিফ্‌ট করেন নি। সুতরাং থিওরিটিক্যাল চাল এবং গম অ্যারেঞ্জ করে এলট করেছেন for all the districts, for all the categories arrange to allot for all kinds of cardholders. The quantum made available for all these categories of card holders. আর একটা হতে পারে আমরা দেখেছি যে রেশান দোকান থেকে মাল লিফ্‌ট করে মিল বাট দেবার ইচ্ছা নো অফটেক। ১৩ হাজার দোকানের মধ্যে ১২ হাজার দোকান লিফ্‌ট করে নিয়ে গেল। কিন্তু দেখা গেল ২ কোটি ৮৮ হাজার লোক তার মধ্যে দেড় কোটি লোক রেশান তোলে না। তারফলে দুটো inference হচ্ছে শিডিউল করছে এর তৃতীয় কোন inference হবে না, economically সম্ভব নয়, politically সম্ভব নয় ও physically সম্ভব নয়। দুটো inference কি? হয় দেশের লোককে যখন রেশান দেওয়া হচ্ছে রেশানের দোকানের বাহিরের। ঘরের রেশানে যে চাল দেওয়া হচ্ছে cheaper variety of rice—relatively তার চেয়ে সস্তায় ও better quality rice in open market available, people cannot afford witout taking supply from the ration shops to purchase. That one inference is deducible. There is a second inference equally deducible.

এই যে ওখানে offtake হচ্ছে হচ্ছে না, তার মানে ওখানকার peoples-এর purchasing power এত নীচে গেছে যে তারা দোকান থেকে রেশান নিতে পারছে না। They can't purchase আমি পুরুলিয়ার কথা বিশেষকরে বলেছিলাম। আমি নিজে মন্ত্রী হিসাবে বলছি—পুরুলিয়ার অবস্থা ভয়াবহ মত হয়েছে এবং সরকারের সে ব্যাপারে বিশেষ দৃষ্টি দেওয়ার দরকার আছে বলে আমি মনে করি পশ্চিমবংগের অন্যান্য জেলার সংগে। এপ্রিল মাসে পুরুলিয়ার জন্য বিশ্বনাথবাবুকে আমি বলেছি, সেখানে আমি এক মাসে চার শো টন চাল allot করেছিলাম। আপনি শুনলে স্যার স্তম্ভিত হয়ে যাবেন—পুরুলিয়ার মানুষ এক টন চালের বেশী lift করতে পারে নাই, এক টন চাল মাত্র তারা তুলেছিল। এত কম offtake মানে কী? That shows the absolute poverty of the peole, the total and utter lack of purchasing power of the people of Purulia সেইজন্য আমি তখন খাদ্য দপ্তরকে প্রস্তাব দিয়েছিলাম—এই যে offtake অর্থের জন্য আটকে যাচ্ছে কী করবেন—সে বিষয়ে আপনাদের বিচার বিবেচনা করতে হবে। আমরা ১০ পয়সায় চাল বিক্রী করবার জন্য subsidy দিয়েছি। টাকা আটকে গিয়েছিল, আর্থিক দুরবস্থার জন্য। পুরুলিয়ার এই ভয়াবহ অবস্থা বিচার করে ১,৫০০ মেট্রিক টন maize F. C. I.-কে বলে সেখানে দিতে রাজী করিয়েছি, সাড়ে বাষট্টি টাকা কুইন্টাল দরে সেখানে সেটা বিক্রী করবার আমরা সিদ্ধান্ত নিয়েছি অর্থাৎ যাকে বলে ৬৫ পয়সা করে ৩ কিলো ভুট্টা যাতে পুরুলিয়ার গ্রামের প্রত্যেকটি মানুষ রেশনে পেতে পারে তার ব্যবস্থা আমরা করেছি।

**Shri Biswanath Mukherjee :** সাবসিডি দিতে কে রাজী হয় নাই?

**Shri Kashi Kanta Maitra :** আমাদের অত টাকা নেই বলে আটকে আছে। মুখ্য মন্ত্রী নিজে রাজী হয়েছেন। কিন্তু টাকাতে আটকে যাচ্ছে। আমি বিশ্বনাথবাবুকে একথা বলেছি আজকে solution lies not in indefinite extension of G R. আমি নিজে বলেছি একথা আমি যখন কংগ্রেস বিরোধীদলে ছিলাম। কংগ্রেস বিশ বছর ধরে G R., G. R. করে চীৎকার করে দেশকে ভিখারী করে দিয়েছে। সেইজন্য আমি বলতে পারি কিছুদিন আগে কাগজে পড়েছি শ্রীমতী বন্দরনায়ক তিনি বামপন্থী, ট্রটস্কিস্টপন্থী ও মার্কসিস্ট alliance করে United Front Government করেছিলেন, তিনি one kilo of rice ওদের হিসেবে one measure—প্রায় একসের করে চাল free ration to all categories of people to all categories of rationees was made available by the United Front Government of Cylon led by Shrimati Bandernaike. আপনি নিশ্চয়ই সেটা পড়েছেন। চৌ-এন-লাই যখন এসেছিলেন, তখন শ্রীমতী বন্দরনায়কের সংগে তাঁর যে আলাপ চল হয়, conversation হয়, তা থেকে জানা যায়—চৌ এন-লাই তাঁকে বলেছিলেন আপনি করছেন ক? আপনি কি মনে করেন Socialism-এর পথ মানে মানুষকে begging-এর পথে নিয়ে যাওয়া? তারপর শ্রীমতী বন্দরনায়ক—It is reported in the Press that she had since discontinued supply of free ration to all categorieg of people.

আজকে প্রশ্ন হচ্ছে ১৯৬১ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত কোন public spending হয় নি in the rural sector. We have not pumped sufficient money into circulation particularly in the rural sector. কোন টাকা দেননি তাঁরা। সেইজন্য আমাদের নেতা মুখ্যমন্ত্রী জলপাইগুড়ি ও উত্তর বংগের বিভিন্ন স্থান সফর করবার সময় খুব ন্যায্য কথা বলে দিয়েছেন খুব পরিষ্কারভাবে ও বলিষ্ঠভাবে যে আমরা road developmentএ খরচ করবো, হাসপাতাল এবং অন্যান্য উন্নয়নমূলক কার্যে খরচ করবো ও Industrial Development-এর খরচ করবো—তবে সেই টাকাটা pumped হয়ে সাধারণ মানুষের পকেটে যাবে এবং গ্রামের মানুষের মধ্যে টাকার circulation বাড়বে।

**Shrimati Geeta Mukhopadhyaya :** পশ্চিমবঙ্গে এই যে crop failure একটা গুরুতর অবস্থার সৃষ্টি করেছে, তার কি কোন inplication নেই ?

**Shri Kashi Kanta Moitra :** মাননীয় ভগিনী গীতা মুখার্জি যা বলেছেন—আমি তাঁর সঙ্গে সম্পূর্ণ একমত। তাহলে আপনারা হাউসে বলুন—50 per cent of the people should be maintained on G. R. এ সম্বন্ধে একটা resolution নিয়ে হাউসে বলতে হবে। আমার আপত্তি নাই। আমি রাজী আছি। বলুন পশ্চিম বাংলার এই সমস্ত ডেভেলপমেন্ট খাতের টাকা বন্ধ করতে হবে। তাহলে অধ্যাপক অসমঞ্জ দে কালকে এসে বলবেন, নরেন চাকী এসে বলবেন, শিবদাস ভট্টাচার্য এসে বলবেন, গিয়াসুদ্দিন আহম্মেদ এসে বলবেন, স্কুলে কলেজের মাষ্টারমশাইরা এসে বলবেন প্রাইমারি স্কুলের টাকা বন্ধ করেছেন, কলেজের টাকা বন্ধ করেছেন। এতো মন্ত্রে কিছু হবে না! আলিবাবার ওপেন সিসিম্, চিচিং ফাঁক বলে দিলাম, মন্ত্র আউড়ে গেলাম, আর টাকা এসে গেল। আমাদের মাননীয় জ্যোতির্ময় মজুমদার বলে গেছেন যেমন এমন না যে প্রচুর ভাণ্ডারে রয়েছে চিচিং ফাঁক বললাম—আর টাকাকড়ি সব পিল্ পিল্ করে বেরিয়ে এল! তা তো নয়। এখানে hard labour চাই। সমাজতন্ত্রের কথা খুলে বারবার উচ্চারণ করলেই হবেনা।

**(A voice : কাজ করান, খেতেদিন)**

সেজন্য আপনাদের সহযোগিতা চাই। মাননীয় বিশ্বনাথবাবু যে কথা বললেন আজকে যে পরিস্থিতি আমরা করাতে চাচ্ছি তিনি বললেন। কিন্তু আমি সমালোচনার বিরুদ্ধে নই। আমি তো চাচ্ছি সমালোচনা হোক্। আমি তো প্রারম্ভিক ভাষণে বলেছি সদস্যরা আমার সমালোচনা করুন, কিন্তু আমি নিরাশ হয়েছি। আমার প্রারম্ভিক ভাষণে একথা বলেছি যে আপনারা কঠোর সমালোচনা করুন। কিন্তু আমি একটু নিরাশ হয়েছি। আমাদের সি. পি. আই বন্ধুরা কম সমালোচনা করেছেন। আমাদের কংগ্রেস সদস্যরা নির্মমভাবে সমালোচনা করেছেন—আপনারা সেরকম করেন নি। আজকে আপনারা সমালোচনা করুন, গঠনমূলক প্রস্তাব দিন। তাহলেই তো আমরা ঠিক পথে চলতে পারবো। আমি চাই কঠোর সমালোচনা যার দ্বারা আমরা আমাদের কাজকে সুষ্ঠুপথে নিয়ে যেতে পারবো। বিশ্বনাথবাবুর কথায় আমি একটু নিরাশ হয়েছি। ফেমিন সম্বন্ধে I want to seclare with my humble and limited experience that in spite of flood, in spite of continued drought, there shall not be famine in this State. দুর্ভিক্ষ হবে না। এই আত্মবিশ্বাস নিয়ে আমাদের চলতে হবে। আরও সঙ্কট আসতে পারে, আরও খাদ্যাভাব হতে পারে। আমরা প্রত্যেকে কম খেয়ে দেশকে বাঁচাবো। আমি স্বামীজীর আদর্শে বিশ্বাসী। So long any individual dies of starvation I will call the leader of the country, or any citizen a traitor. এবং আজকে যদি পশ্চিম বাংলার কোন জায়গায় কোন মানুষ না খেয়ে মারা যায়, এবং সেখানে যদি আমাদের কোন ত্রুটি থাকে, কোন রকম প্রশাসনিক অব্যবস্থা থাকে তাহলে আমরা নিজেরা তারজন্য দায়ী থাকবো এবং আমি ব্যক্তিগতভাবে তারজন্য দায়ী হবো বলে মনে করি। আমি আতঙ্ক ছড়াবার বিরোধী—তাই বলে আপনারা সমালোচনা করবেন না একথা আমি বলি নি। বিশ্বনাথবাবুর মত একজন প্রথম সারির নেতা—তিনি বললেন দুর্ভিক্ষের পদধ্বনি তিনি নাকি শুনতে পাচ্ছেন। এই রকম বললেন মজুতদার বা মুনাফাখোর একেবারে মজা পেয়ে যাবে—তারা দেশকে এক্সপ্লয়েট করবার চেষ্টা করবে।

**Shri Biswanath Mukherjee :** তারা ভাল করেই জানে—তাদের আর বলতে হবে না, আপনারা যদি পারেন ওয়েল অ্যাণ্ড গুড আপনারা প্রতিরোধ করবার চেষ্টা করুন।

**Shri Kashi Kanta Maitra** : আমি বিশ্বনাথবাবুকে বিনয়ের সঙ্গে বলছি যে তিনি যেকোন দুর্নীতির অভিযোগ আনুন—নাম দিয়ে লিখে দিন যে ঐ মুনাফাখোর, ঐ চোরাকারবারী চাল নিয়ে চোরাকারবার করছে—ভেজালের সংগে জড়িত আছে। আমি তাঁকে এই কথা বলে দিতে পারি যে এই কংগ্রেস সরকার তার সমস্ত শক্তি দিয়ে তার বিরুদ্ধে দাঁড়াবে, সে যেই হোক তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে। আজকে আমি একথা বলছি যে আমিও আপনাদের সংগে একমত যে মানুষের ক্রয়ক্ষমতা ক্রমশ: সংকুচিত হয়ে আসছে। সেদিকে আমি সবাইকে অনুরোধ করছি যে আপনারা তারজন্য চাপ সৃষ্টি করুন। এ ব্যাপারে আমি শ্রীবিশ্বনাথ মুখার্জীকে, শ্রীমতী গীতা মুখার্জীকে এবং এই সভার সমস্ত সদস্যদের অনুরোধ করবো। আজকে প্রত্যেক জেলায় জেলায় উন্নয়নমূলক কাজের জন্য যে টাকা বরাদ্দ হবে—প্রশাসনিক গাফিলতির জন্য এবং কোন অফিসারের গাফিলতির জন্য সেই উন্নয়নের জন্য বরাদ্দ করা টাকা যদি খরচ করতে না পারে If the amount is sent back unspent that would be considered as an unpardonable crime on the part of the Administrations. তারজন্য আমরা কঠোর ব্যবস্থা নেবো এবং তারজন্য আমরা প্রত্যেকে দায়ী থাকবো এবং সেজন্য আপনারা চাপ সৃষ্টি করুন। প্রত্যেক জেলায় এই উন্নয়নমূলক কাজের জন্য একটি করে প্ল্যানিং বোর্ড করা হবে—এবং সেই প্ল্যানিং বোর্ডে আমাদের বিধানসভার সদস্যরাও থাকবেন। এইভাবে যদি আমরা সংকল্প নিয়ে চলতে পারি তাহলে নিশ্চয় গ্রামবাংলাকে বাঁচাতে পারবো—শহরকে বাঁচাতে পারবো। আমরা

দেখবো এই উন্নয়ন খাতের টাকা সুনির্দিষ্ট টাইম সিডিউল-এর মধ্যে খরচ করতে পারছে কিনা, এবং তাহলেই আমরা মানুষের দুর্গতি দূর করতে পারবো। আমি আপনাদের জানিয়ে রাখছি যে এই সংকট সম্বন্ধে আমরা সচেতন আছি। The hurder the struggle, the grimmer the battle, the more critical the picture, the more glorious would be our victory,

বন্দেমাতরম্, জয়হিন্দ।

**Mr. Speaker :** The discussion on food is concluded. The House stands adjourned till 1 p. m. on Thursday, the 3rd August, 1972.

### Adjournment

The House was accordingly adjourned at 6-54 p. m. till 1 p. m. on Thursday, the 3rd August, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on 'hursday, the 3rd August, 1972, at 1 p. m.

**Present**

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 2 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 170 Members.

**Oath or Affirmation of Allegiance**

[—1-10 p. m.]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not made 1 Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

**STARRED QUESTIONS**

**(to which oral answers were given)**

**Appointment of Mechanical-cum-Electrical Engineer**

***478.** (Admitted question No. *1266 ) **Shri Ramendra Nath Dutta :** Will the Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services (Dairy Development) Department be pleased to state—

(a) if it is a fact that after installation of this Government on 20th March, 1972, the Joint Secretary and Project Administrator under W.F.P. (operation flood) 618 in the Directorate of Dairy Development and Animal Husbandry appointed any one as Mechanical-cum-Electrical Engineer in the pay scale of Rs.420—900 ;

(b) if the answer to (a) be in the affirmative, then—

(i) what was the qualification of the person appointed,

(ii) what was the prescribed qualification ; and

(c) if any complaint in this regard was received by the Hon'ble Minister-in-charge and, if so, what step was taken ?

**Shri Kashi Kanta Maitra :** (a) Yes, a post of Sub-Assistant Engineer in the scale of pay of Rs.300—600 per month—not in the scale of pay of Rs.420—900—has been filled up. Shri Biplab Adhikary, a surplus junior technical and mechanical engineer of the Refugee, Relief and Rehabilitation Department, was appointed in this post by Project Administrator and Co-ordinator and ex-officio Jt. Secy. to the Government of West Bengal, Animaly Husbandry and Veterinary Services Department on 28th March, 1972. He joined the post on 1st of April, 1972.

(b) The person appointed holds a diploma in mechanical and electrical engineering under Board of Apprenticeship Training, Government of West Bengal. Qualifications have not yet been prescribed specifically for this post of Sub-Assistant Engineer. So, it is not necessary to prescribe qualification for the post concerned before any person could be considered suitable for appointment to the post by the appointing authority.

(c) A complaint was received by the Minister-in-charge and a report was called for from the Department which has been submitted to the Minister-in-charge and is under his consideration. Original certificates of the incumbent have been called for and the whole question, including the procedure of recruitment, is under thorough investigation by the Department.

**Shri Ramendra Nath Dutt :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, পি এস সি থেকে এটার অ্যাপ্রুভাল নেওয়া হয়েছিল কিনা বা ডিপার্টমেন্ট বিনা এডভার্টাইসমেন্টে খুশীমত অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন কিনা ?

**Shri Kashi Kanta Maitra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্যকে জানাচ্ছি যে পি এস সি থেকে অ্যাপ্রুভাল নেওয়া হয়নি এবং আগেই বলেছি উচ্চ বেতনসম্পন্ন এই কর্মসংস্থানের জন্য যে রিক্রুটমেন্ট রুলসের দরকার সেই রিক্রুটমেন্ট রুলস তৈরী হয়নি। সেইজন্য যখনই মাননীয় বিধানসভার সদস্যের কাছ থেকে অভিযোগ পেয়েছি সংগে সংগে সমস্ত বিষয়টা তদন্ত করার জন্য আমি নির্দেশ দিয়েছি। আমি নিজে ব্যক্তিগতভাবে সমস্ত অরিজিন্যাল সার্টিফিকেট ইত্যাদি চেয়ে পাঠিয়েছি। তা ছাড়া আগেই বলেছি যে কি পদ্ধতিতে বা কি অবস্থায় এই ব্যক্তিকে এত বেশী মাহিনার চাকরিতে নেওয়া হল সমস্ত বিষয়টা তদন্তের জন্য আমি নির্দেশ দিয়েছি।

**Shri Ramendra Nath Dutt :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বি ও এ টি পাশ করেছে, এটা কি কিছু ভালো কোয়ালিফিকেসান ? সাব অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার পোষ্টের জন্য এত সব কোয়ালিফায়েড লোক পড়ে আছে—আপনি জানেন, এল এম ই, এল সি ই অনেক পাশ করে বসে আছে, তা ছাড়া বহু ইঞ্জিনিয়াররাও পড়ে আছে, তাদের মধ্যে থেকে না দিয়ে এই সামান্য বি ও এ টি ট্রেণ্ড লোক নেওয়া হল কেন মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**Shri Kashi Kanta Maitra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য যে সেন্টিমেন্ট এই হাউসে ব্যক্ত করেছেন, আমি তার সংগে সম্পূর্ণ একমত। আমি ব্যক্তিগতভাবে বলছি সেখানে

যখন মাননীয় বিধানসভার সদস্যরা আমাকে লিখিতভাবে জানিয়েছিলেন তখন সেইদিনই তদন্তের নির্দেশ দিয়েছি এবং সেই জন্যই আমি জানতে চেয়েছি তাদের অরিজিনাল সার্টিফিকেট কি আছে সেগুলি দেখাতে হবে। আমি আপনার সংগে একমত যে এই ধরনের চাকুরীর ক্ষেত্রে কোয়ালিফায়েড ইঞ্জিনিয়ারস যারা আছেন, বি ই বা এল এম ই যারা রয়েছেন তারা হলেই আমি সবচেয়ে খুশী হব এবং হওয়া উচিতও। কিন্তু এখন রিক্রুটমেণ্ট রুলস তৈরী হয়নি, সেই জন্য আমি আইনত: বলতে পারছি না। এই চাকুরি বি ই বা এল এম ই যারা আছেন তাদেরই হওয়া উচিত, এই কথা আমি বলতে পারতাম যদি রিক্রুটমেণ্ট রুলস হয়ে থাকতো এবং রিক্রুমেণ্ট রুলস নতুন করে করা হয়েছে বলেই অসুবিধা হয়েছে, কিন্তু তা সত্ত্বেও তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। তবে মাননীয় সদস্যদের আমি এই ব্যাপারে আশ্বাস দিতে পারি যে আইনত: যা কিছু করণীয় আছে তা নিশ্চয় করা হবে।

**Shri Ramendra Nath Dutt :** আপনি দেখুন রিক্রুমেণ্ট রুলস ফলো করা হয়নি, অথচ লোকটি আণ্ডার-কোয়ালিফায়েড। যে ডিপার্টমেণ্ট থেকে তাকে পুস ব্যাক করে আনা হয়েছে সেই ডিপার্টমেণ্টে তাকে ফেরত পাঠাবেন কিনা, সেটা বলবেন ?

**Mr. Speaker :** The question does not arise.

**Shri Aswini Roy :** এই অ্যাপয়েণ্টমেণ্ট নিশ্চয় টেম্পোরারি। আইনত: প্রভিসন আছে বা নানা রকম নিয়ম রুলের মধ্যে আছে যে পারমানেন্সী করার সময় সেই পোস্ট যখন পারমানেণ্ট ডিক্লেয়ার হচ্ছে তখন আবার রি-একজামিনেসন করা যেতে পারে, অ্যাডভার্টাইজ করা যেতে পারে যে এর চেয়ে হায়ার কোয়ালিফিকেসনের লোক দরকার। সেই টেস্টে যদি উনি উত্তীর্ণ হন তাহলে মোটামুটিভাবে উনিই পারমানেণ্ট পোস্ট পাবেনা। কাজেই এই ধরনের কোন ব্যবস্থা করার কথা আপনি চিন্তা করবেন কিনা, জানাবেন ?

**Mr. Speaker :** I think the matter is under thorough investigation. So this question does not arise at all.

**Shri Ramendra Nath Dutt :** ইনভেস্টিগেসনের কি হবে সেটা আমাদের জিজ্ঞাস্য আছে।

**Mr. Speaker :** That will be hypothetical ইনভেস্টিগেসনের পরে কি হবে, তারপরে কি হবে, যদি এই হয় তাহলে তার আনসার কি হবে—এটা একটা হাইপথেটিক্যাল ব্যাপার।

**Shri Ramendra Nath Dutt :** স্যার, এ ব্যাপারে আমরা একটা সাজেসান রাখতে পারব না ?

**Mr. Speaker :** No suggestion ; you can only elicit information in question hour.

**State Wild Life Board**

***479.** (Admitted Question No. *1276.) **Dr. A. M. O. Ghani :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) if there was a State Will Life Board ;

(b) if so, is the Board existing at present and if so the names of members of the Board ;

(c) if it is a fact that the Board is going to be reconstituted with official, non-official and some members of the Legislative Assembly;

(d) if it is a fact that some States have got Honorary Forest Officer interested in preservation of wild life;

(e) is the Government aware that—

(i) a large number of Rhinoes have been killed by poachers in Jaldapara and Ghoramara goucharies,

(ii) a tiger not declared a man-eater or cattle lifter was killed by a Beat Officer in the Sarang Forest in Darjeeling district; and

(f) is the Government aware that a large number of spotted deer are trapped and killed in violation of existing laws and their venison sold in some of the markets of Calcutta?

**Shri Sitaram Mahato:** (a) Yes.

(b) No.

(c) No.

(d) So far as is known to this Government, Gujerat has honorary game wardens for preservation of wild life.

(e) (i) Yes, in Jaldapara and Gorumara (and not Ghoramara) Sanctuaries;

(ii) There is no forest called' Sarang Forest' in the district of Darjeeling.

(f) Government are aware that large number of spotted dear are openly sold in Calcutta markets. Enquiry reveals that they were mostly brought from some of the outside states where shooting of spotted dear was open. Covernment has received reports of trapping of deer inside the ·Sundarban Forests and of the sale of venison in the neighbouring bazars.

**Dr. A. M. O. Ghani:** মাননীয় মন্ত্রিমহাশয় 'এ'তে বললেন যে একটি স্টেট ওয়াইলড লাইফ বোর্ড ছিল। আবার কিন্তু 'বি'তে তিনি বলেছেন, নাম বলুন—নাম নেই, আবার রিকনষ্টিটিউট হবে কিনা তাও বলেন নি। তাহলে এই যে ছিল, সেটা এখনও আছে কি?

**Shri Sitaram Mahato:** না, এখন নেই, আগে ছিল।

**Dr. A. M. O. Ghani:** আবলিস কেন করা হয়েছে সেটা আপনি বলেন নি। অনারারি ফরেষ্ট অফিসার—আপনি এর উত্তরে বলেছেন আপনার জানা নেই, ওয়াডের্ন্স আছে। কিন্তু ১৯৫৮ সালে ডা: বিধানচন্দ্র রায়ের সময়ে এই অনারারি ফরেষ্ট অফিসারস ওয়ার অ্যাপয়েন্টটেড হয়, সে সম্বন্ধে আপনি কিছু জানেন কি?

**Shri Sitaram Mahato:** এটা আমি পড়ে দিচ্ছি। Under the Indian Forest Act there is provision to appoint Honorary Forest Officers. This Government had in the past such officers appointed. But this was discontinued from 1961-62 as the system was not giving the desired benefit.

[1-10—1-20 p. m.]

**Dr. A. M. O. Ghani** :মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন State Board এবং Fores Officers recruit করা হত from some very highly qualified wild lif specials যারা devoted, এই wild life preservationএ ছিলেন, তাদেরকে বাদ দিয়ে এখন আপনারা কোন সুবিধা বোধ করছেন কি ?

**Shri Sitaram Mahato** : আমরা এখন চিন্তা করছি যে wild life এর যে boar ছিল, সেটাকে পুনরায় revive করার চেষ্টা করছি।

**Dr. A. M. O. Ghani** : মাননীয় মন্ত্রিমহাশয়, এই রকম প্রশ্ন আমি আগে করেছিলাম এই Rhinoes এর horn কি করে marketএ বিক্রি হয় আপনি এটা জানেন যে এক একট horn ৪ হাজার, ৫ হাজার টাকা কিলো হিসাবে বিক্রি হয়। Male horn প্রায় ২ কিলোর মত এবং femail horn প্রায় দেড় থেকে ২ কিলোর মত হয় তার মানে প্রত্যেক hornএর উপরে ৭ হাজার, ৮ হাজার, ১০ টাকা লাভ পাওয়া যায়, এইজন্য কি Rhinoes poaching বেশী হচ্ছে ?

**Shri Sitaram Mahato** : আমার ধারনা তাই।

**Dr. A. M. O. Ghani** : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি কি জানেন যে এর উপর এত লোভ কেন ? এটা একটা superstition আছে। এই Rhinoes horn-এর powder করে sexual stimulant হিসাবে ব্যবহার করা হয়, it is a very protective superstition, এটা counteract করার জন্য কিছু করছেন কি ?

**Shri Sitaram Mahato** : এটা চিন্তা করছি।

**Dr. A, M. O. Ghani** : মাননীয় মন্ত্রিমহাশয়, এই tigar সম্পর্কে একটা misprint হয়েছে। Sarang বলে কোন forest নেই Sevoke Forest বলে আছে। ওখানে tiger মারা হয়েছে দুঃখের বিষয় আপনাদেরই একজন Officer মেরেছেন tiger আপনি বোধ হয় দেখেছেন ১২ই যুগান্তরে নাম এবং ছবি সহ। এটা আইন বিরুদ্ধ, tiger has not been declared man-eater or cattle-eater, তাকে কেন মারা হল এইভাবে এবং যিনি মেরেছেন তার শাস্তি হয়েছে কি ?

**Shri Sitaram Mahato** : মাননীয় অধ্যক্ষমহাশয়, এ সম্পর্কে আমি জানাচ্ছি In the Sevoke Forest in Darjeeling District the son of a forest Guard was killed by a carnivorous, man-eater. A cow was killed by the tiger in the Forest village. In the meanwhile, a cow-boy looking after the cows was also chased. After a few days, a tiger attacked a party of forest workers. The beat Officer-in-charge fired in defence and killed the animal, It was found that the tiger which was shot was badly wounded having gangrenous wounds and an injured leg. After this, there is no case of any attack by man-eaters in the locality.

**Dr. A. M. O. Ghani** : মাননীয় মন্ত্রিমহাশয়, there were reasons এই যে matter এটা Chief Conservator of Forests এবং Forest Department এর Secretary, State Governmentএর Chief Secretary, Darjeeling এর District Magistrate সকলকে জানান হয়েছিলো। কেউ বলেননি ঠিকভাবে এটা মারা হয়েছে। কিন্তু কোন উত্তর আসেনি ?

(উত্তর নেই)

**Shri Md. Safiulla :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন Chief Conservator Officer এর বিরুদ্ধে বারবার অভিযোগ করা হয়েছে, Vigilance Commission এর report থাকা সত্ত্বেও তার বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হচ্ছেনা কেন ?

**Mr. Speaker :** The question does not arise.

**Shri Md. Safiulla :** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনার ডিপার্টমেন্ট আমাদের ভুল তথ্য সরবরাহ করেছে, Chief Conservator of Foresets জানাচ্ছেন কারণ এখন যদি ৪৪টি গণ্ডার থেকে থাকে তাহলে ৩ বছর আগে ৭১টি গণ্ডার থাকা উচিত। কিন্তু Chief Conservator of Forests এম. লাহিড়ী ১৬টির কথা বলেছেন, এই রকম ভুলতথ্য যে দিয়েছেন তার বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন ? এটা আজকের যুগান্তরের এডিটোরিয়ালে আছে। সেটা জানাবেন ?

**Shri Sitaram Mahato :** এসমস্ত যদি particular অভিযোগ দেন তাহলে আমি ব্যবস্থা করবো।

**Shri Md. Safiulla :** মাননীয় মন্ত্রিমহাশয়, কি জানাবেন এই Chief Conservator of Forests তিনি Brite Streetএ ২ লক্ষ টাকার একটা বাড়ী করেছেন। এবিষয়ে অভিযোগ আমার কাছে আছে আমি তার নক্সা দিয়ে দেবো, একজন অফিসার এই রকম বাড়ী কি করে করেন, এই অভিযোগ আমার কাছে আছে ?

**Mr. Speaker :** The question does not arise. It may be a fact or may not be a fact but the supplementaty does not arise out of this question.

**Shri Md. Safiulla :** আপনি টাইগারের কথা যা বলেছেন, আমি এই সভাতে আগে জানিয়েছিলাম, সুন্দরবনে বাঘ গননা করার সময় রাতের অন্ধকারে বাঘ মারা হয়েছে, এই আশঙ্কায় যারা কভার্ড ছিল, আমি হাউসে বলেছিলাম, এই নিয়ে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন বলবেন কি ?

**Mr. Speaker :** Even this question does not arise.

**Shri Md. Safiulla :** আপনি জলদাপাড়ার গণ্ডারের যে সংখ্যা দিয়েছেন, সেই সংখ্যা সঠিক কি না সেটা যাচাই করেছেন কি ? মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি নিজে তো জলদাপাড়া ফরেস্টে গিয়েছিলেন, আপনি বলুন তো ক'টা গণ্ডার সেখানে দেখতে পেয়েছেন ?

**Mr. Speaker :** The Speaker got no eyes to see and no ears to hear. I can only speak in my Chamber.

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই বিষয়টা নিয়ে বিগত কয়েকদিন আগে একবার প্রশ্ন উঠেছিল, কিন্তু খবরের কাগজে এবং বিধানসভার সদস্যরা বিভিন্নভাবে বুঝিয়ে বলার চেষ্টা করেছেন যে ওখানে এক প্রকারের বিদেশী, যারা পশু মারে এমন ধরনের পর্যটক পশু মেরে যাচ্ছে এবং তার ফলে পশুর সংখ্যা কমে যাচ্ছে এবং আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে সমস্ত খবর খবরের কাগজে বেরোয়, তা নিশ্চয়ই আপনার দপ্তরের যায়, এবং এই যে অফিসারদের শৈথিল্যের দরুন, মি: কনক লাহিড়ীর শৈথিল্যের দরুন—বিদেশী পর্যটকরা আসছে এবং পশু মারছে এবং যে সংখ্যক গণ্ডার আছে তার ভুল তথ্য পরিবেশন করে জনসাধারণের মনে একটা বিভ্রান্তির সৃষ্টি করছে, সংগে সংগে সরকারকে অন্যপথে পরিচালিত করছে, এই ব্যাপারে আপনি কি ওয়াকিবহাল আছেন ?

**Shri Sitaram Mahato :** মাননীয় সদস্য যা বললেন, এই তথ্য সম্পর্কে নিশ্চয়ই দেখবো এবং যাতে ভবিষ্যতে এই ধরনের তথ্য না দেওয়া হয় এবং এই ধরনের তথ্য সম্পর্কে তর্কবিতর্ক না হয়, কারোর মনে সন্দেহ না থাকে সেই সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করবো।

**Shri Abdul Bari Biswas :** আমার উত্তর হ'ল না, আমি এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, যেখানে আসামের কাজিরাংগা অভয়ারণ্যে গত ছয় বছরে গণ্ডারের সংখ্যা বেড়ে দ্বিগুণ হয়েছে, তখন শ্রী লাহিড়ীর নিজের হিসাব অনুযায়ী গণ্ডারের সংখ্যা গত তিন বছরে ৭৬ থেকে ৪৪এ এসে দাঁড়িয়েছে। এইযে একটা ভয়াবহ অবস্থা এবং সেখানে খবরের কাগজে শ্রী লাহিড়ী বলেছেন একটা আন্তর্জাতিক দল এইসব গণ্ডার হত্যার পেছনে আছে, এই ধরনের খবর খবরের কাগজে বেরিয়েছে, আমি বলছি ইতিমধ্যে গণ্ডার মারতে মারতে আরও কমে গেছে, কিন্তু ভুল তথ্য দেওয়া হচ্ছে কেন? যে জায়গাটা এক শ্রেণীর বিদেশী পর্যটকদের আকর্ষণ ছিল এই গণ্ডার দেখার জন্য, সেটা নষ্ট হয়ে যাচ্ছে, এইযে বিপথে পরিচালনা করছেন যে অফিসার মিঃ লাহিড়ী, যদি এই কথা সত্য হয় তাহলে আপনি এই বিষয়ে কোন সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছেন কি না এবং এর বিরুদ্ধে পজিটিভ অ্যাকসন নেওয়া হবে কি না?

**Shri Sitaram Mahato :** আমি অ্যাকসন নিশ্চয়ই নেবো।

**Shri Md. Safiulla :** মাননীয় অধ্যক্ষমহাশয়, গরুমারা স্যাংচুয়ারীতে গতবারের সেন্সাস অনুযায়ী ১২টি গণ্ডার ছিল, এখন ছয়টিতে এসে দাঁড়িয়েছে সি. সি. এফ. বলেছে। কিন্তু সেই ছয়টিও ডিজঅ্যাপিয়ার হয়ে গেছে, নষ্ট হয়ে গেছে, আপনি এই সম্পর্কে কিছু আলোকপাত করবেন কি? আমাদের কারেক্ট খবর দেবেন কি?

**Shri Sitaram Mahato :** এই সম্পর্কে ভালভাবে জেনে জানাবো।

**Shri Md. Safiulla :** যদি এইরকমভাবে চলতে থাকে তাহলে এই জিনিস রক্ষা করা যাবে না। পাশে কাজিরাংগা অভয়ারণ্যে যেখানে গণ্ডারের সংখ্যা বেড়ে দ্বিগুণ হয়েছে, সেই অনুযায়ী আমাদের এখানে ১৯৬৫-৬৬ সালে যেখানে ৩৬৬টি রাইনোসিরাস ছিল সেখানে আস্তে আস্তে সেইগুলো যে ডিজঅ্যাপিয়ার্ড হয়ে যাচ্ছে, এরজন্য কি ব্যবস্থা নিচ্ছেন?

**Shri Sitaram Mahato :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই সম্পর্কে যথাযথ ব্যবস্থা অবলম্বন করবো, আমি এই আশ্বাস দিচ্ছি।

[1-20—1-30 p. m.]

**Shri Sukumar Bandhopadhyay :** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে বন্যপ্রাণীদের সংরক্ষণ সম্বন্ধে সংবাদপত্রে যেসমস্ত কার্টুন বের হয় তা আপনার কাছে পৌছায় কি না?

**Shri Sitaram Mahato :** হ্যাঁ, অনেক কার্টুন আমার কাছে পৌঁছায়।

**Shri Sukumar Bandhopadhyay :** তাহলে সেই যে কার্টুনগুলো পৌঁছায় তার ভিত্তিতে কি পথ গ্রহণ করেছেন জানাবেন কি?

**Shri Sitaram Mahato :** আমার কাছে যে কয়টি খবর এসেছে সে সম্বন্ধে আমি ইতিমধ্যেই অনুসন্ধান করবার নির্দেশ দিয়েছি।

**Shri Sukumar Bandhopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে হ্যাঁ, তার কাছে যেসমস্ত সংবাদপত্রে বিবরণ বের হয় সেই সমস্ত কাটিং আসে এবং তিনি দেখে থাকেন। তাহলে মন্ত্রিমহাশয় দেখবার পর সেই সম্পর্কে তিনি কি করেছেন তা সুস্পষ্টভাবে এই সভাকে জানাবেন কি?

**Shri Sitaram Mahato** : আমি অনুসন্ধান করছি, পরে জানাবো।

**Mr. Speaker** : Mr. Bandhopadhyay, the range of your question is very wide. It does not come under the purview of this present question as supplementary.

**Shri Abdul Bari Biswas** : ৩রা, আগস্ট ১৯৭২ সালে মানে আজ যুগান্তর পত্রিকায় বের হলো যে ১৬ মাসের মধ্যে ৩৭টি গণ্ডার মারা গিয়েছে। তা আমরা মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি এই যে, তৃতীয় অ্যাডিটোরিয়ালে যে খবর বের হয়েছে এইটা আপনার কাছে গিয়াছে কিনা, এবং এইযে গণ্ডারগুলি মারা গিয়েছে এই সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**Shri Sitaram Mahato** : সংবাদপত্রের খবর দেখেছি, এই সংবাদের সত্যাসত্য এখনও পরীক্ষা করে দেখা হয় নি। আমি সেই সম্বন্ধে অনুসন্ধান চালাচ্ছি।

**Shri Abdul Bari Biswas** : আমরা ১৪ দিন আগে প্রশ্ন দিই আর আজকে খবর বেরিয়েছে, এই ১৪ দিনের মধ্যে যদি বন্য পশুদের রক্ষা এবং সেখানকার কি প্রকৃত অবস্থা তা জানা না যায় তাহলে এইটা অত্যন্ত বেদনাদায়ক।

**Mr. Speaker** : Mr. Biswas, the Hon'ble Minister has given an assurance that he will inquire into the matter.

**Shri Abdul Bari Biswas** : আমি উত্তর চাইছিলাম যে বন্য পশুদের যে সংখ্যা ছিল সেই সংখ্যা আছে কি না, এবং যদি এই ১৬ মাসের মধ্যে ৩৭টি মারা গিয়ে থাকে তাহলে এর কারণ কি—ঐ বিদেশী পর্যটক যারা সেখানে গিয়ে থাকেন তারা যদি হয়ে থাকেন তাহলে এই বিষয়ে বিভাগীয় কর্তৃপক্ষ কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন কি না ?

**Dr. Gopal Das Nag** : Sir, the Minister can collect facts and thereafter make a statement after a few days.

**Mr. Speaker** : Yes, that will be better. As the members are agitated over this question, I think, the Minister may make a statement, later on, which I will allow him to do under Rule 346.

I have also my personal experience of the Jaldahpara Forest but I will not make any comment. However, as the members are agitating the Minister may kindly come prepared and make a statement for the satisfaction of the members.

I understand, there is also a notice of a motion on the same subject before the House. It will be placed before the Business Advisory Committee, today, a meeting of which is to be held today.

**Dr. A. M. O. Ghani** : মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আপনি জানেন ওয়ায়িল্ড লাইফ-এর দ্বারা অনেক ফরেন টাকা আনা হয়, এবং সেইজন্য মন্ত্রিমহাশয় যেসব স্টেটমেন্ট দিয়েছেন তাতে দেখেছি ফরেস্ট ডিপার্টমেন্ট যেভাবে ওয়ার্ক করা উচিত সেভাবে করছে না, তাতে আমি এই কথা বলছি যে দুটো ওয়ায়িল্ড লাইফ প্রিসারভেসান্ অফ গেমস অ্যাসোসিয়েসন আর তীসস্তা-তোর্ষা গেম অ্যাসোসিয়েসন আছে তার একটাকে রেজিস্টার্ড করেছেন, ঐ জলপাইগুড়িরটা কিন্তু যেটার কলকাতায় আমাদের এলাকায় অফিস রয়েছে, আমার কনসটিটিউএনসির মধ্যে অফিস রয়েছে এবং মস্ত বড় বড় লোক সব তার মেম্বার রয়েছেন, তাদেরকে আপনি রেজিস্ট্রেসন করছেন না। এইটা হলে অনেক সাহায্য হয় সেইজন্য আমি জিজ্ঞাসা করছি যে এইটা করবেন কি না ?

**Shri Sitaram Mahato :** হ্যাঁ, নিশ্চয়ই করব।

**Shri Md. Safiulla :** আমরা জানি man-eater ডিক্লেয়ার হলে বাঘ মারা হয়। যদি এই রীতি হয়ে থাকে তবে সেই নরখাদকরা কোথায় ছিল যখন কুমায়ুনে man-eater ডিক্লেয়ার হল, যখন ধানওয়ারাতে man-eater ডিক্লেয়ার হল? তখন কোথায় ছিল, অথচ এখানে মারল, তাহলে কি man-eater ডিক্লেয়ার না হলে বাঘ মারা যাবে না, না-কি এমনি মারা যাবে, দয়া করে জানাবেন?

**Shri Sitaram Mahato :** এখন যা নিয়ম man-eater ডিক্লেয়ার হলে মারা যাবে।

**Shri Md. Safiulla :** যদি শান্ত হয়ে থাকে তাহলে এই বাঘগুলোকে কেন মারা হচ্ছে, এটা কি নিশ্চয় অন্যায় করা হচ্ছে না?

**Shri Sitaram Mahato :** মাননীয় অধ্যক্ষমহাশয়, যেসমস্ত চাঞ্চল্যকর তথ্য রাখা হচ্ছে আমি বলি এই সম্পর্কে একটা পূর্ণ তথ্য আমি হাউসে দেব।

### হিমঘর কর্মীদের প্রভিডেন্ট ফাণ্ড

*৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৬।) **Shri Aswini Roy :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবংগ রাজ্যে যে সকল হিমঘরে এখনও প্রভিডেন্ট ফাণ্ড প্রকল্প কার্যকরী হয় নাই সেই সকল হিমঘরে উক্ত প্রকল্প চালু করার কোনও কর্মসূচী আছে কি; এবং

(খ) থাকিলে, তাহা কি?

**Dr. Gopal Das Nag :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**Shri Aswini Roy :** তাহলে যে সমস্ত হিমঘরে প্রভিডেন্ট ফাণ্ড চালু হয়েছে তারাও কর্মচারী এবং যে সমস্ত হিমঘরে প্রভিডেন্ট ফাণ্ড চালু হয় নি তারাও কর্মচারী। যারা এখনও প্রভিডেন্ট ফাণ্ড পাচ্ছে না তাদের কোন বিরোধ হলে সরকার কি মালিকদের সাথে তাড়াতাড়ি মীমাংসার জন্য চেষ্টা করবেন?

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্যের অবগতির জন্য আমি জানাচ্ছি যে আইনটা হচ্ছে এই, এমপ্লয়িজ প্রভিডেন্ট ফাণ্ডের যে সিডিউল্ড আছে কোন্ কোন্ স্ট্যাবলিসমেন্টে তা প্রযুক্ত করা যাবে তাতে ট্রেডিং কমার্শিয়াল স্ট্যাবলিসমেন্টের হেডে তাতে কোল্ডস্টোরেজ আসবে। সেখানে বলা হচ্ছে এই রকম ধরণের কোন স্ট্যাবলিসমেন্টে ৩০ জনের বেশী এবং ৫০ জনের কম কর্মচারী কাজ করে তাহলে কমপক্ষে ঐ স্ট্যাবলিসমেন্ট ৫ বছর চলার পর তবে এই অ্যাক্টের আওতায় আসবে। এই রকম কণ্ডিসন ফুলফিল্ড হয়েছে, স্যাটিসফায়েড হয়েছে, এই রকম দেখতে পাচ্ছি রিজিওন্যাল প্রভিডেন্ট ফাণ্ড কমিশানের রিপোর্টে ৬৪টি কোল্ড-স্টোরেজ এই অবস্থা সম্পূর্ণ স্যাটিসফায়েড হওয়ায় সেখানে ওরা এই অ্যাক্ট চালু করেছে। অন্যান্যগুলোতে বোধহয় এখন পর্যন্ত অনুরূপ অবস্থার সৃষ্টি হয় নি। যদি আপনার কোন জানা কোল্ডস্টোরেজ থেকে থাকে যেখানে অনুরূপ অবস্থা সৃষ্টি হওয়ার পরেও এমপ্লয়িজ প্রভিডেন্ট ফাণ্ড স্কীমের মধ্যে আনা হয় নি, তথ্য দিলে আমরা রিজিওনাল প্রভিডেণ্ড ফাণ্ড কমিশনারকে বলব, সে ধরণের কোল্ড স্টোরেজে যাতে অবিলম্বে ঐ আইন প্রযুক্ত করা হয়।

## ইণ্ডিয়া মেশিনারী কারখানা

*৪৮১। (শর্ট নোটিশ) (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮৪।) **Shri Mrigen Mukherjee :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবংগ সরকার হাওড়ার ইণ্ডিয়া মেশিনারী কারখানাটার ভার গ্রহণ করিতেছেন ;

(খ) সত্য হইলে, কেন্দ্রীয় সরকারের কাছে এ বিষয়ে কোন প্রস্তাব দেওয়া হইয়াছিল কি ;

(গ) এই প্রতিষ্ঠানের শ্রমিক কর্মচারীদের বকেয়া মজুরী শ্রমিকেরা পাইবেন কিনা ; এবং

(ঘ) কত দিনের মধ্যে সরকার এই কারখানার দায়িত্ব গ্রহণ করিবেন বলিয়া আশা করা যায় ?

**Dr. Gopal Das Nag :** (ক) (খ), (গ) ও (ঘ) রাজ্য সরকারের সুপারিশে ইণ্ডিয়া মেশিনারি কোম্পানীর বিষয় কেন্দ্রীয় সরকার Industries Development & Regulation Act-এর ১৫ ধারা অনুযায়ী এক তদন্ত করিয়াছেন। তদন্ত কমিটির সুপারিশ এখন পর্যন্ত ভারত সরকারের বিবেচনাধীন আছে। ঐ আইনের সম্পূর্ণ ক্ষমতা সরকারের। সুতরাং রাজ্য সরকারের পক্ষে শুধু একমাত্র বলা সম্ভব যে তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী যাহাতে কারখানাটির পরিচালন ভার সরকার গ্রহণ করেন তাহার জন্য সক্রিয় চেষ্টা করা হইতেছে।

**Shri Mrigen Mukherjee :** একটা কারখানা নেওয়া হবে কি হবে না এই সম্পর্কে সরকার কি কোন প্রতিশ্রুতি দিতে পারেন ?

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য উত্তরটা বোধ হয় শোনেন নি। এই সিদ্ধান্ত গ্রহণ করার একমাত্র অধিকার ভারত সরকারের। আমরা শুধু বলতে পারি ভারত সরকার যাতে এই দায়িত্ব গ্রহণ করেন তারজন্য আমরা ভারত সরকারকে সক্রিয়ভাবে অনুরোধ করে চলেছি।

**Shri Mrigen Mukherjee :** এই কারখানার ভার গ্রহণের জন্য লোকসভার কোন সদস্য আপনার কাছে তদ্বির করেছেন কি ?

**Mr. Speaker :** If the question is about any particular individual, you must put a separate question.

[1-30—1-40 p. m.]

**Shri Mrigendra Mukherjee :** কোন্ কোন্ অবস্থায় রাজ্যসরকার ভারত সরকারের কাছে ভার গ্রহণের প্রস্তাব দেন ?

**Dr. Gopal Das Nag :** যে সমস্ত কারখানা বন্ধ হয়েছে এবং যে কারখানাগুলিতে ২৫০ জনের বেশী শ্রমিক কাজ করত সেগুলি তদন্ত করে দেখে যদি তদন্ত কমিটি যেগুলি গ্রহণযোগ্য বলে মনে করেন তখন সেগুলি গ্রহণ করবার জন্য রাজ্যসরকার ভারত সরকারকে অনুরোধ করেন।

**Shri Mrigendra Mukherjee :** বন্ধ কারখানা খোলার জন্য বাজেটে কত টাকা ছিল ?

**Dr. Gopal Das Nag :** এক কোটি টাকা।

**Shri Mrigendra Mukherjee :** কত টাকা খরচ হয়েছে এবং কত কারখানা বন্ধ আছে ?

**Dr. Gopal Das Nag :** Textile sector-এ যে কারখানাগুলি খোলা হয়েছে National Textile Corporation তার দায়িত্ব নিয়েছেন। এর জন্য আমরা committed হয়েছি ১ কোটি টাকা। কয়েক দিনে আরও ২টি কারখানা রামপুরিয়া কটন মিল ও লক্ষ্মী নারায়ন কটন মিল খোলার জন্য পশ্চিমবংগ সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে এগুলি সরকার গ্রহণ করবেন এবং তারজন্য আরও ২৫ লক্ষ টাকা committed হয়েছে।

**Shri Rabindra Ghosh :** সরকার ভার গ্রহণের ক্ষেত্রে রুগ্ন ও বন্ধ শিল্পের ক্ষেত্রে কোনটাকে প্রাধান্য দেবেন ?

**Dr. Gopal Das Nag :** প্রাধান্য দেবার কথা হয় নি। আগেই বলেছি রুগ্নশিল্প সম্বন্ধে যতক্ষণ পর্যন্ত পরিচালকবৃন্দরা না এগিয়ে আসেন ততক্ষণ পর্যন্ত কিছু করার নেই। কিন্তু বন্ধশিল্প সম্বন্ধে আমরাই অগ্রনী হয়ে তদন্ত করার জন্য ভারত সরকারকে বলি।

**Shri Abdul Bari Biswas :** Indian Machinery-র মালিক কি পশ্চিমবংগ সরকারের কাছে ওই কারখানার সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কোন প্রস্তাব রেখেছিলেন ?

**Dr. Gopal Das Nag :** Indian Machinery সম্পর্কে প্রথম তদন্ত হবার পর Expett Committee report দেন এই কারখানাটির দায়িত্ব ভারত সরকার গ্রহণ করুন। কি কারণে জানি না ভারত সরকার সিদ্ধান্ত গ্রহণ করেন প্রথম পর্যায়ে যে এটা IRCI-কে খোলান হোক। সে সময় পুরাতন মালিকানার পরিবর্তন হয়েছে। এক ভায়ের পরিবর্তে আর একজন বলছেন IRCI-কে অনুসন্ধান করার জন্য। ভারত সরকার দৃঢ়ভাবে বোর্ডকে জানিয়ে দিল ঐ কারখানার দায়িত্বভার ভারত সরকার গ্রহণ না করলে IRCI তাতে কোন participate করবে না। IRCI-এর এই সিদ্ধান্ত সম্প্রতি ভারত সরকারের কাছে পৌচেছি এবং আশা করা যাচ্ছে IRCI ঐ পুরাতন management-এ participation-এ অস্বীকার করায় ভারত সরকারকে গ্রহণ করার সিদ্ধান্ত নিতে হবে।

**Shri Abdul Bari Biswas :** কৃষ্ণা Glass-এর Rayon factory-র যা অবস্থা এবং যেভাবে দিন দিন আন্দোলন বৃদ্ধি হচ্ছে তাতে সরকারের সেদিকে নজর দেবার যে তৎপরতা তার চেয়ে বেশী এদিকে নজর দেবার মূল কারণ কি ?

**Dr. Gopal Das Nag :** এটা আপনার ব্যক্তিগত অভিমত—তার সঙ্গে আমি একমত নই। India Machinery এবং কৃষ্ণা Glass-এর মধ্যে কোন পার্থক্য করা হয়নি। কৃষ্ণা গ্লাস সম্পর্কে যখন পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের কাছে enquiry করার জন্য recommend করেছিলেন তখন মালিকপক্ষ কিছু কারচুপি করে দিয়ে High Court-এ মামলা করে দিয়ে liquidator appoint-এর ব্যবস্থা করেন। High Court-এ এরকম মামলা চলল liquidator appointed যদি হয় তাহলে ভারত সরকারের Industrial Development and Regulation Act-এর ভেতরে High Courtএর অনুমতি ছাড়া enquiry করার থাকে না। আমি নিজে initiative নিয়ে ওরা যে দিল্লী গিয়ে সেখানকার মন্ত্রীর সংগে কথা বলে High Court-এ দরখাস্ত করার permissionএর ব্যবস্থা করেছিলাম যাতে enquiry করতে পারি। তারপর ভারত সরকার একটা কমিটি নিয়োগ করেছেন তাতে ভারত সরকার, IRCI-এর পশ্চিমবংগ সরকারের একজন করে প্রতিনিধি আছে। সুতরাং কৃষ্ণা গ্লাস ও India Machinery-র মধ্যে কোন পার্থক্য আমরা করিনি। দেরী যদি হয়ে থাকে তাহলে মালিকপক্ষের কারচুপির জন্য হয়েছে।

**Shri Mrigendra Mukherjee :** মাননীয় মন্ত্রিমহাশয় বলে গেলেন যে, ইণ্ডিয়া মেসিনারী বন্ধ ছিল ; ইণ্ডিয়া মেসিনারী বন্ধ নয়, চালু আছে অথচ শ্রমিকরা বেতন পাচ্ছে না, ভীষণ কষ্ট পাচ্ছে এই ব্যাপারে আপনি কিছু খবর জানেন ?

**Dr. Gopal Das Nag :** জানি।

**Shri Lal Bahadur Singh :** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই পশ্চিমবংগে কত এমপ্লয়ার নিজের কারখানাকে সিক ইনডাসট্রি ডিক্লেয়ার করেছেন, আবার কত এমপ্লয়ার টাকার জন্য অ্যাপ্লাই করেছেন এবং কত এমপ্লয়ার মেটিরিয়াল সর্টেজের জন্য কারখানা বন্ধ করার নোটিশ দিয়েছেন ?

**Mr. Speaker :** It does not come within the purview of this question.

**Shrimati Geeta Mukhopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন একথা কি সত্য ইণ্ডিয়া মেসিনারীর মালিকরা বর্তমানে এই কারখানা চালনার টাকাটা নিজেরা সংগ্রহ করতে প্রস্তুত আছেন ?

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই তথ্য আমার জানা নেই।

**Shrimati Geeta Mukhopadhyay :** যদি থাকে তাহলে কি নেবার কোন প্রায়োজন থাকে ?

**Mr. Speaker :** The question is hypothetical. So it is disallowed.

**Shri Rabindra Ghosh :** ইণ্ডিয়া মেসিনারীর প্রস্তাব দিল্লীতে পাঠানর পূর্বে কারখানার মালিককে সরকার ডাকিয়ে ছিলেন কিনা ?

**Dr. Gopal Das Nag :** পশ্চিমবংগ সরকার কাউকে ডাকেন নি। আই. আর. সি. আই. ঐ কারখানা রিভাইভালে পার্টিসিপেট করবে provided that the mangement is taken over by the Government of India.

**Shri Abdul Bari Biswas :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কেন্দ্রীয় সরকারের এই ইণ্ডিয়া মেসিনারী কারখানার ম্যানেজমেন্ট নিয়ে নেওয়ার পিছনে রাজনৈতিক কারণ আছে কিনা এবং থাকলে সেটা কি রকম ?

**Dr. Gopal Das Nag :** আমার মনে হয় না কোন রাজনৈতিক কারণ আছে।

## HELD OVER STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

### শিপিং কর্পোরেশন অব ইণ্ডিয়া

*৩৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩।) **Shrimati Geeta Mukhopadhyaya :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, শিপিং কর্পোরেশন অব ইণ্ডিয়ার, কলিকাতার ১১ আর. এন. মুখার্জী রোডে অবস্থিত, দপ্তরের অধিকাংশ বোম্বাই-এ সরিয়ে নিয়ে যাবার প্রচেষ্টা চলছে ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করছেন ?

**Dr. Gopal Das Nag : :** (ক) বর্তমানে এমন কোন প্রচেষ্টা চলছে বলে সরকারের জানা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**Shrimati Geeta Mukhopadhyaya :** মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে মন্ত্রি-মহাশয়কে জিজ্ঞাসা করি যে সিপিং কর্পোরেশান ৯ লক্ষ টাকা বৎসরিক ভাড়া এবং ৩ লক্ষ টাকা মেন্টেন্যান্স খরচ দিয়ে আমেরিকা থেকে আই. বি. এম. ইলেকট্রনিক কমপিউটার বসাচ্ছেন আমার মনে হচ্ছে যেদিন প্রশ্নটা হেলড ওভার ছিল তখন মন্ত্রিমহাশয় আমায় যে বেসরকারী তথ্য দিয়েছেন তাতে তাঁর জানা আছে এটা শুনেছিলাম।

**Dr. Gopal Das Nag :** মাননীয়া সদস্যা যেকথা বলেছেন আগে বোম্বে অফিসে আই. বি. এম. ছোট সাইজের ইলেকট্রনিক কমপিউটার ছিল, সেই জায়গায় তারা বড় সাইজের ইলেকট্রনিক কমপিউটার বসানর কথা বলছেন। আমরা যা জানতে চেয়েছিলাম তার উত্তরে তাঁরা বলছেন There is no proposal to transfer any work presently done in the regional office, Calcutta, to our head office in Bombay. (2) The question has no factual basis. সুতরাং ওঁরা বলছেন যে এ্যাপ্রিহেনসান ছিল ভবিষ্যতে কাজ সিফট করতে পারে ক্যালকাটা হেড অফিস টু বোম্বে হেড অফিস সেটা অমলুক বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে। এইকথা কোম্পানীর টপ ম্যানেজমেন্ট আমাদের লিখে জানিয়েছেন।

[1-40—1-50 p.m.]

**Dr. Gopal Das Nag :** আমার কাছে ইউনিয়নের পক্ষ থেকে বলা হয়েছে যে আমরা এটা এ্যপ্রিহেণ্ড করছি, There may be flow of work from Calcutta to feed the Computor in Bombay, and there is apprehamsion of job evaporation in Calcutta. মাননীয় অধ্যক্ষমহাশয়, কোন রকম উপযুক্ত ব্যবস্থা এপ্রিহেনসন দূর করবার ব্যাপারে নেওয়া শক্ত। যদি দেখা যায় সিফটিং অব ওয়ার্ক ফ্রম ক্যালকাটা টু বম্বে হচ্ছে তাহলে নিশ্চয়ই পশ্চিমবঙ্গ সরকার তার প্রতিবিধানের ব্যবস্থা করবেন।

**Shrimati Geeta Mukhopadhyaya :** এই যে ইলেকট্রিক কমপিউটর বসান হচ্ছে স্বভাবতঃই তার মানে ম্যানুয়ালি যে কাজ করা হত তা থেকে অনেক বেশী কাজ করিয়ে নেবার কথা। এই যে বড় মেসিন বসান হচ্ছে এটা কেন্দ্রীয় সরকারের নিয়োজিত ডানডেকর কমিটির সুপারিশের বিরুদ্ধে যাচ্ছে এবং সেই সুপারিশ বিবেচিত হচ্ছে দেখেই এটা করছে। আমার প্রশ্ন হচ্ছে যদি সত্যই কোন কাজ অন্য জায়গায় নিয়ে যায়, অফিস না থাকে বা ম্যানুয়াল ওয়ার্ক কমানোর ইচ্ছা না থাকে তাহলে কেন ওই সুপারিশের বিরুদ্ধে গিয়ে তড়িঘড়ি এই কাজ করা হচ্ছে।

**Dr. Gopal Das Nag :** কোলকাতা অফিসে আই. বি. এম. কমপিউটর বসান হয়নি বসান হয়েছে বোম্বে অফিসে। সিপিং কর্পোরেসন হচ্ছে ভারত সরকার কর্তৃক কনট্রোলড। আমাদের পক্ষে এই উত্তর দেওয়া নিশ্চয়ই সম্ভব নয় যে কেন বোম্বেতে বসান হচ্ছে এবং এটা ডানডেকর কমিটির রিকমেণ্ডেসনের বিরুদ্ধে কেন করতে দেওয়া হল। এ সম্পর্কে আমরা ভারত সরকারকে মাননীয়া সদস্যা যে কথা বললেন সেই মর্মে লিখে বলতে পারি। এছাড়া আর কিছু বিধানসভায় জানাবার আমার নেই।

## বাঁকুড়া জেলায় বিড়িশিল্প

*৩৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১১।) **Shri Kashinath Misra :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বিড়ির কারখানার সংখ্যা বর্তমানে কত; এবং কতজন বিড়ি শ্রমিক ঐ কারখানাগুলিতে নিযুক্ত রহিয়াছেন; এবং

(খ) বিড়ি শিল্পের উন্নতিকল্পে বর্তমানে সরকার কি কি ব্যবস্থা করিতেছেন ?

**Dr. Gopal Das Nag :** (ক) বাঁকুড়া জেলায় রেজিষ্ট্রীকৃত বিড়ি কারখানার সংখ্যা—৬। ১৯৭১ সালে গড়ে দৈনিক কর্মরত শ্রমিকের সংখ্যা ৯০৯।

(খ) এই বিষয়ে সরকারের কোন বিশেষ পরিকল্পনা নাই।

**Shri Kashinath Misra :** মন্ত্রিমহাশয় জানালেন যে, বাঁকুড়ায় রেজিষ্ট্রিকৃত ৬টি বিড়ি কারখানা আছে। কিন্তু দেখা যাচ্ছে সেখানে প্রায় ১৮টি বিড়ি কারখানা চলছে। আমার প্রশ্ন হচ্ছে এই যে ১২টি কারখানা রেজিষ্ট্রি হয়নি তারজন্য সরকার কি চিন্তা করছেন ?

**Dr. Gopal Das Nag :** এই সম্বন্ধে বর্তমান সরকার কোন চিন্তা করেন নি তবে কোন কোন কারখানা বিনা রেজিষ্ট্রিতে চলছে সেই তালিকা যদি মাননীয় সদস্য আমাকে দেন তাহলে এই কারখানাগুলির বিরুদ্ধে আইনানুগ যে ব্যবস্থা অবলম্বন করা উচিত সেটা নিশ্চয়ই আমরা করব।

**Shri Kashinath Mishra :** ২০ হাজার শ্রমিকের যদি গড়ে ৫ জন করে পরিবারে মেম্বার থাকে তাহলে এই যে ১ লক্ষ মানুষ হয় তাদের অন্ন সংস্থানের জন্য বর্তমানে বাঁকুড়ায় যে শিল্প আছে তার প্রসারের জন্য সরকারের কোন ব্যবস্থা আছে কিনা সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**Dr. Gopal Das Nag :** এই প্রশ্ন স্মল স্কেল, কটেজ ইণ্ডাষ্ট্রিস মিনিষ্টারকে বললে তিনি জানাতে পারবেন।

**Shri Kashinath Misra :** মন্ত্রিমহাশয় যে বললেন ৬টি কারখানা রেজিষ্ট্রিকৃত সেগুলি কি ফ্যাক্টরী অ্যাক্টের আওতারে পড়ছে ?

**Dr. Gopal Das Nag :** রেজিষ্ট্রি হবার পর যেগুলি ফ্যাক্টরী অ্যাক্টে আসার কথা সেগুলি এসেছে।

**Shri Kashinath Misra :** মন্ত্রিমহাশয় জানেন কি বাঁকুড়াতে মাত্র ২টি কারখানা আছে যেখানে ৩ টাকা করে মাথাপিছু বানি দেয় এবং বাকী কারখানা যেগুলি আছে সেখানে দেড় টাকা করে বানি দেয় ?

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, বিড়ি শ্রমিকদের একটা মিনিমাম ওয়েজ পশ্চিমবংগে চালু করা হয়েছিল এবং সেই মিনিমাম ওয়েজ আবার ১৯৬৮ সালে রিভিশনের কথাও হয়েছিল কিন্তু ইতিমধ্যে দেখা যাচ্ছে যে সরকার ১৯৬০ সালের বিজ্ঞপ্তি দ্বারা যে মিনিমাম ওয়েজ চালু করেছিলেন সেই মিনিমাম ওয়েজ অধিকাংশ ক্ষেত্রেই প্রতিপালন করা হয়নি। বহু কারখানা বেআইনীভাবে কারখানায় বিড়ি প্রস্তুত না করিয়ে বাড়ী বাড়ী পাতা ও মশলা দিয়ে বিড়ি তৈরী করতে সুরু করলো। সুতরাং মিনিমাম ওয়েজ একটা আছে, সরকারীভাবে ঘোষিত একটা মিনিমাম ওয়েজ আছে, সেটা প্রতিপালন করার চেষ্টাও সরকার করেছিলেন ইনেসপেক্টারদের মাধ্যমে। কিন্তু ডিউ টু certain unholy understanding between the bidi workers and the management এটা ইমপ্লীমেন্ট করা সম্ভব হয় নি।

**Shri Kashinath Misra :** তাহলে এই যে যারা এই বেআইনী কাজ করছে তাদের জন্য বর্তমান সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ? যারা মিনিমাম ওয়েজ দিচ্ছে না তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন, দিনের পর দিন তারা যে শ্রমিকদের ঠকাচ্ছে এটার জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

**Dr. Gopal Das Nag :** যদি কোন বিড়ি কারখানার মালিক মিনিমাম ওয়েজ না দিয়ে কাজ করিয়ে থাকে তাহলে যে মালিকরা, বাড়ীতে বসে অনেক সস্তা রেটে বিড়ি তৈরী করে দিচ্ছে যারা, তাদের বিরুদ্ধেও নিতে হয়, সেটা নেওয়া সম্ভব নয়। সুতরাং এটাকে আর কি করে ওর্গানাইজ করা যায় সেকথা নিশ্চয়ই যাঁরা কটেজ ইনডাষ্ট্রিস দেখছেন তাঁরা ভাবছেন। পরবর্তীকালে আমরা এই সম্বন্ধে আলোচনা করবো কিভাবে মিনিমাম ওয়েজ নূতন করে ধার্য করে চালান যায়। এই প্রসংগে আমি আরো একটা তথ্য এই সভাকে জানাচ্ছি যে এটা শুধু পশ্চিমবংগের প্রবলেম নয়, আজকে বিড়ি শ্রমিকদের মজুররী সমস্যা সারা ভারতবর্ষের সমস্যা হয়ে দাঁড়িয়েছে। আমি গত তিনদিন আগে আমাদের কেন্দ্রীয় শ্রমমন্ত্রীর কাছ থেকে চিঠি পেয়েছি যে তিনি সারা ভারত বিড়ি শ্রমিকদের একটা মজুরী ধার্য করার কথা ভাবছেন। তখন আমরা বলেছি এটা সারা ভারত না করে রিজিয়ন বেসিসে করা হোক যাতে এই রকম ধরনের মালিক অসৎ পথে বা নানারকম ম্যানিপুলেশনের মাধ্যমে এই সরকারী প্রচেষ্টাকে বানচাল করতে না পারে। তবে মনে হচ্ছে এই চলতি বৎসরের মধ্যে একটা কিছু ব্যবস্থা ভারত সরকার অবলম্বন করবেন যাতে অন্ততপক্ষে এই বিড়ির যারা শ্রমিক তারা, যে মজুরী সরকার ন্যায্য বলে ধার্য করে দেবেন, সেটার অধিকাংশ জায়গাতে সেই সুবিধা পাবেন।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন যে আমি কয়েকদিন আগেও বলেছিলাম যে আমাদের ওখানে যে বিড়ি শ্রমিকরা আছে, বিড়ির মালিকরা আছে, তারা ইতিমধ্যেই কয়েকটি কারখানা বন্ধ করে দিয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে পশ্চিম বাংলা থেকে এই বিড়ি মালিকরা ব্যবসা গুটিয়ে নিয়ে বিহারের দিকে চলে যাচ্ছে এবং সেই কারণে শ্রমিক অসন্তোষ বাড়ছে?

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্যর এই প্রশ্নের জবাব আমি আগের প্রশ্নের উত্তরে দিয়েছি যে সারা ভারতবর্ষের পরিপ্রেক্ষিতে একথা ভাবা হচ্ছে যাতে এই ফ্লাইট অব কারখানা না হয় বা ফ্লাইট অব বিসনেস না হয়। সেইজন্য রিজিয়ন বেসিসে আমরা বিড়ি শ্রমিকদের মিনিমাম ওয়েজ ধার্য করার কথা বলেছি। তা যদি হয়, ইস্ট জোনের জন্য বিড়ি শ্রমিকদের জন্য যদি একটা মিনিমাম ওয়েজ ধার্য করা হয় তাহলে পশ্চিমবংগ থেকে ব্যবসা গুটিয়ে নিয়ে গিয়ে বিহারে ব্যবসা করার প্রশ্ন উঠে না।

**Shri Abdul Bari Biswas :** তাহলে এই রিজিয়োনাল বেসিসে বিড়ি শ্রমিকদের মূল্য নির্দ্ধারণ এটা কত দিনের মধ্যে হবে আশা করা যায়?

**Dr. Gopal Das Nag :** এটা সবে চিঠি পেয়েছি এবং আগেই বলেছি চলতি বৎসরের মধ্যে হবে বলে আশা করছি।

**Shri Abdul Bari Biswas :** তাহলে কি মন্ত্রিমহাশয় মনে করেন যে এই বিড়ি শ্রমিকরা ততদিনে ইহজগতে থাকবে?

**Mr. Speaker :** It is a matter of opinion.

## STARRED QUESTION

### (which written answers were laid on the Table)

### Percentage of impurities mixed in rice

***477.** (Admitted Question No. *1183.) **Shri Girija Bhusan Mukhopadhyay :** Will the Minister-in-charge of Food and Supplies Department be pleased to state—

(a) if it is a fact that Food Department has issued a circular to all Ration Shop holders stating the percentage of non-eatables mixed with rice supplied to consumers ; and

(b) if so, the percentage of each item including broken rice and other things ?

**Shri Kashikanta Moitra :** (a) Yes, a circular indicating the allowable percentages of admixtures and impurities in rice of fair average quality has been issued to all appointed retailers in S. R areas, so that they can exercise due vigilance at the time of taking delivery from the Food Corporation. Technically speaking the term 'non-eatables' only includes "foreign matters" accerding to the prevailing Government of India rice specification. But the State Government has represented to the Government of India and the Food Corporation of India time and again against the existing rice specification and against the allowable limit of broken percentage and admixture in the rice and have been urging amendment or modification of the same to protect the consuming public. The Union Government has assured due consideration of the State Government's strong views on the point and a decision on this issue is expected in the next Chief Ministers' and Food Ministers' Conference on Food to be held in New Delhi. State Government have been trying its best in cooperation with Food Corporation of India to provide under public distribution system clean and consumable rice and wheat by removing the dirts, sweepings and other impurities.

(b) The tolerance limits of admixtures/impurities are as follows :

**Tolerance limits**

| | Non-Bengal (medium and coarse) | | Non-Bengal (fine and superfine) | | Bengal common | Bengal fine | Bengal superfine |
|---|---|---|---|---|---|---|---|
| | Boiled | Raw | Boiled | Raw | | | |
| 1. Brokens : | % | % | % | % | % | % | % |
| $\frac{1}{4}$th to below $\frac{3}{4}$ | 17 | 27 | 12 | 17 | 20 | 15 | 15 |
| $\frac{1}{8}$th to below $\frac{1}{4}$ | 3 | 3 | 3 | 3 | 5 | 3 | 3 |
| 2. Foreign matters : | | | | | | | |
| Inorganic | 0.1 | 0.2 | 0.1 | 0.2 | 0.5 | 0.5 | 0.25 |
| Organic | 1 | 1 | 0.28 | 0.5 | | | |
| 3. Damaged grains | 3 | 2 | 2 | 2 | | | |
| 4. Chalky grains | — | 8 | — | 4 | | | |
| 5. Discoloured grains | 5 | 2 | 3 | 2 | | | |
| 6. Red grains | 6 | 6 | 3 | 3 | 10 | 10 | 5 |
| 7. Admixture of inferior varieties | 15 | 15 | 10 | 10 | | | |
| 8. Dehusked grains | 10 | 10 | 15 | 14 | | | |
| 9. Unhusked paddy, etc. | — | — | — | — | 0.2 | 0.2 | 0.1 |

## UNSTARRED QUESTIONS

**( to which written answers were laid on the Table )**

### মাস্টার প্ল্যান

২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৯।) **Shri Netai Pada Sarker :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মৎস্য উৎপাদন বৃদ্ধি ও মৎস্যজীবীদের জীবিকার স্বার্থে কোন বিশেষ পরিকল্পনা গ্রহণ করার বিষয় বিবেচনা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে পরিকল্পনাটি কি এবং কবে নাগাদ উহার কাজ শুরু হইবে?

**The Minister for Fisheries :** (ক) হাঁ। রাজ্যের মৎস্যচাষের ও মৎস্যজীবীদের জীবনযাত্রার মানের সার্বিক উন্নতির জন্য রাজ্যসরকার একটি মাস্টার প্ল্যান রচনা করিবার সিদ্ধান্ত লইয়াছেন। এই পরিকল্পনাটি তৈয়ারী করিবার জন্য সরকার একটি কমিটি নিয়োগ করিয়াছেন।

(খ) উপরিউল্লিখিত কমিটির নিকট হইতে খসড়া প্রকল্পটি পাইবার পর সরকার উহার যথাযথ রূপ দিবার বিষয়ে বিবেচনা করিবেন। প্রসংগত: উল্লেখ্য যে, উক্ত কমিটি কর্তৃক এক বৎসরের মধ্যেই যথাযথ বিবরণী সহ খসড়া প্রকল্পটি সরকারের নিকট দাখিল করিবার কথা।

### মৎস্যজীবী

২৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯০।) **Shri Netai Pada Sarker :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবংগে বিভিন্ন হাটে বা গঞ্জে গরীব মৎস্যজীবীদের নানাভাবে উৎপীড়ন করা হয়; এবং

(২) থাকিলে, ইহার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Fisheries :** (১) পশ্চিমবঙ্গে বিভিন্ন হাটে বা গঞ্জে গরীব মৎস্যজীবীদের নানাভাবে উৎপীড়ন করার কোন সংবাদ বা অভিযোগ মৎস্য দপ্তরের জানা নাই।

(২) নির্দিষ্ট উৎপীড়নের অভিযোগ পেশ করিলে সরকার যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবেন।

### বিজ্ঞান-মন্দির কর্মী

২৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯২।) **Shri Kashi Nath Misra :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, "বিজ্ঞান মন্দির" অফিসের কর্মচারীদের আজ পর্যন্ত পে রিভিসন হয় নাই; এবং

(খ) অবগত থাকিলে,

(১) ইহার কারণ কি;

(২) সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা করিতেছেন কি?

**The Minister for Education :** (ক) অবগত আছেন। সেইজন্যই অর্থদপ্তরের ১৩ই জুন ১৯৭২ তারিখের ১৩২ এফ-আই নোটিফিকেসনে বিজ্ঞান-মন্দির অফিসের কর্মচারীদের সংশোধিত বেতনহার ১৯৭০ সালের ১লা এপ্রিল হইতে প্রবর্তনের সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন।

(খ) (১) প্রশ্নই উঠে না।

(২) "(ক)" অংশে উত্তর দেওয়া হইয়াছে।

## সরকারের অধীন বিজ্ঞান-মন্দির

২৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৫।) **Shri Kashi Nath Misra :** শিক্ষা বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৩ সালের ১লা এপ্রিল ভারত সরকারের নিকট হইতে পশ্চিমবঙ্গ সরকার যে পাঁচটি বিজ্ঞান-মন্দিরের পরিচালনভার নিয়েছেন সেগুলি বর্তমানে কি অবস্থায় আছে ?

**The Minister for Education :** রাজ্যসরকার এগুলির দায়িত্বভার গ্রহণ করার পর হইতে এগুলি পূর্বে যেরূপ কাজকর্ম করিতেছিল তেমনিভাবেই কাজকর্ম করিতেছে।

## বিজ্ঞান-মন্দির

২৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৮।) **Shri Kashi Nath Misra :** শিক্ষা বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিজ্ঞান-মন্দিরগুলি বর্তমানে ডি পি আই লেভেল-এ টেকনিকাল এডুকেসন-এর আওতায় আনিয়া জনস্বার্থে উহাদের প্রকৃত উন্নতি করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Education :** (ক) এখনও নেই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

## জুনপুট, আলমপুর ও দীঘা ফিসারী

২৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৯২০।) **Shri Hemanta Dutta :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭১-৭২ আর্থিক বৎসরে জুনপুট, আলমপুর ও দীঘা ফিসারীতে কি পরিমাণ অর্থ লগ্নী করা হইয়াছে ;

(খ) উক্ত বৎসরে ঐ ফিসারীগুলি হইতে মৎস্যবিক্রয় বাবত কি পরিমাণ অর্থ পাওয়া গিয়াছে ; এবং

(গ) আলমপুর ও দীঘা ফিসারীতে ১৯৭২-৭৩ সালের ৩০শে জুন পর্যন্ত গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প অনুযায়ী কি পরিমাণ অর্থ ব্যয়িত হইয়াছে এবং কি পরিমাণ অর্থ ১৯৭২-৭৩ সালে উপরিউক্ত প্রকল্প রূপায়ণে ব্যয় করিবার পরিকল্পনা সরকারের রহিয়াছে ?

**The Minister for Fisheries :**

(ক) জুনপুট—৬০,৮৮২ টাকা,*
আলমপুর—২,৮৭,৬৮৬ টাকা,
দীঘা—২,০৫,৮২১ টাকা।*

*গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প বাবদ খরচ সহ।

(খ) জুনপুট—১২,৬০০ টাকা,
আলমপুর—৩৩,৫৭৮ টাকা,
দীঘা—১০,৫১৪ টাকা।

(গ) ১৯৭২-৭৩ সালের ৩০শে জুন পর্যন্ত গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প অনুযায়ী আলমপুরে ২,৪৭,৯৮০ টাকা এবং দীঘায় ১,১৭,৪৯০ টাকা খরচ করা হইয়াছে। রাজ্য উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ ঐ দুই স্থানে উক্ত প্রকল্পের অধীনে মৎস্যচাষ উন্নয়ন বাবত ১৯৭২-৭৩ সালে মোট ৭.১৪ লক্ষ টাকার প্রকল্প অনুমোদন করিয়াছেন। কিন্তু এ পর্যন্ত অর্থ মঞ্জুর করিয়াছেন মাত্র ২.০০ লক্ষ টাকা। এ পর্যন্ত ব্যয়িত অতিরিক্ত অর্থ স্টেট ফিসারীজ ডেভেলপমেন্ট কর্পোরেশন নিজস্ব তহবিল হইতে ব্যয় করিয়াছেন। বাকী অর্থ মঞ্জুর করিবার জন্য উন্নয়ন বিভাগকে বলা হইয়াছে।

### জবরদখল বাস্তুহারা কলোনি

৩৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৮।) **Shri Shibapada Bhattacharyya :** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দমদম ও বরানগর থানা এলাকায় সর্বমোট কয়টি জবরদখল বাস্তুহারা কলোনি আছে;

(খ) এর মধ্যে কয়টি কলোনি সরকারী স্বীকৃতি লাভ করিয়াছে; এবং

(গ) কয়টি কলোনিতে সরকারী উদ্যোগে উন্নয়নের কাজ শুরু হইয়াছে?

**The Minister for Refugee Relief and Rehabilitation :** (ক) দমদমে ৪০ ও বরাহনগরে ৭ (মোট ৪৭) বৈধকরণযোগ্য জবরদখল কলোনি আছে। এই এলাকার বৈধকরণযোগ্য বলিয়া সরকারী স্বীকৃতি লাভ করিয়াছে।

(গ) ১৮টি।

### Jails

373. ( Admitted question No. 136 ) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether this State Government has any proposal to improve the present staff-inmate relationship in the Jails ;

(b) has the State Government enquired into the factors responsible for such high degree of staff-inmate tension in the Jails ; and

(c) if so, what are those and what is the Government contemplating to do in the matter ?

**The Minister for Home (Jails)** (a) A proposal for intensive training of the guarding staff is under consideration of the Government.

(b) and (c) The enquiries into the recent Jail-breaking incident in some of the Jails reveal that the desperate nature of a section of extremist prisoners gave rise to tension in the Jails. Security arrangements in the Jails are being tightened up.

### কৃষ্ণনগর গভর্নমেন্ট গার্লস স্কুল

৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৯।) **Shri Harendra Nath Halder :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কৃষ্ণনগর গভর্নমেন্ট গার্লস স্কুলে মেয়েদের টিফিন বাবত সরকার অর্থ সাহায্য করেন; এবং

(খ) সত্য হ'লে—

(১) মাসিক কত টাকা দেওয়া হয়, এবং

(২) মেয়েদের মাথা পিছু টিফিন বাবত কি কি ও কত পরিমাণ খাবার দেওয়া হয়?

**The Minister for Education :**

কৃষ্ণনগর গভর্নমেণ্ট গার্লস স্কুলের মেয়েদের টিফিন বাবত সরকার কোন অর্থসাহায্য করেন না।

## জুনিয়র ও সিনিয়র বেসিক স্কুল

২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩৮।) **Shri Nitai Pada Sarker :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জুনিয়র বেসিক ও সিনিয়র বেসিক স্কুলের সংখ্যা কোন জেলায় কত;

(খ) সরকার কি অবগত আছেন যে, উক্ত বেসিক স্কুলগুলিতে "বুনিয়াদী" শিক্ষার পদ্ধতিগুলি অনুসৃত হইতেছে না; এবং

(গ) অবগত থাকিলে, ইহার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education :**

(ক) পশ্চিমবঙ্গে জেলাওয়ারী জুনিয়র ও সিনিয়র বেসিক স্কুলের সংখ্যা নিম্নরূপ—

| জেলা | জুনিয়র বেসিক স্কুলের সংখ্যা | সিনিয়র বেসিক স্কুলের সংখ্যা |
|---|---|---|
| বাঁকুড়া | ১৮২ | ৩০ |
| বীরভূম | ১৭১ | ২৫ |
| বর্ধমান | ১৭৬ | ৪১ |
| কলিকাতা | ২০ | ৬ |
| কোচবিহার | ১৬১ | ৪৫ |
| দার্জিলিং | ১৩৮ | ৬ |
| হুগলী | ১২৭ | ৩০ |
| হাওড়া | ১৩৬ | ৭ |
| জলপাইগুড়ি | ১২৯ | ১৩ |
| মালদহ | ১৩১ | ৯ |
| মেদিনীপুর | ১৫৮ | ৩৪ |
| মুর্শিদাবাদ | ১৮৫ | ১১ |
| নদীয়া | ১২২ | ৬ |
| পুরুলিয়া | ১৫৮ | ২০ |
| ২৪-পরগনা | ৪১৯ | ৪১ |
| পশ্চিম দিনাজপুর | ১৪৫ | ৩ |
| মোট | ২,৬২৮ | ৩৩৫ |

(খ) ইহা সত্য যে, কিছুসংখ্যক বুনিয়াদী বিদ্যালয়ে শিক্ষার মূল নীতিগুলি পুরাপুরিভাবে অনুসৃত হইতেছে না।

(গ) পরিদর্শক কর্মচারীরা এই সমস্ত বিদ্যালয় পরিদর্শন করিয়া যাহাতে বুনিয়াদী শিক্ষার মূল নীতিগুলি অনুসৃত হয় সেজন্য শিক্ষকদিগকে প্রয়োজনীয় পরামর্শ দেওয়ার জন্য ব্যবস্থা লওয়া হইতেছে।

### জবরদখল কলোনি

২১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১০১।) **Shri Nitai Pada Sarker** : উদ্বাস্তু এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমান জবরদখল কলোনির সংখ্যা কোন্ জেলায় কত ;

(খ) উক্ত কলোনিগুলির মধ্যে কতগুলি স্বীকৃতিপ্রাপ্ত ; এবং

(গ) অস্বীকৃতিপ্রাপ্ত কলোনিগুলিকে স্বীকৃতি দেওয়ার ব্যাপারটি সরকার বিবেচনা করিতেছেন কিনা ?

**The Minister for Refugee Relief and Rehabilitation :**

(ক) বৈধকরণযোগ্য জবরদখল কলোনির জেলাওয়ারী সংখ্যা নিম্নরূপ :

(১) কলিকাতা—৪৮।

(কর্পোরেশনভুক্ত টালিগঞ্জ এলাকা ও তাহার আশেপাশের ইউনিয়নবোর্ড এলাকা সমেত)

(২) ২৪-পরগনা—৮৭।

(৩) হাওড়া—১।

(৪) হুগলী—৩।

এ ছাড়া ১৯৫০ সালের ৩১এ ডিসেম্বরের পর যে জবরদখল কলোনি প্রতিষ্ঠিত হয়েছে তার সংখ্যা ৭২০-র মত।

(খ) ১৪৯টি।

(গ) হাঁ।

### কল্যাণী বিশ্ববিদ্যালয়

২১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৯।) **Shri Kashi Nath Misra** : শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বর্তমানে কলা ও বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীর সংখ্যা কত ;

(খ) বর্তমানে কয়টি বিভাগ চালু আছে ; এবং

(গ) ১৯৬০-৬১ হইতে ১৯৭১-৭২ সাল পর্যন্ত উক্ত দুই বিভাগকে কত পরিমাণ সাহায্য দেওয়া হইয়াছে ?

**The Minister for Education :**

| | |
|---|---|
| (ক) কলা | ৬০৭ |
| বিজ্ঞান | ৫৮৪ |

(খ) তিনটি—কলা, বিজ্ঞান এবং কৃষি বিভাগ।

(গ) ১৯৬০-৬১ হইতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত কলা, বিজ্ঞান এবং কৃষি বিভাগের জন্য মোট অনুদান নিম্নরূপ :

| | টাকা |
|---|---|
| ১৯৬০-৬১ | ৩৬,১৯,০০০ |
| ১৯৬১-৬২ | ৯,৪৫,৫০০ |
| ১৯৬২-৬৩ | ২৫,৮২,০০০ |
| ১৯৬৩-৬৪ | ২৩,০০,০০০ |
| ১৯৬৪-৬৫ | ৩১,২৫,০০০ |
| ১৯৬৫-৬৬ | ২৭,৭৬,০০০ |
| ১৯৬৬-৬৭ | ২৪,৭৬,০০০ |
| ১৯৬৭-৬৮ | ৪১,৬৫,৫০০ |
| ১৯৬৮-৬৯ | ২৯,২৪,৫০০ |

ঐসময়ে উক্ত তিনটি বিভাগ বাবত খরচের জন্য আলাদা হিসাব না থাকায় কেবলমত্রে কলা এবং বিজ্ঞান বিভাগের জন্য অনুদানের পরিমাণ পৃথক ভাবে দেওয়া সম্ভব হইল না।

১৯৬৯-৭০ হইতে ১৯৭১-৭২ সাল পর্যন্ত কলা ও বিজ্ঞান বিভাগের জন্য মোট অনুদান নিম্নরূপ :

| | টাকা |
|---|---|
| ১৯৬৯-৭০ | ৩১,৭০,৮৫৫ |
| ১৯৭০-৭১ | ৩৩,৫১,০০০ |
| ১৯৭১-৭২ | ৩৫,৩৮,৬৬৫ |

শিক্ষাদপ্তর

২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬১।) **Md. Dedar Buksh :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিক্ষা দপ্তরে অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অব স্কুলস অ্যাণ্ড সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (স্ট্যাটিসটিক্স) যে পদ দুইটি আছে তাহা ইন্টারচেঞ্জেবল কিনা;

(খ) তাহাদের স্কেল অফ পে এক কিনা; এবং

(গ) সাব-ইন্সপেক্টর অফ স্কুলস অ্যাণ্ড ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস পদ হইতে সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (স্ট্যাটিসটিক্স) ও অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস পদে প্রমোশন হয় কিনা?

**The Minister for Education :** (ক) করণিক হইতে উন্নীত ও সরাসরি নিযুক্ত সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-দের ক্ষেত্রে ইন্টারচেঞ্জেবল নহে। তবে পরিদর্শন শাখা হইতে যেসমস্ত কর্মচারী অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুল পদে উন্নীত হইয়াছেন তাঁহারা সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে কার্য করিতে পারেন।

(খ) ও (গ) হ্যাঁ।

আসানসোল শহর

২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৬।) **Shri Sukumar Bandopadhyaya :** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল শহরে 'সিটি' রূপে ঘোষণার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ সরকার তাহা ঘোষণা করিবেন?

**The Minister for Home (General Administration) :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

স্কুলবোর্ড

২৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৫।) **Shri Kashi Nath Misra :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যসরকারী কর্মচারীবৃন্দ সরকারের নিকট হইতে যেসমস্ত সুযোগ-সুবিধা পাইয়া থাকেন সেইসমস্ত সুযোগসুবিধা স্কুল বোর্ডের কর্মচারীরা পান না;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি;

(গ) সরকার কি অবগত আছেন যে, ১৯৭০ সালের ১লা এপ্রিল হইতে পে-কমিশনের রায় অনুযায়ী যেসমস্ত সুযোগসুবিধা স্কুল বোর্ডের কর্মচারিবৃন্দ পাইবার অধিকারী বহুক্ষেত্রে সেইসকল সুযোগসুবিধা ঐ সকল কর্মচারীদের দেওয়া হইতেছে না; এবং

(ঘ) অবগত থাকিলে সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education :** (ক) ও (খ) হাঁ; ইহা সত্য যে, স্কুল বোর্ডের কর্মচারীরা বেসরকারী কর্মচারী বলিয়া রাজ্যসরকারী কর্মচারীদের ন্যায় সমস্ত সুযোগসুবিধা পান না।

(গ) স্কুল বোর্ড কর্মচারীদের বিষয় পে-কমিশনের বিবেচ্য বিষয়সূচীর (টার্মস অফ রেফারেন্স-এর) অন্তর্ভুক্ত ছিল না।

(ঘ) এ প্রশ্ন উটে না।

## উদ্বাস্তু

২৮১। (অনুমোদিত প্রশ্ন নং ২১১।) **Shri Naresh Chandra Chaki :** উদ্বাস্তু ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলাদেশ আন্দোলনের পূর্ব পর্যন্ত পশ্চিমবংগে কত উদ্বাস্তু আসিয়াছিলেন ;

(খ) উহাদের মধ্যে পশ্চিম বাংলায় কতজন নিজেদের প্রচেষ্টায় বাড়িঘর করিয়াছেন, কতজন ক্যাম্পে আছেন এবং কতজনকে বিভিন্ন সরকারী কলোনতে সরকার পুনর্বাসন দিয়াছেন ;

(গ) বিভিন্ন সরকারী কলোনিতে যাহাদিগকে সরকার পুনর্বসতি দিয়াছেন তাহাদের আর্থিক অবস্থা বর্তমানে কেমন ;

(ঘ) ইহাদের অর্থনৈতিক উন্নতির জন্য সরকার কি কি পরিকল্পনা করিয়াছেন ; এবং

(ঙ) যাহারা পুনর্বাসনযোগ্য হইয়া ক্যাম্পে আছেন তাহাদের বন্ধে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Refugee Relief and Rehabilitation :** (ক) ন্যূনাধিক ৩৮ লক্ষ।

(খ) উহাদের মধ্যে যে ২৬ লক্ষের মত উদ্বাস্তু সরকারের নিকট হইতে কোন সাহায্য গ্রহণ করেন নাই, তাঁহাদের সকলেই নিজ চেষ্টায় বাড়িঘর করিয়াছেন কিনা তাহা জানা নাই।

বর্তমানে পশ্চিমবংগে কোনো উদ্বাস্তু শিবির নাই, তবে যেসকল আবাস ও অথর্বসদন আছে তাহাতে ২০,৩০০ জন উদ্বাস্তু বাস করেন।

সরকারী উদ্যোগে স্থাপিত বিভিন্ন কলোনিতে পুনর্বসতি দেওয়া হইয়াছে ন্যূনাধিক ৩ লক্ষ ১৫ হাজার উদ্বাস্তুকে।

(গ) বিশেষ ভাল নয়।

(ঘ) পরিত্যক্ত শিবিরাঞ্চলে বসবাসকারীদের জন্য ক্ষুদ্র ব্যবসায় ঋণ, কৃষিজীবী পরিবারের জন্য কৃষি ঋণ ও ভরণ-পোষণ সাহায্য, ১,০০০ দুঃস্থ পরিবারের জন্য ক্ষুদ্র ব্যবসায় ঋণ, ১,২০০ পরিবারের জন্য মুরগিপালন, বৃত্তিমূলক শিক্ষণ কেন্দ্র, ২৩ হাজারেরও বেশী উদ্বাস্তুর কর্মনিযুক্তির জন্য বিভিন্ন প্রকল্প, মৎস্যজীবীদের জন্য মৎস্যচাষ, শিল্প উপনগরী ও শিল্পাঞ্চল স্থাপনের মাধ্যমে ৬ হাজার উদ্বাস্তুর কর্মনিযুক্তি, ইত্যাদি বিষয়ক পরিকল্পনা কমিটি অফ্ রিভ্যুর বিবেচনাধীন আছে।

(ঙ) সরকার অধিগৃহীত বায়নানামার মাধ্যম প্রাপ্ত জমিতে প্রাক্ শিবিরবাসী ও আবাসস্থিত উদ্বাস্তুদের পুনর্বাসন দিবার ব্যবস্থা সর্বদাই করা হইতেছে।

## টেস্ট রিলিফ স্কীম

২৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩।) **Shri Sudhir Chandra Das :** ত্রাণ এবং সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরের মঞ্জুরীকৃত কোন্ কোন্ জেলায় এ পর্যন্ত কতগুলি টেস্ট রিলিফের স্কীমের কার্য শেষ হইয়াছে ;

(খ) ঐ স্কীমগুলিতে মোট কত টাকা ব্যয় হইয়াছে ; এবং

(গ) কতগুলি স্কীম এখনও চালু আছে ?

**The Minister for Relief and Social Welfare :** (ক), (খ) এবং (গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

[1-50—2-00 p.m.]

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of students' unrest at Kalyani University—Attention called by Shri Jagadish Chandra Das on the 13th July, 1972. I find that the Education Minister is not here. Any other Minister can make the statement.

**Shri Gyan Singh Sohonpal :** Mr. Speaker, Sir, I sincerely apologise to you for the Education Minister not being here. He is on the way and will come by 10 minutes and make a statement.

**Mr. Speaker :** I have received six notices of Calling Attention on the following subjects, namely :

(1) Murder of Shri Braja Ballava Mahapatra at Barkola from Shri Ajit Kumar Basu ;

(2) House Building grants and loans to the villagers of the flood and drought affected areas from Shri Md. Dedar Baksh ;

(3) Non-payment of salaries to the Chowkidars and Dafadars under Domkal Block of Murshidabad district from Dr. Md. Ekramul Haque ;

(4) Failure of power supply from D.V.C. disrupting production at Durgapur Steel projects from Shri Aswini Roy ;

(5) Slow production of Durgapur Industrial belt for inadequate supply of power from Shri Sukumar Bandyopadhyay and Shri Mrigendra Mukherjee.

(6) Removal of unauthorised Khatals from Howrah Municipal area from Shri Rabin Ghosh.

I have selected the notices of Shri Aswini Roy, Shri Sukumar Bandyopadhyay and Shri Mrigen Mukherjee which are on the same subject, namely, failure of power supply from D.V.C. disrupting production at Durgapur Steel Projects. The Minister-in-charge may please make a statement on the subject today, if possible or give a date for the same.

**Shri Gyan Singh Sohonpal :** On Monday, Sir.

**Mr. Speaker :** *477 was not put as the member was not present in the House. So it will be treated as unstarred question. I now call upon Shri Kashi Kanta Maitra to make a statement under rule 346.

**Shri Kashi Kanta Maitra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্যদের জানাচ্ছি যে, রাজ্য সরকার থেকে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে একটা স্টেট ফুড অ্যাড্‌ভাইসারি কমিটি গঠন করা হবে। আজকে আমি এখানে ঘোষণা করছি যে মাননীয় সদস্য

যাঁদের আমি এই কমিটিতে নিয়েছি তার মধ্যে এই হাউসের অনেক মাননীয় সদস্য আছেন। সবার নাম পড়তে গেলে অনেক সময় লাগবে, তাই আমি কয়েকজন বিশিষ্ট বরেণ্য নেতার নাম বলছি। তার মধ্যে আছেন শ্রদ্ধেয় অজয়কুমার মুখোপাধ্যায়, প্রফুল্লচন্দ্র সেন, বিজয় সিং নাহার, ভূপতি মজুমদার এবং লোকসভার সদস্যদের মধ্যে রেখেছি শ্রীলুৎফল হক, শ্রীমতী পূরবী মুখার্জী, শ্রীকে বি চ্যাটার্জি, শ্রীদেবেন মাহাতো, শ্রীপ্রণব মুখার্জী, শ্রীমতী মায়া রায়, শ্রীইন্দ্রজিৎ গুপ্ত, শ্রীপ্রিয়রঞ্জন দাসমুন্সী, শ্রীত্রিদিব চৌধুরী, শ্রীজ্যোতির্ময় বসু, স্টেট প্ল্যানিংবোর্ডের দুজন মেম্বার ডঃ এ কে বসু এবং শ্রীপান্নালাল দাশগুপ্ত। তাছাড়া মাননীয় সদস্যদের মধ্যে আছেন এডিটার, আনন্দবাজার পত্রিকা, যুগান্তরের এডিটার, দৈনিক বসুমতীর এডিটার, স্টেটসম্যান-এর এডিটার, সত্যযুগ পত্রিকার এডিটার এবং কালান্তর পত্রিকার এডিটার। এ ছাড়া এতে আছেন কয়েকজন অফিসার—কনভেনার-সেক্রেটারী শ্রীটি সি দত্ত। এই কমিটি আজ থেকেই কাজ শুরু করবেন, মাননীয় সদস্যদের প্রত্যেককে আমি কালই চিঠি পৌঁছে দেবার ব্যবস্থা করব। এই অ্যাডভাইসরি কমিটির প্রথম বৈঠক আগামী ৭ই আগাস্ট রোটাণ্ডায় বেলা ১১টায় বসবে, বসে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করবেন।

**Shri Budhan Chandra Tudu :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কেশিয়াড়ী, নয়াগ্রাম ইত্যাদি কয়েকটি ব্লকের গ্রামগুলিতে প্রায় শতকরা ১৫ জন অনাহারে ও অর্দ্ধাহারে দিন কাটাচ্ছে। অনাবৃষ্টির ফলে সেখানে চাষআবাদের কাজ হচ্ছে না। হাঁসমুরগী ঘটিবাটি সব বিক্রি করে দিচ্ছে লোকেরা। মানুষের জীবন রক্ষা করবার একমাত্র খাদ্য হচ্ছে ঘাসের বীজ, বিভিন্ন শাকসবজি আর জল। এতে লোকের পেটের অসুখ করছে। খাদ্যভাবে ঘাসের বীজ সংগ্রহের জন্য মারপিট হওয়ার খবর পাওয়া গেছে। অবস্থার পরিপ্রেক্ষিতে অবিলম্বে সেখানে ব্যাপকভাবে জি, আর, টি, আর ও গ্রুপ লোন দেবার জন্য বিভাগীয় মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করছি।

**Shri Ganesh Chandra Hatui :** মাননীয় অধ্যক্ষমহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাঝেরহাট C P C new hospitalএর ডাক্তার গোবিন্দপদ কোঙার ঐ হাসপাতালে আর একজন ডাক্তারকে হত্যা করার অভিযোগে পুলিশ ৩রা মে, ১৯৭২ তারিখে ডঃ কোঙারকে arrest করে। Arrest করার সময় ডঃ কোঙার আহত থাকায় ১৬ই জুন, ১৯৭২ তারিখ পর্যন্ত শেঠ সুখলাল কারনানি হাসপাতালে চিকিৎসাধীন থাকেন। চিকিৎসাধীন থাকার সময় P G হাসপাতালের Superintendent Mental Hospitalএ চিকিৎসার জন্য সুপারিশ করেন এবং আলিপুর Police Magistrate ঐ সুপারিশ মঞ্জুর করেন। দুঃখের বিষয় investigating officer উক্ত caseএর I. O. আলিপুর police magistrateএর কাছে আপত্তি জানালে police magistrate Mental Hospitalএর ভর্তি হওয়ার সুপারিশ নাকচ করে দেন। তারপর ১৬ই জুন, ১৯৭২ তারপে ডঃ কোঙারকে Mental Hospitalএ ভর্তি না করে Lalbazar Police Custodyতে নিয়ে যায়। ২৮শে জুন ১৯৭২ তারিখে ডঃ কোঙারের জামীন মঞ্জুরের সময় Police অভিযোগ করে যে ডঃ কোঙার Lalbazar Headquartersএর চতুর্থ তলা হইতে লাফ দিয়া পড়েন এবং তাহাতে সাংঘাতিক আহত অবস্থায় তাঁহাকে Medical College Hospitalএ ভর্তি করা হয়। ভর্তি করার দু'দিন পরে ডঃ কোঙার ঐ হাসপাতালে মারা যান। একজন আসামী Police Lock up থেকে কিভাবে যে চতুর্থতলা থেকে লাফ দিতে পারে তাহা আমরা বুঝিয়া উঠিতে পারিতেছি না। ভর্তি করার সময় ডাঃ কোঙারের মাথায় ক্ষতচিহ্ন লক্ষ্য করা যায়। ডাঃ কোঙারের এই রহস্যজনক মৃত্যুতে policeএর অদৃশ্য হাত আছে বলে আমরা মনে করি। সুতরাং এ ব্যাপারে পূর্ণ তদন্ত করা হোক এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

**Shri Saroj Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি জানি যে গতকাল পশ্চিম বাংলায় বিভিন্ন জেলায় যে দুর্ভিক্ষ অবস্থা হয়েছে এবং তা যে ক্রমশঃ ঘোরাল হয়ে উঠেছে ও তা নিয়ে যথেষ্ট আলোচনা হয়েছে। তা সত্বেও আমি এই জন্য নোটিশ দিতে বাধ্য হলাম যে আজ সকালবেলা টেলিফোনে আমার এলাকা থেকে সংবাদ এসেছে যে তিনজনের মৃত্যু হয়েছে। আমার কাছে আর একটা সংবাদ ছিল সেটা হচ্ছে যে সেখানে কোন কাজ হচ্ছে না। বৃষ্টি প্রথমের দিকে কিছুটা হয়েছিল বটে কিন্তু তারপর বৃষ্টি সম্পূর্ণ বন্ধ। সেখানে আউসের আশা নেই। আমনের ভরসা তো ছেড়েই দিয়েছে। আমাদের গড়বেতা থানায় কয়েকটা রবিফসল হতো কুমড়ো ইত্যাদি এবং সেটা বিপদের দিনে অনেককে সাহায্য করতো সেটাও আজ নেই। ফলে অবস্থা এমন দাঁড়িয়েছে যে সাধারণ গরীব মানুষ ক্ষেতমজুর যারা কোন দিন টি, আর, এ যেত না তারা আজ রাস্তায় নেমেছে বিবিধ কাজের জন্য ও এরজন্য তারা ঘোরা ফেরা করছে। আজ অবস্থা এমনই চরমে দাঁড়িয়েছে। মাননীয় সদস্য কালকে বলেছেন যে চালের দর কোথাও আড়াই টাকা হয়নি বড় জোর নাকি দু টাকা দশ পয়সা হয়েছে।

[2·00—2-10 p. m.]

চাল বড়জোর দু টাকা দশ পয়সা হয়েছে। কিন্তু আমার কাছে খবর হলো যে চাল বিক্রী হচ্ছে ওজন দরে নয়, আমাদের ওখানে ইস্টোরিয়ায়ে চাল কেনায়; সেই চাল ওজন করে দেখা গেছে তাতে চালের দর দাঁড়ায় কেজি প্রতি দু টাকা ৫০ পয়সা, ৫৫ পয়সা।

আর একটা জিনিস কালকে যখন খাদ্য সম্পর্কে আলোচনা হয়, তখন খাদ্যমন্ত্রী যে সমস্ত কথা বলেছিলেন তিনি অনেক বেশী চালের দোকান দেবেন। আমাদের ওখানে ৫টি দোকানের জন্য apply করা হয়েছিল মে মাসে। অদ্যাবধি তার কোন enquiry পর্যন্ত করা হল না। তাছাড়া আমাদের ওখানে যে টেস্ট রিলিফের কাজ হতো এবং জি-আর দেওয়া হতো তাও আজ বন্ধ হয়ে গেছে। বৃষ্টি নাই, জল নাই। ওখানে একটা irrigation scheme আছে যাকে কংসাবতী ইরিগেশন স্কীম বলে। সেটা মাননীয় সদস্যদের জানা দরকার সেখানেও জল নাই। যেখানে সম্ভব ছিল কংসাবতীর জল ছেড়ে বিপদের দিনে চাষীদের রক্ষা করা। সে জল এখনো ছাড়া হচ্ছে না। আগে ছাড়া হয়েছিল। এ সম্পর্কে Executive ইঞ্জিনিয়ারকে জিজ্ঞাসা করলে তিনি বললেন ড্যামে জল কম আছে, সেটা এখন ছাড়া সম্ভব হচ্ছে না। সমস্ত দিকে একটা দুর্ভিক্ষের অবস্থা হয়েছে। আমি শুধু এইটুকু বলতে চাচ্ছি—কোন উত্তেজনা বা উত্তাপ সৃষ্টি করতে চাচ্ছি না। এসব সমস্ত অফিসারদের জানা দরকার। আপনার মাধ্যমে বিশেষ করে কেবিনেট মন্ত্রী ও রিলিফ মন্ত্রীকে জানাচ্ছি যদি এখনো এ সম্পর্কে হস্তক্ষেপ করা না যায়, সমস্ত মন্ত্রীসভা যদি এর মোকাবেলা করবার জন্য না দাঁড়ান তাহলে মুসকিলে পড়তে হবে। বিলম্ব হলে একদিকে মানুষ রাস্তায় এসে দাঁড়াবে, লুটপাট শুরু হবে চারিদিকে। আর অন্যদিকে আমরা যাদের সমাজবিরোধী বলি তাদের একটা বিশেষ রাজনীতি আছে। তারা দারিদ্র্য ও দুর্দশার সুযোগ নিয়ে সরকারের বিরুদ্ধে বিরাট বিক্ষোভ সৃষ্টিতে সহায়তা করবে। এর কোনটাই সুস্থ লক্ষণ নয়। তাই এই দুটো দিক থেকে মন্ত্রীদের বলছি—একথা মনে রাখা দরকার। যেদিক থেকে আজ টাকা পাই না কেন—সামনে যে দুর্ভিক্ষের অবস্থা আসছে, তাই নিয়ে তার মোকাবেলা করতে হবে। আজ টাকা একটা সবচেয়ে বড় প্রশ্ন হয়েছে। আগামী 15th August যে Celebration হতে যাচ্ছে, তাতে আমরা অনেক টাকা খরচ করতে যাচ্ছি। নিশ্চয়ই তা করা উচিত। কিন্তু আমি বলবো সেখানেও economise করা হোক। সংবাদপত্রে একটা সংবাদ পেলাম রণজি স্টেডিয়ামেও একটা উৎসবের preparation হচ্ছে। সেই সংগে আজ আমাদের ভাবতে হবে যে, আজ সারা বাংলা দেশের গ্রামাঞ্চল একটা দুর্ভিক্ষের সামনে এসে দাঁড়িয়েছে। আজ সেখানে মানুষ মরছে। যেখান থেকে টাকা পাই দু'হাজার-বিশ হাজার—যেদিক থেকে পারি যখন এই national

catastrophe-এর সামনে এসে দেশ আজ দাঁড়িয়েছে, তখন সেদিক থেকে যদি এটা fight out করা না যায়, তাহলে অবস্থা খারাপ হবে। এইটুকু আপনার মাধ্যমে নিবেদন করতে চাই। আমি আশা করি মন্ত্রীসভা as a whole এই বিষয়ে serious হবেন।

**Shri Ramendra Nath Dutt :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই টপ্ হেভী administration কমাবার জন্য মাননীয় মন্ত্রীদের আপনার মাধ্যমে অনুরোধ করছি। পশ্চিম বাংলায় Additional Chief Secretary-র কোন পদ আগে ছিল না। অল্পদিন হয় সৃষ্টি করা হয়েছে। ঐ পদ অনাবশ্যক বিবেচনায় মাঝে তুলে দেওয়া হয়েছিল। এখন আবার ঐ Additional Chief Secretary পদে তিনজনকে নেওয়া হয়েছে—Shri B. R. Gupta, Shri S. Dutt Majumder ও Shri S. B. Roy. এরমধ্যে Shri S. B. Roy নাকি resignationএর ভয় দেখাচ্ছিলেন। প্রথমে ঐ পদ তাঁকে দেওয়া হয় নাই, পরে তাঁকে Additional Chief Secretary করা হয়েছে। S. B. Roy supersede হচ্ছেন বলে আপত্তি জানিয়েছেন। B. R. Gupta-কে Additional Chief Secretary করা হয়েছে। আগে I. G. একজন ছিলেন, এখন R. Gupta-কে special I. G. করা হয়েছে। এইভাবে কি আপনারা আমলাতন্ত্রের বিরুদ্ধে লড়াই করবেন? এই খরচ না বাড়িয়ে বেকারসমস্যা সমাধানের জন্য অল্প মাইনেতে ছোট ছোট নতুন পদ সৃষ্টি করবার চেষ্টা করলে ভাল হতো। অফিসারদের খুশী করার জন্য অথবা তাদের সন্তুষ্ট করার জন্য কোন নূতন পদ সৃষ্টি করা উচিত নয়। এই টপ হেভী অ্যাডমিনিস্ট্রেসন কমানোর জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

**Shri Rabindranath Bera :** মাননীয় অধ্যক্ষমহাশয়, সারা পশ্চিম বাংলায় যে ভয়াবহ খরা পরিস্থিতি যে বন্যা পরিস্থিতির অবস্থা হয়েছে যে কথা আমাদের সরোজবাবুও বললেন তাতে আমি এই কথা জানাতে চাই যে, আমাদের মেদিনীপুর জেলার খরা পরিস্থিতি ক্রমশঃ ভয়াবহ সমস্যার দিকে এগিয়ে চলেছে। সেইদিকে আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই জেলায় এমন পরিস্থিতির উদ্ভব হয়েছে আমাদের কাছে সংবাদ এসেছে যে কেসিয়ারী ও নারায়ণগড় প্রভৃতি স্থানে ঘাসের বীজ নিয়ে কাড়াকাড়ি মারপিট শুরু হয়েছে। রাতে বেলায় ঘাসের বীজ এক একজন আটকে রাখছে—আবার সেখানে অন্য দল এলে তাদের সংগে মারামারি হচ্ছে। এই ভয়াবহ পরিস্থিতির দিকে আমি দৃষ্টি আকর্ষণ করছি। বড়ই দুঃখের বিষয় যে জেলাশাসক এইরকম কোন চিত্র তুলে ধরতে পারেন নি। আমি লক্ষ্য করেছি যে, আমাদের মন্ত্রীসভা এই মেদিনীপুরের দিকে নজর দিতে পারেন নি। আমার বক্তব্য হচ্ছে এই পরিস্থিতি যাতে যুদ্ধকালীন পরিস্থিতি হিসাবে গণ্য করে তার মোকাবিলা করা যায় তার ব্যবস্থা করতে হবে। সেখানে টি. আর. জি. আর. যে বন্ধ হয়ে আছে তা যাতে অতি দ্রুত দেওয়া হয় এবং এই অবস্থার মোকাবিলা করার জন্য যথাযথ ব্যবস্থা নিয়ে যাতে তা সমাধান করা যায় তারজন্য দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Kashi Nath Misra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটি গুরুত্বপুর্ণ বিষয়ের দিকে আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, স্বাধীনতার রজতজয়ন্তী উৎসব প্রায় এগিয়ে আসছে। তাতে স্বাধীনতার জন্য যারা লড়াই করেছেন সেইসব সংগ্রামীরা খুব বৃদ্ধ হয়ে পড়েছেন। আমি দেখেছি বাঁকুড়া জেলায় ৫১৪ জন পলিটিক্যাল সাফারার আছেন। যেখানে যতগুলি ফর্ম দরকার সেখানে ততগুলি ফর্ম পাঠানো হয় নি। বাঁকুড়া থানায় সংগ্রামীর সংখ্যা হচ্ছে ৪৪ জন সেখানে ফর্ম পাঠানো হয়েছে ৭৮ খানি অথচ দরকার ৮৮ খানা। কারণ দু'খানা করে ফর্ম দরকার হয়। খাতড়ায় সংগ্রামীর সংখ্যা হচ্ছে ৩৮ জন, সেখানে ফর্ম পাঠানো হয়েছে ১৬, সোনামুখী ৩৭ ফর্ম গেছে ২৮খানা, শালতোড়ায় ১৫ জন ফর্ম গেছে ৮, রাইপুর ৮ জন ফর্ম গেছে ৮খানি, তালডহরা ২ জন এখানে বেশী গেছে ৮খানি, ওন্দা ২০ জন ফর্ম

গেছে ৮, পাত্রসায়ের ৫৮ জন ফর্ম গেছে ৫৮, ছাতনা ৭ জন ফর্ম গেছে ৮, রানীবাঁধ ৪ জন ফর্ম গেছে ৮; এখানে ঠিক আছে, মেজিয়া ১৩ জন ফর্ম গেছে ৮, ইন্দাশ ৩৫ জন ফর্ম গেছে ৫৮, গংগাজলঘাটি ৯৬ জন ফর্ম গেছে ৪৬, কোতুলপুর ৪৪ জন ফর্ম গেছে ৮ খানি, জয়পুর ১৬ জন ফর্ম গেছে ৮ খানি, সিমলাপাল ১০ জন ফর্ম গেছে ৮, বিষ্ণুপুর ৫৪ ফর্ম গেছে ৮৫ খানি। এইভাবে সব ফর্ম গিয়ে পৌছেছে। এইসব লোকদের খুবই বয়স হয়েছে—তারা দেশের স্বাধীনতা সংগ্রাম আন্দোলন করেছেন অথর্ব হয়ে গেছেন, ৭০/৮০ সব বয়স—তারা সব দৌড়াদৌড়ি আরম্ভ করে দিয়েছে। এই অবস্থার পরিবর্তন করতে গেলে অবিলম্বে তাদের ফর্ম পাঠানো দরকার। তারপর মাননীয় অধ্যক্ষমহাশয়, কাগজে দেখলাম যে, এম. এল. এ. এবং এম. পি.-দের সার্টিফিকেট দিতে হবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, ১৯৩০ সালে তাঁরা এইসব আন্দোলনের সামিল হয়েছিলেন—আজকে আমরা যেসব এম এল. এ. রয়েছি তাদের বয়স আর কত—আমরা তখন জন্মাই নি, এখন তাদের সার্টিফিকেট দিতে হচ্ছে অর্থাৎ মিথ্যার আশ্রয় নিতে হচ্ছে এবং তারা ১৯৩০ সালে আন্দোলন করছিলেন তার সার্টিফিকেট দিতে হচ্ছে। আমি তাই আপনার মাধ্যমে বলব যে এটা দেখা উচিত যে আমাদের যেন মিথ্যার আশ্রয় নিতে না হয়। আর বৃদ্ধদের যাতে ক্যারেক্টার সার্টিফিকেটের জন্য দৌড়াদৌড়ি করতে না হয় এবং তারা যাতে ফরম ফিল আপ করতে পারে, সেটা যাতে শিথিল করা হয় সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-10—2-20 p. m ]

**Shrimati Geeta Mukhopadhyay** : মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে বিড়লাপুরে সমস্ত কারখানার শ্রমিকরা ধর্মঘট করতে বাধ্য হয়েছেন। প্রায়শঃই ধর্মঘটের নাম শুনলে শ্রমিকদের দোষ দেওয়া হয় বলে এই সমগ্র বিষয়টা আমি আপনার মাধ্যমে এই হাউসের এবং মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণের জন্য রাখছি। স্যার, বিড়লা জুট ম্যানুফ্যাকচারিং কোম্পানী, লিমিটেড এই কোম্পানীটিতে গেল বছর মুনাফা হয়েছিল ৪॥ কোটি টাকা। কিছুদিন আগে সমস্ত চটকলের মালিকদের সংগে বিভিন্ন শ্রমিকদের প্রতিষ্ঠানের উপস্থিতিতে এবং অংশগ্রহণে ও সরকারের মধ্যস্থতায় যে ত্রি-পাক্ষিক চুক্তি করা হল—যে চুক্তির জন্য সরকার গৌরবান্বিত বোধ করেন, করাটা স্বাভাবিক এবং উচিতও, সেই চুক্তিতে এই বিড়লা কোম্পানী ৭ই মে তারিখে স্বাক্ষরিত চুক্তিতে ৫/৬ ধারা যেটা আছে যে জুট মিলের মালিকরা সাপ্তাহিক বেতনের বদলে পাক্ষিক বেতন প্রবর্তন করতে পারেন যদি সেই কারখানার ইউনিয়নগুলি এবং শ্রমিকরা এটা অ্যাকসেপ্ট করেন বা গ্রহণ করেন। এই চুক্তিতে সমস্ত জুট শিল্পের মালিকরাই স্বাক্ষরকারী এবং তার মধ্যে বিড়লা শিরোমণি। এই চুক্তির পর বিড়লার এই জুট ম্যানুফ্যাকচারিং কোম্পানীকে এককভাবে ইউনিল্যাটারালি, এই চুক্তিকে লংঘন করে শ্রমিকদের সংগে কোনরকম পরামর্শ না করে সাপ্তাহিক বেতনের বদলে পাক্ষিক বেতন প্রবর্তন করলেন। শ্রমিকরা জুট উৎপাদনের ব্যাপারে আগ্রহশীল অনেক সময় যাই বলা হোক না কেন। তারা এই ভায়োলেসানের বিরুদ্ধে প্রতিবাদ করলেন। মৌখিক প্রতিবাদে যখন লাভ হল না তখন তারা স্তরে স্তরে ওয়ার্নিং দিলেন। ১৫ই জুলাই তারা এক ঘন্টা স্ট্রাইক করলেন। এক ঘন্টা স্ট্রাইক করা যদিও কঠিন তবুও তারা ডিসিপ্লিনডভাবে সেটা করলেন। ১৭ তারিখ তারা দু ঘন্টা স্ট্রাইক করলেন, ১৮ তারিখে তিন ঘন্টা স্ট্রাইক করলেন। তারা বিড়লাকে এর ভেতর দিয়ে বুঝিয়ে দিলেন ভাল করে যে, ইউনিয়ান বা ওয়ার্কমেন কেউই এটাকে অ্যাকসেপ্ট করেন নি। তারা আরো কয়েকদিন অপেক্ষা করলেন আই. জে. এম. এ'র মিটিংএ এটা তুলবেন বলে। অন্যান্য বিষয়ের মধ্যে আই. জে. এম. এ'তে একথা উঠলো। শ্রমিকদের পক্ষ থেকে বি. পি টি. ইউ. সি এবং অন্যান্য ট্রেড ইউনিয়ান এটা তুললেন। আই. জে এম. এ স্বীকার করলেন এটা ভ্যায়োলেসান, এটা লংঘন। আই. জে. এম. এ. বললেন যেখানে যেখানে হয়েছে সেখানে তারা কারেক্ট করে নেবেন। আই. জে. এম. এ'র সুস্পষ্ট স্বীকৃতি সত্ত্বেও অন্য সদস্যরা বা জুট কারখানাগুলি বেশীরভাগ জায়গায় যেখানে সংশোধন করলেন সেখানে বিড়লার জুট ম্যানুফ্যাকচারিং কোম্পানী তারা আই. জে. এম. এ'র কথা সত্ত্বেও

সংশোধন করলেন না। এত ধৈর্য ধরার পর, আই. জে. এম. এ'র কথা ভায়োলেসান হবার পর এবং একদিনের সফল ধর্মঘটের পর থেকে দেখা যাচ্ছে সেই ত্রি-পাক্ষিক চুক্তি যে বিড়লা কোম্পানী ভেংগেছে সেটা বিড়লাকে মানতে বাধ্য করার পরিবর্তে সেখানে আমাদের সরকারের পুলিশ দলে দলে গিয়ে শান্তি রক্ষা করছেন, যে শান্তি বিড়লারাই ভঙ্গ করেছেন। শুধু তাই নয়, আজকে ভোর বেলা ২ জন শ্রমিক, একজনের নাম শ্রীকৃষ্ণ লম্বু, আর একজনের নাম শিউনাথ, যারা ওখানকার শ্রমিক ইউনিয়নের নেতা তাদের বিরুদ্ধে সম্পূর্ণ মিথ্যা অভিযোগ তুলে গ্রেপ্তার করা হয়েছে এবং দুর্ভাগ্যের বিষয় পুলিশ সেই সমস্ত ব্যাপারে মদত্ জোগাচ্ছে। ত্রিপাক্ষিক চুক্তিগুলি রক্ষা করবার জন্য পুলিশকে কি সরকারপক্ষ থেকে দায়িত্ব অর্পণ করেছেন—সেটা আমরা ঠিকভাবে জানি না। আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রির দৃষ্টি নিশ্চয় আকর্ষণ করছি, সেই সংগে স্বরাষ্ট্রমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি যে ত্রিপাক্ষিক চুক্তি ভংগ করাই কি স্বরাষ্ট্র দপ্তরের কর্তব্য হবে।

**Shri Rabindra Nath Ghosh :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আপনি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি ও আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী নিশ্চয় জানেন যে উলুবেড়িয়া সাবডিভিসন্যাল হসপিটালে ১৩০টি বেড আছে এবং সেই হসপিটালের দুরবস্থার কথা তিনি জানেন। তিনি নিজে একদিন সরেজমিনে তদন্ত করে এসেছেন। সেই হসপিটালের এমন অবস্থা হয়েছে যে রোগীরা ওষুধের অভাবে মৃত্যু বরণ করছে। সেখানে ডাক্তার নেই কোন স্টাফ নেই। কোন আয়া সেখানে নেই, সুইপার নেই এবং ওষুধপত্র না পাওয়ার জন্য হসপিটালে রোগীদের অ্যাডমিশন করানো যাচ্ছে না। হসপিটালের বারান্দায় কোন বিছানা, বালিশ নেই, মেঝের উপর তারা শুয়ে আছে। সেখানকার জনসাধারণ আশা করেছিলেন যে স্বাস্থ্যমন্ত্রীর তদন্তের পরে হয়ত কিছু কিছু ওষুধপত্র পৌঁছবে, ডাক্তারও বাড়ানো হবে, স্টাফ বাড়বে, কিন্তু আজ পর্যন্ত তার কোন রকম সুব্যবস্থা হয় নি। এই হসপিটালটিতে মেদিনীপুর ও হাওড়া থেকে রোগীরা এসে ভর্তি হচ্ছে, অথচ সেখানে কোন রকম ব্যবস্থা নেই। দয়া করে আপনি যদি এই হসপিটাল সম্বন্ধে একটু সুব্যবস্থা করেন তাহলে ওখানকার গরীব জনসাধারণ একটু বাঁচার সুযোগ পাবে।

**Md. Dedar Buksh :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সদস্য এবং বিশেষ করে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন যে গ্রামবাংলায় প্রাথমিক বিদ্যালয়ে যে সমস্ত ছাত্রছাত্রী পড়ে তাদের অভিভাবকের অধিকাংশই শতকরা প্রায় ৯৫ ভাগ ক্ষেত মজুর এবং চাষী এবং তাদের আর্থিক অবস্থা ভাল নয়। সকালবেলা ছাত্রছাত্রীরা যা খেয়ে আসে তাও আবার ঠিক পুষ্টিকর খাদ্য নয় এবং কোন রকমে না খেয়ে না দেয়ে আসে এবং এই অবস্থায় বেলা ১১টা থেকে ৪টা পর্যন্ত দীর্ঘ সময় থাকে। অনেক জায়গায় অভিভাবকদের পয়সা না থাকায় তারা ছেলেদের পয়সা দিতে পারে না বা কাছাকাছি কেনার ব্যবস্থাও কিছু নেই। তাই সার্বিকভাবে যাতে টিফিনের ব্যবস্থা করেন সরকারপক্ষ থেকে সেই জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তাদের স্বাস্থ্যহানি যাতে না ঘটে সেইজন্য এদিকে সরকারকে দৃষ্টি দিতে অনুরোধ করছি এবং এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ekramul Haque Biswas :** মাননীয় অধ্যক্ষমহায়, আমি স্বাস্থ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমি মুর্শিদাবাদ জেলার বহরমপুর সদর হসপিটালের একটি শোচনীয় চিত্র তুলে ধরছি। সেখানে ২১৫টি মোট বেড আছে। কিন্তু বর্তমানে বিভিন্ন ওয়ার্ডে ৫০০ রোগী আছে। মেডিকেল ওয়ার্ডে বেড আছে ৩২টি, কিন্তু রোগী আছে ১২৮, সার্জিক্যাল ওয়ার্ডে বেড আছে ৪৮টি, রোগী আছে ৯০—১১০ জন, গায়না ওয়ার্ডে বেড আছে ১৭টি, রোগী আছে ৩২ জন, কলেরা ওয়ার্ডে বেড আছে ২০টি, রোগী আছে ৪০—৪৫ জন, এটা অত্যন্ত

ইনফেকসাস ডিজিজ, মেটারনিটি ওয়ার্ডে বেড আছে ৪৮টি, রোগী আছে ১০০টি, টিটেনাস ওয়ার্ডে বেড আছে ৯টি, রোগী আছে ৩২ জন। এছাড়া জি. ডি. এ. ও সুইপার মিলিয়ে হচ্ছে ১২৮ জন। ২৭৫টি বেডের হসপিটালটিতে রোগীদের জন্য সব মিলিয়ে ১২৮ জন স্টাফ আছেন। সেখানে এত বেশী রোগী আছেন যে একটা বিরাট অসহনীয় অবস্থা চলছে। দু' দিন হল সেই হাসপাতালে ওয়াটার কানেকসান বন্ধ হয়ে গেছে। সদর হসপিটালের মধ্যে একটি টিউবওয়েল আছে, সেইজন্য খুব জলকষ্ট দেখা দিয়েছে। তাই এই বিষয়ে অবিলম্বে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**Shri Sisir Kumar Ghosh :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খড়দহ জুট মিল বেশ কিছু দিন ধরে বিভিন্ন তাঁত, বিভিন্ন department বন্ধ হতে চলেছে। এই পরিপ্রেক্ষিতে গত ৩১শে জুলাই যখন শান্তিপূর্ণভাবে শ্রমিকরা কর্তৃপক্ষের কাছে তাদের deputation দিচ্ছিলেন সেই সময় খড়দহ থানার পুলিশ তাদের ভিতর থেকে ৫ জন মহিলা শ্রমিককে গ্রেপ্তার করে থানায় নিয়ে যায়। এই গ্রেপ্তারের সময় মেয়ে শ্রমিকরা আহত হয়েছে। আমি যখন থানায় গিয়ে জিজ্ঞাসা করি এই মেয়ে শ্রমিকরা কি কোন রকম হিংসামূলক—অন্যায় কাজ করেছেন, তখন থানার কতৃপক্ষ কোন জবাব দিতে পারেন নি। অথচ এই মেয়ে শ্রমিকদের যখন গ্রেপ্তার করা হল তখন কোন মেয়ে পুলিশ ছিল না, পুরুষ পুলিশ এদের গ্রেপ্তার করে। এই যে মেয়ে শ্রমিকরা লাঞ্ছিত হয়েছেন এই সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে তদন্তের জন্য আবেদন জানাচ্ছি। আমি একথা বলতে চাই যে কিছুদিন আগে এই খড়দহ থানায় Supervising Staff যখন আন্দোলন করছেন তখন সেখান থেকে তাদের গ্রেপ্তার করে আনা হয়।

**Mr. Speaker :** No other incident please. Only one incident has to be mentioned.

[2-20—2-30 p. m.]

**Shri Hemanta Dutta :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের ত্রাণ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দেশে যখন জরুরী অবস্থা আসে দেশে যখন অভাব দেখা দেয়, তখন Test Relief Scheme চালু করা হয়। তাতে দেখা যায় যারা paymaster থাকে তাদের মাহিনা আগে ছিল ৩ টাকা এখন আইন করে ৫ টাকা daily করা হয়েছে। আমরা দীর্ঘদিন ধরে শুনে আসছি যে ঐ সমস্ত Paymaster, Supervisor, মোহরা তারা complain করছে যে তারা টাকা পান না। তারা ৫ বছর, ৭ বছর ধরে কোন টাকা পান না। এই জন্য আমি মনে করি সরকারী অবস্থার দরুণ তারা এই টাকা সরকারের কাছ থেকে পান না। তারা test relief থেকে কিছু নেবেন, এটা একটা open secret হয়ে দাঁড়িয়েছে। সেজন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তাদের যথাসময়ে টাকা দিয়ে দেওয়া হয় এবং তারা যাতে সময়মত টাকা পায় সেটা আমাদের দেখতে হবে। যারা test relief-এ কুলীর কাজ করেন, তারা ১ শত স্কোয়ার feet মাটি কেটে carrying cost সমেত ২ টাকা পাবে। একটা লোকের পক্ষে এটা অপ্রতুল বলে মনে করি এবং তারা ১ শত স্কোয়ার ফিটের বেশী মাটি কাটতে পারবেন না। এই ১ শত ফিট মাটি কেটে মাত্র ২ টাকা হয় তাতে তাদের নিজেদেরই কুলোয় না। বর্তমান বাজারে চালের দাম এত বেশী যে ১ শত ফিট মাটি কেটে তারা যা পায় তাতে তাদের চালের খরচও কুলায় না। তারপর আর একটা বিষয় হচ্ছে M.R. Dealer যারা তারা regularly complain করছে তারা প্রতি ৫ মাইল পর্যন্ত যেসমস্ত মাল থাকে তা carry করবার জন্য carrying cost পায় না। Naturally সেদিক থেকে তারা অন্যভাবে টাকা নিচ্ছে। কাজেই তাদের এই সব টাকাকড়ি দেওয়া দরকার।

**Shri Bhabani Prosad Sinha Roy:** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে সরকারের বিশেষ করে উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নিজের এলাকায় ১৯৬২ সালে ১১০ বিঘা জমি সরকার থেকে acquire করে নেওয়া হয়েছে। এবং তাদের বিরুদ্ধে জমির মালিকরা মামলা করেন। ১০ বছর বাদে এই মামলার শুনছি নিষ্পত্তি হয়েছে। এই যে ১১০ বিঘা জমি যারা ভাগচাষ করতো এই রকম ১৭টি family আছে। এই ১৭টি family-র মধ্যে বেশীর ভাগ আদিবাসী family। তাছাড়া অন্য এক শ্রেণীর উদ্বাস্তু সেখানে রয়েছে। যেসমস্ত জমিতে ফসল রয়েছে এই সমস্ত জমির মধ্যে ১০টি বাড়ী ও বাস্তুভিটা রয়েছে। সেখানে লোকজন বাস করছে ঘরবাড়ী করে। এই ১০৭টির মধ্যে ১৫টি আদিবাসী পরিবার ও ২টি উদ্বাস্তু পরিবার আছে। দেখা গেল যখন জমিতে ফসল রয়েছে, সরকারের উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ থেকে পুলিশের সহায়তায় ফসলের জমিকে নষ্ট করে প্লট করছেন, জমি দখল নিচ্ছেন। বাস্তুভিটা যেখানে তার উপরও দখল নেওয়া হচ্ছে। এটা একটা অসহনীয় অবস্থার সৃষ্টি সেখানে হচ্ছে। এই যে এক শ্রেণীর উদ্বাস্তু এবং আদিবাসী পরিবার যারা সেখানে ভাগচাষ করতো, যারা ১৫, ২০, ৩০, ৪০ বছর ধরে ভাগচাষ করে আসছে, এবং যেখানে সরকার ভাগচাষীকে উচ্ছেদ করা চলবে না বলছেন সেখানে সরকারের পুলিশের সহায়তায় তাদের জোর করে উদ্বাস্তু করা হচ্ছে। এক শ্রেণীকে বাস্তু দিতে গিয়ে আর এক শ্রেণীকে তাদের জমির ফসল নষ্ট করে উদ্বাস্তু করা হচ্ছে।

**Shri Abdul Bari Biswas:** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এটা সকলেই জানেন এবং এ সম্বন্ধে আমাদের স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় কিছু কিছু বক্তব্য ইতিপূর্বে রেখেছেন। তবে জনসাধারণের কথা আমাদের কিছু কিছু বলতে হয়। কিছু দিন আগে পর্যান্ত এই চিকিৎসা বিভাগের ভর্তির ব্যাপারে অনেক জেলাওয়ারী কোটা ছিল এবং পরবর্তীকালে সেই কোটা উঠিয়ে দেওয়া হয়। মহামান্য হাইকোর্ট একরকম রায় দিয়েছেন যার ফলে কোটা সিসটেম-এ অ্যাডমিশন করা হচ্ছে না। এখন আমাদের পশ্চিমবঙ্গ সরকার যে ব্যবস্থা গ্রহণ করেছেন, তাতে আমাদের জনসাধারণের দিকে একটু তাকিয়ে বিচার বিবেচনা করা দরকার এই ভর্তির ব্যাপারে। যেখানে গোটা পশ্চিম বাংলায় ৯৯টি হাসপাতালে এখন ডাক্তার পাঠানো সম্ভব হচ্ছে না, এমন কি ডাক্তারের বাইরে যাওয়া এবং মফঃস্বল সার্ভিস করার জন্য কিছু এমলিউমেন্টস, মাইনে বাড়িয়ে দিয়েও সরকারের পক্ষে কিছু করা সম্ভব হচ্ছে না, কলকাতা শহরে যারা চিরদিন ডাক্তারী করেন, যারা সরকারী হাসপাতালের সংগে যুক্ত, তাদের বাইরে পাঠানো সম্ভবপর হয়ে উঠছে না সরকারের পক্ষে, এই ক্ষেত্রে গ্রামবাংলার যে সমস্ত ছেলে এই শিক্ষা পেতে চায় তার জন্য বিভাবে সহায়ক পরিবেশন হতে পারে, এই বিষয়ে সরকারের একটু অনুধাবন করার প্রয়োজন আছে। আমি তাই বলছিলাম সরকার এমন একটা ব্যবস্থা গ্রহণ করুন মেডিকেল কলেজে ভর্তির ব্যাপারে যেন সেখানে অন্ততঃপক্ষে ব্লক থেকে কিছু কিছু ছেলে এই শিক্ষার সুযোগ পেতে পারে এবং তাদের এই সুযোগ দিয়ে আগামী দিনে তারা যখন উত্তীর্ণ হবে পরীক্ষায়, তখন পশ্চিমবংগ সরকার সেই সমস্ত নূতন ডাক্তারদের গ্রাম্য চিকিৎসালয়ে যাতে সার্ভিস দেন তার ব্যবস্থা করতে পারেন। এই সংক্রান্ত বিষয়ে কয়েকটা কথা বলেছিলাম। এই ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রী কয়েকটি কথা বলেছিলেন আমরা শুনেছি। যদি গ্রামবাংলার ছেলেদের এই সুযোগ করে দেন তাহলে ভাল হয়।

**Shri Ajit Panja:** মাননীয় সদস্য যে বক্তব্য রাখলেন, এই সম্বন্ধে আমি মাননীয় সদস্যদের জানিয়েছি এবং আরও জানাচ্ছি যে এর পরে কি স্টেপ নেওয়া হয়েছে। সুপ্রীম কোর্টের একটা রায় অনুযায়ী আগে যে জেলাওয়ারী ভর্তির ব্যবস্থা ছিল, সেটা বন্ধ করে দিতে হয়েছে। সেই রায় আমাদের যিনি লিগ্যাল রিমেমব্রানসার আছেন, তাঁর কাছে পাঠানো

হয়েছিল, সেটা আমরা নিজেরা লেখাপড়া করে সে সম্বন্ধে একটা কেবিনেট মেমো তৈরী করেছি। দু একদিনের মধ্যে বা পরবর্তী কেবিনেটে বা তার পরে আসছে, সেটার বিষয়ে তখন আমি এই হাউসকে জানাতে পারবো যে কি স্টেপ নিচ্ছি।

**Shri Pradyot Kumar Mahanti :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পশ্চিমবংগ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। খবরের কাগজে আপনারা সকলেই দেখেছেন সরকার বিরোধদল, সংগঠন কংগ্রেসের সদর দপ্তর ৫৯বি চৌরঙ্গী রোড সরকার সরকারী হুকুমনামা নিয়ে দখল করে নিয়েছেন এবং তার প্রতিবাদে গতকাল থেকে এই হাউসের প্রবীণ সদস্য শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় সত্যাগ্রহ করছেন ওই ভবনের সম্মুখে। তিনি অনির্দিষ্টকালের জন্য সত্যাগ্রহ করছেন। এই রকম একটা গণতান্ত্রিক রাষ্ট্রের যেখানে সরকার পার্লামেন্টারী ডেমোক্রেসির কথা বলেন এবং বিরোধীদলের সর্বপ্রকার মর্য্যাদা এবং রাইটস রক্ষিত হবে এই সরকারের দ্বারা এই কথা বলেন তখন একটি বিরোধী দলের প্রধান দপ্তর তাঁরা এই সরকারের হুকুমনামা নিয়ে দখল করে নিয়েছেন। এই জন্য আমি অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে এখানে মুখ্যমন্ত্রী উপস্থিত আছেন তাঁর এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-30—2-40 p. m.]

**Shri Bijoy Singh Nahar :** স্পীকার মহোদয়, যে কথা বললেন মাননীয় সদস্য যে, আমাদের প্রবীণ সদস্য শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় সত্যাগ্রহ করেছেন অনির্দিষ্টকালের জন্য কেন না কংগ্রেস ভবনের এক অংশ সরকার রিকুইজিশন করে নিয়েছেন। কংগ্রেস ভবনের বাড়ীটা জনসেবক ট্রাষ্ট নামে একটা ট্রাষ্টের বাড়ী, এইটা কংগ্রেস অর্গানাইজেশনের বাড়ী নয়। সেখানে ট্রাষ্টের নামে আগে ইণ্ডিয়ান ন্যাশনাল কংগ্রেসকে সাহায্য দিতে পারে, বাড়ী ব্যবহার করতে দিতে পারে কিম্বা ঐ ট্রাষ্টের কোন ইনকাম হলে সাহায্য দিতে পারে এবং অন্যান্য নানান গঠনমূলক কাজে ট্রাষ্টের খরচ করবার ব্যবস্থা আছে। কিছুদিন ধরে কয়েক মাস ধরে কংগ্রেস (অর্গানাইজেশনের) কংগ্রেস ভবন ৫৯/বি, চৌরঙ্গী রোড, এর এক অংশ বড় অংশ যেটা খালি সেই অন্য অংশে জনসেবক ট্রাষ্টকে ভাড়া দেবার জন্য বলেছিলন, তারা নিজেরা ব্যবহার করার জন্য। পাশেই যে ছোট বাড়ীটা আছে সেই বাড়ীটায় কংগ্রেস (ও)-র অফিস আছে এবং তাদের জেনারেল সেক্রেটারি শ্রীঅশোক কৃষ্ণ দত্ত মহাশয় এর একটা স্টেটমেন্ট যুগান্তরে বেরিয়েছে যে, ঐ পাশের বাড়ী যেটা সরকার নিয়েছেন তার সঙ্গে আমাদের কোন সম্পর্ক নাই।' বাড়ীভাড়া দেবার সিদ্ধান্ত হয়েছিল, একটা কোম্পানী সেটা ঐ ডালমিয়া ছিল, পি সি সেন মহাশয় প্রেসিডেন্ট অফ দি জনসেবক ট্রাস্ট, তিনি ৫৫,০০০ টাকা নিয়েছিলেন অগ্রিম যে সেখানে ঐটা ভাড়া দেওয়া হবে। সমস্ত বাড়ীটা থেকে এই অংশটা কেটে নেওয়া হবে। এই স্টেটমেন্ট মাননীয় পি. সি. সেন মহাশয় দিয়েছেন সেটা খবরের কাগজে বেরিয়েছে, এটা আমার কথা নয়। আমি একজন ট্রাষ্টের সদস্য হিসাবে—একজন ট্রাষ্টি হিসাবে জানি এবং উনি এটা নিয়েছেন কংগ্রেস(ও) খরচের ব্যবস্থার জন্য। এই বাড়ীটা ভাড়া দেওয়া হবে বলে পার্টির কাছ থেকে টাকা নিয়েছিলেন এবং একজন ট্রাষ্টির আপত্তির ফলে সেই পার্টিকে বাড়ী ভাড়া দেওয়া হয়নি। যিনি আপত্তি করেছিলেন তিনি অন্য একটা পার্টিকে যোগাড় করে এনেছিলেন এবং আমি জানি না ভিতরে কি হয়েছে, ইতিমধ্যে সরকার জানতে পারেন যে এই বাড়ী ভাড়া দেওয়ার জন্য এখনও ওপেন রয়েছে এবং সেখানে রিকুইজিশন করে নিয়েছে এটাতে আমার মনে হয় কোন অন্যায় নয়। দ্বিতীয়তঃ তার আজকে কংগ্রেস (ও) বাঁচবার চেষ্টা করছে, তাদের সংগে কোন জনমত নেই, তারা এইটাকে একটা পলিটিক্যাল ইস্যু হিসাবে নিয়ে বলছে যে সরকার জোর করে পলিটিক্যাল পার্টির দপ্তর দখল করেছেন। কিন্তু জনসেবক ট্রাষ্টের পক্ষ থেকে কোন কথা বলা হচ্ছে না। কংগ্রেস(ও) তারা বাঁচবার জন্য একটা অন্যায়ভাবে আন্দোলন সৃষ্টি করেছে এটা আমি আপনার কাছে যে ঘটনা ঘটেছে তার বিবৃতি দিলাম। অগ্রিম টাকা নিয়ে তাদের না দিতে পারায় এখন আঁতে ঘা লেগেছে।

**Shri Siddhartha Sankar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, একজন প্রবীণ সদস্য একটা আন্দোলনকে নেতৃত্ব দিচ্ছেন এবং সংবাদপত্রে দেখলাম তিনি সেখানে তাঁবু খাটিয়ে বসে আছেন, তাতে আমরা দুঃখিত এবং একজন প্রবীন সদস্য এইরকম কাজ করেছেন বলে আমি কালকে উত্তরবঙ্গ থেকে ফিরে এসে সমস্ত খোঁজ খবর নিয়েছিলাম এবং কালকে একটা বিবৃতি দিয়েছি। আজকে বন্ধুবর প্রদ্যোতবাবু এই কথা তুললেন। আমি সদস্যদের কতগুলি কথা স্মরণ করিয়ে দিচ্ছি। শ্রদ্ধেয় বিজয় সিং নাহার যা বললেন তা আপনারা শুনলেন। তবু আমি আর দু-একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই। প্রদ্যোত বাবু শুনবেন, ডালমিয়া বলে একজন ভদ্রলোক এসে পাবলিক সারভিস কমিশনেরসঙ্গে কথাবার্ত্তা শুরু করলেন। পাবলিক সারভিস কমিশন তখন একটা চিঠি লিখলেন এইরকম যে ডালমিয়া বলেছেন যে ৫৯ বি চৌরঙ্গী অর্থাৎ যেটা কংগ্রেস ভবন বলা হয় সেটা তাঁর এবং তিনি সেটা ভাড়া দিতে চাইছেন। আমাদের দরকার এবং আমরা এটা ভাড়া নিতে চাইছি। তারপর এলো চিঠিটা এবং চিঠিটা নিয়ে আলোচনা হচ্ছিল। তারপর স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিজ ডিপার্টমেন্টের দরকার হল, আমাদের জরুরী কাজ পড়ে গিয়েছিল। পাবলিক সারভিস কমিশনের দরকার ছিল, স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিজ ডিপার্টমেণ্টের আরও দরকার ছিল। আপনার স্মরণ থাকবে, মাননীয় অধ্যক্ষমহাশয়, যে আমি তখন দার্জিলিং এ ছিলাম। বাড়ীটা ভাড়া দেবে ডালমিয়াকে এবং ডালমিয়া তার থেকে মুনাফা করে ভাড়া দেবেন। যখন ভাড়া দিচ্ছেন তখন কেন ডালমিয়া মুনাফা করবেন? এতে কোন রাজনীতির খেলা নেই, রাজনীতি নেই। তাঁরা বাড়ী ছেড়ে চলে গিয়েছিলেন এবং ডালমিয়া লাভ করতে চাইছিলেন। আমি জানতে চাই সরকার কি অন্যায় করেছেন ডালমিয়াকে না দিয়ে? এটা আমি জানতে চাই এবং বলতে চাই যদি ভুল করে থাকি আমি পশ্চিমবঙ্গের মানুষের কাছ থেকে তিরস্কার নিতে প্রস্তুত আছি। জে, ডালমিয়া, শান্তিপ্রসাদ জৈন বা আর, কে, ডালমিয়াকে কংগ্রেস ভবন থেকে মুনাফা করতে না দিয়ে সরকার কি অন্যায় করেছেন—এটা আমি পশ্চিমবঙ্গের মানুষকে জানাতে চাই। ডালমিয়া বাড়ী নিতে গেলে কোনরকম সত্যাগ্রহ থাকতো না, তাঁবু থাকতো না। কিন্তু যখন সরকার নিচ্ছেন, তখনই আসছে বাধা। ভাড়া তাঁরা তো দিতে চাইছেন, সরকার নিচ্ছেন এতে বাধা কোথায়? এতে আন্দোলনের কি আছে? আজকে পশ্চিমবঙ্গে খরার অবস্থা, বন্যার অবস্থা, মানুষের দুঃখের শেষ নেই। এটা কি নিয়ে আন্দোলন হচ্ছে? ওঁদের কি অসুবিধা হচ্ছে? তাঁরা জে, ডালমিয়াকে ভাড়া দিতেন। তা না দিয়ে পশ্চিমবঙ্গ সরকার নিচ্ছেন। তাঁরা পশ্চিমবঙ্গ সরকার নিচ্ছেন। তাঁরা পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক সরকারের থেকে কি জে, ডালমিয়াকে বেশী পছন্দ করেন? তাই মাননীয় অধ্যক্ষমহাশয় আপনার মাধ্যমে প্রদ্যোতবাবুকে বলবো কেন আন্দোলন করবেন? কাগজে দেখলাম তাঁরা নাকি ৯ই আগষ্টের "ভারত ছাড়" দিবসকে "কংগ্রেস ভবন" ছাড় দিবস রূপে পালন করবেন। তাঁরা যদি এত নীচে নামতে চান আমি কি আর বলবো। তবে আমি কালকে পুরো বিবৃতি দেবো। সমস্ত রেকর্ড হাউসের সামনে রাখবো এবং হাউসের মাধ্যমে জনসাধারণকে জানাবো, তাঁরা ভেবে দেখবেন আমরা ঠিক করেছি, কি অন্যায় করেছি।

**Shri Sarat Chandra Das :** মাননীয় অধ্যক্ষমহাশয় আমি যে ব্যাপারে বক্তব্য রাখতাম আমার সহযোগী মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস সে সম্বন্ধে বক্তব্য রেখেছেন। আমি আপনার মাধ্যমে বলতে চাইছি গ্রামবাংলার ছেলেরা যাতে মেডিকেলে পড়বার সুযোগ-সুবিধা পায় তার একট সুব্যবস্থা হোক এবং তারা কিছু সুযোগ সুবিধা পাক। কারণ দেখা যাচ্ছে কয়েক বছর থেকে গ্রামের ছেলেরা এবং আদার ব্যাক ওয়ার্ড ক্লাস সংখ্যালঘু ছেলেরা মোটেই মেডিকেল কলেজে কোন সুযোগসুবিধা পাচ্ছে না। তারজন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো যে, যে আটশো সিট আছে সেটা প্রত্যেক নির্বাচন কেন্দ্র থেকে নেওয়া হক যাতে কেউ না বাদ পড়ে।

[2-40—2-50 p.m.]

**Mr. Speaker :** I find that the Minister-in-charge of the Education Department is now present. I will request him to make a statement on the subject of students' unrest at Kalyani University. (Attention called by Shri Jagadish Chandra Das on the 13th July, 1972).

**Shri Mrityunjoy Banerjee :** Mr. Speaker, Sir, I regret very much that I could not be present earlier to make statement which I now make with your permission.

The Government views with concern the growing unrest at Kalyani University arising out of the demand of a section of students and teachers for converting it into a full-fledged Agricultural University. Another section has also raised a demand for setting up a separate University with the existing Arts and Science Faculties. The issues concern one or two other Departments of the Government directly as also the State Government as a whole. Views of other bodies like the University Grants Commission and the Indian Council of Agricultural Research have to be obtained in this connection. All these may take time. Meanwhile, the students and teachers are requested to carry on their normal work maintaining the status quo.

**Resolution for Ratification of the Constitution (Twenty-eighth Amendment) Bill, 1972**

**Shri Siddhartha Shankar Roy :** Sir, I beg to move that this House ratifies the amendments to the Constitution of India falling within the purview of the proviso to clause (2) of Article 368 thereof, proposed to be made by the Constitution (Twenty-eighth Amendment) Bill, 1972, as passed by two Houses of Parliament.

এই প্রস্তাবের সমর্থনে খুব বড একটা বক্তৃতা আমাদের কাউকে নিশ্চয় করতে হবে না। এটা আজকে আবার একটা প্রতিশ্রুতি পালনের দিন। আমরা বলেছিলাম ভারতীয় নৃপতিদের ভাতা ও সুযোগসুবিধা যেমন আমরা তুলে নেবার জন্য সংবিধান সংশোধন করব, ঠিক তেমনি ব্রিটিশ আমলে I.C.S.দের যে সমস্ত প্রিভিলেজ দেওয়া হয়েছিল সেগুলিও তুলে নেব এবং সংবিধানে এসব থাকবে না। সেই প্রতিশ্রুতি এখন পালন করা হচ্ছে। ৩১৪ নং ধারা সংবিধানের তুলে নেওয়া হচ্ছে এবং তার বদলে একটা নূতন ধারা আনা হচ্ছে ৩১২(এ)। তাই আজকে আশা করব প্রত্যেক সদস্যই এই প্রস্তাবটাকে সমর্থন করবেন এবং Constitutionএর এই Amendment যা আমাদের লোকসভা ও রাজ্যসভা পাশ করেছেন তাকে অনুমোদন করে আমাদের প্রতিশ্রুতি রক্ষায় সাহায্য করবেন।

**Shri Satya Ghosal :** স্যার, যে প্রস্তাব এখানে রাখা হয়েছে তার উপর বক্তৃতা করার বিশেষ কিছু নেই। এটা খুব বিলম্বিত হয়েছে। লোকসভা ও রাজ্যসভায় যখন এই প্রস্তাব পাশ হয়েছে তখন ইতিমধ্যে ২৫ বছর পার হয়ে গেছে। অবশ্য আমরা বলতে পারি better

late than never. আবার অনেক অনেক সময় এটা দাঁড়ায় কারণ একটা ভাল প্রস্তাব হয়ত বিলম্বিত হবার ফলে এর ধার অনেকটা কমে গেছে। কিন্তু এর গুরুত্ব অস্বীকার করার নেই। মুখ্যমন্ত্রী যে কথা বললেন এটা আসল একটা প্রতিশ্রুতি পালনের ব্যাপার। কারণ I.C S- সম্পর্কে যে অধিকার খর্ব করা হয়েছে তাতে বিধানসভায় আলোচনা করার বিশেষ কিছু নেই। ইতিপূর্বে সাধারণ প্রশাসন নিয়ে যখন আলোচনা হচ্ছিল তখন আমি লর্ড কার্জনের উক্তি দিয়ে একটা কথা বলেছিলাম। অর্থাৎ সেসময় তিনি বলেছিলেন: "No spark of imagination strikes upon their minds. No spark of initiative springs from their breast. If left to themselves they will be out to throttle all reforms". একজন কুখ্যাত ব্যাক্তি অনেক দিন আগে I. C. S. দের সম্পর্কে এইরকম একটা উক্তি করেছিলেন। সুতরাং আজ এদের কিছু সুযোগসুবিধা কমিয়ে দিলে কেউ অসুখী হবে না বরং এটা মনে করবে স্বাধীনতার রজতজয়ন্তী উৎসব যখন পালিত হচ্ছে তখন ব্রিটিশ সাম্রাজ্যবাদের একটা service সেই service ভারতবর্ষের ক্ষেত্রে একটা অ্যানাক্রনিজম যেটা dwindle হয়ে যাচ্ছে। এককালে এই serviceকে মনে করা হোত সিলেসটিয়াল সার্ভিস, heaven born service। আজ যখন তার সমস্ত glamour এক এক করে মনে পড়ছে তখন তাকে তুলে দিলে কেউ ক্ষুব্ধ হবেন না। আমরা সকলেই এটাকে সমর্থন করি এবং করব। সুতরাং এই প্রস্তাবটা সেইদিক থেকে খুবই গুরুত্বপূর্ণ। আজকে আমাদের দেশে আই. সি. এস. শেষ হতে চলেছে, আই. সি. এস. অলরেডি একসটিংটেড অ্যাজ এ ক্লাস। যে কয়জন আছে তাঁরা রিটায়ার্ড করতে আরম্ভ করলে ১৯৮০ সালের মধ্যে এই দেশে আর আই. সি. এস. থাকবে না, ১৯৭৮-৭৯ মধ্যে হয়তো শেষ হয়ে যাবে এবং এই আই. সি. এস. দের সম্পর্কে অনেক কথাই তোলা যায় কিন্তু সেটা হবে অবান্তর। সেজন্য এঁদের সম্পর্কে বিশেষ কিছু না বলে আমি অন্য দু' একটা কথা এখানে তুলতে চাই। কারণ, এঁদের সার্ভিসটা কি— ব্রিটিশ কলোনিয়াল সিসটেম, ইংরাজ উপনিবেশিক ব্যবস্থার জন্য ব্রিটিশ আমলে সৃষ্ট এই আই. সি. এস। আমি লর্ড এলফিনস্টোনের একটা উদ্ধৃতি পড়ছি, তখনকার দিনে ঢাকার ডেকানের কমিশনারকে লিখেছিলেন, তিনি বলেছিলেন, "I have heard that you are making too much with the Indian and you are getting Indianized, I would like to tell you, do not sink to their level." এতেই বোঝা যায় দৃষ্টিভংগী কি ছিল, আই. সি. এস. দের কিভাবে ইংরেজরা রাখতে চেয়েছিল। তাঁরা বলেছেন ডু নট গট ইণ্ডিয়ানাইজড, ভারতীয় হয়ে যেও না। আসলে এদের বিরুদ্ধে যে সমালোচনা সেটা হল এই এঁরা ভারতবর্ষের কাজ করুন কিন্তু অভারতীয় পদ্ধতিতে কাজ করুন, সমস্ত ভেসটেড ইন্টারেসটেড স্বার্থবাহী হয়ে কাজ করুন। সুতরাং এঁদের ডাইভার্জড করে দেওয়া ভাল। সেদিক থেকে এই প্রস্তাব অবশ্যই সমর্থন করি। কিন্তু কথা হচ্ছে এটাকে আরো এগিয়ে নিয়ে যাবার কথা ভাবতে পারি কিনা। আই. সি. এস. নেই কিন্তু সেই ইমেজ গড়ে ওঠা আই. এ. এস আছে। আই, সি. এস. দের মত এই আই. এ, এস-রা সেইভাবে ট্রেণ্ড, সেই অ্যানটি পিপল কায়দায়, সেই আনডেমোক্র্যাটিক কায়দায় ট্রেণ্ড, সেইভাবে সমগ্র দুনিয়া এবং জগতটাকে নিজেদের স্টাইলের মধ্যে দেখতে চান। মানুষকে মানুষ হিসাবে না দেখে হিউম্যান ফ্রেমে না দেখে স্টীল-ফ্রেমে দেখে কাজ করতে চাই আই. সি. এস দের মত। এই দিকটা নজর দেওয়া উচিত। শুধু আই. এ. এস কেন আমাদের দেশে এই প্রিভিলেজড ক্লাস বাদে আর একটা নতুন ক্লাস তৈরি হতে দেখতে পাচ্ছি চোখের সামনে। সেই নিউ ক্লাস সম্পর্কে আমরা সচেতন আছি কি? একজন আই. সি. এস. অফিসার রিটায়ারমেণ্টের সময় সেক্রেটারী হলে ৪ হাজার টাকা মাইনে পাবেন, জয়েণ্ট সেক্রেটারী, এ্যাডিসন্যাল সেক্রেটারী হলে ৩॥ হাজার টাকা পাবেন, সেক্ষেত্রে আই. এ. এস. পান ৩ হাজার টাকা। কেন এই ডিসক্রিমিনেশান আমি জানি না। উল্টো দিকে অনেক কোম্পানী অফিসার আছেন যাঁরা ১০ হাজার টাকা রোজগার করেন,

তাঁরা সমস্ত রকম সুযোগসুবিধা ভোগ করেন। এইভাবে আমাদের দেশে একটা নতুন ধরনের প্রিভিলেজড শ্রেণী তৈরী হচ্ছে। এদের সম্পর্কে আমরা সচেতন আছি তো? দে আর এলিমিনেটেড ফ্রম দি পিপল—তারা লোকের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। তাদের সম্পর্কে আমি এখানে স্টুয়ার্ড এলফিনস্টোনের উদ্ধৃতি দিয়ে বলেছিলাম, এরা উপদেশ দিতেন যে তোমরা লোকের সাথে বেশী মেশো না, ডু নট গেট ইউরসেলভ ইণ্ডিয়ানাইজড, এই যে উচ্চ দপ্তরের অফিসার যারা এলিমিনেটেড ফ্রম দি পিপিল তাদের সম্পর্কে আমরা সচেতন আছি তো? আমি আশা করব ডেমোক্র্যাটাইজেসান অব দি মেসিনারি এণ্ড অ্যাডমিনিস্ট্রেসান—সমস্ত শাসন-ব্যবস্থা গণতান্ত্রিকরণের দিকে অগ্রসর হবে এবং আমরা জানি এই ডেমোক্র্যাটাইজেসান এর ফলে তাদের সেই পুরান দিনের গ্ল্যামার এবং মহিমা ডুইগুলিং হয়ে যাচ্ছে একমাত্র দেওয়ালে নামের ফলক দেওয়া ছাড়া। আমরা স্বাধীনতার রজতজয়ন্তী উৎসব পালন করতে চলছি, এই রজতজয়ন্তীর বর্ষে আমরা আশা করব গণতন্ত্রের স্বার্থে, গণতান্ত্রিক আন্দোলনের স্বার্থে, দেশে গণতান্ত্রিক অগ্রগতির জন্য জনগণের বিরুদ্ধে সেই সমস্ত আমলাতন্ত্র যে পদ্ধতিতে কাজ করত, আজো যে পদ্ধতি চালু আছে সেগুলি গণতন্ত্রীকরণের দিকে অগ্রসর হবে এবং এই কাজ যদি করতে পারি তাহলে গণতন্ত্র সফল হবে, সার্থক হবে। আজকে সংবিধান সংশোধন করবার জন্য যে প্রস্তাব আনা হয়েছে সেটাকে আমি সমর্থন করছি এবং এর বিরুদ্ধে বেশী আলোচনা করার প্রয়োজন আছে বলে মনে করছি না।

[2-50—3-20 p. m. including adjournment]

**Shri Sankar Ghose** : মাননীয় অধ্যক্ষমহাশয়, এই হাউসের সামনের যে প্রস্তাব এসেছে আমি সর্বান্তঃকরণে তাকে সমর্থন করছি। এই প্রস্তাব সম্বন্ধে আমাদের মুখ্যমন্ত্রি মহাশয় বলেছেন যে, এটা একটা প্রতিশ্রুতি পালন করবার ব্যাপার। আমরা দেখেছি স্বাধীনতা যখন এসেছিল তখন দুটি জিনিস আমাদের সংবিধানে ছিল এবং তার মধ্যে একটি হচ্ছে রাজন্যভাতা দেবার কথা এবং আর একটি হচ্ছে আই সি এস-দের স্পেশাল প্রিভিলেজ দেবার কথা। এই দুটি জিনিস আমাদের সংবিধানের মধ্যে ঢুকেছিল। রাজন্য ভাতা বিলোপ হয়েছে এবং আই সি এস-দের কতগুলি যে প্রিভিলেজ ছিল সেই বিষয়ে এই অ্যামেণ্ডমেন্ট যেটা এসেছে তার মূল উদ্দেশ্য হল আই সি এস-দের চাকরির কি রকম কণ্ডিসন হবে সেটা পার্লামেন্ট বলে দেবেন। পার্লামেন্টের এই যে অ্যামেণ্ডমেন্ট এসেছে তার মূল বক্তব্য হচ্ছে আই সি এস-রা এখন যে কাজ করবেন সেটা ব্রিটিশ সেক্রেটারী অব স্টেট তাঁদের অ্যাপয়েন্ট করেছেন সেই ভিত্তিতে নয়, তাঁরা এখন কাজ করবেন স্বাধীন দেশের আমলা হিসেবে এবং পার্লামেন্টের ক্ষমতা থাকবে তাঁদের সার্ভিস কণ্ডিসনস্ পরিবর্তন করার। এই আই সি এস-রা ব্রিটিশ স্টিলফ্রেমে কিভাবে কাজ করেছে সেকথা উঠেছে। একটি কথা বলেছেন লর্ড কার্জন, ইট ইজ এ মাইটি মেসিন ফর ডুয়িং নাথিং। আমি একথা বলছি না আই সি এস-রা কিছু করেন নি। এখানে যে বিল এসেছে তার একমাত্র উদ্দেশ্য হল আমলাদের যেটা সার্ভিস কণ্ডিসন হবে সেটা ব্রিটিশ সেক্রেটারী অব স্টেট ঠিক করবে না, এটা ঠিক করবে আমাদের পার্লামেন্ট, আমাদের জনসাধারণ এটাই হচ্ছে আসল কথা। আমরা দেখছি তাঁরা চারটি বিষয়ে সুযোগসুবিধা বেশী পাচ্ছেন এবং তার একটি হল মাইনের ব্যাপার। তারা ৫০০ টাকা বেশী মাইনে পান আই এ এস-দের থেকে। আর একটা হচ্ছে তাঁদের পেনসনের ব্যাপার। আই সি এস-রা পেনসন পান ১,১০০ টাকা, কিন্তু আই এ এস-রা পেনসন পান ৬৭৫ টাকা। লিভ-এর ব্যাপারে দেখছি আই এ এস-রা ১৮০ দিনের বেশী পান না, কিন্তু এই ব্যাপারে আই সি এস-দের কোন লিমিট নেই। পেনসনের ব্যাপারে আই সি এস-দের কোন এইজ লিমিট নেই, কিন্তু আই এ এস-দের লিমিট হচ্ছে ৫৮ বছর। এই রকম কতগুলি সুযোগ-সুবিধা তাঁদের রয়েছে যেগুলি ব্রিটিশ সরকার তাঁদের দিয়েছিলেন। আমাদের স্বাধীনতা যখন এসেছিল তখন একটা আলাপ আলোচনার ভেতরে এটা এসেছিল এবং সেইজন্য একটা

কমপ্রোমাইজ আমাদের সংবিধানের ভেতরে ছিল। রাজন্যভাতার বিষয় কমপ্রোমাইজ ছিল এবং আই সি এস-দের ব্যাপারেও কমপ্রোমাইজ ছিল। কিন্তু পরে দেখা গেল শক্তির উৎস জনসাধারণ কাজেই সংবিধানে কোন রকম বাধা থাকবে না। এই আই সি এস-দের ক্ষেত্রে কতগুলি স্পেসাল প্রিভিলেজ ছিল এবং আমাদের পার্লামেন্টের কোন ক্ষমতা ছিল না আই সি এস-দের সার্ভিস কণ্ডিসন কি হবে সে সম্পর্কে কিছু বলা। এখন পার্লামেন্টকে সেই ক্ষমতা আমরা দিচ্ছি। এখন আমলাতন্ত্রের সার্ভিস কণ্ডিসন কি হবে সেটা ব্রিটিশ সরকার বা ব্রিটিশ সেক্রেটারী অব স্টেট বলবে না, সেটা বলবে এখন আমাদের পার্লামেন্ট এবং এটাই হল এই অ্যামেণ্ডমেন্টের আসল উদ্দেশ্য। ১৯৭০ সালে একটা নন-অফিসিয়াল বিল পার্লামেন্টে ইনট্রোডিউস্ করা হয়েছিল এই আই সি এস-দের ক্ষমতা দূর করে পার্লামেন্টের কাছে ক্ষমতা দেবার জন্য। ২৬শে মার্চ, ১৯৭০ সালে এটা এসেছিল, তারপর এপ্রিল মাসে, ১৯৭০ সালে পার্লামেন্টে এই বিলটা নাকোচ হয়ে যায়। আজকে যে বিরাট পরিবর্তন আমাদের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে এসেছে সেই পরিবর্তনটা হল এই যে, যখন এই বিলটা আবার নূতন করে আনা হল পার্লামেন্টে ১৯৭২ সালে, কেবল চারজন সদস্য এর বিরুদ্ধে ভোট দিয়েছিলেন। কিন্তু ১৯৭০ সালে যখন এই বিল এসেছিল পার্লামেন্টে তখন এই বিল পার্লামেন্টে পাশ হয়নি। পার্লামেন্ট তখন বলতে পারেনি যে পার্লামেন্ট সর্বভৌম, পার্লামেন্ট তখন বলতে পারেনি যে ব্রিটিশ সরকার বলতে পারবে না যে আই সি এস-দের কি সুযোগসুবিধা থাকবে। পার্লামেন্ট তখন বলতে পারেনি যে পার্লামেন্টের একমাত্র অধিকার, ভারতবর্ষের জনগণের একমাত্র অধিকার যে আই সি এস-দের সার্ভিস কনডিশন কি হবে। আজকে পার্লামেন্ট সেটা বলতে পারছে। এবং এই দুই বৎসরের ভিতর যে পরিবর্তন এসেছে, ইন্দিরা গান্ধীর নেতৃত্ব এই পরিবর্তনটা এসেছে। তিনি পরিষ্কার করে বলেছেন এই অ্যামেণ্ডমেন্টটা, এটা নয় যে আই সি এস-রা ভাল বা খারাপ কাজ করবে, এটা বিচার্য বিষয় নয়, একমাত্র বিচার্য বিষয় তাঁরা কি কাজ করবেন, তাঁদের সার্ভিস কনডিশন কি হবে সেটা জনসাধারণ ঠিক করতে পারবে। পার্লামেন্ট ঠিক করতে পারবে, বিটিশ সরকার ঠিক করতে পারবে না। এই যে হিসটোরিকাল লিগ্যাসি, কলোনিয়াল লিগ্যাসি, এটা থাকবে না। দেশ যখন স্বাধীন হয়েছে, এই স্বাধীনতার ভিতর যে দুটি গলদ ছিল তার মধ্যে একটা রাজন্যভাতা, আর আই সি এস-দের স্পেশাল প্রিভিলেজ—যেটায় বলা হচ্ছে যে এটা এখন দেশবাসী ঠিক করবে, পার্লামেন্ট ঠিক করবে তাদের কি সুযোগসুবিধা দেওয়া হবে। সেইজন্যই এই বিলটাকে সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। এটা একটা ঐতিহাসিক বিল, এই যে পার্লামেন্টের সার্বভৌমত্ব, জনসাধারণের ক্ষমতা আবার প্রতিষ্ঠিত করছে। এই বলেই আমি এই বিলটাকে সমর্থন জানাচ্ছি।

**Shri Barid Baran Das :** মিঃ স্পীকার, স্যার, আপনার অনুমতি নিয়ে আজকে একটা গুরুত্বপূর্ণ বিলে এই সভার সদস্য হিসাবে আমার মতামত রাখছি। আজ আমার আনন্দ লাগছে যে আমি এমন একটা সংগঠনের সদস্য যে, সংগঠন সাহস রেখে, শক্তি রেখে একটার পর একটা আঘাত হেনে চলেছে। সমাজে যারা তাদের শক্তির বাইরে সুযোগ পাচ্ছে, তাদের শক্তির বাইরে সুযোগ গ্রহণ করছে তাদের বিরুদ্ধে কথা আমার সরকার, আমার দল বলছে। তাই আমি গর্বিত। আজকে যে কথা আমাদের মাননীয় মন্ত্রী শঙ্করবাবু বললেন যে স্বাধীনতার পর আমরা সুযোগসুবিধাগুলি কেড়ে নেবার অধিকার পেয়েছি যা উচিত ছিল তাদের বিরুদ্ধে, তাদের কাছ থেকে আমরা সেগুলি নিতে পারি নি। রাজন্যভাতা আমরা কেড়ে নিয়েছি পরবর্তী পর্যায়ে। আজকে এই আমলাতন্ত্র ধ্বংস করতে হলে আমাদের মধ্যে যাঁরা বিশেষ সুযোগসুবিধা পেয়ে থাকেন সেই কমুনিটির এগেনস্টে আমাদের যুদ্ধ ঘোষণা করার প্রয়োজন ছিল। আজ সেই অধিকার এই বিলের অ্যামেণ্ডমেন্টের মাধ্যমে সংসদ পেয়েছে, জনগণ সেই অধিকার পেয়েছে। আজকে সমাজে একদল মানুষ আমাদের চোখের সামনে দেখবো বিশেষ কিছু সুবিধা নিয়ে বেঁচে থাকবে এই বিশ্বাস নিয়ে আজকে এই সমাজে বর্তমান পরিবর্তিত চিন্তাধারার সংগে খাপ খাইয়ে নেওয়া যায় না। তাই আজকে বলিষ্ঠকণ্ঠে, দৃঢ়তার সংগে এই যে বিল এসেছে, এই অ্যামেণ্ডমেন্ট

এসেছে, পশ্চিম বাংলার বিধানসভার সদস্য হিসাবে এবং অন্যান্য সদস্যদের সংগে কণ্ঠ মিলিয়ে আমি একে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিশ্বাস ফিরে পাচ্ছি যে একটার পর একটা এইভাবে সমাজের উচ্চমার্গে বিচরণ করা মানুষের বিরুদ্ধে আমাদের সংগ্রাম যদি ঘোষিত হয় তবে আগামী দিনের বিজয় গরবী, হঠাও আন্দোলন সাকসেসফুল হতে পারবে। স্যার, আপনি জানেন আমাদের নেত্রী শ্রীমতী গান্ধী একটা বক্তব্যের মাঝে আমাদের বলেছিলেন যে আজকে গরীবী হটাতে হলে সবার আগে হটাতে হবে আমীরি। আজকে সেই আমীর যারা, লড়াই তাদের বিরুদ্ধে ঘোষিত হয়েছিল। এটা আমাদের প্রথম যুদ্ধ ঘোষণা নয়, আমাদের ঘোষণার আর একটা ধাপ। রাজন্য-ভাতা কেড়ে নিয়েছিলাম, আবার কেড়ে নিলাম আমলাদের হাত থেকে তাদের সুযোগসুবিধা। আগামী দিনে আমলাতন্ত্রকে স্মরণ রাখতে হবে প্রগতিশীল সরকার ভারতবর্ষের দিকে দিকে কায়েম হয়েছে, কেন্দ্রে কায়েম হয়েছে। আমরা গরীবি হটাবার জন্য আমাদের প্রত্যেকটা বলিষ্ঠ পদক্ষেপকে এমনভাবে নিয়ে যেতে হবে এবং নিয়ে যাবো এবং সেই পথে তাদের হাঁটতে হবে। যদি হাঁটতে না পারে, যদি হাঁটতে না চায় এবং আমাদের প্রশাসনযন্ত্রকে যদি তারা অচল করে দেবার চেষ্টা করে তাহলে আমাদের লড়াই প্রস্তুত, তাদের বিরুদ্ধে আমরা লড়াই করবার জন্য প্রস্তুত রয়েছি। আমি এই প্রস্তাবকে স্বাগত জানিয়ে, সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ।

**Shri Siddhartha Shankar Ray :** মাননীয় অধ্যক্ষমহোদয়, আমার উত্তর দেবার কিছু নেই। আমি এই প্রস্তাবটা যাতে সকলে সমর্থন করেন তার আবেদন করছি। আমি জানি সকলেই সমর্থন করবেন।

**Mr. Speaker :** The motion of Shri Siddhartha Shankar Ray that this House ratifies the amendments to the Constitution of India falling within the purview of the proviso to clause (2) of Article 368 thereof, proposed to be made by the Constitution (Twenty-eight Amendment) Bill, 1972, as passed by the two Houses of Parliament, was then put and agreed to.

( At this stage the House was adjourned for 20 minutes. )

[ **After Adjournment** ]

[3-20—3-30 p. m.]

**Shri Sukumar Bandyopadhyay :** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটা জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে প্রতিদিনই যা দেখছি এই বিধানসভা শেষ হইতে রাত্রি হয়ে যায়। এই বিধানসভা বসবে ১টার সময় এবং শেষ হবে ৬টার সময়। অবশ্য মাননীয় অধ্যক্ষমহাশয়, এই ব্যাপারে আপনার বিশেষ ক্ষমতা আছে, নিশ্চয়ই আছে। কিন্তু আগে বিধানসভা বসত তিনটার সময় এবং সেটা শেষ হবার নিয়ম ছিল সাতটার সময়। সেটা এখন একটায় বসে ছটায় শেষ হবার নিয়ম হয়েছে। অধ্যক্ষমহাশয়, এটা লক্ষ্য করছি যে প্রতিদিনই রাত্রি হয়ে যায় এবং শেষকালে এমন অবস্থা হয় যে যখন গুরুত্বপূর্ণ আলোচনা চলছে, তখন অনেক সদস্যই এখানে থাকতে পারেন না। অনেক সময় এমন অবস্থা হয় যে হাউসে কোরাম আছে কিনা এই প্রশ্ন মনে দেখা দেয়। আপনি বিধানসভা পরিচালনা সংক্রান্ত বিধি অনুযায়ী যদি সাধারণভাবে একটার সময় বসা এবং ছ'টার সময় শেষ হওয়ার নিয়ম চালু রাখেন, তাহলে আমার মনে হয়, মাননীয় অনেক সদস্যই উপকৃত হবেন এবং সঙ্গে সঙ্গে যে সমস্ত আলোচনা এখানে শেষের দিকে হয়, সেই আলোচনায় অংশগ্রহণ করতে পারবেন। মাননীয় সদস্যদের অনুপস্থিত থাকতে হয় না। আমি অধ্যক্ষমহাশয়, এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করে, আপনার নির্দেশ শোনার জন্য অপেক্ষা করছি।

**Shri Puranjoy Pramanik :** অধ্যক্ষমহাশয়, আমি একই কথা বলতে চাই। আমরা এখানে এসেছি আইন তৈরী করবার জন্য, এখানে আমরা রুলস অব প্রসিডিওর যে আইন তৈরী করেছি, যার বলে কাজ এখানে চলছে, সেই আইন অমান্য করি, তাহলে আইনসভার মূল্য কি থাকবে ? এইটুকুই আমি বলতে চাই।

**Mr. Speaker :** This has been followed as far as practicable. Rule 12 says—"Sittings of the House shall, subject to the direction of the Speaker, ordinarily commence at 1 p.m." Perhaps we are following this rule. Another rule says—"Unless the Speaker otherwise directs, sitting of the House on any day shall ordinarily conclude at 6 p. m." If I do not direct otherwise the House shall ordinarily conclude at 6 p m. But the position is thatbefore the expiry of 4 hours allotted by the Business Advisory Committee, for a particular debate if I bring in a motion and take the sense of the House whether it should be extended by one hour more, I find members readily agree to it. They say that let it continue for one hour more after the expiry of 4 hours up to 9 p, m. or up to 8 p.m. or up to 7 p.m. Now if you are really serious that we must not continue ordinarily after 6 p.m. starting from 1 p. m. then you will be deprived of mentioning certain matters on the floor of the House, which were not allowed to members previously under rule 351. Are the members really agreeable that they won't make any mention under rule 351 ?

**Shri Abdul Bari Biswas :** No, Sir, that we cannot agree.

**Mr. Speaker :** If the honourable members make grievances that much time is being taken to finish the business of the House I can completely curtail away the privilege given to the members under rule 351. Members have taken more than 40 minutes in that matter today. But I think that will not be supported by the honourable members because they want to draw the attention of the Hon'ble Ministers and also the House to some important points. Now, a point has been raised that the business has to be finished within 6 p.m. That may be possible if the honourable members agree that they won't put supplementaries after supplementaries to questions, won't mention matters and also if they agree that they won't take much time in the discussion then it can be finished within 6 p m. When 4 hours' time is allotted by the Business Advisory Committee for a particular debate and when that time is about to end you come up and say that time may be extended by one hour more. This is the position. However, I will discuss the matter with the Business Advisory Committee where I can move that no mention should be allowed and that time for discussion should be restricted within 6 p. m.—that I can do—but that would be disadvantageous to the members, I am sure. So, looking from this

point or with that end in view I think the members will not press much for finishing the business of the House by 6 or 7 p m. That will harm their privileges and they will be debarred form drawing the a attention of the House to some important points. I was a member of this House in the opposition for the last 16 years when these privileges were not extended. This is the first time that you are getting the privilege of drawing the attention of the Hon'ble Ministers as also the House to some important points and I think the honourable members should not be deprived of this privilege. If more time is consumed in this House that is for the benefit of the members themselves to enable them to move/raise their points before this House and draw attention of the House. So, I think the honourable members will not mind anything if the House continues after 6 p. m. This is my observation on the points.

### HALF-AN HOUR DISCUSSIONS

**Mr. Speaker** : Now, I call upon Shri Abdul Bari Biswas to raise a discussion on points arising out of the answer given on the 10th July, 1972, to starred question No. *79 (Admitted question No. *235) regarding political sufferers and their pensions.

**Shri Abdul Bari Biswas** : মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি অত্যন্ত আনন্দিত ও খুশী যে এরূপ একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি half an hour discussion-এর সুযোগ আপনি বিধানসভায় দিয়েছেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে যেসমস্ত ব্যক্তি ও ব্যক্তিগণের পরিবারবর্গ তাদের সাহায্যের কথা, তাদের সুখসুবিধার কথা চিন্তা করে আমরা আলোচনা করব বা এই কথা আমাদের মনে রাখতে হবে। আমাদের যে স্বাধীনতা—তারজন্য অতীতে তারা যে ত্যাগ স্বীকার করেছেন তার অবসম্ভাবী ফলস্বরূপ আমরা স্বাধীন দেশের নাগরিক হিসাবে এই বিধানসভায় দাঁড়িয়ে আমাদের বক্তব্য সর্বসমক্ষে রাখতে পাচ্ছি এবং আমরা গণতান্ত্রিক ভারতবর্ষের মানুষ হিসাবে নিশ্চয়ই অনুভব করি সে সব ব্যক্তি এবং ব্যক্তিবর্গের পরিবারের কথা। তাদের সাহায্য ও অনুদান পাওয়ার ব্যাপারে যেসমস্ত দুঃখকষ্ট আছে আমাদের সরকার তা বিবেচনা করে দেখবেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, গতকাল খবরের কাগজে দেখলাম যে প্রায় ৬৬ হাজার-এর মত রাজনৈতিক নির্যাতিত কর্মী বা পরিবারবর্গ দরখাস্ত পেশ করেছেন। আমরা এটাও দেখলাম যে পশ্চিম বাংলার তরফ থেকে এরূপ ধর নর একটা দরখাস্ত কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হয় নি। মাননীয় অধ্যক্ষমহাশয়, প্রশ্ন ছিল গত ৮ই আগস্ট, ১৯৭২ তারিখ পর্যন্ত ৫ হাজার ২৯৪ জন কেন্দ্রীয় সরকারের ঘোষিত রাজনৈতিক ভাতার জন্য দরখাস্ত করেছেন বলে বলা হয়েছে। কিন্তু এই

[3-30—3-40 p. m ]

সমস্ত ক্ষেত্রে যেসমস্ত অসুবিধাগুলি এসেছে, সেই সমস্ত অসুবিধাগুলি নিয়ে সেই সময় প্রশ্নোত্তরের মাধ্যমে আমরা সেই মানুষের কাছে পরিষ্কার-পরিচ্ছন্ন দৃষ্টিভংগী নিয়ে যা কাজকর্ম করেছি তা বিস্তারিতভাবে আলোকপাত করতে চেয়েছিলাম; কিন্তু সেদিন question answer-এর মাধ্যমে তা সম্ভব হয়ে উঠছিল না বলে আজকে আপনি আমাদের যে সুযোগ দান করেছেন, তা খুবই আনন্দ ও খুশীর কথা। আমি জানতে পারলাম আমাদের পরম শ্রদ্ধেয় অজয়কুমার সিং নাহার—এই সম্পর্কে তাঁদের বক্তব্য রাখবেন। যেহেতু আমি মুভার, সেইহেতু আমি সামান্য মুখোপাধ্যায়, শ্রীবিজয় একটু সময়ে আমার কয়েকটি কথা এখানে নিবেদন করতে চাইছি।

এই political sufferer-দের pension পাওয়ার ব্যাপারে বলা হয়েছে ৬০০টি কেস আছে—যাঁরা জেল খেটেছেন, তাঁরা এই সুযোগসুবিধা পাবেন। এ ক্ষেত্রে আমাদের বিচারবিবেচনা করে দেখতে হবে—যাঁরা রাজতবাস করেছিলেন এক বছর, দেড় বছর, দু-বছর, সেই সমস্ত নির্যাতিত রাজনৈতিক কর্মীরা জেল খাটেন নাই, সেই সমস্ত কেস আমাদের সরকার বিবেচনা করবেন কি করবেন না? আরো দেখতে হবে—যাঁরা detention-এ ছিলেন যাঁরা নির্বাসনে ছিলেন তাঁদের ক্ষেত্রেই বা কি ব্যবস্থা হবে? এ ছাড়া আজকে আছে—আমাদের সামনে যে কাজকর্ম ও বিধি করা হয়েছে, সেই বিধি বস্তুবে কিভাবে রূপায়িত করতে হবে পরিপূর্ণভাবে—তাও আমাদের ভেবে দেখতে হবে। কিছুক্ষণ আগে 351 Rule অনুসারে বাঁকুড়ার কাশীনাথ মিশ্র যে বক্তব্য রেখেছিলেন তা ভয়াবহ ব্যাপার। তিনি বলেছেন সেখানে ৫১৪টি পলিটিক্যাল সাফারারের জন্য জনপ্রতি দুটো করে ফর্মের দরকার ১,০২৮টি ফর্মের দরকার। সেখানে মাত্র ৪২৬ খানি ফর্ম পৌঁছেছে, তার মানে ২১৩ জন ব্যক্তি দরখাস্ত করেছেন—out of 514 political sufferers—এই যে অবস্থা সেই সময় যারা রাজনৈতিক কর্মী ছিলেন বাংলার বাইরে উত্তর প্রদেশে, মধ্যপ্রদেশের নিভৃত পল্লীর কোণে কোথাও বাস করেছেন এ ক্ষেত্রে তাঁদের কথাও বিবেচনা করতে হবে। এই পশ্চিম বাংলা সরকারের দ্বারা সব তথ্য সরবরাহ হতে পারে কি পারে না—তাও দেখতে হবে। এ ক্ষেত্রে দরকার হয়ে পড়েছে আমাদের যে সমস্ত রেকর্ড প্রয়োজন, তা সংগ্রহ করতে অনেক অসুবিধা দেখা দেওয়া স্বাভাবিক। ১৯৩০ সালে যে সমস্ত রাজনৈতিক বন্দীরা বিভিন্ন স্থানে বন্দী ছিলেন, যাঁরা কারাবরণ করেছিলেন, তাঁদের হিসেব করতে গেলে দেখা যাবে—কোর্টের মাধ্যমে কোন সার্টিফায়েড কপি পাওয়ার উপায় নাই। জেলখানায় যে রেকর্ড থাকে তা সুষ্ঠুভাবে পাওয়া যাচ্ছে না এই যে একটা অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়েছে, এই অস্বাভাবিক অবস্থা দূর করতে হলে—তার জন্য সরকারের একটা পরিষ্কার ও পরিচ্ছন্ন বক্তব্য রাখবার প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, এদিকে তাকিয়ে দেখলে পর একটা কথা নিশ্চয়ই আমরা ভাববো—পশ্চিমবংগের চারিদিকে দ্রব্যমূল্যবৃদ্ধির রব উঠেছে। সংগে সংগে সাধারণ মানুষের জীবনযাত্রার মান ও ক্রয় ক্ষমতার মান অনেক নীচে নেমে যাচ্ছে, সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আজকে political sufferer-দের যে টাকা আমরা দিতে চলেছি তা minimum ন্যূনতম হচ্ছে ৭৫ টাকা, এর দ্বারা কি মনে হয় না ৫ জনের একটা পরিবারে বেশ অসুবিধা সৃষ্টি করতে পারে? তাই আমি সরকারকে অনুরোধ করবো ৭৫ টাকা minimum করে নয় ৭৫ টাকা ঊর্ধে এই পলিটিক্যাল সাফারারদের পেন্সনের হার monthly আরো বেশী করা উচিত। আর্থিক সংগতির সংগে সামঞ্জস্য রেখে এই সমস্ত মানবদরদী ব্যক্তিদের আরো দিক থেকে ও সহানুভূতির দিক থেকে এটা যাতে আরো সম্প্রসারিত করা যেতে পারে তা অর্থনৈতিক বিবেচনা করবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

আমি জানি এমন অনেক political sufferers আছেন। আমার বাড়ীর কাছে একজন আছেন ভূপেন্দ্রনাথ সরকার মহাশয়, তাঁর যে স্ত্রী—তিনি আজ অন্ধ। তাঁর পরিবারে যে সমস্ত ছেলে মেয়ে আছে, তার মধ্যে একটা কি দুটো লেখাপড়া শিখছে, তাদের দিকে লক্ষ্য করলে দেখা যাবে—এই রকম নির্যাতিত রাজনৈতিক কর্মীর পরিবারে কোন রকম অর্থসংস্থানের উপায় নাই, চাকরিরও কোন উপায় নাই। কোন চাকরীর সংস্থান নাই। রাজ সরকারের উচিত এই সমস্ত পরিবারে যদি কোন শিক্ষিত ছেলে বা মেয়ে থাকে তাদের অগ্রাধিকারের ভিত্তিতে চাকরী দেওয়া উচিত এবং এটাকে অন্যতম কারণ হিসাবে গ্রহণ করা উচিত। এবং এগুলি পরিষ্কারভাবে রাখার প্রয়োজন হয়ে পড়েছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আর বেশী কিছু বলতে চাই না শুধু এই কথা বলতে চাই যে এখনও অনেকেই ফর্মের সুযোগ পেল না—মানুষ সাধারণভাবে এই সমস্ত জিনিসের নির্দেশ বা এর একটা যে ভাবের ছবি ছিল তা তারা জানতে পারল না। বাংলা দেশের বাইরে এবং অভ্যন্তরে যে সমস্ত নির্যাতিত কর্মীরা আছেন তারা এই সমস্ত কিছুই পড়ে দেখতে পেল না। এই দিকে সুযোগ যাতে তাঁরা পান তার ব্যবস্থা করে দিতে হবে। এই

রজতজয়ন্তী উৎসব উপলক্ষে আমরা যা করতে যাচ্ছি সে সম্বন্ধে তারা তথ্য অনুসন্ধান করতে পারলো না। যারা জেলে থাকলো, হাজত খাটলো তার কোন তথ্য তাঁরা অনুসন্ধান করতে পারলো না। তাই বলছি যে এই ব্যবস্থা সম্প্রসারণ করে যাতে তারা এর সুযোগ পান তার ব্যবস্থা করুন। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**Mr. Speaker :** I will now request the Finance Minister to give a short reply and thereafter I will call those honourable Members who have intimated me to participate in the discussion, viz., Shri Ajoy Mukhopadhyaya, Shri Bijoy Singh Nahar, and Shri Saroj Roy.

**Shri Bijoy Singh Nahar :** স্যার, আমাদের বক্তব্য শুনে নিয়ে তারপরে রিপ্লাইটা দিলে ভাল হোত।

**Mr. Speaker :** Then I call upon Shri Saroj Roy to speak. I request him to be brief.

**Shri Saroj Roy :** স্পীকার, স্যার, যদিও এটা সরাসরি কেন্দ্রীয় সরকারের ব্যাপার—কেন্দ্রীয় সরকার পেনসন দেবেন—তবুও এর আলোচনা দরকার এইজন্য যে সেদিন প্রশ্নোত্তরের সময় যে সমস্ত প্রশ্ন উঠেছিল তা সময়ের অভাবে হয় নি। সেইজন্য স্পীকার মহাশয়, আপনি আজকে এই আলোচনা করার সুযোগ দেবার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আমি কয়েকটি ছোট ছোট সাজেসন এখানে রাখতে চাই। একটা প্রশ্ন হচ্ছে কিছু কিছু ফ্রীডাম ফাইটারস রয়েছেন তাঁদের কাছে এটা খুব সেনসেটিভ ব্যাপার, তাদের কাছে যে ফর্ম পাঠানো হয়েছে, তাতে এটার নাম দেওয়া হয়েছে পেনসন। আমার মনে হয় এই পেনসন কথাটা তুলে দিয়ে এটার নাম হওয়া উচিত 'সম্মান ভাতা'। সেন্ট্রাল গভর্নমেন্ট এটাকে পেনসন করেছেন, কিন্তু পেনসনটা আলাদা জিনিস, এটাকে যদি পেনসন রাখা হয় তাহলে যাঁরা স্বাধীনতা সংগ্রামে এসেছিলেন তাঁরা ভেবে দেখেন নি কেউ আশা করেও আসেন নি যে ছয় বছর জেল খাটবো, ডাণ্ডা খাবো, গুলিতে মরবো তারপর কোন সরকার আসবে এবং আমাদের পেনসন দেবে। সেদিক থেকে এই যে টাকা দেবার ব্যবস্থা হচ্ছে তার নাম পরিবর্তন হওয়া দরকার। কারণ এই যে টাকা দেওয়া হচ্ছে তার একটা মূল্যে আছে। সেদিক থেকে আমার মনে হয় এটার নাম হওয়া উচিত 'সম্মান ভাতা'। যে কথা আবদুল বারি সাহেব বলে গেছেন যে কিছু কিছু সমস্যা দেখা দিয়েছে আমিও তার সঙ্গে একমত। ৬৬টি অর্ডার হোল অনারেরিয়াম দেবার দরখাস্তের ফর্ম এলো ৮৩টি কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র দপ্তর থেকে। এইরকম একটা প্রবলেম দেখা যাচ্ছে ফর্মের ব্যাপারে। তার আর একটা জিনিস হচ্ছে যে আমাদের বাংলা দেশ থেকে খুব কম দরখাস্ত করেছেন তার একটা কারণ হচ্ছে কোন কোন বাড়ী আছে যাদের ছেলেরা পেনসন পেয়েছে কিন্তু ইন্টারভিউয়ের বাধা আছে। কোথায় ফর্ম, কার কাছ থেকে পাওয়া যাবে, পুলিশের কাছে যেতে হবে সাক্ষি দিতে হবে, জেলখানার রেকর্ড আছে, এই যে সব প্যারাফারনেলিয়া রয়েছে তাতে একটা বড় সমস্যা দাঁড়িয়েছে। সেইজন্য যে হেতু কম বলা হয়েছে তার সম্বন্ধে ২/৩টি কথা বলতে চাই—একটি হোল বিভিন্ন জায়গায় এই সমস্ত ফ্রিডম ফাইটারদের পরিবার ছড়িয়ে আছে—কেউ মারা গেছে, কেউ রোগে মারা গেছে, কেউ জেলখানায় মারা গেছে, কারও ফেমেলি নেই, মারা গেছে। তারা কোন সুযোগ এখন পাচ্ছেন না। আমরা

[3-40—3-50 p. m.]

যদি বলি দরখাস্ত কেন দিচ্ছেন না, দরখাস্ত না দিলে পাবেন না, এটা প্রশ্ন নয়। দরখাস্ত যে করবেন, বারি সাহেব যেটা বললেন যেটা বাস্তবসত্য যে ফরম পাচ্ছেন না। তাছাড়া কার কাছে দেবে, সেখানে লোক থাকা দরকার। তাছাড়া সেটা দিতে গেলে প্রমাণ দরকার, জেলখানার রেকর্ড

আছে কিনা, পুলিশের কাছে রেকর্ড আছে কিনা। সেই সময়কার মুভমেণ্ট সম্পর্কে যাদের ধারণা আছে তারা জানেন যে সেইসময় জলস্রোতের মত লক্ষ লক্ষ লোক জেলে গিয়েছেন। কাজেই জেলখানার খাতায় কার নাম আছে বা পুলিসের রেকর্ডে কার নাম আছে সেটাই আজকে একটা প্রব্লেম হয়ে দাঁড়িয়েছে। তারপর স্যার, আমরা শুনলাম, এমনও হচ্ছে, পুলিস যদি লিখে দেয় যে আমরা জানি অমুক সালে তিনি জেল খেটেছিলেন তাহলে তিনি পেনসান পাচ্ছেন। লজ্জার কথা আমি রিয়ায়েবল সোর্স থেকে জেনেছি কিছু কিছু লোক এটা পাবার জন্য চেষ্টা করছে। কাজেই স্যার, এ ব্যাপারে আমার সাজেসান হচ্ছে, অজয়দার মত পুরানো ফ্রিডম ফাইটার্স যাঁরা আমাদের পশ্চিম বাংলায় আছেন তাঁদের নিয়ে একটা কমিটি গঠন করা হোক। সেই কমিটি ফরমগুলি যোগাড় করবেন, সেখান থেকে ফরম দেবেন ইত্যাদি কাজ করবেন। তাছাড়া তাঁদের অনেক বন্ধুবান্ধব চারিদিকে ছড়িয়ে আছেন, তাঁদের কাছ থেকেও তাঁরা খোঁজখবর নিতে পারবেন যে, কে কার সংগে কোথায় জেলে ছিলেন ইত্যাদি। পুলিস বা স্বরাস্ট্র বিভাগের রেকমেণ্ডেসান থাকে ভাল কিন্তু সেই কমিটিতে পুরানো যেসমস্ত ফ্রিডম ফাইটার্স থাকবেন তাঁদের রেকমেণ্ডেসানেরও মূল্য দিতে হবে। তা না হলে কিছু কিছু জায়গায় ন্যায্যভাবে যাঁদের পাওয়ার দরকার তাঁরা পাবেন না। এটা অত্যন্ত লজ্জার কথা স্যার, যে কিছু কিছু জায়গায় এরই মধ্যে করাপসান ঢুকেছে যেটা অন্য দেশের লোক শুনলে লজ্জায় মাথা নত করবেন। কিন্তু ঘটনা ঘটছে সেটা অস্বীকার করা যায় না। সেজন্য আজকে অনেক জায়গা থেকেই দরখাস্ত আসে না, সেগুলি খোঁজ করা দরকার। কাজেই জেলখানার কর্তৃপক্ষ বা পুলিশ যা করছে করুক কিন্তু ঐ পুরানো ফ্রিডম ফাইটার্সরা খোঁজখবর নিয়ে যে সার্টিফিকেট দেবেন মূল্য দিতে হবে। সুতরাং এই কমিটি করার সাজেসান আমি রাখলাম, কারণ এটা যদি হয় তাহলে জিনিসটা খুব সুস্পষ্ট হবে। তারপর স্যার, এটা কেন্দ্রীয় সরকারকে জানানো দরকার যে সাধারণ পেনসান হিসাবে এটার নাম না দিয়ে এটাকে সম্মানভাতা বা অনারেরিয়াম রাখলেই সেই ফ্রিডম ফাইটার্সদের প্রতি সম্মান দেখানো হয়। তা না হলে এটা একটা সাধারণ বা মামুলি ব্যাপার হয় বলেই অনেক লোক মনে করছেন। আমাদের অনেক পুরানো বন্ধুরা একথা আজকে বাইরে তুলেছেন, তাঁদের কথাই আমি আপনার মাধ্যমে এই হাউসে রাখলাম, আশাকরি এ বিষয়টা বিবেচনা করবেন।

**Shri Bijoy Singh Nahar :** মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। এই ২৫ বছরের স্বাধীনতা উৎসবের সময় যাঁরা স্বাধীনতা সংগ্রামী ছিলেন তাঁদের সম্মান দিচ্ছেন, তাম্রপাত্র দিচ্ছেন এবং নানান দিকে তাঁদের সংগে সহযোগিতার জন্য এই পেনসানের ব্যবস্থা করেছেন। স্বাধীনতা ২৫ বছর হয়ে গেল, অনেকেই বয়স্ক হয়েছেন বা বৃদ্ধ হয়েছেন, অনেকেই অসুস্থ, তাঁরা বিভিন্ন জায়গায় গ্রাম থেকে আরম্ভ করে শহরে রয়েছেন। অনেকেই তাঁদের চেনেন না, জানেন না বা পরিচয় নেই। তাঁরা হয়ত অসুবিধার মধ্যে দিন যাপন করছেন, অনেকে হয়ত মারাও গেছেন। তাঁদের পরিবারবর্গ রয়েছে বা তাঁদের স্ত্রী হয়ত রয়েছেন, কেউ হয়ত খেতে পাচ্ছেন না এই অবস্থার মধ্যে অনেকে রয়েছেন। এখন যে দরখাস্তের কথা বলা হয়েছে তাতে দু প্রস্থ দিতে হবে। একটা দিল্লীতে পাঠাতে হবে, একটা কলকাতায় পাঠাতে হবে, তার সংগে এফিডেভিট করতে হবে এবং জেল নিদর্শন কিছু দিতে হবে। এই সবগুলি করতে বেশীরভাগই যারা দুস্থ পরিবারের স্বাধীনতা সংগ্রামী আছেন তাদের পক্ষে অসুবিধা হচ্ছে, এজন্য অনেকেই আমার কাছে আসেন। কিন্তু কলকাতা সহর ছাড়া পল্লী-গ্রামের বিভিন্ন অঞ্চলে যারা রয়েছেন, পূর্ববাংলা থেকে এখানে এসে যারা বিভিন্ন পল্লীতে রয়েছেন, এই রকম সংগ্রামী ভাইবোনেরা অনেক আছেন, তাদেরও অসুবিধা হচ্ছে ফর্ম পাবার ব্যাপারে। কোথায় পাওয়া যায় তা তারা জানেন না, কি করতে হয় তাও জানেন না। তারপরে এফিডেভিট করতে খরচ হচ্ছে, পেনসন পাবেন কিনা জানেন না, অথচ তার আগেই অনেক রকম খরচ করতে হচ্ছে তাদের। আমি শুনলাম এইমাত্র অজয়দা বললেন যে কোর্ট ফি একজেম্পট করা হয়েছে। এফিডেভিট যে এখন আর কাজের নয়, সেটাও কিন্তু জানেন না। এখনও কোর্ট ফি দিয়ে এফিডেভিট করছেন।

কোর্ট ফি নেই, অথচ ইরাজী টাইপ করাতে উকিলের কাছে যাচ্ছে। আমি কয়েকজনকে জানি তাদের ১১ টাকা করে খরচ হয়েছে এই এফিডেভিট করানোর জন্য এবং দুটি কপি দিল্লী আর কোলকাতায় রেজিষ্ট্রারি করে পাঠাতে অনেক খরচ হচ্ছে এবং এই সমস্ত অসুবিধা হচ্ছে। সরকার যদি এদিকে একটু দৃষ্টি দিয়ে কোন নিয়মিত ব্যবস্থা করে দেন যাতে এই দুস্থ পরিবারদের কোন অসুবিধা না হয়, তারা যাতে সহজ সংখ্যক প্রতি জায়গায় পেতে পারে তার ব্যবস্থা করলে ভাল হয় এবং তাহলে তাদের আর কোন অসুবিধা হবে না। আমি একটি কথা বলতে চাই—আমরা শুনেছি, খবরের কাগজে দেখেছি, খবরও পেয়েছি যে উত্তরপ্রদেশ সরকার নাকি একেবারে প্রত্যেক বি ডি ওকে অর্ডার দিয়েছেন গ্রামে গ্রামে, প্রতি অঞ্চলে অঞ্চলে কারা কারা স্বাধীনতা সংগ্রামী রয়েছেন তাদের তোমরা খুঁজে বের কর এবং খুঁজে বের করে তাদের ফর্ম দাও, সেই ফর্ম তোমরা ফিল আপ করে দাও এবং তাদের যা কিছু কাগজপত্র বা নমুনা আছে সেগুলি দেখে শুধু রিপোর্ট তৈরী করে তোমরা সরকারের কাছে পাঠিয়ে দাও। তাতে বহু দরখাস্ত করেছে এবং বাদ খুব কমই গেছে। কিন্তু দুঃখের বিষয় আমাদের এখানে সেই রকম কোন ব্যবস্থা হয়নি এবং যেটুকু ব্যবস্থা হচ্ছে তাও অত্যন্ত দেরী হয়ে গেছে। ১৫ তারিখের আর বেশী দেরী নেই। আজকে তিন তারিখ হয়ে গেল। এখানে আমরা বোধ হয় এখনও অনেক পিছিয়ে পড়ে আছি। সেদিকে আরো ব্যবস্থা করা উচিত। দেরী হয় হোক, আপত্তি নেই, কিন্তু যারা অত্যন্ত দুস্থ তারা যাতে পেনসন পেতে পারেন, সকলে যাতে সেই সুযোগ পেতে পারেন সরকার থেকে সেই ব্যবস্থা করুন। কেন্দ্রীয় সরকার পেনসন দেবেন আর আমাদের খালি মেহনৎ করব এই ব্যবস্থা যদি করা যায় তাহলে অনেক কিছু উপকার হবে, এই নিবেদন আমি জানাচ্ছি। তার সংগে সংগে আমি বলতে চাই পুলিশ কিম্বা জেলের রেকর্ড অনেক জায়গায় পাওয়া যায়নি। আমি অন্ততঃ ৮/১০ জন বন্ধুর ব্যাপার জানি, যারা আমাদের সংগে জেলে ছিলেন, তারা এখন পশ্চিম বাংলার বাহিরে আছেন। তারা জেল এবং পুলিশের কাছে দরখাস্ত পাঠিয়েছেন আমাদের রেকর্ড দাও, পশ্চিম বাংলায় নেই, যেখানে আমি সেখানে দরখাস্ত করতে গেলে প্রমাণ দিতে হবে। তাই জেল থেকে একটা সার্টিফিকেট পাঠিয়ে দাও। কিন্তু জেল বা পুলিশের সার্টিফিকেট দেবার কোন ব্যবস্থাই নেই। আমি লোক পাঠিয়েছিলাম। জেল থেকে নম্বর-টম্বর নিয়েছি, কিন্তু কোন সার্টিফিকেট না পাওয়ায় কেবল নম্বর দিলে অন্য রাজ্যে তাদের কোন সুবিধা হবে কি হবে না সেটা জানি না। পশ্চিমবংগ সরকারের কাছে রেফার করে জেল নম্বর দিয়ে সার্টিফিকেট পাওয়া অসুবিধা হবে কিনা আমি জানি না, কিন্তু এটা যে করা যেতে পারে এই রকম কোন ব্যবস্থা নেই, সেদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আবদুল বারি বিশ্বাস সাহেব প্রশ্ন করেছেন এই স্টেটে কি হচ্ছে—আমাদের এখানে একটি রাজ্য কমিটি অনেক পুরানো যারা শ্রদ্ধেয় সংগ্রামী ছিলেন তাদের নিয়ে সরকার করে দিয়েছেন। দিল্লী এবং এই রাজ্যে যাদের তাম্রপত্র দেওয়া হবে তাদের একটি কমিটি করা হয়েছে। দিল্লী থেকে ৯০ জনের নাম চেয়েছিলেন, তাদের নাম আমরা পাঠিয়ে দিয়েছি এবং আমাদের এই পশ্চিম বাংলায় ৫/৬ হাজার সংগ্রামী এবং আরো অনেক বেশী হবে, যাদের ছয় মাসের উপর জেল হয়েছে তাদের সমস্ত রেকর্ড খুঁজে পাওয়া যাচ্ছে না, এদের সকলেই কলকাতা এবং বিভিন্ন জেলা শহরের। এক বছরের মধ্যে প্রত্যেককে একই রকম তাম্রপত্র দেওয়া হোক এই ব্যবস্থা করার চেষ্টা করা হচ্ছে। অজয়দা এই কমিটির চেয়ারম্যান আছেন, তিনি এটা দেখছেন। আপনারা যাদের জানেন তাদের নামগুলি যদি পাঠিয়ে দেন, সেই সংগে ঠিকানা এবং কতদিন জেল হয়েছে ইত্যাদি যদি পাঠিয়ে দেন তাহলে আমাদের পক্ষে খুব ভাল হয়। আমরা ইতিমধ্যেই যে লিস্ট পেয়েছি তাতে প্রায় তিন হাজার নাম আছে এবং যারা পেনসন পাচ্ছেন তার মধ্যে কিছু নাম আছে, এই নামগুলিও থাকবে। এছাড়া আরো অনেক নাম দেওয়া যেতে পারে এবং যাতে সেই সন্ধান পাওয়া যায় তার জন্য আমরা চেষ্টা করছি। আর একটি কথা হচ্ছে আমাদের এখানে যারা এম এল এ বা এম পি হয়েছেন তাদের জানানো হবে। আমি জানি না এখানে যারা এম এল এ বা এম পি আছেন তারা কিভাবে জানবেন।

যারা নতুন হয়েছেন তারা কি করে জানবেন যে কে জেলে ছিলেন না ছিলেন? কাজেই অনেক রকম অসুবিধা আছে। যিনি জেল খেটেছেন তিনি যে কেউ হোন না কেন, আমাদের সংগে যিনি জেল খেটেছেন তিনি যদি সার্টিফিকেট দেন সেই সার্টিফিকেট যাতে গ্রাহ্য হয় সেটা দেখতে হবে এবং তার মধ্য দিয়ে ব্যবস্থা হতে পারে। তাদের ক্ষেত্রে এটা চাওয়া হতে পারে। বিশেষ করে যারা পূর্ববাংলা থেকে এখানে এসেছেন সেখানকার কোন রেকর্ড নেই, পাওয়াও সম্ভবপর নয়। তাদের জন্য এই রকম যদি কোন ব্যবস্থা করে দেওয়া যায় তাহলে কোন গোলমাল থাকবে না। আমাদের এখানে একটি হু ইজ হু কমিটি আছে। তাদেরকে যদি দায়িত্ব দেওয়া যায় তারাও কিছুটা কাজ করতে পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-50—4-00 p.m.]

**Shri Ajoy Kumar Mukhopadhyay :** মাননীয় অধ্যক্ষমহাশয়, উনি যা বললেন তারপর আমার বলার বিশেষ কিছু থাকছে না। কারণ আমরা একই কমিটিতে আছি, স্টেট গভর্নমেন্ট যে কমিটি করে দিয়েছেন। আমরা প্রধানতঃ তাম্রপত্রের লিস্ট তৈরী করছি, আমাদের কাছে পেনসনের লিস্ট আসবে কি না জানি না তবে না আসাই সম্ভব। কেন না, লিস্ট হয়ে যাচ্ছে, দিল্লীতে চলে যাচ্ছে শুনছি। কাজেই আমরা যেটা করছি সেটা তাম্রপত্রের ব্যাপার, কে কে পেতে পারে, ৯০ জনের নাম পাঠাতে দিল্লী বলেছিলেন আমরা পাঠিয়ে দিয়েছি। এবং আমরা এই স্টেটেরগুলি করছি, কলকাতায় কত পাবে আর ডিষ্ট্রিক্টে ডিষ্ট্রিক্টে কত পাবে। এর মধ্যে যারা ফরম-এর কথা বলেছেন, আমরা জানিয়েছি যে ঐ ফরম নিজেরাই ছাপিয়ে নিতে পারেন। এটা কোন রেজিস্টারড ফরম নয়। এমন কোন বাধা নেই। যে কোন একটা ফরম থেকে এনি নাম্বার ছাপিয়ে নেওয়া যায়। অনেকে ছাপিয়ে নিয়ে দিয়েছেন সেটা অ্যাকসেপ্টেড হয়েছে। ছয় মাস জেল না হলে শুধু হাজতে তিন মাস কিম্বা পাঁচ মাস থেকে বেরিয়ে গেলে তাদের কেসটা কনসিডার করতে ওরা বলছেন না। তবে এইটুকু শুনেছি যদিও ডেফিনিট ইনসট্রাকশান নেই যে, হাজতের পরে জেল হয় এবং এই দুটো মিলিয়ে যদি ছয় মাস হয় তাহলে হবে। আর দ্বিতীয় কথা হচ্ছে ডিটেনশান। হোম ডিটেনশানে হবে না। ডিটেনশান কোন জেলে করলে বা কোন অন্য জায়গায় করলে বা কোন ক্যাম্পে করলে—এই সব জায়গায় ডিটেনশান হলে অ্যাজ গুড অ্যাজ জেল বলা যেতে পারে। সেন্টাল গভার্নমেন্ট মিনিমাম দুই শত টাকার কথা বলেছেন, স্টেট গভার্নমেন্ট ৭৫ টাকা দিয়েছেন। আরো কম দিচ্ছেন কি বেশী দিচ্ছেন, স্টেট গভার্নমেন্ট আরো কন্টিনিউ করবেন কি না সেন্ট্রাল গভার্নমেন্ট দেবার পরে বাকী থাকবে কি না এবং তারা দেবেন কিনা এবং দিলে কত দেবেন সে সম্পর্কে আমার কিছু জানা নেই। বিপ্লবী গেলে তাঁর বিধবা স্ত্রী বা নাবালক ছেলেমেয়ে বা অবিবাহিত কন্যা, বিধবা কন্যা এরাও দরখাস্ত করেছেন। এগুলি আমরা নিচ্ছি, আমরা দেখছি বহু রেকর্ড এসেছে। তারমধ্যে কতকগুলি ভাল রেকর্ডও আছে আবার কতকগুলি কিছু নেই আন্দাজে দিয়েছেন। কেউ লিখেছেন হি স্টেটস দ্যাট হি ওয়াজ সো অ্যাণ্ড সো এই রকম হি স্টেটস দ্যাট বলেও দিয়েছেন দ্যাট অলসো ইজ এ পুলিশ রেকর্ড। আমরা এত বছর থেকে এত বছর ছিলাম, এই রকম রেকর্ডও আছে। এবং ভাল রেকর্ডও কিছু কিছু পাচ্ছি। দীপান্তর, ফাঁসি এই রকম রেকর্ডও কিছু কিছু পাচ্ছি। আর পেনসানতো যারা যুদ্ধক্ষেত্রে যুদ্ধ করতে করতে মরেন, বীরত্বের পুরস্কার পান, সেটাইতো তাদের পেনসান বলে। কাজেই পেনসান শব্দটার এমন কোন বিশেষত্ব নেই। তবে এটা ঠিক যে অনেকে রেকর্ড যোগাড় করতে পারছে না, সার্টিফিকেট বলুন বা যাই বলুন। এখন নুতন যারা এম এল এ হয়ে এসেছেন, তারা হয়ত জন্মগ্রহণ করেন নি যখন আন্দোলন হয়েছিলো। তিনি এখন এম এল এ হয়ে এসেছেন, তিনি একটা সার্টিফিকেট দেবেন, হাঁা, তিনি এত বছর জেল খেটে এসেছেন। এর গুরুত্ব থাকলে থাকবে। তখন এম এল এ ছিল না, এম এল এর ধার ধারতো না। তখন ইংরাজ

আমল ছিলো। এম এল এও নয়, এম পিও নয়, কেউ নয়। তখন যারা মুভমেন্ট করেছিলেন তাদের মধ্যে যারা বেঁচে আছেন, তাদের কেউ এম পি হয়েছেন, কেউ এম এল এ হয়েছেন তারা দিলে তবু দাম বোঝায় কারণ তারা সেই সময় ছিলেন। কাজেই এটা গভর্নমেন্ট ক্লারিফাই করুন। এটা কি করতে হবে আমি ঠিক বুঝতে পারছি না।

**Shri Sankar Ghosh :** মাননীয় অধ্যক্ষমহাশয়, কেন্দ্রীয় সরকারের যে পেন্সন স্কীম আছে, সেই বিষয়ে আমরা প্রায় ৩০ হাজার ফর্ম ছাপিয়েছিলাম। তার ভেতর প্রায় ২৫ হাজার ফর্ম বন্টন করা হয়ে গেছে এবং ফর্মের কোন অসুবিধা হবে না। আরও যদি ফর্ম দরকার হয় ছাপানো যাবে। আমাদের কাছে আরও পাঁচ হাজার ফর্ম আছে। এই ফর্ম বিভিন্ন সংস্থার মাধ্যমে বন্টন করা হয়েছে। সমস্ত ডিসট্রিক্টে ডি. এম., এস. ডি ও., বি. ডি. ও. সকলের মাধ্যমে বন্টন করা হয়েছে। আমরা কিছু কিছু প্রেস নোট দিয়েছি, এম. এল., এম. পি. এবং জনপ্রতিনিধি অনেকে এই বিষয়ে সহযোগিতা করেছেন এবং সমর্থন জানিয়েছেন। কেন্দ্রীয় সরকার যে ৬ মাসের জেল খাটার কথা বলেছেন, সেটা তারা আরও একটু পরিষ্কার করে বলেছেন, যদি কেউ আণ্ডার ট্রায়ালে থেকে থাকেন এবং তারপর কনভিকশন হয় তাহলে আণ্ডারট্রায়ালের সময় থেকে কনভিকশন পর্যন্ত সেটা ৬ মাস ধরা হবে। আর একটা কেন্দ্রীয় সরকার বলেছেন, যেখানে রেমিশন হয়েছে, সেই রেমিশনের সময়টাও ধরা হবে। এই ঐ ৬ মাসটা ধরাবার জন্য অনেক ক্ষেত্রে যারা absconding ছিলেন, সেই abcsconding হলেও তার বিরুদ্ধে যে warrant ছিল, সেটা যদি প্রমাণ হয় তাহলে জেলে না থাকলেও সেই absconding পিরিয়ডটা ধরা হবে। এই কতকগুলো কথা কেন্দ্রীয় সরকার বলেছেন। কিছু কিছু ক্ষেত্রে—যারা ছদ্মনামে জেলে ছিলেন, জেলে হয়তো তিনি অন্য নাম দিয়েছিলেন, সেটা যদি পরিষ্কার করে দেখানো যায় তাহলে কেন্দ্রীয় সরকার সেটা বিবেচনা করবেন। কিছু কিছু ক্ষেত্রে police record আমাদের নেই। হয়তো কিছুটা ওপার বাংলায় রয়েছে, হয়তো কিছু পুরানো রেকর্ড নেই, আর কতকগুলি রেকর্ড ১৯৩০ সালের নন-কোঅপারেশন মুভমেন্টের সময় যাদের কম সময় জেল হয়েছে, তাদের রেকর্ড নেই, অনেক জায়গায় সেই সমস্ত কিছু অসুবিধা রয়েছে। কেন্দ্রীয় সরকার বলেছেন যারা এম. এল. এ, এম. পি. নয় অথচ জেল খেটেছেন, যারা সেই সময় এক সংগে জেলে ছিলেন, তাঁদের সার্টিফিকেট হলেও তার উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে। তবে কেন্দ্রীয় সরকার সেটা খুব অফিসিয়ালি বলেননি। আমরা এটা শুনেছি যে বাংলাদেশের যাঁরা জেল খেটেছেন, তাঁদের সম্বন্ধে কেন্দ্রে একটা ভাল ডকুমেনটেশন রয়েছে। বাংলাদেশের প্রিজনারদের সম্বন্ধে কেন্দ্রের একটা বিশেষ দৃষ্টি আছে। ব্রিটিশ সরকার একটা বিশেষ দৃষ্টি নিয়ে দেখতো, সেইজন্য ভাল ডকুমেন্ট রয়েছে। সুতরাং আমরা যা কিছু এ্যাপ্লিকেশন পেয়েছি—পুলিশ ভেরিফিকেশন আমাদের করতেই হবে, কিছু হয়েছে, কিছু চলছে, আমরা তাদের বলেছি যে এইগুলো খুব জরুরী ভিত্তিতে করা হোক। কিন্তু আমরা সমস্ত অ্যাপ্লিকেশন পাঠিয়ে দিয়েছি। আমাদের অ্যাপ্লিকেশনের ভিতরে পার্টিকুলার্স দিতে হবে, এইগুলো আলফাবেটিক্যালি সাজাতে হবে, বড় বড় কাগজ রয়েছে, নাম দিতে হবে, তারপর কতদিন জেলে ছিলেন এবং কি রোজগার আছে, সেটাও দিতে হবে। কেন না কেন্দ্রীয় সরকার বলেছেন যদি অনেক বেশী রোজগার হয় তাহলে সেই ক্ষেত্রে হয়তো পেনশন না দিয়ে একটা হয়তো তাদের সার্টিফিকেট দেওয়া হবে, এই সমস্ত কথা রয়েছে। সুতরাং এইগুলোকে আমাদের অ্যালফাবেটিক্যালি সাজাতে হচ্ছে। প্রথমে নাম, তারপর কতদিন তাঁরা জেলে ছিলেন, তাঁদের বর্তমানে রোজগার কি এবং কিছু রিমার্কস দিয়ে নানারকম ডকুমেন্টস্ তৈরী করছি। আমাদের ডিপার্টমেন্টের অন্তত: ৫০ ভাগ টাইপিস্টকে তাদের অন্য সব কাজ ছেড়ে গত একমাস ধরে এই কাজ করতে বলা হয়েছে, শনিবার, রবিবারও কাজ করতে বলা হয়েছে এবং একটা বিশেষ সেল নিযুক্ত করা হয়েছে। তারা এই জিনিসটা দেখছে। আমাদের শ্রদ্ধেয় সদস্য শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় মহাশয় এবং শ্রদ্ধেয় সদস্য শ্রীবিজয় সিং নাহার মহাশয় কমিটিতে আছেন। তাম্রপত্র সম্বন্ধে তাঁরা আমাদের যথেষ্ট সাহায্য করেছেন এবং তাঁদের দেওয়া নামও এর

ভেতরেই চলে গেছে। আমরা সমস্ত পার্টিকুলার্স দিয়ে এর ভেতর প্রায় ৬ হাজার অ্যাপ্লিকেশন পাঠিয়ে দিয়েছি কিছু কিছু পুলিশ ভেরিফিকেশন বাকী আছে। ১৫ই আগস্টই শেষ দিন নয়, এর পরেও এই জিনিস চলবে। তবে ১৫ই আগস্ট তারা কিছু কিছু নাম ঘোষণা করবেন। তারপরও নাম ঘোষণা করা হবে, সুতরাং আরো চেষ্টা করছি, যত অ্যাপ্লিকেশন আমরা পাচ্ছি—আমরা এই জুলাই মাস পর্যন্ত বেশী অ্যাপ্লিকেশন পেয়েছি, প্রায় ৮ হাজার অ্যাপ্লিকেশন এই পর্যন্ত আমরা পেয়েছি। তার ভেতর ৬ হাজার অ্যাপ্লিকেশন কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে, পুলিশ ভেরিফিকেশন সম্পূর্ণ হয়নি, যেগুলো হচ্ছে; সেইগুলো পাঠিয়ে দিচ্ছি, কিন্তু আমরা টার্গেট নিয়েছি যে সমস্ত অ্যাপ্লিকেশন পার্টিকুলার্স দিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দেবো। পুলিশ ভেরিফিকেশন যদি দেরী হয় আমরা সেটা পরে পাঠাবো, কিন্তু সমস্ত অ্যাপ্লিকেশন আমরা পাঠিয়ে দেবো এবং মাননীয় সদস্যরা যদি আরও ফর্ম চান বা আরও তথ্য কিংবা সাহায্য চান আমরা বাধিত হবো।

**Mr. Speaker :** I now call upon Shri Ramendra Nath Dutt to raise a discussion on points arising out of the answer given on the 7th July, 1972, to starred question No. 64 (Admitted question No. *164) regarding financial aid to different Zilla Parishads for construction of roads, bridges, etc.

[4—4-10 p.m.]

**Shri Ramendra Nath Dutt :** মাননীয় অধ্যক্ষমহাশয়, গ্রামের যোগাযোগ ব্যবস্থা জেলা পরিষদের কাজের উপর নির্ভর করে, এর গুরুত্ব বুঝে আপনি যে অর্ধ ঘন্টা দিয়েছেন তারজন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষমহাশয়, ১৯৭০-৭১ সালে এবং ১৯৭১-৭২ সালে পশ্চিমবঙ্গের ১৩টি জেলা পরিষদকে ১ কোটি ১৪ লক্ষ ৫০ হাজার টাকা ঋণ দেওয়া হয়েছিল, তার মধ্যে মাত্র ৩০ লক্ষ ৮৭ হাজার ৬৪১ টাকা খরচ হয়েছে বাকি ৭০ লক্ষ ৬২ হাজার ৩৫৯ টাকা খরচ করা হয়নি। এত টাকা পরে থাকল খরচ হলো না, যেন মনে হচ্ছে রাস্তাঘাটের কোন দরকার নেই। আর পশ্চিম দিনাজপুর আর কোচবিহারের জেলা পরিষদকে কোন টাকা দেওয়া হলো না। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে ইট ও সিমেন্টের অভাবে কাজ হয়নি, এইটা আংশিক সত্য। জেলা পরিষদের বেশীরভাগ পুল কাঠের পুল এবং কাঁচা রাস্তা। এখানে কংক্রিটের রাস্তা দরকার। কংক্রিটের পুল খুব কম, প্রত্যেক জেলা পরিষদের রাস্তায় অনেক কাঠের পুল অনেক দিন ধরে ভেঙ্গে পড়ে আছে এবং রাস্তাগুলি গর্ত হয়ে চলাচলের অযোগ্য হয়ে পড়ে আছে। এইরকম ভাবে খারাপ হয়ে পড়ে থাকা সত্বেও আমরা আশ্চর্য হচ্ছি যে জেলা পরিষদ এই টাকা খরচ করতে পারল না। ৮৩ লক্ষ টাকা খরচ না করে ফেরত দিয়ে দিল আর দিনাজপুর, মালদা, এবং মুর্শিদাবাদের জেলা পরিষদ ১ পয়সাও খরচ করেনি। আমরা কি ধরে নেব এই কয়টি জেলায় সব রাস্তা একেবারে পিচের হয়ে গিয়েছে বা ভাল হয়ে গিয়েছে? এই যদি হয় জেলা পরিষদের কোন দরকার নেই। এই সম্বন্ধে আশ্চার্যর ব্যাপার আমি বলতে চাই যুক্তফ্রন্টের কল্যাণে জেলা পরিষদগুলি আমলাতন্ত্র পরিষদে পরিণত হয়েছে, তাদের গাফিলতিতে কোন কাজ হয়নি এবং টাকা খরচ হয়নি। কি করে আমলাতন্ত্র পরিষদে পরিণত হলো সেটা শুনুন, ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার জেলা পরিষদ ভেঙ্গে দিয়েছিলেন এক্সিকিউটিভ অফিসারকে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করে দিল, চেয়ারম্যান তারপর হাইকোর্টে কেস করে দিল, কেস করার দরুণ চেয়ারম্যান পদটা রয়ে গেল কিন্তু তার কোন ক্ষমতা রইল না। চেয়ারম্যান আছে কিন্তু কোন বডি নাই নাই, অর্থাৎ হেড উইদাউট বডি, এই এক অদ্ভুত ব্যাপার থেকে গেল। মাননীয় অধ্যক্ষমহাশয়, হাইকোর্টের রায় অনুসারে অ্যাডমিনিস্ট্রেটারকে না জানিয়ে চেয়ারম্যান কোন কাজ করতে পারে না অথচ অ্যাডমিনস্ট্রেটর চেয়ারম্যানের

সংগে কনসাল্ট না করে বডি ওয়ার্ক করতে পারে। চেয়ারম্যান কোন বড় কাজে বাধা দিলে গভর্নমেন্টের অ্যাপ্রুভাল অ্যাডমিনিস্ট্রেটরকে নিতে হয়। চেয়ারম্যান এবং অ্যাডমিনিস্ট্রেটর এক মত হতে না পারার দরুন আমাদের এই টাকা খরচ হয় না এবং এত টাকা পড়ে আছে। পশ্চিম দিনাজপুর জেলায় ১৯৬৮ সালে ৩ লক্ষ টাকা বন্যায় ক্ষতিগ্রস্থদের ঋণ দেওয়া হয়েছিল। বন্যার জন্য রাস্তা ক্ষত হয়েছিল এবং গত বছর পাক-ভারত যুদ্ধের সময় রাস্তার অনেক ক্ষতি হয়েছিল, তা সত্বেও কোন কাজ জেলা পরিষদ থেকে করা হয় নি। এই টাকা ইনট্যাক্ট পড়েছিল, আজ দীর্ঘ দিন ধরে পশ্চিম দিনাজপুর জেলায় অনেক কাঠের পুল খারাপ হয়ে পড়ে আছে, অনেক রাস্তা চলা-চলের অযোগ্য। বর্ষাকালে এমন কি গরুর গাড়ী পর্যন্ত চলে না অথচ দেখুন এই অ্যাডমিনিস্ট্রেটর টাকা খরচ না করে ফেলে রেখেছে। আপনি শুনলে আশ্চর্য হবেন এর মধ্যে এই টাকা আবার কোচবিহার এবং জলপাইগুড়িতে পাঠাবার ব্যবস্থা হচ্ছে, এবং আমাদের বাধায় এই পাঠানোটা বন্ধ হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে চান যে এই তিন বছর টাকা, সিমেন্ট বা ইটের অভাবে পড়ে আছে? আমি জানি দু' বছর আগে প্রচুর সিমেন্ট পাওয়া যেতো আমার একটা ছোট কনসট্রাকসনের সময় অনেক দোকানদার এসে খোসামোদ করেছে সিমেন্ট নিতে। তাই আমি বলছি সিমেন্টের অভাবে বা ইটের অভাবে কিছু হয় নি এটা ঠিক নয়। আমি বলবো যে জেলা পরিষদের চেয়ারম্যান বা অ্যাডমিনিস্ট্রেটর একমত হতে পারেন নি বলেই বেশীর ভাগ কাজ হয় নি। মাননীয় অধ্যক্ষমহাশয়, পঞ্চায়েত আইনের সংশোধন করে ইলেকসান করতে অনেক দেরী হবে। তাই আমার সাজেসন হচ্ছে বর্তমান অবস্থায় হাইকোর্টের নির্দেশ অনুযায়ী চেয়ারম্যানকে যখন সরানো যাবে না তখন একটা করে অ্যাডহক কমিটি প্রত্যেক জেলা পরিষদে করে দিন এবং অ্যাডমিনিস্ট্রেটরকে একজিকিউটিভ অফিসার করে দিয়ে কাজ করুন। নতুবা কোন কাজ হবে না। আপনি জানেন জেলা পরিষদের কাজকর্ম না হওয়ার জন্য পশ্চিম দিনাজপুরের শুধু নয়, পশ্চিম বাংলার বেশীরভাগ জেলায় রাস্তা লোক চলাচলের অনুপযুক্ত হয়ে পড়ছে। অনেক পুল সামান্য টাকা খরচ করলে হতো। কিন্তু হয় নি। এইসব কাজ জেলা-পরিষদ ছাড়া আর কেউ করতে পারে না। পি, ডবলিউ, ডি'র রাস্তা হয়তো কোন অঞ্চলে একটা আছে, আবার কোন অঞ্চলে নেই। এই জেলাপরিষদকে দিয়ে যদি কাজ করাতে চান তাহলে অ্যাডমিনিস্ট্রেটরকে সরান এবং চেয়ারম্যানকে আরও ক্ষমতা দিলে জেলা পরিষদের কাজ তাড়াতাড়ি হয় সেটা দেখুন এবং যথাসম্ভব এই টাকার মধ্যে রাস্তাঘাট করতে পারে এবং কাঠের পুল যেগুলো ভেংগে গিয়েছে সেগুলো নির্মাণ করতে হয়তো পারবেন। কাঠের পুল করার ব্যাপারে সিমেন্টের অভাব আছে একথা বলতে পারেন। কিন্তু আমি বলব শালবল্লা দিয়ে অনেক বড় বড় ব্রিজ হতে পারে। আমি পশ্চিম দিনাজপুরের অনেক বড় বড় ব্রিজ দেখেছি ৬০ ফুট চওড়া পর্যন্ত সেগুলো শালবল্লা দিয়ে হয়েছে। আমার বক্তব্য হচ্ছে এই সমস্ত যেসব ব্রিজ আছে যাতে মেন্টেন হয় এবং সামান্য যেগুলো ভেঙ্গে গিয়েছে সেগুলো যাতে সারান হয় এবং যেখানে টি, আর হচ্ছে, ব্রিজের অভাবে অনেক রাস্তা চালু হতে পারছে না জেলাপরিষদ যদি ব্রিজগুলো করে দেয় তাহলে অনেক রাস্তা লোক চলাচলের উপযুক্ত হবে এবং গ্রামের লোকের যথেষ্ট সুবিধা হবে।

জয়হিন্দ্।

**Shri Bhupal Chandra Panda :** মাননীয় স্পীকার, স্যার, আজকে যে আলোচনা মাননীয় সদস্য উত্থাপন করেছেন আমি সম্পূর্ণভাবে তাকে সমর্থন করছি। বাংলা দেশের জেলা পরিষদ যে সমস্ত কাজ ইতিপূর্বে করে আসতেন এই দীর্ঘ কয়েক বছর সেই কাজগুলো চারিদিক থেকে খুবই ব্যাহত হচ্ছে। প্রধানতঃ মাননীয় সদস্য যে কথা বলেছেন যে ওখানে একটা দ্বৈত শাসনে সংকটের সৃষ্টি হয়েছে সেটা ঠিক এবং আমাদের আশা ছিল পঞ্চায়েত যথাসম্ভব নির্বাচিত হয়ে জেলা পরিষদ অদূর ভবিষ্যতে পূর্ণগঠিত হবে। কিন্তু যেকোন কারণে হক আজকের পঞ্চায়েত নূতনভাবে নির্বাচিত হতে যথেষ্ট বিলম্বিত হয়ে যাচ্ছে। আবার যেহেতু পঞ্চায়েতের

নূতন পরিবর্তীত আইনের একটা সূচনা বা আভাস এসেছে হয়তো সে কারণ আরও বিলম্বিত হতে পারে। তবে আমি আশা করি জেলা পরিষদের এই স্বৈত শাসনের অবসান হলে এরা কতকগুলো কাজ করতে পারেন। কিন্তু সেই কাজগুলো করানোর দিক থেকে আমরা অন্তত যাঁরা মাননীয় সদস্য নির্বাচিত হয়েছে বিভিন্ন জেলা থেকে তাঁরা যদি কিছুটা এঁদের উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখি এবং তাঁদের যে সমস্ত সাজেসান সেগুলো গ্রহণের ব্যবস্থা করা যায় তাহলে জেলা পরিষদের যে টাকা খরচ না হয়ে চলে যাচ্ছে তা হবে না। জেলা পরিষদের কাজের কেন্দ্র অনেক বিস্তৃর্ণ। আমাদের যেসমস্ত প্রধান প্রধান drainage আছে সেই সমস্ত ড্রেনেজের বহু জায়গায় main রাস্তার উপরে পুলগুলি সংস্কারের অভাবে এখন সেখানে পারাপার করা যায় না। এই কাজগুলি করানোর জন্য জেলা পরিষদ থেকে যে টাকা বরাদ্দ করার কথা অনেক ক্ষেত্রে সেই পরিমাণ টাকা না পাবার জন্য পুল হয় না। আবার এটাও দেখা যাচ্ছে জেলা পরিষদের নির্দিষ্ট tender দেনেওয়ালা যারা আছে তারা tender দেন এবং tender নিয়ে তারা ক্রমশঃ খরচের পরিমাণ কেবল বাড়াতে চায় এবং এর ফলে খরচ extra না দিলে কাজ হয় না। পরোক্ষভাবে এই রকম একটা চাপ সৃষ্টি করার ব্যবস্থা আছে। এই চক্র ভাঙ্গা দরকার। আমি মনে করি জেলা পরিষদ আজ যে অবস্থায় রয়েছে তাতে দ্রুত একে যদি পুণর্গঠিত না করা হয় তাহলে একে টাকা দেওয়ার কোন অর্থ হয় না। জেলা পরিষদের মাধ্যমে গ্রামে বহু কাজ করা এখুনি প্রয়োজন। বিশেষ করে বন্যায় বিভিন্ন জায়গায় রাস্তাঘাট যেভাবে বিপর্যস্ত হয়েছে, পুলগুলি যেভাবে ভেঙ্গে গেছে তাতে সেগুলি দ্রুত জেলা পরিষদের মাধ্যমে মেরামত করা দরকার। সেজন্য জেলা পরিষদের পুনর্গঠিত করার দিকে সরকার থেকে বিশেষ ব্যবস্থা নেওয়া দরকার। আমার [illegible] জেলা পরিষদের মাধ্যমে সরকারী টাকা আরও বেশী বরাদ্দ করা যাতে আরও বেশী কাজ হতে পারে সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। এই কারণের জন্য মাননীয় সদস্যের প্রস্তাবকে [স]মর্থন করে বলব যে অচিরে জেলা পরিষদ যাতে সক্রিয় ভূমিকা গ্রহণ করতে পারে তারজন্য [য]াযথভাবে একে পুনর্গঠিত করা দরকার এবং সেই সঙ্গে এই বাবত বরাদ্দ অর্থ বাড়ানো দরকার।

-10—4-20 p.m.]

**Shri Puranjoy Pramanik :** মাননীয় অধ্যক্ষমহাশয়, ডাঃ রমেন দত্ত মহাশয় যে [আ]লোচনা উত্থাপন করেছেন তাকে সমর্থন করে বলতে চাই বর্তমান জেলা পরিষদের যা অবস্থা [সে]দিকে যদি সরকার নজর না দেন তাহলে যে অবস্থা হবে সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ [কর]ছি। আমার বর্ধমান জেলা পরিষদকে ৫ লক্ষ টাকা করে মঞ্জুরী দেওয়া হচ্ছে। তাদের [sta]ff maintenance এর জন্য ৩।৩½ লক্ষ টাকা খরচ। অর্থাৎ বাকী থাকে ১½ লক্ষ টাকা। [এ]র যে সমস্ত রাস্তায় tubewell আছে সেগুলি maintain করতে অর্থ পাওয়া যায় না। [জে]লা পরিষদ কোন grant চায় না, কিন্তু তার ন্যায্য পাওনা সরকার দিচ্ছে না। বর্ধমান [জেল]ায় motor vechicls tax ও main cess বাবত যে টাকা আদায় করা হয় সেই টাকা [জেল]া পরিষদের খরচার জন্য ব্যয়িত হবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি বর্ধমান জেলায় গত কয়েক [বছর] ধরে এই cess এর টাকা সরকার দেন নি এবং বর্ধমান জেলা পরিষদ ৭৫ লক্ষ টাকা পশ্চিমবঙ্গ [সরক]ারের কাছে পাবেন। তাঁরা বহু অনুনয় নিবেদন করেছেন, আমরা বিধানসভার সদস্যরা [মান]নীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করেছি কিন্তু সরকার সেই ৭৫ লক্ষ টাকার একটা পয়সাও [দেন]নি। জেলা পরিষদের ৫ হাজার কিলোমিটার রাস্তা আছে, সেই রাস্তায় তারা মাটি ফেলতে [পার]ছে না এবং ৫ হাজার যে টিউবওয়েল আছে তার মধ্যে ২ হাজার অকেজো হয়ে পড়ে রয়েছে [সেগু]লি রিপেয়ার করার পয়সা জেলা পরিষদের নেই। যে পয়সা দেয় তাতে ষ্টাফের বেতন [ও] কিছু কিছু মেনটেন্যান্স ওয়ার্ক করতে চলে যায়। অধিকাংশ জেলা পরিষদ সুপারসিডেড [।] সেজন্য কেউ কিছু করতে পারছি না। নির্বাচিত প্রতিনিধি যদি জেলা পরিষদে থাকত [তাহলে]ন পশ্চিমবংগ সরকারের [illegible]

গ্রাণ্ট চাচ্ছে না, তাদের ন্যায্য দাবি চাচ্ছে, সেই টাকা সরকার দিচ্ছেন না। বর্ধমান জেলা পরিষদ পথ কর বাবদ তাদের পাওনা টাকা চাচ্ছে, সরকার তাদের ৪ লক্ষ টাকা দিচ্ছেন। তার মধ্যে ৩॥ লক্ষ টাকা ষ্টাফের বেতন দিতে যাচ্ছে। বর্ধমান জেলা পরিষদে ৪॥ শো ষ্টাফ আছে, তাদের বেতন দিতে সমস্ত টাকা চলে যাচ্ছে. পয়সার অভাবে তারা কোন কাজ করতে পারছে না। স্টাফেরা আসছে, বসছে, চলে যাচ্ছে অথচ মাসে মাসে বেতন নিচ্ছে। সরকার যদি সত্যিকারে পঞ্চায়েত রাজ করতে চান তাহলে জেলা পরিষদকে অর্থ সাহায্য করা উচিত। যদি পঞ্চায়েত রাজ করতে না চান তাহালে জেলা পরিষদ উঠিয়ে দিন, তা না হলে সরকারী অর্থের অপচয় হবে। সেজন্য আপনার কাছে নিবেদন করব বর্ধমান জেলা পরিষদের যে ৭৫ লক্ষ টাকা পাওনা আছে সরকারের কাছে সেটা অবিলম্বে দেবার ব্যবস্থা করুন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Pradyot Kumar Mahanti :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই হাউসে মাননীয় সদস্য ডা: রমেন্দ্রনাথ দত্ত যে প্রস্তাব রেখেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। আমি মেদিনীপুর জেলাপরিষদের সাথে যুক্ত আছি। আমার একটা প্রশ্নের উত্তরে পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় দুর্ভাগ্যক্রমে সেদিন আমি ছিলাম না, মেদিনীপুর জেলাপরিষদ সম্পর্কে টাকা খরচ করতে না পারার একটা হিসাব দিয়েছিলেন। আমি জেলাপরিষদ অফিসে গিয়ে দেখলাম যে হিসাব তিনি রেখেছেন সেই হিসাবের উত্তরটা এমনভাবে এসেছে যে মন্ত্রিমহাশয়ের ভুল করা খুবই স্বাভাবিক। তিনি কত টাকা খরচ করা হয়েছে অর্থাৎ কত টাকা কনট্রাকটর পেমেন্ট হয়ে গেছে সেই তথ্য রেখেছেন, কত টাকার কাজ বিলি হয়ে গেছে কনট্রাকটর পেমেন্ট হয়নি সেই হিসাব দিলে দেখা যেত মাত্র একলক্ষ টাকা বাকি আছে। অর্থাৎ এই কথাতে এই কথা বলা যায় না যে জেলাপরিষদ সব কাজ করতে পেরেছে। জেলাপরিষদে এইরকম উন্নয়নমূলক কাজে টাকা খরচ করার প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছে একজিকিউটিভ অফিসারকে অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে নিয়োগ করে রাখার জন্য। হাইকোর্টের অর্ডার অনুযায়ী দেখা যাচ্ছে যে প্রতিটি কাজ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানকে একজিকিউটিভ অফিসার যিনি অ্যাডমিনিস্ট্রেটার হয়েছেন তাঁর কনসেন্টে কাজ করতে হয়। একজিকিউটিভ অফিসার যেগুলি পাঠান, চেয়ারম্যান কনসেন্ট দিলেন সেই কাজ হল, কিন্তু চেয়ারম্যান যদি কোন প্রোগ্রাম ইনিসিয়েট কর অ্যাকজিকিউটিভ অফিসারের কাছে পাঠান, জানি না সরকারের সেইরকম কোন নির্দেশ আছে কিনা, যুক্তফ্রন্ট সরকারের সেইরকম নির্দেশ ছিল, যদি সেই কাজ অ্যাকজিকিউটিভ অফিসার মনঃপূত হয় তবে কনসেন্ট দেবেন, তা না হ ল চেয়ারম্যান বা ভাইস-চেয়ারম্যান কোন স্কীম ইনিসিয়েট করলে তিনি কনসেন্ট দেন না বা যখন কনসেন্ট দেন তখন কাজ করা সম্ভব হয় না বৃষ্টি নেমে যায় অন্যান্য অসুবিধা দেখা দেয়। আমি এবারে মেদিনীপুর জেলাপরিষদের কথা বলছি। আমাদের যে টাকা দেওয়া হয়েছে সরকার কর্তৃক ব্রিজ, কালভার্ট করবার জন্য সেই সমস্ত টাকা খরচ হবার পর একটা অদ্ভুত ব্যাপার সেখানে দেখা যাচ্ছে। ওখানকার যিনি একজিকিউটিভ অফিসার, যিনি অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে নিযুক্ত হয়েছেন তিনি বাজেটে টাকা না থাকা সত্বেও একলক্ষ নয় হাজার টাকার মত বেশী স্কীম দিয়েছেন চেয়ারম্যানের কাছে মঞ্জুর করবার জন্য। নর্মাল বাজেটে টাকা না থাকা সত্বেও লোনের টাকা যেটা গিয়েছিল এই সমস্ত ব্রিজ, কালভার্ট করবার জন্য সেগুলি খরচ হবার পর আরও এক লক্ষ নয় হাজার টাকার উদ্বৃত্ত স্কীম চেয়ারম্যানের কাছে রেখেছেন। অবশ্য তিনি তা মঞ্জুর করেন নি। সরকার থেকে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানের নামে একটা চিঠি যায় না, সমস্ত চিঠি যায় একজিকিউটিভ অফিসার কাম অ্যাডমিনিস্ট্রেটর এই বলে। অ্যাডমিনিস্ট্রেটর চিঠি লিখলে সরকারী অফিসে কাজ হবে কিন্তু চেয়ারম্যান বা ভাইস-চেয়ারম্যান চিঠি লিখলে সরকারী দপ্তর থেকে জবাব পাওয়া যায় না এবং জবাব যেটা পাওয়া যায় তার কোন মূল্য থাকে না। আমরা দেখছি জেলাপরিষদকে আমলাতন্ত্রে পরিণত করা হয়েছে এবং তার ফলে জেলাপরিষদে কোন কাজ হচ্ছে না। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আর একটা কথা বলতে চাই। অধিকাংশ জেলা

পরিষদেই দেখছি কর্মচারীদের মাইনে দেবার টাকা নেই। বীরভূম এবং বাঁকুড়া জেলাপরিষদে দেখছি মাসে মাসে সরকারের কাছ থেকে টাকা গেলে তবে কর্মচারীরা মাইনে পান। মেদিনীপুর জেলাপরিষদে অবস্থা এমন হয়েছে যে, আরও যদি ৩ মাস এরকম অবস্থা চলে তাহলে কর্মচারীদের মাইনে দেওয়া যাবে না। জেলাপরিষদের আর্থিক অবস্থা সম্পূর্ণরূপে নির্ভরশীল পঞ্চায়েত বিভাগের অনুদানের উপর। আপনারা জানেন পঞ্চায়েত বিভাগ রোড সেস, রোড ট্যাক্স থেকে যে টাকা দেন সেটা অলওয়েস্ দেন কলেকসনের উপর। কিন্তু সেটা আবার না দেবার জন্য বহু টাকা জেলাপরিষদের পাওনা রয়েছে এই পঞ্চায়েত বিভাগে। জেলায় যত রোড ট্যাক্স, রোড সেস্ আদায় হয় সেটা তাঁরা দেন কলেকসন বেসিসে, কিন্তু এটা দেওয়া উচিত অন ডিমাণ্ড বেসিস। অবশ্য এই টাকা পেলেও চালান অসম্ভব। অ্যাডভাইসরি বোর্ড করাব কথা যা বলা হয়েছে সেটা ভাল কথা। তবে এটা করলে আইনগত দিক বিচার করে করা উচিত। তারপর, আমার বক্তব্য হচ্ছে একজিকিউটিভ অফিসারকে কনট্রোল করবার জন্য চেয়ারম্যান এবং ভাইস-চেয়ারম্যানকে মোর পাওয়ার দেওয়া হোক এই ইন্টারিম পিরিয়ডে। যতদিন না পঞ্চায়েত নির্বাচন হচ্ছে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 p. m.]

**Shri Prafulla Kanti Ghosh** : মাননীয় অধ্যক্ষমহাশয়, জেলাপরিষদের আয়-ব্যয়ের উপর চারজন মাননীয় সদস্য যে বক্তব্য রাখলেন আমি আলাদা আলাদা ভাবে না বলে সবটা মিলিয়ে তাঁদের যে বক্তব্য তার কিছু উত্তর দেবার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে জেলাপরিষদের কোন সময় কোন টাকা ছিল না। আপনারা জানেন যে, উত্তরবংগে ১৯৬৮ সালে যে ভয়াবহ বন্যা হয় সেইসময় কেন্দ্র থেকে একটা স্টাডি টিম এই প্রথম রেকমেণ্ড করল যে, জেলাপরিষদের মাধ্যমে বিভিন্নভাবে যেসমস্ত ক্ষতিগ্রস্ত হয়েছে ওই বন্যার ফলে তারজন্য তারা একটা টাকা ধাব বাবদ দেবেন সেই থেকেই আরম্ভ হল এরকমভাবে জেলাপরিষদের মাধ্যমে কোন জায়গায় কালভার্ট, কোন জায়গায় ব্রিজ এবং কোথাও জলের ব্যবস্থা। সরকার, এই বন্যা, তার যে ভয়াবহ চিহ্ন রেখে গিয়েছিল, তাকে কিভাবে সারাবার জন্য কিছুভাবে জনসাধারণকে আবার সহজ জীবনযাত্রার ভিতর আনবার জন্য কেন্দ্রের কাছে বিভিন্ন খাতেতে টাকা চাইলেন। ১৯৭০ সালে এই ফ্লাড বাবদ আবার কেন্দ্রের কাছে টাকা চাইলেন ১ কোটি ৮৯ লক্ষ টাকা। ১৯৭১ সালে ফ্লাড বাবদ আবার কেন্দ্রের কাছে আবেদন জানালেন ১ কোটি ৭৯ লক্ষ টাকার জন্য। ফ্লাড দেখবার জন্য যে স্ট্যাডি টিম এসেছিলেন তাঁরা এই অর্থ সবটা মঞ্জুর করলেন না। তাঁরা ১৯৭০ সালের জন্য দুই খ্যাপে টাকা দিলেন। একবার ১৯ লক্ষ ৭৫ হাজার টাকা, আর একবার ৪৯ লক্ষ ৭৫ হাজার টাকা, মোট ৬৯ লক্ষ ৫০ হাজার টাকা। আর ১৯৭১ সালে আমরা যেখানে চেয়েছিলাম ১ কোটি ৭৯ লক্ষ টাকা, পেলাম মাত্র ৪৫ লক্ষ টাকা। ১৯৭০, ১৯৭১ সালে মোট পেলাম আমরা, সরকার পেলো ১১৪ লক্ষ টাকা, তার মানে ১ কোটি ১৪ লক্ষ টাকা। আপনারা জানেন যখন এই ধরণের কোন টাকা মঞ্জুর হয় তখন নিয়ম হচ্ছে জেলাপরিষদ জানাবে যে সেখানে কিভাবে এই টাকাটা খরচ করতে চায়। জেলাপরিষদ যখন এই জিনিসটা জানালো সরকারের কাছে, সরকার আবার এটা পুঙ্খানুপুঙ্খভাবে দেখবে, দেখবার পর সরকার অনুমোদন পাঠাবেন যে এবার কাজ কর। এটা হবার ফলে এখন দেখতে পাচ্ছি যে টাকাটা খরচ হল না কোন জায়গায়। আমি আগেই বলেছিলাম পাথর বা সিমেন্টের কথা কিন্তু পরবর্তীকালে আবার আমি গিয়ে, সবটা নয়, বুঝবার চেষ্টা করেছিলাম তাতে দেখলাম যে পাথর এবং সিমেন্টের কথা যেমন আছে তেমনি আরো অসুবিধার কথা আছে। যেমন আজকে জেলাপরিষদ জানালেন সরকারের কাছে, ডিপার্টমেন্টের কাছে জানালেন, ডিপার্টমেন্ট সেটা দেখলেন এবং ডিপার্টমেন্ট সেটা দেখবার পরে সেটা পাঠিয়ে দিলেন এবং বললেন এটা হতে পারে এবং তারপর তিনি টেণ্ডার কল করলেন এবং টেণ্ডার কল করবার পর কোন সময় পাওয়া গেল, কোন সময় পাওয়া গেল না। এবং মাননীয় সদস্যরা যেকথা বললেন যে

টেণ্ডার দেওয়া হল এবং তারপর বলা হল এইসব জিনিস যদি না দাও তাহলে আমরা কাজে হাত দিতে পারবো না। এবং যার জন্য দেরী হল এবং দেরী হওয়ার ফলে দেখা যাচ্ছে যেখানে আমরা ১ কোটি ১৪ লক্ষ টাকা পেয়েছিলাম সেটা আমাদের খরচ হল না। আপনারা যে কথা বলেছেন একটা কমিটির কথা, এখানেও বোধহয় কিছুটা অসুবিধা থাকবে। নির্বাচন হয়নি যাতে জেলাপরিষদগুলি ভালভাবে কাজ করতে পারে। তারজন্য সরকার একসময় ভেবেছিলেন যে একটা অ্যাডমিনিস্ট্রেটর বসাবো, সেই অ্যাডমিনিস্ট্রেটর বসান হল এবং আপনারা জানেন যে তারপর জেলাপরিষদ সরাসরি কোর্টে চলে গেল। আইন হল জেলাপরিষদের চেয়ারম্যান থাকবেন, ভাইস-চেয়ারম্যান থাকবেন, অ্যাডমিনিস্ট্রেটর থাকবেন। মাননীয় সদস্যরা যে কথা বলেছেন, ডাঃ দত্ত যে কথা বলেছেন আমি নিশ্চয়ই আবার ডিপার্টমেন্টের সংগে আলোচনা করবো যে কোন কমিটি করা যায় কিনা। কিন্তু ভয় হয় আবার কোর্টে চলে যাবে, আবার ইনজাংসন হবে। এর উত্তর হচ্ছে যে, প্রথম দিন আপনাদের কাছে যে কথা বলেছিলাম যে যত তাড়াতাড়ি ইলেকসন করা। আমাদের পঞ্চায়েত বিলে যেকথা বলেছিলাম যে সেটা প্রায় শেষ হয়ে এসেছে। আশা করা যায় আগামীবারে বা তার পরের বারে এটা ক্যাবিনেটে প্লেস করা হবে তাদের অনুমোদনের জন্য। যদি ক্যাবিনেট এটার অনুমোদন দেন তাহলে আশা করতে পারবো যে সেই সেসনের মধ্যে আপনাদের সামনে তা উপস্থিত করতে পারবো।

**Mr. Speaker :** Half-an hour discussion is over.

## MOTION UNDER RULE 185

**Mr. Speaker :** Shri Mrigendra Mukherjee may please move his motion.

[4-30—4-40 p. m.]

**Shri Mrigendra Mukherjee :** Sir, I beg to move that পশ্চিমবংগের ভয়াবহ বেকার সমস্যায় এই সভা গভীর উদ্বেগ প্রকাশ করিতেছে এবং রাজ্যসরকারকে জরুরীকালীন ভিত্তিতে এই সমস্যার মোকাবিলা করার জন্য অনুরোধ জানাইতেছে এবং এই সমস্যার সমাধান-কল্পে সমস্ত সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে ওভারটাইম শিল্পসমূহে অতিরিক্ত শিফট চালু করা ও প্রয়োজনীয় সংখ্যক কর্মী নিয়োগের দাবি জানাইতেছে।

মাননীয় অধ্যক্ষমহোদয়, পশ্চিমবংগের বেকার সমস্যা বিধানসভায় আনার অর্থ হল এই রাজ্যে লক্ষ লক্ষ অধিবাসীদের কাছে এই সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষণ করা। দীর্ঘদিন ধরে পশ্চিম বাংলার লক্ষ লক্ষ তরুণকে আমরা হতাশার অন্ধকারে ঠেলে দিয়েছি। রাজ্য রাজনীতির গোলকধাঁধায় বাংলার তারুণ্য বার বার মাথা ঠুকেছে। এই বেকারিত্বকে নির্ভর করে পশ্চিম বাংলায় অনেক হিংসাত্মক আন্দোলনের আগুন জ্বলেছে। অন্তর্ঘাতের রাজনীতি মাথা তুলেছে, শত্রুশিবির লোভী চোখে পশ্চিম বাংলার দিকে তাকিয়েছে।

মাননীয় অধ্যক্ষমহাশয়, বিশ্বরাজনীতির ভারসাম্য আজকে ভারতবর্ষের উপর নির্ভর করছে। ভারতবর্ষের পূর্বপ্রান্ত আমাদের স্বরাষ্ট্র ও পররাষ্ট্র নীতির কেন্দ্রবিন্দু। বাংলাদেশ, নেপাল, ব্রহ্ম, চীন, পশ্চিম বাংলার আশে পাশে ছড়িয়ে রয়েছে। কিছুদিন আগে আমাদের মাননীয় প্রধানমন্ত্রী বলেছিলেন—উই আর সিটিং ওভার দি ভলক্যানো। পশ্চিম বাংলার অর্থনীতি ভাঙ্গলে সমাজ ভাঙ্গবে, ভারতের জাতীয় সংহতি ভেঙ্গে পড়বে। তাই আজকের এই বিধানসভা ভয়বহ বেকার সমস্যায় উদ্বেগ প্রকাশ করছে। তাই আজকের বিধানসভার মূল দায়িত্ব ভারতবর্ষ এবং বিশ্বের বন্ধু রাষ্ট্রগুলির দৃষ্টি আকর্ষণ করা এবং পশ্চিমবংগের লক্ষ লক্ষ উদভ্রান্ত তরুণের কাছে পৌঁছে দেওয়া, এই বিধানসভার ঠাণ্ডাঘর তাদের মনের উত্তাপে অস্থির হয়েছে।

মাননীয় অধ্যক্ষমহোদয়, আমলাতন্ত্রের নাগপাশ কত মর্মান্তিক তার প্রমাণ বেকারিত্বের সংখ্যাবিভ্রাট। এম্প্লয়মেন্ট এক্সচেঞ্জের হিসাবে এই রাজ্যে বেকার সাড়ে দশ লক্ষ, বিভাগীয় হিসাব প্রায় ২৮ লক্ষ, সি এম পি ও-এর সমীক্ষা ৪০ লক্ষেরও বেশী। একটি গল্প মনে পড়ে যায়। অতীতে কোন একজন চিফ সেক্রেটারী গর্দভের হিসাব চেয়েছিলেন জেলাশাসকের কাছে। জেলাশাসক হিসাব দিলেন এতগুলি গাধা আছে। অতএব ধোপা পিছু একটি করে গাধা ধরে নিয়ে তিনি গর্দভের হিসাব দিলেন। কমিশনার সাহেব শুনে বললেন আরও তিনটি সংখ্যা যোগ করতে হবে। একটি তিনি স্বয়ং, একটি জেলাশাসক, আর একটি যিনি জানতে চেয়েছিলেন। এখানেও গর্দভের হিসাবের মতই বোধ হয় বেকারের হিসাবটা করেছি।

মাননীয় অধ্যক্ষমহোদয়, এই সমস্যার সমাধান দীর্ঘমেয়াদী এবং স্বল্পমেয়াদী সমাধানের পথ আমাদের খুঁজে বার করতে হবে। দীর্ঘমেয়াদী সমাধানের জন্য পরিকল্পনার দৃষ্টিভংগী পাল্টাতে হবে। আমাদের যোজনা কমিশনের যারা রূপকার তারা পাশ্চাত্য অর্থনীতি বিশেষজ্ঞ, কিন্তু পাশ্চাত্যের সমস্যার যে চরিত্র সেটা আমাদের সমস্যার বিপরীত। আমাদের দেশে যে বিপুল জনশক্তি আছে, তার পূর্ণ সদ্ব্যবহার আমাদের যোজনাগুলির লক্ষ্য হওয়া উচিত ছিল। দেশের শ্রমশক্তিকে পূর্ণমাত্রায় কাজে লাগিয়ে সেই অনুপাতে উন্নয়নের মাত্রা এবং হার স্থির করতে হবে। দেশের বিপুল জনসংখ্যাকে শ্রমশক্তিতে রূপান্তরিত করার উদ্দেশ্যে আমাদের শিক্ষানীতিকে নির্দিষ্ট করতে হবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের কর্মসংস্থানের অবকাশ তিনটি। প্রাইমারী এবং টার্সিয়ারী। গ্রামীন উন্নয়নের জন্য কৃষিকে কেন্দ্র করে জনশক্তিকে কৃষিনির্ভর করে তোলা আমাদের আশু কর্তব্য। কৃষি এবং শিল্প সমবায় আন্দোলনের দ্বারা স্বনির্ভর করে তুলতে পারলে গ্রাম এবং শহরের জনসংখ্যার চাপ দেশের উন্নয়নের পথ পরিষ্কার করবে। দীর্ঘাকৃতি যৌথখামারে নিজের প্রয়োজনে ট্রাক্টার, সার এবং পরিবহন শিল্পের অবকাশ সৃষ্টি করবে। আমাদের শিল্পের উন্নতি করতে গেলে আমাদের ইস্পাতের উৎপাদন বাড়াতে হবে এবং তারজন্য বৈদেশিক সাহায্যের অনিবার্য প্রয়োজন। সোভিয়েট রাশিয়ার সংগে আমাদের যে মৈত্রী চুক্তি হয়েছে, সেই চুক্তি পাকিস্থানের সংগে গত যুদ্ধের সময় আমরা ব্যবহার করেছি, বন্যার সময় এবং খরার সময় ব্যবহার করছি। বন্যা, খরা এবং যুদ্ধের মত এই বেকারসমস্যাকে গণ্য করতে হবে। সোভিয়েট রাশিয়া জার্মানীর আক্রমণের বিরুদ্ধে মার্কিনী চুক্তিকে ল্যাণ্ড লীজের মাধ্যমে সমাধান হিসাবে ব্যবহার করেছে। আমি কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করব না যে ইন্দো-সোভিয়েট চুক্তির সেই ছয় ধারা প্রয়োগ করা হোক। বেকারসমস্যা সমাধানের জন্য, এই সমস্যার মোকাবিলা করার জন্য আমাদের স্বল্পমেয়াদী পরিকল্পনার দিকে তাকাতে হবে। অথচ এইভাবে যদি বন্ধ কল-কারখানা খোলার জন্য সাহায্য দেওয়া হয় তাহলে কর্মসংস্থান হতে পারে। বন্ধ কলকারখানা খোলার জন্য বাজেট ধার্য করা হয় এবং এতে ১ কোটি লোকের কর্মসংস্থান হতে পারে। যেখানে হাজার হাজার যুবকের চাকরি হতে পারে সেখানে টাকা খরচ আমরা করছি না। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের পশ্চিম বাংলায় ১৫ হাজারের মতন C I S F-এ লোক নেওয়া হচ্ছে তাতে এই রাজ্যের সন্তানদের স্থান নেই। আমরা জানি ১৯৬৭ সালে ২৯ লক্ষ টাকা freedom from hunger ক্ষুধা থেকে মুক্তি এরজন্য বরাদ্দ করা হয়েছিল। তাতে ডেয়ারী হতে পারে তাতে চাকরি হতে পারে তাতে নানা কাজ করে কয়েক হাজার লোকের কর্মসংস্থান হতে পারতো কিন্তু তা হয়নি টাকা খরচ হয়নি। পশুপালন দপ্তরের তদানিন্তন এ. কে. সেন তিনি বিশ্বাসঘাতকতা সত্ত্বেও পুরস্কার পেলেন পদোন্নোতি হলো। আমরা দেখেছি মিনিং করপোরেশন অফ ইণ্ডিয়া তারা অফিস গুটিয়ে নিচ্ছে Geological Survey of India office গুটিয়ে বম্বে চলে যাচ্ছে—জাতীয়করণের পর ছোট ছোট কয়লাখনি গুলির অফিস ছিল কলিকাতাতে কিন্তু জাতীয়করণের পর তার হেডকোয়ার্টারএর অফিস চলে গেল ধানবাদে। যে কোলিয়ারীর উপর আমরা এত আশা করে ছিলাম যে লক্ষ লক্ষ লোকের কর্মসংস্থান হবে, কিন্তু সেখানে তা হয়নি সেখানে ঠিকাদারদের এক পীঠস্থানে পরিণত হয়েছে। আজকে সেখানে রাজ্যের স্থায়ি বাসিন্দাদের

স্থান নেই। মাননীয় অধ্যক্ষমহাশয়, বিহারের মুখ্যমন্ত্রী শ্রীকেদার পাণ্ডে তিনি সাহসের সঙ্গে ঘোষণা করলেন যে, এই রাজ্যে যে সমস্ত শিল্প হবে তাতে শতকরা ৯০ জন এই রাজ্যের সন্তানদের নিযুক্ত করতে হবে বিহার থেকে, অথচ আমাদের সরকার ১৫ বৎসর হ'ল ডোমিসাইল সার্টিফিকেট চালু করতে দ্বিধাগ্রস্ত। আজকে শিল্পর মালিকরা লক্ষ লক্ষ টাকা খরচ করছে overtime দিচ্ছে। যে লক্ষ লক্ষ টাকা overtime দিচ্ছেন তাঁরা খরচ করছেন অথচ অতিরিক্ত শিফট্ চালু করছেন না, কর্মীনিয়োগেও তাদের আপত্তি আজকে যন্ত্রের পূর্ণ সদ্ব্যবহার এই রাজ্যে হচ্ছে না। আজকে এভাবে টাকা বাঁচিয়ে Income-tax বাঁচাইয়া নানাভাবে ফাঁকি দিচ্ছেন। আমরা অনুরোধ করিয়ে ব্যবস্থা গ্রহণ করা হোক তার ফলে যাতে নূতন কর্মসংস্থান হয়। মাননীয় অধ্যক্ষমহাশয়, সবই যতই গভীর হোক, বাধা যতই তীব্র হোক, আমরা বিশ্বাস করি অতীতে একদিন রায় মন্ত্রীসভা আশার আলো দেখিয়েছিলেন পশ্চিমবংগে এবারেও রায় মন্ত্রীসভা সঙ্কট থেকে আজ এই রাজ্যকে উদ্ধার করবেন এই কথা মনেপ্রাণে বিশ্বাস করি। স্যার, অনুকরণে ইতিহাস সৃষ্টি করা যায় না। পরিবর্তন আনতে হলে স্বকীয় উদ্যমে আস্থাশীল হতে হবে।

মাঃ অধ্যক্ষ মহাশয়—

"এই কালো রাত্রির সুকঠিন অর্গল
কোনদিন আমরা যে ভাঙবই
আমাদের শপথের প্রদীপ্ত স্বাক্ষরে
নতুন সূর্যশিখা জ্বলবেই
চলবেই, চলবেই,
আমাদের সংগ্রাম চলবেই"

**Shri Sukumar Bandyapadhyay** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের ভয়াবহ বেকার সমস্যায় এই সভা গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং রাজ্য সরকারকে জরুরীকালীন ভিত্তিতে এই সমস্যার মোকাবিলা করার জন্য অনুরোধ জানাচ্ছে এবং এই সমস্যার সমাধানকল্পে সমস্ত সরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠানের ওভারটাইম বন্ধ করে শিল্পসমূহের অতিরিক্ত শিফট চালু করার প্রয়োজনীয় সংখ্যক কর্মী নিয়োগের দাবি জানাচ্ছে।

পশ্চিমবঙ্গে সব চাইতে বড় যে সমস্যা আমাদের আশংকিত করে তুলেছে তার নাম বেকার সমস্যা। বেকার সমস্যা ভারতবর্ষের জাতীয় সমস্যা কিন্তু এই সমস্যা সব চাইতে যে রাজ্যে ভয়াবহরূপ নিয়েছে তার নাম পশ্চিমবঙ্গ। পশ্চিমবঙ্গের চৌত্রিশটি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে বেকারের তালিকা দশ লক্ষ ছাড়িয়ে গেছে। এই বছরের জানুয়ারী থেকে এপ্রিলের মধ্যে দু লক্ষ ষোল হাজার বেকার যেখানে চাকরির জন্য নাম লিখিয়েছেন সেখানে মাত্র সতের হাজারের কিছু বেশী চাকরির খোঁজ পাওয়া গিয়েছে এবং পরিতাপের কথা এই সময়ের মধ্যে সমস্ত লোক নিয়োগ করা হয়েছে তার অধিকাংশ আসলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগ হয় নি। সব চাইতে পরিতাপে এবং লজ্জার কথা যাঁরা কর্মী নিয়োগ করেন তাঁদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে লোক নিয়োগ করতে বাধ্য নন এবং এ ব্যাপারটি সবিনয় নিবেদন ছাড়া বাধ্যতামূলক করবার ব্যবস্থার জন্য সরকার কোন আইন প্রণয়ন করতে পারলেন না—সরকার এখানে ঠুঁটো জগন্নাথ। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর যাঁদের নাম আছে তাদের মধ্যে অর্ধেক স্কুল ফাইন্যাল এবং তার উর্ধ শিক্ষায় শিক্ষিত। অথচ বছরের পর বছর তাঁরা নাম লিখিয়ে অপেক্ষা করছেন। এ তো গেল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের তালিকা। এ ছাড়া আরো যে হিসেব আছে তার মাধ্যমে জানা যায় নন-রেজিষ্টার্ড বেকার মিলিয়ে ঐ সংখ্যা হবে ত্রিশ লক্ষের বেশী; সমস্যা ভয়াবহ সন্দেহ নেই অথচ তার মোকাবিলার জন্য কোন সুনির্দিষ্ট পদ্ধতি আমরা এখনও গ্রহণ করতে পারি নি। এদিকে চাকরির সুযোগ ধীরে ধীরে সংকুচিত হচ্ছে এই পোড়া পশ্চিমবঙ্গে। রাজ্য সরকারের শিল্প দপ্তর তাঁদের ২৩শে জুন ১৯৭২-এর ৮৪৯০ (১০০০) ইও/পি/১ সার্কুলারে বলেছেন এ রাজ্যে বেকারের সংখ্যা দাঁড়িয়েছে ত্রিশ থেকে চল্লিশ লাখ। ১৯৬৫ সাল থেকে ১৯৬৯ সালের মধ্যে সারা ভারতে

যেখানে কলকারখানায় চাকরি বেড়েছে শতকরা ৩'২ ভাগ পশ্চিমবঙ্গে সেখানে তা কমেছে শতকরা ৭'২ ভাগ। ১৯৫১ সালের থেকে ১৯৬১ সালের মধ্যে সারা ভারতে কর্মরত লোকের সংখ্যা শতকরা ৩৮.৯ বেড়ে হোল ৪২'৯ ভাগ অথচ পশ্চিমবঙ্গে কর্মরত লোকের সংখ্যা শতকরা ৩৫

[4-40—4-50 p m.]

থেকে কমে হোল ৩৩। ১৯৭১ সালে তা আরো কমে হয়েছে শতকরা মাত্র ২৮ ভাগ। আবার কলকারখানার কাজের হিসাবের মধ্যে এ রাজ্যে সবাই বাঙালী নয়। এ রাজ্যের শিল্প শ্রমিক-এর শতকরা ৫৮ জনই অবাঙালী।

বিহারের মুখ্যমন্ত্রী কলকাতায় বলেছেন বিহারের চাকরির শতকরা নব্বই ভাগই পাবেন বিহারীরা—মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীও সেই কথা বলেছেন। আমরা সেকথা কেন বলতে পারছি না। অথচ পশ্চিমবঙ্গবাসীরা নিজভূমে পরবাসী। আমার মন সম্পূর্ণভাবে প্রাদেশিক চিন্তা থেকে মুক্ত এবং আমি প্রান্তীয় পরিচয়ে বিশ্বাস করি না করি ভারতবর্ষের ঐক্যমূলক সভ্যতায়, সেই ঐক্য যেখানে বৈচিত্র এবং স্বতন্ত্র বিকাশের মধ্য দিয়েই আমাদের একমাত্র পরিচয় আমরা ভারতবাসী। কিন্তু যে সমস্যা নিয়ে আমরা ডুবতে বসেছি সেই কঠোর বাস্তব সমস্যার মোকাবিলার জন্য যদি আমরা আওয়াজ তুলি পশ্চিমবংগে স্থানীয় লোকেরাই চাকরিতে অগ্রাধিকার পাবেন তবে তাতে আমি দোষ দেখি না। বিহারের মুখ্যমন্ত্রী তাই যা বিশ্বাস করেন তা সরল-ভাবেই বলেছেন। ইতিপূর্বে বলেছেন মহারাষ্ট্রের স্থানীয় লোকদের চাকরি পাওয়া উচিত এই আওয়াজে যারা মহাভারত অশুদ্ধ হয়ে গেল বলে মনে করেন তাদের আমি সাধুবাদ জানাতে পারি না। পশ্চিমবঙ্গে বহিরাগত শ্রমিকদের সংখ্যা যদি সংক্ষেপে পর্যালোচনা করা যায় তবে আমরা দেখব সেই সংখ্যা।—

চটকল শতকরা ৭৪ ভাগ, অন্যান্য ভারী শিল্প শতকরা ৬৭, চা শিল্পের শতকরা ৫৮, সুতাকলে শতকরা ৫৭, কয়লাখনিতে শতকরা ৭৫। পশ্চিমবঙ্গে কায়িক পরিশ্রমের কাজ শতকরা ৭৮ ভাগ বাইরের লোক করে থাকেন এবং চা, কয়লা, পাট এবং ইঞ্জিনিয়ারিং শিল্প নিযুক্ত বহিরাগত শ্রমিকরা বছরে ৩০ কোটি টাকা বাইরে মনি অর্ডার করে থাকেন। তা সত্ত্বেও আমি বলতে চাই বর্তমানে যাঁরা বহিরাগত কাজ করেছেন তাঁদের সম্পর্কে আমাদের কোন বিদ্বেষ নেই কেবলমাত্র এখন থেকে সমস্ত চাকরীর ক্ষেত্রে স্থানীয় বেকারদের চাকরির সুযোগ দিতেই হবে। সরকারের বলিষ্ঠভাবে এটা ঘোষণা করতেই হবে। এই সম্পর্কে সরকার-এর স্পষ্টভাবে মনে রাখা রাখা উচিত যে আবেদন নিবেদনে কোন কাজ হবে না পশ্চিমবঙ্গের স্বার্থে যে কোন কর্মে নিয়োগের ক্ষেত্রে বাধ্যতামূলক আইন করতে হবে। এমন কি দুর্গাপুর ও হলদিয়ার ব্যাপারে সরকারী প্রস্তাব পাওয়া যায় না। একথা পরিষ্কারভাবে বলতে চাই আজকে তীব্রভাবে কম্বুকণ্ঠে ঘোষণা করবার দিন এসেছে পশ্চিমবঙ্গের ছেলেরাই চাকরিতে অগ্রাধিকার পাবেন। বেকার সমস্যা সমাধানের জন্য আরো যে দুটি দাবি সোচ্চার হয়ে উঠেছে তা হল ওভারটাইম বন্ধ এবং সরকারী ও বেসরকারী শিল্পে কাজের অতিরিক্ত শিফট চালু। এই পন্থা গৃহীত হলে পশ্চিমবঙ্গে কয়েক লক্ষ বেকারের অনায়াসে চাকরি হতে পারে। আমরা জানি পশ্চিমবঙ্গের বহু শিল্প এবং সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে ও দপ্তরে এখনও প্রয়োজনীয় সংখ্যক কর্মী নিয়োগ করা হয় নি এবং তার বদলে ওভারটাইম ভাতা দিয়ে বাড়তি কাজ হয়ে থাকে। পশ্চিমবঙ্গের অধিকাংশ শিল্পের যা উৎপাদন ক্ষমতা তার অর্ধেক মাত্র কাজে লাগান হয়ে থাকে। তাই অবিলম্বে ওভারটাইম কাজ বন্ধ এবং শিল্পগুলিকে প্রকৃত উৎপাদন ক্ষমতার স্তরে আনার জন্য অতিরিক্ত শিফট চালু প্রয়োজন তা না করলে পশ্চিমবঙ্গে ভয়াবহ বেকার সমস্যা সমাধানের আশু কোন সম্ভাবনা নাই। পশ্চিমবঙ্গের নানা শিল্পে ও সরকারী বেসরকারী প্রতিষ্ঠানে যে ওভারটাইমপ্রথা চালু আছে তা মোটামুটি দুটি আইনকে অনুসরণ করে চলার কথা (ক) ফ্যাক্টরীজ অ্যাক্ট এবং (খ) সপ অ্যাণ্ড এসটাবলিসমেন্ট অ্যাক্ট, এ ছাড়া মাইনস

অ্যাক্ট, প্ল্যান্টেশনক অ্যাক্ট, মিনিমাম ওয়েজেস অ্যাক্ট, মোটর ট্রান্সপোর্ট ওয়ার্কার্স অ্যাক্ট প্রভৃতি আইনও আছে। এই সমস্ত আইনগুলি মোটামুটি ওভারটাইম কনট্রোল করে থাকে। এই ওভারটাইম অ্যালাউন্স পেমেন্ট বাবদ পশ্চিমবঙ্গে কর্মরত কর্মীরা লক্ষ লক্ষ টাকা প্রতিমাসে পেয়ে থাকেন। এই বাড়তি আয় ও কাজ বন্ধ না করার ফলে পশ্চিমবঙ্গের হাজার হাজার বেকারকে কাজ দেবার সুযোগ থেকে আমরা বঞ্চিত করছি। দুঃখের কথা এই ওভারটাইম ব বদ কোন পরিসংখ্যান পশ্চিমবংগ সরকারের নেই এবং যার ফলে ওভারটাইম বন্ধ করলে কি পরিমাণ নূতন কর্মী নিয়োগ সম্ভবপর সে সম্পর্কে সরকারের শ্রমদপ্তর নীরব। যদিও ১৯৭১ সাল থেকেই আমাদের শ্রমমন্ত্রী এই ওভারটাইম নিয়ে চর্চা করছেন তবু তার দপ্তর এ ব্যাপারে কোন কাগজপত্র প্রকাশ করতে পারেন নি যে ওভারটাইম বন্ধ করলে কত লোকের কাজ হয়। ১৯৫৮-৫৯ সালে দেখা গেছে সব ভারতীয় ক্ষেত্রে যেখানে চা বাগানে ০'২ ভাগ ওভারটাইম-এ কাজ হয় সেখানে সিমেন্ট শিল্পে হয় ৮৩'৮ ভাগ। আবার ইঞ্জিনীয়ারিং ও সূতাকলের উক্ত ওভারটাইমের পরিমাণ ৬২ ভাগ। এইভাবে পশ্চিমবঙ্গে সমস্ত শিল্পে জরুরীকালীন অবস্থার পরিপ্রেক্ষিতে যদি সমীক্ষা চালান হয় তবে কি পরিমাণ ওভারটাইম বিভিন্ন শিল্পে ও সরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠানসমূহে হয় তার তথ্য পাওয়া যাবে। আসল নকল ওভারটাইম ধরা পড়বে। ওভারটাইম নিয়ন্ত্রণের আইনগুলি সঠিকভাবে বলবত করবার চেষ্টা করে দেখতে হবে। ওভারটাইম বাবত কত টাকা যায় এবং ঐ ওভারটাইম বন্ধ হলে কত লোকের কাজ হওয়া সম্ভব তা দেখতে হবে। আমরা দেখতে পাচ্ছি যে ব্যাণ্ডেল থারম্যাল পাওয়ারে ৯৭ হাজার টাকা মাসিক ওভারটাইম দিতে হয়। কলকাতায় যে গভর্নমেন্ট প্রেস আছে তাতে সরকারের কত পয়সা ওভারটাইমের জন্য চলে যাচ্ছে। সেখানের কর্মীরা বেলা সাড় চারটার সময় কাজে হাত দেয়। এই রকম একটা প্রতিষ্ঠানে যদি এই অবস্থা হয়ে থাকে তাহলে অন্যান্য প্রতিষ্ঠানে কি অবস্থা হচ্ছে সেটা একটু বিবেচনা করে দেখবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ওভারটাইম বন্ধ বাধ্যতামূলক হওয়া দরকার প্রতিটি শিল্পে, প্রতিটি প্রতিষ্ঠানে। কারণ আজকে আমাদের দেশে বেকারের সংখ্যা ৪০ লক্ষ। এবং এই ৪০ লক্ষ বেকারদের যদি বেকারত্ব দূর করতে হয় তাহলে ও. টি. বন্ধ করে তাদের চাকরির সুযোগ দিতে হবে এবং স্থানীয় লোকদের সেখানে চাকরি দেবার জন্য আমি মাননীয় শ্রম মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো। আজকে বিভিন্ন ট্রেড ইউনিয়ন সংস্থা রয়েছে যে চেম্বার অব কমার্স রয়েছেন তারা ওভারটাইম বন্ধ করার জন্য কি পরিকল্পনা গ্রহণ করেছেন, এক্সট্রা শিফট বন্ধ করার জন্য যে পরিকল্পনা গ্রহণ করবেন সেটা আমাদের দেখতে হবে। আজকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যে কর্মপদ্ধতি সেই কর্মপদ্ধতির পরিবর্তন করতে হবে। শিল্পপতিদের কাছে জোড় হাতে দাঁড়ালে চলবেনা—তাদের উপর চাপ সৃষ্টি করতে হবে যাতে তারা আমাদের কর্মপদ্ধতি অনুসরণ করে। আজকে পশ্চিমবাংলায় ৪০ লক্ষ বেকার রয়েছে—তারা এক ভয়াবহ অমানবিক বৈষম্যের মধে রয়েছেন। তাদের আজকে চাকরি দিতে হবে এবং তাদের কর্মসংস্থান হওয়ার প্রয়োজনও আছে এবং এ ক্ষেত্রে সরকার পক্ষ কি ব্যবস্থা গ্রহণ করছেন সেটা আমরা শ্রমমন্ত্রীর কাছ থেকে জানতে চাই। আজকে পশ্চিমবগের স্থানীয় বেকারদের চাকরি দেবার ব্যাপারে শ্রমমন্ত্রী তথা আমাদের মন্ত্রীসভা কি প্রস্তাব রাখবেন সেটা আমরা জানতে চাই। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে ওভারটাইম ও এক্সট্রা সিফট বন্ধ করে সেই জায়গায় চাকরিতে স্থানীয় বেকারদের চাকরি দেবার জন্য আলোচনা আমরা করছি সেই আলোচনাকে বাস্তবে রূপ দেবার জন্য মন্ত্রীসভা জরুরীকালীন ভিত্তিতে সিদ্ধান্ত নেবার জন্য আমি এই বক্তব্য রেখে শেষ করছি।

**Mr. Deputy Speaker :** There is one amendment to this motion and that is in order. Mr. Abdul Bari Biswas may move the motion.

**Shri Abdul Bari Biswas :** Sir, I beg to move মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য শ্রীমৃগেন্দ্র মুখার্জি ও শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় ১৮৫নং বিধান মতে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবে আমি একটি সংশোধনী দিয়েছি। সেই সংশোধনী এই প্রকার হচ্ছে যে মোসনের নোটিশ দিয়েছেন তাতে যে অংশে আছে 'এই সমস্যার মোকাবিলা করার জন্য অনুরোধ জানাইতেছি" এই কথাগুলি দিয়া আরম্ভ করিয়া, "প্রয়োজনীয় সংখ্যক কর্মী নিয়োগের দাবি জানাইতেছে" এই কথাগুলি দিয়া শেষ হইয়াছে সেই অংশের পরিবর্তে নিম্নলিখিত কথাগুলি সংযোজিত করা হউক যথা—"এই সমস্যার সমাধানের অন্যতম পন্থা হিসাবে বিভিন্ন সরকারী ও বেসরকারী শিল্পে ওভারটাইম বন্ধ অতিরিক্ত শিফ্‌ট চালু প্রভৃতি ব্যবস্থার মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থানের সম্ভাবনাগুলি যথাসম্ভব সত্বর পরীক্ষা করিয়া দেখিতে অনুরোধ করিতেছে। আমি এই যে সংশোধনী এনেছি এই সংশোধনীটি মূল প্রস্তাবের মূল দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির সংগে কোন তফাৎ নেই। আমাদের মাননীয় দুইজন সদস্যের যে মূল প্রস্তাব যে মূল বক্তব্য এবং তার যে সারগর্ভতা এবং তার যে প্রয়োজনীয়তা, ও গুরুত্ব তা কোন অংশে যে কমে যাচ্ছে তা আমি উপলব্ধি করছি না। আমাদের বিধানসভার মাধ্যমে বিধানসভার সদস্যদের কথা পশ্চিম বাংলার মানুষের কাছে এই কথা পৌঁছে দেবার প্রয়োজনীয়তা আছে আমরা এ ব্যাপারে কি বলতে চাচ্ছি। আমাদের এই ৪ কোটি ৪৪ লক্ষ ৪ হাজার লোকের বসতিপূর্ণ স্থানে আমরা দেখতে পাচ্ছি ৪০ থেকে ৪৪ লক্ষ বেকার রয়েছে সেই বেকারদের কর্মসংস্থানের কি প্রয়াস হওয়া প্রয়োজন এবং সেখানে এই কথাগুলি একটু মনে রাখার দরকার। মাননীয় সদস্যরা নিশ্চয় জানেন বিগত ১৯৬৭ সালের পর থেকে যে রাজনৈতিক আবহাওয়া যে প্রতিকূল অবস্থার সৃষ্টি হোল তার জন্য এখানে যারা কলকারখানা করতে চান তারা এই প্রতিকূল অবস্থা ফেস করেছে। সেই সংগে সংগে দেখা গেল কতিপয়

[4-50—5-00 p. m.]

বিশেষ রাজনৈতিক দল তাদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করার জন্য শ্রমিকদের বিভিন্ন দাবি-দাওয়া আদায়ের নামে তাদের নামানোর ফলে এই প্রদেশের কলকারখানা লক-আউট, লে অফ, ক্লোজারের মাধ্যমে বন্ধ হয়ে গেল এবং এর ফলে আমাদের দেশে বেকার যা ছিল তার থেকে বেকার সমস্যা আরো তীব্রতর হল। এই তীব্রতর বেকার সমস্যা সামনে রেখে এক কথায় বলা চলে যে পশ্চিম বাংলার শিল্পক্ষেত্রকে একটা হাঁড়ির মধ্যে রেখে যাতে কোন বাস্তব নেই, সেই অবস্থাকে সামনে রেখে বর্তমান রাজ্যসরকারের উপর দায়িত্বভার আসে। এই অবস্থার মুখে দাঁড়িয়ে আমরা নিশ্চয় একথা অস্বীকার করবো না যে আজকে দুর্বল এবং রুগ্ন কলকারখানা খুলে যে সমস্ত শ্রমিক সেই কর্মে নিযুক্ত ছিলেন এবং তদানিন্তন সময়ে বেকার হয়েছিলেন আজকে তাদের মধ্যে বেশ কিছু সংখ্যক শ্রমিককে আমরা কর্মে নিযুক্ত করতে পেরেছি। তবে শুধু কর্মে নিযুক্ত করতে পেরেছি বললে ভুল হবে আমরা এই রাজ্যে শিল্প সম্প্রসারণের জন্য একটা অনুকূল পরিবেশও সৃষ্টি করতে পেরেছি। যারজন্য এই রাজ্যে শিল্প সম্প্রসারণের প্রকল্প নেওয়া হয়েছে এবং রাজ্যসরকার এ বিষয়ে চিন্তাও করছেন। তা ছাড়া অনুকূল পরিবেশ সৃষ্টির জন্য পাবলিক এবং প্রাইভেট সেকটারে এই শিল্প কারখানাগুলি খুলে এবং তা সম্প্রসারণের জন্য বহুবিধ প্রচেষ্টাও নেওয়া হয়েছে এবং তাতে কিছুটা সার্থকতাও দেখা দিয়েছে। অতীত দিনের তুলনায় এখন অনেক বেশী লাইসেন্স দেবার পথ আমরা করতে পেরেছি এবং অনেকে লাইসেন্স চেয়ে লাইসেন্স পেয়েছেন। মাননীয় অধ্যক্ষ-মহাশয়, আমরা আজকে এমন একটাবিষয় বস্তু নিয়ে আলোচনা করছি যেটা আজকের দিনে আমাদের শুধু উদ্বেগের কারণই নয়, শিরঃপীড়া হয়ে দাঁড়িয়েছে। তার কারণ আজকে আমাদের ৪৪ লক্ষ ভাইবোনের কর্ম সংস্থানের ব্যবস্থা করতে হবে। কাজেই আমাদের ধীরে সুস্থে, ঠাণ্ডা মাথায়, পরিষ্কার পরিচ্ছন্ন পথে এগিয়ে গিয়ে এই সমস্যার যথাযথ মোকাবিলা করতে হবে। স্যার, এই প্রসংগে বলি, ওভারটাইমের যে প্রশ্নটা সেটা অত্যন্ত জটিল প্রশ্ন। গতকাল না হয় পরশুদিন আমি একটি প্রশ্নের উত্তরে জেনেছিলাম যে ব্যাণ্ডেল থার্মল প্লান্টে মানুষগুলি শুধু ওভার

টাইম দেওয়া হয় ২১ হাজার টাকা। তেমনি দুর্গাপুর প্রোজেক্টের হিসাব যদি নিই তাহলে দেখা যাবে যে সেখানে ওভারটাইম বাবদ আমরা দিয়েছি ১৯৬৯-৭০ সালে ১৯ লক্ষ ৪ হাজার ৯২ টাকা, ১৯৭০-৭১ সালে ৩১ লক্ষ ৯১ হাজার ৩৭১ টাকা, ১৯৭১-৭২ সালে ৪৪ লক্ষ ২৮ হাজার ৫৬ টাকা। এই ভাবে নাম্বার অব আওয়ার্স যেখানে ছিল ১৯৬৯-৭০ সালে ৫ লক্ষ আওয়ার্স, ১৯৭০-৭১ সালে সেটা হয়েছে ১০ লক্ষ আওয়ার্স এবং ১৯৭১-৭২ সালে সেটা হয়েছে ১৬ লক্ষ আওয়ার্স। এমপ্লয়িস যারা ঐ কাজে নিযুক্ত তাদের হিসাবটা যদি দেখা যায় তাহলে দেখবো যে ৩ লক্ষ ৪৭ হাজার ২৪ থেকে বেড়ে ৪৫ লক্ষ ৩ হাজার ৫৫ জনের মত হয়েছে। কাজেই এই অবস্থার সামনে দাঁড়িয়ে এই ওভারটাইম যদি আমরা বন্ধ করে দিই বা সীমিত করে দিই তাহলে আমরা যে সংখ্যক কর্মীকে নতুনভাবে নিয়োগ করতে পারবো বা কর্মের সংস্থান করতে পারবো তাতে বেসরকারী এবং সরকারী শিল্পক্ষেত্রে ১০ থেকে ২৫ পারসেন্ট কর্মসংস্থান আমাদের বেড়ে যাবে। কাজেই মূল প্রস্তাব যেটা এসেছে সেই প্রস্তাবের সুরে সুর মিলিয়ে বলব আজকে আসুন একসংগে মিলে ওভারটাইম বন্ধ করার জন্য চেষ্টা করি এবং তা করে নতুন কর্মসংস্থানের যে উজ্জ্বলতর সম্ভবনা দেখতে পাচ্ছি সেটাকে আরো উজ্জ্বলতর করে তুলি। স্যার, এই প্রসংগে অতিরিক্ত শিফ্‌ট চালু করার প্রশ্নটাও এসেছে। অতিরিক্ত শিফ্‌ট চালু হলে প্রডাকশান বাড়বে বলেই আমি মনে করি। কাজেই দেশের প্রডাকসান বাড়াবার জন্য একদিকে চেষ্টা নিতে হবে অপর দিকে এসব দিকে লক্ষ্য রাখতে হবে। এইভাবে যদি আমরা কর্মে নিযুক্ত হই তাহলে আগামীদিনে আমাদের ভবিষ্যত আরো উজ্জ্বলতর হবে বলেই আমার বিশ্বাস। এছাড়া যারা এগ্রিকালচার ফিল্ডে কাজ করে তাদের মধ্যেও আন এমপ্লয়েড লেবার রয়েছে। তাছাড়া প্রাইভেট কোম্পানীর মাধ্যমে যারা বিড়ি শ্রমিক রয়েছে, বিভিন্ন শিল্প সংস্থার মাধ্যমে যারা রয়েছে তাদের দিকে যদি তাকিয়ে দেখা যায় তাহলে সেখানে দেখতে পাওয়া যাবে যে একটা অস্বাভাবিক পরিস্থিতি সৃষ্টি হয়েছে। কাজেই এই সম্বন্ধে রাজ্যসরকারকে চিন্তা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষমহোদয়, আমি হিসাব করে দেখছিলাম একমাত্র খাদি বোর্ডের আওতায় কুটির শিল্পের মাধ্যমে ৫৮ হাজার লোক পরোক্ষ এবং প্রত্যক্ষভাবে কাজে নিযুক্ত আছে। আজকে খাদি বোর্ডে যে পরিমানে উদ্যোগ নেওয়ানো হয়েছে, যে পরিমানে টাকা দেওয়া হয়েছে, যদি সেই অপচয়ের হাত থেকে খাদি বোর্ডকে উদ্ধার করা যেত তাহলে অনেক কিছু করা যেত। আজকে সেই খাদি বোর্ডে ৬২/৬২/১০/.৬/.৫ হাজার টাকা ওভারডিউ হয়ে পড়ে রয়েছে। এই ওভারডিউ আদায় করে নিয়ে আজকে নতুনভাবে কর্মোদ্যোগ ঘটাতে হবে। আজ যে কাজের জন্য এই টাকা সম্প্রসারিত করা হয়েছিল সেই উদ্যোগকে আরো ব্যাপক উদ্দেশ্যে নিয়ে যেতে হবে। এই কটি কথা বলে বেকার সমস্যাকে উপলব্ধি করে একে সমর্থন জানিয়ে আমি যে সামান্য সংশোধনী দিয়েছি মূল প্রস্তাবক আমার এই সংশোধনীটুকু গ্রহণ করবেন—এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ!

**Shri Harasankar Bhattacharyya:** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য শ্রীসুকুমার ব্যানার্জী এবং শ্রীমৃগেন্দ্র মুখার্জী আমাদের সকলের ধন্যবাদ পাবার যোগ্য। কারণ, তারা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আজকে একটা প্রস্তাব এনেছেন। তারা প্রস্তাব করছেন ওভারটাইম বন্ধ করে বিভিন্ন কলকারখানায় আরো অতিরিক্ত সিফ্‌ট চালু করলে পশ্চিমবঙ্গে বেকারী খানিকটা কমতে পারে, কিছুটা কর্মসংস্থান বাড়তে পারে, এই আশা প্রকাশ করেছেন। আমি এই প্রস্তাব সমর্থন করি। কিন্তু আমাদের ধারণা এত বড় সমস্যার সামনে এই প্রস্তাব খুবই অসম্পূর্ণ, এক বড় জটিল সমস্যার সমাধানে এই প্রস্তাব অত্যন্ত অসম্পূর্ণ। কিন্তু এই কথা ঠিক যে, সমস্ত কারখানা এবং অফিসে ওভারটাইম বন্ধ করা একেবারে যায় না। স্বাভাবিকভাবে কখন কখন নির্দ্ধারিত সময়ের ভিতর কাজটা শেষ হয় না। কাজটির সময়ের পরেও এক দেড় ঘণ্টা স্পিল ওভার করার দরকার পড়ে যায়। অনেক সময় বাড়তি কোন অর্ডার পেয়ে গেল মালিক এবং সেই বাড়তি অর্ডার পেলে সে নতুন লোক নিয়োগ না করে

সেখানে ওভারটাইম দিয়ে কাজটি করিয়ে নেয়। অনেক সময় বিভিন্ন দক্ষ লোক দরকার হয়, সেখানে নতুন লোক নিয়োগ করা যায় না। তাই আইন করে এটাকে একেবারে বেআইনী করা হয়ত সম্ভব নয়। কিন্তু আমাদের এই কথা চিন্তা করতে হবে যে ওভারটাইম কমিয়ে দিয়ে নিয়মিত কর্মস্থান বাড়ানো যায়। কাজেই সেই নিয়মিত কর্মসংস্থান যেখানে বাড়ানো সম্ভব সেখানে নিশ্চয় ওভারটাইম বন্ধ করা দরকার। ওভারটাইম বন্ধ করে দিলে যদি রেগুলার এমপ্লয়মেন্টে বাড়ানো যায় তাহালে সেখানে এই ধরণের ওভারটাই থাকা উচিত নয়, যদিও মুদ্রাস্ফীতির বাজারে শ্রমিকরা ওভারটাইম করে দু পয়সা পেয়ে থাকে, তবুও আমি বলব ওভারটাইম তাদের স্বাস্থ্যের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। এতে তাদের অ্যাক্সিডেন্ট হয়, স্বাস্থ্যের ক্ষতি হয়। এই ওভারটাইমের মাধ্যমে মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মালিকরা স্থায়ী কর্মসংস্থান এড়িয়ে যায়। তারা ইনক্রিমেণ্ট, প্রভিডেণ্ট ফাণ্ড, স্বাস্থ্য-বীমা প্রভৃতি ঘাড়ে তুলে নিতে চান না, এই কারণ আমরা ওভারটাইম বন্ধ করে দিতে চাই। ১৯৭০ সালে ভারতসরকারের লেবার কমিশনের সামনে মালিক পক্ষ দাবি করেছিলেন যে ওভারটাইম চলতে থাকুক। তারা ওভারটাইমের মাধ্যমে স্থায়ী কর্মসংস্থানের ভারটা এড়িয়ে যেতে চান, কিন্তু আমরা সেটা চাই না।

[5-00—5-10 p. m.]

আমরা overtime বন্ধ করে দেবার পক্ষপাতি। দ্বিতীয় কথা হচ্ছে shift বাড়িয়ে কর্মসংস্থান বাড়ান উচিত নিশ্চয়ই এতে কোন সন্দেহ নাই। তবে এরও কিছু কিছু অসুবিধা আছে। যদি ৮ ঘণ্টা করে তিনটি চালান হয় তাহলে যন্ত্রপাতি ক্ষতি হবে। সুতরাং যদি সাড়ে সাত ঘণ্টা করে আধ ঘণ্টা ছুটি দিয়ে এমন কি ৭ ঘণ্টা করে ছ'সাত্য বিয়াল্লিশ ঘণ্টা সপ্তাহে প্রবর্তন করে তবেই shift ব্যবস্থাকে প্রবর্তন করা উচিত। International Labour Organization Report-এ ভারতের প্রতিনিধিরা বলেছেন যে, চা-বাগানে ১২ ঘণ্টা খাটান হয়। নিশ্চয়ই চা বাগানে ৮ ঘণ্টা খাটিয়ে সেখানে shift ব্যবস্থা প্রবর্তন করা সম্ভবপর। তাই আমি মনে করি এই যে মূল প্রস্তাবের উদ্দেশ্য এটা সমর্থনযোগ্য এবং আমি সমর্থন করি। তবে মাননীয় অধ্যক্ষমহাশয়, আসল কথা হচ্ছে, এতে কি কর্মসংস্থান বাড়বে? আজকে পশ্চিম বাংলায় যে জটিল অবস্থা, সেই জটিল অবস্থা কি overtime বন্ধ করে অথবা shift introduce করে চালান যাবে বা এটা কি সম্ভব? আজকে যদি shift বাড়িয়ে কর্মসংস্থান বাড়ান যেত—কর্মসংস্থান বাড়ে কখন? না, যখন মালিকদের মুনাফা পাওয়ার সম্ভাবনা থাকে। মালিকদের মুনাফা পাওয়ার সম্ভাবনা থাকলে এতোদিনে তারা shift intrcduce করে ফেলতো। মালিকদের মুনাফা বাড়ে কখন? যখন জিনিসপত্রের বিক্রয়ের সম্ভাবনা থাকে; যখন বাজার থাকে তখন মালিকরা shift খুলবেই আমরা আইন পাশ করি বা না করি। অতিরিক্ত shift খুলে সে বেশী মুনাফা করবার চেষ্টা করবে। কর্মসংস্থান বৃদ্ধির জন্য তাই আমাদের প্রধানত: তিনটি দিকে নজর দেওয়া দরকার। একটা হচ্ছে বাজার বাড়ান। শিল্পজাত দ্রব্যের বাজার বাড়িয়ে প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ করে সেগুলি যাতে পশ্চিমবঙ্গ বেশী করে পায় তার ব্যবস্থা করা এবং দ্বিতীয় হচ্ছে একচেটিয়া অধিকার খর্ব করা। পশ্চিম বাংলায় যে ১৩টি একচেটিয়া পরিবার আছে সেই ১৩টি পরিবারের হাত থেকে রাজ্যের অর্থনীতিকে মুক্ত করা। তা না হলে মাননী অধ্যক্ষমহাশয়, আমাদের পশ্চিম বাংলায় শুধু আইনসভায় shift খুলুন এই প্রস্তাব পাশ করে কর্মসংস্থান বাড়াতে পারবো না। যদি এই প্রস্তাব পাশ করি আর বাজার যদি না থাকে তাহলে shift বাড়বে কিন্তু temporary শ্রমিকরা কর্মচ্যুত হবে এবং total কর্মসংস্থানের পরিমাণ কিছুই বাড়বে না। আসল কথা হচ্ছে বাজার কি করে বাড়বে, একচেটিয়া অধিকার কি করে খর্ব করবেন, এসব কথা আমাদের আইনসভায় বেশী করে ভাবতে হবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ রাজ্যে ২৮ লক্ষ বেকার আছে। এরমধ্যে ২০ লক্ষ কৃষিতে আর ৮ লক্ষ শহরে শিক্ষিত বেকার। Overtime বন্ধ করে shift চালু করে আমরা কি ক্ষেতমজুর ও গরীব চাষীকে কাজ দিতে পারবো, এই ২০ লক্ষ বেকারের সমস্যা কি আমরা দূর করতে পারবো?

আমরা কিছু পারবো না। তাহলে আমরা পারবো কি? ঐ আটলক্ষ শিক্ষিত বেকার, শহরের বেকার তাদের আমরা কোন না কোন কারখানায় নিয়োগ করতে পারবো। কিন্তু এই আটলক্ষ বেকার কখন চাকরি পাবে? যখন শিল্পজাত দ্রব্যের চাহিদা বাড়বে, তার বাজার বাড়বে। কিন্তু ঐ ২০ লক্ষ লোককে কি গ্রামাঞ্চলে নিয়োগ করতে পারবো? ঐ ২০ লক্ষ লোককে যদি গ্রামাঞ্চলে নিয়োগ করতে পারি তাহলে তারা মাটি থেকে সোনা ফলিয়ে শিল্পজাত দ্রব্যের বাজার সৃষ্টি করবে এবং সংগে সংগে নিজেদের ক্রয়ক্ষমতা সৃষ্টি করবে। এই ধরনের overtime বন্ধ করা অথবা shift খোলা শুধুমাত্র এইটুকুই আমাদের রাজ্যের অর্থনৈতিক সমস্যা নয়। ঐ ২০ লক্ষ কৃষিমজুর, ক্ষেতমজুর নিয়ে তাদের ক্রয়ক্ষমতা সৃষ্টি করতে পারেন কিনা, তার উপর আমাদের পশ্চিম বাংলার ভবিষ্যৎ নির্ভর করবে। সহজভাবে এই সমস্যা দেখলে চলে না। এজন্য যখন উৎপাদনশীল কাজে নিযুক্ত হবে তখনই সেটা সম্ভবপর হবে। কাজেই এই সমস্ত সমস্যা short-cut করলে চলে না। এগুলি short-cut করলে সব বিফল হবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, এদের কেমন করে উৎপাদনশীল করা কাজে নিয়োগ করা যায় একথা রাজ্যপালের আমল থেকে বারবার এই সভায় বলেছি। আমি আবার বলছি, প্রতি গ্রামে এক মাইল হিসাবে ৩৮ হাজার মাইল রাস্তা করুন, আপনি জানেন, আজকে খবরের কাগজে উঠেছে কেন্দ্রিয় সরকারের এক কমিটিকে বলেছেন এক কোটি টাকা যদি রাস্তার জন্য খরচ হয় তাহলে ১০ কোটি টাকার আয় হবে। প্রতিটি গ্রামে দুইটি করে পুকুর কাটুন তাহলে ৭৬ হাজার পুকুর কাটতে হবে। এবং তার দ্বারা জলসেচ করা সাথে এবং কর্মসংস্থানও হবে। প্রতি গ্রামে ১০টি হিসাবে টিউবওয়েল বসান হলে তিনলক্ষ ৮০ হাজার tubewell বসাতে হবে। এই সমস্ত কাজে এদের নিয়োগ করুন। প্রতি ১০টি গ্রাম পিছু একটি করে গুদাম করলে ৩৮ শত গুদামের দরকার হবে, প্রতি ব্লকে একটি করে কোল্ডস্টোরেজ যদি করা হয় তাহলে ৩৩৫টি সরকারী কোল্ডস্টোরেজ করতে হবে, প্রতি জেলায় যদি একটি কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদন করা যায় এবং ১৫টি সরকারী কীটনাশক শিল্প প্রতিটি জেলায় আপনারা যদি প্রতিষ্ঠা করেন তাহলে কর্মসংস্থান হতে পারে। এই হচ্ছে কাজ। এমনি ভাবে ২০ লক্ষ লোককে চাকরি দেওয়া যেতে পারে এবং তাদের ক্রয়ক্ষমতা সৃষ্টি হতে পারে। তখন শিল্পে আরো বেশী কর্মসংস্থান হতে পারে। এই প্রসংগে মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি অন্য একটি কথা বলতে চাই। এই সভাতে মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মমাশয় এবং আমাদের শ্রীতরুনকান্তি ঘোষ মহাশয় তাঁদের বক্তৃতার মধ্যে জাপানের উদাহরণ দেন এবং অনেক বক্তাও জাপানী পদ্ধতির উল্লেখ এখানে করেছেন। এই জাপানী পদ্ধতিতে শিল্প উন্নয়ন ভারতবর্ষে সম্ভব কিনা তা তাঁরা খতিয়ে দেখেন না। এই কথা বারে বারে তাঁরা যখন উল্লেখ করেন তখন একটু উত্তর দেবার দরকার আছে বলে মনে করি। তাঁরা বোধহয় জাপানের ইতিহাসটা ভাল করে পড়েন নি। জাপানী পদ্ধতিতে কৃষি থেকে শিল্পে লোক সরিয়ে আনা, ইংলণ্ডের পদ্ধতিতে কৃষি থেকে শিল্পে লোক সরিয়ে আনা, অ্যামেরিকান পদ্ধতিতে কৃষি থেকে শিল্পের ভেতরে লোক সরিয়ে আনা, এই সব কথা যখন মন্ত্রিমহাশয়দের মুখ থেকে আমাদের শুনতে হয় তখন আমরা দুঃখিত হই। তাঁরা ভুলে যান জাপানে মেজি রেস্টোরেসান হয়েছিল ১৮৭২ সালে, এটা ১৯৭২ সাল। ১৮৭২ সালে জাপানের বা পৃথিবীর যে অবস্থা ছিল এখন ১৯৭২ সালে তা নেই। জাপান কলকারখানা তৈরী করে বিক্রী করেছিল বাইরে। উপনিবেশ ছিল ইংলণ্ডের ভারতে, উপনিবেশ ছিল কানাডায়, অ্যামেরিকার সমস্ত বাজার ইউরোপে বিস্তৃত ছিল। আজকে ভারতবর্ষ কি একটা সম্রাজ্যবাদী দেশ হবে, আজকে কি ভারতবর্ষ তার কোন উপনিবেশে তাদের শিল্পজাত দ্রব্য বিক্রী করতে পারে? ১৯৭২ সালে পৃথিবীর সমস্ত দেশ কি সমৃদ্ধ হয়ে উঠছে না? তারা কি শিল্পের দুরিয়ায় নিজেদের শিল্পকে রক্ষা করছে না? আজকের দিনে ভারতবর্ষ কি করে অন্য দেশকে উপনিবেশ করবে? ভারতবর্ষ সেই পথে যেতে চায় না, ভারতবর্ষ সাম্রাজ্যবাদী দেশ নয় এবং তা নয় বলেই জাপান, ইংল্যাণ্ড, আমেরিকার পথে শিল্প প্রসার ঘটাতে পারে না। মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, এবং আমাদের শ্রীতরুণকান্তি ঘোষ

মহাশয়, এবং মন্ত্রীসভার প্রত্যেকটি সদস্যকে এই জিনিসটা মাথায় রাখতে হবে। বড় বেশী জাপানের কথা আলোচনা হয় তো তাই এই কথা বললাম। তাদের বুঝতে হবে যে আমাদের শিল্পজাত দ্রব্য বিক্রী আমাদের গ্রামের মানুষের কাছে করতে হবে। এই হচ্ছে ভারতবর্ষের ভবিষ্যৎ, ১৯৭২ সালের অর্থনীতির নিয়ম, পথ এবং ঐতিহাসিক রীতি হচ্ছে ভারতবর্ষের কৃষির উন্নতি করা, সেখানে শিল্পজাত দ্রব্যের বাজার তৈরী করা। অন্য দেশে গিয়ে মাল বিক্রী করে শিল্প প্রসার ঘটানো ধনতন্ত্রবাদ, পুঁজিবাদ ঘটানো সেই যুগে শেষ হয়ে গিয়েছে। ১৮৭২ সালের পর একশো বছর পৃথিবী অগ্রসর হয়ে গিয়েছে। মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় এবং শ্রীতরুণকান্তি ঘোষ মহাশয় জাপান, ইংল্যাণ্ড ইত্যাদির উদাহরণ যখন দেন তখন তাঁরা আমাদের ভুল ইতিহাসই বোঝাবার চেষ্টা করেন, ধনতন্ত্রবাদ পুঁজিবাদের কথা প্রচার করার জন্য, ইতিহাসকে বিকৃত করার জন্য। তাঁরা জানেন না 'গরিবি হটাবার' পথ, সমাজতন্ত্র প্রতিষ্ঠা করার পথ হচ্ছে এই যে ২২ কোটি গ্রামাঞ্চলের গরীব যাদের ৩৭'২০ পয়সারও কম মাসিক আয় তাদের কর্মসংস্থানের ভেতর দিয়েই বাজার সৃষ্টি করা এটাই হচ্ছে আমাদের একমাত্র পথ। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, সর্বশেষে আমি শুধু বলব, যে অ্যামেডমেণ্ট এনেছে তার কোন গুরুত্ব আমি খুঁজে পাচ্ছি না তা সত্বেও আইনসভা যদি মনে করে যে ওভারটাইম কমানো উচিত এবং শিফ্‌টের প্রবর্তন করা উচিত এবং আমরাও সেটা মনে করি তাহলে অযথা এই অ্যামেণ্ডমেণ্টের কি মূল্য আছে জানি না। যিনি অ্যামেণ্ডমেণ্ট এনেছেন আমি তাঁকে অনুরোধ করবো এই অ্যামেণ্ডমেণ্টটি তিনি তুলে নিন এবং মূল প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p. m.]

**Shri Ananta Kumar Bharati:** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে এই হাউসের সামনে যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমাদের শ্রদ্ধেয় সদস্য মৃগেনবাবু এবং সুকুমারবাবু, আমি তাকে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে দু'একটা কথা বলছি। আজকে বাংলা দেশের সামনে বেকার সমস্যা ভয়াবহ এবং মারাত্মক সমস্যা। বহু বন্ধুর আলোচনা শুনলাম কিন্তু আজকে বেকার সমস্যার সমাধান করতে গেলে যে পরিকল্পনার প্রয়োজন আজকে শ্রমমন্ত্রী শ্রীগোপালদাস বাবুর একার পক্ষে তা সম্ভব নয়। আজকে ব্যক্তিগতভাবে কোন মন্ত্রীর পক্ষে সম্ভব নয়। এই সমস্যা বিরাট, ব্যাপক এবং মারাত্মক, আজকে যাঁরা এই বিধানসভার সদস্য, যাঁরা মন্ত্রীসভার সদস্য সকলকে সমবেতভাবে এগিয়ে যেতে হবে। আজকে অনেকে বলেছেন যে ওভারটাইম বন্ধ করে সমস্যার সমাধান করা যাবে না। আজকে সরকারী হিসাব-এ বেকারের সংখ্যা আমরা যা পেয়েছি সেই সংখ্যার চেয়েও আমার মনে হয় আরও ব্যাপক সংখ্যা রয়েছে। যে সংখ্যা আমার মনে হয় ৫০ লক্ষের উপর গিয়ে পৌঁছবে। আজকে ওভারটাইম বন্ধ করে হয়ত এই সমস্যার সমাধান করতে পারবেন না তবে আমাদের একটা কথা আছে 'রায় দিয়ে বেল'। যেখানে কোন রকমেই বেকার সমস্যার সমাধান করবার পথ নেই সেখানে আজকে যদি বিভিন্ন কলকারখানার বিভিন্ন সরকারী সংস্থায় যেভাবে ওভারটাইম দেওয়া হচ্ছে সেই ওভারটাইম বন্ধ করলে আমার মনে হয় অন্ততঃ একটা অংশেরও বেকারত্ব ঘুচবে। ওভারটাইম দিয়ে যে কাজ পাই সেখানে সেই কল-কারখানায় অফিসে ডবল কাজ হবে। ওভারটাইমে যে ডবল পয়সা দেওয়া হয় সেই পয়সায় পুরো সময় নতুন কাজ দিয়ে একটা বেকার কাজ করতে পারবে, এতে বিভিন্ন সংস্থার দীর্ঘদিন ধরে যে ক্ষয়ক্ষতি হচ্ছে তা বন্ধ হবে। আমাদের দেশে আজকে এই যে বিশৃঙ্খলার ভাব বা সামাজিক উশৃঙ্খলতা তার মূলে রয়েছে এই বেকার সমস্যা। আজকে যে যুবকরা দিনের পর দিন আইডেল হয়ে বসে থাকবে, তারা কোন কাজ করতে পারবে না, কাজ জানলেও কাজ করবার সুবিধা নেই, তাতে তারা নিশ্চয়ই এইভাবে দিনের পর দিন চুপ করে বসে থাকবে না, তারা বিশৃঙ্খলতা সৃষ্টি করবে। আজকে আমরা ইন্দিরা গান্ধীর নেতৃত্বে যে আওয়াজ তুলেছি 'গরীবি হটাও' সেই লক্ষ্যে পৌঁছতে গেলে এই বাধাকে অপসারণ করতে হবে এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Bhawani Prosad Sinha Roy :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মৃগেন্দ্র মুখার্জী এবং শুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় কর্তৃক প্রস্তাবিত যে মোশান আমি তাকে সমর্থন করছি। সমর্থন করতে যেয়ে আমি একটা বিষয়ের দিকে আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে এই যে ওভারটাইম প্রথমে আর সিফট চালু করা হয়েছিল দুটো ক্ষেত্রে নানারকম সংশয় রয়েছে। অর্থনীতিবিদ যারা তাদের মধ্যে এই সংশয় আছে, আমরা যারা ট্রেড ইউনিয়ন করি আমাদের মধ্যেও সেই সংশয় কম বেশী রয়েছে। এই ক্ষেত্রেই এই প্রস্তাবের যে স্পিরিট সেই স্পিরিটটাকে স্বীকার করে নেবার ফলে আমাদের রাজ্যে ১০ লক্ষ হোক, ২৮ লক্ষ হোক আর ৪০ লক্ষ হোক, যে বেকারের সংখ্যা আছে কম করে ধরলেও অনেকখানি—তারমধ্যে যে সমস্যাটা অত্যন্ত প্রকট একথা অনস্বীকার্য। কাজে কাজেই আমাদের এই সমস্যাটা মোকাবিলা করার জন্য যেগুলো সামান্য উপায় সেগুলোর মধ্যে হচ্ছে ওভারটাইম বন্ধ এবং অতিরিক্ত সিফট চালু করা। এই প্রস্তাব বিশেষভাবে বিবেচিত হওয়া দরকার। কিন্তু আমি একটু অন্য কথা বলতে চাইছি। শুধু এই প্রস্তাব-এর মধ্য দিয়ে কোন একটা পদ্ধতি হবে না যার মধ্য দিয়ে পশ্চিমবঙ্গে তথা সারা ভারতবর্ষের বেকার সমস্যার সমাধান হবে। একথা মনে করতে পারছি না। আমি মাননীয় সদস্য হরশঙ্করবাবুর সংগে একমত যে এইটা একমাত্র সমাধান নয়। আমি একথা বলছি যে এমপ্লয়মেন্ট প্রোটেনসিয়ালিটি যদি না বাড়ান যায় তাহলে অসুবিধা আছে এবং সেগুলো চিন্তা করে যদি পরিকল্পনা না নেওয়া যায় তাহলে শুধু এই প্রস্তাবের মধ্য দিয়ে সবকিছু হবে না। আমি বলতে চাই কৃষিভিত্তিক অর্থনীতি যার ভিতর দিয়ে দেশ চলছে তার উন্নতি না ঘটলে দেশের উন্নতি হবে না।

**Shri Manoranjan Pramanik :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, বর্তমানে আমাদের দেশে যে ভয়াবহ বেকার সমস্যা চলেছে এটা যে করেই হোক দূর করতে হবে। মোট ২৮ লক্ষ বেকারের মধ্যে ২০ লক্ষ অশিক্ষিত ও আটলক্ষ শিক্ষিত। অশিক্ষিত বেকারদের সমস্যা সাধারণত: গ্রামের সমস্যা। গ্রামের বেকার সমস্যার সমাধানই তো প্রধান সমস্যা। ওভারটাইম বন্ধ করা ও সিফ্‌ট বাড়ানো দরকার। কিন্তু এর দ্বারা গ্রামের বেকার সমস্যার সমাধান হবে না। শহরের সমস্যার কিছুটা সমাধান হতে পারে। ফার্মে হঠাৎ অর্ডার পাওয়ার ফলে কিছু কিছু ওভারটাইম চালু রাখতেই হবে। সিফ্‌ট বাড়ালে যন্ত্রপাতি ক্ষয়ক্ষতির ফলে নূতন সমস্যার উদয় হতে পারে। সিফ্‌ট বাড়ানোর জন্য অধিক উৎপন্ন দ্রব্যসামগ্রী বিক্রী হবে কিনা তা চিন্তার বিষয় কারণ মানুষের ক্রয়ক্ষমতা নেই। কৃষি উৎপাদন বাড়ালে তবেই সিফ্‌ট বাড়ানো কার্যকরী হবে। রাজ্যসরকারের অর্থে এবং কেন্দ্রের কাছে অধিক পরিমাণে সাহায্য নিয়ে গ্রামাঞ্চলে ব্যাপক ক্র্যাস প্রোগ্রাম চালু করতে হবে। এর ফলে একদিকে যেমন গ্রামে উন্নয়নমূলক কাজগুলি করা সম্ভব হবে সেই সংগে ঐসব কাজেই বেকারগণ কর্মে নিযুক্ত হতে পারবে। ক্র্যাস প্রোগ্রামের মাধ্যমে প্রতি গ্রামে এক মাইল করে রাস্তা তৈরী করা যেতে পারে এর ফলে ৩৮ হাজার গ্রামে ৩৮ হাজার ইঞ্জিনিয়ার ৩৮ হাজার শিক্ষিত সুপারভাইজার ও গ্রামের অশিক্ষিত বেকার কাজে নিযুক্ত হতে পারবে। প্রতি গ্রামে দু'টি হিসাবে ৭৬ হাজার মজাপুকুর সংস্কারের মাধ্যমে সেচ ব্যবস্থার ও মাছ চাষের সুবিধা হতে পারে। এছাড়া ব্যাংক ও বীমা হতে ঋণ নিয়ে সরকারের উচিত গ্রামাঞ্চলে বেকার যুবকদের নিয়ে সমবায় সমিতি গঠন করে কুটীরশিল্প, ক্ষুদ্র ও মাঝারী শিল্পের মাধ্যমে তা বিনিয়োগ করা। এইরকম উৎপাদনভিত্তিক উন্নয়নকর্মসূচী গ্রহণ করতে হবে। গ্রামের অব্যবহৃত যে ম্যানপাওয়ার রয়েছে তাকে কাজে লাগাতে হবে। এরজন্য সার সরবরাহ ব্যবস্থা ও সেচের সুব্যবস্থা করে জমিতে বৎসরে তিনবার শস্য উৎপাদনের ব্যবস্থা করতে হবে। টেস্ট রিলিফের কাজ চালু করতে হবে ফলে টেস্ট রিলিফের কাজে নিযুক্ত শ্রমিকের দ্বারা গ্রামের উন্নয়ন করা যাবে।

[5-20—5-30 p. m.]

**Shri Bhabani Sankar Mukherjee :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, unemployment question নিয়ে সভায় যে প্রশ্ন উঠেছে সেটা আমি সমর্থন করছি। পশ্চিমবঙ্গে শিল্পে যেখানে ৬০০/৬৫০ M W. power দরকার সেখানে আমাদের দেশে মাত্র 50% to 66⅔% production হচ্ছে। যেখানে 50% production হয় সেখানে দেখা যাচ্ছে যে এরমধ্যেও কিছু কারচুপি আছে। সেখানে আমাদের Govt.-এর উচিৎ হচ্ছে vigilance লাগিয়ে কেন 50% production হচ্ছে, 66% হচ্ছে না সেটা দেখা। যদি 66⅔% production হয় electricity power দেয় তাহলে এক্ষুনি আমরা 10% লোক লাগাতে পারি। আমাদের বেকার সমস্যা সমাধানের সবচেয়ে বড় অন্তরায় হচ্ছে power shortage. আমাদের মন্ত্রীরা রয়েছেন তাঁদের উচিত মিলিটারীর সাহায্য war emergency হিসাবে এটাকে দেখা। War emergency কেন বলছি এই কারণে যে ছোট ছোট power station যদি করি তাহলে temporary কিছুটা সমস্যার সমাধান করতে পারব। রাস্তায় রাস্তায় যে আলো তাও খুব কম। হাওড়া ও শ্রীরামপুরে 8 M.W. আমরা loss করি। কিন্তু আমি বলতে চাই, হাওড়া, কোলকাতা ও আশেপাশের বড় বড় শহরে এই Electricity loss বন্ধ করার কোন চেষ্টাই হচ্ছে না। সেজন্য এটা বন্ধ করতে হবে। Power যদি না হয় তাহলে কোন কিছুই হবে না। Overtime নিশ্চয়ই আমাদের বন্ধ করতে হবে। কিন্তু একটা হাতের কাজ যতক্ষণ না শেষ হয়—এটা যদি খুব বেশী হয় তাহলে হপ্তায় মাত্র ২/১ ঘণ্টা। অর্থাৎ ৪৮-এর জায়গায় ৪৯/৫০ ঘণ্টা হতে পারে। Raw materials-এর কথা সকলেই জানেন। এই কথা বলে আমি এই প্রস্তাব সমর্থন করছি।

**Shri Niranjan Dihidar :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এই প্রস্তাবের উপর আলোচনায় যাবার আগে একটি কথা বলতে চাই যে গত Labour and Employment খাতে ব্যয়-বরাদ্দের উপর আমি যে বক্তব্য রেখেছিলাম কয়েকজন সদস্য ভুল ব্যাখ্যা করেছিলেন বলে আমি পরিস্কার ঘোষণা করতে চাই। আমি কোন সময় overtime-এর পক্ষে কোন কথা বলিনি এবং যারা trade union-এর সংগে জড়িত তারা কোন দিনই এই overtime সমর্থন করে না। আর একটা কথা বলতে চাই যে আমি sons of the soil-এর কাজের অগ্রাধিকারের সম্পূর্ণ স্বপক্ষে। যাহোক এসব আলোচনায় আর যেতে চাই না। আজ এই প্রস্তাবের উপর আলোচনা করার সময় এই কথা বলতে চাই যে পশ্চিম বাংলার বেকারের সংখ্যা এই House-এ এক এক জন এক এক রকম বলেছেন। কেউ ২৮ লক্ষ, কেউ ৪০ লক্ষ, কেউ ৫০ লক্ষ বলেছেন। অর্থাৎ কত যে বেকার আছে তা এখনও নিরূপিত হয়নি। এই সংখ্যা নিরূপণ করতে গেলে আরও বেড়ে যাবে এবং এটা ঠিক করার কোন machinery আজ পর্যন্ত হয় নি। যাহোক ধরে নিচ্ছি ৩০ লক্ষ লোক পশ্চিম বাংলায় বেকার। পশ্চিম বাংলায় যারা কাজে নিয়োজিত তাঁদের সংখ্যা ২৫ লক্ষ এরমধ্যে sons of soil হচ্ছে ১৭/১৮ লক্ষের মত। এটা একটা অস্বাভাবিক অবস্থা এ বিষয়ে কোন সন্দেহ নেই এবং স্বাভাবিকভাবে যদি বেকার সমস্যার সমাধান না হয় তাহলে এই রাজ্যে একদা দারুণ বিপর্যয়ের সম্ভাবনা আছে। একথা ঠিক যে বেকার সমস্যার সমাধান করতে হলে সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা ছাড়া তা সম্ভব নয়। কিন্তু বর্তমান অবস্থায় এর কিছুটা সুরাহা করা যায় এবং এদিক দিয়ে দুই ধরনের একটা long term programme ও আর একটা short term programme নেওয়া উচিত বলে আমি মনে করি। সেদিক থেকে এই প্রস্তাব সর্ট টার্ম প্রোগ্রামের পক্ষে, সেজন্য এই প্রস্তাবকে স্বাগত জানাই, সর্বান্তকরণে সমর্থন করি। এই প্রস্তাবের মধ্যে যাওয়ার আগে আমি একটা কথা বলতে চাই এখনও আমাদের পশ্চিমবঙ্গে যে ফ্যাকটারি এগজেম্পসান রুলস '৬৩ আইন আছে সেটা একেবারে বাতিল করা সম্ভব না হলেও পরিবর্তন করা একান্ত দরকার। কারণ, এর মধ্য দিয়ে ওভারটাইম

করার প্রভিসান রয়েছে। এর মধ্যে মালিক শ্রমিকদের ওভারটাইম করতে বাধ্য করতে পারে এইকথা রয়েছে। কোথাও কোথাও এমারজেন্সি ওয়ার্কের জন্য ওভার টাইম হতে পারে কিন্তু তার পরের দিন অলটারনেটিভ ডে তে ছুটি দেওয়া যেতে পারে। কিন্তু এই যে আইন রয়েছে এতে মালিক ওভার টাইম করতে বাধ্য করবে। সেজন্য আমি বলব একেবারে বাতিল করা যদি সম্ভব না হয় তাহলে এই আইনের পরিবর্তন করা হোক। আমরা মোটামুটিভাবে জানি কোথায় কি আছে। পশ্চিমবঙ্গে ৩৫ লক্ষ শ্রমিক কর্মচারী আছে। প্রতিটি কারখানার হিসাবে দেখা যায় মেকানিক্যাল মেনটেনেন্স, ইলেকট্রিক্যাল মেনটেনেন্স, বয়লাস ইত্যাদি ক্ষেত্রে শতকরা ১০ ভাগ শ্রমিক কর্মচারী নিযুক্ত আছে, তাহলে তার সংখ্যা দাঁড়ায় ৩ লক্ষ ৫০ হাজার। এই সংখ্যার ১০ পার্সেন্ট বরাবর ওভারটাইম করে থাকে, এই ওভারটাইম যদি বন্ধ করা যায় তাহলে ৩৫ হাজার লোকের কর্মসংস্থান পশ্চিমবংগে এখনই হতে পারে। আজকে ইররেগুলার সাপ্লাই অব ওয়াগনস, ইররেগুলার সাপ্লাই অব র-মেটিরিয়ালস, বাজারে অর্ডারের যে অস্থিরতা যেটা বর্তমান সমাজ ব্যবস্থার স্বাভাবিক এবং অ্যাবসেনটিজম, সিকনেস, লিভ এই সবের জন্য যে ওভারটাইম হয়ে থাকে তার সংখ্যা হল মোটামুটি বলা যেতে পারে ১০ পার্সেন্ট। এই ১০ পার্সেন্ট যদি ওভারটাইম ধরা হয় তাহলে ৩ লক্ষ ১০ হাজার লোক ওভারটাইম করে। এই ওভারটাইম বন্ধ করার জন্য যদি সেখানে একটা জেনারেল রুল ইনট্রোডিউস করা হয় তাহলে দেখা যাবে প্রত্যেকটি কারখানা চলার পথে কোন অসুবিধা হবে না এবং তাতে কর্মসংস্থান হতে পারে। সেদিক থেকে আমি এই প্রস্তাবকে সমর্থন জানাই শুধু একথা নয়, কাজের ঘন্টা কমাতে হবে। আজ যেখানে কাজের ঘন্টা দৈনিক ৮ ঘন্টা, সপ্তাহে ৪৮ ঘন্টা রয়েছে সেখানে দৈনিক ৭ ঘন্টা হিসাবে সপ্তাহে ৪২ ঘন্টা করলে ৪ লক্ষ ৩১ হাজার লোকের কর্মসংস্থান হতে পারে। এটা আজগুবি কথা নয়, ১৯৫২ সালে আই এল এ'র রেকমেনডেশান ছিল তাতে তাঁরা বলেছিলেন সপ্তাহে ৪০ ঘন্টা কাজের কথা এবং ইণ্ডিয়ান লেবার কমিশান যে সুপারিশ করেছিলেন তাতে বলেছেন প্রারমিকভাবে ৪৫ ঘন্টা, তারপর ৪২ ঘন্টা কাজের ঘন্টা করা হোক। পৃথিবীর সমাজতান্ত্রিক দেশে ৫ ঘন্টা ৬ ঘন্টা কাজের ঘন্টা আছে। সেদিক থেকে পশ্চিমবঙ্গের বিরাট বেকার সমস্যার দিকে লক্ষ্য রেখে কাজের ঘন্টা কমানোর কথায় কেউ বিরোধিতা করতে পারে না। কাজের ঘন্টা কমান হলে শ্রমিকদের কর্মনৈপুণ্য বাড়বে, শ্রমিকদের স্বাস্থ্য ভাল থাকবে, প্রোডাকসান কোয়ালিটি ইমপ্রুভ করবে বলে আমি বিশ্বাস করি এবং তাতে প্রোডাকসান কখনও কমবে না, কর্মসংস্থান হবে এটাও আমি বিশ্বাস করি। এরপরে আসছি সিফট ইনট্রোডিউস করার কথায়। মোটামুটিভাবে এই ৪৫ লক্ষ শ্রমিকদের মধ্যে রাফলি অ্যাপ্রক্সিমেটলি বলা যেতে পারে যে শতকরা ৫০ ভাগ ক্ষেত্রে ২।৩ সিফটে লোক কাজ করে এবং বাকি ৫০ ভাগ ক্ষেত্রে ৩ সিফটে কাজ করে না। এটা ঠিক যে সেই ৫০ ভাগ ক্ষেত্রে সর্বত্র এখনও সিফট ইনট্রোডিউস করা সম্ভব হয়নি। ওয়ান ফোর্থ তার ১।৪ অংশের ক্ষেত্রে যদি সিফট ইনট্রোডিউস করা যায় তাহলে সেখানে ৪ লক্ষ ২৫ হাজার লোকের কর্মসংস্থান ঘটতে পারে। এই পথগুলি যদি নেওয়া যায় তাহলে ১২ লক্ষ ৭ হাজার লোকের কর্মসংস্থান হতে পারে। এখন প্রশ্ন হচ্ছে আমাদের

[5-30—5-40 p.m.]

দেশের শিল্প মালিকরা এই প্রস্তাব সমর্থন করবেন কিনা এবং তাদের বাধ্য করান যাবে কিনা? আমার বক্তব্য হচ্ছে এই ব্যাপারে সরকার যদি তৎপর হন, দেশের জনসাধারণ যদি তৎপর হন, এই মোর্চার সরকার যদি তৎপর হন তাহলে তাদের এটা মানতে বাধ্য করা যেতে পারে এবং সেইভাবে আইন করা যেতে পারে। এছাড়া আরও কতগুলি ক্ষেত্র রয়েছে আমি তার পরিসংখ্যান না দিয়ে শুধু এটুকু বলতে পারি এই রাজ্যের ইঞ্জিনিয়ারিং ইনডাষ্ট্রির যে ক্যাপাসিটি তার মাত্র শতকরা ৫০ ভাগ কাজ হয়, বাকিগুলো আইডল থাকে। এরমধ্যে কমপক্ষে ৩০ ভাগ এক্সপ্লয়েট করা সম্ভব এবং সেটা হলে আরও কর্মসংস্থান হতে পারে। এখন প্রশ্ন হল কাঁচামাল

সরবরাহ করার ক্ষেত্রে এবং এখানে বাজার সৃষ্টি করতে হবে। তারপরের কথা হচ্ছে কোলকাতার ডালহৌসী স্কোয়ারে যে মার্কেনটাইল বিল্ডিংগুলো রয়েছে সেখানে গত ১০ বছরে বহু রিটায়ার হয়েছে কিন্তু তা সত্ত্বেও সেখানে কোন রিক্রুটমেন্ট নেই। এরকম বহু কারখানা রয়েছে যেখানে তারা রিক্রুমেন্ট বন্ধ করে দিয়েছে। এইসব জায়গায় যদি রিক্রুমেন্ট করান যায় তাহলে বহু লোকের কর্মসংস্থান হতে পারে। এছাড়া সরকারি ক্ষেত্রে দেখছি পশ্চিম বাংলায় যে রেল রোড রয়েছে এবং পোস্ট অ্যাণ্ড টেলিগ্রাফ রয়েছে সেখানে যে ভ্যাকানসি হবে সেগুলি যদি পশ্চিম বাংলার বেকারদের দ্বারা পূর্ণ করা হয় তাহলে বহু লোকের কর্ম সংস্থান হতে পারে। সেদিন দেখলাম এই যে টিউব রেলওয়ে হচ্ছে তারজন্য যে রিক্রুটমেন্ট হবে সেটা কেন্দ্রীয় সরকার থেকে করা হবে এবং সেখানে পুরানো লোকদের দেওয়া হবে এবং তারজন্য যে ভ্যাকানসি ক্রিয়েটেড হবে সেটা রেলওয়ে অথরিটি ফিল-আপ করবেন। কোলকাতায় যে টিউব রেলওয়ে হবে সেখানে যদি পশ্চিম বাংলার লোকদের অগ্রাধিকার দেওয়া হয় তাহলে বহু লোকের কর্মসংস্থান হতে পারে। তারপর, আমি লং টার্ম প্রোগ্রাম সম্বন্ধে কিছু বলতে চাই কারণ এতেও সমস্ত বেকার সমস্যার সমাধান হবে না। পশ্চিম বাংলার যে বিশেষ অবস্থা এবং বিশেষ করে বোম্বে এবং কোলকাতার যে শিল্পের অবস্থা, শিল্প নিয়োজিত কর্মচারীদের যে অবস্থা সেটা মোটামুটি বিবেচনা করে পশ্চিম বাংলায় সরকার পরিচালিত কারখানা করবার দাবি আমি রাখছি। এই জিনিস করবার জন্য আমাদের প্রচেষ্টা করা দরকার এবং এটা হলে আমাদের বেকারদের কর্মসংস্থান হতে পারে। তারপর আমি বিধানসভায় প্রস্তাব করেছিলাম এবং বলেছিলাম জুটমিল ন্যাসনালাইজ করবার জন্য, চা বাগান ন্যাসনালাইজ করবার জন্য, কোল ইনডাস্ট্রি ন্যাসনালাইজ করবার জন্য। একমাত্র জুটমিলে ১ বছরে ৩০০ কোটি টাকা লাভ হয়। ৩০০ কোটি টাকা দিয়ে কারখানা করলে সেখানে ৩ লক্ষ লোকের কর্মসংস্থান হতে পারে। কিন্তু সেসব করা হয়নি। চা বাগান, কয়লাখনি প্রভৃতি শিল্পগুলি ক্রমে ক্রমে শুকিয়ে যাচ্ছে এবং তাদের প্রসার বন্ধ হচ্ছে, এগুলির সর্বনাশ হচ্ছে। সুতরাং লং টার্ম প্রোগ্রামের দিকে নজর রেখে আমি আবেদন করব এগুলি ন্যাসনালাইজ করবার কথা আপনারা চিন্তা করুন এবং সেদিকে এগোন। এটা হলে কর্মসংস্থান হবে, এই শিল্পগুলি বাঁচবে, এদের উৎপাদন বাড়বে। আমাদের পশ্চিম বাংলার অর্থনীতি সম্বন্ধে আমার আগে মাননীয় সদস্য হরশংকরবাবু বলেছেন যে এখানকার অর্থনীতি মাত্র ১৩টি মনোপলি হাউসের দ্বারা কন্ট্রোল্ড হয়। আমরা দেখেছি এই যে মনোপলি হাউসেস রয়েছে তাদের প্রভাবে নূতন নূতন শিল্প, মাঝারি শিল্প, ছোটশিল্প গড়ে উঠতে পারছে না। এই যে মনোপলি ক্যাপিটালিস্টরা রয়েছে এঁরা যে প্রদেশে আছে তার উন্নতি করে না। আমি আগেই একটা সাংঘাতিক ব্যাপার বলেছি যে এই দেশ থেকে তার পুঁজি বাইরে পাঠাচ্ছে। এটা একটা অস্বাভাবিক অবস্থা। যদি পশ্চিমবংগকে ভালবাসতেন, যদি পশ্চিমবংগের উন্নতি চাইতেন তাহলে কিন্তু এই জিনিস হতে পারতো না। মনোপলি ক্যাপিটাল কখনো দেশকে ভালবাসে বলে আমি বিশ্বাস করি না। সেই দিক দিয়ে আমি তাই বলি মনোপলি ক্যাপিটাল ন্যাশনালাইজ করার প্রয়োজন আছে যদি আমরা বেকার সমস্যার হাত থেকে মুক্তি পেতে চাই, যদি আমরা সুন্দর করে গড়ে তুলতে চাই। আর এই যে ৩০/৪০ লক্ষ বেকার তারা যদি আজকে কাজে লাগে তাহলে পশ্চিমবংগকে সোনার পশ্চিমবংগ করে গড়ে তুলতে পারবো এই বিশ্বাস আমরা রাখি। তাই আজকে এটা একটা অপরিহার্য প্রশ্ন এসে দাঁড়িয়েছে পশ্চিমবংগ তথা ভারতবর্ষ থেকে মনোপলি ক্যাপিটালকে ন্যাশানালাইজ করা তবেই দেশকে এগিয়ে নিয়ে যাওয়া যাবে এবং বেকার সমস্যার সমাধান করা যাবে, শিল্পের প্রসার ঘটবে এবং দেশের উন্নতি হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sachi Nandan Shaw :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে মৃগেন্দ্র মুখার্জী এবং সুকুমার বন্দ্যোপাধ্যায়, মাননীয় সদস্য মহাশয়রা পশ্চিমবংগের ভয়াবহ বেকার সমস্যায় যে উদ্বেগ প্রকাশ করেছেন এবং রাজ্যসরকারকে জরুরীকালীন ভিত্তিতে মোকাবেলার জন্য যা বলেছেন

তাকে আমি পূর্ণ সমর্থন করছি। আমি সমর্থন করে একথা বলতে চাই, মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে এই যে ভয়াবহ বেকার সমস্যা এই সমস্যার সমাধানের জন্য আজকে আমরা উদ্বিগ্ন। আজকে আপনি জানেন, মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এই বীরভূম জেলা, যে জেলায় শিক্ষিত যুবকরা, বি এ, বি এস সি, এল সি, এল এম ই, ছেলেরা যেখানে মাটি কাটার কাজ করছিল, সেই জেলায় আজকে যে কি ধরনের সমস্যা, ১৮ হাজার সেখানে শিক্ষিত বেকার, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে তাদের নাম এনরোল করা আছে। আপনি, মাননীয় উপাধ্যক্ষমহাশয়, ধরে নিন এর সংগে আরো ১০ হাজার বেকার যারা হয়ত এমপ্লমেন্ট এক্সচেঞ্জে নাম লেখায়নি। এই যদি একটা জেলায় হয় যে জেলা সম্পূর্ণরূপে কৃষির উপর নির্ভরশীল, যেটা কৃষিভিত্তিক জেলা। আপনি জানেন, মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এই বীরভূম জেলায় যে আমেদপুর সুগারমিল সেই সুগারমিল আজকে অনেকদিন থেকে বন্ধ আছে। আজকে আমাদের সরকার বন্ধ কলকারখানা একের পর এক খুলে চলেছেন, এই আমেদপুর সুগারমিলকে সরকারকে খোলার জন্য আমি আবেদন ও অনুরোধ জানাচ্ছি। আমরা সমস্ত এম এল এ সমবেতভাবে জানাচ্ছি এবং এই দিকে লক্ষ্য করছি যে আমেদপুর সুগার-মিল খোলার বেলায় গড়িমনি চলছে। আজকে লক্ষ্য করেছি সেখানে বলা হয়েছে উর্দ্ধতন কর্তৃপক্ষ অর্থাৎ যারা সরকারী কর্মচারী তারা বলেছে যে ইক্ষু মেলে না। বীরভূম জেলা কৃষিভিত্তিক জেলা, এখানে ইক্ষু মেলে না যে সমস্ত সরকারী কর্মচারী বলেন আমি তাঁদের চ্যালেঞ্জ করছি। আজকে আমাদের জেলায় পান্নালাল দাশ, যিনি স্টেট প্ল্যানিংএ আছেন, আজকে প্রবীন নেতা বীরভূমের মিহির লাল চ্যাটার্জী, আমার সমস্ত এম এল এ-রা, আমরা এই সম্পর্কে সম্পূর্ণ অবহিত করতে চাই আপনাকে এবং আপনার মাধ্যমে আমাদের শ্রমমন্ত্রীকে এবং আজকে যিনি শিল্পমন্ত্রী যে আমেদপুর সুগারমিলকে খোলা সম্ভব। ইক্ষুর অভাব বীরভূম জেলায় হবে না। বীরভূম জেলার এই ভয়াবহ বেকার সমস্যা সমাধানের জন্য আজকে ইনডাষ্ট্রি দরকার, কলকারখানা দরকার এটা একটা কৃষিভিত্তিক জেলা, আজকে, মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন যে রাজনগরএ শিসাল ফার্ম আছে, সেই শিসাল ফার্মএর অন্তর্জাতিক বাজার আছে, এই শিসাল ফার্ম থেকে দড়ি চালান যায়। সেই শিসালের সুযোগ থাকা সত্বেও ঐ রাজনগরে শিসাল ফার্মকে এক্সটেনশন করার কথা বারবার বলা সত্বেও আমি কোন কিছু লক্ষ্য করছি না। আজকে দুঃখের কথা শিসাল বহু জায়গায় বীরভূম জেলায় গড়ে উঠেতে পারে, শিসালের ফার্ম অনেক জায়গায় গড়ে উঠতে পারে। আমি সেই দিকে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

[5-40—5-50 p. m.]

**Shrimati Ila Roy :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের বন্ধু শ্রীআবদুল বারি বিশ্বাস যে সংশোধনী বিল এনেছেন, আমি তা পূর্ণ সমর্থন করছি। আজকে সারা বাংলাদেশে এই যে বেকার সমস্যা, এর একটা ভয়াবহ চিত্র দেখতে পাচ্ছি। বেকার সমস্যার সমাধান করতে গেলে শুধু চেঁচালেই চলবে না, বক্তৃতা দিলেই চলবে না এবং সরকারকে দোষারোপ করলেই চলবে না। আমি একটা কথা বলতে চাই। এই যে বেকার সমস্যা, ঐটা বহুদিনের সমস্যা। আজকে আমাদের এই যে সরকার, তার জন্ম হয়েছে কবে, মাত্র চারমাস হয়েছে। তিনি মাস পার হয়ে চার মাসে পড়েছে। এখনই তাই বেকার সমস্যার সমাধান হতে পারে না। একটা কথা হল, এই সমস্যার সমাধান করতে হলে নূতন করে কোন পরিকল্পনা করতে হবে। আমাদের দেশে বড় বড় ইণ্ডাস্ট্রী যেমন আছে, সেখানে শ্রমিকও আছে, সেখানে নূতন কোন লোক নেওয়া হতে পারে না। কথা হল, বেকার সমস্যার সমাধান করতে হলে, সরকারের সংগে আমাদের সহযোগিতা করতে হবে। আমি নর্থ ক্যালকাটার জোড়াবাগান কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। সেখানে শতকরা ৮০ জন লোকই বেকার। এই বেকার সমস্যার সমাধান করতে হলে ছোট ছোট ইণ্ডাষ্ট্রি তৈরী করতে হবে এবং বাংলা দেশে কোন বড় শিল্প প্রতিষ্ঠিত করতে হবে। তা না হলে এই বেকার সমস্যার সমাধান হতে পারে না। বেকার সমস্যা বাংলা দেশের একটা বিরাট সমস্যা। এই বেকার সমস্যা, ৮/১০ বছরের সমস্যা, নূতন কোন সমস্যা নয়। তাই আমাদের এই জনপ্রিয়

সরকারকে দোষারোপ করলে পর আমার মনে হয়, জনসাধারণ আমাদের নানা রকম কথা বলবে। তাই আমি বলি এই বেকার সমস্যার সমাধান করতে হলে, সরকার আমাদের সহযোগিতা নেবেন, এবং আমরাও নানা রকমে চেষ্টা করব, তার মাধ্যমে বেকার সমস্যার সমাধান হবে। একথা বলে আমি আজকে এখানে শেষ করছি।

**Shri Hemanta Dutta** : মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য মৃগেন্দ্রনাথ মুখোপাধ্যায়, সুকুমার বন্দ্যোপাধ্যায়, আবদুল বারি বিশ্বাস মহাশয়রা যে মোশন এনেছেন, সেই মোশনের মধ্যে সামগ্রিকভাবে বেকার সমস্যা সমাধানের কথা নাই। সেটা হচ্ছে বেকার সমস্যা সমাধানের অন্যতম পন্থা হিসাবে ওভারটাইম তুলে দিয়ে শিফ্‌ট্‌িমএর ব্যবস্থা প্রবর্তন করা। বেকার সমস্যা একটা বিরাট সমস্যা এবং এই সমস্যা ভারতবর্ষের বুকের উপর জগদ্দল পাথরের মত চেপে আছে। আমাদের খাদ্যসমস্যা বাংলা দেশের মধ্যে প্রকট হয়ে যখন উঠে, তখন যেমন তাকে আমরা জরুরী সমস্যা বলে ধরি, তেমনি এই বিরাট সমস্যাকেও জরুরী সমস্যার মত মনে করে সমাধান করতে হবে। আজকে ওভারটাইম তুলে দেওয়া সম্পর্কে আমি সামান্য একটা উদাহরণ দিয়ে আমার বক্তব্য শুরু করছি। আমি একটা ব্যাংকে একবার গিয়েছিলাম, টাকা আগেই জমা দিয়েছি, পরে গেছি চালান আনতে। সাড়ে পাঁচটার সময় উপস্থিত হয়ে দেখি সেখানকার কর্মিরা চুপচাপ বসে আছে এবং অনেক লোক দাঁড়িয়ে আছে। সেই লোকেরা, তাদের মধ্যে অনেক সাধারণ লোক অধৈর্য্য হয়ে বকাবকি করছে, আমার বন্ধুর একজন সেখানে কাজ করত, তাকে জিজ্ঞাসা করা হল, কি ব্যাপার ভাই বলতো, লোকে গালাগালি দিচ্ছে, সাড়ে পাঁচটা বেজে গেলে, কেন তোমরা চালান দিচ্ছ না বলতো? উত্তরে সে বললে সাড়ে পাঁচটা বেজে গেলে আমাদের ওভারটাইম হবে, তখন আমাদের কাজ শুরু হবে। ওভারটাইমের ব্যাপারে এই রকম একটা মনোভাব নিয়ে কাজ হয়। ওভারটাইম তুলে দিলেই কি এই বিরাট সমস্যার, কলোস্যাল প্রবলেমের সমাধান হবে? এটা আমার মনে হয় বিরাট সমস্যার একটা ডালের মত, ওভারটাইম তুলে দিলেই বেকার সমস্যার সমাধান হবে না, তবে এটাকে অন্যতম পন্থা হিসাবে গ্রহণ করা যেতে পারে। যেমন ধরুন সুপার অ্যানুয়েটেড লোকদের সরিয়ে দিলেই যে বিরাট সমস্যার সমাধান হয়ে যাবে তা নয়, তবে অন্যতম পন্থা হিসাবে এটাকে গ্রহণ করা যেতে পারে। আজকে আমাদের যুবসম্প্রদায়ের মধ্যে যারা বেকার রয়েছে তাদের বাহুতে ক্ষমতা আছে কাজ করবার উদ্যম আছে। সেই উদ্যম সেই manpowerকে কাজে লাগানো উচিত। যদি আমরা তাকে উৎপাদনশীল করতে পারি তবে ভারতবর্ষের কল্যাণ বয়ে নিয়ে আসবে। আমাদের সেখানে concrete proposal করতে হবে। এখানে ইতিপূর্বে অনেকেই বলেছেন যে বিহারের মুখ্যমন্ত্রী শ্রীকেদার পাণ্ডে বলেছেন যে বিহার বিহারীদের জন্য এবং আর এস পাণ্ডে তিনি অনেক বলেছেন বিহার বিহারীদের এই বলে তারা পাণ্ডিত্য দেখিয়েছেন আমাদের এইরূপ কোন উক্তি রাখা হয়নি। এটা প্রাদেশিকতা নয় জোরাল যুক্তি দিয়ে আমাদের বক্তব্য রাখা উচিত বলে আমি মনে করি। এই বলেই আমি একে সমর্থন জানাচ্ছি।

**Shri Mohammad Dedar Baksh :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, West Bengal Legislative Assembly-র Rules of Procedure and Conduct of Business-এর ১৮৫ ধারা মতে মাননীয় সদস্য শ্রীমৃগেন্দ্র মুখার্জী ও শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় যে পশ্চিম বাংলার বেকার সমস্যার প্রতি উদ্বেগ প্রকাশ করে এবং overtime বন্ধ করে সেখানে শিল্পসমূহ অতিরিক্ত shift চালু করে কর্মসংস্থানের মাধ্যমে আমাদের জনপ্রিয় সরকারকে বেকার সমস্যা সমাধানের যে আবেদন জানিয়েছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আপনি জানেন যে, যুক্তফ্রন্ট সরকারের ভ্রান্তনীতির ফলে কলকারখানা বন্ধ হয়েছিল। আমাদের জনপ্রিয় সরকার তা চালু করেছেন এবং ৬০ হাজার শ্রমিককে কাজ দিয়েছেন একটা family-তে ৫ জন করে যদি লোক ধরা যায় তাহলে সেখানে প্রায় ৩০ লক্ষ

লোকের খাবার ব্যবস্থা করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, বিভিন্ন সদস্য বিভিন্নরূপে বেকারের সংখ্যা উল্লেখ করেছেন। কিন্তু আমি বেদনার সংগে জনপ্রিয় সরকারকে অনুরোধ করবো যে এর সঠিক সংখ্যা অনতিবিলম্বে নির্ধারন করে এবং এই সমস্ত প্রতিষ্ঠান, সরকারী প্রতিষ্ঠান বেসরকারী এবং সরকারের অধীনে যে সমস্ত পদ রয়েছে যদি অনতিবিলম্বে অতি সত্বর পূরণ করা হয় তাহলে আমাদের যে headache রয়েছে এটা কমবে। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আপনি জানেন যে পশ্চিম বাংলায় প্রায় ৩৮ হাজার গ্রাম আছে। প্রত্যেক গ্রামে যদি কর্মী নিয়োগ করা হয় দেখা শুনার জন্য তাহলে ৩৮ হাজার গ্রামের কর্মী নিয়োগ করা হতে পারে। এইভাবে বড় শিল্প, ক্ষুদ্র শিল্প, মাঝারি শিল্প, কুটির শিল্পের সম্প্রসারণ করে নূতন পরিকল্পনা রূপায়ন যদি করা হয় তাহলে বেকার সমস্যা কমে যাবে। আমি সরকারকে অনুরোধ করবো যে, আজকে পাঞ্জাবকে অনুকরণ করে যাতে কৃষিকে অগ্রাধিকার দেওয়া হয় এবং তার উন্নতি বিধান করা হয়। তাহলে আমার মনে হয় অর্ধ শিক্ষিত, অশিক্ষিত লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করে কৃষির মাধ্যমে যাতে তাদের জীবীকা অর্জন করতে পারে সেদিকে দেখা উচিত। আমাদের জনপ্রিয় সরকারের উপর আস্থা আছে। এই বলিষ্ঠ নীতি অবলম্বন করলে পশ্চিম বাংলার বেকার সমস্যা যেটা headache রয়েছে সেটা দূরীভূত হবে। এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sisir Kumar Ghosh :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য শ্রীমৃগেন্দ্র মুখার্জী ও সুকুমার বন্দ্যোপাধ্যায় আজকে লক্ষ লক্ষ বেকারদের যে প্রাণের উত্তাপ এই ঠাণ্ডা ঘরের মধ্যে সঞ্চারিত করেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু এই প্রস্তাবে মনে করি এটাতে একটা সামগ্রিক সমস্যার সমাধান হবে না। এটা একটা আংশিক প্রস্তাব। কিন্তু তবুও আমি এই আংশিক প্রস্তাবকে অবলম্বন করতে পারছি না তখন যতটুকু করা যায় তা করা উচিত।

[5-50—6-00 p. m.]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অতিরিক্ত shift চালানো সম্পর্কে নিশ্চয়ই কারো কোন আপত্তি থাকা উচিত নয়। এই অতিরিক্ত shift চালিয়ে আরো বেশী লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারি তার সুযোগ থাকা উচিত। সেই ব্যবস্থা যেভাবে করা দরকার সেইভাবে আপনারা করুন। যে শিল্প উৎপাদন করবে অন্ন,—সেই অন্ন আমাদের দেশের লোকের ভোগে লাগবে কিনা—বা সেই ভোগ্য ক্রয় করিবার মত ক্ষমতা আছে কিনা—সেটাও চিন্তা করে দেখতে হবে।

গতকাল খাদ্য সম্পর্কে বিতর্ক ও আলোচনার সময় খাদ্যমন্ত্রী বলেছেন কোন কোন জেলায় ক্রয়ক্ষমতা লোকের এত কমে গেছে যে তারা রেশনের চাল পর্যন্ত ক্রয় করতে পারছে না। এই যদি অবস্থা হয়—শিল্প কেবল যদি উৎপাদন বাড়িয়ে যায়, সেই উৎপাদিত ভোগ্যপণ্য যাতে এখানে গ্রামের লোকেরা কিনতে পারে তার ব্যবস্থা হওয়া উচিত। তাই আমাদের গ্রামীন অর্থনীতির দিকে নজর দিতে হবে। আমাদের নজর দিতে হবে ঐ গ্রামের হাজার হাজার বেকার যুবকদের প্রতি—যারা আজ শহরে এসে মিছিল করতে পারছে না, শহরে এসে এই বিধানসভার চারিপাশে ঘুরতে পারছে না। তারা আজ গ্রামে খরায় ও বৃষ্টিতে ভুগছে—সেই হাজার হাজার গ্রামের বেকার যুবকদের কথাও আজ এই সংগে ভাবতে হবে। গ্রামে যদি আমরা তিনটা ফসল তুলতে না পারি,—তাহলে গ্রামের ঐ যুবকদের অর্থনৈতিক সমস্যা সমাধানের দিকে এগিয়ে নিয়ে যেতে পারবো না। শিল্পে উৎপন্ন পণ্য যদি ক্রয় করবার গ্রামের লোকের না থাকে, তাহলে মিলমালিকদের দিয়ে কলকারখানায় তিনটি shift চালু করতে পারবো না। এই গ্রামীন অর্থনীতি গড়ে তুলবার জন্য অবিলম্বে বিদ্যুৎ ব্যবস্থা, ফ্লাড কন্ট্রোল ও জল সেচের ব্যবস্থা যাতে হয়, তারজন্য আমাদের চেষ্টা করা উচিত। তাহলে গ্রামের উন্নতির সাথে সাথে আমাদের শহরেরও উন্নতি হবে।

শিল্পে এখন তিন shift চালু করার দাবি সোচ্চার হয়ে উঠেছে। এতে মালিক শ্রেণীও এগিয়ে যাবে তাদের অভাবঅভিযোগও পূরণ করতে হবে। আজকে যে বন্ধ কলকারখানা আছে তা খুলতে হবে। বন্ধ হয়ে থাকার জন্য কলকারখানায় নিযুক্ত হাজার হাজার যুবক আজ বেকার হয়ে পড়েছে। সেই সমস্ত বন্ধ কলকারখানা খুলে যাতে আরো বেশী সংখ্যক বেকার যুবকের কর্মসংস্থান করা যায় তার চেষ্টা করতে হবে। আরো নতুন কলকারখানা স্থাপন করা অসুবিধা আছে ঠিকই। আমাদের টিটাগড়ে ব্রিটেনিয়া কারখানা বন্ধ হয়ে গেছে, এখানকার পুঁজি মালিক মোকামায় নিয়ে গিয়েছে, সেখানে কারখানা চলছে। আর পশ্চিম বাংলার কারখানাটি বন্ধ করে দেওয়ার ফলে বিটানিয়ার দু-হাজার শ্রমিক আজ বেকার হয়ে পড়ে আছে। ডালমিয়া তার Electro-Steel কারখানা এখান থেকে গাজিয়াবাদে তুলে নিয়ে গেছে। সেখানে নতুন ফ্যাক্টরীতে নতুন শ্রমিকদের কাজ দিচ্ছে। আর আমাদের এখানকার হাজার হাজার শ্রমিক বেকার হয়ে রয়েছে। এইভাবে একে একে আমাদের employment potentiality পশ্চিম বাংলা থেকে যাতে চলে যেতে না পারে,—পশ্চিম বাংলা থেকে কারখানার কোন অফিস বাইরে কোন নতুন জায়গায় যাতে স্থানান্তরিত না হতে পারে, তারজন্য একটা আইন হওয়া উচিত। পশ্চিমবংগের পুঁজি অন্য স্টেটে নিয়ে গিয়ে কেউ খাটাতে পারবে না।

আজ প্রশ্ন এসেছে আমাদের দেশকে গড়তে হবে, আমাদের কৃষি ও শিল্পে দেশকে উন্নত করতে হবে। তার জন্য মৃগেনবাবু যে প্রস্তাব রেখেছেন, আমি পূর্ণ সমর্থন করে বলছি সেই সব বন্ধুদের সাহায্য আমাদের আজকে নিতে হবে। আমাদের Indo-Soviet Treaty হয়েছে তার পূর্ণ সদ্ব্যবহার করতে হবে, তা থেকে আমাদের দেশের কৃষি ও শিল্পের ব্যাপারে যেটুকু সাহায্য নিতে হবে, তা যদি নিতে পারি, তাহলে নতুন সম্ভাবনার দরজা খুলে যাবে; নতুন উদ্যোগ খুলে যাবে এবং সেই নতুন উদ্যোগের মাধ্যমে বেকার সমস্যার সমাধান আমরা করতে পারবো।

এই নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধির ফলে ছোট ছোট ব্যাবসায়ী যারা তরকারী বিক্রী করে সংসার চালাতো তারাও আজকে বেকার হয়ে পড়েছে। তাদের পুঁজি নাই, বাজারের মূল্যের তুলনায় ঐ সমস্ত ছোট ছোট যে সব কারবারী এমন কি যারা তরিতরকারী বিক্রী করে তাদেরও সেই পুঁজির অভাব হয়ে গেছে। আজকে পশ্চিম বাংলায় বহু দিন থেকে অ্যানাউন্স করা হচ্ছে যে কিছু প্রাইমারী শিক্ষক নেওয়া হবে। কিন্তু আজ পর্যন্ত আমাদের অ্যাপয়েন্টমেন্ট হোল না। আজকে তার ব্যবস্থা করার দরকার। আজকে বিদ্যুৎ ডিপার্টমেন্টে যেখানে বাড়ীতে বাড়ীতে বিদ্যুৎ দেওয়ার সম্ভাবনা রয়েছে সেখানে ঐ ডিপার্টমেন্টের তরফ থেকে বলা হচ্ছে যে লোক কম সেজন্য তারা ঠিকমত কাজ করে উঠতে পারছে না। আজকে সরকারী যন্ত্রে দেখতে হবে যে কোথায় কোথায় চাকরি খালি আছে—কিন্তু তা এখনও দেখা হল না। এই সমস্যার ব্যাপারে মন্ত্রীসভার যে চিন্তা আছে সেই চিন্তার বহিঃপ্রকাশ কোথায়। সেই বহিঃপ্রকাশ যদি থাকতো তাহলে এই ব্যবস্থাকে জরুরী ব্যবস্থা হিসাবে গ্রহণ করে তা সমাধান করতেন।—আমি এখানে বলতে চাই যে আজকে এই সমস্যাকে সমাধান করার জন্য এটাকে জরুরী অবস্থা হিসাবে গ্রহণ করতে হবে। এটা ঠিক কথা যে দেশে যখন বিপদ আসে তখন নিশ্চয় আমরা বিভিন্ন খাতের টাকা কমিয়ে বিভিন্ন উপায়ে সেই জরুরী সমস্যার মোকাবিলা করি। আজকে পশ্চিম বাংলায় চাকরির যে সমস্যা, বেকারের যে সমস্যা সেই সমস্যা সমাধান করবার জন্য আমাদের সকল উপায়ে সকল দিক থেকে চেষ্টা করতে হবে তা যদি চেষ্টা করতে না পারি এবং আমরা এগিয়ে যেতে না পারি তাহলে পশ্চিম বাংলার মানুষকে আমরা শুধুই আশা দিতে পারবো এবং তার পরে হতাশা দিতে পারবো—বেকার সমস্যার সমাধান করতে পারবো না। তাই মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বার বার একথাই বলবো যে যদি সমস্যার সমাধান করতে চাই তাহলে মূল দিকে লক্ষ্য থাকা উচিত। সেটা হচ্ছে সমাজতান্ত্রিক ব্যবস্থা। সমাজতান্ত্রিক ব্যবস্থা ছাড়া বেকার সমস্যার সমাধান করা সম্ভব নয়। অর্থাৎ যে পুঁজিপতি দিনের পর দিন পুঁজির পাহাড় তৈরী করছে—সেই পুঁজি দিয়ে আমাদের পশ্চিম বাংলার ক্ষেত্রে নূতন করে কারখানা

সৃষ্টি করতে না পারি—চটকলের যে পুঁজি তাতে যদি নূতন শিল্প গড়তে না পারি তাহলে কোন দিন এই সমস্যার সমাধান হবে না। আজকে চটকলে যে আয় হয় প্রতি বছর সেই আয় দিয়ে দুর্গাপুরের মত factory আমরা তৈরী করতে পারি যেখানে ১০ হাজার বেকারের চাকরি হওয়া সম্ভব। আজকে চটকলগুলিকে জাতীয়করণ করতে আমি অনুরোধ করি এবং এই ভাবে তাদের ক্ষমতাকে খর্ব করে নিই তাহলে আমাদের যে আয় বাড়বে সেই আয় দিয়ে কারখানা তৈরী করলে লক্ষ লক্ষ বেকার যুবক যারা রাস্তায় রাস্তায় হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে চাকরির জন্য সেই সমস্যার সমাধান হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটা প্রশ্ন এসেছে এই বেকার সমস্যার সমাধানের ব্যাপারে—মধ্যে বলা হোল যে এম-এল-এ-দের ক্ষমতা থাকবে তাদের প্রভাইড করার ব্যাপারে—আবার প্রশ্ন উঠলো পাবলিক সার্ভিস কমিশানের মাধ্যমে প্রভাইড হবে। এটা নিশ্চয়ই পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে হওয়াটাই ঠিক। এম. এল. এ.-র দ্বারা প্রভাইড হবে কিনা—৩০ জন হবে, কি ১০০ জন হবে এ প্রশ্নে আমাদের তরফ থেকে কোন যুক্তি পাচ্ছি না। আবার শুনতে পাচ্ছি জেলার মধ্যে এলাকা এলাকা করে একটা করে জোন করা হয়েছে—এবং এই জোনের ভিত্তিতে ছেলেদের চাকরি হবে অর্থাৎ এই জোনের লোক এই জোনে চাকরি পাবে। ঐ জোনের লোক ঐ জোনে চাকরি পাবে। বিহার, ইউ. পি. এইসব প্রশ্ন উঠেছে। এইভাবে সব ছোট ছোট জোন হয়ে যাচ্ছে। আমরা বলি যে এটা সঠিক রাস্তা নয়। এই পথে যে এগিয়ে যাওয়া হচ্ছে আমি বলতে পারি এতে মনোবল ভেংগে যাচ্ছে, মানুষের নৈতিক বোধ নষ্ট হচ্ছে, মানুষের দেশাত্মবোধ চলে যাচ্ছে। আমরা সকলেই ভারতের সন্তান—আমাদের যে অধিকার তা আমরা সকলেই ভোগ করবো। আমরা বাংগালী নয় নন-বেঙ্গলী নয়, বিহারী নয়, মহারাষ্ট্রীয়ান নয়—আমরা সকলেই ভারতীয়—আমাদের সকলেরই সমান অধিকার আছে কি চাকরির ব্যাপারে কি অন্যান্য ব্যাপারে। এবং ভারতবর্ষের যে কর্মসংস্থানের ক্ষমতা তাতে সকলেরই সমান অধিকার পাওয়া উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00—6-10 p. m.]

**Shri Ganesh Chandra Hatui**: মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্যদ্বয় শ্রীমৃগেন মুখার্জি ও শ্রীসুকুমার ব্যানার্জি বেকার সমস্যা সম্পর্কে যে মোশান এনেছেন তা আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি। স্যার, গ্রামবাংলার এম. এল. এ'রা এখন যেসব প্রশ্নের সম্মুখীন হচ্ছেন সেগুলো হল যে এই প্রগতিশীল সরকার বেকার যুবকদের চাকরি দেবে তো? আমাদের আর কতদিন অপেক্ষা করতে হবে? অফিস, কলকারখানা, ব্যাংক, পোস্ট অফিসে ওভারটাইম বন্ধ করে বেকার ছেলেদের চাকরি দেওয়া হবে তো? যুক্তফ্রন্টের আমলে বন্ধ কলকারখানা খোলা হবে তো? বেকার ছেলেদের চাকরি দেবার জন্য সরকার নূতন নূতন প্রকল্প দ্রুত রূপায়ণ করবেন তো? ইত্যাদি, ইত্যাদি। এইসব প্রশ্নের মধ্যেই পশ্চিম বাংলার যুবক-যুবতীদের মনের ভাব পরিষ্কারভাবে বুঝা যায়। এই বাংলা দেশের যুবসমাজ এই প্রগতিশীল সরকারের উপর অনেক কিছু আশা রাখে। তাই এই প্রগতিশীল সরকারকে যুবসমাজের আশা-আকাংখা পূরণ করার জন্য সচেষ্ট হতে হবে। যাতে যুবসমাজ বিপথে চালিত না হয় তারজন্য এই সরকারকে সদাসর্বদা জাগ্রত থাকতে হবে। আজকের বেকার সমস্যা যে ভয়াবহ রূপ ধারণ করেছে একথা আজ আর কারো অজানা নেই। এই বেকার সমস্যার মোকাবিলা করার জন্য এই সরকার সর্বশক্তি প্রয়োগ করে বেকারীর বিরুদ্ধে লড়াই করে চলেছেন। তবে মাঝে মাঝে মন্ত্রিমহাশয়রা বেকারদের কর্মসংস্থানের সুযোগ হবে বলে কাগজে বিবৃতি দেন। কয়েকদিন পূর্বে মাননীয় শিল্পমন্ত্রিমহাশয় বললেন হলদিয়া পেট্রো-কেমিক্যাল শিল্প স্থাপন হলেই বহু বেকারীর কর্মসংস্থানের সুযোগ হবে। এরূপ বিবৃতি দেওয়ার সংগে সংগেই শত শত বেকার ছেলে এম. এল. এ'দের ঘিরে ধরে প্রশ্ন করেন আমাদের চাকরি এইবার হবে তো? এইসব প্রশ্নের সদুত্তর দিতে গিয়ে আমাদের বিব্রত বোধ ক তে হয়। এইজন্য মাননীয় মন্ত্রীদের কাছে আমার আবেদন আগে বেকার ছেলেদের কাজ দিন ত রপর কাগজে বিবৃতি দিন। তবে এই সরকার বেকারীর জন্য কিছু করে নি একথা বললে

সরকারের প্রতি অবিচার করা হবে। এই সরকারের বয়স মাত্র সাড়ে চার মাস। এই অল্পদিনেই এই সরকার রুগ্ন কলকারখানাকে সাহায্য দিয়ে ও বন্ধ কলকারখানাকে খুলে ৬০ হাজার শ্রমিক কর্মচারীর জীবিকার ব্যবস্থা করে দিয়েছেন। এর ফলে ৬০ হাজার পরিবার উপকৃত হয়েছেন। ক্ষুদ্রায়তন কুটিরশিল্প স্থাপন করে ৮,৭৯০ জনের কর্মসংস্থানের ব্যবস্থা করে দিয়েছেন। তাছাড়া সরকারী বিভাগে যে ২,২০০ পদ খালি আছে তা বেকার ছেলেদের দিয়ে ঐ পদগুলি পূরণ করবেন বলে সরকার ঘোষণা করেছেন। এই দিয়ে পর্বতপ্রমাণ সমস্যা মিটবে না। এই জন্যই হলদিয়া প্রকল্পের রূপায়ণ, হুগলী নদীর দ্বিতীয় সেতুর কাজ, সি. এম. ডি. এ. এলাকার কাজ ও হুগলীর ডানকুনির ডেয়ারী প্রকল্পের রূপায়ণ ত্বরান্বিত করবার জন্য সরকারকে সচেষ্ট হতে হবে। কেন না যদি বেকার যুবক-যুবতীরা ভবিষ্যতের উজ্জ্বল আশার আলো দেখতে পান তাহলে তারা ধৈর্য নিয়ে আরো কিছুদিন অপেক্ষা করতে পারেন। তবে একথা ঠিক সরকার চাকরি দিয়ে বেকার সমস্যার সমাধান করতে পারবেন না। এইজন্য বেকার ছেলেরা যাতে কারিগরি শিক্ষা পায় তার সুযোগ সৃষ্টি করার জন্য সরকারকে উদ্যোগী হতে হবে। কারিগরী শিক্ষা গ্রহণের সময় এইসব বেকার ছেলেদের একটি ট্রেনিং অ্যালাউন্স'এর ব্যবস্থা করতে হবে। তাহলে এইসব বেকার ছেলে কারিগরী শিক্ষা নিয়ে ক্ষুদ্রায়তন শিল্প ইউনিট গড়ে তোলার সুযোগ পাবেন। তাছাড়া অফিস, কলকারখানা, ব্যাংক ও পোস্ট অফিসে ওভারটাইম বন্ধ করে বেকার ছেলেদের চাকরির সুযোগ করে দেবার জন্য আমি সরকারের কাছে অনুরোধ করছি।

জয়হিন্দ্।

**Shri Pradip Bhattacharyya :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এটা খুবই আনন্দের কথা যে আজকে বিধানসভায় পশ্চিম বাংলার বেকার সমস্যা ও তার সমাধান সম্পর্কে কতকগুলি প্রস্তাব নিয়ে আলোচনা হচ্ছে। পশ্চিম বাংলার বেকার সমস্যা আজকের তরুণদের কাছে অত্যন্ত গুরুতর বিষয় সে বিষয়ে সন্দেহ নেই। নির্বাচনের আগে এই সরকারকে যারা ক্ষমতায় প্রতিষ্ঠিত করেছেন সেই হাজার হাজার, লক্ষ লক্ষ তরুণ তারা আশা করছেন এই সরকার আমাদের জন্য কিছু করবেন, এই সমস্যার সমাধানের কোন ইংগিত দেবেন। সেদিকে তাকিয়ে বর্তমানে আমরা নিশ্চয় এগিয়ে যাচ্ছি। তবে এগিয়ে যাচ্ছি বললেই শুধু সমস্যার সমাধান হবে না, এরজন্য কিছু সময়ের প্রয়োজন আছে। কারণ, এই সমস্যা আজকে পশ্চিম বাংলার সমাজজীবনের এত গভীরে তলিয়ে গেছে যে সেখান থেকে সমস্ত জিনিসটাকে তুলে নিয়ে এসে নতুন করে কার্যকরী করে নতুন করে সেটা সমাধানের পথ খুঁজতে হবে। কারণ, আজকের এই বেকার সমস্যার সমাধান কোন অ্যাডহক বেসিসে করা যাবে না, এরজন্য একটা পার্মানেন্ট মেজারমেন্ট নিতে হবে। একটা স্থায়ী সমাধানের পথ তৈরী করতে হবে। আজকে পশ্চিম বাংলায় যে বিরাট সংখ্যক বেকার যুবসমাজ রয়েছে, এদেরকে যদি প্রত্যেক বছরে এক লক্ষ করে চাকরি দেওয়া যায় তাহলে ১০ বছর পরে ১০ লক্ষ লোককে চাকরি দেওয়া যাবে, কিন্তু সেই ১০ বছরে আরো অনেক নূতন ১০ লক্ষ বেকার তৈরী হয়ে যাবে। পশ্চিম বাংলায় যেভাবে পপুলেসন বৃদ্ধি হচ্ছে সেদিকে তাকিয়ে কিন্তু আমাদের এই জিনিস মনে হবে এবং আমার বিশ্বাস সকলেই এটা সমর্থন করবেন যে এই জিনিসের সমাধান করার জন্য একটা পার্মানেন্ট পথ, একটা স্থায়ী পথ আমাদের খুঁজতে হবে এবং আমি বিশ্বাস করি যে সেইজন্য সময়ের প্রয়োজন আছে। কেবলমাত্র ওভারটাইম বন্ধ করে এই সমস্যার সমাধান করা যাবে না। কারণ, পশ্চিম বাংলায় যে সংখ্যক মানুষ কাজের সংগে জড়িত আছেন প্রায় ২১ লক্ষ-এর মত লোক যারা কোন না কোন প্রফেসনে বিভিন্ন কাজের সংগে যুক্ত আছেন যার সংগে ওভারটাইম প্রযোজ্য হতে পারে—এই ২১ লক্ষ লোক কি সকলেই ওভারটাইম করছেন? এর একটি পারসেনটেজ যদি ওভারটাইম করে থাকেন তাহলে সেটা ২৫ ভাগ হবে। সেখানে যদি এই ওভারটাইম বাদ দিয়ে নতুন লোকদের এমপ্লয়মেন্ট দেওয়া যায়, নতুন লোককে চাকরিতে নিয়োগ করা যায় তাহলে তার সংখ্যাটা খুব একটা হবে না, যে জিনিস দিয়ে পশ্চিম বাংলার এই ভয়াবহ বেকার সমস্যার সমাধান করা যাবে না। আমার মনে হয় এর মাধ্যমে হয়ত

আংশিক বেসিসে কিছু সমাধান করতে পারা যাবে, কিন্তু পার্মানেন্ট সলিউশান করা যাবে না। আমি এই কথা অস্বীকার করছি না যে কোথাও কোথাও বিশ্রী রকমভাবে ওভারটাইম করা হয় বা কারচুপি করা হয় আমি অস্বীকার করছি না কোথাও কোথাও মাসের মাইনে হয়ত ৩০০ টাকা, ওভারটাইম পান ৬০০ টাকা, এমন ফ্যাকট্রিও পশ্চিম বাংলায় অনেক আছে, এমনও অনেক ফ্যাকট্রি আছে যেখানে হয়ত পাঁচটার পরে কাজ শুরু হয়—নিশ্চয় সেগুলি সরকারকে দমন করতে হবে। সেজন্য নিশ্চয় সরকার সচেষ্ট হবেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু যেটা মৌলিক প্রশ্ন সেটা হচ্ছে এই বেকার সমস্যার সমাধানের পাশেই রয়েছে ফ্যাকট্রি কিম্বা অন্যান্য এলাকায় ওভারটাইম বন্ধ করে তার মোকাবিলা করা—এই দুই কিন্তু এক হচ্ছে না। বেকার সমস্যা সমাধানের আরো অনেক পথ বের করতে হবে। এটা একটা পথ হতে পারে, এতে সাময়িকভাবে কিছু লোককে চাকরি দেওয়া যেতে পারে না। পশ্চিম বাংলায় আজকে পরীক্ষা করলে দেখা যাবে যে প্ল্যানিং ঠিকমত না থাকার জন্য কোথাও কোথাও সমস্ত অনুপাতগুলিকে সমান না করার জন্য এত বেশী বেকার তৈরী হয়ে গেছে। কোথাও কোথাও এমন দেখা গেছে পূর্ববংগ থেকে যেসমস্ত ভায়েরা এখানে এসেছিলেন, যাদের একমাত্র জীবীকা ছিল পশ্চিম বাংলার কোন সরকারী অথবা বেসরকারী প্রতিষ্ঠানে কাজের মাধ্যমে সংসার নির্বাহ করা, এছাড়া যাদের ছেলেমেয়েদের বাঁচানোর আর অন্যকোন পথ নেই, তাদের বাড়ীর ছেলেমেয়েরাই আজকে বেশী সংখ্যক হারে বেকার হতে শুরু করেছে। সুতরাং আমাদের মনে রাখতে হবে যে এটা পশ্চিম বাংলার অর্থনীতির উপর একটা গুরুত্বপূর্ণ বিষয়। আর একটি জিনিস হচ্ছে পশ্চিম বাংলায় পপুলেসন যে হারে বেড়ে যাচ্ছে ঠিক সেই হারে কিন্তু উৎপাদন মানে কৃষির উৎপাদন ঠিকমত হচ্ছে না। ফলে হচ্ছে কি—এগ্রিকালচারের জন্য যে ধরনের মডার্ন ইন্সট্রুমেন্ট তৈরী করার প্রয়োজন আছে, অনেক ক্ষেত্রে তা হচ্ছে না। এবং agriculture সম্পর্কে আমাদের যে পুরানো idea, যে আদিম মামুলি ধারণা

[6-10—6-20 p. m.]

আমার মনে হয় এই ধরনের বেশ কিছু কারণের জন্য পশ্চিম বাংলার বেকার সমস্যা ক্রমাগত ভয়াবহ আকার ধারণ করেছে। ১৯৬১ সালে পশ্চিম বাংলায় যে total population তার প্রায় ৩৩% কাজ করতেন, বিভিন্ন কাজের সংগে জড়িত ছিলেন। ১৯৭১ সালে সেটা দাঁড়িয়েছে ২৮%। অর্থাৎ ৫% লোক যারা ১৯৬১ সালে কাজ করতেন ১৯৭১ সালে দেখা গেল তারা বেকার। কারণ কি? কতকগুলি কারণ নিশ্চয় আছে। রাজনৈতিক কারণ আছে। এমন কিছু কিছু আন্দোলন হয়েছে। যে আন্দোলনে পশ্চিমবঙ্গের সম্ভাবনাময় শিল্পপ্রতিষ্ঠানগুলিকে ভেংগে দেবার চেষ্টা করেছেন। অর্থনৈতিক উন্নয়নে কতকগুলি শিল্পকে নীচের দিকে নামিয়ে নিয়ে এসেছে। Force apply করে industry-কে violoted করে সেটা নষ্ট করে দেওয়া হয়েছে। কোথাও কোথাও দেখা গেছে এমন সমস্ত আন্দোলন হয়েছে, শ্রমিকের আন্দোলনের নামে সেখানে শ্রমিকের অর্থনৈতিক জীবনযাত্রার কোন প্রশ্ন জড়িত ছিল না, অর্থনৈতিক মান উন্নয়নের প্রশ্ন ছিল না, জীবনের উন্নয়নের কোন প্রশ্ন ছিল না। সেজন্য হয়ত একটা রাজনৈতিক কারণে আন্দোলন হয়েছে ফলে একটা শিল্পে বিরাট ক্ষতি হয়েছে, উৎপাদন ক্ষতিগ্রস্ত হয়েছে। কাজেই বৃহৎ আকারের শিল্পে, মৌলিক শিল্পে যদি উৎপাদন ব্যাহত হয় তাহলে তার সংগে জড়িত ছোট ছোট শিল্পে, মাঝারি যে শিল্প থাকে সেখানে effect এসে যায়, পশ্চিমবঙ্গে সেই জিনিস হয়েছে। সুতরাং এইভাবে ৫% বেকার অতিরিক্ত তৈরি হয়েছে। আরো একটা অত্যন্ত আশঙ্কার জিনিস আছে সেটা হচ্ছে কৃষি কাজের সংগে জড়িত চাষবাস করে খেতেন এমন লোকের সংখ্যা ১৯৬১ সালে ৪·৫ মিলিয়ন ছিল। আর ১৯৭১ সালে দাঁড়িয়েছে ৪ million অর্থাৎ আরো ·৫ মিলিয়ন পিপল যারা গ্রাম থেকে উঠে এসে জীবিকার সন্ধানে আশ্রয় নিতে চলেছেন। এরা যে গ্রাম থেকে উঠে শহরে চাকরির জন্য এল তাদের সেই অনুপাতে কর্মসংস্থান হয়নি, তার উপর আছে population। এই ধরণের কতকগুলি সমস্যা আজকে পশ্চিম বাংলার যে বেকার সমস্যা তাকে একটা জটিল সমস্যার চেহারায় দাঁড় করিয়ে দিয়েছে। সুতরাং আমি মনে, এই সমস্যার সমাধান

শুধু একটিমাত্র process-এ সম্ভব নয়। এর জন্য আরো অনেক process-এর কথা ভাবতে হবে। এবং যার মাধ্যমে সমাধানের ইঙ্গিত করা যেতে পারে। আর একটি সমস্যা হচ্ছে overtime। পশ্চিম বাংলার বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠানে সেটা সরকারী হোক আর বেসরকারী হোক কিম্বা factory থেকে কত overtime হচ্ছে প্রতিদিন তার কোন census নেই আমাদের কাছে। সুতরাং এটা প্রথমে বার করতে হবে এবং তারজন্য সময় দরকার। আপনারা অনেকে জানেন যে Bhagabati Commission-এর যে interim report পাওয়া গেছে তাতে অনেকগুলি কথা বলা হয়েছে যে, কিভাবে সমস্যার সমাধান হতে পারে। কিন্তু এই overtime বন্ধ করে কিভাবে নূতন করে employment দেওয়া যায়, কিভাবে নূতন করে চাকরি দেওয়া যায় সেকথা সেই report-এ নেই। সুতরাং এই জিনিস এককথায় বলতে গেলে প্রায় নূতন জিনিস। সুতরাং সেই জিনিসটা বাস্তবে রূপায়িত করবার জন্য যথেষ্ট সময় দরকার বলে মনে করি। আজকে পশ্চিমবঙ্গে যে বেকার সমস্যা দেখা দিয়েছে; এই সমস্যাকে সমাধান করার জন্য মাননীয় সদস্য অনেক রকম দৃষ্টিভংগী থেকে পর্যালোচনা করবার চেষ্টা করেছেন। কিন্তু একটা জিনিস আপনারা ইচ্ছা করেই হোক আর অনিচ্ছাকৃতই হোক avoid করে গেছেন। সেটা হচ্ছে, চাকরি দেবো, কিন্তু কোথায় চাকরি দেবো? সেটা কি শারীরিক পরিশ্রমের সংগে জড়িত এই রকম চাকরি, না কেবলমাত্র clerical চাকরি, সেটা কি স্কিলিক্যাল skilled work না unskilled work. এটা চিন্তা করতে হবে। আজকে পশ্চিমবঙ্গে যে পরিমাণ চাকরির সংস্থান খোলা আছে সেখানে হয়ত কিছু শিক্ষিত ছেলের চাকরি হতে পারে, unskilled ছেলেদের কিছু চাকরি হতে পারে। কিন্তু rural, গ্রামবাংলার লক্ষ লক্ষ ছেলে যারা ক্লাস সপ্তম, অষ্টম, নবম পর্যন্ত পড়েছেন, আবার ভূমিনীতির জন্য যারা জমি থেকে উঠে আসছেন তাদের চাকরির কি হবে? তারজন্য গ্রামবাংলায় কিভাবে চাকরির সংস্থান করা যায় সেজন্য চিন্তা করতে হবে। খুব আনন্দের কথা যারা শিক্ষিত ছেলে তারা শারীরিক পরিশ্রম করে কি সুন্দরভাবে কাজ করতে পারেন বীরভূম জেলায় জাহানাবাদ তার একটা উজ্জল দৃষ্টান্ত দিয়েছেন। সেখানে হাজার হাজার ছেলেরা camp খাটিয়ে পরিশ্রম করে দেখাচ্ছেন যে আমাদের degree যাই থাকুক না কেন, আমরা শারীরিক পরিশ্রমে ভীত নই। আমি মনে করি আমাদের দেশে এইরকম যারা কাজ করছেন সেদিকে আমাদের সকলকে দৃষ্টি দিতে হবে। তাই overtime বন্ধ করে বর্তমানে পশ্চিম বাংলার বেকার সমস্যা সমাধান করার একমাত্র পথ নয়। আরো কিছু পথ বার করতে হবে যার মাধ্যমে এই সমস্যা সমাধানের জন্য মোকাবিলা করতে পারি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Zainal Abedin:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা খুব আশান্বিত, এই হাউসে যে আহ্বান আমরা রেখেছিলাম যে আজকে সরকার পরিচালনার দায়িত্ব শুধু মন্ত্রিমণ্ডলীর নয়, দেশের সমস্ত সমাধানের দায়িত্ব শুধু মন্ত্রিমণ্ডলীর নয়, আজকে এই হাউসে ২০০ জন প্রতিনিধির মধ্যে যাঁরা উপস্থিত আছেন, তাঁদের সবাইকে এই দায়িত্ব ভাগ করে নিতে হবে। আমি উৎসাহিত এবং আনন্দিত যে আমাদের মাননীয় সদস্যবন্ধুরা আজকে উপযুক্ত গুরুত্ব দিয়ে এই সমস্যা সমাধানের জন্য আলোচনায় অবতীর্ণ হয়েছেন এবং আজকে পথ নির্দেশ করছেন। সেই জন্য যিনি এই প্রস্তাব উত্থাপন করেছেন, আমি তাঁকে প্রথমে অভিনন্দন জানাচ্ছি। বিষয়টি শ্রম দপ্তরের এক্তিয়ার-ভুক্ত, তথাপি আমার দপ্তরে দুর্গাপুর প্রোজেক্ট সম্বন্ধে কিছু তথ্য এখানে পরিবেশিত হয়েছে, মাননীয় সদস্য বারি সাহেব আমারই দেওয়া প্রশ্নোত্তরের উদ্ধৃতি করে আজকে দুর্গাপুর সম্বন্ধে অভিযোগ আকারে কিছু বক্তব্য রেখেছেন ওভারটাইম দেওয়া নিয়ে। আমি মাননীয় বন্ধুকে আপনার মাধ্যমে অনুরোধ করতে চাই আজকের পটভূমিকায় এটাকে বিচার করতে হবে। ঘটনা একটা ঘটে এবং নিশ্চয়ই আমরা তার উত্তর দিই। সেই উত্তর আমরা অস্বীকার করছি না, দুর্গাপুরে ওভারটাইম দেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বুঝতে হবে কি পটভূমিতে বা পরিস্থিতিতে এই ব্যবস্থা করা হয়েছে। একটা অদ্ভুত নিয়ম এই দুর্গাপুর সম্বন্ধে প্রচলিত আছে। এই পরিচালনব্যবস্থা পূর্বে ছিল ডেভেলাপমেন্ট ডিপার্টমেন্টের

হাতে। পরবর্তীকালে দুর্গাপুর বোর্ড গঠিত হয় এবং তারপর কমার্স এণ্ড ইনডাষ্ট্রি ডিপার্টমেন্টের তত্ত্বাবধানে থাকে এবং এখন একটা পৃথক ডিপার্টমেন্ট করা হয়েছে এবং সেটা হচ্ছে ডিপার্টমেন্ট অব পাবলিক আণ্ডারটেকিংস। ১০টি লিস্টেড আণ্ডারটেকিংএর মধ্যে দুর্গাপুর প্রোজেক্ট অন্যতম। এই দুর্গাপুরের শ্রমিকদের ইনসেনটিভ দেবার জন্য একটা ব্যবস্থা ছিল যে তাদের যে পে তার উপর ৩৫ পারসেন্ট বোনাস দিতে হবে প্রতি মাসে। অর্থাৎ অবস্থা যা দাঁড়াচ্ছে একটা শ্রমিক আজকে যদি ১২ দিন কাজ করে ৪ দিন সে অফ পায়, তাহলে ১২ এবং ৪ দিন নিয়ে ১৬ দিন হয়ে গেল, আর বাকি রইলো ১৪ দিন। এই ১৪ দিন কাজ করার জন্য সে প্রস্তুত নয়। কারণ, সে ৩৫ পারসেন্ট পাবে। এই যে প্ল্যাণ্ড অ্যাবসেনটিজম হচ্ছে এটা একটা চিন্তা করার বিষয়। বিশ্বনাথবাবু এখানে নেই, থাকলে ভাল হত।

**Shri Niranjan Dihidar :** এই ইনসেনটিভ কি প্রোডাকসনের সংগে কানেকটেড?

**Dr. Zainal Abedin :** এর ফলটি প্রোডাকসনের সংগে রিলেটেড নয় বিকজ অব দিস ফলটি মেকানিজম অব দিস ইনসেনটিভ—অবস্থাটা এই দাঁড়াচ্ছে। প্ল্যাণ্ড অ্যাবসেনটিজম হচ্ছে কি করে? যেখানে আমরা ১৬ দিন কাজ করলাম তাই I am entitled to 35 per cent of may pay as incentive. বাধ্যতামূলক বোনাস কোম্পানীকে দিতেই হবে।

[6-20—6-30 p. m.]

বাধ্যতামূলক বোনাস দিতে হবে, অন্য দিকে একদিন কাজ করে, ওভারটাইম কাজ করে দু-দিনের মাইনে পাবে। ১৪ দিন হাতে আছে ১৬ দিন কাজ করলে বোনাস পাবে। ৭ দিন কাজ করার পরে শুনতে পাচ্ছি একটা পরিকল্পনা করে করা হচ্ছে এবং ১৯৬৭ সালের পরে একাধিক সরকার হয়েছে কিন্তু এই দিকে দৃষ্টি দেন নি। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমরা দায়িত্ব নেবার পরে দুর্গাপুরের ম্যানেজিং ডিরেকটরকে এই বিষয়ে একটা রিভাইসড অর্ডার দিয়েছি, অর্ডার নম্বর এখানে পড়ে শোনাচ্ছি—এইটা বন্ধ করার জন্য সারকুলার নং ১২৫৭/এম ডি/অর্ডার/৭২, ডেটেড ৪ঠা মে, ১৯৭২। এই সময়ে একটা অর্ডার দেওয়া হয়েছে। The Departmental heads are hereby requested not to book any workmen on overtime excepting in very exceptional circumstances. For that no work should be kept on overtime for more than 50 hours for a quarter which is the statutory limit. As regards known workers, the overtime should be reduced to irreduceable minimum and in no case it should exceed 120 hours in a calendar year. If it becomes absolutely necessary to exceed the above limit the departmental head will take prior approval of the Managing Director before allowing any overtime. এই সমস্যা সম্বন্ধে ডিপার্টমেন্ট সম্পূর্ণ অবগত এই কথা মাননীয় রাষ্ট্রমন্ত্রী শ্রম দপ্তরের তিনি বলেছেন। ওভার টাইম বন্ধ করাই একমাত্র নিয়োগ ব্যবস্থা নয়—এমপ্লয়মেন্ট ব্যবস্থা নয়। আমরা এই বিষয়ে সম্পূর্ণ সচেতন রয়েছি যে ওভারটাইম বন্ধ করে যে প্ল্যাণ্ড অ্যাবসেনটিজিম আছে এইটাকে আঘাত করে কি করে আমরা এমপ্লয়মেন্ট পোটেনশিয়ালিটি বাড়াতে পারি, শুধু তাই নয় আমাদের দুর্গাপুরের ম্যানেজমেন্ট ইউনিয়নের সংগে আলোচনা শুরু করেছে যে আজকে সংশ্লিষ্ট কার্মদের প্রডাকশনে ওরিয়েনটেড ইনসেনটিভ দিতে হবে, শ্রমমন্ত্রী যে কথা প্রম্‌ট করেছেন। নন্‌-প্রডাকটিভ ওরিয়েণ্টেড ইনসেনটিভ আমরা পেয়ে যাচ্ছি এবং দুর্ভাগের বিষয় আজ পর্যন্ত কোন সরকার এই দিকে দৃষ্টি দেননি এতটুকু নজর পর্যন্ত দেননি। আমরা চেষ্টা করছি, দু-এক দিনে সম্ভব নয়। তাই যে প্ল্যান্ট এবসেনটিজিম আছে তার ফলে সেই প্ল্যান্ট বন্ধ হয়ে যাবে—প্ল্যান্ট চলতে পারে না, কেন না সেই ইউনিটে অ্যাবসেনটিজিমএর ফলে—অনুপস্থিত থাকার ফলে উপায় নাই। আজকে সেই ব্যবস্থা যেখানে যুক্ত আছে যেখানে ইনসেনটিভ দেওয়া হয় বোনাস দেওয়া হয় সেখানে আমরা এই ব্যবস্থা রহিত

করবার চেষ্টা করছি। ইউনিয়নের সংগে আলোচনা হচ্ছে এবং সেখানে যে কাজ করবে তাকে ৩৫% মাইনে দেওয়া হবে, বেশী একসট্রা যেটা এইটাতে কোন বাড়াবার উপায় নেই একেবারে ফিক্সড। আজকে যদি ওভারটাইম না দেওয়া যায় তাহলে প্রডাকশন সম্পূর্ণ বন্ধ হয়ে যাবে। আপনি জানেন আমরা ১৯৭০-৭১ সালের হিসাব দিয়েছি ৩ কোটি ৬১ লক্ষ টাকা লোকসান হয়েছে। আজকে এই দিকে নজর না রাখলে প্ল্যান্ট অ্যাণ্ড মেশিনারী ড্যামেজ হয়ে যেতে পারে। কিন্তু এখানে বলা হয়েছে পরিকল্পিত উপায়ে অনুপস্থিত থাকা হয়। একদিন কাজ করে দু-দিনের মাইনে পাবে আর সাতদিন কাজ করে ১৪ দিনএর কাজ হবে, এই ধরনের বেনিফিট তারা পান। এইটা সম্বন্ধে সেখানে এখন আলোচনা চলছে। ১৯৬৭ সালের পর থেকে একাধিক সরকার পরিবর্তন হয়েছে কিন্তু এই দিকে কেউ দৃষ্টি দেননি। মাননীয় সদস্যরা নিশ্চয়ই অবগত আছেন যে ১৯৭১ সাল এরপর এই অবস্থা রহিত করবার চেষ্টা করা হচ্ছে এবং এটা যে প্রথম এই ব্যবস্থার জন্য আলোচনা শুরু হয়েছে এবং এখনও আলোচনা চলছে। ওভারটাইমের ক্ষেত্রে আমরা এই ইরিডিউসিবল মিনিমামের জায়গায় একটা স্টেটুটোরি লিমিট করতে চাই। তবুও যেখানে মাংথলি পেমেন্ট আমাদের ওয়েজ বিলে দেওয়া হয় ২৪ লক্ষ টাকা সেখানে সারা বছরে ১৯ লক্ষ টাকা টু দি পারসেনটেজ অফ সিকস পারসেন্ট দিতে হয়। আজকে যদি বেসরকারী প্রতিষ্ঠানগুলোকে দেখা যায় আমরা দেখবো আমাদের এখানে পজিসান অপেক্ষাকৃত হ্যাপিয়ার। অনেক জায়গায় দেখেছি বাধ্যতামূলকভাবে ম্যানেজমেন্টকে বাধ্য করে ওভারটাইম পাবার জন্য। এই প্ল্যান অ্যাবসেনটিজম করে আমাদের যেখানে ২৪ লক্ষ টাকা ওয়েজ বিল করে পার মানথ দিতে হয় সেখানে ১৯ লক্ষ টাকা বছরে খুব একটা বেশী নয় এই ত্রুটিপূর্ণ ব্যবস্থার মধ্যেও। এইটা যাতে আমরা কমাতে পারি, ইরিডিউসিবল মিনিমামে নিয়ে আসতে পারি সেইজন্য আমরা আয়োজন করছি। দুর্গাপুর প্রজেক্ট লিমিটেডে আমরা কোন ক্রমেই একেবারে ওভারটাইমকে এলিমিনেট করতে পারবো না। কিন্তু রিভাইজড ম্যানিং স্কীমএর আমরা চেষ্টা করছি যেন provision for leave reserve has been made to eliminate overtime against absenteeism. এইটা যেন আমরা করতে পারি সেইদিকে আমরা দৃষ্টি দিয়েছি এবং আমরা আশা করি একটা শান্তিপূর্ণ উপায়ে সকলের সহযোগিতায় আমরা ওভারটাইমকে ইরিডিউসেবল মিনিমামে নিয়ে আসতে পারবো। মাননীয় বারি সাহেব যে অভিযোগ করেছিলেন তার উত্তরে আমি যে বক্তব্য রাখলাম তাতে নিশ্চয় তিনি অনুধাবন করবেন বলে আশা করি যে কি অবস্থায় ম্যানেজমেন্ট দিতে বাধ্য হয়েছে তার যুক্তি। এই বক্তব্য রেখে আমি আজকের জবাব শেষ করছি।

**Mr. Speaker:** Hon'ble Members, discussion on the motion is to continue up to 6-30 p m. I, however, find that there are some honourable members who want to speak on this motion and also the mover will have the right of reply. If, therefore, the House agrees, I may extend the time fot discussion by half an hour i. e., up to 7 p.m. under rule 290.

(Voices—Yes)

So, the time for discussion on this motion is extended up to 7 p.m.

### 10th Report of the Business Advisory Committee

**Mr. Speaker:** I beg to present the 10th Report of the Business Advisory Committee, which at its meeting held on 3rd August, 1972 in

my chamber, considered the question of allocation of date and time for disposal of the legislative business and recommended as follows :

Thursday, 10th August, 1972—

(i) Laying of Report, Rules, etc.

(ii) The West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1972.
(Introduction, Consideration and Passing)—½ hour.

(iii) The Calcutta Municipal (Fourth Amendment) Bill, 1972.
(Introduction, Consideration and Passing)—1 hour.

(iv) Motion under rule 185 regarding drought in some districts of West Bengal by Shri Abdul Bari Biswas—3 hours.

There will be no Mention Cases on that date.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I beg to move that the 10th Report of the Business Advisory Committee presented this day, be agreed to by the House.

The motion was then adopted.

## MENTION UNDER RULE 185

[6-30—6-40 p.m ]

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্যদ্বয় শ্রীমৃগেন্দ্র মুখার্জী ও শ্রীসুকুমার ব্যানার্জী যে প্রস্তাব ১৮৫নং আইনের আওতায় এনেছেন ও ঐ প্রস্তাবের উপরে শ্রীআবদুল বারি বিশ্বাস যে সংশোধনী এনেছেন এই সংশোধিত প্রস্তাবটি আমি স্বীকার ও সমর্থন করছি। এই প্রস্তাবে দুটি অংশ আছে। প্রথম অংশে পশ্চিমবংগের ভয়াবহ বেকার সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষণ করে রাজ্যসরকারকে জরুরীভিত্তিক এই সমস্যা সমাধানে আহ্বান জানানো হয়েছে। দ্বিতীয় বিশেষ ২টি ব্যবস্থার মাধ্যমে নূতন কর্মসংস্থান কতখানি সম্ভব সেটা পরীক্ষা করে দেখতে অনুরোধ করা হয়েছে। পশ্চিম বাংলার বেকার সমস্যা যে বিশেষভাবে ভয়াবহ এবং ভারতবর্ষের অন্যান্য প্রদেশের চেয়ে এই সমস্যা যে এখানে আরও বেশী ব্যাপক এবং উদ্বেগজনক সে কথা পূর্ববর্তী বক্তরা বলেছেন। শ্রমদপ্তরের রাষ্ট্রমন্ত্রী বিশেষ তথ্য দিয়ে বুঝিয়েছেন এই সমস্যা এত গুরুতর হয়ে উঠল কি করে ১৯৬১ সালের census-এ দেখলাম আমাদের State-এ total population আর workers-এর ratio ছিল 33 per cent. এই ratio কমে এসে দাঁড়াল কি সেটা ১৯৭১ সালের census analysis করলেই দেখা যাবে total workers ratio to total population দাঁড়াচ্ছে 28 per cent. এর ফলে হল average-এ শতকরা ৫ ভাগ চাকরি সৃষ্টি করতে আমরা ব্যর্থ হলাম। ১০ বছরে ৫% চাকরি সৃষ্টি করতে যে ব্যর্থতা তার reaction on the society কি হল? 2 2 million বেকার সৃষ্টি হল। আমরা 33 per cent norm maintain করতে পারতাম যদি 5 per cent চাকরি সৃষ্টি করতে পারতাম। কিন্তু সেটা ১৯৭১ সালে backlog এসে দাঁড়াল ২২ লক্ষ। প্রতি বছর কত বেকার সৃষ্টি হচ্ছে পশ্চিমবাংলায় এ সম্পর্কে report থেকে একটা line উদ্ধৃতি করছি—Unemployment in West Bengal continues to swell at the rate of half a million every year. Out of this, at least 2 lakhs are educated unemployed, the highest by any inter-State comparison every year. Eighty thousand University graduates enter the labour market of which hardly 2,500 have some sort

of vocational background. In rural areas the number of less educated youths seeking employment per year is estimated at an additional 1 lakh 20 thousand, thus making a total of 2 lakhs প্রতি বছর নূতন বেকার সৃষ্টি হচ্ছে ২ লক্ষ—শিক্ষিত ও অশিক্ষিত, শহরে ও গ্রামে। এর জায়গায় আমাদের চাকরি সংস্থান স্বাভাবিকভাবে পশ্চিম বাংলায় কত হয়েছে—On the other hand, new jobs available through retirement, death of disability of existing workers do not exceed 10 thousand a year. The rest 1 lakh 90 thousand inflate annually the backlog of unemplyment এই ঘটনার পর ২২ লক্ষ backlog নিয়ে আরম্ভ করেছি। প্রতি বছর ১ লক্ষ ৯৯ হাজার সংখ্যায় যোগ হচ্ছে। সমস্যা যে ভয়াবহ সে বিষয়ে সন্দেহ নেই। বিস্ফোরকের আগের stage। এটা ধ্রুব সত্য এবং শ্রমদপ্তরের রাষ্ট্রমন্ত্রী সে সব তথ্য দিয়ে বুঝিয়ে দিয়েছেন। যদিও কৃষিক্ষেত্রে আমরা কিছু উন্নতি করেছি, খাদ্যোৎপাদনের quantity বাড়িয়েছি হয়ত gross area of cultivation বেড়েছে—কিন্তু employment বাড়েনি, বরং eviction হয়েছে। কিছু মানুষ যারা কৃষি কাজ থেকে evicted হয়েছে তারা সব অন্য কোথাও চাকরির জন্য এসেছে। সুতরাং সেখান থেকে একটা চিত্র আমাদের কাছে পরিষ্কার হয়েছে যে কৃষিউৎপাদন বৃদ্ধি বা সেখানে inputs যা সরকার দিয়েছে—দীর্ঘদিন ধরে তা যথেষ্ট পরিমানে না হলেও—তাতে shallow tubewell, deep tubewell হয়েছে, fertiliser, insecticide-এর ব্যবহার বেড়েছে এবং high yielding and quick result giving seeds-এর প্রচলন অনেক পরিমাণে বেড়ে গেছে। খাদ্য উৎপাদনে কোয়ানটিটি অনেক বেড়েছে কিন্তু এমপ্লয়মেন্ট কমে গেছে অত্যন্ত সিগনিফিকান্ট জিনিস এটা, এটা দেখতে হবে। আমাদের দেশে সাধারণতঃ তিনটি সেকটারে এমপ্লয়মেন্টের ব্যবস্থা আছে প্রাইমারী অর্থাৎ এগ্রিকালচার, সেকেণ্ডারী অর্থাৎ ইণ্ডাস্ট্রী এবং টারটিয়ারী। টারসিয়ারীর সম্বন্ধে আলোচনা করার কোন বিশেষ প্রয়োজন নাই। প্রাইমারী সম্বন্ধে যদি এগ্রিকালচার ধরি তাহলে সেখানে পজিসন কি—১৩৬ লক্ষ একর জমি আমাদের কৃষিযোগ্য আছে কিন্তু গ্রস কত একর জমিতে আমরা চাষ করি, ১৮৪ লক্ষ একর। অর্থাৎ কিছু জমিতে আমাদের চাষ একবারের বেশী হয় তাতে রেশিও গিয়ে দাঁড়াচ্ছে ১'৩৫। কত লোক কৃষিতে নিযুক্ত আছে, সরকারী হিসাবে ৭২ লক্ষ লোক। কিন্তু আমরা জানি ৭০টা ম্যানডেজ লাগে এক একর জমিতে ফসল ফলাতে। এইভাবে যদি হিসাব করা যায় তাহলে দেখা যাবে ফুল টাইম এমপ্লয়মেন্ট অর্থাৎ একজন লোককে বছরে ২৫০ দিন কম পক্ষে কাজ দেবার জন্য যে কাজ সেই ফুল টাইম এমপ্লয়মেন্ট ১৮৪ লক্ষ জমিতে চাষ করে আমরা দিতে পারি ৫২ লক্ষ লোককে। ২০ লক্ষ কৃষিতে নিযুক্ত আছে যারা ফুলটাইম এমপ্লয়মেন্ট পাচ্ছে না, এমন লোক আছে যারা আণ্ডার এমপ্লয়েড অর হাফ এমপ্লয়েড। সুতারাং সমস্যা যে ভয়াবহ এ বিষয়ে কোন সন্দেহ নেই। এই বিষয়ে সদস্যদের আশ্বাস দিতে পারি সরকারও এই সমস্যার সম্বন্ধে সম্পূর্ণ সচেতন এবং সরকারের উদ্বেগ নিশ্চয়ই কম নয় একথাও আমি বলতে পারি। এই সমস্যার সমাধান হবে কি করে? এই যে বিরাট ব্যাকলগ, অনেকে ভাবেন পশ্চিমবংগ বুঝি শিল্পপ্রধান দেশ একথা ধ্রুব সত্য যে কয়েক বছর আগে ১৯৬৫ সাল পর্যন্ত পশ্চিমবংগ ভারতবর্ষের সমস্ত প্রদেশগুলির ক্ষেত্রে শিল্পে সবচেয়ে বেশি অগ্রসর ছিল। ১৯৬৫-৬৬ সালের হিসাব যা আমরা দেখেছি সেখানে গ্রোথ রেট ইণ্ডাস্ট্রীয়াল সেক্টর পশ্চিমবংগে সবচেয়ে বেশি ছিল, মহারাষ্ট্র থেকেও বেশি ছিল। কিন্তু তথাপি একথা সত্য যে, পশ্চিমবংগের অর্থনীতি শিল্প-নির্ভর নয়, ছিল না, কোন দিনও থাকতে পারে না, পশ্চিমবংগের অর্থনীতি মূলতঃ কৃষি-নির্ভর ছিল, আজও কৃষি নির্ভর আছে, ভবিষ্যতে যদি পশ্চিমবংগের অর্থনীতিকে বাঁচাতে হয় তাহলে কৃষির উপর ভিত্তি করেই বাঁচাতে হবে। শুধু শিল্প সৃষ্টি করে পশ্চিমবংগকে বাঁচানো যাবে না, শুধু শিল্প সৃষ্টি করে পশ্চিমবংগের বেকার সমস্যার সমাধান করা যাবে না এ আমরা জানি। সুতরাং পশ্চিমবংগে বেকার সমস্যার সমাধান সত্যই যদি করতে হয় তাহলে

প্রাইমারী সেক্টর-এর উপর এমফ্যাসিস দিতে হবে সে বিষয়ে দ্বিমত নেই। যদি এই ১'৩৫ রেট অব কাল্‌টিভেশনের জায়গায় ২'৩৫ রেট অব কালটিভেশন করতে পারি তাহলে গ্রামের মাটিতে কত বেশি সংখ্যায় কর্ম সংস্থান করতে পারি সেটা সহজে হিসাব করে বের করতে পারেন। প্রথমতঃ হচ্ছে এগ্রিকালচারের যে ইনভেসমেন্ট হবে তাতে অত্যন্ত কম টাকায় বেশি এমপ্লয়মেন্ট ক্রিয়েট করা যাবে। একটা রাফ এষ্টিমেট হচ্ছে যদি ৫ হাজার টাকা ইনভেস্ট করি এগ্রিকালচারে তাহলে দুবছরের মধ্যে তিনটে এমপ্লয়মেন্ট সেখানে ক্রিয়েটেড হতে পারে এবং ১ টাকার ইনভেসমেন্টে রিটার্ণ হিসাবে ৩ টাকা আমরা পেতে পারি। সুতরাং যদি আমরা বেশি এমপ্লয়মেন্ট ক্রিয়েট করতে চাই, যদি অর্থনীতির বুনিয়াদকে শক্ত করতে চাই তাহলে পশ্চিমবংগে কৃষির দিকে জোর দিতে হবে যে জোর আমি বার বার আগে বিধানসভায় বলেছি আজও বলছি পাশ্চমবংগ সরকার দিয়েছে। এক বছরের যে কর্মসূচী পশ্চিমবংগ সরকার গ্রহণ করেছেন সেখানে প্রাইমারী সেক্টরের ডেভালপমেন্টের জন্য পশ্চিমবংগ সরকার যথাযোগ্য জোর দিয়েছেন, সেখানে ড্রেনেজ, ইরিগেশন, গ্রামে পাওয়ার নিয়ে যাবার জন্য, অতিরিক্ত ফার্টিলাইজারের জন্য, ইন্‌সেক্‌টিসাইডের জন্য, হাইইল্ডিং সীড্‌স-এর জন্য, ক্যাশ ইনপুটসের জন্য, পশ্চিমবংগ সরকার বিশেষভাবে জোর দিয়েছেন।

[6-40—6-50 p. m.]

সুতরাং প্রাইমারী সেক্টরকে যদি ডেভলপ করতে পারি, প্রোপার্লি যেভাবে এটা খরচ করা উচিত সেইভাবে যদি খরচ করতে পারি তাহলে আমরা কুইকলি প্রাইমারি সেক্টার-এ এমপ্লয়মেন্ট ক্রিয়েট করতে পারব। আমরা জানি আমাদের পশ্চিম বাংলায় চাষের জন্য যদি টু পয়েন্ট ফাইভ ক্রপ পার ল্যাণ্ড আর এরিয়া করতে পারি তাহলে যে কিষাণের দরকার হবে, যে শ্রমিকের দরকার হবে সেই শ্রমিক পশ্চিম বাংলা সরবরাহ করতে পারবে না বর্ধমান এবং হুগলী জেলার সদস্য যাঁরা আছেন আমন ফসল যখন হয় অর্থাৎ যে ধান হতে চলেছে সেই ধানের জন্য বর্ধমান জেলার মাঠে কাজ করবার জন্য বিহার থেকে সাধারণভাবে প্রতিবছর কিষাণ আমদানী করা হয়, হুগলী জেলায়ও করা হয়। সুতরাং ইনটেনসিভ কালটিভেসন যদি আমরা পশ্চিম বাংলায় করতে পারি তাহলে আমাদের যে করাল আনএমপ্লয়মেন্ট আছে সেটা তো যাবেই, উপরন্তু বাইরে থেকে কিছু শ্রমিককে আমরা স্থান দিতে পারব। মাননীয় সদস্য হরশংকরবাবু অত্যন্ত সত্য কথা বলেছেন যে, পশ্চিম বাংলায় কিছু কিছু ছোট ছোট শিল্প, কাপড় কল বা কনজিউমার্স ইনডাস্ট্রী কেন বন্ধ হল? তার অন্যতম কারণ হচ্ছে এদের বাজার কমে গেল। বংগলক্ষ্মী মিলের কাপড়ের বাজার পশ্চিম বাংলায় নেই সেটা বিক্রি হচ্ছে রাজস্থানের বাজারে। রামপুরিয়া কটন মিলের কাপড় বিক্রি হবে মধ্যপ্রদেশের মার্কেটে। আজকে যদি পশ্চিম বাংলায় কোন ফ্যান কারখানা বন্ধ হয় তার কারণ পশ্চিম বাংলার গ্রামে ইলেকট্রিক ফ্যান বিক্রি হবার মার্কেট নেই। যদি কোন ইলেকট্রি রেডিওর কারখানা বন্ধ হয় তার কারণ পশ্চিম বাংলার গ্রামে ইলেকট্রিক রেডিও বিক্রি হবার মার্কেট নেই। সুতরাং শিল্পের অনেক জিনিস নির্ভর করে তার মার্কেটের উপরে এবং মার্কেট নির্ভর করে পার্চেজিং ক্যাপাসিটির উপরে। আজকে যদি গ্রাম বাংলার উন্নতি হয় অর্থাৎ কৃষির উন্নতি হয় এবং সেখানে যদি নানা রকম ইমপুট্‌সএর দরকার হয় তাহলে তার পেছনে আমরা কি দেখি? আমরা ফার্টিলাইজার কারখানা করব, কিন্তু যদি এগ্রিকালচারাল ইমপ্লিমেন্টএর দরকার হয় তাহলে তারজন্য কারখানা করতে হবে। আজকে স্যালো টিউবওয়েলের জন্য মোটোর আসে সুদূর মহারাষ্ট্র থেকে। কিরোলোসকর ছাড়া মোটর হয় না। কাজেই স্যালো টিউবওয়েলের জন্য যখন মোটর লাগবে তখন পশ্চিম বাংলায় মোটর কারখানা হতে পারে। ইনসেকটিসাইডসএর জন্য কারকাখা, রাস্তাঘাট করবার জন্য সিমেন্টের কারখানা হতে পারে, ট্রান্সপোর্টএর জন্য কারখানা হতে পারে, র মেটেরিয়ালস সাপ্লাই করতে পারলে গ্রামে নূতন নূতন ইনডাসট্রি গড়ে উঠতে পারে। সুতরাং গ্রামকে বাদ দিয়ে শুধু শহরের ইনডাসট্রির উপর নির্ভর করলে এমপ্লয়মেন্ট বাড়বে না। আপনারা যদি বাজেটের দিকে তাকান তাহলে দেখতে পারবেন এবং আমি দৃঢ়তার সংগে ঘোষণা করতে পারি পশ্চিম বাংলার বর্তমান

সরকার সঠিকভাবে ওই এগ্রিকালচার, ওই বিদ্যুৎ সরবরাহ, ওই গ্রামীণ অর্থনীতি শক্ত করবার জন্য যে প্রকল্প তার উপর সবচেয়ে বেশী গুরুত্ব দিয়েছেন এবং গুরুত্ব আরোপ করে কাজ শুরু করেছেন। বিপর্যয় কিছু কিছু ঘটেছে কিন্তু তার সংগে লড়াই করে বাঁচতে হয় এবং তাতেই আনন্দ। সেকেণ্ডারী সেকটরে দুটি পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে এবং তার একটি হল সর্টটার্ম এবং আর একটি হল লং টার্ম। সর্টটার্ম যেটা গ্রহণ করেছি সেটা হচ্ছে পশ্চিম বাংলায় যা কিছু ইনফ্রা-স্ট্রাকচার আছে ভাংগা, বন্ধ, পুরাণ, নূতন যেগুলি বন্ধ হয়েছে, সিক ইনডাসট্রি যেগুলি বন্ধ রয়েছে সেগুলিকে কাজে লাগাতে চাই। সর্টটার্ম প্রোগ্রামে আমরা কিন্তু কোন ইনফ্রা-স্ট্রাকচারকে নষ্ট হতে দিতে চাই না। সেখানে যতদূর সম্ভব কাজে লাগিয়ে সেখানে আমরা ইনডাসট্রি নূতন করে গড়তে চাচ্ছি। এর দুটি সুবিধা আছে। একটা সুবিধা হচ্ছে কি, কম টাকায় হয়। সেখানে লং টার্ম-এ নূতন ইনডাসট্রি সৃষ্টি করতে গেলে ১৮/২০ হাজার টাকা খরচ হয় একটা লোকের কর্মসংস্থান করতে গেলে। সেখানে পুরাতন ইনডাসট্রিকে রিভাইব করে কর্মসংস্থান সৃষ্টি করতে গেলে তার ওয়ানফোর্থ অর্থাৎ চার থেকে পাঁচ হাজার টাকা খরচ হয়। দ্বিতীয় সুবিধা হচ্ছে কি, নূতন ইনডাসট্রির একটা গেস্টাসন পিরিয়ড আছে কিন্তু এই পুরাতন ইনডাসট্রি করতে পারলে এই গেস্টাসন পিরিয়ড নাই, কাল থেকে কারখানা চালু করে দিলে কাল থেকেই লোক কাজ করতে শুরু করবে। এবং সাত দিন, কি আট দিন, কি ১০ দিন পর থেকে তার থেকে প্রডাকসন শুরু হবে। এই সর্টটার্ম যে পরিকল্পনা অর্থাৎ ক্লোজড অ্যাণ্ড সিক ইনডাসট্রিস রিভাইব করা। এ শুধু লার্জ স্কেল, মিডিয়াম স্কেলে নয়, আমি যতদূর জানি কটেজ ইনডাসট্রির ক্ষেত্রেও, স্মল স্কেল ইনডাসট্রির ক্ষেত্রেও কটেজ ইনডাসট্রিস মিনিসট্রি এবং স্মল স্কেল ইনডাসট্রিস মিনিসট্রি গুরুত্ব দিয়ে কটেজ ইনডাসট্রি যেভাবে রুগ্ন হয়ে পড়ে আছে সেগুলিকে রিভাইব করবার চেষ্টা করছে। লং টার্ম পরিকল্পনার কথা আপনারা অনেকে উল্লেখও করেছেন। বিরাট পুঁজি নিয়োগের প্রশ্ন সেখানে আছে, সময়ের প্রশ্ন সেখানে আছে, অতিরিক্ত পাওয়ার সৃষ্টি করার প্রশ্ন সেখানে আছে, সেগুলি পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে ধীরে ধীরে হবে। কিন্তু ইমিডিয়েট যে প্রবলেম সেই প্রবলেমকে খানিকটা আংশিকভাবে ট্যাকল করার জন্য সর্টটার্ম পরিকল্পনার উপর জোর দেওয়া হয়েছে। এবং সেইজন্য কাজ কতটা হয়েছে, কতটা হচ্ছে, সেটা প্রত্যেকেই আপনারা খবর নিচ্ছেন এবং খবর আমরা যথাসাধ্য চেষ্টা করছি দেবার। এই প্রসংগে কিছু কিছু সদস্য বলেছেন যে আমাদের এইরকম একটা ম্যাসিভ আন-এমপ্লয়মেন্টের প্রশ্ন, যখন আমাদের এমপ্লয়মেন্ট গ্রোথ রেট এত কম, তখন আমাদের সেখানে যা কিছু ক্ষুদ-কুড়া আছে অর্থাৎ সেখানে যা কিছু নিয়োগের সম্ভাবনা আছে উই মাস্ট জিলাসলি গার্ড ইট ফর দি লোক্যাল পিপল। এই সেন্টিমেন্ট অস্বীকার করা যায় না। বিশেষ করে এইরকম ভয়াবহ বেকার সমস্যা এবং সবচেয়ে দেখতে পাচ্ছি প্রতি বৎসর দুই লক্ষ করে বেকার বাড়ছে তখন চ্যারিটেবেল হওয়ার স্কোপ নিশ্চয়ই নেই এবং হলে বেকাররা ছেড়ে দেবে না তাও আমি জানি। কিন্তু এটা যতদূর সম্ভব সাবধানতার সংগে পরীক্ষা করে পশ্চিমবংগ সরকার দেখছেন। আমরা এটা চাই না পশ্চিমবংগের নূতন কর্মসংস্থানের ক্ষেত্রে স্থানীয় লোককে বঞ্চিত করে কোন বহিরাগতকে চাকরি দেওয়া হবে এই নীতি যদিও ঘোষণাও করি তাহলে এটা অপারেটিভ হবে কি করে? অপারেটিভ তখনই হবে যখন প্রত্যেকটি নিয়োগকর্তা, কি সরকারী ক্ষেত্রে, কি বেসরকারী ক্ষেত্রে ঠিক এই সেন্টিমেন্ট, যে সেন্টিমেন্ট এই হাউসে সদস্যরা ব্যক্ত করলেন, সেই সেন্টিমেন্ট-এর অংশীদার হয়ে তারাও এই মনোভাবাপন্ন হয়ে যদি এইরকম ইচ্ছাকে বা সদিচ্ছাকে যদি কার্যে আরোপ করতে চান তখনই এটা করা সম্ভব। কোনরকম আইন করে এইরকম কিছু করা সম্ভব সংগত হবে বলে আমার মনে হয় না। সেইদিকে অসুবিধা আছে এটা অপারেটিভ করার। সাধ্যমত আবেদন নিবেদন চলছে এবং এই আবেদন এই সরকারের আগের সরকারও করেছেন, মধ্যবর্তীকালীন রাষ্ট্রপতি শাসনের সময় মুখ্যউপদেষ্টা তিনিও করলেন প্রত্যেকটি চেম্বারের কাছে কিন্তু খুব ফলপ্রসূ হয়েছে বলে আমার মনে হয় না। কারণ তা যদি হতো তাহলে আজকে এই তরুণ সদস্যরা এটা এত উষ্মার সংগে এই মত প্রকাশ

করতেন না। আর দুটি প্রশ্ন এখানে উঠেছে। এইসব হেল্প অব ক্রেডলি কানট্রিস-এর কথা, এটা এই বিধানসভার বা এই সরকারের এক্তিয়ারের মধ্যে নয়, তবু কতকগুলি প্রস্তাব এসেছে কতকগুলি অঞ্চল থেকে, কোন সেকটার থেকে, আমরা সেগুলি পরীক্ষা করে দেখছি। আগামী-

[6-50—6-58 p. m.]

কাল শিল্প দপ্তরের মন্ত্রিমহাশয়ের সংগে সেগুলি নিয়ে আলোচনা করার কথা আছে। সাধ্যমত সমস্ত বন্ধুরাষ্ট্রের কাছ থেকে সাহায্য এবং সহযোগিতা নিতে আপত্তি নাই, কারণ আমরা নূতন কিছু গড়তে যাচ্ছি, আমরা সকলেরই সহযোগিতা এবং সমর্থন চাই।

সবচেয়ে বড় প্রশ্ন, ওভারটাইম বন্ধ করা এবং সিফ্‌টিং চালু করা পাবলিক আণ্ডারটেকিং-এ, যেটা মাননীয় প্রতিমন্ত্রী ব্যাখ্যা করে বুঝিয়েছেন কোন্‌ কোন্‌ ক্ষেত্রে কি কি অবস্থায় ওভারটাইম দেওয়া হয়। সুতরাং সুইপিংলি যদি একথা বলে দেওয়া হয় যে ওভারটাইম বন্ধ করে দিন এবং সেখানে লোক নিয়ে নিন, তাহলে মাননীয় সদস্য বারি সাহেব যে তথ্য রাখলেন তাতে চট করে অংক হিসাবে যেটা বেরোয় দুর্গাপুর প্রজেক্ট লিমিটেড যদি ওভারটাইম বন্ধ করে দেন, চার হাজার লোককে কালই নিয়োগ করা যায়। কিন্তু মাননীয় প্রতিমন্ত্রী পরিষ্কার করে বুঝিয়ে দিয়েছেন যে, সেটা সম্ভব নয়। ওখানে যেটা চলছে সেটা ওভারটাইম নয়, ওভারটাইম র‍্যাকেট চলছে এবং এই র‍্যাকেট শুধু দুর্গাপুর প্রজেক্টে নয়, দুর্গাপুর ষ্টিল প্ল্যান্টেও চলছে। একটা গ্রুপ যদি অ্যাবসেন্ট হয়, তাহলে আর একটা গ্রুপ কাজ করে। সুতরাং এইভাবে অল্টারনেটিবলি তিন দিন কাজ করলে সাত দিনের মাইনে পায়, বাকী তিন দিন একটা গ্রুপ না এলেও লোকসান হয় না। সুতরাং একে ওভারটাইম র‍্যাকট বলা যেতে পারে, মাননীয় প্রতিমন্ত্রী এটাকে কেন ওভারটাইম বললেন জানি না। তবে ম্যানেজমেন্টকে খুঁজে বার করতে হবে কিভাবে এই র‍্যাকেট ভাঙা যায়। তবু কোথাও কোথাও এমন স্থান আছে যে ওভারটাইম বন্ধ করলে কর্মসংস্থান হতে পারে। তবে জেনারেল ভাবে তা হবে বলে মনে হয় না। তবে ওভারটাইম বন্ধ করে দিয়ে যদি পুল অব ট্রেইণ্ড ওয়ার্কার রাখেন এবং তাদের অল্টারনেটিভলি নেন এবং রিটেইনিং অ্যালাউন্স দেন, যেদিন কাজ করবে সেদিন বেতন পাবে, এইরকম অবস্থা করেন তাহলে একটা ব্যবস্থা হতে পারে। অনেকে এটা পরীক্ষা করে দেখছে, বাটায় এই সিস্টেম চালু আছে। সুতরাং আমি এটা এক্জামিন করে দেখব এবং ওভারটাইম বন্ধ করে দিয়ে সিফ্‌টিং সিস্টেম চালু করা যেতে পারে কিনা সেটা ভাবব। তবে পাওয়ার রেশনিং-এর জন্য, পাওয়ার সর্টেজের জন্য আমাদের সমস্ত এমপ্লয়মেন্টকে ইন্ট্যাক্ট যদি রাখতে হয়, প্রডাকসন পজিসনকে আনঅ্যাফেকটেড রাখতে হয় অ্যাডিসনাল সিফ্‌ট চালু করে লোক নিয়ে করা যায় কিনা, সেটা আমি দেখব। একথা বলে অ্যামেণ্ডেড যে প্রস্তাব মাননীয় সদস্যরা এনেছেন সেদিকে আমি সমর্থন রাখছি।

**Mr. Speaker:** The mover can speak again by way of reply.

**Shri Sukumar Bandyopadhyay:** মাননীয় অধ্যক্ষমহাশয়, যে প্রস্তাব আজকে এনেছি, মাননীয় সদস্যরা সকলেই তাতে অংশ গ্রহণ করেছেন, অভিনন্দন জানিয়েছেন। একমাত্র মাননীয় সদস্যা ইলা রায়, শ্রমমন্ত্রী মহাশয় এবং প্রতিমন্ত্রী মহাশয় সংশোধনী সহ সমর্থন করেছেন। আমাদের আজকের যে প্রস্তাব ছিল তাতে স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী এই দুটি ভিত্তিতে বেকার সমস্যা সমাধানের কথা বলা হয়েছিল। তাই কোন কোন মাননীয় বক্তা যে বলেছেন আমরা কেবলমাত্র একটি সমস্যার দিকে দৃষ্টি দিয়েছি, আমি বলতে চাই যে এটা ঠিক নয়। যাই হোক মাননীয় অধ্যক্ষমহাশয়, ওভারটাইম বন্ধের ব্যাপারে এবং শিল্পসমূহে অতিরিক্ত শিফ্‌ট চালু করার

ব্যাপারে আমরা বিস্তৃত বক্তব্য রেখেছি। আমরা বলেছি যে অতিরিক্ত করে না বললেও যদি ওভারটাইম বন্ধ করা যায় পশ্চিমবংগে অবিলম্বে আট থেকে দশ লক্ষ লোকের কর্মসংস্থান হতে পারে, এবং অতিরিক্ত শিফ্‌ট যদি চালু করা যায় ৮ লক্ষ লোকের কাজ হতে পারে, এবং দৈনিক যদি আট ঘণ্টা থেকে কমিয়ে সাত ঘণ্টা কাজ চালু করা যায়, তাহলে পাঁচ লক্ষ লোকের কর্মসংস্থান হতে পারে। যাই হোক মাননীয় অধ্যক্ষমহাশয় আমরা এটা বিশ্বাস করি এবং এ বিশ্বাস সকলেই রাখি। আজকে সকলেই আমাদের এ প্রস্তাবকে সমর্থন করেছেন, তাতে মাননীয় আব্দুল বারি সাহেব যে সংশোধনী এনেছেন, সেটা আনার প্রয়োজন ছিল কিনা সে সম্পর্কে আমি যাচ্ছি না, কিছু বলছি না, তবে দীর্ঘমেয়াদী থেকে কোন স্বল্পমেয়াদী পরিকল্পনার ভিত্তিতে এই ভয়াবহ বেকার সমস্যার সমাধান করা উচিত, কেন না সমস্যা গুরুতর মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ও স্বীকার করেছেন, সকলেই স্বীকার করেছেন চল্লিশ লক্ষ বেকার, ক্ষেতমজুর তাদের কথা বাদই দিচ্ছি। স্যার, রোগী যখন মরণাপন্ন হয় তখন তাকে কোরামিন দেওয়া হয় এটাই হ'ল অ্যালোপাথি চিকিৎসার নিয়ম। স্যার, এই সংশোধনী আনার রাজ্যসরকারকে জরুরীকালীন ভিত্তিতে এই সমস্যার সমাধানের অন্যতম পথ হিসাবে হয়তো প্রয়োজন ছিল না। বিভিন্ন সরকারী ও বেসরকারী শিল্পে ওভারটাইম বন্ধ, অতিরিক্ত শিফ্‌ট চালু প্রভৃতি ব্যবস্থার মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থানের সম্ভাবনাগুলি যথাসম্ভব সত্বর পরীক্ষা করে দেখতে অনুরোধ করছি। এই যে মূল সংশোধনী আনা হয়েছে একে আমি নিয়মমাফিক সমর্থন করছি এবং এই সংশোধনীকে স্বীকার করছি।

**Mr: Speaker :** Shri Mrigendra Mukherjee, are you going to accept the amendment of Shri Abdul Bari Biswas ?

**Shri Mrigendra Mukherjee :** স্যার, আবদুল বারি বিশ্বাস যে সংশোধনী এনেছেন এই সংশোধনী প্রস্তাব সমর্থন করে আমি এই প্রস্তাব সভার সকলকে গ্রহণ করবার জন্য অনুরোধ জানাচ্ছি। স্যার, এই প্রস্তাব যা রাখা হয়েছে তার মূল প্রস্তাবের যে অংশ তা মন্ত্রীসভা নীতিগত সমর্থন করেছেন। এবং আজকের এই বিধানসভা প্রমাণ করলো যে বিরোধী দল না থাকলেও বিধানসভা প্রকৃতপক্ষে আসল চিত্র—জনগণের চিত্র বিধানসভায় আনা যায়। এবং এখানে মন্ত্রীসভার সংগে অন্যান্য সদস্যদের মধ্যে ফারাক নেই। জনসাধারণের সংগে মন্ত্রীসভার ফারাক নেই। এই প্রস্তাবের প্রথম দুটো অংশ সকল মাননীয় সদস্য মেনে নিয়েছেন। অতএব আমরা বিশ্বাস করি যে জরুরী ভিত্তিতে এই সমস্যার সমাধানের চেষ্টা চলবে এবং পশ্চিম বাংলা আবার নূতন করে দাঁড়াবে।

**Mr. Speaker :** The motion Shri Abdul Bari Biswas that 'পশ্চিমবংগের ভয়াবহ বেকার সমস্যায় এই সভা গভীর উদ্বেগ প্রকাশ করিতেছে এবং রাজ্যসরকারকে জরুরীকালীন ভিত্তিতে এই সমস্যার মোকাবিলা করার জন্য অনুরোধ জানাইতেছে এবং এই সমস্যার সমাধানকল্পে সমস্ত সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের ওভারটাইম বন্ধ করিয়া শিল্পসমূহে অতিরিক্ত শিফ্‌ট চালু করা ও প্রয়োজনীয় সংখ্যক কর্মী নিয়োগের দাবি জানাইতেছি।' was then put and agreed to.

**Mr. Speaker :** The motion of Shri Mrigendra Mukherjee, as amended, viz, 'পশ্চিমবঙ্গের ভয়াবহ বেকার সমস্যায় এই সভা গভীর উদ্বেগ প্রকাশ করিতেছে এবং রাজ্যসরকারকে জরুরীকালীন ভিত্তিতে এই সমস্যার সমাধানের জন্য অন্যতম পন্থা

হিসাবে বিভিন্ন সরকারি ও বেসরকারী মিলে ওভারটাইম বন্ধ, অতিরিক্ত সিফ্‌ট চালু প্রভৃতি ব্যবস্থার মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থানের সম্ভাবনাগুলি যথাসম্ভব সত্বর পরীক্ষা করিয়া দেখিতে অনুরোধ করিতেছি।' **was then put and agreed to.**

### Adjournment

**The House was then adjourned at 6-58 p. m. till 1 p. m. on Friday, the 4th August, 1972, at the Assembly House, Calcutta.**

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 4th August, 1972, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 14 Ministers, 9 Ministers of State, 3 Deputy Ministers and 155 Members.

**Oath or Affirmation of Allegiance**

[1—1-10 p. m.]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

## STARRED QUESTIONS

**( to which oral answers were given )**

**Mr. Speaker :** Starred question No. 482.

**Dr. Md. Fazle Haque :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এর উত্তরটা রেডি আছে, আমাদের রাস্ট্রমন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়ের কাছে সেটা রয়েছে। তাঁর আসতে একটু দেরী আছে।

### দি ক্যাটেল ট্রেসপাস অ্যাক্ট

*৪৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪।) **Shri Abdul Bari Biswas :** পৌরকার্য বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি গবাদি পশুর দ্বারা চাষীর উৎপাদিত ফসলের নানা প্রকার ক্ষতিকর কার্য অতিমাত্রায় বাড়িয়া গিয়াছে ;

(খ) সত্য হইলে, ইহার প্রতিকারকল্পে দি ক্যাটেল ট্রেসপাস অ্যাক্ট আইনটি সংশোধন অথবা পরিবর্তন করিবার কোন প্রস্তাব আছে কিনা ; এবং

(গ) এইরূপ কোন প্রস্তাব না থাকিলে, তাহার কারণ কি ?

**Shri Prafulla Kanti Ghosh :** (ক) পৌরকার্য্য, পঞ্চায়েত, পশুপালন অথবা কৃষি বিভাগে এ সম্পর্কে কোন তথ্য নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রস্তাব না থাকার কারণ অই আইনটি সংশোধন অথবা পরিবর্তনের সম্বন্ধে কোন মহল হইতে এই বিভাগে কোন প্রতিবেদন আসে নাই।

**Shri Abdul Bari Biswas :** এই যে মন্ত্রিমহাশয় (ক) প্রশ্নের উত্তরে বললেন যে এরকম তথ্য বা খবর তাঁর কাছে নাই,—আমি তাঁকে জিজ্ঞাসা করি এটা কি পৌরকার্য বিষয়ক দপ্তরে পড়ে ?

**Shri Prafulla Kanti Ghosh :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন তার উত্তরে শুধু আমি এইটুকু বলতে পারি পৌর ডিপার্টমেন্টে আমার আগে ওঁর প্রশ্নটা পঞ্চায়েতে গিয়েছিল। সেখান থেকে উত্তর এসেছে এটা তাদের ব্যাপার নয় পশুশালা বা কৃষি বিভাগে এসম্বন্ধে প্রশ্নটি এগিয়ে দেওয়া হয়েছিল—ঠিক জানান হয়েছিল তা নয়, পরবর্তীকালে যখন বলা হ'লো যে পৌর দপ্তরের ভেতর পড়ে, তখন এই উত্তর দিলাম।

**Shri Abdul Bari Biswas :** আমার প্রশ্নটি ছিল অত্যন্ত সঠিক, আমি সেখানে বলেছি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি গবাদি পশুর দ্বারা চাষীর উৎপাদিত ফসলের নানাপ্রকার ক্ষতিকর কার্য্য অতিমাত্রায় বাড়িয়া গিয়াছে ?

(খ) সত্য হইলে ইহার প্রতিকারকল্পে দি ক্যাটেল ট্রেসপাস অ্যাক্ট আইনটি সংশোধন অথবা পরিবর্তন করিবার কোন প্রস্তাব আছে কিনা ?

এটা স্যার, আমার যতটা ধারনা এই মিউনিসিপ্যাল সার্ভিসেস দপ্তরের মধ্যে পড়ে না। কাজেই স্যার, যে দপ্তরে পড়ে সেখানে পাঠিয়ে দিয়ে যাতে সঠিক উত্তর পাওয়া যায় তার ব্যবস্থা হওয়া উচিত ছিল। ওঁর দপ্তরের মধ্যে এটা আসবে কি ক'রে বুঝতে পারি না।

স্যার, আপনি নিশ্চয়ই অনুধাবন ক'রছেন এই প্রশ্নটা খুবই গুরুত্বপূর্ণ।

**Mr. Speaker :** I will look into the matter.

**Shri Abdul Bari Biswas :** স্যার, আমি আপনাদের অনুরোধ করছি এর উত্তর যাতে আগামী কয়েকদিনের মধ্যে এখানে আসে তার ব্যবস্থা আপনি করবেন।

**Mr. Speaker :** Yes, I will look into it.

**Shri Manoranjan Pramanik :** মাননীয় স্পীকারমহাশয়, আমি আপনার কাছে জানাচ্ছি যে এই কোয়েশ্চন আওয়ার—এই রকম একটা গুরুত্বপূর্ণ সময়ে কোন ক্যাবিনেট মিনিষ্টার নাই, আমি মনে করি তাঁদের উপস্থিত থাকা উচিত। কিন্তু দুঃখের বিষয় উপস্থিত নাই—এই ব্যাপারটি আপনার নোটিশে আনছি।

**Dr. Md. Fazle Haque :** আমাদের আজকে ক্যাবিনেট মিটিং ছিল এবং মিনিস্টাররা সেখানে ব্যস্ত থাকায় যথা সময়ে এখানে উপস্থিত হতে পারেন নি—তাই আমি তাড়াতাড়ি এখানে চলে এসেছি।

**Shri Rajani Kanta Dolui :** স্যার, আমার কোয়েশ্চেন ছিল—তার উত্তর দেওয়া হোল না। এখানে এই কোয়েশ্চেনের জন্য মাত্র এক ঘণ্টা সময়। আমরা আশা করি যে এই সময়ে তাঁরা উপস্থিত থাকবেন এবং ঠিক ঠিক উত্তরগুলি আমাদের সামনে রাখবেন। কিন্তু দুঃখের বিষয় যে কেউ এখনও এসে পৌছায় নাই। যদি ক্যাবিনেট মিটিং থাকে তাহালে এদিক কোয়েশ্চেন আওয়ার না রাখলেই পারতেন। এটা স্যার, আপনি একটু দেখবেন।

**Mr. Speaker :** Mr. Biswas, I think the answer is quite right. দি ক্যাটেল ট্রেসপাস অ্যাক্ট সম্পর্কে যা প্রশ্ন করেছেন, যে গবাদি পশুর দ্বারা চাষীর উৎপাদিত ফসলের নানা প্রকার ক্ষতিকর কার্য অতি মাত্রায় বাড়িয়া গিয়েছে—মন্ত্রিমহাশয় বলেছেন এ দপ্তরে কোন খবর নেই। ঠিক আছে।

**Shri Abdul Bari Biswas :** স্যার, আমার আসল প্রশ্নে—অরিজিন্যাল প্রশ্নে কি ছিল সেটা দেখতে হবে। কিন্তু দেখা যাচ্ছে যে এটা পৌরকার্য বিষয়ক দপ্তরে পাঠিয়ে দেওয়া হোল। উনি কি করে বলবেন? It is fact. দি ক্যাটেল ট্রেসপাস অ্যাক্ট যেটা আছে বর্তমানে সেটা প্রয়োজনমাফিক নাই, সেটাকে পরিবর্তন করা সম্পর্কে আমি বলেছি।

**Mr. Speaker :** That is a matter of opinion. It is your opinion—you say that crops are being damaged by cattles, but in spite of the damage. as you report, there is absolutely no information to any Department of the Government.

**Shri Abdul Bari Biswas :** তাহলে স্যার, কোয়েশ্চেন করতে হয়—আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি যে পশ্চিমবঙ্গে এই যে গবাদি পশুর দ্বারা চাষীদের যত উৎপাদিত ফসলের ক্ষতি হচ্ছে এবং তার বিভিন্ন জায়গায় বিভিন্ন থানায় বিভিন্ন দায়রায় সে সম্পর্কে কেস হচ্ছে কিনা?

**Shri Prafulla Kanti Ghose :** স্যার, আমার পক্ষে এর উত্তর দেওয়া সম্ভব হচ্ছে না।

**Mr. Speaker :** You have expressed your opinion that crops are damaged by the cattle, and then you have put a question.

**Shri Abdul Bari Biswas :** তাহলে স্যার, আপনি প্রটেকসন দিন—উনি বলছেন এই রকম ইনফরমেশন নেই। তাহলে নিশ্চয় জিজ্ঞাসা করতে হবে যে পশ্চিম বাংলার মধ্যে এইভাবে ফসল হানি সম্পর্কে কোন রকম কেস হচ্ছে কিনা? তাহলে স্যার, এর উত্তর কি করে আসবে?

**Mi. Speaker :** Speaker cannot maintain any information. You can sought information from the Government.

**Shri Abdul Bari Biswas :** তাহলে কি জিজ্ঞাসা করতে পারি যে, এই তথ্য অনুসন্ধান করে দেখবেন কিনা যে কোন কোন জেলায় এই ফসলহানি কি প্রকার হয়েছে? আমার প্রশ্নের উত্তর কিছুই হোল না।

**Mr. Speaker :** Hon'ble Minister has said that there is no information to any department of the Government.

**Shri Abdul Bari Biswas :** স্যার, আমি আপনার কাছে অনুরোধ করবো উত্তর ঠিক-মত দেওয়ার জন্য—কারণ উত্তর ঠিকমত হচ্ছে না। স্যার, এ তথ্য কেন থাকবে না? দেশে সরকার আছে, অধিবাসী আছেন, ফসল রয়েছে—এ কখনই হতে পারে না। তাহলে স্যার, এ ব্যাপারে আমি হাফ এন আওয়ার ডিসকাসনের জন্য নোটিশ দিচ্ছি, আপনি তাহলে সুযোগ দেবেন।

**Shri Prafulla Kanti Ghose :** স্যার, আমি আপনার অনুমতি নিয়ে এই কথা বলবো যে, মাননীয় সদস্যের কথা আমি নোট করে নিলাম আমি নিশ্চয় আমার দপ্তরকে বলবো এ সম্বন্ধে তথ্য রাখার প্রয়োজন আছে। এটা যদি আমার দপ্তরের ভিতর পড়ে তাহলে নিশ্চয় খবর রাখা হবে।

(At this stage Shri Gyan Singh Sohanpal entered the Chamber)

[1-10—1-20 p m ]

**Mr. Speaker :** I draw the attention of the Parliamentary Minister to the fact that question time is a special privilege of honourable members but they were making grievance that during question time not a single member of the Cabinet was found present in the House and the Minister to whom a question was put and to be taken up today, was also not present in the House. I want to hear from the Parliamentary Minister his answer to this matter.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, it is not correct that no Minister is present in the House. At least I am present here.

**Mr. Speaker :** But at the time when they were complaining you were also not present in House.

**Shri Abdul Bari Biswas :** স্যার আমি যে প্রশ্নটা করেছিলাম তাতে বাংলা দেশের সাধারণ মানুষ যারা ফসল উত্তপাদন করে সেই চাষীদের স্বার্থ জড়িত। ফসল তছনছ করার জন্য— আমি জানি আমাদের মুর্শিদাবাদ জেলার জংগীপুরে এরকম কেস হয়েছে এবং তাতে কয়েক শো লোক জড়িয়ে গিয়েছে। এখন গভর্নমেন্ট বলছেন এরকম তথ্য আমাদের জানা নেই, এটা একটা আশ্চর্য ব্যাপার, স্যার। একটা দেশে সরকার আছে, মানুষ আছে, ফসল উৎপাদন হচ্ছে, গরু, মোষ খাচ্ছে অথচ তার তথ্য নেই এ হতে পারে না। তাছাড়া স্যার, ক্যাটেল ট্রেসপাস অ্যাক্ট আছে, সেই আইন অনুসারে বিচারও হয়। কাজেই স্যার, এইভাবে বাইপাস করলে চলবে না। আমি হাফ এ্যান আওয়ার ডিসকাসানের নোটিশ দিচ্ছি, আপনি আমাকে সুযোগ দেবেন।

**Mr. Speaker :** Starred question No. 484.

**Shri Abdul Bari Biswas :** কি হল স্যার আমার এটার ?

**Mr. Speaker :** You have got the answer. It is already there.

**Shri Abdul Bari Biswas :** এটা ইনসাফিসিয়েন্ট রিপ্লাই হয়েছে, স্যার।

**Mr. Speaker :** You may not be satisfied with the anwer, the Minister has given, but he has given the answer and he cannot say anything more than that.

**Shri Abdul Bari Biswas :** তাহলে আমি হাফ অ্যান আওয়ার ডিসকাসানের নোটিশ দিচ্ছি, আপনি এ্যালাউ করুন।

**Mr, Speaker :** *484, *485, *486 (not called.)

### মিসা আইনে আটক বন্দী

*৪৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৫।) **Shri Manoranjan Pramanik :** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) 'মিসা' আইনে আটক বন্দীদের মুক্তির প্রার্থনা করিয়া ২৪এ জুলাই, ১৯৭২ পর্যন্ত কোন্ জেলায় কতজন অভিভাবক মুচলেকা জেলা কর্তৃপক্ষের নিকট পেশ করিয়াছেন ; এবং

(খ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**Shri Subrata Mukhopadhyay :** (ক) জেলাওয়ারী একটি হিসাব লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) অভিভাবকের প্রার্থনা ও মুচলেকা বিবেচনার পর যেসকল বন্দীদের মুক্তি দেওয়া হইয়াছে তাহার একটি জেলাওয়ারী হিসাব লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

দরখাস্ত ও মুচলেকা বিবেচনা করিয়া সরকার যতজন বন্দীদের মুক্তি দিয়াছেন তাহার জেলাওয়ারী হিসাব

| | জেলা | সংখ্যা |
|---|---|---|
| ১। | কলিকাতা | ১১ |
| ২। | ২৪ পরগনা | ১ |
| ৩। | হাওড়া | — |
| ৪। | হুগলী | ২ |
| ৫। | বাঁকুড়া | — |
| ৬। | মেদিনীপুর | — |
| ৭। | পুরুলিয়া | — |
| ৮। | মুর্শিদাবাদ | ৪ |
| ৯। | পশ্চিম দিনাজপুর | — |
| ১০। | জলপাইগুড়ি | ১ |
| ১১। | নদীয়া | ১ |
| ১২। | বীরভূম | — |
| ১৩। | মালদহ | ১ |
| ১৪। | দার্জিলিং | ৬ |
| ১৫। | কোচবিহার | — |
| ১৬। | বর্ধমান | তথ্য সংগ্রহ করা হইতেছে। |

**Shri Sarat Chandra Das :** মাননীয় মন্ত্রিমহাশয়, অভিভাবকদের মুচলেকার কথা বললেন। অভিভাবক বলতে বাবা, মা, খুড়ো, খুড়ি ইত্যাদি বোঝায়। আমার জিজ্ঞাসা, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যাদের অভিভাবক নেই তাদের মুচলেকা কে দেবে ?

**Shri Subrata Mukhopadhyay :** আইনসম্মত অভিভাবক যাঁরা হবেন তাঁরা দিতে পারেন।

**Shri Sarat Chandra Das :** আইনসম্মত বলতে মাননীয় মন্ত্রিমহাশয় কি বোঝাতে চাইছেন জানাবেন কি ?

**Shri Subrata Mukopadhyay :** আইনসম্মত বলতে বাবা, মা, যদি না থাকেন তাহলে তার নিয়ারেস্ট আত্মীয়স্বজন যারা তাকে দেখাশুনা করেন বা লালনপালন করেছেন এইসব।

**Shri Sarat Chandra Das :** যদি তার স্ত্রী থাকেন এবং তিনি যদি আণ্ডারটেকিং দেন যে, আমার স্বামীকে এইসব কাজ আর করতে দেব না, তাহলে সেটা আপনারা বিবেচনা করবেন কি ?

**Shri Subrata Mukhopadhyay :** না।

**Shri Manoranjan Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যাদের জন্য মুচলেকা দেওয়া হয়েছে তাদের সকলকেই কি আপনারা রেহাই দিয়েছেন ?

**Shri Subrata Mukhopadhyay :** না, এ ব্যাপারে প্রভিসান করা হয়েছে। এর পরেও বিচার করা হয়।

**Shri Manoranjan Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সেটা কিসের ভিত্তিতে করা হয়েছে?

**Shri Subrata Mukhopadhyay :** যাদের বয়স কম, অনুতপ্ত বোঝা গিয়েছে, ভুল করে দলে পড়ে করে ফেলেছে এরকম দেখা গেছে, জেলের কণ্ডাক্ট বা আচরণবিধি দেখে—সমস্ত কিছু দেখে এটা করা হয়।

**Shri Manoranjan Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, অপরাধের গুরুত্ব সম্পর্কে বিবেচনা করা হয় কিনা?

**Shri Subrata Mukhopadhyay :** নিশ্চয়।

**Mr. Speaker :** Question No. *482 may be taken up now.

### Naxalite Activities

***482.** (Admitted question No. *1385.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government has received any report/indication of any fresh spurt of Naxalite activities in the State, and

(b) if so, what action the Government is contemplating to take in the matter?

**Shri Subrata Mukhopadhayay :** (a) Yes.

(b) Sharp vigilance is being maintained and strong precautionary measures are being taken. Police drive against the wanted and active Naxalite cadres continues unabated and the activists with anti-social background are being detained under the MISA.

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন নকশাল সন্দেহে বহু ছাত্রপরিষদ ও যুবকংগ্রেসের সদস্যদের অ্যারেস্ট করা হচ্ছে এবং মিসায় তাদের আটক করবার ব্যবস্থা করা হচ্ছে, এটা কি সত্য?

**Shri Subrata Mukhopadhaya :** আমার জানা নেই। বিস্তারিত তথ্য দিয়ে বললে আমি দেখতে পারি।

**Shri Rajani Kanta Doloi :** ইহা কি সত্য যে, নকশাল নেতা চারু মজুমদার যখন মারা যান তখন তাঁর মৃত্যুর পরই এমন একটি সেনসেশনাল নিউজ বেরিয়েছিল যাতে দেখা গিয়েছিল নকশাল অ্যাকটিভিটিজের সংগে ফরেন এজেন্সী জড়িত—এ খবর কি মন্ত্রিমহাশয় জানেন?

**Shri Subrata Mukhopadhaya :** এটা গোপন থাকা সরকার এবং সাধারণের স্বার্থে বাঞ্ছনীয়।

**Shri Rajani Kanta Doloi :** ইহা কি সত্য যে, পুলিশ তাদের নিজেদের হাতে আরো বেশী ক্ষমতা নেবার জন্য মন্ত্রিমহাশয়ের সিমপ্যাথি ড করবার জন্য নকশাল অ্যাকটিভিটিকে প্রশ্রয় দিচ্ছে, যার ফলে দুজন পুলিশ কনসটেবল কয়েকদিন আগে নিহত হয়েছে ?

**Shri Subrata Mukhopadhaya :** আমার জানা নেই। আপনি যদি তথ্যভিত্তিক আমাকে জানান তাহলে আমি বিবেচনা করে দেখবো।

**Shri Rajani Kanta Doloi :** ইহা কি সত্য যে, নকশালদের শিষ্ট নেতা যারা আজ কারাগারে বন্দী রয়েছে বা অনেকে মারা গেছে, কিন্তু তা সত্বেও যে সময় নকশালাইট অ্যাকটিভিটি দেখা যাচ্ছে তাতে আমরা কি এটা বলতে পারি সি পি এম বা অন্যকোন পার্টি এই ব্যাপারে জড়িত রয়েছে—এটা কি মন্ত্রিমহাশয় জানাবেন ?

**Shri Subrata Mukhopadhay :** সরকারী স্বার্থে এ সম্বন্ধে স্পেসিফিক কিছু বলা উচিত নয়। তবে কোন কোন জায়গায় অনুমান করা হয়েছে এবং সে ব্যাপারে দেখাশুনা করা হচ্ছে।

## নদীয়া জেলা পরিষদে নিযুক্ত করণিক

*৪৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১১৬।) **Shri Sukumar Chattapadhyay :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, নদীয়া জেলাপরিষদে যে দুইজন করণিকের চাকরি দেওয়া হইয়াছে তন্মধ্যে একজনের বয়স ৩০ বৎসরের অধিক ?

**Shri Prafulla Kanti Ghosh :** হ্যাঁ, নিয়োগকালে এই ব্যক্তির বয়স ৩০ বৎসর ছিল। সরকারী চাকরিতে প্রবেশের জন্য বয়সের যে নিয়ম আছে এক্ষেত্রে সে নিয়ম প্রযোজ্য নয়।

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—নদীয়া জেলাপরিষদের করণিক পদে যাদেরকে নিযুক্ত করা হল এবং যাদের বয়স নাকি ৩৩ বছর হয়েছে বলে মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন—সেই নিয়োগ কি বৈধ হয়েছে ?

**Shri Prafulla Kanti Ghosh :** বৈধ হয়েছে তো বললাম। এখানে কিন্তু নিয়োগের পরিপ্রেক্ষিতে বয়সের কোন নির্দেশ নেই। আমরা যখন এই ধরনের কোন নিয়োগের কথা ভাবি তখন একটি বিজ্ঞাপন দেওয়া হয়। এই ক্ষেত্রে ১২০ জন অ্যাপ্লাই করেছিলেন। তাদের মধ্যে থেকে ৩৮ জনের লিখিত পরীক্ষা গ্রহণ করে মাত্র ১২ জনকে আহ্বান করা হয়েছিল। এটা করবার জন্য ৫ জনকে নিয়ে একটি কমিটি করা হয়েছিল এবং এই কমিটি তারা যা দেখেছেন সেই অনুযায়ী শ্রীপরাগকান্তি বাগ ও শ্রীসুধীরকুমার চ্যাটার্জি এই প্যানেলে যথাক্রমে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করেছিল এবং তার ফলে দেখা গেল যে তারাই চাকরি প্রাপ্য বিবেচিত হল।

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—ভবিষ্যতে এই ধরনের কোন ক্ষেত্রে যেকোন বয়সের লোকদের চাকরি দেওয়া সম্ভবপর হবে কিনা সরকার পক্ষ থেকে ?

**Shri Prafulla Kanti Ghosh :** আপনাকে তো বললাম যে চাকরি যখন দেওয়ার কথা এল তখন কাগজে বিজ্ঞাপন দেওয়া হল। অ্যাপ্লিকেসনস এল এবং একটি কমিটি ফর্ম করা হল। সেই কমিটি তাদের যোগ্যপ্রার্থী বিবেচনা করেছিলেন এবং বিবেচনা করার পরে এই দুজনকে নিয়োগ করেছেন। ভবিষ্যতে কোন সময় যদি দেখা যায় যে এর থেকে বয়স বেশী অথচ কাজের যোগ্য তাহলে তখন যে কমিটি নির্দ্ধারিত করা হবে তারা যদি ভাবে সে চাকরি পাবার যোগ্য, হয়ত পাবে।

[1-20—1-30 p. m.]

**Shri Pankaj Kumar Banerjee :** মাননীয় মন্ত্রিমহাশয় কি বয়সের গুরুত্ব না দিলেও ৩০ বছরের বেশী যদি ৫০/৬০ বছর হয় এবং তারা যদি পরীক্ষায় বসে পাশ করতেন তাহলে মন্ত্রিমহাশয় কি তাদের চাকরি দিতেন যেহেতু তার পরীক্ষায় পাশ করেছেন ?

**Shri Prafulla Kanti Ghosh :** মন্ত্রিমহাশয় কোন চাকরি দেন না। একটা কমিটি করে দেওয়া হয়েছে সেই কমিটি চাকরি দেন। আমি আপনাদের কাছে বলেছিলাম যখন vacancy হয়েছিলো তখন সেই vacancy filled up করার জন্য একটা পদ্ধতি নেওয়া হয়েছিল। সেইরকমভাবে কাগজে application invite করা হয়েছিল। Applicant-রা application পাঠিয়েছেন। ১২০ জন দিয়েছিলেন। তাদের মধ্যে থেকে বিচার করে এই কয়জনকে যোগ্য লোক মনে করে ডাকা হয়েছিল। তারপর সেই কয়জনকে একটা পরীক্ষা দিতে হয়েছিল। তারপর committee-র বিবেচনায় এই দু'জনকে সুযোগ্য মনে করে নিয়ে নেওয়া হয়েছে।

**Shri Asamanja De :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই নিয়োগের ক্ষেত্রে Committee কে গঠন করেছিলেন ?

**Shri Prafulla Kanti Ghosh :** যে বিভাগীয় ক্ষেত্রে vacancy হয়েছিল সেই বিভাগীয় ক্ষেত্র থেকে এটা হয়েছিল।

**Shri Aftabuddin Mandal :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই সরকারী পদে লোক নিয়োগ করার যখন vacancy declared করা হয়েছিল তাতে বয়সের সীমা ৩০-এর উর্ধের লোক নেওয়া হবে সেটা কি declare করা হয়েছিল ?

**Shri Prafulla Kanti Ghosh :** বয়সের কথা উল্লেখ করা হয়নি। আমি আগেই বলেছি যেমন সরকারী চাকরির কোন application করতে গেলে সেখানে age restriction থাকে, এ ক্ষেত্রে সেইরকম কোন age restriction নেই।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে নিয়োগকর্তা; যে committee তৈরী করেছিলেন তার সিদ্ধান্ত লোককে এই চাকরিতে ঢোকানর জন্য, স্বজনপোষণ করবার জন্য এইরকম একটা কাজ করা হয়েছে ?

**Shri Prafulla Kanti Ghosh :** এটা অত্যন্ত দুঃখের কথা যে এই ধরনের প্রশ্ন বিধানসভায় আসতে পারে। যদি সেই রকম কোন প্রমাণ থাকে এবং সেই প্রমাণ যদি মাননীয় সদস্য আমার কাছে পাঠিয়ে দেন তাহলে নিশ্চয়ই এ সম্পর্কে অনুসন্ধান করে দেখবো এবং যথাযোগ্য step যা নেবার তা নেবো।

**Shri Ganapati Sur :** Whether the Minister is a ware of the fact that there is a service regulation under which age cannot be relaxed by any authority. How in this case the age was relaxed and under whose authority ?

**Shri Prafulla Kanti Ghosh :** The question of relaxation of age does not arise because there is no rider on it.

**Shri Ganapati Sur :** If that be so he cannot give the appointment.

( উত্তর নেই )

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় একটা প্রশ্নের উত্তরে বললেন যে, এই চাকরিতে লোক নিয়োগ করার ব্যাপারে তার কিছু করার নেই; এবং মন্ত্রীরা চাকরি দেন না। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন জেলাপরিষদে মন্ত্রিমহাশয়ের কোন নিয়ন্ত্রণ আছে কিনা ?

**Shri Prafulla Kanti Ghosh :** নিশ্চয়ই আছে। আমি যখন সেকথা বলেছিলাম তার মানে একথা বলিনি। আমি বলেছিলাম মন্ত্রীরা গিয়ে চাকরি দেন না। আপনারা জানেন জেলাপরিষদে যখন কোন vacancy হয় সেখানে কিভাবে চাকরি হওয়া উচিত তার একটা Guideline করে দেই। সেই কথা আপনাদের জানিয়েছি। বার বার বলেছি যে, কাগজে বিজ্ঞাপন দেওয়া হয়েছে, application এসেছে, সেটা scrutiny করা হয়েছে এবং একটা committee করা হয়েছে। কাকে নেওয়া উচিত, কে যোগ্য সেই কমিটি অনুসন্ধান করছেন, অনুসন্ধান করে একজন, দু'জনকে অর্থাৎ No. 1, No. 2 করে তাদের সেই হিসাবে চাকরি হয়েছে।

## ঘাটাল মিউনিসিপ্যালিটি

*৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২১০।) **Shri Hari Sadhan Dolui :** পৌরকার্য বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মিউনিসিপ্যালিটিকে বন্যা ও খরায় ক্ষয়ক্ষতির জন্য ১৯৭০-৭১, ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে সরকার কত টাকা অনুদান বা ঋণ দিয়াছেন ;

(খ) এই পরিমাণ টাকা কোন্ কোন্ খাতে দেওয়া হইয়াছে ;

(গ) ইহার ব্যয়ের সম্পূর্ণ হিসাব সরকারের কাছে পৌছিয়াছে কিনা এবং পৌছিলে মোট কত টাকা ব্যয় হইয়াছে ;

(ঘ) বর্তমান ১৯৭২-৭৩ বৎসরে ঐ মিউনিসিপ্যালিটির জন্য শিক্ষাখাতে এবং খরা পরিস্থিতিতে নলকূপ বসানোর জন্য কত টাকা মঞ্জুর হইয়াছে ;

(ঙ) নলকূপ বসানোর জন্য যে টাকা মঞ্জুর হইয়াছে সেই টাকাতে সরকারী হিসাবে কতগুলি নূতন বা পুরাতন নলকূপ বসানো যেতে পারে ; এবং

(চ) উপরোক্ত আর্থিক বৎসরগুলিতে খড়ার মিউনিসিপ্যালিটিতে ঐ একই ব্যাপারে কত টাকা মঞ্জুর করা হইয়াছে ?

**Shri Prafulla Kanti Ghosh :** (ক) বন্যা বাবত :

| | ১৯৭০-৭১ সালে | ১৯৭১-৭২ সালে |
|---|---|---|
| ঋণ— | ২৫,০০০ টাকা | ৩০,০০০ টাকা |

কোনো অনুদান দেওয়া হয় নাই।

খরা বাবদ : ১৯৭২-৭৩ সালে ৫০,০০০ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

কোনো অনুদান দেওয়া হয় নাই।

(খ) বন্যার জন্য ঋণ : রাস্তাঘাট, গৃহ এবং অন্যান্য নির্মাণ কার্যের বন্যাজনিত ক্ষয়ক্ষতি মেরামতির উদ্দেশ্যে।

খরার জন্য ঋণ : নূতন নলকূপ বসানো, পুরাতন নলকূপ মেরামতি এবং কূপ খননের উদ্দেশ্যে পৌরসভাকে দেওয়া হইয়াছে।

(গ) 'না'।

(ঘ) শিক্ষাখাতে অনুদান বাবত ৭৫,০০০ টাকা। খরা পরিস্থিতিতে নলকূপ বসানোর জন্য ৫০,০০০ টাকা।

(ঙ) নূতন আনুমানিক ৩১টি; পুরাতন কয়টি মেরামত করা যাইতে পারে তাহ সঠিক বলা সম্ভব নয়।

(চ) বন্যা বাবদ:

| | ১৯৭০-৭১ সালে | ১৯৭১-৭২ সালে |
|---|---|---|
| ঋণ— | ১৫,০০০ টাকা | ১৫,০০০ টাকা |

কোনো অনুদান দেওয়া হয় নাই।

খরা বাবদ: ১৯৭২-৭৩ সালে ১৬,০০০ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

কোনো অনুদান দেওয়া হয় নাই।

**Shri Hari Sadhan Dolui :** সরকারের নূতন একটা নলকূপ বসাতে কত খরচ হবে, এই রকম রেট ধার্য করে দেওয়া হয়েছে কি?

**Shri Prafulla Kanti Ghosh :** বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম খরচ হয়। যেখানে অনেক নীচু পর্যন্ত নল নিয়ে যেতে হয়, সেখানে একরকম খরচ হয়। যেখানে অনেক কাছে জল পাওয়া যায়, সেখানে আর একরকম খরচ হয়।

## মেদিনীপুর জেলায় আগরাড়া গ্রামে হত্যার ষড়যন্ত্র

*৪৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৬।) **Shri Prodyot Kumar Mahanti :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় মোহনপুর থানার আগরাড়া গ্রামের নারায়ণ পড়্যা নামক কোন ব্যক্তিকে গত ১৯শে জুলাই, ১৯৭২ তারিখে হত্যা করিবার কোন ষড়যন্ত্র হইয়াছিল এই অভিযোগে মোহনপুর থানায় কোন কেস ডায়েরীভুক্ত হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে উক্ত কেস-এ কতজন আসামী জড়িত এবং তন্মধ্যে কতজনকে এ পর্যন্ত অ্যারেস্ট করা হইয়াছে?

**Dr. Md. Fazle Haque :** (ক) হ্যাঁ।

(খ) তিনজন অভিযুক্ত ব্যক্তির মধ্যে একজনকে গ্রেপ্তার করা হইয়াছে।

**Shri Prodyot Kumar Mahanti :** মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি যে এই দুজনকে কেন অ্যারেস্ট করা হয়নি এখন পর্যন্ত?

**Dr. Md. Fazle Haque :** তাদের অ্যারেস্ট করার চেষ্টা চলছে, একজনকে পাওয়া গেছে, আর দুজনকে পাওয়া যায় নি।

**Shri Prodyot Kumar Mahanti :** এই দুজনকে ধরবার চেষ্টা কি এখন চলছে?

**Dr. Md. Fazle Haque :** হ্যাঁ, চেষ্টা চলছে।

## কলিকাতায় পুরাতন বাড়ি

*৪৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৬।) **Shri Sukumar Bandyopadhyay :** পৌরকার্য বিষয়ক দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা শহরে এমন বহু পুরাতন বাড়ি আছে যেগুলি যেকোন সময়ে ভাঙ্গিয়া পড়িতে পারে;

(খ) সত্য হইলে, কলিকাতা শহরে এইরূপ বাড়ির সংখ্যা কত,

(গ) ১৯৭১-৭২ ও বর্তমান বৎসরের জুন মাস পর্যন্ত কলিকাতা শহরে বাড়ি ধ্বসিয়া কয়জন হতাহত হইয়াছেন; এবং

(ঘ) বিপজ্জনক বাড়িগুলি সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Shri Prafulla Kanti Ghosh :** (ক) হ্যাঁ।

(খ) সরকার অবগত নহেন। কলিকাতা পৌরসভায় এইরূপ বাড়ি দেখাশুনার জন্য মোট ৪ (চার) জন কর্মী আছেন। এই কর্মীদিগকে আদালতের কাজে বহু সময় ব্যয় করিতে হয়। এই ব্যাপারে যথাযথ কর্মীর অতিশয় অভাবের জন্য প্রতিটি রাস্তা ধরিয়া সমস্ত বাড়িগুলি পরীক্ষা নিরীক্ষা করা আজ পর্যন্ত সম্ভব হয় নাই।

(গ) ১৯৭১-৭২ সালে পুরাতন বাড়ির অংশবিশেষ ধ্বসিয়া এক ব্যক্তি নিহত হইয়াছেন। বর্তমান বৎসরের জুন মাস পর্যন্ত বাড়ির প্রাচীরের গাত্রে প্রচুর পরিমানে মাটি রাখায় দেওয়াল চাপা পড়িয়া চার (৪) ব্যক্তি নিহত হইয়াছেন।

(ঘ) এই সম্পর্কে বর্তমানে সরকারের কোন পরিকল্পনা নাই। ইহার দায়িত্ব কলিকাতা কর্পোরেশনের। এ বিষয়ে যথাযত ব্যবস্থা অবলম্বনের জন্য কর্পোরেশনকে অনুরোধ করা হইবে।

[1-30—1-40 p.m.]

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় আমার প্রশ্নের জবাবে বলেছেন যে কলকাতা শহরে বাড়ি ধ্বসে পড়ে একজন ব্যক্তি মারা গিয়েছে, কিন্তু সেই সংগে সংগে মন্ত্রিমহাশয় বলেছেন কলকাতা শহরে বহু পুরাতন বাড়ি আছে, যেগুলি বিপদজনক কিন্তু সেরূপ বাড়ির কোন পরিসংখ্যান সরকারের কাছে নাই। তাই আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে সরকার অবগত থাকা সত্বেও যে, যেকোন সময় ঐ বাড়িগুলি ভেংগে পড়তে পারে, তাহলে জনসাধারণকে রক্ষা করবার জন্য সরকার কোন বিশেষ ব্যবস্থা অবলম্বন করবেন কি না ?

**Shri Prafulla Kanti Ghosh :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার অনুমতি নিয়ে বলব যে আমি এই বিভাগের ভার পাওয়ার পরে দৈনিক পত্রিকার মাধ্যমে জনসাধারণকে, বিশেষ করে কলকাতায় যারা আমাদের এম এল এ আছেন তাদের কাছে একটা নিবেদন রেখেছিলাম যে বর্ষাকাল আসছে পুরোনো বাড়ি পড়ে যেতে পারে। আপনাদের এলাকায় আপনারা খোঁজ নিন কোন কোন বাড়ি এমন অবস্থায় আছে এবং তার তালিকা পাঠান, তাহলে আমি সেটা করপোরেশনের কাছে পাঠিয়ে দিতে পারি একজামিন করবার জন্য, যাতে এই রকম দুর্ঘটনার ভিতর কলকাতার অধিবাসিরা না পড়ে।

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে পুরোনো এবং বিপদজনক বাড়িগুলি দেখার জন্য কলকাতা করপোরেশনের বিশেষ কোন লোকজন নাই। যে ৪ জন কর্মীকে রাখা হয়েছে তারা নাকি সব সময় আদালতের কাজকর্ম দেখার জন্য ব্যস্ত থাকে। যখন তিনি এই ব্যাপারটার গুরুত্ব অনুধাবন করেছেন তখন এই বাড়িগুলির পরিসংখ্যান করবার জন্য, ১ মাসের মধ্যে করার জন্য করপোরেশনে অতিরিক্ত কোন কর্মী নেবেন কি ?

**Shri Prafulla Kanti Ghosh :** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে করপোরেশনের বর্তমানে যে আইন আছে সেই আইন-এ কোন বাড়ি যদি মনে হয় বিপদজনক তাহলে আমরা তা সরাসরি ভেংগে দিতে পারি না। এর ফলে আমি বলেছিলাম অধিকাংশ সময় এই ডিপার্টমেন্টের কর্মীদের কোর্টে থাকতে হয়। কেউ যদি কোর্টে রেফার করে তাহলে করপোরেশনের তরফ থেকে গিয়ে বাড়ি ভেংগে দেওয়া অনেক সময় সম্ভব হয় না। মাননীয় সদস্য যে অনুরোধ রাখলেন আমি নিশ্চয়ই সেটা ভেবে দেখব। কিন্তু কলকাতা শহর এত বড় যে এক মাসের মধ্যে লোক পাঠিয়ে করা সম্ভব নয়। এবং সেই লোকেদের অভিজ্ঞ লোক হওয়া দরকার। এমন একজন পাঠালাম সে যে-কোন বাড়ি দেখে বলতে পারে এইটা ভেংগে দিতে হবে। সিটি আরকিটেকট বলে একজন পদস্থ অফিসার আছেন তার একটা দপ্তর আছে। এই ধরনের কমপ্লেন গিয়ে পৌছলে পর তখন সেই সিটি আরকিটেক-এর যে ডিপার্টমেন্ট আছে, যারা এই

জিনিসে অভিজ্ঞ, তারা গিয়ে সেই জিনিস ইনেসপেকশন করে ডিক্লেয়ার করে এই বাড়ি ফেলে দেওয়ার মত, না সামান্য প্যাচ ওয়ার্ক করলেই থেকে যাবে বা বাড়িটা ঠিক আছে। এত তাড়াতাড়ি করা এটা সম্ভব নয়, তবে তিনি যে কথা বলেছেন সেটা আমি নিশ্চয়ই মনে রাখব।

**Shri Sukumar Bandyopadhyay :** মন্ত্রিমহাশয় বললেন যে এক মাসের মধ্যে এই ধরনের বিপদজনক বাড়ীর সংখ্যা নেওয়া তাঁর পক্ষে সম্ভব নয়। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে ব্যাপারটা যখন বিপদজনক এবং বিপদজনক ব্যাপারটা মানুষের বাঁচার প্রশ্নের সংগে জড়িত সেখানে একমাসের মধ্যে না হলে কতদিনের মধ্যে এই সংখ্যা নেওয়া সম্ভব হবে আশা করেন ?

**Shri Prafulla Kanti Ghosh :** এর সঠিক উত্তর দেওয়া শক্ত। কিন্তু আবার বলবো মাননীয় সদস্যের উত্তরের মাধ্যমে কলকাতার অধিবাসীদের কাছে যে আবেদন রেখেছি সেই আবেদন যদি তাঁরা দয়া করে গ্রহণ করেন তাহলে এই কাজটা ত্বরান্বিত হওয়া সম্ভব। কলকাতার মানুষ যদি আজকে এগিয়ে আসেন এই বিপদটা স্বীকার করে নিয়ে করপোরেশান বা সরকারকে সাহায্য করেন তবেই এই কাজটা করার পক্ষে সুবিধা হবে। তা না হলে যত সংখ্যক লোকই রাখুন সমস্ত তথ্যটা পাওয়া অসম্ভব হবে।

**Shri Sukumar Bandyopadhyay :** মন্ত্রিমহাশয় বলছেন আবেদন রাখবেন। সবিনয় নিবেদন ছাড়া সরকারের পক্ষে কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা সম্ভব কিনা জানাবেন কি ?

**Shri Prafulla Kanti Ghosh :** নিশ্চয় আছে। আমি প্রথমেই বলেছি এটা খুবই ব্যয়সাপেক্ষ। আজকে এইটা করতে গেলে এক্সপার্ট, ইঞ্জিনিয়ার বা ওভারসিয়ার এই লোক লাগাতে হবে। আপনারা জানেন কলকাতার লোকসংখ্যা কত। ইচ্ছে করলেই করা যায় না। আবার বলছি মাননীয় সদস্য যে কথা বলেছেন সেই সম্বন্ধে যে আমি করপোরেশনের যাঁরা উর্ধতন অফিসার আছেন তাঁদের সংগে নিশ্চয়ই এই বিষয়ে আলোচনা করবো।

**Shri Ganapati Sur :** I think, in the Building Department there is demolition section to look into unauthorised construction of buildings. This is under the City Architect. So there are departments to look into all these things. I think the Hon'ble Minister should enquire into it and ask the demolition department to do it. There are various departments under the D B.S., viz., D.B.I. for Plans, D.B.I. for demolition of buildings, and D.B.I. for unauthorised construction and it is the job of demolition department to look after the demolition work. It is their job and why that has not been done ?

**Shri Prafulla Kanti Ghosh :** Sir, with due apology to the honourable Member I should submit that when I am the Minister-in-Charge I know what are the departments there in the Corporation of Calcutta and as I submitted earlier, personnel are very limited in number compared to the total number of houses we have in Calcutta.

**Shri Ganapati Sur :** Is the Hon'ble Minister aware of the fact that the Commissioner of the Corporation of Calcutta by virtue of the Calcutta Municipal Act has got the authority to demolish any building

is unsuitable? There are separate sections in the Building Department for doing the work. It is the duty of the Inspectors of the Demolition Section of the Building Department to bring to the notice of the Commissioner of the Corporation of Calcutta existence of such buildings and it is for the Commissioner to pass necessary orders for demolition. That is my say, Sir.

**Shri Prafullakanti Ghosh :** Sir, I admit my limitations, I know, there are departments, I know the rights of the Commissioner of Calcutta Corporation. What I am trying to explain to the honourable members is that there is paucity of personnel. We do not have in the department so many staff as they can go round Calcutta, inspect different houses, know which particular houses are to be demolished and then bring all the facts to the notice of the Calcutta Corporation. I again say that this is because the number of staff are very limited in that particular department. In spite of the best desire of the Calcutta Corporation in this regard, the work could not be progressed further. As some honourable members mentioned, I shall certainly take it up with the Corporation officers so that we can find out some positive solution as regards all these complaints.

[1-40—1-50 p.m.]

**Shri Sukumar Bandyopadhyay :** কোলকাতা শহরে যেসমস্ত বড় বড় বাড়ীগুলি বিপজ্জনক অবস্থায় আছে সেগুলির মালিকরা যেহেতু ধনী ও প্রভাবশালী সেহেতু তাঁদের ভয়ে তাঁদের বিরুদ্ধে কোন কার্যকরী ব্যবস্থা সরকার অবলম্বন করছেন না এটা কি সত্য ?

**Shri Prafulla Kanti Ghosh :** আপনি যে সরকারের সংগে সংশ্লিষ্ট সেই সরকার কি এতই দুর্বল যে কয়েকজন ধনী ব্যক্তি এই সরকারের কণ্ঠ রুদ্ধ করবে।

**Shri Sukumar Bandyopadhyay :** আমি এই সরকারের সম্বন্ধে সেই রকম উক্তি করিনি।

**Mr. Spea er :** The Hon'ble Minister has given you a printed reply.

**Shri Prafulla Kanti Ghosh :** আমার ভাষার অজ্ঞতার জন্য আমি ক্ষমা চেয়ে নিচ্ছি। আমি বলছি না একথা সত্য নয়।

**Dr. A. M. O. Ghani :** Corporation-এর efficient officers-এর paneltyর জন্য কোলকাতায় M.L.A. দের কাছে চিঠি দিয়েছেন। এরকম বাড়ী যথানে যেখানে আছে damaging অবস্থায় সেগুলি সম্বন্ধে report করতো। আপনি ধরে নিয়েছেন যে কোলকাতার M.L.A.দের একটা basic আর্কিটেক্ট জ্ঞান আছে কিন্তু ঐ বাড়িগুলি যাদের তাদের বেশীর ভাগের অবস্থা দুঃস্থ সেগুলি neglected অবস্থায় আছে। Health Minister যদি বলেন যে কে কে আমার এলাকার মধ্যে T.B. রুগী আছে তা দেখতে। কিন্তু কোনটাই সম্ভব নয়। বরং আপনি আশ্বাস দিন এখুনি দেখবার জন্য লোক বাড়াবেন।

(উত্তর নাই।)

**Shri Kanailal Sarkar** Corporation এলাকায় অনেক বাড়ির উপর ৪।৫ বছর ধরে demolitonএর নোটিশ আছে। সেগুলিকে ভাঙ্গার ব্যবস্থা করবেন কি ?

**Shri Prafulla Kanti Ghosh :** বাড়ি demolish করতে গেলে Court-এ চলে যায়। এর ফলে ৫ জন অফিসারের মধ্যে ৩ জন সব সময় Court-এ যান। Court থেকে সেগুলি vacate করতে পারেন তবে সেগুলি demolish হবে। কোলকাতা শহরে বড় লোকেরা কিভাবে Court-এ যেতে হয় তারা জানে। সুতরাং যতক্ষণ না আইন এবিষয়ে সংশোধন করতে পাচ্ছি ততক্ষণ তারা Court এ যাবে এর demolition হবেনা। আমি এটা নিয়ে Commissioner, Administration, City Architect-এর সঙ্গে আলোচনা করে একটা ব্যবস্থা শীঘ্র অবলম্বন করব।

**Shri Bijoy Singh Nahar :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি মালিকপক্ষ কোর্টে চলে যায় সেজন্য যে বাড়ি পড়ে যাবে সেই বাড়ি ভাংগা সম্ভব হয় না, অথচ সেই বিপজ্জনক অবস্থায় বাড়ী পড়ে গিয়ে লোক মারা যায়, এই যে মিউনিসিপ্যাল অ্যাক্টের সেকসান এই সেকসান বদলে ক্ষমতা নেবার কোন রকম পরিকল্পনা সরকার ভাবছেন কিনা এবং সেকসান বদলে নিয়ে ব্যবস্থা করতে পারবেন কিনা ?

**Shri Prafulla Kanti Ghosh :** আমার সৌভাগ্য যে আমার একজন পরম শ্রদ্ধেয় আজকে এই প্রস্তাব রাখলেন, প্রশ্ন রাখলেন। নিশ্চয়ই এটা সম্বন্ধে আলোচনা হচ্ছে এবং এই রকম একটা নয়, অনেকগুলি কর্পোরেশান আইনের পরিবর্তন হওয়া দরকার। এটা আপনার সরকার ভাবছেন।

### মুর্শিদাবাদ জেলাপরিষদে নিযুক্ত অবসরপ্রাপ্ত ওভারশিয়ার

*৪৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬২।) **Shri Mohammad Dedar Baksh :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলাপরিষদের কাজ পরিচালনার জন্য অবসরপ্রাপ্ত ওভারসিয়ারকে নিয়োগ করার কারণ কি,

(খ) উক্ত নিয়োগপত্র কে দিয়েছিলেন, ইহা কি আইনসংগত হয়েছে ; আইনসংগত না হলে ইহার জন্য দায়ী কে ; এবং

(গ) উক্ত নিয়োগ বাতিল করে একজন ইঞ্জিনিয়ারকে নিয়োগ না করার কারণ কি ?

**Shri Prafulla Kanti Ghosh :** (ক) প্রশাসক নিয়োগের বিরুদ্ধে হাইকোর্টে মুর্শিদাবাদ জিলাপরিষদ যে মামলা দায়ের করিয়াছেন সেই মামলার অন্তর্বর্তী আদেশে হাইকোর্ট এই নির্দেশ দিয়াছিলেন যে মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জিলাপরিষদের প্রশাসকের সম্মতি সাপেক্ষে ইহার চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও অন্যান্য সভ্যগণ যথারীতি কাজ চালাইয়া যাইবেন। কিন্তু যেসব ব্যাপারে চেয়ারম্যানের সহিত প্রশাসক একমত হইতে পারিবেন না সেইসব ব্যাপারের নিষ্পত্তি মামলার চূড়ান্ত রায় না হওয়া পর্যন্ত স্থগিত থাকিবে। তবে প্রশাসক দৈনন্দিন কাজ চালাইবার জন্য কতকগুলি নির্দিষ্ট ব্যাপারে সীমিত ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন কিন্তু নীতিগত ব্যাপারে চেয়ারম্যানের সম্মতি ব্যতিত প্রশাসক কোন সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন না। জিলাপরিষদের চেয়ারম্যান এই আদেশের এইরূপ ব্যাখ্যা করেন যে মামলায় হাইকোর্টের চূড়ান্ত রায় না হওয়া পর্যন্ত নীতিগত ব্যাপারে জিলাপরিষদ কোন সিদ্ধান্ত নিতে পারেন না। সুতরাং ডিষ্ট্রিক্ট ইঞ্জিনীয়ারের পদ পূরণ নীতিগত ব্যাপারে বিবেচিত হওয়ায় উক্ত মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ঐ পদ পূরণ করা সম্ভব নহে। এই কারণে জিলাপরিষদের ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ারের পদ খালি রাখিয়া অবসরপ্রাপ্ত ওভারসিয়ার শ্রীসঞ্জীবচন্দ্র রায়ের কার্যকালের মেয়াদ বৃদ্ধি করিয়া

তাঁহাকে দিয়া ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ারের কাজ চালাইয়া যাওয়া হইতেছে। ৩০-১২-৭১ তারিখের এক মন্তব্যে চেয়ারম্যান ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ার নিয়োগ করতে সম্মত হন। কিন্তু প্রশাসকের মতে নির্দেশের অস্পষ্টতার জন্য নিয়োগের কোন ব্যবস্থা করা সম্ভব হয় নাই।

(খ) ১৮-৮-৬৯ তারিখ হইতে উক্ত নিয়োগপত্র জিলাপরিষদের চেয়ারম্যানের সম্মতিক্রমে প্রশাসক মহাশয় দিয়েছিলেন এবং আদেশ আইনসংগত ছিল।

(গ) 'ক' প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

[1-50—2-00 p. m.]

**Shri Habibur Rahaman :** মন্ত্রিমহাশয় জানাবেন কি, চেয়ারম্যান এই ওভারসিয়ারকে শেষবারের মত এক্সটেনসন দিয়েছিলেন কিনা ১৯৭১ সাল পর্যন্ত ?

**Shri Prafulla Kanti Ghosh :** হাঁ। ১-১২-৭১ তারিখ হইতে শ্রী রায়ের কার্যকাল আরও তিনমাস বৃদ্ধি করার জন্য চেয়ারম্যান একটি প্রস্তাব পেশ করেন প্রশাসকের নিকট।

**Shri Mohammad Idris Ali :** জেলাপরিষদের চেয়ারম্যান থাকাকালীন এক্সিকিউটিভ অফিসার কি কোন নিয়োগপত্র দিতে পারেন বা চাকরির মেয়াদ বৃদ্ধি করতে পারেন ?

**Shri Prafulla Kanti Ghosh :** আমি গোড়াতেই বলেছি যদি চেয়ারম্যান এবং প্রশাসক দু'জনে একমত হন তাহলে এটা হওয়া সম্ভব হতে পারে। কিন্তু যদি দু'জনের মতবিরোধ দেখা দেয় তাহলে এটা হওয়া সম্ভব নয়।

## পুলিশ কর্মচারীদের ভ্রমণভাতা

*৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২৭।) **Shri Samsul Alam Khan :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুলিশ কর্মচারীদের ট্রাভেলিং অ্যালাউন্স খাতে বরাদ্দকৃত অর্থে প্রায় প্রতি আর্থিক বছরে ঘাটতি পড়ে; এবং

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি, এবং (২) উহার নিরসনের জন্য সরকার কি চিন্তা করিতেছেন ?

**Shri Subrata Mukhopadhyay :** (ক) ইহা খানিকটা সত্য।

(খ) অন্যান্য সরকারী বিভাগের মত পুলিশ বিভাগেও বাজেটে T. A. খাতে বরাদ্দ অনুমানের উপর ভিত্তি করিয়া রচিত। কোন কোন বৎসর এই অনুমান সঠিক প্রমাণিত হয় না। অনুমান যতদূর সম্ভব বাস্তবানুগ করার জন্য চেষ্টা করা হচ্ছে।

## পঞ্চায়েৎ নির্বাচন

*৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৬।) **Shri Manoranjan Pramanik :** পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—বর্তমানে পঞ্চায়েৎ নির্বাচন বন্ধ থাকার কারণ কি ?

**Shri Prafulla Kanti Ghosh :** নূতন পঞ্চায়েত আইন প্রনয়ণের পরিপ্রেক্ষিতে বর্তমানে পঞ্চায়েত প্রতিষ্ঠানসমূহের নির্বাচন স্থগিত রাখা হইয়াছে।

**Shri Manoranjan Pramanik :** কবে নাগাদ নির্বাচন হবে জানাবেন কি ?

**Shri Prafulla Kanti Ghosh :** এর সঠিক উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব নয়। যে পঞ্চায়েত বিল আসার কথা আছে সেটা ক্যাবিনেটের সামনে আলোচনা হয়েছে। ক্যাবিনেট যদি অনুমোদন দেন তারপর অ্যাসেম্বলীতে সেটা আসবে।

**Shri Abdul Bari Biswas :** অনেক জায়গাতে পঞ্চায়েৎ ব্যবস্থা ঠিকমত নেই, অনেক অ্যাডমিনিস্ট্রেটর হয়েছে এবং তার ফলে একটা অস্বাভাবিক অবস্থা সৃষ্টি হয়েছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে আপনারা কোন অ্যাডভাইসরি কমিটি জেলা পঞ্চায়েতগুলিতে বা জেলা সমিতি যা চালু আছে সেখানে করবার কথা চিন্তা করছেন কি?

**Shri Prafulla Kanti Ghosh :** মাননীয় সদস্য অবগত আছেন এই ধরনের প্রশ্ন এর আগে এখানে উত্থাপিত হয়েছে এবং আপনারা যে ধরনের আলোচনা করলেন এবং যে ইচ্ছা প্রকাশ করলেন তাতে আমার মনে হয় আইনের বাধা যদি না থাকে তাহলে নিশ্চয়ই এই ধরনের একটা চিন্তা সরকার করছেন।

**Shri Sudhir Chandra Das :** পঞ্চায়েত বিল আনার পক্ষে কি অসুবিধা আছে জানাবেন কি?

**Shri Prafulla Kanti Ghosh :** কোন অসুবিধা আছে বলে আমি অনুভব করছি না। তবে এই বিল অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এটা নিয়ে বার বার চিন্তা করা দরকার। সেই চিন্তা করে একটা বিল ড্রাফ্‌ট হয়েছে এবং আমি আগেই বলেছি ক্যাবিনেটের সামনে গিয়েছে। ক্যাবিনেট যদি এটা অনুমোদন করেন তাহলে এই সেসনেই মাননীয় সদস্যদের সামনে সেটাকে ইনট্রোডিউস করতে পারব।

### পুলিশ কর্মচারীদের বাড়ীভাড়া ভাতা

*৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৮।) **Shri Samsul Alam Khan :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অন্যান্য সরকারী কর্মচারীদের মত পুলিশ কর্মচারীদিগেরও শতকরা দশ টাকা হারে বাড়ীভাড়া ভাতা দেওয়া হয়;

(খ) সত্য হইলে, সকল শ্রেণীর কনেস্টবল কর্মচারীরা ঐ ভাতা নিয়মিত পাইতেছেন কিনা; এবং

(গ) নিয়মিত না পাইয়া থাকিলে, ইহার কারণ কি এবং এ সম্পর্কে সরকার কি চিন্তা করিতেছেন?

**Shri Subrata Mukhopadhyay :** (ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

### মহিলা পুলিশ

*৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৪।) **Shri Manoranjan Pramanik :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বর্তমানে পুলিশ সার্ভিসে কতজন মহিলা আছেন;

(খ) তন্মধ্যে কতজন গেজেটেড ও কতজন নন্‌-গেজেটেড; এবং

(গ) ঐ মহিলা অফিসারদের মধ্যে কতজন কোন্‌ কোন্‌ পদে আছেন?

**Shri Subrata Mukhopadhyay :** (ক) ৭৬ জন।

(খ) গেজেটেড ১ জন, নন্‌-গেজেটেড ৭৫ জন।

(গ) ইনস্পেক্টর ১ জন,

সাব-ইনস্পেক্টর ১১ জন,

অ্যাসিসট্যান্ট সাব-ইনস্পেক্টর ৫১ জন, কনস্টেবল ৯ জন।

**Shri Manoranjan Pramanik :** যেসমস্ত পদগুলি শূন্য রয়েছে সেই সমস্ত পদগুলির যাঁরা আবেদন করেছেন তাঁদের মধ্যে মহিলা প্রার্থী আছেন কিনা ?

**Shri Subrata Mukhopadhyay :** আছেন।

**Shri Manoranjan Pramanik :** তাঁদের বিষয় চিন্তা করা হয়েছে কিনা নিয়োগের ক্ষেত্রে।

**Shri Subrata Mukhopadhyay :** এমন কোন বিশেষ চিন্তা নেই।

## HELDOVER STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

### শ্রীজ্যোতি বসুর বিলাত ভ্রমণের ব্যয়ভার

*৩৬৫। (শর্ট নোটিশে) (অনুমোদিত প্রশ্ন নং *.৩৮৪ ) **Shri Lakshmi Kanta Bosu :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জ্যোতি বসুর বিলাত ভ্রমণের ব্যয়ভার বহন করছেন শ্রীজীৎপাল যিনি (১) আমিন চাঁদ প্যারেলাল কোম্পানীর মালিক ও (২) কলিকাতার পার্ক হোটেলের মালিক, এবং

(খ) সত্য হইলে, এই পার্ক হোটেল খোলার অনুমতি কে দিয়াছিলেন ?

**Shri Subrata Mukhopadhyaya :** (a) The information available with the Government cannot be disclosed in public interest.

(b) It is their family concern and he and his family members are the major share-holders of this concern.

(c) The Calcutta Park Hotel is owned by Park Hotel (P) Ltd. The Park Hotel (P) Ltd. is controlled by Aruna Estate Private Ltd. of which Shri Jit Pal and his family members are major share-holders.

Also Aminchand Pyarelal (P.) Ltd. in which Shri Jit Pal and his family members have large holdings is a share-holder of Aruna Estate Pvt. Ltd.

(d) The setting up of the Park Hotel was permitted under the Calcutta Police Act by the Commissioner of Police, Calcutta, on the instruction and advice of the Government of West Bengal in the month of October, 1967.

**Shri Pankaj Kumar Banerjee :** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এমন কি গোপন জিনিস থাকতে পারে জ্যোতি বসুর বিদেশ যাওয়ার ব্যাপারে যে দেশের স্বার্থে তা বলা যাবে না। কারণ আমরা জানি যে তিনি বিদেশী মুদ্রা সহজেই পেলেন, কে তাঁকে দিলো ? তিনি বিদেশে গিয়েছেন রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এবং এই হোটেলকে কে পারমিট দিলো বা লাইসেন্স দিলো তা বলতে বাধা কি ?

**Shri Subrata Mukhopadhyaya :** আমি আগেই বলেছি যে দেশের বৃহত্তর স্বার্থ রক্ষার জন্য সরকারপক্ষ থেকে গোপন কথা বলতে পারছি না। আপনাদের কাছে অনুরোধ করবো যে এটা নিয়ে আর চাপ সৃষ্টি করবো না। বিদেশে যাওয়ার অনুমতি যে নিয়ম অনুসারে দেওয়া হয় সেইভাবেই দেওয়া হয়েছে। আর কে টাকা দিয়েছেন এই সব বিস্তারিত সংবাদ আমরা এনকোয়ারি করছি। কিন্তু বিস্তারিত সংবাদ এখন পরিবেশন করা বাঞ্ছনীয় নয়।

**Shri Pankaj Banerjee :** আমাদের কাছে যতদূর রিপোর্ট আছে তাতে আমরা জানতে পেরেছি এই পার্ক হোটেলকে লাইসেনস দেওয়া হয় যখন জ্যোতিবাবু স্বরাষ্ট্র মন্ত্রী ছিলেন এবং এতে তাঁর কিছু শেয়ারও আছে। এই শেয়ারের টাকা থেকেই কি তাঁকে বিদেশ যাওয়ার খরচা হিসাবে উপঢৌকন দেওয়া হয়েছে ?

**Shri Subrata Mukhopadhyaya :** পার্ক হোটেলের লাইসেন্স জ্যোতি বাবুর আমলেই দেওয়া হয়েছিল এটা সত্যি কথা। কিন্তু কমিশনার অব পুলিশ এটা ইস্যু করেছেন যে নিয়ম অনুসারে করা হয় সেই আইন অনুসারে। আর তিনি বিদেশে গিয়েছেন সেই অর্থ কি করে পেয়েছেন, পার্ক হোটেল দিয়েছেন কিনা এই সব ব্যাপারে আমরা তথ্য সংগ্রহ করছি এবং আশা করবো মাননীয় সদস্যরা—আমরা যেজন্য অগ্রসর হচ্ছি সেইসব গোপন তথ্য প্রকাশ করবার জন্য চাপ সৃষ্টি করবেন না তাতে সরকার ও জনসাধারণের বৃহত্তর স্বার্থ ক্ষুন্ন হতে পারে।

[2—2-10 p.m.]

আমি এটা জানি যে এটা শুধু মাননীয় সদস্যদের নয়, সারা বাংলা দেশেই এটা বিতর্কের বিষয়। সদস্যরা ছাড়াও বাংলা দেশের এ প্রান্ত থেকে ও প্রান্ত পর্যন্ত প্রত্যেকটি স্তরের মানুষ-এর কাছে, আমরা এ প্রশ্ন শুনছি যে জ্যোতিবাবু পার্ক হোটেলের কাছ থেকে বিশেষ টাকার বিনিময়ে লাইসেন্স দিয়েছেন, কিন্তু যেহেতু সরকারপক্ষ থেকে আমরা ঘোষণা করছি যেহেতু তথ্য সম্বন্ধে মেটিরিয়েল ডকুমেন্ট না পাওয়া পর্যন্ত কিছু প্রকাশ করছি না, মাননীয় সদস্যদের এই প্রশ্ন জাগা স্বাভাবিক, সাধারণের প্রশ্ন এখানে তাঁদের উত্থাপন করা স্বাভাবিক। তবে আমি তাঁদের অনুরোধ করব, সময় দিন, এই গোপনকে একদিন ফাঁস করব, সাধারণের প্রশ্নের এবং মাননীয় সদস্যদের প্রশ্নের জবাব, দুইটি জবাব একদিনেই দেব।

**Shri Asamanja De :** চরম সত্যের উদঘাটন মাননীয় মন্ত্রিমহাশয় করতে চাননি, আমি সে বিষয়ে তাঁকে প্রশ্ন করবনা, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইব, আপনাকে বৈদেশিক মুদ্রার চরম সংকটে একজন ভারতবাসী হিসাবে বিদেশে গিয়ে জাতীয়তা বিরোধী প্রচার করার জন্য বৈদেশিক মুদ্রার অপচয় ঘটান, জাতীয়তা বিরোধী কার্যকলাপ বলে মনে করেন কিনা ?

**Mr. Speaker :** That is a mattet of opinion.

**Shri Puranjoy Pramanik :** ১৯৬৭ সালে যখন পার্ক হোটেলের লাইসেন্স দেওয়া হয়, তখন স্বরাষ্ট্র মন্ত্রী ছিলেন অজয় মুখোপাধ্যায় মহাশয়, তাঁর কাছ থেকে তখনকার অর্থমন্ত্রী জ্যোতিবাবু এই সংক্রান্ত ফাইলটি দেখতে নিয়ে আর ফেরৎ দেননি, জবাবের সময় বলেছিলেন ফাইলটি পাওয়া যাচ্ছে না। আমি জানতে চাইছি সেই ফাইলটি কি এখন পাওয়া গেছে ?

**Shri Subrata Mukhopadhyaya :** এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা, আমি আজকে আমার দপ্তরকে নির্দেশ দিচ্ছি, এই যে ধরণের তথ্য পরিবেশন করা হয়েছে এর সত্যতা যেন যাচাই করে যদি আগামী দিনে প্রশ্ন আসে, তাহলে উত্তর দেব।

**Shri Abdul Bari Biswas :** আমরা জানি এই পার্ক হোটেল ১৯৬৭ সালের আগেই তৈরী হয়েছিল এবং যুক্তফ্রন্ট সরকার আসার আগে এই পার্ক হোটেলের জন্য লাইসেনস চয়ে দরখাস্ত করেছিল, তদানীন্তন সময়ে যে সরকার ছিলেন, সেই সরকার কি কি কারণে লাইসেনস দিতে পারেননি, পরবর্তীকালে জ্যোতি বসু মহাশয় কি কি কারণে লাইসেনস দিলেন, সেই সমস্ত কারণ তখন ছিল কিনা এটা মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**Shri Subrata Mukhopadhyaya :** তদানিন্তন মুখ্যমন্ত্রী শ্রী পি. সি. সেনে-এর আমলে পার্ক হোটেলের লাইসেন্স আবেদন করা হয়। কিন্তু কি কারণে জানি না তিনি পার্ক হোটেলের লাইসেন্স দেন নি। পরবর্তীকালে অজয় মুখোপাধ্যায় হোম মিনিস্টার হলে পার্ক হোটেলের লাইসেনসের জন্য আবেদন করা হয়। এবং সুশীল ধাড়া ও জ্যোতি বসু একটা প্রেস র ক্রিয়েট করেছিলেন। এবং তখন পার্ক হোটেলের লাইসেন্স মঞ্জুর হয়ে যায়। সরকারের পক্ষ থেকে এর কোন মেটেরিয়াল বা ডকুমেন্ট নেই যে এই প্রেসার ক্রিয়েট করেছিলেন। আমরা এটা অজ্ঞাতভাবেই রাখতে চাই কারণ এটা তদন্তের মধ্যে রয়েছে।

**Shri Rajani Kanta Dolui :** জ্যোতি বসু এবং তাঁর দলকে পশ্চিম বাংলার জনসাধারণ রিজেক্ট করেছে। জ্যোতি বসু আজকে বিলাতে গিয়ে আমাদের দেশের গণতন্ত্রকে হেয় প্রতিপন্ন করবার জন্য যেভাবে প্রচার চালাচ্ছেন তাঁর একশানের বিরুদ্ধে এই সরকার কোন একশান নেবার কথা চিন্তা করেছেন কিনা ?

**Shri Subrata Mukhopadhyaya :** এটা কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন তবে এটার আমরা নিন্দা করতে পারি। তাঁর বক্তব্য রাখার অধিকার আছে। বাংলাদেশের মানুষ তাঁর বক্তব্য রিজেক্ট করেছে। তিনি বিলাতে গিয়ে বক্তৃতা করছেন। পরে হয়ত তিনি চাঁদে গিয়ে বক্তব্য রাখবেন। তাঁর বক্তব্য রাখার অধিকার থাক এটা আমরা চাই।

**Shri Sukumar Bandyopadhayay :** মন্ত্রিমহাশয় বলেছেন যে তিনি চাঁদে গিয়ে বক্তব্য রাখতে পারেন তাতে আপত্তি নাই। মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে সংসদীয় গণতন্ত্রকে হেয় প্রতিপন্ন করবার জন্য যেকোন মানুষ যদি বিদেশে গিয়ে দেশের বিরুদ্ধে প্রচার করে —প্রচার চালায় তা হলে এটা জাতীয় বিরোধী কার্যকলাপ বলে মনে করেন কিনা ?

**Mr. Speaker :** It is matter of opinion.

**Shri Pankaj Kumar Banerjee :** মাননীয় মন্ত্রিমহাশয় অনেক প্রশ্ন এড়িয়ে গেলেন যা জাতীয় বিরোধী বলে আমরা যা জানতে চাই এই হোটেলে জ্যোতি বাবুর শেয়ার আছে কিনা। শোনা যায় তিনি একজন অংশীদার। এই সম্বন্ধে কোন রিপোর্ট আছে কিনা জানাবেন ?

**Shri Subrata Mukhopadhyaya :** শেয়ার আছে কিনা সেটা আরো ভাল করে দেখে বিবেচনা করে তবে উপস্থিত করবো। এ ব্যাপারে সন্দেহ আছে কথা যখন উঠেছে তখন আমরা গভীরভাবে দেখছি যে শেয়ার আছে কি নেই। যদি থাকে মাননীয় সদস্যরা যে কথা বলেছেন সেই পরিপেক্ষিতে অনুসন্ধান করবো দেখবো আছে কি না। থাকলে কিভাবে উপভোগ করছেন দেখবো।

**Shri Sukumar Bandyopadhayay :** মন্ত্রিমহাশয় জাতীয় স্বার্থে কিছু কিছু তথ্য গোপন রেখেছেন। আমি জানাতে চাই যে শ্রীজীবপালের সঙ্গে জ্যোতিবাবুর সম্পর্ক গোপনীয় না জ্যোতিবাবুর বিলাত যাওয়াটা গোপনীয়।

**Shri Subrata Mukhopadhyaya :** শ্রীজ্যোতিপালের সঙ্গে কি সম্পর্ক সেটা প্রকাশ হলেই বুঝতে পারবেন। এখন প্রকাশ করতে চাচ্ছি না আমরা এ বিষয় তথ্য সংগ্রহ করে প্রকাশ করতে চাচ্ছি তখন সুবিধা হবে। তবে জ্যোতিপাল এর সঙ্গে তাঁর পরিবারের ঘনিষ্ঠ সম্পর্ক আছে। অতীতে আমরা শুনেছি যখন কলকাতায় নকশাল আক্রমণ হয় ও গণ্ডোগোল হয় তখন তিনি ও তাঁর পরিবার সহ পার্ক হোটেলে গিয়ে থেকেছেন মাসাধিক কাল এবং সেই টাইম ডেট আমরা জানি। অতএব তাঁর শেয়ার আছে কিনা তার তথ্য সংগ্রহ করছি।

[2-10—2-20 p. m.]

**Shri Mrigendra Mukherjee :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি—১৯৬৭ সালে... ...

( Noise and interruptions )

**Shri Nirmal Krishna Sinha :** একজন বিলেতে গিয়েছেন—তা নিয়ে এত সময় ব্যয় করবার অধিকার হাউসের আছে কি ?

( গোলমাল )

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য যেকথা বলেছেন একটা প্রশ্ন নিয়ে হাউসে কতটা সময় নেবেন না কি নেবেন না—that is up to you, Sir, to decide .....

( গোলমাল )

**Shrimati Ila Mitra :** স্যার, on a point of order. আমার একটা বক্তব্য আছে।

**Shri Abdul Bari Biswas :** আমার একটা point of order আছে, Sir.

**Mr. Speaker :** What is your point of order ?

**Shri Abdul Bari Biswas :** আমার পয়েন্ট অব অর্ডার হলো—এই যে একটা প্রশ্নের ভিত্তি করে বিতর্ক চলছে—প্রথমে লাইসেন্স না দেওয়া, পরবর্তী দিনে লাইসেন্স দেওয়া—এর কারণ কী ? এরমধ্যে শোনা যায় লক্ষ লক্ষ টাকা ঘুষ নেওয়ার প্রচার আছে জনসমক্ষে। জ্যোতিবাবু এখন বিদেশে গিয়েছেন। সেখানে গিয়ে তিনি আমাদের গণতন্ত্রের বিরোধী প্রচার করছেন। জ্যোতিবাবু ভোটে হেরে যাবার পর এই হোটেলে ছিলেন—প্রথমে এটা ম্যাড হাউস ছিল তারপর সেটা দুঃখে পড়ে বন্ধ হয়ে গিয়েছে। এই সমস্ত জিনিস তদন্ত করে এই বিধানসভা চলাকালীন এ সম্বন্ধে যেন সরকার একটা স্টেটমেন্ট দেন।

**Mr. Speaker :** There is no point of order in it. Please take your seat.

**Shrimati Ila Mitra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমার পয়েন্ট অব অর্ডার হলো—আমাদের পক্ষের একজন মাননীয় সদস্য এইযে কথাটা তুললেন হাউসের procedure সম্পর্কে, জ্যোতিবাবুর কি হয়েছে না হয়েছে। এই procedure আপনার ভাল করে জানা আছে। সেই সময়ে আমরা অপজিসনে ছিলাম, কেশববাবু স্পীকার ছিলেন, তিন ঘন্টার বেশী Supplemantary কাউকে করতে দেওয়া হতো না। আমরা চাই প্রত্যেক কোশ্চেনের কিছু না কিছু উত্তর হোক। যদি একটা কোশ্চেন নিয়ে এত সময় নেওয়া হয় তাহলে অন্য মেম্বারদের প্রিভিলেজ কাটা হয়। এছাড়া তিনি অন্যকোন কথা তোলেন নাই।

**Shri Kashi Kanta Maitra** : মাননীয় অধ্যক্ষমহাশয়, এই প্রসঙ্গে মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে প্রশ্ন তুললেন, সেটা ঠিক নয়। আমি অনেক দিন বিধানসভার সদস্য মাননীয়া সদস্যা যে কথা বললেন, সেটা লোকসভার convention. আজ পর্যন্ত এখানে এরকম কোন convention হয়নি। আপনিও স্যার, একজন পুরানো সদস্য এই হাউসের। কোশ্চেন যখন হাউসে আসে তখন question is the property of the whole House. কাজেই হাউসের একজন মাননীয় সদস্য তিনটা প্রশ্ন করতে বাধ্য নন। ১৯৬৩ সালে গোলাম মহীউদ্দিনের মধুচক্রের ব্যাপার নিয়ে এই বিধানসভায় একটা starred question এর উপর ৪৫ মিনিট থেকে একঘন্টা ধরে প্রশ্নোত্তর হয়েছিল। প্রশ্নোত্তরের সময়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন যদি আসে, সে যেকোন পক্ষই তুলুক না কেন, জবাবের জন্য তোলেন এবং তা যদি প্রাসঙ্গিক হয় এবং প্রশ্নোত্তরের মাধ্যমে গুরুত্বপূর্ণ তথ্য বেরিয়ে আসে তাতে হাউসের অধিকার খর্ব হবে সংরক্ষিত হবে না বলে আমি মনে করি না। আর একজনে তিনটা Supplementary করবেন, তারও কোন ধরা-বাঁধা নিয়ম নাই।

**Mr. Speaker** : Generally three supplementaries are allowed to the Member in whose name the particular qestion stands. Thereafter, other Members are allowed to put number of supplementaries and that is the covention that we are following. In some important questions, however, the Members take 10/15 minutes' time for putting supplementaries though we try to complete a particular question within 5 minutes. Even today I have allowed 10 minutes' time to a particular question. So the convention is that the honourable Member in whose name a particular question stands is given chance first to put three supplementary questions and thereafter other Members are allowed to put supplemantaries. So, there is no hard and fast rule that so much supplementaries would be allowed and after that no supplementaries would be allowed. In some cases, however, the Members are so much eager and so much agitated over a particular matter that they put a number of supplementaries. So far as this particular question is concerned there are also some Members who want to put more supplementaries. I think the question has sufficiently been answered and elucidated by the Hon'ble Minister and only two or three more supplementaries would be enough, and I call upon Shri Mrigendra Mukherjee to put his supplementary first.

**Shri Mrigendra Mukherjee** : স্যার, আমার পয়েন্টেড কোয়েশ্চেন পয়েন্টেড উত্তর চাই। ১৯৬৭ সালের অক্টোবর মাসে স্টেটসম্যান কাগজে একথা বেরিয়েছিল আমার স্মরণ আছে যে এই পার্ক হোটেলের ব্যাপারে কিছু টাকা চাদা পেয়েছিল যাতে হোটেলটির লাইসেন্স দেওয়া হয়। আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি সেরকম কোন রিপোর্ট আছে কিনা, এবং তখন পুলিশ কমিশনার কে ছিলেন, এবং এই যে মিঃ বোস পাসপোর্টের জন্য আবেদন করেছিল লণ্ডনে যাবার জন্য তাতে তিনি কি কারণ দেখিয়েছিলেন ?

**Shri Subrata Mukhopadhyaya** : এই ব্যাপারে তদন্তের কিছু কিছু রিপোর্ট আছে, পূর্ণাঙ্গ রিপোর্ট না পাওয়া পর্যন্ত এগুলি প্রকাশ করা সম্ভব নয়, এবং বাঞ্ছনীয়ও নয়।

**Shri Puranjay Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, ১৯৬৭ সালে যখন ঐ পার্ক হোটেলের লাইসেন্স দেওয়া হয়েছিল তখন তৎকালীন ডেপুটি কমিশনার অব পুলিশ ছিলেন পি. জি. মুখার্জী এবং কমিশনার ছিলেন পি. কে. সেন—এঁদের সুপারিশ না থাকা সত্ত্বেও অজয়বাবুর কাছ থেকে ফাইলটি দেখতে নিয়ে শ্রীজ্যোতি বসু লাইসেন্স দিয়েছিলেন ২ লক্ষ টাকা পার্টি ফাণ্ডে চাঁদা দেবার বিনিময়ে ?

**Shri Subrata Mukhopadhyaya :** এই সমস্তই তদন্তের পরিপ্রেক্ষিতে প্রকাশ করা হচ্ছে না, দিয়েছিল কি না দিয়েছিল এই সমস্ত তথ্য বিস্তারিতভাবে সংগৃহীত হচ্ছে তা পূর্ণাঙ্গভাবে এনকোয়ারী চলছে—ফাইল আমার কাছে আছে। বিচ্ছিন্ন তথ্য আমাদের কাছে আসছে। এখানে বিরাট প্রশ্ন জড়িত আছে এবং থাকা স্বাভাবিক, কারণ গরমের সময় তিনি পরিবারসমেত পার্ক হোটেলে থাকতেন যেসব কথা বিভিন্ন পত্রপত্রিকায় দেখতে পাওয়া যায়—এগুলি সমস্তই মীমাংসা হওয়া দরকার এবং সরকারও চান এগুলি মীমাংসা করতে। এরপর এ বিষয়ে যেন আর প্রশ্ন করা হয় না। কারণ সমস্তটাই এনকোয়ারী সাপেক্ষে রয়েছে এবং এই তদন্তের রিপোর্ট পূর্ণাঙ্গ পাওয়া গেলেই আপনাদের প্রশ্নের উত্তর দেওয়া হবে।

**Shri Idris Ali :** যখন যে কোন লোককে বাইরে যেতে হয় তখন তাকে পাসপোর্ট নেবার জন্য যে অ্যাপ্লিকেসন করতে হয় তাতে তার অবজেক্ট লিখতে হয়। এখন মিঃ বোস যখন বাইরে গেলেন তখন তিনি তাঁর দরখাস্তে কি কারণ লিখেছিলেন যে এইজন্য তিনি বাইরে যাচ্ছেন ?

[2-20—2-30 p. m.]

**Mr. Speaker :** It is a matter concerning to Central Government.

**Shri Subrata Mukhopadhyaya :** এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার। আমাদের কাছে যখন উনি বলেছিলেন যেতে চাই, যেকোন কারণেই হোক আমরা বলেছিলাম ওঁকে যেতে দিন। তবে পাসপোর্টের ব্যাপারটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার।

**Shri Rathin Talukdar :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই হোটেলটি জাতীয়করণের কথা ভাবছেন কিনা ?

**Shri Subrata Mukhopadhyaya :** এখনও সে রকম চিন্তা করছি না।

## হীরাপুর থানার অন্তর্গত বিধান কলোনী-বার্ণপুর রোড

*৩৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৯।) **Shri Triptimoy Aich :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার অন্তর্গত হীরাপুর থানার অধীন বিধান কলোনী-শান্তিনগর-নরসিংবাঁধ হইয়া বার্ণপুর রোড পর্যন্ত একটি পাকা রাস্তার কাজ চার বৎসর পূর্বে হওয়া সত্ত্বেও এখনও সম্পূর্ণ হয় নাই ;

(খ) সত্য হইলে, অদ্যাবধি ইহার কাজ শেষ না হইবার কারণ কি ; এবং

(গ) কবে নাগাদ উহার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**Shri Ramkrishna Saraogi :** (ক) উল্লেখিত রাস্তাটি পূর্ত (সড়ক) বিভাগের অন্তর্ভুক্ত নয় ;

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**Shri Triptimoy Aich :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, পূর্বতন রাজ্যপাল শ্রীধর্মবীরের সময় এই রাস্তাটি তৈরি করার জন্য এক লক্ষ টাকা স্যাংসান হয়েছিল ?

**Shri Ramkrishna Saraogi :** আমাদের কাছে যত ফাইল আছে, যত ইনফরমেসান আছে বা আপনার প্রশ্ন পাবার পর যত এনকোয়ার' আমরা করেছি তাতে এরকম কোন ইনফরমেসান আমাদের কাছে নেই। সেইজন্যই আমি বলেছি যে, এই রাস্তাটি আমাদের বিভাগের অন্তর্ভুক্ত নয়।

## আসানসোল মহকুমায় বিভিন্ন রাস্তা নির্মাণ

*৩১০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫১।) **Shri Sukumar Bandopadhayay :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশর অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোল মহকুমার নিম্নলিখিত রাস্তাগুলি নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা—(১) দোমহানী-লালগঞ্জ ভায়া রঘুনাথচক, (২) লালগঞ্জ-পাহুড়িয়া, (৩) পাহুড়িয়া-হিন্দুস্থান কেবলস্ ভায়া শিয়াকুল বেড়িয়া, (৪) বার্নপুর-ঢাকেশ্বরী, (৫) দোমহানী-চুরুলিয়া, (৬) রানীগঞ্জ-মদনপুর ভায়া বক্তারনগর ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ ঐ সমস্ত রাস্তা নির্মাণের কাজ শুরু ও শেষ হইবে ?

**Shri Ramkrishna Saraogi :** (ক) (১) কেন্দ্রীয় সরকার কর্তৃক পরিকল্পিত ও অর্থানুকূল্যে কয়লাখনি অঞ্চলের সড়ক উন্নয়ন প্রকল্পে রাস্তাটি অন্তর্ভুক্ত হইয়াছিল। কিন্তু কেন্দ্রীয় সরকারের নির্দেশক্রমে রাস্তাটির কাজ বর্তমানে বন্ধ আছে। কয়লাখনি অঞ্চলের সড়ক উন্নয়ন প্রকল্পের কাজ যাহাতে পুনরায় আরম্ভ করা যায় সেইজন্য কেন্দ্রীয় সরকারকে বার-বার অনুরোধ করা হইয়াছে কিন্তু তখন পর্যন্ত কোন সম্মতি পাওয়া যায় নাই।

(২), (৩), (৪) এবং (৬) না।

(৫) হাঁ।

(খ) (২), (৩), (৪) এবং (৬) প্রশ্ন উঠে না।

(১) এবং (৫) প্রয়োজনীয় অর্থ প্রাপ্তির উপর রাস্তা দুইটি নির্মাণের প্রশ্ন নির্ভর করিতেছে।

**Shri Sukumar Bandopadhayay :** মাননীয় মন্ত্রিমহাশয় অধিকাংশ প্রশ্নের জবাবেই শুধু 'না' বলেছেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে কয়লাখনি অঞ্চলে রাস্তা নির্মাণের জন্য যে সমস্ত পরিকল্পনা নেওয়া হয়েছে তার মধ্যে অনেক রাস্তার ২৫ ভাগ, ৫০ ভাগ হয়েছে এবং কোনটার অর্দ্ধেক হয়েছে—এই যে সমস্ত অর্দ্ধ সমাপ্ত রাস্তা আছে সেগুলি সমাপ্ত করার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করা হবে কিনা, সেটা মন্ত্রিমহাশয় জানাবেন ?

**Shri Ramkrishna Saraogi :** মিঃ স্পীকার, স্যার, এটার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের সংগে সম্পর্ক স্থাপন করেছি এবং আমাদের মাননীয় মন্ত্রী এই সম্পর্কে কেন্দ্রীয় মন্ত্রী শ্রীরাজবাহাদুরের সংগে দুবার দেখা করেছেন এবং সংগে সংগে একটি চিঠিও গভর্নমেন্ট অব ইণ্ডিয়ার কাছে লেখা হয়েছে। আমরা চেষ্টা করছি যাতে তাড়াতাড়ি অনুমতি পাওয়া যায় এবং অনুমতি পেলেই যেটুকু কাজ বাকি আছে সেটাকে আমরা কমপ্লিট করতে পারবো।

**Shri Sukumar Bandopadhayay :** কয়েক মাস আগে এই রকম একটা প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের জানিয়েছিলেন যে ভারত সরকারের কাছে এই রাস্তাগুলি নির্মাণের জন্য পত্র লেখা হয়েছে। আজকেও মাননীয় মন্ত্রিমহাশয় সেই চিঠির কথা উল্লেখ করলেন। আমরা কি জানতে পারি মাননীয় মন্ত্রিমহাশয় কি কেন্দ্রীয় মন্ত্রী রাজবাহাদুরের কাছ থেকে উক্ত পত্রের কোন জবাব পেয়েছেন কিনা ?

**Shri Ramkrishna Saraogi :** সাতদিন আগে মাত্র লাস্ট লেটার লেখা হয়েছে, এখন পর্যন্ত তার উত্তর পাওয়া যায় নি। কিন্তু আমি বলতে পারি যে কেন্দ্রীয় মন্ত্রী শ্রীরাজবাহাদুর বলেছেন আমরা কোশ্চেনটি একজামিন করে দেখছি কিভাবে আপনাদের এই কাজটি আগে হতে পারে।

## STARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### জেলাপরিষদের কর্মচারীদের সুযোগসুবিধা

*৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৩।) **Shri Kashi Nath Misra :** পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা সত্য যে, রাজ্যসরকারী কর্মচারী বৃন্দ সরকারের নিকট হইতে যে সমস্ত সুযোগসুবিধা পাইয়া থাকেন সেই সমস্ত সুযোগসুবিধা জেলাপরিষদের কর্মচারীরা পান না;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি;

(গ) সরকার কি অবগত আছেন যে, ১৯৭০ সালের ১লা এপ্রিল হইতে পে কমিশন-এর রায় অনুযায়ী যে সমস্ত সুযোগসুবিধা জেলা পরিষদের কর্মচারীবৃন্দ পাইবার অধিকারী বহুক্ষেত্রে সেই সকল সুযোগসুবিধা ঐ সকল কর্মচারীদের দেওয়া হইতেছে না; এবং

(ঘ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Panchayat Department :** (ক) (ও) (খ) প্রতিটি জেলাপরিষদ এক একটি স্বয়ংশাসিত সংস্থা। সুতরাং ইহারা নিজেদের বিবেচনা এবং আর্থিক সংগতি অনুযায়ী কর্মচারীদের সুযোগসুবিধা দিয়া থাকেন। সেই কারণে সরকারী কর্মচারী ও জিলা-পরিষদ কর্মচারীদের সুযোগসুবিধা তুলনীয় নহে।

(গ) এবং (ঘ) আর্থিক কারণে সরকারী বা বেসরকারী কর্মচারী সম্পর্কে পে-কমিশনের অধিকাংশ সুপারিশই সরকারের পক্ষে গ্রহণ করা সম্ভব হয় নাই। জেলা পরিষদের ক্ষেত্রে সরকার কেবলমাত্র প্রতি কর্মচারীর জন্য মাসিক ৭ টাকা ৫০ পয়সা হারে অনুদান মঞ্জুর করিয়াছেন।

### ট্রান্সপোর্ট কমিশনারের বিরুদ্ধে অভিযোগ

*৪৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩২।) **Shri Sudhir Chandra Bera :** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ট্রান্সপোর্ট কমিশনের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের সম্প্রতি তদন্ত হয়েছে; এবং

(খ) সত্য হলে, (১) উক্ত তদন্তের ফলে তাঁর বিরুদ্ধে কোন অভিযোগ প্রমাণিত হয়েছে কিনা এবং হলে, কি কি অভিযোগ প্রমাণিত হয়েছে, এবং (২) সরকার তাঁর বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**The Minister for Home (G. A,) Department :** (ক) মহামান্য হাইকোর্ট প্রদত্ত ইনজাংশন থাকায় উক্ত অফিসারের বিরুদ্ধে অভিযোগের তদন্তকার্য বর্তমানে স্থগিত আছে।

(খ) এ প্রশ্ন উঠে না।

**National Theatre**

*486. (Admitted question No. *1326.) **Shri Samsul Alam Khan :** Will the Minister-in-charge of the Information and Public Relations Department be pleased to state—

(a) whether the Government has any proposal to set up a National Theater on the Maidan in Calcutta ; and

(b) if so, when the proposal is likely to be implemented ?

**The Minister for Information and Public Relations Department :** There is a proposal to set up a National Theatre, but the selection of sit for the same is yet to be finalised.

Attempts are being made to implement the proposal at an early date.

**UNSTARRED QUESTIONS**

**(to which written answers were laid on the Table)**

**কৃষকদের বিভিন্ন প্রকার ঋণ**

২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫০।) **Shri Netai Pada Sarkar :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে কৃষকদের সাহায্যের জন্য বিভিন্ন প্রকার ঋণ, সাহায্য মঞ্জুর করা হইয়াছে কিনা ;

(খ) মঞ্জুর করা হইলে বিভিন্ন খাতে ঋণ ও সাহায্য বাবত কত টাকা মঞ্জুর করিয়াছেন ; এবং

(গ) এই প্রকার ঋণ ও সাহায্য বিলি বণ্টন শুরু হইয়াছে কিনা ?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) হ্যাঁ, ঋণ মঞ্জুর করা হইয়াছে।

| | | |
|---|---|---|
| (খ) | বলদ ক্রয় ঋণ বাবত | ২৮ লক্ষ টাকা। |
| | অগভীর নলকূপ খনন বাবত | ২৫ লক্ষ টাকা। |
| | সার ক্রয় ঋণ বাবত | ২৮৫ লক্ষ টাকা। |

(গ) অগভীর নলকূপ ঋণ এবং সার ক্রয় ঋণ বণ্টন শুরু হইয়াছে। বলদ ক্রয় ঋণের বণ্টন শীঘ্রই শুরু হইবে।

**কৃষি আধিকারিক অফিস**

২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪০।) **Shri Kashi Nath Misra :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মহকুমা কৃষি আধিকারিকের অফিস ও তাহাদের অধীন অফিসগুলির কৃষি আধিকারিক ও অন্যান্য শ্রেণীর বহু পদ বর্তমানে খালি অবস্থায় পড়িয়া আছে ; এবং

(খ) অবগত থাকিলে, (১) ঐ পদগুলি খালি থাকার কারণ কি, এবং (২) বর্তমানে ঐগুলি পূরণের কোন ব্যবস্থা হইতেছে কি ?

**The Minister for Agriculture and Community Development :** (ক) বর্তমানে কৃষি বিভাগের অধীনে মহকুমা কৃষি আধিকারিক বা তাঁহার অধীন কোন অফিস নাই।

(খ) প্রশ্ন উঠে না।

### ব্লকের কৃষিবিভাগ

২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪১।) **Shri Kashi Nath Misra :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ব্লকের কৃষি অফিসারদিগকে কৃষিসংক্রান্ত কাজ ছাড়া অন্যান্য কাজও তদারক করিতে হয় ; এবং

(খ) সত্য হইলে, কৃষির উন্নতিকল্পে উক্ত অফিসারদের কৃষি কাজেই সম্পূর্ণভাবে নিযুক্ত রাখিতে সরকারের পক্ষে সিদ্ধান্ত না লওয়ার কারণ কি ?

**The Minister for Agriculture and Community Development :** (ক) না। সাধারণতঃ ব্লকের কৃষিবিভাগের অফিসাররা কৃষিকাজের তদারকেই নিযুক্ত থাকেন। জাতীয় সম্প্রসারণ (এন-ই-এস) সংস্থার নীতি অনুযায়ী ব্লক পর্যায়ে কৃষি সহ সমস্ত বিভাগের অফিসাররাই একটি টীমের অন্তর্ভুক্ত। গ্রামীণ শাসনব্যবস্থায় জাতীয় সম্প্রসারণ সংস্থা স্থায়ী আসন লাভ করিয়াছে। এই সংস্থার কাজে কৃষির অগ্রাধিকারই সর্বোচ্চ। তবে গ্রামাঞ্চলে যখন প্রাকৃতিক দুর্বিপাক আইন-শৃঙ্খলা বা সাধারণ নির্বাচনজনিত জরুরী অবস্থার সৃষ্টি হয়, তখন যাহাতে ডি-এম/ ডি-সি, এস-ডি-ও এবং বি-ডি-ও ব্লকস্তরের তাঁদের অধীন সকল অফিসারকে উক্ত জরুরী অবস্থার মোকাবিলায় প্রয়োজনমত নিয়োগ করিতে পারেন—তাহার কর্তৃত্ব সরকার হইতে দেওয়া হইয়াছে।

(খ) এ প্রশ্ন উঠে না।

### সমাজ উন্নয়ন ব্লক

২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৬।) **Shri Kashi Nath Misra :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সমাজ-উন্নয়ন ব্লক হইতে কৃষি ও পশুপালন বিভাগের বিতরিত অর্থ ছাড়া অন্য কোন বিভাগের অর্থ বিতরণ করা হয় না ; এবং

(খ) অবগত থাকিলে, (১) উক্ত ব্লকে অন্যান্য দপ্তরের কর্মচারী রাখার কারণ কি, এবং (২) অন্যান্য বিভাগের দেয় টাকা গ্রামবাংলায় কিভাবে বিতরণ করা হয় ?

**The Minister for Agriculture and Community Development :** (ক) সরকার অবগত আছেন যে, কৃষি ও পশুপালন বিভাগের অর্থ ছাড়াও অন্যান্য বিভাগের অর্থ বিতরিত হয়।

(খ) (১) বিভিন্নস্তরে বিভিন্ন বিভাগীয় কাজ দেখাশুনার জন্য অন্যান্য দপ্তরের কর্মচারী রাখার প্রয়োজন আছে।

(২) বিভাগীয় নির্দেশানুযায়ী অর্থ বিতরিত হয়।

### শ্যামপুরে তুলাচাষ

২৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৩।) **Shri Kashi Nath Misra :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সালে হাওড়া জেলার শ্যামপুর ১নং ব্লকের অধীনে তুলাচাষের জন্য কত টাকা খরচ হইয়াছে ; এবং

(খ) উহার দ্বারা সরকারের কত টাকা লাভ বা লোকসান হইয়াছে ?

**The Minister for Agriculture and Community Development :** (ক) ২১,৩০০ টাকা।

(খ) পশ্চিমবঙ্গে তুলা একটি নূতন ফসল। তুলাচাষ সফল করিবার উদ্দেশ্যে তুলাচাষীদিগকে কেন্দ্রীয় সরকার প্রদত্ত অর্থে অনুদান ও ভরতুকি দেওয়া হয়। কিছুকাল পরীক্ষা-নিরীক্ষার পর লাভ লোকসানের হিসাব করা হইবে।

## সরকারী চাকরিতে বয়সের উর্ধসীমা

২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯১।) **Shri Kashi Nath Misra :** অর্থ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ক্রমবর্ধমান বেকারসংখ্যার পরিপ্রেক্ষিতে সরকারী চাকরিতে বয়সের উর্ধসীমা ৩৮ বৎসরের স্থলে ৩৫ বৎসর করা সম্পর্কে একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন ?

**The Minister for Finance :** (ক) ও (খ) এইরূপ প্রস্তাব সরকার পাইয়াছেন। তবে সরকারী চাকরির বয়সের উর্ধসীমা কমাইলে কতকগুলো অসুবিধার সৃষ্টি হইতে পারে। তৎসত্ত্বেও সরকার প্রস্তাবটি বিবেচনা করে দেখছেন।

## রিভার পাম্পিং ও লিফ্‌ট ইরিগেশন

২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৯১।) **Shri Kashi Nath Misra :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় যে কয়টি রিভার পাম্পিং ও লিফ্‌ট ইরিগেসন আছে, বিশেষতঃ দামোদর নদীর তীরে (পুরুনীয়া ও সারমা), তারমধ্যে বর্তমানে কয়টি চালু আছে , এবং

(খ) বাকীগুলির সংস্কার ও সম্পূর্ণ কার্যকরী করিতে কতদিন সময় লাগিবে ?

**The Minister for Agriculture and Community Development :** (ক) এই জেলায় মোট ৪৮টি প্রকল্পের মধ্যে দামোদর নদী হইতে সেচ প্রকল্পের সংখ্যা ৫ ; যথা (১) অর্ধগ্রাম, (২) সারমা, (৩) পুরুনীয়া-১ (৪) পুরুনীয়া-২ এবং (৫) রামচন্দ্রপুর। এই পাঁচটির মধ্যে শেষ তিনটি প্রকল্প বর্তমানে চালু আছে।

(খ) অর্ধগ্রাম এবং সারমা প্রকল্প দুইটি একপক্ষকালের মধ্যে চালু করা সম্ভব হইবে।

## যক্ষ্মারোগীদের পুনর্বাসন

২৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৯১১।) **Dr. Md. Ekramul Haque Biswas :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—যক্ষ্মারোগীদের সুস্থ হবার পর পুনর্বাসনের কোন ব্যবস্থা আছে কি ?

**The Minister for Health :** আছে।

## দীঘা সমুদ্রের অবক্ষয়

২৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৯।) **Shri Sudhir Chandra Das :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দীঘা সমুদ্রের অবক্ষয় নিবারণকল্পে কেন্দ্রীয় সরকার অর্থ মঞ্জুর করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, কত টাকা মঞ্জুর করিয়াছেন এবং এই পরিকল্পনার কাজ কবে আরম্ভ হইবে ?

**The Minister for Development and Planning :** (ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

## কুষ্ঠ চিকিৎসাকেন্দ্র

২৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৯।) **Dr. Md. Ekramul Haque Biswas :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট কয়টি কুষ্ঠব্যাধি চিকিৎসাকেন্দ্র আছে এবং প্রত্যহ গড়ে সেইসব কেন্দ্রে কত রোগী চিকিৎসার সুযোগ পেয়ে থাকেন ; এবং

(খ) কুষ্ঠরোগীদের পুনর্বাসনের কোনও ব্যবস্থা আছে কি ?

**The Minister for Health :** (ক) ১২০টি। এইসব কেন্দ্রে গড়ে দৈনিক ৯ থেকে ৬০ জন রোগী চিকিৎসিত হয়।

(খ) বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে হিন্দ কুষ্ঠ নিবারণ সঙ্ঘ কর্তৃক পরিচালিত একটি ট্রেনিং সেন্টার আছে। এখানে পুনর্বাসনের ব্যবস্থাও আছে।

পিয়ারডোবা রিফিউজি ক্যাম্প-এ এবং মেটালডোবা লেপ্রোসি আফটারকেয়ার সোসাইটিতে পুনর্বাসন পরিকল্পনাও পরীক্ষাধীন আছে।

## বাঁকুড়া মেডিক্যাল কলেজে বৈদ্যুতিকরণ

২৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪২।) **Shri Phani Bhusan Singha Babu :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া মেডিক্যাল কলেজে বৈদ্যুতিকরণ সম্বন্ধে কি ব্যবস্থা করা হয়েছে ; এবং

(খ) উক্ত মেডিক্যাল কলেজে ইমারজেন্সি এক্স-রে কবে নাগাদ চালু হইতে পারে বলে আশা করা যায় ?

**The Minister for Health :** (ক) বাঁকুড়া মেডিক্যাল কলেজে বিদ্যুতের ব্যবস্থা আছে।

(খ) বিষয়টি স্বাস্থ্য অধিকারের বিবেচনাধীন আছে।

## জামালপুর থানায় সরকারে অর্পিত জমি

২৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১১২।) **Shri Puranjoy Pramanik :** ভূমির সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী দখল আইন চালু হবার পর হইতে ৩০শে জুন, ১৯৭২ পর্যন্ত বর্ধমান জেলার জামালপুর থানায় কত বিঘা জমি সরকারে অর্পিত হইয়াছে ; এবং

(খ) ঐ ভেস্টেড্ জমির কত অংশ ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত বন্দোবস্ত বা বিলি করা হইয়াছে।

**The Minister for Land Utilisation and Reforms :** (ক) বর্ধমান জেলার জামালপুর থানায় মোট ৮৭০.৬৩ একর কৃষিজমি সরকারে ন্যস্ত হইয়াছে।

(খ) মোট ন্যস্ত জমির মধ্যে ১৫৫.০১ একর জমি আদালতের অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞার জন্য দখল লওয়া যায় নাই। অবশিষ্ট ৭১৫.৬২ একর জমির দখল লওয়া হইয়াছে। দখল লওয়া জমির মধ্যে ১৬৩.৩২ একর চাষের অনুপোযুক্ত, ১৩.০১ একর আদালতের নিষেধাজ্ঞায় আবদ্ধ এবং ৭৯.২৯ একর বিলি করা হইয়াছে।

**Police Department**

295. (Admitted question No. 1201.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to stae—

(a) whether the Government has recently detected any serious lacunae in the existing intelligence machinery of the Police Department ; and

(b) if so, the steps the Government is contemplating to overhaul intelligence machinery and to modernise the Police techniques ?

**The Minister for Home (Police) :** (a) No.

(b) Does not arise.

রাস্তাঘাট ও পুল মেরামত

২৯৬। অনুমোদিত প্রশ্ন নং ৯৯৯।) **Shri Kashi Nath Misra :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সাল হইতে ১৯৭১ সাল পর্যন্ত বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট, পুল ইত্যাদি মেরামতের জন্য সরকার কি পরিমাণ অর্থ বাঁকুড়া জেলা পরিষদের জন্য বরাদ্দ করিয়াছেন ; এবং

(খ) উক্ত অর্থের দ্বারা বাঁকুড়া জেলার কোন্ কোন্ স্থানের কোন্ কোন্ রাস্তা কালভার্ট প্রভৃতি নির্মিত হইয়াছে ?

**The Minister of State-in-charge of the Panchayats :** (ক) ১৯৬৭ এবং ১৯৬৮ সালে বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট ইত্যাদি মেরামতের জন্য বাঁকুড়া জেলা পরিষদকে সরকার হইতে কোন মঞ্জুর করা হয় নাই। ১৯৬৯ সাল হইতে ১৯৭১ সাল পর্যন্ত বাঁকুড়া জেলাপরিষদকে বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট, পুল, কালভার্ট ইত্যাদি মেরামতের জন্য মোট ৭,০০,০০১ টাকা ঋণ মঞ্জুর করা হইয়াছে।

(খ) যে সমস্ত রাস্তাঘাট, সেতু এবং কালভার্ট প্রভৃতি মেরামত ইতিমধ্যেই সম্পন্ন হইয়াছে তাদের একটি বিবরণী এতৎসহ নিম্নে দেওয়া হইল।

*Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 969.*

বিবরণী

ক্রমিক নং এবং প্রকল্পের নাম

১। এস. এন. ব্যানার্জী রোড
২। ছাতনা-মেজিয়া রোড
৩। রামপুর-অম্বিকানগর রোড
৪। রতনপুর হারমশ্রা রোড
৫। বৃন্দাবনপুর-জগন্নাথপুর রোড
৬। সোনামুখি ফিডার রোড
৭। পিড়ারগাড়ী-কন্দর রোড
৮। খড়কাটা-শিরোমণিপুর রোড
৯। ইন্দপুর-মানবাজার রোড
১০। ভালপুর-ঝাণ্টিপাহাড়ী রোড
১১। ধানশিমলা-হাবপুকুর রোড
১২। বনকদহ-কোতলপুর রোড
১৩। গেলিয়া-কোয়াপাট রোড
১৪। জি, ঘাটি বেলিয়াতোড় রোড
১৫। ইন্দাস-তোতুলপুর রোড
১৬। ইন্দপুর-মানবাজার রোড
১৭। হারমশ্রা-লক্ষ্মীসাগর রোড
১৮। পীড়ারগাড়ী-কনকদারা রোড
১৯। বাঁকুড-পুরুলিয়া রোড
২০। জগন্নাথপুর গ্রামের রাস্তা
২১। সুসুনিয়া হিলধাবন রোডের ৬ষ্ঠ মাইলের উপর গন্ধেশ্বরী কজওয়ের সম্মুখভাগ
২২। রামপুর-দামোদর রোডের ২য় ও ৪র্থ মাইল।
২৩। এস, এন, ব্যানার্জী রোডের উপর ধানগড়া অগ্রবর্তী রাস্তা।
২৪। পীয়ারডোবা ফিডার রোডের কজওয়ে।
২৫। ভাদুল স্বর্ণনগর রোডের উপর ২ ফুট ৬ ইঞ্চি স্প্যান আর-সি স্লাব কালভার্ট পুনর্নির্মাণ।
২৬। পীড়ারগাড়ী-কনকদর রোডের উপর জামবনীর নিকটবর্তী ৩ ফুট স্প্যান আর-সি স্লাব কালভার্ট নির্মাণ।
২৭। ভৈরব বাঁকি খালের সংযোগস্থলে কোদামাগড়-বারিকুল রোড।
২৮। খড়কাঁটা-শিরোমণিপুর রোড।
২৯। ওন্দা-তালডাংরা রোড।
৩০। ইন্দাস-খণ্ডঘোষ রোড।
৩১। পাইকা-মাচুনিয়া রোডের ১ম মাইলের উপর ৬ ফুট স্প্যান আর-সি স্লাব কালভার্ট পুনর্নির্মাণ।
৩২। পাইকা-মাচুনিয়া রোড ও রতনপুর হারমশ্রা রোডের সংযোগস্থলে ২ ফুট স্প্যান, আর-সি স্লাব কালভার্ট পুনর্নির্মান।
৩৩। ছাতনা-আলিঝাড়া রোড।
৩৪। পঞ্চখেলা জোরের নিকটবর্তী রামপুর-দামোদর রোডের ৩য় মাইলের উপর আনুসঙ্গিক নির্মাণকার্য।

## ফ্যামিলি প্ল্যানিং ক্লিনিক

২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৮।) **Dr. Md. Ekramul Haque Biswas:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বর্তমানে মোট কতগুলি ফ্যামিলি প্ল্যানিং ক্লিনিক হাসপাতালের সহিত এবং হাসপাতালের বাইরে কাজ করিতেছে; এবং

(খ) মুর্শিদাবাদ জেলায় ১৯৭১-৭২ সালে ব্লকভিত্তিক কয়টি ক্ষেত্রে ভ্যাসেকটমী এবং টিউবেকটমী করানো হইয়াছে?

**The Minister for Health:** (ক) হাসপাতাল সংলগ্ন ৩৮৪ এবং হাসপাতালের বহির্ভূত ২৩ ফ্যামিলি প্ল্যানিং ক্লিনিক (কেন্দ্রে) এই রাজ্যে কাজ করিতেছে।

ইহা ছাড়া পল্লী অঞ্চলে ১,৩৫৮টি পরিবারকল্যাণ পরিকল্পনা উপকেন্দ্র স্থাপিত হইয়াছে।

(খ) একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

*Statement referred to in reply to clause (Kha) of unstarred question No 978*

### বিবরণী

| ব্লকের নাম | ভ্যাসেকটমীর সংখ্যা | টিউবেকটমীর সংখ্যা |
|---|---|---|
| ১। বেলডাঙ্গা-১ | ৭২ | ৬৫ |
| ২। বেলডাঙ্গা-২ | ৫৮ | ৯ |
| ৩। মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ | ১৪৪ | ৩৮ |
| ৪। খরগ্রাম | ৩৭ | — |
| ৫। সাগরদিঘি | ৪৫১ | ৪০ |
| ৬। নবগ্রাম | ২৩০ | ১৬ |
| ৭। ফরাক্কা | ৬৩ | — |
| ৮। নোয়াদা | ২২ | ১৩ |
| ৯। সামসেরগঞ্জ | ৩০ | — |
| ১০। সুতি-১ | ৪৭ | — |
| ১১। সুতি-২ | ৭৮ | — |
| ১২। লালগোলা | ২৯ | ১৯ |
| ১৩। হরিহরপাড়া | ৩১ | ১৫ |
| ১৪। দামকল | ৩৯ | — |
| ১৫। রঘুনাথগঞ্জ-১ | ১৮৪ | ১৩ |
| ১৬। রঘুনাথগ -২ | ৬৩ | ৭ |
| ১৭। রাণীনগর-১ | ৭৬ | — |
| ১৮। রাণীনগর-২ | ২৯ | — |
| ১৯। বহরমপুর | ৩২ | ২৭ |
| ২০। ভগবানগোলা-১ | ৩৭ | ১৭ |
| ২১। জলঙ্গী | ২৬৫ | ১৭ |
| ২২। ভগবানগোলা-২ | ৪৫ | ৩১ |
| ২৩। কান্দি | ৫৫ | ১০ |
| ২৪। ভরতপুর-১ | ৩১ | — |
| ২৫। ভরতপুর-২ | ৭২ | — |
| ২৬। বারওয়ান | ১৫৯ | ৫০ |

## কৃষি-উন্নয়ন সমবায় সমিতি

২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭২।) **Dr. Md. Ekramul Haque Biswas :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় মোট কয়টি কৃষি-উন্নয়ন সমবায় সমিতি আছে ; এবং

(খ) প্রতিব্লকে কৃ-উন্নয়ন সমবায় সমিতির মাধ্যমে কৃষকদের মোট কত টাকা বর্তমান বৎসরে ঋণ দেওয়া হয়েছে ?

**The Minister for Co-operation :** (ক) ৫৮৩টি।

(খ) একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

*Statement reffered to in reply to clause (Kha) of unstarred question No. 972.*

তালিকা

| ক্রমিক নং | মুর্শিদাবাদ জেলার বিভিন্ন ব্লকের নাম | ১৯৭১-৭২ সমবায় বৎসরে (অর্থাৎ ১-৭-৭১ হইতে ৩০-৬-৭২ পর্যন্ত) কৃষি-উন্নয়ন সমিতি কর্তৃক কৃষিঋণ দাদনের পরিমান টাকা |
|---|---|---|
| ১। | বহরমপুর | ১,৮১,০৭৫ |
| ২। | দোমকল | ২,৫৮,১৮৫ |
| ৩। | হরিহরপাড়া | ১,১২,১৫০ |
| ৪। | জলঙ্গী | ১,০৫,৫০০ |
| ৫। | ইসলামপুর | ৫০,৫০০ |
| ৬। | বেলডাঙ্গা ব্লক-১ | ২,৪০,১৯৫ |
| ৭। | বেলডাঙ্গা ব্লক-২ | ১,৬৩,১৫০ |
| ৮। | নওদা | ৩০ ০৫০ |
| ৯। | লালগোলা | ৪০,৮৫০ |
| ১০। | ভগবানগোলা-১ | ৩৪,৩৩৫ |
| ১১। | ভগবানগোলা-২ | ১,২৯,৮১৮ |
| ১২। | রাণীনগর-১ | — |
| ১৩। | রাণীনগর-২ | — |
| ১৪। | মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ | ১,০৫,০০০ |
| ১৫। | নওগ্রাম | ১০,৬৫০ |
| ১৬। | কান্দি | ৬৩,৮৯২ |
| ১৭। | খড়গ্রাম | ৫৭,৩৫৮ |
| ১৮। | বারওয়ান | ১,৩৩,৩৩৩ |
| ১৯। | ভরতপুর-১ | ১৩,০০০ |
| ২০। | ভরতপুর-২ | — |
| ২১। | রঘুনাথগঞ্জ-১ | ২২,৮৫০ |
| ২২। | রঘুনাথগঞ্জ-২ | — |
| ২৩। | সাগরদিঘী | ৬২,৫৫০ |
| ২৪। | সুতি-১ | ৩১,৬৫০ |
| ২৫। | সুতি-২ | — |
| ২৬। | সামসেরগঞ্জ | ২১,১৫০ |
| ২৭। | ফারাক্কা | ৫৯,৫০০ |
| | | ১৯,০৬,৭৪১ |

**I. A. S. Officers**

299. (Admitted question No. 1221.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) whether the Government is contemplating changes in the highest administrative level or any large-scale transfers of the Officers in the I. A. S. Cadre ;

(b) the names of the I. A. S. Officers who have been transferred from one place to another during the last three months ; and

(c) the reasons for such transfer ?

**The Minister for Home (General Administration) :** (a) Excepting the changes necessary in the ordinary course of administration no large-scale transfers of Officers in the I. A. S. Cadre are contemplated.

(b) A list showing the names of I.A.S. Officers who have been transferred from one place to another during the last three months is placed on the Library Table.

(c) The transfers made in the ordinary course of administrative exigency.

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** I have received 3 notices of Calling Attention on the following subjects, namely—

(1) Cultivation affected by non-supply of water from D V. C. in Jangipara Block and Chanditola Block(1) area in Hooghly district—From Shri Ganesh Chandra Hatui.

(2) Closure of eighet hundred power-looms—From Shri Sukumar Bandyopadhyay and Shri Niranjan Dihidar.

(3) Dislodging of certain inhabitants of Salt Lake area due to execution of Calcutta Extension Scheme—From Shri Lal Bahadur Singh.

I have selected the notice of Shri Lal Bahadur Singh on the subject of Dislodging of certain inhabitants of Salt Lake area due to execution of Calcutta Exetension Scheme.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date.

**Shri Gyan Singh Sohanpal :** On Tuesday, Sir.

## MENTION CASES

**Shri Asamanja De :** মাননীয় স্পীকার, স্যার, যুক্তফ্রন্ট আমলের বহু কীর্তিকলাপ, রহস্য উদ্ঘাটিত হলেও আমি আপনার মাধ্যমে এই সভায় যুক্তফ্রন্ট সরকারের আমলে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির শিক্ষামন্ত্রী তথা যুক্তফ্রন্ট সরকারের শিক্ষামন্ত্রী ১৯৬৯ সালে সরকারী অর্থ নিয়ে কিভাবে ছিনিমিনি খেলে ব্যক্তিগত এবং দলগত স্বার্থ চরিতার্থ করেছিলেন তারই দু'একটি নজীর তুলে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে প্রতিকার দাবি করছি। পশ্চিমবংগ সরকারের মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে সারকুলার The schools which received grant on full deficit basis from Board up to the financial year 1962-63 are only eligible for the grant on full deficit basis except Government sponsared schools কিন্তু সত্যপ্রিয়বাবু এই সমস্ত নিয়মবিধি কোন কিছু না দেখে তিনি কি করলেন—যে স গভর্নমেন্ট অর্ডার না বের করে পুরানো গভর্নমেন্ট অর্ডার অ্যামেণ্ড না করে টেলিফোনিক কনভারসেসানে তিনি হঠাৎ তাঁর দু'টি খুব পেটুয়া ইনসটিটিউসন মিত্র ইনসটিউসন ও পার্ক ইনসটিটিউসনকে ফুল ডেফিসিট স্কীমে টাকা মঞ্জুর করে দিলেন এবং তার প্রমাণস্বরূপ এস সি. রায়, চীফ ইনস্পেক্টর সেকেণ্ডারী এড়ুকেসন, ৪ঠা নবেম্বর, ১৯৬৯ তারিখে টেলিফোনে ভারব্যাল অর্ডারে টাকা মঞ্জুর করে দেয়। তার প্রমাণও আমার হাতে আছে। শুধু তাই নয়, আমি আরো দেখাচ্ছি এই টাকা যে স্যাংসাণ্ড করা হয়েছিল সেটা from the office of the additional D. P. I., Grant-in-aid, Council House Street. এই দু'টি স্কুলকে ফুল ডেফিসিট স্কীমে আনা হয়েছে, কিন্তু তা সত্বেও কোন সরকারী জি. ও. বের করা হল না। সবচেয়ে আশ্চর্য্যের কথা কালিধন ইনসটিটিউসন, সত্যপ্রিয়বাবু নিজে যেখানকার হেডমাস্টার, সরকারী টাকা নিজের প্রতিষ্ঠানের কাজে লাগিয়ে একেবারে একবছরে সমস্ত সরকারী নিয়মনীতি লংঘন করে ছয়বার দিস গ্রান্ট দিয়ে দিলেন, ১৯৬৯-৭০তে। পশ্চিমবংগের ইতিহাসে আজ পর্যন্ত একবছরে কোন স্কুল ছয়বার গ্রান্ট পায় নি এবং যা নাকি একবছরে কেউ পাশ করেন নি। আমার কাছে তার সমস্ত মেমো আছে, আমি সেটা পড়ে দিচ্ছি এবং অর্ডারের কপি পর্যন্ত আছে। ২৪এ অ্যাপ্রিল, ১৯৬৯ তারিখের জি. ও. নং ৪৭৪০, টাকার পরিমাণ ১৮ হাজার, ২২এ মে, ১৯৬৯ তারিখের জি. ও. নং ৭০৬৫, টাকার পরিমাণ পাঁচ হাজার, ১৩ই সেপ্টেম্বর, ১৯৬৯ তারিখের জি. ও নং ৯৯৫০, টাকার পরিমাণ ২০,৪০০, ২৫এ নবেম্বর, ১৯৬৯ তারিখের জি. ও. নং ১৩২১২, টাকার পরিমাণ ৬,৫০০ এবং ২০এ মার্চ, ১৯৭০ তারিখের জি. ও. নং ২০৫৪ টাকার পরিমাণ ছয় হাজার। একেবারে মেমো নাম্বারে অর্ডার দেওয়া আছে এবং এইভাবে দেখা যাচ্ছে ১৯৬৯-৭০ সালে পশ্চিম বাংলার শিক্ষা জগতের ইতিহাসে যা কোনদিন ঘটেনি, আজও ঘটছে না, সত্যপ্রিয়বাবুর আমলে তা ঘটেছে এবং তিনি সরকারী টাকা নিয়ে ছিনিমিনি খেলে নিজে যে স্কুলের প্রধানশিক্ষক সেই কালিধন ইনসটিটিউসনকে ছয়বার গ্রান্ট পাইয়ে দিলেন। আমি পরিষ্কারভাবে দাবি করছি যে মন্ত্রিমহাশয় এ ব্যাপারে পূর্ণভাবে এনকোয়ারী করুন, অনুসন্ধান করুন। শুধু পার্ক হোটেলকে লাইসেন্স দিয়ে সাধারণের টাকা যে অপচয় হয়েছে তাই নয়, এ ব্যাপারেও যুক্তফ্রন্টের আমলে বহু টাকা অপচয় হয়েছে, অবিলম্বে এটার তদন্ত আমি দাবি করছি।

[2-30—2-40 p. m ]

**Shri Niranjan Dehidar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আসানসোল-এর বানোয়ারীলাল ভালোটিয়া কলেজের অধ্যাপকের দীঘায় রহস্যজনক মৃত্যুর যে ঘটনা ঘটেছে, সেটা আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা বলতে চাই। গত ২০শে জুলাই যুগান্তর কাগজে এই খবরটা বেরোয় 'ঘুমের ঔষধ খেয়ে আত্মহত্যা'। গত ১০ই জুলাই অমরকুমার ঘোষ দীঘায় চৌপ ক্যান্টিনে অতিরিক্ত ঘুমের ঔষধ খেয়ে আত্মহত্যা করে। স্থানীয় পুলিশ আজ পর্যন্ত তার কোন আত্মীয়স্বজনের খোঁজ পায় নি। পুলিশ মৃত ব্যক্তির নিকট থেকে একটা ব্যর্থ প্রেমের চিঠি এবং আসানসোল বানোয়ারীলাল ভালোটিয়া কলেজের একখানি

১০৫০৩নং কাব্যগ্রন্থ পেয়েছে। এই খবর পেয়ে ওঁর আত্মীয়স্বজনরা অত্যন্ত উদ্বিগ্ন হয়ে পাগলের মত দীঘায় যায় এবং সেখানে গিয়ে পুলিশ স্টেসনে অনুসন্ধান করে যে, কি সেই চিঠি। তারা দেখে এক টুকরো কাগজ তাতে যে কাব্যগ্রন্থের কথা বলা হয়েছে, তার দু'একটা লাইন হিজিবিজি লেখা, এককথায় স্ক্রিবলিং বলা যেতে পারে। এই রকম একটা কাগজ, যা আদৌ এই ধরণের চিঠি নয়। এই থেকে জিনিসটাকে কেন ধোয়াটে করা হল এই চিঠি নিয়ে, এই সম্পর্কে একটা প্রশ্ন রাখতে চাই।

দ্বিতীয় কথা হচ্ছে স্যার, এই যে ক্যান্টিন ম্যানেজার এখানে বলেছেন যে ১০ তারিখে মৃত্যু হয়েছে। কিন্তু আসলে অনুসন্ধান করে জানা গেলো যে, না, ৯ তারিখে তার মৃত্যু হয়েছে এবং ৯ তারিখ বিকাল ৫টার সময় যখন ঘরের দরজা বন্ধ ছিল তখন সেই দরজা তারা ভেংগেছিলেন। একটা হোটেলের ক্যানটিনে বা রেস্টুরেন্টের দরজা সারা সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বন্ধ থাকে, এই দীর্ঘ সময়ের মধ্যে ক্যানটিন ম্যানেজারের কর্তব্য ছিলো কেন এটা বন্ধ রয়েছে তা অনুসন্ধান করা। তিনি এটা করলেন না, এটা একটা রহস্যজনক ব্যাপার। এছাড় তিনি যে দরজা ভেংগেছিলেন সেটা কি তিনি পুলিশের সামনে ভেংগেছিলেন? কোন পুলিশের সামনে ভেংগেছিলেন বলে খবর নেই। এছাডা বানোয়ারীলাল ভালোটিয়া কলেজে একটা খবর দিতে পারতেন। বানোয়ারীলাল ভালোটিয়া কলেজের একটা বই পাওয়া গিয়েছিলো, একটা ক্লু পাওয়া গিয়েছিলো সেখানে যেতে পারতেন কিন্তু কাউকে কোন খবর দেন নি। কোন আত্মীয় স্বজনকে খবর দেওয়া হয় নি। অময়বাবু অত্যন্ত পরিচিত লোক ছিলেন এবং অত্যন্ত জনপ্রিয় লোক ছিলেন আসানসোলের। পুলিশকে জিজ্ঞাসা করা হয়েছিলো, তারাও কোন খবর পায়নি। কেন এই খবর দেওয়া হল না—এছাডাও মৃত্যুর পর তার মৃতদেহ ময়না তদন্ত করা হয়েছিলো কি না এ সম্পর্কেও আমরা কিছু জানি না এবং তার আত্মীয়স্বজনদের কাছে মৃতদেহ দেওয়া হল না এবং তার ফলে তার আত্মীয়-পরিজনরা, তার যে ধর্মীয় সংস্কার অনুযায়ী মুখাগ্নি বা ধর্মীয় প্রথা অনুযায়ী শবদেহ সংকারের কথা ছিলো, সেটা তারা সম্পন্ন করতে পারলেন না, এই রকম একটা অবস্থা। আমি তাই এই জিনিসটা আপনার কাছে রাখছি। এরপর আসানসোলের সমস্ত শিক্ষকসমাজ এবং সেখানকার প্রফেসার এবং ছাত্ররা অত্যন্ত বিক্ষুব্ধ হয়। তাদের একটা বক্তব্য তারা প্রস্তাবাকারে যা আমার কাছে দিয়েছে সেটা আমি রাখছি—The whole affair is highly deplorable considering the grave reaction among the fans and students of the departed educationist whose death itself is unusually shocking, not to speak of the additional slander of love letter, etc., that has been most unfortunately added to it. একথা বলে সংশ্লিষ্ট মন্ত্রমহাশয়ের কাছে বলবো যে, সমস্ত ঘটনাটির একটা পূর্ণ তদন্ত হোক এবং ঘটনাটি উদ্ধার করা হোক। এই ধরণের খবর ওখানকার বিদ্যায়তন এবং ছাত্রসমাজ জানে। এই রকম একটা সাংঘাতিক ঘটনা ঘটে গেছে অথচ দেখান হচ্ছে যে, কিছুই হয়নি। মানুষের জীবনের যেন কোন দাম নেই। এটা একটা অভূতপূর্ব ব্যাপার।

**Shri Biswanath Mukherjee :** স্যার, আমি একটি বিষয়ের উল্লেখ করতে চাচ্ছি। আজকে সকালবেলা মেদিনীপুরে শিবনারায়ণ মাহাতো নামে একজন শ্রমিক এবং শ্রমিক নেতাকে গ্রেপ্তার করা হয়েছে। গতকাল ভোরবেলায় সিদ্ধিনাথ রায় এবং শ্রীকৃষ্ণ মিশ্র নামে দুজন শ্রমিক নেতাকে গ্রেপ্তার করা হয়েছে। তারা বিড়লার চটকলে কাজ করে। কিন্তু আজকে যাকে গ্রেপ্তার করা হয়েছে তিনি ওখানে staple fibres কারখানায় কাজ করেন। আজ সকালে কলকাতা থেকে অনেক police ওখানে posted হয়েছে। Gateএর সামনে যেতে দেওয়া হচ্ছে না, দাঁড়াতে দেওয়া হচ্ছে না। ওখানে চারটি কারখানায় সম্পূর্ণ ধর্মঘট চলছে। আজকে ভোরবেলায় শিবনারায়ণ মাহাতোকে গ্রেপ্তার করা হয়েছে, যিনি আজকের একটা জনসভায় বক্তৃতা করেছিলেন প্রায় ৬ হাজার শ্রমিকের জমায়েত হয়েছিল সেখানে এবং স্থানীয়

INTUC প্রতিনিধিও সেই জনসভায় বক্তৃতা করেছিলেন। আপনি জানেন যে ওখানে হরতাল চলছে। তার কারণ শ্রমিক Union-এর সঙ্গে বিড়লার যে Tripartite agreement ছিল, তাতে ছিল সপ্তাহে সপ্তাহে যে মাইনে দেওয়া হয়, এই system যদি বদলাতে হয় তাহলে Union-এর সঙ্গে পরামর্শ করে বদলাতে হবে। কিন্তু Union-এর সঙ্গে পরামর্শ না করে হঠাৎ বিড়লা এটা বদলে দিয়েছেন। বিড়লার লোকেরা দাবি করছে Local CITU'র মত তারা নিয়েছেন কিন্তু INTUC বা BPTUC'র Union, এরা মত দেননি। কিন্তু CITU যে মত দিয়েছেন তারও কোন লিখিত প্রমান তারা দিতে পারছেন না। IJMA Jute Mill মালিকদের যে প্রতিষ্ঠান, তারা বলছেন যে অন্যান্য জায়গায় যখানে সপ্তাহ বাদ দিয়ে ১৫ দিন অন্তর করা হয়েছিল, তার সবাই আবার সপ্তাহ systemএ ফিরে এসেছে। এরা যখন IJMA'কে জিজ্ঞাসা করছে বিড়লারা এই রকম করছেন কেন? তখন IJMA'র Vice President S. K. Ghosh তিনি বলেছেন যে আপনাদের BPTUC Union এর কথা কি সব Union শোনে? সেই রকম আমাদের IJMA'র কথা ওরা শুনছে না। IJMA'র কথা ওর শুনছেন না, ত্রিপাক্ষিক চুক্তি ভাঙছেন, Unionএর Tripartite চুক্তি ভঙ্গ করে এইরকম করছে। সেই রকম মালিকদের বিরুদ্ধে যদি একটা peaceful ধর্মঘট হয় তাহলে সেই ধর্মঘটের জন্য নেতাদের গ্রেপ্তার করে police গিয়ে ভোরবেলা এবং সেখানে huge posted হয়েছে police, আজও আমাদের পশ্চিম বাংলার সেই অবস্থা থাকে, শান্তি শৃঙ্খলার নাম করে এইরকম প্রভাবশালী লোককে এই রকমভাবে police protection দেওয়া হয় —যে অন্যায় সে করেছে তাদের মালিকসংঘ বলেছে সেটা অন্যায়, শ্রমিকসংঘ বলছে অন্যায়, তবু সে তার অন্যায় persist করেছে এবং সম্পূর্ণ শান্তিপূর্ণ একটা সাধারণ ধর্মঘট সেখানে চলেছে সেই অবস্থায় police যদি গ্রেপ্তার করে তাহলে সেটা একই সিদ্ধান্ত হয় যে বিড়লার হুকুমে এই গ্রেপ্তার হয়েছে, কিন্তু আমরা উদ্বিগ্ন আর একটা কারণে, বিড়লাদের যিনি ইদানিং manager আছেন তাকে আমি বহু বছর ধরে জানি এই ভদ্রলোক যেকোন পর্যায়ে নাবতে পারেন এবং উস্কানি দিতে পারেন, provocation দিতে পারেন, প্রচণ্ড riot বাধিয়ে দিতে পারেন। একে আমি প্রায় ২৫।৩০ বছর ধরে জানি এবং সেইজন্য একটি অত্যন্ত dangerous situation সেখানে develop করছে এবং পশ্চিমবংগ সরকারকে বলবো, এতবড় blatant অন্যায় আপনারা করবেন না। শ্রমিক যাদের গ্রেপ্তার করেছেন তাদের মুক্তি দিন এবং বিড়লাদের force করুন শ্রমিকদের Union এর সঙ্গে যে চুক্তি ছিল, IJMA'র যে সিদ্ধান্ত আছে; এই দুটো যেন বিড়লা আনতে বাধ্য হয় তাহলে, অন্য সন্দেহ মানুষের মনে আসে।

**Shri Sarat Chandra Das:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে মাননীয় ওয়েলফেয়ার মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি বিশ্বস্তসূত্রে খবর পেয়েছি যে মাস থেকে তারা অপেক্ষা করছে, অনেক

[2-40—2-50 p. m.]

অভাব অনটনের মধ্যে ছাত্র-ছাত্রীরা রয়েছে কিন্তু কলেজে স্কলারশিপের টাকা ঐ কলেজ কর্তৃপক্ষ এই পর্যন্ত তাদের দেন। স্যার, তাদের এখন থাকা-খাওয়ার অবস্থা নেই, কি ভয়ানক অবস্থার, মধ্যে রয়েছে। তাদের সাহায্যের জন্য সরকার তাদের টাকা দেন, দাতায় দান করে আর ভাণ্ডারীর পেট ভরে, সেই ব্যাপার হচ্ছে। সরকার এই অবস্থার কথা জেনে টাকা পাঠিয়েছে যাতে তাদের এই অবস্থার উন্নতি হয়, ভালভাবে তারা লেখাপড়া শিখতে পারে কিন্তু খুব পরিতাপের বিষয় সেখানে স্টাইপেণ্ড এর টাকা কোন তপসীলী ছাত্র বা উপজাতি ছাত্র পায়নি। এই কলকাতায় যেখানে মন্ত্রীরা থাকেন, বিধানসভা আছে সেখানে যদি তপশীলী জাতির ছাত্ররা সরকারের দেওয়া স্কলারশিপের টাকা না পায় তাহলে ইনটিরিয়রে যে আদিবাসীরা আছে—বনে জংগলে যে হরিজনরা আছেন তাদের কি অবস্থা হচ্ছে?

আমি তাই এই বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে আপনি একটু ভালভাবে তপশীলী জাতি উপজাতিদের যে টাকা দেওয়া হচ্ছে সেটা দেখবেন যাতে তারা ঠিক মত পায়। তারা কতদিন আপনাদের করুনার পাত্র হয়ে পড়ে থাকবে ?

**Shri Abdul Bari Biswas :** স্যার, একটা অত্যন্ত গুরুতর ব্যাপার, মন্ত্রিমহাশয় এই বিষয়ে একটা বিবৃতি দিন।

**Mr. Speaker :** He has drawn the attention of the House.

**Shri Sarat Chandra Das :** গত এপ্রিল-মে মাসে সরকার টাকা দিয়েছে তারা এখনও তা পায়নি, ব্যাপারটা কি ?

**Shri Abdul Bari Biswas :** এপ্রিল-মে মাসে টাকা যদি তারা না পায় সিডিউলড কাস্ট অ্যাণ্ড সিডিউলড ট্রাইবস You please give us protection.

**Mr. Speaker :** Mr. Biswas, you are aware of the limitations of the Chair. I cannot force any Minister to make a statement. You can draw the attention of the House, you can draw the attention of members of the Treasury Bench. That's all.

**Shri Sarat Chandra Das :** ঐ টাকা এপ্রিল-মে মাসে বরাদ্দ হওয়া সত্ত্বেও আজ পর্যান্ত পায়নি এবং সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইবস ছেলেরা যে অসুবিধা ভোগ করছে সেই বিষয়ে একটা বিবৃতি মন্ত্রিমহাশয় দিন।

**Mr. Speaker :** Mr. Das, the Minister in charge of the Department is not here.

**Shri Abdul Bari Biswas :** স্যার there are other Cabinet Ministers. এই হাউসে আছেন। আমি যে এই-সমস্ত কথাটা তুলে ধরতে চাইছি সেটা মন্ত্রীসভার সদস্যরা আছেন, তারা এই বিষয়ে কথা বলতে পারে এডুকেশন ডিপার্টমেন্টের ব্যাপার সম্বন্ধে এবং যাতে এই বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা যায়, কেন না এইটা একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন এডুকেশন ডিপার্টমেন্ট থেকে টাকা বরাদ্দ হয়েছে এপ্রিল, মে মাসে এবং এই টাকা বরাদ্দ হওয়া সত্ত্বেও আজ পর্যান্ত পায়নি এই বিষয়ে আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

**Mr. Speaker :** Mr. Biswas, I now request you to take your seat. You have drawn attention of the House. That all.

**Dr. Kanai Lal Sarkar :** মাননীয় অধ্যক্ষমহোদয়, আপনার মাধ্যমে স্বায়ত্বশাসন মন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর একট বিষয় গোচরে আনতে চাই। আমার এলাকায় ৫৪নং টালিগঞ্জ রোড এবং ৫৮/১নং টালিগঞ্জ রোড এখানে বসন্ত মহামারি রূপে দেখা দিয়েছে। আপনি জানেন প্রতি পাঁচ বছর অন্তর বসন্তর অ্যাপিডেমিক হয়। এই বছর সেই সংক্রামক ব্যাধির বছর। আমরা আশাকরি সরকার এই বিষয়ে সচেতন হবেন। ৮ই জানুয়ারি, ১৯৭২ থেকে ২২শে জুলাই, ১৯৭২-এর মধ্যে ১৩০ জনের বসন্ত রোগ হয়েছে। তারমধ্যে ১১ জন মারা গিয়াছে। গত সপ্তাহে নয় জনের অ্যাটাক হয়েছে, পাঁচজন মারা গিয়েছে। এখন বসন্ত চলছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য-মন্ত্রী এবং আমাদের স্বায়ত্বশাসনমন্ত্রীর গোচরে আনতে চাই এই জায়গায় ভালভাবে কর্ডন করে সমস্ত এলাকায় লোকদের বসন্তর টিকা যদি না দেওয়া হয় তাহলে বসন্ত মহামারীরূপে কলকাতায় আসতে

পারে। গত বছর ঠিক এই সময়ের মধ্যে ১ই জানুয়ারি, ১৯৭১ থেকে ২৪শে জানুয়ারি, ১৯৭১এর মধ্যে ১৬ জন রোগীর হয়েছিল। তার মধ্যে ৭ জন মারা গিয়েছিল। এই বছর এর মধ্যে প্রায় ৮০টি রোগী গিয়েছে। তাই আপনার মাধ্যমে আমি স্বায়ত্বশাসনমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ব্যবস্থা করেন।

**Dr. A. M. O. Ghani :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিধানসভার ভিতরে এবং বাহিরে আমাদের সরকার অত্যন্ত ব্যস্ত রয়েছে যাতে বেকারী সমস্যার সমাধান করা যায় এবং নানারকম উপায় বের করছেন এবং নূতন নূতন অ্যাভিনিউ করছেন, লে আউট এবং ক্লোজারের বিরুদ্ধে আইন করা, ডবল সিফ্‌ট, ট্রিবল সিফ্‌ট যাতে না হয় এই সমস্ত করছেন। কিন্তু আমার এলাকায় একটা এসটেট আছে, তার নাম কর্নানি এসটেট। সেটা ২০৯নং জগদীশ বোস রোডে অর্থাৎ প্রাক্তন লোয়ার সারকুলার রোডে অবস্থিত। এই এসটেট ১৯৫০ সালে তাদের ডিসপিউটের জন্য রিসিভারের হাতে গিয়েছিল এবং রিসিভারের হাত থেকে এখন এটা মালিকের হাতে এসেছে। এই সুযোগে রিসিভার এবং মালিক ষড়যন্ত্র করে কয়েকজন কর্মচারীকে ছাঁটাই করেছে। ১০/১৫ বছরের পুরানো কর্মচারীকে তারা ছাঁটাই করে যাচ্ছে। তাদের কোন কারণ দেখনো হয়নি কোন কারণে ছাঁটাই হচ্ছে। কোন চান্স দেওয়া হয়নি, কোন এক্সপ্ল্যানেসন চাওয়া হয়নি, কোন চার্জসিট দেওয়া হয়নি, হঠাৎ ছাঁটাই করে দিয়েছে। এই সব বয়স্ক লোকগুলো বাহিরে গিয়ে তার পরিবার নিয়ে কি না খেয়ে মরবে? এদের অন্য কোন ব্যবস্থা হওয়ার কোন উপায় নেই। সেই জন্য আমি আশা করি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় (নিশ্চয় এটা লেবার মন্ত্রীর আওতায় আসবে) কিন্তু সমস্ত ক্যাবিনেটকেই আমি বলব আপনারা এইরকম এত বড় একজন জমিদার, এত বড় ল্যাণ্ডলর্ড এইভাবে গরীবদের উপর জুলুম করবে এটা বন্ধ করুন। যদি কোন কারণ থাকে ছাঁটাই করার তাহলে চার্জসিট দিয়ে বিচার করা হোক, সকলে দেখুক। কিন্তু অকারণে নূতন কোন লোক নয়, ১০/১৫ বছর চাকরি করে আসছে আজকে হঠাৎ ছাঁটাই করা হচ্ছে, আমি এর প্রতিকার দাবি করছি।

**Shri Sachinandan Shaw :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমার মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন অজয় নদ বীরভূম এবং বর্ধমান জেলার মাঝে প্রবাহিত। আজকে আমরা লক্ষ্য করছি আমাদের সরকার তীব্র বেকার সমস্যা সমাধানের এবং কৃষির উপর বেশী জোর দিতে চাইছেন। সেখানে আমি মনে করি অজয়ের রিজারভার প্রোজেক্ট অবিলম্বে গৃহীত হওয়া উচিত। সেই জন্য আমি জানাতে চাই যে অজয় নদের উপর যদি অজয় রিজারভার প্রোজেক্ট সরকার গ্রহণ করেন তাহলে বীরভূমের যে সমস্ত এলাকা ময়ূরাক্ষী ইরিগেসন স্কীমে জল পাচ্ছে না এবং হিজল ইরিগেসন স্কীম থেকেও জল পাচ্ছে না সেই সমস্ত এলাকা জল পাবে। এবং ডি ভি সি বর্ধমান জেলার যে সমস্ত এলাকায় জল দিতে পাচ্ছে না, সেখানেও জল দিতে পারবে। অজয় রিজারভার প্রোজেক্ট প্রায় ৬০ হাজার একর জমিতে জল দেবে। তাছাড়া হিজল এবং পাণ্ডবেশ্বরের এখানে অজয় ব্যারেজ হলে বর্ধমান জেলার শিল্পাঞ্চল বিশেষ করে দুর্গাপুর, আসানসোল, রাণীগঞ্জ এলাকার সংগে বীরভূম জেলার শিল্পাঞ্চলের সংগে ডাইরেক্ট যোগাযোগ ঘটবে এবং উত্তর বংগের সংগে ডাইরেক্ট যোগাযোগ সম্ভব হবে। সেই জন্য মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবংগের মন্ত্রিসভার এবং স্টেট প্ল্যানিং কমিটির দৃষ্টি আকর্ষণ করছি, অজয় রিজারভার প্রোজেক্টের গুরুত্ব অপরিসীম বলে মনে করছি।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষমহাশয় আমি যে প্রশ্নটা করছি যদিও সময় আমাদের খুব খারাপ যাচ্ছে তবুও আমরা একথা মনে করি পশ্চিম বাংলায় বর্তমানে drought এবং flood-এর দরুণ যে অবস্থা হয়েছে তার পরিপ্রেক্ষিতে আমাদের রাজ্যসরকার খাদ্য সরবরাহের

যে ব্যবস্থা গ্রহণ করেছেন তাতে মনে হচ্ছে হতাশাব্যঞ্জকের কোন কারণ নেই। তবুও আমি বলব আমার মুর্শিদাবাদ জেলার বিভিন্ন গ্রামাঞ্চলে এমন কি ছোট ছোট pocket town ও বাজার দীর্ঘদিন ধরে লোকদের আতপচাল খেতে খেতে একটা বীতশ্রদ্ধা এসে গেছে। এর ফলে একটা অসন্তোষ দেখা দিয়েছে। এটা দূর করা প্রয়োজন এবং যাতে তাঁরা সেদ্ধচাল পান তার ব্যবস্থা তিনি করুন। এ বিষয় আমি অনেক চিঠিপত্র পাচ্ছি। আমি খাদ্যমন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি আমাদের মুর্শিদাবাদ জেলায় সেদ্ধচাল পাবার জন্য একটা ব্যবস্থা করুন। এই প্রসঙ্গে একটা কথা তাঁকে বলতে চাই যে আমাদের সেথায় বাজার থেকে খাদ্য উধাও হয়েছে বলে খবরের কাগজে লেখা হয়েছে এবং আমাদের যুব কংগ্রেসের সম্পাদক শ্রীসুদীপ ব্যানার্জি একটা statementএ বিষয়ে দিয়েছেন। এর পেছনে কতকগুলি কালোবাজারী, মুনাফাখোরী, hoarder আছে। কিন্তু এরা যাতে সুযোগ গ্রহণ না করতে পারে সেদিকে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এর চালের ব্যাপারে সেদ্ধচাল পাবার জন্য অনুরোধ করছি।

**Shri Kashi Kanta Maitra :** স্যার, এ বিষয়ে আমার এক Cabinet colleague সাত্তার সাহেব ও যুব কংগ্রেসের সভাপতি শ্রীসুদীপ ব্যানার্জি বলেন যে মুর্শিদাবাদ থেকে সমস্ত চাল উধাও হয়ে যাচ্ছে। আমি জানাচ্ছি যে সংশোধিত রেশনে মুর্শিদাবাদ জেলায় চালের adequate stock আছে। D. M. আমাকে telephone-এ জানিয়েছেন যে, চাল ও গম পর্যাপ্ত আছে। রেশনে তাঁরা ৭০০ গ্রাম করে পাচ্ছেন। এবং তাঁরা সেদ্ধ চাল দেবার জন্য যে ৬০০ মেটরিক টন boiled rice বিহার থেকে পেয়েছি সেটাও মুর্শিদাবাদের জন্য allot করি এবং মুর্শিদাবাদের District Controller-কে জানিয়েছি যে selected wholesaler of by road truck করে F. C. I. godown থেকে এটা নেবার জন্য বলা হয়েছে এবং levy-free হিসাবে যা যাচ্ছে তার অতিরিক্ত হিসাবে প্রত্যেক card holder-কে এটা দেবার ব্যবস্থা করেছি।

[2-50—3-00 p. m.]

**Shri Gour Chandra Lohar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, একটা গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। এটা হলো বাঁকুড়া মেডিক্যাল কলেজের কীর্তি। ২রা আগস্ট, ১৯৭২ তারিখে সন্ধ্যার বাস ধরার জন্য বাঁকুড়া বাসস্ট্যাণ্ডে দাঁড়িয়ে আছি। নগেন্দ্র রায়, বয়স ৫২ কাঁদতে কাঁদতে আমার কাছে এসে বললেন, হাসপাতালে তাঁর মাসীমাকে পাওয়া যাচ্ছে না। হাসপাতালের বাবুরা কিছু উত্তর দিচ্ছেন না। এ ব্যাপারটা কি ভাবে হল জিজ্ঞাসা করলে নগেন্দ্রবাবু আমার হাতে দু'টি টেলিগ্রাম ধরিয়ে দিলেন। ২২এ জুলাই, ১৯৭২ তারিখে টেলিগ্রামে লেখা আছে—"Nagendranath Roy, village—Hetardı, P. O. Hırband : Come and receive dıscharged patıent, Bhubanmohini—ward Master, Medical College. ২৬এ জুলাই, ১৯৭২ তারিখের টেলিগ্রামে লেখা আছে—Nagendranath Roy, Vıllage—Hetardı, P. O. Hırband : Bhubanmohini absconded since 21st July, 1972—ward Master, Medical College. টেলিগ্রাম দুটি হতে স্পষ্টই জানা যাচ্ছে যে রোগী কখন থেকে হসপিটালে নাই কেউ জানে না। হসপিটালে ফোন করে জানলাম ঐ পঁয়ষট্টি বৎসর বয়স্কা বৃদ্ধাকে ১৪ই জুলাই, ১৯৭২ তারিখে দু'পা ফোলা অবস্থায় ভর্তি করা হয়েছিল। হাঁটার ক্ষমতা ছিল না। শরীরও অত্যন্ত রুগ্ন ছিল, সুদূর পল্লীগ্রামের মেয়ে, বাঁকুড়ার পথঘাট জানা নাই, বাড়ী হেটারডিহি, বাস ও হাঁটা পথ মিলে বাঁকুড়া হতে প্রায় ত্রিশ মাইল। বৃদ্ধা অত্যন্ত দুঃস্থ, সংগে এক পয়সাও নাই এমন একজন রোগীকে অভিভাবকহীন অবস্থায় ছাড়ার কোন নিয়ম হাসপাতালের নাই। স্পীকার, স্যার, হাসপাতাল ২২এ জুলাই বলছে রোগীকে নিয়ে যাও আর ২৬এ জুলাই বলছে ২১এ থেকে রোগী আত্মগোপন করেছে। রোগী নিয়ে ছিনিমিনি খেলার এইরূপ নজীর হয়ত অনেক হয়েছে বা হচ্ছে। গরীব

লোকেদের এইসব খবর সমাজের দৃষ্টি এড়িয়ে চলে যায় কারও কর্ণগোচর হয় না। রোগীর বাড়ীর লোক অদ্যাবধি ভুবনমোহিনীকে খুঁজে পায় না। এই অমূল্য জীবনটির কি পরিণাম এখন ভগবান ছাড়া আর কেউ বলতে পারেন না। আমি হাউসের নিকট আপনার মাধ্যমে দাবি রাখছি এই রহস্যের বিভাগীয় তদন্ত হোক, রোগীকে খুঁজে বের করা হোক এবং দায়িত্বহীন ব্যক্তিদের শাস্তির ব্যবস্থা করা হউক। দু'পাঁচদিনের মধ্যে তদন্তের বিষয় জানতে পারব এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ্।

**Shri Lal Bhadur Singh :** মিঃ স্পীকার, স্যার আমাদের পশ্চিমবংগ সরকার ১৯৬২ সালে সল্টলেক এরিয়ায় জমি উদ্ধারের কাজ আরম্ভ করেছিলেন। সেই জমি উদ্ধারের কাজে আটশো শ্রমিক কাজ করছিল। ১০ বছর কাজ করার পর চেকোস্লোভেকিয়ান কোম্পানী হঠাৎ কাজ বন্ধ করে দেন। সেই কাজ বন্ধ করার কারণ আমরা জানতে পারলাম দুটো ভেড়ীর মালিক সমীর সরকার, ভোলা সরকার হাইকোর্টে ইনজাংসান জারি করে কাজ বন্ধ করে দিয়েছে। ১৯৭১ সাল থেকে সেই কাজ বন্ধ। সল্টলেক এরিয়ায় জমি উদ্ধার করে সেই জায়গায় মাস্টার প্ল্যান তৈরি করা হচ্ছে। ১০ মাইল এরিয়া নিয়ে যে কাজ আরম্ভ হয়েছিল সেই কাজ বন্ধ, আটশো শ্রমিক বেকার, তারা গরীব লোক, তারা উদ্বাস্তু, তাদের জন্য সরকার কোন ব্যবস্থা করেন নি। আজকে তারা বিধানসভার গেটে এসেছে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে দাবি জানাতে। সেই কাজ বন্ধ করার জন্য হাইকোর্টে যে ইনজাংসান জারি করা হয়েছিল তাকে ভেকেট করার জন্য সরকার কোন পরিকল্পনা নিয়েছেন কিনা জানতে চাই এবং সাথে সাথে জানতে চাই সরকার জমি উদ্ধার করে এতবড় মাস্টার প্ল্যান করে বিলডিং তৈরি করার পরিকল্পনা করেছেন কিন্তু ঐ কাজে যেসমস্ত ধীবর শ্রমিক নিয়োগ করেছিলেন তারা রাস্তাঘাটে পড়ে আছে তাদের জন্য কোন ব্যবস্থা করেছেন কিনা। মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যাঁরা এসেছেন তাঁদের কাছে গিয়ে তিনি যদি তাঁদের বোঝাতে পারেন তাহলে আমরা সন্তুষ্ট হব।

## LEGISLATION

**Mr. Speaker :** Now, we take up Legislation. Shri Bholanath Sen.

**Shri Bholanath Sen :** Mr. Speaker, Sir, I beg to inform you that I wish to introduce The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1972, at some future date to be nctified by me later on. মাননীয় অধ্যক্ষমহাশয়, গত সেসানে আমি জানিয়েছিলাম যে স্যালারি বিল অ্যামেণ্ড করার জন্য একটা বিল আনা হবে এই সেসানে। সেই কথা অনুসারে স্যালারি বিল আনাও হয়েছিল এবং আজকে তার তারিখও ফিক্সড হয়েছে। কিন্তু এখানকার সদস্যরা সবাই জানেন আমাদের দেশে যে দুরবস্থা যা আমরা নিজেরা অনেকে দেখেছি, আমি তো নিশ্চয়ই দেখেছি, মালদহ, পশ্চিম দিনাজপুর, কোচবিহার, জলপাইগুড়ি, আরো খবর আসছে বর্ধমান, বীরভূম, অনেক জায়গা থেকে খরার, না হলে বন্যার। এই প্রাকৃতিক দুর্যোগের জন্য এমন একটা পরিস্থিতি এসে পৌঁছেছে যে বহু জায়গায় মানুষ খাবার জন্য লংগরখানায় দাঁড়াতে বাধ্য হয়েছে, বহু জায়গায় মানুষের ঘরবাড়ী নেই, বহু জায়গায় মানুষ ম্যালনিউটিসানে কষ্ট পাচ্ছে, দুবেলা অন্ন তো জুটছে না, একবেলাও জুটছে না। জায়গায় জায়গায় এই রকম অবস্থা হচ্ছে। আমরা সমস্ত দিক বিবেচনা করে স্থির করে দেখলাম এই পরিপ্রেক্ষিতে আমাদের যদি কোন অর্থ থাকে তাহলে সেই অর্থ যাতে দুর্গতদের কাছে যায় সেটাই আমাদের সবচেয়ে বেশী প্রয়োজন, সেটাই আমাদের সবচেয়ে বেশী দেখা দরকার। সেই চিন্তা করে আমি আপনাদের কাছে নোটিশ দিচ্ছি

[3-00—3-30 p. m. inculding adjourment]

যে এই বিল আমি আর পেশ করছি না। আশাকরি আমাদের দুর্যোগ কেটে যাবে, বেশীদিন এই অবস্থা থাকবে না। কাজেই আগামী দিনে যখন সময় হবে তখন আমি আবার আপনাদের নোটিশ দেব।

**Shri Biswanath Mukherjee :** মন্ত্রিমহাশয় যে বিবৃতি দিলেন তারজন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং আমি মনে করছি তাঁর এই বিবৃতি খুব সময়োপযোগী হয়েছে। এটা আমরা নিশ্চয়ই মানি যে ৭ বছর ধরে মেম্বারদের মাইনে বাড়েনি অথচ জিনিসপত্রের দাম বেড়েছে। মেম্বারদের স্যালারি বাড়ানোর কথা অপ্রাসংগিক নয়, কিন্তু দেশের এই অবস্থায় মেম্বারদের স্যালারি বাড়ানোর আইন না আনাই উচিত একথা বলে মন্ত্রিমহাশয় যে বিবৃতি দিয়েছেন তার জন্য আমি তাঁকে আর একবার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্যদের ১০০ টাকা বর্ধিত হারে এমলিউমেন্ট দেবার যে প্রস্তাব ছিল সে সম্বন্ধে এইমাত্র মন্ত্রিমহাশয় কতগুলি কারণ দেখিয়ে বললেন যে, তিনি সেই প্রস্তাব এখন আর আনছেন না। বর্তমানে বাংলা দেশের মানুষের কাছে, সাধারণ নিরীহ গ্রামবাসীদের কাছে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে কি করে আমরা আমাদের সীমিত সম্পদের সৎব্যবহার করতে পারব। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমি মনে করি আজকে আমাদের দলের তরফ থেকে মন্ত্রিমহাশয় যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তাতে আমাদের উপর জনসাধারণের আশীর্বাদ আসবে এবং তাঁর এই প্রস্তাবের জন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ দিচ্ছি।

**Shri Asamanja De :** মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয় এইমাত্র বললেন যে, বেংগল লেজিজলেটিভ অ্যাসেম্বলী মেম্বার্স এমোলিউমেন্টস (অ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৭২ এটা স্থগিত রাখা হয়েছে। পশ্চিম বাংলার অভূতপূর্ব খরা এবং যুগপৎ বিভিন্ন জেলার প্রচণ্ড প্লাবনের পরিপ্রেক্ষিতে পশ্চিম বাংলার মানুষের জীবনে যে দুঃখ এবং দুর্দশার সৃষ্টি হয়েছে সেই পরিস্থিতির কথা চিন্তা করে আমাদের ১০০ টাকা বেতন বৃদ্ধির যে বিল সেটা স্থগিত রেখে আমাদের সীমিত অর্থ, সীমিত সম্পদ যাতে গরীব মানুষের স্বার্থে এবং কল্যাণে ব্যয় হয় সেকথা ঘোষণা করার জন্য আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। আমরা জানি নির্বাচনের প্রাক্কালে আমরা ভারতবর্ষের তথা পৃথিবীর মহান নেত্রী ইন্দিরা গান্ধীর আদর্শে উদ্বুদ্ধ হয়ে, গরীবি হঠাও মনত্রে দীক্ষিত হয়ে পশ্চিম বাংলার সমস্ত মানুষকে যাতে দুঃখ দুর্দশার হাত থেকে নিস্কৃতি দেওয়া যায় তার জন্য শপথ নিয়ে এই বিধানসভায় নির্বাচিত হয়ে এসেছি। এই মন্ত্রে উদ্বুদ্ধ থেকে পশ্চিম বাংলার মানুষের দুঃখ-দুর্দশা, গ্লানি অপনোদনে এই অতিরিক্ত অর্থ ব্যয় করা হবে মন্ত্রিমহাশয়ের এই যে প্রস্তাব তাকে আমি স্বাগত এবং সমর্থন জানাচ্ছি।

**Shri Pradyot Kumar Mahanti :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে মন্ত্রীমহাশয় বিধানসভার সদস্যদের বেতন বৃদ্ধির জন্য যে বিল এনেছেন আমি নীতিগতভাবে সেই বিলের বিরোধিতা করছি।

(At this stage Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay rose to speak)

**Mr. Speaker :** Mr. Das and Mr. Bandyopadhyay, I appreciate you are also going to support the statement that has been made by the Hon'ble Minister who is not introducing the Bill. I think, it need not be repeated any further.

(At this stage the House was adjourned for 20 minutes)

## (After adjournment)

## MOTION UNDER RULE 185

[3-30—3-40 p. m.]

**Shrimati Geeta Mukhopadhyaya :** মাননীয় অধ্যক্ষমহাশয়, বিধানসভার নিয়মাবলী ১৮৫নং নিয়ম অনুযায়ী আমি নিম্নলিখিত প্রস্তাবটি বিধানসভার সামনে উপস্থিত করছি :

'পশ্চিম বাংলার তথা সমগ্র পূর্ব ভারতের এবং উত্তর ভারতের একাংশের অর্থনৈতিক প্রাণকেন্দ্র কলিকাতা বন্দরকে বাঁচানর জন্য এবং পশ্চিম বাংলার অপরিহার্য স্বার্থ রক্ষার জন্য এই সভা মনে করে যে, কেন্দ্রীয় সরকারের ফারাক্কা দিয়া গংগা থেকে সারা বৎসর কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল প্রবাহিত করা উচিত।'

মাননীয় অধ্যক্ষমহাশয়, কেন আমি এই প্রস্তাব বিধানসভার সামনে আনলাম। দিনে দিনে শ্বাসরুদ্ধ হয়ে আসছে কলকাতা বন্দরের। অগ্রসর ক্যানসার রোগে আক্রান্ত অতিপ্রিয় রোগীর শিওরে জাগা আত্মীয়স্বজনের মত আজ সারা পশ্চিমবংগবাসী কলকাতার শিওরে জেগে আছে উদ্‌বিগ্ন, উত্‌কন্ঠিত জাগরণে। এখন আর এই বন্দরের দুর্গতি পাটিগণিতিক প্রগতিতে এগোচ্ছে না, এগোচ্ছে জ্যামিতিক প্রগতিতে, হেঁটে হেঁটে এগোচ্ছে না, এগোচ্ছে লাফিয়ে লাফিয়ে। এমন কি ১৯৫৬-৫৭ সালেও যেখানে যে ভর্তি জাহাজগুলির জলের তলায় ২৬ ফিট পর্যন্ত থাকে তেমন জাহাজ এই বন্দরে বছরে ১৮০ দিন ঢুকতে পারত, সেখানে ১৯৭১ সালে এই ২৬ ফিট ড্রাফটের জাহাজ বন্দর ঢুকতে পেরেছে মাত্র বছরে ৬৮ দিন। জোয়ারে উঠে আসা পলি, বালি, এমনি দ্রুতগতিতে বন্দরের কণ্ঠরোধ করছে কলকাতা তাই আজ ভারতের প্রথম বন্দর থেকে নেবে হয়েছে পঞ্চম বন্দর। তারই পাশাপাশি শহর ও শহরতলীর এমন কি সুদূর হলদিয়া পর্যন্ত পানীয় জলের সরবরাহ উৎস উলুবেরিয়া বাঁচাতে এই নদীতে লবণের ভাগ বাড়ছে লাফিয়ে লাফিয়ে। পলতার ওয়াটার ওয়ার্কসের কাছের জলের লবণাক্ততা আজ প্রতি ১০ লক্ষ ভাগে ২,৪০০ ভাগ, যেখানে আন্তর্জাতিক স্বীকৃত মান অনুযায়ী সর্বোচ্চ নিরাপদ পরিমাণ হয় ২০০ ভাগ মাত্র। সময় নেই, রুদ্ধশ্বাস সন্ত্রস্ত কলকাতাকে বাঁচাতে আর সময় নেই, মুহূর্ত সময় নেই নষ্ট করার মত।

অধ্যক্ষমহাশয়, অগ্রসর ক্যান্সার রোগের আজও চিকিৎসা বেরোয় নি, সারা দুনিয়া তাই নিয়ে তোলপাড়। সে রোগীর আত্মীয়স্বজনেরা তাই নিরুপায়। কিন্তু অধ্যক্ষমহাশয়, কলকাতার তো সেই অবস্থা নয়। আমাদের পরমপ্রিয় কলিকাতার চিকিৎসার বিধান দিয়েছে ভারত সরকার কর্তৃক নিয়োজিত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিশেষজ্ঞরা। তারা বলেছেন উপর থেকে গংগার জলের পরিমাণ গ্রীষ্মের সময় অন্ততঃ যদি ৪০ হাজার কিউসেক থাকে, তবে সেই গতিবেগ হুগলী নদীর বুকের পলিকে কাটিয়ে নিয়ে সাগরে ফেলতে পারবে। তারই জন্য ১৫৬ কোটি টাকার ফারাক্কা পরিকল্পনা শুরু হয়েছিল, তার ব্যারাজের কাজ সমাপ্ত হয়েছে। এখন মৃত্যুর সংগে যুদ্ধমান কলকাতা নিরুদ্ধশ্বাসে প্রতীক্ষা করছে কখন আসবে সেই ৪০ হাজার কিউসেক জল, কখন বইবে সেই প্রাণবন্যা। অধ্যক্ষমশাই, পশ্চিমবংগের বিধানসভাকে তাই বলতেই হবে—কলকাতার শিয়রে জাগা গঙ্গাহৃদি বঙ্গভূমির সন্তান আমরা আমাদের পরমপ্রিয় কলকাতার সেই চিকিৎসায় কোনও বাধ আমরা মানব না, কোনও অজুহাত আমরা শুনব না। সারা ভারতের দরবারে ন্যায়ের অধিকারে, সত্যের অধিকারে, বহু রাজ্যে বহুভাষী তবু ভারতীয় এক জনগণের অবিচ্ছেদ্য অংগের অধিকারে, ভারতমাতার সন্তানের অধিকারে আমরা দাবি করি সারা বছর ধরে ফরাক্কা দিয়ে সর্বনিম্ন ৪০ হাজার কিউসেক জল প্রবাহিত হবে।

অধ্যক্ষমশাই, এই প্রস্তাব আনার দরকারই হত না। এতদিন কেউ দরকার বোধ করেন নি। কিন্তু আজকে আনন্দবাজার পত্রিকায় দেখবেন সাংবাদিক সুখরঞ্জন সেনগুপ্ত দিল্লি থেকে ফিরে এসে প্রবন্ধ লিখেছেন, তাতে জানিয়েছেন যে ডঃ রাও নাকি দিল্লিতে ফরমূলা দিয়েছেন যে এই ফরাক্কা দিয়ে গ্রীষ্মের জল দেয়া হবে না কলকাতাকে নদী ড্রেজিং করার জন্য বছরে বছরে কেন্দ্র

থেকে টাকা দেয়া হবে। কেন্দ্রীয় সেচমন্ত্রি কে এল রাও-এর সাম্প্রতিক লোকসভার বিবৃতিতে তিনি যা বলেছেন তার নির্গলিতার্থ হল গ্রীষ্মের মাসগুলিতে সর্বোচ্চ ২০ হাজার কিউসেক জল দেয়া অপারেসানাল প্ল্যান নাকি স্যাংসন হয়েছিল। আর কেন্দ্রীয় সেচ বিভাগ নাকি ষ্ট্রীক্টলি সেই য়্যাপ্রুভড প্ল্যান অনুযায়ী কাজ করে যাচ্ছেন। বিগত কয়েকদিন হিন্দু কাগজে বেরোচ্ছে কেন্দ্রীয় সেচমন্ত্রি বলেছেন ৪০ হাজার কিউসেক জল তিনমাস ধরে ছাড়লে একটা গোটা ভাকরা বাঁধের সম পরিমাণ জল হবে। এত জল অপচয় করা নাকি চলতে পারে না। শুধু একটা পশ্চিমবংগের জন্য ৭টা মুখ্যমন্ত্রীকে নাকি চটানো যাবে না, ইত্যাদি, ইত্যাদি। একদিকে এই সব প্রকাশ্য, অর্ধপ্রকাশ্য বিবৃতি, অপরদিকে কেন্দ্রীয় সেচ দপ্তরের গত কয়েক বছরের কার্যকলাপ আমাদের বাধ্য করেছে বিধানসভা থেকে এই দাবি তুলতে। অধ্যক্ষ মহাশয়, এই যুক্তি শেষটি থেকে আমরা শুরু করতে চাই। কলকাতাকে গ্রীষ্মকালে ২০ হাজার কিউসেক জল দিলে সে জল অপচয় হবে। তাকে এই জল দিলে ৭টি রাজ্যের মুখ্যমন্ত্রী চটানো হবে। কেন মাননীয় অধ্যক্ষমহাশয়, এই কথা বলা হচ্ছে? কলকাতা কি শুধু পশ্চিমবংগের? সে কি সমগ্র পূর্ব ভারতের এমন কি উত্তর ভারতের একাংশের এবং উত্তর ও পূর্বাঞ্চলের বন্ধু প্রতিবেশী রাষ্ট্রগুলির পর্যন্ত বাণিজ্যের প্রাণকেন্দ্র নয়? কলকাতা থেকে আজও মাসে মাসে কয়েক কোটি টাকার মণিঅর্ডার পশ্চিম, উত্তর পূর্ব এমন কি দক্ষিণ ভারতের গ্রামে গ্রামে গিয়ে পৌছায় না? কলকাতা বন্দর নষ্ট হলে ওয়ার্লড ক্যাটাসট্রফি হবে বলে এই সেদিনও কি কেন্দ্রের নিজের প্রকাশিত পুস্তিকায় বলা হয় নি? তবে আজ কেন হুগলী নদী বাঁচাবার জন্য জল দিলে সেই জলকে অপচয় বলে গণ্য করা হবে? কেন সেই জল দিলে ৭টি রাজ্যের মুখ্যমন্ত্রীকে চটানো হবে? তৃতীয় যে কথার জবাব দেবো তাহল গ্রীষ্মকালে ২০ হাজার কিউসেক জল সর্বোচ্চ জল ছোবার অপরেশানাল প্ল্যান এ্যাপ্রুভড হয়েছিল সেচমন্ত্রী কি এই কথা তথ্যের দ্বারা প্রমান হয় না। পশ্চিম জার্মানীর সুবিখ্যাত নদী বিশেষজ্ঞ ডাঃ হ্যামসেনকে কেন্দ্রীয় সরকারই ডেকে এনেছিলেন। সে ডঃ হ্যামসেন যখন ২০ হাজার কিউসেকে জলের অপারেসানাল প্ল্যানের কথা সাজেষ্ট করলেন তখন সেই সঙ্গেই তিনি তার সুপারিশকে কোয়ালিফাই করেছিলেন এই বলে যে আরো ৩৭'৬৭ আরো ম্যাথামেটিকাল মডেল, ইলেকট্রিকাল অ্যানালগ মডেল ইত্যাদি স্টাডি করে এই প্ল্যানকে আরো পরীক্ষা এবং মডিফাই করতে হবে। পরবর্তীকালে সেইসব স্টাডি হয়েছে তার ডাটাও হ্যামসেনের কাছে প্লেসড হয়েছে এবং তার ভিত্তিতে তিনি গ্রীষ্মকালের মাসগুলিতে সর্বনিম্ন ২০ হাজার কিউসেক জলের নিশ্চয়তা দিতেই হবে বলে সুস্পষ্ট সুপারিশ করেছেন। এরচেয়েও বেশী জলের সুপারিশ করেছেন নেদারল্যাণ্ডের বিশেষজ্ঞ জে, জে, ড্রোংকার, পুনার রিভার রিসার্চ ইন্সটিটিউটের তৎকালীন ডাইরেকটার ডঃ ডি, বি, জোগরেকার, ফরাক্কা প্রজেক্টএর টেকনিক্যাল অ্যাডভাইজারি কমিটির চেয়ারম্যান এস, সি, মিত্র। এই কথা কি সত্য নয় যে জাতিসংঘ ও অপরাপর আন্তর্জাতিক ফোরামে পাকিস্তানের জবাবে ডঃ রাও স্বয়ং বারবার বলেছেন যে, কলকাতাকে বাঁচাবার জন্য ফরাক্কা দিয়ে ২০ হাজার কিউসেক জলের দরকার হবে। আজ তবে কি সেই কথা মিথ্যা হয়ে গেল? আজ হঠাৎ স্যাংসান্ড অপারেসানাল প্ল্যানের নাম করে ২০ হাজার কিউসেক পর্যন্ত বললে কে মানবে? আন্তর্জাতিক ফোরামে পর্যন্ত ভারতের সম্মান ধূলায় লুটিয়ে যাবে না? এই প্রসঙ্গে একটি গুরুত্বপূর্ণ কথা বলতে চাই যে পশ্চিম বাংলার বড় ইঞ্জিনিয়ার এই কথা বলেছেন যে ২০ হাজার কিউসেক জলে যদি ছাড়া হয় তাহলে এ ফরাক্কা থেকে কলকাতা বন্দর তাহলে থাকবে না। কারণস্বরূপ নগর পর্যন্ত যে নদী থাকা বলা হয় ঠাইগ্রাশ বিজ্ঞারভাব সেই পলি পড়ে বন্ধ হয়ে যাচ্চে যদি উপর থেকে ২০ হাজার কিউসেক জল ছেড়ে দিই তাহলে নিশ্চয়ই এটা গতিবেগ হবে এবং পলি নামিয়ে দেবে এবং সেই জল ২০ হাজার কিউসেক হলে তাকে সমুদ্রে ফেলতে পারবো এবং এটা ফেলবো কলকাতা বন্দরের মুখে। অর্থাৎ গঙ্গার আরো শ্বাসরোধ করার চেষ্টা হবে। এই কথা বোঝাবার জন্য কোন এক্সপার্টের দরকার হয় না কমনসেন্সেই এই কথা বলে যে এটা সত্য এবং এই কথা সুস্পষ্ট এই গেল নানারকম বিবৃতি।

তাছাড়া কেন্দ্রীয় সরকারের সেচদপ্তর বিগত কয়েক বৎসর বিবেচনা করে কলকাতা বাঁচান ঘোষণা পরিলক্ষিত হয়েছে। আজকে ফরাক্কার কাজ শুরু হওয়ার পর গঙ্গার উপরিভাগে যে সমস্ত প্রজেক্টের কথা বলা হয়েছে সেখানে বলা হয়েছে যে এই প্রকল্পগুলি সফল হলে গঙ্গা এবং তার উপনদী থেকে জল টেনে নেবে এবং গঙ্গার জল যাবে গ্রীষ্মকালে যেটার পরিমান হল ৫২ থেকে ৫৩ হাজার কিউসেকের মত। আমরা যে হিসাব দেখছি তাতে একথাই লেখা আছে। এটা দেখে বাংলা দেশের প্রয়োজনীয় জল ১৫ হাজার কিউসেক লাগবে। এই পরিকল্পনা যদি করা যায় তাহলে দ্বিতীয় ফসলের জন্য গঙ্গার উপরিভাগে যদি জল টানা যায় ত' ২০ হাজার কিউসেক জল তাহলে আর গ্রীষ্মকালে জল পাওয়ার প্রশ্ন উঠে না।

[3-40—3-50 p. m.]

এই সূত্রে একটা কথা উঠেছে সেটাও আমি বলে দিতে চাই। কেন্দ্রীয় সরকার ড্রেজিং-এর টাকা দিয়ে কলকাতাকে বাঁচাবেন এই যে সর্বাধুনিক কানাকানি এর মূল্য কি? হুগলী নদী ড্রেজিং করে কলকাতাকে বাঁচান যাবে একথা এ যাবৎকাল কোনও বিশেষজ্ঞ কি বলেছেন? তা বলেন নাই। তবে এখন যায় যদি যাবে। এখনই তো ড্রেজিং করবার জন্য বছরে বছরে ৭|৮ কোটি টাকা খরচ করা হচ্ছে। তাই যদি যাবে তাহালে ১৫৬ কোটি টাকার ফরাক্কা প্রজেক্টে হাত দেবার কি দরকারটা ছিল? এই অবস্থার মধ্যে এই যে সমস্ত প্রজেক্টের উপর প্রজেক্ট ক্লিয়ারেন্স দেওয়ার কথা ইতিপূর্বে বললাম সেই প্রজেক্ট ক্লিয়ারেন্সের পটভূমিকায় বিগত চার বছর ধরে পশ্চিবঙ্গের যেসব সরকার ছিল যুক্তফ্রন্ট সরকার, তারপর রাষ্ট্রপতির শাসনে বিভিন্ন রাজ্যপালের সরকার সকলে এ বিষয়ে খোঁজখবর চেয়েছেন, তখন কেন্দ্রীয় সরকারের সেচদপ্তর স্বীকার পর্য্যন্ত করেন নাই যে তারা Project Assistকে Clearance দিয়েছেন। অথচ পশ্চিমবঙ্গ সরকারের বারংবার উদ্বিগ্ন জিজ্ঞাসা থাকা সত্বেও তাঁরা যে গোপনে Project Assist এর Clearance দিয়েছেন, শুধু তাই নয় বিদ্যুৎগতিতে তার খাল কাটার কাজও এগিয়ে যেতে দিয়েছেন। যে খাল কাটা হয়েছে departmentally এর সঙ্গে একবার contrast করুন ফারাক্কার ফিডার চ্যানেল কাটার কথা। কেন্দ্রীয় সরকারের সেচমন্ত্রীর পেয়ারের কণ্ট্রাক্টরের হাতে বছরের পর বছর তা ফেলে রাখা হয়েছে। এখন যত দোষ নন্দঘোষ—labour trouble এর ঘাড়ে চাপিয়ে রেখেছেন। Bengal National Chambers of Commerce and Industries এই ব্যাপারে নন্দঘোষ লেবার ট্রাবলের কথা মানতে রাজী হন নাই। তাঁরা পর্য্যন্ত এই খাল কাটার এই অস্বাভাবিক দেরীর উদ্দেশ্য সম্বন্ধে সন্দিহান না হয়ে পারেন নি। এ কাজ কি পশ্চিমবঙ্গ বিধানসভাকে আন্দোলিত না করে থাকতে পারে?

আবার দেখুন ভারতের বিভিন্ন বন্দরগুলির উন্নয়নের জন্য টাকা sanction করার ব্যাপারে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বোম্বাই-এর জন্য সর্বমোট টাকা allocate করা হয়েছিল ৪৮ কোটি ১৪ লক্ষ, মাদ্রাজ বন্দরের জন্য ২০ কোটি ৮৪ লক্ষ, বিশাখাপত্তনম্ বন্দরের জন্য ৫১ কোটি ৬৫ লক্ষ; আর এই কলকাতা বন্দরের জন্য তার নদী কমিশনের ব্যয়বরাদ্দ সহ মোট বরাদ্দ হয়েছে ১৩ কোটি ৮৬ লক্ষ টাকা। অর্থাৎ বোম্বাই-এর প্রায় তিনভাগের একভাগ, মাদ্রাজের চেয়ে ৭ কোটি টাকা কম এবং বিশাখাপত্তমের প্রায় চারভাগের একভাগ এই কি কলকাতা বন্দরকে বাঁচানোর চেষ্টার নমুনা?

ডক্টর রাও বলেছেন পশ্চিমবঙ্গের জন্য তিনি ৭টি রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে ঝগড়া বাধাতে পারবেন না। প্রথম কথা এখানে সাতটি রাজ্যের কথা ওঠে কিসে? গ্রীষ্মকালে ফারাক্কা দিয়ে চুক্তি চাই কেবল উত্তর প্রদেশ, বিহার ও পশ্চিমবঙ্গের মধ্যে, চুক্তি চাই শুধু এই মর্মে যে, গ্রীষ্মকালের তিন মাস ৪০ হাজার কিউসেক ভাগীরথীকে দেবার মত এবং অবশ্যই বাংলাদেশের প্রয়োজন মেটাবার মত জল না রেখে গঙ্গার উপরিভাগ থেকে জল টেনে নেওয়া বন্ধ রাখতে

হবে। এই চুক্তি কি আন্তঃরাজ্য নদীর পক্ষে অন্যায় বা বে-আইনী? যখন ইংরেজ রাজত্ব ছিল, তখনকার দিনে ১৯৩৫ সালের Government of India Act এ বলা হয়েছিল—

> A Province cannot claim to do whatever it likes with the water of a river regardless of the injury which it might inflict on other Provinces or States lower down in the lower basin.

এই আইনের পটভূমি ছিল সিন্ধুর উপর শুক্কুর বাঁধ তৈরীর। সেই সময় সিন্ধুর উপরি ভাগে যখন শুক্কুর বাঁধ তৈরী হয় তখনকার মত দেশ পাঞ্জাব রাজ্য তাতে আপত্তি জানায় নাই। এই অবস্থায় পরিষ্কার সিদ্ধান্ত হয় যে এরকম কোন Project ভবিষ্যতে cleared হবে না যাতে পাঞ্জাব ও সিন্ধু প্রদেশ পরস্পরের কাছে timely পরস্পর full information দেয়নি। এই রকম যদি হয় তাহলে কোন clearance হতে পারবে না। পরবর্তীকালে স্বাধীন ভারতে যে সমস্ত আইন পাশ হয়েছে এ সম্বন্ধে এবং ভারতের সংবিধানে যা আছে তাতে একথা পরিষ্কার—নিজ রাজ্যের মধ্যে প্রবাহিত নদীতে সেচ, বিদ্যুৎ উৎপাদন বা বন্যা নিয়ন্ত্রণের জন্য যেকোন রাজ্যের পূর্ণ অধিকার আছে। কিন্তু subject only to the restriction that in exercising these powers no significant injury is caused to basin States পশ্চিমবংগ কোন রাজ্যের সংগে ঝগড়া করতে চায় না। পশ্চিমবঙ্গ কখনও কি অন্যদের বাদ দিয়ে একথা ভেবেছে। তাই পশ্চিমবংগের কলকাতা আজও সারা ভারতেরই লোকের মহানগরী, পশ্চিমবংগের শিল্প বাণিজ্যে অন্য ভাষাভাষী লোক নিযুক্ত আছেন। তাই চরম সংকটক্লিষ্ট পশ্চিমবংগ ক্লিষ্টতর বাংলা দেশের লক্ষ লক্ষ শরণার্থীর জন্য হৃদয়দুয়ার খুলে দিতে দ্বিধা করে নি, সারা ভারতবাসীর সংগে কাঁধে কাঁধ মিলিয়ে জাতীয় কর্তব্য সম্পাদনে এগিয়ে গিয়েছে। কিন্তু আজ আমরা এই রকম একটা চুক্তি চাইছি যা অন্যান্য রাজ্যের পক্ষে কোনও অপূরণীয় ক্ষতির ব্যাপার নয়। অন্যান্য রাজ্যে গ্রীষ্মকালে রবি ফসলের জন্য গঙ্গার জল না নিয়ে গুচ্ছ গুচ্ছ ডিপ টিউবওয়েল ও স্যালো টিউবওয়েল বসানো যায়। সেন্ট্রাল ইরিগেসন এণ্ড পাওয়ার কমিশনও বলেছেন যে ঐ রাজ্যগুলিতে সাব সয়েল ওয়াটার ব্যবহার করা বেশী করে দরকার—যাতে তারা জলও পাবেন এবং তাঁদের ওয়াটার লগিংয়ের সমস্যা থেকেও অনেকটা মুক্তি পাবেন। এই পরিস্থিতিতে গ্রীষ্মকালে ঐসব প্রকল্পগুলির জন্য টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল কেন ব্যবহৃত হবে না। যদি কেউ বলেন যে পশ্চিমবঙ্গও তো তাহলে টিউবওয়েল করে ফারাক্কায় প্রয়োজনীয় জল বাড়াতে পারে তাহলে তার উত্তর হল অন্যান্য রাজ্যে প্রকল্পগুলি যেখানে যেখানে জল দেবে সে সব মাঠ বিস্তীর্ণ অঞ্চল জুড়ে সেই সব জায়গা অপেক্ষাকৃত ক্ষুদ্র ক্ষুদ্র ভাগে সাব সয়েল ওয়াটার তোলার ফিজিক্যাল ফিয়সিবিলিটিজ আছে—টাকা যদি পাওয়া যায়। কিন্তু ভাগীরথীতে ঐ পরিমাণ হেড ওয়াটার দেবার মত ঐ জায়গায় অত জল তুলবার স্রোত বইয়ে দেওয়া ফিজিক্যালি ইম্পসেবল এবং টেকনিক্যালি অবাস্তব। পৃথিবীর আর কোথাও তা হতে পারে নি। তাই রাজ্যগুলিতে বাড়তি রবি ফসলের জন্য বিকল্প সংস্থান হতে পারে। আজকে পশ্চিম বাংলার হুগলী কলকাতার কথা বিচার করুন সেখানে অন্য কোন বিকল্প নাই। ভবিষ্যতে ব্রহ্মপুত্র থেকে জল আনা খুবই ব্যয়সাধ্য ও জটিল ব্যাপার। তবু যদি তা হয় তো সে অনেক সময় সাপেক্ষ। তার মধ্যে কলকাতার সর্বনাশ হয়ে যাবে। তাই বলি এখানে অন্য কোন বিকল্প নাই। তাছাড়া মাননীয় অধ্যক্ষমহাশয়, সারা ভারতের দরবারে আমরা বিচার প্রার্থনা করি। সারা ভারতের ভাইবোনেরা দাঁড়িপাল্লার এক পাল্লায় চাপান একদা ভারতের বৃহত্তম বন্দর কলকাতাকে তার বাঁচা মরার সমস্যাকে, আর এক পাল্লায় চাপান কিছু জমির দো-ফসলী হওয়াকে—বলুন এবার বুকে হাত দিয়ে সত্যের নামে, ন্যায়ের নামে ভারতমাতার নামে, বহু জাতির তবু এক ও অখণ্ড ভারতের জাতীয় স্বার্থের নামে—কোন পাল্লা ভারী। কলকাতা সহস্রবার কলকাতা লক্ষবার কলকাতা। আমি একথা বলতে চাই

যে কলকাতাকে সহানুভূতি দেখিয়ে আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী তিনি নিজেই বহুবার ধ্বনিত করেছেন। আমরা একান্তভাবে আশা করি সেই সহানুভূতির সংকোচ পরীক্ষায় তিনি সসম্মানে উত্তীর্ণ হউন। ইয়াহিয়া খাঁর নৃশংস নখর থেকে পদ্মাপারের সোনার বাংলাকে মুক্ত করতে সাহায্য করে তিনি মহিয়সী হয়েছেন ভাগীরথী তীরের রুদ্ধশ্বাস, সতৃষ্ণ, পশ্চিম বাংলাকে রক্ষা করে সেই মহিমাকে তিনি আরও বৃদ্ধি করুন এ আমাদের আন্তরিক কামনা। আমাদের যে উত্তর পুরুষ তাদের প্রতি দায়দায়িত্ব কর্তব্যপালনে আসুন আমরা সবাই এই প্রস্তাবকে পাশ করি এই আবেদন আমি এই বিধানসভার কাছে রাখছি।

**Mr: Speaker :** There is one amendment to the motion by Shri Sukumar Bandyopadhyay. It is in order. He may move his amendment.

[3-50—4-00 p. m.]

**Shri Sukumar Bandyopadhyay :** Sir, I beg to move that মাননীয় স্পীকার মহাশয়, এই সভার মাননীয়া সদস্যা শ্রীমতী গীতা মুখার্জী আজকে যে মোসান এনেছেন আমি তার উপর সংশোধনী দিচ্ছি। আমার সংশোধনীটি হচ্ছে, পশ্চিম বাংলার তথা সমগ্র পূর্ব ভারতের এবং উত্তর ভারতের একাংশের অর্থনৈতিক প্রাণকেন্দ্র কলিকাতা বন্দরকে ও ভবিষ্যতে হলদিয়া বন্দরকে বাঁচানোর জন্য এবং পশ্চিম বাংলার, এখানে "বাঁচানোর জন্য পশ্চিম বাংলার" এই কথাগুলির পর 'তথা ভারতবর্ষ' এবং অপরিহার্য স্বার্থরক্ষার জন্য এই সভা মনে করে যে, কেন্দ্রীয় সরকারকে ফরাক্কা দিয়া গংগা থেকে সারা বৎসর কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল প্রবাহিত করা উচিত, এখানে "কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল" এই কথাগুলির পরিবর্তে 'প্রয়োজনীয় জলরাশি' এই কথাগুলি সন্নিবেশিত করা হোক। মাননীয় অধ্যক্ষমহাশয়, ফরাক্কা নিয়ে আজকে যে আলোচনা হচ্ছে সেই ফরাক্কা বাঁধে কোলকাতা বন্দর এবং সমগ্র ভারতবর্ষের স্বার্থ একই সূত্রে বাঁধা। ফরাক্কা বাঁধের জল নিয়ে কোন সংকীর্ণ স্বার্থ বা চক্রান্ত তাই অসহ্য। কোলকাতা বন্দর মরলে ভারতবর্ষও বাঁচবে না। যদি আমাদের আলস্য কিংবা ভয়ের জন্য আমরা দেখি যে, কোলকাতা বন্দরের অস্বাভাবিক মৃত্যু হচ্ছে তবে ভবিষ্যতে আমরা সমগ্র জাতির কাছে বিশ্বাসঘাতকরূপে পরিগণিত হব। তাই ফরাক্কা নিয়ে সস্তা রাজনীতির খেলা না খেলে এই সমস্যার মোকাবিলার জন্য আমাদের সংগ্রাম করতে হবে এবং সেই সংগ্রাম করতে হবে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে। স্যার, ফরাক্কা বাঁধ ভাবাবেগের বিষয়বস্তু নয়, পরন্তু ভারতবর্ষের সববৃহৎ বন্দর কোলকাতা এবং হলদিয়ার জন্য ফরাক্কাকে গুরুদায়িত্ব বহন করতে হবে। পাকিস্তানের সংগে ভারতবর্ষের গঙ্গার জল বিরোধ নিয়ে যখন কথাবার্তা হয় সেইসময় আমরা পরিষ্কারভাবে বলেছি যে, ভারতবর্ষের বৈদেশিক বাণিজ্যের জীয়নকাঠি হচ্ছে এই কোলকাতা বন্দর। এই কোলকাতা বন্দর থেকেই দেশের শতকরা ৪০ ভাগ রপ্তানি হয়, ৩০ ভাগ আমদানি হয়। এই কোলকাতা বন্দরের পশ্চাৎভূমি পাঁচলক্ষ বর্গমাইল এলাকা জুড়ে। কোলকাতা বন্দরের উপর নির্ভরশীল পশ্চিমবংগ তথা উত্তর ভারতের সবচেয়ে বড় শিল্পাঞ্চল এবং শস্যসমৃদ্ধ এলাকা, আর সেই সংগে সংগে সিকিম, ভুটান এবং নেপাল। এই কোলকাতা বন্দরে ভারতবর্ষের বিভিন্ন প্রান্তের ৬০ হাজার লোক কাজ করেন। তাই ফরাক্কার জলের ব্যাপারটা কেন্দ্রীয় সেচমন্ত্রী শ্রীকিশু লছমন রাও-এর দয়ার দান নয়। পরন্তু ভারতবর্ষের স্বার্থে আমাদের ফরাক্কার জল পেতে হবে এবং পাব আমাদের দাবির সমর্থনে, সত্য, নিষ্ঠা ও বৈজ্ঞানিক যুক্তি থাকার জন্য। আনন্দের কথা, কেন্দ্রীয় সেচ দপ্তরের উপমন্ত্রী লোকসভায় বিনয়ভূষণ দাস চৌধুরীর প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে, ফরাক্কার জন্য প্রয়োজনীয় জল পাওয়া যাবে। স্যার, ফরাক্কার জন্য প্রয়োজনীয় জল এইজন্য বলছি যে, আমরা দেখেছি কোলকাতা বন্দরের স্বার্থে ঐ ভাগীরথী বা হুগলী নদীর ড্রেজিং করার জন্য ১০ বছর ১৫ লক্ষ টাকা লাগতো। কিন্তু এখন সেটার জন্য লাগে সাত কোটি টাকার উপর। অর্থাৎ

কোলকাতা বন্দর-এর যে সমীক্ষা ছিল ড্রেজিং সম্পর্কে সেই সমীক্ষার পটভূমিকা পাল্টে গিয়েছে। তাই এই যে ৪০ হাজার কিউসেক বলছি, এটা এক্সপার্ট রিপোর্ট নিয়ে বলছি, বিচার বিবেচনা করে হয়ত বলছি কিন্তু আমি বলতে চাই কোন সংখ্যা বা সীমার সংগে নয় আমরা চাই কোলকাতা বন্দরকে বাঁচানোর জন্য যত হাজার কিউসেক জল—৪০/৫০/৬০ বা আরো বেশী হতে পারে সেই পরিমাণ জল আমাদের প্রয়োজন এবং সেকথা বলার সময় আজকে এসেছে। আজকে আলোচনা প্রসংগে আমি বেদনাহত হয়েছি যখন দেখেছি কোলকাতা বন্দরের যে মান ছিল সর্বপ্রথম, আজকে সেখানে কোলকাতার স্থান হয়েছে পঞ্চম। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে বোম্বের জন্য ৪৮ কোটি ১৪ লক্ষ টাকা ধার্য করা হয়েছে, ডাঃ রাও-এর নির্বাচন কেন্দ্র বিশাখাপত্তনম বন্দরের জন্য ৫১ কোটি ৪৫ লক্ষ টাকা ধার্য করা হয়েছে, মাদ্রাজের জন্য ধার্য করা হয়েছে ২০ কোটি ৮৫ লক্ষ টাকা, কোচিনের জন্য হয়েছে ১৭ কোটি ৮৯ লক্ষ টাকা এবং পারাদ্বীপের জন্য ধার্য করা হয়েছে ১৪ কোটি টাকা। অথচ ভারতবর্ষের সর্বশ্রেষ্ঠ বন্দর এই কোলকাতা বন্দর—এরজন্য চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ধার্য করা হয়েছে মাত্র পাঁচ কোটি ৬ লক্ষ টাকা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমাদের নিশ্চয় বেদনার কারণ, দুঃখের কারণ এবং বিশ্বাস রাখি যে, আমাদের এই মন্ত্রীসভা, মাননীয় মুখ্যমন্ত্রী এবং আমরা সকলে এই বৈষম্য রুখতে লড়াই করবো। আমরা জানি কলকাতা বন্দরের প্রয়োজনীয়তার জন্য জলরাশি বৃদ্ধি করা দরকার। কিন্তু প্রয়োজনীয় জলরাশির জন্য অ্যাসিওর করবেন কে? অ্যাসিওর করবেন মন্ত্রীসভা অ্যাসিওর করবেন মাননীয় মুখ্যমন্ত্রী। কেন না, তাঁরা সমগ্র পশ্চিমবংগের কাছে প্রতিশ্রুতিবদ্ধ। পশ্চিমবংগের মানুষ, উত্তর ভারতের মানুষ সারা ভারতবর্ষের মানুষ সমস্ত দেশের হয়ে ফরাক্কার জলের জন্য লড়াই করবেন এবং এই লড়াই হচ্ছে ভারতবর্ষকে বাঁচাবার লড়াই, কলকাতা বন্দরকে বাঁচাবার লড়াই এবং হলদিয়া বন্দরকে বাঁচানোর জন্য লড়াই। আমরা জানি মাননীয় অধ্যক্ষমহাশয় আমাদের মন্ত্রীসভা এবং মাননীয় মুখ্যমন্ত্রী এই সম্পর্কে সচেতন আছেন এবং এই ফরাক্কার জল প্রসংগে তাঁরা এমন কিছু প্রস্তাব করবেন যাতে করে পরবর্তী সময়ে আমাদের অপরাধে কলকাতা বন্দর বাঁচান আশ্রলিপ্ত হয়ে যায়। মাননীয় অধ্যক্ষমহাশয়, কলকাতা বন্দর পুরানো সপ্তগ্রাম হবে না, কলকাতা বন্দর, কলকাতা বন্দরই থাকবে এবং সেই কলকাতা বন্দরকে বাঁচানোর দায়িত্ব আমাদের। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের অনেকে অনেক কথা বলেছেন। ১৯৬৭ সাল এবং ১৯৬৯ সালে তখনকার যিনি মন্ত্রী ছিলেন এই দপ্তরের, সেই সময় অনেক চিঠি মন্ত্রীসভা থেকে দিয়েছিলেন কেন্দ্রীয় সরকারের সেচমন্ত্রীর কাছে—এই ফরাক্কার জল নিয়ে তিনি অভিযোগ করেছেন বিধানসভায় কিন্তু সেই চিঠির জবাব নাকি তাঁরা পান নি। ১৯৬৭-১৯৬৯ সালে তাঁরা কথায় কথায় বন্ধ ডেকেছেন, হরতাল করেছেন, তুচ্ছ রাজনীতির জন্য নেতার ভাষণ বয়কট করেছেন, কিন্তু কেন্দ্র থেকে চিঠির জবাব যে এল না, সে সম্পর্কে পশ্চিমবঙ্গবাসীর কাছে একটি কথাও তো বলেন নি? আজকে ফরাক্কাকে নিয়ে অনেক কথা উঠেছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, ফরাক্কা নিয়ে আমরা রাজনীতি করতে চাই না, ফরাক্কা আমাদের জীয়নকাঠি, ফরাক্কা ভারতবর্ষের শক্তি, ফরাক্কাই কলকাতা বন্দরকে বাঁচাতে পারে। তাই কলকাতা বন্দরকে বাঁচানোর জন্য আমাদের চেষ্টা করতেই হবে এবং সেই চেষ্টার জন্য আজকে যে মোসান এসেছে সেই মোসান অত্যন্ত গুরুত্বপূর্ণ মোসান। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমরা সেই মোসান আজকে গ্রহণ করছি এবং গ্রহণ করার সংগে সংগে আমার এই সংশোধনীটুকু গ্রহণ করতে বলছি। কেন না, কলকাতা বন্দর কেবলমাত্র পশ্চিম বাংলার নয়, এ সারা ভারতবর্ষের পক্ষে অপরিহার্য এবং এই যে ৪০ হাজার কিউসেকের মধ্যে সীমা বেঁধে দেওয়া হয়েছে, তার পরিবর্তে আমরা পর্যাপ্ত পরিমাণে জল পেতে চাই। আজকে উত্তরপ্রদেশে গংগার জলে সেচ হবে কিনা, দিল্লীর কিছু কিছু জায়গায় গংগার জল নিয়ে যাওয়া হবে কিনা বিহারে কোন প্রকল্প হবে কিনা, সে ব্যাপারে আমরা আগ্রহান্বিত নই, আমরা আগ্রহান্বিত ফরাক্কার জন্য। ফরাক্কা তৈরী করার জন্য খরচ হয়েছে ১০৬ কোটি টাকা এবং ফরাক্কা তৈরী করার সময় যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেই প্রতিশ্রুতি অক্ষরে অক্ষরে আজকে

পালন করতেই হবে। আজকে পশ্চিমবংগ বিধানসভা, পশ্চিমবংগের মন্ত্রীসভা, পশ্চিমবংগের মাননীয় মুখ্যমন্ত্রী এবং তার পশ্চিমবংগের ৪॥ কোটি মানুষ এই ফরাক্কার জন্য লড়াই করবে এবং আমাদের এই বিশ্বাস আছে যে, ফরাক্কার জন্য প্রয়োজনীয় জল আমরা পাবই। কেন না, এই জল কলকাতা বন্দরকে বাঁচানোর জন্য অপরিহার্য। তাই মাননীয় অধ্যক্ষমহাশয়, আমার এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করার জন্য সভার কাছে অনুরোধ জানিয়ে আমি বক্তব্য শেষ করছি।

'বন্দেমাতরম্'

**Shri Bhabani Sankar Mukherjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, কলকাতা বন্দরকে রক্ষা করা যে কত বড় দায়িত্ব এই সামান্য ষ্ট্যাটিসটিক্স দেখালেই আপনারা তা বুঝতে পারবেন। আজকের দিনে ৪৫% ইমপোর্ট এই কলকাতা বন্দর দিয়ে হয় ভারতবর্ষে যত লাগে এবং ৩১% এক্সপোর্ট যা ভারতবর্ষের বাহিরে যায় সেও এই কলকাতা বন্দর দিয়ে যায়। এই অবস্থায় ডঃ হ্যানসেন ও ডঃ ডকরেন বলেছেন ৪০ হাজার কিউসেকের কথা—সুকুমারবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি মনে করি সেটা খুব সমীচীন হয়েছে। কেন না, ৪০ হাজার কেন যদি দরকার হয় তাহলে ৫০/৬০/৭০ হাজার কিউসেক জল এই ভাগীরথী নদী দিয়ে কলকাতার উপর দিয়ে বইয়ে দিলে তবেই আমাদের কলকাতা বন্দর বাঁচবে। অতীত দিনের একটা সামান্য ইতিহাসের

[4-00—4-10 p. m.]

কথা বলি, British Period-এ যখন কলকাতা বন্দরে 180 working days চলেছে, আজকের দিনে সেখানে দাঁড়িয়েছে only 68 working days. এর কারণ আপনারা নিশ্চয়ই বুঝতে পারছেন। জলের অভাবে জাহাজ মাঝপথে দাঁড়িয়ে থাকে কাগজ থেকে এ খবর পাওয়া যায়। ৪০টি, ৫০টি জাহাজ, কোন কোন সময়ে ১০০টিও দাঁড়িয়ে আছে জলের অভাবে। সুতরাং এই জল কত important আজকের দিনে কলকাতাকে বাঁচাবার জন্য এটা সহজে অনুমান করা যায়। যাই হোক, Farakka Project করতে গেলে দেখা যাচ্ছে যে সেটা অতীতে চিন্তা করা হয়েছিলো যে ভবিষ্যতে একটু নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে কলকাতাকে বাঁচাবার চেষ্টা হবে কিন্তু দেখা যাচ্ছে সেটা উল্টো হয়ে গেলো। ডঃ কে এল রাও, তার উপর ব্যক্তিগত শ্লাঘা আনতে চাই না, কিন্তু নিরপেক্ষভাবে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের মুখ্যমন্ত্রী এখানে হাজির আছেন তার মাধ্যমে বলতে চাই, যে কলকাতা একদিন এক নম্বর বন্দর ছিল, আজকে ৫ নম্বর বন্দরে দাঁড়িয়েছে, কাজেই এই অবস্থায় বিশেষ করে বলতে চাই তিনি যেন বিশেষভাবে আমাদের কলকাতা বন্দরকে বাঁচাবার জন্য চেষ্টিত হন। আর একটি কথা হচ্ছে, এই কলকাতা বন্দর বাঁচবে না upper Gangetic area এতে অনেক খাল কাটবার কথা বলা হয়েছে এবং সেটা প্রায় দুইশতের উপর হবে বলে শুনেছি এগুলি কাটতে দেওয়া উচিত হবে না যদি কলকাতাকে বাঁচাতে হয়। কারণ আমরা জল কোথা থেকে পাবো। ৪০ হাজার কিউসেক হওয়া দূরের কথা ১০ হাজার cusec-এ পরিণত হবে কিনা কেউ বলতে পারে না। এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই Geological Survey of India, তারা একটা report আগে দিয়েছেন তাতে তারা বলেছেন upper Gangetic area তে সেখানে থেকে canal হবে, সেখান থেকে agriculture হবে সেটা ঠিক বুঝলাম না। সবুজ বিপ্লব আনতে হবে, খাদ্য শস্যের জন্য লড়াই করতে হবে, অপরের মুখাপেক্ষী হব না এটা ঠিক। কিন্তু তারজন্য বিকল্প ব্যবস্থা করা উচিত। যে গঙ্গা পশ্চিম বাংলাকে বাঁচাবে, কলকাতাকে বাঁচাবে সেই কলকাতায় উপর চাপ দিয়ে deep tubewell system করা হোক। কারণ সেখানে যে sub-soil আছে Geological Survey of India বলেছেন যে sub-sil আছে সেখানে deep tubewell বা shallow tubewell করা খুব সহজ। এটা করে জল পরিবেশন করা যেতে পারে এই agriculture field-এ যা বিশেষ করে ব্যাহত হচ্ছে। সেজন্য বলছি গঙ্গার উপর না গিয়ে যার ফল আমাদের একেবারে extreme end-এ ভাগীরথী নদীতে এসে পড়বে। যাই হোক এসব কথা বলছি এজন্য যে ভাগীরথী না বাঁচালে কলকাতা বাঁচবে না, কলকাতা না বাঁচলে

প্রায় ২॥• কোটি লোক যারা কলকাতার উপর নির্ভর করে আশে পাশে বেঁচে আছে তারা সকলেই মারা পড়বে। শুধু তাই নয়, আর একটা বড় কথা যেটা বলতে চাই সেটা হচ্ছে খাবার জল। এই গঙ্গার উপর নির্ভর করে সমস্ত খাবার জল supply হচ্ছে। সেখানে আমরা শুনছি অবশ্য এটা technical কথা তবে সমুদ্রের জলের pressure যদি বেশী এসে যায় তাহলে সমস্ত জল নোনা হয়ে যাবে ফলে খাবার জলের অভাব হবে এবং ২।• কোটি লোক খাবার জল না পেলে বাঁচবেনা, তাদের কি হবে। বিশেষভাবে সংশোধনী প্রস্তাব সুকুমারবাবু যেটা এনেছেন তাকে সমর্থন করে এবং বিশেষ করে মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীবর্গকে অনুরোধ করবো তার যেন এই ব্যাপারে প্রধানমন্ত্রীর কর্ণগোচর করেন এবং তাকে বিশেষ করে অনুরোধ করেন কলকাতাকে বাঁচাবার জন্য এবং এই অনুরোধ করি তিনি যেন আমাদের সঙ্গে সামিল হন। একথা বলে আমি ছুটি চাইছি।

**Shri Asamanja De :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে সভায় শ্রীমতী গীতা মুখার্জী ১৮৫ রুল অনুযায়ী যে মোশন এনেছেন, তার উপর আলোচনার অংশ গ্রহণ করতে গিয়ে বলতে চাই যে ভারতবর্ষের অখণ্ডতা, ভারতবর্ষের সংহতি, পশ্চিমবংগ তথা ভারতবর্ষের অর্থনৈতিক সমৃদ্ধির জন্য অপরিহার্য কলকাতা বন্দরকে রক্ষা করার জন্য ফরাক্কা প্রকল্পকে স্বার্থকভাবে রূপায়ন করা একান্ত দরকার। শুধু আমরা যাঁরা এখানে সমবেত আছি, তাঁরাই নন, পশ্চিম বাংলার সাড়ে চার কোটি মানুষের এটা লক্ষ্য নয়, সারা ভারতবর্ষের ৫৫ কোটি মানুষের এই একই লক্ষ্য। আমরা জানি যে ভাগীরথী, গঙ্গা, হুগলীর গাংগের ভূমি পশ্চিমবংগের প্রাণকেন্দ্র স্বরূপ। এর দু পাশে গড়ে উঠেছে বহু শিল্প, কারখানা, বাংলার কৃষি, বাংলার শিল্প, বাংলার বাণিজ্য, এই সবকিছু গংগার উপর নির্ভর করে। যদি গংগা শুকিয়ে যায়, যদি ভাগীরথী, হুগলী মজে যায় তাহলে সমগ্র ক্ষেত্রে দারুণ বিপর্যয় দেখা দেবে। বাঙ্গালী জাতি নিশ্চিতভাবে ভিখারী জাতিতে পরিণত হবে। হুগলী নদীর নাব্যতা রক্ষা না করতে পারলে নিশ্চিত ভাবে এক কথায় বলা যায় বাংলার অর্থনীতির অপমৃত্যু অবশ্যম্ভাবী। সেইজন্য সেই সম্পর্কে আমরা সভার সকলে সম্পূর্ণ ওয়াকিবহাল। আমরা ভুলে যাই নি সুকুমারবাবু যে কথা বলেছেন বাংলা দেশের তাম্রলিপ্ত সপ্তগ্রাম বন্দরের কথা যার ফলে সেদিন বাংলা দেশের অর্থনীতি সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছিল। সেই ইতিহাস আমরা ভুলিনি। সেইজন্য আজকে আমরা এই সভাতে সকলে আমরা এই শপথ নেব পশ্চিমবংগ তথা ভারতবর্ষকে রক্ষা করতে গেলে কলকাতাকে আমাদের বাঁচাতেই হবে। কলকাতা বন্দর রক্ষা পেলে সারা পশ্চিম বাংলা তথা ভারতবর্ষ-এর অর্থনীতি রক্ষা পাবে। জলের বিতর্ক, জলরাশির বিতর্কে আমি যাচ্ছি না। কারণ ইট ইজ এ টেকনলজিক্যাল অ্যাসপেক্ট, টেকনলজিক্যাল পারসনরা বিভিন্ন সময়ে নির্দ্ধারণ করছেন কত পরিমাণ জল লাগবে। তাই সুকুমারবাবু যে আমেণ্ডমেন্ট এনেছেন এটা টেকনলজিক্যাল অ্যাসপেক্টের উপর গুরুত্ব না দিয়ে কলকাতাকে বাঁচাতে হবে, কলকাতা বন্দরকে রক্ষা করতে হবে, এই শপথ নিয়ে আজকে যতখানি জলরাশির প্রয়োজন ততখানি জলরাশির জন্য কেন্দ্রীয় সরকারের সংগে লড়াই করে, সংগ্রাম করে পশ্চম বাংলাকে রক্ষা করা জন্য আনবো—এই শপথ নিশ্চিতভাবে আমরা নেব। তবে একটা কথা আজকে বলা প্রয়োজন সুকুমারবাবু তাঁর বক্তব্য রাখতে গিয়ে বলেছেন আজকে বন্দর উন্নয়নের জন্য ১৯৬৯ সাল থেকে ১৯৭৪ সাল পর্যন্ত যে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার ব্যয়-বরাদ্দ গৃহীত হয়েছে তাতে কেন্দ্রীয় সরকার বিজাকাপটম বন্দরের জন্য সেখানে ৫১'৫৬ কোটি টাকা দিয়েছে সেখানে কলকাতা বন্দরের জন্য মাত্র ৫'৮৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই সভায় আজকে দাঁড়িয়ে এর বিরুদ্ধে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। এটা নিয়ে আমাদের লড়াই করতে হবে। আমাদের মুখ্যমন্ত্রী আমাদের মন্ত্রীসভা কেন্দ্রীয় সরকারের সংগে যেকোন ধরনের লড়াই করে এই দাবিদাওয়া আদায় করে আনবে, আমরা তাঁদের পাশে সব সময়ই আছি এই প্রতিশ্রুতি আমরা তাঁদের দিচ্ছি। তাছাড়া গংগা নদী বা হুগলী নদীর ইতিহাসের দিকে যদি আমরা তাকাই তাহলে দেখতে পাবো যে গংগা নদী বাংলা দেশে প্রবেশ করে ভাগীরথী, হুগলী নাম নিয়ে দক্ষিণবাহি হয়ে বঙ্গোপসাগরের দিকে গেছে। ষোড়শ শতকে গংগার জল ভাগীরথী

হুগলীর দিকে প্রবাহিত না হয়ে পদ্মার দিকে বাঁক নিয়েছে এবং এই সময় থেকে দেখা যায় ভাগীরথী, হুগলী নদীতে চড়া পড়া শুরু হয়েছে। এর উপর এখন গংগা উত্তর প্রদেশ, বিহার, দিল্লী এবং এমন কি দাক্ষিণাত্য অভিমুখেও প্রবাহিত করার পরিকল্পনা লক্ষ্য করা যাচ্ছে। সব চেয়ে আশ্চর্যের বিষয় সাঁতরা ও খাগরা শাখা নদী দুটি গংগায় যে জল ঢালতো সে দুটিও বন্ধ করে দেওয়া হয়েছে বাঁধের মাধ্যমে। তার ফলে পশ্চিম বাংলার হুগলী নদীতে জলরাশি আগমন অনেক কমে যাচ্ছে। এই বিষয়ে অনেক বক্তব্য রেখেছেন। আমি এই সম্পর্কে বলছি উত্তরপ্রদেশে সেচের জন্য তাদের স্ট্যাটিসটিকস অনুযায়ী ২০৮টি প্রকল্প অনুমোদন হয়েছে। স্বভাবতঃই ওখানকার নদীর নাব্যতা কমে যাচ্ছে। জিওলজিক্যাল সার্ভে অব ইণ্ডিয়ার সয়েল কেমিষ্টদের রিপোর্টে আছে সেখানে মাটির তলায় অফুরন্ত জলভাণ্ডার আছে। তাকে কাজে

[4-10—4-20 p.m.]

লাগিয়ে কেন্দ্রীয় সরকার যদি উত্তরপ্রদেশের জলের ব্যবস্থা করেন তাহলে নিশ্চয়ই পশ্চিম বাংলার সংগে বিহারের বা পশ্চিম বাংলার সংগে উত্তর প্রদেশের স্বার্থের সংঘাত হতে পারে না। ড্রেজিংএর ব্যাপারে অনেকে বলছেন সেই ইতিহাস আমি জানি, আমি শুধু এইটুকু বলব যে মিসেস মুখার্জি যা বলেছেন—যা খবরের কাগজে বেরিয়েছে আনন্দবাজার পত্রিকায় আমরা দেখেছিলাম, তিনি দেখেছেন যে কেন্দ্রীয় সরকার জল দেবার বদলে ড্রেজিংএর খরচ বহন করবে, আমি অবশ্য এই সম্পর্কে সরকারের কোন তথ্য বিধানসভায় বা লোকসভায় পরিবেশিত হয়েছে বলে জানি না। সুতরাং এই ব্যাপারে আমি শুধু এইটুকু বলব আগামী ১২ই আগস্ট তারিখ আপনারা দেখছেন খবরের কাগজে যে আমাদের এইসরকারের মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায়, ডঃ কেঃ এল, রাও-এর সংগে আলোচনায় বসছেন এবং কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী, তিনি নিজে ফরাক্কা নিয়ে ডিল করছেন, তাই তাঁর উপর বিশ্বাস রেখে আমি এইটুকু বলব যে ৪০ হাজার বা ৪৫ হাজার কিউসেক দরকার বলে বলা হচ্ছে, আমি সেই তর্কের সংগে যেতে চাই না, পরিস্থিতি পরিবর্তনশীল, হ্যানসেন বা ডাঃ জোগলেকার যে পরিস্থিতিতে করেছিলেন সেই পরিস্থিতির পরিবর্তন হয়েছে এই গতিশীল অর্থনৈতিক কাঠামোতে আজকে পরিবর্তিত পরিপ্রেক্ষিতে আমরা নিশ্চয়ই দাবি করব। আর আমরা আশা করব আমাদের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেটুকু আদায় করতে পারবেন, তার প্রমাণ আছে, যেমন বাংলা দেশের ব্যাপারে বা পাকিস্থানের সংগে যখন ভারতবর্ষের এই ফারাক্কা প্রকল্প নিয়ে বিরোধ চলছিল তখন কেন্দ্রীয় সরকার আশানুরূপ তৎপরতার সংগে মোকাবিলা করেছিলেন। সেইজন্য আমরা আশা করি, তবে আমরা নিশ্চয়ই নিশ্চেষ্ট হয়ে থাকব না, নিশ্চয়ই আমাদের মন্ত্রীসভা, আমাদের সদস্যরা আমাদের জনসাধারণ আমাদের ঐতিহ্য নিয়ে সম্মিলিত শক্তির মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় করবার জন্য যৌথ ভাবে চেষ্টা করবে যাতে কলকাতা বন্দরকে রক্ষা করা যায়। কেন্দ্রীয় সরকারও জানে যে ভারতবর্ষে যে-কোন বন্দরের চেয়ে কলকাতা বন্দরের মাধ্যমে সব চেয়ে বেশী বৈদেশিক মুদ্রা অর্জিত হয়। তারপর এই বিষয়ে যে আন্তর্জাতিক আইন আছে—অনারেবল স্পীকার ইস এ ল'ইয়ার, আমি ল'ইয়ার নই, আন্তর্জাতিক আইন আছে বিভিন্ন দেশের মধ্য দিয়ে একটি নদী প্রবাহিত হতে পারে এবং হলে উপরের দিকের দেশগুলি জল টেনে নিয়ে নীচের দিকের দেশগুলির স্বার্থ ব্যহত করতে পারে না। আর এটা আন্তর্জাতিক প্রশ্ন নয়, এটা আমাদের দেশের অখণ্ডতার প্রশ্ন, ভারতবর্ষের মধ্যে অংগরাজ্যের প্রশ্ন, তাই আমি আশা করি আমাদের মুখ্যমন্ত্রী এই আইনের কথা উল্লেখ করে বিহার এবং উত্তর প্রদেশ উপর থেকে যেন জল নিয়ে পশ্চিম বাংলাকে তার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত না করতে পারে তার জন্য চেষ্টা করবেন। আর একটা কথা বলছি যে পশ্চিম বাংলার স্বার্থের জন্য অবিলম্বে ফিডার খাল কাটা দরকার। সেটা করবার জন্য এমন অনেক লোককে কন্ট্রাক্ট দেওয়া হচ্ছে যে সমস্ত সংস্থা ইচ্ছা করে দেরি করে দিচ্ছে। এইগুলি নিশ্চয়ই আমাদের পশ্চিম বাংলা সরকার কেন্দ্রীয় সরকারের কাছে জানাবেন। এই সব কাজের জন্য ফিডার খাল কাটা বিলম্বিত হচ্ছে, এই কাজ ত্বরান্বিত করা দরকার। আমি

শুধু সুকুমারবাবু যে অ্যামেণ্ডমেন্ট এনেছেন তাকে সমর্থন করে এটা বলব যে আমাদের পশ্চিম বাংলার অর্থনৈতিক কাঠামোর উপর লক্ষ্য রেখে বিচার করে আমাদের পশ্চিম বাংলার বন্দরকে রক্ষা করবার জন্য যে জলরাশি প্রয়োজন, যে জলরাশি না পেয়ে পশ্চিমবাংলার স্বার্থকে বিঘ্নিত করতে পারে সেইদিকে লক্ষ্য রেখে আমাদের সরকারের মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশংকর রায় আগামী ১২ই আগস্ট তারিখে ডঃ কে. এল. রাও-এর সংগে বৈঠকে বসবেন এবং আমাদের শুধু নয় পশ্চিম বাংলার মানুষের যে দাবিদাওয়া, তাদের যে চিন্তা, তাদের যে প্রয়োজন সেই সমস্ত জিনিসগুলি তিনি তুলে ধরে পশ্চিম বাংলার ন্যায্য দাবিআদায় করে কলকাতা বন্দরের ঐতিহ্যকে, কলকাতা বন্দরের স্বার্থকে, কলকাতা বন্দরের সমৃদ্ধিকে, কলকাতা বন্দরের সৌন্দর্যকে তথা পশ্চিম বাংলার সাড়ে চার কোটি মানুষের স্বার্থকে রক্ষা করবেন এই আশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Biswanath Mukherjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, যে দ্বিতীয় সংশোধনী এনেছেন সুকুমারবাবু আমি তার তীব্র বিরোধিতা করছি। কেন করছি, সেটা আমি বুঝিয়ে বলব। এজন্য একটু সুযোগ দেবেন। তারা যে মনোভাব প্রকাশ করেছেন সেটা ভাল। যদি ৪০-এর বেশী জল দরকার লাগে তাও দিতে হবে, কিন্তু সংশোধনীতে সেকথা বলা নেই। অরিজিন্যাল প্রস্তাবে বলা হয়েছে কমপক্ষে ৪০ হাজার, আপনি যদি বেশী চান তবে কমপক্ষে কেটে দিচ্ছেন কেন? মিনিমাম ৪০ হাজার তারচেয়ে বেশী হলে হতে পারে। তারা যদি বেশী চান কমপক্ষে ৪০ হাজার এবং প্রয়োজন হলে তাহারও বেশী, কিন্তু তা তিনি করেন নি। তিনি কমপক্ষে ৪০ হাজার কেটে দিয়েছেন: দ্বিতীয়তঃ আমাদের অনেক মাননীয় সদস্য এর ইতিহাস জানেন না এবং বাস্তব অবস্থা জানেন না। ৪০ হাজার কিউসেকের চেয়ে বেশী জল পাবার কোন সম্ভাবনা নেই। গ্রীষ্মকালে ফরাক্কার কাছ দিয়ে যে জল প্রবাহিত হয় তা বছর কম ছিল, ২০ বছরের হিসাবে দেখা যায় তার মধ্যে ১৭ বছরে ৩২ হাজার থেকে ৫৮ হাজার কিউসেক জল প্রবাহিত হয়েছে। তার ভিতরে পদ্মা সে তো শুকিয়ে যাবে না? বাংলাদেশকে ১৫/১৬ হাজার কিউসেক জল দিতেই হবে। সুতরাং ৪০ থেকে খুব জোর ৪৩/৪৪ হাজার কিউসেক জল ম্যাকসিমাম থাকতে পারে, এই হচ্ছে অবস্থা। দ্বিতীয়তঃ যদি জল পাওয়া যায় বেশী তবু নিতে পারবেন না। ফরাক্কা ব্যারেজের যে ডিজাইন হয়েছে এবং ব্যারেজ যে তৈরী হয়ে গিয়েছে, খাল কাটা বাকি আছে, কিন্তু যেখান দিয়ে জল ঢুকবে তার সব ঠিক হয়ে গিয়েছে। তার ক্যাপাসিটি হচ্ছে ৪০ হাজার। সুতরাং বেশী জল পাবেন না, পেলেও নিতে পারবেন না। কথা উঠেছিল ৪৬ হাজারের, ডানকান সাহেব বলেছিলেন, কিন্তু কেন্দ্রীয় মন্ত্রী ৪৬ হাজার নাকচ করে দিয়ে ৪০ হাজার করেছিলেন। ৪৬ হাজারের স্কোপ রাখলে কোন ক্ষতি ছিল না, যদি ৪২/৪৩ কোন অবস্থায় পাওয়া যেত তাহলে ভালই হত, কিন্তু সে স্কোপ রাখা হয়নি, ইট ইজ কমপ্লিটেড। সুতরাং এ আলোচনা করা বৃথা। শুধুমাত্র বাস্তবকে চাপা দেবার জন্য এই প্রস্তাব আনতে চান তাহলে তা আনতে পারেন। যদি তার চেয়ে বেশী জল আনতে চান তার ক্যাপাসিটি নেই। ডিজাইন ৪০ হাজারের—ম্যাকসিমাম ডিজাইন হচ্ছে ৪০ হাজারের। সেইজন্য ভারত সরকার যে প্যাম্ফলেট বের করেছিলেন তাতে আপ টু ৪০ থাউজেন্ট বলে লেখা ছিল। সুতরাং বাস্তব অবস্থা কি? ৪০ হাজার কিউসেক জল পাওয়া যেতে পারে বা ৪০ হাজার কিউসেক জল নেওয়া যেতে পারে। এখন প্রশ্নটা কি জন্য দেখা দিয়েছে? ভারত সরকার বলছেন আমরা ৪০ হাজারের চেয়ে বেশী দেব, তাই পশ্চিমবঙ্গ বলছে—না, না, ৪০ হাজারের বেশী চাই না—সংশোধনী যে এনেছেন নিজের মনকে ঠকাবেন না। কেন্দ্রীয় মন্ত্রী কি বিবৃতি দিয়েছেন যে, গ্রীষ্মকালে ৪০ হাজারের বেশী জল পাওয়া যেতে পারে? তিনি বিবৃতি দিয়েছেন গ্রীষ্মকালে আপ টু ২০ থাউজেন্ট কিউসেক পাওয়া যেতে পারে। ঝগড়াটা এইখানে। তিনি একেবারে পার্লামেন্টে স্টেটমেন্ট করেছেন আপ টু ২০ থাউজেন্ট কিউসেক পাওয়া যেতে পারে এবং প্রাইভেটে অনেককে বলেছেন এবং আমাকেও বলেছেন পাঁচ হাজার কিউসেক জল আপনারা পাবেন। সুতরাং প্রাইভেটে

যেটা বলেছেন সেটা যদি বাদও দেন পাবলিকলি যেটা বলেছেন যে গ্রীষ্মকালে ৪০ হাজার পাবেন না, ৩০ হাজার পাবেন না, ৩৫ হাজার পাবেন না, ৫০ হাজার আউট অব কোশ্চেন, ২০ হাজার পর্যন্ত পেতে পাবেন, সেটা পর্যন্ত কত তা তিনি বলেন নি। কিন্তু আমরা জানি যে জল টেনে নেওয়ার কথা হচ্ছে সে জল যদি টেনে নওয়া হয় তাহলে ২০ হাজারও নয়। সুতরাং এই সংশোধনী আনার মানে হচ্ছে এই এখানে যে বিতর্ক সেটাকে সাইডট্রাক করে দেওয়ার চেষ্টা, যা নিয়ে সমস্ত বিশেষজ্ঞরা বলেছেন মিনিমাম এইটা দরকার, তার চেয়ে বেশী হলে বেশী, আর সেনট্রাল মিনিস্টার বলছেন, না ম্যাকসিমাম ঐটা পাবেন না, তোমরা ম্যাকসিমাম পাবে গ্রীষ্মের সময় ২০ হাজার। অথচ গ্রীষ্মের সময় সবচেয়ে বেশী দরকার, ঐ পলি সরিয়ে দেবার জন্য এবং বর্ষার সময় গঙ্গা থেকে অনেক জল আসে, বর্ষার সময় ভাগিরথীতে অনেক জল বয়, বর্ষার সময় ভাগিরথীর যে অনেক উপনদী আছে তারা এনে জল ফেলে। সুতরাং প্রশ্নটা বর্ষার সময়ের নয়, প্রশ্নটা গ্রীষ্মের যে সময় উপর থেকে জল ভাগিরথীর মুখে শুকিয়ে যায় এবং আদৌ জল আসে না এবং যেসময় অন্যদিক থেকে ভাগিরথীর জল এসে পড়ে না, সেই সময় ৪০ হাজার কিউসেক ম্যাকসিমাম জল চাই যদি এই পলিকে সমুদ্রে ঠেলে দিতে না পারা যায় তাহলে কোলকাতার

[4-20—4-30 p. m.]

সর্বনাশ হবে। এবং up to 20 thousand হলে আরও সর্বনাশ হবে। আমরা Assemblyকে বলতে চাই up to 20 thousand যদি হয় তাহলে up to 40 thousand জলের জন্য design করে এত টাকা খরচ কেন? এতদিন পর্যন্ত সমস্ত document স্বীকার করেছে up to 40 thousand সেখানে এখন 20 thousand কেন? সেজন্য আমি অনুরোধ করব এই সংশোধনীটি তিনি প্রত্যাহার করুন। বেশী পাবার কোন সম্ভাবনা নেই—কম পাবারই সম্ভাবনা। অতএব পরিষ্কার বলুন সর্বনিম্ন ৪০ হাজার কিউসেক জল চাই এবং এর উপরে যদি বেশী দেওয়া সম্ভব হয় তার চেষ্টা করুন। তৃতীয়, আর একটা জিনিস পরিষ্কার করতে চাই সেটা হচ্ছে কোলকাতা বন্দরকে বাঁচানোর জন্য এই জলের প্রয়োজন, ভাগীরথিকে রক্ষা করার জন্য প্রয়োজন। যদিও খুব দেরি হয়ে গেছে, কিন্তু সময় এখনও আছে। ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে ইংরেজ জল বিশেষজ্ঞরা বলে গিয়েছিলেন সর্বনাশ হচ্ছে ভগীরথি মজে যাচ্ছে। অবশ্য তখন ব্যারেজ, ফরাক্কার কথা, spot-এর কথা তাঁরা দেন নি। গঙ্গার উপর ব্যারেজ করে যদি জল না আনতে পারি তাহলে ফরাক্কা শুকিয়ে যাবে। তখনকার ইংরেজ Governor-General যিনি ছিলেন তিনি কত টাকার কথা তাঁরা বলবেন, না বলবেন এই ভেবে সেসবের বিশেষ পাত্তা দেন নি। পরে বহু বিশেষজ্ঞরা বলে গেছেন এটা চলছে, চলছে, চলেছে, নদী শুকোচ্ছে, শুকোচ্ছে, শুকোচ্ছে। এই করতে করতে স্বাধীন ভারতে এনিয়ে আলোচনা করে সমস্ত বিশেষজ্ঞরা একমত হলেন যে কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল চাই। ভারত সরকারের যে নদী গবেষণাকেন্দ্র আছে, তার যে মিঃ কাংলেকার বলে যিনি প্রধান ছিলেন এবং যিনি বিশ্বের একজন সুপরিচিত জল বিশেষজ্ঞ তিনি বলেছিলেন আরও বেশী দরকার।•সমস্ত দিক আলোচনা করে Government বলেছিলেন আর বেশী দরকার নেই ৪০ হাজারের design করা হোক। এইভাবে কত দেরী হয়ে গেছে। এখনও যদি সেই জল না পান তাহলে ভবিষ্যতে পেলেও কোলকাতা বন্দরকে আর বাঁচান যাবে না। ১০/১২ বছর পর যদি এই জল পান তাহলে কোলকাতা শহরকেও বাঁচান যাবে না। শুধু কোলকাতা বন্দরের প্রশ্ন নয়। এটা দিয়ে সমস্ত দক্ষিণ বাংলার জলনিকাশ হয়। প্রধান যেসমস্ত নদীর জল ভাগীরথী, হুগলীতে পড়ছে সেই হুগলী নদী আজ মজে যাচ্ছে। রূপনারায়ণ, দামোদর কেউ জল টানতে পারছে না। আপনারা যতই খাল কাটুন, কোটি কোটি টাকা খরচ করে নিম্নদামোদর পরিকল্পনাই করুন। কিন্তু জেনে রাখুন হুগলী নদীকে যদি বাঁচাতে না পারেন তাহলে কোলকাতা বন্দরকে বাঁচানো যাবে না এবং সেই সংগে সমগ্র শিল্পাঞ্চলে পানীয়জল পাওয়া অসম্ভব হবে। হলদিয়ায় পানীয় জল দেবার জন্য যে প্রকল্প সেটা ব্যর্থ হয়ে যাবে এবং দক্ষিণ বাংলায় যে জলনিকাশি ব্যবস্থা সেটা বিপর্যস্ত হবে। এটা নিশ্চয় ভারতবর্ষের একটা জাতীয়

সমস্যা। কিন্তু পশ্চিম বাংলায় এটা জীবনমরণ সমস্যা। সুতরাং আজকে এটা নিয়ে আইনসভায় ছেলেখেলা না করে মুখ্যমন্ত্রীর হাত শক্ত করুন যাতে তিনি দিল্লী গিয়ে প্রধানমন্ত্রীর কাছে একথা বলেন যে, এটা ভারতের জাতীয় সমস্যা এবং পশ্চিম বাংলাকে বাঁচাবার জন্য এটা তিনি আদায় করে আনতে পারেন। আজ আইনসভা থেকে যদি এইরকম নির্দেশ না দিই তাহলে ভবিষ্যৎ বংশধরদের কাছে আমরা condemned হব—we shall be condemned historically. একটা কথা বলে আমি শেষ করছি এবং সেটা হচ্ছে আমার personal explanation. ফরাক্কা নিয়ে রাজনীতি করছি? আবার সেইসঙ্গে বলা হয়েছে যে যুক্তফ্রন্ট গভর্নমেন্টের সময় একথা পাবলিককে তো বলা হয়নি। পাবলিককে বললে রাজনীতি করা হয় আবার না বললে অপরাধ হয়। সেই সময় বলা উচিত ছিল না বলিনি, যেসময় বলা উচিত সেই সময় বলেছি এটা বোঝা দরকার। আমি যে তিনটি চিঠি লিখেছিলাম আজো যদি বাঁচেন তো সেই তিনটি চিঠির জোরে বাঁচবেন। তার প্রমাণ রয়েছে, আমরা এই প্রশ্ন উত্থাপন করেছি, নির্দিষ্ট করে দেখিয়ে দিয়েছি যে এই এই কারণে আমরা আশংকা করছি, তোমরা এই সম্বন্ধে সুস্পষ্ট প্রতিশ্রুতি দাও। আজকে লড়ে যদি বাঁচতে হয় তো সেই তিনটি চিঠি নিয়ে লড়ে বাঁচতে হবে। ১৯৬৯ সালে যখন আমার সেচ বাজেট হয় সেই সেচ বাজেট বক্তৃতা ছাপান রয়েছে, যে-কোন সময় আমি এখানে দেখিয়ে দেব. সেই বাজেটের দিন বলেছি ফরাক্কা থেকে জল পাওয়ার ব্যাপারে আমাদের আশংকার কারণ দেখা দিয়েছে। প্রয়োজনীয় জল যে ৪০ হাজার কিউসেক পাওয়ার কথা তা পাব কিনা সেই বিষয়ে আশংকা দেখা দিয়েছে এবং তারজন্য আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে চিঠিপত্র লেখালেখি করছি, সময়ে সেকথা জানাতে পারব, আজকে সেকথা জানাতে চাই না। আমি সেদিন বলেছি, আজো বলছি এই নিয়ে রাজনীতি করতে চাইনি, এটা আলোচনার মাধ্যমে মীমাংসা করতে চেয়েছিলাম। সেইজন্য পাবলিকলি হৈ চৈ কোনদিন করিনি। কিন্তু আজকে যখন কেন্দ্রীয় মন্ত্রী বলেছেন ২০ হাজার কিউসেকের বেশী দেব না, তিনি আমাকে বরাবর ৪০ হাজার কিউসেকের কথা বলেছেন, তখন আজকে পাবলিকলি সেটার আলোচনা হওয়া দরকার। এই সমস্যার একটা ইঞ্জি সমাধান আছে যেটা গীতা মুখার্জী বলেছেন, আমি সেটা নির্দিষ্ট করে বলে দিচ্ছি যে ২০ হাজার কিউসেক জল যদি টেনে নেন তাহলে ২০ হাজার কিউসেক জলে ১৮ লক্ষ একর জমিতে জলসেচের ব্যবস্থা করা যায়। তাহলে পার কিউসেকে ৯০ একর জমিতে জল সেচের ব্যবস্থা করা যায়। এই ১৮ লক্ষ একর জমিতে যদি মাটির তলা থেকে জলসেচের ব্যবস্থা করেন তাহলে কত খরচ হতে পারে? আমাদের এখানে ৮০/৯০ হাজার টাকা একটা ডিপ-টিউবওয়েলের জন্য দরকার হয় কিন্তু ইউ. পি.তে নদীর ধারে যেসব টিউবওয়েল করা হয়েছে সেখানে অনেক কম খরচের দরকার হয়েছে, কারণ তাদের ওয়াটার লেভেল হাই হয়ে গেছে। সুতরাং ধরে নিচ্ছি ৫০ হাজার টাকা লাগবে। তার চেয়ে অনেক কম টাকা স্যালো টিউবওয়েলে লাগবে। আমি অংক কষে দেখেছি ৬০ কি ৭৫ কোটি টাকায় এই সমস্যা সমাধান হতে পারে। সেই ৭৫ কোটি টাকার জন্য কলকাতাকে মেরে দেওয়া, সেই ৭৫ কোটি টাকার জন্য পশ্চিম বঙ্গের সর্বনাশ করে দেওয়া এ কখনও হতে পারে না। সেজন্য আমি সংশোধনের উত্থাপককে আবার অনুরোধ করছি তিনি এই সংশোধন প্রত্যাহার করে নিন এবং সকলে একমত হয়ে বলুন যে কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল চাই, ৪০ হাজার কিউসেকের এক কিউসেক কম মানব না। আমি আশা করব আপনারা এবং মুখ্যমন্ত্রী মহাশয় এই ব্যাপারে আত্মসমর্পণ করবেন না। আপনারা বলুন এর বেশী দিতে পার তো দাও কিন্তু ৪০ হাজার কিউসেকের কমে আমরা মানতে প্রস্তুত নই। আমি মূল প্রস্তাবকে সমর্থন করে এবং সংশোধনী প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sukumar Bandyopadhyaya :** অন এ পয়েন্ট অব পার্সোন্যাল এক্সপ্লানেসান, স্যার। মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য শ্রীবিশ্বনাথ মুখার্জী বলেছেন যে, আমি নাকি বলেছি উনি

রাজনীতি করছেন। আমি কাউকে রাজনীতি করার কথা বলিনি। আমি একথা বলেছি রাজনীতি করার ব্যাপার নয়, এটা জীবন-মরণের ব্যাপার। বিশ্বনাথবাবু নিজেই যদি নিজেকে দোষারোপ করেন তাহলে আমি নিরুপায়। আমি কিন্তু একথা বলিনি।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজ অত্যন্ত সৌভাগ্যের কথা যে এমন একটা জায়গা নিয়ে আলোচনা হচ্ছে যে জায়গার অধিবাসী আমি, সেই জায়গা হচ্ছে আমাদের মুর্শিদাবাদ জেলা এবং আজকে যে ভাষাতত্ত্বের লড়াই সেই ভাষাতত্ত্বের লড়াইএ হার-জিতের প্রশ্ন যেভাবে গুলিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে তাতে আমার মনে হয় না মূল প্রস্তাবক কিংবা তার সংশোধক যে বক্তব্য রেখেছেন তাতে আমরা কোন পক্ষই বাংলা দেশের মানুষের স্বার্থ বিজড়িত হতে পারে বা স্বার্থ একটু কম করে দেখা যেতে পারে বা ক্ষুণ্ণ হতে পারে এমন কোন প্রচেষ্ট নিয়েছি।

[4-30—4·40 p.m ]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই একটি গুরুত্বপূর্ণ বিষয় যে বিষয়ের উপর নির্ভর করছে শুধু কোলকাতা বন্দর নয় কোলকাতা বন্দরে আসার পথে যে জলপথ সেই হুগলি নদীর উপরিভাগে যে উপনদ গুলি আছে তার মাধ্যমে জল নিষ্কাষণ ব্যবস্থা এবং তার সম্প্রসারণ। আমি কিছুদিন আগে মুর্শিদাবাদের সেচ বিভাগের কর্মচারীদের সঙ্গে যখন আলো না করেছিলাম তখন তাঁরা একথা বলেছিলেন যে মুর্শিদাবাদ জেলায় কোন কোন সময়ে জল ছাড়ার ফলে যেভাবে ফ্লাড হয়ে যাচ্ছে তার হাত থেকে যদি বাঁচতে হয় তাহলে মুর্শিদাবাদ জেলার মধ্য দিয়ে যে হুগলী নদী প্রবাহিত হয়েছে তার গভীরতা বাড়ান দরকার। এতে যে ফরাক্কা প্রকল্পের মাধ্যমে যে জল সেই হুগলী নদীর মধ্য দিয়ে আসবে সেটা শুধু কোলকাতা পোর্টের যে পলি জমে আছে তার অপসারণের প্রশ্ন নয়, তার অন্য অন্যও রয়েছে। কাজেই সদিক থেকে এর গুরুত্ব উপলব্ধি করতে হবে। এই প্রস্তাবে যেকথা বলা হয়েছে আমাদের ৪০ হাজার কিউসেক জলের প্রয়োজন তাতে আমরা আমাদের পক্ষ থেকে একথা বলছি না যে আমরা মিনিমাম ৪০ হাজার কিউসেক জলের প্রয়োজন তাতে আমরা আমাদের পক্ষ থেকে একথা বলছিন যে আমরা মিনিমাম ৪০ হাজার কিউসেক জল চাই না। ৪০ হাজার কিউসেক-এর যে পয়েন্ট সেটা অত্যন্ত হাইলি টেকনিক্যাল পয়েন্ট একথা আমরা বিধানসভার সদস্যের অভিজ্ঞ না হলেও বুঝতে পারি। আমার বক্তব্য হচ্ছে ৪০ হাজার কিউসেক-এর অতিরিক্ত জলেরও যে প্রয়োজন আছে সেকথা বা তার অবকাশ এই প্রস্তাবের মধ্যে রাখা উচিত। মূল প্রস্তাবের উপর যে সংশোধনী এসেছে সেই প্রস্তাবে একথা বলা হয়নি যে আমরা ওই ৪০ হাজার কিউসেক থেকে ২০ হাজার কিউসেকে চলে যাচ্ছি। আমি বুঝতে পারছি না এই আতংক কেন উঠছে? আমি বুঝতে পারছি না এই বক্তব্য কেন রাখা হয়েছে যে কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলার যে মানুষ, কোলকাতা বন্দর এবং পূর্বাঞ্চলীয় যে সমস্ত সেই সমস্যা সম্বন্ধে তাঁরা উদাসীন বা কম দৃষ্টি দিচ্ছেন? আমরা যদি এরকম একটা মনোভাব নেই তাহলে আমার মনে হয় সেট ভুল করা হবে। কেন্দ্রীয় সরকারের প্রতি যদি আমরা এরকম একটা অংগুলী নির্দেশ করি বা কটাক্ষপাত করি তাহলে সেটা ভুল করা হবে। আমরা কেন্দ্রীয় সরকারের প্রতি পূর্ণ আস্থাশীল এবং কেন্দ্রীয় সরকারের এই দপ্তর এই অববাহিকা দিয়ে জল সম্প্রসারণের কথা চিন্তা করছেন। আমাদের কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল চাই, কিন্তু আমাদের যদি ২০ হাজার কিউসেকের দরকার হয় তাহলে সেই অতিরিক্ত জল যদি অন্য রাজ্যের উন্নয়নমূলক কাজের জন্য দেওয়া হয় তাহলে সেখানে আমরা বাধা দেব না। অন্যান্য রাজ্যও আমাদের সেই অতিরিক্ত ২০ হাজার কিউসেক জল দিয়ে তাদের কৃষি, সেচ বা উন্নয়নমূলক কাজে সাহায্য করতে পারবে। অতএব সারা ভারতবর্ষ যে সমস্যার সঙ্গে বিজড়িত সেখানে কোনরকম সন্দেহ প্রকাশ করা আমাদের কোনপক্ষেরই উচিত হবে না। এই প্রসঙ্গে একটি কথা উঠেছে হাইলি টেকনিক্যাল ম্যাটার। আন্তর্জাতিক ক্ষেত্রে একথা অর্থাৎ ৪০ হাজার কিউসেক জলের প্রয়োজনীয়তার কথা উপলব্ধ

করা হয়েছে। আমরা ইতিপূর্বে যখন এই বিষয় নিয়ে আলোচনা করেছি তখন পাকিস্তান ছিল এবং সেই পাকিস্থানের সঙ্গে বোঝাপড়া অত্যন্ত সূক্ষ্মভাবে চিন্তা করে ভারত সরকারকে করতে হত। আজকে বাংলাদেশের উন্নয়নের কথা আমাদের স্মরণ রাখতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সেকথা স্মরণ রেখে আজকে যে সংশোধনী প্রস্তাব এসেছে সেই সংশোধনী প্রস্তাবে বাংলাদেশের মানুষের কাছে পূর্ণ ক্ষমতা থাকছে যে কোন প্রয়োজনীয় ক্ষেত্রে যে কোন রকম কথা বলা। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমরা জল ৪০ হাজার কিউসেক এর জায়গায় আমাদের যদি ৫০ হাজার, ৬০ হাজার, ৭০ হাজার কিউসেক দরকার হয়, সেকথা আমরা বলতে পারবো। আজও মাননীয় বিশ্বনাথ মুখোপাধ্যায় মহাশয় বলেছেন ৪০ হাজার কিউসেকের বেশী ক্যাপাসিটি নেই। কিন্তু আমরা এই হাইলি টেকনিক্যাল ম্যাটারের মধ্যে না গিয়ে আমি, কেন্দ্রের যেহেতু এটা পরিকল্পনা, তার উপর নির্ভর করে আমাদের বাংলা দেশের সর্বাঙ্গীন উন্নতির কথা সামনে রেখে আমাদের দাবি আদায়ের পথে যে সুগম ব্যবস্থা সেটাকে সামনে রেখে আমাদের এই যে প্রস্তাব এসেছে এই প্রস্তাবের পরিপ্রেক্ষিতে যে সংশোধনী এসেছে সেই সংশোধনীগুলিকে আমি পূর্ণভাবে সমর্থন করছি। কারণ এর দ্বারা বাংলা দেশের স্বার্থ আদায় হবে বলে আমি বিশ্বাস করি।

জয়হিন্দ

**Shri Shib Sankar Bandopadhayay :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয়া গীতা মুখোপাধ্যায় মহোদয়া যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের উপর মাননীয় সদস্য সুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন, আমি দুটি বিশেষভাবে অনুধাবন করে দেখলাম মাননীয় সুকুমার বাবুর সংশোধনী প্রস্তাবের প্রথম অংশে যেখানে পশ্চিম বাংলার সংগে ভারতবর্ষের কথা জুড়ে দেবার কথা আছে সেই অংশ গ্রহণ করলে এই প্রস্তাবের গুরুত্ব বেড়ে যায়, এই প্রস্তাবের ওজন বেড়ে যায় এবং আমরা যেকথাটা বারবার বলতে চাচ্ছি যে কলকাতার সমস্যা শুধু বাংলা দেশের সমস্যা নয়, গোটা ভারতবর্ষের সমস্যা তারই কথার এখানে ইংগীত দেওয়া আছে। সুতরাং এটা সহজেই গ্রহণযোগ্য। আর একটা কথা এই প্রসংগে বলার প্রয়োজন আছে, ইংরাজীতে একটা কথা আছে The Thames is the liquid history of England. টেমস্ নদী ক্ষুদ্র শীর্ণকায় একটা নদী ইংলণ্ডের তরলায়িত ইতিহাস। আমি মনে করি তরল তরংগিণী এই গংগা গোটা ভারতবর্ষের তরলায়িত ইতিহাস। গংগা যদি মরে যায়, গংগা যদি শুকিয়ে যায়, ভারতবর্ষ শুকিয়ে যাবে, ভারতবর্ষের ইতিহাস শুকিয়ে যাবে, ভারতবর্ষের সংস্কৃতি শুকিয়ে যাবে। শুধু বাংলা দেশ নয় গোটা ভারতবর্ষের সভ্যতা নষ্ট হয়ে যাবে। তাই সেই বাংলা দেশকে বাঁচাবার কথা নাই এর মধ্যে, এর মধ্যে গোটা ভারতবর্ষের সংস্কৃতি বাঁচাবার, গোটা ভারতবর্ষের অর্থনীতিকে বাঁচাবার প্রশ্ন আছে। তাই এই প্রকল্প, ফরাক্কা ব্যারেজ প্রকল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ শুধু বাংলা দেশের ক্ষেত্রে নয়, গোটা ভারতবর্ষের ক্ষেত্রে। এই প্রকল্পের আমি দুটি দিক দেখতে পাই। একটা দিক যেখানে কলকাতা বন্দরকে বাঁচাবার কথা বলা আছে। যেখানে কলকাতা বন্দর মানে পশ্চিম বাংলার, কলকাতার অস্তিত্ব নয়, এই কলকাতা বন্দর একটা হিন্টারল্যাণ্ড। উত্তর প্রদেশ, মধ্য প্রদেশ, উড়িষ্যা, আসাম, বাংলা দেশের সমস্ত অঞ্চল এর কলকাতা বন্দর হিন্টারল্যাণ্ড। কলকাতা বন্দর দিয়ে সমস্ত অঞ্চলের মাল আমদানী রপ্তানী হতে থাকে। সুতরাং কলকাতা বন্দরের মৃত্যু সারা ভারতবর্ষের মৃত্যু, কলকাতা বন্দরের ক্ষতি গোটা ভারতবর্ষের অর্থনীতির ক্ষতি একথা সহজেই স্বীকার্য এবং কলকাতা বন্দরকে বাঁচাবার নামে যে প্রকল্প তৈরী হয়েছে সেই প্রকল্পে হ্যানসেন সাহেব যে মত দিয়েছেন যে ৪০ হাজার কিউসেক জল দিতে হবে, নিশ্চয়ই সেকথা স্বীকার্য। কিন্তু এই প্রসংগে মাননীয় সদস্য বিশ্বনাথবাবু যেকথা বলেছেন যে আমাদের ৪০ হাজার কিউসেক জল চাই একথা বলে কেন আমরা আমাদের হাত পা টাই আপ করবো এটা বুঝতে পারছি না। আমাদের যদি প্রয়োজন হয়, প্রয়োজনের স্বার্থে যদি আরো জলের প্রয়োজন হয়, আমরা কেন একথা বলবো যে আমরা মাত্র ৪০ হাজার কিউসেক জল নিয়ে

সন্তুষ্ট হয়ে থাকবো। ক্যানেলের যদি প্রয়োজন না থাকে—ক্যানেলের ক্যাপাসিটি নেই একথা বলেছেন, প্রয়োজন হলে সেই ক্যানেলের ক্যাপাসিটি কিছু বাড়ান যায় কিনা সেকথা ভাবতে হবে। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আর একটা কথা আমার এই প্রসংগে বলবার আছে যে ঐ যে এগ্রিকালচারের জন্য উত্তর প্রদেশের রায়বেরিলী এগ্রিকালচারের কি প্রচেষ্টা হবে, এগ্রিকালচারের স্বার্থে আমরা গোটা ভারতবর্ষের অর্থনীতিকে এইভাবে বিপর্যস্ত করবো এ কোন যুক্তি হতে পারে না। এই যুক্তির কোন অর্থ নেই। আমরা কেবল এগ্রিকালচার এগ্রিকালচার এগ্রিকালচার করছি এই যুক্তির কোন অর্থ নেই। এগ্রিকালচারের স্বার্থে ভারতবর্ষের অর্থনীতিকে বলি দেওয়া নিশ্চয়ই বুদ্ধিমানের পরিচয় নয় একথা স্বীকার্য। আমাদের প্যাক্ট অনুসারে আমরা যখন পাকিস্তানের সংগে—তখন বাংলাদেশ হয়নি, আমরা যখন ফরাক্কা প্রকল্প নিয়ে আলোচনা করছিলাম তখন ভারতবর্ষ একথা বারবার আন্তর্জাতিক দরবারে বলেছে যে আমাদের মিনিমাম ৪৫ হাজার কিউসেক জলের প্রয়োজন আছে। এই ৪৫ হাজার কিউসেক জল, আজকে আমরা ৪৫ হাজার বলেছি, আবার কোনদিন ২০ হাজার বলছি, এই রকম একটা লিমিটেড সীমানার মধ্যে না রেখে আমাদের একথা বলতে হবে যে বাংলাদেশকে, পশ্চিম বাংলাকে বাঁচাতে গেলে, ভারতবর্ষের অর্থনীতিকে পুনর্জীবিত করতে গেলে, বাংলাদেশের মানুষকে বাঁচিয়ে রাখতে গেলে, বাংলাদেশের সভ্যতা ও সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে গেলে এই প্রকল্পকে কার্যকরী করার প্রয়োজন আছে। যদি আমাদের কলকাতা বন্দরকে বাঁচানোর প্রয়োজন হয়, ফরাক্কা প্রকল্পকে বাঁচানোর প্রয়োজন হয়, যা জল প্রয়োজন, যতটা প্রয়োজন, সেই জল যথাসাধ্য এখান দিয়ে দিতে হবে। কোন টালবাহানা করলে চলবে না। আমি এখানে পরিষ্কার দাবি রাখতে চাই, গোটা বাংলা দেশের মানুষের পক্ষ থেকে, এই প্রকল্প যদি বন্ধ হয়ে যায়, বাংলা দেশের নাভিশ্বাস উঠবে, গোটা বাংলা দেশের জীবন নষ্ট হয়ে যাবে। একথা মনে রাখতে হবে যে বাংলাদেশ মারা গেলে, ভারতবর্ষও বাঁচবে না, ভারতবর্ষের জীবন নষ্ট হয়ে যাবে। একথা আমি জোরের সংগে রাখতে চাই। আমি মাননীয় সদস্যা গীতা মুখোপাধ্যায়কে অনুরোধ করব যে তিনি এই সংশোধনী মেনে নিন। আমরা শুধু ৪০ হাজার কিউসেক পেলেই সন্তুষ্ট হব, তা নয়, যখন যা প্রয়োজন হবে, সেই জল দিতে হবে। এই দাবি রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40—4-50 p. m.]

**Shri Jyotirmoy Mojumder :** মাননীয় উপাধ্যক্ষমহোদয়, মাননীয় সদস্যা শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ১৮৫ ধারা অনুসারে আমাদের কাছে আজকে যে প্রস্তাব উত্থাপন করেছেন এবং মাননীয় সদস্য সুকুমার বন্দ্যোপাধ্যায় যে সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছেন, এই দুইয়ের আলোচনা প্রসংগে, আমি সর্বপ্রথমে রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক আমন্ত্রিত কয়েকজন বিশেষজ্ঞ ব্যক্তি যে রিপোর্ট দিয়েছেন ফরাক্কাকে কেন্দ্র করে, আমি তা সভার কাছে উপস্থিত করতে চাই। ১৯৪৮-৪৯ সালে তৎকালীন পশ্চিমবংগ সরকার যে রিপোর্ট তৈরী করেছিলেন, তাতে কিন্তু বলা হয়েছিল গ্রীষ্মকালে ফরাক্কা ব্যারাজ দিয়ে খুব কম পক্ষে ২০ হাজার কিউসেক জলের প্রয়োজন হবে। ১৯৫৬ সালে Government of India, Central Water and Power Commission-এর একজন অফিসারকে স্পেশাল ডিউটি দিয়ে পশ্চিমবংগে পাঠিয়েছিলেন। তিনি ফরাক্কা এবং কলকাতা পোর্ট কমিশনের বিভিন্ন অফিসারের সংগে আলাপ-আলোচনা করে এবং তাঁর নিজের বিশেষ অভিজ্ঞতা দিয়ে যে রিপোর্ট তৈরী করেছিলেন তাতে বলা হয়েছিল, কলকাতাকে বাঁচাতে হলে ফরাক্কা দিয়ে অন্ততঃ খুব করেও ৩৬ হাজার কিউসেক জলের প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, কেন্দ্রীয় সরকার ওয়েস্ট জার্মানী থেকে ডঃ হ্যান্সেনকে নিমন্ত্রণ করে এনেছিলেন, পূর্ব ভারতকে বাঁচাতে গেলে ফরাক্কা দিয়ে কত জলের প্রয়োজন আছে তা নির্ধারণ করার জন্য। আপনি স্যার, জানেন, ডঃ হ্যান্সেন শুধুমাত্র ওয়েস্ট জার্মানীর একজন নদী বিশেষজ্ঞ নন, তিনি বিশ্বের সর্বশ্রেষ্ঠ নদী-নালা সংক্রান্ত বিশেষজ্ঞ ব্যক্তি।

তিনি এসে প্রথমে যে রিপোর্ট তৈরী করেছিলেন, তখন তিনি পূর্ণ রিপোর্ট তৈরী করতে পারেন নি, তাতে কেন্দ্রীয় সরকারকে একথাই বলেছিলেন যে কলকাতাকে বাঁচাতে গেলে গ্রীষ্মকালে ফরাক্কা দিয়ে অন্তত: ২০ হাজার কিউসেক জলের প্রয়োজন। তারপর তিনি ওয়েষ্ট জার্মানীতে ফিরে গেলেন এবং পরে ভারতবর্ষ থেকে বিভিন্ন তথ্য সংগ্রহ করে কেন্দ্রীয় সরকারের কাছে পূর্ণ রিপোর্ট পাঠিয়ে দিলেন। তাতে তিনি পরিষ্কার একথা বলেছিলেন—কলকাতা বন্দরকে বাঁচাতে গেলে, পূর্ব ভারতকে জলের অভাব থেকে বাঁচাতে গেলে, খুব কম করেও ৪০ হাজার কিউসেক জলের প্রয়োজন আছে। ডঃ জে জে ডেন্‌কার, তিনি নেদারল্যাণ্ড থেকে আসেন, তিনি কিন্তু একথা বলেননি যে ৪০ হাজার কিউসেক জল হলেই কলকাতা বন্দর বাঁচবে, তিনি আর এক ধাপ এগিয়ে গেলেন, তিনি বলেছেন, কলকাতা বন্দরকে বাঁচাতে গেলে ৫০ হাজার কিউসেক জলের প্রয়োজন আছে। এরপর ডি ভি যোগলেকার যে রিপোর্ট দেন, তাতে দেখতে পাচ্ছি তিনি বলছেন—I consider that 40,000 cusec from the Farakka Barrage with the measures mentioned above, 1936. Conditions will be restored though assessment of the required discharge is of the order of 46,000 cusec against 40,000 cusec expected from the Farakka Barrage. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে টেকনিকাল এডভাইসারি কমিটির চেয়ারম্যান এ সি মিত্র তাঁর কাছে রিপোর্ট চাওয়া হয়েছিল। তিনি টেকনিকাল দিক থেকে রিপোর্ট পেশ করলেন তাতে বলেছিলেন যে ৪০ হাজার কিউসেক জলের প্রয়োজন আছে কলকাতা বন্দরকে বাঁচাবার জন্য। আমার পূর্ববর্তী বক্তা বললেন যে আমরা টেকনিকাল ম্যান নই। কিন্তু যে সমস্ত টেকনিকাল ম্যান বা জাতীয় সরকারের আমন্ত্রণে কলকাতা বন্দরকে বাঁচাতে গেলে ফরাক্কার জলের প্রয়োজন আছে, এবং তাঁদের ঐ রিপোর্টের উপর নিশ্চই আমাদের আস্থা থাকবে। যে সংশোধনী প্রস্তাব এনেছেন, তিনি বলেছেন যে প্রয়োজনীয় জল সরবরাহ করা উচিত, এবং তাঁর স্বপক্ষে বললেন যে, কলকাতা এবং বন্দরকে বাঁচাতে গেলে শুধু ৪০ হাজার কিউসেক নয়, দরকার হ'লে, ৫০, ৬০, ৭০, ৮০ হাজার কিউসেক জল প্রয়োজন হতে পারে। কাজেই ৪০ হাজার থাকলেই হবে না। প্রয়োজন যেন ৪০ হাজারের অতিরিক্ত জল দেওয়া হয়। এই প্রস্তাব মানছি কিন্তু ৪০ হাজার কিউসেক জলের প্রয়োজনীয়তা থাকা সত্ত্বেও যদি না দেওয়া হয় তাহলে সেকথা মানি না। মাননীয় সদস্যদের কাছে বলতে চাই যে পশ্চিম বাংলাকে বাঁচাবার জন্য এবং কলকাতাকে বাঁচাবার জন্য, এবং কলকাতা বন্দরকে বাঁচাবার জন্য ভারতের মহানেত্রী তথা এশিয়ার মুক্তিসূর্য ইন্দিরা গান্ধী বারবার বলেছেন যে পশ্চিম বাংলার অর্থনৈতিক পুনর্গঠনে তিনি সাহায্য করবেন। এই কথা যদি সত্য হয়, এবং তাঁর বক্তব্যের পিছনে সত্য আছে। আমি মাননীয় সদস্যদের কাছে ভারতের প্রধানমন্ত্রীর বক্তব্যের সঙ্গে সুর মিলিয়ে পশ্চিম বাংলার অর্থনৈতিক পুন:জীবনের যে প্রতিশ্রুতি আমরা জনসাধারণকে নির্বাচনের পূর্বে দিয়েছি তার কথা ভাবতে বলবো, এবং আমাদের পাশাপাশি রাষ্ট্র নবজাত রাষ্ট্রের সঙ্গে ব্যবসা বাণিজ্য সুচারুরূপে পরিচালনার দিকে এবং পশ্চিম বাংলার অর্থনৈতিক পুন:জীবনের স্বার্থে, এবং অন্যান্য স্বার্থে সরকার যদি এটা মেনে নেন যে প্রয়োজনীয় বলতে নিশ্চয়ই ৪০ হাজার কিউসেকের কম হবে না। তাহলে আমরা নিশ্চয়ই তাঁর কথা মানবো। কিন্তু প্রয়োজনীয় বলতে যদি ৪০ হাজার কিউসেকের কম বোঝান তাহলে সংশোধনী প্রস্তাব মানা যাবে না। এটা মানতে গেলে পশ্চিম বাংলার জনসাধারণের কাছে এটা কণ্টকশয্যা হয়ে দাঁড়াবে এবং পশ্চিম বাংলার মানুষ আমাদের ক্ষমা করবে না। পশ্চিম বাংলার এবং উত্তর ভারতের স্বার্থে এবং যে সমস্ত বিশেষজ্ঞ ফরাক্কার জলের কথা কেন্দ্রীয় সরকারের কাছে রিপোর্ট দিয়েছেন এবং আমাদের পশ্চিম বাংলার সরকারও জানেন কেন না তাদের কাছেও রিপোর্ট আছে। এই কথা জেনে পশ্চিম বাংলার প্রগতিশীল সরকার ফরাক্কার জল সম্পর্কে মনোভাব জানিয়েছিলেন। এই কথা খবরের কাগজে আমরা দেখেছি। আমাদের সর্বজন প্রিয় মুখ্যমন্ত্রী আগামী ১২ তারিখে কেন্দ্রীয় সেচমন্ত্রীর

সঙ্গে কথা বলতে চাচ্ছেন। তাঁর পূর্বে এই বিধানসভা অন্তত: এই টুকু প্রতিশ্রুতি দিন, পশ্চিম বাংলার মানুষকে প্রতিশ্রুতি দিন—যদিও আমি জানি আমাদের সরকার তা দেবেন যে ফরাক্কার বিষয় যে সমস্ত রিপোর্ট কেন্দ্রীয় সরকারের কাছে দাখিল করা হয়েছে তা থেকে আমরা এক পাও পিছিয়ে যাব না। আমি জানি আমাদের প্রগতিশীল সরকারে সেই প্রতিশ্রুতি দেবেন।

বন্দেমাতরম্।

জয়হিন্দ্

[4-50—5 00 p.m.]

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :** মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, কলকাতা পোর্টের গুরুত্ব সম্বন্ধে বেশী কিছু বলে আমি এই হাউসের সময় নষ্ট করবো না। 50 per cent export এই কলকাতা পোর্টের মাধ্যমে হতো। আজকে আমাদের সামনে যে সমস্যাটা আছে সেটা হচ্ছে এই কি করে কলকাতা পোর্টকে বাঁচান যায়। এ সম্বন্ধে বর্তমান গভর্নমেন্ট আসার পর থেকে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আমি মি: ডেপুটী স্পীকার, স্যার, বহু তথ্য সংগ্রহ করেছি। একটা বিষয় Experts opinion consensus সেটা হচ্ছে এই কলকাতা পোর্টকে বাঁচাতে হলে ফরাক্কা প্রজেক্টকে successful করতে হবে। এই ফরাক্কা প্রজেক্টকে successful করতে না পারলে কলকাতা পোর্টকে বাঁচান যাবে না। শুধু কলকাতা পোর্ট কেন হলদিয়া পোর্ট এবং আরো যে সমস্ত বড় বড় স্কীম আছে, তাও ভেঙ্গে চুরমার হয়ে যাবে। একটা বিষয়ে আমরা Expert opinion নিয়েছি, সেখানেও আমি বলতে পারি জোরের সঙ্গে conscientious opinion হলো ড্রেজিং করে কলকাতা পোর্টকে বাঁচান যাবে। ১৯১৪ সালে এর খরচ ছিল ৭ লক্ষ টাকা। ১৯৪০ সালে এর খরচ ছিল ৭০ লক্ষ টাকা। ১৯৬৮ সালে এর খরচ দাড়িয়েছিল ৭ কোটী টাকা। এবং আসল কথা হচ্ছে এটাও আমাদের সমস্যা—এত জল আনতে হবে যে, যে জলের দ্বারা কলকাতার হুগলীতে কলকাতা পোর্টকে বাঁচান যাবে। এর সঙ্গে স্যার, আর একটা কথা আছে সেটা হচ্ছে salinity দূর করার portable unit হচ্ছে 250 parts per million. আমি স্যার, কতকগুলি ফিগার দিচ্ছি কিরকমভাবে কলকাতা পোর্টের স্যালাইনিটি বেড়ে যাচ্ছে। ১৯০০ সালে ছিল 26 parts per million. 1936এ ছিল 400 parts per million, 1956-এ ছিল 1,304 parts per million. 1958-এ ছিল 2,280 parts per million. 1959-এ ছিল 2,400 parts per million. সুতরাং ড্রেজিং করে তো হবে না! আমাদের adequate quantun জল আনতে হবে। স্যার, এখন যেভাবে concern দেখা দিয়েছে, তার মূল কথা হচ্ছে upper রিজিয়নে কত লক্ষ নাকি Project হচ্ছে তার কতকগুলি হয়েছে। ঐ upper রিজিয়নে যে Projectগুলি হয়েছে, তারও মার্চ মাস থেকে মে মাস পর্যন্ত বর্তমানে গঙ্গার জলের দরকার, আমাদেরও এই গঙ্গার জলের adequate quantum মার্চ মাস থেকে দরকার। আমি স্যার, আপনাকে একটা চার্ট দেখাচ্ছি তাতে ফরাক্কার discharge charge আছে এই চার্ট থেকে দেখতে পাবেন। ১৯৫১ সালে ফরাক্কার discharge ছিল 80,850, ১৯৫২ সালে ছিল 50,516, 1953-তে ছিল 58,180 ; 1954-এ ছিল 91,000। 1955-এ ছিল 78,000 ; 1956-এ ছিল 84,000, and so on. Then I am coming to the year 1970. এই 1970-তে ছিল 75,000, 1971-এ আছে মার্চে 64,127, এবং 1972-তে আছে 95,000.

**(Shri Biswanath Mukherjee :** লাষ্ট ফাইব ইয়ারের মে মাসের ফিগারটা বলুন।)

লাষ্ট ফাইব ইয়ার অর্থাৎ ১৯৬৭ মে মাসের হিসাব হচ্ছে ৫০,৫৫০। তার আগে ছিল ৪৭ সামথিং তারপর হচ্ছে ৫৩ থাউজাণ্ড। এখন ফরাক্কার ব্যাপারে রেনি সিজনে আমরা দেখি ২৫ লক্ষ কিউসেক ওয়াটার প্রবাহিত হয়—রেনি সিজন নিয়ে কোন কনট্রো ভারসি নেই। এখন যেটা

কনট্রোভারসি সেটা হচ্ছে মার্চ থেকে মে মাস পর্যন্ত কত জল আমরা পাবো। আমাদের এভারেজ হচ্ছে ১৯৭১-৭২ সালে ৬০ থাউজ্যাণ্ড কিউসেক আমরা পাই। এই 60 thousand cusecs uninterruptedly পাই। তাহলে ওভিয়াসলি তাতে কোন প্রবেলেম হয়তো নাই। কিন্তু যে ৪০ থাউজ্যাণ্ড, ৩০ থাউজ্যাণ্ড ফিগার হচ্ছে না আমরা মনে করি এটাই যেন প্রবেলেম হচ্ছে। এখন ক্যালকাটা পোর্টকে প্রিজার্ভ করার ব্যাপারে আমি এই হাউসকে অ্যাসিওরেন্স দিতে পারি আমাদের ক্যাবিনেটের তরফ থেকে যে এই ক্যালকাটা পোর্টকে বাঁচাতে হলে যা যা করা দরকার We will not budge an inch from our stand. আমরা পশ্চিম বাংলার মানুষের কাছে কমিট করেছি যে কলকাতা পোর্টকে বাঁচাবো নিশ্চয় বাঁচাবো এ সম্বন্ধে আমাদের কোন দ্বিমত নাই কোন তর্ক নাই। কেবল সদস্যদের আমি এইটুকু অনুরোধ করবো যে আজকে আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে নানারকম টাকা নিয়ে, ডেটা নিয়ে, কনফারেন্স টেবিল বসছে—আমরা সেখানে চাই না যে এমন কোন কনট্রোভারসি কথা থাকে যাতে আলোচনায় ব্যাঘাত ঘটে। আজকে সবচেয়ে বেশী দরকার হচ্ছে কলকাতা পোর্টকে বাঁচানো এবং সেখানে আমি মনে করি যে আমাদের যে টাকা সংগ্রহণ করা দরকার তারজন্য আমরা সেন্ট্রালকে বোঝাবার চেষ্টা করবো যে মিনিমাম কোয়ানটাম অব ওয়াটার যা দরকার যা না হলে আমরা কলকাতা পোর্টকে বাঁচাতে পারবো না সে কথা সেন্ট্রাল মেনে নিতে বাধ্য হবে। এবং আমরা যে সমস্ত প্রজেক্ট করেছি সেই সমস্ত প্রজেক্টকে কি করে বাঁচাবো তার কথা আগে আমরা বলতে চাই না। তবে কলকাতা পোর্টকে বাঁচাতে হবে এই হচ্ছে আমাদের কথা এবং আমাদের এই কথা আমরা অক্ষরে অক্ষরে পালন করবো। আর একটা কথা আমি মনে করি যে ফরাক্কা প্রজেক্টের যদি কোন উদ্দেশ্য থেকে থাকে সেটা হচ্ছে কলকাতা পোর্টকে বাঁচানো। এ সম্বন্ধে সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের সঙ্গে একমত। তবে যেহেতু আপার রিজিয়নে কতকগুলি প্রজেক্ট হচ্ছে—এ নিয়ে তাদের সংগে আমাদের কন্ট্রোভারসি উঠেছে। আমি ঐ অ্যামেণ্ডমেণ্টকেও সাপোর্ট করি এবং একথা বলি যে নিশ্চয় আমরা ফরাক্কা প্রজেক্ট মেটিরিয়ালাইজ করার ব্যাপারে—যাতে হানড্রেড পারসেন্ট সাকসেসফুল হয় তারজন্য বর্তমান গভর্নমেন্ট কমিটেড। তবে এ নিয়ে আমরা রাজনীতি করতে চাই না। আমাদের ফরাক্কা যত রাজনীতি আছে তার সকলের উর্দ্ধে। আজকে কলকাতাকে আমি মনে করি যে পশ্চিম বাংলার হার্ট। কোলকাতা পোর্ট যদি নষ্ট হয়ে যায় পশ্চিম বাংলাও শেষ হয়ে যাবে, এরমধ্যে কোন দ্বিমত নেই। সুতরাং স্যার, আমি একথাই বলব যে কেবল একটা অধিবেশন নয় হয়ত মুখ্যমন্ত্রিমহাশয়কে অনেকগুলি অধিবেশন করতে হবে এবং সেন্ট্রাল গভর্নমেন্টকে কনভিন্স করাতে হবে যে আমাদের এই মিনিমাম কোয়ানটাম অব ওয়াটার দরকার, যে জল না পেলে ফরাক্কা প্রজেক্ট সাকসেসফুল হবে না। আমরা যেহেতু দিল্লীতে যাচ্ছি আলোচনা করতে সেহেতু আমি সদস্যদের বলব যে ফেট অ্যাকম্পলি করে কনফারেন্স টেবিলে বসা যায় না। সুতরাং আলোচনার সুযোগের জন্য আমি একথাই বলব যে যেন হাউস এই অ্যামেণ্ডমেন্ট মেনে নেন। এই বলে আমি শেষ করছি।

[5—5-10. p.m.]

**Shrimati Geeta Mukhopadhyay :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, কোলকাতা বন্দরকে বাঁচানোর প্রয়োজনীয়তা সম্পর্ক আমাদের বিধানসভায় স্বাভাবিক একমত আছে, এ ছাড়া অন্য কোন মত থাকতে পারে না। এই অবস্থায় আমি যে প্রস্তাব উপস্থিত করেছিলাম সেই প্রস্তাবের উপর যে দুটি অ্যামেণ্ডমেন্ট এসেছে সেই অ্যামেণ্ডমেন্টের মধ্যে প্রথমটা আমি নির্দ্বিধায় মেনে নিচ্ছি যে 'তথা সারা ভারতবর্ষ' যেখানে যোগ করতে চাওয়া হয়েছে। কিন্তু স্যার, দ্বিতীয় অ্যামেণ্ডমেন্টটা মানতে আমি সম্পূর্ণ অক্ষম। কেন অক্ষম বোধ করছি সে বিষয়ে দু একটি কথা বলার প্রয়োজন বোধ করছি। এখানে নানা রকম প্রশ্ন উঠেছে। প্রশ্ন উঠেছে, অনেক বেশী জল পাওয়া যেতে পারে, আমরা কেন ৪০ হাজার কিউসেক বলতে যাব। দ্বিতীয়

অ্যামেণ্ডমেন্টটি সম্পর্কে আমার বক্তব্য যে যদি এই অনুভূতি থাকে, সেই অ্যামেণ্ডমেন্টটের মুভার যদি এই কথা বলতে চান যে আরো জল পাবার সুযোগ থাকলো সেইজন্য লিখতে চাই তাহলে আমি বলব যে আমাদের যে কমপক্ষে ৪০ হাজার কিউসেক আছে তা থাকবার পরও তিনি প্রয়োজন হলে আরো জল যোগ করে দিন আমি দু হাত তুলে সেই অ্যামেণ্ডমেন্টকে গ্রহণ করবো। কিন্তু কমপক্ষে ৪০ কিউসেক একথাটা তুলে দিয়ে অন্য অ্যামেণ্ডমেন্ট আমি গ্রহণ করতে পারছি না। এখানে কথা উঠেছে, মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে আমরা কনফারেন্স টেবিলে যাব সেখানে ফেট অ্যাকম্পলিতে গেলে আমাদের পক্ষে অসুবিধা হবে। আমরা তো বিধানসভায় প্রস্তাব পাশ করছি। বিধানসভায় প্রস্তাব পাশ করলে সেই প্রস্তাব নিয়ে কনফারেন্স টেবিলে গিয়ে বসলে ফেট অ্যাকম্পলি'র কি আছে আমি বুঝতে পারছি না। এই যে কোল ন্যাশানা-লাইজেসানের উপর আমরা প্রস্তাব পাশ করেছি বিধানসভাতে, এখনও হয়নি, প্রস্তাব পাশ করে কোল ন্যাশানালাইজেসানে সাহায্য হচ্ছে, সুতরাং কমপক্ষে ৪০ কিউসেক জল তার পরেও যদি কিছু লিখতে চাই তাই লিখুন, এই বিধানসভায় প্রস্তাব পাশ করলে সেটা আপনাদের পক্ষে কনফারেন্স টেবিলে বিরাট ব্যাক আপ হতে পারে, তা ছাড়া অন্য কিছু হবার কারণ নেই। দ্বিতীয়ত, আমি কেন কমপক্ষে ৪০ হাজার কিউসেক কথাট তুলে দিতে প্রস্তুত নই। সেটা হচ্ছে, আমরা তো হাওয়ায় আলোচনা করছি না, কতকগুলি বাস্তব অবস্থার সামনে দাঁড়িয়েই আলোচনা হচ্ছে। এই বাস্তবতা আছে কি নেই সেটা দেখুন। কেন্দ্রীয় সেচমন্ত্রী স্বয়ং হিন্দু পত্রিকায় ৪০ হাজার কিউসেক জল কোলকাতাকে বাঁচানোর জন্য দিলে সেই জলটা অপব্যয় হবে বলে গত ৩।৪ দিন আগেই বলেছেন। তিনি আরো বলেছেন যে, জান, সেই জল দিয়ে একটা গোটা ভাখরার জলাধার ভরে দেওয়া যায়? একটা গোটা ভাখরার জল কোলকাতার জন্য অপচয় করা যাবে না। এই যে বক্তৃতা এতো চোখের সামনে রয়েছে। তাই পরিষ্কারভাবে একটা লবি এর বিরুদ্ধে চলছে, সেটা যে একটা পাওয়ারফু লবি সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এটা তো পুরানো এক্সপার্টদের কথা, আমাদের মত লে ম্যানদের কথা এটা নয়, এই অবস্থার কথা হচ্ছে ৪০ হাজার কিউসেক আমাদের লিস্টে থাক। ভারতসরকার ইতিপূর্বে যখন এক্সপার্ট নিয়োগ করেছিলেন তখন সেই এক্সপার্টদের কথা অনুযায়ী কম পক্ষে ৪০ হাজার কিউসেকের কথা আজকে আমরা তুলেছি। আজকে সেই মতকে বদলাবার জন্য নিশ্চিতভাবে একটা কনসপিরাসি চলেছে। আপনারা অনেকেই হয়ত জানেন যে অনেক সংবাদপত্রে সে বিষয়ে পরিষ্কার সংবাদ বেরোচ্ছে এবং বেরলে চাপ দেওয়া হচ্ছে অনেক এক্সপার্ট-এর উপর তাদের মত বদলানোর জন্য এবং পুনা রিভার রিসার্চ ইনষ্টিটিউটের উপর বিশেষভাবে চাপ সৃষ্টি করবার চেস্টা করা হচ্ছে, এটা একটি বাস্তব সত্য কথা। কাজেই সেই বাস্তব পটভূমিকায় দাঁড়িয়ে আজকে এই প্রস্তাব আমি করতে চাচ্ছি যে কম পক্ষে হাজার কিউসেক জল দিতে হবে—এই কথা কোন অজুহাতে তুলে দিলে আমরা ক্ষতি করবো এবং আপনারা যারা আলোচনা করতে যাচ্ছেন তাদের পক্ষে একটি ষ্টেপিং স্টোনে সরিয়ে নেবে, সমস্ত পশ্চিম বাংলা বিধানসভার ব্যাক আপ থেকে তাদের বঞ্চিত করবে। এই কাজ করা আপনাদের উচিত নয়। তাই অন্তত; ৪০ হাজার কিউসেক রাখবার পরে প্রয়োজনে আরো বেশী জলরাশি—এই অ্যামেণ্ডমেন্ট দিন, নিশ্চয় আমরা সাদরে তাকে গ্রহণ করবো। তা যদি না দেন তাহলে অন্ততঃপক্ষে ৪০ হাজার কিউসেক—এই কথা তুলে দেবার কোন অ্যামেণ্ডমেন্ট আমি দুঃখের সংগে গ্রহণ করতে পারলাম না, আমাকে মাপ করবেন। আমি আশা করবো এই সমস্ত পুনর্বিবেচনা করে এই পটভূমিকা চোখের সামনে রেখে যিনি মুভার তিনি এই দ্বিতীয় অ্যামেণ্ডমেন্টটি উইথড্র করবেন অথবা মডিফাই-এর ভিত্তিতে পুনরায়—হাউসের প্রপার্টি হয়েগেছে—হাউসের পারমিশন নিয়ে আবার বদল করে এনে দেবেন যে কম পক্ষে ৪০ হাজার কিউসেক, প্রয়োজনে আরো অনেক জলরাশি—তাহলে আমরা একমাত্র হয়ে সাদরে গ্রহণ করতে পারবো, তা না হলে আমি দুঃখের সংগে এই অ্যামেণ্ডমেন্টের বিরোধিতা করতে বাধ্য হব। এটা তুলে নেবার জন্য অথবা এইভাবে মডিফাই করবার জন্য অনুরোধ করে

এই প্রস্তাব আজকে নিতান্ত সময়োপযোগী এই কথা স্মরণ করিয়ে দেব গোটা পশ্চিম বাংলার দিকে তাকিয়ে যে, এটার প্রয়োজন আছে। শুধু তাই নয়, সারা ভারতবর্ষে এই কনট্রোভার্সি—পশ্চিম বাংলার অ্যাসেম্বলী আজকে ্যক স্ট্যাণ্ড নেয় গোটা ভারতবর্ষের সংবাদপত্রগুলি তা লক্ষ্য করছে। গত কয়েকদিন ধরে ভারতবর্ষের বিভিন্ন কাগজে পশ্চিম বাংলার আজকের এই আলোচনার কথা বেরোচ্ছে। অতএব 'কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল' এই কথা পশ্চিমবংগের বিধানসভা তুলে দিয়েছে যদি একবার বোঝানো যায় তাহলে সারা ভারতবর্ষে চাপ আনার দিক থেকে এটা দারুন অসুবিধা সৃষ্টি হবে বলে আমি মনে করি। সুতরাং সেই পটভূমিকায় গোটা ভারতে টিউন সেট আপ করবার দিক থেকে আমাদের কথা সুস্পষ্টভাবে বলবার প্রয়োজনীয়তা আমি বিশেষভাবে অনুভব করছি। সারা ভারতবর্ষকে ইমপ্রেস করবার জন্য যেখানে কম পক্ষে ৪০ হাজার কিউসেক জল দরকার সেখানে আমরা এই দাবি করবো না কেন সেটা আমি বুঝতে পারছি না। সুতরাং সেদিক থেকে এই বুঝেই আমি এই প্রস্তাব আনলাম এবং আশাকরি আপনারা এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে সমর্থন করবেন এবং ঐ আকারে অ্যামেণ্ডমেণ্ট আমি মেনে নিচ্ছি।

[5-10—5-20 p. m.]

**Mr. Deputy Speaker :** I now put to vote the amendment of Shri Sukumar Bandyopadhyay.

The question before the House is the amendment No. 1, i.e., first part of Shri Sukumar Bandyopadhyay .....

**Shri Biswanath Mukherjee :** Sir, I have called division.

**Mr. Deputy Speaker :** Because the amendment is given only in one paper, therefore, I am mentioning it once again. As it is written in one single paper and not as amendment No. 1 or amendment No. 2, it is written as a whole, that is why I am dividing the amendment into two parts. You have already accepted the first part and it is the second part which we are now putting to vote. So, I put the first part of the amendment of Shri Sukumar Bandyopadhyay to vote.

**Shri Biswanath Mukherjee :** That has already been passed. Nobody called for a division. Only when you put the second part to vote then I called division.

**Mr. Deputy Speaker :** I understand. But because at the very beginning when this amendment was introduced it was one amendment, and now, since we have split it, I am again putting everything before the House.

**Shri Biswanath Mukherjee :** In that case, kindly read the amendment on which you are taking vote.

**Mr. Deputy Speaker :** I have already taken vote on the first portion, i.e., "বাঁচানোর জন্য এবং পশ্চিম বাংলার" এই কথাগুলির পর "তথা ভারতবর্ষের"। That you have accepted. Now, I put the second portion to vote, viz., "কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল" এই কথাগুলির পরিবর্তে।

The second portion of the motion of Shri Sukumar Bandyopadhyay that "প্রয়োজনীয় জলরাশি" was then put and a division taken with the following results.

**AYES—78**

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri.
Aich, Shri Triptimay.
Baidya, Shri Paresh.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Ramdas.
Bharati, Shri Ananta Kumar.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan,
Chattopadhay, Shri Sukumar.
Chattopadhyaya, Dr. Sailendra.
Das, Shri Barid Baran.
Das, Shri Sudhir Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.
De, Shri Asamanja.
Dolui, Shri Hari Sadhan.
Dutta, Shri Adya Charan.
Fazle Haque, Dr. Md.
Gayen, Shri Lalit.
Goswami, Shri Sambhu Narayan.
Gurung, Shri Gajendra.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Jana, Shri Amalesh.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Lohar, Shri Gour Chandra.
M. Shaukat Ali, Shri.
Mahapatra, Shri Harish Chandra.
Mahbubul Haque, Shri.
Maiti, Shri Braja Kishore.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhkar.
Mandal, Shri Santosh Kumar.
Md. Safiullah, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Mrigendra.
Mukherjee, Shri Sibdas.
Mukhapadya, Shri Tarapoda.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nahar, Shri Bijoy Singh.
Nurunnesa Sattar, Shrimati.
Parui, Shri Mohini Mohan.
Paul, Shri Sankar Das.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Debendra Nath.

Roy, Shrimati Ila.
Roy, Shri Madhu Sudan.
Saha, Shri Nirad Kumar.
Sajjad Hussain, Shri Haji.
Saren, Shri Dasarathi.
Shamsuddin Ahmed, Shri.
Singha, Shri Lal Bahadur.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Panchanan.
Topno, Shri Antoni.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

NOES –23

A. M. O. Ghani, Dr.
Ali Ansar, Shri.
Besra, Shri Manik Lal.
Bhattacharjee, Shri Shibapada.
Bhattacharya, Shri Sakti Kumar.
Dihidar, Shri Niranjan.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Halder, Shri Kansari.
Mahata, Shri Thakurdas.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Biswanath.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Murmu, Shri Rabindra Nath.
Omar Ali, Dr. Sk.
Oraon, Shri Prem.
Panda, Shri Bhupal Chandra.
Phulmali, Shri Lalchand.
Roy, Shri Saroj.
Saren, Shri Joyram.
Sinha, Shri Nirmal Krishna.

ABST.

Shri Anwar Ali, Shri Sk.

The Ayes being 78, the Noes 23, and the abstention 1 the motion was carried.

**Mr. Deputy Speaker :** যাদের vote record হয়নি, আলো নিভে রয়েছে, তাদের নামগুলো এখানে দিয়ে দিন।

**Shri Biswanath Mukherjee :** আমি একটা ঘোষণা করতে চাই আমাদের amendment যদিও হেরে গেছে তাহলেও as a whole motion এর বিরুদ্ধে ভোট দেব না, যেহেতু আমাদের original থেকে amend করা হয়েছে। সেজন্য কাকেও vote দেব না। আমরা abstain করবো।

**Mr. Deputy Speaker :** I now put the main motion as amended to vote.

**Shri Biswanath Mukherjee :** We want division to record our abstension.

**Shri Bijoy Singh Nahar :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, বিশ্বনাথবাবু যেকথা বললেন, তাহলে যিনি move করেছেন শ্রীমতী গীতা মুখার্জী, তিনি তাঁর নিজের motion-এ vote দিচ্ছেন না।

**Shri Biswanath Mukherjee :** না, It has been changed.

[5-20 to 5-30 p. m.]

**Mr. Deputy Speaker :** Mr. Mukherjee, then do you want Division ?

**Shri Abdus Sattar :** আমরা যখন Ayes বলেছি তখন ওনারা সাইলেন্ট ছিলেন, ওরা এখন এবস্টেন থাকবেন বলেছেন আবার ভোটের জন্য ডিভিশন চাইছেন, কিন্তু এক্ষেত্রে ডিভিশনের কোন প্রশ্ন ওঠে না।

**Shri Biswanath Mukherjee :** আমরা ডিভিশন চাইছি, because the resolution, as amended, is now being put to vote.

**Shri Abdus Sattar :** ভোট করা হয় তখন, যখন এটা মুভ করা হয়।

**Shri Biswanath Mukherjee :** যখন বলা হলো ডিভিশন তখন ডিভিশন করতেই হবে আমরা এবস্টেনশন রেকর্ড করতে চাই। I wanted a Division and that is why I called for division.

**Shri Abdus Sattar :** যখন মোশানের উপর ভোট হলো যখন আমরা আইস বললাম তখন he did not call for division.

**Shrimati Geeta Mukhopadhyay :** Certainly, I called for a division.

**Shri Biswanath Mukherjee :** এইটা যখন অ্যাজ অ্যামেণ্ডেড তখন আমি একটা statement করেছিলাম যে আমরা অ্যাবস্টেন করব। ইন দি মিন টাইম উনি কল করেছেন as amended the resolution তখন শ্রীমতী গীতা মুখার্জী এবং পিছন থেকে ওরা ডিভিশান কল করলেন before he declared, আমরা ডিভিশন চাই এবং এইটা ভোট হোক।

**Shri Abdul Bari Biswas :** এটা হয় না। যখন আপনি বললেন যে রেজুলেশান অ্যাজ অ্যামেনডেড তখন আমরা আইস বললাম, ওরা নোস বললেন না, then it was carried.

**Shri Biswanath Mukherjee :** Sir, a divison means that it has not been carired by voice. Earlier, an amendment has also been carried by voice.

**Shri Abdul Bari Biswas :** এটা বেশ স্যার, not called for ভোটে ওরা অ্যাবস্টেন আছেন। যখন আমরা যেন মোশানে বললাম There was no motion was carried তখন ওরা ডিভিসন কল করলেন না, এখন চাইছেন।

**Shri Biswanath Mukherjee :** স্যার, একটা কন্ট্রাডিক্টোরি কথা ওরা বলেছেন। উনি বলেছেন যে ডিভিসন কল না করেই অ্যাবস্টেন হতে পারেন, না তা হয় না। ডিভিসন কল আমরা করছি এই কারণে যে call for a division and then the abstention can be recorded আর অ্যাবস্টেন করলে ডিভিসন কল করা যায় না। এইটা কি কথা হলো ? ডিভিসন কল করছি ভোটটা রেকর্ডেড করবার জন্য।

**Shri Abdul Bari Biswas :** এখন ওরা ডিভিসন কল করতে পারেন না।

**Mr. Deputy Speaker** : I have heard Mr. Mukherjee calling for a division. Therefore, it is my decision that there will be a division.

The motion of Shrimati Geeta Mukhopadhyaya, as amended was then put and a division taken with the following result :

**AYES—81**

Abdul Bari Biswas, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri
Aich, Shri Triptimay
Anwar Ali, Shri Sk.
Baidya, Shri Paresh
Bandopadhayay, Shri Shib Sankar
Bandyopadhyay, Shri Sukumar
Banerjee, Shri Ramdas
Bharati, Shri Ananta Kumar
Bijali, Dr. Bhupen
Biswas, Shri Ananda Mohan
Biswas, Shri Kartic Chandra
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Shri Kanti Ranjan
Chatterjee Shri Tapan
Chattopadhay, Shri Sukumar
Chattopadhyaya, Dr. Sailendra
Das, Shri Barid Baran
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Dr. Santi Kumar
De, Shri Asamanja
Dolui, Shri Hari Sadhan
Dutta, Shri Adya Charan
Fazle Haque, Dr. Md.
Gayen, Shri Lalit
Goswami, Shri Paresh Chandra
Goswami, Shri Sambhu Narayan
Gurung, Shri Gajendra
Gyan Singh, Shri Sohanpal
Habibur Rahaman, Shri
Hatui, Shri Ganesh
Hemram, Shri Kamala Kanta
Jana, Shri Amalesh
Khan, Shri Gurupada
Lakra, Shri Denis
Lohar, Shri Gour Chandra
M. Shaukat Ali, Shri
Mahapatra, Shri Harish Chandra
Mahbubul Haque, Shri
Maiti, Shri Braja Kishore
Mandal, Shri Nrisinha Kumar
Mandal, Shri Probhakar
Mandal, Shri Santosh Kumar
Md. Safiullah, Shri
Mojumdar, Shri Jyotirmoy
Molla Tasmatulla, Shri
Mondal, Shri Aftabuddin
Mondal, Shri Anil Krishna
Mondal, Shri Khagendra Nath
Moslehuddin Ahmed, Shri
Mukherjee, Shri Bhabani Sankar
Mukherjee, Shri Mrigendra
Mukherjee, Shri Sibdas
Mukhapadya, Shri Tarapoda
Mukhopadhyaya, Shri Ajoy
Nahar, Shri Bijoy Singh
Parui, Shri Mohini Mohon
Paul, Shri Sankar Das
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Puranjoy
Quazi Abdul Gaffar, Shri
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Bireswar
Roy, Shrimati Ila
Roy. Shri Madhu Sudan
Saha, Shri Nirad Kumar
Sajjan Hussain, Shri Haji
Saren, Shri Dasarathi
Shamsuddin Ahmed, Shri
Singha, Shri Lal Bahadur

Singha, Shri Satyanarayan
Singhababu, Shri Phani Bhusan
Sinha, Shri Atish Chandra
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Panchanan
Sinha Roy, Shri Bhawani Prosad
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra
Wilson-de Roze, Shri George Albert

**ABST—23**

A. M. O. Ghani, Dr
Ali Ansar, Shri
Besra, Shri Manik Lal
Bhattacharjee, Shri Shibapada
Bhattacharya, Shri Sakti Kumar
Dihidar, Shri Niranjan
Ghosal, Shri Satya
Ghosh, Shri Sisir Kumar
Halder, Shri Kansari
Mahata, Shri Thakurdas
Mitra, Shrimati Ila
Mondal, Shri Anil Krishna
Mukherjee, Shri Biswanath
Mukhopadhyaya, Shrimati Geeta
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Murmu, Shri Rabindra Nath
Omar Ali, Dr. Sk.
Oraon, Shri Prem
Panda, Shri Bhupal Chandra
Phulmali, Shri Lalchand
Roy, Shri Saroj
Saren, Shri Joyram
Sinha, Shri Nirmal Krishna

The Ayes being 81 and the abstentions 23, the motion was carried.

## Discussion on the Chief Minister's Statement, dated 28th July, 1972, in connection with the murder of four Trade Union workers at Chinakuri Colliery

**Shri Siddhartha Sankar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আমার বক্তব্য সেদিন বলেছি। আমার আর নূতন কিছু বলার নেই। আমি মাননীয় সদস্যরা কি বললেন সেটা খুব মনোযোগ দিয়ে শুনতে চাই।

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী চিনাকুড়িতে চার জন শ্রমিক নিহত হয়েছেন সে সম্পর্কে একটা বিবৃতি এই বিধানসভায় দিয়েছিলেন গত ২৮শে জুলাই। মাননীয় অধ্যক্ষমহাশয়, তিনি সেই চারজন মানুষের মৃত্যু সম্পর্কে এই বিধানসভায় যে বিবৃতি দিয়েছিলেন তাতে এটা পরিষ্কার হয়ে গিয়েছে যে পশ্চিমবঙ্গ সরকার কোন-ক্রমেই, কোন রকমেই যারা পশ্চিমবঙ্গে নৈরাজ্য সৃষ্টি করতে চায়, যারা পশ্চিমবঙ্গে অশান্তি সৃষ্টি করতে চায়, যারা পশ্চিমবঙ্গে উচ্ছৃংলতা দ্বারা হিংসা আনতে চায় তাদের ক্ষমা করবেন না। আমি জানি না মাননীয় অধ্যক্ষমহাশয়, ইতিপূর্বে কোন সরকারের কোন মুখ্যমন্ত্রী এই রকম বলিষ্ঠ বিবৃতি দিয়েছেন কিনা। সেখানে অভিযোগ যাদের বিরুদ্ধে তারা রাষ্ট্রীয় মজদুর কংগ্রেসের সদস্য। কিন্তু তা সত্বেও তিনি বিন্দুমাত্র দ্বিধা না করে, বিন্দুমাত্র সংকোচ না করে, বিন্দুমাত্র সংশয় প্রকাশ না করে এই বিবৃতি দিয়েছেন যে, এই পশ্চিমবঙ্গে আইনের শাসন আমরা প্রতিষ্ঠা করবোই। তিনি

[2-30—5-40 p. m.]

বলেছেন গুণ্ডা যেই হোক না কেন তাকে ক্ষমা করা হবে না। তিনি একথাও বলেছেন পশ্চিমবঙ্গ বিধানসভায় যে রাজনৈতিক দলের সভ্য নেই তাদের উপর যদি কোন আক্রমণ হয় এবং এ বিষয় তাদের যদি কোন বক্তব্য থাকে তাহলে তাদের সেই আক্রমণকে প্রতিরোধ করা হবে এবং তাদের

বক্তব্যকে মর্যাদা দেওয়া হবে। বাস্তবিক পক্ষে ১৯৬৭ ও ১৯৬৯ সালে পশ্চিম বাংলায় যে যুক্তফ্রন্ট সরকার কায়েম হয়েছিল সেই সরকার হিংসাকে আমদানী করেছিল। সেই সরকার প্রত্যক্ষভাবে হিংসার কাজে ইন্ধন যুগিয়েছিল। সেই সরকারের দৃষ্টিভঙ্গীর চেয়ে আমাদের এই সরকারের দৃষ্টিভঙ্গীর কত পার্থক্য আছে সেটা আমাদের মুখ্যমন্ত্রীর বিবৃতি থেকে জানা গেছে। শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী আমাদের এই সভায় যে বক্তব্য রেখেছেন সে সম্পর্কে এবং যে মামলা পুলিশ দায়ার করেছে সে সম্পর্কে কোন বক্তব্য নিশ্চয় আমরা রাখব না কারণ বিষয়টা আদালতের এক্তিয়ারভুক্ত। কিন্তু যে ঘটনার পরিপ্রেক্ষিতে চারজন শ্রমিক নিহত হলেন, যে ঘটনায় পরিপ্রেক্ষিতে ২৭শে জুলাই, চিনাকুড়ির ৩নং কয়লাখনির কাছে একটা হিংসাত্মক কাজ হল তার পটভূমিকা জানা প্রয়োজন। আসানসোল শিল্পাঞ্চলকে ভারতবর্ষের রূঢ় এলাকা বলা হয়। সেখানে কয়লাখনি, রেলইঞ্জিন কারখানা, ইস্পাত কারখানা, aluminium শিল্প, কাগজ শিল্প ইত্যাদি আছে, এবং তাকে কেন্দ্র করে অসংখ্য ছোটবড় শিল্প আছে। সুতরাং আসানসোল শিল্পাঞ্চল সমস্ত ভারতবর্ষের প্রাণকেন্দ্র এবং গর্বের বস্তু। তাই সেখানে শান্তিশৃঙ্খলা রক্ষা করা প্রয়োজন। সেখানে এমন কোন ঘটনা ঘটা উচিত নয় যাতে সেখানে শিল্পসমূহের উৎপাদন হ্রাস পায়, এমন কোন জিনিস করা উচিত নয় যাতে একজন শ্রমিক অপর একজনের বিরুদ্ধে যায়। কিন্তু ১৯৬৭ সালে আমরা দেখেছি ঐ আসানসোল শিল্পাঞ্চলের শান্ত ও সুন্দর পরিবেশকে অশান্ত ও বিষাক্ত করা হয়েছে এবং এক মূল ভূমিকা ছিল সেদিনকার সরকারের, C.P.M. এবং তার শরীক দলের প্রত্যক্ষ সমর্থনও ছিল। ১৯৬৭ সালে INTU-র মহেন্দ্র গোপকে SSP গুণ্ডারা হত্যা করেছিল কিন্তু তার এখনও পর্যন্ত কোন কিনারা হয়নি। ঐ অঞ্চলে ১৯৬৯ সালে নিলা শ্রীপুরে প্রায় ১৬ জন কয়লাখনির শ্রমিককে জ্যান্ত কবর দিয়েছিল CPM Partyর কর্মিরা। ঐ আসানসোল অঞ্চলের কোয়ার্ডি কারখানার SSP নেতা বেনারসী প্রসাদ ঝাকে প্রকাশ্য দিবালোকে CPM গুণ্ডারা হত্যা করেছিল। নিলা কোলিয়ারী ঘটনা ভারতবর্ষের বহু সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল এবং তাতে সমস্ত বলা হয়েছিল অমানুষিক পৈশাচিক। এই রকম অমানুষিক কার্যকলাপ হতে পারে তা কেউ কল্পনা করতে পারে না। এই যে গুণ্ডামী এটা আমদানী করেছিল প্রকৃতপক্ষে মার্কসবাদী কমুনিষ্ট পার্টি এবং সেখানকার আরও কয়েকটি রাজনৈতিক দলের মধ্যে সংযুক্ত সোসালিস্ট পার্টির নামও উল্লেখ করতে পরি। সেদিন চিনাকুড়িতে কয়লাখনিতে যে ঘটনা হয়েছিল সেটা হচ্ছে INTUCর ২১ জন কর্মী তারা কয়লাখনির Manager এর office এ ঐ কয়লাখনির শ্রমিকদের দাবি দাওয়া নিয়ে কিছু আলোচনা করতে গিয়েছিল। তাঁরা যখন আলোচনা করছিলেন এই সময় অতর্কিত তাঁদের উপর হামলা করা হয় এবং প্রাণনাশের চেষ্টা করা হয় এবং এই আক্রমণে যারা অংশ গ্রহণ করেছিল তারা হচ্ছে মেসার্স এনড্রিউল কোম্পানী ওরফে বেঙ্গল কোল কোম্পানীর পোষা গুণ্ডা এবং সেই গুণ্ডারা হামলা করে সেই নিরীহ কর্মীদের উপর যারা সেখানে আলোচনার জন্য এসেছিল। এই হামলার সময় একজন কর্মী কল্লোল মুখার্জী যাঁর সম্বন্ধে কোম্পানীর ম্যানেজারের স্টেটমেণ্ট আমার কাছে আছে, সেই কল্লোল মুখার্জীর উপর যখন হামলা করা হয় তখন শুধু ৩নং কয়লাখনি নয়, ৭/৮নং থেকে কয়েকজন গুণ্ডাকে নিয়ে আসা হয়েছিল আক্রমণ চালানোর জন্য। ম্যানেজার তাঁকে রক্ষা করার ব্যবস্থা করেন। এই ঘটনায় সেখানকায় শ্রমিকদের মধ্যে যথেষ্ট উত্তেজনার সৃষ্টি হয় এবং সেই হামলাকে প্রতিরোধ করার জন্য শ্রমিকরা রুখে দাঁড়ায়। এর ফলে সেখানে দাংগার মত সৃষ্টি হয় এবং সেই দাঙ্গায় ৪টি জীবন যায়। যে ৪ জন কর্মী মারা গেল তাদের মধ্যে ২ জন বাইরের লোক ছিল। বাসু সিং এবং অধিরা সিং এই দুই জনের নাম ১৯৬৭ সাল এবং আরো অন্যান্য সময়ে অনেক ঘটনার সংগে জড়িত ছিল। মাননীয় অধ্যক্ষমহাশয়, যে ৪ জন মারা গেল সেই ৪ জন মানুষের মৃত্যুর জন্য আমরা গভীরভাবে বেদনাহত, আমরা চাই না এই ধরনের প্রাণ বিনিষ্ট হোক। পোস্ট মর্টেম রিপোর্টে দেখা গেছে যে ৪ জন মারা গেছে তারা পানাসক্ত হয়ে আক্রমণ করতে এসেছিল, আই এন টি ইউ সি'র কর্মীদের উপর হামলা করতে

এসেছিল। তারই পরিনতি হিসাবে শ্রমিকদের সংগে সংঘর্ষের জন্য এই দুর্ঘটনা ঘটে। সমগ্র আসানসোল শিল্পাঞ্চলে ২০০ মত কয়লাখনি আছে সেই কয়লাখনি মালিকপক্ষের মধ্যে সবচেয়ে বেশী শক্তিশালী হল অ্যানড্রিউল কোম্পানী ওরফে বেঙ্গল কোল কোম্পানীর মালিক। সেই বেঙ্গল কোল কোম্পানী আজ পর্যন্ত তাদের কয়লাখনিতে কোন ট্রেড ইউনিয়ান করতে পারেনি। তারা নানান কায়দায় পোষা গুণ্ডাদের দিয়ে ইউনিয়ান তৈরী করে রেখেছে যার ফলে আই এন টি ইউ সি বা বাইরের কোন লোককে ইউনিয়ান করতে দেয়নি। মাননীয় অধ্যক্ষ-মহাশয়, আসানসোল, দুর্গাপুরে অত্যাচার হয়েছে, লাঞ্ছনা হয়েছে, বহু নারীর সম্মান সেখানে গিয়েছে, আই এন টি ইউ সি'র কর্মীদের হত্যা করা হয়েছে, আই এন টি ইউ সি'র যারা সমর্থক তাদের উপর আক্রমণ করা হয়েছে। যার ফলে ঐ চিনাকুড়ি এলাকা ছেড়েও অনেকে পালিয়েছে ১৯৬৭ এবং ১৯৬৯ সালে ঐ কোম্পানীর পোষা গুণ্ডারা যারা নামকোওয়াস্তে এস এস পি'র ছাপ নিয়ে আক্রমণ করেছে যার জন্য সেখানে এই অবস্থার সৃষ্টি হয়েছে। সেই অবস্থার পিছনে ছিল মালিকের উস্কানি এবং সেই মালিকের পেছনে ছিল কুলটি থানার পুলিশ বাহিনীর প্রত্যক্ষ সমর্থন। আজকে পশ্চিম বাংলার এই যে হত্যার ঘটনা এটা নিশ্চয় নিন্দনীয়। এই যে ৪ জনের মৃত্যু এই মৃত্যুর জন্য যারা দায়ী, যারা হত্যাকাকারী তাদের কাউকে রেহাই দেওয়া হবে না সেকথা শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীমহাশয় ঘোষণা করেছেন যে ঘোষণা ১৯৬৭, ১৯৬৯ সালে আগেকার কোন সরকারের সময় আমরা আশা করতে পারতাম না। মুখ্যমন্ত্রিমহাশয় জোরের সংগে বলিষ্ঠ ভাবে বলেছেন কোন হত্যাকারীকে রেহাই দেওয়া হবে না, কোন গুণ্ডাকে ক্ষমা করা হবে না সে যে দলেরই গুণ্ডা হোক না কেন। যে গুণ্ডা সে গুণ্ডাই, তার আর কোন পরিচয় নেই। আমি আর বিশেষ কিছু বলতে চাই না, শুধু বলতে চাই আমার শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রিমহাশয় যে বলিষ্ঠ পদক্ষেপ রেখেছেন সেই বলিষ্ঠ পদক্ষেপের পিছনে আমরা সকলেই আছি। তিনি যে আওয়াজ তুলেছেন, ঘোষণা করেছেন সেই ঘোষণায় আমরা সকলেই শরিক। আমরা বিশ্বাস রাখি আমাদের এই শক্তিশালী সরকার এবং আমাদের শ্রদ্ধের মুখ্যমন্ত্রিমহাশয় পশ্চিমবংগ থেকে চিরতরে অশান্তি এবং হিংসাকে দূর করবেন এবং আসানসোল কয়লাখনি অঞ্চলে এই যে এক একটা রাজনৈতিক দলের হত্যালীলা সংগঠিত হচ্ছে সেই হত্যালীলা বন্ধ করে শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠিত করবেন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 p. m.]

**Shri Lal Bahadur Singha :** মাননীয় স্পীকার মহাশয়, চিনাকুরি কলিয়াড়ী নাম্বার থ্রিতে ৪ জনের যে মার্ডার হয়েছে এবং সে সম্বন্ধে আমাদের মুখ্যমন্ত্রীমহাশয় যে স্টেটমেন্ট দিলেন এবং বিধানসভায় সে সম্বন্ধে পুনরায় আলোচনা করবার জন্য আমাদের যে সুযোগ দিয়েছেন গণতান্ত্রিক পথে তার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। আমাদের মুখ্যমন্ত্রীমহাশয় নির্বাচনের আগে পশ্চিম বাংলার মানুষকে এই আশ্বাস দিয়েছিলেন যে, যারা খুনোখুনি করে, জখম করে, হিংসায়-বিশ্বাসী তাদের ক্ষমা করা হবে না। আমরা অনেক কাজের মাধ্যমে তাঁকে জানতে পেরেছি। কিন্তু চিনাকুড়ির ঘটনা অত্যন্ত শোচনীয় ঘটনা। আমরা কয়েকজন সেখানে ঘটনা দেখতে গিয়েছিলাম। আমি, আই এন টি ইউ সি-র প্রেসিডেন্ট বিষ্টু ব্যানার্জী, আমাদের প্রদেশ কংগ্রেসের সেক্রেটারী চিত্রা ব্যানার্জী প্রভৃতি মিলে সমস্ত এলাকা ঘুরে ঘুরে দেখেছি এবং জিজ্ঞাসা করেছি এই ঘটনা কি করে ঘটল? যাদের মৃত্যু হয়েছে তারা কারা? তারা ট্রেড ইউনিয়ন কর্মী, না গুণ্ডা, না ম্যানেজমেন্টের লোক? সমস্ত এলাকা ঘুরে একটা খবরই পেয়েছি যে, বাসুদেব সিং এবং তার পুত্র আদর্শ সিং এবং তাদের সংগে রয়েছে পরশুরাম এবং আর একজন লোক যার নাম হচ্ছে ঝা এঁদের দ্বারা কলিয়ারী অঞ্চলে ১৯৬৭ সালে হত্যাকাণ্ড হয়েছিল। কলিয়ারী অঞ্চলের প্রত্যেক জায়গাতেই একটি কথা যে তারা অত্যন্ত সন্ত্রাস সৃষ্টি করেছে। এস্ এস্ পি এবং ফরওয়ার্ড

ব্লকের নামে তারা যে কাণ্ড করেছিল তাতে সকলেই ভয় পেয়েছিল। ২১ তারিখ সকাল সাড়ে দশটায় তারা একটা গেট মিটিং করল এবং বলল আই এন টি ইউ সি-র কার্যকলাপ যেভাবে চলছে তাতে দেখছি ম্যানেজমেণ্ট তাদের চায় না, আমরাও তাদের চাই না কাজেই আমরা একটা ব্যবস্থা করব। তারা মিছিলের কাছে গিয়ে বলল আমরা কি ট্রেড ইউনিয়ন করতে পারব না? তারপর তারা বলল আমরা যখন ট্রেড ইউনিয়ন করছি তখন আমরা নিশ্চয়ই তাদেব কাছে যাব, ম্যানেজমেন্টের কাছে যাব। ম্যানেজারের সংগে যখন আলোচনা হয় তখন পরশুরাম সিং, বাসুদেব সিং এবং তার পুত্র আদর্শ সিং সেখানে যায়। ম্যানেজারের নাম হচ্ছে মিঃ ঘাই। আমরা গিয়ে তাঁকে জিজ্ঞাসা করলাম আপনার বক্তব্য কি? আমরা তাঁকে একথাও বললাম যে আমরা কোন এনকোয়ারী করতে আসিনি, আমরা শুধু জানতে এসেছি কি করে এই ঘটনা ঘটল? আমরা তাঁকে বললাম, দেখুন আজকে এখানে এই ঘটনা ঘটেছে, কালকে আবার অন্য জায়গাতে হয়ত এরকম ঘটনা ঘটতে পারে। তিনি আমাদের বললেন আমি আমার স্টেটমেণ্ট পুলিশের নিকট রেকর্ড করাতে রাজি নই। তিনি বললেন ওঁদের চিন্তাধারা ছিল মারপিঠ করা। ম্যানেজমেণ্ট বললেন আমরা কিছু চিন্তা করতেই পারলাম না, তারা ঢুকল এবং তারপর মারপিঠ আরম্ভ হল, চেচামেচি হল। আমরা কল্লোলবাবুকে বাথরুমে আটকে রেখেছিলাম। মুস্তাফা নামে একজন রিকসা পুলার তার উপরেও অত্যাচার করা হয়েছে। কল্লোল মুখার্জীকো মার ডালো, মার ডালো এ রকম কথা তারা বলেছে এবং এইসব অবস্থা দেখে অনেকে ভয়ে পালিয়ে গেল। তারপর তারা বলেছে কল্লোল মুখার্জী কিধার মে হ্যায়, কিধার মে হ্যায় তারপর যখন তারা দেখল কল্লোল মুখার্জী নেই তখন তারা মনে করল কল্লোলবাবু মার্ডার হয়েছে। আজকে একথা যদি বলা হয় কলিয়ারীর ওয়ার্কারবা অস্ত্রশস্ত্র আনতে গিয়েছিল তাহলে আমি বলব, তা নয়। তাদের হাতে সাবল, তাদের হাতে ডাণ্ডা, তাদের হাতে টাংগী, তাদের হাতে আরো বড় বড় লোহার ঐ রকম অস্ত্র থাকে, এই নিয়ে মারামারি হয়, ইট পাথর ছোড়াছুড়ি হয়, প্রচণ্ডভাবে আঘাত করা হয়। অনেক শ্রমিক সে জায়গায় ইনজিয়োর্ড হয়েছে। এই ইনজিয়োর্ড হওয়ার পর পুলিশ-এর ব্যবস্থা হয়েছে। পুলিশের যে কার্যকলাপ যদি কোন মাননীয় সদস্য দেখতে চান, সেখানে অনেক লোককে গ্রেপ্তার করা হয়েছে জানার জন্য। আমরা এতে খুশী যে যারা হত্যা করেছে তাদের খোঁজ খবর নেওয়া প্রয়োজন। কিন্তু যেভাবে পুলিশ অত্যাচার করছে। আমরা যখন জিজ্ঞাসা করলাম কিছু ওয়ার্কারকে আপনারা কি চিন্তা করলেন তাঁরা বললে যে আমরা আই এন টি ইউ সি করি না, আমরা এস ইউ সি করি না, আমরা কংগ্রেস করি না, আমরা কমুনিজিম করি না। কেন? যাই কিছু করবো পুলিশ মারবে। পুলিশ ডাকার ফলে চারদিকে আই এন টি ইউ সির ইউনিয়ন আব থাকতে পারবে না। তাব প্রমাণ আমি দিতে চাই সেই ঘটনার পব সমস্ত এলাকায় বেংগল কোল কম্পানী কোলিয়ারীব এবং তার সংগে সংগে জড়িত আছে আরো চারটি কোলিয়ারী, এই সব কোলিয়ারীর থাদানে সমস্ত জায়গায় আই এন টি ইউ সি কর্মীদের ডিসচার্জ করা হচ্ছে, ছাটাই করা হচ্ছে, সাসপেণ্ড করা হচ্ছে। আমাদের কথা হচ্ছে যারা হত্যা করেছে তাদেব বিচার হওয়া উচিত। কিন্তু পুলিশের হাতে যে ক্ষমতা, পুলিশ সেই ক্ষমতা নিয়ে সেখানে যে ব্যবহার করছে, পুলিশ যে চিন্তা নিয়ে ওখানে ব্যবহার করে যাচ্ছে তাতে তারা ম্যানেজমেন্টের সংগে সব সময় চলেছে। কোন ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট করতে গেলে কোলিয়ারী এরিয়ায় কিছু লোকের কাছ থেকে পার্মিশন নিতে হয়। তারা কারা? তাদেরই আজকে বিচার করা উচিত আমাদের। তাই আমি আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন, যারা খুনী, যারা খুন জখম করেছে, তাদের একইভাবে বিচার করা হবে। তাঁরা সি পি এম হন, কংগ্রেস কর্মী হন কিম্বা অন্য কোন রাজনৈতিক দলের কর্মী হন, তাঁদের একই বিচার করা উচিত এবং এটা আমরাও সমর্থন করছি। সংগে সংগে আমরা এটা দাবি করবো এই যে বিরাট হত্যাকাণ্ড হল এই হত্যাকাণ্ডর পিছনে চক্রান্তটা কার? ম্যানেজমেণ্টের চক্রান্ত, এস এস পি-র চক্রান্ত, ফরোয়ার্ড ব্লকের চক্রান্ত কিম্বা আই এন টি ইউ সি-র চক্রান্ত, এই চক্রান্ত কার? যারই এই চক্রান্ত হোক তারজন্য আমরা জুডিসিয়াল এনকোয়ারি দাবি করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Biswanath Mukherjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি প্রথমেই মুখ্যমন্ত্রীকে আমার বাস্তবিকই অন্তরের অভিনন্দন জানাচ্ছি। এই ঘটনার পর তিনি যে বিবৃতি এই আইনসভায় দিয়েছিলেন, ঘটনাচক্রে আমি সেদিন আইনসভায় ছিলাম। আমাদের পক্ষ থেকে দাঁড়িয়ে উঠে তাঁকে এই বিষয় পূর্ণ সমর্থন করা হয়েছে। আমি আমাদের সেই সদস্যদের সেই মনোভাবকে পরে পূর্ণ সমর্থন জানাই। কারণ বাস্তবিক একটা জিনিস যখন আরম্ভ হয়, আরম্ভের সময়েই যদি বিচার করে এটা একটা ভয়ংকর পথে যেতে পারে এটা ভেবে যদি না থামিয়ে দেওয়া হয়, বাড়তে দেওয়া হয়, তারপরে ক্ষমা দুঃখ করে লাভ নেই। আসানসোল কোলিয়ারী বেল্টে একটা অগ্নিগর্ভ অবস্থা হয়েছে। আমি একটু পরেই সেই অবস্থাটা বলতে চাই যে রিপোর্টটা কোথায়? এই অবস্থার মধ্যে একটা দুর্ঘটনা ঘটেছে, চার জন নিহত হয়েছে। সেই নিহত হবার সংগে সংগে মুখ্যমন্ত্রী এই রকম একটা কঠোর ব্যবস্থা অবলম্বন করেছেন, তার দ্বারা তাঁর দূরদর্শিতার পরিচয় পাওয়া গিয়াছে। কারণ বাড়তে দিলে এই আগুন আরো জ্বলতে থাকতো। এখন আমি যতদূর খবর পেয়েছি, কে ভাল কে মন্দ তা আমি জানি না, আমি ওইটুকু জানি বা জেনেছি যে এই তিনি কল্লোলবাবু, তিনি আই এন টি ইউ সির দ্বারা অথরাইজড ছিলেন ওখানে ট্রেড ইউনিয়ন করবার জন্য এবং ট্রেড ইউনিয়ন উপলক্ষে তিনি ওখানে গিয়েছিলেন। এও আমরা শুনেছি যে এস এস পি-র স্থানীয় কর্মীরা তার সংগে দুর্ব্যবহার করেছে, ম্যানহ্যাণ্ডেল করেছে, ইট পাটকেল ছুড়েছে, কি ত্বু করেছে, কি অমুক করেছে তা আমি জানি না, শুধু এইটুকু জানি যে তিনি দলবল নিয়ে যাননি, অল্প কিছু লোক তার সংগে ছিল এবং তার প্রতি দুর্ব্যবহার করা হয়। কিন্তু তিনি সংগে সংগে ফিরে গিয়ে অতি অল্পক্ষণের মধ্যেই প্রায় জনা ৬০ লোক নিয়ে ফিরে এসেছিল। এবং তারা চিনাকুড়ির এক নম্বর দু নম্বর ডিসেরগড় পাওয়ার প্ল্যান্টের ওখান থেকে এবং শোনা যাচ্ছে নদী পেরিয়ে কিছু লোক

[5-50—6-00 p.m.]

এসেছিল। এই যে অল্প সময়ের মধ্যে ৫০/৬০ জন লোক অস্ত্রশস্ত্র নিয়ে এল অন্যান্য জায়গা থেকে, তাতেই বুঝা যায় যে তারা এর আগে লাঞ্ছিত হয়েছে, তার একটা প্রতিশোধ নেওয়ার জন্য ভাবছিল। সেই প্রতিশোধ তার গুরুতরভাবে নিয়েছে। কারণ এত লোকের আক্রমণের ফলে তিনজন এস এস পি কর্মী মারা যায়। এই যে তিনজন এস এস পি লীডার সেখানকার কর্মী, তারা ভাল কি মন্দ জানি না, খারাপ লোক হতে পারে, কিন্তু তারা এস এস পি কর্মী, আর একজন ছেলে, সে ওয়ার্কারের ছেলে, এদেরকে অফিসে ঢুকে অ্যাটাক্ করে মার্ডার করা হয়। অফিসের ভিতরে দুটি বন্দুক ছিল সেটা ব্যবহার করেনি এবং তারা অনেকক্ষণ ধরে মার্ডার করতে পেরেছে। আমি অবশ্য একটা কথা বুঝলাম না, এই যে পোষ্ট মর্টেম রিপোর্ট বেরিয়েছে পানাসক্ত ছিল, একজনতো ওয়ার্কারের ছেলে, আর তিনজন এস এস পি লীডার, তাহলে এই ছেলেও কি পানাসক্ত ছিল? এটা ঠিক, এই যে মার্ডার হয়েছে, এটা কোল্ড ব্লাডেড মার্ডার হয়েছে, ভিতরে ঢুকে মার্ডার করা হয়েছে। এবং নিশ্চয়ই প্রভোকেশন ছিল, আমার মনে হয়। এখন ইউনিয়ন করতে গিয়ে যদি ঝগড়া হয়, প্রভোকেশন থাকে যে কোন থেকেই হোক, সেটা এস এস পি কর্মীই হোক, সি পি আই কর্মীই হোক সি পি এমই হোক আর কংগ্রেসীই হোক তাতে যদি এই রকম মার্ডারস অ্যাসাল্ট বা রিটালিয়েশন হয়, তা হলেতো কখনো—ট্রেডইউনিয়নিজম দাঁড়াতে পারে না। আমি সর্বসম্মতিক্রমে সুকুমারবাবুর সংগে একমত যে মালিকরা চায় না যে ট্রেডইউনিয়ন দাঁড়াক, এই সিচুয়েশনে মালিক এবং পুলিশ উভয়েরই একটা হাত আছে। সাধারণতঃ এই সিচুয়েশন করে রাখা হয়েছে, এখন এই বেঙ্গল চিনাকুড়িতে, মালিক বা পুলিশের হাত ছিল কি ছিল না জানিনা কিন্তু সাধারণতঃ দেখা যায় এই যে সমস্ত গণ্ডোগোল কোলিয়ারী বেল্টে হয় তাতে মালিক এবং পুলিশের হাত থাকে। যাই হোক হত্যাকাণ্ড খুব নৃশংস হয়েছে। এই হত্যাকাণ্ড ব্যাপারে সরকার যে ব্যবস্থা নিয়েছেন খুব ভাল করেছেন। আমার মনে পড়ে ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট

পরিকদলের মধ্যে এই রকম মার্ডারস, অ্যাসাল্ট হয়, সি পি এম এই ব্যাপারে জড়িত হয়ে পড়ে, আমরা নেতৃস্থানীয়রা তখন দাবি করেছিলাম যে যাদের বিরুদ্ধে অভিযোগ আছে, তাদের গ্রেপ্তার করা হোক, তাদের বিচার হোক এবং তাদের ব্যাপারে তদন্ত হোক জামিন যদি পায় তো পাক। কিন্তু তখন সি পি এম নেতারা বিশেষ করে হোম মিনিস্টার এটা করতে অস্বীকার করেছিলেন বলেই এত উত্তেজনার সৃষ্টি হয়েছিল এবং শেষকালে যুক্তফ্রন্টের পতন হয়েছিল। মুখ্যমন্ত্রী মহাশয় পূর্ব থেকেই এই রকম ঘটনার উপর সতর্ক দৃষ্টি দিয়েছেন, তারজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। আমি অবশ্য এই সূত্রে একটা কথা বলে রাখতে চাই। শ্রমিক কৃষকদের ন্যায়সংগত আন্দোলনকে রক্ষা করবেন, তাদের উপর পুলিশী হামলা না করবেন এবং সন্ত্রাসবাদীদের দমন করার জন্য পুলিশ ব্যবহার করবেন, তবে তো বুঝবো ল' অ্যাণ্ড অর্ডার। আর যদি সন্ত্রাসবাদীরা দমন হয়, তাহলে তো মুড়ি মিছরী একই দর হয়ে যাচ্ছে। এখানে যে সন্ত্রাসবাদীদের দমন করার জন্য ব্যবস্থা অবলম্বন করেছেন, সেজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এখন যে অবস্থা দাঁড়িয়েছে, তাতে কোন মালিকরা প্রডাকসন বাড়াতে ইণ্টারেস্টেড নয়, তারা ইনভেস্টমেণ্ট করছেন না,কাজে কামাই দিচ্ছে, ওয়ার্কাররা বেকার হচ্ছে। আমরা জানি সেখানে workerরা resist করেছে। পুলিশ দিয়ে, গুণ্ডা দিয়ে আক্রমণ করেছে এবং পুলিশ নানারকমভাবে নির্যাতন করেছে, এবং সমস্ত মিলিয়ে সেখানে একটা tense situation develop করেছে। এই সূত্রে আমি একটা সতর্কবাণী উচ্চারণ করছি। এই কোলিয়ারিতেই কিছুদিন ধ'রে একটা campaign চলেছে ও tense situation develop করেছে। সেখানে হিন্দুস্থানি শ্রমিকদের সরিয়ে দিয়ে বাঙালী নিয়োগ করা হয়েছে। বাংলা দেশে বাঙালী শ্রমিকদের অগ্রাধিকার দিতে হবে এ বিষয়ে আমি সম্পূর্ণ একমত। আমি সম্পূর্ণ একমত যে নূতন কল-কারখানায় তাদের অগ্রাধিকার দিতে হবে। কিন্তু পুরান যারা কাজ করছেন তারা বাঙালী হোন আর হিন্দুস্থানী হোন তাদের বিরুদ্ধে কিছু করতে গেলে সেটা danger হবে। আমার কাছে কয়েকদিন আগে একটা খবর এসেছে, আমাদের হুগলী জেলার কম্যুনিষ্ট পার্টির নেতা—আপনারা সকলেই তাঁকে চেনেন, কারণ বহুদিন তিনি এ হাউসে ছিলেন, শ্রীপাচুগোপাল ভাদুড়ী, আমাকে জানিয়েছেন যে ঐখানের একটি কারখানার মালিক বাঙালীদের তাড়িয়ে অ-বাঙালীদের চাকরি দিচ্ছেন। আজকে আবার আমাদের একজন Top Trade Union Leader আমাকে জানালেন যে, বিলড়ার কারখানার এক জায়গায় পয়সা দিয়ে বাঙালী শ্রমিক দিয়ে হিন্দুস্থানি শ্রমিকদের তাড়াচ্ছে এবং শ্রমিক খেপাচ্ছে, আজ এরূপ ঘটনা সেখানে ঘটছে। আজকে Asansol coal belt-এও এই ধরনের ঘটনা ঘটছে। সেখানে চার জন মারা গেছে। অবাঙালী মারা যাওয়ার ফলে সেখানে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে। সেখানে লোকে থাকতে পারছে না।

(**Shri Gyan Singh Sohanpal :** যারা মারা গেছেন তাঁরাও অবাঙালী।)

**Shri Biswanath Mukherjee :** এরফলে আজ দেখা যাচ্ছে জুট মিল চা বাগিচায় অবাঙালী শ্রমিকরা যারা আছে তারা ভয় পাচ্ছে, এটা আমরা দেখছি। আমরা দেখছি কোথাও কোথাও মালিকরা অবাঙালী দিয়ে অবাঙালীদের, আবার কোথাও বাঙালী দিয়ে বাঙালীদের মারা হচ্ছে। এইভাবে নানানভাবে attacked করা হচ্ছে। এই সমস্ত মিলিয়ে এরূপ একটা situation সৃষ্টি করেছেন মালিকরা। এরফলে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে—Explosion হতে পারে। এইরূপ ধরনের আমরা দেখেছি যে East Nimcha Collieryতে শ্রমিকরা অবাঙালী সেখানে Mangement এবং পুলিশ সেখানে সাহায্য করেছে। সেখানে একসময় CPM প্রচণ্ড আক্রমণ করেছিল এবং তারফলে শত শত শ্রমিক তখন কাজ ছেড়ে দিয়ে অন্যত্র আশ্রয় নিয়েছিল। এইভাবে East Nimcha Collieryতে সেখানে প্রচণ্ড আক্রমণ হয়েছিল। এর ফলে দেখা গিয়েছিল ঐ East Nimcha Colliery যারজন্য R. K. Khadilkarকেও বলা হয়েছিল এবং

তিনি বলেছিলেন যে, পশ্চিমবঙ্গ সরকার এটা রক্ষণাবেক্ষণ করবেন। Damda Colliery-র কথা বলছি, সেখানে T. N. Shukla পুলিশ, মালিক, সকলে মিলে এরকম একটা situation create করেছিল। ২৮শে জুলাই তারিখে একটা জায়গায় মিছিল বেরোয় এবং তারপর lock-out হ'ল এবং সেখানের শ্রমিকদের গুণ্ডা দিয়ে terrorise করেছে তাঁদের কোয়াটারের উপর আক্রমণ করেছে, এইভাবে সেখানে আক্রমণ করা হয়েছে। সেই এরিয়াতে গত ১লা আগস্ট-এ তারা কোয়াটার আক্রমণ করেছিল। তেমনি একজন কোলিয়ারি ওনারের application-এর উপর

[6-00—6-10 p. m.]

রাণীগঞ্জ পুলিশ স্টেশনের পুলিশ ২১শে জুলাই তারিখে আমাদের অনেকগুলি নেতাকে arrest করলেন। আবার ঐ টি, এন, শুক্লার নাম বার বার বলছি—যিনি contacted by Lower Kanda Colliery. জামুরিয়ার পুলিশ স্টেশনের মধ্যে প্রায় প্রত্যেক রাত্রিতে বোমা ফেলেছে। সেখানে আমাদের সেক্রেটারী রামমুকুল চোবেকে পুলিশ arrest করে নিয়ে গিয়েছে এবং লক্ আপের মধ্যে তাকে মারধোর করেছে। আমাদের ইউনিয়নের নেতা হিন্দুস্থানী, ঐ টি, এন, শুক্লা ও হিন্দুস্থানী মালিকের একটা চক্রান্ত হচ্ছে যেখানে হিন্দুস্থানী ওয়ার্কাররা অর্গানাইজড্, সেখানে যাতে তাদের ভেঙ্গে দেওয়া যায়—তাই ক'রো। তাতে পুলিশ সাহায্য করছে। জামবাগ, কাজরা, শীতলপুর—সেখানে দুমাস wage মালিকরা দেয় না। মালিকরা চায় শ্রমিকদের মধ্যে গণ্ডগোল লেগে থাকুক। এইরকম situation create করছে। পাঁচ জন শ্রমিক সেখানে আমরণ অনশন করছে—last unto death. আমাদের সর্বভারতীয় ট্রেড ইউনিয়ন নেতা ও জেনারেল সেক্রেটারী এস, এ, ডাঙ্গে মুখ্যমন্ত্রীকে ৭ই জুন তারিখে একটা চিঠি এই সম্পর্কে লিখেছেন। কল্যাণ রায়, এম, পি, তিনিও ড্যামডা কোলিয়ারী সম্পর্কে চিঠি লিখেছেন। আমি বললাম—background কি? চিনাকুড়িতে কল্লোল আক্রমণ করে লোকজন নিয়ে, চারজনকে হত্যা করেছে। এইরকম ঘটনা কোন একজায়গায় সীমাবদ্ধ থাকবে, তা নয়। পুলিশকে নানাভাবে ব্যবহার করা, আক্রমণ করা, গুণ্ডা ব্যবহার করা, এইতো কোলিয়ারী মালিকদের কাজ। সেই background এ যে কোন ঘটনা, যে কোন জায়গায় যে কোন সময়ে ঘটতে পারে। সেখানে party versus party, union versus union—এমন কি সাম্প্রদায়িক দাঙ্গাও বেঁধে যেতে পারে। এই নানারকম সম্ভাবনা সেখানে রয়েছে। তাই আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাবার সংগে সংগে আমি তাঁকে প্রতিশ্রুতি দিচ্ছি যে আমরা তাঁর এই ধরনের প্রচেষ্টাকে সম্পূর্ণভাবে সহযোগিতা করবো—সাহায্য করবো।

তবে একটা কি, কিছু যদি মনে না করেন তো বলি। যারা একসময় ইউনিয়ন ভাঙ্গতে যেত—তারা CPM এর ফ্ল্যাগ নিয়ে CPM এর আওয়াজ তুলে অগ্রসর হতো। তখন পুলিশ চুপ করে থাকতো। আজকে যারা এই ইউনিয়ন ভাঙতে যায়, তারা তেরঙ্গা ঝাণ্ডা উড়িয়ে যাচ্ছে। তারা কংগ্রেসের কি কংগ্রেসের নয় তা জানি না। তিন চারটি গ্রুপের মাধ্যমে নিজেদের মধ্যে ঝগড়া করছে, কংগ্রেসের ঐ তেরঙ্গা ঝাণ্ডা উড়িয়ে claim করছে আমি কংগ্রেস, আর একদল বলছে, আমি কংগ্রেস। তাই আমি অনুরোধ করবো কংগ্রেস নেতাদের যে তাদের একটা দলের মধ্যে নিয়ে আসুন যাতে বোঝা যায় কে কোন্ দলের এবং কোন্ নেতাকে ধরলে সুবিধা হবে। তাহলে বড় বড় সমস্যার সমাধান সহজ হবে। যারা তা নয় তাদের সম্বন্ধে ঘোষনা করা হোক—না, মশায়, ও আমাদের নয়। এটা যদি করেন তাহলে খুব সুবিধা হয়।

আর দুনম্বর হলো—মুখ্যমন্ত্রী উদ্যোগী হয়ে ঐ অঞ্চলের সমস্ত ইউনিয়ন ও ইউনিয়ন লীডারদের ডেকে বলুন, আমরা কারো বে-আইনী কার্যকলাপ tolerate করবো না। তোমরা সকলে union তৈরি কর। কিন্তু এই ধরনের পরস্পর পরস্পরকে physically আক্রমণ করছো, আহত করছো বোমা ফাটিয়ে যাচ্ছে। এসব tolerate করা হবে না।

আমি মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই—আমার নিজের জ্ঞান নাই, আমি পুলিশের কাছে জানতে চাই। আপনি রিপোর্ট নিন্, কল্লোল সম্বন্ধে—আর. কে. মুখার্জী, Deputy Director, Central Intelligence, থেকে আপনি রিপোর্ট নিন DIB থেকে। এই গভর্নমেন্ট হওয়ার আগে, তিন মাসে তিনবার বোমা ফাটিয়েছে, বোমা ছুঁড়েছে কয়েক জায়গায় এই T. N. Suklaর লোকেরা পুলিশ কি এ সম্বন্ধে খবর রাখেন না? এই যে পুলিশের সঙ্গে মালিকের যোগসাজস এবং তারা ঐ সমস্ত খারাপ এলিমেন্টের আশ্রয় নিয়ে এই ধরনের ঘটনা সৃষ্টি করছে এবং ভবিষ্যতে আরও অনেক বেশী করবে, এই পুলিশ মালিক ও গুণ্ডাদের যে যোগসাজস তা ভেঙ্গে দিতে হবে। এবং এটা ঠিক যে প্রত্যেকেরই ইউনিয়ন করবার অধিকার আছে। তবে একটা ইউনিয়ন আর একটা ইউনিয়নকে ফিজিক্যালি যেখানে ইন্ভল্ভড করছে সেখানে গভর্নমেন্টের যথাযথ ব্যবস্থা নেবার প্রয়োজন আছে এবং সেখানে আমাদের পার্টির পূর্ণ সহযোগিতা থাকবে। আজকে এর বিরুদ্ধে আমাদের মুখ্যমন্ত্রী যে ব্যবস্থা অবলম্বন করেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

**Shri Tapan Chatterjee:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চিনাকুড়ি কয়লাখনি অঞ্চলে যে ৪ জনকে হত্যা করা হয়েছিল সে সম্পর্কে এই হাউসে বক্তব্য রাখার অধিকার দিয়ে আমাদের মুখ্যমন্ত্রী যে গণতান্ত্রিক মনোভাবের পরিচয় দিয়েছেন তারজন্য আমি তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। পশ্চিমবংগে হত্যা নূতন নয়, যুক্তফ্রন্ট সরকারের আমলে বহু হত্যা হয়েছে। বহু মা তার সন্তানকে হারিয়েছেন, বহু রক্তপাত হয়েছে। এই আসানসোল শিল্পাঞ্চলে এর আগেও বহু হত্যা হয়েছে। তখন হত্যা হোত আর আমাদের তখনকার স্বরাষ্ট্রমন্ত্রী যিনি ছিলেন শ্রীজ্যোতি বসু তিনি বলতেন এ হত্যা নয়, এ শ্রেণী সংগ্রাম। যুক্তফ্রন্ট সরকারের আমলের প্রথম শহিদ হলেন নিত্য দত্ত তিনি সি পি এম এর প্রচেষ্টায় হত্যা হয়েছিলেন। তাঁর মৃতদেহ নিয়ে যখন আমরা রাইটার্স বিলডিংস-এর সামনে যাই তখন জ্যোতি বসু তাদের সংগে সাক্ষাত পর্যন্ত করেন নি। উপরন্তু ১২ই জুলাই কমিটি ও কোয়র্ডিনেশন কমিটিকে তাদের বিরুদ্ধে লেলিয়ে দেওয়া হয় এবং তাদের উপর এমন কি জুতা ছুঁড়েও মারা হয়েছিল। সি পি আই এর শিবপদ ভট্টাচার্যকে নির্মমভাবে লাঞ্ছিত ও মারধোর করা হয়েছিল। এই কথা যখন জ্যোতি বসুকে বলা হয় তখন তিনি বলেন যে আমার দলের কর্মীদের আমি গ্রেপ্তার করতে পারি না। তারপর সি পি এম-এর সুবেন ধর চৌধুরীকে হত্যা করা হোল সেখানেও ঐ জ্যোতিবাবু একই কথা বললেন যে আমার দলের কর্মীদের আমি গ্রেপ্তার করতে পারি না। আজকে আমাদের খুব গর্বের কথা খুবই আনন্দের কথা যে আমাদের মুখ্যমন্ত্রী স্বগর্বে ঘোষণা করেছেন যে যদি কেউ তেরঙ্গা পতাকা নিয়ে বা কংগ্রেসের নাম নিয়ে বা কংগ্রেস সদস্য হয়ে হত্যা করে তাহলে হত্যাকারী হিসাবে সাজা দেওয়া হবে তারা দলের তরফ থেকে কোন আশ্রয় পাবে না একথা তিনি অত্যন্ত দৃঢ়তার সংগে ঘোষণা করেছেন। নির্বাচনের প্রাক্কালে আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম পশ্চিম বাংলার মানুষের কাছে যে পশ্চিম বাংলায় বিগত ৫ বছরে যে হিংসাত্মক হানাহানি রাজনীতি চলেছে তার অবসান আমরা করবো। আমরা বাস্তবে দেখছি যে আমাদের মুখ্যমন্ত্রীর দৃঢ় হস্তক্ষেপে পশ্চিমবাংলা থেকে সেই হিংসা ও সন্ত্রাস নির্মূল হয়ে গেছে। সেজন্য তিনি ধন্যবাদের যোগ্য, অভিনন্দনের যোগ্য। আজকে আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো যে চিনাকুড়ি কয়লাখনি অঞ্চলে যে হত্যাকাণ্ড হয়েছে, যে মর্মান্তিক ঘটনা ঘটেছে তার জন্য একটা বিচার বিভাগীয় কমিটি গঠন করার জন্য। এখানে এনড্রুল কোম্পানীর পরিচালনাধীনে যে বেঙ্গল কোল কোম্পানী রয়েছে সেখানে মালিক শ্রমিককে শ্রমিকের বিরুদ্ধে, ইউনিয়নকে ইউনিয়নের বিরুদ্ধে লেলিয়ে দিচ্ছে এবং এইভাবে বিরোধের সৃষ্টি করেছে যার সংগে পুলিশ

ষড়যন্ত্র করছে এবং এইভাবে তারা দিনের পর দিন এই অপকীর্তি করে চলেছে। তাই আমি অনুরোধ করছি যে সেখানে একটা কমিটি করে প্রকাশ্যভাবে তদন্ত করা হোক যাতে জনসাধারণ আরও খুশী হবেন এবং আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম তা বাস্তবে রূপায়িত হবে, আমরা গর্বভরে ঘোষণা করতে পারবো যে কংগ্রেসের পতাকাতলে থেকে ওয়াগন ভাঙলে ছিনতাই করলে, গুণ্ডামি করলে দলের লোক হিসাবে তাকে ছেড়ে দেওয়া হবেনা, মার্জনাও করা হবে না, একথা আমাদের দলের তরফ থেকে আমাদের সরকারের তরফ থেকে আমাদের সর্বোচ্চ নেতা আমাদের মুখ্যমন্ত্রী অত্যন্ত দৃঢ়তার সংগে ঘোষণা করেছেন। এই খানেই সি পি এম পরিচালিত যুক্তফ্রন্ট সরকারের সংগে আমাদের পার্থক্য। আমরা সন্ত্রাস ও বিভীষিকা চাই না। আমাদের নেতা একথা পরিষ্কারভাবে বলে দিয়েছেন যে আমরা কোন রকম গুণ্ডামির প্রশ্রয় দেবো না—হিংসাশ্রয়ী কার্যকলাপ যদি কেউ করে তাহলে আইনানুগ ব্যবস্থা অবলম্বন করা হবে। যুক্তফ্রণ্ট সরকারের আমলে বহু রক্তপাত হয়েছে বহু হিংসাত্মক কাজ হয়েছে। বহু

[6-10—6-20 p.m.]

মায়ের কোল শূন্য হয়েছে, বহু হতাশা এবং বহু ব্যর্থতার মধ্যে দিয়ে আমরা আজকে পশ্চিমবংগে যে শাসন ব্যবস্থা চালু করেছি সে শাসন ব্যবস্থায় বিভীষিকা ও সন্ত্রাসের স্থান নেই। আমাদের পথ শান্তির পথ। পশ্চিম বাংলায় নির্বাচনের পর যে শান্তির পরিবেশ সৃষ্টি হয়েছে এবং আইন-শৃঙ্খলা ফিরে এসেছে তা রাখবার জন্য মুখ্যমন্ত্রী দৃঢ় পদক্ষেপের কথা ঘোষণা করেছেন। যে রক্তাক্ত ইতিহাস বা কলংকময় অধ্যায় গত ৫ বছর যাবত পশ্চিম বাংলার মানুষকে বিভীষিকা ও সন্ত্রাসের মুখে ঠেলে দিয়েছিল সে জিনিস আর পশ্চিম বাংলায় রিপিট হবে না। পশ্চিম বাংলার মানুষ আর সেই কলংকময় দিনগুলিতে ফিরে যাবে না। তাই বলছি, চিনাকুড়ি কয়লাখনি সম্পর্কে অবিলম্বে তদন্ত কমিটি গঠন করা হোক। যে পথ, মত বা দলের লোকই হোন যারা মারা গিয়েছেন তাদের পরিবারকে আমি সমবেদনা জানাচ্ছি এবং ভবিষ্যতে যাতে এই ধরনের ঘটনা না ঘটে সেটা দেখতে বলছি। তবে সবচেয়ে দুঃখের কথা আমাদের দল দ্বারা পরিচালিত আই এন টি ইউ সি'র নাম এর মধ্যে উল্লিখিত হয়েছে। তাই, সত্য মিথ্যা কি জানি না, কে দোষী আর কে দোষী নয় সেটাও জানি না, সেটা আদালতে বিচারাধীন, আদালত তার বিচার করবেন এবং তারপরে আমরা জানতে পারবো কে দোষী কিন্তু আমাদের দল দ্বারা পরিচালিত আই এন টি ইউ সি'র নাম যখন উল্লিখিত হয়েছে তখন সাধারণ কংগ্রেস কর্মী হিসাবে আমরা লজ্জিত। তাই বলছি এই সমস্ত ঘটনার প্রকাশ করা হোক, জনসাধারণ জানুক যে আমাদের দলের তরফ থেকে আমরা এই ধরনের ঘটনার বা হিংসার প্রতিকার চাই, এই ধরনের হিংসার বিরুদ্ধে আমরা সর্বদা সচেতন এবং দোষী ব্যক্তিদের সব সময় শাস্তি বিধান হোক এটা আমরা চাই, আমরা কোনদিনও তাদের আশ্রয় দেব না, কোনদিন তাদের ক্ষমা করবো না। কাজেই তাদের বিরুদ্ধে যাতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয় তারজন্য আমি মুখ্যমন্ত্রীর নিকট আবেদন জানাচ্ছি। তিনি ইতিমধ্যেই পুলিশকে সতর্ক করে দিয়েছেন এই বলে যে যাতে দোষীরা অবিলম্বে ধরা পড়ে এবং তাদের বিচারালয়ে বিচার হবার পর উপযুক্ত শাস্তি যেন তারা পায়। আর জনসমক্ষে যেন প্রকাশ করা হয় যে, কে দোষী। কারণ আমাদের সরকার দোষীদের কোনদিন ক্ষমা করবে না আমরা জ্যোতিবাবুর মত তাদের আশ্রয় দিয়ে বলব না যে তোমরা শ্রেণী সংগ্রাম করছে, তোমরা সাবাস, তোমরা আরো খুন চালিয়ে যাও, এর কথা আমাদের মুখ্যমন্ত্রী কখনই বলবেন না। আজকে পশ্চিম বাংলার যুবশক্তির কাছে তিনি দেখিয়ে দিয়েছেন যে পার্টির নামে গুণ্ডামি, মস্তানি চলবে না, গুণ্ডামি, মস্তানিকে আমরা পশ্চিম বাংলা থেকে চিরকালের মত বিদায় দিয়েছি, এখানে আর কোনদিন খুনের রাজনীতি চলবে না। স্যার, এই কথা বলে আমি শেষ করলাম।

**Shri Ramdas Banerjee :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমাদের শ্রদ্ধেয় নেতার সাহসিকতাপূর্ণ বিবৃতির জন্য সর্বাগ্রে তাঁকে ধন্যবাদ জানাই। তাঁকে ধন্যবাদ জানাই তাঁর এই গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গীর জন্য, এই রাজ্যে আইনশৃঙ্খলা পুনরায় কায়েম করার যে প্রচেষ্টা তারজন্য এবং এই শুভ দৃষ্টিভঙ্গীর জন্য যারজন্য আজকে আমরা এখানে আলোচনা করার সুযোগ পেয়েছি এই মোসানের উপর। স্যার, চিনাকুড়িতে যে ঘটনা ঘটেছে তা সত্যিই লজ্জার ব্যাপার এবং তার জন্য আমরা সবাই দুঃখিত। একথা ঠিক আমরা গত পাঁচ বছর যাবত দেখে এসেছি ১৯৬৭ সাল থেকে, আমরা দেখেছি যে হিংসার রাজনীতি সারা আসানসোল শুধু নয়, সারা বর্ধমান জেলাতে শুধু নয়, সারা পশ্চিম বাংলায় ঘটেছিল। তার অবসানের জন্য আমরা দৃঢ়প্রতিজ্ঞ। আমরা জনসাধারণের কাছে প্রতিজ্ঞা করেছিলাম যে আমরা যদি সরকার গঠন করতে পারি তাহলে সবাগ্রে আমরা চেষ্টা করবো আইনশৃঙ্খলা কায়েম করার জন্য। আমরা জানি আইন-শৃঙ্খলা যদি কায়েম করতে না পারি, আইনের অনুশাসন যদি চালু করতে না পারি তাহলে দেশের সব অগ্রগতি ব্যাহত হবে। শিল্প নষ্ট হয়ে যাবে, বেকারি বাড়বে। তাই সর্বাগ্রে প্রয়োজন এই অনুশাসন কায়েম করা। সুতরাং আমাদের শ্রদ্ধেয় নেতা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের এই সৌর্যদীপ্তিপূর্ণ বিবৃতির জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। দোষী যেই হোক না কেন, সে যেকোন পার্টির লোক হোক না কেন, আই. এন. টি. ইউ. সি-র হোক, কংগ্রেসের হোক, এস. এস. পি'র হোক, সি. পি. আই-এরই হোক, যিনিই আইন ভঙ্গ করবেন, আইনশৃঙ্খলা নষ্ট করবেন নিশ্চয়ই তার বিচার হওয়া প্রয়োজন, শাস্তি হওয়া প্রয়োজন, কেন না, আইনের কাছে সবাই সমান। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি তাই মনে করি এটা অত্যন্ত লজ্জাজনক ব্যাপার। একটি কোলিয়ারির মধ্যে চারটি নিরীহ প্রাণ চলে গেল। এর মূল আমাদের উৎপাটন করতেই হবে, এ রহস্য খুঁজে বের করতেই হবে। কেন এই হত্যা, কিসের জন্য এই হত্যা এবং যে হত্যাকারী কঠোর হস্তে তার বিচারের প্রয়োজন আছে বলে আমি মনে করি। শুধু আসানসোল কয়লাখনি এলাকায় নয়, শিল্পাঞ্চলে নয়, সারা রাজ্যে এই আইনশৃঙ্খলা ভঙ্গ করার প্রচেষ্টা চলেছে। এটা যদি আমরা দৃঢ়হস্তে দমন করতে না পারি, আইনের অনুশাসনের দ্বারা যদি বিচার করতে না পারি তাহলে জনসাধারণের কাছে যে প্রতিশ্রুতি দিয়ে আমরা ইমেজ তৈরি করেছি তার থেকে অনেক দূরে সরে যাব। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে সাহসিকতা দেখিয়েছেন, যে তেজোদীপ্ত ভাষণ রেখেছেন তাতে যেভাবে তিনি পুলিশকে প্রেরণা দিয়েছেন কঠোরহস্তে এই সমস্ত গুণ্ডাদের দমন করবার জন্য, তারজন্য আমি তাঁকে বার বার আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আমাদের এই রাজ্যে আজকে নানারকম অপহরণকারী দুষ্কৃতিকারীরা দিনের পর দিন অপহরণ করে যাচ্ছে। এ যদি বন্ধ করা না হয় তাহলে এই রাজ্যে কোনদিন শান্তিশৃঙ্খলা ফিরে আসবে না। তাই আজকে শুধু আই. এন. টি. ইউ. সি'র কথা নয়, এস. এস. পি-র কথা না, সি. পি. আই-এর কথা নয়, যারা আইন ভঙ্গ করছে তাদের প্রতি আমরা যদি দৃঢ়হস্তে ব্যবস্থা গ্রহণ না করি তাহলে আমার মনে হয় আমরা ঠিক কায করতে পারব না, আমাদের দেশের অগ্রগতি গড়ে তুলতে পারব না, অগ্রগতি ব্যাহত হবে। তেজোদীপ্ত ও সাহসিকতাপূর্ণ ভাষণ দেবার জন্য আমি আর একবার মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি এবং ধন্যবাদ জানিয়ে আমি এই কথা বলছি আমাদের দেশে আইন যাতে প্রতিষ্ঠিত হয়, আইনের অনুশাসন যাতে কায়েম হয় তারজন্য তিনি যেন সজাগ দৃষ্টি রাখেন এবং এই আইন কায়েম করার জন্য তিনি সত্যিই কাজ করে যাচ্ছেন। এই কথা বলে আমি আর একবার তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**First Report of the Committee on Rules**

**Mr. Speaker :** Honourable members, I am placing before you the first report of the Committee on Rules.

I, the Chairman of the Committee on Rules, have the honour to submit this First Report of the Committee.

The Committee held its sitting on the 4th August, 1972.

The Committee considered the amendment to the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Lagislative Assembly and recommended as annexed below.

**Annexure**

*Recommendation of the Committee on Rules regarding substitution of rules 363 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.*

The Committee on Rules recommends that for rule 363 the following rule shall be substituted. namely—

'363. Suspension of rules. Any member may, with the consent of the Speaker, move that any rule may be suspended in connection with a particular purpose and if motion is accepted the rule in question shall stand suspended in the connection with such purpose."

**Discussion of Chief Minister's statement, dated the 28th July, 1972, in connection with the murder of four Trade Union workers at Chinakuri Colliery**

**Shri George Albert Willson-Deroze :** Ever since 1967 lawlessness and violence had become endemic in the Asansol area to such an extent that life and limbs were no longer safe. In this situation, Sir, weak, isolated and peace-loving sections of the community, i. e., the minorities of all kinds—I refer specifically to the few thousand of my community, who have been settled in Asansol and the surrounding areas for several generations—have suffered from a great sense of uncertainty as to their future. Sir, I therefore welcome the prompt, impartial and decisive action of the Hon'ble Chief Minister in the Chinakuri Colliery incident and expression of his determination to uphold law and order at all costs, no matter who the culprits are. Sir, the rule of law means the application of the necessary forces to uphold the law. Hon'ble Chief Minister has demonstrated in no uncertain fashion his determination to use forces of law wherever necessary, promptly, fearlessly and without favour. I am sure that irrespective

of party or community each and every one of the citizens in this State is solidly behind our Hon'ble Chief Minister in his determination to ensure the rule of law and we wish his efforts succeed so that the rule of law reigns in each and every corner of the State.

Jai-Hind

[6-20—6-30 p. m.]

**Shri Abdul Bari Biswas :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী গত ২৮ তারিখে বিধানসভায় চিনাকুড়ি কয়লা খনিতে যে চারজন শ্রমিকের হত্যা হয়েছিল এবং তার পরিপ্রেক্ষিতে তিনি যে statement দিয়েছিলেন এ নিয়ে আবার আলোচনার সুযোগ পশ্চিম বাংলার বিধানসভায় দেওয়া এবং সেই সুযোগ পাওয়া এই দুই কারণে আমি আমাদের মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি, এবং সেই সংগে সংগে একথা আজ বলা অত্যন্ত সংগত হবে, সে পশ্চিম বাংলায় আর কোন নজির আছে কিনা জানি না। ১৯৬২ সাল থেকে পশ্চিম বাংলার বিধানসভায় ১৯৬৭ পর্যন্ত এবং ১৯৬৭, ১৯৬৯ সালেও বিধানসভায় এবং তার পরবর্তীকালে এখানে আপনার সময় আজ পর্যন্ত কোন মুখ্যমন্ত্রী বা কোন মন্ত্রী কোন সময়ে এই ধরনের statemet এর উপর আবার বক্তব্য রাখার সুযোগ দেন নি, সেই সুযোগ দান আমার মনে হয় এই প্রথম। কাজেই এই যে গণতান্ত্রিক ব্যবস্থাপনার সম্প্রসারণ, গণতন্ত্রের ভিত্তি আরো সুদৃঢ়করণ এই বক্তব্যকে আমি আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি মনে করি আজকে যেহেতু একটা ঘটনা ঘটেছে সেই ঘটনা কে বা কারা, কোন ব্যক্তি, কোন রাজনৈতিক দল—এই বিষয়বস্তু আজকে কি আমাদের বিবেচ্য বিষয় হওয়া উচিত? আমার মনে হয় তা হওয়া উচিত নয়। আজকে একমাত্র প্রশ্ন হচ্ছে, এই বিষয়েব সংগে যে আইনশৃঙ্খলা জড়িত, যে শান্তিশৃঙ্খলা জড়িত সেটাকে বেশী করে গুরুত্ব দিয়ে আলোচনায় আলোকপাত করা উচিত। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে যদিও দেশের শান্তিশৃঙ্খলা বজায় থাকবে কি থাকবে না, রাখবো কি রাখবো না এই প্রশ্নের সংগে ওই প্রশ্ন জড়িত। ক্ষেতে খামারে শান্তিশৃঙ্খলা আইন অনুযায়ী ব্যবস্থা আমরা কায়েম করতে পারবো কি পারবো না, আমরা করবো কি করবো না এই হচ্ছে প্রশ্ন আমাদের কাছে। আজকে বিধানসভার সদস্যদের আপনার মাধ্যমে স্মরণ করিয়ে দিতে চাই যে আমরা পূর্বে দেখেছি যখন ওখানে পশ্চিমবংগে যুক্তফ্রন্ট সরকার আসীন তখন তারা এইরকম যে অবস্থার সৃষ্টি করেছিলেন সেই অবস্থার দিকে তাকিয়ে দেখলে আমবা কি দেখবো? আমরা দেখবো কৃষিতে, শিল্পে, ক্ষেতেখামারে সমস্ত জায়গায় একদিকে উৎপাদন ব্যাহত হয়েছে আর একদিকে তেমনি খুন, জখম, হত্যার রাজনীতি চলেছে। আমরা ইতিপূর্বে দেখেছি যখন পশ্চিমবংগে যুক্তফ্রন্ট সরকার আসীন ছিল তখন তারা এই রাজ্যে যে অবস্থা সৃষ্টি করেছিল সেই অবস্থার দিকে যদি আমরা তাকাই তাহলে আমরা কি দেখবো? আমরা দেখতে পাই কৃষিতে, শিল্পে, ক্ষেতেখামারে সমস্ত জায়গায় যেমন একদিকে উৎপাদন ব্যাহত হয়েছে তেমনি আর একদিকে খুন, জখম, হত্যার রাজনীতি চলেছিল। এই অবস্থার কথা আমরা পশ্চিম বাংলার মানুষের কাছে প্রাক-নির্বাচনের সময় তুলে ধরেছিলাম। সেখানে আমরা বলেছিলাম অশান্তির রাজ দূর কর, শান্তির রাজ কায়েম কর এবং অশান্ত আবহাওয়া পশ্চিমবাংলার বুক থেকে দূর হোক, শান্তিপূর্ণ আবহাওয়া, পরিবেশ পশ্চিম বাংলার বুকে গড়ে উঠুক। অমরা যখন মুখ্যমন্ত্রীর নেতৃত্বে ১৯৬৯ সালের পর বিভিন্ন জেলায়, গ্রামে, গঞ্জে, ব্লকে মিটিং করে তখন একটি কথাই বলেছিলাম যে আমরা পশ্চিম বাংলার মানুষরা কি জঙ্গলের রাজত্বে বাস করবো? সেখানে আমরা দৃপ্তকণ্ঠে ঘোষণা করেছিলাম পশ্চিম বাংলার মানুষ জঙ্গলের রাজত্বে বাস করতে চায় না। পশ্চিম বাংলার মানুষ অশান্ত আবহাওয়ায় বাস করতে চায় কি? তখন পশ্চিম বাংলার মানুষ বলেছিল না, আমরা তা কখনই চাই না। আজকে আমরা পশ্চিম বাংলার বিধানসভায় ২১১ জন কংগ্রেসী সদস্য এসেছি,

গণতান্ত্রিক মোর্চার সদস্য সহ আমরা অনেক বেশী। আজকে এই গণতান্ত্রিক মোর্চার সকল সদস্যকে পরিষ্কার ভাষায় বলতে হবে যে আমরা পশ্চিম বাংলার মানুষের কাছে যুক্তফ্রন্টের সময় যে সমস্ত অস্বাভাবিক ঘটনা যে সমস্ত অরাজকতামূলক ঘটনা ঘটেছিল, সেগুলিকে সামনে রেখে আরো অরাজক অবস্থা আনবো কিম্বা এইরকম পরিবেশ সৃষ্টি করবো? তারই উপর ভিত্তি করে তোমরা ভোট দাও এই কথা কি আমরা বলেছিলাম? না, এই কথা আমরা বলিনি। আমরা বলেছিলাম আজকে যেভাবে জমি দখল হয়েছে এই জমিদখল সেই জমিদখল নয়, যে জমিদখলের মধ্য দিয়ে ভূমিসমস্যার সমাধান হতে পারে, ভূমিহীন চাষীর সমস্যার সমাধান হতে পারে, ক্ষেতমজুরদের সমস্যার সমাধান হতে পারে, যারা চাষী যাদের জমি দেওয়া হয়েছে, তারা জমিতে পুনর্বাসন পেতে পারে—আমরা এই কথা বলিনি যে কর্মে নিযুক্ত ১ লক্ষ ৬০ হাজার কৃষক শ্রমিকের স্বার্থ আদায়ের নামে পশ্চিম বাংলার বুকে লক-আউট, ক্লোজার, লে অফ করে দিয়ে সমস্ত কারখানাকে বন্ধ করে দেবার প্রচেষ্টা নিই নি। আমরা এই কথা কখন বলিনি যে শিক্ষা ক্ষেত্রে অরাজক অবস্থা সৃষ্টি করে গোটা বাংলা দেশের আবহাওয়া অগ্নিগর্ভে নিক্ষিপ্ত হোক। শিক্ষাব্যবস্থা ব্যাহত হোক, শান্তিপূর্ণ পরিবেশ বজায় না থাকুক—এইকথা আমরা কখন বলিনি। আজকে তাই আমি মুখ্যমন্ত্রীকে এই কথা দৃঢ়ভাবে স্মরণ করিয়ে দিতে চাই যে জ্যোতিবাবুর "জঙ্গলের রাজত্ব" আপনার রাজত্বে আবার যদি কায়েম হয় তাহলে আমরা বাংলা দেশের মানুষের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম সেই প্রতিশ্রুতি আমরা নিজেরাই ভঙ্গ করবো। সেই প্রতিশ্রুতি যদি আমরা মানতে রাজী না হই তাহলে পশ্চিম বাংলার মানুষকে এই বিধানসভার মাধ্যমে—আমরা আমাদের বিধানসভার সদস্যসহ ৪ কোটি ৪৪ লক্ষ ৪০ হাজার মানুষের কাছে এই বার্তা বহন করে নিয়ে যেতে চাই যে আজকে পশ্চিম বাংলার বুকে দাঁড়িয়ে অশান্তি, অরাজকতা, খুন, হত্যা, জখমের বিরুদ্ধে দাঁড়িয়ে বলিষ্ঠ মত পোষণ করেছিলেন তা থেকে সরে আসবো কি আসবো না সেই কথা আজকে আমাদের ভাবতে হবে। আজকে যদি পশ্চিম বাংলার মানুষ শান্তিশৃঙ্খলা বজায় রেখে নিজে যদি দুমুঠো খাবার ব্যবস্থা করতে চায়, পশ্চিম বাংলার শ্রমিক নিজে যদি শিল্পে, কলেকারখানায় শান্তিশৃঙ্খলা বজায় রেখে উৎপাদন ব্যাহত না করে তাদের প্রচেষ্টা সহ সমস্ত শ্রমিকের স্বার্থে দ্বিপাক্ষিক বা ত্রিপাক্ষিক চুক্তির মাধ্যমে তাদের দাবি আদায় করে তার জন্য শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি করবো কিনা—মাননীয় অধ্যক্ষমহাশয়, এই যে অবস্থা দেখা দিয়েছে এই অবস্থায় মুখ্যমন্ত্রী অত্যন্ত দৃঢ় এবং বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন এবং আমরা মনে করি এই বিষয়ে আর কোন সংশয় বা সংকোচের ভাব থাকা উচিত নয়। আজকে এস এস পি, আই এন টি ইউ সি ইত্যাদি এই সমস্ত করতে গিয়ে আমরা দেখেছি সর্বনাশ অতীতে হয়ে গেছে। জ্যোতিবাবু ঐ পুলিশের মধ্যে খুঁজে বেড়িয়েছেন ওঁদের দলের কে কে সমর্থক আছেন, শ্রমিকদের দলে খুঁজে বেড়িয়েনে তাদের কে কে শ্রমিক আছেন। ছাত্রদের গিয়ে বলেছেন তোমরা কি ফেডারেশন করে আমাদের দলকে আরো শক্তিশালী করতে পার না? তার জন্য তিনি যথেষ্ট পরিমাণে চেষ্টা করেছিলেন। তারই পরিণতি স্বরূপ সেদিনকার পলেটিক্যাল লিডার এবং আজকের মুখ্যমন্ত্রী ব্লকে ব্লকে দাঁড়িয়ে বলেছিলেন জ্যোতিবসুর এই চেষ্টাকে আমরা বানচাল করে দেব, ব্যাহত করবো, আপনারা আমাদের এই চেষ্টাকে সাহায্য করুন। পশ্চিম বাংলার মানুষ আপনার হাতকে শক্ত করেছেন এবং আপনার পিছনে ৪ কোটি ৪৪ লক্ষ লোক বিনা দ্বিধায় এসে দাঁড়িয়েছে। আজকে এই কথা মনে ভাববেন না যে যদি খাদ্যের অভাবজনিত কারণ দেখিয়ে কোন লোক বিশৃঙ্খলা ঘটিয়ে জনমানসে উত্তেজনা সৃষ্টি কবার চেষ্টা করে এবং সেখানের সরকারের আন্তরিকতার কোনরকম অভাব যদি না থাকে তাহলে আজকে তাকে দৃঢ় হস্তে মোকাবিলা করতে হবে।

[6-30—6-40 p.m.]

আজকে সেইজন্য আমি বলবে, আজকে এইটা তর্কবিতর্কের প্রশ্ন নয়—প্রশ্ন হচ্ছে, পুলিশ বাজেটের সময় বলেছিলাম যখন কমিটি করার কথা উঠেছিল তখন আমি বলেছিলাম যথার্থভাবে এই কমিটি নয়—আপনার হাতে ক্ষমতা দিয়ে এইভাবে চলতে হবে যাতে রাজ্যে শান্তিশৃঙ্খলা ফিরে আসে।

আজকে যে কারণেই হোক এই অঘটন ঘটেছে, যাতে এইরূপ আর না ঘটে তার চেষ্টা করতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে, কোন এম. এল. এ. যেন কোন দোষী ব্যক্তিকে ছেড়ে দেবার জন্য বা ছাড়িয়ে দেবার চেষ্টা বা সাহায্য না করেন। আমি বলি নিশ্চয়ই কোন এম. এল. এ'র যাওয়া উচিত হবে না। আজকে আপনি যদি বোঝেন যে হ্যাঁ ঐ সমস্ত অন্যায় তাহলে তাদের বিচারালয়ে পাঠিয়ে দিন, বিচারালয়ে নিশ্চয়ই আমরা যেতে পারব না, সেখানে আইনের জাসটিস বসে আছেন, সেই বিচার যা হবে তাই ঠিক হবে। কিন্তু আজকে আমরা যদি দেখি যে অন্যায়ভাবে পুলিশ কোন শ্রমিকদের উপর মালিকের হয়ে শান্তি এবং শৃঙ্খলাকে ভংগ করছে তাহলে কি হবে? এইসব ক্ষেত্রে দেখতে হবে জোতদার, জমিদার কোলিয়ারির মালিক প্রভৃতির হয়ে পুলিশ যোগসাজস করে তাদের উপর যদি অন্যায় আচরণ করে সেইসব ক্ষেত্রে ভাল করে চিন্তা করে দেখতে হবে। যখন আমরা দেশের মানুষের কাছে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করব বলে আশ্বাস দিয়েছি তখন কোন পুলিশ মালিকের সংগে গাঁটছড়া বেঁধে শ্রমিকের স্বার্থ ব্যাহত করে—তাই আজকে স্মরণ করিয়ে দিতে চাই, এইটা সি. পি. এম-এর পুলিশমন্ত্রী সেই জ্যোতিবাবুর রাজত্ব নয়, যে রাজত্বে দাঁড়িয়ে দাঁড়িয়ে সাধারণ মানুষ মার খাবে এবং মরবে এইটা হতে পারে না। আমি মনে করি মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে মুখ্যমন্ত্রী যে বলিষ্ঠ পদক্ষেপ অবলম্বন করেছেন তার ফলে আজকে পুলিশ ভেহিমেণ্ট ড্রাইভ দিয়েছে। সেখানে আজকে যা শুনতে পাচ্ছি ৪৪ জনের মধ্যে যখন ২৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে আমরা আশা করব বাকি যারা আছেন তাদেরও গ্রেপ্তার করার জন্য যথাযথ ব্যবস্থা প্রয়োগ করা হবে। এবং তাদের আদালতে বিচারের জন্য পাঠানো হবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে আজকে যখন আমরা ২১১ জন আছি গণতান্ত্রিক মোর্চার বন্ধুরা, তখন আমরা নিশ্চয়ই সমর্থন করছি যে আমাদের মুখ্যমন্ত্রী এই অরাজক অবস্থা থেকে দেশকে বাঁচাবার জন্য যে চেষ্টা করে যাচ্ছেন তার সেই শক্তিকে আমরাও জুগিয়ে যাব। কোন শক্তিই আমাদের হটিয়ে নিয়ে যেতে পারবে না। আমরা আইনশৃঙ্খলা ফিরিয়ে আনব এইটা পশ্চিম বাংলার মানুষকে ১৯৬৯ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত আমরা বলে আসছি, যুক্তফ্রন্টের আমলে বারে বারে আমাদের মুখ্যমন্ত্রী তখনকার বিরোধী দলের নেতা এই হাউসে দাঁড়িয়ে তিনি তখন অ্যাসেম্বলীতে আমাদের লিডার ছিলেন, তিনি এই কথা বলেছেন। আমার মনে আছে আপনি আপনার বক্তৃতায় বলেছেন এই কথা, আজকে তাই মানুষের আস্থা আমাদের প্রতি এসেছে। সুতরাং মানুষ আজকে আমাদের সাহায্য করতে এগিয়ে এসেছে এই কথা আমাদের মনে রাখতে হবে। ঐ পুলিশগুলি যারা ঐ জ্যোতিবাবুর সংগে ইনক্লাইও যারা জনমানসে আপনাকে, আমাকে, আমাদের সরকারকে হেয় করবার চেষ্টা করবে, এই সমস্ত পুলিশ হোক, কর্মচারী হোক, উর্ধতন কর্মচারী হোক, রাইটার্স বিল্ডিংসেই হোক না কেন তার বিরুদ্ধে বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে এগিয়ে যেতে হবে। কলকাতা মহানগরীতে এমন দিন গিয়েছে যখন সন্ধ্যা সাতটার পর মা, এবং বোনেদের নিরাপত্তা ছিল না, তারা সেদিন গয়না গায়ে দিয়ে রাস্তায় বেরতে পারতেন না, এমনকি তারা সন্ধ্যার পর সিনেমা দেখতে যেতে পর্যন্ত পারেন নি। তাদের মর্যাদা থাকবে কিনা, ইজ্জত থাকবে কিনা এই সন্দেহ। আজকে যদি তাদের জিজ্ঞাসা করা যায় এই অবস্থা কি আছে। আজকে মা, বোনেরা উত্তর দেবেন না সে অবস্থা নেই। আজকে যদি নিরপেক্ষভাবে জিজ্ঞাসা করা যায় তারা নিশ্চয় নিরপেক্ষভাবেই বলবেন না আজকে তেমন অবস্থা নেই। তারা বলবেন নিশ্চয়ই আমরা অপেক্ষাকৃত শান্তিতে আছি। আজকে তেমনি কৃষিক্ষেত্রে একই কথা আসবে। শিল্পক্ষেত্রে একই কথা আসবে। তাই আজকে বলবো আমাদের মুখ্যমন্ত্রী সর্বপ্রযত্নে এবং সর্বপ্রচেষ্টায় শান্তির চেষ্টা চালিয়ে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই কটি কথা বলে বলবো দেশের আইনশৃঙ্খলা ফিরিয়ে আনবার জন্য এই ঘটনার পরিপ্রেক্ষিতে যে ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা স্বাধ্য হয়েছে, সুষ্ঠু হয়েছে এবং সুন্দর

হয়েছে এবং আমরা মনে করি এইভাবে চলবে। এই কথা বলে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে পূর্ণ সমর্থন জানাই এবং তিনি এই যে সুযোগ দান করেছেন যেটা তিনি ভলেণ্টিয়ারিলি করেছেন তারজন্য তাঁর আন্তরিক অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ্।

**Shri Siddhartha Shankar Ray :** মাননীয় অধ্যক্ষমহাশয়, সরকারের একটা আইন-শৃঙ্খলা বজায় রাখবার ক্ষুদ্র প্রচেষ্টাকে এই রকমভাবে মাননীয় সদস্যরা অভূতপূর্ব সমর্থন জানাবার জন্য আমরা সত্যই তাঁদের কাছে কৃতজ্ঞ। আমরা এইটুকু বলতে পারি আন্তরিকতার সংগে আমরা চেষ্টা করবো আইন-শৃঙ্খলা বজায় রাখতে। সেই আইন-শৃঙ্খলা বজায় রাখতে গিয়ে আমাদের অন্যদিকেও নিশ্চয় দৃষ্টি দিতে হবে যাতে একসেস না হয় এবং যারা প্রকৃত দোষী তাদের বিরুদ্ধে যাতে ব্যবস্থা গ্রহণ করা হয় এবং ব্যবস্থা গ্রহণের পর আদালত আছে যাদের উপর কিছুটা অন্যায় হয়েছে নিশ্চয় আদালতে তারা যাবে, কিন্তু অন্যায় যতটা কম হয় তার চেষ্টা করবো। কিন্তু যখনই খবর পাবো এই রকম খবর—লুঠের বা খুনের নিশ্চয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সরকার চিনাকুড়ির ঘটনা সম্পর্কে যে ব্যবস্থা করেছেন আমি মনে করি যে যে-কোন সুস্থ সরকার এটা করতো। এটা গণতান্ত্রিক যে-কোন সরকারের দায়ীত্ব এই দায়ীত্ব পালনের জন্য প্রত্যেক মাননীয় সদস্যকে আপনার মাধ্যমে আমি অনুরোধ করছি আমাদের সম্পূর্ণ সমর্থন করতে, সাহায্য করতে এবং আমাদের যে সমস্যা সেই সমস্যার সমাধানের জন্য তাঁদের সমর্থন আমরা চাইছি।

**Statement under Rule 346**

**Shri Siddhartha Shankar Ray :** Mr. Speaker, Sir, it is a matter of regret that a very senior honourable Member of this House, Shri Prafulla Chandra Sen is resorting to a sit-down 'Satyagraha' and camping in a public place in the very heart of Calcutta. His intention is to protest against the requisition order passed in respect of 59B Chowringhee Road by the Government of West Bengal and to compel its withdrawal. We have deliberately not said anything uptill now because we felt that the Government should not take part in a wholly unnecessary controversy about a very simple order of requisition. Moreover, it was not the Government's intention to embarrass a very senior member of this Hon'ble House by placing certain facts before the public which to say the least, were unpalatable. However, in view of the present situation and in view of the attitude taken up by the Congress (Organisation) Party, the Government is now reluctantly compelled to disclose all facts connected with this requisition so that the people may be able to judge the Government properly. I want to categorically state that in passing

[6-40—6-50 p. m.]

the requisition order the Government had no political motivation whatsoever, but its sole intention was to requisition the premises concerned for a public purpose without in any way affecting the functioning of any political party far less the Congress Organisation Party.

May, I, Sir place all the facts relevant to this requisition for the information of the Hon'ble Members ? If after going through all these facts any one feels that the Government has acted wrongly, the Government is prepared to correct itself. But I am confident that having regard to what was happened, as would be disclosed from the facts I am about to place before this Hon'ble House, no one, unless he is politically motivated, will in any way criticise or condemn the Government for the action it had taken with regard to 59B Chowringhee Road.

Sir, on the 26th March, 1972, and the 2nd April, 1972, respectively, advertisements were issued in the "Statesman" by the Public Service Commission, West Bengal, saying that they required office accommodation of about 20,000 sq. ft. I am placing these two advertisements on the Table of the House.

After these advertisements were issued, three offers came to the Public Service Commission from the following concerns :

(1) Messrs. Neela Estates of which Shri J. Dalmia is in charge.

(2) Messrs. Rampuria Brothers, and

(3) Messrs. Cox & Cooks.

The offer of Neela Estates was made by their letter No. NS/2/278. dated 27th March, 1972. By this letter Neela Estates offered inter alia 59B Chowringhee Road to the Public Service Commission for being taken on rent by it. Thereafter the Public Service Commission was allowed inspection by Messrs. Neela Estates or Shri J. Dalmia of 59B Chowringhee Road. It was an absolutely vacant premises and no one was occupying it. In fact it appeared that upon vacating the Premises the Congress Organisation had sold 45 fans, the light fittings and other fittings for Rs.10,000 to a third party. The Congress Organisation office had also been already removed from the premises to a smaller house next door. After this inspection, the Public Service Commission by a letter, dated 5th April, 1972, and addressed to Shri J. Dalmia of 10 Alipore Road, Calcutta-27, sought certain clarifications with regard to the offer made by Neela Estates by their aforesaid letter, dated 27th March, 1972. On the same day, i. e., on the 5th April, 1972, Shri J. Dalmia offiered the clarifications asked for, but he made it clear that "in any event please note that the entire building including the ground floor and basement contains approximately 30,000 sq. ft. The avarage rate of rent, less than Re. 1/- (Rupce one) per sq, ft. shall not be acceptable".

With regard to the query as to whether the Public Service Commission will be entitled to the exclusive use of the lift and staircase in the premises, Shri Dalmia in this letter categorically stated, 'The facility requested for shall be given subject to the entire building being taken by you on rent".

It will thus appear from this that

(a) Shri J. Dalmia was wanting Rs. 30,000 per month (30,000 sq. ft. at Re. 1 per sq. ft.) for the premises, and

(b) that the entire building was being offered.

It may further be noted that inspection was allowed to the Public Service Commission by Messrs. Neela Estate or J. Dalmia without there being any protest whatsoever of any kind by the Congress Organisation Party or by anybody on its behalf.

It appeared in point of fact that Shri J. Dalmia had negotiated with the Congress Organisation, and there was some arrangements that the entire premises would be let out by the Jana Sevak Trust Ltd. to J. Dalmia at a rent of approximately 63 paise per sq. ft. which comes to roughtly Rs. 18,900 per month. Therefore, Shri J. Dalmia by giving the premises on rent to the Public Service Commission at Rs. 30,000 a month was going to make a clean profit of Rs. 11,100 per month.

I am placing on the table of the House the original letter received from Messrs. Neela Estates, dated the 27th March, 1972, the copy of the letter, dated 5th April, 1972, from the Secretary, Public Service Commission, West Bengal, to Shri J. Dalmia and the original letter, dated 5th April, 1972, from Shri J. Dalmia to the Secretary, Public Service Commission. These are the letters which were referred by me earlier in my statement.

While negotiations were going on between the Public Service Commission and Shri J. Dalmia, the West Bengal Small Industries Corporation Ltd. found itself urgently requiring suitable office accommodation in view of the increase in the volume of its work pursuant to the present policy of the Government. This requirement of the Corporation was extremely urgent, and it was imperative that something had to be done straightaway. The Government then found that 59B, Chowrighee Road was lying vacant with locks on, and in fact attempts were being made to let out the premises to the Public Service Commission itself at a rent higher than the rent which Shri J. Dalmia was supposed to pay to the Jana Sevak Trust Ltd. The Government then had three options open to it :

(a) to conclude and agreement with Shri J. Dalmia which would have meant that Government would have to pay Rs. 30,000 per month for the premises in question ;

(b) to negotiate with Jana Sevak Trust Ltd. which would have meant litigation for, in that case, it was more than likely that Shri J. Dalmia would file a suit for specific performance against the Jana Sevak Trust Ltd. and get the Government involved in unnecessary litigation ;

(c) to requisition the house straightaway which would have meant no litigation and getting the premises at a monthly rent to be fixed under the provisions of the law, and not at an exorbitant rate, as asked for by Shri J. Dalmia.

Having taken every circumstances into account, and particularly the circumstances that the Congress Organisation did not have any office whatsoever at the premises in question, that it was lying vacant, and that no part of it was required for the Congress Organisation Party, the Government decided to requisition the premises in question and, accordingly, on the 10th July, 1972, a requisition order under the law was passed and on the 11th July, 1972 at 3-30 p. m. the Government took possession of 59B Chowrighee Road in accordance with the aforesaid requisition order. On the 12th July, 1972 the Public Service Commission was also informed by the Government that 59B Chowringhee Road had been requisitioned for the West Bengal Small Industries Corporation Ltd. Thereafter the Secretary of the Public Service Commission informed the Government that he had been carrying on negotiations with Shri J. Dalmia for taking rent of the premises in question, but the Land and Land Revenue Department informed the Public Service Commission that since the premises has been requisitioned for the Corporation, the Public Service Commission cannot be given the premises. On the 13th July, 1972, i. e., immediately after possession had been taken by the Government of the premises in question, the General Secretary of the Congress Organisation in a statement issued in the "Statesman" of the 13th July, 1972 said that the requisition order had not affected the portion of the building which was in the possession of the Congress Organisation Party. The Government had occupied the portion which belonged to the Jana Sevak Trust I am laying on the Table a copy of the "Statesman", dated 13th July, 1972.

On the 14th July, 1972 Shri Prafulla Chandra Sen made a statement which appeared in the "Statesman" on the 14th July, 1972 in which he said, "In 1971 the W. B. P. C. C. office was shifted from the bigger house to the smaller one with the purpose of letting out the former, and it is was expected that the rent received would be given to the W. B. P. C. C. to clear debts as well as to meet among other things maintenance charges, rents and taxes. In September last year it was arranged that the six-storey building would be leased out for 50 years and some amounts in different instalments were taken from an industrialist."

I am laying before the House a copy of the "Statesman" containing Shri Prafulla Chandra Sen's statements, dated 14th July, 1972.

From the above facts the following things appear clearly :

(a) The Congress Organisation Party vacated the premises in question in 1971 ;

(b) The Congress Organisation Party wanted to let out the premises in question ;

(c) In September last year some arrangement were arrived at whereby it was agreed that the premises in question would be leased out for 50 years, and some amounts in different instalments were taken from Shri J. Dalmia, although no final lease was granted in his favour ;

(d) Shri J. Dalmia was taking the premises at approximately Rs. 18,900 per month, but he was carrying on negotiations with the Public Service Commission to let it out to the Public Service Commission at the rate of Rs. 30,000 per month by making a net profit of Rs. 11,100 per month ;

(e) It was in the public interest and also for a public purpose that it was necessary to immediately requisition the premises ;

(f) The Government requisitioned the house because by doing so it has also saved large sum of money for, otherwise, it would have had to pay Rs.30,000 per month, as asked for by Shri J. Dalmia ;

(g) that the Congress Organisation Party through its General Secretary made it absolutely clear that the requisition order did not affect the portion of the building which was in the possession of the party.

[6-50—7-00 p. m.]

Sir, it has been said by Shri Prafulla Chandra Sen, "if the need of the Government was so urgent, why has it not taken possession of the premises by arresting us ?" Sir, I want to make one thing clear. The Gcvernment has no intention of being guilty of any unseemly conduct. The Government had in good faith and for a public purpose and also in the public tnterest requisitioned the premises in question and the requirement of the Government is certainly very urgent, but unfortunately Shri Prafulla Chandra Sen and his colleagues are blocking the way through which the Government can now move in its furniture and other articles and to carry on work in the premises in question. The passage is entirely blocked and now Shri Prafulla Chandra Sen is living in a tent there. I would, therefore, requist Shri Prafulla Chandra Sen, a senior member of this House, to kindly make a passage through which Government servants can enter the premises in question and take the furniture and other articles into it. The people of Bengal will no doubt realise that this alleged Satyagraha is not for any princple but perhaps a struggle for Selami or a struggle for illegally occupying a particular premises. The Government requisition order has not hurt or affected the Congress Oranisation Party in any way, for, the Government also under the law will have to, and is bound to, pay rent to the Jana Sevak Trust, the owners of the premises, for carrying out the purpose of its Trust. Therefore, the Congress Organisation Party is not in any way being touched, but in spite of that they have tried to create an atmosphere as if the Gavernment was acting in a most dictatorial and arbitrary manner.

May I end, Sir, by saying that had the Government agreed to take the premises in question from Shri J. Dalmia for a sum of Rs. 30,000 a month, would any one have started a Satyagraha, or would any member of this House have decided to live in tent in front of 59B Chrwringhee Road ? The answer is clear. If we have agreed to pay Rs. 30,000 to Shri J. Dalmia and taking possession of the house, everything would have been perfect, but since we have tried to pervent this profiteering and to save our exchequer from an unnecessary burden, there has to be a Satyagraha which, in my respectful submission, Sir, is nothing but politically motivated and a desperate attempt by a political party to somehow catch the attention of the people. I would, therefore, in all seriousness and all humility request Shri Parfulla Chandra Sen and his partymen to desist from the Satyagraha, or alternatively to allow the Government to go to the premises in question and start work there. I thank you, Sir.

**Shri Biswanath Mukherjee :** স্পীকার, স্যার, এই ঘটনাটা খুব খানিকটা জনসাধারণের মধ্যে চাঞ্চল্য সৃষ্টি করেছে। আমি গ্রামের দিকেও শুনেছি গভর্ণমেন্ট একটা রাজনৈতিক দলের বাড়ী নিয়ে নিচ্ছেন এটা কি কথা। এবং আমরাও অন্ধকারে ছিলাম। কাল সর্বপ্রথম, বোধ হয় বিজয় দা, একটা ষ্টেটমেন্ট করেছেন। গভর্ণমেন্ট যদি কিছুদিন আগে এই ষ্টেটমেন্টে করতেন তাহলে হয়ত পাবলিক কনফিউশন এতটা হতো না। যাই হোক গভর্ণমেন্ট যে বিবৃতি দিয়েছেন, মুখ্য মন্ত্রীমহাশয় যে বিবৃতি দিলেন এবং যে সমস্ত দলিল তিনি উল্লেখ করলেন এবং হাউসের সামনে রেখেছেন তাতে বেশ স্পষ্টই দেখা যাচ্ছে যে বাড়ীটা ভাড়া দেওয়া হচ্ছে এবং বাড়ীটা যদি ভাড়া দেওয়া হয় নিজের কাজের জন্য না রেখে ব্যবসাদারকে ভাড়া দেওয়া হয় তাহলে গভর্ণমেন্ট কেন নিতে পারে না সেই বাড়ী তার অফিসের কাজের জন্য এটা কিন্তু পাবলিককে বুঝান শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের পক্ষেও কষ্টকর হবে। তবে আমি একটা অনুরোধ তাঁকে করবো যে তাঁরা নিশ্চয়ই একথা বুঝাবার চেষ্টা করছেন যে কোন রাজনৈতিক দলের বাড়ী দখল করার মতলব আমাদের নয়, তাঁরা কোন রাজনৈতিক দল হিসাবে এই বাড়ী দখল করে ছিলেন না, এই বাড়ীতে তাঁদের অফিস ছিল না কিন্তু যে ভাড়াটা ডালমিয়া দিতে রাজী হয়েছিল তাঁদের সেই ভাড়াটা অন্ততঃ গভর্ণমেন্টের দেওয়া উচিত ছিল। এটা আমার মত এবং প্রফুল্ল সেন মহাশয় খুবই বয়স্ক ব্যক্তি, আমার ছেলেবেলায় তাঁকে আমি একজন বড় নেতা বলে মানতাম এবং তিনি যে ওখানে রয়েছেন এবং ব্লক করেছেন বলে কিন্তু তাঁর উপর হামলা করা উচিত নয় আমাদের। তবে সকলে মিলে তাঁকে এটা বুঝান উচিত যে আপনি ডালমিয়ার কাছ থেকে যে ভাড়া পেতেন গভর্ণমেন্ট আপনাকে সেই ভাড়াই দেবে বা জনসেবক ট্রাষ্টিকে সেই ভাড়াই দেবে, খামাখা এই হাংগামা করার দরকার কি। এই কথা সকলে মিলে বুঝিয়ে তাঁকে নিবৃত্ত করলেই ভাল হয়।

**Mr. Speaker :** Honourable members, there would be no debate on the statement made just now by the Hon'ble Chief Minister, but some of you have sought my permission to say something on it. I will allow you to do so, but no controversial point should be raised.

**Shri Barid Baran Das :** স্যার, আমি এর উপর দু' একটি কথা বলতে চাই। স্যার, আমি মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয়ের বক্তব্যের একটা কথা উল্লেখ করে আমার বক্তব্য শুরু করছি। উনি সত্যাগ্রহের কথা বলেছেন। ওখানে যিনি বসতেন আমাদের সকলের শ্রদ্ধেয় বর্ষীয়ান নেতা প্রফুল্ল দা, তিনি সত্যাগ্রহ করছেন। আমরা যারা সত্যাগ্রহের কথা শুনেছি, ধরুন আমার উপরে খাদি পরা আছে, ভিতরটা খাদি নয় কিন্তু যাঁরা মহাত্মা গান্ধীর কথা আমাদের সামনে বলেছেন তাঁরা জীবিত আছেন, যাঁরা সত্যাগ্রহের কথা বলেছেন তাঁরা জীবিত আছেন এবং তিনি অন্য দল করলেও তাঁর প্রতি আমার পূর্ণ শ্রদ্ধা আছে। কিন্তু এই সত্যাগ্রহ সম্বন্ধে মহাত্মা গান্ধী পরিষ্কার বলেছিলেন যে সত্যির প্রতি আগ্রহ রেখে সত্যাগ্রহ কর। আজকে মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় আমাদের সামনে যে বক্তব্য রাখলেন তারপর প্রফুল্ল দা সম্বন্ধে আমি কিছু বলতে পারি মাননীয় সদস্যদের। আজকে তিনি যে অন্দোলন করেছেন সেটা সত্যাগ্রহ নয়। তিনি অসত্যের প্রতি আগ্রহ রেখেছেন। অসত্যের প্রতি আগ্রহ রেখে আমরা প্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে আন্দোলন করতে দেখতে পারি না। স্যার, আজকে যে দলে উনি আছেন, সেই দল, তথাকথিত কংগ্রেস সংগঠন দল বলে পরিচয় দেন, যে দলের উপরে লেখা থাকে সমাজবাদের কথা। আজকে ডালমিয়াকে বাড়ী ভাড়া দিয়ে সেইভাবে সমাজবাদের পদক্ষেপ হবে আর সরকারকে বাড়ী ভাড়া দিলে সেটা সমাজবাদ নয় এটা প্রফুল্ল সেন মহাশয়ের মত মাননীয় সদস্য ও বর্ষীয়ান নেতা আজকে যদি আমাদের সামনে উদাহরণ-স্বরূপ রাখেন আমি তাহলে একজন তরুণ সদস্য হিসাবে দুঃখ পাই। আমরা বহুবার বহু মিটিংএ সরকারের বিরুদ্ধে কথা বলতে শুনেছি। সরকার, আমাদের দল প্রাণবন্ত দল, আমাদের বিশ্বনাথ বাবু বলেছেন জনসাধারণের ;মধ্যে কনফিউশন দেখা দিয়েছিল, আমরা অনেক সদস্য এই বিতর্কের মধ্যে পড়েছিলাম যে এটা ঠিক হয়েছে, না ভুল হয়েছে। কিন্তু আজকে মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়ের বক্তব্যের পর এটা পরিষ্কার বোঝা গিয়েছে যে সরকার ইদানীংকালে যে কয়েকটি সুন্দর কাজ করেছেন, বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন, নূতন দৃষ্টান্ত রেখেছেন তার মধ্যে একটি হল এই বাড়ী দখল করা এবং এর জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। এই বাড়ী দখল করার প্রয়োজন আছে দখল করাটা আমরা এস্ট্যাবলিস করতে চাই না কিন্তু আজ এটা দখল হয়নি, একটা সত্যকে দখল করা হয়েছে। যে সত্যকে নষ্ট করার জন্য আজকে প্রফুল্ল সেন মহাশয় সত্যাগ্রহ করছেন আমি বলবো এই আন্দোলন তুলে নিতে। তাঁকে আমি জিজ্ঞাসা করছি এই কারণে যে তাহালে ভবিষ্যতে আমাদের কাছে সত্যাগ্রহ কথাটা বিকৃত রূপ নিয়ে আসবে না। এই কথাটা বলে, এই বক্তব্যকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7—7-03 p. m.]

**Shri Jyotirmoy Majumder :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের জনপ্রিয় মুখ্য-মন্ত্রিমহাশয় এখন আমাদের সামনে ৫৯ চৌরঙ্গী ভবন সরকার কর্তৃক অধিকার গ্রহণের ব্যাপারে যে বক্তৃতা রাখলেন, সেই বক্তব্যের উপর আমি কিছু বলতে চাচ্ছি। এই কারণে বলতে চাচ্ছি, যে ভবন সরকার গ্রহণ করেছেন, সেই ভবনকে ডাকা হয় কংগ্রেস ভবন বলে। যে সরকার জনসাধারণের প্রয়োজনে এই ভবন নিলেন, সেও কংগ্রেস সরকার, কিন্তু পার্থক্য আছে। যা কথা হয়েছে তাতে আমি একমত। গত সাধারণ নির্বাচনের আগে আমরা প্রত্যেকে পত্র-পত্রিকা মারফত লক্ষ্য করেছি, মাদ্রাজে কামরাজ, আর একজন নেতা ৪৫ লক্ষ টাকা ঐ কংগ্রেসের নির্বাচনের ব্যয়ের জন্য তুলেছিলেন। আমরা অবাক হয়ে গেছলাম একথা শুনে যে শুধুমাত্র মাদ্রাজ থেকেই ৪৫ লক্ষ টাকা সংগৃহীত হয়েছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, পরবর্তী ঘটনা যা তাতে আপনি নিশ্চয়ই আমার সংগে একমত হবেন, আমরা দেখতে পেলাম যখন রাজন্যভাতা তুলে দিলেন সরকার, তখন এঁরা অন্যান্য নেতারা নৃপতিবর্গের পৃষ্ঠপোষকতা করেছিলেন।

আমরা দেখলাম, ভরতবার্ষর নেত্রী ইন্দিরা গান্ধী যখন দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করার জন্য গরীবি হঠাও আন্দোলনের ডাক দিলেন, তখনও কিন্তু এঁরা নৃপতিবর্গের সমর্থনে ধনতন্ত্রকামী, পুঁজিবাদী মনোবৃত্তিকে প্রতিষ্ঠা করার জন্য, ভারতবর্ষের বুকে তাঁদের চিন্তাধারা প্রসারিত করতে চেয়েছিলেন। (এই সময়ে সবুজ বাতি জলে উঠে।) আমি এখনি শেষ করছি স্যার, প্রাক্তন মুখ্যমন্ত্রী ডালমিয়া যখন বাড়ীটা ভাড়া নিলেন তখন কিন্তু সত্যাগ্রহ অন্দোলন করতে চাননি, কিন্তু বাংলার জনসাধারণের প্রয়োজনে যখন সরকার বাড়ীটা নিলেন, তখন এলেন আন্দোলন করতে। এটাই স্বাভাবিক। স্যার, এতে আমরা কিন্তু বিন্দুমাত্র আশ্চর্য হইনি। কেন না এঁরা নৃপতিবর্গের সমর্থনে ধনতন্ত্র এবং পুঁজিবাদ প্রতিষ্ঠা করতে চাইছেন, জনপ্রিয় সরকারের চাইতে, এই প্রগতিশীল সরকারের চাইতেও, তাঁর কাছে ডালমিয়া কাছের লোক।

(সময়সীমা উত্তীর্ণ হয়ে যাওয়ায়, মাননীয় সদস্য আসন গ্রহণ করলেন)

**Adjournment**

The House was then adjourned at 7-3 p. m. till 1 p. m. on Monday, the 7th August, 1972, at the "Assembly House", Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 7th August, 1972, at 1 p. m.

**Present**

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 6 Ministers of State, 3 Deputy Ministers and 126 Members.

**Oath or Affirmation of Allegiance**

[1—1-10 p. m.]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

**Mr. Speaker :** Now questions. Starred questions No. 497 and 498 may be taken together.

## STARRED QUESTIONS

**( to which oral answers were given )**

### মুর্শিদাবাদ জেলায় ক্র্যাস প্রোগ্রাম

*৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৭।) **Shri Md. Dedar Baksh :** কৃষি এবং সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জন্য কতগুলি স্কীম ক্র্যাস প্রোগ্রামের অন্তর্ভুক্ত হয়েছে এবং মঞ্জুরীর জন্য পাঠান হয়েছে এবং মোট কত টাকা ব্যয় হবে ; এবং

(খ) পূর্বের কোন মঞ্জুরীকৃত স্কীম থাকলে ঐরূপ কতগুলি স্কীম-এ কাজ চলছে এবং কত টাকার স্কীম মঞ্জুর হয়েছিল ?

**Shri Abdus Sattar :** (ক) মুর্শিদাবাদ জেলায় এ পর্যন্ত মোট ২১টি স্কীম ক্র্যাস প্রোগ্রামের অন্তর্ভুক্ত করা হয়েছে, ইহার মোট ব্যয় ২৮ লক্ষ ১৩ হাজার টাকা। ইহা ব্যতীত ৩টি সেচ প্রকল্প ভারত সরকার অনুমোদন করিয়াছেন, ইহার মোট ৪ লক্ষ ৬ হাজার টাকা।

(খ) উপরি-উক্ত স্কীমগুলির সবকটিই পূর্বের মঞ্জুরীকৃত এবং ৩টি সেচ প্রকল্প ব্যতীত সবগুলিতে কাজ চলিতেছে। ২৮ লক্ষ ১৩ হাজার টাকার স্কীম মঞ্জুর হয়েছিল।

## বিভিন্ন জেলায় ক্র্যাস প্রোগ্রাম

*৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯।) **Shri Sudhir Chandra Das :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ জেলায় এ বছর কতগুলি ক্র্যাস প্রোগ্রাম-এর কাজ চালু হইয়াছে এবং ঐ কাজের জন্য মোট কত টাকা ব্যয় হইয়াছে ;

(খ) এই বছর ক্র্যাস প্রোগ্রাম-এ মোট কত টাকা কোন্ কোন্ জায়গায় জন্য ব্যয়বরাদ্দ আছে ; এবং

(গ) ঐ প্রোগ্রাম-এ কোন্ কোন্ জেলায় বর্তমানে গড়ে কত শ্রমিক কাজ করিতেছে ?

**Shri Abdus Sattar :** (ক) এ বছর মোট ১৫টি জেলায় ৩৯৬টি Crash Programmeএর কাজ চালু হইয়াছে। বিস্তৃত বিবরণের জন্য এতদসংলগ্ন তালিকাটি দ্রষ্টব্য। Col. 8
ঐ কাজের জন্য এ বছর মোট ৪৬ লক্ষ ১৪ হাজার টাকা এ পর্যন্ত (মে ১৯৭২) ব্যয় হইয়াছে।

(খ) পশ্চিমবঙ্গের জন্য Crash Programmeএ এই বছরের মোট বরাদ্দ ২৯৯ লক্ষ টাকা, জেলাভিত্তিক বরাদ্দ কিছু নির্দ্দিষ্ট হয় নাই, তবে প্রত্যেক জেলাকে এ বছরের জন্য ন্যূনপক্ষে ১২.৫০ লক্ষ টাকা ব্যয় করিতে হইবে।

(গ) শ্রমিক হিসাব mandaysএ দেওয়া হইল। সংলগ্ন রিপোর্টে উল্লিখিত ১৫টি জেলাতেই ঐ programmeএ বর্তমানে ১৫ লক্ষ ১৫ হাজার mandays সৃষ্টি করিয়াছে ; অর্থাৎ বিভিন্ন জেলায় গড় mandays ১০১,৬৬৬।

*Statement referred to in starred question No. 498 (Ka)*

**Statement showing the districtwise position of sanctioned Projects under C.S.R.E.**

| Sl. No. | Name of District | Estimate of | Estimated expendi-ure for 1971-72 on net grant basis | Balance programme to be executed during 1972-73 & 1973-74 | Estimate of projects sanctioned in 1972-73 | Total estimate of projects approved for execution up-to-date | No. of Project | No. of P.S. covered out of Total No. of P.S. | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 1 | 24 Parganas* | 89.37 | 20.37 | 69.02 | 1.17 | 70.19 | 29 | 21/50 | * One Fisheries Development scheme esti-mated at Rs.14.441 lakhs held in abeyance for want of L. A. |
| 2 | Midnapore | 109.30 | 20.00 | 89.81 | 0.31 | 90.12 | 65 | 30/35 | |
| 3 | Hooghly | 35.08 | 14.60 | 20.48 | — | 20.48 | 19 | 12/20 | |
| 4 | Purulia | 51.18 | 12 40 | 38.68 | 0.38 | 39.06 | 27 | 13/17 | |
| 5 | West Dinajpur | 9.86 | 3.73 | 6.13 | 17.92 | 24.05 | 42 | 13/16 | |
| 6 | Darjeeling | 59.65 | 20.72 | 38.93 | 1.23 | 40.16 | 9 | 6/13 | |
| 7 | Nadia | 15.04 | 4.51 | 10.53 | 2.82 | 13.35 | 47 | 12/14 | |
| 8 | Bankura | 57.47 | 15.23 | 42.24 | 0.27 | 42.51 | 34 | 16/19 | |
| 9 | Birbhum | 42.07 | 17.42 | 24.65 | — | 24.65 | 30 | 13/14 | |
| 10 | Burdwan | 54.06 | 6.35 | 47.71 | — | 47.71 | 10 | 9/27 | |
| 11 | Cooch Behar | 12.06 | 1.94 | 10.12 | — | 10.12 | 33 | 8/8 | |
| 12 | Murshidabad | 28.13 | 1.18 | 26.95 | — | 26.95 | 21 | 8/21 | |
| 13 | Howrah | 3.58 | 0.98 | 2.60 | 0.32 | 2.92 | 7 | 4/17 | |
| 14 | Jalpaiguri | 18.03 | 0.20 | 17.83 | — | 17.83 | 10 | 8/13 | |
| 15 | Malda | 1.09 | — | 1.09 | 3.10 | 4.19 | 13 | 8/10 | |
| | Education Deptt. Primary School Rooms | | 13.40 | — | — | — | — | — | |
| | Total | 586.50 | 153.13 | 446.77 | 27.52 | 474.29 | 396 | 181/294 | |

*C. S. R. E.—Consolidated Report*

| 1 | | 2 |
|---|---|---|
| Name of District | | Employment Provided (Mandays '000) Cumulative since beginning (1st April) of current year 1972-73. |
| 1 | Burdwan | 171 |
| 2 | Birbhum | 195 |
| 3 | Bankura | 45 |
| 4 | Midnapore | 238 |
| 5 | Hooghly | 71 |
| 6 | Howrah | 15 |
| 7 | Purulia | 49 |
| 8 | 24 Parganas | 181 |
| 9 | Nadia | 246 |
| 10 | Murshidabad | 59 |
| 11 | Malda | 1 |
| 12 | West Dinajpur | 99 |
| 13 | Jalpaiguri | Nil |
| 14 | Darjeeling | 115 |
| 15 | Cooch Behar | 59 |
| | Total | 1,525 |

**Shri Dedar Baksh :** এই যে ১১টি স্কীম ও ৩টি সেচ প্রকল্প ক্র্যাশ প্রোগ্রামের অন্তর্ভুক্ত করা হয়েছে, আমি সেই স্কীম ও প্রকল্পগুলির নাম জানতে চাচ্ছি, দয়া করে সে নামগুলো বলবেন কি ? টেবিলে নাই।

**Shri Abdus Sattar :** আমি উত্তরে দিয়েছি কোন্ জেলায় কোন্ স্কীম, পশ্চিমবঙ্গের সমস্ত জেলা সম্পর্কে সেখানে বলা হয়েছে। এ সম্পর্কে আবার নোটিশ দিলে বিস্তারিত বলতে পারবো।

**Shri Dedar Baksh :** এই যে ৩টি সেচপ্রকল্প ভারত সরকার মঞ্জুর করেছেন, এর কাজ কখন আরম্ভ হবে ?

**Shri Abdus Sattar :** যত শীঘ্র সম্ভব এর কাজ আরম্ভ করা যাবে।

**Shri Sudhir Chandra Das :** আপনি উত্তরে যে বরাদ্দ টাকার কথা বলেছেন, সেটা কি ১৯৭২-৭৩ এর, না, ১৯৭১-৭২ সনের ?

**Shri Abdus Sattar :** স্কীমগুলি নেওয়া হয়েছে ১৯৭১-৭২ সালে, সেই কাজ এখনো চলে আসছে। প্রত্যেক বছর এই ক্রাস প্রোগ্রামের জন্য পাচ্ছি ২ কোটি ৯৩ লক্ষ টাকা। গত বছর ঐ টাকার মধ্যে খরচ হয়েছে মাত্র ১ কোটি ১৮ লক্ষ টাকা, কাজেই সব টাকা খরচ হয় নাই। বাকি টাকার কাজ এ বছরও চলে আসছে। এ বছরও ঐ একই পরিমাণ ২ কোটি ৯৩ লক্ষ টাকার জন্য কেন্দ্রীয় সরকারকে লিখেছি। প্রথমে তাঁরা refuse করেন, পরে বলেছেন বিবেচনা করে দেখছি।

[1-10—1-20 p.m.]

**Shri Sudhir Chandra Das :** এই ক্রাস প্রোগ্রামে গ্রামীন বেকার সমস্যা সমাধানের খুব সহজ উপায় এই কথা ভেবে—গভীর নলকূপ বসানোর কাজে এখন' দেখছি টাকার অভাব, বিদ্যুতের সংকট এ সব থাকার জন্য বসানো সম্ভব হবে না। সেইজন্য সেচ এলাকাও করা যাবে না—এইসব কথা ভেবে মৎস্য উৎপাদন করার জন্য ও সেচের জন্য পুকুর কাটার কাজকে অগ্রাধিকার দেবার কথা সরকার ভাবছেন কিনা ?

**Shri Abdus Sattar :** পুকুর কাটা চলবে, মোটামুটি যা স্কীম যা oriented scheme for the purpose of agriculture যাতে লোকে খাটার সুযোগ পায় সেই হিসাবে পুকুর কাটা at the same time labour oriented. রাস্তা এবং বিভিন্ন কিছু আছে এবং ঐ পুকুর কাটা ইরিগেসেন এবং সয়েল কনজারভেসন ইত্যাদি সবই আছে। তবে আপনি যে পুকুর কাটার সাজেসন দিলেন সেই স্কীম আমরা নিশ্চয় ভেবে দেখবো।

**Shri Sudhir Chandra Das :** আপনি যে তথ্য দিয়েছেন তাতে দ্বিতীয় পৃষ্ঠায় পোজিসনটা লেখা আছে তাতে লেখা আছে ১৪ লক্ষ কত টাকা হেল্ড ইন অ্যাবেয়েন্স আছে ফিসারীজ ডিপার্টমেন্টের, এর কারণ কি ?

**Shri Abdus Sattar :** আমাদের ২ কোটি ৯৯ লক্ষ টাকা ছিল, তারমধ্যে খরচ হয়েছে ১ কোটি ১৮ লক্ষ ১৯৭১-৭২ সালে বাকি টাকা ফেরৎ গেছে।

**Shri Sudhir Chandra Das :** পাশে নোটে লেখা আছে ১৪ লক্ষ কত টাকা ফিসারী ডিপার্টমেন্টের হেল্ড ইন অ্যাবেয়েন্স—সেটা কেন ?

**Shri Abdus Sattar :** আমার এখানে প্রশ্নের উত্তরে এটা দেখছি না। তবে ক্রাস পোগ্রাম বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে আসে। যেটা আছে সেটা নিশ্চয় কাজ হয় বলে আছে। আপনি বলছেন ফিসারী ডিপার্টমেন্টের আছে, আপনি ফারদার নোটিশ দিন এটা দেখবো, আমার এখানে যে প্রশ্ন তাতে এটা নাই।

**Shri Kumardipti Sengupta :** মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে গত তিন বছর মুর্শিদাবাদ জেলায় বন্যা হয়েছে এবং সেখানকার মানুষদের বাঁচাবার জন্য ক্রাস পোগ্রামে সেখানে অধিকতর টাকা বরাদ্দ করার ব্যাপারে তিনি কি সচেষ্ট হবেন ?

**Shri Abdus Sattar :** মুর্শিদাবাদ জেলা বলে শুধু নয়, মোটামুটি আমাদের মুখ্যমন্ত্রী এবং আরও কয়েকজন সহকর্মী বিভিন্ন জেলা ঘুরেছেন, আমরা বলেছি যে ক্রাস প্রোগ্রামের মাধ্যমে যাতে লোককে কাজ দিতে পারি সেই স্কীম যদি আসে তাহলে আমরা যতদূর সম্ভব টাকা তাতে লাগানো যায় তা লাগাতে আমরা রাজী আছি।

**Shri Kumardipti Sengupta :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেহেতু ভরতপুরের তিনটি ব্লকে একটিও ক্যাস প্রোগ্রাম নেওয়া হয়নি সেইহেতু ভরতপুরের তিনটি ব্লকে অন্ততপক্ষে তিনটি ক্যাস প্রোগ্রাম-এর কাজ যাতে হয় তারজন্য সহৃদয়তার সংগে বিবেচনা করবেন কি ?

**Shri Abdus Sattar :** পাঠাবেন নিশ্চয় বিবেচনা করবো।

**Shri Md. Dedar Baksh :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে মুর্শিদাবাদ জেলায় ২১টি ক্র্যাস প্রোগ্রাম এবং তিনটি সেচপ্রকল্প নেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এরমধ্যে ভগবানগোলা এবং নবগ্রাম থানার জন্য কোন স্কীম অন্তর্ভূক্ত হয়েছে কিনা ?

**Shri Abdus Sattar :** আমি আগেই বলেছি যে থানাভিত্তিক নেই। থানাভিত্তিক জানতে হলে আলাদা প্রশ্ন দেবেন, আমি উত্তর দেব।

**Shri Aswini Roy :** ৪৯৮' এর উত্তরে যা বললেন তাতে ১৫ লক্ষ ১৫ হাজার ম্যানডেজ সৃষ্টি হয়েছে এবং টাকার দিক থেকে ১ কোটি ১১ লক্ষ টাকার মতন খরচ হয়েছে বললেন। তাহলে হিসাব করে দেখা যাচ্ছে যে প্রত্যেক লোকপিছু ১'১৮/২০ পয়সা ব্যয় হয়েছে। আজকের দিনে ১'১০/২০ পয়সা ব্যয় এটা মানুষের বেঁচে থাকার যেটা সাবসিসটেন্স লেভেল সেটা ঠিক আজকের বাজারের অনুপাতে মেনটেন করা যাচ্ছে না। সেইজন্য আমার জিজ্ঞাস্য এই ক্রাস প্রোগ্রাম বা টেস্ট রিলিফ ইত্যাদি ক্ষেত্রে আমাদের যে পুরানো হারটা সেটা বাড়াবার কথা সরকার বিবেচনা করছেন কি ?

**Shri Abdus Sattar :** আপনি বোধহয় প্রশ্নটা ভাল করে দেখেন নি। ১২'৫০ লক্ষ টাকা ব্যয় হয়েছে তা নয়, এটা কমপক্ষে একটা জেলাতে খরচ করতে হবে, খবচ হয়েছে বলিনি। খরচ হয়েছে ১ কোটি ১৮ লক্ষ টাকা এবং তাতে ১৫ লক্ষ ২৫ হাজার ম্যানডেস সৃষ্টি হয়েছে। কাজেই এখন ভাগ করে দেখুন কি হয়।

**Shri Aswini Roy :** তা করেই বলেছি ১'১০/২০ এই পর্যন্ত হতে পারে। সেজন্য আমার স্পেসিফিক প্রশ্ন হচ্ছে আজকে দ্রব্যমূল্যের অনুপাতে পার ম্যান হিসাবে ১'১০ পয়সা হারটা কম। এতে স্টারভেসান থেকেও বাঁচানো যাবে না। সাবসিসটেন্স লেভেলে আনার জন্য যদি এটা বাড়াতে হয় তাহলে সেক্ষেত্রে পুরানো হারটা এইসব ক্ষেত্রে বাড়াবার কথা সরকার চিন্তা করেছেন কি ?

**Shri Abdus Sattar :** বিবেচনা করা হবে।

**Dr. Sailendra Chattopadhyay :** প্রাকৃতিক বন্যা এবং মানুষের বন্যা সম্পর্কে আমরা জানি যে প্রাকৃতিক বন্যা যখন হয় তখন ক্র্যাশ প্রোগ্রামের কাজ হয় না এবং মানুষের বন্যার জন্য যারা ব্যস্ত তারা ক্রাস প্রোগ্রামের কাজে ব্যস্ত থাকেন না। কারণ ক্রাস প্রোগ্রামের কাজ সাধারণত: করেন জেলাপরিষদের কর্মীরা এবং স্যাংসান করেন ডেভালপমেন্ট ডিপার্টমেন্ট। মাননীয় মন্ত্রিমহাশয় এসম্পর্কে প্রকৃত তথ্য জেনে এই জিনিসটা বারংবার যাতে না হয় সেটার জন্য ব্যবস্থা করবেন কি ?

**Shri Abdus Sattar :** করবো।

## বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতাল

*৪৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৬।) **Shri Kashinath Misra :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতার বিভিন্ন মেডিক্যাল কলেজ হাসপাতালে যে অনুপাতে (১) ঔষধ-পথ্য, (২) ডাক্তার, নার্স ও অন্যান্য শ্রেণীর কর্মচারী, এবং (৩) গ্রান্ট-এর ব্যবস্থা আছে সেই অনুপাতে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে ব্যবস্থা নাই ; এবং

(খ) অবগত থাকিলে, (১) ঐরূপ বৈষম্য থাকার কারণ কি ; এবং (২) সরকার বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালকে অন্যান্য কলেজ হাসপাতালের ন্যায় সর্বপ্রকার সাহায্য দিবার কি ব্যবস্থা করিয়াছেন ?

**Shri Ajit Kumar Panja :** (ক) কলিকাতার বিভিন্ন মেডিক্যাল কলেজ হাসপাতালে যে সকল সুযোগসুবিধা আছে শয্যাসংখ্যার অনুপাতে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালেও সেইরূপ সুযোগসুবিধার ব্যবস্থা করা হয়েছে।

(খ) (১) এবং (২) প্রশ্ন উঠে না।

**Shri Kashinath Misra :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে শয্যাসংখ্যার অনুসারে সকল সুযোগসুবিধা আছে। মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, বাঁকুড়া হাসপাতালে বর্তমানে কত ডাক্তার, নার্স এবং অন্যান্য শ্রেণীর কর্মচারী আছেন ?

[1-20—1-30 p. m.]

**Shri Ajit Kumar Panja :** আপনি যদি ডিটেলস জানতে চান তাহলে সেইভাবে আমার কাছে প্রশ্ন রাখলে পরে বা নোটিশ দিলে পরে আমি জানাবো। তবে এ সম্বন্ধে আপনাকে বলি ২৮ লক্ষ টাকা ব্যয়ে মেডিকেল কলেজটির কনসট্রাকসন এখন সম্পূর্ণ হয়ে গেছে। আর ৫০ লক্ষ টাকা ব্যয় করে মেডিকেল কলেজ হাসপাতাল তৈরীর ব্যাপারটি স্বাস্থ্যদপ্তর অনুমোদন করে অর্থদপ্তরে পাঠিয়েছেন। তারা কিছু কিছু প্রশ্ন তুলে আবার আমাদের কাছে ফেরৎ পাঠিয়েছেন। শীঘ্রই সেই প্রশ্নগুলির উত্তর দিয়ে আবার অর্থদপ্তরে পাঠানো হবে।

**Shri Kashinath Misra :** মন্ত্রিমহাশয় বললেন যে হাসপাতালটির নতুন অ্যাডমিনিষ্ট্রেটিভ বিলডিং হচ্ছে এবং তারপরে সেখানে আরো শয্যাসংখ্যা বৃদ্ধি বা অন্যান্য সব উন্নতির কথা বললেন। কিন্তু বর্তমানে বারান্দায় এই রৌদ্র এবং বৃষ্টিতে যেখানে রোগীরা আছে, তাদের জন্য কি ব্যবস্থা করা হচ্ছে, জানাবেন কি ?

**Shri Ajit Kumar Panja :** আমি তো উত্তর দিয়েছি যে নতুন হসপিটাল ব্লক এবং ক্যাজুয়ালটি ব্লকের জন্য ৫০ লক্ষ টাকা ব্যয় করা হবে এবং সেটা স্বাস্থ্যদপ্তর অনুমোদন দিয়েছেন। কিন্তু আপাততঃ বৃষ্টি বা রৌদ্রের জন্য রোগীদের কষ্ট হচ্ছে বলে কোন প্রশ্ন নেই এবং সে রকম খবর আমার কাছে আসেনি।

**Shri Kashinath Misra :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কবে নাগাদ এই কাজ আরম্ভ হতে পারে ?

**Shri Ajit Kumar Panja :** এই বছর ২৬শে জুন তারিখে আমরা অর্থদপ্তরে পাঠিয়েছি। ২০শে জুলাই তারিখে সেটা আবার ফিরে এসেছে, এখন সেটা দেখা হচ্ছে এবং যে প্রশ্নগুলি অর্থদপ্তর জানতে চেয়েছেন তার উত্তর দিয়ে আবার পাঠানো হবে। এখন ঠিক বলা সম্ভব নয়।

## মুর্শিদাবাদ জেলায় নলকূপ

*৫০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৫।) **Dr. Md. Ekramul Haque Bjswas :** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে অচল নলকূপের সংখ্যা কত, এবং

(খ) উক্ত জেলায় খরা পরিস্থিতির মোকাবিলায় এ পর্যন্ত প্রতি ব্লকে কত নূতন নলকূপ বসানো হয়েছে এবং কত অচল নলকূপ সচল করা হয়েছে?

**Shri Abdus Sattar :** (ক) কমবেশী ১,২০০টি।

(খ) এতদসম্পর্কিত বিবরণী টেবিলে উপস্থাপিত করা হল।

*৫৬৫নং বিধানসভা প্রশ্নের (খ) অংশের উত্তরে উল্লিখিত বিবরণী

**No. of tubewells Sank/Re-sank/Repaired in the district of Murshidabad**

| Sl. No. | Name of Block | No. of T/Well Re-sunk | No. of T/Well New Sinking | No. of T/Well repaired |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| 1 | Berhampore | 49 | 1 | 38 |
| 2 | Hariharpara | 58 | 10 | 21 |
| 3 | Nowda | 39 | — | 79 |
| 4 | Beldanga-I | 64 | — | 97 |
| 5 | Beldanga-II | 60 | 6 | 56 |
| 6 | Domkul | 31 | — | 41 |
| 7 | Jalangi | 72 | 2 | 100 |
| | | 373 | 19 | 441 |
| 8 | Kandi | 68 | 5 | 51 |
| 9 | Khargram | 50 | 5 | 232 |
| 10 | Burwan | 39 | — | 224 |
| 11 | Bharatpur-I | 56 | — | 74 |
| 12 | Bharatpur-II | 34 | — | 36 |
| | | 247 | 10 | 617 |
| 13 | Nabagram | 28 | — | 124 |
| 14 | Raninagor-I | 35 | — | 13 |
| 15 | Raninagor-II | 38 | — | 17 |
| 16 | Bhagabangola-I | 26 | 4 | 4 |
| 17 | Bhagabangola-II | 34 | — | 8 |
| 18 | Lalgola | 30 | 2 | 154 |
| | | 211 | 6 | 311 |

| Sl. No. | Name of Block | No. of T/Well Re-sunk | No. of T/Well New Sinking | No. of T/Well repaired |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| 19 | Murshidabad & Jiaganj | 41 | — | 10 |
| 20 | Sagordighi | 10 | — | 85 |
| 21 | Raghunathganj-I | 19 | 3 | 196 |
| 22 | Raghunathganj-II | 39 | — | 60 |
| 23 | Suti-I | 15 | 2 | — |
| 24 | Suti-II | 21 | 1 | 30 |
| 25 | Farakka | 7 | — | 27 |
| 26 | Samserganj | 19 | 3 | 15 |
| | | 171 | 9 | 423 |
| | | 1,002 | 44 | 1,792 |

### চেতলা ব্রীজ

*৫০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৫।) **Shri Prodyot Kumar Mahanti :** উন্নয়ন ও পরিকল্পনা (টাউন অ্যাণ্ড কাণ্ট্রি প্ল্যানিং) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চেতলা ব্রীজ নির্মাণে প্রথম পর্যায়ে কত টাকা ব্যয় ধার্য করা হইয়াছিল;

(খ) বর্তমানে টাকার পরিমাণ বৃদ্ধি করা হইয়াছে কি না এবং হইয়া থাকিলে, কত টাকা বৃদ্ধি করা হইয়াছে; এবং

(গ) উক্ত ব্রীজের নির্মাণকার্য কোন্ কণ্ট্রাক্টর গ্রহণ করিয়াছেন?

**Shri Subrata Mukhopadhyaya :** (ক) চেতলা সেতু ও সেতুমুখী পথ নির্মাণে প্রথম পর্যায়ে আনুমানিক ২০.৬৬ লক্ষ টাকা ব্যয় ধার্য করা হইয়াছিল।

(খ) হ্যাঁ, আরও ৮'১৫ লক্ষ টাকা বৃদ্ধি করা হইয়াছে।

(গ) চ্যাটার্জী ব্রাদার্স' মূলসেতু, 'ডি. এন. বসুরায়' চেতলা দিকের উঁচু পথ এবং 'পাল অ্যাণ্ড কোং' চেতলা দিকের নীচু পথ ও পয়ঃপ্রণালী নির্মাণ কাযের কনট্রাক্ট গ্রহণ করিয়াছেন।

**Shri Prodyot Kumar Mahanti :** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি—এই দ্বিতীয় বারে অর্থবৃদ্ধি করার কারণ কি, সেটা বলবেন?

**Shri Subrata Mukhopadhaya :** ঐ পথ এবং সমস্তভাবে প্ল্যান করে দেখা গেল যদি বাজার এবং পাশের একটি রাস্তা ভাল করে করা যায় তাহলে এটা আরো সুন্দর হয়, সেইজন্য দ্বিতীয় পরিকল্পনা অনুযায়ী এটার ব্যয়বৃদ্ধি করা হয়েছে।

**Shri Prodyot Kumar Mahanti :** এরই পাশে আলিপুরে যে ব্রজটি হচ্ছে সেটা প্রায় সম্পূর্ণ হয়ে গেছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি দয়া করে জানাবেন, এই চেতলা ব্রীজটির কাজ কবে আরম্ভ হয়েছে এবং এর প্রগ্রেস কতটা কি হয়েছে সেটা বলবেন?

**Shri Subrata Mukhopadhyay :** এটার জন্য নোটিশ দিতে হবে।

**Shri Prodyot Kumar Mahanti :** মাননীয় মন্ত্রিমহাশয় কি দয়া করে বলবেন—এই চ্যাটার্জি ব্রাদার্স কি পারশোস্থালি কোন রাজনৈতিক দলের কর্মকর্তাপদে আছেন, এটা জানেন ?

**Shri Subrata Mukhopadhyay :** জানি না।

**Shri Lakshmi Kanta Bose :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—এই মেসার্স চ্যাটার্জী ব্রাদার্স- এর নামে আমাদের পূর্ত দপ্তর একটি ১১ লক্ষ টাকার মামলা রুজু করেছেন, সুপ্রীম কোর্টে মামলাটি চলছে। কিন্তু তা সত্ত্বেও এই ধরনের কন্ট্রাকটরকে আবার সি. এম. ডি. এ. কাজের দায়িত্ব দেওয়া হল কেন ?

**Shri Subrata Mukhopadhyay :** মামলার ফয়সালা না হওয়া পর্যন্ত, বিচারাধীন থাকা পর্যন্ত সরকারের পক্ষ থেকে কোন মন্তব্য করা যায় না এবং বাতিল করা যায় না।

**Loss of crops due to drought**

*505. (Admitted question No. *725) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether the Government has an estimate/idea of the approximate loss of crops due to the unprecedented and prolonged drought in the State this year and its impact on the economy of the State ;

(b) whether the Government is undertaking any specific programme to save crops in the drought-prone areas of West Bengal ; and

(c) the amount of help received/likely to be received form the Government of India to meet the above situation ?

**Shri Abdus Sattar :** (a) The estimated loss of production of summer rice is about 1.08 lakh tonnes, the value of which is about Rs. 12.96 crores.

The estimated loss of production of *aus* is about 3 lakh tonnes and its value is about Rs. 36 crores.

The estimated loss of production of jute is about 15 lakh bales, the value of which is about Rs. 30 crores.

In addition, there has been loss of production of cotton, sugarcane and vegetables to a considerable extent, exact money value of which cannot to ascertained.

(b) Though there is no specific scheme for saving of crops, yet the Drought-prone Areas Programme which is being implemented in the entire district of Purulia, seven police stations of the district of Bankura and six police-stations of the district of Midnapore with 100 per cent central assistance with an outlay of Rs. 4.05 crores, mainly aims at providing irrigation facilities in the project areas to wipe out

the chronic drought. It may, however, be noted that with the implementation of the programme irrigation water will be made available to the farmers and as such, they will have the advantage of raising crops and save them with the irrigation warter so available which would not have been possible because of drought had not the programme been there.

(c) On the recommendation of the Central Team on Drought an amount of Rs. 2 crores has so far been approved by the Government of India as short-term loans for the purchase of seeds and fertilisers for the drought affected areas of this State of which sanction for Rs. 1 crore has been received and allotted to districts.

**Shri Rajani Kanta Doloi :** মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই রকম যে ফসলের ক্ষতি হ'ল drought-এর জন্য এব ফলে পশ্চিমবঙ্গে দুর্ভিক্ষের কোন আশংকা আছে কি ?

**Shri Abdus Sattar :** ফসলের ক্ষতি হলেও দুর্ভিক্ষের কোন আশংকা দেখছি না। কারণ আমাদের কাছে গম আছে, রাইস আছে এবং দরকার হলে অন্য প্রদেশ থেকে নিয়ে আসা হবে।

**Shri Rajani Kanta Doloi :** এখন থেকে যে বৃষ্টি আরম্ভ হয়েছে, এই রকম বৃষ্টি হতে থাকলে মন্ত্রিমহাশয় কি মনে করেন এই ক্ষতি পূরণ হতে পারে ?

**Mr. Speaker :** That is a matter of opinion.

**Shri Rajani Kanta Doloi :** মন্ত্রিমহাশয় জানাবেন কি, ৩০ কোটি টাকার মত পাটে ক্ষতি হয়েছে। আউস, আমনেরও ক্ষতি হচ্ছে। যেভাবে আমাদের পশ্চিমবঙ্গ সরকার specific programme-এর কথা বললেন—পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরের যেসব এলাকায় specific programme-এর কথা বললেন সেইসব এলাকা ছাড়া এই রকম specific programme অন্যান্য জায়গাতে গ্রহণ করবেন কি ?

**Shri Abdus Sattar :** মোটামুটি যা বলেছি, তারপর আরও বলছি further investigation-এ দেখছি because of the drought, loss of production of *aus*, সেটা এখানে বলেছি যে and its value is about 36 crores, further সেখানে দেখা গেছে সেখানে যে আউসের ক্ষতি হয়েছে তার পরিমাণ ৫৫ কোটি ১২ লক্ষ টাকা, আমনের কথা বলিনি, এই কারণে বলিনি আপনি আমনের কথা জানতে চাননি। তবে আমন transplantation-এ দেরী হয়ে গেছে। এখন যদি বীজ পায় এবং বুনতে পারে তাহলে make up হবে so far as aman is concerned, আর আউস, জুট যে ক্ষতি হবার হয়ে গেছে।

**Shri Rajani Kanta Doloi :** গত বছর যে ফসল হয়েছিল ৪৬ লক্ষ মেট্রিক টন, এই বছর transplantation হলে কি ৩১ লক্ষ মেট্রিক টন হবে, এই ধরনের কৃষি দপ্তর আপনাদের জানিয়েছে। এই যে ১৫ লক্ষ মেট্রিক টন কম হবে এটা কি মনে হয় make up করা যাবে ?

**Mr. Speaker :** That is a matter of opinion.

**Shri Rajani Kanta Doloi :** সমস্ত ক্ষেত্রে পরিমাণ বললেন, আউস, আমন ইত্যাদির পরিমাণ কত ?

**Mr. Speaker** : That you can calculate also.

[1-30—1-40 p.m.]

### মেখলিগঞ্জ হাসপাতালে বিদ্যুৎ সরবরাহ

*৫১০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮।) **Shri Madhu Sudan Roy :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালে মেখলিগঞ্জ হাসপাতালের ওয়েআরিং শেষ হওয়া সত্বেও অদ্যাবধি তথায় বিদ্যুৎ সরবরাহ না করার কারণ কি ; এবং

(খ) কবে নাগাদ এ হাসপাতালে বিদ্যুৎ সরবরাহ করা হইবে ?

**Shri Ajit Kumar Panja :** (ক) রাজ্য বিদ্যুৎ পর্যৎ থেকে বিদ্যুৎ সংযোগ এখন পর্যন্ত পাওয়া যায় নি।

(খ) শীঘ্রই হবে বলে আশা করা যায়।

**Shri Madhu Sudan Roy :** শীঘ্র মানে মন্ত্রিমহাশয় কতদিন বোঝাচ্ছেন ?

**Shri Ajit Kumar Panja :** সব হাসপাতালে এবং সব স্তরে সব স্টাফ এবং অন্যান্য এমপ্লইদের ইলেকট্রিসিটি দেবার জন্য ব্যবস্থা করা হচ্ছে। যেখানে যেখানে কাছাকাছি ইলেকট্রিক কানেকসন পাবার সম্ভাবনা আছে সেখানে খুব তাড়াতাড়ি হওয়ার সম্ভাবনা। শীঘ্র মানে কত তাড়াতাড়ি হবে সেটা বলতে পারছি না।

**Shri Madhu Sudan Roy :** মেখলিগঞ্জ হাসপাতালের খুব কাছেই ইলেকট্রিক লাইন আছে, তাহলে এইটা সম্বন্ধে শীঘ্র করবেন কি ?

**Shri Ajit Kumar Panja :** যদি কাছে থাকে তাহলে তাড়াতাড়ি হবার সম্ভাবনা আছে।

### নারিকেল গাছ

*৫১১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫।) **Shri Abdul Bari Biswas :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে বর্তমানে নারিকেল গাছের মোটসংখ্যা কত ;

(খ) উক্ত নারিকেলগাছের মধ্যে ফল দেয় এমন গাছের সংখ্যা কত ;

(গ) এই নারিকেল গাছের উপর কোন 'কর' ধার্য আছে কিনা ; এবং

(ঘ) না থাকিলে তাহার কারণ কি ?

**Shri Abdus Sattar :** (ক) ১৯৬৬-৬৭ সালের গননা অনুযায়ী হাওড়া, হুগলী, ২৪-পরগনা, মেদিনীপুর, জলপাইগুড়ি ও কোচবিহার জেলায় প্রায় ৬ কোটি ৪০ লক্ষ (৬,৩৯,১১,০০০)।

(খ) ৪,২৩,৫৩,০০০।

(গ) না।

(ঘ) প্রচলিত আইন অনুযায়ী নারিকেল গাছ কোন করের আওতায় আসে না।

**Shri Abdul Bari Biswas :** তাহলে এখন বুঝতে পারছেন যে যদি আমরা নারিকেল গাছের উপর কর ধার্য করি তাহলে সোয়া চার কোটি টাকা আমাদের হাতে আসে। তাহলে মাননীয় মন্ত্রিমহাশয় এই বিষয়ে কি কোন একটা নতুন আইন আনবেন ?

**Shri Abdus Sattar :** আপনি এই বিষয়ে ফাইনান্স মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করুন।

**Shri Abdul Bari Biswas :** আইনে যে অসুবিধা আছে সেই অসুবিধাগুলি দূর করে এই গাছগুলির মধ্যে যেগুলি ফল দেয় সেই গুলির উপর কর ধার্যের প্রস্তাব সরকারের আছে কি ?

**Mr. Speaker :** Honourable member may bring a private member's Bill if he choses.

**Shri Ramendra Nath Dutta :** এই নারকেল গাছগুলি কে গুনলো ?

**Shri Abdus Sattar :** কে গুনলো, তার নামটা তো মনে নেই, তবে তিনি একজন সরকারী কর্মচারী।

**Shri Abdul Bari Biswas :** স্যার, এটা একটা গুরুতর প্রশ্ন কেননা, মোট গাছের মধ্যে ৬,৩৯,১১,০০০ এর মধ্যে ৪,২৩,৫৩,০০০টি গাছ ফল দেয়, সেই জন্যই আমি এ বিষয়ে প্রশ্ন রাখছি।

## বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও শালতোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৫১২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬।) **Shri Sakti Pada Majhi :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে এবং জেলার বিভিন্ন হাসপাতালগুলিতে ডাক্তারের অভাবে ঐ এলাকায় চিকিৎসা সংকট দেখা দিয়েছে ; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ;

(গ) ইহা কি সত্য যে, শালতোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের গৃহটি অসমাপ্ত অবস্থায় পড়িয়া আছে , এবং

(ঘ) সত্য হইলে, কবে নাগাদ উহার কাজ সম্পূর্ণ হইবে ?

**Shri Ajit Kumar Panja :** (ক) ওয়েস্ট বেঙ্গল হেল্থ সার্ভিস ডাক্তারের সামগ্রিক স্বল্পতা আছে। সেইজন্য অন্যান্য জেলার মত বাঁকুড়া জেলাতেও এই স্বল্পতা বিগ্যমান। বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ কিছুকাল পূর্ব পর্যন্ত শিক্ষকের স্বল্পতা হেতু অবস্থা কতকটা জটিল ছিল। ইতিমধ্যে কয়েকজন শিক্ষক উক্ত কলেজে যোগ দেওয়ায় অবস্থার অনেকাংশে উন্নতি হয়েছে।

(খ) পাবলিক সার্ভিস কমিশানকে শূন্য পদগুলি পূরণ করার জন্য ৪০০ ডাক্তার মনোনয়ন করিতে অনুরোধ করা হইয়াছে। ইহা ছাড়া অ্যাড হক ভিত্তিতে কিছু নন-গেজেটেড ডাক্তারকে শীঘ্রই নিয়োগ করার বন্দোবস্ত করা হইয়াছে।

(গ) এবং (ঘ) শালতোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের গৃহটি এখনও অসমাপ্ত থাকিলেও বর্তমান আর্থিক বছরের মধ্যে যাহাতে উহার নির্মাণ সম্পন্ন হয় তাহার জন্য চেষ্টা করা হইতেছে।

**Shri Sakti Pada Majhi :** শালতোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বহুদিন থেকে মাত্র একজন ডাক্তার রয়েছে এবং তিনি কোয়ালিফায়েড নন। সেখানে ডাক্তার নিয়োগের কথা সরকার চিন্তা করছেন কি ?

**Shri Ajit Kumar Panja :** এটা প্রশ্নের মধ্যে যদিও ওঠে না তবু জানি বলে বলছি যেখানে ডাক্তার নেই যেমন শালতোড়ায় ডাক্তার নেই এই রকম জায়গায় চেষ্টা চলছে কিছু দিনের মধ্যে ডাক্তার নিয়োগের।

**Shri Kashi Nath Misra :** মন্ত্রিমহাশয় বলবেন কি তিনি যে বললেন বাঁকুড়ায় কয়েকজন ডাক্তার পাঠান হয়েছে এবং তারজন্য সেখানে যে অভাব ছিল সেটা মিটে গিয়েছে, তা কয়েকজন মানে সংখ্যায় কজন ?

**Shri Ajit Kumar Panja :** এটা আমার কাছে একটা লিস্ট আছে। আমি টেবিলের উপরে রাখছি। মাননীয় সদস্য দেখে নিতে পারেন তাতে আমাদের সময় বাঁচবে।

**Shri Kashi Nath Misra :** তিনি আরও বলেছেন নন-গেজেটেড কয়েকজন ডাক্তার পাঠান হচ্ছে। তাঁরা সংখ্যায় কত ?

**Shri Ajit Kumar Panja :** ১২২ জন।

**Shri Kashi Nath Misra :** বাঁকুড়ার জন্য কত ?

**Shri Ajit Kamar Panja :** তারজন্য নোটিশ লাগবে।

### তালডাংরা ও সিমলাপাল ব্লকে নলকূপ ও বড় কূয়া খনন

*৫১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৬।) **Shri Phani Bhusan Singhababu :** স্বাস্থ্য (রুরাল ওয়াটার সাপ্লাই) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার তালডাংরা ও সিমলাপাল ব্লকে বর্তমানে বৎসরে পানীয় জলের জন্য টিউবওয়েল ও বড় কূয়া খননের কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) থাকিলে, তাহার সংখ্যা কত; এবং

(গ) খরাপীড়িত উক্ত এলাকায় পানীয় জলের টিউবওয়েল ও বড় কূয়া এখনও পর্যন্ত না হইবার কারণ কি ?

**Shri Abdus Sattar :** (ক) হ্যাঁ আছে।

(খ) প্রতি ব্লকে অন্ততপক্ষে ৩৫টি করে নলকূপ খনন ও পুর্নখননের ব্যবস্থা হয়েছে।

(গ) তালডাংরা ব্লকে দশটি কূপ খনন করা হয়েছে। সিমলাপাল ব্লকে নয়টি নলকূপ বসানো হয়েছে, দুটি নলকূপ পুর্নখনন করা হয়েছে এবং ২২টি কূপ খনন করা হয়েছে।

**Shri Phani Bhusan Singhababu :** তালডাংরা ব্লকে যে ১০টি কূয়া খনন করা হয়েছে সেগুলো কি অবস্থায় আছে আজকে ?

**Shri Abdus Sattar :** সে তো আমি বলেছি খনন করা হয়েছে।

**Shri Phani Bhusan Singhababu :** সম্পূর্ণ হয়েছে কিনা তা জানতে চাইছি ? সেগুলো থেকে জল পাওয়া যাচ্ছে না এবং ১০টি কূয়াই অকেজো অবস্থায় পড়ে আছে।

**Shri Abdus Sattar :** আমার দৃষ্টি আকর্ষণ করবেন। আমি ব্যবস্থা করবো জল পাওয়ার।

**Shri Phani Bhusan Singhababu :** এখনও পর্যন্ত বৃষ্টি নামে নি। তবু মাটিতে বসে গিয়েছে। জলের কোন সমস্যার সমাধান হচ্ছে না। এ বিষয়ে দেখবেন কি ?

(নো রিপ্লাই।)

**Shri Sambhu Narayan Goswami :** প্রতি ব্লকে ৩৫টি করে করার কথা। যেগুলো হয়েছে সেগুলো ছাড়া বাকিগুলো কবে হবে জানতে পারবো কি ?

**Shri Abdus Sattar :** সেগুলো নিশ্চয়ই হবে।

**Shri Sambhu Narayan Goswami :** কবে হবে ?

**Shri Abdus Sattar :** আমরা মোটামুটিভাবে যে হিসাব পেয়েছি তাতে টারগেট যা ছিল তা হয়ে গিয়েছে। কিন্তু সেই কাজগুলো আমরা যেগুলো ডিফিক্যালট এরিয়াস বলে মনে করছি সেখানে সম্ভব হচ্ছে না। এমন কি কন্ট্রাকটাররাও পালিয়ে যাচ্ছে। সেখানে রকি সোল বলে সম্ভব হচ্ছে না। অন্যান্য জায়গায় যেটা ঘুরে এসেছি তাতে দেখা গিয়েছে সেখানকার যে টারগেট উইদিন দি ফাইন্যানসিয়াল ইয়ার অনেক বেশি করে ফেলেছে।

[1-40—1-50 p. m.]

**Shri Sambhu Narayan Goswami :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে অন্যান্য জেলায় টার্গেট পূরণ হয়ে গেছে, বাঁকুড়া জেলায় টার্গেট পূরণ না হওয়ার কারণ তিনি বলেছেন কন্ট্রাকটর খুঁজে পাওয়া যায় নি। আমাদের কাছে খবর আছে সরকারী মহল থেকে আগে চেষ্টা করলে কুয়ো খোঁড়া সম্ভব হত। এ সম্বন্ধে অবগত আছেন কি ?

**Shri Abdus Sattar :** সেখানে মোটামুটি কুপ এরিয়া, নলকূপ খুব কম বসে। তবুও নলকূপ বসানর জন্য একটা রিগ মেসিন বিহার থেকে আনা হয়েছে। শুধু বাঁকুড়া নয়, বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম দিনাজপুর, দক্ষিণ ২৪-পরগনার কিছু অংশ এগুলি ডিফিক্যালট এরিয়া, বর্ধমানের কয়েকটি ব্লক ডিফিক্যালট এরিয়া, এখানে কাজটা অগ্রসর হয়নি যেটা অন্যান্য জায়গায় যথেষ্ট ভাল হয়েছে।

**Shri Kashinath Misra :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে রিগ পাঠান হয়েছে, কয়টা রিগ পাঠান হয়েছে এবং একটা রিগে কয়টা টিউবওয়েল-এর কাজ সম্পন্ন হতে পারে ?

**Shri Abdus Sattar :** আপনি তো বুঝতে পারছেন যে কাজ এগোচ্ছে না।

**Shri Kashinath Misra :** কাজ এগোবার জন্য কি ব্যবস্থা করেছেন ?

**Shri Abdus Sattar** মোটামুটিভাবে বাঁকুড়াতে টাকা দিয়ে দিয়েছি। ওখানে ব্লক-ওয়াইজ ওয়াটার সাপ্লাই কমিটি করা হয়েছে। সেখানে আমরা দিয়েছি ১৫ লক্ষ ৫০ হাজার টাকা ৭৫০ মত করবার জন্য। যাতে তাড়াতাড়ি হয় তার জন্য আপনারা ব্যবস্থা করুন।

**Minimum price of Raw Jute**

***514.** (Admitted question No. *782.) **Shri Aswini Roy :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether the State Government has made any recommedation to the Central Government in the matter of fixation of the minimum price of raw jute for 1972-73 ; and

(b) if so, the details of such recommendations and the reply of the Central Government thereon ?

**Shri Abdus Sattar :** (a) and (b) This State Government does not consider minimum price of Jute fibre fixed by the Government of India at Rs. 115 per quintal during 1972-73 to be reasonable. The matter has

been taken up with the Government of India and is still at the stage of discussion. We have already written to the Central Government for revision of the price that has been fixed by the Central Government.

**Shri Aswini Roy :** কেন্দ্রীয় সরকার যেটা পাটের দাম ধার্য করলেন সেটা পশ্চিমবংগ সরকার মনে করছেন যে ন্যায্য হয়নি, তাহলে এটা ধার্য করার আগে কি কেন্দ্রীয় সরকার পশ্চিমবংগ সরকারের কোন মতামত নেননি ?

**Shri Abdus Sattar :** সে রকম আমার জানা নেই।

**Shri Aswini Roy :** এই যে বর্তমানে প্রাইস ধার্য করেছে যেটাকে আমরা এবং আপনি মনে করছেন ন্যায্য হয়নি এই সম্পর্কে কবে আমাদের স্টেট গভর্নমেন্ট থেকে রেফার করা হয়েছে এবং কি ন্যায্য দাম হবে তার সম্পর্কে কোন কিছু স্পেসিফাই করা হয়েছে কি ?

**Shri Abdus Sattar :** এর আগে যখন কৃষি সম্বন্ধে বাজেট পেশ করা হয়েছিল তখন বলেছিলাম মিনিমাম প্রাইস যদি সত্যিকারে চাষীকে দিতে হয় তাহলে কুইনটল প্রতি খরচ পড়ে ১২৭ টাকা, তাকে যদি ২০ পার্সেন্ট মার্জিন দিতে হয় তাহলে মোট তাকে দেওয়া দরকার মিনিমাম অ্যাট দি প্রাইমারী মার্কেট অ্যাণ্ড নট অ্যাট দি সেকেণ্ডারী মার্কেট, একেবারে গ্রামে ১৫৩ টাকা।

### জাঙ্গিপাড়া ব্লক ও চণ্ডীতলা ১নং ব্লকে গভীর নলকূপ

*৫১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮২০।) **Shri Ganesh Hatui :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জাঙ্গিপাড়া ব্লক ও চণ্ডীতলা ব্লক-এ গভীর নলকূপ বসাবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত কাজ আরম্ভ হবে বলে আশা করা যায় ; এবং

(গ) কতগুলি গভীর নলকূপ বসাবার পরিকল্পনা আছে ?

**Shri Abdus Sattar :** (ক) গভীর নলকূপ প্রকল্পের জন্য এই বৎসরের বাজেটে যথোপযুক্ত বরাদ্দ না থাকাতে বর্তমানের কোনও নূতন নলকূপ স্থাপন করা সম্ভব নয়। কেন্দ্রের নিকট হইতে যোজনা বহির্ভূত অর্থ সাহায্য পাওয়া গেলে নূতন নলকূপ স্থাপনের কর্মসূচী গ্রহণ করা হইবে।

(খ) এবং (গ) এই প্রশ্ন উঠে না।

**Shri Ganesh Hatui :** জংগীপাড়া ব্লকে বহুদিন থেকে একটা গভীর নলকূপ অনুমোদন পেয়েছে একথা কি সত্য ?

**Shri Abdus Sattar :** এবছরে কিছু নেই, গত বছরে থাকতে পারে।

**Shri Ganesh Hatui :** যদি থাকে তাহালে কবে নাগাদ কাজ শুরু হবে ?

**Shri Abdus Sattar :** আপনাকে দিন দিয়ে বলা সম্ভব নয়, তবে গত বছরে যদি স্যাংশন থাকে তাহলে দেরী হবে না।

**Shri Md. Safiullah :** অন্যান্য জায়গায় যখন গভীর নলকূপ বসানোর পরিকল্পনা আছে তখন এই দুটি ব্লকে বসান হচ্ছে না কেন ?

**Shri Abdus Sattar:** আপনাদের আগেই বলেছি এবছরে যে টাকা আছে ডিপ টিউবওয়েল খাতে তাতে নূতন কোন ডিপ টিউবওয়েল নেওয়া হবে না। পুরাণ যেগুলি আছে পাইপ বসাতে হবে সেগুলি করতেই টাকা ব্যয় হয়ে যাবে। তবে এটুকু আপনাদের বলতে পারি আমরা একটা পরিকল্পনা নিয়েছি এবং সেই স্কীম পাঠান হয়েছে সেনট্রাল গভর্নমেন্টের কাছে। কেন্দ্রীয় সরকারের কৃষি বিভাগ এটা অনুমোদন করেছে এবং এখন সেটা পড়ে আছে অর্থ দপ্তরে। আশা করি এটা হবে।

## হিমঘর

*৫১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৪।) **Shri Balai Lal Sheth:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট হিমঘরের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে কতগুলি (১) চালু এবং (২) অচল অবস্থায় আছে ; এবং

(গ) সরকারের নিয়ন্ত্রণাধীনে হিমঘরের সংখ্যা কত ?

**Shri Abdus Sattar:** (ক) ১৪৫।

(খ) (১) ১২৭।

(২) ১৮।

(গ) চার তন্মধ্যে দুইটি বর্তমানে চালু নাই।

**Shri Balai Lal Sheth:** সরকারী নিয়ন্ত্রণে যে কোল্ড স্টোরেজ আছে তার মধ্যে দুটি চালু না থাকার কারণ কি ?

**Shri Abdus Sattar:** সেই দুটি এখনও চালু করা হয়নি, তবে শীঘ্রই চালু করা হবে। টেকনিক্যাল কতগুলি ডিফিকালটির জন্যই এই অবস্থা হয়েছে।

**Shri Balai Lal Sheth:** আমরা জানি হুগলী জেলায় পদ্মা কোল্ড স্টোরেজ নামে যে কোল্ড স্টোরেজটি আছে সেটি দীর্ঘ ৭ বছর যাবত অচল অবস্থায় আছে এবং তার ফলে চাষীদের চাষের সময় খুবই অসুবিধা হয়। এটা কতদিনে চালু হবে জানাবেন কি ?

**Shri Abdus Sattar:** আপনি এটা আমাকে দেবেন, আমি দেখব কতদিনে চালু হতে পারে।

**Shri Balai Lal Sheth:** বেসরকারী কোল্ড স্টোরেজ অচল অবস্থায় থাকার কারণ কি ?

**Shri Abdus Sattar:** এটা আমার পক্ষে বলা সম্ভব নয়।

**Shri Balai Lal Sheth:** হুগলী জেলায় যে ৪৫টি কোল্ড স্টোরেজ আছে তার মধ্যে ৪/৫টি কোলড স্টোরেজ বিভিন্ন কারণে সরকারী এক্তিয়ারে এসে পড়ে। কিন্তু তারা ট্যাক্স ফাঁকী দেয় এবং সেদিকে কর্তৃপক্ষ দৃষ্টি না দেওয়ায় অচল অবস্থা হয়েছে একথা কি সত্য ?

**Shri Abdus Sattar:** আপনি যে কথা বললেন কর্তৃপক্ষ দৃষ্টি দেয়নি সেটা আমাকে জানাবেন, আমি দেখব।

**Shri Aswini Roy :** আপনি বলেছেন ৪টি সরকারী নিয়ন্ত্রনে আছে কিন্তু চলছে না। এরমধ্যে বর্ধমানে ডি ভি সি-র কোল্ড স্টোরেজ যেটা আছে সেটা হচ্ছে সরকারের। আমার প্রশ্ন হচ্ছে এটা যেহেতু পাবলিক সেক্টর সেইজন্য সরকার কি বিশেষভাবে চেষ্টা করে এটা যাতে চালু হয় তারজন্য দৃষ্টি দেবেন ?

**Shri Abdus Sattar :** ( নো রিপ্লাই )

## শস্যবীমা

*৫২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮।) **Shri Sukumar Bandyopadhyay :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খরা ও বন্যা কবলিত পশ্চিমবঙ্গের কৃষকদের আর্থিক ক্ষতি হইতে রক্ষা করিবার জন্য শস্যবীমা প্রবর্তনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কোন্ সময় হইতে তাহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**Shri Abdus Sattar :** (ক) পশ্চিমবঙ্গ সরকারের এ ধরণের কোন প্রকল্প বর্তমানে চালু বা বিবেচনাধীন নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

[1-50—2-00 p. m.]

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন খরা এবং বন্যার ফলে পশ্চিম বাংলার যে আর্থিক ক্ষতি হয় সে সম্বন্ধে কোন পরিকল্পনা এখন আছে কি এবং না থাকলে ভবিষ্যতে পরিকল্পনা কিছু করবেন কি ?

**Shri Abdus Sattar :** আমরা চিন্তা করছি।

**Shri Sukumar Bandhyopadhyay :** তিনি বললেন যে তিনি চিন্তা করছেন। তিনি এই সম্পর্কে আশু কোন কর্মপন্থা গ্রহণ করবেন কিনা ?

**Shri Abdus Sattar :** এখনই বলা সম্ভব নয়।

## চকদীঘি উপস্বাস্থ্যকেন্দ্র

*৫২১। (অনুমোদিত প্রশ্ন নং *১১২৩।) **Shri Puranjoy Pramanik :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় জামালপুর থানায় চকদীঘি উপস্বাস্থ্যকেন্দ্রের অন্তর্বিভাগ (ইনডোর) খোলার প্রস্তাব সরকারের আছে কিনা ; এবং

(খ) প্রস্তাব থাকিলে, উহা কত দিনে কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**Shri Ajit Kumar Panja :** (ক) আছে।

(খ) ১৯৭২ সালের ডিসেম্বর মাসের মধ্যে হবে বলে আশা করা যায়।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে এই স্বাস্থ্যকেন্দ্রে এখন একখানা রুমও নির্মাণ করা হয়নি ?

**Shri Ajit Kumar Panja :** মাননীয় সদস্যের প্রশ্ন আছে যে ইনডোর খোলার প্রস্তাব আছে কিনা—আমি সেখানে উত্তর দিয়েছি ইনডোর খোলার প্রস্তাব আছে।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, ইনডোর ওয়ার্ড বিনা ঘরে, বিনা বিলডিং-এ খোলা সম্ভব কিনা ?

**Shri Ajit Kumar Panja :** তাই আমি 'খ' প্রশ্নের উত্তর দিয়েছি যে, এই বছর ডিসেম্বর মাসের মধ্যে বিলডিং-এর কাজ শুরু হবে বলে আশা করা যায়।

## কচুরিপানা নিধন আইন

*৫২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫২।) **Shri Md. Safiullah :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কচুরিপানা বিনষ্টের জন্য যে আইন প্রণীত হইয়াছিল সেই আইনটি কি এখনও পশ্চিমবঙ্গে চালু আছে , এবং

(খ) চালু থাকিলে, ঐ আইন যাহাতে ঠিকমত পালিত হয় তাহা দেখার জন্য সরকারের কোন ব্যবস্থা আছে কিনা ?

**Shri Abdus Sattar :** (ক) ১৯৩৬ সালে প্রণীত কচুরিপানা বিনষ্টের আইন এখন পশ্চিমবঙ্গে কার্যকরী নাই। যদিও আইনটি রদ (repeal) করা হয় নাই।

(খ) আইনটি ঠিকমত পালিত হয় কিনা তাহা দেখার জন্য কোন বিশেষ ব্যবস্থা নাই।

**Shri Md. Safiullah :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে প্রতি বছর বর্ষায় হাজার হাজার একর কৃষিযোগ্য ভূমিতে কচুরিপানার জন্য প্রচুর ফসলের ক্ষতি হয় এবং যদি তা হয় তাহলে এর প্রতিরোধের জন্য কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি ?

**Shri Abdus Sattar :** আমাদের আইন আছে, রিপিল্ হয়নি, আইন যদিও আছে এনফোর্স করা হয়নি। এই আইন ছাড়াও আরো আইন আছে আমরা সেগুলি নিতে পারি।

**Shri Md. Safiullah :** আইনটা কি চালু রয়েছে ? আপনি জানেন যে পুষ্করিণী ও অন্যান্য বদ্ধজলাশয়ে কচুরিপানা জন্মানোর জন্য জলাশয় দূষিত হয়, তারজন্য পানীয় জলেরও অভাব ঘটে। এরজন্য কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি ?

**Shri Abdus Sattar :** জল নিশ্চয়ই দূষিত হয় এরজন্য আইন আছে। কচুরিপানা বিমুক্ত করবার জন্য আইন আছে। এছাড়া বিভিন্ন স্কীমে এই কচুরিপানা দূর করতে পারি।

**Shri Md. Safiullah :** দি বেংগল ওয়াটার হায়াসিথ অ্যাক্ট, এটা রিভাইব করে এনফোর্স করবেন কি ?

**Shri Abdus Sattar :** আইনটাত আছেই। সেটাকে কার্যকরী করা যায় কিনা সেটা দেখা যাবে।

**Cases pending in Lalbagh Criminal Courts**

*526. (Admitted question No. *1081.) **Shri Kumardipti Sengupta**: Will the Minister-in?charge of the Judical Department be pleased to state—

(a) the number of cases still pending in the Criminal Courts at Lalbagh, Murshidabad ; and

(b) the number of court rooms under the disposal of the Subdivisional Judical Magistrate at Lalbagh ?

**Shri Abdus Sattar**: (a) Number of pending Criminal cases is as follows :

(1) Trial cases—2,138

(2) General file—535

(3) Police files :

(i) G. R. files—486

(ii) N. G. R. files—183

(b) Two court rooms (including Subdivisional Judicial Magistrate) with one office and two chambers within the court rooms.

**Shri Kumardipti Sengupta**: Since we find from the answer given by the Hon'ble Minister that about 4,000 cases—3000 something—are pending, will the Government consider the question of construction of court buildings immediately for, the Hon'ble Minister himself knows, justice delayed means justice denied ?

**Shri Abdus Sattar**: I think, the honourable member knows that after the separation of the judiciary from executive now the responsibility lies with High Court and not with the Department concerned.

**Shri Kumardipti Sengupta**: Does the Hon'ble Minister absolve himself of the responsibility of giving relief to the litigant public by taking shelter under the answer that the responsibility is not his but is of the High Court ?

**Shri Abdus Sattar**: I shall take up the matter with the High Court.

**Shri Kumardipti Sengupta**: Is it a fact that since the place concerned is the home district of the Hon'ble Minister himself, just to prove that he is too impartial he is not taking steps ?

**Mr. Speaker**: That is a matter of opinion.

**Shri Abdus Sattar**: As I have said already, I shall take up the cases with the High Court.

### জৈবিকসার প্রকল্প

*529 (অনুমোদিত প্রশ্ন নং *1131.) **Shri Netaipada Sarkar :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, সরকার জৈবিক সার প্রকল্প তুলিয়া দিবার সিদ্ধান্ত করিয়াছেন ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) এই জৈবিক সার প্রকল্পে মোট গড়ে বৎসরে কত টন সার উৎপন্ন হইত ?

**Shri Abdus Sattar :** (ক) হাঁ।

(খ) আধুনিক কৃষি ব্যবস্থায় রাসায়নিক সার একান্ত অপরিহার্য। এই রাজ্যের জৈবিক-সার উৎপাদন প্রকল্পগুলি সুদীর্ঘকাল চালু ছিল এবং সেইগুলির দ্বারা জনসাধারণকে জৈবিক সারের উপযোগিতা ও প্রস্তুত প্রণালী সম্পর্কে যথেষ্ট ওয়াকিবহাল করা হইয়াছে। সরকার সিদ্ধান্ত করিয়াছেন যে সরকারী পর্যায়ে এই প্রকল্পগুলি আর চালু রাখার প্রয়োজন নাই। উহার পরিবর্তে অধিকতর পরিমাণে রাসায়নিক সার ব্যবহারের জন্য একটি বিশেষ প্রকল্প চলতি আর্থিক বৎসর হইতে গৃহীত হইয়াছে।

(গ) বিভিন্ন জৈবিক সারের বার্ষিক গড় উৎপাদন নিম্নরূপ :

(১) পৌর এলাকার কম্পোষ্ট সার—৩৬,০০০ মেট্রিক টন

(২) গ্রামাঞ্চলের কম্পোষ্ট সার—৪০,০০,০০০ মেট্রিক টন

(৩) কলিকাতার শ্লাজ্ সার—১০,০০০ মেট্রিক টন

[2—2-10 p. m.]

**Shri Netaipada Sarkar :** সরকার কি মনে করেন যে যতক্ষণ সমস্ত কৃষককে রাসায়নিক সার চাহিদামত সরবরাহ করা যাচ্ছে না সরকার জৈবিক সার প্রকল্প চালু রাখার কথা বিবেচনা করেছেন ?

**Shri Abdus Sattar :** বিবেচনা করছি না, কারণও দিয়ে দিয়েছি।

**Shri Neatipada Sarkar :** সমস্ত কৃষককে কি সরকার চাহিদামত রাসায়নিক সার সরবরাহ করতে পাচ্ছেন ?

**Shri Abdus Sattar :** এখনও পারছি না, দুর্গাপুর প্রকল্প চালু হলে তখন পারব।

## HELD OVER STARRED QUESTION

**(to which oral answers were given)**

### Board for plans and programmes of the State

*204. (Admitted question No. *57) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) if the Government has any proposal to set up any Committee/Board/Body/Division to monitor the progress and performance, and the implementation of the plans and programmes of the

State Government on the same pattern as has been done by the Planning Commission for the country ;

(b) if the State Government has received any such recommendation from the Planning Commission ; and

(c) if the answers to (a) and (b) be in the affirmative, then what are the proposals/recommendation ?

**Shri Sankar Ghosh** : (a) The different departments of the Government collect information from time to time on the progress and performance of thd Plan Schemes with which they are concerned. The information is collected and compiled from tours and reports of Regional Local Officers with whom the heads of directorates held periodical conferences as well. The results are made known to the heads of the departments and the concerned Ministers and their orders obtained for appropriate actions where necessary. However, notwithstanding all these the Government is considering a proposal as to whether 2 central cells for monitoring the progress, and implementation of the Plan Schemes should bet set up.

(b) Yes.

(c) The recommendation of the Planning Commission is about a central monitoring cell. This is under examination, as already stated.

**Shri Rajani Kanta Doloi** : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন Planning Commission's recommendation 19, clause (2) অনুযায়ী The Board's Secretariats should normally have four units : one dealing with Agriculture and Irrigation , the second with Power, Industry and Transport ; the third, with Social Services and the fourth, with Evaluation. State Government কি চিন্তা করছেন এই ভাবে সেক্রেটারিয়েটকে ৪ ভাগ করার

**Shri Sankar Ghose** : সমস্ত জিনিসটা বিবেচনাধীন আছে।

**Shri Rajani Kanta Doloi** : স্টেট প্ল্যানিং বোর্ডের রিপোর্টে বলা আছে "The State Planning Boards should also arrange to get information about progress of State Plan Schmes and prepare a progress report within six months of the close of the relevant year. The report should be placed before the State Legislature." মাননীয় মন্ত্রী কি জানাবেন এই ভাবে স্টেট লেজিসলেচারে তাদের রিপোর্টে পেশ করবেন within six months.

**Shri Sankar Ghose** : State Planning Board কয়েক মাস হল স্থাপিত হয়েছে, তাদের রিপোর্ট আসলে বিবেচনা করে দেখব।

## STARRED QUESTIONS

**(to which written answers were laid on the Table)**

### বরানগর-কামারহাটি জয়েণ্ট ওয়াটারওয়ার্কস

*৫০০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৭।) **Shri Shibapada Bhattacharjee :** উন্নয়ন ও পরিকল্পনা (নগর ও পল্লী উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বরানগর-কামারহাটি জয়েণ্ট ওয়াটারওয়ার্কস-এর কাজ শেষ হইয়াছে কিনা ; এবং

(খ) না হইলে, ইহার কাজ কবে শুরু হইয়াছিল ; এবং শেষ হইতে দেরী হওয়ার কারণ কি ?

**Minister for Development and Planning Department :** (ক) না।

(খ) বিভিন্ন কারণে বরাহনগর-কামারহাটি জয়েণ্ট ওয়াটারওয়ার্কস নির্মাণের কাজ শুরু হইতে বিলম্ব হয়। জমি সংগ্রহের কাজ শেষ হওয়ার পর নির্মাণের কাজ শুরু হইতে পারে। জমি সংগ্রহের ব্যাপারে অনেক আপত্তি এবং প্রতিবেদন আসে। প্রয়োজনীয় ৬৭ একর জমিকে এই সব আপত্তি এবং প্রতিবেদনের নিষ্পত্তির জন্য ৪৫·০৪ একরে কমাইতে হয়। জমি সংগ্রহ আইনের ৬নং ধারা অনুযায়ী নির্দেশনামা ৫ই সেপ্টেম্বর, ১৯৬১ তারিখে জারী হয়। এই জমি সংগ্রহের বিলম্ব এবং ইতিমধ্যে প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যবৃদ্ধির দরুন এষ্টিমেটের পরিবর্তন অপরিহার্য হইয়া পড়ে। ৪ঠা এপ্রিল ১৯৬৭ তারিখে মুখ্যবাস্তুকার পরিবর্তিত এষ্টিমেট দাখিল করেন। কিন্তু অর্থ স্বল্পতা হেতু ১৯৬৭-৬৮ সালে মুখ্য বাস্তুকারকে বৎসরে ২.৩ লক্ষ টাকার বেশী খরচ করিতে নিষেধ করা হয়। এইভাবে কাজ চলে কিন্তু অর্থাভাবে কাজের অগ্রগতি ব্যাহত হয়। অর্থ স্বল্পতার জন্য ৩১শে মার্চ, ১৯৬৯ পর্যন্ত জমি সংগ্রহ করিয়া মাত্র ২২ লক্ষ টাকা খরচ করা সম্ভব হইয়াছিল।

কাজ সম্পন্ন করার জন্য কেন্দ্রীয় প্রতিরক্ষা দপ্তরের নিকট তাহাদের জমির ভিতর দিয়া পাইপ লাইন বসাইবার অনুমতি চাওয়া হয় ২৮শে এপ্রিল, ১৯৬৯ তারিখে। প্রতিরক্ষা দপ্তর এই বিষয়ে অনুমতি দেয়। কাজ এখন প্রায় সমাপ্ত হইয়াছে। আশা করা যাইতেছে যে আগস্ট মাসের ভিতর প্রকল্পটি চালু হইবে।

### পশ্চিম দিনাজপুর জেলায় রিভার লিফট ইরিগেশন

*৫০১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৭।) **Shri Ramendra Nath Dutt :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় রিভার লিফট ইরিগেশন প্রথা কত জায়গায় চালু করা হয়েছে ;

(খ) রায়গঞ্জ মহকুমায় ঐরূপ লিফট ইরিগেশন প্রথা কয়টি এবং কোন্ কোন্ জায়গায় চালু আছে ;

(গ) উহার দ্বারা কত একর জমিতে জলসেচ হইতেছে , এবং

(ঘ) বর্তমান বৎসরে রায়গঞ্জ মহকুমায় আর কোন নূতন লিফট ইরিগেশন স্কীম চালু করার কোন প্রকল্প আছে কিনা ?

**Minister for Agriculture Deparment :** (ক) ৫৩ জায়গায়।

(খ) রায়গঞ্জ ব্লকে ৫টি কালিয়াগঞ্জ ব্লকে ৩টি, ইটাহার ব্লকে ১০টি, বংসীহারী ব্লকে ৪টি এবং কুশমণ্ডী ব্লকে ৬টি মোট ২৮টি চালু করা হইয়াছে।

(গ) ১৫৬ একর জমিতে।

(ঘ) বর্তমানে নাই।

## বহরমপুর হাসপাতালের প্রাক্তন কর্মচারীদের প্রভিডেন্ট ফাণ্ড ও ডেথ গ্র্যাচুইটির টাকা

*৫০২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫১।) **Shri Harendra Nath Halder :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর হাসপাতালের ৺মিহির চ্যাটার্জী, ৺হিমাংশু তালুকদার, ৺কালাচাঁদ মালাকার (পাট ব্যবসায়ী), ৺দ্বিজপদ সাহা ৺ললিতমোহন ঘোষ (ডোমকল হাসপাতাল), ৺যুথিকাবালা সেন প্রভৃতির ওয়ারিশগণ প্রভিডেন্ট ফাণ্ড ও ডেথ গ্র্যাচুইটির টাকা পাইয়াছেন কি না; এবং

(খ) না পাইয়া থাকিলে, ইহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**Minister for Health Department :** (ক) উল্লিখিত কর্মচারীদের মধ্যে ৺মিহির চ্যাটার্জী এবং ৺যুথিকাবালা সেনগুপ্ত (সেন নহে) ব্যতীত অন্যান্য সকলেই জীবিত আছেন। ইহাদের প্রাপ্য পেনসন, গ্র্যাচুইটি, ডেথ গ্র্যাচুইটি বা প্রভিডেন্ট ফাণ্ডের টাকা এখনও দেওয়া সম্ভব হয় নাই।

(খ) সংশ্লিষ্ট কর্মচারীদের পেনসন ইত্যাদির দরখাস্ত ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র, সার্ভিস রেকর্ডাদি পাইতে দেরী হওয়ায় এবং প্রাপনিকের (Accountant-General, West Bengal) রিপোর্ট পাইতে বিলম্ব হওয়ায় তাঁহাদের প্রাপ্য পরিশোধ করা হয় নাই। যাহাতে এ বিষয়ে দ্রুত নিষ্পত্তি হয় তাহার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হইয়াছে।

## বান্দোয়ান প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৫০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৭।) **Shri Sital Chandra Hembram :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া জেলার বান্দোয়ান থানার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোন এম, বি, বি, এস, ডাক্তার না থাকায় ঐ থানার অধিবাসীরা উপযুক্ত চিকিৎসা হইতে বঞ্চিত হইতেছেন, এবং

(খ) অবগত থাকিলে, সরকার ঐ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে উপযুক্ত চিকিৎসার ব্যাপারে কি ব্যবস্থা করিতেছেন?

**Minister for Health Department :** (ক) স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে কোন এম, বি, বি, এস, ডাক্তার নাই। কাজেই স্বাস্থ্যকেন্দ্রের এল, এম, এফ ডাক্তারই স্থানীয় অধিবাসীদের চিকিৎসা করিতেছেন।

(খ) ঐ স্বাস্থ্যকেন্দ্রে দুইজন এম, বি বি, এস, ডাক্তারকে নিয়োগপত্র দেওয়া হইয়াছিল। কিন্তু তাঁহারা তথায় যোগদান করেন নাই। পাবলিক সার্ভিস কমিশনকে পুনরায় প্রার্থী মনোনীত করিতে অনুরোধ করা হইয়াছে। তাহাদের সুপারিশ পাওয়া গেলেই একজন এম, বি, বি, এস, ডাক্তারকে উক্ত স্বাস্থ্যকেন্দ্রের নিয়োগ করা হইবে।

## পূর্ণাঙ্গ কৃষি বিদ্যালয়

*৫০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯।) **Shrimati Gita Mukhopadhyay :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে একটি পূর্ণাঙ্গ কৃষি বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য কৃষি দপ্তর কি কি উদ্যোগ গ্রহণ করেছেন ;

(খ) ইহা কি সত্য যে, এ সম্বন্ধে কৃষি আধিকারিক কোন পরিকল্পনা পেশ করেছেন , এবং

(গ) সত্য হইলে, কি কি পরিকল্পনা ?

**Minister for Health Department :** (ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন উঠেনা।

## কল্যাণী

*৫০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৪।) **Shri Naresh Chandra Chaki :** পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণীর জন্য স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় কি কি পরিকল্পনা রচনা করিয়াছিলেন ;

(খ) ঐ পরিকল্পনার কত অংশ কার্যকরী হইয়াছে ,

(গ) বাকী অংশ সম্পূর্ণ না হইবার কারণ কি ; এবং

(ঘ) স্বর্গত ডাঃ রায়ের পরিকল্পনাকে বাস্তব রূপদান করিবার জন্য বর্তমান সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি ?

**Minister for Development and Planning Department :** (ক) ডাঃ রায় কল্যাণী উপনগরীর পরিকল্পনা করেন। একটি স্বয়ংসম্পূর্ণ শহরাঞ্চল প্রতিষ্ঠা কল্যাণীর মাষ্টার প্ল্যান। বাসোপযোগী জমি, শিল্পসংস্থা ও শিক্ষায়তন প্রতিষ্ঠা এই প্ল্যানের অন্তর্ভূত।

(খ) ১০,০০০ হাজার একর পরিমিত জমি ৬ (ছয়টি) ব্লকে ভাগ করা হইয়াছে ; তন্মধ্যে A B C D. (৪০০০-একর) নির্মীয়মান। ইহাতে রাস্তাঘাট, আধুনিক পদ্ধতিতে জল সরবরাহ, পয়ঃপ্রনালী ও বৈদ্যুতিক আলোর ব্যবস্থা হইয়াছে। A এবং B ব্লক বাসস্থান নির্মাণে জন্য নির্দিষ্ট। ইহাতে প্রায় ৮,৫০০ প্লট ও ১,২০০ বিক্রয়যোগ্য সরকারী বাড়ী নির্মিত হইয়াছে। সমুদয় প্লট ও বাড়ীর বিলিব্যবস্থা সম্পূর্ণ হইয়াছে। 'C' ব্লকে কল্যাণী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত ; এবং 'D' ব্লকে বিভিন্ন শিল্পসংস্থা গড়িয়া উঠিতেছে। এই পরিকল্পনার প্রায় ৯/১০ ভাগ সম্পূর্ণ হইয়াছে। কেবল 'A' ব্লক Phase III (৩১৬ একর) এর উন্নয়ন এখনও অসম্পূর্ণ কিন্তু গৃহনির্মান ও শিল্প প্রতিষ্ঠার দিক হইতে সমগ্র পরিকল্পনাটির পূর্ণ বিকাশ দ্রুততর হইতেছে না বলিয়া এবং গোপালন (Animal Husbandry) বিভাগের বিশেষ প্রয়োজন বিধায়, 'A' ব্লক Phase IIIর ৩১৬ একর জমি সাময়িকভাবে উক্ত বিভাগের Fodder Farm হিসাবে ব্যবহারের অনুমতি দেওয়া হইয়াছে।

(গ) (১) শিল্পসংস্থা প্রতিষ্ঠার মন্থর গতি , (২) জমি ক্রেতাদের (যাহারা অধিকাংশই মধ্যবিত্ত) আর্থিক অসংগতি। এই সমস্ত কারণে কল্যাণী নগর-পরিকল্পনা মন্থর গতিতে কার্যকরী হইতেছে এবং সেই নিমিত্ত বাকী অংশের কাজও পর্যায়ক্রমে হইতেছে।

(ঘ) (১) শিল্পসংস্থা প্রতিষ্ঠার জন্য সঙ্গতি ও প্রেরণা যোগান হইতেছে The West Bengal Incentive Scheme, 1971 এর মাধ্যমে। (২) C.M.D.A. এর মাধ্যমে 'A' Block, Phase-II ও Phase-IIIতে স্বল্পমূল্য গৃহ নির্মাণের পরিকল্পনা লওয়া হইয়েছে যাহাতে অধিক সংখ্যক মধ্য ও নিম্ন মধ্যবিত্ত গৃহস্থ কল্যাণীতে বসবাস করিতে সক্ষম হয়, এবং সমগ্র পরিকল্পনাটি কার্যকরী হয়। এতদ্ভিন্ন কল্যাণী পরিকল্পনাকে বাস্তবে রূপায়িত করিবার জন্য

নিম্নলিখিত কয়েকটি প্রকল্প P. W. D. (Roads) Department, C. M. D. A. এর সহযোগিতায় গ্রহণ করিতেছে। যথা

(১) ৪ কোটি টাকা ব্যয়ে "কল্যাণী-বারাকপুর Expressway" (Kalyani-Barrackpur Expressway)। ইহার ৮০ লক্ষ টাকার কাজ চতুর্থ পরিকল্পনায় হওয়ার সম্ভাবনা। P. W. D. (Roads) Department এর ৪র্থ পরিকল্পনার Plan Budgetএ অর্থবরাদ্দ করা হইয়াছে।

(২) ৩ কোটি ৯০ লক্ষ টাকা ব্যয়ে "কল্যাণী সেতু"। ভারত সরকার এ প্রকল্পটি অনুমোদন করিয়াছেন। কিন্তু ইহার নক্সা ইত্যাদি তৈয়ারী করিতে কিছু সময় লাগিবে, কারণ ফারাক্কা ব্যারেজ সম্পূর্ণ চালু হইবার পর ভাগিরথীর গতিবিধি পরিবর্তন হইবে কিনা, এবং হইলে কতখানি হইবে দক্ষ কারিগরগণ কর্তৃক ইহার পর্যালোচনা কিছু সময় সাপেক্ষ পঞ্চম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় ইহার জন্য অর্থ বরাদ্দ, ঐ পরিকল্পনার শেষার্দ্ধে কাজ শুরু হইবার সম্ভাবনা আছে।

(৩) ৩৫ লক্ষ টাকা ব্যয়ে কল্যাণী বাঁশবেড়িয়া পাওয়ার ফেরী ও জেটী (Power Ferry and Jetty)। ইহা একটি তুলনা অনুসারে ক্ষুদ্র প্রকল্প। ২নং এ বর্ণিত উচ্চ সেতু নির্মাণের সহায়তা ব্যতিরেকে এই প্রকল্পের একটি ভিন্ন উদ্দেশ্য আছে। এবং ইহার নিজস্ব অর্থনৈতিক মূল্যও আছে। আশু ফল হিসাবে বলা যায়, ইহা নদীয়া, হুগলী ও চব্বিশপরগনা জেলা অন্তর জেলা যাতায়াতের অসুবিধাকে অবিলম্বে সহজ করিবে এবং বিশেষভাবে পাটকলগুলি ও শ্রমিকদের সুবিধা হইবে; যতদিন না সেতু তৈরী হয়। তাছাড়া জেটিটা একগুচ্ছ জেটীর অংশ হিসাবে কাজ করিবে। উপরন্তু ইহা বাংলাদেশ ও ফরাক্কা ব্যারেজের অন্তর্ভুক্ত ভাগীরথীর মধ্যে অন্তর্দ্দেশীয় জলপথ পুনর্জীবিত করিবে। প্রাথমিক কাজ ও নক্সা ইতিমধ্যেই শুরু হইয়াছে। এবং আমরা আশা করি যে আরও কারিগরী পর্যালোচনা করিয়া এই কাজ ও প্রবন্ধ শীতের শেষে C.M.D.A.র অর্থ বরাদ্দ থেকে করা যাবে।

## পুরুলিয়া জেলায় বরাবাজার ও বলরাম ব্লকে কূপ

*৫০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮।) **Shri Rupsingh Maji:** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় বরাবাজার ব্লক এবং বলরাম ব্লকে ১৯৭১-৭২ সালে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই স্কীম-এ কয়টি কূপ খননের সরকারী পরিকল্পনা ছিল; এবং

(খ) তন্মধ্যে কয়টির কাজ সম্পন্ন হইয়াছে, এবং

(গ) যেগুলির কাজ সম্পন্ন হয় নাই সেইগুলি কবে নাগাদ সম্পন্ন হইবে?

**Minister for Health Department:** (ক) বরাবাজার ব্লকে—১০টি কূপ। বলরাম ব্লকে—১০টি কূপ।

(খ) এবং (গ) বরাবাজার ব্লকে ৩টি কূপের কাজ প্রায় শেষ হয়ে এসেছে। বাকী ১৭টির কাজ এই বর্ষার ঠিক পরেই শুরু করা হবে, এবং আশা করা যায় আগামী গ্রীষ্মের আগেই সব কটি কূপের কাজ সম্পূর্ণ হবে।

## ঝালদা পৌর এলাকায় জল সরবরাহ

*৫১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮।) **Shri Sarat Chandra Das:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ঝালদা পৌরসভায় জল সরবরাহের জন্য ১৯৬৯ সালের জুলাই মাসে ৯ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে, (১) জল সরবরাহে বিলম্ব হওয়ার কারণ কি, এবং
(২) কবে নাগাদ উক্ত এলাকায় জল সরবরাহ করা সম্ভব হইবে?

**Minister for Health Department :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## বসন্তরোগ নির্মূল পরিকল্পনা ও স্বাস্থ্যকর্মীদের বিভিন্ন সুযোগসুবিধা

*৫১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৩।) **Shri Rathin Talukdar :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বসন্ত নির্মূল পরিকল্পনা স্কীম বিগত মার্চে (১৯৭২) মঞ্জুরী হওয়া সত্ত্বেও এখনও কার্যে রূপায়িত না হওয়ার কারণ কি,

(খ) ইহা কি সত্য যে, ১৯২৭ সালে নির্ধারিত ভ্রমণভাতার সংশোধিত হার আজও স্বাস্থ্যকর্মীদের নিকট প্রকাশ করা হয় নাই,

(গ) সত্য হইলে, ইহার কারণ কি,

(ঘ) জনস্বাস্থ্য বিভাগের উন্নতির জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;

(ঙ) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার স্যানিটারী ইন্সপেক্টর এবং স্বাস্থ্যকর্মী (১৫০ শত কর্মীদের) বিগত ডিসেম্বর মাস থেকে ভ্রমণ-ভাতার বিল ও টিফিন বিলের টাকা প্রদান করা হয় নাই;

(চ) অবগত থাকিলে, ইহার কারণ কি এবং সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করছেন; এবং

(ছ) মেদিনীপুর, দার্জিলিং এবং মুর্শিদাবাদ জেলার জেলা স্বাস্থ্য অধিকার পদ জানুয়ারী, ১৯৭২ থেকে শূন্য থাকার কারণ কি?

**The Minister for Health Department :** (ক) প্রকল্পটি কার্যে রূপায়িত হয় নাই ইহা ঠিক নয়। ইহার আংশিক রূপায়ন ইতিমধ্যেই সম্পাদিত হয়েছে। পূর্ণ রূপায়ণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) ম্যালেরিয়া নির্মূল, কলেরা নিয়ন্ত্রণ, যক্ষ্মা নিয়ন্ত্রণ, কুষ্ঠ নিয়ন্ত্রণ বসন্ত নির্মূল, আন্ত্রিক শ্রেণীর জ্বর নিয়ন্ত্রণ, পলিওমাইলিটিস, ডিপথেরিয়া, ধনুষ্টঙ্কার এবং হুপিং কাশি নিবারণ, খাদ্যে ভেজাল নিবারণ, স্টুডেন্ট হেলথ সার্ভিস, বেসিক হেলথ সার্ভিস ইত্যাদি প্রকল্প।

(ঙ) হ্যাঁ।

(চ) জনস্বাস্থ্য কর্মীদের দ্বারা জমা দেওয়া প্রয়োজনীয় ভ্রমণভাতা বিলে ত্রুটি ছিল। ঐ ত্রুটিগুলি সংশোধন করে বকেয়া প্রাপ্য মিটিয়ে দেবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(ছ) মেদিনীপুর জেলার স্বাস্থ্য অধিকারিকের পদে সম্প্রতি ডাঃ অনিল কুমার সাহা মহাশয়কে নিযুক্ত করা হয়েছে। আশা করা যায় তিনি শীঘ্রই স্বপদে যোগদান করবেন।

দার্জিলিং জেলায় ডাঃ সুখেন্দু শেখর দাশগুপ্ত মহাশয়কে জেলা স্বাস্থ্য অধিকারিকের পদে নিযুক্ত করা হয়েছে। তিনি এখনও দার্জিলিং জেলায় যোগদান করেন নি। আশা করা যায় তিনিও শীঘ্রই যোগদান করবেন।

মুর্শিদাবাদ জেলায় স্বাস্থ্য অধিকারিকের পদ পূরণ করবার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

## হাটগ্রাম উপ-স্বাস্থ্যকেন্দ্র

*৫১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭০।) **Shri Gour Chandra Lohar** : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইন্দপুর ব্লকের হাটগ্রাম সাবসিডিয়ারি হেলথ সেন্টার-এর নির্মাণকার্য কবে শেষ হয়েছে ; এবং

(খ) এখনও পর্যন্ত উক্ত হেলথ সেন্টার খোলার ব্যবস্থা না হওয়ার কারণ কি ?

**Minister for Health Department** : (ক) ১৩ই মার্চ, ১৯৬৮।

(খ) চিকিৎসকের অভাব থাকায় কেন্দ্রটি চালু করা যায়নি।

## আমলাগোড়া কোল্ড ষ্টোরেজ

*৫২২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯৬।) **Shri Saroj Roy** : কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গড়বেতা থানার অন্তর্গত আমলগোড়ায় যে সরকারী কোল্ড স্টোরেজ আছে তাহা,

(১) কোন্ সালে তৈরী হয়,

(২) কত টাকা খরচ হয়েছিল ,

(খ) ঐ কোল্ড স্টোরেজটি এখনও চালু না করার কারণ কি ;

(গ) ঐ কোল্ড স্টোরেজটির জন্য বাৎসরিক কত টাকা খরচ করা হচ্ছে ;

(ঘ) এই কোল্ড স্টোরেজটি চালু করার জন্য সরকার কি ব্যবস্থা করছেন ;

(ঙ) ইহা কি সত্য যে, ঐ সরকারী কোল্ড স্টোরেজটিকে সরকারী ব্যবস্থায় চালু না করে কোন এক বৃহৎ ব্যবসায়ীকে 'লীজ' দেবার ব্যবস্থা হয়েছে , এবং

(চ) সত্য হলে, ইহার কারণ কি ?

**Minister for Agriculture Department** : (ক) (১) ১৯৬৫-৬৬ সালে ইহার নির্মাণকার্য আরম্ভ হয়, এখনও সম্পূর্ণ হয় নাই।

(২) ১৯৭১-৭২ সাল পর্যন্ত ১৪,৭৪,০৮১'০০ টাকা ব্যয় হইয়াছে।

(খ) নির্মাণকার্য অসমাপ্ত থাকায় উহা এখনও চালু করা সম্ভব হয় নাই।

(গ) গত তিন বৎসরে নির্মাণকার্য বাবদ নিম্নলিখিত অর্থব্যয় হইয়াছে :

(১) ১৯৬৯-৭০—টাকা ৫৭,১০৮'৩৯ পঃ,

(২) ১৯৭০-৭১—টাকা ১৪,০৫২'০৬ পঃ,

(৩) ১৯৭১-৭২—টাকা ৬৩,৩২৬'২৮ পঃ।

(ঘ) হিমঘরটির নির্মাণকার্য সম্পূর্ণ হইবার পর উহা চালু করিবার প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইবে।

(ঙ) না।

(চ) প্রশ্ন উঠে না।

## ক্ষীরপাই হাসপাতাল

*৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২০৯।) **Shri Harisadhan Doloi** : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চন্দ্রকোণা থানার ১নং ব্লকের অধীন ক্ষীরপাই হাসপাতালের বাড়ীটি বর্তমানে কি অবস্থায় রহিয়াছে ;

(খ) এই হাসপাতালটিতে শয্যাসংখ্যা বাড়ানোর কোন পরিকল্পনা আছে কি না এবং থাকিলে, কবে নাগাদ হইবে এবং এর জন্য কত টাকা ব্যয় হইতে পারে;

(গ) ইহা কি সত্য যে, এই হাসপাতালে বর্তমানে যে ডাক্তার আছেন তিনি এ হাসপাতাল ছাড়া অন্য আর এক হাসপাতালে কাজ করেন;

(ঘ) সত্য হইলে, (১) ইহার কারণ কি; এবং (২) প্রতিটি হাসপাতালের জন্য পৃথক পৃথক ডাক্তার দিবার কথা সরকার চিন্তা করিতেছেন কি না এবং করিলে কবে নাগাদ পৃথক ডাক্তার নিয়োগ করা হইবে?

**Minister for Health Department:** (ক) বাড়ীটির অবস্থা জরাজীর্ণ।

(খ) বর্তমানে নেই।

(গ) ও (ঘ) (১) ক্ষীরপাই স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার অবসর গ্রহণ করায় দিনে উপস্বাস্থ্যকেন্দ্রের ডাক্তারকে সাময়িকভাবে ঐ স্বাস্থ্যকেন্দ্রে নিযুক্ত করা হয়েছে।

(২) প্রতিটি হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রে পৃথক পৃথক ডাক্তার নিয়োগ করা হয়ে থাকে। যত শীঘ্র সম্ভব ক্ষীরপাই স্বাস্থ্যকেন্দ্রে পৃথক ডাক্তার দেওয়া হবে।

## হীরাপুর ব্লকে স্বাস্থ্যকেন্দ্র

*৫২১। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৮।) **Shri Triptimoy Aich:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্ধমান জেলার হীরাপুর ব্লক-এর লোকসংখ্যা দেড় লক্ষাধিক হওয়া সত্ত্বেও সেখানে কোন প্রাইমারী অথবা সাবসিডিয়ারি স্বাস্থ্যকেন্দ্র নাই, এবং

(খ) অবগত থাকিলে, কতদিনের মধ্যে ঐ এলাকায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইবে বলিয়া আশা করা যায়?

**Minister for Health Department:** (ক) এই ব্লকে এখনও কোন স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা যায় নি।

(খ) এখন সঠিক বলা সম্ভব নয়।

## মাস্তালী গ্রামে গভীর নলকূপ

*৫২২। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৭।) **Shri Nirmal Krishna Sinha:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় লাভপুরের নিকট মাস্তালী গ্রামে প্রায় দুই বৎসর পূর্বে যে ডীপ টিউবওয়েলটি সেচ কার্যের জন্য বসানো হইয়াছে তাহা চালু করার জন্য ইলেকট্রিক লাইন ও পাম্প-এর যোগান আজও না দেওয়ার কারণ কি,

(খ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(গ) কতদিনের মধ্যে ডীপ টিউবওয়েলটি চালু করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়?

**Minister for Agriculture Department:** (ক) টিউবওয়েলটি সেনট্রাল গ্রাউণ্ড-ওয়াটার বোর্ডের। উক্ত বোর্ডই উহা স্থাপন করেন এবং বর্তমানে উহা এই বোর্ডের সম্পূর্ণ কর্তৃত্বাধীনে আছে; অতএব টিউবওয়েলটি চালু না হওয়ার কারণ সম্বন্ধে রাজ্য সরকার অবহিত নন।

(খ) রাজ্যসরকারের কোন ব্যবস্থা গ্রহণের কথা উঠে না।

(গ) রাজ্যসরকারের পক্ষে বলা সম্ভব নয়।

## সোনাখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*৫২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩৪।) **Shri Sudhir Chandra Bera :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাসপুর ২নং ব্লকে সোনাখালিতে প্রাইমারী হেল্‌থ সেণ্টার তৈয়ারীর কাজ বর্তমানে কি পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত প্রাইমারী হেল্‌থ সেণ্টার তৈরীর কাজে দেরী হওয়ার কারণ কি ; এবং

(গ) কবে নাগাদ ঐ হেল্‌থ সেণ্টারটি চালু হইবে বলিয়া আশা করা যায়?

**Minister for Health Department :** (ক) সোনাখালিতে কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র তৈয়ারীর কাজ অনুমোদিত হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) এখন কিছু বলা সম্ভব নয়।

## ব্ল্যাড ব্যাঙ্ক

*৫৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৮।) **Shri Harish Chandra Mahapatra :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের ব্লাড ব্যাঙ্ক-এ রক্তের যথেষ্ট অভাব রয়েছে ;

(খ) সত্য হইলে, (১) কলিকাতায় কয়টি প্রাইভেট ব্লাড ব্যাঙ্ক আছে, (২) তাদের সকলের লাইসেন্স আছে কি না, (৩) সরকারের নিজস্ব ব্লাড ব্যাঙ্ক-এ রক্তের অভাব থাকা সত্ত্বেও প্রাইভেট ব্লাড ব্যাঙ্কগুলিকে লাইসেন্স দেওয়ার কারন কি ;

(গ) ইহা কি সত্য যে, সেনট্রাল পার্ক-এর কাছে ক্যালকাটা ব্লাড ব্যাঙ্ক বলে একটি ব্লাড ব্যাঙ্ক আছে, এবং

(ঘ) সত্য হইলে, ঐ ব্লাড ব্যাঙ্ক কিভাবে এবং কাহার দ্বারা পরিচালিত হয়?

**Minister for Health Department :** (ক) হ্যাঁ।

(খ) (১) ৫টি।

(২) আছে।

(৩) আইনানুযায়ী শর্ত পূরণের পরেই Private Blood Bank-গুলিকে লাইসেন্স দেওয়া হয়।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

## নবদ্বীপে সিড্ ফার্ম

*৫৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৩।) **Shri Radha Raman Saha :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নবদ্বীপে একটি সিড্ ফাম অফিস স্থাপনের পরিকল্পনা আছে, এবং

(খ) সত্য হইলে, (১) তাহা কতদূর অগ্রসর হইয়াছে, এবং

(২) কবে নাগাদ তাহার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**Minister for Agriculture Department :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## আমতা ১নং ব্লকে গভীর নলকূপ

*৫৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৭।) **Shri Aftabuddin Mondal**: কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আমতা (হাওড়া জেলা) ১নং ব্লকে ৩০-এ জুন, ১৯৭২ পর্যন্ত কতগুলি 'গভীর নলকূপ' বসান হয়েছে ;

(খ) তার মধ্যে কতগুলিতে বৈদ্যুতিকরণ করা সম্ভবপর হয়েছে ; এবং

(গ) যেগুলি বৈদ্যুতিকরণ করা আজ পর্যন্ত সম্ভবপর হয় নাই সেগুলিকে বৈদ্যুতিকরণ করার কোন প্রকল্প সরকার নিয়েছেন কি ?

**Minister for Agriculture Department**: (ক) ৪টি।

(খ) একটিও নয়।

(গ) তিনটি নলকূপ বৈদ্যুতিকরণের জন্য পশ্চিমবংগ বিদ্যুৎ পর্ষদকে Service Connection Charge প্রদান করা হইয়াছে এবং test form-ও জমা দেওয়া হইয়াছে। অবশিষ্ট নলকূপটির বৈদ্যুতিকরণের উদ্দেশ্যে Service Commission Charge-এর estimate বিদ্যুৎ পর্ষদের নিকট চাওয়া হইয়াছে।

## বাঁকুড়া জেলায় গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহ

*৫৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৩।) **Shri Kashi Nath Misra**: স্বাস্থ্য (রুরাল ওয়াটার সাপ্লাই) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার খরা পরিপ্রেক্ষিতে বিভিন্ন গ্রামাঞ্চলে সরকার কি ভাবে কোথা হইতে এবং গড়ে প্রত্যহ কত পরিমাণ পানীয় জল সরবরাহ করিয়াছেন ; এবং

(খ) এই ব্যাপারে সরকারের কি পরিমাণ অর্থ ব্যয়িত হইয়াছে ?

**Minister for Health (Rural Water Supply) Department**: খরা পরিস্থিতির মোকাবিলার জন্য প্রথম দিকে বিশেষ ব্যবস্থা নেওয়া হয়। ঐ ব্যবস্থায় গড়ে প্রত্যহ ৮০০ গ্যালন জল খরা অধ্যুষিত গ্রামে সরবরাহ করা হয়েছিল। গ্যালভানাইজড লোহার ট্যাঙ্ক জল ভর্তি করে ট্রাকে চাপিয়ে গ্রামে গ্রামে ঘুরে ঐ জল সরবরাহ করা হয়। ট্রাকগুলিতে জল ভরা হয় কংসাবতী বাঁধের জলাধার ও বাঁকুড়া পৌরসভার জল সরবরাহ ব্যবস্থার পরিবাহী নল থেকে।

(খ) ৭,৭১৪·০০ টাকা।

## কৃষিকার্যে গভীর নলকূপ

*৫৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৫।) **Shri Ramendra Nath Dutta**: কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষির জন্য পশ্চিম বাংলায় কতগুলি Deep Tubewell আজ পর্যন্ত বসান হয়েছে,

(খ) এর মধ্যে (১) কতগুলি চালু হয় নাই ; (২) কতগুলিতে বিদ্যুৎ সরবরাহ হইয়াছে ?

(গ) ১৯৭২-৭৩ সালে নূতন কতগুলি ডিপ টিউবওয়েল বসানোর পরিকল্পনা আছে ?

**Minister for Agriculture Department**: (ক) ১,৭৫৬টি।

(খ) (১) ২০৯টি ;

(২) ১,৪১৮টিতে।

(গ) বর্তমান বৎসরের বাজেটে যথোপযুক্ত বরাদ্দনা থাকায় কোন নূতন ডিপ টিউবওয়েল বসানো সম্ভব নয় তবে কেন্দ্রের নিকট যোজনাবহির্ভূত অর্থ সাহায্য পাওয়া গেলে নূতন ডিপ টিউবওয়েল বসানোর কার্যসূচী গ্রহণ করা যাইবে।

### বানতালীয়া ও দৌলতপুর স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার

*৫৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১।) **Shri Sudhir Chandra Das:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কাঁথি থানার বানতালিয়া ও দৌলতপুর স্বাস্থ্যকেন্দ্রে বহুদিন যাবৎ কোন ডাক্তার নাই ; এবং

(খ) অবগত থাকিলে, ঐ দুইটি স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার পাঠানোর জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**Minister for Health Department:** (ক) হ্যাঁ।

(খ) যথাসম্ভব শীঘ্রই ডাক্তার প্রেরণ করা হইবে।

### মহিলাদের কর্মসংস্থান

*৫৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২।) **Shrimati Geeta Mukhopadyay:** উন্নয়ন এবং পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মহিলাদের কর্মসংস্থানের ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে তাহা কি কি ?

**Minister for Development and Planning Department:** (ক) কর্মসংস্থানের সুযোগগুলি নারী ও পুরুষ নির্বিশেষে সকলের জন্যই। কেবলমাত্র মহিলাদের জন্য কোন বিশেষ পরিকল্পনা নাই।

(খ) প্রশ্নই উঠে না।

### প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্র

*৫৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮।) **Shri Md. Dedar Baksh:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী নীতি অনুযায়ী এখনও যেখানে একটি প্রাথমিক এবং দু'টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র নেই সেখানে বর্তমান আর্থিক বছরে একটি প্রাথমিক ও দু'টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) পরিকল্পনা থাকিলে, এ বাবত কত ব্যয় হবে ;

(গ) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অনেক ক্ষেত্রে মাত্র একজন ক'রে ডাক্তার থাকার ফলে রোগীর সংখ্যা বেশী হওয়ায় চিকিৎসার সুবিধা থেকে অনেক রোগী বঞ্চিত হচ্ছেন ; এবং

(ঘ) অবগত থাকিলে, ডাক্তারের সংখ্যা বৃদ্ধির কথা সরকার চিন্তা করেছেন কি ?

**Minister for Health Department:** (ক) আছে।

(খ) এই স্বাস্থ্যকেন্দ্রগুলির নির্মাণব্যয় প্রায় এক কোটি চল্লিশ লক্ষ টাকা।

(গ) এবং (ঘ) হ্যাঁ।

### কাঁচাপাট সংগ্রহ

*৫৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৮।) **Shri Aswini Roy:** কৃষি বিভাগের মন্ত্রি- মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাহার মাধ্যমে এবং কিভাবে গ্রাম হইতে বাজ্যান্তর পর্যন্ত কাঁচাপাট সংগ্রহ করিয়া থাকেন ; এবং

(খ) বর্তমান পদ্ধতির পরিবর্তনের কোন পরিকল্পনা থাকিলে তাহা কি ?

**Minister for Agriculture Department :** (ক) কেন্দ্রীয় সরকারের অধীন জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়া লিমিটেডের উপর কাঁচাপাট সংগ্রহ করিবার দায়িত্ব অর্পিত আছে। সর্বনিম্ন দরও নির্ধারিত হইয়াছে। তবে বর্তমান বৎসরে ইহা স্থির হইয়াছে যে-পশ্চিমবঙ্গ রাজ্য-সমবায় বিপণন সমিতি তাহাদের নিজস্ব ক্রয়কেন্দ্র ছাড়াও নির্ধারিত সমবায় সমিতির মাধ্যমে পাট ক্রয় করিবে।

(খ) নির্ধারিত দামের পরিবর্তে বাজারে প্রচলিত দরে কাঁচাপাট জুট কর্পোরেশন লিমিটেড দ্বারা ক্রয় করাইবার একটি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

## সি এম ডি এ-র সভ্যপদ

*৫৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৬।) **Shri Shibapada Bhattacharyay :** উন্নয়ন এবং পরিকল্পনা (টাউন অ্যাণ্ড কান্ট্রি প্ল্যানিং) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সি এম ডি এ সভাপদে বর্তমানে অধিষ্ঠিত ব্যক্তিরা কোন্ কোন্ পেশা ও বৃত্তিধারী ব্যক্তি;

(খ) এই প্রতিষ্ঠানে নিযুক্ত অবসরপ্রাপ্ত ইঞ্জিনিয়ার ও অন্যান্য বৃত্তিধারী ব্যক্তির সংখ্যা কত; এবং

(গ) এই সংস্থার সচিব পদে কি কোন ইঞ্জিনিয়ার আছে?

**Minister for Development and Planning Department :** (ক)

(১) সভাপতি—মুখ্যমন্ত্রী

(২) তিনজন বিভাগীয় কমিশনার (অর্থ, উন্নয়ন ও পরিকল্পনা ও নগর ও পল্লী-উন্নয়ন বিভাগ)।

(৩) প্রশাসক, কলিকাতা পৌর নিগম।

(৪) সভাপতি, বারুইপুর পৌর প্রতিষ্ঠান।

(৫) পৌর সদস্য (Commisioner), রিষড়া পৌর প্রতিষ্ঠান।

(খ)

| | |
|---|---|
| ইঞ্জিনিয়ার | ৩ জন |
| অন্যান্য বৃত্তিধারী | ১০ জন |
| মোট | ১৩ জন |

(গ) না।

## লক্ষ্মীসাগর স্বাস্থ্যকেন্দ্র

*৫৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৯।) **Shri Phani Bhusan Singhababu :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার সিমলাপাল ব্লকের অধীন লক্ষ্মীসাগরে জনস্বাস্থ্যকেন্দ্র খুলিবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উহা খোলা হইবে?

**Minister for Health Department :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## সরকারী উদ্যোগে পরিচালিত কৃষি খামার

*৫৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫২।) **Shri Sukumar Bondyopadhya :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী উদ্যোগে পরিচালিত কয়টি কৃষি খামার আছে এবং সেগুলি কোন্ কোন্ স্থানে অবস্থিত ;

(খ) উক্ত কৃষি খামারগুলিতে এযাবত কি কি দ্রব্য উৎপন্ন হইয়াছে এবং দ্রব্যসমূহের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত দ্রব্যসামগ্রী সরকার বিক্রয় না বণ্টন করেন ?

**Minister for Agriculture Department :** (ক) পশ্চিমবঙ্গে রাজ্য সরকার পরিচালিত ১৯৬টি কৃষি খামার আছে এবং সেগুলির অবস্থিতি সম্বন্ধীয় বিবরণী (বিবরণী নং ১) উপস্থাপিত হইল।

(খ) এতৎ সংক্রান্ত বিবরণী (বিবরণী নং ২) উপস্থাপিত হইল।

(গ) সরকারী খামারে উৎপন্ন বীজগুলি সরকার নির্ধারিত দরে চাষীদের মধ্যে বিক্রয় করা হয়।

### বিবরণী নং ১

| জিলা | | অবস্থিতি |
|---|---|---|
| ২৪ পরগনা ... | ১ | মন্মথনগর জিলা সিড খামার |
| | *২ | ক্যানিং ব্লক সিড খামার |
| | ৩ | মথুরাপুর " |
| | ৪ | বিষ্ণুপুর " |
| | ৫ | কাকদ্বীপ " |
| | ৬ | সাগর " |
| | ৭ | বারুইপুর " |
| | ৮ | জয়নগর (২) " |
| | ৯ | ডায়মণ্ডহারবার " |
| | ১০ | গাইঘাটা " |
| | ১১ | বনগাঁ " |
| | ১২ | বাগদা " |
| | ১৩ | দেগঙ্গা " |
| | ১৪ | বসিরহাট " |
| | ১৫ | হাবরা (১) " |
| | ১৬ | হিঙ্গলগঞ্জ " |
| | ১৭ | মিনাখান " |
| | ১৮ | বারাকপুর নৈহাটী " |
| হাওড়া ... | ১৯ | উলুবেড়িয়া " |
| | ২০ | বাগনান " |
| | ২১ | উদয়নারায়ণপুর " |
| | ২২ | আমতা " |
| | ২৩ | শ্যামপুর (২) " |
| | ২৪ | জগৎবল্লভপুর " |

| জিলা | | অবস্থিতি |
|---|---|---|
| নদীয়া ... | *২৫ | কল্যাণী জিলা সিড খামার |
| | ২৬ | ফুলিয়া ,, |
| | ২৭ | ভজনঘাট পাটবীজ খামার |
| | ২৮ | কৃষ্ণনগর ,, |
| | ২৯ | তেহট্ট ব্লক সিড খামার |
| | *৩০ | চাকদহ ,, |
| | ৩১ | করিমপুর ,, |
| | ৩২ | কালীগঞ্জ ,, |
| | ৩৩ | হাঁসখালী ,, |
| | ৩৪ | নাকাশীপাড়া ,, |
| | ৩৫ | কৃষ্ণগঞ্জ ,, |
| মুর্শিদাবাদ ... | ৩৬ | বহরমপুর জিলা সিড খামার |
| | ৩৭ | দোমকল ব্লক সিড খামার |
| | ৩৮ | সাগরদীঘি ,, |
| | ৩৯ | বরওয়ান ,, |
| | ৪০ | ভরতপুর (১) ,, |
| | ৪১ | নবগ্রাম ,, |
| | ৪২ | সুতী ,, |
| | ৪৩ | বেলডাঙ্গা ,, |
| | ৪৪ | হরিহরপাড়া ,, |
| | ৪৫ | কান্দি ,, |
| | ৪৬ | জিয়াগঞ্জ ,, |
| | ৪৭ | সামসেরগঞ্জ ,, |
| | ৪৮ | নওদা ,, |
| | ৪৯ | খরগ্রাম ,, |
| | ৫০ | রাণীনগর (১) ,, |
| | ৫১ | রঘুনাথগঞ্জ (১) ,, |
| | ৫২ | ফরাক্কা ,, |
| | ৫৩ | জলঙ্গী ,, |
| | ৫৪ | লালগোলা ,, |
| | ৫৫ | ভগবানগোলা ,, |
| | ৫৬ | সুতী (১) ,, |
| | ৫৭ | বহরমপুর ,, |
| | ৫৮ | ভরতপুর (২) ,, |
| | ৫৯ | রঘুনাথগঞ্জ (২) ,, |
| মালদা ... | ৬০ | মালদা জিলা সিড খামার |
| | ৬১ | কালীয়াচক ,, |
| | ৬২ | গাজল ,, |
| | ৬৩ | বামনগোলা ,, |
| | ৬৪ | হবিবপুর ,, |
| | ৬৫ | হরিশ্চন্দ্রপুর ,, |

| জিলা | | অবস্থিতি |
|---|---|---|
| মালদা ... | ৬৬ | খরবা ব্লক সিড খামার |
| | ৬৭ | রাতুয়া " |
| | ৬৮ | ওল্ড মালদা " |
| | ৬৯ | মাণিকচক " |
| | ৭০ | কালীয়াচক (৩) " |
| পশ্চিম দিনাজপুর | ৭১ | মাঝিয়ান জিলা সিড খামার |
| | ৭২ | করণদীঘি সিড খামার |
| | ৭৩ | রায়গঞ্জ ব্লক সিড খামার |
| | ৭৪ | তপন " |
| | ৭৫ | হেমতাবাদ " |
| | ৭৬ | কালীয়াগঞ্জ " |
| | ৭৭ | বংশীমারী " |
| | ৭৮ | ইটাহার " |
| | ৭৯ | কুমারগঞ্জ " |
| | ৮০ | কুশমণ্ডী " |
| | ৮১ | ইসলামপুর " |
| | ৮২ | চোপরা " |
| | ৮৩ | করণদীঘি " |
| | ৮৪ | হিলি " |
| | ৮৫ | গঙ্গারামপুর " |
| দার্জিলিং | ৮৬ | কালিংপঙ জিলা সিড খামার |
| | ৮৭ | খড়িবাড়ী " |
| | ৮৮ | জোড়বাংলো ব্লক সিড খামার |
| | ৮৯ | ফুলবাজার " |
| | *৯০ | খরিবাড়ী " |
| | ৯১ | শিলিগুড়ি " |
| | ৯২ | গরুবাথান " |
| জলপাইগুড়ি | ৯৩ | মোহিতনগর জিলা সিড খামার |
| | ৯৪ | মাল ব্লক সিড খামার |
| | ৯৫ | আলিপুরদুয়ার " |
| | ৯৬ | কালাকাটা " |
| | ৯৭ | ধুপগুড়ী " |
| | ৯৮ | কুমারগ্রাম " |
| | ৯৯ | নাগরাকাটা " |
| | ১০০ | মাদারিহাট " |
| | ১০১ | মেটেলি " |
| | ১০২ | কালচিনি " |
| কোচবিহার | ১০৩ | কোচবিহার জিলা সিড খামার |
| | ১০৪ | মাথাভাঙ্গা ব্লক সিড খামার |
| | ১০৫ | মেকলিগঞ্জ " |
| | ১০৬ | শীতলকুচি " |

| জিলা | অবস্থিতি |
|---|---|
| কোচবিহার | ১০৭ হলদিবাড়ী ব্লক সিড খামার |
| | ১০৮ তুফানগঞ্জ " |
| | ১০৯ সিতাই " |
| | ১১০ মাথাভাঙ্গা (২) " |
| | ১১১ কোচবিহার (২) " |
| | ১১২ দিনহাটা " |
| হুগলী | ১১৩ চুঁচুড়া জিলা সিড খামার |
| | ১১৪ আরামবাগ ব্লক সিড খামার |
| | ১১৫ আদিশপ্তগ্রাম " |
| | ১১৬ জাঙ্গিপাড়া " |
| | ১১৭ বলাগড় " |
| | ১১৮ সিঙ্গুর " |
| | ১১৯ পুরশুরা " |
| | ১২০ ধনিয়াখালী " |
| বর্ধমান | ১২১ বর্ধমান জিলা সিড খামার |
| | ১২২ কাঁকসা " |
| | ১২৩ মঙ্গলকোট " |
| | ১২৪ ভাতার " |
| | ১২৫ আউসগ্রাম " |
| | ১২৬ মেমারী " |
| | ১২৭ রায়না (১) " |
| | ১২৮ জামালপুর " |
| | ১২৯ কালনা (১) " |
| | ১৩০ পূর্বাস্থলী (১) " |
| | ১৩১ কাটোয়া (১) " |
| | ১৩২ মেমারী (২) " |
| | ১৩৩ কেতুগ্রাম (১) " |
| | ১৩৪ গলসী (১) " |
| | ১৩৫ কেতুগ্রাম (২) " |
| | ১৩৬ পূর্বস্থলী (২) " |
| | ১৩৭ রায়না (২) " |
| | ১৩৮ কাঁকসা " |
| | ১৩৯ মন্তেশ্বর " |
| | ১৪০ আউসগ্রাম " |
| বীরভূম ... | ১৪১ নলহাটী " |
| | ১৪২ মহম্মদপুর ব্লক সিড খামার |
| | ১৪৩ লাবপুর " |
| | ১৪৪ রামপুরহাট " |
| | ১৪৫ বোলপুর " |
| | ১৪৬ দুবরাজপুর " |
| | ১৪৭ ময়ুরেশ্বর " |

| জিলা | | অবস্থিতি | |
|---|---|---|---|
| বৰ্দ্ধমান ... | ১৪৮ | ইলামবাজার ব্লক সিড খামার | |
| | ১৪৯ | সাঁইথিয়া | ,, |
| | ১৫০ | নান্নুর | ,, |
| | *১৫১ | সিউড়ি (২) | ,, |
| | ১৫২ | রামপুরহাট (২) | ,, |
| | ১৫৩ | মুরারাই (২) | ,, |
| বাঁকুড়া ... | ১৫৪ | শুশুনিয়া জিলা সিড খামার | |
| | ১৫৫ | গুণ্ডা | ,, |
| | ১৫৬ | সোনামুখী ব্লক সিড খামার | |
| | ১৫৭ | রানীবাঁধ | ,, |
| | ১৫৮ | বিষ্ণুপুর | ,, |
| | ১৫৯ | জয়পুর | ,, |
| | ১৬০ | বড়জোড়া | ,, |
| | ১৬১ | ইন্দাস | ,, |
| | ১৬২ | পাত্রসায়ার | ,, |
| | ১৬৩ | শালতোড়া | ,, |
| | ১৬৪ | কোটালপুর | ,, |
| মেদিনীপুর ... | ১৬৫ | মেদিনীপুর জিলা সিড খামার | |
| | ১৬৬ | গোয়ালতোড় পাটবীজ খামার | |
| | ১৬৭ | পটাশপুর ব্লক সিড খামার | |
| | ১৬৮ | এগরা | ,, |
| | ১৬৯ | নন্দীগ্রাম | ,, |
| | ১৭০ | চন্দ্রকোনা | ,, |
| | ১৭১ | মহীশাদল (১) | ,, |
| | ১৭২ | পাশকুঁড়া | ,, |
| | ১৭৩ | ভগবানপুর | ,, |
| | ১৭৪ | কাঁথি (২) | ,, |
| | ১৭৫ | ঝাড়গ্রাম | ,, |
| | ১৭৬ | কেশপুর | ,, |
| | ১৭৭ | বীণপুর | ,, |
| | ১৭৮ | সোবঙ্গ | ,, |
| | ১৭৯ | নারায়ণগঞ্জ | ,, |
| | ১৮০ | পিংলা | ,, |
| | ১৮১ | গড়বেতা (১) | ,, |
| | ১৮২ | গড়বেতা (২) | ,, |
| | ১৮৩ | কেশিয়ারী | ,, |
| পুরুলিয়া ... | ১৮৪ | হাতোয়ারা জিলা সিড খামার | |
| | ১৮৫ | ঝালদা ব্লক সিড খামার | |
| | ১৮৬ | বড়বাজার | ,, |
| | ১৮৭ | কাশীপুর | ,, |
| | ১৮৮ | পুঞ্চ | ,, |

| জিলা | | অবস্থিতি |
|---|---|---|
| পুরুলিয়া ... | ১৮৯ | মানবাজার ব্লক সিড খামার |
| | ১৯০ | হুরা " |
| | *১৯১ | রঘুনাথপুর " |
| | ১৯২ | বলরামপুর " |
| | ১৯৩ | সাঁতুরি " |
| | ১৯৪ | জয়পুর " |
| | ১৯৫ | বাগমণ্ডী " |
| | ১৯৬ | পারা " |
| | ১৯৭ | নেতুরীয়া " |
| | ১৯৮ | বাঁকুড়া বাষ্ট্রয় খামার |
| | ১৯৯ | সিউড়ী " |
| | ২০০ | মালদা " |
| | ২০১ | ময়নাগুড়ী " |
| | *২০২ | কালিংপঙ (২).পেডঙ্গ ব্লক সিড খামার |
| মেদিনীপুর ... | ২০৩ | সারকেল ব্লক সিড খামার |

*কল্যাণী বিশ্ববিদ্যালয় ১লা জুলাই হইতে ৭টি খামার যেমন নদীয়ার কল্যাণী জিলা সিড খামার ও চাকদহ, কালিংপঙ (২), পেডঙ্গ, খরিবাড়ী (দার্জিলিং জেলার), ২৪ পরগনার ক্যানিং, বীরভূমের সিউড়ি (২), এবং পুরুলিয়ার রঘুনাথপুর ব্লক সিড খামারগুলি নিয়ে নেওয়ার ফলে বর্তমানে সরকারী নিয়ন্ত্রণে ১৯৬টি খামার থাকছে।

## বিবরণী—২

[ মেট্রিক-টনে ]

| সাল | ধান | পাট | ভুট্টা | ধইঞ্চা | কলাই | সয়াবীন |
|---|---|---|---|---|---|---|
| ১৯৬৯-৭০ | ২,১৭৯·০ | ৪৪·০ | ৩৪·৩ | ১৫·৩ | ১৫·৬ | ২·০ |
| ১৯৭০-৭১ | ৩,৮২৪·২ | ২৮·৫ | ৬·০ | ১৩·৪ | ৮·৭ | ২৫·৪ |
| *১৯৭১-৭২ | ৩,১৬৮·০ | ১০·৫ | ৬·৬ | ২·১ | ০·৪ | ৪·৪ |
| সাল | চিনাবাদাম | জোয়ার | অড়হর | খরমুজা | মুগ | তিল |
| ১৯৬৯-৭০ | ৪·৪ | ১·৩ | ৮·৬ | ·১ | ১·০ | ০·০২ |
| ১৯৭০-৭১ | ১৮·২ | — | — | ০·০৫ | ·২ | ৪·৭ |
| ১৯৭১-৭২ | ৫·০ | ০·২ | ০·০৭ | ১·৪০ | ৮·৮ | ১·৩ |
| সাল | মটর | আলু | বরবটী | বার্লী | গম | ছোলা |
| ১৯৬৯-৭০ | — | — | ০·৮ | ৩৬·০ | ৭০২·৫ | ৩৫·৪ |
| ১৯৭০-৭১ | — | ১০৫·৩ | — | ৯৪·১ | ৬৫২·৩ | ৩৬·৬ |
| ১৯৭১-৭২ | ১·৭ | ১৪৩·৩ | ০·৩ | ১৮·২ | ৯১০·০ | ২২·৫ |
| সাল | মুসুর | খেসারী | সরিষা | ভুট্টা | আখ | |
| ১৯৬৯-৭০ | ৫·১ | ৯·৬ | ৫৫·২ | — | — | |
| ১৯৭০-৭১ | ৮·৭ | ১০·৭ | ৬৭·৭ | — | — | |
| ১৯৭১-৭২ | ১৬·২ | ৪·৩ | ৩৯·০ | ৬·৮ | ৩৪৫·১ | |

*১৯৭১-৭২ সনের উৎপাদন আনুমানিক কেননা রবি মরশুমে পুরো খবর পাওয়া যায় নি এখন পর্যন্ত। এই প্রসঙ্গে ইহাও উল্লেখ্য যে ১৯৭১-৭২ সালে মালদা, মুর্শিদাবাদ, নদীয়া, হাওড়া, হুগলী, বর্দ্ধমান ও মেদিনীপুরে বন্যার ফলে অধিকাংশ খামারেই ধানের প্রভূত ক্ষতি হইয়াছে।

### Black Money

***542.** (Admitted question No. *1032.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the State Government has suggested any measure to the Government of India for unearthing the black money which is lying hidden in this State; and

(b) whether the State Government has any proposal of its own to unearth black money?

**Minister for Finance Department**: (a) The question of unearthing black money is an all India question; the Central Government is already contemplating certain steps with regard to the matter. The State Government is awaiting the measures that the Central Government may take.

(b) The State Government has no specific proposal of its own on this all India question.

### মেখলিগঞ্জ হাসপাতালে ডাক্তার

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৯।) **Shri Madhu Sudan Roy**: গত ৩রা মে, ১৯৭২, তারিখে প্রদত্ত অতারকিত ১০৮নং (অনুমোদিত প্রশ্ন নং ৫৮১) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এখনও ঐ দুইজন ডাক্তার হাসপাতালে জয়েন না করিবার কারণ কি, এবং

(খ) কবে নাগাদ ডাক্তার দু'জন জয়েন করিবেন?

**Minister for Health Department**: (ক) ও (খ) একজন ডাক্তার ১লা জুলাই, ১৯৭২, তারিখে যোগদান করিয়াছেন। অন্য একজন ঐ স্থানে বদলি'র আদেশ বদ করার জন্য আবেদন করিয়াছেন। আবেদনটি এখন বিবেচনাধীন আছে।

### ডোমকল ব্লকে এন এস সি পাটবীজ

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৩।) **Dr. Md. Ekramul Hauque Biswas**: কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ডোমকল ব্লকে ১৯৭২ সালের পাট মরশুমে কতজন কৃষককে এন এস সি পাটবীজ বণ্টন করা হয়েছে;

(খ) ইহা কি সত্য যে, উক্ত ব্লকে পাটবীজ উর্ধমূল্যে বিক্রয়ের জন্য সি আই কো-অপারেটিভ এবং অঞ্চল প্রধানের বিরুদ্ধে অভিযোগ আসিয়াছে; এবং

(গ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**Minister for Agriculture Department**: (ক) ১,৪৪০ জন কৃষককে।

(খ) ডোমকল থানা কো-অপারেটিভ এগ্রি-মার্কেটিং সোসাইটির সেক্রেটারী'র বিরুদ্ধে একটি অভিযোগ পাওয়া গিয়াছে। এই সেক্রেটারী ঐ অঞ্চলের প্রধান।

(গ) এনফোর্সমেন্ট ব্রাঞ্চের পুলিশ কর্তৃক অনুসন্ধানের পর মামলা দায়ের করা হইয়াছে।

## ঝাড়গ্রাম মহকুমায় উন্নয়ন

*৫৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫১।) **Shri Saroj Roy** : উন্নয়ন এবং পরিকল্পনা টাউন অ্যাণ্ড কানট্রি প্ল্যানিং) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমাকে অনুন্নত এলাকা হিসাবে গণ্য করিয়া উহার বিশেষ আর্থিক ও সামাজিক উন্নতির জন্য পশ্চিমবঙ্গ প্রাদেশিক সরকার কি কোন বিশেষ 'সেল' গঠন করেছেন বা করার সিদ্ধান্ত নিয়েছেন ; এবং

(খ) সত্য হইলে, মেদিনীপুর জেলার সদর (উত্তর) মহকুমার গড়বেতা থানাকে ঐ সেলের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা এবং না হলে, কারণ কি ?

**Minister for Development and Planning Department :** (ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

## হুগলী জেলায় স্বাস্থ্যকেন্দ্র

*৫৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৫।) **Shri Kanai Lal Seth** : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলায় স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা কত এবং কোথায় কোথায় অবস্থিত ;

(খ) উক্ত জেলায় কতগুলি হাসপাতালে বর্তমানে কোনও চিকিৎসক নাই, এবং

(গ) কতদিনে চিকিৎসক প্রেরণ করা সম্ভব হইবে ?

**Minister for Health Department :** (ক) হুগলী জেলায় বর্তমানে ১৭টি প্রাথমিক ও ৩৬টি উপস্বাস্থ্য কেন্দ্র রহিয়াছে। তাহাদের অবস্থিতি ব্লক অনুযায়ী নিম্নে দেওয়া হইল :

| ব্লক | প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র | উপস্বাস্থ্য-কেন্দ্র |
|---|---|---|
| ১। পোলবা | মাকালপুর | ১। সুগন্ধা |
| | | ২। দানারপুর |
| ২। সিংগুর | সিংগুর | ১। বলরামবাটি |
| | | ২। বোবা |
| | | ৩। গোপালনগর |
| ৩। ধনিয়াখালি | ধনিয়াখালি | ১। গুরুপ |
| | | ২। সেজুরদামিলকি |
| | | ৩। বেলমুরি |
| | | ৪। ভাণ্ডারহাটি |
| | | ৫। চোপা |
| ৪। বলাগড় | বাকুলিয়া | ১। নিত্যানন্দপুর |
| | | ২। কমলপুর |
| | | ৩। গুপ্তিপাড়া |
| | | ৪। সুখাড়িয়া |
| ৫। জাঙ্গিপাড়া | জাঙ্গিপাড়া | ১। ফুরফুরা |
| | | ২। মন্দালিকা |
| | | ৩। গুটি |
| ৬। গোঘাট | কামারপুকুর | — |

| ক | প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র | উপস্বাস্থ্য-কেন্দ্র |
|---|---|---|
| । চণ্ডীতলা (১) | আকুনি | ১। ভটপুর<br>২। গঙ্গাধরপুর |
| । চণ্ডীতলা (২) | চণ্ডীতলা | ১। বেগমপুর<br>২। জনাই |
| । হরিপাল | হরিপাল | ১। বন্দীপুর |
| । তারকেশ্বর | তারকেশ্বর | ১। দত্তপুর |
| । পাণ্ডুয়া | পাণ্ডুয়া | ১। বৈচি<br>২। হরলদাসপুর<br>৩। রামেশ্বরপুর-গোপালনগর<br>৪। ইটাচুনা<br>৫। দরবাসিনী |
| । মগড়া | মগড়া | — |
| । আরামবাগ | সাবডিভিশনাল হাসপাতাল আরামবাগ (অস্থায়ী) | ১। মলয়পুর<br>২। সালেপুর<br>৩। মুখাডাঙ্গা<br>৪। ডিহিবাগনান |
| । খানাকুল (১) | খানাকুল | ১। বালিপাড়া (অতিশাল)<br>২। ঘোষপুর |
| । খানাকুল (২) | নাজিরপুর | ১। সাবলসিংপুর |
| । পুরশুড়া | শ্রীরামপুর | ১। ফতেপুর |
| । শ্রীরামপুর উত্তরপাড়া | কানাইপুর (অস্থায়ী) | — |
| মোট ১৭ | মোট ১৭ | মোট ৩৬ |

(খ) নিম্নলিখিত উপস্বাস্থ্যকেন্দ্রসমূহ বর্তমানে কোন চিকিৎসক নাই :

১। হরলদাসপুর
২। গুরুপ
৩। দত্তপুর
৪। দরবাসিনী

(গ) অতিসত্বর উপরোক্ত উপস্বাস্থ্যকেন্দ্রসমূহে চিকিৎসক প্রেরণ করার চেষ্টা করা হইবে।

## বদ্ধ ও মজা পুকুর

*৫৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৪।) **Shri Md. Safiulla**: কৃষি ও উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বদ্ধ ও মজে যাওয়া পুষ্করিণীগুলির সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কৃষি কার্যের জন্য পুষ্করিণী সংস্কার আইনানুসারে বদ্ধ পুষ্করিণীগুলি সংস্কার করিয়া সেচের ব্যবস্থার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

**Minister for Agriculture Department :** (ক) আছে।

(খ) বঙ্গীয় পুষ্করিণী সংস্কার আইন ১৯৩৯ অনুসারে, সেচের জন্য ব্যবহারোপযোগী পুষ্করিণীগুলির সংস্কারের নিমিত্ত বর্তমান বৎসরে বিভিন্ন জেলায় মোট ১৯ লক্ষ ৭২ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে।

### চক্ষুরোগ

*৫৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৭।) **Shri Haredra Nath Haldar :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সারা পশ্চিমবঙ্গে সরকারী হিসাব অনুযায়ী গত ১৯৭১-৭২ সালে চক্ষুরোগে আক্রান্ত রোগীর চিকিৎসা করা হইয়াছে ; এবং

(খ) এই চক্ষুরোগের প্রধানতঃ কারণ কি কি ?

**Minister for Health Department :** (ক) ১৯৭১-৭২ সালের তথ্য যতদূর পাওয়া গিয়াছে তাতে দেখা যায় বহিঃবিভাগে ৫৩৪,২৯৯ জন এবং অন্তর্বিভাগে ৮,৭০৫ জন রোগীর চিকিৎসা করা হয়েছে।

(খ) এক সংক্রামক প্রদাহ (Adeno Virus) ১৯৭১ সালে সারা ভারতবর্ষে চক্ষুরোগের প্রধান কারণ ছিল। অধিক বয়সজনিত ছানি আর একটি প্রধান কারণ।

### ইন্দপুর প্রাথমিক চিকিৎসাকেন্দ্র

*৫৫০। (অনুমোদিত প্রশ্ন *নং ১০৭১।) **Shri Gour Chandra Lohar :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ইন্দপুর ব্লকে অবস্থিত ইন্দপুর প্রাথমিক চিকিৎসাকেন্দ্রের শয্যা-সংখ্যা বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) প্রতিদিন গড়ে কতগুলি রোগী উক্ত চিকিৎসাকেন্দ্র হইতে চিকিৎসিত হইয়া থাকেন ;

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রে প্রয়োজনীয় কোটা অনুযায়ী ঔষধ প্রেরণের কি ব্যবস্থা আছে এবং সরবরাহের উপর তদারকির কোন ব্যবস্থা আছে কি না ; এবং

(ঘ) এই চিকিৎসাকেন্দ্রের জন্য একটি স্থায়ী অ্যাম্বুল্যান্স-এর ব্যবস্থা করিতেছেন কি না ?

**Minister for Health Department :** (ক) বর্তমানে নেই।

(খ) অন্তর্বিভাগে—আটজন

বহিঃবিভাগে—১০০ জন।

(গ) ঐ স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক কর্তৃক প্রদত্ত ত্রৈমাসিক Indent অনুযায়ী ডিষ্ট্রিক্ট রিজার্ভ স্টোরস থেকে ঔষধ সরবরাহ করা হয়। চীফ মেডিক্যাল অফিসার এই সরবরাহের তদারকী করেন।

(ঘ) হ্যাঁ।

### কৃষি উন্নয়ন

*৫৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৫।) **Shri Nitaipada Sarkar :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার কৃষিক্ষেত্রে সামগ্রিক উন্নয়নের জন্য একটি সুষ্ঠ পরিকল্পনা গ্রহণের বিষয় বিবেচনা করিতেছেন ; এবং

(খ) সত্য হইলে, কৃষি উন্নয়নের জন্য চতুর্থ পরিকল্পনার শেষ দুই বৎসরের জন্য এবং পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সুনির্দিষ্ট কি কি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ?

**Minister for Agriculture Department :** হ্যাঁ। দুইটি পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(খ) চতুর্থ পরিকল্পনার শেষ দুই বৎসরের জন্য বিশেষ অতিরিক্ত ক্ষুদ্র সেচ পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। এই প্রকল্পে ৫৬ কোটি টাকা আনুমানিক ব্যয় হইবে এবং অতিরিক্ত ১২.৫০ লক্ষ হেক্টর জমিতে জলসেচ করা যাইবে। ইহা ছাড়া নবগঠিত রাজ্য পরিকল্পনা পর্ষদ ১৯৭২-৭৩ সাল হইতে ১২ বৎসরের মধ্যে ১,০০০ সামগ্রিক উন্নয়ন ব্লকের এককোটি একর নীট কর্ষণযোগ্য জমিতে চাষের এক পরিকল্পনা রচনা করিয়াছেন। প্রতিটি ব্লকে ১০,০০০ একর নীট কর্ষণযোগ্য জমি থাকিবে।

## বর্ধমানে কৃষি কলেজ

*৫৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৩।) **Shri Puranjay Pramanik :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান কৃষি কলেজ স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(খ) পরিকল্পনা থাকিলে, উহা কতদিনে কার্যকরী করা হইবে?

**Minister for Agriculture Department :** (ক) বর্ধমানে নূতন কোনো কৃষি কলেজ স্থাপনের পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## কৃষি দপ্তরের অফিসারদের উচ্চশিক্ষার সুযোগ

*৫৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৪।) **Shri Kashinath Misra :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কৃষি দপ্তরের বিভিন্ন অফিসারদের কৃষিবিষয়ে উচ্চশিক্ষা লাভের জন্য সবেতন বিদেশে ট্রেনিং লওয়ার ব্যবস্থা ছিল;

(খ) সত্য হইলে, বর্তমানে ঐ ব্যবস্থা চালু আছে কিনা; এবং

(গ) না থাকিলে, (১) ইহার কারণ কি, এবং (২) সরকার ঐ ব্যবস্থা পুনরায় চালু করার বিষয় চিন্তা করিতেছেন কিনা?

**Minister for Agriculture Department :** (ক) ইহা সত্য।

(খ) বর্তমানে চালু আছে।

(গ) প্রশ্ন উঠে না।

## পশ্চিম দিনাজপুরে এক্স-রে মেশিন

*৫৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৭।) **Shri Ramendra Nath Dutta :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় কোন কোন হাসপাতালে এ পর্যন্ত কয়টি এক্স-রে মেসিন বসান হয়েছে;

(খ) এরমধ্যে কয়টি চালু আছে; এবং

(গ) সরকার হইতে বাহিরের রোগীর জন্য প্রতি প্লেটে কত করিয়া টাকা লওয়া হয়?

**Minister for Health Deprrtment :**

(ক) বালুরঘাট জেনারেল হাসপাতালে ৩টি।

নারায়ণগঞ্জ মহকুমা হাসপাতালে ১টি।

(খ) ৩টি।

(গ) প্রতি প্লেটে ১২ টাকা চার্জ ধার্য আছে। এরমধ্যে সরকার পান ২.৪০ টাকা ও রেডিওলজিষ্ট পান ৯.৬০ টাকা। রেডিওলজিস্টকে প্লেট সরবরাহ করতে হয়।

## সি এম ডি এ-তে কর্মসংস্থান

*৫৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৮।) **Shri Sudhir Chandra Das :** উন্নয়ন এবং পরিকল্পনা (টি এণ্ড সি পি) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সি এম ডি এ-র মাধ্যমে ১৯৭১-৭২ সালে কতজনের কর্মসংস্থান হইয়াছে;

(খ) এই কর্মসংস্থানে পশ্চিমবঙ্গের অধিবাসী কতজন;

(গ) এই রিক্রুটমেন্ট-এর জন্য কোন সিলেকশন কমিটি আছে কিনা;

(ঘ) কমিটি থাকিলে, উহার সদস্যগণের নাম কি; এবং

(ঙ) ১৯৭২-৭৩ সালে উহার মাধ্যমে কতজনের কর্মসংস্থান সম্ভব হইবে?

**Minister for Development and Planning Department :** (ক) ১৯৭১-৭২ সালে সি এম ডি এ'তে মোট ৬২৩ জনের কর্মসংস্থান হইয়াছে। ইহা ছাড়া প্রকল্পের কাজে নিযুক্ত অন্যান্য সংস্থাগুলিতে প্রায় ১,৮০০ বাড়তি কর্মচারী নিযুক্ত হইয়াছেন। ঠিকাদারের অধীনে বহুসংখ্যক দক্ষ ও অদক্ষ শ্রমিক কাজ করিয়াছিলেন। এই কর্মসংস্থান অবশ্য কয়েক মাসের জন্য।

(খ) প্রায় সকলেই পশ্চিমবঙ্গের অধিবাসী।

(গ) সি এম ডি এ'তে কর্মচারী নিয়োগের জন্য সিলেকসন কমিটি আছে।

(ঘ) ১৯৭১-৭২ সালে নিম্নলিখিত সিলেকসন কমিটিগুলির মাধ্যমে কর্মচারী নিয়োগ করা হইয়াছিল।

(অ) কমিটি নং ১

(১) শ্রী এস দত্ত মজুমদার—তদানীন্তন ভাইস-চেয়ারম্যান, সি এম ডি এ

(২) শ্রীভূপেন্দ্রকুমার দে—সভ্য, সি এম ডি এ

(৩) সচিব, সি এম ডি এ

(৪) শ্রী পি সি বোস, প্রাক্তন Engineer-Director, MMWSA (ইনি শুধু Executive Eenineer নিয়োগের জন্য বিশেষজ্ঞ হিসাবে আমন্ত্রিত হইয়াছিলেন)।

(৫) শ্রী এস কে ঘোষাল, Superentending Engineer, PHE Directorate (ইনি শুধু Assistant Engineer নিয়োগের সময় বিশেষজ্ঞ হিসাবে আমন্ত্রিত হইয়াছিলেন)।

এই কমিটি Executive Engineer, Assistant Engineer প্রভৃতি পদের নিয়োগ করিয়াছিলেন।

(আ) কমিটি নং ২

(১) শ্রী বি সি গাঙ্গুলী—তদানীন্তন সভ্য, সি এম ডি এ

(২) শ্রীললিতকুমার রায়চৌধুরী, সভ্য, সি এম ডি এ

(৩) সচিব, সি এম ডি এ

(৪) Financial Adviser, Development and Planning Department (ইনি Accounts Assistant পদের জন্য কমিটিতে ছিলেন।)

এই কমিটি Accounts Assistants প্রভৃতি পদের নিয়োগ বিবেচনা করিয়াছিলেন।

(ই) কমিটি নং ৩

(১) শ্রী এস দত্ত মজুমদার—তদানীন্তন ভাইস চেয়ারম্যান, সি এম ডি এ
(২) শ্রী দীনেশচন্দ্র ঘটক—সভ্য, সি এম ডি এ
(৩) সচিব, সি এম ডি এ
(৪) চীফ ইঞ্জিনিয়ার, সি এম ডি এ।
এই কমিটি Technical Assistant পদের নিয়োগ বিবেচনা করিয়াছিলেন।

(ঈ) কমিটি নং ৪

(১) শ্রীললিত কুমার রায়চৌধুরী—সভ্য, সি এম ডি এ
(২) শ্রীদীনেশ চন্দ্র ঘটক—সভ্য, সি এম ডি এ
(৩) শ্রী ভূপেন্দ্রকুমার দে—সভ্য, সি এম ডি এ
(৪) ডাঃ সুখেন্দু মুখার্জি—Urban Sociologist, CMPO
(৫) শ্রী আর এস পাল—জে পি, President, South Calcutta Bustee Improvement Society.
(৬) সচিব, সি এম ডি এ।
এই কমিটি সমাজ সেবক ও সেবিকাদের নিয়োগ বিবেচনা করিয়াছিলেন।

ইহা ছাড়া কিছু তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদ যেমন দারোয়ান, Attendant, Driver, Telephone Operator, Typist, Stenographer, ইত্যাদিতে লোক নিয়োগ Selection Committee কর্তৃক পরিচালিত পরীক্ষা এবং/অথবা interview এর মাধ্যমে করা হইয়াছিল। এই Selection Committee-গুলি সি এম ডি এর অফিসারদের লইয়া গঠিত হইয়াছিল এবং অনেক সময়েই এই Committee-গুলিতে বাহিরের বিশেষজ্ঞরাও ছিলেন।

(ঙ) ১৯৭২-৭৩ সালে সি এম ডি এতে প্রায় ২০০ (দুই শত) জনের কর্মসংস্থান সম্ভব হইতে পারে। প্রকল্পের কাজে নিযুক্ত সংস্থাগুলিতে আরও চার শত জনের কর্মসংস্থান হইবে বলিয়া আশা করা যায়।

১৯৭২-৭৩ সালে সি এম ডি এ প্রকল্পগুলিতে নিযুক্ত ঠিকাদারদের অধীনে বহুসংখ্যক লোকের কর্মসংস্থান হইবে বলিয়া অনুমিত হইয়াছে। এই কর্মসংস্থান কিন্তু সাময়িক। যে কয় মাস কাজ চলিবে সেই কয় মাসের জন্যই এই কর্মসংস্থান।

খরা পীড়িত বাঁকুড়া জেলার সমস্যা

*৫৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮১০।) **Shri Phani Bhusan Singhababu**: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খরা পীড়িত বাঁকুড়া জেলার সমস্যা সমাধানের কোন স্থায়ী পরিকল্পনা আছে কিনা, এবং

(খ) থাকিলে, তাহা কি কি?

**Minister for Agriculture Department**: (ক) চতুর্থ পরিকল্পনায় পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুর জেলায় খরা পীড়িত অঞ্চলের জন্য কেন্দ্রীয় সরকার চার কোটি টাকার একটি বিশেষ প্রকল্প মঞ্জুর করিয়াছেন।

(খ) উক্ত প্রকল্পে বাঁকুড়া জেলার ৮টি থানায় (১) ক্ষুদ্র সেচ (২) পুষ্করিণী সংস্কার এবং (৩) মাঠকুয়া খননের কাজ হাতে লওয়া হইয়াছে। প্রকল্পগুলির জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ যথাক্রমে ১) ১২ লক্ষ ৭৫ হাজার টাকা; (২) ১৮ লক্ষ টাকা; (৩) ১২ লক্ষ টাকা।

## ফরিদপুর স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক

*৫৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৫।) **Dr. Md. Ekramul Haque :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলায় জলংগী ব্লকের ফরিদপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে দীর্ঘদিন ধরে কোন চিকিৎসক নেই ; এবং

(খ) অবগত থাকিলে, তার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করছেন ?

**Minister for Health Department :** (ক) হ্যাঁ।

(খ) একজন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক মনোনীত প্রার্থীকে উক্ত উপস্বাস্থ্যকেন্দ্রে নিযুক্ত করা হইয়াছিল কিন্তু সেখানে তিনি যোগদান করেন নাই।

সম্প্রতি ২৭১ জন নন্-গেজেটেড মেডিকাল অফিসার নিয়োগ করার সিদ্ধান্ত হইয়াছে। তাঁহাদের একজনকে এই স্বাস্থ্যকেন্দ্রে নিয়োগ করা হইবে।

## হুগলি জেলায় সি এম ডি এ স্কীম

*৫৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৬।) **Shri Md. Safiullah :** উন্নয়ন এবং পরিকল্পনা (টি এণ্ড সি পি) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার কোন্ কোন্ এলাকা সি এম ডি এ স্কীমের অন্তর্ভুক্ত করা হইয়াছে, এবং

(খ) হুগলি জেলার ডানকুনি এবং চণ্ডীতলাকে সি এম ডি এ-র আওতায় আনা হইয়াছে কি ?

**Minister for Development and Planning Department :** (ক) হুগলি জেলার এলাকাগুলির একটি তালিকা দেওয়া হইল।

(খ) ডানকুনি মৌজা, জে এল নং ৯৩ সি এম ডি এ এলাকার অন্তর্গত কিন্তু চণ্ডীতলা মৌজা জে এল নং ৮৫ সি এম ডি এ এলাকার বাহিরে।

*List of areas within the C M D A in the district of Hooghly*

A **Corporation**

Chandernagore

B **Municipalities**

1 Bansberia
2 Hooghly-Chinsurah
3 Bhadreswar
4 Champdani
5 Baidyabati
6 Serampore
7 Rishra
8 Konnagar
9 Uttarpara-Kotrong

| P. S | Mouza | J.L.No. |
|---|---|---|
| Magra | Bofaitpur | 29 |
| | Benipur | 34 |
| | Uttar-Hazipur | 33 |
| | Caharpur | 32 |
| | Banpara | 31 |
| | Amodghata | 40 |
| | Santinagar | 58 |
| | Dingalhat | 44 |
| | Saptagram | 45 |
| | Hamajgar | 51 |
| | Chak Bansberia | 52 |
| | Trisbigha | 50 |
| | Dokshin-Hazipur | 46 |
| | Bara Khojuria | 49 |
| | Chhota Khojuria | 47 |
| | Tegharia | 48 |
| | Gajaghanta | 41 |
| | Minajpur | 42 |
| | Allkhoja | 45 |
| Chinsurah | Bansberia | 55 |
| | Krishnachandrapur | 1 |
| | Iswarbaha | 2 |
| | Debanandapur | 3 |
| | Manishpur | 4 |
| | Kashidanga | 5 |
| | Beldanga | 6 |
| | Keota | 7 |
| | Balagar | 8 |
| | Narayanpur | 11 |
| | Kodalia | 12 |
| | Kanagar | 13 |
| | Alma | 14 |
| | Bohabharuy | 15 |
| | Simla | 16 |
| | Dharampur | 17 |
| | Chinera | 20 |
| | Uttar-Chandannagar | 21 |
| | Kullhanda | 18 |
| | Kapeadanga | 10 |
| | Khamarpara | 22 |

| P.S. | Mauza | J.L.No. |
|---|---|---|
| Polba | Hasnabad | 148 |
| | Jhanpa | 150 |
| | Tarabihari | 151 |
| | Barrakpur Naopara | 152 |
| | Kalora | 153 |
| | Panchrakhi | 154 |
| | Handipur | 155 |
| | Amarpur | 176 |
| | Jagannathbati | 177 |
| | Maheshpur | 178 |
| | Bhusimara | 192 |
| | Amdabad | 195 |
| | Sankarbati | 194 |
| | Dhuliara | 149 |
| | Bajhat | 156 |
| | Baral Halimpur | 157 |
| | Purusho Hambati | 175 |
| | Kamdebpur | 179 |
| | Sugandha | 180 |
| | Eranga | 190 |
| | Jarura | 191 |
| Singur | Noapara | 29 |
| Bhadreswar | Khalisani | 1 |
| | Bolkuli | 2 |
| | Nabagram | 3 |
| | Bejra | 4 |
| | Carsi | 6 |
| | Madhabpur | 7 |
| | Altara | 8 |
| | Mankundu | 9 |
| | Bhadreswar | 12 |
| | Dhitara | 13 |
| | Bighati | 14 |
| | Gaurangapur | 18 |
| | Digra Mallichimti | 19 |
| | Khurigachi | 20 |
| | Swetpur | 5 |
| | Gaurbati Champdani | 21 |
| | Piaripur | 7 |

| P.S. | Mauza | J.L.No. |
|---|---|---|
| Serampore | Seoraphuli | 6 |
| | Chatra | 10 |
| | Dakshin-Rajyodharpur | 19 |
| | Simla | 18 |
| | Gharmora | 16 |
| | Pandit Satghara | 17 |
| | Mahes | 15 |
| | Rishra | 27 |
| | Bangihati | 21 |
| | Mirpur | 24 |
| | Baranari | 25 |
| | Jaganathpur | 25 |
| | Madpur | 20 |
| | Bhadua | 25 |
| | Belu Mill | 11 |
| Uttarpara | Naopara | 1 |
| | Besai | 2 |
| | Basipoti | 3 |
| | Kanaipur | 4 |
| | Konnagar | 7 |
| | Kotrang | 8 |
| | Bhadrakali | 9 |
| | Raghunathpur | 10 |
| | Nukhia | 11 |
| | Uttarpara | 12 |
| | Bara-Behera-5 | 1 |
| | Khorda-Behore-6 | 2 |
| Chanditala | Dankuni | 95 |
| | Chalandi | 94 |
| | Satghara | 95 |
| | Kharial | 96 |
| | Kusai Gachhi | 97 |
| | Monoharpur | 98 |
| | Mrigala | 102 |

### গুন্নাথ উপ-স্বাস্থ্যকেন্দ্র

*৫৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭২।) **Shri Gour Chandra Lohar :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইন্দপুর ব্লকের গুন্নাথ সাবসিডিয়ারি হেলথ সেন্টারটির নির্মাণ কাজ কবে শেষ হবে ; এবং

(খ) ঐ স্বাস্থ্যকেন্দ্রটি কবে নাগাদ খোলার সম্ভাবনা আছে ?

**Minister for Health Department :** (ক) ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাস নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

(খ) নির্মাণকায শেষ হলেই উহা চালু করার ব্যবস্থা করা হবে।

### পুরুলিয়া সদর হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক

*৫৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৬।) **Shri Sukumar Bandyopadhyay :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া জেলায় কোন ব্লাড ব্যাঙ্ক না থাকায় পুরুলিয়া সদর হাসপাতালে রোগীদের জন্য বাঁকুড়া, আসানসোল ও রাঁচি হইতে প্রয়োজনীয় রক্ত আনিতে হয়,

(খ) অবগত থাকিলে, পুরুলিয়া সদর হাসপাতালে একটি ব্লাড ব্যাঙ্ক চালু করার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**Minister for Health Department :** (ক) পুরুলিয়া জেলা হাসপাতালে একটি ব্লাড ব্যাঙ্ক আছে। রোগীদের প্রয়োজনীয় রক্ত এই ব্লাড ব্যাঙ্ক থেকেই সরবরাহ করা হয়। তবে কোন বিশেষ শ্রেণীর (Group) রক্ত না পাওয়া গেলে অন্য হইতে আনার প্রশ্ন ওঠে। এরূপ প্রয়োজন খুব কমই হয়।

(খ) প্রশ্ন উঠে না।

### Water Supply Scheme for Kharagpur

*561. (Admitted question No. *1152.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Health Department be plaased to refer to the reply given to question No. 196 (Admitted question No. 244), dated the 5th May, 1972, and state—

(a) the present position of the Water Supply Scheme for Kharagpur Municipal areas ;

(b) whether the Scheme is expected to be completed within the target date ; and

(c) the details of the said Scheme ?

**Minister for Health Department :** (a) Kharagpur Municipal Water Supply Scheme is under progress and major portion of work has been completed.

(b) The Scheme is expected to be completed by the end of the year 1973.

(c) A statement is laid on the table.

*Statement referred to the reply to clause (c) of Assembly Question No. *561*

Kharagpur Water Supply Scheme (Phase I) at an estimated cost of Rs.27.32 lakhs has been designed to cater potable water for a projected population of 75 thousand at the rate of 25 gallon per capita daily through house connection and 8 gallon per capita daily through street hydrants.

Source of supply of water has been changed from originally contemplated source of infiltration gallery in river Kasai (Kansabati) to big diameter deep tubewells within the town for better results.

Seventy-five number of street hydrants are provided in the scheme and provision for 20 number of five hydrants have also been made. It is proposed to sink seven big dia tubewells for the scheme.

### রাজ্যের বিভিন্ন হাসপাতালের মোট শয্যা

*৫৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯১।) **Shri Naresh Chandra Chaki :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বর্তমানে সমস্ত হাসপাতালগুলিতে মোট কত বেড আছে,

(খ) বর্তমানে মোট কত বেডের প্রয়োজন, এবং

(গ) অতিরিক্ত প্রয়োজনীয় বেডগুলি বাড়াইবার জন্য সরকার চিন্তা করিতেছেন কি?

**Minister for Health Department :** (ক) মোট ৪০,২৮০টি, এরমধ্যে সরকারী হাসপাতালে ৩১,০০০টি। রাঁচীতে মানসিক ও যক্ষ্মা হাসপাতালে পশ্চিমবঙ্গের জন্য সংরক্ষিত ১,১৫৮টি শয্যা এরমধ্যে ধরা আছে।

(খ) ৪৫,৫০০টি।

(গ) হ্যাঁ।

### বলদ, বীজ ও সার খরিদ ঋণ

*২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৬।) **Shri Jatindra Mohan Roy :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপুর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় বর্তমান বৎসরের এপ্রিল হইতে জুন মাস পর্যন্ত বলদ খরিদ, বীজ খরিদ এবং ক্রয়ের ঋণ বাবত কত টাকা মঞ্জুর করা হইয়াছে,

(খ) থানাভিত্তিক উক্ত ঋণের পরিমাণ কত; এবং

(গ) যে টাকা মঞ্জুর করা হইয়াছে তাহা কৃষকদের মধ্যে দাদন দেওয়া হইয়াছে কি?

**Minister for Agriculture Department :** (ক) বলদ ক্রয় ঋণ বাবত দুই লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে। বীজ খরিদ ঋণ কৃষি বিভাগ হইতে দেওয়া হয় না। ইহা ত্রাণ বিভাগের আওতাধীনে। সার ক্রয় ঋণ বাবদ চার লক্ষ সত্তর হাজার টাকা মঞ্জুর করা হইয়াছে। তন্মধ্যে তিন লক্ষ পঁচাত্তর হাজার টাকা বিভিন্ন থানায় ধান বাবত বরাদ্দ হইয়াছে। পঞ্চাশ হাজার রায়গঞ্জ মহকুমার জন্য এবং বাকি পঁয়তাল্লিশ হাজার সমগ্র জেলার জন্য ব্যয় করা হইয়াছে।

(খ) এই বিষয়ে একটি বিবরণী অত্রসাত গ্রথিত হইল।

(গ) বলদ ক্রয় ঋণ বাবত দুই লক্ষ টাকার মধ্যে মোট ৩৩,৭৫০ টাকা বণ্টন করা হইয়াছে। সার ক্রয় ঋণ বাবদ তিন লক্ষ পঁচাত্তর হাজার টাকার মধ্যে এক লক্ষ টাকা বণ্টন করা হইয়াছে।

**STATEMENT**

*Districtwise break up of different kinds of loan in the district of West Dinajpur*

| Name of P. A. | Amount sanctioned | |
|---|---|---|
| | Cattle Purchase Loan | Fertiliser Loan |
| | Rs | Rs. |
| 1 Balurghat | 16,000 | 33 000 |
| 2 Gangarampur | 16,000 | 35,000 |
| 3 Kumarganj | 14,000 | 27,000 |
| 4 Hemtabad | 10,000 | 10,000 |
| 5 Kushmundi | 10,000 | 5,000 |
| 6 Itahar | 20,000 | 30,000 |
| 7 Islampur | 10,000 | 25,000 |
| 8 Goalpokur | 10,000 | 25,000 |
| 9 Hilli | 8,000 | 20,000 |
| 10 Tapan | 16,000 | 35,000 |
| 11 Raiganj | 15,000 | 15,000 |
| 12 Kaliganj | 10,000 | 15,000 |
| 13 Bansihari | 15,000 | 25,000 |
| 14 Chopra | 10,000 | 25,000 |
| 15 Karandighi | 10,000 | 25,000 |
| 16 Chakulia | 10,000 | 25,000 |
| | 2,00,000 | 3,75,000 |

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the Table)**

### আদিবাসী ছাত্রদের ছাত্রাবাস-বৃত্তি

৩০০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৬।) **Shri Dasarathi Saren :** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মাধ্যমিক বিদ্যালয়ের আবাসিক আদিবাসী ছাত্রদের ছাত্রাবাস-বৃত্তির কোটাপ্রথা রহিতের পরিকল্পনা গ্রহণ করিয়াছে; এবং

(খ) মেদিনীপুর জেলায় নয়াগ্রাম থানার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে ১৯৬৭-৬৮ ও ১৯৭১-৭২ সালে পাঠরত আদিবাসী ও তফসিলী ছাত্রসংখ্যা কত ছিল?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare :** (ক) না।

(খ) ১৯৬৭-৬৮ সালের তথ্য সংগৃহীত নাই। ১৯৭১-৭২ সালের বিদ্যালয়ওয়ারী ছাত্রসংখ্যা নিম্নে উল্লেখ করা হইল :

| | বিদ্যালয়ের নাম | ছাত্রসংখ্যা | |
|---|---|---|---|
| | | আদিবাসী | তফসিলী |
| ১ | নয়াগ্রাম রাণী বিদ্যাপীঠ | ৩৭ | ১১ |
| ২ | ধুমসাই বিদ্যাভারতী | ৩৮ | ৭ |
| ৩ | বাছুরখোয়াড় এস, সি, জুনিয়ার হাইস্কুল | ৯ | ১৪ |
| ৪ | সালগেড়িয়া একাডেমি | ৭৬ | ১৯ |
| ৫ | লাগরীপাড়া এস, সি, স্কুল | ৮১ | ৯ |
| ৬ | কালিগেডিয়া এস, সি, স্কুল | ৮৯ | ৩১ |
| ৭ | খড়িকা বি, এস, এস, সি, স্কুল | ৪৮ | ১৪ |
| ৮ | দোলগ্রাম বি, জুনিয়ার হাইস্কুল | ৩৭ | ৩৮ |
| ৯ | কুদমাড়াই জি, স্কুল | ১১ | ১৪ |
| ১০ | চাদাবিলা এস, সি, স্কুল | ৫০ | ২৩ |
| ১১ | যুগীশোল এ, এস, স্কুল | ৫ | ১০ |
| ১২ | দ্বারিকাপল্লী কে, এস, স্কুল | ২১ | ২৭ |
| ১৩ | লেকড়াশোল জুনিয়ার স্কুল | ১৪ | ৩ |
| ১৪ | পাথিনা এস, সি, হাইস্কুল | ৯ | ১৬ |

## লোধা উপজাতি

৩০১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪।) **Shri Krishna Pada Roy :** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাঁতনপুরে লোধা উপজাতীয়দের উন্নতির জন্য সরকারী সাহায্যে প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠান আছে কিনা ; এবং

(খ) থাকিলে,

(১) প্রতিষ্ঠানের নাম,

(২) পরিচালকবর্গের নাম,

(৩) গত তিন বৎসরের কোন্ বৎসরে সরকার কি পরিমাণ অর্থ সাহায্য করিয়াছেন, ও

(৪) কতগুলি লোধা পরিবার বর্তমানে এই প্রতিষ্ঠানের অধীনে আছে ?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare :** (ক) আছে।

(খ) (১) দাঁতনপুর সমাজ সেবক সংঘ পরিচালিত লোধা আশ্রমাবাস। ২টি ছাত্র ও ১টি ছাত্রী আশ্রমাবাস।

(২) দাঁতনপুর সমাজ সেবক সংঘের কার্যনির্বাহক কমিটি :

সভাপতি—ডঃ প্রবোধকুমার ভৌমিক।

সম্পাদক—ডঃ কার্তিকচন্দ্র শাসমল।

কোষাধ্যক্ষ—শ্রীমতী সুষম গায়েন।

সদস্য—(১) শ্রীসতীশ ভোক্তা।

(২) শ্রীপ্রভাস মিশ্র।

| (৩) | ১৯৬৯-৭০ | ১৯৭০-৭১ | ১৯৭১-৭২ |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| | ৩০,৪২০·০০ | ৪১,১২০·০০ | ৪৪,৬৩০·০০ |

(৪) কোন লোধা পরিবার এই প্রতিষ্ঠানের অধীনে নাই। ৫০ জন লোধা ছাত্র ও ২০ জন লোধা ছাত্রী এই প্রতিষ্ঠানের অধীনে আছে।

## বাঁকুড়া জেলায় কর্মকার

৩০২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৪।) **Shri Kashinath Misra :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে কর্মকারের সংখ্যা কত,

(খ) উহারা কিভাবে কাঁচামাল পাইয়া থাকেন ;

(গ) উঁহাদের কোন সমবায় আছে কি ; এবং

(ঘ) থাকিলে, জেলার সকল কর্মকারেরা উহার অন্তর্ভুক্ত কিনা ?

**The Minister for Cottage and Small Scale Industries :** (ক) প্রায় ৫,০০০।

(খ) লোহার কারিগরেরা কাঁচামাল খোলাবাজার হইতে ক্রয় করিয়া থাকেন। পিতল ও কাঁচামাল বিদেশ হইতে আমদানী করিতে হয়।

(গ) লৌহশিল্পের ১টি সমবায় ও কাংসশিল্পের ৩টি সমবায় আছে।

(ঘ) সকলেই উহার অন্তর্ভুক্ত নহে।

## বাঁকুড়া জেলায় কুটির শিল্প

৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৫।) **Shri Kashinath Mishra :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে কি কি কুটির শিল্প আছে ;

(খ) কোন্ কোন্ শিল্প চালু আছে ; এবং

(গ) ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালের ৩০শে জুন পর্যন্ত সরকার এই শিল্পের জন্য কত পরিমাণ আর্থিক সাহায্য বরাদ্দ করেছেন ?

**The Minister for Cottage and Small Industries :** (ক) নিম্নলিখিত শিল্পগুলি বর্তমানে আছে ঃ

(১) হাঁস-মুরগী পালন।
(২) রুটি, বিস্কুট তৈয়ারি।
(৩) আটা চাকী।
(৪) পাথর।
(৫) বিড়ি।
(৬) তাঁত।
(৭) রেশম তাঁত।
(৮) জুতা ও জুতার তলা তৈয়ারি।
(৯) পোশাক তৈয়ারি।
(১০) ইট ও টালি তৈয়ারি।
(১১) মৃৎশিল্প।
(১২) কাঁসার বাসন।
(১৩) স্বর্ণশিল্প।
(১৪) বাদ্যযন্ত্র শিল্প।
(১৫) হস্তশিল্প।
(১৬) মাছ ধরা জাল তৈয়ারি।
(১৭) ছাতা তৈয়ারি।
(১৮) বঁড়শী তৈয়ারি।

(খ) প্রায় সবগুলিই চালু আছে।

(গ) বরাদ্দের পরিমাণ :

১৯৭১-৭২ সালে ২,০৩,০০০·০০ টাকা।

১৯৭২-৭৩ সালে ৩৫,০০০·০০ টাকা (৩০শে জুন)।

## বাঁকুড়া জেলায় খাদি শিল্প

৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৬।) **Shri Kashinath Mishra:** কুটির ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বাঁকুড়া জেলায় খাদি শিল্পে কি কি কাজ হচ্ছে এবং কোথায় কোথায়;

(খ) উক্ত শিল্পের জন্য ১৯৭১-৭২ সালে কত টাকা ব্যয় হয়েছে,

(গ) বাঁকুড়া খাদি ভাণ্ডার ও সাবান কারখানা বন্ধ হওয়ার কারণ কি;

(ঘ) ইহা কি সত্য যে এ শিল্পে ১৯৭১-৭২ সালে প্রচুর লোকসান হয়েছে; এবং

(ঙ) সত্য হলে—

(১) কত টাকা লোকসান হয়েছে,

(২) কোন্ কোন্ সংস্থা করেছে, ও

(৩) এ বিষয়ে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**The Minister for Cottage and Small Scale Industries:** (ক) পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীন শিল্প পর্ষদের পরিচালনাধীন কোন সংস্থা খাদি শিল্প কেন্দ্র নাই; দুইটি রেশম খাদি শিল্প কেন্দ্র আছে; ঐ দুইটি কেন্দ্র বিষ্ণুপুর ও সোনামুখীতে অবস্থিত।

(খ) ১৯৭১-৭২ সালে রেশম শিল্পে মোট ১,৮৪,১৬০.৮৯ টাকা ব্যয় হইয়াছে।

(গ) বাঁকুড়া খাদি ভাণ্ডার নামে কোন সংস্থা নাই, তবে পশ্চিমবঙ্গ খাদি কেন্দ্র নামে খাদি ও গ্রামোদ্যোগ কমিশন পরিচালিত একটি সংস্থা আছে; ঐ সংস্থা সম্পর্কে বিস্তৃত তথ্যাদি খাদি ও গ্রামোদ্যোগ কমিশনের নিকট হইতে সংগ্রহ করিতে হইবে।

(ঘ) ক্ষতির পরিমান সামান্য।

(ঙ) (১) ১,১০০ টাকা লোকসান হয়েছে।

(২) বিষ্ণুপুর গান্ধী খাদি গ্রামোদ্যোগ কেন্দ্র।

(৩) বিষ্ণুপুর গান্ধী খাদি গ্রামোদ্যোগ কেন্দ্রের কর্মকর্তারা উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবেন।

## হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি

৩০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৮।) **Shri Kashinath Mishra:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সার্ভিস সোসাইটি, এল, এম, ক্রেডিট সোসাইটি, ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্ক, সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক ইত্যাদি সোসাইটির কর্মচারীদের ক্ষেত্রে যেমন প্রমোশন হয়ে থাকে হোলসেল কন্‌জিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের কর্মচারিগণের ক্ষেত্রে সেরূপ প্রমোশন হয় না; এবং

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি ও (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করেছেন?

**The Minister for Co-operation :** (ক) এই বৎসর পরিবর্তিত অডিটার নিয়োগ সংক্রান্ত নিয়ম অনুসারে কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটির কর্মচারিগণেরও প্রমোশন হইতে পারে।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

## রাজ্য সমবায় ব্যাঙ্ক

৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯০।) **Shri Kashinath Misra :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সমবায় ব্যাঙ্ক কত হারে জেলা সমবায় ব্যাঙ্ককে ঋণ দেয়, এবং

(খ) বর্তমানে বাঁকুড়া জেলা সমবায় ব্যাঙ্কের :

(১) লগ্নীকৃত অর্থের পরিমাণ কত,

(২) অনাদায়ী লগ্নীর পরিমাণ কত, ও

(৩) এই অনাদায়ী লগ্নীর কারণ কি?

**The Minister for Co-operation :**

(ক) বার্ষিক শতকরা ৫ টাকা হারে স্বল্পমেয়াদী ঋণ দেয়।

(খ) ৩০শে জুন, ১৯৭১ তারিখে বাঁকুড়া জেলা সমবায় ব্যাঙ্কের—

(১) লগ্নীকৃত স্বল্পমেয়াদী অর্থের পরিমাণ ৭৫ লক্ষ ২৪ হাজার টাকা।

(২) অনাদায়ী লগ্নীর পরিমাণ ৫৯ লক্ষ ৬৫ হাজার টাকা।

(৩) প্রাকৃতিক কারণে শস্যহানি এবং ঋণ আদায়ের ব্যাপারে কেন্দ্রীয় ব্যাঙ্ক ও প্রাথমিক সমবায় সমিতিগুলির তৎপরতার অভাবই অনাদায়ী লগ্নীর অন্যতম কারণ।

## বাঁকুড়া জেলায় প্রাথমিক সমবায় ঋণদান সমিতি

৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৬।) **Shri Kashinath Misra :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে প্রাথমিক সমবায় ঋণদান সমিতি কতগুলি আছে, এবং

(খ) উক্ত সমবায় সমিতিগুলি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক হতে কিভাবে, কখন, কতদিনের মধ্যে, কি সুদে কৃষিঋণ পায়?

**The Minister for Co-operation :** (ক) ৫০৯টি।

(খ) সমিতিগুলিকে প্রথমত কৃষি ঋণের জন্য সময়মত কেন্দ্রীয় ব্যাঙ্কের নিকট দরখাস্ত করিতে হয় এবং যেসকল সমিতি নূতন ঋণ পাওয়ার যোগ্য বিবেচিত হয় তাহারা সাধারণত মার্চ-এপ্রিল হইতে ১৫ই আগস্টের মধ্যে দরখাস্ত করার ১৫ থেকে ২০ দিনের মধ্যে বার্ষিক শতকরা ৭½ টাকা সুদে কৃষি ঋণ পায়।

## জেলাওয়ারী রাজ্য সমবায় ব্যাঙ্কের শাখা

৩০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯১।) **Shri Kashinath Misra :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলায় জেলায় রাজ্য সমবায় ব্যাঙ্কের শাখা আফিস খুলিবার কোন প্রস্তাব আছে কি; এবং

(খ) থাকিলে, ইহার দ্বারা সাধারণ মানুষের কি কি সুবিধা হইবে?

**The Minister for Co operation :** (ক) না। তবে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার পরামর্শক্রমে রাজ্য সমবায় ব্যাঙ্ক ২৪-পরগনা জেলার হাবড়া এবং বসিরহাট থানায় কৃষি ঋণ দাদনের উদ্দেশ্যে পরীক্ষামূলকভাবে শাখা খুলিবার ব্যবস্থা করিতেছে। কুচবিহার ও মালদহ জেলার কয়েকটি ব্লকের জন্যও অনুরূপ ব্যবস্থার বিষয় রাজ্য সমবায় ব্যাঙ্কের বিবেচনাধীন আছে।

(খ) উপরে উল্লিখিত এলাকায় স্থানীয় কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলির অত্যধিক অনাদায়ী ঋণ থাকায় রিজার্ভ ব্যাঙ্ক হইতে ঋণের সুযোগ পাইতেছে না এবং যেসকল প্রাথমিক সমিতি ঋণ বহুলাংশে শোধ করিয়াছে তাহাদের ঋণ শোধকারী সভ্যদিগকে নতুন করিয়া কৃষি ঋণ সরবরাহ করিতে পারিতেছে না। রাজ্য সমবায় ব্যাঙ্কের শাখা খুলিলে রিজার্ভ ব্যাঙ্ক হইতে ঋণ সীমা লইয়া উপযুক্ত প্রাথমিক কৃষি ঋণদান সমিতিগুলিকে সরাসরি কৃষি ঋণ দেওয়া সম্ভব হইবে।

## বাঁকুড়া জেলায় দামোদর এলাকায় সেচ-প্রকল্প

৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৫।) **Shri Saktipada Maji :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় দামোদরের পার্শ্ববর্তী এলাকায় সেচ ব্যবস্থার জন্য কি কি প্রকল্প সরকার গ্রহণ করিয়াছেন;

(খ) ঐ প্রকল্পে কি পরিমাণ জমি সেচের সুযোগ পাবে;

(গ) কতদিনের মধ্যে এই ব্যবস্থা কার্যকরী হবে, এবং

(ঘ) দামোদরের জল যেখানে পৌঁছানো সম্ভব হবে না সেই সমস্ত এলাকায় সেচের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে?

**The Minister for Irrigation and Waterways :** (ক) বাঁকুড়া জেলার বারজোড়া, সোনামুখী এবং ইন্দাস থানার কিছু কিছু অংশে দামোদর ভ্যালী প্রকল্পের মাধ্যমে জলসেচের ব্যবস্থা করা হইয়াছে। শুভঙ্করদাঁড়া সেচ প্রকল্প হইতেও বারজোড়া ও সোনামুখী থানার ৪ হাজার একর জমিতে সেচের জল দেওয়া হইতেছে।

এ ছাড়া, মালিয়াবাজোর সেচ প্রকল্প এবং পাত্রসায়র থানায় হরিনমুড়ি খাল সেচ প্রকল্পের কাজ হাতে নেওয়া হইয়াছে। দামোদর নদের দক্ষিণ তীরে "সার্লী" রিজারভয়ার প্রকল্প নামে আরও একটি প্রকল্প তৈরী করা হয়েছে। প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ পাইলেই উহার কাজ আরম্ভ হইবে।

(খ) বাঁকুড়া জেলায় সেচ ব্যবস্থার সুযোগপ্রাপ্তিযোগ্য জমির পরিমাণ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| (১) | দামোদর ভ্যালী প্রকল্প | ৮০,০০০ একর |
| (২) | মালিয়ারাজোড় সেচ প্রকল্প | ৩,১০০ একর |
| (৩) | শুভঙ্কর-দাঁড়া সেচ প্রকল্প | ৬,০০০ একর |
| (৪) | সালী সেচ প্রকল্প | ৪,৫০০ একর |

(গ) শুভঙ্কর-দাঁড়া সেচ প্রকল্প এবং দামোদর ভ্যালী কর্পোরেশনের কাজ আগেই শেষ হইয়াছে। মালিয়ারাজোড় সেচ প্রকল্পটি ১৯৭৫ সাল নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়। অর্থের সংস্থান হইলে "সালী" রিজারভয়ার প্রকল্পটিও আরম্ভ করা হইবে।

(ঘ) প্রশ্নে উল্লিখিত "এলাকার" বিস্তারিত বিবরণ, যথা মৌজা, থানা ইত্যাদি না পাইলে, এই প্রশ্নের যথাযথ উত্তর দেওয়া সম্ভব নয়। সামগ্রিকভাবে এইটুকু বলা যায় যে, কোন কোন এলাকায় দামোদরের সেচের সম্প্রসারণ সম্ভবপর—সে বিষয় অনুসন্ধান এবং সম্প্রসারণকার্য চলিতেছে।

## বাঁকুড়া জেলায় লাক্ষা চাষ

৩১০। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৬।) **Shri Kashinath Misra :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পূর্বে এই বাঁকুড়া জেলার অর্থনৈতিক ক্ষেত্রে "লাক্ষা চাষ" একটি বিশিষ্ট ভূমিকা লইয়াছিল, এবং

(খ) (১) সত্য হইলে, এই জেলায় কোথায় কোথায় লাক্ষার চাষ হইত, ও

(২) এই লাক্ষা চাষের পুনরুজ্জীবনের জন্য বর্তমান সরকার ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি?

**The Minister for Cottage and Small Scale Industries :** (ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) (১) পূর্বে বাঁকুড়া জেলার জেনুয়া, চুয়াবেড়িয়া, সুগীবাগ, আনন্দপুর, মেঝিয়া, ঝাঁটিপাহাড়ি, ছাতনা প্রভৃতি অঞ্চলে ব্যাপকভাবে লাক্ষার চাষ হইত।

(২) এই চাষের পুনরুজ্জীবনের জন্য কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প দপ্তর বাঁকুড়া জেলায় চুয়াবেড়িয়া, সুগীবাগ, আনন্দপুর, মেঝিয়া ও ছাতনায় পাঁচটি বীজ উৎপাদন কেন্দ্র সংস্থাপন করিয়াছেন। ইহা ছাড়া যেসব গাছ বর্তমানে চাষের কাজে লাগান হয় না সেগুলিকে কাযকরী করার জন্য কেন্দ্রীয় পরিকল্পনায় বিনামূল্যে বীজ সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে।

উপজাতি উন্নয়ন দপ্তর হইতেও গরীব লাক্ষা চাষীদের বিনামূল্যে লাক্ষা বীজ সরবরাহের একটি পৃথক পরিকল্পনার কাজ হইতেছে।

## জে কে নগর অ্যালুমিনিয়াম কারখানা

৩১১। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৭।) **Shrimati Gita Mukhopadhaya :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্তমানে জে কে নগর অ্যালুমিনিয়াম কারখানায় ডি ভি সি যে বিদ্যুৎ সরবরাহ করছে তা কি রেটে করছে এবং সেটা উৎপাদন খরচের চেয়ে বেশী কি কম?

**The Minister for Power :**

ডি ভি সি জে কে নগরস্থিত অ্যালুমিনিয়াম কারখানায় প্রতি ইউনিট ৩.৫ পঃ হিসাবে বিদ্যুৎ সরবরাহ করিয়া থাকে। ইহার উপর প্রতি ইউনিট ১.৮১ পয়সা হিসাবে জ্বালানি শুল্ক দিতে হয়। এই হার তাহাদের উৎপাদন এবং বিতরণ ব্যয় অপেক্ষা সামান্য পরিমাণ বেশী।

### বঙ্কিমনগরে সিল্ক ফার্ম

৩১২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৪।) **Shri Naresh Chandra Chaki :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদিয়া জেলায় বানাঘাট থানার অন্তর্গত বঙ্কিমনগরে যে সিল্ক ফার্মটি আছে তার মালিক খুনের অপরাধে পলাতক আছে ;

(খ) সত্য হইলে, এই ফার্মটি বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(গ) এই ফার্মটি সরকার কর্তৃক গ্রহণের কোন পরিকল্পনা আছে কিনা ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

(ক) ব্যাপারটি স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের এক্তিয়ারভুক্ত, এ সম্পর্কে এই বিভাগের কিছু জানা নাই।

(খ) বর্তমানে উক্ত ফার্মের মালিক ও অন্যান্য কর্মচারী না থাকায় সেখানে রেশমশিল্প সংক্রান্ত কোন কাজ হইতেছে না।

(গ) না।

### চকদীঘি স্বাস্থ্যকেন্দ্র

৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১২৮।) **Shri Puranjoy Pramanik :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার জামালপুর ব্লকের চকদীঘি স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(খ) কোন্ সময়ের মধ্যে ইহার নির্মাণকার্য শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Public Works :**

(ক) চকদীঘির সারদাপ্রসাদ ডাক্তারখানাটি ইং ১লা জুন, ১৯৬৫ তারিখ হইতে সরকারী পরিচালনাধীনে কাজ করিতেছে। উহাকে দশ শয্যা-বিশিষ্ট উপ-স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরের জন্য প্রয়োজনায় অতিরিক্ত গৃহাদি নির্মাণের বিষয়টি সরকারের বিবেচনাধীন।

(খ) এখন বলা সম্ভব নয়।

### দুর্গাপুরে ডি এস টি এস বাস

৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০০।) **Shri Kashikanta Misra :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুরে ডি এস টি এস কোন্ সালে চালু হয়,

(খ) বর্তমানে উক্ত সংস্থায় কয়টি বাস আছে ;

(গ) ইহার মধ্যে (১) চালু ও (২) অকেজো বাসের সংখ্যা কত,

(ঘ) মোট কর্মচারীর সংখ্যা কত ; এবং

(ঙ) প্রত্যেক বাসে কতজন এবং কি কি পদের কর্মচারী নিযুক্ত থাকেন ?

**The Minister for Home (Transport) :**

(ক) ১৯৬৩ সালে।

(খ) ১১২টি বাস ;

(গ) (১) চালু বাসের সংখ্যা ৫৭ ও (২) অকেজো বাসের সংখ্যা ৫৫।

(ঘ) মোট কর্মচারীর সংখ্যা ৮০৩।

(ঙ) রুটে প্রত্যেক বাসে ১ জন ড্রাইভার ও ২ জন কণ্ডাক্টর থাকেন। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নিযুক্ত ধরিলে বাস প্রতি ৭.২ জন কর্মচারী নিযুক্ত আছেন।

## বাঁকুড়া জেলায় কোয়ারী অফ স্টোন চীপস্

৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৮।) **Shri Kashinath Misra**: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোন কোন্ স্থানে গ্রাভেল (নুড়ি পাথর) ও কোয়ারী অব স্টোন চিপস্ পাওয়া যায়,

(খ) কত একর জমিতে উক্ত সম্পদ আছে:

(গ) ঐ সম্পদ হইতে সরকারের গড়ে বাৎসরিক রাজস্ব কত আদায় হয়;

(ঘ) ১৯৬৭ হইতে ১৯৭০ সাল পর্যন্ত ঐ বাবদে কত রাজস্ব আদায় হইয়াছে, এবং

(ঙ) ১৯৭১ হইতে ১৯৭২ সালের জুন পর্যন্ত এ বাবদ কত রাজস্ব সরকার পাইয়াছেন?

**The Minister for Commerce and Industries**: (ক) বাঁকুড়া জেলায় নিম্নলিখিত স্থানে স্টোন কোয়ারা আছে:

বাঁকুড়া থানার অন্তর্ভুক্ত শুশুকপাহাড়া, মগুরা, অগয়া, দামোদরপুর ও চালেমা মৌজা;

গঙ্গাজলঘাটি থানার অন্তর্গত দেউলি, পাবতোড়, পাচামলা, বড়লটিপুর, বড়সন-শ্রীরামপুর, ছোটনবগ্রাম ও গোবিন্দধাম মৌজা:

বড়জোরা থানার অন্তর্গত বনসোল ও ধরমপুর মৌজা,

মেঝিয়া থানার অন্তর্গত জামকুরি, মোচরাকেন্দ্র ও রামকৃষ্ণপুর মৌজা;

সালতোরা থানার অন্তর্গত শ্যামপুর, মুরলু, ধাতলা ও বামপুর মৌজা,

ইন্দপুর থানার অন্তর্গত কেন্দবোনা, সোনারডাঙ্গা, ছাত্রাবেধ ও চূড়ামণিপুর মৌজা,

খতরা থানার অন্তর্গত জিয়াকানালি মৌজা; এবং

বিষ্ণুপুর থানার অন্তর্গত চুয়ানাসিমা মৌজা।

(খ) ৩০৩.১৩ একর জমিতে উক্ত সম্পদ বর্তমানে সংগৃহীত হইয়াছে। নুড়ি বা পাথরের সঠিক বিস্তারিত হিসাব দেওয়া সম্ভব নয়, কেন না নিয়মমত ভূতাত্ত্বিক সমীক্ষা পাথর বা নুড়ির ক্ষেত্রে করা হয় না।

(গ) এ সম্পদ হইতে সরকারের গড়ে ১৪,৭১০ টাকা বাৎসরিক রাজস্ব আদায় হয়।

(ঘ) ১৯৬৭ হইতে ১৯৭০ সাল পর্যন্ত এ বাবদে ৫৮,৮৩৬ টাকা ৭৩ পয়সা আদায় হইয়াছে।

(ঙ) ১৯৭১ হইতে ১৯৭২ সালের জুন পর্যন্ত এ বাবত ২১,৮১৮ টাকা ৮৩ পয়সা সরকার পাইয়াছেন।

## বিভিন্ন জেলায় নলকূপ ও রিভার পাম্পিং সেট

৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪২০।) **Shri Abdul Bari Biswas**: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কোন্ জেলায় কয়টি গভীর, অগভীর নলকূপ, রিভার পাম্পিং সেট এখন পর্যন্ত মঞ্জুর করা হইয়াছে, এবং

(খ) মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী ও রানীনগর ২নং এবং ডোমকল ব্লকে এ পর্যন্ত কয়টি গভীর নলকূপ, অগভীর নলকূপ ও রিভার পাম্পিং টিউবওয়েল মঞ্জুর করা হইয়াছে?

**The Minister for Agriculture and Community Development :** (ক) একটি তালিকা নিম্নে সন্নিবেশিত করা হইল।

(খ) মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ও রাণীনগর ২নং এবং ডোমকল ব্লকের গভীর নলকূপ ও অগভীর নলকূপের হিসাব নিম্নে প্রদত্ত হইল, উক্ত তিনটি ব্লকে রিভার পাম্পিং স্কীম মঞ্জুর করা হয় নাই।

| ব্লকের নাম | গভীর নলকূপের সংখ্যা | অগভীর নলকূপের সংখ্যা |
|---|---|---|
| ১। জলঙ্গী | ৪১ | ২৪৩ |
| ২। রাণীনগর | ২৫ | ৫৪ |
| ৩। ডোমকল | ৫৫ | ২২১ |

*Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 310.*

তালিকা

রাজ্যের জেলাভিত্তিক গভীর নলকূপ, অগভীর নলকূপ এবং নদীসেচ প্রকল্পের হিসাব

| জেলার নাম | গভীর নলকূপের সংখ্যা | অগভীর নলকূপের সংখ্যা | নদীসেচ প্রকল্পের সংখ্যা |
|---|---|---|---|
| ১। ২৪-পরগণা | ১৮৮ | ৫,০৮৪ | ৫৭ |
| ২। নদিয়া | ৪৬৯ | ৪,৭৫০ | ৬৭ |
| ৩। মুর্শিদাবাদ | ২৬৪ | ৩,৮৪০ | ১০৪ |
| ৪। হাওড়া | ৫৯ | ১,২৮১ | ৩০ |
| ৫। মালদহ | ৮৪ | ২,৯৪১ | ১২৫ |
| ৬। পশ্চিম দিনাজপুর | ৯৬ | ২,০৯৮ | ৬০ |
| ৭। কোচবিহার | ১৫ | ১,৬৩৬ | ১৭ |
| ৮। জলপাইগুড়ি | ৩৩ | ২০০ | ৭ |
| ৯। দার্জিলিং | ১ | — | ১ |
| ১০। হুগলী | ১৬৮ | ৪,৭৮৩ | ১৫২ |
| ১১। বর্ধমান | ১৯৫ | ৫,১৩৬ | ১০১ |
| ১২। বীরভূম | ২৬ | ১,৬১৬ | ৩৫ |
| ১৩। বাঁকুড়া | ৫৯ | ১,০৩৭ | ৪৮ |
| ১৪। মেদিনীপুর | ৯৯ | ৫,২৮৬ | ১৩০ |
| ১৫। পুরুলিয়া | — | — | ৯ |
| মোট | ১,৭৫৬ | ৩৯,২৯১ | ৯৪৩ |

### ক্র্যাস প্রোগ্রাম

৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৩।) **Shri Prodyot Kumar Mahanti:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ১৯৭১-৭২ সালে ক্র্যাস প্রোগ্রামে কোন্ কোন্ ব্লকে কি কি স্কীম মঞ্জুর করা হইয়াছিল; এবং

(খ) ১৯৭২-৭৩ সালে এ জেলায় ক্র্যাস প্রোগ্রামে নূতন কোন স্কীম গ্রহণ করা হবে কি?

**The Minister for Agriculture and Community Development:** (ক) এ সম্পর্কে একটি বিবরণী নিয়ে উপস্থাপিত করা হইল।

(খ) হ্যাঁ। পঞ্চায়েৎ বিভাগের মাধ্যমে ১১টি ব্লকে ৩০টি কূপখননের প্রকল্প মঞ্জুর করা হইয়াছে। ইহা ব্যতীত শালবনী থানায় বনানীকরণের একটি প্রকল্প বিবেচনাধীন আছে।

*Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 317*

List of schemes taken up under Crash Scheme for rural employment in the district of Midnapore

| | Name of the Scheme | Name of Block |
|---|---|---|
| 1 | Belia-Kharikabad Road | Midnapore |
| 2 | Banpura-Biswanathpur Road | Keshpur |
| 3 | Chakfateellah-Bhawanipur Road | Debra |
| 4 | Dhaneswarpur-Santoshpur Road | Dantan-II |
| 5 | O. T. Road near Poktapur to Dehati-Balichak Road | Narayangarh |
| 6 | Dantan-Turka Road | Dantan-I |
| 7 | Karkai-Dhaneswarpur Road | Pingla |
| 8 | Gobardhanpur-Lalat Road | Patashpur |
| 9 | Jinandapur-Argoal Road | Egra-II |
| 10 | Kamarda-Birbandar Road | Khejuri |
| 11 | Nandigram-Chandipur Road | Nandigram-I |
| 12 | Nilgunj-Maheshpur Road | Chandrakona-II |
| 13 | Ghatal-Ranichak Road | Ghatal |
| 14 | Narajole-Harekrishnapur via Daspur Road | Daspur-I |
| 15 | Ratulia-Gobardhanpur via Haor R.S. Road | Panskura-I |
| 16 | Baligeria-Berajal Road | Nayagram |
| 17 | Demohani-Debhog Road | Sabong |
| 18 | Nayagram-Ekor Road | Gopiballavpur-II |
| 19 | Garmoyna-Arankyarana Road | Moyna |
| 20 | Abardihi-Goaltore Road | Salboni/Garhbeta |
| 21 | Geonkhali-Bhangagara Road | Mahisadal/Sutahata |
| 22 | Bhamal-Chorchita-Nota-Chormundi Road | Gopiballavpur-II |
| 23 | Schemes for the development of Fish Farm at Junpur | Contai-I |
| 24 | Scheme for development tank for pisciculture | Contai-I |

| | Name of the Scheme | Name of Block |
|---|---|---|
| 25 | Scheme for the desilting of Halimsha Tank | Khejuri |
| 26 | Reclamation of tanks at Khejuri Development Block | Khejuri |
| 27 | Scheme for the special repairs of Bheri Bundh of Fisherman villages, namely, Dewli, Phulbar and Kalikapur | Ramnagar-II |
| 28 | Scheme for the special repairs of Garchakraberia Road of the Fisherman villages, namely, Gar-Chakraberia, Jalpai Sandkhati and Kalicharanpur. | Nandigram-I |
| 29 | Scheme for development of tanks for pisciculture | Patashpur |
| 30 | Scheme for the development of Kajlagarh Fish Farm | Bhagwanpur-I |
| 31 | Scheme for the reclamation of Julirbundh | Jhargram |
| 32 | Scheme for the development of tank for pisciculture | Bhagwanpur-II |
| 33 | Scheme for development of kutcha village road—Alampur to Jalda Khuti | Ramnagar-I |
| 34 | Development of Fisheries at Digha and Alampur | Ramnagar I and II |
| 35 | Afforestation in the district of Midnapur | Midnapore<br>Jhargram<br>Kharagpur I and II<br>Keshiary<br>Sankrail<br>Binpur I and II<br>Garbeta I, II and III<br>Keshpur<br>Salboni<br>Narayangarh |

## ঝালদা থানায় সিমেণ্ট কারখানা

৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৬।) **Shri Sarat Chandra Das :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জেলার ঝালদা থানায় একটি সিমেণ্ট কারখানা খোলা সরকারের বিবেচনাধীন আছে,

(খ) যদি (ক)-এর উত্তর হ্যাঁ হয়, তবে তাহা কবে নাগাদ এবং কোন্ জায়গায় স্থাপন করা হইবে ; এবং

(গ) উক্ত কারখানায় কত টাকা বিনিয়োগ করা হইবে এবং তাহা সম্পূর্ণ সরকারী ব্যবস্থায় অথবা বে-সরকারী শিল্পপতিদের দ্বারা স্থাপিত হইবে ?

**The Minister for Commerce and Industries :** (ক) হ্যাঁ।

(খ) কারখানাটি স্থাপন করিতে আড়াই হইতে তিন বৎসর সময় লাগিতে পারে। কারখানাটি ঝালদা থানাতেই হইবে কিন্তু ঝালদা থানার কোন্ নির্দিষ্ট জায়গায় হইবে তাহা নির্বাচন করার কাজ এখনও চলিতেছে।

(গ) এই কারখানায় প্রায় সাড়ে চার কোটি টাকা বিনিয়োগ করা হইবে।

জলঙ্গী বিধানসভা কেন্দ্রে রাস্তা উন্নয়ন

৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৬।) **Shri Abdul Bari Biswas :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার জলঙ্গী, রাণীনগর ২নং ও ডোমকল ব্লকগুলির মধ্যে কাঁচা রাস্তাকে পাকা করণের জন্য জলঙ্গী বিধানসভা কেন্দ্রের সদস্য মহাশয়ের নিকট হইতে প্রস্তাব সম্বলিত দরখাস্ত আসিয়াছে, এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার হইতে কি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**The Minister for Public Works :** (ক) হ্যাঁ।

(খ) সীমিত চতুর্থ পরিকল্পনার পরিপ্রেক্ষিতে প্রস্তাবগুলি বিবেচনা করা হইতেছে।

নয়াগ্রাম থানায় বিদ্যালয়

৩২০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৪।) **Shri Dasharathi Saren :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় নয়াগ্রাম থানায় বর্তমানে কয়টি (১) উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়; (২) মাধ্যমিক (দশম শ্রেণী) বিদ্যালয়, (৩) জুনিয়র হাই স্কুল, (৪) প্রাথমিক স্কুল আছে;

(খ) উক্ত থানায় প্রতিটি অঞ্চলে অন্ততঃ একটি জুনিয়ার হাই স্কুল আছে কিনা;

(গ) উচ্চতর মাধ্যমিক ও মাধ্যমিক (দশম শ্রেণী) বিদ্যালয়গুলি কোন্ কোন্ সালে মঞ্জুরী পাইয়াছে; এবং

(ঘ) উক্ত এলাকায় কোন বালিকা বিদ্যালয় আছে কিনা?

**The Minister for Education :** (ক) (১) উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ১

(২) মাধ্যমিক (দশম শ্রেণী) বিদ্যালয় ৫

(৩) জুনিয়র হাই স্কুল—

চার শ্রেণীযুক্ত ৫ }
দুই শ্রেণীযুক্ত ৪ } ৯

(৪) প্রাথমিক স্কুল ১২৬

(খ) না,

বড় নিগুই অঞ্চল নং—৪

চন্দ্ররেখা অঞ্চল নং—১২

এই দুটি অঞ্চলে কোন জুনিয়র হাই স্কুল নাই

(গ) উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়—

| | |
|---|---|
| (১) নয়াগ্রাম বাণী বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক (দশম শ্রেণী) বিদ্যালয় | ১-১-৫১ |
| (২) খড়িকা বি এম এস সি হাই স্কুল | ১-১-৬৫ |
| (৩) শালভোড়িয়া সিডিউল্ড একাডেমী | ১-১-৫০ |
| (৪) বালিভোড়িয়া এস সি হাই স্কুল | ১-১-৬৬ |
| (৫) নাগবিপদা এস সি হাই স্কুল | ১-১-৭১ |
| (৬) চাঁদাবিলা এস সি হাই স্কুল | ১-১-৬৭ |

(ঘ) উক্ত এলাকায় কোন বালিকা বিদ্যালয় নাই

### বদ্ধ জলাশয়

৩২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪।) **Shri Nitai Pada Sarkar :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে বদ্ধ জলাশয়ের আয়তন ও সংখ্যা কত,

(খ) সমবায় সমিতি নিয়ন্ত্রিত কতগুলি ঐরূপ বদ্ধ জলাশয় আছে, এবং

(গ) মৎস্য উৎপাদন বৃদ্ধিকল্পে বেসরকারী জলাশয়গুলি অধিগ্রহনের পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে তাহা কি?

**The Minister for Fisheries :** (ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে ১,৪১৫,০০০ পুকুর, বিল ও বাওর আছে। উহার মোট আয়তন প্রায় ৮ লক্ষ একর।

(খ) ৩১২ টি।

(গ) বেসরকারী জলাশয়গুলি অধিগ্রহণের কোন পরিকল্পনা সরকারের বর্তমানে নাই।

### বাঁকুড়া কো-অপারেটিভ রাইস মিল

৩২২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৭।) **Shri Kashi Nath Misra :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া কো-অপারেটিভ রাইস মিল এখনও চালু না করার কারণ কি,

(খ) ঐ মিলের জন্য সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের নিকট কত টাকা ঋণ লওয়া হইয়াছিল এবং কত টাকা পরিশোধ করা হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, বিগত কয়েক বৎসর যাবত ঐ মিলের কার্যকরী সদস্যদের জেনারেল মিটিং ডাকা হয় নাই; এবং

(ঘ) সত্য হইলে ইহার কারণ কি?

**The Minister for Co-operation :** (ক) বাঁকুড়া কো-অপারেটিভ রাইস মিল ১৯৭০ সালের সেপ্টেম্বর মাসে প্রথম চালু হয় এবং ফুড কর্পোরেশন হইতে প্রাপ্ত ধান ভানে। তবে ঐ মিলে কিছু কিছু যান্ত্রিক এবং অন্যান্য ত্রুটি দেখা যায় যাহা পরে সংশোধন করা হইয়াছে। গত মরশুমে ফুড কর্পোরেশন হইতে ধান না পাওয়ায় মিলটি এখন বন্ধ আছে।

(খ) ঋণের পরিমাণ ১ লক্ষ ৪০ হাজার টাকা। ঋণের আসল বাবদ ৩৮ হাজার ৩ শত টাকা এবং সুদ বাবদ ১১ হাজার ৮ শত ৬০ টাকা ৩২ পয়সা পরিশোধ করা হইয়াছে।

(গ) ইহা সত্য যে, সাধারণ সভ্যদের লইয়া কোন বার্ষিক সাধারণ সভা হয় নাই। তবে চেয়ারম্যান হিসাবে জেলা ম্যাজিস্ট্রেটের সভাপতিত্বে কার্যকরী সমিতির সভ্যদের সভা নিয়মিত অনুষ্ঠিত হইয়াছে।

(ঘ) যতদূর জানা গিয়াছে যান্ত্রিক ও অন্যান্য ত্রুটি সংশোধনের পর মিলটি ধানের অভাবে চালু না থাকায় সমিতির পরিচালকমণ্ডলী সাধারণ সভা ডাকেন নাই।

### নবগ্রাম কেন্দ্রে খাস জমি

৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৫।) **Shri Addya Charan Dutta :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় নবগ্রাম বিধানসভা কেন্দ্রে ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত কত ভূমিহীন কৃষককে সরকারী খাস জমি বিতরণ করা হয়েছে, এবং

(খ) বিতরিত এই সমস্ত সরকারী খাস জমি চিরস্থায়ী রায়তি স্বত্বে কতজনকে এবং একসালা বন্দোবস্তে কতজনকে দেওয়া হয়েছে?

**The Minister for Land Utilisation and Reforms :** (ক) ৪,০৭৯ জন।

(খ) ৩,৬২৮ জনকে চিরস্থায়ী রায়তি স্বত্বে এবং অপর ৪৫১ জনকে একসালা বন্দোবস্তে জমি দেওয়া হইয়াছে।

### নবগ্রাম ও জিয়াগঞ্জ থানায় জি আর

৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৫।) **Shri Addya Charan Dutta :** ত্রাণ এবং সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭২ সালের মার্চ মাস হইতে ৩০এ জুন পর্যন্ত মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ও জিয়াগঞ্জ থানার বিভিন্ন অঞ্চলে কতজন ব্যক্তিকে জি আর দেওয়া হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare :** নবগ্রাম ব্লক এলাকায় গত মার্চ মাস হইতে ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত নিম্নলিখিত হিসাব অনুযায়ী ৬,৮২৫ জন লোকের জন্য জি আর দেওয়া হইয়াছে—

| | জন |
|---|---|
| ১। পাঁচগ্রাম অঞ্চল | ৭০০ |
| ২। গুরাপশলা অঞ্চল | ৭০০ |
| ৩। নগরুল অঞ্চল | ৭০০ |
| ৪। নবগ্রাম অঞ্চল | ৮৮৫ |
| ৫। নারায়ণপুর অঞ্চল | ৮০০ |
| ৬। কিরিটিশ্বরী অঞ্চল | ৮৪০ |
| ৭। শিবপুর অঞ্চল | ৬৭৫ |
| ৮। রসুলপুর অঞ্চল | ৫৫০ |
| ৯। অমরকুণ্ড অঞ্চল | ৫০০ |
| ১০। হজবিবিডাঙ্গা অঞ্চল | ৪৭৫ |

জিয়াগঞ্জ থানা—গত মার্চ মাস হইতে ৩০এ জুন পর্যন্ত ৩,৮৬২ জন লোকের জন্য জি আর দেওয়া হইয়াছে।

| | জন |
|---|---|
| ১। বাহাদুরপুর অঞ্চল | ৭৬০ |
| ২। মুকুন্দবাগ অঞ্চল | ৮৭৬ |
| ৩। জিয়াগঞ্জ-আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটি | ২২২ |

### খরা ও বন্যার্ত এলাকায় খাজনা মকুব

৩২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭৮।) **Shri Sudhir Chandra Das :** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের যেসব এলাকায় খরা ও বন্যায় ফসল নষ্ট হইয়াছে সেইসব এলাকার খাজনা মকুব করার নির্দেশ দেওয়া হইয়াছে কিনা ;

(খ) যেসকল এলাকায় শতকরা ৬০ ভাগ ফসল নষ্ট হইয়াছে সেইসব এলাকায়ও খাজনা মকুব করা হইবে কিনা ; এবং

(গ) ঐ সকল এলাকায় খাজনা মকুব করিতে হইলে আনুমানিক কত টাকা মকুব করিতে হইবে ?

**The Minister for Land Utilisation and Reforms :** (ক) খরার জন্য খাজনা মকুবের প্রস্তাব কোন জেলাশাসকের নিকট হইতে পাওয়া যায় নাই। বন্যায় ফসলের ক্ষতির জন্য খাজনা মকুবের প্রস্তাবও সংশ্লিষ্ট সকল জেলাশাসকদের নিকট হইতে এখনও পাওয়া যায় নাই।

(খ) প্রধান ফসলের ফলন যদি স্বাভাবিকের চেয়ে শতকরা ৬০ ভাগের কম হয়, তবে মকুব করা হইবে।

(গ) এখনই বলা সম্ভব নয়।

### বেকার সমস্যা

৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১২৬।) **Shri Netai Pada Sarkar :** পাবলিক আণ্ডারটেকিং বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার বেকার সমস্যা সমাধানকল্পে সরকার নিয়ন্ত্রিত উৎপাদন-ভিত্তিক কলকারখানা তৈরীর প্রকল্প গ্রহণে উদ্যোগী হইয়াছেন ;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ জেলায় এরূপ কয়টি প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(গ) সরকার নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানের মাধ্যমে সরকার কত বেকার যুবকের কর্মসংস্থানের পরিকল্পনা করিয়াছেন ?

**The Minister for Public Undertakings :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) পাবলিক আণ্ডারটেকিংস বিভাগ বর্তমানে ১০টি সরকার পরিচালিত সংস্থা দেখাশুনা করে। এই সংস্থাগুলিতে সরাসরি লোক নিয়োগের সুযোগ বেশী নেই। তবে এই সংস্থাগুলি কোক্, ইলেকট্রিসিটি, গ্যাস, কেমিক্যালস্ ইত্যাদি সরবরাহ করে, যার সাহায্যে শিল্পের প্রসার সম্ভব।

### নদীয়া জেলাপরিষদ

৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৭।) **Shri Sukumar Chattopadhyay :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলাপরিষদে প্রধান করণিকের কার্যকালের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও দুইবার বর্ধিত করা হইয়াছে, এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ?

**The Minister of State-in-charge of the Panchayats :** (ক) হ্যাঁ।

(খ) নদীয়া জিলাপরিষদে কর্মচারীদের নিয়োগ, চাকরির শর্তাবলী, ছুটি ইত্যাদি সম্বন্ধে যে আদর্শ নিয়মাবলী আছে তাহার ৫(এ) নিয়মে এই মর্মে বর্ণিত আছে যে, কর্মচারীদের অবসর গ্রহণের বয়স ৬০ বৎসর ধার্য হইলেও বিশেষ পরিস্থিতিতে জিলাপরিষদ ইহার কোন কর্মচারীকে তাহার ৬২ বৎসর বয়স পর্যন্ত প্রতি বছরের চুক্তিতে পুনর্নিয়োগ করিতে পারেন। প্রধান করণিকের চাকরির রেকর্ড সকলের সমাদর লাভ করিয়াছিল বলিয়া জিলাপরিষদ তাঁহাকে দুইবার পুনর্নিয়োগ করেন।

**Phthalic Anhydride Plant**

328. (Admitted question No 1207.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) whether the Government is contemplating expansion of the existing Phthalic Anhydride Plant within the Durgapur Chemicals Ltd ;

(b) whether it is fact that due to massive import of Phthalic Anhydride, Durgapur Chemicals Ltd.'s own production of the material could not be disposed of in the home market during the past few years as the price fixed was much higher than the imported price of the product ;

(c) if the answer to both (a) and (b) be in the affirmative, the reasons for such expansion ; and

(d) if the Government explored the possibility of exporting the product ?

**The Minister for Public Undertakings :** (a) and (b) Yes.

(c) The decision for expansion of Phthalic Anhydride Plant has been taken to meet the increased demand of the product in the market and to do away with import of the chemical. The expansion of the Plant has been found profitable after market study and Government of India has agreed to restrict its import.

(d) No.

**Foreign Technicians in Durgapur Chemicals Ltd.**

329. (Admitted question No. 1216.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) the number of foreign technicians employed in the Durgapur Chemicals Ltd. at present ;

(b) the amount paid to them annually on account of emoluments and allowances ;

(c) if there is any scheme to replace these foreign technicians by Indian technicians ; and

(d) if so, what action has been taken by the Government in this regard ?

**The Minister for Public Undertakings :** (a) Nil.

(b) to (d) Do not arise.

**Stagnation in industries**

**330.** (Admitted question No. 1235.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that against the target growth rate of industrial production of 9 to 10 per cent. annually in the Fourth Plan the actual rate of growth of industrial production, at present, is only 3.6 per cent ;

(b) what are the causes for the prevailing stagnation in industries ; and

(c) what action the Government is contemplating for realising the target of the Fourth Plan ?

**The Minister for Commerce and Industries :** (a) to (c) Although there in no figure available for West Bengal but it is a fact that there has been industrial recession in this State. This is mainly due to the complete breakdown of law and order situation within the State and the faulty policies pursued by C. P. M.-dominated United Front.

Now that we have a stable Government. the investment climate has looked up and Government is making all-out efforts

**নবদ্বীপে জে এল আর ও অফিস**

৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯২।) **Shri Radha Raman Saha :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবদ্বীপে প্রস্তাবিত জে এল আর অফিস সংস্থাপনে সরকার অগ্রসর হইয়াছেন কিনা ; এবং

(খ) না হইয়া থাকিলে, কবে নাগাদ ইহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Land Utilisation and Reforms :** (ক) উপযুক্ত বাড়ী সংগ্রহ না হওয়ায় প্রস্তাবিত এল আর সার্কেল অফিস নবদ্বীপে সংস্থাপন করা এখনও সম্ভবপর হয় নাই।

(খ) পছন্দমত বাড়ী পাওয়া গেলেই উক্ত সার্কেল অফিস খোলা হইবে।

**ভ্রাম্যমাণ হাসপাতাল**

৩৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৩।) **Shri Sukumar Bandyopadhyay :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, জার্মান দেশ কতৃক পশ্চিমবংগ সরকারকে উপহার প্রদত্ত একটি ভ্রাম্যমাণ হাসপাতালের খোঁজ পাওয়া যাচ্ছে না ; এবং

(ক) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**The Minister for Helth :** (ক) সত্য নয়।

(খ) প্রশ্ন উঠে না।

### কাল্লা হাসপাতাল

৩৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৪।) **Shri Sukumar Bandyopadhyay :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোলের কাল্লা হাসপাতালটিকে মেডিক্যাল কলেজে রূপান্তরিত করিয়া আসানসোল-দুর্গাপুর শিল্পাঞ্চল, পুরুলিয়া ও বীরভূম জেলার ছাত্রছাত্রীদের মেডিক্যাল কোর্স পঠনপাঠনের সুযোগ করিয়া দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ ইহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

**The Minister for Health :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### স্কুল-কলেজে হেলথ হোম ইউনিট

৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৩।) **Shri Kashinath Misra :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ওয়েষ্ট বেঙ্গল ষ্টুডেন্ট হেলথ হোম কোন্ সালে প্রতিষ্ঠিত হয়,

(খ) বর্তমানে পশ্চিমবঙ্গে কোন্ কোন্ স্কুল কলেজে উক্ত হেলথ হোমটির ইউনিট খোলা হয়েছে;

(গ) বর্তমানে উক্ত হেলথ হোমটির পরিচালনার ভার কাহাদের উপর ন্যস্ত আছে,

(ঘ) ১৯৬৪-৬৫ হইতে ১৯৭১-৭২ সাল পর্যন্ত সরকার উক্ত হেলথ হোমটিকে কি কি ভাবে সাহায্য করেছেন;

(ঙ) উক্ত হেলথ হোমটির শয্যাসংখ্যা কত;

(চ) কতজন ডাক্তার উক্ত হেলথ হোমে নিযুক্ত আছেন;

(ছ) ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত মোট কতজন ছাত্রছাত্রী উক্ত হেলথ হোম থেকে চিকিৎসার সুযোগ পেয়েছেন,

(জ) কতজন ছাত্রছাত্রী উক্ত হেলথ হোমটির সদস্য হয়েছেন; এবং

(ঝ) উক্ত হেলথ হোমটিকে পূর্ণাঙ্গ হাসপাতালে রূপান্তরিত করার বা উক্ত হেলথ হোমটির উন্নয়নের জন্য সরকারের বর্তমানে কোন পরিকল্পনা আছে কি?

**The Minister for Health :** (ক) ১৯৫১ সালে।

(খ) বাঁকুড়া খৃষ্টান কলেজ; (২) রামানন্দ কলেজ, বিষ্ণুপুর; (৩) দীনবন্ধু এনড্রুজ কলেজ, গড়িয়া; (৪) ফকিরচাঁদ কলেজ, ডায়মণ্ডহারবার; (৫) গোবরডাঙ্গা হিন্দু কলেজ; (৬) শ্রীচৈতন্য কলেজ, হাবড়া; (৭) কালনা কলেজ; (৮) কাটোয়া কলেজ; (৯) বনমালী কলেজ, পাঁশকুড়া; (১০) রবীন্দ্রশতবার্ষিকী মহাবিদ্যালয়, ঘাটাল; (১১) তাম্রলিপ্ত মহাবিদ্যালয়, তমলুক। স্কুলে হেলথ হোমের কোন শাখা নেই।

(গ) ৪০ জন সদস্যবিশিষ্ট একটি কার্যকরী কমিটির উপর ইহার পরিচালনার ভার ন্যস্ত আছে।

(ঘ) (১) হাসপাতালের নির্মাণকার্য ও চিকিৎসাবাবত ব্যয় নির্বাহের জন্য আর্থিক অনুদান মঞ্জুরের দ্বারা।

(২) কেন্দ্রীয় সরকারের নিকট আর্থিক সাহায্যের জন্য সুপারিশের দ্বারা।

(৩) পরিচালন ব্যবস্থা দৃঢ়তর করার জন্য হোমের কার্যকরী সমিতিতে স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি প্রেরণের দ্বারা।

(৪) প্রমোদকর গ্রহণ না করার সিদ্ধান্তের দ্বারা।

(ঙ) ১০।

(চ) ৩১ জন।

(ছ) ১৯৭১-৭২ সালে প্রায় ১৬,৫৩৬ জন ছাত্র-ছাত্রী চিকিৎসিত হয়েছেন।

(জ) ১৯৭১-৭২ সালে প্রায় ৬১,০০০।

(ঝ) ইহা একটি বে-সরকারী প্রতিষ্ঠান; সরকারের কোন পরিকল্পনা থাকার প্রশ্ন ওঠে না।

## কৃষি আয়কর

৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২২৬।) **Shri Prabodh Kumar Singha Roy:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কি কি বিষয়ের উপর ভিত্তি করিয়া কৃষি আয়কর ধার্য হইয়া থাকে,

(খ) কাহাদের উপর এই কর ধার্য হইয়া থাকে, এবং

(গ) বর্তমানে এই কর রহিত করিবার বিষয় সরকারের কোন পরিকল্পনা আছে কি?

**The Minister for Finance:** (ক) বর্তমানে পশ্চিমবঙ্গে অবস্থিত জমি হইতে নিম্নবর্ণিত উপায়ে যে আয় হয় তাহার উপর কৃষি আয়কর ধার্য হইয়া থাকে:—

(১) কৃষিকার্য দ্বারা এবং/অথবা যে উপায়ে প্রয়োগ দ্বারা উৎপন্ন শস্যকে বিক্রয়োপযোগী করিয়া বাজারে পাঠান যায় এবং (২) জমির উপকণ্ঠে অবস্থিত গৃহ যাহা কৃষিকার্যে সহায়ক এবং যাহা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যবহার করেন।

কেবলমাত্র ৩০,০০০ টাকার ঊর্ধ্ব কৃষি আয়যুক্ত ব্যক্তিবিশেষ এবং অবিভক্ত হিন্দু পরিবার কৃষি আয়করের আওতায় আসেন।

(খ) প্রত্যেক ব্যক্তিবিশেষ, অবিভক্ত হিন্দু পরিবার, কোম্পানী, ফার্ম অথবা অ্যাসোসিয়েশন অফ পার্সন্সের ক্ষেত্রে প্রত্যেক আর্থিক বৎসরের পরবর্তী বৎসরের মোট কৃষি আয়ের উপর এই কর তপশীলে বর্ণিত হারানুযায়ী ধার্য হইয়া থাকে। তবে প্রকাশ থাকে যে, যে সম্পত্তি হইতে কৃষি আয় হইয়া থাকে তার মালিকানা যদি দুই বা ততোধিক ব্যক্তির থাকে এবং ঐ সম্পত্তির উপর তাহাদের অংশ যদি নির্দিষ্ট থাকে অথবা নির্ধারণযোগ্য হয় তবে ঐ সকল ব্যক্তিবর্গকে ঐরূপ সম্পত্তির জন্য অ্যাসোসিয়েশন অব পার্সন্স হিসাবে তাহাদের কৃষি আয়কর ধার্য হইবে না, কিন্তু এই সম্পত্তি হইতে কৃষি আয়ের যে অংশ ঐরূপ ব্যক্তির প্রাপ্য তাহা তাহার ব্যক্তিগত মোট কৃষি আয়ের অন্তর্ভুক্ত করা হয়।

আরও প্রকাশ থাকে যে, কেন্দ্রীয় অথবা রাজ্যসরকারের অথবা কোন স্বায়ত্তশাসন কর্তৃপক্ষের কৃষি আয়ের উপর কোন কৃষি আয়কর ধার্য করা যায় না।

(গ) না। এইরূপ কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

## বেকারের সংখ্যা

৩৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৪।) **Md. Dedar Baksh:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে বেকারের সংখ্যা কত;

(খ) তন্মধ্যে শিক্ষিত, অর্ধশিক্ষিত ও অশিক্ষিত বেকারের সংখ্যা কত;

(গ) জেলা ভিত্তিক শিক্ষিত, অর্ধশিক্ষিত ও অশিক্ষিত বেকারের সংখ্যা কত, এবং

(ঘ) বেকারদের কর্মসংস্থানের বিষয়ে সরকার কি কি প্রকল্প গ্রহণ করিয়াছেন?

**The Minister for Labour :** (ক) পশ্চিমবঙ্গে বেকারীর সম্পূর্ণ পরিসংখ্যান এই দপ্তরে নাই, তবে ৩০-এ জুন, ১৯৭২ তারিখে পশ্চিমবঙ্গে মোট রেজেস্ট্রীকৃত কর্মপ্রার্থীর সংখ্যা ১,০১৭,৮৫২।

(খ) শিক্ষা অনুযায়ী কর্মপ্রার্থীর সংখ্যা বৎসরে দুইবার ৩০এ জুন ও ৩১এ ডিসেম্বর নির্ধারণ করা হয়। ৩০এ জুন ১৯৭২ তারিখের সংখ্যা সকল কর্মসংস্থান কেন্দ্র হইতে এখনও পাওয়া যায় নাই। ৩১এ ডিসেম্বর, ১৯৭১ তারিখে শিক্ষিত, অর্ধশিক্ষিত ও অশিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা নিম্নরূপ ছিল :—

শিক্ষিত (ম্যাট্রিক এবং তাহার উপরে)—৩৬৮,৬১৩।

অর্ধশিক্ষিত—৪৩৮,৮১৫।

অশিক্ষিত—৫৯,৬৫৫।

(গ) ৩১এ ডিসেম্বর, ১৯৭১ তারিখে জেলা ভিত্তিক শিক্ষিত, অর্ধশিক্ষিত ও অশিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা নিম্নরূপ ছিল :—

| ক্রমিক সংখ্যা | জেলা | শিক্ষিত | অর্ধশিক্ষিত | অশিক্ষিত |
|---|---|---|---|---|
| (১) | কলিকাতা | ১,২৯,২৭৮ | ১,১৪,৯৯৬ | ২১,১৪৭ |
| (২) | ২৪-পরগনা | ৪৮,০৭৪ | ৫৯,২৬৬ | ২,৮৭৭ |
| (৩) | হুগলী | ১৮,৬১৬ | ২৬,৭৭১ | ৫৮৭ |
| (৪) | বর্ধমান | ৩৮,১৬৭ | ৯৮,৩৫২ | ২৩,৪৫৫ |
| (৫) | মেদিনীপুর | ৩৪,৭৮৯ | ২৭,৬০৯ | ১,৭৪৭ |
| (৬) | মুর্শিদাবাদ | ৯,৭৯৩ | ৯,৩৬৮ | ৩,২৬৬ |
| (৭) | দার্জিলিং | ৬,৩২০ | ৯,৫৫০ | ১,৯৬৩ |
| (৮) | হাওড়া | ১৭,১৫৬ | ২২,৭৩৯ | ৪৫৬ |
| (৯) | বীরভূম | ৯,৪৫৬ | ৫,০২০ | ৫০২ |
| (১০) | বাঁকুড়া | ১৩,৩৩৮ | ৫,৩৮৫ | ৩২ |
| (১১) | পুরুলিয়া | ৫,৫০৯ | ৫,২৪১ | ৩৭৫ |
| (১২) | নদীয়া | ১৪,৮৮৭ | ২৭,৬৬২ | ২,০২৬ |
| (১৩) | জলপাইগুড়ি | ৩,৯৮০ | ৫,৯৬৫ | ২৬৩ |
| (১৪) | কোচবিহার | ৬,৮০৫ | ১২,২৭৭ | ৪৮৫ |
| (১৫) | পশ্চিম দিনাজপুর | ৬,৫২৫ | ২,৮৩০ | ৮৩ |
| (১৬) | মালদহ | ৫,৯৫০ | ৫,৪৯৪ | ৩৯১ |

(ঘ) কর্মপ্রার্থী যুবকদের কর্মসংস্থানের জন্য সরকার বিবিধ উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। এই সমস্ত পরিকল্পনা কার্যকরী হইলে অনেক কর্মপ্রার্থী যুবকদের কর্মসংস্থান হইবে। যেমন সরকার "ক্রাস প্রোগ্রাম ফর রুরাল এমপ্লয়মেণ্ট", "রুরাল ওয়ার্কস্ প্রোগ্রাম", "স্মল ফার্মার্স ডেভেলপমেন্ট অথরিটি" প্রভৃতি প্রকল্প গ্রহণ করিয়াছেন।

## রেশম শিল্পী

৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৮।) **Shri Harendra Nath Halder :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবঙ্গের রেশম শিল্পীরা (১) বিগত বন্যার ও বর্তমানে খরার দরুন এবং (২) রেশম সুতার অভাবে চরম দুর্দশার সম্মুখীন হয়েছেন এবং

(খ) অবগত থাকিলে, এই দুর্দশার মোকাবিলার জন্য কোন পরিকল্পনা লওয়া হয়েছে কি?

**The Minister for Cottage and Small Scale Industries :** (ক) (১) ও (২) হাঁা।

(খ) এই দুর্দশার মোকাবিলার জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করেছেন :—

১। ত্রাণ বিভাগ মোট ৬৪,০০,০০০ লক্ষ টাকা (অনুদান ৩৯,০০,০০০ ও ঋণ ২৫,০০,০০০ লক্ষ টাকা) এই রাজ্যের বন্যার্ত রেশম শিল্পীদের মধ্যে বণ্টনের জন্য মঞ্জুর করেছেন। উক্ত অর্থের মধ্যে মোট ৬৩,৪০,১২৮ লক্ষ টাকা (অনুদান ৩৮,৯৮,৪২৫ লক্ষ টাকা ও ঋণ ২৪,৪১,৬০৩ লক্ষ টাকা) বন্টন করা হয়েছে।

২। অবশিষ্ট রেশমশিল্পীদের ত্রাণের জন্য ৪৯,০০,০০০ লক্ষ টাকার একটি পরিকল্পনা ইতিমধ্যেই ত্রাণ ও কল্যাণদপ্তরে পেশ করা হয়েছে। এর মধ্যে ২৫,০০,০০০ লক্ষ টাকা অনুদান ও ২৪,০০,০০০ লক্ষ টাকা সেচকার্যের জন্য ঋণ হিসাবে বন্টন করার প্রস্তাব আছে। অতি সম্প্রতি কেন্দ্রীয় সরকার এই পরিকল্পনার জন্য শুধু ১৫,০০,০০০ লক্ষ টাকা অনুদান অনুমোদন ও মঞ্জুর করেছেন। ঋণের প্রস্তাব নাকচ তাঁরা করেছেন।

(৩) বর্তমানে রেশমগুটি ও রেশমসূতার দুষ্প্রাপ্যতার দরুন রেশমসূতার দাম অস্বাভাবিক-ভাবে বেড়ে গিয়েছে। ফলে উৎপাদিত রেশম বস্ত্রের অত্যধিক মূল্য হেতু এবং বিক্রী করে গুরুতর লোকসানের সম্মুখীন হওয়ার আশঙ্কায় তাঁতীরা অত্যন্ত সঙ্কটে পড়েছেন। এই দুর্দশা লাঘবের জন্য কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের একটি পরিকল্পনা ত্রাণ ও কল্যাণ দপ্তরে পেশ করা হয়েছে। এই পরিকল্পনা অনুযায়ী প্রতি তাঁতের জন্য ৯২০ টাকা ঋণ দেওয়ার প্রস্তাব আছে। এই ঋণ ৪ মাসে শোধ দিতে হবে। এটি বর্তমানে ত্রাণ বিভাগের বিবেচনাধীন।

ইহা ছাড়াও কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগ কর্তৃক পরিচালিত স্টেট ফিলেচার মধুঘাট থেকে ৩,০০০ কিলোগ্রাম রেশমসূতা অনুমোদিত রেশম প্রতিষ্ঠান সমূহের মাধ্যমে তাঁতীদের মধ্যে উৎপাদন মূল্যে বিতরণ করার জন্য ব্যবস্থা করা হয়েছে।

## মুর্শিদাবাদ জেলায় টি আর স্কীম

৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৪।) **Dr. Md. Ekramul Haque Biswas :** ত্রাণ এবং কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় টি আর স্কীম বাবত বর্তমান বৎসরে প্রতি ব্লক পিছু কত টাকা করিয়া বরাদ্দ করা হইয়াছে, এবং

(খ) ডোমকল ব্লকে ঐরূপ কতগুলি স্কীম মঞ্জুরী দেওয়া হয়েছে এবং কতগুলি কার্যকরী কর হয়েছে?

**The Minister for Relief and Social Welfare :** টি আর স্কীম বাবত প্রতি ব্লক-পিছু বরাদ্দকৃত টাকার পরিমাণ নিম্নে দেওয়া হইল :—

| ব্লকের নাম | টাকার পরিমাণ |
|---|---|
| রঘুনাথগঞ্জ ১নং | ৭৪,৬৬১·৯২ |
| রঘুনাথগঞ্জ ২নং | ৮০,৪৩৬·২০ |
| সাগরদিঘী | ১,২১,৫৮৬·৮৬ |
| সুতী ১নং | ৪২,৬১৬·৯০ |
| সুতী ২নং | ৬৬,০৫৩·৪৯ |
| সমসেরগঞ্জ | ২,৪৩,১৭৪·৫২ |

| ব্লকের নাম | টাকার পরিমান |
|---|---|
| ফরাক্কা | ২৮,৩৮৪·০০ |
| বহরমপুর | ১,৪৪,৫০০·০০ |
| বেলডাঙ্গা ১নং | ১,০৯,৫০০·০০ |
| বেলডাঙ্গা ২ নং | ৮৯,৫০০·০০ |
| নওদা | ৯৬,৭০৭·০০ |
| হরিহরপাড়া | ১,০৪,৫০০·০০ |
| ডোমকল | ১,৩৩,৫০০·০০ |
| জলঙ্গী | ১,১৫,৫০৯·০০ |
| মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ | ১,১৪,০০০·০০ |
| লালগোলা | ১,২০,৩১৪·০০ |
| রানীনগর ১নং | ১,০১,৮০১·০০ |
| রানীনগর ২নং | ৯৭,০০০·০০ |
| ভগবানগোলা ১নং | ৭৫,৭৪৪·৭২ |
| ভগবানগোলা ২নং | ৮৯,০০০·০০ |
| নবগ্রাম | ১,০২,১৪০·২৮ |
| কান্দী | ১,৫৪,৭৫৯·০০ |
| খড়গ্রাম | ১,৬২,০০৫·০০ |
| বড়ঞা | ১,১৭,৩৫০·০০ |
| ভরতপুর ১নং | ১,২৪,৯৭৯·০০ |
| ভরতপুর ২নং | ৯১,২৯৫·০০ |
| | ২৮,০১,৩২২·৮৯ |

মঞ্জুরীকৃত স্কীমের সংখ্যা ৬৫। তন্মধ্যে ৫১টি স্কীম কার্যকরী করা হয়েছে।

### অফিস ও কর্মচারীদের বাড়িভাড়া

৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৪।) **Shri Abdul Bari Biswas :** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান আর্থিক বৎসরের মে মাস পর্যন্ত এই রাজ্যের বিভিন্ন জেলার বিভিন্ন দপ্তরের অফিসের বাড়িভাড়া ও কর্মচারীদের বাড়িভাড়াবাবত কত টাকা সরকারের বিভিন্ন মাসে ব্যয় হইয়াছে ?

**The Minister for Finance :** ৩১শে জুলাই, ১৯৭২ পর্যন্ত প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে বর্তমান আর্থিক বৎসরের মে মাস পর্যন্ত এই রাজ্যের বিভিন্ন জেলার বিভিন্ন দপ্তরের অফিসের বাড়িভাড়া ও কর্মচারীদের বাড়িভাড়া বাবত যাহা খরচ হইয়াছে, তাহার একটি বিবরণী টেবিলে দেওয়া হইল।

**Mr. Speaker :** Starred questions Nos. 500, 501, 502, 506, 507, 508, 509, 515, 517, 519, 522, 523, 525, 527, 528, 530, 531 and also held over question No. 248 will be treated as unstarred question.

## CALLING ATTENTION TO MATTERS OR URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** The Minister-in-charge of the Power Department will please make a statement on the subject of disruption of production in Durgapur Industries for inadequate supply of power.
(Attention called by Shri Sukumar Bandyopadhyaya on the 3rd August, 1972 )

**Shri Suniti Chattaraj :** The Durgapur Projects Ltd. under the administrative control of the Department of Public Undertakings supplies power to Durgapur group of industries except the Durgapur Steel Plant and the Alloy Steel Plant of Hindusthan Steel. The industries that receive power from D P. L. are M. A M. G , A. V. B , F. C I , Graphite India, Indo-American, Shankey Wheels, Jessop and other smaller industries Durgapur Steel Plant and Alloy Steel Plant receive power from D. V. C. In addition D. P. L. meets the entire domestic consumption of the townships of industries and also meets the requirements of its own unit at Durgapur.

There was no complaint from any of those industries fed by D P. L. about shortage of power and there was no load-shedding in recent times. The recent shortage of power in D. S. P. and A S. P. was due to failure of D. V. C. when D P. L gave a loan of 35 MW to D. V. C. after meeting its own requirement. Local requirement for Durgapur industries and domestic consumption, etc , including the requirement of pandaveswar varies between 56 and 60 MW. Even when the generation of power of D. P. L. is disturbed, it meets the local requirement in full and supplies less to West Bengal State Electricity Board.

**Mr. Speaker :** In this matter attention was called not only by Shri Sukumar Bandyopadhyay but also by Shri Mrigendra Mukherjee.

I have received three notices of calling attention on the following subjects, namely :

(1) Production in major units of Durgapur Steel Plants affected by strike of crane operators of the smelting shop—From Shri Niranjan Dihidar and Shri Sukumar Bandyopadhyay

(2) Retrenchment of fifty-five election staff of Calcutta—From Shri Asamanja De and Shri Kashinath Misra.

(3) Demand for sanction of minimum 15% G. R. for the drought and flood affected people of West Bengal—From Shri Mohammad Dedar Baksh.

I have selected the notice of Shri Mohammad Dedar Baksh on the subject of demand for sanction of minimum 15% G. R. for the drought and

flood affected people of West Bengal. The Hon'ble Minister in charge may please make a statement on the subject today, if possible, or give a date.

**Shri Gyan Singh Sohanpal :** On the 10th, Sir.

## MENTION CASES

**Shri Kashinath Mishra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষকয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়ায় যে সাব জেল আছে গত ১১৭৮নং এইচ-জে/২-বি/৩৫, ১১ই জুলাই ১৯৭২ তারিখে এটা ডিষ্ট্রিক্ট জেল বলে পরিগণিত হয়েছে। কিন্তু যে দুরবস্থা চলেছে সে সম্বন্ধে আমি বলতে চাই। বর্তমানে সেখানে ৪১৯ জন জেলে কয়েদী আছে। তারমধ্যে পি. ভি কে-২, মিসায় ৩৩, সিভিল-১, অণ্ডার ট্রায়াল মেল অডিনারি ২৯৫। সেসান প্রিজনার ৪১, সিমপিল ইমপ্রিজমেণ্ট-১১, সশ্রম কারাদণ্ড ২২, নন ক্রিমিনাল সংখ্যা-২ এবং একটা মেল চাইল্ড আছে। সেখানে ভীষন অবস্থ চলেছে। শ্রীরাম বসু বলে একজন আণ্ডার ট্রায়াল পিজনার তার নং হচ্ছে ইউ. টি. নং ৯৮৪।৫৪ -১০৯ ধারা কেসে অভিযুক্ত হয়ে গত ২৫শে জুন ১৯৭২ তারিখে তাকে জেলে আনা হয়। তার অবস্থা ছিল—তার একটা পা ভাঙ্গা ছিল। তাকে বাঁকুড়া সম্মিলনী কলেজে আনা হয়েছিল। যেখানে তাকে ট্রিটমেণ্টের

[2-10—2-20 p.m.]

জন্য পাঠান হয়। সেখান থেকে সেই শ্রীরাম বোসকে ১৪ই জুলাই ১৯৭২ তারিখে release করে দেওয়া হয় এবং রিলিজ করার পর জেল হাসপাতালে তাকে রাখা হয়েছে। একটা শোচনীয় অবস্থার মধ্যে সেখানে সে আছে। সেখানে তার কোন treatment হচ্ছে না। তার একটি পা ব্যাণ্ডেজ বেঁধে দিয়ে প্লাষ্টার করে ফেলে রাখা হয়েছে। আমি কালকে এই বাঁকুড়া সাব জেলে যে দুরবস্থা জেনে এসেছি, তা ভাষায় ব্যক্ত করা যায় না। ৯ জন অসুস্থ অবস্থায় আছে। তাদের চিকিৎসার জন্য কোন ডাক্তার নাই, D.M.O. একজন নিযুক্ত আছেন বটে, কিন্তু তিনি সব সময় যেতে পারেন না, ওদের দুরবস্থার শেষ নাই। বিছানাপত্রের কোন ব্যবস্থা নাই, শয্যা নাই। সেখানে থাকবার ও খাবার দুরবস্থার শেষ নাই, যে ঘরে থাকে সেটা P.W D.র Construction, ছাদ ফুটো, বৃষ্টির জল পড়ে খাবারদাবার চাল, আটা প্রভৃতি সব দ্রব্যগুলি নষ্ট হয়ে যাচ্ছে। P.W.D. থেকে কোন মেরামতের ব্যবস্থা হয় নাই। এই দুরবস্থার মধ্যে জেলের কয়েদীরা রয়েছে। সেখানে তাদের মধ্যে একটি ছেলেও আছে। কয়েদীদের মধ্যে একটা হতাশার সৃষ্টি হয়েছে। সেই বাঁকুড়া সাব জেল এখন ডিষ্ট্রিক্ট জেলে রূপান্তরিত হওয়া সত্বেও এই দুরবস্থা চলছে। এদিকে অবিলম্বে সরকারের দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি।

**Shri Sudhir Chandra Bera :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজ একটি তাজ্জব বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ধর্মতলা স্ট্রীটে প্রি-ইউনির্ভাসিটি (সায়েন্স) পরীক্ষার বাংলায় লেখা উত্তরপত্র কুড়িয়ে পাওয়া গিয়েছে। এই পরীক্ষার রেজাল্ট এখনো বেরোয় নাই। এই ছাত্রীর রোল নম্বর Cal-F. 40, Registration No. 39437 of 1971-72—Pre-University (Science)। শিক্ষাজগতে কী রকম তাজ্জব জিনিস ঘটতে পারে, তার এটা একটা প্রকৃষ্ট উদাহরণ। মেয়েটি তো পরীক্ষা দিয়ে ঘুমুচ্ছে, আর এদিকে তার পরীক্ষার উত্তর পত্রটি ধর্মতলা ষ্টীটে নৃত্যকরে বেড়াচ্ছে। আমার পাশে মাননীয় শিক্ষামন্ত্রী বসে আছেন, আমি এই সম্পর্কে তার দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় অধ্যক্ষমহাশয়, একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। কেন না বিষয়টির সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের ভবিষ্যৎ জড়িত। পশ্চিমবঙ্গে বর্তমানে খুব বেশী বিদ্যুৎ সংকট চলছে এবং পশ্চিমবঙ্গের মোট উৎপাদন ক্ষমতার অর্ধেক বিদ্যুৎও উৎপন্ন হচ্ছে না। পশ্চিমবঙ্গের ইউনিটগুলির উৎপাদন ক্ষমতা ৯৫০ মেগাওয়াট। এই উৎপাদন ক্ষমতা থাকা সত্ত্বেও অর্ধেক পরিমাণ বিদ্যুৎ বর্তমানে উৎপন্ন হচ্ছে। অবস্থা যদি এই রকম তাহলে নূতন শিল্প সৃষ্টি ও গ্রামে গ্রামে বিদ্যুৎ নেওয়া সম্ভব হবে না।

কলকাতা ও সন্নিহিত শিল্পাঞ্চলে এখন বিদ্যুতের চাহিদা সরকারী হিসাব অনুযায়ী ৫৬০ মেগাওয়াট। এর মধ্যে D P L দে অংশ ১১০ মেগাওয়াট, ব্যাণ্ডেলে ১০৫ মেগাওয়াট, ডি-ভি-সি-তে ১০৫ মেগাওয়াট এবং Calcutta Electric Supply কর্পোরেশনের নিজস্ব প্রতিষ্ঠানের ২৪০ মেগাওয়াট। গত এপ্রিল থেকে ঐ চারিটি প্রতিষ্ঠানের একটিও নির্দিষ্ট পরিমাণ বিদ্যুৎ সরবরাহ চালু রাখতে পারে নি, ঘাটতি হয়েছে। বর্তমানে ঐ ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ১০০ থেকে ১৫০ মেগাওয়াট, ঐ চারিটি এই কয় মাসের গড় বিদ্যুৎ সরবরাহের পরিমাণ দুর্গাপুর প্রকল্প ৭০ মেগাওয়াট, ব্যাণ্ডেল ৯৫ মেগাওয়াট, D.V.C. ৬৫ মেগাওয়াট, এবং C.E.S.C. ২১০ মেগাওয়াট—মোট ৪৪০ অর্থাৎ ঘাটতি ১২০ মেগাওয়াট। আবার মাঝে মাঝে এখন ঘাটতি দাড়াচ্ছে ১৫০ মেগাওয়াট। ফলে সাময়িকভাবে কলকারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে, ট্রেন ও ট্রাম বন্ধ হচ্ছে এবং পল্লীতে পল্লীতে অপ্রদীপ অবস্থা চলছে।

সবচেয়ে খারাপ অবস্থা হচ্ছে দুর্গাপুর প্রজেক্ট লিমিটেড যে বিদ্যুৎ উৎপাদন হবার কথা ২৭৫ মেগা ওয়াট সেখানে তার চেয়ে অনেক কম বিদ্যুৎ উৎপাদিত হচ্ছে যার ফলে দুর্গাপুর প্রকল্পের কাজ আসতে আসতে বিকল হয়ে যাচ্ছে। বিগত কয়েকদিন ধরে এই জেলার বিভিন্ন এলাকায় বিদ্যুতের ভীষণ সংকট দেখা দিয়েছে। দুর্গাপুর এবং বিশেষ করে আসানসোল অঞ্চলের কোলিয়ারীতে ও কলকারখানাতে যে কোম্পানী বিদ্যুৎ সরবরাহ করে সেটা হোল ডিসেরগড় পাওয়ার সাপ্লাই কোম্পানী। ডি ভি সি থেকে এই কোম্পানী কিছু পাওয়ার নেয় ও নিজে কিছু বিদ্যুৎ তৈরী করে—এবং এইভাবে তারা পাওয়ার সাপ্লাই করে। কিন্তু বর্তমানে দামোদর উপত্যকায় জল কমে যাবার দরুন ও মাইথন জলাধারের জল কমে যাবার জন্য তার সেই বিদ্যুৎ দিতে পারছে না। তার ফলে আমাদের আশঙ্কা হচ্ছে যে, যে, কোন দিন আসানসোল শিল্পাঞ্চল বন্ধ হয়ে যেতে পারে। এই দিকে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি এবং আসানসোল শিল্পাঞ্চল ও কলকাতার শিল্পাঞ্চল এবং বিশেষ করে সারা পশ্চিমবঙ্গের কথা ভাববার জন্য অনুরোধ করছি। কেবল আত্ম সন্তুষ্টিতে ভুগলে চলবে না। কারণ এর সংগে সারা পশ্চিম বাংলার ভবিষ্যতে জড়িত। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে পশ্চিমবঙ্গে নূতন শিল্প স্থাপন করতে হলে, এবং ১০ হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহ করতে হলে এবং সেই সংগে সমস্ত কলকারখানার উৎপাদন অব্যাহত রাখতে হলে যে বিদ্যুৎ সংকট সৃষ্টি হয়েছে তা নিরসন করে পশ্চিমবঙ্গকে রক্ষা করুন এই অনুরোধ আমি মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি।

**Shri Niranjan Dihidar :** মাননীয় স্পীকার, স্যার, আমি একটি জরুরী বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে এই যে বার্নপুরে ইণ্ডিয়ান স্ট্যানণ্ডাড ওয়াগন কোম্পানীটি বন্ধ করার চক্রান্ত চলছে। এই কারখানায় ৪ হাজার শ্রমিক কাজ করে; এর আগে ৮০০ শ্রমিককে নানা অজুহাতে বরখাস্ত করা হয়েছিল। এই কোম্পানী ডেলি ১৮ থেকে ২০টি ওয়াগন তৈরী হোত। এবং এই কোম্পানী যুগোশ্লোভাকিয়া

থেকে ৮০০ ওয়াগন-এর অর্ডার পায়। কিন্তু তারা সেটা সরবরাহ করছে না। আমাদের রেল দপ্তর থেকে ৩ হাজার ৬০০ ওয়াগনের অর্ডার পায়। যে-কোন কারণেই হোক অর্ডার না পাবার জন্য হোক আর কাঁচা মালের অভাবেই হোক সেখানে স্প্রীং সপ ও হট সপ তারা বন্ধ করে দিয়েছে। সেখানে ওয়ার্কাসরা বসে রয়েছে—তারা রীতিমত বেতন পাচ্ছে না। এ দিকে তারা ইউনাইটেড ব্যাঙ্ক থেকে আড়াই কোটি টাকা নিয়েছে, আই আই এস কো থেকে ১ কোটি টাকা এবং গেস্ট কিন উইলিয়মস ও ইণ্ডিয়ান অকসিজেন থেকে কয়েক লক্ষ টাকা নিয়েছে, এইভাবে তারা প্রায় ৪ কোটি টাকা নিয়ে রেখেছে। অথচ শোনা যাচ্ছে রাত্রের বেলায় তারা মাল ও যন্ত্রাংশ বিক্রয় করছে। খোঁজ নিয়ে জানলাম গত ১ মাস হোল প্রায় ৩০।৪০ জন শ্রমিককে চার্জসিট দিয়েছে এবং তাদের ব্যবহার এতো খারাপ যে নীলকুঠীর সাহেবদেরও তারা হার মানিয়েছে। সেখানকার ওয়ার্কস ম্যানেজার-এর উদ্দেশ্য হচ্ছে শ্রমিকদের প্রভোকেশন করে তাদের হরতালের মধ্যে নিয়ে যাওয়া এবং সেই হরতালের সুযোগ নিয়ে তারা যাতে লক আউট করতে পারে সেই চেষ্টা তিনি করছেন। এই অবস্থায় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে এই রকম কারখানা যার অত্যন্ত গুরুত্ব রয়েছে যেখানে ওয়াগনের সর্টেজের জন্য অনেক কিছুর উৎপাদন ব্যাহত হচ্ছে সেখানে এটাকে সরকারের পরিচালনাধীনে নিয়ে নেওয়ার জন্য। যেখানে আই এস সিও কে সরকার হাতে নিয়ে নিয়েছেন সেদিক থেকে অনতিবিলম্বে এটাকে সরকারের পরিচালনাধীনে নিয়ে নেবার জন্য আমি বিশেষ করে অনুরোধ করছি। কারণ এতে দেশের স্বার্থ শ্রমিকদের স্বার্থ জড়িয়ে রয়েছে।

[2-20—2-30 p m ]

**Shri Aswini Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয় আমাদের যে সমস্ত জেলা এখনও খরাপীড়িত জেলা হিসাবে স্বীকৃতি পাইনি সেই সমস্ত জেলায় এমন কতকগুলি অঞ্চল আছে যে সেখানে চাষ-আবাদ হচ্ছে না, ক্ষেতমজুরদের কাজ নেই। সেই অঞ্চলের পাশে কিছু কিছু এলাকা আছে যেখানে ক্যানেল থাকার জন্য বা জল পাবার জন্য চাষ-আবাদ হচ্ছে। এখন এই ক্ষেত মজুরদের সমস্যাটা সারা পশ্চিম বাংলার একটা সমস্যা দাঁড়িয়েছে। বাঁকুড়া এবং পুরুলিয়া থেকেই সাধারণত ক্ষেত মজুররা আসছে, তারা মজুরি চাইছে না, তারা মালিকদের বলছে আমরা মজুরি চাই না, খেতে দিন। এর ফলে স্থানীয় মজুররা কাজ পাচ্ছে না। স্যার, ঐ এলাকায় যেটা খরা অঞ্চল বলছি সেখানে কিন্তু বর্তমানে কৃষি উৎপাদন বাড়ানো যায়। এদিক থেকে আমি বুদবুদ অঞ্চলের কয়েকটি এলাকার কথা বলছি। বুদবুদের মাঝ দিয়ে ডি ভি সি'র ক্যানেল গিয়েছে কিন্তু বুদবুদে, মানকরের বড় অঞ্চলে এবং আরো কয়েকটি গ্রামে এখনও জল না পাওয়ার জন্য প্রায় ১॥ হাজার একর জমিতে ফসল হচ্ছে না। এই ক্যানেল থেকে যদি লিফ্‌ট ইরিগেশনের মাধ্যমে, পাম্প দিয়ে জল তোলা যায় তাহলে ১॥ হাজার একর জমিতে এ বছরই ফসল তোলা যায় এবং ঐ স্থানীয় ক্ষেতমজুররাও কাজ পায়। সেদিক থেকে আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে নেই, তিনি বলেছেন, যুদ্ধকালীন জরুরি অবস্থার ভিত্তিতে এইসব কাজ করা হবে। কাজেই সেদিক থেকে আমি বলব পাম্প দিয়ে ডি ভি সি থেকে জল নিয়ে ঐ অঞ্চলে যাতে ১॥ হাজার একর জমিতে সেচের ব্যবস্থা হয় তার জন্য বর্ধমানের কৃষি বিভাগ এবং জেলা ম্যাজিস্ট্রেটকে অবিলম্বে জানানো হোক। ক্ষেতমজুরদের কাজ নেই তারা স্টারভেসানে মারা যাচ্ছে এরকম খবরও পাওয়া যাচ্ছে অথচ সরকারের পক্ষ থেকে যে জি আর দেওয়া হয় সেটা বন্ধ হয়ে গিয়েছে। আমি সমস্ত অঞ্চলের কথা বলছি না, খালি সেই সমস্ত পকেটগুলিতে যাতে অবিলম্বে জি আর দেবার ব্যবস্থা করা হয় তার জন্য নির্দেশ দেবার জন্য আমি রিলিফ মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া কৃষিমন্ত্রীকে বলছি যে সেখানে যেন অন্তুতপক্ষে পাম্প সরবরাহ করা হয়।

**Shri Kumardipti Sen Gupta :** মাননীয় অধ্যক্ষমহাশয়, অত্যন্ত ভারাক্রান্ত হৃদয়ে আপনার মাধ্যমে একটি হৃদয়বিদারক, মর্মস্পর্শী, হতাশব্যঞ্জক চিত্র আমাদের সরকারের সামনে তুলে ধরছি। স্যার, মুর্শিদাবাদ জেলাতে পর পর দুবার বন্যার পর এবারে দারুন খরা চলেছে। এটা সর্বজনবিদিত যে এর আগের আগের বছরে যাদের জমি ছিল তাদের বন্ধকের পালা শেষ হয়ে গিয়েছে। ঘটি, বাটি যা ছিল সেগুলিও সব বিক্রি হয়ে গিয়েছে। আজকে গ্রামবাংলার কুলবধুদের একমাত্র সম্বল সখের কাঁথাগুলি। সেগুলি বিক্রি করার জন্য তারা ঘরে ঘরে খদ্দেরের অভাবে ঘুরে বেড়াচ্ছেন, আর তাদের চোখের জল অবিরত ঝরছে। আজকে মুর্শিদাবাদ জেলার গ্রামের মানুষের যে অবস্থা তাতে তারা অন্ন বলতে বোঝে যেটা সেটা চাল, গম, ধান নয় সেটা হচ্ছে ঘাসের বীজ। মাননীয় মন্ত্রিমহাশয়রা সেখানে গিয়েছেন, আমাদের সাত্তার সাহেবও কয়েকদিন ধরে অনেক পরিশ্রম করে সেখানে গ্রাম থেকে গ্রামান্তরে ঘুরে এসেছেন কিন্তু একথা বলতে লজ্জা হচ্ছে যে সাত্তার সাহেবের সামনে আমাদের গ্রামবাংলার কুলবধুরা বেরিয়ে এসে তাদের দুঃখ দুর্দশার কথা জানাতে পারেনি। তার কারণ তাদের পরনে লজ্জা নিবারণের মত বস্ত্র ছিল না। গ্রামবাংলার যখন এই অবস্থা তখন আমরা এই শীততাপনিয়ন্ত্রিত ঘরে বসে তাদের জন্য চোখের জল ফেলে কতটা আত্মপ্রসাদ লাভ করছি বা কতটা সন্তুষ্ট হচ্ছি তা জানি না কিন্তু গ্রামবাংলার মানুষ বোধ হয় কিছুদিন পর আমাদের আর ক্ষমা করবে না। স্যার, আমাদের মুর্শিদাবাদ জেলার ছাত্রপরিষদের নেতা সুব্রত সাহা জানিয়েছেন যে মুর্শিদাবাদ জেলার জংগীপুর এলাকায় কয়েকজন লোক ফলিডল খেয়ে আত্মহত্যা জন্য ঠিক করেছিল—তারা সুইসাইড প্যাক্ট করেছিল। ছাত্রপরিষদের ছেলেরা সেটা জানতে পেরে সেখানে গিয়ে তাদের কোন রকমে বোঝাতে পেরেছে। ভরতপুরে সরমতিপুর গ্রামে জগৎপতি, তার স্ত্রী ও ছেলেরা অনাহারে বিষ পানে আত্মহত্যা করেছে। কাকগ্রামে ২ জন আত্মহত্যা করেছে। বাংলা দেশে ফলিডল পোকা মারে না, সেই ফলিডল খেয়ে বাংলা দেশের মানুষ মরে। এই খরা পরিস্থিতি যখন চলছে তখন আমরা দেখতে পাচ্ছি গ্রামবাংলা মুর্শিদাবাদে অন্ন নেই, বস্ত্র নেই, শুধু নেই নেই—এই অবস্থা চলেছে। এই কথা আমি অবশ্য স্বীকার করবো যে আমাদের সরকার ও মন্ত্রিমহোদয়গণ এই অবস্থায় চেষ্টা করছেন, সচেষ্টও আছেন যাতে সুরাহা হয়। সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে খবর পাওয়া যায় নি যে ম্যাসিভ এড অনুসারে এখানে খাদ্য সামগ্রী আসবে। আমি আমাদের সরকারের দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে তা যাতে আসে এই মানুষগুলিকে বাঁচাবার জন্য সেদিকে যেন লক্ষ্য রাখেন এবং যুদ্ধকালীন অবস্থা ঘোষণা করে অবস্থাটা চিন্তা করা হোক। আমরা জানি পশ্চিমবংগ সরকারের সংগতি আছে, কেন্দ্রীয় সরকারের সংগতি আছে এবং মন্ত্রিসভা যখন সচেষ্ট রয়েছেন, আমাদের যখন জনসমর্থন রয়েছে তখন অবিলম্বে একটা ব্যবস্থা অবলম্বন করার কথা যদি চিন্তা করতে না পারি তাহলে এই অ্যাসেম্বলী বন্ধ করে দেওয়া হোক এবং মানুষকে যদি বাঁচাতে না পারি তাহলে অন্ততঃপক্ষে সেই মৃত্যুপথ যাত্রীদের পাশে গিয়ে কিছুক্ষণ দাঁড়াতে পারি, আমাদের সেই সুযোগ একটু দেওয়া হোক।

**Shri Gangadhar Pramanick :** মিঃ স্পীকার, স্যার, আমরা এখানে অনেক গুরুত্বপূর্ণ জিনিস বলি মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করবার জন্য এবং তাঁরা যাতে সে বিষয়ে একটা ব্যবস্থা নেন সেই জন্য বিষয়টি আপনার মাধ্যমে এখানে তুলে ধরা হয়। কিন্তু আমরা দেখছি বারে বারে এই ঘটনা ঘটে যাচ্ছে, অথচ এর কোন প্রতিকারের ব্যবস্থা হচ্ছে না। আজকে আমি এখুনি একটি টেলিগ্রাম পেলাম। তাতে লেখা আছে, "Scheduled Castes and Tribes students not receiving stipends stop Hunger-strike starting 7th August, 1972 stop Immediate intervention solicited." এর আগে স্যার, আপনি জানেন নবদ্বীপে এই ঘটনা ঘটেছিল এবং সে ব্যাপারে মন্ত্রিমহাশয় একটি স্টেটমেন্টও করেছিলেন এবং একটা ব্যবস্থা করেছিলেন। আমি গত ৩ দিন আগে সিডিউল্ড কাষ্টস ডিপার্টমেন্টে গিয়েছিলাম। সেখানে গিয়ে শুনলাম যে অনেক স্কুল, কলেজ আছে যেখানে স্টাইপেণ্ড যাওয়ার পরেও ছেলেদের দেওয়া

হয়নি। তাদের যে সমস্ত বাকি বকেয়া বিল থাকে স্কুল কলেজের সেই সমস্ত টাকা এই সিডিউল্ড কাষ্টস স্টাইপেণ্ডের টাকা থেকে সমস্ত ধার শোধ করা হয়, অথচ এই সমস্ত গরীব ছেলেরা তারা বই কিনতে পারে না, স্কুলের মাইনে দিতে পারে না এবং তারা নানা রকম অসুবিধার মধ্যে পড়ে থাকে। এখানে এডুকেসন মিনিষ্টার আছেন। আমি এ বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি এবং এখানে আরো অনেক রেসপনসিবল ক্যাবিনেট মিনিস্টারও আছেন আমি তাঁদের কাছে বিনীতভাবে প্রার্থনা করছি তাঁরা যেন এবিষয়ে যথেষ্ট যত্নবান হোন এবং ভবিষ্যতে এই সমস্ত জিনিস যাতে না হয় তার জন্য ব্যবস্থা করেন। এখানে এডুকেসন মিনিষ্টার আছেন, আমি এবিষয়ে তাঁর একটি বিবৃতি দাবি করছি। বগুলা কলেজ ষ্টুডেণ্টদের উপর এইটা হয়েছে এবং সেখানকার সিডিউল্ড কাষ্টস ষ্টুডেণ্টস অ্যাসোসিয়েসনের পক্ষ থেকে এই টেলিগ্রামটি আমার কাছে পাঠিয়েছে। এই ব্যাপারে আপনি কি ব্যবস্থা করবেন সে সম্বন্ধে এখানে একটি বিবৃতি দিন।

## LEGISLATION

### The Shri Aurobinda Memorial Bill, 1972

**Shri Bholanath Sen:** Sir, I beg to introduce the Shri Aurobindo Memorial Bill, 1972.

(Secretary then read the title of the Bill)

**Shri Bholanath Sen:** Sir, I beg to move that the Shri Aurobindos Memorial Bill, 1972, be taken into consideration

[2-30—2-40 p.m.]

Mr. Speaker, Sir, you will kindly excuse my voice which is not absolutely in order, and that is because, Sir, you know that I have been running up and down the country very frequently. Yet I would like to speak on this occasion because, I think, it is a very great cause.

Shri Aurobindo represents in the history of our national life a new type of political thinking as well as a new type of political action. Though he was bred and brought up in England during the formative years of his life it is to India's ancient culture and spiritual experience he turned for inspiration for the struggle against foreign domination. He was the first to demand complete Swaraj or independence for India. Nothing short of complete independence could satisfy the needs and aspirations of the Indian people. "Political freedom", he wrote, "is the life-breath of a nation; to attempt social reform, educational reform, industrial expansion, the moral improvement of the race without aiming first and foremost at political freedom, is the very height of ignorance and futility".

From the time he stepped on shore at Apollo Bunder on his return from Enland he deeply immersed himself in re-orienting his whole outlook based on serious studies of Indian culture, history and languages. These studies came into proper into use when as Editor of 'Bande Mataram' newspaper he penned those fiery and searing editorials that was to, within a short span of 3/4 years, rouse and awaken a politically apathetic nation to embrace untold sufferings, perform deeds of valour and heroism and sacrifice their lives for the motherland. Indeed, he generated a new power and spirit

into his race because, to him, India was a soul, a Mother, almost a human thing to be loved and worshipped. "What is our Mother Country ?", he asked the nation : It is not a piece of earth, nor a figure of speech, nor a fiction of mind ; it is a mighty Shakti."

As a politician he was a realist. He adopted almost simultaneously three modes of political action.

First, he carried on a long with his associates a secret revolutionery propaganda and organisation work whose object was armed insurrection.

Secondly, an open propaganda through newspapers of time. speeches and public meetings, to awaken the political consciousness of the nation and project the ideal of complete independence.

Thirdly, increasing non-co-operation and passive resistance against the British rule. This was to be a mass movement. History of the freedom movement since the time of Shri Aurobindo seems to have justified all these three means of struggle against foreign rule

Shri Aurobindo was a fervent nationalist and most of his countrymen today know him as such. Deshabandhu Chittaranjan called him. 'a poet of patriotism, a prophet of nationalism and a lover of himanity". The last description is no less apt. Shri Aurobindo was a nationalist but not in any narrow or limited sense. He did not subscribe to any chauvinistic or parochial ideology. He wanted an all round betterment of his people—material social, cultural and spiritual and that also for the sake of humanity. He found in the totally materialistic outlook of the West the seeds of conflict and deep frustration. He wanted India to avoid the mistakes of the West and build its future on a solid, secure and permanent foundation. This foundation was in the spiritual realization and experience of mankind. Especially after his mystic realization in Alipore Jail he felt that a Divine Power guided India's destiny. India was rising so that others could partake of her spiritual wisdom, message of hope, peace and harmony. He hoped that the Western nations would turn increasingly towards the psychic and spiritual practice of India in order to solve their individual and social problems.

Education was extremely important for preparing and making the initial psychological foundations for the new spirit to act. All education is aimed at a total fulfilment and perfection of man. It was the unfoldment of the soul in man which when manifest could create and re-create the environment to suit its development and growth. As principal of National College of Bengal he had felt deeply of the inadequacy of an education which was aimed at merely loading the mind with information or which was just a vocational training. At the Ashram at Pondichery a new experiment is being carried out in the new lines indicated by him

Shri Aurobindo was a manysided genius, poet, scholar, patriot, mystic, Yogi but also a completely totally integrated being. All his thinking being

and action have a comprehensive outlook and synthetic wholeness—which a hundred years after his birth seems almost a miraculous phenomenon. Though he had realised the greatness of our past, deeply felt the sorrows and afflictions of the present (his last words before passing away in 1950 was a concern for the refugees who had taken shelter in India after partition) yet his face was always turned towards the future. "We do not belong to the past dawns", he says, "but to the noons of the future". In this Centenary Year it is for us to carry out the great responsibility that this mighty son of India has devolved on us mainly to build a better future and lasting peace for mankind.

Sir, it has been made clear in the Statements of Objects and Reasons that the Bill seeks to establish a centre to be opened in Calcutta for holding public meetings and lectures for propagating the teachings of this great man, Shri Aurobindo, amongst the masses and for holding such lectures, seminars and discourses as may be beneficial to the mental and moral outlook of the people generally, and to provide opportunities for enabling research students to carry on research on the life and teachings of Shri Aurobindo. It would also provide for a permanent exhibition of models depicting the life and times of Shri Aurobindo as well as of events of India leading up to the freedom struggle of Bangla Desh. Shri Aurobindo was born in Calcutta and spent a considerable period of his eventful life here. In fact, this very house, namely, 8, Theatre Road which is now called as 8, Shakespeare Sarani, is the birth place of Shri Aurobindo where he lived in his early days. Honourable members are aware how proud we feel when we consider that a savant like Shri Aurobindo's stature belonged the great city of ours. He was one of the greatest forces in the liberation of our country from foreign yoke. He also inspired the millions of his countrymen in spiritual upliftment. It is, therefore, the bounden duty of all of us to establish a centre in Calcutta to perpetuate his memory to preach and propagate his ideals.

Sir, honourable members are possibly aware that the premises No. 8, Shakespeare Sarani was the house where Shri Aurobindo was born and spent some of his early childhood days. This house is fortunately now owned by the State Government. I may tell the honourable members that this house was purchased for the official residence of the Chief Minister of West Bengal. One or two Chief Ministers actually resided there Then this house was also used as one of the centres in Calcutta where the teeming millions of refugees of East Bengal or rather at present Bangladesh were coming in and we were helping them from that centre. This house has a great history and we are trying to dedicate this house in memory of Shri Aurobindo. Under clause 7 of the Bill, it is proposed to hand over the house to Shri Aurobindo Society. The Society will be a statutory body and it will administer the property to be vested in the Society under the proposed Bill. Clause 9 also authorises the grant by the State Government of certaion sums of money to the Society for

the proper maintenance of the property and for discharging the functions of the Society. All other funds that may be vested to the Society shall be under the control, and will be held in Trust by the Society. The Bill also lays down that the accounts of the Society will be properly audited in accordance with the rules as may be made by the State Government. Clause 4 of the Bill lays down how the Society will be composed. I hope, honourable members will agree that the Society will be composed of members who will have genuine interest in the objects which the Bill proposes to perpetuate. This Clause 9 envisages the constitution of a working committee consisting of a maximum of five members of the Soctety so that the day to day work of the Society could be effectively transacted. I hope, Sir, honourable members will have no objection to the provisions of the Bill as presented to this House.

With these words, Sir, I commend this Bill for the acceptance of the House.

[2-40—2-50 p.m.]

**Shri Satya Ghosal :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, খুবই তাৎপর্যপূর্ণ বলে মনে হচ্ছে যে দিনক্ষণ সব সময় হিসাব মিলিয়ে আসে না। তথাপি তাৎপর্যপূর্ণ যে ভারতবর্ষের সার্বভৌম কবি তাঁরই মৃত্যুদিবসে তাঁরই দ্বারা বন্দিত 'স্বদেশ আত্মার বাণীমূর্তি তাঁর কীর্তিকলাপকে এবং তাঁর সমস্ত শিক্ষাকে আমাদের দেশের সর্বস্তরে ব্যাপ্ত করে দেবার জন্যে এই বিলটি এসেছে এবং বিধানসভায় তা' আমরা আলোচনা করছি। সেইজন্য সংশ্লিষ্ট মন্ত্রীকে সাধুবাদ জানাচ্ছি। কারণ শ্রীঅরবিন্দ স্বদেশ আত্মার বাণীমূর্তি ছিলেন বলেই এই মৃত্তিকার লাবণ্যের উপরে কান পেতে তিনি শুনতে পেয়েছিলেন 'বন্দিনী ভারতমাতার কান্না।' তিনি অনুভব করেছিলেন যে, "রক্ত পিচ্ছল মৃণ্ময়ী তাঁর এই বলিবসর মৃত্যুশয্যা থেকে ভীষণ মূর্তিতে উঠে দাঁড়াতে চাইছে।" কারণ বারে বারে বর্বরের দল পাশব লালসায় তার কোমল লাবণ্যের উপর ঝাঁপিয়ে পড়েছে ও হিংস্র নখরাঘাতে তাকে ক্ষতবিক্ষত করেছে। শ্রীঅরবিন্দ চেয়েছিলেন একবার জনসবশা নগ্নিকায়, বিবসা, বিসস্ত্রা, মৃন্ময়ী এই রক্তপিচ্ছল ভূমিশয্যা ছেড়ে ভীষণ মূর্তিতে উঠে দাঁড়াক। উঠে দাঁড়িয়ে মুছুক চোখের জল, বাঁধুক তার খোলা চুল, পশু হননের জন্য পাশুপত অস্ত্র হাতে তুলে নিক এবং তারই নিজেই পাশুপত অস্ত্রকে তুলে দিতে চেয়েছিলেন সেই দেশের মানুষের হাতে যে সাত কোটি মানুষেরা দিনরাত বাঙালী হয়ে থাকতে থাকতে মানুষ হতে ভুলে গিয়েছিল। তাঁদের হাতে তুলে দিতে চেয়েছিলেন খড়্গ, তাদের হাতে তুলে দিতে চেয়েছিলেন কৃপাণ। তাই তাঁর আমাদের দেশে খড়্গধারী পরশুরামের মতো বীর্যবান, তাই তাঁর আবির্ভাব আমাদের দেশে হলস্কন্ধ বলরামের মতো, অবহেলাভরে অধীন বিশ্বকে উপড়ে ফেলবার, আনন্দ এবং গর্বে গরীয়ান। সেইজন্য সেই শ্রীঅরবিন্দ স্মরণে এই যে বিল এসেছে তাকে সাধুবাদ জানাবার মতো ভাষা আমার নেই। কিন্তু একটা কথা তবু আমাদের উপলব্ধি করতে হবে যে শ্রীঅরবিন্দ শুধু যে অগ্নিঋষি ছিলেন তাই নয়। শ্রীঅরবিন্দই আমাদের শিখিয়েছিলেন যে আমরা তো দিনরাত মরি, অনাহারে দুর্ভিক্ষের দিনে না খেতে পেয়ে শুকিয়ে মরি, রোগে ভুগে বিছানায় শুয়ে মরি, তিল তিল করে আমরা মৃত্যুবরণ করি। কাজেই সে মৃত্যু পঙ্কিল ভূমিশয্যা মেলে আমাদের দেশবাসীকে মরায় শিক্ষা দিতে চেয়েছিলেন তিনি, আমাদেরকে তিনি মারণমন্ত্রে উদ্বুদ্ধ করেছিলেন। তাই তাঁর কণ্ঠে, তাঁর শঙ্খে সমুদ্রের আহ্বান শুনেছিলাম, আর সেই আহ্বান প্রণাম জানিয়েছিলেন আমাদের দেশের কবি রবীন্দ্রনাথ এবং প্রণাম জানিয়েছিলেন অরবিন্দকে, দেশের বিকশিত শ্রীঅরবিন্দকে। কিন্তু এখানেই তিনি থামেন নি। অরবিন্দ যদি এখানে থেমে

যেতেন তাহলে হয়তো তিনি একজন বড় বিপ্লবী হতে পারতেন। আমরা বড়জোর তাঁকে এই কথা বলে প্রণাম করতে পারতাম, 'মুক্তি পথের অগ্রদূত' পরাধীন দেশের হে রাজবিদ্রোহী তোমাকে নমস্কার, শত কোটি নমস্কার। কিন্তু তার চেয়েও বেশী অরবিন্দ নিজের জীবনে বিপ্লবকে কাব্যে উত্তীর্ণ করেছেন, বিপ্লবকে শ্রীতে উত্তীর্ণ করেছেন, তাই বিপ্লবী অরবিন্দ হয়েছেন শ্রীঅরবিন্দ। তাঁর নিজের জীবনে তিনি একটি পূর্ণ জীবন। তিনি একটি resurrection তিনি একটি উজ্জীবন। কারণ সেই উজ্জীবনকে তিনি জয় করে এনেছিলেন, সংগ্রামের ভিতর দিয়ে, বীর্যের ভিতর দিয়ে মাথা নত না করে। সেইজন্য কেউ বন্দী করতে পারে নি। কারণ আত্মাকে তো বন্দী করা যায় নি। অরবিন্দের মাঝখানে জাতি শুনেছিল মানবাত্মার মুক্তির সেই সংগ্রাম এবং ধ্বনি। সে সংগ্রাম শুধু স্বাধীনতা সংগ্রামের চাইতে অনেক বেশী, যে সংগ্রাম মানুষকে নিয়ে যায় অসত্য থেকে সত্যে, যে সংগ্রাম মানুষকে নিয়ে যায় মৃত্যু থেকে অমৃতে, যে সংগ্রাম মানুষকে উত্তোরণ করে নিয়ে যায় মহামানবের পথে এবং সেই পথেই উত্তীর্ণ হয়েছিলেন তিনি। যিনি নিজে একটা resurrected life, সেইজন্যই শ্রীঅরবিন্দ। আমাদের জীবন যেখানে বিশ্রী, জীবন যেখানে কলুষ এবং কালিমাময় সেই জীবনকে সুন্দর এবং শ্রীমণ্ডিত করে তোলবার জন্যে বৃহত্তর ধ্বংস যা কিছু আছে তাকে অতিক্রম করে মানুশকে মহামানবাত্মাতে উত্তীর্ণ করবার জন্য যে প্রয়াস শ্রীঅরবিন্দ করেছিলেন তাঁর স্মরণে শ্রদ্ধা জানাতে বিধানসভায় আমাকে যে সুযোগ দিয়েছেন তার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ। মন্ত্রিমশাই যে বিল এনেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। একে সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। এতে বক্তৃতা করবার কিছু নেই। এই বলে আমি শেষ করছি যে আমাদের জীবনে তাঁর শিক্ষা সার্থক হ'ক।

**Shri Kumardipti Sengupta**: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় শ্রীঅরবিন্দ সম্পর্কে যে বিল আমাদের এখানে উপস্থিত করেছেন তারজন্য তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি না। বিংশ শতাব্দি এবং উনবিংশ শতাব্দির তিনটে মানুষ ইতিহাসে স্থান পেয়েছেন। একজন লেলিন, একজন মহাত্মা গান্ধী আর একজন শ্রীঅরবিন্দ। "সুষম বন্টন" কিম্বা "সবার উপর মানুষ সত্য" এই যে চিরন্তন নীতি সেই নীতির মধ্যে দিয়ে যদি চিত্তের শান্তি, আত্মার তৃপ্তি এবং ন্যায়ের পথে এগিয়ে যেতে হয় তাহলে এই তিনজন যেকোন মানুষকে, যেকোন বঞ্চিত মানুষকে, যেকোন নিপীড়িত মানুষকে, যেকোন উৎপীড়িত মানুষকে সত্যের সন্ধান নিশ্চয় দেবেন। তাই মাননীয় মন্ত্রিমহাশয় পশ্চিমবঙ্গের মানুষের পক্ষ থেকে যে বিল নিয়ে এসেছেন সেটা হচ্ছে বাংলাদেশের এবং বাঙ্গালীর, তার মহামানবের প্রতি, মনীষীদের প্রতি যে ঋণ আছে সেই ঋণ আজকে তিনি পরিশোধ করছেন মাত্র, তাই ধন্যবাদ দেবার মত কিছু নেই। আজকের দিনে ইতিহাসের পাতা যদি উল্টানো যায় বাংলাদেশের এক গৌরবময় অতীত, এক অত্যুজ্জ্বল ইতিহাস আমাদের চোখের সামনে ভেসে ওঠে। সেদিনের কথা ব্যারিস্টার সি. আর. দাশ, সেদিন সাহেব জজের সামনে উপস্থিত হয়ে বলেছিলেন You may not agree with me—আপনি আমার সঙ্গে একমত নাও হতে পারেন কিন্তু যেকথা ভোলাবাবু বলেছেন তার পরের কথাটাই হচ্ছে his voice will be echoed and re-echoed from the Himalayas to Cape Comorin and will inspire generations still unborn. আজকের দিনে একথাটা যে কতখানি সত্য—একটা prophatic কথা, একটা ঐতিহাসিক কথা, যেটা ইতিহাসে লিপিবদ্ধ থাকবে, সেই সি. আর. দাশ তখন যিনি ব্যারিস্টার ছিলেন এবং পরে মহামানব হয়েছিলেন, তিনি যে কতবড় ব্যক্তিত্বসম্পন্ন লোক ছিলেন, তারও নির্দেশ দেয়। আজকে আমরা যে কথা চিন্তা করি যে ভাষায় কথা বলি, সে ভাষা রবীন্দ্রনাথের। যে কথাতে যে রাজনৈতিক চিন্তাধারা আমরা করি সেটা হয় মহাত্মা গান্ধী না হয় মার্কস বা লেলিন। আর আত্মার তৃপ্তির জন্য, conscience কে সন্তুষ্ট করার জন্য, বিবেককে উদ্বুদ্ধ করার জন্য পৃথিবীতে একটি লোকই আছেন তিনি হলেন মহামানব ঋষিতুল্য শ্রীঅরবিন্দ, তিনি পশ্চিম বাংলার মানুষ

ছিলেন, পরাধীন ভারতের নাগরিক ছিলেন, তাঁকে "নোবেল প্রাইজ" দেওয়া হয়নি। তাতে কোন কিছু নাই তার কারণ ইতিহাসে যোগ্য মর্যাদা তিনি লাভ করেছেন। শ্রীঅরবিন্দের একটা দিকের কথা মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, সত্যবাবুও বলেছেন কিন্তু আর একটা দিকও ছিল, খুব সম্ভব ১৯০০ 'সালে তিনি একটা বাণী দিয়েছিলেন, মাঝে মাঝে তিনি পণ্ডিচেরিতে দর্শন দিতেন, সেদিন তিনি বলেছিলেন এমন একটা দিন আসবে যেদিন দুই বাংলার মধ্যে একটা বন্ধুত্বপূর্ণ সহৃদয়তার ভাব আসবে। সেদিন সেকথা শুনে আমরা বিশ্বাসই করতে পারিনি। কিন্তু আজকে এতবড় সত্য কথা আর কিছু হতে পারে না। তাই এই ঋষির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করার জন্য যে বিল মাননীয় মন্ত্রিমহাশয় নিয়ে এসেছেন তাতে Lumumba Universityর মতন যদি একটা শ্রীঅরবিন্দ University দেখতে পেতাম তাহালে আমরা আরো বেশী সন্তুষ্ট হতে পারতাম। Calcutta University বা অন্য কোন Universityতে যদি Philosophyর মত একটা chair কিম্বা Tagore Law Lecture:—বক্তৃতামালার ব্যবস্থা করা হোত তাহলে আমরা আরো সন্তুষ্ট হতে পারতাম। স্কুলের পাঠ্যপুস্তকের মধ্যে যদি শ্রীঅরবিন্দের বাণীগুলি লিপিবদ্ধ করা হতো, কতকগুলি intellectuals এর মধ্যে সীমাবদ্ধ না রেখে, যদি আজকে moral values, human values এই গুলোর উন্নতি করার জন্য গ্রাম থেকে গ্রামে, গঞ্জ থেকে গঞ্জে, তাঁর বাণীগুলো পৌছে দিতে পারতাম, এই বিলের মধ্যে সেটা থাকলে আমরা আরো বেশী সন্তুষ্ট হতে পারতাম। আজকের দিনে শ্রীঅরবিন্দের কথা চিন্তা করতে গিয়ে বিলের একটা জায়গায় আমি দেখতে পাচ্ছি, সেখানে লেখা রয়েছে to provide opportunities for enabling research students to carry on the life and teaching of Shri Aurobindo. কিন্তু এরপর এই বিল আর এগোতে পারেনি, আমরা বারবার বলছি যে বিলগুলোর মধ্যে মোটামুটি যেগুলে থাকছে তারমধ্যে অনেক ত্রুটি থাকছে। আজকে যে research student research করে, তাঁর নিজের জ্ঞানভাণ্ডার বৃদ্ধি করলেন সেই জ্ঞান যদি জনগণের মধ্যে ছড়িয়ে না দেওয়া যায়—যেদিন Lennism Marxism এসেছিল সেইদিন তো কৈ পৃথিবীর কোন লোক, কতকগুলো লোক ছাড়া কেউ তা বুঝতে পারতো না। আজকে আপনি যেখানেই যান, সাধারণ মানুষের মধ্যে তা পৌঁছে গেছে। আমরা কি এইরকম একটা দায়িত্ব নিতে পারতাম না শ্রীঅরবিন্দ সম্বন্ধে? আমরা কি ভারতবর্ষের এই মহান ঐতিহ্যকে দান করে, পৃথিবীর উন্নতির সোপানের দিকে একটু এগিয়ে দিতে পারতাম না সমগ্র পৃথিবীটাকে? এটা আমাদের মধ্যে নিশ্চয়ই করা সম্ভব ছিল। আর একটা জিনিস, এখানে বলা হয়েছে, To provide a permanent exhibition with models depicting the life and times of Shri Aurobindo as well as events of India leading up to the freedom stuggle of Bangladesh. কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়, মি: স্পীকারের মাধ্যমে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এর মধ্যে events leading up to the freedom struggle of Bangladdshর মধ্যে আমরা আজাদ হিন্দ ফৌজের কোন উল্লেখ পাচ্ছি না, নেতাজীকে বাদ দিয়ে যেমন অরবিন্দকে চিন্তা করা যায় না, রামকৃষ্ণকে বাদ দিয়ে যেমন বিবেকানন্দকে চিন্তা করা যায় না, তেমনি বাংলার ইতিহাস স্বাধীনতার সংগ্রামকে এই সুভাষচন্দ্র বাংলার ছেলে, যে আকাশ থেকে "তারা" ছিনিয়ে এনেছিলেন তাঁকে বাদ দিয়েও চিন্তা করা যায় না। আজকে কোহিমা রণপ্রাঙ্গণে নেতাজী সেদিন বলেছিলেন, "তুমি আমাকে রক্ত দাও, আমি তোমাকে স্বাধীনতা দেবো" সেদিন তিনি বলেছিলেন, তার সৈনিক দলকে "ঐ দিল্লী দূরে, বহুদূরে সুদূর দিল্লী দূরে", তোমাকে হাতছানি দিয়ে ডাকছে, সেই দিল্লীকে উদ্ধার করার জন্য তোমাকে ডাকছে, এই দিল্লীর পথ মৃত্যুর পথ, এই পথে যদি তুমি ভূলুণ্ঠিত হয়ে যাও, তাহলে সেই মাটিতে তুমি চুমু দেবে এবং বলবে যে আমি দিল্লী যাচ্ছিলাম"। আজকে সেই মানুষকে বাদ দিয়ে, কোন exhibition যদি করতে যাই, তাহলে ইতিহাসের পাতা থেকে

একটা রক্তাক্ত ইতিহাসের গৌরবময় পাতাকে আমরা কেটে বাদ দিয়ে দেব। বাংলার ১২ জন ছেলে যারা Bombayতে Naval Mutiny করেছিল, আজকে তাঁদের আমাদের স্মরণ করতে হবে। তার কারণ আপনি Clause-6 'এ একটা exhibition এর কথা বলেছেন। মাননীয় মন্ত্রী মিঃ সেন, আপনার যে exhibition, সেই exhibition হবে বিপ্লবের পুণ্যভূমি, সেই exhibition হবে পৃথিবীর যত বিপ্লবী আছে, তাঁদের তীর্থক্ষেত্র। সেইজন্য আমি নিবেদন করছি, এই ১২ জন যে বাঙ্গালী সন্তান, যারা Naval Mutiny Bombay তে শুরু করেছিল, এবং যাদের জন্য সমস্ত নৌসৈন্য এবং অন্যান্য সৈন্যবাহিনী, British সরকারের বিরুদ্ধে বিদ্রোহ শুরু করেছিল, বিপ্লবের পথে এগিয়ে গিয়েছিল এবং সমস্ত British Government এর ভিত নড়িয়ে দিয়েছিল, তাদের বাদ দিয়ে আমরা কোন exhibition কল্পনা করতে পারি না। আজকের দিনে, আরও একটা কথা আমি বলবো, সেটা হচ্ছে, এই যে Bill আমাদের সামনে এসেছে, তারমধ্যে তাঁর birth place সম্বন্ধে বলা আছে, কিন্তু আমরা আরও সুখী হতাম, তিনি যেখানে তাঁর শৈশব অতিবাহিত করেছেন সেই জায়গাগুলো যদি আমাদের ঐতিহাসিক দর্শনীয় স্থান হিসাবে চিহ্নিত হ'ত। শ্রীঅরবিন্দ সম্বন্ধে বলতে গেলে আর একটা কথা বললেই বোধ হয় শেষ হয় পৃথিবীর মধ্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বই যদি শ্রীমৎ ভগবৎ গীতা হয় তাহলে উনবিংশ এবং বিংশ শতাব্দির সর্বশ্রেষ্ঠ বই হচ্ছে—"Life Divine." এই "Life Divine" এর ভেতরে যেসমস্ত অর্থ নিহীত রয়েছে, যেগুলি সাধারণ লোকের কাছে দুর্বোধ্য। আজকে মাননীয় মন্ত্রিমহাশয় আপনি একজন শ্রীঅরবিন্দের অনুরাগী, আপনার এ বিষয়ে যথেষ্ট জ্ঞান আছে, এবিষয়ে আপনার যথেষ্ট পড়াশুনা আছে আমার বিশ্বাস এই সমস্ত মূল্যবান যেসমস্ত preachings, teachings আছে সেগুলি ছড়িয়ে দিন, সমস্ত লোকের মাঝখানে যাতে এই জিনিসগুলি সহজলভ্য হয়, সহজবোধ্য হয় এবং আমরা যারা "গরিবী হটাও" আন্দোলনের দিকে এগুতে যাচ্ছি, এরমধ্যে সততা চাই, এরমধ্যে conscience চাই; বিবেক চাই; এরমধ্যে ফাঁকিবাজী থাকলে চলবে না, এটা জচ্চুরির জায়গা নয়, তাই আজকে শ্রীঅরবিন্দের আদর্শে অনুপ্রাণিত হওয়ার যথেষ্ট প্রয়োজন রয়েছে। আমি আজকে মহাত্মাজী যাঁকে গুরুদেব বলতেন সেই রবীন্দ্রনাথের ভাষাতেই শেষ করবো, তিনি বলেছিলেন "অরবিন্দ রবীন্দ্রের লহ নমস্কার"। আর আমি আজকে বলব, অরবিন্দ সমস্ত বাংলাদেশের লহ নমস্কার।

**Shri Md. Safiulla:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় শ্রীঅরবিন্দ স্মৃতি বিধেয়ক, ১৯৭২ যে বিলটি এসেছে আমি তাকে আন্তরিক সমর্থন জানাচ্ছি। আজকে প্রথমেই কবিগুরু রবীন্দ্রনাথের একটা কথা মনে পড়ছে, "শ্রীঅরবিন্দ রবীন্দ্রের লহ নমস্কার"। বাস্তবিকই কি দিব্যজীবনে বা কি তাঁর বৈপ্লবিক জীবনে শ্রীঅরবিন্দ স্বাধীনতার পরবর্তী যুগের একজন শ্রেষ্ঠ মানবরূপে চিহ্নিত হয়ে রয়েছেন। আমরা জানি স্বাধীনতার পূর্বে শ্রীঅরবিন্দের দুটি জীবন ছিল। একটি তাঁর বৈপ্লবিক জীবন সেই বৈপ্লবিক জীবন যেমন আমাদের স্বাধীনতাকে ত্বরান্বিত করেছিল তেমনি পরবর্তী যুগে তিনি দিব্যজীবনের মধ্যে ডুবে গিয়েছিলেন। আমরা পড়েছি বারনার্ড শ'য়ের ম্যান অ্যাণ্ড সুপারম্যানের কথা, কিন্তু শ্রীঅরবিন্দের যে দিব্যজীবনের স্বপ্ন আমাদের দিয়েছেন, তাঁর নৈস্বর্গিক সাধনা, আধ্যাত্মিক সাধনার কথা তাঁর বিভিন্ন পুস্তকে এবং তাঁর বিভিন্ন কবিতার মাধ্যমে যা লিখেছেন, তার মূল্য অপরিসীম। আমরা পড়েছি তাঁর দিব্যজীবন, Life Devinie এবং "সাবিত্রী" গ্রন্থ, যা একত্রে একটা মূল্যবান গ্রন্থ, এবং শুধু মূল্যবান নয়, ধর্মগ্রন্থও বলা যেতে পারে। এইযে দিব্যজীবনে, এই দিব্যজীবনের প্রতি স্বপ্ন দেখে তিনি যৌগিক সাধনার দ্বারা ভারতবর্ষের মানুষের আধ্যাত্মিক জীবনের উন্নতি করতে চেয়েছিলেন। সেই জীবনের পরিচয় আমরা তাঁর বাণীর মধ্যে দেখতে পাই। এইজন্য শ্রীঅরবিন্দ শুধু ঋষি—আজ যদি আমাকে প্রশ্ন করা হয় যে স্বাধীনতার পরবর্তী যুগে কোন্ ঋষিকে, কোন্ মণীষিকে আপনি শ্রদ্ধা করেন—আমি অকপটে বলব তিনি হচ্ছেন শ্রীঅরবিন্দ। তাই শ্রীঅরবিন্দের বাণী এবং তাঁর সমস্ত কিছু নিদর্শন

সংরক্ষণ করবার জন্য আজকে যেবিল এখানে উপস্থাপিত করেছেন মাননীয় মন্ত্রিমহাশয় তাঁকে আমি সাদর সম্বর্ধনা জানাই এবং এই কথা বলে আমি আমাব বক্তব্য শেষ করবো যে শ্রীঅরবিন্দের বাণী আজকে শুধু ভারতবর্ষেই নয়, সারাজগতে যাতে প্রচারিত হয় এবং সারাজগতে যাতে ছড়িয়ে দিতে পারা যায় তারজন্য চেষ্টা করতে হবে। জয়হিন্দ !

**Shri Bholanath Sen** : Mr. Speaker, Sir, there seems to be a general appreciation for this Bill being brought into this House and, therefore, there is hardly anything to say in reply but I seize this opportunity to quote only a few lines of Deshabandhu Chittaranjan Das which he spoke in the Alipur Bomb Case of 1909: "Long after this controversy will be hushed in silence, long after this turmoil, this agitation will have ceased, long after he is dead and gone, he will be looked upon as the poet of patriotism, as the prophet of nationalism and the lover of humanity. Long after he is dead and gone his words will be echoed and re-echoed not only in India but across the distant seas and lands." After quoting these few words I would like to tell that people from all over the world are coming to India, and specially to Pondicherry, to celebrate the centenary year of his birth day which falls on the 15th August, 1971. We shall be completing hundred years of his birth day on the 15th August, 1972. There is already a Centenary Committee of which, I believe, Prime Minister is the Chairman and there is also a Centenary Committee here. We are trying to give effect to this Bill as soon as possible so that something can be done where Shri Aurobindo was born and where he spent his childhood. We are trying to hold some function there. With regard to the other place where Shri Aurobindo lived, as suggested by an honourable member that that place should also be preserved, I would like to inform you that there is one bust in Alipore Central Jail of Shri Aurobindo which is being kept open so that public can go and pay their homage. As regards other places, those will be considered later. This Bill is generally accepted. So I do not think any speech is further necessary.

The motion of Shri Bholanath Sen that the Sri Aurobindo Memorial Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

**Shri Gyan Singh Sohanpal** : Sir, I beg to move that in the Shri Aurobindo Memorial Bill, 1972, for the word "Shri" wherever it occurs, the word 'Sri" be substituted.

**Shri Bholanath Sen** : Sir, I accept it.

[3—3-25 p. m including adjournment.]

The motion of Shri Gyan Singh Sohanpal that in the Shri Aurobindo Memorial Bill, 1972, for the word 'Shri" wherever it occures the word "Sri" be substituted was then put and agreed to.

( At this stage the House was adjourned for 20 minutes )

**( After adjournment )**

[3-25—3-35 p. m.]

*Clauses 1 to 14 and the first Schedule*

The question that clauses 1 to 14 and the first Schedule do stand part of the Bill was then put and agreed to.

*Second Schedule and the Preamble*

**Shri Gyan Singh Sohanpal** : Sir, I beg to move that in the Shri Aurobindo Memorial Bill, 1972, in the Preamble after the words "the place where Shri Aurobindo" the words "was born and" be inserted ; and

In the Second Schedule, for item No. (4) and the entry relating thereto the following item and entry be substituted, namely :

"(4) to provide a suitable place for preservation of the sacred relics of Sri Aurobindo where members of the public may pay homage to his memory."

**Shri Bholanath Sen** : Sir, I agree to the amendments.

The motion of Shri Gyan Singh Sohanpal that in the Shri Aurobindo Memorial Bill, 1972, in the Preamble after the words "the place where Shri Aurobindo" the words "was born and" be inserted ; and

In the Second Schedule, for item No. (4) and the entry relating thereto following item and entry be substituted, namely :

"(4) to provide a suitable place for preservation of the sacred relics of Shri Aurobindo where members of the public may pay homage to his memory."

was then put and agreed to.

**Shri Bholanath Sen** : Sir, I beg to move that the Shri Aurobindo Memorial Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Housing Board Bill, 1972**

**Shri Bholanath Sen :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি পশ্চিমবংগ গৃহনির্মাণ পর্ষৎ বিল, ১৯৭২ উপস্থাপিত করছি।

(Secretary then read the title of the Bill)

**Shri Bholanath Sen :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি প্রস্তাব করছি গৃহনির্মাণ পর্ষৎ বিল ১৯৭২, বিবেচনার্থ গ্রহণ করা হোক। এই রাজ্যে বাসগৃহের স্বল্পতা সম্পর্কে কোন নির্ভরযোগ্য পরিসংখ্যান এ পর্যন্ত পাওয়া যায়নি। তবুও সাধারণ অভিজ্ঞতা থেকেই আমরা বুঝতে পারি যে এই সমস্যা ক্রমশই প্রবল আকার ধারণ করছে। সি এম পি ও এবং আসানসোল পরিকল্পনা সংস্থা যে সমীক্ষা করেছেন, তাতে দেখা যায়, সি এম ডি এর অন্তর্ভুক্ত অঞ্চলে এবং দুর্গাপুর আসানসোল বলয়ে বাসগৃহের সমস্যা গুরুতর আকার ধারণ করেছে। সি এম পি ও-এর সমীক্ষায়

প্রকাশ পায় যে, জনসংখ্যার চাপ হ্রাস এবং যাদের থাকবার বাড়ি নাই, তাদের জন্য বাসগৃহের ব্যবস্থা করার উদ্দেশ্যে ১৯৬১ সালে অতিরিক্ত ২ লক্ষ ২০ হাজার বাসগৃহের প্রয়োজন ছিল। ১৯৬১ থেকে ১৯৭১ এই দশ বৎসরে সি এম ডি এ-র অন্তর্ভুক্ত অঞ্চলে প্রতি বছর প্রায় ২৫ হাজার নূতন গৃহ নির্মিত হয়েছে। কিন্তু উক্ত এলেকায় এই দশকে নূতন যে জনসংখ্যার বৃদ্ধির ঘটেছে, শুধু তাদের বাসস্থানের প্রয়োজনের তুলনায় অতিরিক্ত বাসগৃহের সংখ্যা অনেক কম। যাদের কোন আস্তানা নাই তাদের সংখ্যা বেড়ে বেড়ে এইভাবে ১৯৭১ সালে বিপুল আকার ধারণ করেছে।

এখন মোটামুটি হিসাব করে দেখা গেছে যে, ১৯৮৬ সাল পর্যন্ত যদি প্রতি বছর কম পক্ষে ৫৩ হাজার বাসগৃহ নির্মাণ করা যায়, তাহলে বাসগৃহের অভাব মিটতে পারে এবং ভবিষ্যতে যে জনসংখ্যার বৃদ্ধি ঘটবে তার জন্যও বাসগৃহের ব্যবস্থা করা সম্ভব হবে।

দুর্গাপুর, আসানসোল ও শিলিগুড়ির উন্নত এলাকাগুলিতে যে সব শিল্প সংস্থাপিত হয়েছে বা হচ্ছে সে সব শিল্পে নিয়োজিত কর্মচারী এবং সেই সংগে স্বাধীন বৃত্তিজীবী এবং শিল্প ছাড়া অন্যান্য প্রতিষ্ঠানে নিয়োজিত ব্যক্তিগণ যেমন ছোটখাট ব্যবসায়ী, স্কুল শিক্ষক, পরিবহন কর্মী প্রভৃতির জন্য বাসস্থানের ব্যবস্থা করার উদ্দেশ্যে একটি ব্যাপক গৃহনির্মাণ কর্মসূচী সুরু করা আবশ্যক।

এটা করতে না পারলে ঐসব এলাকায় বস্তির সংখ্যা ক্রমশঃ বেড়ে যাবে। দেশের অন্যান্য জায়গার মতো এ রাজ্যেও শহরাঞ্চলে বিস্তৃতির প্রবণতা রয়েছে এবং তার ফলে জেলা ও মহকুমা শহরগুলিতেও বাসস্থানের সমস্যা প্রকট হয়ে উঠছে। এই রাজ্যের বিস্তীর্ণ গ্রামীণ এলাকায় ভূমিহীন ও গৃহহীনদের কথা সবিস্তারে বলা নিষ্প্রয়োজন।

গৃহসমস্যা এত প্রকট হয়ে ওঠার প্রকৃত কারণ এই যে রাজ্যে জনসাধারণের একটা বৃহৎ অংশ যাঁরা দরিদ্র এবং আর্থিক দিক থেকে দুর্বল তাঁদের মাথা পিছু আয় এত সামান্য যে তা দিয়ে থাকবার মতো বাড়ি তৈরি করা তাঁদের পক্ষে সম্ভব হয় না এবং এর ফলে তাঁদের এমন ঠাসাঠাসি করে বাস করতে হয়—জীবনযাত্রার ন্যূনতম মানের চেয়ে যা অনেক নীচে এবং এর ফলশ্রুতি হিসাবে দেখা যায় অসন্তোষ এবং গুরুতর সামাজিক বিপদের আশংকা। বর্তমান পরিপ্রেক্ষিতে দেখা যাচ্ছে যে বেসরকারী ক্ষেত্রে গৃহনির্মাণের দ্বারা জনগণের প্রকৃত প্রয়োজন মেটানো যায় নি। সুতরাং জনগণের ন্যূনতম প্রয়োজন মেটানোর উদ্দেশ্যে বিভিন্ন প্রকল্পের অধীনে গৃহনির্মাণ কর্মসূচী আরো ব্যাপকভাবে রূপায়ণের দ্বারা বর্তমান উদ্যোগের চেয়ে অনেক বৃহৎ আকারে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করে সরকারকে এগিয়ে যেতে হবে। তাছাড়া একথা সাধারণভাবে স্বীকৃত যে আবাস-ব্যবস্থা কেবল ভোগ্য-সামগ্রীর পর্যায়ে পড়ে না, লোকের কর্মদক্ষতা বৃদ্ধির জন্যও এর প্রয়োজন আছে এবং এর দ্বারা উৎপাদনের বৃদ্ধি ও ঘটবে।

এতদিন ধরে বাসগৃহের জন্য বিরাট চাহিদা অপূর্ণ রয়েছে এবং সে চাহিদা ক্রমশঃ বেড়ে যাচ্ছে—এই অবস্থার পরিপ্রেক্ষিতে ১৯৫৫ সালে কাজ শুরু হবার পর থেকে এই বিভাগ মাত্র ৩৮,০০০ বাসগৃহ নির্মাণ করেছেন বা নির্মাণের জন্য অর্থ সাহায্য করেছেন। এ যাবত যা করা হয়েছে তা প্রয়োজনের তুলনায় খুবই কম। আরও বৃহৎ আকারে গৃহনির্মাণ কর্মসূচী গ্রহণের ব্যাপারে আবাসন বিভাগের কাছে যে বাধা সবচেয়ে বড় হয়ে দাঁড়িয়েছে তা হলো প্রয়োজনীয় অর্থের অভাব। উদাহরণ স্বরূপ বলা যায়, চতুর্থ পরিকল্পনায় গৃহনির্মাণ বাবদ ৬.১৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে জীবনবীমা কর্পোরেশনের কাছ থেকে প্রাপ্য ৫ লক্ষ টাকাও ধরা হয়েছে। এই টাকা চতুর্থ পরিকল্পনায় মোট যে টাকা বরাদ্দ করা হয়েছে তার প্রায় শতকরা ২ ভাগ মাত্র। বাসস্থানের নিদারুণ অভাবের ফলে যে গুরুতর অবস্থার সৃষ্টি হয়েছে তার মোকাবিলা করার উদ্দেশ্য একটি উচ্চক্ষমতা সম্পন্ন সংবিধিবদ্ধ গৃহনির্মাণ পর্ষৎ গঠন করবার প্রস্তাব করা হয়েছে এবং বর্তমান বিল সেই উদ্দেশ্যেই রচিত হয়েছে। বিলটি বিধিবদ্ধ হলে আমাদের পক্ষে উক্ত পর্ষৎ গঠন করা সম্ভব হবে এবং তার ফলে অপেক্ষাকৃত কম খরচে ও সুবিধাজনক সর্তে বাসস্থানের যে গুরুতর প্রয়োজন রয়েছে তা যতদূর সম্ভব মেটানোর জন্য একটা বৃহৎ কর্মসূচী গ্রহণ করা হবে।

এই আইনমতে সংস্থাপিত পর্ষদের হাতে যথেষ্ট পরিমাণ অর্থ থাকবে। সরকারের কাছ থেকে পাওয়া অর্থ ছাড়াও বাজারে ঋণপত্র ছেড়ে ঋণ সংগ্রহ করার ক্ষমতাও এই পর্ষদের থাকবে। এ ছাড়া জীবনবীমা কর্পোরেশন, গৃহনির্মাণ এবং সহরাঞ্চল উন্নয়ন কর্পোরেশন এবং ব্যাংক প্রভৃতি বিভিন্ন সংস্থার কাছ থেকে যথেষ্ট পরিমান অর্থ এই পর্ষৎ সংগ্রহ করতে পারবেন। সাধারণত সরকারী দপ্তরগুলিতে গতানুগতিক কর্মপদ্ধতি অনুসরণ এবং বাঁধাধরা নিয়মকানুন পালন করার ফলে যে অনর্থক সময় নষ্ট হয় এবং যা অনিবার্যভাবে কাজের অগ্রগতি ব্যাহত করে এই পর্ষৎ সেই সমস্ত নিয়মকানুনের শৃংখল থেকে সম্পূর্ণ মুক্ত হবে। আশা করা যায় যে এই সমস্ত সুযোগ সুবিধা থাকার দরুন পর্ষৎ জনগণের সার্বিক প্রয়োজনের সংগে সংগতি রেখে গৃহনির্মাণ পুনর্নির্মাণ এবং অন্যান্য আনুষংগিক বিষয় যথা গৃহনির্মাণের জন্য জমি দখল ও উন্নয়ন রাস্তা নর্দমা আলো ও জল সরবরাহ প্রভৃতির ব্যবস্থা করতে পারবেন। এক কথায় বলতে গেলে বিভিন্ন আবাসন-পুরীতে (হাউসিং স্টেট) বসবাস এবং পারিপার্শ্বিক অবস্থার উন্নতির জন্য একটি ব্যাপক ও বৃহৎ গৃহনির্মাণ প্রকল্প রূপায়িত করা যাবে।

উপরে যা বলা হয়েছে তার ভিত্তিতে ইতিপূর্বে প্রচারিত পশ্চিমবংগ গৃহনির্মাণ বিলটি আমি এতদ্বারা সভাব বিবেচনা এবং গ্রহণের জন্য পেশ করছি।

[3-35—3-45 p.m.]

**Shrimati Ila Mitra**: মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় এখানে যে হাউসিং বোর্ড বিল উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি এবং দেরী হয়ে গেলেও শেষ পর্য্যন্ত যে এই বিলটা উপস্থাপিত হয়েছে এবং বাসগৃহের জন্য সত্যাই যে অসুবিধা লোকেব হচ্ছে এটা সরকারে উপলব্ধির মধ্যে এসেছে এবং তাবজন্য তাঁরা নতুন কিছু একটা করতে যাচ্ছেন সেইজন্যও তাঁকে অভিনন্দন জানাচ্ছি ও বিলকে সমর্থন করছি। এই সমথন করতে গিয়ে কয়েকটি কথা এখানে উপস্থিত করতে চাই ?

মাননীয় মন্ত্রিমহাশয় নিজে তাঁর বিল উপস্থাপনের সময় উপস্থিত করেছেন হাউসিং প্রবলেম কি রকম **acute!** গ্রামের কথা বাদই দিচ্ছি। একমাত্র কলকাতা শহরের বুকের উপর ৩০ হাজার লোক ফুটপাথে শুয়ে থাকে। সে কথা তিনি নিজের প্রারম্ভিক বক্তৃতায় বলেছেন। ১৯৫৫ সাল থেকে এ পর্যন্ত তারা Housing Directorate—আবাসন বিভাগ—তাঁরা মাত্র ৩৮ হাজার ইউনিট বাড়ী তৈরী করতে পেরেছেন। তাহলেই বুঝতে পারছেন কি রকম acute অবস্থা! শুধু কলকাতা শহরে নয়, সারা পশ্চিম বাংলায় যে একটা বাসগৃহ সংকট চলেছে সে বিষয়ে কারো সন্দেহ নাই। আমাদেরও অনেক ত্রুটি আছে। বাজেট আলোচনার সময় শিক্ষার দিকে এগ্রিকালচারএর দিকে এইসব দিকে আমরা সব সময় নজর দিয়ে থাকি, কিন্তু বাসগৃহ যে একটি অত্যন্ত প্রয়োজনীয় বিষয় সেদিকে আমরা কেউ তেমন দৃষ্টিপাত করি না। সেই জন্য দেখা যায় **total budget Plan**এ যা অর্থমন্ত্রী উপস্থিত করেছেন, 2% বাড়ীর জন্য বরাদ্দ রয়েছে, যেকোন **under developed country**তে। যারা আমাদের সভ্যতার ও সংস্কৃতির ধারকবাহক, সেই নীচের তলার লোকদের সুখ-সুবিধার দিকে যদি কেউ আমরা দৃষ্টি না দেই তাহলে সে দেশের উন্নতি হ'তে পারে না। তারমধ্যে যেমন শিক্ষা, স্বাস্থ্য তেমনি বাড়ীও তাদের অপরিহার্য প্রয়োজনীয়। এই বাড়ী সম্পর্কে আজ স্বাধীনতার ২৫ বছর পূর্ণ হতে চলেছে, এ পর্যন্ত তার জন্য আমরা কেউ দৃষ্টি দিতে পারি নি, তাদের জন্য কোন রকম বাড়ী তৈরীর প্রয়োজন যে আছে, তাও ভাবি নি, তাই বলছিলাম দেরী হয়ে গেলেও শেষ পর্যন্ত এই যে বিল উপস্থিত হয়েছে, একটা প্রচেষ্টা শুরু হয়েছে তাকে স্বাগত জানাই, অভিনন্দন জানাই। বাড়ীর **problem acute** অনুভব করে **C.M.D.A.** যে প্ল্যান উপস্থিত করেছে, সেই প্ল্যান গভর্নমেন্ট কতখানি গ্রহণ করবেন তা জানি না। বাড়ী সম্পর্কে প্ল্যান উপস্থিত করে C.M.D.A. বলেছেন

C.M D.A. এলাকার মধ্যে যতলোক বাস করে, তার two-third people যাদের মাইনে দু লক্ষ টাকার কম, তাদের জন্য যদি বাসস্থানের ব্যবস্থা করতে হয় তাহলে ১৯৮৬ সাল পর্যান্ত সময় লাগবে। যদি প্রত্যেক বছর ৫৩ হাজার ইউনিট বাড়ী তৈরী করা যায়, সেই বাড়ী তৈরী করতে সাতাশ কোটি সাড়ে সাতাশ কোটি টাকার প্রয়োজন, তাহলে পরে ১৯৮৬ সালে ঐ ¾ লোককে বাড়ী দেওয়া সম্ভব হবে। এছাড়া আর কোন way out কিছু নাই। এই সি. এম. ডি. এ. যে প্ল্যান করেছেন ৫৩ হাজার unit বছরে বাড়ী তৈরীর প্রোগ্রাম উপস্থিত করেছেন, সেই বাড়ীতে আমি বাঙ্গালী হিসেবে বলতে পারি, কোন বাঙ্গালী পরিবার ছেলেমেয়ে নিয়ে থাকতে পারবে না। তার ঘরের মাপ ১০' বাই ৮', কোন রান্না ঘর নাই, পাশে কোন জায়গা নাই। লম্বা একটা বারাণ্ডা আছে ৪' × ৩' জায়গায় রান্না করবার ব্যবস্থা করা হয়েছে। কোন বাঙ্গালী পরিবার স্বামী-স্ত্রী ছেলে, ভাই, বাবা এতগুলি লোক নিয়ে সই খুপরীর মধ্যে থাকতে পারবে না। এই রকম প্ল্যানের বাড়ীতে তারা বাড়ীতে স্ত্রী পুত্র রেখে আসে, সেইরকম লোক সেখানে থাকতে পারে। সি. এম. পি. ওর প্ল্যান ১০'×৮' ঘর ও '×৩' রান্নাঘর এই ব্যবস্থার মধ্যে কোন বাঙ্গালী পরিবার বাস করতে পারে না। কিন্তু তাই করতে গিয়ে সি. এম. পি. ও. যে প্ল্যান প্রস্তুত করেছে তাতে ২৭ কোটি টাকা দরকার। তাই দেখছি কোনদিক থেকে কোন সমস্যার সমাধান হচ্ছে না, ক্রমশ: প্রবলেম অ্যাকিউট হতে যাচ্ছে যা মন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন। আজকে যে সমস্ত ইণ্ডাষ্ট্রিয়াল এরিয়া গড়ে উঠেছে—হলদিয়া, শিলিগুড়ি বা আমরা বলতে পারি পুরুলিয়ায় যে ইণ্ডাষ্ট্রি হতে চলেছে সেখানে শ্রমিকদের বাড়ী তৈরী করার পরিকল্পনা আছে এবং সে উদ্যোগেরও ব্যবস্থা আছে। কিন্তু শ্রমিক সাধারণের বাইরে যারা আছে—শিক্ষক, কর্মচারী এবং যারা ছোট ছোট ব্যবসা করেন তাদের জন্য কোন ব্যবস্থা নাই। তাদের বাড়ী তৈরী করা অপরিহার্য প্রয়োজন। তা না হলে সেসব জায়গায় আর একটা বস্তী তৈরী হবার সম্ভাবনা দেখা দিয়েছে। আজকে বাড়ী তৈরী করবার প্রয়োজনীয়তা আছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু সংগে সংগে আর আর একটা জিনিস হচ্ছে মানুষ আরবানাইজড ট্রেণ্ড হয়ে যাচ্ছে—শহরের দিকে আসার ঝোঁক মানুষের বেড়ে যাচ্ছে। অল ইণ্ডিয়া ফিগারে দেখা যাচ্ছে প্রতি বছর ২ কোটি মানুষ শহরের দিকে আসছে। সেদিক থেকেও প্রবলেম হচ্ছে বাড়ীর জন্য। কারণ তাদের এগ্রিকালচারাল ল্যাণ্ড নেই, সেখানে তাদের কোন রুজিরোজগার নেই, তাই তারা শহরের দিকে আসতে শুরু করেছে। তাই বাড়ীর প্রবলেম একটা অ্যাকিউট প্রবলেম, এতে নূতন কিছু বলার নাই। যে কথা বলছিলাম দেরী হলেও সরকারের পক্ষ থেকে এদিকে নজর দিয়ে যে চেষ্টা করা হচ্ছে তা সত্যিই উল্লেখযোগ্য। যে ঘটনার কথা মন্ত্রিমহাশয় বলেছেন যে গভর্নমেন্টের অনেক অসুবিধা আছে এই সমস্ত বাড়ী তৈরী করার ব্যাপারে ফাইনান্সে না গেলে বাজেট পাশ হয় না, এছাড়া ল্যাণ্ড অ্যাকুইজিসন অ্যাক্ট আছে সেখানেও অনেক ব্যাপারে আছে। তাই এই যে বোর্ডের পরিকল্পনা উপস্থিত করা হয়েছে, এই বোর্ডের দ্বারা প্রসিডিওর অনুযায়ী হয়ত অনেক সুযোগসুবিধা হবে এবং সেদিক থেকে বোর্ড একটা উল্লেখযোগ্য ঘটনা। কিন্তু আমি মনে করি ঐ বোর্ডের কম্পোজিসন ঠিক হয় নি। মহারাষ্ট্র, তামিলনাড, ইত্যাদি জায়গায় বোর্ড গঠন করে বাড়ী তৈরী করা সম্ভব হয়েছে। আমার অবশ্য জানা নাই, মন্ত্রিমহাশয় যদি আমাদের সেইসব প্রদেশে দেখার ব্যবস্থা করে দেন তো ভাল হয়। আমি এই হাউসিং বোর্ডের কম্পোজিসন সম্পর্কে কিছু বলবো, অবশ্য আমি আমার এমেণ্ডমেন্টের সময় বলবো, তবুও এই হাউসিং বোর্ডের কম্পোজিসন সম্পর্কে এখানে তিনি বলেছেন যে ১০ জন হবে এর মেম্বার। তার মধ্যে ৫ জন হবে নমিনেটেড by the Government. তার মধ্যে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, কমিশনার, টাউন এণ্ড কাণ্ট্রি প্ল্যানিং, ফাইনান্স ডিপার্টমেন্টের কমিশনার, হাউসিং ডিপার্টমেন্টের সেক্রেটারী, কমিশনার অব হাউসিং, তাদের কথা বলেছেন। এখানে আমার কয়েকটি কথা বলবার আছে, অবশ্য আমি সেটা আমার এমেণ্ডমেন্ট মুভ করবার সময় বলবো। শুধু

একটা কথা বলছি যে এখানে একজন architectureএ নলেজ আছে এমন লোকের থাকা উচিত, এছাড়া একজন কস্ট অ্যাকাউনটেন্ট থাকা উচিত। আর একজনের থাকা দরকার আছে যাঁর কান্ট্রি ও টাউন প্ল্যানিং সম্বন্ধে নলেজ আছে। উনি বলেছেন যে ৫ জন স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে থাকবেন নমিনেটেড আর অ্যাপয়েন্টেড থাকবেন ৫ জন। আমি সেখানে একটা সাজেসন দিচ্ছি যে, এই বোর্ডে এম. এল. এ-দের থাকা উচিত। তাতে আপনার ১২।১৪।১৫ করে সদস্য নিয়ে এ বোর্ড গঠিত হতে পারে। আপনারা হাউসিং প্ল্যান করবেন তার জন্য একটা বোর্ড গঠিত হবে—তার চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান থাকবে, কান্ট্রি এবং টাউন প্ল্যানিং থেকে লোক থাকবে, কিন্তু কি রকম বাড়ী হবে, কোথায় কতখানি দরকার সেটা ইলেকটেড রিপ্রেজেন্টেটিভরাই ভাল বুঝবে। আমরা জানি এই রকম অনেক বোর্ড তৈরী হয়েছে যার কাজকর্মের সংগে মানুষের সুযোগ-সুবিধার সংগে কোন সংগতি নেই তাই আমাদের ভয় হয় এবং একথাও ঠিক যে এই বাড়ী তৈরী করার প্রয়োজনীয়তা আছে—কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে সেখানে লোক্যাল রিপ্রেজেন্টেটিভ থাকার দরকার আছে। এই স্টেট ইলেকট্রিসিটি বোর্ড হয়েছে, দুর্গাপুর প্রজেক্ট বোর্ড লিমিটেড আছে সেই সমস্ত বোর্ডের দুর্গতির কথা আমরা জানি। প্ল্যানিং বোর্ড কলকাতায় রয়েছে কলকাতার লোক নিয়ে বোর্ড তৈরী হয়েছে। এ ক্ষেত্রে যদি সেই রকম না হয় তাহলে পাহাড় অঞ্চলে কি রকম বাড়ী তৈরী করতে হবে সেটা কি কলকাতার লোক বলতে পারবে?

[3-45—3-55 p. m.]

কিম্বা মনে করুন সুন্দরবনে কি ধরনের বাড়ী দরকার সেটা নিশ্চয় কোলকাতার লোক এখানে বসে বলতে পারবেন না। কাজেই রিজিওন্যাল রিপ্রেজেনটেটিভস অর্থাৎ নর্থ বেঙ্গলে বা পাহাড়ী অঞ্চলে বা সুন্দরবনে এইসমস্ত জায়গার রিপ্রেজেনটেটিভস যাতে থাকে সেটা দেখা দরকার। পিপলস রিপ্রেজেনটেটিভস বা এম এল এ'রা একদিকে জনগণের কাছে জবাবদিহি করবেন অন্যদিকে তাঁরা স্টেট লেজিসলেচারের কাছে জবাবদিহি করবেন। কাজেই এইরকম ব্যক্তির সংখ্যা ৫ থেকে ১৫ করে দিন। যদিও আমার অ্যামেণ্ডমেন্টএ এটা দিই নি তবুও সমস্ত জায়গার রিপ্রেজেনটেসান যদি ভালভাবে দিতে হয় তাহলে আমার মনে হয় এটা ১৫ করা উচিত। আমি এটা এই কারণে বলছি যে ইউ জি সি'র ব্যাপারে আমাদের অভিজ্ঞতা আছে। তারা বাড়ী করার জন্য টাকা দেন, সেই ইউ জি সি বোর্ড দিল্লীতে অবস্থিত এবং তারা কতগুলি নকসা প্ল্যান ইত্যাদি করে দিয়েছেন, যে এইভাবে বাড়ী করলে, স্কুল কলেজ বা লাইব্রেরীর জন্য টাকা দেওয়া হবে তা নাহলে টাকা দেওয়া হবে না, কিন্তু এক এক রকম জায়গায় এক এক অবস্থার জন্য সেভাবে বাড়ী করতে না পারার জন্য ইউ জি স'র টাকা পাওয়া যায় না। ঠিক সেইরকম অবস্থা সৃষ্টি যাতে এখানে না হয় সেইজন্য এটার দিকে দৃষ্টি দিতে বলছি। ওয়েস্ট বেঙ্গলের জন্য যখন এই বোর্ড এবং এখানে যখন বাড়ীর অ্যাকিউট প্রবলেম রয়েছে তখন পিপুল রিপ্রেজেনটেটিভএর সংখ্যা অন্ততঃ কমপক্ষে যাতে ১৫ জন হয় সেটা দেখুন। ১০ জন যাতে রিজিওনাল বেসিসে হয়—শুধু কলকাতার লোক না হয়, যদিও বিলে ক্ষমতা দেওয়া আছে যে ডিষ্ট্রিক্ট বেসিসে বোর্ড গঠন করা যাবে, তবুও আমার মত হচ্ছে এখানে সংখ্যাটা একটু বেশী করা দরকার। শিল্প শ্রমিকদের জন্য বাড়ী তৈরির কথা আছে এবং সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে তারজন্য টাকা বরাদ্দ করা আছে। শিল্প মালিকরা বাড়ী তৈরি করবেন তারজন্য সেন্ট্রাল গভর্নমেন্ট লোন দেবেন এবং সাবসিডি পর্য্যন্ত দেবেন শ্রমিকদের জন্য, যাতে বাড়ী তৈরি করা যায় সেইজন্য, কিন্তু স্বাধীনতার ২৫ বছরের মধ্য কত মিলওনার, বা মালিক বাড়ী তৈরি করেছেন সেটা মাননীয় মন্ত্রিমহাশয় বলতে পারবেন কি? সেখানে শ্রমিকদের জন্য ১০%. বাড়ীও তৈরি হয়নি, টাকা ফিরে গিয়েছে। কাজেই এই বোর্ডের পারভিউএর মধ্যে এমন কি কোন পথ বার করতে পারেন, যাতে ঐ মালিকরা শ্রমিকদের জন্য অবশ্যই বাড়ী তৈরি করে দেবেন। আইনে আছে, সেন্ট্রাল গভর্নমেন্ট টাকাও দিচ্ছেন এমন কি সাবসিডি পর্য্যন্ত যেখানে দিচ্ছেন সেখানে

মালিকরা শয়তানি করে শ্রমিকদের স্বার্থবিরোধী কাজ করছে, টাকা ফেরৎ দিচ্ছে, বাড়ী সেখানে তৈরি হচ্ছে না। আমাদের যেখানে টাকার অভাব তখন এই বোর্ডের পারভিউএর এমন কোন অবস্থার সৃষ্টি করা যায় কিনা, যাতে চা, ইঞ্জিনিয়ারিং কয়লাখনি মালিকদের বাধ্য করা যায় যাতে শ্রমিকদের জন্য তারা বাড়ী তৈরি করেন, এইকথা ভেবে দেখবার জন্য অনুরোধ জানাচ্ছি। তারপর একটা কথা বলতে চাই, এই বোর্ড সম্বন্ধে অনেক ভাল ভাল কথা মন্ত্রিমহাশয় বলেছেন আমি সেই ইতিহাস পুনরাবৃত্তি করতে চাই না তবে এই যে টাকা অনেক জায়গা থেকে লোন নিতে পারবেন এবং বাড়ী তৈরি করতে পারবেন সেখানে আমার কথা হচ্ছে যে এই যে লোন দিচ্ছেন এই কথাটা যেন সব সময় মনে রাখেন, তিন বছর পর্যন্ত স্টেট গভর্নমেন্ট তাদের লোন দেবেন এইকথা বলা হয়েছে, কিন্তু লোন যেখানে নেওয়া হচ্ছে, সেখানে টাকার সদ্ব্যবহার যেন হয় সেদিকে দৃষ্টি রাখার জন্য যদি কোন প্রভিশন করা দরকার মনে করেন তাহলে তা মন্ত্রিমহাশয় আশা করি করবেন। এই ব্যাপারে বলতে চাই যে, যে এক্সপেনডিচার হবে সেটা যেন বাড়ী তৈরির খাতে ব্যবহার হয়, বিলাস-ব্যাসনের জন্য যেন খরচ না হয়। অফিসার যারা সেই বোর্ডের আণ্ডারে কাজ করবেন, তাদের বিলাস-ব্যাসনের বা বাড়ী গাড়ী সুন্দরভাবে টেবিল সাজানো ইত্যাদির জন্য সেই টাকা যেন খরচ না হয়। উদাহরণস্বরূপ আমি বলতে চাই আমাদের মন্ত্রীরা যেরকম ঘরে বসে কাজ করেন তারচেয়ে সি এম ডি এ অফিসে যান দেখবেন সেখানে কি অবস্থা। সেখানে টেবিল চেয়ার বা অন্যান্য জিনিসপত্র ঝকঝকে তকতকে, কাজেই এই ধরনের অপব্যয় যাতে না হয় সেজন্য বলছি। সোভিয়েট ইউনিয়নে দেখুন, সেখানে তারা প্রথমেই নজর দিয়েছেন ইণ্ডাষ্ট্রি গড়ে তোলার জন্য। সেখানে বড় বড় অফিসাররা নিজেদের জন্য সামান্য টাকা খরচ করে তাঁবুতে বাস করে ইণ্ডাষ্ট্রি গড়ে তোলার জন্য সব টাকা খরচ করেছেন। সেদিক থেকে এই প্রভিসন থাক মন্ত্রিমহাশয় এটা একটু দেখুন। আমি আইনজ্ঞ নই, সেজন্য বোঝাতে পারছি না যে এমন কোন ক্লজ এর মধ্যে যুক্ত করতে পারেন কিনা—কেন না, লোন নিয়ে এই বোর্ড তৈরি হচ্ছে, লোন নিয়ে বাড়ী তৈরি করা হচ্ছে, সেখানে লোনের টাকা নিয়ে লাকসারি করে নিজেদের গাড়ী, বাড়ী, অফিসারদের বিলাস-ব্যাসন বা বোর্ডের কোন কিছু খরচ এই টাকা থেকে না করা হয়, এর পুরো টাকাটাই যাতে বাড়ী তৈরি করার জন্য খরচ হয় সেদিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। মোট খরচ অন্ততঃ ২ পারসেন্ট, ৩ পারসেন্ট এই অফিসারদের ব্যয়, বিলাস-ব্যাসন ইত্যাদি বাবদ খরচ হবে এইরকম একটা যদি বেঁধে দিতে পারেন তাহলে যে উদ্দেশ্যে এই বোর্ড তৈরি করছেন সেই উদ্দেশ্য সাধিত হবে এবং সেই উদ্দেশ্যকে আমি সাধুবাদ জানাচ্ছি অভিনন্দন জানাচ্ছি যে দেরি হলেও আপনারা এদিকে হাত দিয়েছেন। এই বোর্ডে সাধারণ মানুষের টাকাও থাকবে। কাজেই সেই সাধারণ মানুষের দিকে দৃষ্টি রেখে এই বোর্ড যে উদ্দেশ্যে গঠিত হচ্ছে তাহলেই এই বোর্ডের সেই উদ্দেশ্য সার্থক হবে। অন্যান্য যে বোর্ড তৈরি হয়েছে যেমন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, দুর্গাপুর প্রোজেক্ট ইত্যাদি সেগুলি সব ব্যর্থতায় পর্যবসিত হয়েছে, আপনার সেই পথে পা না দিয়ে নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে এটাকে দেখুন, তাতে শুধু শহর নয়, অন্যান্য গ্রামের অধিবাসীদের সহযোগিতা পাবেন। এই বিষয়ে আমি পরবর্তীকালে আরো অনেক কিছু বলব। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষমহাশয়, The West Bengal Housing Board Bill, 1972 মাননীয় মন্ত্রিমহাশয় যেটা এনেছেন মোটামুটিভাবে এতে যা দেখতে পাওয়া যাচ্ছে সেটা ত্রুটিমুক্ত বলতেই হবে এবং আমরা খুব আশাবাদী মানুষ, তাই এটা আসায় আমাদের মনে হচ্ছে খানিকটা আশার আলো জ্বললো এবং এর মারফৎ আমাদের প্রভূত উপকার হবে বলে বিশ্বাস করি এবং আস্থাও রাখি। সেই সংগে আমি দু একটি কথা এখানে বলতে চাই সেটা বোধহয় আগামী দিনে খুব সহায়ক হতে পারে। আমি আপনার মাধ্যমে একটি জিনিস এখানে স্মরণ করিয়ে দিতে চাই সেটা হচ্ছে, অত্যন্ত দুঃখের কথা যে আমরা এতদিন ধরে গোটা পশ্চিম বাংলার বিভিন্ন সরকারী দপ্তরে এবং সরকারী কর্মচারীদের জন্য প্রাইভেট পারসেনকে বাড়ী ভাড়া দিয়ে আসছি। এ ব্যাপারে একটি কোশ্চেন দিয়েছিলাম, কিন্তু এখন তার উত্তর পাই নি। আমরা

এই যে ভাড়াটা দিয়ে আসছি এটা কিন্তু খুব কম অ্যামাউন্ট হবে না, প্রভূত টাকার পরিমান হবে, বিভিন্ন সরকারী দপ্তর ও সরকারী কর্মচারীদের জন্য যে ভাড়াটা দেওয়া হয়—এখন সেই ভাড়াটা না দিয়ে যদি আমরা এই স্কীমের মধ্যে ব্লক ডেভেলাপমেন্ট অফিস, জে এল আর ও অফিস ইত্যাদিকে নিয়ে আসি এবং তার কর্মচারী কিম্বা অফিসগুলিকে এই স্কীমের মধ্যে নিয়ে এসে এল আই সির মাধ্যমে বাড়ী তৈরী করবার জন্য চেষ্টা করি তাহলে সত্যিকারে একটা কাজের মত কাজ হবে এবং সরকারী অর্থের আর বেশী অপচয় হবে না এবং সরকারের একটি গঠনমূলক কাজ হবে, নিজের হাতে নিজের বাড়ি তৈরী হবে। আমরা স্বাধীন হয়েছি ২৪/২৫ বছর হল, কিন্তু অত্যন্ত দুঃখের কথা আজও আমাদের ভাড়া দিয়ে অফিস বাড়ি রাখতে হয়েছে বা ঘর ভাড়া দিয়ে অফিসার, কর্মচারীদের অ্যাকোমোডেসনের ব্যবস্থা করতে হয়েছে। এই ঘর ভাড়া না দিয়ে এল আই সি বা অন্যকোন সংস্থা থেকে যেভাবেই হোক টাকা লোন নিয়ে বাড়ি তৈরী করে অফিস বাড়ি করে দেওয়া সরকারের উচিত। এই প্রসংগে আপনাকে একটি কথা জানানো দরকার, আমরা অন্যান্য রাজ্যের কথা শুনেছি, দেখিনি, কেরলে নাকি সব ছোট ছোট নিম্নমধ্যবিত্ত আয়ের পরিবারদের জন্য বাড়ি তৈরী করা হচ্ছে। আমাদের এখানে এতদিন ধরে সি এম ডি এ, সি এম পি ও ইত্যাদি হচ্ছে। কিন্তু গ্রামের মানুষদের দিকে একটু নজর দিয়ে এই স্কীম নিয়ে ছোট ছোট বাড়ি করার জন্য একটি বোর্ডের হাতে দায়িত্ব দেওয়ার জন্য আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি মন্ত্রিমহাশয়ের। এটা আমাদের দৃষ্টি আকর্ষণ করা ছাড়া আর কিছু হবে বলে মনে হয় না। আর একটি জিনিস স্মরণ করিয়ে দিই এখানে যে সমস্ত টাইপের বাড়ি হয়—আমরা বাঙালী মানুষ, বাবা, ছেলে-মেয়ে স্ত্রী-পুত্র ইত্যাদি সবাইকে নিয়ে ৮/১০ ফুটের মধ্যে থাকা একেবারে অসম্ভব। কলকাতায় সি এম ডি-এর যে সমস্ত কাজকর্ম হচ্ছে তাতে এই টাইপ অব বাড়ি হওয়া উচিত নয়। কারণ, ইংরাজরা কিম্বা অন্যকোন সোসাইটির লোকেরা তাতে থাকতে পারে, চৌকার নীচে ছেলেমেয়েরা আর উপরে বাপ-মা থাকতে পারে, কিন্তু আমাদের এখানে এটা হতে পারে না। কাজেই এই টাইপের বাড়ি হয়ে আগামী দিনের ভবিষ্যৎ যেন নষ্ট হয়ে না যায় সেদিকে লক্ষ্য রাখা দরকার। সেটা একটু লক্ষ্য রাখবেন। আমাদের যে Board হয়েছে, তার মাথার উপর

[3-55 - 4-05 p m.]

যারা রয়েছেন তাদের বুঝিয়ে পারা যাবে না। তাদের জিজ্ঞসা করলে তার, কেউ কেউ হয়তো বলবেন highly technical matter আবার কেউ কেউ বলবেন technical opinion আপনারা সবাই বুঝবেন? কাজেই ধমক দিয়ে উড়িয়ে দেবেন। আপনাদের যে committee হলো সে সম্বন্ধে যা শুনছি how far it is true I do not know, কিন্তু কোন রাজ্যের মন্ত্রিমহাশয় এই রকম Board-এর Chairman নেই। কোন রাজ্য মন্ত্রী নেই, other than মন্ত্রী আছেন, তামিলনাড়ুতে M L A, Chairman আছেন। আর এখানে দেখছি যে Board supersede হবে, তার account দেখবে, সমস্ত কিছু দেখবে। Minister-যে Department-এর Ministerই তো সেই Department-এর Chairman তাহলে Government যদি account দেখতে চায় তাহলে তো Minister-এর বিরুদ্ধে লেগে গেল। তখন Minister কি show cause করবে, কি account দাখিল করবে? এইগুলো ভেবে চিন্তে দেখার দরকার আছে। Supersession হবে, Board-এর ত্রুটি বিচ্যুতি হ'ল Minister সেই Board-এ রইল, Minister সেই budget estimate তৈরী করলেন এবং সেটা approval হ'ল বা কাটছাট হ'ল বা modification হ'ল যা কিছু হ'ল, তারপর আপনি এটা Board-এর সামনে আনলেন, কাজকম করলেন, করে সেটাকে এখন supersede করতে চাইলেন। এমন হতে পারে member সদস্যপদ হারিয়েছেন, কিংবা সরকার flaw বা loophole দেখিয়ে বললেন, এই Board Supersession করে দেব, কিন্তু Boardকে Supersession করবেন? যে মন্ত্রীর Board সেই মন্ত্রীর Boardকে তদারকী করবার জন্য আর একজনকে আনতে হবে? এটা একটু ভেবে চিন্তে দেখতে হবে। তারপর যদি এটা পরিবর্তন করার মত হয় তাহলে আপনি

দেখবেন। আর Board compositionটা সত্য সত্য ব্যাপার, যখনই একটা ভাল Board-এর কথা আসে তখনই Writers' Buildings থেকে ঢোকবার চেষ্টা করে আমাদের মধ্যেও তো অনেক Engineer member রয়েছেন, আমাদের মধ্যে অনেক technical hand member আছেন, তাদের নিয়ে আপনি Board করে দিন। এদেরকে আপনি Board-এর মধ্যে নিন, আরও expert লোক নিন, layman কিছু নিন, তারা তো অন্ততঃপক্ষে কিছুটা বুঝতে পারে এবং layman's opinion এও কিছুটা সাহায্য হতে পারে। কিন্তু Writers' Buildings থেকে যা বুঝিয়ে দেবে, আর বুঝিয়ে দিয়ে আপনাকে Chairman করে দিল, আপনিও বসে গেলেন। তারপর আপনাকে supersession-এর কথা বললেন, আপনাকে বললেন account হয়ে আছে, আপনিও তাই বললেন, যদি ওরা বলে ভুল আছে আপনিও বললেন ভুল আছে, এই সমস্ত জিনিস হওয়া উচিত নয়। আমার মনে হয় এইগুলো আপনি একটু ভেবে চিন্তে দেখবেন। আর একটা কথা বলছি, সেখান শ্রীমতি মিত্র বলে গেছেন, সেই কথাটা ঠিক কথা। দেখেছি সরকারী কর্মচারীরা সরকারী গাড়ী করে স্ত্রী-পুত্র নিয়ে cinema চলে গেল। ফরক্কাতে তার headquarters, বহরমপুরে তার Branch, ফরাক্কা থেকে cinema দেখতে চলে আসছে বহরমপুরে, ফরাক্কা barrage-এর গাড়ী করে, এই জিনিস আমরা দেখছি। এরজন্য ফরাক্কা barrage-এ যে budget estimate হয়েছিল তা পড়তে পড়তে ২০০ কোটি টাকায় গিয়ে ঠেকেছে। আসল কথা হচ্ছে কাজ কিছু করতে হবে নিশ্চয়ই। কিন্তু আপনাকে বলছি এটা 5 per cent বা 6 per cent হিসাব টাকায় অঙ্কটা বেঁধে দেবেন। গাড়ী petrol ইত্যাদির সংরক্ষণের এবং ব্যবহারের জন্য পার্সেন্ট বেঁধে দেওয়া হোক। এই বিলাস তো আর জলে দেওয়া সম্ভব নয়, এটা রাখতেই হবে। বলেও কিছু হবে না, ওরা কানে দিয়েছে তুলো, আর পিঠে বেঁধেছে কুলো, কিলোবি কিলো, ওরা cinema যাবেই, অতএব ওদের বলে লাভ নেই। আপনি টাকার অঙ্কটা বেঁধে দিন, যাতে 5 per cent বা 6 per cent এর মধ্যেই থাকে, এইটুকুই ব্যয় ওরা করতে পারবে। বাকী সমস্ত যেন আসল কাজে ব্যয় হয়। আমি এর আগে দেখিয়েছি CMDA-এর একটা কাগজে irrigation দপ্তরের stone metal supply সম্বন্ধে, আমরাই তো বলেছি stone metal supply নিয়ে শতকরা ৮০ ভাগ হল বালি আর ২০ ভাগ কোথাও কোথাও stone metal, শতকরা ৬০ ভাগ বালি কোথায় কোথায় stone metal ৪০ ভাগ, এটা আমরা চোখের সামনে দেখেছি। আবার এই যে Board হচ্ছে এটা ভগবানই জানেন কি হচ্ছে। দেব গড়তে হয়তো বাঁদর হয়ে যাবে কিনা জানি না। এটা ভাল জিনিস হবে বলে আমি মনে করি। এটা ভাল হোক তা সকলে আমরা চাই। কিন্তু এই scheme নেবার সঙ্গে সঙ্গে চারিদিকে raw materials-এর দাম বেড়ে যাবে। বালি cement, stone metal প্রভৃতির দাম বেড়ে যাবে। কাজেই এইগুলোর দাম যাতে না বাড়ে তার জন্য একটা price control হওয়া উচিত, এই বিষয়ে একটু ভেবে দেখবেন। Contractorদের সম্বন্ধে একটা কথা বলতে চাই। সমস্ত কাজ যখন হবে তখন contractors' paradise হয়ে যাবে। এই contractorদের স্বর্গরাজ্য আপনাদের বানচাল করতে হবে। এটা Assemblyতে দাঁড়িয়ে জোড়হাত করে অনুরোধ করছি যে আপনি Unemployed Engineersদের যে Association তাদের ডেকে তাদের সুযোগসুবিধা দিন। এই contractorsদের অত্যাচারে আমরা মরে গেলাম। জর্জরিত হয়ে গেলাম। Contractorদের বহু টাকা হয়ে গেছে এই ২৪/২৫ বছরের মধ্যে। আমার মনে হয় তৃতীয় থেকে প্রথম শ্রেণীর contractor পর্যন্ত এমন কোন লোক নেই যে আমার মত একটা টিনের ছাপড়ায় বাস করে কিংবা আমাদের অনেক memberদের মত একত্র ঘরে বাস করে। যারা ঐ সমস্ত আনএমপ্লয়েড ইনজিনিয়ার আছেন তাদের নিয়ে এইটা করবার চেষ্টা করবেন। সেই সংগে সংগে আজকে লেবারদের সুযোগসুবিধার ব্যাপারটা যতদূর সম্ভব সম্প্রসারণ করতে হবে। আমি আর একটি জিনিস নির্দিষ্ট করে বলতে চাই যে পরিষ্কার পরিচ্ছন্ন দৃষ্টিভংগি নিয়ে কাজ করতে গেলে ওদের দরাজ হতে না দিয়ে একটু সংকুচিত করা

ডাল এবং পেট্রল ইত্যাদির খরচগুলোর একটা পারসেনটেজ কষে দেওয়া উচিত। গ্রামের বাড়ী-ঘরগুলির দিকে আপনি একটু নজর দিন। আমি আর একটা কথা বলব যে বোর্ডের মেম্বার আমাদের মধ্যে থেকে স্কিল্ড লোকদের নিয়ে মেম্বার করুন, প্রত্যেককে নিতে হবে না, যারা ইনজিনিয়ার আছেন, যারা জানেন তাদের বোর্ডের মেম্বার করা উচিত। আপনিই প্রথম এই রাজ্যে চেয়ারম্যান হচ্ছেন, এবং আমরা যে পয়েন্ট তুলেছিলাম সেটা কতদূর আপনি এফেকটেড করবেন, কি করবেন না সেটা আপনার বিবেচনার উপর নির্ভর করবে। যদি এইটা পরিবর্তন করতে হয় এই বিল পাশ করার আগেই আপনি করতে পারেন। তবে আপনি যদি বোঝেন যে করার কোন দরকার নেই তাহলে করবেন না। এই আশা রেখে এই বিলকে সাধুবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ !

**Shri Biswanath Chakrabarti :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে পূর্ত এবং গৃহনির্মাণ বিভাগের মন্ত্রী যে বিল আমাদের সামনে উপস্থিত করলেন তার জন্য আমি তাঁকে সর্বান্তঃকরণে সাধুবাদ জানাচ্ছি। বিলম্বিত হলেও পশ্চিম বাংলার ক্ষেত্রে এই বিলটা যদি আইনে পরিণত করে কার্যকরী করা যায় তাহলে একটা শুভ কাজ হতে পারে। ভারতবর্ষের প্রায় সমস্ত রাজ্যে ইতিমধ্যে হাউসিং বোর্ড বা গৃহনির্মাণ পর্ষদ তৈরী হয়ে গিয়েছে এবং তারা কাজ আরম্ভ করে দিয়েছেন। পশ্চিম বাংলায় গৃহনির্মাণ সমস্যাটা সবচেয়ে বেশী প্রকট, সবচেয়ে সঙ্কটপূর্ণ কিন্তু সেখানে অনেক দেরীতে হচ্ছে, কিন্তু এখানে এই কথা বলা যেতে পারে শুভ কামনা করে যে, 'অয়মারম্ভ শুভায় ভবতু'। এই প্রসংগে একটা কথা বলা নিশ্চয়ই দরকার যে, গৃহনির্মাণ কার্যকরী করতে, সম্প্রসারণ এবং রূপায়ণ করতে সমগ্র পশ্চিম বাংলার মধ্যে কলকাতা মহানগরীর গৃহ-সমস্যা কি রকম তা আমরা প্রত্যেকেই জানি। মন্ত্রী বলেছেন কোন পরিসংখ্যান গভর্নমেন্টের হাতে নেই, কিন্তু খানিকটা পরিমাণ বলা যেতে পারে যে কলিকাতা মহানগরীর শতকরা ১৫ ভাগ লোকের নির্দিষ্ট কোন বাসস্থান নাই, মাথা গোজার স্থান নাই এবং গ্রাম অঞ্চলের বিশেষ করে যারা ক্ষেত-মজুর দরিদ্র চাষী তাদের অনেকেরই মাথা গোজার জায়গা নাই। কলিকাতার মানুষ কি অবস্থায় বাস করে, এই কলকাতায় যেখানে চৌরঙ্গীর মত জায়গা রয়েছে বড় বড় বাড়ী রয়েছে তার পশ্চাতে, তার ২/৩ মাইলের মধ্যে অত্যন্ত নোংরা জঘন্য বস্তি রয়েছে। এই সমস্ত জায়গার মানুষ যে অবস্থায় বাস করে পশুও সেই অবস্থায় বাস করে না। এই অবস্থায় কলকাতা মহানগরীর এবং শিল্পাঞ্চলের অবস্থাও এইরূপ, সেখানেও মানুষ এইরকম দুরাবস্থার মধ্যে দিন কাটাচ্ছে। কয়লাখনি অঞ্চলে মালিকরা যে ধাওরাগুলি তৈরী করে দিয়েছে, যেখানে শ্রমিকরা বাস করে সেখানে কোন সভ্য জগতের লোক সেইসব বাসস্থানের কথা চিন্তা করতে পারে না। অষ্টাদশ শতাব্দীর ব্যবস্থায় বিংশশতাব্দীর শেষের দিকে শ্রমিকরা বাস করছে। কোন ব্যবস্থা

[4-05—4-15 p. m ]

তাদের নেই। কলকাতা মহানগরীর এই অবস্থা। গ্রামাঞ্চলের অবস্থা কি? সেখানে শতকরা ৮০ ভাগ লোক যে সমস্ত ঘরে বাস করে সেগুলিকে বাসস্থান বলা যায় না। চারশো বছর আগে কবিকঙ্কণ মুকুন্দরাম তাঁর চণ্ডীমঙ্গলে লিখেছিলেন ফুল্লরার বারোমাস্যায় যে 'ভাঙ্গা কুঁড়েঘর পালটা তার ছাউনি, ভেরেণ্ডার থাম ঐ আছে মধ্যঘরে, প্রথম বৈশাখ মাসে নিত্য ভাঙ্গে ঝড়ে'— চারশো বছর চলে গেলো। মোগল আমল চলে গেলো, ইংরাজ আমল চলে গেলো। স্বাধীনতার পরেও সেই কৃষকের ঘরের চেহারার রূপের বদল এখনও হয়নি এবং আমাদের জাতীয় কর্তব্য গ্রামাঞ্চলের মানুষের যে গৃহ সমস্যা তার সমাধান করা। এটার কিছুই হয়নি এই কারণে যে এটার প্রতি গুরুত্ব আমরা দিইনি। কলকাতা ও শহরতলীর গৃহনির্মাণের দায়িত্ব ছিল পূর্ত ও গৃহনির্মাণ দপ্তরের উপর। কিন্তু গ্রামাঞ্চলের করবার দায়িত্ব ছিল যে ডিপার্টমেন্টের উপর সেটা হচ্ছে সাত্তার সাহেবের ডিপার্টমেন্ট অর্থাৎ যে ডিপার্টমেন্টের ডীপ-টিউবওয়েল বসাতেই টাকা

পয়সা খরচ হয়ে যায়। সেই ডিপার্টমেন্ট যে গৃহনির্মাণ করবে সে আশা অতি আশা। নূতন বিলে পরিষদের দায়িত্ব হলে সেই অসুবিধা দূর হবে। একটা ব্যাপক দৃষ্টিভঙ্গী নিয়ে গ্রামে এবং শহরের বাসগৃহ সমস্যার সমাধানের দিকে এগুতে পারা যাবে বলে আশা হয়। সেইজন্য মন্ত্রি মহাশয়কে আর একবার ধন্যবাদ জানাচ্ছি। সম্পদ সংগ্রহের কথা মন্ত্রিমহাশয় বলেছেন। টাকাকড়ি আসবে কোথা থেকে ? আমি মনে করিয়ে দিই কেন্দ্রীয় সরকার একটা প্রতিষ্ঠান করেছেন, তার নাম হুডকো, Housing and Urban Development Corporation, Delhi. দুশো কোটি টাকা তাদের হাতে আছে, সেটা তারা লোন দেবেন বিভিন্ন রাজ্য-সরকারকে। মন্ত্রিমহাশয় যেন পশ্চিমবঙ্গের বিশেষ সমস্যার কথা বলে কলকাতা মহানগরীর কথা স্মরণ করিয়ে দিয়ে যাতে হুডকোর কাছ থেকে পর্যাপ্ত পরিমাণ ঋণ পেতে পারেন তার ব্যবস্থা করবেন। তারপর, এল. আই. সি. আছে। ইতিমধ্যে এল. আই. সি. সাহায্য করছে, এল. আই. সি আগে শিল্পপতিদের ফাটকাবাজীতে টাকা দিয়েছে। এমন মহৎ কাজে যাতে এল. আই. সি. টাকা নিয়োগ করে তার ব্যবস্থা করাতে হবে। মন্ত্রিমহাশয় বলেছেন ডিবেঞ্চার সরকার বাজারে ছাড়বেন। এই প্রসংগে আর একটা কথা বলি পশ্চিমবঙ্গের জনসাধারণের কাছে আবেদন করুন, পাবলিক কনট্রিবিউসন নেওয়া যেতে পারে। কেরালা সরকারের থেকে গৃহনির্মাণে লাগানোর জন্য চাঁদা চেয়েছেন এবং অর্থ সাহায্য পেয়েছেনও। অত্যন্ত আনন্দের কথা তাঁরা চাঁদা পাচ্ছেন। প্রথম চাঁদা দেন সেখানকার গৃহনির্মাণ দপ্তরের মন্ত্রী শ্রীগোবিন্দ নারায়ণ এবং তারপর সেখানকার স্বরাষ্ট্রমন্ত্রী শ্রীকরুণাকরণ। তাঁরা চাঁদা দিয়ে কেরলে চাঁদা দেওয়ার বিধি শুরু করেছেন। আমাদের এখানকার জনসাধারণকে বলতে গেলে বলা যেতে পারে যে আপনারা চাঁদা দিন, কলকাতার এই সমস্যা এবং গ্রামাঞ্চলের মানুষের প্রতি এই মহান কর্তব্য যেন অর্থের অভাবে শেষ না হয়ে যায়। আজকের দিনে কোন কিছুরই উন্নয়ন মানে দ্রুত উন্নয়ন। আজকে দ্রুত উন্নয়ন প্রয়োজন বলেই ৫৩ হাজার বাড়ী করেও সমস্যার সমাধান করা যায়নি। ১৯৬১ সালের সংখ্যা তুলে দেখালেন মন্ত্রিমহাশয়। কিন্তু এখন তারচেয়ে অনেক সমস্যা বেড়ে গিয়েছে। যদি পাঁচ বছরের সময় নিয়ে এগিয়ে যাওয়া না যায় তবে সমস্যা খুবই ভয়াবহ হবে এবং সেইজন্য আমি জনসাধারণের কাছ থেকে সংগ্রহের কথা বলবো। তারপর আসবে জমির প্রয়োজনীয়তা। শহরাঞ্চলে বিশেষ করে জমি সংগ্রহ কঠিন। আমি মন্ত্রিমহাশয়কে বলবো শহরাঞ্চলের সম্পত্তির উচ্চসীমা যদি বেঁধে না দেওয়া যায় তাহলে বাড়ী তৈরীর জন্য জমি সংগ্রহ করা কঠিন। নানা মামলা, মোকর্দমায় পড়তে হবে। সুতরাং গৃহনির্মাণ প্রকল্পের সংগে এটা অঙ্গাঙ্গীভাবে জড়িত। যদি দ্রুত কিছু করতে চান তবে পশ্চিমবঙ্গ সরকারকে আমি অনুরোধ করি এটা ভেবে দেখবেন। বাড়ী তৈরী হবে। কেমন বাড়ী তৈরী হবে ? কেবল মাথা গোঁজার ঠাঁই ? তাহলে সি. এম. ডি. এ. বলছেন যে বাড়ি-ঘরের কথা অর্থাৎ দশ বাই আট হবে। তাতে বস্তীর মতো খুপরির মতো ঘর হবে। কিন্তু একথা ঠিক যে আজকে মানুষের জীবনে উন্নয়নের উপর পরিবেশগত একটা প্রভাব আছে। যখন রিফিউজী রিহ্যাবিলিটেসানের জন্য যে কলোনীগুলি গড়ে উঠেছিল সরকারী টাকায় তখন সেই কলোনীগুলি পরিবেশের দিকে নজর দিয়ে করা হয়নি। বাড়ীগুলি এমনভাবে তৈরী করা হবে যাতে মানুষ হাত-পা খেলে বসবে, একটু লাইব্রেরীতে গিয়ে বসবে, একটু খেলার মাঠে যাবে বা একটা পুকুর থাকবে যেখানে সাঁতার কাটার জায়গা থাকবে, একটা সুন্দর পরিবেশ গড়ে উঠবে, সেই এনভার্নমেন্টের উপর নজর দেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এবং হাউসিং বোর্ড যেন এই পরিবেশের কথা চিন্তা করেন। তারপর আসছি গৃহনির্মাণের উপকরণের কথায়। এই হাউসিং বোর্ড যখন বাড়ী তৈরী করতে আরম্ভ করবে সংগে সংগে দেখা যাবে জিনিসপত্রের দাম বেড়ে যাবে। যেমন সি এম ডি এ যখন কিছু কিছু কাজ করতে আরম্ভ করেছে তখনই ইঁট, বালি ইত্যাদির দাম বেড়ে গেল। এই যে মেটিরিয়্যালের দাম বেড়ে যাচ্ছে যদি হাউসিং বোর্ড গৃহনির্মাণের প্রকল্প নেয় এবং উপকরণ উৎপাদনের দায়িত্ব যদি ব্যক্তিগত মালিকানার হাতে থাকে তাহলে এই সমস্ত বাড়ী তৈরী করার খরচ বেড়ে যাবে, মধ্যবিত্ত, গরীব

তার সুযোগ নিতে পারবে না। আমি সরকারের কাছে দাবি করছি যখন গৃহনির্মাণ প্রকল্পের কথা ভাববেন তখন সংগে সংগে যেন সরকারী উদ্যোগে আরো ইঁটখোলা, শুনেছি পুরুলিয়ায় একটা সিমেন্ট ফ্যাক্টরি করবেন, আরো কয়েকটি সিমেন্ট ফ্যাক্টরি তৈরী করতে পারা যায় কিনা ভাববেন এবং বালি উৎপাদনের কথাও ভাববেন। গ্রামাঞ্চলে যখন বাড়ী করবেন তখন সেখানে যে লোক্যাল রিসোর্সেস আছে, আমি একটা পরামর্শ দিতে পারি বীরভূম অঞ্চলের মাটি অত্যন্ত শক্ত, সেটা অনেকখানি ইঁটের মত কাজ করে, সেই সমস্ত অঞ্চলে যেসমস্ত লোক্যাল উপকরণ আছে সেগুলি বাড়ী তৈরী করার কাজে লাগান যেতে পারে কিনা সেটা চিন্তা করে দেখবেন। এরপর আসছি লেবারের কথায়। শ্রমিকদের কথা যেটা আবদুল বারি বিশ্বাস মহাশয় বলেছেন যে বাড়ী তৈরী করার যেসব প্রকল্প সরকার নেন সেগুলির বেশীর ভাগ টাকা কন্ট্রাকটরদের পকেটে চলে যায়। অথচ বেসরকারী পরিসংখ্যান এই কথা বলে যে গৃহনির্মাণ যে শিল্প তাকে আমরা পশ্চিম বাংলায় ভাল ভাবে করতে পারি তাহলে এখানে কয়েক লক্ষ লোকের কর্মসংস্থান হতে পারে। আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব হাউসিং বোর্ড যে বাড়ীগুলি তৈরী করবেন সেগুলি গ্রামাঞ্চলের এবং শহরাঞ্চলের লেবারদের কো-অপারেটিভ করে করা যায় কিনা সেটা দেখবেন, তাতে বহুল পরিমাণে বেকার সমস্যার সমাধান হতে পারে। তাছাড়া হাউসিং বোর্ডের ব্যাপক ক্ষমতাসম্পন্ন আইন করা দরকার। ভারত সরকার শিল্প শ্রমিকদের বাড়ী তৈরী করবার জন্য মালিকদের টাকা দিচ্ছেন, লোন দিচ্ছেন। কিন্তু পশ্চিমবঙ্গে শতকরা ১০ ভাগ টাকা মালিকরা গ্রহণ করে না। চা-বাগান অঞ্চলে, কয়লাখনি অঞ্চলে, শিল্পাঞ্চলে শ্রমিকরা প্রচণ্ড দুর্দশার মধ্যে রয়েছে। আজকে কলকাতা শহরতলীতে যেমন বেহালা, দমদমে বড় বড় কারখানা গড়ে উঠেছে, সেখানে শ্রমিকদের বাসস্থানের কোন ব্যবস্থা নেই। একটা লোক যে দমদমে কাজ করে সে হয়ত মহেশতলা, ঠাকুরপুকুরে থাকে, তাকে সেখান থেকে আসতে হয়। তাদের কারখানার কাছাকাছি থাকার কোন ব্যবস্থা নেই। হাউসিং বোর্ড এমন পরিকল্পনা যেন গ্রহণ করেন যাতে শিল্প মালিকরা বাধ্যতামূলকভাবে তাদের শ্রমিকদের স্বাস্থ্যকর বাসস্থান তৈরী করে দেয়। আমি মন্ত্রিমহাশয়কে বলব যদি দরকার হয় প্রয়োজনীয় আইন সংশোধন করে এই রকম ক্ষমতা আপনি হাতে নেবার চেষ্টা করবেন এই অনুরোধ করছি।

[4-15—4-25 p. m.]

সবচেয়ে বড় কথা শ্রীআব্দুল বারি বিশ্বাস এবং শ্রীমতী ইলা মিত্র যা বলেছেন আমি তার পুনরাবৃত্তি করে বলছি যে খরচ আপনারা বাড়াবেন না কারণ আমাদের দেশ দরিদ্র দেশ। এই কথাটা বুঝে টাকা সংগ্রহ করে হাউসিং করতে গেলে সরকারকে প্রচণ্ড পরিশ্রম করতে হবে, তা নাহলে হয়ত দেখব ৩০/৪০ বছর এমনিতেই চলে যাবে। কাজেই নানাভাবে আমাদের চেষ্টা করতে হবে। তবে আমাদের অভিজ্ঞতায় একটা জিনিস দেখেছি যে এস্টাবলিসমেন্ট-এর জন্য খুব বেশী টাকা খরচ হয়ে যায় এবং বিশেষকরে সি এম ডি এ-তে দেখেছি এটা হয়েছে। কাজেই এটা কমাতে হবে এবং জনসাধারণের প্রতিনিধিদের নিয়ে গৃহ নির্মাণের ব্যাপারটি জনসাধারণের তত্ত্বাবধানে আনতে হবে। আমি মন্ত্রিমহাশয়ের কাছে নিম্নমধ্যবিত্তদের একটি দাবি রাখব যে, যে বাড়ীগুলি তৈরি হবে সেগুলি যেন নিম্নমধ্যবিত্ত এবং দরিদ্র মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে থাকে, নাহলে এর উদ্দেশ্য ব্যর্থ হবে। যে বাড়ীগুলি হাউসিং ডিপার্টমেন্ট তৈরি করেছে তার ভাড়া প্রায় সব জায়গাতেই ১০০ টাকা, শিল্প শ্রমিকদের জন্য ২/১টি জায়গায় শুধু কম আছে। আমার বক্তব্য হচ্ছে মধ্যবিত্ত লোক যাঁরা ৪০০।৫০০ টাকা মাইনেতে চাকরি করেন তাঁদের পক্ষে ১০০ টাকা বাড়ী ভাড়া দিয়ে থাকা অত্যন্ত কঠিন। অর্থাৎ দেখা যাচ্ছে এই সমস্ত মধ্যবিত্ত লোকদের যে রোজকার তার চার ভাগের একভাগ তাদের বাড়ীভাড়া দিতেই চলে যাচ্ছে। এটা তাঁদের পক্ষে অত্যন্ত কঠিন ব্যাপার। হাউসিং ডিপার্টমেন্ট বলেন তাদের কষ্ট বেড়েছে সেইজন্য এই ভাড়া। কিন্তু আমাদের চেষ্টা করতে হবে, নজর রাখতে হবে যাতে অল্প পয়সায় অর্থাৎ জনসাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে ভাড়া দেবার

ব্যবস্থা হয়। এই যে বিল আপনারা আনলেন এরমধ্যে একটা বিরাট জিনিসের সূচনা হল অর্থাৎ গৃহ সমস্যার সমাধান। কাজেই খুব বিবেচনা করে আমাদের এইদিকে অগ্রসর হতে হবে। ভারতবর্ষের অন্যান্য রাজ্য এবং বিশেষকরে কেরালা রাজ্য এক লক্ষ মানুষের জন্য বাসস্থান তৈরি করবেন বলেছেন। আমরা যেন সেইদিকে পিছিয়ে না থাকি। আমরা যেন সর্বভারতীয় প্রতিযোগিতায় পিছিয়ে না থাকি সেই আহ্বান মাননীয় স্পীকারমহাশয়ের মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে রেখে এই বিল সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Jagadish Chandra Das:** মাননীয় ডেপুটি স্পীকারমহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় ওয়েস্ট বেঙ্গল হাউসিং বোর্ড বিল যেটা এনেছেন আমি তাকে সাধারণ মানুষের তরফ থেকে অভিনন্দন জানাচ্ছি। তবে এই অভিনন্দন জানাতে গিয়ে কোথায় যেন একটা বাধা ঠেকছে, ঠিক মন খুলে কথা বলতে পারছি না। আজকে এই বিল পাশ হবার পর সাধারণ মানুষের মধ্যে কতটা আনন্দের বন্যা বইবে সেটা আমি ঠিক জানি না। তবে একটা সেকশন কোন ভাল হোটেলে বা আমোদ-প্রমোদে লিপ্ত হবেন কারণ তাদের একটা ভাল রোজগার এই বোর্ডের মাধ্যমে হবে। আমরা অনেক বোর্ড দেখেছি, অনেক প্ল্যান প্রোগ্রাম দেখেছি, কিন্তু সত্যিকারের সাধারণ মানুষের এর দ্বারা কতটা উপকার হয়েছে সেটাই বড় প্রশ্ন। আগামী ১৫ই আগস্ট আমরা স্বাধীনতার রজত-জয়ন্তী উৎসব পালন করতে যাচ্ছি খুব ঘটা করে। আমি দিল্লী থেকে ঘুরে এলাম এবং দেখলাম পার্লামেন্ট ভবন থেকে শুরু করে বিভিন্ন অঞ্চলে ঢাক ঢোল পিটিয়ে এই রজত-জয়ন্তী উৎসব পালন করা হবে। স্যার, আজকে অত্যন্ত লজ্জা এবং দুঃখের কথা যে, একদিকে আমরা দেখছি আমাদের দেশের একদল মানুষ ফুটপাতে শেয়াল, কুকুরের মত রোদে পুড়ে মরছি, বৃষ্টিতে ভিজছি এবং অন্যদিকে দেখছি বিরাট অট্টালিকা তারই পাশে রয়েছে। আমাদের দেশের কতগুলি মানুষ ছেলেমেয়ে, বৌ নিয়ে বাস করছে যাদের কিছু নেই, আছে শুধু ভগবানের দেওয়া ছাদ মাথার উপরে। এইতো গেল শহরের কথা। এই বোর্ডের মাধ্যমে শহরের গুটিকয়েক মানুষের উপকার হলেও হতে পারে কিন্তু গ্রামবাংলার কথা এরমধ্যে একটুও নেই, ঐ কলোনী মানুষগুলোর কথা নেই, কৃষকসমাজের কথা নেই, শিক্ষক সমাজের কথা নেই। এই আইনের দ্বারা বোর্ডের মাধ্যমে আমরা উন্নতি কিছু আশা করেছিলাম। মাননীয় মন্ত্রিমহাশয় আজকে যদি এইকথা ঘোষণা করতেন ঐ কৃষক যারা আছে, যাদের মাথা গুঁজবার কোন স্থান নেই, তাদের মাথা গুঁজবার স্থান হবে, ঐ যারা শিক্ষক সমাজ আছে তারা হয়ত আনন্দিত হতেন যদি তাদের মাথা গুঁজবার একটা কিছু করা হত কিন্তু দুঃখের কথা সেরকম কিছু নেই। মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র মহাশয়া আগেই বলেছেন যে ১৯৫৫ সাল থেকে আজ পর্যন্ত মাত্র ৩৮ হাজার হাউসিং স্টেটের মাধ্যমে মাথা গুঁজবার ব্যবস্থা করতে আমরা পেরেছি। এটা অত্যন্ত লজ্জার কথা, বাংলাদেশে যেখানে লোকসংখ্যা পাঁচ কোটি সেখানে এক কোটি লোকের মাথা গুঁজবার ব্যবস্থা আমরা করতে পারি নি। তাই আমরা আশা করেছিলাম এবং পশ্চিম বাংলার মানুষ অনেক আশা-আকাঙ্খা করেছিল যে প্রগতিশীল গণতান্ত্রিক সরকারকে তারা কায়েম করেছে বিপুল ভোটে বাংলাদেশের বুক থেকে চিরদিনের মতো নৈরাজ্যবাদ বা খুন খারাপি রাজত্বের শেষ করে দিবে নতুন স্বপ্ন তারা দেখেছিল। আমরাও মাঠে ময়দানে বিধানসভায় বলেছি সমাজতন্ত্রের কথা, গণতান্ত্রিক সমাজবাদের কথা এবং আমরা বলেছি ধনী নির্ধন কিছুই থাকবে না। সেইজন্য আমরা আজকে আশা করেছিলাম যে ঐ মানুষগুলিকে যেকথা আমরা দিয়েছিলাম আমরা যারা কলোনী অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি, আমরা যারা কৃষক সমাজের মধ্যে থেকে এসেছি, আমরা যারা সাধারণ মানুষের তরফ থেকে নির্বাচিত হয়ে এসেছি তাদের আমরা বলেছিলাম যে তোমাদের মাথা গুঁজবার ব্যবস্থা কিছু করা হবে। আমরা এমন আইন পাশ করবো, এমন বোর্ড তৈরি করবো যে বোর্ডে তোমাদের জন্য কিছু করা হবে। কিন্তু মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের সে আশা-আকাঙ্খা পূরণ হল না, সেকথা আজকে আমি অত্যন্ত ক্ষোভের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি।

তারপর অনেক সভ্য উল্লেখ করেছেন, আমিও সেটা উল্লেখ করছি যে বোর্ড তৈরি হচ্ছে সেই বোর্ড সম্পর্কে আমরা কিছু কিছু বক্তব্য রাখছি। এই বোর্ডের ভিতর আমাদের কিছু কিছু মাননীয় সভ্যরা আছেন এবং ভাল ভাল ইঞ্জিনিয়াররা আছেন, ভালভাল চার্টার্ড অ্যাকাউন্টটেন্ট আছেন এবং আরো অনেক অভিজ্ঞ সাধারণ ঘরের ছেলেরা আছেন। এবং যে উদ্দেশ্য নিয়ে এই বোর্ড তৈরি হবে, সেই উদ্দেশ্য কতটা সাধিত হবে সেবিষয়ে আমার সন্দেহ আছে। আমরা যারা সদস্যরা এই বোর্ডে যাব, আমাদের ভয়েস কতটুকু রক্ষিত হবে, আমাদের কথা কতটুকু রক্ষিত হবে সেবিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। তার কারণ আমরা দেখেছি আমরা অনেকে অনেক বোর্ডের সদস্য আছি। কিন্তু সেই বোর্ডে আমাদের যে ভয়েস বা আমাদের যেকথা তা একটুকুও মর্যাদা পায় নি। সেখানে সরকারী অফিসার যারা থাকেন, তারা যা সিদ্ধান্ত করেন সেটাই কায়েম হয় এবং সেই সিদ্ধান্ত সাধারণ মানুষের জন্য নয়, সেই সিদ্ধান্ত এক শ্রেণীর মানুষের স্বার্থে হয়, সাধারণ মানুষের জন্য হয় না। তাই আমি এইকথা রাখছি যে যে বোর্ড মাননীয় মন্ত্রিমহাশয় তৈরি করবেন তা নিশ্চয়ই চিন্তা করে করবেন এবং সেখানে যাতে বেশীসংখ্যক সদস্য যারা জনতার রায়ে নির্বাচিত হয়ে এসেছেন সেইসব সদস্যদের মধ্য থেকে বেশীসংখ্যক সদস্য নিয়ে বোর্ড তৈরি করবেন। ২৫ বৎসর বাদে যা এখন করা হচ্ছে যাতে সাধারণ মানুষ মাথা গুঁজবার স্থান যাদের নেই, শীতে কুঁকড়ে যারা মরে যাচ্ছে তাদের কথা নিশ্চয়ই ভাববেন। এইকথা বলে এইবিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-25 – 4-35 p.m.]

**Dr. Sailendra Chattopadhyaya :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজ যে বিলটা এসেছে সভায় তাতে আমি সর্বপ্রথম সমর্থন জানাচ্ছি। কিন্তু এই বিলটির নাম ওয়েস্ট বেঙ্গল হাউসিং বোর্ড না করে ওয়েস্ট বেঙ্গল আর্বান হাউসিং বোর্ড করলে বোধ হয় ভাল হতো। কারণ বিলের অবজেক্টস অ্যাণ্ড রিজনস-এ দেখতে পাচ্ছি এবং আজ পর্যন্ত বিভিন্ন প্রকল্প সরকার নিয়েছেন গৃহ নির্মাণের ব্যাপারে সর্বত্রই দেখা গেল তাদের সমস্ত কিছু কাজ শহরাঞ্চলে সীমাবদ্ধ। আমরা গ্রামের প্রতিনিধি, আমরা যখন গৃহনির্মাণ সম্বন্ধে ভাবি তখন মনে হয় গ্রামের অবহেলিত মানুষগুলির কথা সরকার চিন্তা করার সময় পান না বা চিন্তা করতে চান না। অথচ ১৯৬৯ সালে একটা প্রস্তাব নেওয়া হয়েছিল সরকারপক্ষ থেকে যাতে গ্রামের মানুষকে গৃহ নির্মাণের জন্য সুযোগ-সুবিধা দেওয়া যায়। তারজন্য প্রকল্পও হয়ে গেল, কেন্দ্রীয় সরকার নীতিগত ভাবে এই প্রকল্প গ্রহণ করেছিলেন সেই অনুসারে পরিকল্পনা তৈরী হলো কিন্তু তা সম্পূর্ণ হয়নি। আমি মন্ত্রিমহাশয়কে আবেদন জানাবো তাঁর দপ্তর এই অসমাপ্ত কাজ যেন সম্পূর্ণ করেন এবং এটা কার্যকরী করার জন্য যেন কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হয় সেই ব্যবস্থা করবেন। আমরা গ্রামের প্রতিনিধি, গ্রামের মানুষগুলি তাদের জীবনে কোন আশার আলো দেখতে পায়না, যাতে এই মানুষগুলি অন্ততঃ খড়ের বাড়ীতে বাস করতে পারে তার ব্যবস্থা যদি করতে পারেন তাহলে সেই মানুষগুলি একটু উপকৃত হবে। সরকার গ্রামের মানুষের উপকার একমাত্র খয়রাতি সাহায্যের মাধ্যমে করেন কিন্তু গ্রামবাংলার মানুষ আজকে শুধু ভিক্ষার উপর বেঁচে থাকতে চায় না, তারা কাজ করে খেতে চায়। তাই আজকে সরকারের কাছে আমার দাবি যে অবিলম্বে গ্রামবাংলার মানুষের জন্য গৃহ নির্মাণের সম্পূর্ণ প্রকল্প তৈরী করে সেটা ঘোষণা করবেন। এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Netaipada Sarkar :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এতদিন পরে আমাদের কাছে একটা ভাল আইন এসেছে এবং যেটার দরকার ছিল। আপনি হয়ত জানেন যে মহারাষ্ট্রে বা অন্যান্য রাজ্যে এই হাউসিং বোর্ড আগেই করেছে এবং তারা বহু অর্থ বিনিয়োগ করে সেখানে বাড়ী করে সেই সব ফ্ল্যাটের মালিকানা পর্যন্ত সেখানকার সাধারণ মানুষকে দিতে

পেয়েছে কিন্তু আমরা এই বিষয় অনেকখানি পিছিয়ে আছি। যদিও এই আইনের নাম ডাঃ চ্যাটার্জী বলেছেন আরবান হাউসিং বোর্ড হলেই ভাল হতো এই ব্যাপারে আমিও তাঁর সংগে খানিকটা একমত। এই ব্যাপারে এর মধ্যে গ্রামের কথা বেশী আছে বলে আমার মনে হয় না বা কোন প্রকল্প ভবিষ্যতে থাকবে কিনা তা বুঝতে পারছি না। যদিও এক জায়গায় লেখা আছে কতকগুলি কমিটি অ্যাপয়েন্ট করা হবে, কিন্তু রিজিয়োনাল বোর্ড করে কোন কাজ করা হবে কিনা তা অস্পষ্ট রয়ে গিয়েছে। আমরা সঠিক গ্যারান্টি পাচ্ছিনা যে গ্রামে হাউসিংএর ব্যাপারে এই আইনে সত্যিকারের কোন প্রভিশন আছে কিনা। সেজন্য আমি সামগ্রিকভাবে এই বিলটাকে সাধুবাদ জানাই। কিন্তু সাথে সাথে গ্রামের মানুষদের জন্য আমি কিছু দাবি করব। আজকে আমরা স্বাধীনতার রৌপ্য জয়ন্তী পালন করতে যাচ্ছি, সেই সময় গ্রামের মানুষ জলে ভিজছে, রোদে পুড়ছে, গাছতলায় বাস করছে, তাদের বসবাস করার মত সাধারণ ঘরবাড়ীও নাই। আমি বিশেষ করে যারা খেতমজুর, দরিদ্র মানুষ তাদের কথাই বলছি। আজকে আপনারা হাউসিং বোর্ড তৈরী করতে যাচ্ছেন, শহরে সি. এম. ডি. এ., সি. এম. পি. ও-এর কাজ ভাল হোক, কিন্তু তার পাশাপাশি বাংলাদেশের চিত্রটার কথাও একটু ভাবুন। গ্রামে যাদের বাড়ী নাই, তাদের কথা একটু চিন্তা করুন। মাননীয় মন্ত্রিমহাশয়র আজকে যদি যেকোন গ্রামে যান কি দেখতে পাবেন, এখন বৃষ্টি পড়ছে, দেখবেন তারা জলে ভিজছে, গ্রামের আদিবাসী, খেতমজুর তাদের ছেলেপিলে নিয়ে গাছতলায় বসে আছে, বৃষ্টির দিনে এই যেমন অবস্থা, আবার জোৎস্নার রাত্রে যদি যান দেখবেন, আমি কোন কবিত্ব করছি না, সেই আদিবাসী, খেতমজুর, ভাগচাষীর বাড়ীর লোকেরা আকাশে চাঁদ দেখতে পান, এই অবস্থা এখনও বিদ্যমান। সেজন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে সুনির্দিষ্ট প্রস্তাব রাখছি, এই যে বোর্ড তৈরী করছেন এর অধীনে আঞ্চলিক ভিত্তিতে রিজয়নাল কমিটি তৈরী করতে হবে। হয়ত নদীয়া মুর্শিদাবাদের জন্য একটা করলেন, পশ্চিম দিনাজপুরের জন্য একটা করলেন, বাঁকুড়া, পুরুলিয়ার জন্য একটা করলেন, ২৪ পরগনার জন্য একটা করলেন, নর্থ বেঙ্গলে একটা করলেন, এইভাবে বোর্ডের অধীনে এক একটা রিজয়নাল বোর্ড তৈরী করুন। তাদের ক্ষমতা দিন গ্রামের দরিদ্র মানুষদের বাঁচবার জন্য ঠাঁই করে দেবার। আমরা আজকে যেখানে রৌপ্যজয়ন্তী পালন করতে যাচ্ছি, সেখানে গ্রামের মানুষদের জন্য অন্ততঃ মাথা গুঁজবার একটু ঠাঁই করে দিতে হবে। সেই কমিটিকে ক্ষমতা দিতে হবে ঋণ সংগ্রহ করে হোক কি সরকারের কাছ থেকে অনুদান নিয়ে হোক গরীব মানুষদের গৃহ সমস্যার সমাধান যাতে করে দিতে পারেন সেদিকে দৃষ্টি দিন।

দ্বিতীয়তঃ আমি একটা জিনিস বলব, বন্যায় হাজার হাজার ঘরবাড়ী ধ্বংস হয়ে যায়, তখন এক একজনকে দেখা যায় ২০ টাকা দেওয়া গৃহ নির্মাণের জন্য এটা প্রহসন ছাড়া আর কি? ঝড়-ঝঞ্ঝায় ঘরবাড়ী ভেঙে গেলে কি একেবারে ধ্বংস হয়ে গেলে তাকে যদি সাহায্য দেওয়া হয় ৩০ টাকা, তাহলে তাকে উপহাস ছাড়া আর কি বলবো? এতে হাজার হাজার নয়, লক্ষ লক্ষ টাকা খরচ হয়ে যায় কিন্তু কাজের কাজ কিছুই হয় না। টাকার অপচয় হয়। গ্রামের দিকে গৃহনির্মাণ বাবত ঋণ দেওয়া হয় ১৫০।২০০ টাকা, তাতেও ঘর হয়না, হয়ত খাওয়াদাওয়া কিছুদিন চলতে পারে। এই যে হাউসিং বোর্ড তৈরী হয়েছে, আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব শহরে বাড়ী তৈরী হোক, মহারাষ্ট্রের, বোম্বের মত বাড়া করে ফ্লাট তৈরী করে পঞ্চবার্ষিকী পরিপল্পনায় যাদের বাড়ী নাই, তাদের ভাড়া দিন কিন্তু পাশাপাশি গ্রামের দরিদ্র মানুষ— আদিবাসী, খেতমজুর, গরীব কৃষক, ভাগচাষী তাদের জন্য ছোট ছোট বাড়ী তৈরী করে দেওয়া উচিত। আমি অট্টালিকার কথা বলছি না, ইট দিয়েও যদি না পারেন, মাটির দেওয়াল করে উপরে টালি বা কাঠ দিয়ে বসবাসের মত উপযুক্ত ঘর তৈরী করে দিন। এখনই যদি না করতে পারেন তবে পরবর্তীকালে আইনের সংশোধনী এনে সেই ব্যবস্থা করবেন এই রকম একটা গ্যারান্টি আমাদের সামনে দিন, আপনি মন্ত্রিমহাশয় আমাদের এমন

আশ্বাস দিন যে আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে গ্রামে যে সমস্ত দরিদ্র মানুষ আছে, যাদের ঘর নাই, আবাস নাই, মাথা গুঁজবার ঠাঁই নাই, তাদের অন্ততঃ ব্যবস্থা করবেন। এটাই আমি আপনার কাছে দাবি করছি আর এই সংগে ঝড়-ঝঞ্ঝায় যাদের ঘরদোর নষ্ট হয়ে যায়, এই সমস্ত অবস্থায়ও যাতে সেই মানুষদের দুরবস্থা নিরসনের জন্য একটা প্রচেষ্টা, একটা পরিকল্পনা হাউসিং বোর্ডের মাধ্যমে হয় তারও দাবী করছি।

[4-35—4-45 p. m.]

এই দাবী আমি আপনার কাছে করবো। এর পাশাপাশি এই আইন সম্পর্কে composition করেছেন। চারজন বড় বড় আমলা রয়েছে Government nominated member হবেন কিনা তা দেখতে পাচ্ছি না। এখানে মাননীয় ইলা মিত্র প্রস্তাব করেছেন যে, M. L. A-দের মধ্যে যারা technical hand তাদের Board-এ নেওয়া হোক ও Board-এর সদস্য সংখ্যা specific বলতে হবে যে M L. A-এ সদস্য সংখ্যা কত হবে। এবং ১০/১৫ জন nominated member যেটা করবেন আশা করি সেখানে আপনি এসব কথা চিন্তা করবেন M. L. A-দের specific ভাবে বলবেন আশা করি। যদিও অনেক সদস্যই এইসব ব্যাপারে বলেছেন তবুও আমি বলছি কারণ আমাদের ভয় হয়। কেন্দ্রীয় সরকারের Board আমরা দেখেছি, এবং রাজ্যসরকারের Board-ও আমরা দেখেছি। কেন্দ্রীয় সরকারের একটা Board-এর কথা বলি R I C অফিস আমরা দেখছি সে এক তাজ্জব ব্যাপার। সাজানো গোছানো অফিস। সুতরাং আমলাদের এবং তার পারিপার্শ্বিক অবস্থা দেখে মনে হয় যে টাকা অনেক খরচ করা হয় অথচ সেখানে কিছু হচ্ছে না। বহু টাকা খরচ করে R I C Free School Street-এ কেন্দ্রীয় সরকারের টাকা সেখানে লোকসান হচ্ছে, তছরূপ হচ্ছে এবং নানারকমভাবে অপচয় হচ্ছে। এইভাবে দিনের পর দিন সেখানে টাকা অপচয় হচ্ছে। এটা কেন্দ্রীয় সরকারের একটা বিধিবদ্ধ সংস্থা। সেখানে এইভাবে কাজ চলেছে। এ ছাড়া আমরা নানা Corporation-এ এবং Electricity Board—যা রাষ্ট্রিয় পরিচালনাধীন সেখানেও এরূপ ভূরি ভূরি ধরণের উদাহরণ আছে। আমরা দেখেছি এই সমস্ত Board এবং Corporation যা সরকার করেছেন সেখানে সরকারের লক্ষ লক্ষ টাকা অপচয় হচ্ছে। এই সমস্ত গুরুদায়িত্ব যা সরকার হাতে নিচ্ছেন সেদিকে যথেষ্ট লক্ষ্য রাখবেন। যে Housing Board-এর কথা বলা হয়েছে আশা করি সরকার সেদিকে লক্ষ্য রাখবেন আমরা Public-এর কাছ থেকে L I C-র কাছ থেকে ঋণ সংগ্রহ করবো আমরা যদি গরীব মানুষের বাসগৃহের সমাধান করতে চাই ও গরীব মানুষের অর্থনৈতিক উন্নয়ন-এর জন্য যে সমস্ত পরিকল্পনা নিচ্ছি তা যদি কার্যে রূপায়িত করতে চাই তাহলে এই অর্থ যাতে অপচয় না হয় এবং Board-এ জনসাধারণের প্রতিনিধি যাতে বেশী থাকে এবং অপচয় বন্ধের guarantee থাকে সেটা বাধ্যতামূলকভাবে check করা যায় কিনা আইনের মাধ্যমে সেকথা চিন্তা করবেন। আপনি খুব ভাল আইনজ্ঞ, অপরাপর যেসমস্ত সংস্থা সরকারের আছে তারমধ্যে অপচয় হচ্ছে। আমাদের তিক্ত অভিজ্ঞতায় দেখেছি যে সেগুলি ভালভাবে চলছে না। সেইজন্য বলছি যে এই Board যাতে ভালভাবে কাজ করে সেদিকে আপনি আন্তরিকভাবে দেখবেন। আমাদের যেসমস্ত Housing Estate রয়েছে তার অবস্থাও ভাল নয়। বাড়ীর সব খসে পড়ছে। আমি একটা Housing Estate-এ কিছু দিন ধরে আছি। আমি দেখছি সেখানে সিঁড়ি থেকে মাটি খসে যাচ্ছে, দেওয়ালে ডাম্প ধরে যাচ্ছে অথচ কয়েক বছর আগে মাত্র এই বাড়ী হয়েছে। আজকে আমি দাবি করবো যে এসবের জন্য technical hand রাখতে হবে ও engineer রাখতে হবে। গরীব মানুষদের বাসস্থানের ব্যবস্থা আজ করতে হবে কারণ ২০ বৎসর ধরে এই সমস্ত গরীব মানুষেরা নানানভাবে কষ্ট পাচ্ছে। আমি এই সঙ্গে দাবি করছি যদিও বহু সদস্যরাই contractor-দের দুর্নীতির কথা বলেছেন। Contractor-দের দুর্নীতি বন্ধ করে যাতে সুন্দর জিনিষ হতে পারে সেদিকে সচেষ্ট থাকবেন এবং সেইভাবেই

আমাদের Board তৈয়ারী করতে হবে। আশা করি এই সমস্ত কথা চিন্তা করে বাড়ী তৈয়ারী করতে হবে। আশা করি এই সমস্ত কথা চিন্তা করে বাড়ী তৈরী করার কাজের দিকে লক্ষ্য রাখবেন। Contractor-দের দুর্নীতি, কাজে ফাঁকি ও বালি-সিমেন্টের ব্যাপারে যে সমস্ত কাণ্ডকারখানা চলছে সেসব বন্ধ করে যাতে আরও ভাল করে বাড়ী রক্ষণাবেক্ষণ করা যায় সেদিকে লক্ষ্য রাখবেন। যে বাড়ি-ঘরের আয়ু ও স্থায়িত্ব যাতে বেশী হয়, ভালভাবে দীর্ঘদিন সেই বাড়ী টিকে থাকে তারজন্য মন্ত্রিমহাশয়কে নজর রাখতে অনুরোধ করছি।

এই যে বোর্ড আপনি আজকে তৈরী করতে চলেছেন, এই বোর্ড যেন শেষ পর্যন্ত বাড়ীর মালিক হয়ে না বসে সেদিকেও আপনি নজর রাখবেন। বোর্ড বাড়ী তৈরী করে ভাড়াটেদের ভাড়া দিয়ে যেন কোন অসুবিধার মধ্যে তাদের না ফেলেন। যে বাড়ী তৈরী হবে তার cost বা valuation ধরে এমনভাবে ভাড়ার বিন্যাস করবেন যাতে ভাড়াটিয়ারা কিস্তিতে কিস্তিতে টাকা দিয়ে শেষ পর্যন্ত নিজেরাই যেন বাড়ীর মালিক হতে পারেন। হাউজিং বোর্ড থেকে যেসমস্ত বাড়ী তৈরী হবে দরিদ্র ও অন্যান্য শ্রেণীর কর্মচারী মানুষ সেই বাড়ী ভাড়া নিয়ে থাকবে, সেই ভাড়া আদায়ের ব্যাপারে বোর্ড জমিদার সেজে যেন কোন অনাবশ্যক জটিলতার সৃষ্টি না করে সেটা আপনাকে দেখতে হবে। এই সমস্ত বাড়ীর construction যেন ভাল মালমসলায় হয় এবং বাড়ীর মালিকানা যেন শেষ পর্যন্ত ভাড়াটিয়াদের দিয়ে দিতে পারেন সেই ব্যবস্থা আপনি করবেন।

আর গ্রামের গরীব মানুষদের জন্য বাড়ী তৈরীর দিকেও একটু নজর রাখবেন। ইতিপূর্বে আপনি নদিয়া গিয়েছিলেন। আপনি মনে করেছেন ক্ষেতমজুরদের পাঁচ কাঠা জমি দেড়শো টাকা দিলেই সব বাড়ী তৈরী হয়ে যাবে। তা যাবে না। সেজন্য আপনাকে পরিকল্পনা করতে হবে—ঐ জমি আপনারা দেবেন এবং জমি দিয়ে কিভাবে ঐ গরীব মানুষ ক্ষেতমজুরদের একটা ছোট্ট বাড়ী তৈরী করে দিতে পারবেন সেটা যেন একটু লক্ষ্য রাখেন বিনীতভাবে আপনাকে এই অনুরোধ জানাচ্ছি। আপনি যে বিল এনেছেন তাকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Phani Bhusan Singhababu :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়, এই যে গৃহনির্মাণ বোর্ড বিল এখানে উপস্থিত করেছেন, আমি তাঁকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই প্রসঙ্গে আমি দু-একটি কথা বলতে চাই।

গ্রাম বাংলার দরিদ্র কৃষক ক্ষেতমজুর সারাদিন প্রাণপাত পরিশ্রম করে দিনের শেষে রাত্রিতে খোলা আকাশের নীচে সুখনিদ্রা উপভোগ করে থাকে। কলকাতার মত শহরে আসানসোল, দুর্গাপুর প্রভৃতি নগরে যেভাবে CMPA, CMPO দ্বারা গৃহনির্মাণ হচ্ছে, অনুরূপভাবে গ্রামের অবহেলিত কৃষক ক্ষেতমজুরদের জন্য আহার ও বাসস্থানের ব্যবস্থা করা উচিত। এই আবেদন আপনার কাছে রাখছি। ক্ষেতমজুর শ্রেণীর লোক, সারাদিন পরিশ্রম করে রাত্রিতে একটু সুখনিদ্রায় থাকতে পারে—তার কোন জায়গাও নাই, ব্যবস্থাও নাই। আজ গ্রামবাংলার অধিকাংশ মানুষ যারা আমাদের কাছে—বহু আশা ও আকাঙ্খা নিয়ে বহু দাবীদাওয়া নিয়ে আমাদের এখানে পাঠিয়েছেন দুঃখের বিষয়, এই বিলের মধ্যে তাদের জন্য গৃহনির্মাণ কল্পে, কোন কথা নাই, যদিও মন্ত্রিমহাশয় বলেছেন—বাজেট বরাদ্দে অতিসামান্য কিছু অর্থ ধরা হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি—বাংলার যে সমস্ত লোক গৃহহীন অবস্থায় আজ বাস করছে তাদের জন্য অনুদান হিসাবে মাত্র ৩০।৪০ টাকা, এবং ঋণবাবদ মঞ্জুর হয়, একশো টাকা থেকে তিনশো টাকা। এই স্বল্প পরিমাণ টাকার দ্বারা শহরাঞ্চলে পাকা দূরের কথা একটা কাঁচা দেওয়াল নির্মাণ করাও সম্ভব নয়। আমি সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশের কাছে প্রস্তাব রাখছি যে এই গ্রামবাংলায় মানুষদের এইক্ষেত্রে যে ৩০ টাকা অনুদান দেওয়া হয় এই পরিকল্পনাকে পরিবর্তন করে তাদের উপযুক্ত আর্থিক সাহায্য এমনভাবে করা হোক যাতে তারা গৃহনির্মাণ

করতে বসবাস করতে পারে। আজকে গ্রামবাংলার মানুষ এই গণতান্ত্রিক সরকারের বহু আশা-আকাঙ্খা রাখে। আজকে গ্রামবাংলার কৃষক সম্প্রদায় যারা সেখানে রয়েছে তাদের আজকে একটু মাথা গুঁজবার স্থান নেই। তাই আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করবো যেমন শহরাঞ্চলের উন্নতিকল্পে তাঁরা মনোযোগ দিয়েছেন সেইরকম সি এম ডি এ-র মাধ্যমে যাতে গ্রামবাংলায় এইরকম গৃহনির্মাণ হতে পারে তার ব্যবস্থা করেন। আমি খুব ভাল করেই জানি যে গত ২০ বছর ধরে আমাদের গ্রামবাংলার লোকেরা গৃহনির্মাণ বাবদ মাত্র ২০।৩০ টাকা করে অনুদান পেয়েছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে এই টাকায় কি বাড়ীর একটা দেওয়ালের একটা অংশ তৈরি করা যায়? এই টাকায় বর্তমানে এই ক্রমবর্ধমান মূল্যবৃদ্ধির ফলে যে অবস্থা হয়েছে সেইদিকে তাকিয়ে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যাতে উপযুক্ত অর্থ ঐ গ্রামবাংলার মানুষরা পায় তার ব্যবস্থা করবেন। আমি একজন গ্রামবাংলার প্রতিনিধি আমি খুব ভাল করেই জানি যে গ্রামের কৃষক সম্প্রদায় কি অবস্থায় আছে। সেখানে এইভাবে বাড়ী তৈরি করার কোন প্ল্যান আমি দেখতে পেলাম না। পরিশেষে আমি বলতে চাই যে আমাদের মহান নেতৃ শ্রীমতী ইন্দিরা গান্ধী যেকথা বলেছেন যে গরিবী হটাও সেই নীতি গ্রামবাংলায় চালু করবার জন্য আমি সরকারকে অনুরোধ জানাই। এবং ১৯৭২ সালে মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন সেই বিলকে আমি পূর্ণাঙ্গ সমর্থন জানাই। দি ওয়েস্ট বেঙ্গল হাউসিং বোর্ড বিল, ১৯৭২—এই বিলটিকে যদি আমরা বলি যে পশ্চিম বাংলার মানুষের কাছে এক নূতন আশা এবং আলোর পথের সন্ধান দেবে তাহলে নিশ্চয় অত্যুক্তি করা হবে না। স্যার আমাদের জীবনের যেটা সবচেয়ে বেশী মূল্যবান সেটা হচ্ছে আহার এবং বাসস্থান। আমাদের সমস্ত কিছু কার্যকলাপ, আমাদের সমস্ত চিন্তা ও ভাবনা এই অভাবকে কেন্দ্র করে। এই সমস্যার সমাধান করা প্রত্যেকেরই দায়িত্ব—কিন্তু সর্বোপরি দায়িত্ব হচ্ছে এই সরকারের যে সরকার নির্বাচনের কর্মসূচিতে এই প্রসঙ্গে বলতে গিয়ে এই কথাই বলেছিল যে এই সরকার আহার ও বাসস্থানের ন্যূনতম ব্যবস্থা করবেন।

মাননীয় অধ্যক্ষমহাশয় আজকে বলতে লজ্জা হয়, বলতে কষ্ট হয় যে স্বাধীনতার ২৫ বছর পূর্তি উৎসব আমরা করতে চলেছি কিন্তু বাসস্থান প্রসঙ্গে বা বাসস্থানের ব্যাপারে আমরা মানুষের ন্যূনতম চাহিদা মেটাতে পারি নি। অর্থাৎ যে মৌলিক সমস্যা, বাসস্থানের যে সমস্যা সেই সমস্যার দিকে আমরা দৃষ্টি নিবদ্ধ করতে পারি নি এবং যার ফলে আজকে বহুদিন পর এই হাউসিং বোর্ড বিলের মত বিল এসেছে, যে বিল বহুপূর্বেই আসা উচিত ছিল। আমাদের এখানকার মাননীয় সদস্য শ্রীবিশ্বনাথ চক্রবর্তী মহাশয় বলেছেন কবিকঙ্কন মুকুন্দরাম চক্রবর্তীর উদ্ধৃতি দিয়ে যে ৪০০ বছর আগে তিনি বলেছিলেন বাড়ীর থাম ভেরেণ্ডায় তৈরি। ভেরেণ্ডায় তৈরি কোন বাড়ীর থাম এখন নিশ্চয় নেই কিন্তু কবির ভাষায় বলতে হয়, "দুঃখ কর অবধান, দুঃখ কর অবধান, লঘু বৃষ্টি হইলে কুঁড়েতে আইসে বান"। অর্থাৎ বাড়ীর যে অবস্থা বা যেসব বাড়ীতে আমরা থাকি সে কোলকাতার বাড়ীই হোক, শহরের বাড়ীই হোক বা গ্রামের বাড়ীই হোক অধিকাংশ বাড়ীতে বর্ষাকালে খাট এ পাশ থেকে ও পাশে সরাতে হয়, জিনিসপত্র টানাটানি করতে হয়, সারারাত ভিজতে হয়, এই হচ্ছে বাঙ্গালীর অভিজ্ঞতা। বাঙ্গালী বলতে পশ্চিমবঙ্গে যারা ভাড়াবাড়ীতে বসবাস করেন তাদের কথা বলছি। তাদের অনেকেরই বাড়ীতে বর্ষাকালে ঐ "লঘু বৃষ্টি হইলে কুঁড়েতে আইসে বানের" অবস্থা, তাদের থাকবার জায়গা থাকে না। আজকে এই যে বিল এই বিলের দ্বারা মাননীয় পূর্তমন্ত্রী কতটা করতে পারবেন জানি না কিন্তু তাঁর সদিচ্ছা আছে, মহৎ ইচ্ছাও ভালো, এই বিশ্বাস নিয়ে বলতে পারি যে আমরা আজকে আশা করি পশ্চিমবঙ্গে যে গৃহসমস্যা আছে সেই সমস্যার তিনি সমাধান করতে পারবেন, এ বিশ্বাস আমরা রাখছি এই বিলের পরিপ্রেক্ষিতে। স্যার, আমরা এটুকু ভালো করেই জানি যে উন্নয়নের মাপকাঠি সেখানেই ঠিক হয় যেখানে মানুষ ন্যূনতম খাদ্য, স্বাস্থ্য, শিক্ষা এবং বাসস্থান পেতে পারে। তাই একটা

আলোর ঝলকের মত এই যে বিল এসেছে সেই প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে মাননীয় পূর্তমন্ত্রী বলেছেন যে প্রতি বছর যদি ৫৩ হাজার করে বাড়ী তৈরি করা যায় তাহলে ১৯৮৬ সালের মধ্যে এই গৃহসমস্যার সমাধান হবে। আমরা আশা করবো আজকে এই বিল উত্থাপন করতে গিয়ে তিনি যে আশা পোষণ করছেন সেই আশা বাস্তবে রূপায়িত করার জন্য তিনি চেষ্টা করবেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী দিল্লীতে বলেছেন পশ্চিমবঙ্গে কত লক্ষ লোক ফুটপাতে থাকেন কত লক্ষ লোক নিরাশ্রয়। কাজেই পশ্চিমবঙ্গের বাসস্থান সম্পর্কে তিনি নিশ্চয় ওয়াকিবহাল। কিন্তু যারা রোদে, বৃষ্টিতে শীতের রাত্রে ফুটপাতে পড়ে থাকে তারাও মানুষ। তাদের হয়ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা নেই বা জীবন সংগ্রামে তারা হয়ত একটা চাকরি যোগাড় করতে পারেনি কিন্তু তারাও মানুষের সন্তান, তাদেরও বাঁচার অধিকার আছে। আমরা সাম্যের কথা অনেক বলি, সাম্যের কথা যদি মানতে হয়, আইনের দৃষ্টিতে যদি সকলে সমান হয় তাহলে এদের সমপর্যায়ভুক্ত হয়ে ন্যায্য বিচার পাবার অধিকার আছে। তারপর স্যার, বস্তীগুলি আজকে নরককুণ্ডে পরিণত

[4-55—5-5 p. m.]

হয়েছে। সেই বস্তীতে আলো নেই, স্বাস্থ্য নেই, সেখানে পয়ঃপ্রনালীর সুবিধা নেই, সেখানে মানুষের মত মানুষ বাস করতে পারে না। সরকার সি এম ডি এ, সি এম পি ও মারফত এই সমস্যাগুলি সমাধানের জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন, এই বস্তীগুলি সরিয়ে দিয়ে নতুন নতুন বাড়ী তৈরী করার কথা চিন্তা করছেন। কিন্তু আমি বলব বস্তীবাসীদের উচ্ছেদ করা খুব সোজা, উচ্ছেদ করে যদি তাদের সত্যিকারে ভালভাবে থাকার মত সুযোগ করে দেওয়া হয় তাহলেই এই বস্তী ভাঙার অধিকার আছে, তা না হলে আপনাদের বস্তী ভাঙার কোন অধিকার নেই। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, কলকাতার বাসস্থান সমস্যা সম্পর্কে অনেক বক্তাই অনেক কথা বলে গেছেন, আমি আর তার পুনরাবৃত্তি করতে চাই না। বক্তাদের মধ্যে অনেকেই বলেছেন যে শিল্প শ্রমিকরা বাড়ী পান, কলকারখানার শ্রমিকরা বাড়ী পান, কিন্তু নিম্ন আয়ের লোকেরা, নিম্ন আয়ের সমস্ত চাকরিজীবী, ছোটখাট ব্যবসায়ী কিম্বা স্কুল কলেজের শিক্ষকমহাশয় বা অন্যান্য যে সমস্ত শ্রেণী আছেন তাদের সস্তায় বাড়ী পাবার কোন উপায় নেই, তাদের জন্য কোন রকম ব্যবস্থা সরকার পক্ষ থেকে করা হয় নি। আমাদের এই গৃহনির্মাণ সমস্যা নিয়ে যে লজ্জা, গ্লানি আছে, সেই লজ্জা, গ্লানি দূর করার জন্য আমরা এই বিলকে সমর্থন করছি এবং মাননীয় পূর্তমন্ত্রীকে এই আশ্বাস দিচ্ছি যে এই বিলকে বাস্তবে রূপায়িত করার জন্য পশ্চিম বাংলা বিধান-সভার সমস্ত সভাবৃন্দ সবদিক থেকে সাহায্য করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর পিছনে থাকবে। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমাদের লজ্জা হয় যখন দেখি কলকাতা শহরে পাইপের মধ্যে মানুষের জন্ম, মৃত্যু হচ্ছে। মানুষ আজ জলের পাইপের মধ্যে জন্ম গ্রহণ করেছে এবং মৃত্যু পর্যন্ত সে ঐ পাইপের মধ্যেই থাকছে। এ আমাদের কলঙ্ক নয়, এ আমাদের গ্লানি নয়, এ আমাদের লজ্জা নয়? তাই আজকে এই যে বিলটি বিধানসভার সামনে উপস্থাপিত করা হয়েছে সেজন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীকে অকুণ্ঠচিত্তে অভিনন্দন জানাচ্ছি এবং অভিনন্দন জানাচ্ছি শর্ত হিসাবে যে এই বিল কেবলমাত্র কাগজে শব্দ হয়ে বসে না থাকে, এ যেন সত্যিকারে বাস্তবে রূপায়িত হয়। আমরা বহু ব্যাপারে দেখছি এই বিধানসভায় অনেক আইন পাশ হয়েছে—আইন পাশ হয়, আইন আমরা পাশ করিয়ে দিই, সেই আইন বাস্তবে পরিণত করার জন্য যে অর্থের প্রয়োজন হয়, বিধানসভা সেই অর্থও মঞ্জুর করেন, কিন্তু দুঃখ, বেদনার সংগে দেখা যায় যেভাবে আইন বলবত হওয়া উচিত ছিল, যেভাবে টাকা খরচ হওয়া উচিত ছিল, ঠিক সেইভাবে হয়নি। আমি আশা করবো আমাদের মাননীয় পূর্তমন্ত্রী এই বিলকে যখন বলবত করবেন, এই বিলের মাধ্যমে তিনি যখন পশ্চিম বাংলার গৃহনির্মাণ সমস্যার সমাধানের চেষ্টা করবেন অর্থের যাতে সদ্ব্যবহার হয় সেদিকে লক্ষ্য রাখেন। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আসানসোল পরিকল্পনা সংস্থার কথা মাননীয় পূর্তমন্ত্রী বলেছেন। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আপনি শুনলে

অবাক হয়ে যাবেন, এই আসানসোল পরিকল্পনা সংস্থা, উন্নয়ন পরিকল্পনার জন্য সারা বর্ধমান জেলার জন্য ২১ কোটি টাকার পরিকল্পনা মঞ্জুর করেছেন। গত ৮ বছর থেকে সেই পরিকল্পনার টাকার পাহাড়ের কাগজের ভিতর খালি ইঁদুর ঘুরে বেড়াচ্ছে। সরকার টাকা খরচ করে লোক রাখছেন ২১ কোটি টাকার পরিকল্পনা কার্য্যকরী করার জন্য কিন্তু ২১ হাজার টাকাও সরকার পক্ষ থেকে বিনিয়োগ করা হয়নি। পরিকল্পনা সংস্থা আছে। পরিকল্পনা সংস্থা পরিকল্পনা করছেন। কিন্তু বাস্তবে আমরা তার রূপায়ন চাই। সেই রূপায়ন যদি না হয়ে থাকে তাহালে কিসের বড় বড় কথা? বড় বড় কথার তো প্রয়োজন নেই। আমরা যদি একে বাস্তবে রূপায়িত করতে না পারি তাহলে আমাদের বড় বড় কথা বলার কোন অধিকার নেই। আজকে আমরা বলছি সমাজতন্ত্র আনছি, গরীবী হঠাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, শ্রীমতী ইন্দিরা গান্ধী, আমাদের শ্রদ্ধেয় দেশনেত্রী তিনি গরিবী হঠাওকে একটি দর্শন হিসাবে গ্রহণ করেছিলেন এবং দর্শন হিসাবেই সেটাকে ভারতবর্ষের মানুষের মধ্যে সঞ্জিবীত করতে চেয়েছিলেন। কিন্তু মাননীয় উপাধ্যক্ষমহাশয়, সেই গরীবী হঠাও দর্শন আজকে শ্লোগান হিসাবে পরিগণিত হয়েছে এবং শ্লোগান হিসাবেই সেটা বাজারে চালু হয়েছে। আজকে তাই প্রতি ক্ষেত্রেই আমরা এমনিতর আচরণ দেখে আসছি, মানুষের মৌলিক সমস্যার প্রতি অশ্রদ্ধা এবং অবজ্ঞার মনোভাব এবং এই মনোভাব আজকে মানুষকে বিরক্ত করছে বিব্রত করছে এবং মানুষকে হতাশ করে তুলছে। আমি আশা করছি আমাদের মাননীয় পূর্তমন্ত্রী যে বিল এনেছেন সেই বিলকে বাস্তবে রূপায়িত করবার জন্য চেস্টা করবেন। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মন্ত্রিমহাশয়কে বলবো শহরের মানুষের জন্য আপনারা নিশ্চয় লক্ষ্য দিন, সেই সংগে গ্রামের মানুষদের প্রতিও নজর দিন। শহর ও শহরতলী প্রসংগে অনেক আলোচনা হয়েছে। কিন্তু মাননীয় উপাধ্যক্ষমহাশয়, দুঃখের সংগে একটি কথা বলতে হচ্ছে, মকুন্দরাম চক্রবর্তী বলেছিলেন, "দুঃখ কর অবধান, দুঃখ কর অবধান, লঘু বৃষ্টি হলে কুঁড়ায় আইসে বান" তার স্বার্থক পরিচয় পাওয়া যাবে গ্রামে গেলে। গ্রামের মানুষের মাথা গোঁজার জায়গা অনেকের নেই। এবং যাদের মাথা গোঁজার জায়গা আছে, মাননীয় উপাধ্যক্ষমহাশয়ের, সেই গ্রামের বাড়ী আজকে জরাজীর্ণ, তাতে ফাটল দেখা দিয়েছে আচ্ছাদন নেই, বৃষ্টি, বন্যা এসে ঘরের মধ্যে ঢোকে, তাই আজকে এই যে West Bengal Housing Board Bill আনা হয়েছে, এই বিলের স্বার্থকতা তখনই উপলব্ধি করা যাবে, যদি শহরাঞ্চলের মানুষের সঙ্গে সঙ্গে গ্রামাঞ্চলের মানুষের উপকার করা সম্ভব হয় এই বিলের দ্বারা। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, পশ্চিমবাংলা গ্রামভিত্তিক, পশ্চিমবঙ্গের ৩৮ হাজার গ্রামে চার কোটি মানুষ বাস করে। সেই ৩৮ হাজার গ্রামকে অস্বীকার করে যদি কোন আইন প্রনয়ণ বা পরিকল্পনা গ্রহণ করা হয়, আমি মনে করি সেই আইন প্রনয়ন আংশিক সামগ্রিক নয়। গ্রামের মানুষ কি দুরবস্থার মধ্যে রয়েছে, আমি সেই কথা বলছি, আমার নির্বাচনী কেন্দ্রে খালি নয়, আমি বহু গ্রামে ঘুরে ঘরে দেখেছি, গ্রামে যেখানে হরিজন ভাই এবং তপশিলি জাতি ভাইরা আছেন, তাদের অধিকাংশ বাড়ী পড়ে গেছে। ২।৩ বছর ধরে তারা গাছতলায় বাস করছে। ১৮ হাজার লোকের বাস বারাবনী এলাকায়, সেখানে বাড়ী পড়েছে কম পক্ষে ৫।৬ হাজার। আমারা দরখাস্ত করেছিলাম সরকারের কাছে, সরকার ঐ ৫।৬ হাজার বাড়ীর জন্য ৫ হাজার টাকা মঞ্জুর করেছেন গৃহনির্মাণ বাবত। যেখানে ৬ হাজার বাড়ী পড়ে আব ৫ হাজার টাকা ঋণ দেওয়া হয় গৃহনির্মাণ বাবত, মাননীয় উপাধ্যক্ষমহাশয়, উপলব্ধি করতে পারেন যে সরকার কি পরিমাণ অমানবিক দৃষ্টিভঙ্গী নিয়ে গরীব মানুষের সমস্যার দিকে তাকান। অর্থাৎ মাথা পিছু একটা বাড়ীর জন্য এক টাকা করেও পড়ে না। তাই আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ করবো যে আজকে আপনার ভাবা উচিত। আপনাকে চিন্তা করা উচিত যে গ্রামে মানুষ যারা আছেন, যারা দুঃখ কষ্টের মধ্যে জীবন অতিবাহিত করছেন, যাদের আহারের বন্দোবস্ত নেই, বাসস্থানের বন্দোবস্ত নেই তাদের কথা ভেবে, তাদের বাসস্থানের ব্যবস্থা করার জন্য আজকে সরকারকে চিন্তা করা উচিত। পরিশেষে আমি আজকে বলতে

চাই যে কলকাতাকে নরককুণ্ড বলে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী উমাশংকর দিক্ষীত উল্লেখ করেছেন, আজকে কলকাতার জঞ্জাল, কলকাতার গৃহনির্মাণ সমস্যা, কলকাতার বস্তী, কলকাতার যে সমস্যা এবং শহরাঞ্চলে যে সমস্যা, সেই সমস্যা আজকে আমাদের পক্ষে একটা লজ্জার কারণ হয়ে দাঁড়িয়েছে। আমরা এই বিলকে সমর্থন করছি সর্বতোভাবে এবং সেই সংগে সংগে ভরসা এবং বিশ্বাস রাখছি যে এই বিল-এর স্বার্থক রূপায়ন হবে। এই বিলের মাধ্যমে পশ্চিম বাংলার অল্প রুজিরোজগারের লোক, নিম্নমধ্যবিত্ত মানুষ ছোট ছোট ব্যবসাদার, অধ্যাপক, শিক্ষক এবং সাংবাদিক এবং অন্যান্য শ্রেণীর যেসমস্ত মানুষ আছেন, তারা সরকারের কাছ থেকে স্বল্প ভাড়ায় বাড়ী পাবেন এবং প্রয়োজন হলে সেই বাড়ীর মালিকানা সরকার দেবার ব্যবস্থা করবেন। তাই বিশেষ ভরসা রাখি এবং সেই সঙ্গে সঙ্গে এই বিলটাকে সম্পূর্ণরূপে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

বন্দেমাতরম।

**Shri Prem Oraon :** मिस्टर डिप्टी स्पीकर महोदय, ये बिल जो सभा में आया है, मैं उसका समर्थन करते हुए उत्तर बंगाम के जलपाईगुड़ी डुअर्स तराई इलाका के बारे में कुछ कहना चाहता हुँ। मिस्टर डिप्टी स्पीकर सर, आप जानते हैं, चाय बगान के हुए सैकड़ो वर्ष बित चुके हैं। किन्तु सौ-सौ बर्ष बित जाने के बाद भी वहां के मजदुर जिस तरह से आज के जमाने मे बास करते हैं, उसके तौर में बर्णन करना बड़ा मुश्किल है। सौ-सौ बर्ष के बाद भी चाय बगान का मजदुर खेतों में झोपड़ी बनाकर रहते है। खेतो मे चाय बगान के मजदुरो के लिए चाय बगान के मालिक लोग झोपड़ी बना दिए हैं जिसमें बरण्डा नही है, बाथरुम नही है। एक ही घर है, उसी में लोगों को रहना पड़ता हैं। उसी मे लकड़ी इत्यादि रखनी पड़ती है। ऐसी परिस्थिति में डुअर्स तराई इलाका के मजदुरों को काम करना पड़ता है। ८ घंटा मजदुर चाय बगान में काम करते-करते भीग जाता है। लौट कर आने पर कपड़ा सुखाने-खाने बनाने और लकड़ी सुखाने मे उसे ४ घण्टा टाइम लग जाता है। इस तरह से रात के चार घण्टा बीत जाते हैं ऐसी ही परिस्थिति मे चाय बगान चल रहा है। लेबर ट्राइब्युनल में एक्ट पास हुआ था कि शतकरा ८ घर पक्का कर दिया जायगा मगर १२ वर्ष का समय खत्म हो गया, पक्का क्वाटर बनाने को कौन कहे जो क्वाटर बने हुए हैं -खेतों मे झोपड़ीयाँ इत्यादि जिस मे मजदुर लोग रहते हैं, कपड़ा सुखते है, उसीमे लकड़ी भी रखते है, उनको पक्का नही किया गया। आज १२ वर्ष खत्म होने के बाद भी मजदुरों के सुख सुविधा के लिए कोई भी काम नहीं हुआ! लेबर ट्राइब्युनल एक्ट मे जो पास हुआ था, उसे मालीक लोग खत्म करके चले जाने लगे हैं। मालिक लोग पंचर करके जाने लगे हैं। फिर भी भारत सरकार इस पर कोई बिचार नही कर रही है उनको सरकार क्यो नही पकड़ रही है? मजदुर लोग अगर अपनी दाबी-दावा को बोलने के लिए मालिक लोगो के पास जाते हैं तो झटपट पुलिस बुला कर मजदुरो को अरेस्ट किया जाता है, नाना-नाना प्रकार के केस बानाकर उनको फँसाया जाता है। लेकीन मलिक लोग कानुन जब तोड़ता है, तब सरकार उनके विरुद्ध कुछ नहीं करपाती है। एक-एक सौ वर्ष से मजदुर लोग जँगल तोड़ २ कर चाय बगान बनाया है मगर आज भी उनके रहने के लिए कोई उचित प्रबंध नही है। हमारे माननीय मंत्रीश्री दीनेश लकड़ा साहब उन झोपड़ियों को देखे हैं, जिनमें चाय बगान का मजदुर आजके जामाने में रहता है।

[5-05—5-15 p. m.]

हमारे गरीब मजदुरो की कमाई के उपर ही आज वड़े-वेड़े टाउन शहर वेने हुए हैं जाहाँ लोंग एेश आराम की जिन्दगी विताते हैं लेकिन एक-एक सौ वर्प से जंगलो को तोड़कर जो मजदुर लोग चाय बगान तैयार किए है उनको सुख-सुविधा के लिए कम्पनी के उपर निभर रहना पड़ता है। यह अच्छी वात नहीं है। आज के आमाने में करोड़ो-करोड़ों का मुनाफा कम्पनी को होता है। हिन्दुस्तान से ये कम्पनियाँ करोड़ो रुपया विदेशो में उठाकर ले जाती है। भारत सरकार भी चाय वगानों से करोड़ो विदेशी मुद्रा अर्जित करती है। शमीयादार इस मुनाफा से गाड़ियाँ खरीदता है, वड़े-वड़े मकाम वनवाता है, अपनी हर तरह की शौक को पुरा करता है। यह सब होता है, मजदुरों का खुन चुस कर। मजदुर चाय वगान मे अपनी पसीना सुखा-सुखा कर कमाई करता है और अन्त मे मर भी जाता है मगर भारत सरकार उनकी समस्याओं की ओर ध्यान नही देती है। लेकिन आज जबकी यह सरकार वनी है, हमे यह आशा दी की वह चाय बगान के मजदुरों के लिए काम जरूर करेगी। उनको सुख-सुविधा की ओर जरूर ध्यान देगी। हमारे मजदुर भाई हमेशा यह आशा करते हैं कि देखे कौन एम० एल० ए० कौन नेता जाकर चाय वगान के मजदुरों के सुख-सुविधा के वारे में वोलता है? ताकि सरकार हमारे साथ सहयोग करे।

आज मजदुर लोग तड़प-तड़प कर मर जाता है लेकीन कोई मंत्री नही बोलता है कोई एम० एल० ए० उनके वारे मे कुछ नही कहता है। इसी लिए जब कभी कोइ सभा होती है तो खट कर खानेवाला मजदुर डटकर वोलने को तैयार हो जाता है कि हमारे लिए आप लोगों ने आजतक कया किया है? इसलिए मै अनुरोध करता हुँ की यह जो सरकार प्रगतिशील-गणतांत्रीक मोर्चे की सरकार वनी हुई है, वह चाय वगान के मजदुरों के सुख-सुविधा की ओर जरूर ध्यान देगी।

और ज्यादा न वोल कर मैं इस बिल का समर्थन करता हुँ।

**Shri Monaranjan Pramanik :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে মাননীয় পূর্তমন্ত্রী পশ্চিমবংগ আবাসিক পরিষদ বিল যেটা এনেছেন সেটাকে আমি সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি এবং এই রকম একটা বিল আনয়নের জন্য আমি ব্যক্তিগতভাবে তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আজকে দিনেও কলকাতার ফুটপাতে আমরা বিভিন্ন সময় দেখে থাকি রাত্রে, বৃষ্টিতে প্রচণ্ড শীতের মধ্যে, হাজার হাজার মানুষ ফুটপাতের মধ্যে বাস করে। আমরা সকল গরীবের মুখে হাসি ফোটাতে অংগীকারবদ্ধ। এই পরিপ্রেক্ষিতে এই যে বিল আনয়ন করেছেন এই বিলটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সময়োপযোগী। কিন্তু মন্ত্রিমহাশয়কে বেশি সংখ্যায় জনপ্রতিনিধিদের নিয়ে এই পরিষদ গঠন করার জন্য আবেদন রাখছি। কলকাতার বস্তীর সমস্যা আজকের দিনে একটা দারুন সমস্যা এবং এই বস্তীর উন্নয়নের করার জন্য এই সরকারের কাছে একটা প্রস্তাব রাখছি। যে বর্তমানে বিভিন্ন জায়গায় যে সমস্ত বস্তী রয়েছে সে সমস্ত বস্তী না ভেংগে যদি বস্তীতে আচ্ছাদন দেওয়া যায় এবং তা দিয়ে যদি উপরে ঘর তৈরী করা যায় তাহলে নীচের লোকেরা উপরে চলে যেতে পারবে এবং তারপর নীচে ভালভাবে তৈরী করে মার্কেট করা যেতে পারবে এবং এতে যে একটা বস্তী উন্নয়ন হবে তাই নয়, কলকাতার হকার সমস্যার সমাধান করা যেতে পারবে। মন্ত্রিমহাশয়ের একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। দুর্গাপুরে বিভিন্ন কর্মচারী এবং অফিসারদের বাস করার জন্য বাসগৃহের ব্যবস্থা আছে। দুর্গাপুরে কলেজ হয়েছে, কিন্তু অধ্যাপকদের থাকবার কোন ব্যবস্থা করা হয়নি। এবং এই অধ্যাপকদের বাসগৃহের জন্য সরকার সচেষ্ট হবে এই বিশ্বাস

রাখছি। কলকাতার উন্নয়নের জন্য সি এম ডি এ আছে, হাওড়ার জন্য হাওড়া ইম্প্রুভমেণ্ট ট্রাস্ট আছে, কিন্তু পশ্চিমবংগের যে বৃহৎ অংশ গ্রামাঞ্চল সেই গ্রামঞ্চলের বাসগৃহ সমস্যার সমাধানের জন্য কোন প্রচেষ্টা এখনও পর্যন্ত সরকারের নেই। গ্রামের মানুষ কিভাবে বাস করে সেটা অনেকেই জানেন। গ্রামের মানুষেরা যেসব বাড়ীতে বাস করে সাধারণতঃ তার উপরে আচ্ছাদন থাকে না, বৃষ্টির জল এসে পড়ে এবং সেখানে বাস করতে হয়। এই সব মানুষের জন্য চিন্তা করতে হবে, গ্রামের মানুষের যে সমস্যা তা চিন্তা করতে হবে। এই সমস্যার সমাধান জেলা পরিষদের দ্বারা সম্ভব নয়। কারণ জেলা পরিষদের সে রকম সামর্থ নেই এবং হাউস বিল্ডিং লোন দিয়েও এই সমস্যার সমাধান করা যাবে না। এই গ্রামের সমস্যা দীর্ঘদিন উপেক্ষিত হলেও এবং বিলম্বে হলেও সম্প্রতি কেন্দ্রীয় সরকার সচেষ্ট হয়েছে। এটা অত্যন্ত আনন্দের কথা, সুখের কথা। সম্প্রতি কেন্দ্রীয় সরকারের একটা বক্তব্যে দেখা যায়, স্বাধীনতার রজত জয়ন্তী উপলক্ষ্যে ভারতবর্ষের কোন লোককে বাসহীন বা গৃহহীন রাখা হবে না। আশা করি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় নিশ্চয়ই এই সারকুলার পেয়েছেন এবং এই সারকুলারের বক্তব্য অনুযায়ী নিশ্চয়ই তিনি ব্যবস্থা করছেন। গ্রামবাংলার হাজার হাজার গৃহহীন মানুষের জন্য ১৯৭২-৭৩ সালে আশা করি যে ব্যবস্থা নেওয়া হবে মাননীয় পূর্তমন্ত্রী তাঁর জবাবী ভাষণে সে সম্পর্কে বক্তব্য রাখবেন।

পরিশেষে, এই বিল আনয়নের জন্য ধন্যবাদ জানাচ্ছি এবং সেই সংগে গ্রামবাংলার দিকে মনোযোগ দেবার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-15—5-25 p. m.]

**Shri Bholanath Sen :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের সকলের কথা খুব মনোযোগ সহকারে শুনেছি। আমি সব কথাই মনে রাখব। একটা ভুল ধারণা ২/৪ জনের হয়েছে সেটা হল এই আরবান প্রোপার্টির জন্য এই বোর্ড, তা নয়। এই বোর্ড সারা বাংলা দেশের জন্য এবং এই বোর্ড সহর, গ্রাম, গঞ্জ, সব জায়গাতেই কাজ করতে পারবে। সেইজন্য এই আইন হয়েছে। আর একটা ভুল ধারণা হয়েছে এটা কণ্টাকটর্স প্যারাডাইস হবে, তা হবে না। কারণ, এই বোর্ডকে যে ক্ষমতা দেওয়া হবে দরকার হলে এই বোর্ড নিজে কাজ করবে, নিজে লেবার এমপ্লয় করবে, নিজে কলকারখানা যদি প্রয়োজন হয় তাও করতে পারবে। এই বোর্ডের বেশী পরিধি বাড়িয়ে দেওয়া হয়েছে যাতে কোন রকম অসুবিধার সম্মুখীন না হওয়া যায়। তৃতীয়তঃ মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র বলেছেন বোর্ডের সংখ্যা বাড়াবার কথা। সে সম্বন্ধে আমি ভেবে দেখেছি, সংখ্যা ঠিক এখনই বাড়ান উচিৎ হবে না। কারণ, সংখ্যা যদি বাড়ান যায় তাহলে হয়ত কালকাটা কর্পোরেশানের মত পরিস্থিতি একটা দাঁড়াবে। শ্রীমতী ইলা মিত্র রিজিওন্যাল কমিটির কথা বলেছেন। কিন্তু ২৬ ধারা অনুসারে সেই রিজিওন্যাল কমিটি করবার একটা বন্দোবস্ত আছে। ২৬ ধারাতে যে রিজিওন্যাল কমিটির বন্দোবস্ত করা হয়েছে তাদের ধারনা অনুসারে কাজ যদি না চালান যায় তবেই অ্যামেণ্ডমেণ্টের কথা উঠতে পারে। কিন্তু আজ পর্যন্ত নৈরাশ্যজনক কোন অবস্থা ঘটেনি। তাই আমরা ভেবেছি ২৬ ধারাতে যে ব্যবস্থা আছে তার দ্বারা হয়ত কাজ সম্ভব হবে। তবে শ্রীমতী ইলা মিত্র যেকথা বলেছেন সেটা নিশ্চয়ই মনে রাখব এবং আমি অত্যন্ত কৃতজ্ঞ তিনি যেভাবে চিন্তাধারার পরিচয় দিয়েছেন অন্ততঃ এই বিল সম্বন্ধে তাতে আমি খুব আশান্বিত হয়েছি। যদি প্রয়োজন হয় আমরা বদলাব, হয়ত প্রয়োজন হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিশেষ কিছু বলব না, কারণ, আমার শরীর খুব ভাল নয়। আবদুল বারি বিশ্বাস মহাশয় বলে চলে গেছেন যে কোন স্টেট হাউসিং বোর্ডে মিনিস্টার চেয়ারম্যান হননি। সেটা কিন্তু ঠিক নয়। এই হাউসিং বোর্ডের সূত্রপাত হয় আমি যতদূর জানি সোমনাথ লাহিড়ী মহাশয়ের সময়ে, তারপর কিছু অদল-বদল করা হয়েছে, করবার সময় যে সমস্ত রাষ্ট্রে হাউসিং বোর্ড আছে সেই সমস্ত রাষ্ট্রের হাউসিং বোর্ডের সংগে আলোচনা করা হয়েছে, সেখানে দেখেছি মিনিস্টারকে চেয়ারম্যান করা হয়েছে। কেন করা

হয়েছে—যেমন সি এম ডি এর চেয়ারম্যান আমাদের চীফ মিনিস্টার যাঁর হাউসের কাছে একটা দায়িত্ব আছে যাতে হাউসের কাছে আমরা বোঝাতে পারি যে কি আমরা করছি, হাউস যাতে কণ্ট্রোল করতে পারে সেজন্য চীফ মিনিস্টারকে চেয়ারম্যান রাখা হয়েছে, তেমনি যদি মিনিস্টারকে চেয়ারম্যান না রাখা হয় তাহলে এটা একটা আমলাতান্ত্রিক সংস্থার মত দাঁড়াবে এবং সেই জাতীয় সংস্থা আমরা চাই না। সেজন্য মিনিস্টারকে চেয়ারম্যান রাখা হয়েছে। তারপর বলা হয়েছে সুপারসেশান পাওয়ার রাখা হয়েছে। মিনিস্টার থাকা সত্ত্বেও যদি দেখা যায় যে আশা-আকাঙ্ক্ষা নিয়ে কাজ করছি সেই আশা-আকাঙ্ক্ষা পরিপূরণ হচ্ছে না তাহলে দরকার হলে মিনিস্টার ক্যাবিনেটকে বলবেন এটাকে সুপারসিড কর। কিন্তু তার প্রয়োজন হয়ত হবে না। তারপর প্রশ্ন উঠেছে কোথা থেকে টাকা পাওয়া যাবে। হাডকো টাকা দিচ্ছে। এল আই সি'র টাকা হাডকো'র থ্রু দিয়ে আসে। কালীদহে যে স্কীম হচ্ছে তাতে হাডকো থেকে টাকা পাওয়া যাচ্ছে। নিয়ম হচ্ছে ৭॥ পার্সেন্ট সুদ নেয় যদি সোসাল হাউসিং হয়, আর উইকার সেকশান যাদের রোজগার মাসে তিনশো টাকার কম তাদের জন্য ৬॥ পার্সেন্ট সুদ নেয়। এই সুদ দিয়ে আমরা টাকা খাটাচ্ছি। আমরা চেষ্টা করছি যেমন কালিদহ স্কীম আছে সেইরকম আরও স্কীম হবে। কিন্তু কথা হচ্ছে সুদ ছাড়া টাকা পাওয়া যাচ্ছে না এবং যদি পাওয়া যায় তাতে ক্যাপিটাল বাড়ে না এবং দেশেরও প্রগতি হয় না। কাজেই সুদ দিতে হবে। প্রফিট অ্যালিমেন্ট সুদকে ইনক্লুড করে না। সুদ অন্য জিনিস, প্রফিট অন্য জিনিস। আমরা যেসমস্ত হাউসিং তৈরী করি সেগুলি বেশীরভাগ আমরা করি লো ইনকাম গ্রুফ, উইকার সেকসন বা মিডল ইনকাম গ্রুফের জন্য। এখন আমরা চেষ্টা করছি যাতে হায়ার পারচেজে বাড়ী বিক্রয় করা যায়। আমি বিধানসভায় প্রথম যখন যোগ দেই তখন একটা চিন্তা আমার মাথায় ছিল এবং সেইজন্যই আমি প্রথমে ব্যবস্থা করেছিলাম অ্যাপার্টমেন্ট বিলের ব্যাপারটা। কারণ ওটা পাশ না হলে টাইটেল পেত না। চুরি বন্ধ করার জন্য এই বিল পাশ করা হয়েছে। যারা গরীব, অপারগ মানুষ তারা যাতে সুবিধা পেতে পারে তার জন্য এই বিল আনা হয়েছে। শ্রীমতী ইলা মিত্র বলেছেন বাড়ীগুলি ছোট হয়, সে গরীব মানুষ হতে পারে কিন্তু তারও বাঁচবার অধিকার আছে। একথা ঠিক। আমি একটা হিসাব দিয়ে দেখিয়ে দিচ্ছি, আমরা যদি সাড়ে বারো হাজার টাকা খরচ করি তাহলে পাওয়া যায় মাত্র ৩২০ স্কোয়ার ফুট। আমরা যদি উইকার সেকসনকে বিক্রী করি এবং আমরা যদি নো লস নো গেইন এই মটিভ করি তাহলে দেখা যাচ্ছে সাড়ে আট হাজার টাকার কমে একটি পাকা ইমারত তৈরী করা যায় না। ম্যাটেরিয়ালস্‌এর অনেক জিনিস কনট্রোল করতে গিয়ে দেখা গেছে সেগুলি ব্ল্যাক মার্কেটে চলে যাচ্ছে। কাজেই সমস্ত রকম আটঘাট বেঁধে আমাদের কাজ করতে হবে। ৩২০ স্কোয়ার ফুটের কমে একটি পায়রাকেও রাখা যায় না এবং তাতে দেখছি সাড়ে আট হাজার পড়ছে এবং সাড়ে ছয় পারসেন্ট যদি সুদ দেই তাহলে প্রায় ২০ হাজার টাকা পড়ে। যে লোক ৩৫০ টাকা রোজগার করে সে ২০ হাজার টাকা কোথা থেকে দেবে? কাজেই আমাদের কষ্ট করতে হবে এবং চেষ্টা করতে হবে যে লোক রাস্তায় ঘুমায়, বর্ষাকালে রাত্রে জেগে বসে থাকে এবং পরের দিন ভোরে আবার তাকে কলকারখানায় যেতে হয় তার ১০০ স্কোয়ার ফুট জমির মাথায় যেন একটু চাল থাকে। এই জিনিস যদি আমরা করতে পারি তাহলে তাদের কল্যাণ হবে। ৫ হাজার কোটি টাকা হলেও আমাদের সমস্যার সমাধান হবে না, কিন্তু তবুও যতটা পারলাম সেটা করলাম। এতে সকলের হয়ত সুবিধা হবে না, তবে অনেকেরই সুবিধা হবে। যাদের আমরা লোয়ার ইনকাম গ্রুফ বলি অর্থাৎ ৩৫০ টাকা থেকে ৬০০ টাকা পর্যন্ত রোজগার তাদের জন্য ৫২০ স্কোয়ার ফুটের ব্যবস্থা করা হয়েছে এবং তাতে দেখছি খরচ হচ্ছে ১৩ হাজার ৫০০ টাকা। সুতরাং এটা একটা বিরাট সমস্যা। টাকা, সুদ প্রভৃতি অনেক সমস্যা এর মধ্যে রয়েছে। আমাদের একজন বন্ধু বললেন মাটির বাড়ী করুন। এতে ২/১ মাসের ব্যবস্থা হতে পারে। যখন বন্যা আসবে তখন এইসব মাটির বাড়ী ধ্বসে যাবে এবং এর দ্বারা সমাজের কোন কল্যাণ হবে না। সেই যদি করা যায়

[5-25—5-34 p. m.]

তাহলে ভাল বাড়ী করা উচিত অন্ততঃ যাতে পাঁচ বছর থাকে। সেটা আমরা চিন্তা করছি। যাই হোক, আপনারা যেসব উপদেশ দিলেন সেসব আমি চিন্তা করবো এবং চেষ্টা করবো যাতে কোন দুর্নীতি প্রবেশ করতে না পারে, খরচ যাতে না বাড়ে সেজন্য গভর্নমেন্টের অফিসার যারা আছেন নাম দিয়ে করা আছে তাদের নেওয়া হচ্ছে। এখানে সি এম ডি এ সম্বন্ধে অনেকেই অনেক কথা বলেছেন। আমি এখানে সে সম্বন্ধে বিশেষ কিছুই বলতে চাই না। আমি শুধু বলতে চাই যে অনেক বড় কাজ হচ্ছে যেটা চোখে দেখা যায় না, অর্থাৎ কিনা মাটির নীচে কাজ হচ্ছে। অনেক বড় কাজ হচ্ছে ঠিক বাহিরে থেকে বোঝা যাচ্ছে না। কত বড় যে কাজ হচ্ছে তা পরে বোঝা যাবে। আমাদের যে পর্ষদ তৈরী হচ্ছে সেটাও এই ধরনের পর্ষদ। এই পর্ষদ শুধু বস্তীর ব্যাপারে নয়, যেকোন কাজ সরকার দেবেন করবেন। ঘর তৈরী ছাড়া আবাসন ব্যবস্থা করা ছাড়াও অন্য কাজ করবেন। এখানে বীরভূমের কথা বলা হয়েছে। বীরভূমের নিতাইবাবুর সঙ্গে আমার কথা হয়েছে। সেখানে হাজার ছেলে কাজ পাবেন। আমি নিজে সেই পাথর সংগ্রহ করে দেখেছি সেই পাথরে আমাদের কাজ হবে। কিন্তু পাকুড়ের মত এত ভাল পাথর নয়। নাইবা হল, দশ বছরের জন্য যদি আমরা সংস্থান করতে পারি, আমার অন্ততঃ ক্ষুদ্র বুদ্ধিতে মনে হয় আমরা যদি ঠিক পথে চলি তাহলে নিশ্চয় আমরা কিছু ব্যবস্থা করতে পারবো। আজকে মানুষের ক্রয়ক্ষমতা নেই বললেই চলে। গ্রামে গ্রামে দেখেছি কি হাহাকার। আমরা যদি ভালভাবে কাজ করতে পারি, যদি সাধারণ লোকের ক্রয়ক্ষমতা বেড়ে যায় তাহলে তারা নিজেদের দায়িত্বেই তারা নিজেরা করতে পারবে, নিজেদের সংস্থান নিজেরাই করবে, নিজেদের বাসস্থান নিজেরাই করবে এবং তাতে আমাদের সমাজের উন্নতি হবে এবং সরকার একা চেষ্টা করলে যা করতে পারবে না, সমাজ একত্র হয়ে তা করতে পারবে। আমরা প্রত্যেকটি খড়ের বাড়ী উঠিয়ে দিয়ে ইমারত করে দিতে পারব না এবং তা সম্ভবও না, টাকায় কুলাবে না। কিন্তু সমাজের যদি আর্থিক সংগতি ভাল হয় এবং প্রত্যেকের ব্যবসা বাণিজ্য চলে এবং যারা চাকরি করবে তারা যদি চাকরি পায় এবং যদি সকলের আর্থিক সঙ্গতি হয় তবে সবাই মিলে চেষ্টা করবে এবং সবাই যদি চেষ্টা করে ১০ বছর বাদে আজ যে বাড়া তৈরী করছি তা যদি ভেঙেও যায় তাহলে সমাজের উন্নতি হবে এবং যে আমরা আশা করছি মনে হয় সেটা আমরা নিজেদের জীবনে আমরা দেখে যেতে পারব। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Bholanath Sen that the West Bengal Housing Board Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

*Clauses 1, 2, 3 and 4*

The question that clauses 1, 2, 3 and 4 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 5*

**Mr. Deputy Speaker** : There are amendments to clause 5 by Shrimati Ila Mitra. Do you want to move the amendments ?

**Shrimati Ila Mitra :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমি একটি কথা বলতে চাই। মন্ত্রিমহাশয় যে কথাগুলি বললেন সেগুলি আমি খুব মনোযোগ সহকারে শুনেছি। আমি যে অ্যামেণ্ডমেণ্ট দিয়েছি, One person with knowldge of architecture, one cost accountant, one person with knowldge of town and country planning.

আমি এটা সম্পর্কে মুভ করতে চাচ্ছি না এই কারণে যে মন্ত্রিমহাশয়ের সংগে আমার কথাবার্ত্তা হয়েছে। তিনি বলেছেন বোর্ডের মধ্যে যারা আছেন তাদের আণ্ডারে এই সমস্ত লোকদের পেড হিসাবে রাখা যেতে পারবে। কাজেই বোর্ডের পূর্ণ সদস্য হিসাবে এদের থাকার দরকার নেই। তাছাড়া বোর্ডের যারা ঐ এক্স-অফিসিও কমিশনার, ফিন্যান্স ডিপার্টমেন্টের সেক্রেটারি তাদের কোন মাইনে দিতে হচ্ছে না। কিন্তু যে টাকা দিতে বোর্ডের সদস্য হিসাবে না থেকে আণ্ডার দিস বোর্ড থাকতে পারবেন। সুতরাং আমার অ্যামেণ্ডমেন্ট মুভ করার দরকার হচ্ছে না। আর দ্বিতীয়, যে কথাটা আমি বলেছিলাম যে রিজিওন্যাল বেসিসে ইলেকটেড রিপ্রেজেন্টেটিভের সংখ্যা বাড়ান হোক বিভিন্ন জায়গায় যাতে সারা পশ্চিমবঙ্গতে সমপর্যায়ে বাড়ী তৈরী হয়ে উঠে। স্বভাবতঃই আমি কলকাতায় বাস করি আমি কলকাতার কথাটাই বেশী করে বলেছিলাম কিন্তু পশ্চিম বাংলায়, বিশেষতঃ গ্রামের অবস্থাও খারাপ, গ্রামে বাড়ী তৈরী করার জন্য সরকারের যে ব্যবস্থা এই আইনে আছে তাতে ১০০ টাকা লোন, ১৫০ টাকা লোন দেওয়া হয়। এতে সত্যিকারের কোন বাড়ী তৈরী হয় না। সেইদিক দিয়ে পূর্ণাঙ্গ দৃষ্টি রেখে যাতে বাড়ী তৈরী করতে পারে আমাদের সরকারেব পক্ষ থেকে সেইজন্য আমি রিপ্রেজেন্টেটিভ নমিনেটেড বাই দি গভর্নমেন্ট অর বাই দি স্পীকার চাচ্ছিলাম এবং রিজিয়োনাল বেসিসে, অর্থাৎ শিলিগুড়ি বা দার্জিলিংএর কথা কলকাতায় বসে এটা বলা সম্ভব নয়, সুন্দরবনের কথাও বলা সম্ভব নয়। সেখানে কি অবস্থা এবং সেখানকার পরিবেশ কি রকম সেটা দেখে এবং মন্ত্রিমহাশয়ের সঙ্গে যে কথা হয়েছে তাতে এই আইডিয়াকে তিনি সমর্থন করছেন, তাঁর বক্তব্যেও বলেছেন এবং তিনি বলেছেন এই সম্পর্কে দরকার হলে পরে তিনি অ্যামেণ্ডমেন্ট আনবেন এবং এটাকে তিনি গ্রহণ করবেন। একথা যখন তিনি হাউসের সামনে বলেছেন তখন আমি আমার এই অ্যামেণ্ডমেন্ট মুভ করছি না।

**Mr. Deputy Speaker** : Mrs. Mitra, then you are not going to move your amendment.

**Shrimati Ila Mitra** : No, I am not moving my amendment.

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

*Clauses 6 to 53 and Preamble*

The question that clauses 6 to 53 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Bholanath Sen** : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রস্তাব করছি 'পশ্চিমবঙ্গ গৃহনির্মাণ পর্ষদ, ১৯৭২,' বিধানসভায় যেরূপে স্থিরিকৃত হয়েছে সেইরূপভাবে গৃহীত হোক'।

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 5-34 p. m. till 1 p.m. on Tuesday, the 8th August, 1972, at the "Assembly House", Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 8th August, 1972, at 1 p. m.

**Present**

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 6 Ministers of State, 3 Deputy Ministers and 113 Members.

**Oath or Affirmation of Allegiance**

[1-00—1-10 p. m.]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

**Obituary**

**Mr. Speaker :** Honourable Members, I have, with a feeling of great regret, to refer to the passing away of Shri Prem Hari Barman, on the 29th July last. He was 75 at the time of his death. He was a Minister of undivided Bengal from 1944 to 1946. He also became a Member of Gana Parishad of Pakistan.

May his soul rest in peace.

I would now request the Honourable Members kindly to stand in their seats, in silence, for two minutes as a mark of respect to the departed soul.

(The members stood in their seats and kept in silence for two minutes)

Thank you, Secretary will do the needful.

## STARRED QUESTIONS

**( to which oral answers were given )**

### তপসিলী জাতি ও উপজাতি সরকারী কর্মচারী

*৫৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৫।) **Shri Netaipada Sarkar :** তপসিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালে মার্চ হইতে ২০এ জুন পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের অধীন বিভিন্ন দপ্তরে কত কর্মচারীর প্রমোশন হইয়াছে ;

(খ) প্রমোশনের ক্ষেত্রে তপসিলী জাতি ও উপজাতিদের জন্য রিজার্ভেশন কোটা নির্ধারিত ছিল কি না,

(গ) থাকিলে, উক্ত তপসিলী জাতি ও উপজাতিদের মধ্যে কার কতজন কর্মচারী উক্ত সময়ে উক্ত সুযোগ পাইয়াছেন ?

### সরকারী দপ্তরে তপসিলী ও আদিবাসী কর্মচারী

*৫৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৬।) **Shri Netaipada Sarkar :** তপসিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, তপসিলী সম্প্রদায় ও তপসিলী আদিবাসী সম্প্রদায়ভুক্ত ব্যক্তিগণের চাকরিতে নিয়োগের ব্যাপারে রিজার্ভেশনের ব্যবস্থা আছে ;

(খ) সত্য হইলে, ১৯৭১-৭২ সালে বিভিন্ন বিভাগে কতজন কর্মচারী নিযুক্ত হইয়াছেন এবং উহার মধ্যে রিজার্ভেশন কোটা কত ছিল এবং কত পূরণ করা হইয়াছে ?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই পর্যন্ত যে তথ্য আমি পেয়েছি, তার ভিত্তিতে আজকে দুটি প্রশ্নের জবাব দিচ্ছি।

*৫৬৪(ক) একটি বিবরণী নিম্নে রক্ষিত হইল।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

বিধানসভার ২৫৫ সংখ্যক তারকিত প্রশ্নের (ক) অংশের জবাবে উল্লিখিত বিবরণী।

| বিভাগের নাম | প্রমোশন প্রাপ্ত কর্মচারীর সংখ্যা | | |
|---|---|---|---|
| | মোট | তফসিলী | আদিবাসী |
| কৃষি | ৬১ | ১ | — |
| আবগারী | ৯ | — | — |
| গৃহনির্মাণ | ১ | — | — |
| শিল্প ও বানিজ্য | ৮ | — | — |
| খাদ্য ও সরবরাহ | ৭ | — | — |
| ভূমি ও ভূমিরাজস্ব | ১৭৩ | ৫ | — |
| স্বরাষ্ট্র | — | — | — |
| শ্রম | ৯ | — | — |
| পশুপালন | ১০ | — | — |
| উদ্বাস্তু পুনর্বাসন | ৬ | — | — |
| মৎস্য | — | — | — |

| বিভাগের নাম | প্রমোশন প্রাপ্ত কর্মচারীর সংখ্যা মোট | তফসিলী | আদিবাসী |
|---|---|---|---|
| দমকল | ১৭ | ১ | — |
| আইন | — | — | — |
| অর্থ | ১৪ | ১ | — |
| তথ্য ও জনসংযোগ | — | — | — |
| ত্রাণ ও কল্যাণ | ৫ | — | — |
| পৌরসংস্থা বিষয়ক | — | — | — |
| সেচ ও জলপথ | ২৭ | — | — |
| উন্নয়ন ও পরিকল্পনা | ২২ | — | — |
| কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প | ৩ | — | — |
| তফসিলী ও আদিবাসী | ৩ | ২ | ১ |
| বাস্তু | — | — | — |
| শিক্ষা | ৮ | — | — |
| বন | — | — | — |
| বাস্তু, সড়ক নির্মান | — | — | — |
| সমষ্টি উন্নয়ন | — | — | — |
| পঞ্চায়েত | — | — | — |
| বিচার | ৬৯ | ৯ | ২ |
| মোট— | ৪৫২ | ১৯ | ৩ |

*৫৬৫(ক) হ্যাঁ।

(খ) মোট নিয়োগ—৭,০১৪ জন। বিভাগওয়ারী নিয়োগের সংখ্যা নিম্নেবক্ষিত বিবরণীতে দেওয়া হইল।

পদ সংরক্ষণের কোটা :

তফসিলী—৪৫২ জন

আদিবাসী—১৫১ জন

প্রকৃতপক্ষে নিয়োগ :

তফসিলী—৪২৬ জন

আদিবাসী—৯১ জন

বিধানসভার ২৫৬ সংখ্যক তারকিত প্রশ্নের (খ) অংশের জবাবে উল্লিখিত বিবরণী

| বিভাগের নাম | নিয়োগের সংখ্যা মোট | তফসিলী | আদিবাসী |
|---|---|---|---|
| কৃষি | ১১৭ | ৯ | ৫ |
| আবগারী | ৩ | — | — |
| গৃহনির্মাণ | ২২ | ৬ | ৬ |
| শিল্প ও বাণিজ্য | ২১ | ৪ | — |
| খাদ্য ও সরবরাহ | ১৩ | — | — |
| ভূমি ও ভূমিরাজস্ব | ৮৯২ | ৮৭ | ১৪ |
| স্বরাষ্ট্র | ৮২ | ১১ | ৫ |

| বিভাগের নাম | নিয়োগের সংখ্যা মোট | তফসিলী | আদিবাসী |
|---|---|---|---|
| শ্রম | ১২৩ | ২৫ | — |
| পশুপালন | ৮৩ | ৩ | — |
| উদ্বাস্তু পুনর্বাসন | ৯ | ২ | ১ |
| মৎস্য | ১৬ | ২ | — |
| সমবায় | ৩৭ | ৩ | — |
| আইন | ৫ | — | — |
| অর্থ | ১০৯ | ২৫ | ৭ |
| তথ্য ও জনসংযোগ | ৮ | — | — |
| ত্রাণ ও কল্যাণ | ১২ | — | — |
| পৌরসংস্থা বিষয়ক | ৩৩৬ | ৫০ | ১৬ |
| সেচ ও জলপথ | ৬০৫ | ১৩৫ | ২৮ |
| উন্নয়ন ও পরিকল্পনা | ১৪৪ | ১৩ | ২ |
| কুটীর ও ক্ষুদ্রায়তন | ৩৫ | ৩ | ১ |
| তফসিলী ও আদিবাসী | ১২ | ৭ | ২ |
| বাস্তু | ১৪ | ২ | — |
| শিক্ষা | ১৫৩ | ১৭ | — |
| বন | ১৩ | ৩ | ২ |
| বাস্তু এবং (সড়ক) নির্মাণ | ১ | ১ | — |
| সমষ্টি উন্নয়ন | ৩৪ | ২ | — |
| পঞ্চায়েত | ৯ | ১ | — |
| বিচার | ১০৬ | ১৮ | ২ |
| মোট | ৩,০১৪ | ৪২৬ | ৯১ |

**Shri Netaipada Sarkar :** স্যার, আপনি (খ) প্রশ্নের উত্তর বললেন যে (অনুমোদিত প্রশ্ন নং ২৫৫) ন, সরকারের এরূপ ক্ষেত্রে রিজারভেসানের কোন ব্যবস্থা আছে কিনা ?

**Shri Santosh Kumar Roy :** এই সম্বন্ধে মাননীয় সদস্য শ্রীগঙ্গাধর প্রামাণিকের হেল্ড ওভার কোশ্চেনের উত্তরে বলবো ভেবেছিলাম। রিজার্ভেশনের ব্যাপারে কোন কোটা নেই।

**Shri Netaipada Sarkar :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে রিজার্ভেশনের এই রকম ব্যবস্থা আছে। সে ক্ষেত্রে আমাদের কোন কোটা ঠিক করবেন কি ?

**Shri Santosh Kumar Roy :** আমি আগেই বলেছি যে গঙ্গাধর বাবুর প্রশ্নের উত্তরে আমি বলবো।

**Shri Netaiapda Sarkar :** রিজার্ভেশন অনুসারে নিয়োগের কথা যা বলা হয়েছে—আমার জিজ্ঞাস্য হচ্ছে যে এই রকমের কটা আদিবাসী এবং তপশীলদের ক্ষেত্রে করা হয়েছে কিনা ?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, যে তথ্য এসেছে তার ভিত্তিতেই আমি জবাব দিচ্ছি। সেনসাসের কর্মী নিয়োগ করতে হয়েছিল বলে কোটা ঠিকমত পালন করা যায় নি।

**Shri Gangadhar Pramanik :** মাননীয় অধ্যক্ষমহাশয়, বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে যে তথ্য পেয়েছেন ধরে নেওয়া যায় তিনি সেই অনুসারে বলছেন। সমস্ত বিভাগ থেকে যে তথ্য পেয়েছেন সেখানে এই কোটা মেন্টেন করা হচ্ছে কিনা ?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আগে বলেছি যে আমি যা তথ্য পেয়েছি তার ভিত্তিতে বলছি। আমার নিজেরই সংশয় হচ্ছিল কারণ পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় যে সমস্ত বিভাগ আছে তার তথ্য বোধ হয় নয়। ২,৩০০-র উপর নিয়োগকারীর কথা বলা হয়েছে। রাইটার্স বিল্ডিং থেকেই বোধ হয় এই তথ্য সংগ্রহ করা হয়েছে, অন্য জায়গা থেকে নয়।

**Shri Gangadhar Pramanik :** রাইটার্স বিল্ডিং-এর সমস্ত বিভাগ থেকে একটি তথ্য পেয়েছেন ?

**Shri Santosh Kumar Roy :** আমার যতদূর মনে হয় ২৫৬ নং অনুমোদিত প্রশ্নের সমস্ত বিভাগ থেকেই বোধ হয় তথ্য পাওয়া গেছে। আর অনুমোদিত প্রশ্ন নং ২৫৫তে মনে হয় যে স্বাস্থ্য বিভাগ, কৃষি বিভাগ এবং পূর্ত বিভাগের হিসেব নেই।

**Shri Netaipada Sarkar .** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বিভিন্ন জেলায় স্কুল বোর্ডে যে সমস্ত শিক্ষক নিয়োগ করা হচ্ছে সেখানে এই রিজার্ভেশন কোটা যার কথা বলা হয়েছে তা মানা হচ্ছে কিনা ?

**Shri Santosh Kumar Roy :** শুধু সরকারই নয় এই কোটার ব্যাপারে সরকারী প্রতিষ্ঠান বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান, ও আধা সরকারী প্রতিষ্ঠান সকলকেই বলা হয়েছে।

[1-10—1-20 p. m ]

**Shri Gangadhar Pramanick :** এই যে আপনি বললেন সব বিভাগ থেকে পান নাই, স্বাস্থ্য বিভাগ থেকেও প্রয়োজনীয় তথ্য পান নাই, এই সম্পর্কে কি আপনি স্বাস্থ্য বিভাগে যিনি তপসিলী রাষ্ট্রমন্ত্রী আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করেছিলেন ?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় সদস্য গঙ্গাধর প্রামানিক মহাশয় মন্ত্রী ছিলেন, তিনি জানেন জবাব যখন আমাদের হাতে এসে পৌঁছায় তখন সে সম্বন্ধে enquiry করতে গেলে আবার সময় চাই। এই ধরনের প্রশ্নের উপর সময় চাওয়া হয়েছিল বলে অন্ততঃপক্ষে সভার সদস্যদের মোটামুটি একটি আভাষ দেওয়ার জন্য অপেক্ষা না করে প্রশ্নের জবাব দিয়ে যাচ্ছি। যে সমস্ত দপ্তর আমার মনে হচ্ছে সংবাদ সরবরাহ করেন নাই আমি নিশ্চয়ই তাদের কাছ থেকে সংবাদ সংগ্রহ করে জবাব দেব।

**Shri Gangadhar Pramanick :** Scheduled Castes এলাকায় কতগুলি সেকেণ্ডারী স্কুল, কলেজ এবং প্রাথমিক স্কুল আছে সে সম্বন্ধে আপনার দপ্তরে কোন তথ্য আছে কি ?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এ প্রশ্ন তো এখানে ওঠে না। এখানে লোক নিয়োগের প্রশ্ন উঠেছে। কাজেই এ সম্বন্ধে নোটিশ না দিলে তো জানান এখন সম্ভব নয় যে Scheduled Castes এলাকায় Educational Institutionএর সংখ্যা কত।

**Shri Puranjoy Pramanick :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে District Committee for employment of Scheduled Castes and Scheduled Tribes ১৯৭০ সালে নিয়োগ করা হয়েছিল সেই কমিটি এখন কাজ করছে কি করছে না ?

**Shri Santosh Kumar Roy**: মাননীয় অধ্যক্ষমহাশয় অত্যন্ত দুর্ভাগ্যজনক যে এই কমিটিগুলি গঠিত হবার পর এক আধটা মিটিং ছাড়া আর কিছু হয় নাই। আমি এই Scheduled Castes and Tribes Welfare Office ও Special অফিসারদের নির্দেশ দিয়েছি যাতে এদের quarterly meetingকরে সভার সিদ্ধান্তগুলি reviw করতে ও পজিসন ইত্যাদি আমার দপ্তরকে জানাতে হবে। আমি আশা করি এই কমিটিগুলির quarterly meeting হবে।

**Shri Puranjoy Pramanick**: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি—এই যে Scheduled Castes Employment কমিটি করেছেন, সেই কমিটি আজ পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন জেলায় Scheduled Casteদের চাকরির ব্যবস্থা করে দিয়েছেন কিনা ?

**Shri Santosh Kumar Roy**: এই কমিটির Scheduled Casteদের চাকরির ব্যবস্থা করে দেবার কথা নয়। চাকরির ক্ষেত্রে Scheduled Castes এবং Scheduled Tribeদের কোটা রক্ষিত হয়েছে তাই দেখা এই কমিটির কাজ। বর্দ্ধমানে এই কমিটি নিযুক্ত হবার পর তার সভা বিশেষ হয় নাই। আগেই বলেছি এটা দুর্ভাগ্যজনক। যা হোক আমি এখন নির্দেশ দিয়েছি এই কমিটির quarterly meeting করতে হবে এবং তার সিদ্ধান্ত আমার দপ্তরকে জানাতে হবে।

**Shri Puranjoy Pramanick**: এই যে মন্ত্রিমহাশয় বললেন নির্দেশ দিয়েছেন, তিনি তা কতদিন আগে পাঠিয়েছেন বলবেন ?

**Shri Santosh Kumar Roy**: টাইমটা ঠিক এখন বলতে পারবো না। তবে আমি নির্দেশ পাঠিয়েছি।

## বাস্তুহারাদের বাস্তুজমি

*৫৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৪।) **Shri Aswini Roy**: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে বাস্তুহারাদের (পূর্ব বাংলা হইতে আগত) বাস্তু জমির স্বত্ব দেওয়ার কোনও প্রকল্প আছে কি ; এবং

(খ) থাকিলে মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) প্রত্যেক পরিবারকে উক্ত বাবত কি পরিমাণ জমি দেওয়া হইবে ; এবং

(২) উক্ত প্রকল্প কবে নাগাদ কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**Shri Santosh Kumar Roy**: (ক) হ্যাঁ, একটি প্রকল্প কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

(খ) (১) সরকারী কলোনীতে

গ্রামাঞ্চলে—১০ কাঠা পর্যন্ত,

শহরাঞ্চলে—৫ কাঠা পর্যন্ত,

বায়নাজমা প্রকল্পে—২ কাঠা এবং

জবর দখল কলোনীতে—২½ কাঠা।

(২) স্বাধীনতা প্রাপ্তির রজত-জয়ন্তী বর্ষে ইহা কার্যকর করার চেষ্টা চলিতেছে।

**Shri Aswini Roy**: এই যে 'ক' প্রশ্নের উত্তরে আপনি বল্লেন যে একটি পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে। তাহলে এই যে জমির স্বত্ব দেবার ব্যাপারে যে পরিকল্পনা সেখানে গিয়েছে তাতে পশ্চিমবঙ্গ সরকারের কি মতামত ছিল ?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি বাজেট ভাষণ দেবার সময় বলেছি যে বর্তমান সরকার মনে করেন যে উদ্বাস্তু ভাইরা দেশের স্বাধীনতার জন্য যে ত্যাগ ও কষ্ট স্বীকার করেছেন এবং এখানে আশ্রয় নিয়েছেন তারা অন্ততপক্ষে বাস্তু ভিটার স্বত্ব বিনা মূল্যে পাবার অধিকারী। কেন্দ্রীয় সরকারের কাছে আমরা প্রস্তাব পাঠিয়েছি লিখিতভাবে যাতে উদ্বাস্তুদের হাতে বাস্তুজমি ট্রান্সফার করে দেওয়া যায়। It is under the active consideration of the Central Government এবং গতকাল কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী এখানে এসেছিলেন মুখ্যমন্ত্রী নিজে এ সম্বন্ধে যত তাড়াতাড়ি সম্ভব আমরা ঘোষণা করতে পারি তারজন্য তিনি তাঁকে অনুরোধ করেছেন। তিনি এটা তাড়াতাড়ি নিষ্পত্তি করবেন বলে আশ্বাস দিয়েছেন।

**Shri Keshab Chandra Bhattacharya :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে আজকে ২২ বছর হয়ে গেল আমরা এই উদ্বাস্তু নগরীতে বাস করছি এখনও তার মালিকানা পাই নি। এখানে ১০ হাজার উদ্বাস্তু বাস করছেন—আপনি বহুবার বলেছেন যে এই জবর দখল কলোনীগুলির মালিকানা দেবেন। এই স্বাধীনতার রজত-জয়ন্তী বর্ষে যাতে আমরা স্বত্ব পেতে পারি তার জন্য বিধিব্যবস্থা করবেন কিনা ?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আগের প্রশ্নের জবাবে বলেছি যে যে সব উদ্বাস্তু ভাইরা দেশ ত্যাগ করে এখানে আশ্রয় নিয়েছেন এবং যারা সরকারী কলোনী ও সরকারী স্বীকৃত জবর দখল কলোনীতে বাস করেন তাদের স্বত্ব দেবার পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। হাবড়া প্রভৃতি উদ্বাস্তু কলোনীগুলি যেখানে গৃহ দেবার ব্যবস্থা আছে তার ব্যবস্থার কথা আমি বলি নি। আমি বাস্তুর কথা বলেছি—অন্যান্য ঋণ মকুব হবে একথা বলেছি এবং এ সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের কাছে জানানো হয়েছে এবং আশা করি কেন্দ্রীয় সরকারের এ ব্যাপারে অনুমতি পাওয়া যাবে।

## কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ

*৫৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১২২।) **Shri Lakshmi Kanta Bose :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণের কয়টি পুরাতন গাড়ী (১৯৬৯ থেকে) ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত বিক্রয় হয়েছে এবং মোট কত মূল্যে গাড়ীগুলি বিক্রয় হয়েছে ;

(খ) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণের সেন্ট্রাল গ্যারেজে প্রতিমাসে গড়ে কয়টি গাড়ীর বডি তৈরী হয় ,

(গ) উক্ত গ্যারেজের মাসিক গাড়ীর বডি উৎপাদন করার ক্ষমতা কত ,

(ঘ) সরকার গত তিন বৎসরে পশ্চিমবঙ্গের বাহিরের বিভিন্ন কারখানা থেকে কতগুলি গাড়ী ক্রয় করিয়াছেন ; এবং

(ঙ) গত ছয় মাসে সেন্ট্রাল গ্যারেজে কয়টি গাড়ী প্রস্তুত হইয়াছে এবং তাহাদের নম্বর কি কি ?

**Shri Gyan Singh Sohanpal :** (a) 351 old and unserviceable vehicles have been sold during the period at a total price of Rs.8,95,838.

(b) Monthly average number of bus bodies built at the CSTC Central Workshop during 1971-72 is 20·5 units of single decker bus body.

(c) With the existing facilities the estimated maximum monthly production capacity of the Workshop for building of bus bodies is 25 units of single decker bus body.

(d) During the preceding 3 years CSTC purchased 330 bus chassis and one complete bus vehicle from outside West Bengal. Out of the said 330 chassis bodies on 93 single decker were get constructed in factories outside West Bengal.

(e) 78 vehicles have been built in the Central Garage of the CSTC during the last 6 months. The numbers are shown below.

Double deckers—WBS—1523, 1128, 1107, 1126, 1120, 1140, 1040, 1235, 1492, 1137, 1130, 1489, 1721, 1097, 1674, 1626, 1632, 1684, 1621, 1622, 811, 1675, 1668, 1665, 1719, 982, 1004, 1865, 964, 1739, 1830, 1022, 1843, 1623, 1643, 1669, 1016, 1006, 1748, 1751, 1752, 1786, 1829, 2072, 1565, 1577, 1274, 1064, 1628, 958, 1644, 1734, 948, 1753, 1793, 1356, 1088, 1666, 1673, 1060, 1624, 1357, 909, 1648, 1750, 1794, 1785 and 1521.

Single deckers—WBS—1186, 3118, 1328 and 1469.

Non-reute vehicles—5 numbers breakdown vans on Bedford chassis and 1 number cash van on Dodge chassis.

[1-20—1-30 p. m.]

**Shri Lakshmi Kanta Bose :** স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের সেণ্ট্রাল গ্যারেজে যারা কাজ করেন তাদেরকে ভরতুকি দিয়ে চালাতে হয় উপযুক্ত অডারের অভাবে এটা কি সত্য ?

**Shri Gyan Singh Sohanpal :** আমার জানা নেই।

**Shri Lakshmi Kanta Bose :** মোটরের টায়ার রিসোল করবার জন্য কয়েক লক্ষ টাকা দিয়ে একটা যন্ত্র বসানো হয়েছে, তাতে টায়ার রিসোল না করিয়ে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন বাইরে থেকে টায়ার রিসোল করান এটা কি মাননীয় মন্ত্রিমহাশয়ের জানা আছে ?

**Shri Gyan Singh Sohanpal :** এ প্রশ্ন ওঠে না।

**Shri Lakshmi Kanta Bose :** পশ্চিমবংগের কারখানায় উৎপাদনের ক্ষমতা থাকা সত্বেও সেণ্ট্রাল গ্যারেজে মাত্র একটি শিফটে কাজ করানো হয়। তিনটি শিফটে কাজ করালে পশ্চিমবংগের শ্রমিকরা মজুরি পেতে পারে। এই অবস্থায় সেখানে তিনটি শিফটের বদলে একটি শিফটে কাজ করিয়ে পশ্চিমবংগের বাইরে থেকে বাসের বডি বা বাসের চেসিস আনার অর্থ বুঝতে পারছি না। এ ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয় কিছু বলতে পারেন কি ?

**Shri Gyan Singh Sohanpal :** গভর্নমেণ্ট সেকেণ্ড শিফট করার কথা চিন্তা করছে না।

**Shri Lakshmi Kanta Bose :** গভর্নমেণ্ট সেণ্ট্রাল গ্যারেজে, সেণ্ট্রাল ওয়ার্কশপে তিনটি শিফট পরিচালনা করবেন, এটা ঘোষণা করবেন কি ?

**Shri Gyan Singh Sohanpal :** ফাইনানসিয়ালি সাউণ্ড হবে না বলে সে চিন্তা করছি না।

**Shri Lakshmi Kanta Bose :** আপনি ফাইনানসিয়ালি সাউণ্ড হবে না বলছেন। কিন্তু নিজেদের কারখানায় উৎপাদন না করে বাইরে থেকে কেনবার সময় ফাইনান্স পারমিট করছে এটা একটা বিচিত্র ব্যাপার নয় কি ?

**Shri Gyan Singh Sohanpal :** তিনটি শিফট চালু করলে একটা পারমানেন্ট লাইবিলিটি হয়ে যাবে সেইজন্য বলেছি ফাইনানসিয়ালি সাউণ্ড হবে না, আপনি বুঝতে পারেন নি।

**Shri Gangadhar Pramanick :** তিনটি শিফট চালু করলে পারমানেন্ট লাইবিলিটি হয়ে যাবে একথা মাননীয় মন্ত্রিমহাশয় কেন বলছেন জানাবেন কি ?

**Shri Gyan Singh Sohanpal :** পারমানেন্ট লাইবিলিটি এই জন্য বলেছি যে এখন যে কাজ রয়েছে সেটা পিওরলি টেমপুরারি, ১/২ বছরের মতন কাজ চলবে, এর পরে সেখানে কাজ থাকবে না।

**Shri Gangadhar Pramanick :** মাননীয় মন্ত্রিমহাশয় এর আগে হাউসে স্টেটমেন্ট দিয়েছিলেন যে নতুন গাড়ী নামাবেন, চেসিস কিনেছেন। গভর্নমেন্টের স্কীম আছে যে প্রত্যেক বছর কিছু কিছু গাড়ী বাড়িয়ে যাবেন যার জন্য ৪৩ রুট প্রাইভেট পার্টির কাছ থেকে ন্যাশানালাইজ করছেন। গভর্নমেন্টের অলরেডি স্কীম যেখানে রয়েছে সেখানে পারমানেন্ট লাইবিলিটি হলেও কেন তিনটি শিফট চালু করে এখানে বডি তৈরি করা হবে না জানাবেন কি ?

**Shri Gyan Singh Sohanpal :** আমি বলেছিলাম যে গভর্নমেন্টের অ্যাকসিলারেটেড প্রোগ্রাম রয়েছে ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪-এর জন্য, এর পর কাজ থাকবে না সেইজন্য বলেছি ফাইনানসিয়ালি সাউণ্ড হবে না।

**Shri Gangadhar Pramanick** আপনি বললেন যে ১৯৭৪ সালের পর কাজ থাকবে না, এটা এখন থেকে কি করে বুঝছেন ? লোক বাড়ছে রুট ন্যাশানালাইজেসানের প্রোগ্রাম রয়েছে অতএব কাজ থাকবে। কাজেই এখন থেকে যদি ব্যবস্থা না করেন তাহলে যে সব যন্ত্রপাতি আছে সেগুলি তো বেচে দিতে হবে ?

**Shri Gyan Singh Sohanpal :** ১৯৭২-৭৩ এবং ১৯৭৩-৭৪ সালে যেগুলি নামানো হচ্ছে সেগুলি নেকষ্ট ইয়ারে খারাপ হবে না, সেইজন্য বলেছি কাজ থাকবে না।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে সমস্ত পুরাতন গাড়ী বিক্রি হয়েছে তারমধ্যে একটি গাড়ী সরকারী কর্মচারী সমিতির শ্রীঅরবিন্দ ঘোষকে কম মূল্যে বিক্রি করা হয়েছে কিনা ?

**Shri Gyan Singh Sohanpal :** আমার জানা নেই, নোটিশ দিলে দেখে বলতে পারবো।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এ সম্পর্কে তথ্য সংগ্রহ করে হাউসে জানাবেন কিনা ?

( নো রিপ্লাই )

**Shri Lakshmi Kanta Bose :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে টেমপুরারি কাজ আছে তারপর ওয়ার্কশপে কাজ থাকবে না এই আশংকায় পারমানেন্ট লাইবিলিটি সরকার নিতে চাইছেন না। বিভিন্ন দপ্তরে সরকারের বহু গাড়ী আছে, সেগুলি প্রাইভেট গ্যারেজে রিপেয়ার হয়, সরকার কেন সেই গাড়ীগুলি নিজের গ্যারেজে রিপেয়ার করার জন্য স্থায়ী ব্যবস্থা করবেন না মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**Shri Gyan Singh Sohanpal :** এটা আমার ডিপার্টমেন্টের আনডারে নয়। বিভিন্ন দপ্তর যদি লেখেন ফাইনানসিয়ালি সাউণ্ড হলে আমরা দেখবো।

**Shri Gangadhar Parmanick** : এটা জয়েন্ট রেসপনসিবিলিটি অব দি ক্যাবিনেট মিনিস্টারস এবং অন্যান্য ডিপার্টমেন্ট যে সমস্ত আছে সেখানেও হয়, সেটা ক্যাবিনেটের প্রত্যেক মন্ত্রীরই জানা আছে। এটা কি আপনারা কখন ডিসকাস না করে আপনাদের যে সমস্ত কাজ কর্ম হচ্ছে না হচ্ছে, তার ব্যবস্থা করেন নি ?

## জুনিয়ার হাই স্কুল ও হায়ার সেকেণ্ডারী স্কুলের অনুমোদন

*৫৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১।) **Shri Prodyot Kumar Mahanti:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭০ সালে এবং ১৯৭১ সালে মেদিনীপুর জেলার কতকগুলি জুনিয়ার হাইস্কুল এবং হায়ার সেকেণ্ডারী স্কুল সরকারী অনুমোদনের জন্য আবেদন করিয়াছিল ,

(খ) তাহাদের মধ্যে কতগুলিকে অনুমোদন দেওয়া হইয়াছে ;

(গ) কতগুলি পরিদর্শন করার পর অনুমোদন দেওয়ার জন্য বিবেচনাধীন ; এবং

(ঘ) কতগুলি পরিদর্শনের জন্য জেলাপরিদর্শকের নিকট প্রেরণ করা হইয়াছে এবং এখনও ফেরত আসে নাই ?

**Shri Mrityunjoy Banerjee** : (ক) (১) ১৯৭০ সালের অনুমোদন প্রাপ্তির জন্য আবেদনকারী বিদ্যালয়ের সংখ্যা নিম্নরূপ—

| | | | সংখ্যা |
|---|---|---|---|
| ২ শ্রেণী জুনিয়ার হাই | | ( বালক ) | ৯৩ |
| ৪ | ,, | ( ঐ ) | ৮৬ |
| ২ | ,, | (বালিকা) | ৬ |
| ৪ | ,, | ( ঐ ) | ২১ |
| হায়ার সেকেণ্ডারী স্কুলে | | | ৪২ |

(২) ১৯৭১ সালের অনুমোদনের জন্য আবেদনের সংখ্যা নিম্নরূপ ছিল :

| | | | সংখ্যা |
|---|---|---|---|
| ২ শ্রেণী জুনিয়ার হাই | | (বালক) | ৭৯ |
| ৪ | ,, | ( ঐ ) | ৮৯ |
| ২ | ,, | (বালিকা) | ১৫ |
| ৪ | ,, | ( ঐ ) | ২১ |

(খ) (১) ১৯৭০ সালে নিম্নোক্ত সংখ্যক বিদ্যালয় অনুমোদন লাভ করিয়াছে—

| | | | সংখ্যা |
|---|---|---|---|
| ২ শ্রেণী জুনিয়ার হাই | | ( বালক ) | ১৮ |
| ৪ | ,, | ( ঐ ) | ১২ |
| ২ | ,, | (বালিকা) | ৫ |
| ৪ | ,, | ( ঐ ) | ১৭ |
| হায়ার সেকেণ্ডারী | | | ২০ |

১৯৭১ সালে অনুমোদন প্রাপ্ত বিদ্যালয়ের সংখ্যা নিম্নরূপ :

| | | | সংখ্যা |
|---|---|---|---|
| ২ শ্রেণী জুনিয়ার হাই | | ( বালক ) | ৫৩ |
| ৪ | ,, | ( ঐ ) | ২৩ |
| ২ | ,, | (বালিকা) | ৪ |
| ৪ | ,, | ( ঐ ) | ৪ |
| হায়ার সেকেণ্ডারী | | | ৬ |

(গ) (১) ১লা জানুয়ারী ১৯৭০ হইতে অনুমোদনের জন্য বিবেচনাধীন বিদ্যালয়ের সংখ্যা নিম্নরূপ :

| | | | সংখ্যা |
|---|---|---|---|
| ২ শ্রেণী জুনিয়ার হাই | | ( বালক ) | ৭৫ |
| ৪ | ,, | ( ঐ ) | ৭৪ |
| ২ | ,, | (বালিকা) | ১ |
| ৪ | ,, | ,, | ৪ |
| হায়ার সেকেণ্ডারী | | | ২১ |

(গ) (২) ১লা জানুয়ারি ১৯৭১ হইতে অনুমোদনের জন্য বিবেচনাধীন বিদ্যালয়ের সংখ্যা নিম্নরূপ :

| | | | সংখ্যা |
|---|---|---|---|
| ২ শ্রেণী জুনিয়ার হাই | | ( বালক ) | ১৬ |
| ৪ | ,, | ( ঐ ) | ৫৬ |
| ২ | ,, | (বালিকা) | ১১ |
| ৪ | ,, | ( ঐ ) | ১৪ |
| হায়ার সেকেণ্ডারী | | | ৪৩ (আর একটির আবেদন অগ্রাহ্য হইয়াছে) |

(ঘ) পরিদর্শনের জন্য জেলা পরিদর্শকের নিকট হইতে ফেরৎ আসে নাই এরূপ বিদ্যালয়ের সংখ্যা নিম্নরূপ :

| | | | সংখ্যা |
|---|---|---|---|
| ১৯৭০ সালের— | | | |
| হায়ার সেকেণ্ডারী | | | ১ |
| ১৯৭১ সালের - | | | |
| ২ শ্রেণী জুনিয়ার হাই | | ( বালক ) | ১০ |
| ৪ | ,, | ( ঐ ) | ১০ |
| ৪ | ,, | (বালিকা) | ৩ |
| হায়ার সেকেণ্ডারী | | | ৫ |

**Shri Prodyot Kumar Mahanti :** জেলাতে যে মধ্যশিক্ষা পর্ষদ গঠিত হয়েছে সেগুলি এখন অনুমোদনের জন্য সরকারের বিবেচনাধীন আছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন সেখানকার বিদ্যালয়গুলি আবার সেই উপদেষ্টা পর্ষদের মাধ্যমে সরকারের কাছে আসবে, না সরকার সেগুলিকে এখন সরাসরি অনুমোদনের জন্য বিবেচনা করবেন ?

**Shri Mrityunjoy Banerjee :** সেগুলি আবার ঐ উপদেষ্টা পর্ষদের কাছে আসবে।

**Shri Prodyot Kumar Mahanti :** ঐ স্কুলগুলি কি বিবেচনার জন্য আবার উপদেষ্টা পর্ষদের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে—এটা কি দয়া করে মন্ত্রিমহাশয় জানাবেন ?

**Shri Mrityunjoy Banerjee :** পাঠানোর জন্য প্রস্তুতি চলছে।

**Shri Prodyot Kumar Mahanti :** মাননীয় মন্ত্রিমহাশয় কি দয়া করে জানাবেন—পাঠাবার সময় ঐ উপদেষ্টা পর্ষদ যাতে একটি নির্দিষ্ট সময়ে ফেরত দেন সেজন্য একটি টার্গেট ডেট ঠিক করে দেবেন কি ?

**Shri Mrityunjoy Banerjee :** চেষ্টা করা হবে।

**Shri Netaipada Sarkar :** এই বছরে এই সমস্ত জুনিয়র হাই স্কুলকে অনুমোদনের জন্য পাঠিয়েছেন, কিন্তু বিভিন্ন জেলার জন্য কোন নির্দিষ্ট কোটা ঠিক করা হয়েছে কিনা—সেটা মন্ত্রি মহাশয় জানাবেন কি ?

**Mr. Speaker :** I disallow this supplementary because the main question is in respect of Midnapur district only.

## পতিতাবৃত্তি নিয়ন্ত্রণ আইন

*৫৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬১।) **Shri Eakramul Haque Biswas :** ত্রাণ এবং সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কি পতিতাবৃত্তি বা গণিকাবৃত্তি নিয়ন্ত্রণ আইন প্রণয়নের কথা ভেবে দেখেছেন, এবং

(খ) যদি সেরূপ পরিকল্পনা থাকে, তবে কিভাবে কার্যকরী হবে ?

**Shri Santosh Kumar Roy :** (ক) ও (খ) পতিতাবৃত্তি নিরোধের জন্য একটি কেন্দ্রীয় আইন পশ্চিমবঙ্গে চালু আছে। সুতরাং কোন নূতন আইন প্রণয়নের পরিকল্পনা নাই।

**Shri Ekramul Hauqe Biswas :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে পতিতাবৃত্তি নিরোধের জন্য কেন্দ্রে একটি আইন বলবৎ আছে। পশ্চিমবঙ্গ সরকার সেই কেন্দ্রীয় আইনকে পশ্চিমবঙ্গে কার্যকরী করবার জন্য কি কি পন্থা অবলম্বন করেছেন, সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**Shri Santosh Kumar Roy :** কেন্দ্রীয় আইনের মধ্যে যেসব ব্যবস্থা আছে তার সবগুলিকে কার্যকরী করবার জন্য চেষ্টা করা হচ্ছে।

[1-30—1-40 p. m.]

**Mr. Speaker :** There are dacuments in regard to this matter and those documents are available in the market.

**Shri Ekramul Hauqe Biswas :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—যেসমস্ত পতিতালয়ে মা, বোনেরা, দুঃখ-বেদনায় গণিকাবৃত্তি গ্রহণ করেছেন বা গ্রহণ করতে বাধ্য হয়েছেন, তাদেরকে কোন কুটীরশিল্প, বা ক্ষুদ্রশিল্পে নিয়োজিত করার কোন প্রস্তুতি সরকারের আছে কি না ?

**Shri Santosh Kumar Roy :** নদীয়া, বর্ধমান, মালদহ জেলায় তিনটি আবাসস্থল এবং হাওড়া, কলকাতায় দুইটি উদ্ধার আশ্রম আছে। সেখানে এই সমস্ত যাদের উদ্ধার করে আনা হয় তাদের শিল্পকাজ শেখান হয় এবং মানসিক দিক থেকে তাদের শোধরানোর ব্যবস্থা করা হয়।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—কেন্দ্রীয় সরকারের Suppression of Immoral Traffic Act, অনুযায়ী গণিকাদের ব্যবস্থা করার কথা রয়েছে ? পশ্চিমবঙ্গ সরকার সেই অনুযায়ী কি কি ব্যবস্থা করছেন ?

**Shri Santosh Kumar Roy :** আমি আগেই বলেছি যে, আমাদের তিনটি আবাসস্থল এবং দুইটি উদ্ধার আশ্রম আছে। সেখানে তাদের শিল্পকাজ শেখান হয় এবং মানসিক দিক থেকে শুধরে নেওয়ার ব্যবস্থা করা হয়।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—যে তিনটি আবাসস্থল করেছেন তাতে পশ্চিম বাংলার সমস্ত গণিকাদের আশ্রয় দেওয়া যাবে কি না ?

**Shri Santosh Kumar Roy :** আপনারা জানেন সবকিছু শুভ কাজ আমাদের আর্থিক অভাবের জন্য সম্পন্ন করে উঠতে পারি না। সুতরাং এদিকে কিছু ঘাটতি আছে।

**Shri Md. Safiulla :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কলকাতার বৌবাজার এলাকায় Calcutta Improvevent Trust বিরাট বিরাট বাড়ী করেছেন সেখানে ব্যাংগের ছাতার মত পতিতালয় গজিয়ে উঠেছে, ফিয়ার্স লেন প্রভৃতি জায়গায় সন্ধ্যা হলে বাইরে থেকে সেখানে পতিতারা আসে। সেখানে অনেক ভদ্র পরিবার বাস করেন, আমিও সেখানে থাকি। এইসব জায়গায় নূতন করে আপদ সৃষ্টি হয়েছে। আমার মনে হয় মাননীয় সদস্য বিজয় সিং নাহার মহাশয়ও এটা জানেন, কারণ ওটা তার নির্বাচনী এলাকা। কাজেই এরজন্য ব্যবস্থা অবলম্বন করবেন কি ?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় সদস্যদের আমি এই আশ্বাস দিতে পারি এই সম্পর্কে আইন অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করার দায়িত্ব পুলিশ দপ্তরের। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করবো তারা যাতে ব্যবস্থা নেন।

**Shri Kumardipti Sen Gupta :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন কেন্দ্রীয় সরকারের এই যে Suppression of Immoral Traffic Act যেটা রয়েছে সেটা থাকা সত্ত্বেও সেই আইনের উপযুক্ত প্রয়োগ পশ্চিম বাংলায় করা হচ্ছে না ?

**Mr. Speaker :** This is a matter of opinion.

**Shri Kumardipti Sen Gupta :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এটা কি ঠিক Suppression of Immoral Traffic Act আইনানুযায়ী গ্রামবাংলা ছাড়া শহরে কলকাতায় একটা after care home রয়েছে, কিন্তু আইনের প্রতি যদি আনুগত্য বা সম্মান থেকে থাকে যেটা আমাদের থাকা উচিত, কোন মফঃস্বল শহরে এই পতিতাদের জন্য এই রকম কোন ব্যবস্থা নেই এক জায়গা থেকে সরিয়ে অন্য জায়গায় রাখা হয়, Rehabilitation করার ব্যবস্থা কলকাতায় রয়েছে কিন্তু এই রকম কোন ব্যবস্থা মফঃস্বল শহরে আপনারা কেন একটা Home তৈরী করলেন না ?

**Shri Santosh Kumar Roy :** আমি আগেই বলেছি আমাদের ৩টি Home আছে, এবং ২টি উদ্ধার আশ্রম আছে। এটা ঠিক যতগুলি করা উচিত ছিলো তাতে আরো অর্থের প্রয়োজন হত। অর্থ নেই সেজন্য করা যায়নি। আর অন্য যেকথা বলেছেন এ সম্বন্ধে দায়িত্ব হচ্ছে স্বরাষ্ট্র দপ্তরের। তারা কি হচ্ছে না হচ্ছে এই সমস্ত দেখে আইন অনুযায়ী ব্যবস্থা নেবেন। তাদের ধরে নিয়ে উদ্ধার আশ্রমে দেবেন অথবা উদ্ধার আশ্রম থেকে আবাসস্থলে পাঠিয়ে দেবেন আপনি যেভাবে বলছেন মাননীয় সদস্যদের উদ্বেগ আমি বুঝতে পারছি। আমি স্বরাষ্ট্র দপ্তরকে বলবো এ সম্পর্কে যথাযথ ব্যবস্থা অবলম্বন করার জন্য।

**Shri Kumardipti Sen Gupta :** মাননীয় মন্ত্রিমহাশয়, উদ্বেগের কারণ মেয়েদের জন্য নয়। উদ্বেগের কারণ আছে বাংলা দেশের যেসব তরুণ তাদের জন্য, তাই মাননীয় মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, এবিষয়ে যাতে একটা বিহিত ব্যবস্থা হয় সেজন্য অবিলম্বে সরকারকে সেই রকম একটা পরামর্শ দেবেন কি ?

**Shri Santosh Kumar Roy :** আমিতো আগেই বলেছি যে এবিষয়ে স্বরাষ্ট্র দপ্তরের আনবো।

**Shri Bijoy Singh Nahar :** মাননীয় মন্ত্রিমহাশয়, বললেন যে তিনি স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করবেন, আমি প্রশ্ন এই করছি মন্ত্রিমহাশয়ের সমাজ কল্যাণ যে বিভাগ আছে, আপনারা এর একটা বিভাগ করে দিয়ে, সমস্ত ব্যবস্থার দায়িত্ব নেবেন, না পুলিশের উপরে ছেড়ে দিয়ে বসে থাকবেন ?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় সদস্য খুব ভালভাবে জানেন, উনি দীর্ঘদিন সরকারে ছিলেন, আমাদের এইসব সমাজ কল্যাণের কাজ করা দরকার, আমরা সমাজতান্ত্রিক রাষ্ট্র করেছি, Social Securities, সামাজিক নিরাপত্তা এবং সমাজ কল্যাণের কাজ করা দরকার, কিন্তু অর্থাভাবে করে উঠতে পারছি না। কিন্তু তারজন্য আমাদের প্রচেষ্টায় কোন সময় ত্রুটি হবে না। আপনাদের এই উদ্বেগ আমি মন্ত্রীসভার কাছে বলবো যাতে এইজন্য আরও বেশী আমরা কাজ গ্রহণ করতে পারি, যাতে সে সম্বন্ধে সরকারের অনুমোদন পাওয়া যায়, তারজন্য নিশ্চয়ই চেষ্টা করবো।

**Shri Gangadhar Pramanick :** Kyd Streetএ আমাদের যেখানে MLA hostel আছে এর আশেপাশে যেমন Free School Street এবং Cemac Street এর অবস্থা অতি জঘন্য এবং যারা খবরের কাগজ পড়েন তারা বহুবার দেখেছেন এই সমস্ত জায়গা থেকে পুলিশ মাঝে মাঝে উদ্ধার করে নিয়ে এসেছে, এটা নিশ্চয়ই সমাজ কল্যাণ দপ্তরের নজরে আছে ? আজ পর্যন্ত সমাজ কল্যাণ দপ্তর এই এই আশে পাশের এলাকাগুলোকে পরিষ্কার করার কি ব্যবস্থা করেছেন ?

**Shri Santosh Kumar Ray :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি এ সম্বন্ধে আগে বলছি Immoral Traffic Control Act control করার দায়িত্ব হচ্ছে স্বরাষ্ট্র Police দপ্তরের এবং এইরকম অনেক পতিতাকে ধরে নিয়ে আমাদের কাছে আনা হয়নি। যাদের আশ্রয় দিতে পারা যাচ্ছে না, আপনাদের উদ্বেগ আমি বুঝতে পারছি, আমি স্বরাষ্ট্র পুলিশ দপ্তরের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করবো যাতে ব্যবস্থা গ্রহণ করা হয়।

### বাগনান-শিবগঞ্জ ও বাগনান-কমলপুর বাস রুট

*৫৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৪।) **Shri Sisir Kumar Sen :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলার "বাগনান-শিবগঞ্জ" ও "বাগনান-কমলপুর" রুটে বর্তমানে কতগুলি বাসের লাইসেন্স আছে,

(খ) ঐ রুটে প্রত্যহ গড়ে কত যাত্রী যাতায়াত করে; এবং

(গ) বাসের সংখ্যা বৃদ্ধি করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

**Shri Gyan Singh Sohanpal :** (a) Permits have been given for 14 buses on Bagnan-Shibganj route and for 8 buses on Bagnan-Kamalpur route.

(b) No statistics of passengers are available with us; the average seating capacity of the buses is 20 and each bus makes three round trips daily.

(c) Yes.

**Shri Sisir Kumar Sen :** মন্ত্রিমহাশয় বললেন যে বাগনান-কমলপুর routeএ ২২টি বাসের permit দেওয়া হয়, কিন্তু এই বাসগুলির মধ্যে কটা বাস প্রত্যহ চলাচল করছে জানেন কি?

**Shri Gyan Singh Sohanpal :** আপনি বলে দিন যদি জানেন তো।

**Shri Sisir Kumar Sen :** ঐ বাসগুলির মধ্যে মাত্র ১০টি বাস ঐ routeএ চলাচল করে, ১২টি বাস প্রত্যহ break down হয়ে পড়ে থাকে, ঐ routeএ ১২ থেকে ১৪ হাজার লোক daily যাতায়াত করে, এই ব্যাপারে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি যাত্রীদের সুবিধার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**Shri Gyan Singh Sohanpal :** Of late the Regional Transport Authority, Howrah, have granted two additional stage carriage permits on Bagnan-Kamalpur route in the interest of travelling public. To meet the persistent demand of the travelling public the R.T.A., Howrah, is again considering to issue two more stage carriage permits on the route.

**Shri Sisir Kumar Sen :** যেসমস্ত বাসগুলো break down হয়ে পড়ে থাকে, আমরা জানি C. F. করার দুদিন পরে, আবার break down হয়ে পড়ে থাকছে, অথচ সরকার পক্ষ থেকে সেই সমস্ত মালিকদের বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না, মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, এই যে C. F. করার পর গাড়ী চলে আবার খারাপ হয়ে যাচ্ছে, এই সম্পর্কে সরকারীভাবে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**Shri Gyan Singh Sohanpal :** আপনি জানাবেন, আমি নিশ্চয়ই দেখবো।

## টেস্ট রিলিফের কাজে পে-মাস্টার ও মোহরার

*৫১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭।) **Shri Md. Safiulla :** ত্রাণ এবং সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে, টেস্ট রিলেফের কাজে পে-মাস্টার ও মোহরারদের দৈনিক বেতন বৃদ্ধি করা হয়েছে ; এবং

(খ) সত্য হলে, দৈনিক মজুরদের মজুরি (গম ও টাকায়) বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কিনা ?

[1-40—1-50 p.m.]

**Shri Santosh Kumar Roy :** (ক) হ্যাঁ।

(খ) না।

**Shri Md. Safiulla :** পে মাস্টার এবং মোহরার প্রত্যেকে কতটাকা বেতন পেতেন এবং বর্তমানে বর্ধিত হার করার ফলে কত করে পাচ্ছেন ?

**Shri Santosh Kumar Roy :** পে মাস্টাররা তিনটাকা করে আর মোহরার দুটাকা করে পেতেন। বর্তমানে পে মাস্টাররা পাঁচটাকা আর মোহরাররা তিনটাকা করে পাচ্ছেন।

**Shri Md. Safiulla :** এ বছর দারুন খরার মধ্যে দৈহিক পরিশ্রম করে কাজ করে তারা পাচ্ছে দুটাকা আর পে মাস্টাররা পাচ্ছে তার চেয়ে বেশী। এই ডিফারেন্সটা করা উচিত কি ?

**Shri Santosh Kumar Roy :** পে মাস্টারদের টাকা দেওয়া নেওয়ার জন্য হিসাব নিকাশ রাখতে হয় এবং যে সময় ধরে তাদের কাজ করতে হয় তাতে আমার মনে হয় পাঁচটাকা মজুরীও পে মাস্টারদের পক্ষে কম। কিন্তু যেহেতু এর বেশী দেওয়াব সরকারের সামর্থ নেই সেইজন্য পাঁচটাকা মজুরী দেওয়া হয়। টেস্ট রিলিফের ক্ষেত্রে মাননীয় সদস্যদের জানা আছে কৃষি শ্রমিকরা গ্রামাঞ্চলে তিনটাকা মজুরী নিচ্ছে, সেখানে টেস্ট রিলিফ হচ্ছে—কৃষি শ্রমিকদের যখন কাজ থাকে না তখন তাদের সাহায্য হিসাবে কাজ দেওয়া হয় এবং তখন তাদের যাতে কাজ দেওয়া যায় সেইজন্যই মজুরীর হার দুটাকা করা হয়েছে।

**Shri Md. Safiulla :** মজুরী বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি, বা পে-মাস্টারদের মত মোহরারদের যাতে তিন টাকা বা দুই টাকার বেশী দেওয়া যায় ভবিষ্যতে সেরকম কোন পরিকল্পনা নেবেন কি ?

**Shri Santosh Kumar Roy :** আমি তো বললাম যে এটা টেস্ট রিলিফের ব্যাপার। কৃষি-শ্রমিকদের যেহারে মজুরী দেওয়া হয় সেইহারে মজুরী দেওয়া হয় না। কারণ যখন তারা কোন কাজ পায় না তখন ত্রাণ বিভাগ থেকে তাদের কাজ দেওয়া হয়। সুতরাং যখন তাদের মজুরী চার পাঁচ টাকা হারে থাকে তখন দুই টাকা করে দেওয়া হয়। কৃষি-শ্রমিকদের মজুরীর হার না বাড়লে এইটা বাড়ার পশ্চিম বাংলায় কোন সম্ভাবনা নেই।

**Shri Habibur Rahaman :** পে-মাস্টারদের এবং মোহরারদের বেতনটা দৈনিক পেমেন্ট করা হয়, না মাসের শেষে বিল করে পেমেন্ট করা হয় ?

**Shri Santosh Kumar Roy :** দৈনিক পেমেন্টের কোন ব্যবস্থা নেই।

**Shri Ganapati Sur :** In view of the fact that the Government is so much kind to the pay masters, will the Hon'ble Minister kindly let me know whether the Government is going to make them permanent or not.

**Shri Santosh Kumar Roy :** না, না, এটা পারমানেন্ট করার কোন পরিকল্পনা নেই।

### খরা পরিপ্রেক্ষিতে টি আর ও জি আর স্কীম

*৫৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৫।) **Shri Md. Dedar Baksh :** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ খরাজনিত পরিস্থিতির মোকাবিলার জন্য সরকার এ পর্যন্ত মোট কত টি আর স্কীম মঞ্জুর করেছেন এবং কোন্ জেলায় কত,

(খ) ৩০শে জুন পর্যন্ত মোট কত টি আর স্কীমের কাজ সম্পূর্ণ হয়েছে ;

(গ) জি আর বাবত পশ্চিমবঙ্গে মোট কত খরচ হয়েছে এবং কোন্ জেলায় কত ?

**Shri Santosh Kumar Roy :** (ক) ও (খ) একটি বিবরণী (১নং) টেবিলে রাখা হইল।

(গ) একটি বিবরণী (২নং) টেবিলে রাখা হইল।

বিবরণী (১নং)

| | পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় মঞ্জুরীকৃত টি আর স্কীমের সংখ্যা | ১৯৭২ সালের ৩০শে জুন পর্যন্ত যেসকল টি আর স্কীমের কাজ সম্পূর্ণ হইয়াছে তার সংখ্যা |
|---|---|---|
| জেলা | সংখ্যা | সংখ্যা |
| ১। বীরভূম | ৬৮৩ | ৪০০ |
| ২। জলপাইগুড়ি | ২৪৮ | ১০৭ |
| ৩। মালদা | ১,০২৩ | ৭৬২ |
| ৪। বাঁকুড়া | ২ ৬০৭ | ১,১৯৬ |
| ৫। মেদিনীপুর | ২,০৯৫ | ১,১৫২ |
| ৬। নদীয়া | ১,৩১২ | ১,১৯০ |
| ৭। চব্বিশপরগনা | ৯৬৭ | ১৬৬ |
| ৮। দার্জিলিং | — | — |
| ৯। বর্দ্ধমান | ৭৮৮ | ২৬৬ |
| ১০। হাওড়া | ২৫২ | ১৭৬ |
| ১১। মুর্শিদাবাদ | ১,৪৬১ | ৯২৮ |
| ১২। পশ্চিমদিনাজপুর | ৯৩৩ | ৪৭০ |
| ১৩। কোচবিহার | ৩০৭ | ৪৭০ |
| ১৪। পুরুলিয়া | ২,৩৬৭ | ৬৮৮ |
| ১৫। হুগলী | ৬৩৩ | ১৭৪ |
| মোট— | ১৫,৬৯৬ | ৭,৮২০ |

বিবরণী (২নং)

বিভিন্ন জেলায় যথারীতি সাহায্য বাবত খরচের পরিমাণ
(১৫।৭।৭২ পর্যন্ত)

| জেলা | টাকা ( নগদে ও গমের মূল্য সহ ) |
|---|---|
| ১। বীরভূম | ৮,৫৫,৯০০ |
| ২। জলপাইগুড়ি | ৬,৫৮,২৭২ |
| ৩। মালদা | ৫,৭৯,৪৮৩ |
| ৪। বাঁকুড়া | ২১,৮৪,৬১০ |
| ৫। মেদিনীপুর | ২৪,১০,৫৫০ |
| ৬। নদীয়া | ৭,০৮,৯৪৯·৩০ |
| ৭। চব্বিশপরগনা | ১৭,৭২,৮০০ |
| ৮। দার্জিলিং | — — |
| ৯। বর্ধমান | ৮,৮৫,৮৯৪ |
| ১০। হাওড়া | ৩,৩৫,০৭২ |
| ১১। মুর্শিদাবাদ | ৯,৬৫,১৬১ |
| ১২। পশ্চিমদিনাজপুর | ৭,৫৯,৪৮০ |
| ১৩। কোচবিহার | ৪,১৭,৫৮২·২৬ |
| ১৪। পুরুলিয়া | ১২,১৬,৭৮২ |
| ১৫। হুগলী | ৯,৮৬,১৪২ |
| মোট— | ১,৪৭,৩৭,০৭৭·৫৬ |

**Shri Md. Dedar Baksh :** দেখা গেলো ৩রা জুন পর্যন্ত মোট ১৫,৬৯৬র মধ্যে সম্পূর্ণ হয়েছে কাজ সাত হাজার আটশো কুড়ি। কি কারণে যদিও পশ্চিমবঙ্গে খরাজনিত পরিস্থিতি বর্তমান ছিল তা সত্ত্বেও এতো কম স্কীম হয়েছে ?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় সদস্যরা স্টেট রিলিফ এবং ত্রাণের ব্যাপারে সম্পূর্ণ জানেন। স্কীম মঞ্জুর হয়েছে, প্রাওরিটি ফিকস করে রাখা হয়েছে। পনেরো হাজার স্কীমের মধ্যে সাত হাজার স্কীমে কাজ হয়েছে। আবার যখন কাজ হবে বা হয়েছে তখন ওই স্কীম ধরে কাজ হবে। এটা ঠিক নয় যে ওটা ফেলে এটা হলো না।

**Shri Md. Dedar Baksh :** পশ্চিমবঙ্গে এতো দুরবস্থা সত্ত্বেও কেন হল না? টাকার জন্য এটা হয়েছে কিনা? আমরা দেখেছি যে আমাদের জেলায় স্কীম মঞ্জুর থাকা সত্ত্বেও টাকার জন্য হয় নি। আমি এইটা জানতে চাইছি মঞ্জুর হওয়া সত্ত্বেও হয় নি কেন টাকার জন্য না অন্য কারণে ?

**Shri Santosh Kumar Roy :** টাকা তো একটা মস্তবড় কারণ। যত টাকা প্রয়োজন সব টাকা সরকার দিতে পারেন না। কাজেই যত টাকা কাজ করার জন্য প্রয়োজন বলে মনে করি তা তো অনেক সময় হয় না।

**Shri Md. Dedar Baksh :** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে স্কীম মঞ্জুর হয় টাকার হিসাব নেওয়ার পরে নয় কি ?

**Shri Santosh Kumar Roy :** না। এটা প্রাওরিটি ফিকস করে স্কীম মঞ্জুর করে রাখা হয়।

**Shri Md. Dedar Baksh :** মন্ত্রিমহাশয় জানাবেন কি এখনও পর্যন্ত কত স্কীম মঞ্জুর হয়েছে এবং কতগুলোতে কাজ হয়েছে ?

**Shri Santosh Kumar Roy :** নোটিশ চাই।

## বাঁকুড়া জেলায় বাস সার্ভিস

*৫১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২২৮।) **Shri Phani Bhusan Singhababu :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলার বিভিন্ন রুটে বাস সার্ভিস প্রায়ই বন্ধ হইয়া যাইতেছে এবং ফলে যাত্রীসাধারণের বিশেষ অসুবিধা হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে (১) বন্ধ হওয়ার কারণ সম্বন্ধে অনুসন্ধান করিয়াছেন কিনা এবং করিলে ইহার কারণ কি ; এবং (২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ?

**Shri Gyan Singh Sohanpal :** (a) Yes, occasional suspension in certain routes causes inconvenience to public.

(b) (1) It has been ascertained that sometimes the service is suspended due to mechanical defects and sometimes due to bad condition of unmetalled and moorum roads after rains.

(2) In case of any breakdown due to mechanical defects, the passengers are requested to avail themselves of the next bus and alternative bus is arranged as far as possible where the defective bus is scheduled to make the last trip. Government have already taken steps to repair some unmetalled road through Test Relief as a short-term measure and as a long term measure there is a proposal to make some roads metalled in the Five-Yyear (Development) plan.

**Shri Phani Bhusan Singhababu :** মন্ত্রিমহাশয় বললেন বহু সময় বাস সাধারণ খারাপ হ'লে রাস্তার উপর চলে না। আমরা জানি বহু মালিক যাত্রীদের সঙ্গে অসহযোগিতা করেন। তার সম্বন্ধে ব্যবস্থা করবেন কি ?

**Shri Gyan Singh Sohanpal :** আপনি আমাকে জানাবেন, নিশ্চয় করবো।

**Berhampore Rabindra Sadan**

***581.** (Admitted question No. *685.) **Shri Kumardipti Sen Gupta :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the reasons for the delay in construction of the Rabindra Sadan at Berhampore ; and

(b) the steps contemplated by the Government to be taken for early completion of the same ?

**Shri Mrityunjoy Banerjee :** (a) Construction work is being held up because of the failure on the part of the contractors to complete the construction work according to original plan estimate. All the four contractors selected for such construction have failed to complete the construction work and have lost their earnest money.

(b) District Magistrate, Murshidabad, has written to Chief Engineer, Public Works Department, and some other Department to use their good offices to pursue reputed firms like Martin Burn, B. B. J. etc., to take up the work.

**Shri Kumardipti Sen Gupta :** Will the Minister-in-charge of the Education Department. kindly let us know whether attempts are being made to secure help and assistance of new contractors ?

[1-50—2-00 p. m.]

**Shri Mrityunjoy Banerjee :** I have already said in part (b) of my reply that the District Magistrate, Murshidabad, is writing to some of the Government Departments to use their good offices to have some other contractors for the work.

**Shri Kumardipti Sen Gupta :** Since Rabindra Satabarsiki Utsab has long been over, will the Hon'ble Minister kindly tell us within what time he will be in a position to assure us that it will be completed in such and such period ?

**Shri Mrityunjoy Banerjee :** Actually this is not the complete responsibility of the Government. It is the non-official associations which are managing the whole thing. Government gives them some money and also helps them to have the work completed. That is the position.

**Shri Kumardipti Sen Gupta :** Will the Hon'ble Minister be pleased to state what is the exact position today ? Will it be done by the contractors or through the agency of the Government who will procure contractors ?

**Shri Mrityunjoy Banerjee :** Government is not going to procure contractors.

**Shri Kumardipti Sen Gupta :** Then what assistanee do we get from the Education Department ?

**Shri Mrityunjoy Banerjee :** We contribute 50 per cent of the fund.

**Shri Kumardipti Sen Gupta :** Not with respect to funds but with respect to the work itself, what assistance do we get from the Government ?

**Shri Mrityunjoy Banerjee :** That is the responsibility of the non-official bodies.

**Shri Kumardipti Sen Gupta :** Will the Hon'ble Minister be pleased to let us know where this half-completed house exactly stands ? Has it got any chance of being completed or not ?

**Shri Mrityunjoy Banerjee :** It is a serious matter, of course, but I think the initiative should be taken by the non-official bodies.

**Shri Kumardipti Sen Gupta :** I am very much thankful to the Hon'ble Education Minister for expressing his views that he will be having some initiative. May I take it that the sacred memory of the late lamented world famous author Rabindranath will not be lost in the half-completed house at Murshidabad ?

**Shri Mrityunjoy Banerjee :** Probably if Rabindranath were alive, he would not have liked also that Government takes over the entire work.

### আর টি এ

*৫৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩৩।) **Shri Sudhir Chandra Bera :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আর টি এ গঠিত হওয়ার পদ্ধতি কি, এবং

(খ) আর টিএ-র সভ্য হইতে হইলে বিশেষ কোন যোগ্যতার প্রয়োজন হয় কি ;

(গ) ইহা কি সত্য যে, নতুন মন্ত্রিসভা গঠিত হওয়ার পর তদানিন্তন আর টি এ-গুলি বাতিল করা হয়, এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি ?

**Shri Gyan Singh Sohanpal :** (a) The R. T. A.s are constituted or re-constituted by the State Government under section 44 (2) of the Motor Vehicles Act, 1939, read with rule 53 (f) of the Bengal Motor Vehicles Rules, 1940. The R. T. A. shall consist of a Chairman who has judicial experience and such other persons, whether official or not, not being less than two, provided that the State Government may if it considers necessary or expedient so to do, constitute a single-member R. T. A. for any region where the member shall be an official with judicial experience.

(b) No special qualification is stipulated under law. It has, however, been stipulated that no person who has any financial interest, whether as proprietor, employee or officer in any undertaking, shall be appointed as, or, continue as, member of the State or Regional Transport Authority.

(c) No.

(d) Does not arise.

**Shri Md. Safiulla :** Is the Hon'ble Minister aware that many undesirable persons are included in the present RTA Boards whereas many efficient and honest members who were previously in the RTA Boards have been excluded from the present Boards ? If so, what steps will the Hon'ble Minister take to stop such injustice ?

**Shri Gyan Singh Sohanpal :** Sir, if the honourable member has any specific allegation in this matter, he may kindly bring that to my notice so that I can take necessary action.

### পদ্মার ভাংগনে ৬৫০টি গৃহহারা পরিবার

*৫৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫১।) **Shri Habibur Rahaman :** ত্রাণ এবং সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ২নং ব্লকে গত এপ্রিল হইতে জুন মাসে পদ্মা নদীর ভাঙ্গনে ৬৫০টি পরিবার গৃহহারা হইয়াছেন ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত ছিন্নমূল পরিবারদের সরকার আজ পর্যন্ত কি কি সাহায্য দিয়াছেন ?

**Shri Santosh Kumar Roy :** (ক) হ্যাঁ।

(খ) খয়রাতি সাহায্য, তাঁবু ও ত্রিপাল দেওয়া হইয়াছে। আরও সাহায্য বিষয়ে স্থানীয় তদন্ত করা হইতেছে।

**Shri Habibur Rahaman :** গৃহহীন পরিবারের সংখ্যা বর্তমানে কত জানাবেন কি ?

**Shri Santosh Kumar Roy :** আপনার প্রশ্নের থেকে বেশী দাড়িয়েছে। আপনি ৬৫০ বলেছেন, কিন্তু এখন ৭৫০ হয়েছে।

**Shri Habibur Rahaman :** আপনি কি জানেন যে, ওখানে ৬৫০টি পরিবারের মধ্যে মাত্র ১০ কুইন্টল গম দেওয়া হয়েছে এবং কাপড় একখানাও দেওয়া হয় নি ?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি সদস্যদের আগেই বলেছি যে, সব লোক পেয়েছে একথা আমি বলিনি। আমার কাছে যে তথ্য রয়েছে তাতে দেখছি ৮০০ ইউনিট গ্রাটুইসাস্ রিলিফ দেওয়া হয়েছে।

**Shri Habibur Rahaman :** কাপড়, ত্রিপল একখানাও যে দেওয়া হয়নি সেই রিপোর্ট আমার কাছে আছে।

**Shri Santosh Kumar Roy :** এই সম্বন্ধে মাননীয় সদস্য যে অভিযোগ রাখলেন আমি সেটা তদন্ত করে দেখব

**Shri Habibur Rahaman :** এঁরা পদ্মার ভাংগনে বন্যা বিধ্বস্ত হয়েছে এবং খরায় কষ্ট পাচ্ছে। আমি জানতে চাচ্ছি এই সমস্ত পরিবারদের ক্ষেত্রে এত কম সাহায্য দেবার কারণ কি ?

**Shri Santosh Kumar Roy :** এটা যদি মাননীয় সদস্যের নির্বাচনী এলাকা হয়ে থাকে তাহলে তিনি খোঁজ নিলে জানতে পারবেন যে, এই যে খরা এবং ত্রাণের জন্য জি আর লিস্ট হয়েছে সেটা স্ক্রুটিনি করবার এবং তার মধ্য থেকে নাম ইনক্লুড এবং এক্স-ক্লুড করবার অধিকার আপনাদের দেওয়া হয়েছে। কাজেই কেন হয়নি সেটা আপনিই বলতে পারেন।

**Shri Habibur Rahaman :** আমি ১৮ই জুন, ১৯৭২, তারিখ মন্ত্রী আবদুস সাত্তারকে বলেছি এবং ১৯এ জুন, ১৯৭২, তারিখে জেলাশাসক সেই এলাকার দুঃখ-দুর্দশাগ্রস্ত পরিবারদের দেখেছেন। উপরন্তু, আমি বহুবার এস ডি ও এবং ডি এম-কে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও এত সামান্য জি আর কেন দেওয়া হল সেটা জানাবেন?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমরা দেখেছি এরমধ্যে কিছু অ্যাবেল বডিড লোক আছে যারা মজুরের কাজ করে, অনেক মহিলা আছেন যাঁরা বিড়ি তৈরী করেন, মাছ ধরেন। কাজেই কি কারণে জি আর দেওয়া হয়নি সেই তথ্য আমি দিতে পারছি না। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে সভার মাননীয় সদস্যদের আবেদন জানাচ্ছি ঠিক ঠিকমত ত্রাণের কাজ হচ্ছে কিনা সেটা তাঁরা নিজেরা বা তাঁদের প্রতিনিধিদের দিয়ে দেখাশুনা করান এবং যারা সত্যিকারের জি আর পাবার অধিকারী তাদের জি আর লিস্টে নাম ইনক্লুড করার ব্যবস্থা করুন।

**Shri Md. Dedar Baksh :** এই যে ৬৫০টি পরিবার গৃহহারা হয়েছে পদ্মার ভাংগনে তাদের সাহায্য করবার ব্যবস্থা করবেন কি?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমরা এ সম্বন্ধে বিচার করছি।

[2-00—2-10 p. m.]

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাতে চাই যারা ল্যাণ্ডলেস এবং হোমলেস তাদের সরকারীভাবে এক হাজার স্কোয়ার ফিট খাস জমি অথবা এক হাজার স্কোয়ার ফিট জমি কিনবার জন্য ৭৫ টাকা এবং ১৫০ টাকা গৃহনির্মাণের জন্য সাহায্য করার পরিকল্পনা কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন এবং সেই পরিকল্পনা অনুযায়ী যে সমস্ত পরিবার ল্যাণ্ডলেস এবং হোমলেস হয় তাহলে নিশ্চয়ই তারা সাহায্যের অধিকারী হয়ে থাকবে।

**Mr. Speaker :** question hour is over. Now, held over questions.

## HELD OVER STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

**Scheduled Castes and Scheduled Tribes candidates in Government services**

*260 (Admitted question No. *4.) **Shri Gangadhar Pramanik :** Will the Minister-in charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) the number of new appointments made and promotions given since the installation of the present Ministry ;

(c) the respective numbers of Scheduled Castes and Scheduled Tribes members in each of such cases ; and

(c) if the percentage is maintained in these cases as laid down in Government of India, Ministry of Home Affairs, Memorandum No. 10/9/69-EST-(Sct), dated the 8th July, 1967 ?

**Shri Santosh Kumar Ray :** (a) & (b) : A statement is placed below.

(c) Such a Memo of the Government of India has not been received by this Government. If, however, the date of the Memo. is 8th July, 1969, it relates to the percentage of reservation in the posts filled up by promotion. This Government has not made any provision for reservation in the case of promotion and as such the question of maintaining percentage in terms of Government of India's Memo, does not arise in so far as the services under this State Government are concerned.

*Statement referred to in reply to parts (a) & (b) of Assembly Question No. *260*

| | | New appointments made | | | Promotion given | | |
|---|---|---|---|---|---|---|---|
| | Name of the Department | Total | Scheduled Caste | Scheduled Tribe | Total | Scheduled Caste | Scheduled Tribe |
| 1 | Agriculture & Community Development (Agriculture) Department | 117 | 9 | 5 | 61 | 1 | — |
| 2 | Excise Department | 3 | — | — | 9 | — | — |
| 3 | Housing Department | 6 | — | | 1 | — | — |
| 4 | Commerce & Industries Department | 17 | 1 | — | 8 | — | — |
| 5 | Food & Supplies Department | 3 | — | — | 7 | — | — |
| 6 | Land Utilisation Reforms and Land & Land Revenue Department | 165 | 17 | 5 | 173 | 5 | — |
| 7 | Home (G.A.) Department | 8 | 2 | — | — | — | — |
| 8 | Labour Department | 15 | 2 | — | 9 | — | — |
| 9 | Animal Husbandry & Veterinary Services Department | 83 | 1 | — | 10 | — | — |
| 10 | Refugee, Relief & Rehabilitation Department | 9 | 2 | 1 | 6 | — | — |
| 11 | Fisheries Department | 1 | 1 | — | — | — | — |
| 12 | Co-operation Department | 8 | — | — | 17 | 4 | — |
| 13 | Legislative Department | 2 | — | — | — | — | — |
| 14 | Finance Department | 85 | 7 | — | 14 | 1 | — |
| 15 | Information & Public Relation Department | 2 | — | — | — | — | — |
| 16 | Relief & Welfare Department | 4 | — | — | 5 | — | — |
| 17 | Municipal Services Department | 5 | — | — | — | — | — |
| 18 | Irrigation & Waterways Department | 605 | 135 | 28 | 27 | — | — |
| 19 | Development & Planning Department | 94 | 10 | 2 | 22 | — | — |
| 20 | Cottage & Small-Scale Industrie Department | 7 | — | — | 3 | — | — |
| 21 | Scheduled Castes & Tribes Welfare Department | 1 | 1 | — | 3 | 2 | 1 |
| 22 | Public Works Department | 7 | 1 | — | — | — | — |
| 23 | Education Department | 89 | 12 | — | 8 | — | — |
| 24 | Forest Department | — | — | — | — | — | — |
| 25 | Public Works (Roads) Department | — | — | — | — | — | — |
| 26 | Agriculture & Community Development (C.D.) Department | — | — | — | — | — | — |
| 27 | Panchayet Department | — | — | — | — | — | — |
| 28 | Legislative Department | 106 | 18 | 2 | 69 | 9 | 2 |
| | | 1 442 | 219 | 43 | 452 | 19 | 3 |

**Mr. Speaker :** Starred question Nos. 563, 571, 572, 574, 575, 576, 577, 580, 584 and held over starred question No. 287 are to be treated as unstarred questions.

## STARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

### Withholding of payment of dearness allowance to the teachers

***563.** (Admitted question No. *1415.) **Shri Abdul Bari Biswas :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if is a fact that the Director of Public Instruction of West Bengal has withheld the payment of Government dearness allowance to a section of teachers of the Non-Government affiliated Colleges of West Bengal in pursuance of the G.O. No. 274 Edn(C.S.)/3A-5/71, dated the 18th February, 1972 ;

(b) how many Non-Government affiliated Colleges in West Bengal pay dearness allowance to teachers below Rs. 40 ,

(c) if it is a fact that a similarly purported Government Order No. 879Edn(C.S.), dated the 20th July, 1971, was ultimately cancelled by the Government during the Presidential Rule in West Bengal ;

(d) if so, the grounds thereof ?

**The Minister for Education Department** : (a) Yes. Teachers working in *un-approved* posts are not getting Government Dearness Allowance in terms of the provisions of G.O. No. 274Edn(CS), dated the 18th February, 1972.

(b) 26 Colleges.

(c) Yes.

(d) In non-Government affiliated colleges, Government release their share of Dearness Allowance @ Rs.110 per month, provided that the college share of contributions on this account is Rs.17·50 per month minimum. But in fact it is seen that these colleges pay Dearness Allowance to their teacher of varying rates ranging from Rs.17·50 p m. to Rs.125 p.m. After introduction of the Old U.G.C. scales of pay and then the New Improved scales of pay and subsequently the Integrated scale of pay, for teachers of these non-Government affiliated colleges, there is now a uniformity in the matter of the pay scales of these teachers. The Government therefore took the view that uniform pay scales should be followed up as a natural corollary by the introduction of a uniform Dearness Allowance. But payment of college Dearness Allowance at varying rates disturbed Government scheme for rationalisation of payment of total emoluments in respect of teachers of these

colleges. With this end in view the G.O. No. 879Edn (CS), dated 20th July, 1971, was issued for payment of D.A. to teachers of non-Government affiliated colleges at the uniform rate of Rs.150 per month as in the case of Government Sponsored Colleges with effect from the 1st July, 1971, in which the Government contribution will be Rs.110 and the rest will be college D.A.

Representations were received by the Government against the said Government Order to the effect that as a result of the principle laid down therein fixing the total D.A. of a college teacher at Rs.150 per month majority of teachers in non-Government affiliated colleges who receive college D.A. at a rate higher than Rs.40 per month would be adversly affected.

Government in consideration of the hardships of these teachers and pending further examination of the matter kept operation of the Government Order No. 879Edn(CS), dated 20th July, 1971, in abeyance and subsequently cancelled it while issuing the Government Order No. 274Edn., dated 18th February, 1972.

### আদিবাসী প্রাধান্য গ্রামসমূহে পানীয় জল সরবরাহ

*৫৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৬।) **Shri Rup Sing Majhi**: তপসিলী জাতি এবং তপসিলী উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলাতে আদিবাসী প্রাধান্য গ্রামগুলিতে পানীয় জলের অভাব দূরীকরণের জন্য ১৯৭২-৭৩ সালে কয়টি কূপ খননের প্রকল্প আছে ; এবং

(খ) ঐ বাবদে কত টাকা মঞ্জুরী আছে ?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare Department:**

(ক) ১৬টি।

(খ) ৪৬,০০০ টাকা মঞ্জুরীর প্রস্তাব আছে।

### বাঁকুড়া খ্রীশ্চান কলেজ

*৫৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৫২১।) **Shri Kashinath Misra**: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া খ্রীশ্চান কলেজে বর্তমানে ছাত্রছাত্রীর সংখ্যা কত ;

(খ) প্রথম বর্ষের কলা ও বিজ্ঞান বিভাগে কত আসনসংখ্যা আছে ;

(গ) ১৯৭১ সালে বাঁকুড়া খ্রীশ্চান কলেজে ভর্তির জন্য কত ছাত্রছাত্রী দরখাস্ত করিয়াছিল ; এবং কতজন ছাত্রছাত্রী উক্ত কলেজে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছিল ; এবং

(ঘ) দীর্ঘদিন প্রস্তাবিত বাঁকুড়া শহরের মহিলা কলেজ চালু করার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে কবে নাগাদ চালু হইবে বলিয়া আশা করা যায় ?

**The Miniter for Education Department :** (ক) বাঁকুড়া খ্রীশ্চান কলেজে বর্তমানে (১৯৭১-৭২ সালে) ২,০৩৯ জন ছাত্রছাত্রী আছে; তন্মধ্যে ছাত্রের সংখ্যা ১,৪৬১ ও ছাত্রীর সংখ্যা ৫৭৮;

(খ) প্রথম বর্ষের কলা ও বিজ্ঞান বিভাগে মোট ৪১০টি আসনসংখ্যা আছে; তন্মধ্যে কলা বিভাগের আসনসংখ্যা ২৪০ ও বিজ্ঞান বিভাগের আসনসংখ্যা ১৭০।

(গ) ১৯৭১-৭২ সালে ঐ কলেজে প্রবেশিকা সহ ভর্তির জন্য ২,০৪৭ ছাত্রছাত্রী দরখাস্ত করিয়াছিল; এবং প্রবেশিকা সহ ৯৫০ জন ভর্তি হওয়ার সুযোগ পাইয়াছিল। প্রবেশিকায় ভর্তির দরখাস্ত হয় ৩৪৭ এবং ভর্তি হয় ৩২৩ জন।

(ঘ) বাঁকুড়া শহরে মহিলা কলেজ স্থাপনে সরকার নীতিগতভাবে সম্মত হইয়াছেন। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইতেছে। কবে নাগাদ চালু হইবে তাহা এখনও স্থির হয় নাই।

## তপসিলী ও উপজাতি ছাত্রছাত্রীদের শিক্ষা বাবত সাহায্য

*৫৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৫।) **Shri Narendra Nath Halder :** তপসিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় তপসিলী ও উপজাতি ছাত্রছাত্রীরা শিক্ষা বাবত ১৯৭১-৭২ সালে কত টাকা সাহায্য পাইয়াছে; এবং

(খ) মুর্শিদাবাদে ঐ শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য নির্দিষ্ট কোন স্কুল কলেজ স্থাপনে করা হয়েছে কি?

**Shri Minister for Scheduled Castes and Tribes Welfare Department :**
(ক) ৩,৭৫,৬০৯ টাকা।
(খ) না।

**Open prisons**

*575. (Admitted question No. *1021.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether the State Government is aware of the fact that open prisons have already found ready acceptance in some other States of India, and that in those States the prisoners are being utilised for construction of dams, digging of canals, and for other agricultural and devlopment works, as an important step in the development of the concept of individualisation of treatment in the modern prison system; and

(b) if so, whether the State Government has any proposal for setting up "Open Prisons" in West Bengal on the same pattern as has been done in some other States of India?

**The Minister for Home (Jails) Department :** (a) Yes.
(b) No.

## টিটাগড় গভর্নমেন্ট প্রোডাকসন সেন্টার

*৫৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৪।) **Shri Sisir Kumar Ghosh**: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, টিটাগড় গভর্নমেন্ট প্রোডাকসন সেন্টার (প্রাক্তন টিটাগড় ট্রেনিং-কাম-ওয়ার্ক সেন্টার) বর্তমানে বন্ধ আছে;

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি; এবং (২) উহা খোলার জন্য সরকার কি ব্যবস্থা করছেন?

**The Minister for Refugee and Rehabilitation Department**: (ক) না;

(খ) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে;

(১) এবং (২) এ প্রশ্ন ওঠে না;

## মাধ্যমিক বিদ্যালয়

*৫৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪২।) **Shri Naresh Chandra Chaki**: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বর্তমানে কতগুলি মাধ্যমিক বিদ্যালয় আছে;

(খ) ইহাদের মধ্যে কতগুলি আন-এডেড স্কুল;

(গ) এই অসাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে মোট কত শিক্ষক-শিক্ষিকা নিযুক্ত আছেন;

(ঘ) উক্ত শিক্ষক-শিক্ষিকা নিয়মিত বেতন পান কিনা; এবং

(ঙ) এইসব অসাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিকে সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে পরিণত করিবার জন্য সরকার কি পরিকল্পনা করিতেছেন?

**The Minister for Education Department**: (ক) মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা—

| | |
|---|---|
| হায়ার সেকেণ্ডারী স্কুল | ১,৯৯৭ |
| হাই স্কুল (স্কুল ফাইন্যাল) | ২,০৯৭ |
| জুনিয়র হাই স্কুল | ২,৬৬০ |
| | ৬,৭৫৪ |

(খ) আন-এডেড স্কুলের সংখ্যা—৬২৮

(গ) ৭,০৭৭ জন শিক্ষক-শিক্ষিকা এই সমস্ত অসাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে নিযুক্ত আছেন।

(ঘ) অনেক ক্ষেত্রে নিয়মিত বেতন পান না এইরূপ সংবাদ পাওয়া গিয়াছে।

(ঙ) এ সম্বন্ধে প্রয়াস চালানো হইতেছে।

## সরকারী কলোনীর জমি

*৫৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৮।) **Shri Shibapada Bhattacharya**: উদ্বাস্তু ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী স্বীকৃত কতগুলি কলোনীর জমি সরকার সম্পূর্ণরূপে অ্যাকোয়ার করিয়াছেন;

(খ) যে সমস্ত সরকারী স্বীকৃতি কলোনীর জমি এখন পর্যন্ত অ্যাকোয়ার করা হয় নাই তাহা না করার কারণ কি; এবং

(গ) কবে নাগাদ এই জমি সম্পূর্ণরূপে অ্যাকোয়ার করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Refugee and Rehabilitation Department : (ক)** ১৩৪।

(খ) কারণ প্রধানত: তিনটি :

(১) Land Development & Planning Act অনুসারে ভূমি অধিগ্রহণের সময়-সাপেক্ষ পদ্ধতি,

(২) বিষয়টির নিষ্পত্তির জন্য মালিকপক্ষের আদালতে গমন, এবং

(৩) সরকারী জমি হস্তান্তর সংক্রান্ত যাবতীয় রীতি-পদ্ধতি অনুসরণে বিলম্ব।

(গ) সঠিক বলা সম্ভব নয়।

## রবীন্দ্র সদনে 'টিনের তলোয়ার' নাটক

*৫৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৬।) **Shri Satya Ghosal :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রবীন্দ্র সদনের কর্তৃপক্ষ ১লা জুলাই থেকে রবীন্দ্র সদনে পিপল্‌স লিটল থিয়েটারের 'টিনের তলোয়ার' নাটক অভিনয় করা নিষিদ্ধ করে দিয়েছেন ;

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি ; (২) এ বিষয়ে কোন অনুসন্ধান করেছেন কিনা ; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Education Department : (ক)** "টিনের তলোয়ার" নাটক অভিনয় নিষিদ্ধ করে কোন সিদ্ধান্ত নেয়া হয়নি। পিপল্‌স লিটল থিয়েটার পূবে এবং ১লা জুলাই তারিখে রবীন্দ্র সদনে "টিনের তলোয়ার" নাটক মঞ্চস্থ করেছিলেন। ১লা জুলাই-এর পর হইতে ডিসেম্বর মাস পর্যন্ত মোট আরো ১৩ দিনের জন্য উক্ত সংস্থা রবীন্দ্র সদন মঞ্চ ব্যবহারের অনুমতি প্রার্থনা করেছিলেন। রবীন্দ্র সদন কার্যনির্বাহক সমিতি এই প্রার্থনা মঞ্জুর করেন নি।

(খ) ১ এবং ২ এর উত্তর একসঙ্গে দেয়া হোল :

রবীন্দ্রসদন কার্য্যনির্বাহক সমিতি বিচার বিবেচনা করে দেখেছেন যে ১৯৭১ খৃষ্টাব্দের আগষ্ট মাস হইতে ১লা জুলাই ১৯৭২ খ্রী: পর্যন্ত পি, এল, টি, সংস্থা মাসে গড়ে ৩/৪ দিন করে কমপক্ষে ৩২ দিন রবীন্দ্রসদনে নাটক মঞ্চস্থ করেছেন। আবার তাঁরা ডিসেম্বর পর্যন্ত ১৩ দিনের জন্য মঞ্চ প্রার্থনা করেছেন। তাদের এই প্রার্থনা মঞ্জুর করলে অন্যান্য বহু সংস্থাকে বঞ্চিত করতে হচ্ছে। পি, এল, টি, সংস্থা বহুবার রবীন্দ্রসদন মঞ্চে নাটক মঞ্চস্থ করেছেন এবং ভবিষ্যতে আরো হয়তো করবেন। এই অবস্থায় কিছুদিনের জন্য পি, এল, টি-কে রবীন্দ্রসদন মঞ্চ না দিয়ে অন্যান্য সংস্থাকে সুযোগ দেয়া যুক্তিযুক্ত বিবেচনা করে কার্যনির্বাহক সমিতি তদনুরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

(গ) বে-সরকারী সংস্থাসমূহকে রবীন্দ্রসদন মঞ্চ ব্যবহারের অনুমতি দেয়ার ব্যাপারে রবীন্দ্রসদন কার্যনির্বাহক সমিতিই চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

## বালুরঘাটে বি টি কলেজ

*৫৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫১১।) **Shri Bireswar Roy :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জেলায় বি টি কলেজ নাই ; এবং না থাকার কারণ কি ,

(খ) বর্তমান বৎসরে পশ্চিম দিনাজপুর জেলা হইতে মোট কতজন শিক্ষক বিভিন্ন বি টি কলেজ-এ শিক্ষণ ট্রেনিং লইতেছেন ;

(গ) উক্ত জেলার সদর দপ্তর বালুরঘাটে একটি বি টি কলেজ প্রতিষ্ঠা করার কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে, কতদিনের মধ্যে তাহা কার্যকরী করার কথা সরকার বিবেচনা করিতেছেন ?

**The Minister for Education Department :** (ক) পশ্চিমবঙ্গের একমাত্র পশ্চিম দিনাজপুর জেলায় কোন বি টি কলেজ নাই। অর্থিক অসুবিধার জন্য এখন পর্যন্তও উক্ত জেলায় বি টি কলেজ খোলা সম্ভব হয় নাই।

(খ) বর্তমান বৎসরে পশ্চিম দিনাজপুর জেলা হইতে পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে মোট ৯৫ জন শিক্ষক ট্রেনিং গ্রহণের সুযোগ পাইতেছেন তাঁহাদের মধ্যে ৭২ জন শিক্ষক এবং ২৩ জন নবাগত শিক্ষণ প্রার্থী (Fresher trainee)।

(গ) ও (ঘ) বর্তমানে এরূপ কোন পরিকল্পনা নাই।

## বৃদ্ধদের জন্য আশ্রয় গৃহ

*৫৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫০।) **Shri Sukumar Bondyopadhaya :** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সহায় সম্বলহীন এবং দরিদ্র বয়স্ক ব্যক্তিদের জন্য বৃদ্ধ বয়সের আশ্রয় (ওল্ড এজ হোম) আছে কি না ?

(খ) থাকিলে, পশ্চিমবঙ্গের কোথায় কোথায় সেগুলি অবস্থিত ; এবং

(গ) পশ্চিমবঙ্গের প্রতিটি মহকুমায় দরিদ্র ব্যক্তিদের জন্য ঐরূপ আশ্রয় নির্মাণের কথা সরকার বিবেচনা করিতেছেন কি না ,

**The Minister for Relief and Social Welfare Department :** (ক) আছে।

(খ) বর্তমানে এরূপ আবাস পশ্চিমবঙ্গের দুই জায়গায় আছে :

(১) দুঃস্থ বৃদ্ধদের আবাস, ঝাড়গ্রাম, মেদিনীপুর।

(২) দুঃস্থা মহিলা আবাস, উত্তরপাড়া, হুগলী।

(গ) না।

## পুরুলিয়া জেলায় প্রাথমিক বিদ্যালয়

*৫৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭০।) **Shri Satadal Mahato :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ১৯৭০-৭১ সালে কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হইয়াছে ,

(খ) ১৯৭২-৭৩ সালে নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কোন পরিকল্পনা আছে কি না এবং থাকিলে কত ; এবং

(গ) শিক্ষায় অনুন্নত পুরুলিয়া জেলায় শিক্ষা ব্যবস্থার জন্য সরকারের কোন বিশেষ ব্যবস্থা আছে কি না, এবং থাকিলে, তাহা কি ?

**The Minister for Education Department :** (ক) শিক্ষা অধিকারের অনুমোদিত ১০২টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে পুরুলিয়া জেলা স্কুলবোর্ড ১৯৭০-৭১ সালে ৬৬টি বিদ্যালয়ের মঞ্জুরী প্রদান করিয়াছে।

(খ) ১৯৭১-৭২ সালে ডি পি আই কর্তৃক অনুমোদিত ৫৭টি বিদ্যালয়ের মঞ্জুরী ৭২-৭৩ সালে হইবে আশা করা যায়। ইহা ছাড়া এ'খানে বরাদ্দীকৃত আরও ৬৬টি বিদ্যালয়ে মঞ্জুরী ৭২-৭৩ সালে দেওয়া হইবে। ইতিমধ্যে ৪৭টি বিদ্যালয় জেলা স্কুল বোর্ডের মঞ্জুরীর জন্য অনুমোদন দেওয়া হইয়াছে।

১-১-৭৩ হইতে শহরাঞ্চলের জন্য যে ১২৫টি প্রাথমিক বিদ্যালয় পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ করা সিদ্ধান্ত লওয়া হইয়াছে তাহার জেলাওয়ারি হিসাব লইবার জন্য জেলা পরিদর্শকদের লেখা হইয়াছে।

(গ) এই জেলার প্রাথমিক শিক্ষার ব্যবস্থা অন্যান্য জেলার তুলনায় সন্তোষজনক বলা যায়। এই জেলার অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বিস্তারের জন্য বিগত ৩০ বৎসরে মোট ২৩৬টি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হইয়াছে রাজ্যের প্রত্যেকটি জেলা যাহাতে সমভাবে অগ্রসর হইতে পারে এই সরকার তজ্জন্য সচেষ্ট। পুরুলিয়ার জন্য অতিরিক্ত বিশেষ ব্যবস্থার প্রয়োজন নাই।

## বন্যা ও খরা এলাকায় সরকারী ঋণ

*৫৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৫।) **Shri Sudhir Chandra Das:** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বন্যা ও খরায় যে সকল এলাকায় ফসল নষ্ট হইয়াছে সেই সকল এলাকায় সরকারী ঋণ যাহাদের বাকী আছে তাহাদের পুনরায় ঋণ দান সম্পর্কে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Relief and Social Welfare Department:** ত্রাণ বিভাগ কৃষকদের কেবল কৃষি ঋণ বণ্টন করে। দুর্গত এলাকায় যাহাদের এই ঋণ বাকি আছে তাহাদের পুনরায় এই ঋণ প্রদানের ব্যবস্থা আছে।

## বাঁকুড়া জেলায় টি, আর, ও জি, আর, বাবত খরচ

*৫৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৪।) **Shri Kamala Kanta Hembram:** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলায় এই বৎসর খরা মোকাবিলা করার জন্য ৩০এ জুন পর্যন্ত টি, আর, ও জি, আর, বাবত ব্লকওয়ারী কত টাকা ও গম খরচ করা হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare Department:** একটি বিবরণী টেবিলে উপস্থাপিত করা হল।

### বিবরণী

| | ব্লকের নাম | ১৯৭২-৭৩ সালের ৩০শে জুন পর্যন্ত টি, আর, বাবত ব্যয়ের পরিমাণ | | ১৯৭২-৭৩ সালের ৩০শে জুন পর্যন্ত জি, আর, বাবত ব্যয়ের পরিমাণ | |
|---|---|---|---|---|---|
| | | টাকা | গম কে, জি. | গম কুঃ | চাল কুঃ |
| ১। | বাঁকুড়া-১ | ৪৪,৪৪২ | ৫১,১০৮ | ৯৩৪·০০ | ১৯০·০০ |
| ২। | বাঁকুড়া-২ | ১,৩২,৫৬৯ | ১,৫২,৪৫৪ | ৪৩৬·৭৬ | ১৫১·০০ |
| ৩। | ছাতনা | ২,৯৬,২৬৪ | ৩,৪০,৭০৮ | ৫৬১·৪৬ | ১৯৩·৬৬ |
| ৪। | গঙ্গাজলঘাটি | ১,৬২,৭৬৫ | ১,৮৭,১১৯ | ৪৩৩·০২ | ১১৯·০৪ |
| ৫। | ওন্দা | ৩,৩১,৫৯৫ | ৩,৮১,৩৩৩ | ৬৪০·১৬ | ২৮০·০০ |

| | ব্লকের নাম | ১৯৭২-৭৩ সালের ৩০শে জুন পর্যন্ত টি. আর. বাবত ব্যয়ের পরিমাণ টাকা | গম কে,জি | ১৯৭২-৭৩ সালের ৩০শে জুন পর্যন্ত জি. আর. বাবত ব্যয়ের পরিমাণ গম কু: | চাল কু: |
|---|---|---|---|---|---|
| ৬। | সালতোড়া | ৯৮,০৭৮ | ১,১২,৭৮৯ | ৪৬২·৮০ | × |
| ৭। | বরজোরা | ১,১৫,৬৮৯ | ১,৩৩,০৪২ | ৪৬৭·৪৮ | ২২২·০০ |
| ৮। | মেজিয়া | ৪৬,৭০০ | ৫৩,৭০৫ | ৭২৪·৯০ | ১১৩·০০ |
| ৯। | খাতরা-১ | ১,৫৬,৫০০ | ১,৭৯,৯৭৫ | ৫৮৭·০৬ | ৯৭২·০০ |
| ১০। | খাতরা-২ | ১,২৩,০০০ | ১,৪১,৪৫০ | ১,১২৯·৮৪ | ১২৩·০০ |
| ১১। | রাণীবাঁধ | ১,১৪,২৪৪ | ১,৩১,৩৮০ | ১,৪০১·২৪ | ১১৫·০০ |
| ১২। | ইন্দপুর | ১,৯২,৩৪৮ | ২,২১,২০০ | ৮২৯·০০ | ১১০·০০ |
| ১৩। | রায়পুর-১ | ১,৪০,৮০৫ | ১,৬১,৯২৫ | ৬১৭·২১ | ১০৮·০০ |
| ১৪। | রায়পুর-২ | ১,৯১,৪৫৭ | ২,২০,১৭৫ | ৫৭১·৩০ | ১৪০·০০ |
| ১৫। | সিমলাপাল | ১,৫৪,৭১০ | ১,৭৭,৯৬৬ | ৫৪৩·৬৭ | ১১১·০০ |
| ১৬। | তালডাংরা | ২,৮০,৫০০ | ৩,২২,৫৭৫ | ৭৪০·৬০ | ১০৩·০০ |
| ১৭। | বিষ্ণুপুর | ২,৪৪,৫০০ | ২,৮১,১৭৫ | ১,০০৪·০৩ | ৬০·০০ |
| ১৮। | জয়পুর | ১,৫৪,৩৯৮ | ১,৭৭,৫৫৭ | ৬২৪·৮৬ | ২০১·১৬ |
| ১৯। | কোতলপুর | ৬৯,৯৫০ | ৮০,৪৪২ | ৫৮৯·৫৬ | ২০১·৪০ |
| ২০। | ইন্দাস | ১,৭২,০৫২ | ১,৯৭,৮৫৯ | ৫১১·০০ | ১৫৫·২০ |
| ২১। | পাত্রসায়ার | ১,৬১,৯৭৪ | ১,৮৬,২৭০ | ৪০৮·২৪ | ১৯৯·৪০ |
| ২২। | সোনামুখি | ২,০৪,৬৩৯ | ২,৩৫,৩৩৪ | ৬৪১·৮০ | ২২৪·২৪ |

## হাবড়া গার্লস হাই স্কুল সম্পর্কে অডিট রিপোর্ট

*৫৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৭।) **Shri Amalesh Jana**: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার হাবড়া গার্লস হাই স্কুলের ১৯৬৭-৬৮ সালের অডিট রিপোর্ট সরকার পেয়েছেন কি না;

(খ) যদি পেয়ে থাকেন, তবে ঐ অডিট রিপোর্টে কোন দুর্নীতির অভিযোগ আছে কি না, এবং

(গ) থাকিলে, সরকার উহার বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Education Department**: (ক) পেয়েছেন।

(খ) ঐ অডিট রিপোর্টে বিদ্যালয়ের কোন কোন ফাণ্ডের সঠিক হিসাব রাখা হয় নাই বলিয়া উল্লিখিত আছে। হিসাবের খাতায় কোথাও কোথাও প্রধান শিক্ষিকার সহি আছে কিন্তু সম্পাদকের সহি নাই বলিয়া বর্ণিত আছে। বিদ্যালয়ের নগদ টাকা রাখার ব্যাপারে যে অনিয়ম দেখা দিয়াছে তাহার জন্য অডিটার কোন ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ করেন নাই, তবে এই নগদ টাকা কাহার কাছে গচ্ছিত ছিল তাহার সন্ধান করিবার সুপারিশ করিয়াছেন।

(গ) বিদ্যালয়ের অর্থের আইনানুগ হিসাব না রাখার দরুণ বিদ্যালয়ের কার্যনির্বাহক সমিতিকে বাতিল করিয়া সরকার মধ্যশিক্ষা পর্ষদের নিকট প্রশাসক নিয়োগ করার সুপারিশ করিয়াছেন।

(গ) বিদ্যালয়ের অর্থের আইনানুগ হিসাব না রাখার দরুণ বিদ্যালয়ের কার্যনির্বাহক সমিতিকে বাতিল করিয়া সরকার মধ্যশিক্ষা পর্ষদের নিকট প্রশাসক নিয়োগ করার সুপারিশ করেন। পর্ষদ শ্রীযুক্ত মৃত্যুঞ্জয় বক্সীকে প্রশাসক মহাশয় হিসাবে পুনরুদ্ধারের কিছু প্রচেষ্টা করেন, কিন্তু তাহার কার্যকাল শেষ হওয়ায় দ্বিতীয় প্রশাসক নিযুক্ত হন। তিনি উল্লিখিত অর্থের হিসাব ইত্যাদি পুনরুদ্ধারের কোন চেষ্টা করিয়াছেন বলিয়া জানা যায় নাই, সুতরাং সরকার পর্ষদের নিকট পুনরায় সুপারিশ করিয়াছেন যে বর্তমানের প্রশাসকের পরিবর্তে একটি এড হক কমিটি পরিচালনার জন্য বিদ্যালয় যেন নিযুক্ত করা হয়।

## অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা

*৫১২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮।) **Shri Sunil Mohan Moulik** : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অষ্টম শ্রেণী পর্যন্ত স্কুলের ছাত্রছাত্রীদের বিনা বেতনে পড়ার সুযোগ দানের পরিকল্পনা বর্তমানে কি পর্যায়ে আছে; এবং

(খ) ঐ পরিকল্পনার কাজ কোন্ সাল হইতে চালু হইবার সম্ভাবনা?

**The Minister for Education :** (ক) গ্রামাঞ্চলে এবং কয়েকটি পৌর এলাকায় চতুর্থ শ্রেণী পর্যন্ত (নিম্নে বুনিয়াদী বিদ্যালয়ে পঞ্চম শ্রেণী পর্যন্ত) অবৈতনিক শিক্ষা দেওয়া হয়। পশ্চিমবংগের গ্রামাঞ্চলে ও শহরাঞ্চলে কয়েকটি শর্তসাপেক্ষে বালিকাদের জন্য অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক করা হইয়াছে। অষ্টম শ্রেণী পর্যন্ত বালকের শিক্ষা অবৈতনিক আপাততঃ করা হইতেছে না।

(খ) এই সম্পর্কে কোন সময় সীমা ধার্য করা সম্ভব নহে।

## কুমারগঞ্জ ও গঙ্গারামপুর টেস্ট রিলিফ ও খয়রাতি সাহায্য

*৫১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২২৫।) **Shri Probodh Kumar Singha Roy** : ত্রাণ এবং সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার কুমারগঞ্জ এবং গঙ্গারামপুর ব্লকে বর্তমান বৎসরে (১) কতগুলি টেস্ট রিলিফ স্কীম ও তজ্জন্য কত টাকা; এবং (২) খয়রাতি সাহায্য বাবত কত টাকা সরকার মঞ্জুর করিয়াছেন;

(খ) গৃহ নির্মাণ ঋণ ও সাহায্য বাবত কত টাকা মঞ্জুর করা হইয়াছে এবং এ যাবৎ কত টাকা কত জনের মধ্যে বণ্টন করা হইয়াছে;

(গ) সরকার কি অবগত আছেন যে উক্ত এলাকায় টেস্ট রিলিফ স্কীমে নিযুক্ত পে-মাস্টার ও মোহরারগণ তাদের প্রাপ্য মজুরী দৈনিক পান না; এবং

(ঘ) অবগত থাকিলে, তাহারা যাহাতে দৈনিক তাহাদের মজুরী পাইতে পারেন তজ্জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Relief and Social Welfare Deparment :**

(ক)

| ব্লক | টেস্ট রিলিফ স্কীমের সংখ্যা | টেস্ট রিলিফ স্কীমে মঞ্জুরিত | | খয়রাতি সাহায্যের পরিমাণ |
|---|---|---|---|---|
| | | টাকা | গম | গম |
| ১। কুমারগঞ্জ | ২৩ | ৮৯,২৪৮ | ১০২ এম, টি | ৩৫.৭ এম, টি |
| ২। গঙ্গারামপুর | ৪৮ | ১,১০,৭০৫ | ১২৭ এম, টি | ৩৭.৮ এম, টি |

| (খ) | ব্লক | | গৃহনির্মাণ ঋণ টাকা | প্রাপকের সংখ্যা | গৃহনির্মাণ সাহায্য টাকা | প্রাপকের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১। | কুমারগঞ্জ | (ক) | ৮,৫০০ (বন্যা ক্ষতিগ্রস্থ) | ২৯ | ৯০০ | ১২ |
| | | (খ) | ২,৯০০ (অগ্নিকাণ্ড ক্ষতিগ্রস্থ) | ৬ | | |
| ২। | গঙ্গারামপুর | | — | — | ৫০০ | ৩ |

মঞ্জুরীকৃত ও বণ্টিত গৃহনির্মাণ ঋণ ও সাহায্যের পরিমাণ একই।

(গ) হাঁ, এঁরা নির্দিষ্ট কাজের ভিত্তিতে (Job basis-এ) নিযুক্ত হওয়ায় ঐ কাজ সম্পন্ন হওয়ার পর মজুরী পান।

(ঘ) এঁদের উপর সরকারী টাকা পয়সা এবং অন্যান্য হিসাব নিকাশের দায়িত্ব থাকায় দৈনিক মজুরী দেওয়ায় বাস্তব অসুবিধা আছে।

## প্রাথমিক শিক্ষকদের সুযোগসুবিধা

*৫৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯২১।) **Shri Saktipada Maji :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার প্রাথমিক শিক্ষক সমাজের ন্যূনতম দাবিগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(খ) অন্যান্য সরকারী কর্মচারীদের ন্যায় প্রাথমিক শিক্ষকদের চিকিৎসার সুযোগ দেওয়ার ব্যাপারে কোন পরিকল্পনা আছে কি?

**The Minister for Education Department :** (ক) প্রাথমিক শিক্ষকদের বিভিন্ন দাবি-দাওয়া সম্পর্কে সরকার অবহিত আছেন ও যে সমস্ত দাবিগুলি বর্তমান আর্থিক সংগতি অনুযায়ী গ্রহণযোগ্য তাহা বিচার বিবেচনা করিতেছেন। ইতিমধ্যে প্রাথমিক শিক্ষকদের বেতন মাসিক ৭ টাকা হারে বৃদ্ধি করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে।

(খ) বর্তমানে নাই।

## অর্থাভাবে নবদ্বীপের শিক্ষা প্রতিষ্ঠানগুলির অচল অবস্থা

*৫৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৬।) **Shri Balai Lal Sheth :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় বর্তমানে কতগুলি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় আছে;

(খ) মাধ্যমিক বিদ্যালয়ের কতগুলি লাম্প গ্র্যান্ট পায়; এবং

(গ) ল্যাম্প গ্রান্ট-প্রাপ্ত মাধ্যমিক বিদ্যায়ের শিক্ষকদের সংখ্যা কত?

**The Minister for Education Department :** (ক) প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা—২,২০৭

মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা :

| | | বালকদের | বালিকাদের | মোট |
|---|---|---|---|---|
| ১। | উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় | ১৪৫ | ৪২ | ১৮৭ |
| ২। | উচ্চ বিদ্যালয় | ৮৪ | ৩৬ | ১২০ |
| ৩। | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | ১২৯ | ৫৫ | ১৮৪ |
| | | | মোট | ৪৯১ |

(খ) Lump Grant প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা :

১। উচ্চতর মাধ্যমিক এবং—১২৩
উচ্চ বিদ্যালয়

২। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়—১৩৩

(গ) Lump Grant প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষিকা সংখ্যা :

| | | |
|---|---|---|
| ১। | উচ্চতর মাধ্যমিক এবং উচ্চ বিদ্যালয়ের | ১,২৫০ |
| ২। | নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের | ৫৩২ |
| | | ১,৭৮২ |

## পুরুলিয়া জেলায় প্রাথমিক বিদ্যালয়বিহীন গ্রাম

*৫১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৮।) **Shri Sital Chandra Hambram** : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় বর্তমানে কতগুলি প্রাথমিক বিদ্যালয়বিহীন গ্রাম রহিয়াছে ;

(খ) উক্ত প্রাথমিক বিদ্যালয়বিহীন গ্রামগুলিতে প্রাথমিক বিদ্যালয় খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) থাকিলে, কবে নাগাদ উক্ত বিদ্যালয়বিহীন গ্রামগুলিতে প্রাথমিক বিদ্যালয় স্থাপিত করা হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Education Department** : (ক) সম্প্রতি এ বিষয়ে কোনও নিরীক্ষা করা হয় নাই। ১৯৬৬ সালে শিক্ষা সমীক্ষায় প্রাপ্ত সংখ্যা হইতে নূতন বিদ্যালয় মঞ্জুরী হইবার পর বিদ্যালয়বিহীন (অর্থাৎ যাহার এক মাইলের মধ্যে বিদ্যালয় নাই) গ্রামের সংখ্যা ৩২। এই গ্রামগুলিতে লোকসংখ্যা ৪ হইতে ৯২ ছিল।

(খ) উপযুক্ত সংখ্যক ৬—১১ বৎসর বয়সের বালক বালিকা থাকিলে বিদ্যালয়বিহীন গ্রামের জন্য বিদ্যালয় মঞ্জুরী দেওয়া যাইবে। উক্ত গ্রামগুলির ক্ষেত্রে বিশেষ সুবিধা দিয়া বিদ্যালয় প্রতিষ্ঠা বা মঞ্জুরীর জন্য পুরুলিয়া জেলা বিদ্যালয় পরিদর্শককে যথারীতি নির্দেশ দেওয়া হইয়াছে।

(গ) এ বিষয়ে জেলার পরামর্শদাতা কমিটির সুপারিশ আসিলেই বিবেচিত হইবে।

## লাম্প গ্রান্ট-প্রাপ্ত হাইস্কুল

*৫১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮৪।) **Shri Nrisinha Kumar Mandal** : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে লাম্প গ্র্যান্ট-প্রাপ্ত হাইস্কুলগুলিকে ডেফিসিট গ্রান্ট-এর আওতায় আনা হইয়াছে কিনা ; এবং

(খ) আনা হইয়া থাকিলে, কতগুলি স্কুলকে আনা হইয়াছে ?

**The Minister for Education Department** : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### মঞ্জুরীপ্রাপ্ত নূতন কলেজ

*৫৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১২১।) **Shri Puranjoy Pramanik** : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ ও ১৯৭২ সালে কোন্ জেলায় কয়টি নূতন কলেজ মঞ্জুরী পাইয়াছে ; এবং

(খ) বর্তমানে বর্ধমান জেলায় কোন ডিগ্রি কলেজ খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**The Minister for Education Department :** (ক) ১৯৭১ ও ১৯৭২ সালে ২৪-পরগনা জেলায় ৩টি, হুগলী জেলায় ১টি, পুরুলিয়া জেলায় ১টি, মেদিনীপুর জেলায় ১টি, হাওড়া জেলায় ১টি, দার্জিলিং জেলায় ১টি ও কোচবিহার জেলায় ১টি কলেজ বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী পাইয়াছে ;

(খ) এরূপ কোন পরিকল্পনা বর্তমানে নাই।

### Non-filling up of the post of Director, State Archives, Government of West Bengal

*599. (Admitted question No. *1169.) **Shri Bhupal Chandra Panda :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the reasons for the filling up the vacant post of the Director, State Archives, Government of West Bengal ,

(b) whether the present Assistant Director of State Archives has the necessary technical qualifications for the post of the Director ; and

(c) the various allowances and the monthly amount drawn by him ?

**The Minister for Education Department :** The post of the Director, State Archives, Government of West Bengal, was not created.

(b) No reply is possible as the post of Director was never created.

| | |
|---|---|
| (c) Pay | Rs. 1,150-00 |
| Special pay | 100-00 |
| Dearness allowance | 15-00 |
| House rent allowance | 60-00 |
| Medical allowance | 8-35 |

### অর্থাভাবে নবদ্বীপের শিক্ষা প্রতিষ্ঠানগুলির অচল অবস্থা

*৬০০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮৭।) **Shri Radharaman Saha :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নবদ্বীপে বকুলতলা, শিক্ষামন্দির, গৌরাঙ্গ বিদ্যাপীঠ, জাতীয় বিদ্যালয় এই চারিটি মাধ্যমিক স্কুল ও নবদ্বীপ বিদ্যাসাগর কলেজ

(১) ফ্লাড অ্যাফেক্টেড বিলডিং গ্রাণ্ট, ফ্লাড অ্যাফেক্টেড স্টুডেন্ট গ্রাণ্ট, স্টেট শেয়ার, ইউ জি সি প্রভৃতি গ্রাণ্টের টাকা পাইতেছে না, এবং

(২) অর্থাভাবে অচলাবস্থায় পৌছিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**The Minister for Education Department:** (ক) (১) ইহা সত্য যে নবদ্বীপ শহরের কোন শিক্ষালয় ১৯৭১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত গৃহ মেরামতের জন্য বন্যা অনুদান পায় নাই। শিক্ষামন্দির, গৌরাঙ্গ বিদ্যাপীঠ, জাতীয় বিদ্যালয় এই তিনটি মাধ্যমিক বিদ্যালয়ের বন্যায় ক্ষতিগ্রস্ত ছাত্রদের বেতন মকুবের জন্য অনুদান মঞ্জুর করা হইয়াছে।

(২) নবদ্বীপ বিদ্যাসাগর মহাবিদ্যালয়কে শিক্ষকদের বেতনহার বৃদ্ধির বাবদ ইউ জি সি-র টাকা ১৯৭২ সনের ৩০শে জুন পর্যন্ত দেওয়া হইয়াছে। ত্রি-বার্ষিক পাঠ্যক্রম প্রকল্প (-3year degree course schemes) চালু করা বাবত রাজ্যসরকার কর্তৃক স্টেট শেয়ার হিসাবে ১৮,৫৮২ টাকা উক্ত মহাবিদ্যালয়কে দেয় হইতেছে। কিন্তু নির্মাণ পর্যতের মুখ্য বাস্তুকারের (Chief Engineer, Construction Board) নিকট হইতে কার্য সমাপ্তির প্রতিবেদন না পাওয়ায় ঐ টাকা মঞ্জুর করা সম্ভব হয় নাই। কার্য সমাপ্তির প্রতিবেদন মুখ্য বাস্তুকারকে প্রেরণ করিবার নিমিত্ত তাগিদ দেওয়া হইয়াছে।

(খ) ফ্লাড্ এফেক্টেড বিলডিং গ্রান্টের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। বকুলতলা মাধ্যমিক বিদ্যালয় ও নবদ্বীপ বিদ্যাসাগর মহাবিদ্যালয়ের বন্যায় ক্ষতিগ্রস্ত ছাত্রদের বেতন মকুবের জন্য অনুদান অর্থাভাববশতঃ অদ্যাবধি মঞ্জুর করা সম্ভব হয় নাই। তবে ইহাও এক্ষণে সরকারের বিবেচনাধীন আছে।

### কল্যাণী বিশ্ববিদ্যালয়ের আবাদযোগ্য জমি

*৬০১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৯।) **Shri Sankar Das Paul:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণে বর্তমানে কত একর আবাদযোগ্য জমি আছে,

(খ) ইহার মধ্যে কত একর জমিতে আবাদ করা হয় এবং কত একর জমি অনাবাদী পড়িয়া থাকে;

(গ) অনাবাদী পড়িয়া থাকার কারণ কি,

(ঘ) ঐ জমি আবাদ করিতে বৎসরে কত ব্যয় হয় এবং ইহা হইতে কত আয়, এবং

(ঙ) কল্যাণী বিদ্যালয়ের কৃষি বিভাগের নিয়ন্ত্রণে কত পরিমাণ জমি রিসার্চের জন্য কাজে লাগানো হয়েছে ?

**The Minister for Education Department:** (ক) প্রায় ৫২৫ একর

(খ) যথাক্রমে ৪২৫ একর এবং ১০০ একর।

(গ) অর্থ (কাঁটাতারের বেড়া, সেচ, যন্ত্রপাতির জন্য) ও অন্যান্য সুযোগ সুবিধার অভাব।

(ঘ) গত তিন বৎসরের বাৎসরিক গড় ব্যয় হইয়াছে তিনলক্ষ কুড়ি হাজার টাকা এবং বাৎসরিক গড় আয় হয় আনুমানিক একলক্ষ পঁচিশ হাজার টাকা।

(ঙ) ৬০ একর জমি শুধুমাত্র ভারতীয় কৃষি গবেষণা পরিষদের Indian Council of Agricultural Research নিয়ন্ত্রণাধীন গবেষণার জন্য ব্যবহৃত হইতেছে এবং বাকি জমি শিক্ষা ও গবেষণার জন্য কাজে লাগানো হইতেছে।

### উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণী শাখা

*৬০২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৯।) **Shri Sambhu Narayan Goswami:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ৪০ জন ছাত্রের অধিক হইলেও শ্রেণী শাখা খোলার (Section) অনুমতি সরকার হইতে দেওয়া হইতেছে না;

(খ) সত্য হইলে ইহার কারণ কি; এবং

(গ) এ বিষয়ে সরকারের কোন চূড়ান্ত নিয়ম আছে কি না এবং থাকিলে তাহা কি ?

**The Minister for Education Department :** (ক) ইহা সত্য নহে।

(খ) পূর্বোল্লিখিত কারণে এ প্রশ্ন ওঠে না।

(গ) পূর্বে শিক্ষাধিকার অতিরিক্ত শাখা খোলার মঞ্জুরী দিতেন। বর্তমানে শিক্ষা বিভাগ অতিরিক্ত শাখা ও তজ্জন্য প্রয়োজনীয় পদের মঞ্জুরী দেন।

## Regional Records Survey Committee

*603. (Admitted question No. *1302) **Shri Kansari Halder :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether meetings of the Regional Records Survey Committee are being held regularly ;

(b) if the answer to (a) be in the affirmative will he be plesed to statethe date or dates of such meetings from 1969 to 1972 ; and

(c) will he be pleased to lay on the Library Table the copies of the Annual Reports of the said Committee up to date ?

**The Minister for Education Department :** The West Bengal Regional Records Survey Committee normally meets once a year.

(b) The West Bengal Regional Records Survey Committee meet on the 27th February, 1970.

(c) The Committee is an advisory body. Hence, the question of publication of annual reports does not arise.

## রাজ্য পরিবহণ সংস্থার আয়ব্যয়

*৬০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭২।) **Shri Abdul Bari Biswas :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৭-৬৮ হইতে ১৯৭১-৭২ সালে বিভিন্ন আর্থিক বৎসরে এই রাজ্যের রাজ্যসরকার পরিচালিত স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনগুলির কোন্‌টিতে কত আয় এবং পরিচালন বাবত কোন্‌টিতে কত ব্যয় হইয়াছে ?

**The Minister for Home (Transport) Department :**

কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন

| সাল | আয় (লক্ষ টাকায়) | পরিচালন ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ১৯৬৭-৬৮ | ৬০৭'৭৪ | ৮২০'৩৫ |
| ১৯৬৮-৬৯ | ৬১৪'৩৮ | ৮৮৩'১৬ |
| ১৯৬৯-৭০ | ৫৭১'১১ | ৯৩৭'৬৮ |
| ১৯৭০-৭১ | ৫১৭'২০ | ৯২২'১৯ |
| ১৯৭১-৭২ | ৫৪৯'২৮ | ১,০১৭'০৯ |
| | (আনুমানিক) | (আনুমানিক) |

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন

| সাল | আয় (লক্ষ টাকায়) | পরিচালন ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ১৯৬৭-৬৮ | ১২৩·২৫ | ১২৭·২৬ |
| ১৯৬৮-৬৯ | ১৩৯·৪৫ | ১৬০·০৫ |
| ১৯৬৯-৭০ | ১৫৬·৩৫ | ১৮৯·৬৩ |
| ১৯৭০-৭১ | ১৭৫·৭০ | ২২৭·৭৪ |
| ১৯৭১-৭২ | ১৮৮·০৩ | ২২৭·৭৪ |
| | (আনুমানিক) | (আনুমানিক) |

## বাঁকুড়া জেলায় এইচ এস এবং এস এফ বিদ্যালয়

*৬০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৭।) **Shri Kashi Nath Mitra :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে কয়টি এইচ এস এবং এস এফ বিদ্যালয় আছে,

(খ) ঐ সমস্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা কত ;

(গ) এই বৎসর ঐ সমস্ত স্কুল হইতে কত ছাত্র-ছাত্রী হায়ার সেকেণ্ডারী ও স্কুল ফাইন্যাল পরীক্ষা দিয়াছে এবং

(ঘ) বাঁকুড়া জেলায় বর্তমানে কয়টি কলেজ আছে এবং কোন্ কোন্ কলেজে ছাত্রীদের পড়ার সুযোগ আছে ?

**The Minister for Education Department :** (ক) হায়ার সেকেণ্ডারী স্কুলের সংখ্যা :

বালিকাদের— ৪
বালকদের —৮৭
মোট— ৯১

দশম শ্রেণী যুক্ত হাইস্কুল (স্কুল ফাইন্যাল)

বালকদের —৯৮
বালিকাদের— ৮
মোট —১০৬

(খ) হায়ার সেকেণ্ডারী স্কুলের ছাত্র-ছাত্রী সংখ্যা :

ছাত্র—৩৭,৪৫৫
ছাত্রী— ৬,৮৬৩
মোট— ৪৪,৩১৮

দশম শ্রেণীযুক্ত হাইস্কুলের ছাত্র-ছাত্রী সংখ্যা :

ছাত্র—২০,১৮৮
ছাত্রী— ৬,০৯৮
মোট— ২৬,২৮৬

মোট ছাত্র-ছাত্রী সংখ্যা—৭০,৬০৪

(গ) এই বৎসর (১৯৭২) পরীক্ষা দিয়াছে হায়ার সেকেণ্ডারী—

ছাত্র—৪,২৭৮
ছাত্রী— ৫৭১

মোট— ৪,৮৪৯

ছাত্র (রেগুলার)—১,৭৫৫
ছাত্রী (রেগুলার)— ৩৮৫

মোট—২,১৪০

(ঘ) বাঁকুড়া জেলায় বর্তমানে নিম্নলিখিত ছয়টি ডিগ্রী কলেজ আছে :

(১) বাঁকুড়া ক্রিশ্চান কলেজ, বাঁকুড়া
(২) বাঁকুড়া সম্মিলনী কলেজ, বাঁকুড়া
(৩) পাঁচমুরা মহাবিদ্যালয়, পাঁচমুরা
(৪) রামানন্দ কলেজ, পোঃ বিষ্ণুপুর
(৫) সালদিয়া কলেজ, পোঃ সালদিয়া
(৬) সোনামুখী কলেজ, পোঃ সোনামুখী

সব কয়টি কলেজেই ছাত্রীদের পড়াব সুযোগ আছে। বাঁকুড়া ক্রিশ্চান কলেজে ছাত্রীদের জন্য একটি আলাদা বিভাগ (প্রাতঃকালীন) চালু আছে।

## বার্দ্ধক্যভাতাপ্রাপ্ত ব্যক্তি

*৬০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮২২।) **Shri Prodyot Kumar Mohanti** : ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বর্তমান কতজনকে বার্দ্ধক্যভাতা দেওয়া হইতেছে, এবং

(খ) মেদিনীপুর জেলায় কোন্ ব্লকে কতজন বার্দ্ধক্যভাতা পাইতেছেন?

**The Minister for Relief and Social Welfar Department** : (ক) মেদিনীপুর জেলায় বর্তমানে ৬৯৯ জনকে বার্ধক্যভাতা দেওয়া হইতেছে।

(খ) বার্ধক্যভাতা প্রাপকের ব্লকওয়ারী হিসাব :

| ব্লকের নাম | নং | সংখ্যা |
|---|---|---|
| কন্টাই | ১ | ৬০ |
| কন্টাই | ২ | ১১ |
| কন্টাই | ৩ | ৭ |
| রামনগর | ১ | নাই |
| রামনগর | ২ | ৩ |
| এগরা | ১ | ৩৮ |
| এগরা | ২ | ২৮ |
| ভগবানপুর | ১ | ১৫ |
| ভগবানপুর | ২ | ৪ |
| পটাশপুর | — | ৮ |
| খেজুরি | — | ৩ |
| পাঁশকুড়া | ১ | ১৯ |
| পাঁশকুড়া | ২ | ২১ |

| ব্লকের নাম | নং | সংখ্যা |
|---|---|---|
| তমলুক | ১ | ২ |
| তমলুক | ২ | ১ |
| ময়না | — | ৫৪ |
| মহিষাদল | ১ | নাই |
| মহিষাদল | ২ | ১৯ |
| সুতাহাটা | ১ | নাই |
| সুতাহাটা | ২ | ৩ |
| নন্দীগ্রাম | ১ | ১৬ |
| নন্দীগ্রাম | ২ | নাই |
| নন্দীগ্রাম | ৩ | ১ |
| ঝাড়গ্রাম | — | ৩২ |
| জামবনী | — | ২৮ |
| বীনপুর | ১ | ৭ |
| বীনপুর | ২ | নাই |
| গোপীবল্লভপুর | ১ | নাই |
| গোপীবল্লভপুর | ২ | ১ |
| সাঁকরাইল | — | ৬ |
| নয়াগ্রাম | — | নাই |
| ঘাটাল | — | ৭ |
| দাসপুর | ২ | ৪ |
| চন্দ্রকোণা | ১ | ১ |
| চন্দ্রকোণা | ২ | নাই |
| দাসপুর | ১ | নাই |
| গড়বেতা | ১ | ২৭ |
| গড়বেতা | ২ | ২ |
| গড়বেতা | ৩ | নাই |
| শালবনী | — | ১ |
| মেদিনীপুর | — | ১০ |
| কেশপুর | — | নাই |
| নারায়ণগড় | — | ৯ |
| পিংলা | — | ২৫ |
| মোহনপুর | — | ১৫ |
| দাঁতন | ১ | ৬ |
| দাঁতন | ২ | ৪৫ |
| সবং | — | ১৮ |
| খড়গপুর | ১ | নাই |
| খড়্গপুর | ২ | নাই |
| কেশিয়ারী | — | নাই |
| মেদিনীপুর পৌর অঞ্চল | — | ৬২ |

## পশ্চিম দিনাজপুর জেলায় পুষ্করিণী

*৬০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৯।) **Shri Ramendra Nath Dutta :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় বর্তমানে কতগুলি পুষ্করিণী আছে ;

(খ) তন্মধ্যে (১) কতগুলি ভেসটেড ট্যাঙ্ক, এবং (২) কতগুলি প্রাইভেট ট্যাঙ্ক ,

(গ) কতগুলি পুষ্করিণী সরকারী সাহায্যে সংস্কার করা হয়েছে ; এবং

(ঘ) সরকার হইতে কতগুলি পুষ্করিণী সংস্কার করিয়া মাছ চাষ করা হইতেছে ?

**The Minister for Fisheries Department :** (ক) প্রাপ্ত তথ্য অনুযায়ী পশ্চিম দিনাজপুর জেলায় বর্তমানে ২৮,১৪৭টি পুষ্করিণী আছে।

(খ) উপরিলিখিত পুষ্করিণীগুলির মধ্যে ৪,৪৫১টি ভেস্টেড ট্যাঙ্ক এবং ২৪,২৯৬টি প্রাইভেট ট্যাঙ্ক।

(গ) ১,৫৯৩টি পুষ্করিণী সরকারী সাহায্যে সংস্কার করা হইয়াছে।

(ঘ) সরাসরি সরকারী পরিচালনায় চারিটি দীঘি সংস্কার করিয়া মাছের চাষ করা হইতেছে।

ইহা ব্যতীত আরও একটি দীঘি মৎস্য চাষের জন্য সংস্কার করা হইতেছে।

### Improvement of conditions in Jails

*608. (Admitted question No. *1034.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether the State Government is considering any proposal to improve the existing conditions in the jails and to provide better amenities to the inmates in the near future ; and

(b) if so, what are the additional amenities proposed to be provided in the Jails ?

**The Minister for Home (Jails) Department :** (a) & (b) A number of schemes has been taken up by the Government to improve the existing conditions of the Jails and to provide better amenities to inmates. These include relief of over-congestion in Jails by setting up new Jails, extension of the capacity of some of the existing Jails, provision of better medical facilities, improvement of water-supply arrangements, better arrangements for interview, conversion of open latrines into sanitary latrines, etc. The question of improving the existing condition and providing better amenities will be thoroughly considered by the Jail Code Revision Committee the formation of which is under consideration of the Government.

### জেলাওয়ারী তপশীলী ও উপজাতি সম্প্রদায়

*৬০১। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৪।) **Shri Harendra Nath Halder :** তপশীলি উপজাতি এবং আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কত সংখ্যক তপশীলি ও উপজাতি সম্প্রদায়ের লোক বসবাস করেন ; এবং

(খ) এদের মধ্যে কত পার্সেন্টেজ শিক্ষিত এবং কতজন শিক্ষিত বেকার এখন পর্যন্ত কাজ পাননি ?

**The Minister for Scheduled Castes and Sheduled Tribes Department :** ১৯৭১ সালের আদমসুমারী অনুযায়ী তথ্য নিম্নে রক্ষিত বিবরণীতে দেওয়া হইল।

শতকরা শিক্ষিতের হার এখনও আদমসুমারী কর্তৃপক্ষ নির্ণয় করিতে পারেন নাই। শিক্ষিত বেকারের সংখ্যা সম্পর্কিত তথ্য আদমসুমারী কর্তৃপক্ষ সংগ্রহ করেন না এবং এই সরকারের নিকট ও ঐ তথ্য সংগৃহীত নাই।

বিবরণী

তপশীলি ও আদিবাসীর জেলাওয়ারী জনসংখ্যা

| জেলা | তপশীলি জন সংখ্যা | আদিবাসী জন সংখ্যা |
|---|---|---|
| ১। বর্ধমান | ৯,৫৯,৯৯৪ | ২,২৮,৬০৫ |
| ২। বীরভূম | ৫,৩২,৬৯৭ | ১,২৫,২৫০ |
| ৩। বাঁকুড়া | ৫,৭৩,১৬২ | ২,০৮,৭৩৫ |
| ৪। মেদিনীপুর | ৭,৪৭,৪৯৭ | ৪,৪২,৯৬৩ |
| ৫। হুগলী | ৫,৪৮,০৮০ | ১,০০,০৮৪ |
| ৬। হাওড়া | ২,৯৭.৫৭১ | ৩,৩৬৪ |
| ৭। কলিকাতা | ১,১৮,৯৬৭ | ২,৪০০ |
| ৮। ২৪-পরগনা | ১৯,১০,৮০৭ | ১,৩৭,১৯৭ |
| ৯। নদীয়া | ৪,৭৫ ৪৮৯ | ৩১,৭৯৯ |
| ১০। মুর্শিদাবাদ | ৩,৫৭,৪১৭ | ৩৮,৯৪৭ |
| ১১। মালদহ | ২,৬৫,৬৯৭ | ১,৩০,৭১৫ |
| ১২। পশ্চিম দিনাজপুর | ৪,২৯,৫৭৮ | ২,২১,৫৩৭ |
| ১৩। জলপাইগুড়ি | ৫,৯৫,৪২৪ | ৪,২৮,৫৯৫ |
| ১৪। দার্জিলিং | ৯৮,২৭৭ | ১,০৮,৫৮৬ |
| ১৫। কোচবিহার | ৬,৬৫,০২০ | ১০,৬১১ |
| ১৬। পুরুলিয়া | ২,৪০,৩৫১ | ৩,১৩,৭৯৩ |
| | ৮৮,১৬,০২৮ | ২৫,৩২,৯৬৯ |

### জেলা শিক্ষা প্রশাসন

*৬১০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৩।) **Shri Naresh Chandra Chaki :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে জেলায় শিক্ষা ব্যবস্থার প্রশাসন কিভাবে বিন্যস্ত করা আছে,

(খ) বর্তমান ব্যবস্থার রদবদল করিয়া পুনর্বিন্যাসের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) থাকিলে, সরকার কিভাবে এবং কবে নাগাদ উহা কার্যকরী করিবেন ?

**The Minister for Education Department :** (ক) জেলায় সমগ্র শিক্ষা ব্যবস্থার প্রশাসন নিম্নলিখিত ভাবে বিন্যস্ত আছে :

স্কুল পরিদর্শন

প্রতিজেলায় প্রাথমিক শিক্ষার দায়িত্বে একজন জেলা বিদ্যালয় পরিদর্শক ও মাধ্যমিক শিক্ষার দায়িত্বে একজন জেলা পরিদর্শক আছেন। কোন কোন জেলায় মাধ্যমিক শিক্ষার জন্য অতিরিক্ত জেলা বিদ্যালয় পরিদর্শকও আছেন।

ইহা ছাড়া প্রতিজেলার জেলা পরিদর্শককে সাহায্য করিবার জন্য সহ বিদ্যালয় পরিদর্শক আছেন।

প্রাথমিক বিদ্যালয়গুলির পরিদর্শনের সুবিধার জন্য পশ্চিমবংগকে কয়েকটি সার্কেলে বিভক্ত করা হইয়াছে। প্রতি সার্কেলে একজন করিয়া অবর বিদ্যালয় পরিদর্শক অথবা উপ-সহকারী বিদ্যালয় পরিদর্শক আছেন।

সমাজ শিক্ষা

প্রতি জেলায় সমাজ শিক্ষা ব্যবস্থার পরিচালনার দায়িত্ব জেলার সমাজ শিক্ষাধিকারিকের উপর ন্যস্ত আছে। তাঁহাকে সাহায্য করিবার জন্য প্রতিব্লকে সমাজ শিক্ষা সমপ্রসারন আধিকারিকরা আছেন।

শারীর শিক্ষা

শারীর শিক্ষা ব্যবস্থার উন্নতিসাধন এবং যুবকল্যাণ বিষয়ক কার্যাদি পরিদর্শনের নিমিত্ত প্রতিজেলায় একজন করিয়া শারীর শিক্ষা ও যুবকল্যাণ আধিকারি ও একজন করিয়া শারীর শিক্ষা সংগঠক আছেন। ইহা ছাড়া ৫০টি ব্লকে শারীর শিক্ষা সংগঠনরা আছেন।

(খ) ১৯৭১ সালের ডিসেম্বর মাসে এক প্রকল্প অনুযায়ী মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা ব্যবস্থার পরিচালনার দায়িত্ব পৃথক পৃথক ভাবে একজন করিয়া জেলা বিদ্যালয় পরিদর্শকের উপর ন্যস্ত করা হইয়াছে। উক্ত প্রকল্পের কার্যকারিতা সরকার লক্ষ্য করিতেছেন, এখনই পুনর্বিন্যাসের কোন পরিকল্পনা সরকারের নাই।

(গ) এ প্রশ্ন উঠে না।

### Screening Committee for supply of tyres

*611. (Admitted question No. *781.) **Shri Aswani Roy :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that the recommendation of the Screening Committee for supply of

tyres was dishonoured by the dealers of Burdwan in certain cases during June, 1972 ; and

(b) if so, the particulars of such dealers and action, if any, taken by the Government ?

**The Minister for Home (Transport) Department :** (a) No.

(b) Does not arise.

### গভীর সমুদ্রে মৎস্যশিকার প্রকল্প

*৬১২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৭।) **Shri Sukumar Bandyopadhyay :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গভীর সমুদ্রে মৎস্য ধরার পরিকল্পনা বাবত সরকার এ পর্যন্ত কত টাকা ব্যয় করিয়াছেন ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত পরিকল্পনাটি বর্তমানে পরিত্যক্ত হইয়াছে, এবং

(গ) সত্য হইলে, কারণ কি ?

**The Minister for Fisheries Department :** (ক) ১৯৪০-৪১ সাল হইতে ১৯৬৩ সালের ডিসেম্বর মাস অবধি গভীর সমুদ্রে মৎস্য ধরার প্রকল্পটি চালু ছিল। ঐ সময়ের মধ্যে সরকার প্রকল্পটির জন্য মোট ৯১,১৮,০০০ টাকা ব্যয় করিয়াছেন।

(খ) হ্যাঁ।

(গ) উপযুক্ত সুযোগ-সুবিধার অভাবে উক্ত প্রকল্পটিতে আয় অপেক্ষা ব্যয় বেশী হইতেছিল। সেই হেতু Board of Economic Affairs-এর সুপারিশক্রমে গভীর সমুদ্রে মৎস্য চাষ পরিকল্পনা সরকার কর্তৃক পরিত্যক্ত হয়।

### বদ্ধ পুষ্করিণী সংস্কার প্রকল্প

*৬১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৬।) **Shri Md. Safiulla :** ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) টেস্ট রিলিফ স্কীমে মজা বা বদ্ধ পুষ্করিণীগুলি সংস্কার করার কোন ব্যবস্থা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, তাহা কি ?

**The Minister for Relief Department :** (ক) হ্যাঁ, আছে।

(খ) "Estates Acquisition Act" এর মাধ্যমে যেসব জলাশয় বা পুষ্করিণী সরকারে বর্তাইয়াছে সেগুলি সহ, বিভিন্ন সরকারী জলাশয় (Vested tanks) জয়োজন বোধে, Test Relief Scheme-এর মাধ্যমে সরাসরি সংস্কার করা যাইতে পারে।

বেসরকারী জলাশয় বা পুষ্করিণীর ক্ষেত্রে, সংস্কারের পূর্বে, পুষ্করিণীর মালিককে, পুষ্করিণীর মালিকানা, সরকারকে নিস্বত্ব দান করিতে হইবে, যেসব জলাশয় ব্যক্তিগত মালিকানা সত্বেও, "সাধারণের ব্যবহার্য" হিসাবে সেটেলমেন্ট খতিয়ানে রেকর্ড হইয়াছে, সেগুলিকে, নিঃস্বত্ব দান না করিলেও, টেস্ট রিলিফ স্কীমে সংস্কার করিবার ব্যবস্থা আছে।

## ডিষ্ট্রিক্ট কমিটি ফর এমপ্লয়মেণ্ট ফর সিডিউল্ড কাস্ট অ্যাণ্ড ট্রাইবস

*৬১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৪।) **Shri Puranay Pramanik :** তপশীলি জাতি এবং উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭০ সালে সরকার বর্ধমান জেলায় "ডিষ্ট্রিক্ট কমিটি ফর এমপ্লয়মেণ্ট ফর সিডিউল্ড কাস্ট অ্যাণ্ড সিডিউল্ড ট্রাইব" নামে কোন কমিটি গঠন করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে, ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত এই কমিটির অধিবেশন কতবার হইয়াছে ; এবং

(গ) ঐ সময়ের মধ্যে উক্ত কমিটি তপশীলি জাতি ও তপশীলি উপজাতিদের চাকরির জন্য কি কি কার্য করিয়াছেন ?

**The Minister for Scheduled Castes and Scheduled Tribes Department :**

(ক) হ্যাঁ।

(খ) একবার।

(গ) সরকারী চাকরিতে তপশীলি ও আদিবাসীদের জন্য পদ সংরক্ষণের নির্দেশসমূহ জেলাস্থিত সকল নিয়োগকারী আধিকারিকের ব্যক্তিগত নজরে আনা হইয়াছে।

## নর্থ বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্ট অফিস গ্যারাজ

*৬১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৯।) **Shri Sunil Mohan Ghosh Maulik :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট অফিস ও গ্যারাজ স্থায়ীভাবে মুর্শিদাবাদ জেলার বহরমপুরে করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) সত্য হইলে, কোন্ স্থানে উক্ত অফিস গ্যারাজ করা হইবে ?

**The Minister for Home (Transport) Department :** (ক) নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন বহরমপুরে একটি স্থায়ী ট্রাফিক ডিপো তৈয়ারী করার সিদ্ধান্ত করিয়াছেন।

(খ) এই উদ্দেশ্যে উক্ত কর্পোরেশন বহরমপুরে জঙ্গীপুর বাস স্ট্যাণ্ডের নিকট ধোবী-পুকুরের পার্শ্বে একটি সরকারী খাস জমি সরকারী অনুমোদন সাপেক্ষ নির্বাচন করিয়াছেন।

## প্রথম হইতে পঞ্চম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা

*৬১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৯।) **Shri Md. Dedar Baksh :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে ১ম হইতে ৫ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষাদানের কোন সরকারী পরিকল্পনা আছে কিনা ;

(খ) পরিকনা থাকিলে, এ বাবত কত টাকা ব্যয় হবে ; এবং

(গ) প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কি ?

**The Minister for Education Department:** (ক) শহরাঞ্চলে ১ম থেকে ৪র্থ শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক করার পরিকল্পনা সরকারের আছে, তবে তা রূপায়ণের কোন সময় অবিলম্বে নির্দিষ্ট করা যাচ্ছে না।

(খ) এ বাবত বার্ষিক অতিরিক্ত ১ কোটি১৪ লক্ষ টাকা ব্যয় হতে পারে।

(গ) ১।৭।৭২ তারিখ হইতে নিম্নবুনিয়াদি বিদ্যালয়ের শিক্ষকদের মাসিক ৭ টাকা হারে বেতন বৃদ্ধির পরিকল্পনা ইতিমধ্যেই ঘোষিত হইয়াছে।

### পুরুলিয়া জেলায় কলেজ

*৬১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭১।) **Shri Satadal Mahato:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় বর্তমানে কয়টি কলেজ আছে;

(খ) ঐ জেলায় জনসংখ্যার অনুপাতের কথা বিবেচনা করিয়া আরও নূতন কলেজ স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা;

(গ) থাকিলে কয়টি এবং কোথায় কোথায়;

(ঘ) ইহা কি সত্য যে, ঐ জেলায় হুড়া থানার লালপুরে মহাত্মা গান্ধী মহাবিদ্যালয়ের মঞ্জুরী সরকারের বিবেচনাধীন আছে, এবং

(ঙ) সত্য হইলে, এ ব্যাপারে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Education Department:** (ক) পুরুলিয়া জেলায় বর্তমানে ৬টি কলেজ আছে;

(খ) ও (গ) আপাততঃ নাই।

(ঘ) লালপুরে মহাত্মা গান্ধী কলেজ স্থাপনে সরকার বর্ধমান বিশ্ববিদ্যালয়কে সরকারের সম্মতি জানাইয়া দিয়াছেন। এ বিষয়ে মঞ্জুরী বর্ধমান বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণাধীন।

(ঙ) প্রশ্ন উঠে না।

### পুরুলিয়ায় প্রাথমিক শিক্ষকগণের বেতন

*৬১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬১।) **Shri Rup Singh Majhi:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া জেলা পশ্চিমবঙ্গে অন্তর্ভুক্ত হওয়ার পর ঐ জেলার কার্যরত প্রাথমিক শিক্ষকগণ পশ্চিমবঙ্গ সরকারের নির্ধারিত স্কেল অনুযায়ী ১৯৫৬ সালের নভেম্বর হইতে ১৯৫৮ সালের মার্চ মাস পর্যন্ত বেতন পাইয়াছেন কিন্তু উক্ত সময়ে যেসমস্ত শিক্ষণরত ছিলেন তাঁহারা সরকার নির্ধারিত (এনহান্সড স্যালারি) হারে বেতন পান নাই: এবং

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি, (২) এ বিষয়ে কোন ব্যবস্থা করিয়াছেন কি?

**The Minister for Education Department:** (ক) ইহা সত্য যে পুরুলিয়া জেলায় ১৯৫৬ সালের নভেম্বর হইতে ১৯৫৮ সালের মার্চ মাস পর্যন্ত যেসমস্ত শিক্ষক শিক্ষণ গ্রহণ করিতেছিলেন তাঁহারা কোন প্রকার বেতন পান নাই।

(খ) (১) পুরুলিয়া জেলা যখন বিহারের অন্তর্গত ছিল তখন শিক্ষণরত শিক্ষকদের কোন প্রকার বেতন দিবার প্রথা প্রচলিত ছিল না। পুরুলিয়া পশ্চিমবঙ্গে অন্তর্ভুক্তির পর শিক্ষণরত শিক্ষকদের বেতন দান সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের কোন নির্দেশ না থাকায় উক্ত স্থিতাবস্থা (status quo) বজায় ছিল।

(২) এই সময়ের জন্য শিক্ষকদের উক্ত বেতনের বিষয়টি শিক্ষা অধিকারের পরীক্ষাধীন আছে।

## চাঁপাতলা হাইস্কুলের শিক্ষকদের বকেয়া বেতন

*৬২০। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৯।) **Shri Sudhir Chandra Das :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি থানার অন্তর্গত চাঁপাতলা হাই স্কুলের শিক্ষক মহাশয়গণ ১৮ মাসেরও বেশী বেতন পান নাই ; এবং

(খ) সত্য হইলে ; ইহার কারণ কি ?

**The Minister for Education Department :** এইরূপ সংবাদ পাওয়া গিয়াছে যে এই বিদ্যালয়ের শিক্ষকগণ দীর্ঘদিন যাবত সরকার নির্ধারিত বেতনক্রম অনুযায়ী বেতন পাইতেছেন না। এই সম্বন্ধে আরো অনুসন্ধান করা হইতেছে।

(খ) বিদ্যালয়টি ১৯৬৮ সালের ১লা জানুয়ারি হইতে ১০ ক্লাস উচ্চ বিদ্যালয় হিসাবে অনুমোদন পায়। সরকারী আদেশ অনুযায়ী যেসমস্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ১লা জানুয়ারি, ১৯৬৮ এবং ১লা জানুয়ারি, ১৯৬৯ হইতে অনুমোদন লাভ করিয়াছে সেই সমস্ত বিদ্যালয় ১৯৭১-৭২ সন হইতে বাৎসরিক ৬,০০০ টাকা হিসাবে থোক অনুদান পাইতেছে। এই বিদ্যালয়টিও ১৯৭১-৭২ সাল হইতে বাৎসরিক ৬,০০০ টাকা হিসাবে থোক অনুদান পাইতেছে তাহা ছাড়া শিক্ষক ও অশিক্ষক কর্মীগণ অনুমোদনের তারিখ হইতে প্রচলিত হারে মহার্ঘভাতা পাইতেছেন।

থোক অনুদানপ্রাপ্ত যে সমস্ত বিদ্যালয় কোন নির্বাহ অনুদান পায় না সেই সমস্ত উচ্চ বিদ্যালয়ের অন্য আয় না থাকিলে শুধুমাত্র বেতন এবং থোক অনুদানের উপর নির্ভর করিয়া শিক্ষকদিগকে সরকার নির্ধারিত বেতনক্রম অনুযায়ী বেতন দেওয়া সম্ভব হয় না।

## নবদ্বীপে টেকনিক্যাল স্কুল

*৬২১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮৮।) **Shri Radharaman Saha :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নবদ্বীপে একটি টেকনিক্যাল স্কুল স্থাপনের পরিকল্পনা সরকারের আছে ;

(খ) থাকিলে, তাহা কোন্ পর্যায়ে আছে এবং কবে নাগাদ তাহার নির্মাণ কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Education Department :** (ক) নবদ্বীপে টেকনিক্যাল স্কুল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীনে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## পলিটেকনিক

*৬২২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬০।) **Shri Sankar Das Paul :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ৬ই এপ্রিল ১৯৭২ তারিখে পলিটেকনিকগুলির অধ্যক্ষ ও শিক্ষকদের এক সভায় মাননীয় শিক্ষামন্ত্রী রাজ্যে অবস্থিত পলিটেকনিকগুলিকে সরকার কর্তৃত্বাধীনের আনার জন্য প্রতিশ্রুতি দিয়াছিলেন ;

(খ) সত্য হইলে, ইহার জন্য প্রয়োজনীয় টাকার ব্যবস্থা করার জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করিয়াছেন কি না ; এবং করিলে কবে করিয়াছেন ; এবং

(গ) এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে উত্তর পাওয়া গিয়াছে কি ?

**The Minister for Education Department :** (ক) কেন্দ্রীয় সরকারের নিকট হইতে প্রয়োজনীয় অর্থ পাওয়া গেলে পলিটেকনিক ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ সরকারী প্রতিষ্ঠান হিসাবে যত শীঘ্র সম্ভব আনার ব্যবস্থা করা হইবে একথা বলা হইয়াছিল।

(খ) পলিটেকনিকগুলি ও জুনিয়র টেকনিক্যাল স্কুলগুলি সরকারী প্রতিষ্ঠান হিসাবে চালাইতে বাৎসরিক প্রায় ২৬ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি পাইবে, এ বিষয়ে সর্বপ্রথম ৩রা মে, ১৯৭১ তারিখে কেন্দ্রীয় সরকারকে জানান হইয়াছিল। ইহা ছাড়াও রাজ্যসভার একটি প্রশ্নের উত্তরদান প্রসংগে গত ১১ই নভেম্বর ১৯৭১ তারিখে বিষয়টি কেন্দ্রীয় সরকারের দৃষ্টিতে পুনরায় আনা হইয়াছিল এবং দু'বারই জানান হইয়াছিল যে ঐগুলি সরকারী প্রতিষ্ঠান হিসাবে চালাইতে গেলে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা খাতে ব্যয়-বরাদ্দ বাড়ান প্রয়োজন।

(গ) কেন্দ্রীয় সরকারের নিকট হইতে এ বিষয়ে কয়েকখানি পত্র পাওয়া গিয়াছে। পলিটেকনিকগুলি সরকারী প্রতিষ্ঠান হিসাবে যাহাতে চালান হয় সে বিষয়ে বিবেচনা করিবার জন্য কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারকে অনুরোধ করিয়াছেন। কিন্তু এই ব্যাপারে অতিরিক্ত অর্থ সাহায্য করার কোন আশ্বাস পাওয়া যায় নি।

## বাঁকুড়া জেলায় প্রাথমিক বিদ্যালয়

*৬২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৫।) **Shri Phani Bhusan Singhababu :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় পরিকল্প অনুযায়ী বাঁকুড়া জেলায় কয়টি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হয়েছে এবং ১৯৭১-৭২ সনে উক্ত প্রকল্পে কতজন শিক্ষক নিয়োগ করা হইয়াছে ; এবং

(খ) উক্ত প্রকল্পে শিক্ষক নিয়োগ কিভাবে করা হইয়াছে ?

**The Minister for Education Department :** (ক) বাঁকুড়া জেলার কেন্দ্রীয় প্রকল্পে মঞ্জুরীকৃত বিদ্যালয়ের সংখ্যা—

| | |
|---|---|
| গ্রামাঞ্চলে | ১০ |
| শহরাঞ্চলে— | নাই |

জেলা বিদ্যালয় পর্ষদ হইতে গ্রামাঞ্চলের বিদ্যালয়গুলির সম্পর্কে সুপারিশ এখনও সরকারের হস্তগত না হওয়ায় উহাদের অনুমোদন সম্ভব হয় নাই। এখনও কোনও শিক্ষকের নিয়োগ অনুমোদিত হয় নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

## মৎস্য উৎপাদন

*৬২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৫।) **Shri Netaipada Sarkar :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে মৎস্য উৎপাদন কমিয়া যাইতেছে,

(খ) সত্য হইলে, বর্তমানে মাছের উৎপাদন বাৎসরিক ও প্রতি মাসে গড়ে কত ;

(গ) পশ্চিমবঙ্গে মাসে মাছের চাহিদা কত,

(ঘ) কোন্ কোন্ উৎস থেকে বর্তমানে মাছ উৎপাদন হয়,

(ঙ) পশ্চিমবঙ্গ ছাড়া অন্য কোন প্রদেশ বা রাষ্ট্র হইতে মাছ আমদানি করা হয় কি না এবং হইলে, কোন্ কোন্ প্রদেশ বা রাষ্ট্র হইতে, এবং

(চ) পশ্চিমবঙ্গের মানুষের চাহিদা অনুসারে মাছ উৎপাদনের জন্য সরকার কি কি পরিকল্পনার বিষয় বিবেচনা করিতেছেন ?

**The Minister for Fisheries Department :** (ক) সত্য বলিয়া মনে হয় না। সরকারী ফার্মগুলিতে সামগ্রিকভাবে উৎপাদন কমে নাই। বে-সরকারী জলাশয়গুলি সম্পর্কে অবশ্য সঠিক তথ্য জানা নাই।

(খ) বর্তমানে মাছের উৎপাদন হার বাৎসরিক এবং মাসিক যথাক্রমে আনুমানিক ২,২৪,০০০ মেট্রিক টন ও ১৮,৬৬৭ মেট্রিক টন।

(গ) আনুমানিক প্রায় ৬২,১২০ মেট্রিক টন।

(ঘ) পুষ্করিণী, বিল, বাওড়া, নদী-নালা সেচ সংরক্ষিত জলাধার, ময়লা জলের ভেড়ি, 'ভাষা-বাদা' জলাশয়, সুন্দরবনে খাঁড়ি, খাল, নালা, সমুদ্র উপকূল ইত্যাদি বর্তমানে পশ্চিমবঙ্গে মাছ উৎপাদনের ক্ষেত্র বা উৎস।

(ঙ) হ্যাঁ। ভারতের বিভিন্ন রাজ্য হইতে মাছ আমদানী হয়। বাহিরের কোন রাষ্ট্র হইতে কোন মাছ আমদানী করা হয় নাই। বিভিন্ন রাজ্য হইতে ১৯১০-১১ এবং ১৯১১ সালে যে পরিমাণ মাছ আমদানী করা হইয়াছে তাহার বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(চ) মৎস্যোৎপাদনের জন্য বর্তমানে যে যে প্রকল্প চালু আছে তাহার বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। মাছের চাহিদা সম্পূর্ণ মিটাইবার উদ্দেশ্যে আরও নানাবিধ প্রকল্প রচনার জন্য পশ্চিমবঙ্গ সরকার বর্তমানে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করিয়াছেন। ঐ কমিটি একটি সর্বাঙ্গীণ পরিকল্পনা (master plan) রচনা করিবেন।

## উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়

*৬২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬০।) **Shri Md. Dedar Baksh :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মঞ্জুরীকৃত উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমান সংখ্যা কত ;

(খ) যে সমস্ত উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় ঘাটতি অনুদান ভোগ করে না ঐ সমস্ত বিদ্যালয়ের সংখ্যা কত ,

(গ) ৮ম শ্রেণী ও ৬ষ্ঠ শ্রেণী-বিশিষ্ট বিদ্যালয়গুলির এককালীন অনুদান বৃদ্ধি করার কোন পরিকল্পনা রয়েছে কি ; এবং

(ঘ) থাকিলে, এ বাবতে মোট কত টাকা খরচ হবে ?

**The Minister for Education Department :** (ক) মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা—

| | | |
|---|---|---|
| | উচ্চ মাধ্যমিক | ২,০৯৭ |
| | উচ্চতর মাধ্যমিক | ১,৯৯৭ |
| | নিম্ন মাধ্যমিক | ২,৬৬০ |
| (খ) | উচ্চ মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক | ২,১২১ |
| | নিম্ন মাধ্যমিক | ২,৬৬০ |

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

## কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন

*৬২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১১।) **Shri Naresh Chandra Chaki :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় বর্তমানে কয়খানা স্টেট বাস (১) সচল এবং (২) অচল অবস্থায় আছে,

(খ) কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন-এর জন্য সরকার মোট কত টাকা বিনিয়োগ করিয়াছেন ;

(গ) এই সংস্থার বর্তমানে কি পরিমাণ লাভ বা লোকসান হইতেছে ;

(ঘ) লোকসান হইলে ইহার কারণ কি ; এবং

(ঙ) এই সংস্থাকে একটি লাভজনক সংস্থায় পরিণত করিবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি ?

**The Minister for Home (Transport) Department :** (ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় বর্তমানে ৭৪৫টি চালু বাস এই ৪২৩টি অকেজো বাস আছে।

(খ) রাজ্য সরকার ১,০৪৬'৯৯ লক্ষ টাকা বিনিয়োগ করিয়াছেন। তাছাড়া উপায় উপকরণ হিসাবে ১,০৮১'৭৭ লক্ষ টাকা দাদন দিয়াছে।

(গ) ১৯৭১-৭২ সালে অনুমিত লোকসানের পরিমান ৪৬৭'৮১ লক্ষ টাকা।

(ঘ) ১৯৬৭-৬৮ থেকে ১৯৭০-৭১ বছরের মধ্যে সম্পূর্ণ অবক্ষয় জনিত ব'সের সংখ্যা নিয়মিতভাবে পূরণ না করার জন্য। অবক্ষয় প্রাপ্ত বাসগুলির আধিক্যহেতু ঘন ঘন পথে বাস গুলির অচল হয়ে যাওয়া ট্রিপের পরিমাণ কমে যাওয়া তথা আয়ত্ত সমপরিমানে কমে যাওয়া। অপরদিকে, বাসের টায়ার, টিউব ও তেল প্রভৃতির মূল্য বৃদ্ধি, এবং কর্মীদের মাহিনা সংশোধন-এর অন্যান্য সুযোগ সুবিধা প্রভৃতি বৃদ্ধি, এবং অতিরিক্ত কর বৃদ্ধির জন্য। ১৯৬৫ সাল থেকে ভারার কাঠামোর কোন পরিবর্তন করা হয় নি। আইন ও শৃঙ্খলার অবনতী এবং কর্মচারীদের মধ্যে শৃঙ্খলার অভাব এবম্বিধ ক্ষতির জন্য বহুলাংশে দায়ী। এইগুলি মিলিতভাবে ক্ষতির জন্য দায়ী।

(ঙ) হ্যাঁ।

## দি ওয়েষ্ট বেঙ্গল চিলড্রেন্স অ্যাক্ট

*৬২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৬।) **Shri Puranjay Pramanik :** ত্রাণ এবং সমাজকল্যাণ (সমাজকল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৫৯ সালের "দি ওয়েষ্ট বেঙ্গল চিলড্রেন্স অ্যাক্ট" বর্তমানে রাজ্যে চালু আছে কিনা। এবং

(খ) থাকিলে, উহা কিভাবে কার্যকরী করা হয় ?

**The Minister for Relief and Social Welfare Department :** (ক) হাঁ, আছে।

(খ) 'অপরাধী' ও 'অবহেলিত' শিশুদের সামাজিক প্রতিষ্ঠা লাভের ব্যবস্থা করিবার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ শিশু আইন (The West Bengal Children Act) চালু করা হইয়াছে।

অপরাধী ও অবহেলিত শিশুদিগকে শিশু আদালতের (Juvenile Court) প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেটের নিকট হাজির করানো হয়। প্রবেশন অফিসারগণ উহাদের সম্পর্কে অনুসন্ধান করিয়া রিপোর্ট দেন। অনুসন্ধান চলাকালে ম্যাজিষ্ট্রেট মহাশয় শিশুদিগকে হাউস অব ডিটেনশন্ নামক সরকারী আশ্রয়ে রাখিবার আদেশ দিয়া থাকেন।

যে সমস্ত শিশু 'অবহেলিত' বলিয়া প্রমানিত হয় তাহাদিগকে বয়স অনুযায়ী দুই প্রকার সরকারী আবাসে রাখিবার জন্য ম্যাজিস্ট্রেট মহাশয় আদেশ দিয়া থাকেন। ১৪ বৎসর বয়স পর্যন্ত 'অবহেলিত' শিশুদের রিফরমেটরি (Reformatory) স্কুলে রাখা হয় এবং ১৪ হইতে ১৮ বৎসর পর্যন্ত শিশুদের ইণ্ডাষ্ট্রিয়াল (Industrial) স্কুলে রাখা হয়।

যে সব শিশু 'অপরাধী' বলিয়া প্রমাণিত হয় তাহাদেরও বয়স ভেদে দুই প্রকার সংশোধনী আবাসে রাখিবার জন্য ম্যাজিষ্ট্রেট মহাশয় আদেশ দিয়া থাকেন। ১৪ বৎসর বয়স

পর্যন্ত 'অপরাধী' শিশুদের রিফরমেটরি স্কুলে ও ১৪ হইতে ১৮ বৎসর বয়স পর্যন্ত শিশুদের বোরস্টাল স্কুলে রাখা হয়। ইহা ভিন্ন কোন কোন 'শিশু-অপরাধীর' ক্ষেত্রে ম্যাজিস্ট্রেট মহাশয় তাহার পিতামাতা বা অন্য কোন অভিভাবকের নিকট রাখিয়া সুশিক্ষা দিবার জন্য আদেশ দেন। সকল ক্ষেত্রে প্রবেশান অফিসারগণ তাহাদের দেখাশুনা করেন।

উপরিউক্ত উভয় প্রকার শিশুদের রাখিবার মেয়াদ দুই হইতে পাঁচ বৎসর পর্যন্ত। উভয় প্রকার শিশুদেরই মানসিক উন্নতির জন্য সাধারণ শিক্ষা ও অর্থনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠার উদ্দেশ্যে কারিগরী শিক্ষা দেওয়া হয়।

মেয়াদ শেষ হইবার পূর্বে কোনও অভিভাবক যদি কোন শিশুর অকালমুক্তির জন্য আবেদন করেন এবং অনুধাবনপূর্বক যদি ঐ আবেদন মঞ্জুরযোগ্য বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে সরকার শর্তসাপেক্ষে ও কোনও নির্দিস্ট প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে উহা মুক্তির আদেশ দিয়া থাকেন।

দণ্ডের মেয়াদ উত্তীর্ণ হইয়া গেলে যেসব শিশুদের অভিভাবক আছেন তাহাদিগকে অভিভাবকদের নিকট প্রেরণ করা হয়। যাহাদের অভিভাবক থাকে না তাহাদিগকে ঐ আবাসেই রাখা হয়। ১৮ বৎসর পূর্ণ হইলে উহাদিগকে আফটার কেয়ার হোম (After Care Home) নামক সরকারী আবাসে রাখা হয়। সেখানে উহাদিগকে কারিগরী শিক্ষা দেওয়া হয় এবং বিভিন্ন কর্মে নিয়োগ করিয়া অর্থনৈতিক প্রতিষ্ঠার ব্যবস্থা করা হয়।

ইহা ছাড়া ম্যাজিস্ট্রেট মহাশয় কোন কোন শিশুকে সাময়িকভাবে কোন 'রিসেপশন হোম' রাখিবার আদেশ দিয়া থাকেন। এই উদ্দেশ্যে দুইটি বেসরকারী আবাসকে 'রিসেপশন হোম' রূপে চিহ্নিত করা হইয়াছে।

শিশু আইনের অধীনে আইনত শিশুদিগের উন্নতির জন্য আরও বিস্তৃতভাবে কিছু করা যায় কিনা তাহার জন্য এবং শিশু আইনকে উন্নতভাবে কার্যকরী করা যায় কিনা তাহার জন্য সরকারকে উপদেশ দিবার নিমিত্ত 'স্টেট চিলড্রেন বোর্ড' নামে একটি পর্ষদ গঠন করা হইয়াছে।

### Jail-breaking incidents

*628. (Admitted question No. *1035.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) the number of cases in which disciplinary action has been taken by the present Government against the jail staff for dereliction of duties in connection with the jail-breaking incidents ; and

(b) details of action taken by the Government ?

**The Minister for Home (Jails) Department :** (a) There have been four cases in which disciplinary action has been taken since 20th March 1972.

(b) The Superintendent and the Jailor of the Burdwan Districts Jail have been served with charge sheets for dereliction of duties in connection with the escape of prisoners from that Jails on 28th May 1972.

One warder and one sweeper who were arrested by police in connection with the same incident have been placed under suspension.

## বর্ধমানে রবীন্দ্রভবন

*৬২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১১।) **Shri Aswini Roy:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান শহরে রবীন্দ্রভবন নির্মাণের জন্য সরকার কোনও আবেদনপত্র পাইয়াছেন কিনা;

(খ) পাইয়া থাকিলে, (১) কোন্ সময় পাইয়াছেন এবং উহাতে কি কি বিষয়ের উল্লেখ আছে; (২) এবিষয়ে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Education Department:** (ক) হ্যাঁ, পেয়েছেন।

(খ) বর্ধমান জেলা সমাজ শিক্ষা আধিকারিক মহাশয়ের স্মারক নং ১৬১/আর, আর, তারিখ ৭।২।৭২ ইং, মারফত ১৯৭২ সালের ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি পেয়েছেন। ঐ আবেদনপত্রে বর্ধমান রবীন্দ্র পরিষদের বিশদ বিবরণী, পরিষদের কার্য নির্বাহক সমিতির সদস্যদের তালিকা এবং পরিকল্পনার খসড়া ও আনুমানিক ব্যয়ের উল্লেখ আছে।

(২) সরকার এ পর্যন্ত ৬০,০০০ টাকা দিয়েছেন।

## বাঁকুড়া জেলার ধীবরদের আর্থিক সাহায্য

*৬৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮২।) **Shri Kashinath Misra:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে ধীবরের সংখ্যা কত; এবং

(খ) তাদের কোন আর্থিক সাহায্য দেওয়া হয়ে থাকলে কি কি বাবতে?

**The Minister for Fisheries Department:** (ক) বাঁকুড়া জেলায় বর্তমান ধীবরের সংখ্যা ৬,৩৭০ জন।

(খ) উপযুক্ত ক্ষেত্রে ধীবরদের বিভিন্ন সময়ে নিম্নলিখিত প্রকল্পগুলির অধীনে মৎস্য দপ্তর হইতে আর্থিক সাহায্য দেওয়া হইয়াছে:

(১) মৎস্য চাষ প্রসারের জন্য পশ্চিমবঙ্গের দরিদ্র মৎস্যজীবী ও তাহাদের সমবায় সমিতিকে দেওয়ার প্রকল্প,

(২) মৎস্যজীবীদের সামাজিক ও আর্থিক উন্নতির প্রকল্প; এবং

(৩) নির্বাচিত পুকুরের মালিক মৎস্য চাষীদের পুকুর সংস্কার ও পুকুরে মাছ চাষ করিবার জন্য বিঘা প্রতি ১০০ টাকা ঋণ দান প্রকল্প।

## এম, এফ, ভি, 'রোহিত' লঞ্চ

*৬৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৮।) **Shri Sudhir Chandra Das:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এম, এফ, ভি, 'রোহিত' নামক লঞ্চটি বর্তমানে কোথায় আছে;

(খ) ইহা কি সত্য, ঐ লঞ্চটি (১) বহুদিন যাবত অচল অবস্থায় পড়িয়া আছে;
(২) মেরামতের জন্য বহু টাকা খরচ হওয়া সত্ত্বেও এখনও সচল হয় নাই;

(গ) সত্য হইলে, কত টাকা এ পর্যন্ত ব্যয় হইয়াছে এবং কবে সচল হইবে; এবং

(ঘ) উক্ত লঞ্চটির মেরামতের দায়িত্ব কাহাকে দেওয়া হইয়াছিল?

**The Minister for Home (Transport) Department:** (ক) লঞ্চটি এখন নামখানায় আছে।

(খ) (১) লঞ্চটি ১৯৭০ সালের মে মাস হইতে অচল অবস্থায় আছে।

(২) মেরামতের জন্য বহু টাকা খরচ হয় নাই।

(গ) এ যাবৎ মেরামতের জন্য ৯,৩৫৭ টাকা ৫৭ পয়সা খরচ হইয়াছে। লঞ্চটি কবে সচল হইবে বর্তমান অবস্থায় বলা সম্ভব নয়।

(ঘ) লঞ্চটির মেরামতের দায়িত্ব বর্তমানে স্বরাষ্ট্র পরিবহণ বিভাগের অধীনে ইনল্যাণ্ড ওয়াটার ট্রান্সপোর্ট উইং-এর ইঞ্জিনিয়ার ও চীফ সিপ সার্ভেয়ারের উপর ন্যস্ত।

## বীরভূম জেলা প্রাথমিক বিদ্যালয় পর্ষদ

*৬৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৫।) **Shri Harendra Nath Halder:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরভূম জেলার প্রাথমিক বিদ্যালয় পর্ষদ গত ৭ই নভেম্বর, ১৯৬৮, মেমো নং ৯৮৭০, বলে পাঁচজন শিক্ষিত বেকারকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া সত্বেও উহারা আজ পর্যন্ত কোন বেতনাদি পাচ্ছেন না; এবং

(খ) অবগত থাকিলে, ইহার কারণ কি?

**The Minister for Education Department:** (ক) এবং (খ) বীরভূম জেলা বিদ্যালয় পর্ষদের অনুমোদনক্রমে ঐ পর্ষদ ঐ শিক্ষকগণকে কোনও নিয়োগপত্র দেন নাই। তদানীন্তন বীরভূম জেলা স্কুলবোর্ডের সভাপতিমহাশয় জেলা বিদ্যালয় পরিদর্শকমহাশয়ের বিনা সুপারিশে এবং বীরভূম জেলা শিক্ষা পর্ষদের অনুমোদন ব্যতিরেকে উক্ত নিয়োগপত্রগুলি দেন। ব্যক্তিগত দায়িত্বে নিয়োগপত্র ছাড়ায় এবং পর্ষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপিত না করায় বীরভূম জেলা বিদ্যালয় পর্ষদ বেতনাদি সংক্রান্ত কোনও দায়িত্ব লন নাই। বিষয়টি এখন বিচারধীন আছে। এই ব্যাপারে মহামান্য কলিকাতা হাইকোর্টে তুইটি মামলা ও স্থানীয় রামপুরহাট মুনসেফী আদালতে একটি মামলা চলিতেছে। এ বিষয়ে বর্তমানে কিছু করার নাই।

## উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে নূতন বাস

*৬৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮২।) **Shri Ramendra Nath Dutt:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে ১৯৭২-৭৩ সালে কোন নূতন বাস চালু করার পরিকল্পনা আছে কি না, এবং থাকিলে, কয়টি?

**The Minister for Home (Transport) Department:** হাঁা। ইতিমধ্যে ২টি মিনিবাস সহ ২৭টি বাস চালু করা হইয়াছে। ১৯৭২-৭৩ সালের বাকী সময়ে উক্ত রাষ্ট্রীয় পরিবহণে আরও ৬২টি নূতন বাস চালু করার পরিকল্পনা আছে।

## বনহুগলি টেনামেন্ট স্কীম

*২৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৮।) **Shri Shibapada Bhattacharjee:** উদ্বাস্তু ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বনহুগলি টেনামেন্ট স্কীমের কাজ শেষ হইয়াছে কিনা;

(খ) না হইলে, এই স্কীমের কাজ কবে আরম্ভ হইয়াছিল এবং এখনও শেষ না হওয়ার কারণ কি; এবং

(গ) এই স্কীমের অন্তর্ভুক্ত বাড়িগুলি কি উদ্দেশ্যে করা হইয়াছে; এবং ঐ বাড়ীগুলি বর্তমানে কি অবস্থায় আছে?

**The Minister for Refugee Relief and Rehabilitation Department** : (ক) হ্যাঁ।

(খ) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

(গ) পূর্ববাংলা থেকে আগত শরণার্থীদের পুনবাসনকল্পে এই বাড়ীগুলি তৈরী হয়েছিল। বাড়ীগুলির অধিকাংশো জবর দখল হয়েছে। এ ছাড়া কিছুসংখ্যক বাড়ীতে একটি হাসপাতাল চলছে। কয়েকটি বাড়ী অন্যভাবে ব্যবহৃত হচ্ছে এবং কয়েকটি বর্তমানে খালি আছে।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the Table)**

### সেরামিক ও রিফ্র্যাক্টরী কারখানা

৩৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৯।) **Shri Niranjan Dihidar** : শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল শিল্পাঞ্চলে বর্তমানে কতগুলি সেরামিক ও রিফ্র্যাক্টরী কারখানা আছে; এবং

(খ) ঐগুলিতে কত শ্রমিক নিয়োজিত আছেন এবং এই শিল্পে শ্রমিকদের সর্বনিম্ন বেতন কত?

**The Minister for Labour** : (ক) আসানসোল শিল্পাঞ্চল বলিতে কতটা অঞ্চল বোঝায় তাহা সঠিক না জানা থাকায় বর্ধমান জেলার মহকুমা অনুযায়ী সংখ্যা দেওয়া হইল—

| | |
|---|---|
| (১) দুর্গাপুর মহকুমা | ৫টি |
| (২) আসানসোল মহকুমা | ৫টি |
| বর্ধমান জেলায় মোট | ১০টি |

(খ) (১) ১৯৭১ সালের তথ্য অনুযায়ী দৈনিক গড় শ্রমিক সংখ্যা—

| | |
|---|---|
| দুর্গাপুর মহকুমা | ১,৮১৯ |
| আসানসোল মহকুমা | ১,৩৭২ |
| বর্ধমান জেলায় মোট | ৩,১৯১ |

(২) সর্বনিম্ন বেতন (প্রতিদিন)

| | |
|---|---|
| পুরুষ | ২'৩৭ টাকা |
| মহিলা | ২'০০ ,, |

### বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজের কাঁচা রাস্তা

৩৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৫২০।) **Shri Kashinath Misra** : পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ-হাসপাতালের অন্তর্গত বিভিন্ন রাস্তা এখনও কাঁচা অবস্থায় থাকায় বর্ষাকালে কাজকর্মের বিশেষ অসুবিধা হয়; এবং

(খ) অবগত থাকিলে, ঐ রাস্তাগুলি পাকা করার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Public Works :** (ক) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজের দুইটি অংশ আছে; গোবিন্দনগর ক্যাম্পাস (নূতন) এবং লোকপুর ক্যাম্পাস (পুরাতন)। গোবিন্দনগরের 'কম্পাউণ্ড' রাস্তাগুলি পাকা, কিন্তু লোকপুরের 'কম্পাউণ্ড' রাস্তাগুলি 'মুরাম' দিয়া বাঁধানো। 'মুরামের' রাস্তায় বর্ষাকালে সাময়িক অসুবিধা হইয়া থাকে।

(খ) লোকপুর 'কম্পাউণ্ডের' রাস্তাগুলি পাকা করিবার জন্য টেণ্ডার ডাকা হইয়াছে এবং বর্ষার পরে কাজ আরম্ভ হইবে।

## ক্যান্সার

৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬১।) **Shri Netaipada Sarkar :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে ক্যান্সার রোগের ক্রমশঃ বিস্তার ঘটিতেছে; এবং

(খ) সত্য হইলে, ইহার চিকিৎসার সুযোগ বৃদ্ধি ও প্রতিরোধের বিষয়ে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Health :** (ক) এরূপ তথ্য জানা নাই।

(খ) (১) এন আর এস মেডিক্যাল কলেজ হাসপাতালে একটি কোবাল্ট টেলিথেরাপী ইউনিট বসাবার প্রকল্প অনুমোদন করা হয়েছে।

(২) কলিকাতার চারটি হাসপাতালে ও কল্যাণীর একটি হাসপাতালে উচ্চক্ষমতাসম্পন্ন সেসিয়াম ইউনিট বসাবার প্রকল্প অনুমোদন করা হয়েছে।

(৩) কলিকাতার দুটি হাসপাতালে ক্যান্সার ডিটেকশান সেন্টার স্থাপনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি কেনা বাবদ ১,৮৮,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

(৪) কলিকাতার হাসপাতালে ক্যান্সার শয্যা বাড়াইবার ও অন্য দুটি হাসপাতালে ক্যান্সার শয্যা ব্যবস্থার জন্য প্রয়োজনীয় নির্মাণকার্য অনুমোদন করা হয়েছে।

## ধ্বংসের পথে হস্তচালিত তাঁতশিল্প

৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮।) **Shri Netaipada Sarkar :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, "মিল প্রিন্ট শাড়ী" ও "সুতার মূল্যবৃদ্ধি" হস্তচালিত তাঁতশিল্পকে ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে, এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Cottage and Small Scale Industries :** (ক) "মিল প্রিন্ট শাড়ী" তাঁতের শাড়ী বিক্রয়ের বিশেষ কোন ক্ষতি করে নাই। সুতার মূল্যবৃদ্ধি এই শিল্পের বর্তমান অন্তরায় এবং এ সম্পর্কে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতেছেন।

(খ) একটি টেক্সটাইল কর্পোরেশন গঠন করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে এবং তাহার মাধ্যমে সরাসরি সুতাকল হইতে পাইকারী হারে সুতা সংগ্রহ করিয়া খুচরা বিক্রয়কেন্দ্র মারফত উচিত মূল্যে তাঁতিদের সরবরাহ করা হইবে।

## কল্যাণী সুতাকল

৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯।) **Shri Netaipada Sarkar :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী সুতাকল হইতে হস্তচালিত তাঁতশিল্পীদের সুতা সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কিভাবে এবং কাহার মারফত এইরূপ সুতা সরবরাহ করা হইবে?

**The Minister for Cottage and Small Scale Industries :** (ক) হ্যাঁ।

(খ) একটি টেক্সটাইল কর্পোরেশন গঠন করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে এবং তাহার মাধ্যমে কল্যাণী সুতাকল হইতে পাইকারী হারে সুতা সংগ্রহ করিয়া খুচরা বিক্রয়কেন্দ্র মারফত উচিত মূল্যে তাঁতীদের সরবরাহ করা হইবে।

## পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের অধীনে গাড়ী

৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৪।) **Shri Ramendra Nath Dutta :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্ট-এর অধীন ডিফারেন্ট ক্যাটাগ্যাগরির কতগুলি সরকারী গাড়ী আছে, এবং

(খ) ঐ সমস্ত গাড়ীর জন্য ১৯৭১-৭২ সালে—

(১) পেট্রোল বাবদ;

(২) অন্যান্য জ্বালানি বাবত,

(৩) রিপেয়ার বাবত,

(৪) ড্রাইভার এবং ক্লীনার-এর বেতন বাবত; এবং

(৫) ড্রাইভার এবং ক্লীনার-এর ওভারটাইম বাবত মোট কত টাকা খরচ হয়েছে?

**The Minister for Health :** (ক) জীপ ৩১ (১টি কনডেমণ্ড)

| | |
|---|---|
| অ্যাম্বাসাডার | ৬ |
| পিক-আপ-ভ্যান (১টি অ্যাম্বাসাডার মার্ক ২ ভ্যান সহ) | ৬ |
| লরী | ৩ |
| পাওয়ার ওয়াগন | ৬ (২টি কনডেমণ্ড) |
| স্টেশান ওয়াগন | ১ |
| মোট— | ৫৩ |

(খ) (১) ও (২) টাকা ১,১৫,৮৫৩·০০

(৩) টাকা ১২,৮৭০·০০

(৪) টাকা ২,১৯,৭৪৪·৭০

(৫) টাকা ২২,৯০৯·৮০

## চামড়া বাবত আয়

৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১২২।) **Shri Harendra Nath Majumdar :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সারা পশ্চিমবঙ্গে চামড়া বাবত বৎসরে গড়ে কত টাকা সরকারের আয় (ইনকাম) হয়;

(খ) এই চামড়া দিয়ে পশ্চিমবঙ্গের কোথায় কোথায় শিল্প কারখানা খোলা হয়েছে; এবং

(গ) নূতন কোন চামড়া শিল্প কারখানা খোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি?

**The Minister for Commerce and Industries** (ক) এই আয় সম্বন্ধে এই মুহূর্তে কোন নির্ভরযোগ্য তথ্য সরকারের হাতে নাই।

(খ) প্রধানতঃ কলিকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলসমূহে।

(গ) এ সম্বন্ধে সরকারী উদ্যোগের কোন পরিকল্পনা আপাততঃ নাই।

**Public Sector Undertaking**

**347.** (Admitted question No. 1208) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) the causes of arresting progress and growth potentials of the Public Sector Undertakings in the last three years; and

(b) what steps, if any, the Government is contemplating to reorganise the management structure of the Public Sector Undertakings on sound business principles and for better performance in the future?

**The Minister for Public Undertakings**. (a) The causes of arresting progress of 10 Public Undertakings under the control of this Department are as follows:

(1) Dearth of orders due to recession

(2) Labour unrest causing strikes, bandhs, go-slow and other troubles.

(3) Scarcity of raw materials

(4) Difficulty in procurement of spares, stores, etc

(5) Idle capacity.

(6) Organisational and managerial drawbacks.

(7) Neglect in maintenance of equipments and machineries causing breakdowns of plants.

(8) Financial stringency.

(b) The following steps have since been taken by the Government:

(1) To ensure better administrative control over the Public Undertakings, Department of Public Undertakings has been created so that the officers of the Department may cause a deep probe into maladies of each Public Undertakings with an element of involvement and a close liaison is being maintained between Government and all these organisations.

(2) The management structures of the Public Undertakings are being reorganised so as to make them efficient and dynamic.

(3) The Board of Directors of the Public Undertakings are being reconstited with persons having long practical experience.

(4) Steps are being taken to ensure better relation between the management and employees.

(5) Steps are being taken to utilise idle capacity.

(6) Steps are being taken to have a reserve of spare with necessary forward planning.

(7) Necessary strees is being laid for proper maintenance of the machines.

**E. P. O., Mukhya Sevika and Sevikas**

**348.** (Admitted question No. 1243.) **Shri Adya Charan Dutta** : Will the Minister-in-charge of the Community Development Department be pleased to state—

(a) the number of E.P.O., Mukhya Sevika and Sevikas in Murshidabad-Jiaganj and Nabagram Blocks ; and

(b) whether all the Anchals of the above two Blocks are covered by Gram Sevaks ?

**The Minister for Community Development** : (a) In each of Murshidabad-Jiaganj and Nabagram Blocks the number of officers is as follows :

E. P. O.—1

Mukhya Sevika—1

Gram Sevikas—2

There is no post like Sevikas in Community Development Blocks The designation of the post is Gram Sevikas

(b) Yes

**Salaries and allowances of the orderly peons**

349 (Admitted question No. *1236.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that the salaries and other allowances of the orderly peons appointed by the Ministers, Ministers of State and Deputy Ministers have recently been reduced from a higher scale to a lower pay ;

(b) if so, what are the causes for such reduction in wages of this particular class of employees ;

(c) what is the total emolument received by these orderly peons every month (including tiffin money, house rent allowance, medical allowance, etc ) during the period from 20th March, 1672 to 30th June, 1972 ; and

(d) the proposed emoluments ?

**The Minister for Finance** : (a) No.

(b) and (d) Do not arise.

(c) Each orderly draw emoluments varying from Rs. 164.35—213 35 per month (excluding tiffin money) depending on length of service rendered. A tiffin allowance was drawn at the rate of 75 paise per day for duty beyond normal prescribed office hours.

## গৃহনির্মাণ প্রকল্প

৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১২১২।) **Shri Sudhir Chandra Das :** গত ৫ই মে, ১৯৭২ তারিখে প্রদত্ত অতারকিত ২৮৬নং (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৪) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অবশিষ্ট গৃহনির্মাণের কার্য সম্পন্ন করার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ;

(খ) অবশিষ্ট গৃহনির্মাণের জন্য কত টাকা ব্যয় হইবে, এবং গৃহনির্মাণের কার্য কবে শেষ হইবে ;

(গ) যে দরজা, জানালা, ইত্যাদি চুরি গিয়াছে তাহার মূল্য কত ; এবং

(ঘ) কবে নাগাদ ঐ শিক্ষা প্রতিষ্ঠান খোলা সম্ভব হইবে ?

**The Minister for Education :** ক) গৃহনির্মাণের কার্য সম্পন্ন করার জন্য পূর্বে ৮,০০,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছিল। ১৯৭১ সালে অতিরিক্ত আরও ৯,৪৬,৬৩৫ টাকা মঞ্জুর করা হয়।

(খ) গৃহনির্মাণের অবশ্যপ্রয়োজনীয় কাজ শেষ করিবার জন্য মোট ১৭,৪৬,৬৩৫ টাকা ব্যয়ের হিসাব ধরা হইয়াছে। ইহার মধ্যে ১৯৭২ সালের ৩১শে মার্চ পর্যন্ত ৯,৭১,৬৬৯ টাকা ব্যয় হইয়াছে। এই বাড়ীর কন্ট্রাক্টার তাহার পাওনা-সংক্রান্ত ব্যাপারে যে সালিশী মানিয়াছেন উহার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত (ফাইন্যাল অ্যাওয়ার্ড অব আরবিট্রেশন) গৃহনির্মাণের কাজ কবে শেষ হইবে তাহা বলা সম্ভব নহে।

(গ) ৪১টা দরজা ও জানালা চুরি গিয়াছে যাহার মোট মূল্য ২,৩৬৮ টাকা।

(ঘ) গৃহনির্মাণের কাজ শেষ না হওয়া পর্যন্ত এই শিক্ষা প্রতিষ্ঠান খোলা সম্ভব হইবে না।

## কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক

৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৭।) **Shri Aswini Roy :** সমবায় বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম বাংলার কয়েকটি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ককে বাতিল করা হয়েছে ; এবং

(খ) সত্য হইলে, (১) উক্ত ব্যাঙ্কগুলির নাম, (২) প্রতিটি ব্যাঙ্কের ওভারড্রাফ্‌টের পরিমাণ ও (৩) বাতিল করার কারণ ?

**The Minister for Co-operation :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## দুর্গাপুর-পুরুলিয়া-আরামবাগ বাস রুট

৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯৯।) **Shri Kashinath Misra :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে দুর্গাপুর-পুরুলিয়া ও দুর্গাপুর-আরামবাগ (ভায়া বাঁকুড়া) রুটের ডি, এস, টি, এস, (এক্সপ্রেস ও প্যাসেঞ্জার) বাসগুলি প্রায় প্রতিদিনই ব্রেকডাউন হয় এবং যাত্রীসাধারণের বিশেষ অসুবিধা হয় ;

(খ) অবগত থাকিলে, কি,

(১) এইরূপ ব্রেকডাউন হওয়ার কারণ এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Home (Transport)**: (ক) গত জুন মাসে দুর্গাপুর-আরামবাগ (ভায়া জয়রামবাটি) রুটে ৪টি বাস ব্রেকডাউনের ঘটনা ঘটেছিল।

(খ) (১) রাস্তার অবস্থা খারাপ ও কিছু বাস পুরাতন বলিয়া।

(২) পুরাতন বাসগুলির বদলে নূতন বা ভাল বাস চালু করা শীঘ্র সম্ভব হবে বলে আশা করা যায়।

## Durgapur Projects Ltd.

353. (Admitted question No. 1278.) **Shri Aswini Roy**: Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) whether the Government have any scheme of possible elimination of the payment of overtime in the Durgapur Projects Ltd. by replacement of regular employment; and

(b) if so—

(i) the details of the scheme;

(ii) when the scheme is likely to be implemented; and

(iii) the number of expected new employments?

**The Minister for Public Undertakings**: (a) No.

(b) Does not arise.

## ধ্বংসের পথে পাওয়ারলুম শিল্প

৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৯।) **Shri Netaipada Sarkar**: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে সুতার মূল্য অত্যন্ত বৃদ্ধি পাওয়ায় পাওয়ারলুম শিল্প ধ্বংসের পথে এসে দাঁড়িয়েছে ও ফলে হাজার হাজার পাওয়ারলুম শ্রমিক বেকার হতে চলেছেন; এবং

(খ) অবগত থাকিলে ইহা প্রতিকারের জন্য সরকার কোন পরিকল্পনা করেছেন কি না এবং করে থাকলে তাহা কি?

**The Minister for Cottage and Small Scale Industries**: (ক) সুতার বর্তমান মূল্য সম্বন্ধে সরকার অবগত আছেন। এই শিল্পে ৪০নং এবং ৬০নং সুতাই বেশী ব্যবহৃত হইয়া থাকে।

গত ফেব্রুয়ারি-মার্চ মাসের এবং বর্তমানে উপরোক্ত নম্বরের সুতা ও সাইজড্ বিম-এর তুলনামূলক মূল্য নিম্নে প্রদত্ত হইল:

সুতা—

ফেব্রুয়ারি-মার্চ, ১৯৭২

প্রতি ৫ কেজি

৪০নং—টাকা ৭৩.০০

৬০নং—টাকা ৯২.০০

বর্তমানে

৪০নং—টাকা ৬৮.০০

৬০নং—টাকা ৯৫.০০

সাইজড্ বিম—

ফেব্রুয়ারি-মার্চ, ১৯৭২

প্রতি ৫ কেজি

২৮নং—টাকা ১৫·৩৫

৩২নং—টাকা ১৫·৭৫

বর্তমানে

২৮নং—টাকা ১২·৬১

৩২নং—টাকা ১৩·১১

উপরোক্ত বর্তমান মূল্য অনুযায়ী পাওয়ারলুম শিল্প ধ্বংসের পথে যাওয়ার বা ঐ শিল্পে নিযুক্ত শ্রমিকবৃন্দের বেকার হওয়ার কোন সম্ভাবনা নাই।

(খ) নিম্নলিখিত দুইটি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে :

(১) ওয়েস্ট বেঙ্গল স্টেট পাওয়ারলুম অ্যাপেক্স কো-অপারেটি সোসাইটি লিমিটেডের মাধ্যমে সমুদয় পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটিগুলিকে ন্যায্য দরে সূতা বণ্টন করিবেন ; এবং

(২) একটি স্টেট টেক্সটাইল কর্পোরেশন গঠন করিয়া তাহার মাধ্যমে অন্যান্য পাওয়ারলুম সংস্থাগুলিকে ন্যায্য দরে সূতা বণ্টন করিবেন।

## জেলাওয়ারী টি আর ও জি আর

৩৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৩।) **Shri Abdul Bari Biswas** : ত্রাণ এবং সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের ৭ই মে হইতে ২৭শে জুন পর্যন্ত জেলাওয়ারীভাবে টি আর এবং জি আর বাবত ব্যয়ের পরিমাণ কত,

(খ) উক্ত সময়ে জেলাওয়ারীভাবে শ্রমিকদের টি আর-এর কাজে গড়ে কাজের দিন (ওয়ার্কিং ডে) কত ছিল, এবং

(গ) ঐ সময়ে টি আর-এর কাজে জেলাওয়ারীভাবে দৈনিক গড়ে কতজন শ্রমিক কাজ পাইয়াছে ?

**The Minister for Relief and Social Welfare** : (ক), (খ) এবং (গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

### Taxes levied on people by Panchayats, Murshidabad

356. (Admitted question No. 1119.) **Shri Adya Charan Dutta** : Will the Minister-in-charge of the Panchayats Department be pleased to state the amount of various kinds of taxes levied on people by each Panchayat of Murshidabad-Jiaganj and Nabagram Blocks year by year for the last two years and tolal amount realised in each year by each Anchal Panchayat ?

**The Minister of State-in-charge of the Panchayats** : A statement furnishing the required information has been laid on the Library Table.

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** The Minister-in-charge of the Irrigation and Waterways Department will please make a statement on the subject of dislodging of certain inhabitants of Salt Lake area due to execution of Calcutta Extension Scheme—Attention called by Shri Lal Bahadur Singh on the 4th August 1972.

**Shri Suniti Chattoraj :** Sir, in connection with the execution of the Northern Salt Lake City Extension Scheme acquisition of a large area including the land in mauza Duttabad and Gharbhanga Paschim was considered essentially necessary. It was decided that the land owners would be evicted from those places on payment of compensation according to Land Acquisition Act and the evicted persons would be rehabilitated in a site in mauza Dhapa, P. S. Bhangore, 24-Parganas, on payment of requisite salami, which was calculated on 'no profit and no loss' basis. The whole area would be developed at an estimated cost of about 32 lakhs and each of the evicted families entitled to get compensation under the Land Acquisition Act would be provided with a 2 cottah plot.

The rehabilitation site would have bore hole latrines in each plot. The road would be 12 ft. wide pucca road with brickfiat soling in Jhama and stone blast. A number of tubewells for cbtaining drinking water according to the public health standard would be sunk at the rehabilitation site. Suitable land has been set apart in that area for establishment of a health clinic. Sufficient space has been left for a play-ground or a park. Suitable space has also been left for a school in that area. This department has agreed to lease out a plot to the C.E.S.C. for supply of electricity to the rehabilitation site.

In this connection it may be noted that in the land Acquisition Act there is provision for compensation only for acquisition of land and structure. The Government out of humanitarian consideration have taken up the question of rehabilitation with facilities for drinking water, open space, pathways, etc. If anybody is aggrieved over Collector's Award he may make reference to proper quarter, for redress. Irrigation and Waterways Department cannot do anything regarding that. In the interest of the Salt Lake City Extension Schemes this department has no other alternative but to evict the inhabitants of mauja Dattabad and Gharbhanga Paschim. It is not possible to allow them to live in those maujas. Government is prepared to consider their cases for allotment of land in sector II according to rules faamed for such allotment, if they so apply.

All possible amenities cannot be provide at the cost of the project. Development Department may take up for improvement of the area under the Bustee Improvement Scheme of CMDA for which ths Minister of State-in-charge of CMDA has already been intimated.

**Mr. Speaker :** I have received 3 notices of Calling Attention on the following subjects, namely :

(1) Hunger strike by weavers of Bishnupur subdivision of Bankura district since 7th July last—From Shri Kashi Nath Misra and Shri Bhabataran Chakraverty ,

(2) Murder of Shri Naren Ghosh, C.P.I. leader, on 6.7.72 (night) in a village under Dinhata P.S. of Cooch Behar district—From Shri Aswini Roy ;

(3) Attempt to murder of 2 workers of Gagalbhai Jute Mills, Howrah district, by CITU workers as a result of which one died on way to hospital—From Shri Sisir Kumar Sen.

I have selected the notice of Shri Sisir Kumar Sen on the subject of attempt to murder of 2 workers of Gagalbhai Jute Mills, Howrah district, by CITU workers as a result of which one died on way to hospital.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date.

**Shri Gyan Singh Sohanpal :** On the 11th, Sir.

### Eleventh Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the Eleventh Report of the Business Advisory Committee which at its meeting held on 7th August, 1972 in my chamber considered the question of allocation of date and time for disposal of legislative business and recommended as follows:

Friday, 11.8.72—

(i) The West Bengal Acquisition and Settlement of Homestead Land (Amendment) Bill, 1972 (Introduction, Consideration and Passing)—½ hour.

(ii) The Bengal Municipal (Amendment) Bill, 1972 (Introduction, Consideration and Passing)—½ hour.

(iii) The Public Wakfs (Extension of Limitation) (West Bengal Amendment) Bill, 1972 (Introduction, Consideration and Passing)—½ hour.

(iv) Notice under Rule 194 by Shri Aswini Roy on the subject of changing the wage rates of agricultural labourers—2½ hours.

The Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

**Shri Gyan Singh Sohanpal** : Sir, I beg to move that the Eleventh Rport of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then adopted.

[2-10—2-20 p. m.]

**MENTION CASES**

**Shri Somendra Nath Mitra** : মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি বিশেষ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সাম্প্রতিককালে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হওয়ায় দুর্দশাগ্রস্ত পশ্চিমবঙ্গের কলকারখানা এবং শিল্প বাণিজ্যে হতাশা দেখা দিয়েছে। এরফলে কলকারখানায় অপূরনীয় ক্ষতি হচ্ছে। ছোট ছোট কলকারখানাগুলি বন্ধ হয়ে যাওয়ায়, যারা দৈনিক মজুরীতে কাজ করে, পিস্ রেটে কাজ করে, সেইসব শ্রমিকরা অশুভনীয় আর্থিক সমস্যার সম্মুখীন হয়েছে। আমি তাই সরকারের কাছে আবেদন জানাচ্ছি ক্ষুদ্র ক্ষুদ্র শিল্পে যেন সরকার বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখার চেষ্টা করেন এবং বিদ্যুত যাতে বন্ধ না হয় তার প্রতিবিধানের ব্যবস্থা করেন।

**Shri Prodyot Kumar Mahanti** : মাননীয় অধ্যক্ষমহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে আমি আপনার মাধ্যমে এই হাউসের কাছে এবং সরকারের কাছে একটি বক্তব্য রাখছি বিরোধী দল সংগঠন কংগ্রেস দলের সদর দপ্তর যা ৫৯বি, চৌরংগী রোডে অবস্থিত তা পশ্চিমবঙ্গ সরকার হুকুমনামা দিয়ে দখল করে নিয়েছেন। এই বিষয়ে হাউসের সদস্যদের এবং পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আমি কিছুদিন পূর্বে আকর্ষণ করাতে মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় আপনার সামনে এক বিবৃতি রেখেছেন তারমধ্যে অনেক ভুল তথ্য, অনেক অসত্য এবং অনেক অর্ধ সত্য পরিবেশন করেছেন যা মাননীয় অধ্যক্ষমহাশয় অতি সহজেই বুঝতে পারবেন যদি আমি তারিখ ও ঘটনাগুলি আপনার সামনে রাখি। মাননীয় অধ্যক্ষমহাশয়, যে সরকার পার্লামেনটিয়ারী গণতন্ত্রে বিশ্বাস করেন বলে বলেন যে সরকার বলেছেন বিরোধী দলের অধিকার ও মর্যাদা রক্ষা করতে তাঁরা প্রতিজ্ঞাবদ্ধ—সেই সরকার আমাদের মত একটি ছোট দলের সদর দপ্তর দলের কর্মীদের দ্বারা দখল করার বহুবার চেষ্টায় ব্যর্থ হয়ে এক হুকুমনামা দিয়ে দখল করে নিলেন পরিপূর্ণ শাসন ক্ষমতার সুযোগ নিয়ে কেবলমাত্র রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য, অত্যন্ত দুঃখের সঙ্গে একথা বলতে বাধ্য হচ্ছি। (নয়েজ) আমি মাননীয় অধ্যক্ষমহোদয়, আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই অত্যন্ত বিনীতভাবে গত একবছরের ঘটনাবলী। শাসকদল গত বছর মেদিনীপুর জেলা কংগ্রেস অফিস, চব্বিশপরগনা জেলা কংগ্রেস অফিস, দমদম কংগ্রেস অফিস আমাদের পাঁশকুড়া অফিস দখল করার চেষ্টা করেছিল হুকুমনামা নিয়ে নয় নিজেদের দলের কর্মীরা কিছু অসামাজিক ব্যক্তিদের সাহায্য নিয়ে, ব্যর্থ হয়েছিলেন তারা সংগঠন কংগ্রেস নেতাদের বলিষ্ঠতার জন্য এবং জনমতের চাপের জন্য। এমন কি দিল্লীর ৭নং যন্তর মন্তর রোড আমাদের কেন্দ্রীয় অফিস দখল করার হীন চেষ্টা করেছিলেন শাসকদল, কিন্তু সেই দখল ছাড়তে বাধ্য হয়েছিলেন ম্যাজিস্ট্রেটের আদেশ বলে। এই যে অগণতান্ত্রিক রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে আমাদের কংগ্রেস ভবন দখল করলেন সরকার তার প্রতিবাদ জানাতে জননেতা শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন মহাশয় কংগ্রেস ভবনের সামনে সত্যাগ্রহ করেছেন গত ২রা আগস্ট থেকে সবক্ষণের জন্য গান্ধী আদর্শে বিশ্বাসী একজন একনিষ্ঠ কর্মী হিসাবে।

মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় তাঁর বিবৃতিতে বলেছেন ডালমিয়াকে কংগ্রেস ভবন ভাড়া দিতে চাওয়া হয়েছিল এবং সেইজন্য সরকার দখল করে নিয়েছেন ক্ষুদ্র শিল্প কর্পোরেশন এর অফিস করার প্রয়োজনে। কিন্তু মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে আমি হাউসের সামনে রাখতে চাই জনসেবক ট্রাস্ট যে কংগ্রেস ভবনের মালিক এবং যে ট্রাস্টের সোল বেনিফিসিয়ারী হচ্ছে কংগ্রেস সেই ট্রাস্টের অন্যতম সদস্য বিজয় সিংহ নাহারের উপস্থিতিতে ৩০শে জুন ট্রাস্ট সিদ্ধান্ত নেন যে, ডালমীয়াকে লীজ দেওয়া হবে না লীজের প্রপোজাল ক্যানসেল করে দেওয়া হয়।

**Shri Bijoy Singh Nahar :** অন্য লোককে ভাড়া দেওয়ার কথা ছিল, তাই ২০শে জুলাই এর মিটিং ডাকা হয়েছিল।

**Shri Prodyot Kumar Mahanti :** ১১ই জুলাই তারিখে এই কংগ্রেস ভবনটি সরকারী হুকুমনামা বলে দখল কোরে নেওয়া হোলো ডালমিয়াকে লীজ দেওয়ার প্রস্তাব ১১ দিন ক্যানসেল হওয়ার পরে। স্যার, কিরকম করে দখল নেওয়া হোল-রিকুইজিসান অর্ডারে লেখা আছে ১১-৩০ মিনিটের মধ্যে ঐ বাড়ীটি দখল নিতে হবে কিন্তু সেই নোটিশ ১২-১৫ মিনিটে ট্রাস্টের চেয়ারম্যান মিঃ পি সি সেনকে দিতে যাওয়া হোল যখন তিনি গাড়ীতে উঠেছেন কংগ্রেস ভবনের ফটকের কাছে বাড়ী যাওয়ার জন্য। তারপর ১২-৩০ মিনিটে ল্যাণ্ড অ্যাকুইজিশনের কর্মচারীরা কয়েকগাডী পুলিশ নিয়ে ঐ বাডী দখল নেওয়ার চেষ্টা করে তালা ভেঙে। এই কাজে আপত্তি জানালে ট্রাস্টের অন্যতম সদস্য এবং কয়েকজন যুবকর্মীকে অ্যারেস্ট করে লাঞ্ছিত করে তালা ভেঙে বেলা ৩-৩০ মিনিটে দখল নেওয়া হোল সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে অগণতান্ত্রিক পথে। (নয়েজ)

**Mr. Speaker :** Honourable Members, Shri Mahanti is the single Member of the opposition attending this House to day please allow him to make the statement. You will have enough time to speak.

**Shri Prodyot Kumar Mahanti :** যদিও বাড়ী এইভাবে দখল নেওয়া হোল তথাপ ২১ জুলাই পর্যন্ত অর্থাৎ সত্যাগ্রহ আরম্ভ হওয়ার দিন পর্যন্ত কোনরূপ বাধা না থাকা সত্ত্বেও ঐ ভবনে ক্ষুদ্র শিল্প কর্পোরেশনের কার্যে ব্যবহারের কোন উদ্যোগ আয়োজন দেখা গেল না। স্যার, সরকার যেখানে বিরোধী দলকে কাজ করতে দেবেন প্রতিশ্রুতিবদ্ধ সেখানে এইভাবে বিরোধী দলের অফিস দখল করে নিয়ে বিরোধী দলকে কাজ করতে দিচ্ছে না। এর আগে বহুবার চেষ্টা করে দখল করতে না পেবে সরকারী হুকুমনামায় দখল করে নিলেন। আমার অফিস যেখানে এভাবে বেদখল সেখানে আমি এখানে বিরোধী দল হিসাবে কিভাবে কাজ চালাবো বুঝে উঠতে পারছি না। যে অগণতান্ত্রিক পথে সরকার ক্ষমতার সুযোগ নিয়ে বিরোধী দলকে পর্যুদস্ত করবার, পংগু করবার ক্ষমতা ক্ষুণ্ণ করবার চেষ্টা করেছেন তার আমি প্রতিবাদ জানাচ্ছি। তাঁরা অর্থাৎ সরকার ক্ষুদ্র শিল্প কর্পোরেশনের অফিস করা হবে বলেছেন কিন্তু এই ক্ষুদ্রশিল্প কর্পোরেশনের অফিস গণেশ এভিনিউতে আছে তার কর্মচারীর সংখ্যা প্রায় ৩০০, কর্মচারীর স্থান সংকুলান যদি ওখানে না হয় তাহলে ঐ গনেশ এভিনিউর ভবনেই আরও জায়গা পাওয়া যেতে পারে তা তারা না করে চৌরংগীর এই ভবনটিকে দখল করলেন স্যার যেখানে আমাদের অফিস। এছাড়াও বারলো হাউস আছে কংগ্রেস ভবনের লাগাও। তার চারতলা খালি পড়ে আছে সেখানে কিছু করলেন না চৌরংগীর কংগ্রেস ভবন দখল করে নিলেন, বিরোধী দলেব অফিস দখল করলেন।

মুখ্যমন্ত্রিমহাশয় অনেক ভুল তথ্য, অর্ধ সত্য, অসত্য তথ্য রেখে প্রকৃত উদ্দেশ্য ঢাকতে চেয়েছেন আমি তাঁর বিবৃতির প্রতিবাদ করছি, বিরোধী দলের ক্ষমতা খর্ব করবার ষড়যন্ত্রের প্রতিবাদে আমার দলের সিদ্ধান্ত অনুসারে আমি চলতি অধিবেশন বর্জন করছি। শেষে অধ্যক্ষমহাশয়, আমি এইকথা বলে শেষ করতে চাই—

I consider myself really unfortunate to lose your Company, Mr. Speaker Sir, and the Company of the members of this learned House temporarily.

Thank you, Sir.

**Shri Bijoy Singh Nahar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য শ্রীপ্রদ্যোত মহান্তি যে কথা বললেন তাঁর তথ্যে ভুল রয়েছে। প্রথম কথা হল জনসেবক ট্রাসটের বাড়ী ৬৯ বি চৌরঙ্গী রোড তার সঙ্গে একটা ছোট বাড়ী আছে এবং একটা বড় বাড়ী আছে। সংগঠন কংগ্রেস আগে বড় বাড়ীটায় ছিল। সেটা ছেড়ে দিয়ে ছোট বাড়ীতে তারা গেছে। বড় বাড়ীর সংগে সংগঠন কংগ্রেসের কোন সম্পর্ক নেই এবং ছিল না জনসেবক ট্রাসটের এই বাড়ী খালি ছিল। তাদের সম্পাদক শ্রীঅশোক কৃষ্ণ দত্তের একটা Statement আছে যে এই বড় বাড়ীর সঙ্গে সম্পর্ক নেই। আমি এই ট্রাসটের মধ্যে আছি। আমি ট্রাসটের মিটিংএ উপস্থিত ছিলাম। সেদিন সিদ্ধান্ত হয়েছিল যে ডালমিয়াকে ভাড়া দেওয়া হবে না আমি এর কথা হাউসে আর একদিন বলেছি এবং সংগে সংগে আর একটি সিদ্ধান্ত নেওয়া হয় যে এই বাড়ী ভাড়া দেওয়া হবে এবং তারজন্য ভাড়াটিয়া খোঁজ করা হবে। আর একটি মিটিং ২০ তারিখে ডাকা হয়েছিল। ভাড়াটিয়া ঠিক করে টার্মস অ্যাণ্ড কনডিসানস যা দেবেন তা ঠিক করা হবে। সংগঠন কংগ্রেসের এতে কিছু বলার নেই এই সমস্ত খালি বাড়ী এবং ভাড়া দেবার যে প্রস্তাব আসার মধ্যে অন্য কাউকে সেটা ভাড়া না দিয়ে সরকার নিচ্ছেন এখন খালি বাড়ী অন্যকে যা ভাড়া দিতেন তাই নিচ্ছেন তার বিরুদ্ধে তিনি প্রতিবাদ জানিয়েছেন তারজন্য আমি দুঃখিত।

[2-20—2-30 p.m.]

**Shri Aswini Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, গত কয়েকদিন ধরে অধিকাংশ সদস্য এই বিদ্যুৎ সংকটের কথা বলেছেন এবং আমাদের Public Undertaking-এর মিনিস্টারও কয়েকবার তার জবাব দিয়েছেন। আজকে দুর্গাপুর প্রজেক্টে যে থার্ম্যাল পাওয়ার, সেই থার্ম্যাল পাওয়ারের অবস্থা কী? সেই থার্ম্যাল পাওয়ারের ৫টি জেনারেটর যদি এক সংগে কাজ করে তাহলে ২৮৫ মেগাওয়াট বিদ্যুৎ তৈরী করতে পারে। সেই ৫টি জেনারেটরের মধ্যে এতদিন পর্যন্ত তিনটে তো অচল ছিল দুটো চলছিল। কিন্তু গতকাল থেকে ঐ চালু দুটোর মধ্যে আবার একটা বন্ধ হয়ে গেছে। এখন একটাই চলছে, এই একটা জেনারেটার চলার ফলে মাত্র ৪০ থেকে ৫০ মেগাওয়াট বিদ্যুৎ সেখানে তৈরী হচ্ছে। যার ফলে ঐ D.P.L.এর লোক্যাল Consumption বাদে কলকাতার ১৫০ মেগাওয়াট বিদ্যুৎ সরবাহের যে প্রতিশ্রুতি তারা দিয়েছিলেন তাও এখন meet করতে পারছেনা। Local Consumption এর চাহিদা তারা meet করতে পারছেনা ফলে ওখানকার কলকারখানার যা রয়েছে সব বন্ধ হয়ে যাবে। এখন আপনার মাধ্যমে আবেদন—যে ৫টি জেনারেটর আমাদের আছে বলে সরকার এতদিন ধরে চীৎকার করছেন, আমাদের বিদ্যুৎ উৎপাদনী ক্ষমতা যতটুকু আছে তা সম্পূর্ণ কাজে লাগানোর চেষ্টা করা উচিত। আজ কেন ৫টি জেনারেটর থেকে একটি জেনারেটরে পরিণত হলো? এ বিষয়ে বিশেষভাবে জরুরী দৃষ্টি নিয়ে তদন্ত করা উচিত এবং অবিলম্বে এর প্রতিকারের দাবী আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে করছি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**Shri Ram Krishna Bar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

গত ৬ই আগষ্ট রাত্রি প্রায় ১২টার সময় ২৪ পরগনার বিষ্ণুপুর থানায় অন্তর্গত বলাখালি গ্রামে পুলিশের ছদ্মবেশে এক সশস্ত্র ডাকাতদল মিহির বিশ্বাসের বাড়ীতে হামলা করে। মিহির বিশ্বাসের পুত্র অতি সুকৌশলে ডাকাতদলের হাত থেকে রাইফেল ছিনিয়ে নেয়; তারপর সশস্ত্র ডাকাতদল পালিয়ে যাবার সময় পথিপর্শ্বস্থ লোকের প্রতি গুলি চালিয়ে দু-ব্যক্তিকে নিহত ও প্রায় ১১ জনকে আহত করে এবং কতকগুলি দোকানপাট লুঠ করে। ফলে সেই এলাকায়

লোকেদের মধ্যে একটা ভীতি ও সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। এই রকম ঘটনা যাতে পুনরায় ওখানে আর না ঘটে তারজন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর মৃত ব্যক্তিদ্বয়ের কালীচরণ ঘোষ, সাং জুলপিয়া ও ভানু ঘোষ, সাং অমরপোতা পরিবারদের সাহায্যের জন্য সরকারের কাছে আবেদন জানাচ্ছি। ঐ থানায় অনুরূপ আরো যে ঘটনা কিছুদিনের মধ্যে ঘটেছে সে সম্বন্ধে উপযুক্ত অফিসার দিয়ে তদন্ত করিয়ে দোষী ব্যক্তিদের শাস্তি-বিধান করা হয় এই দাবি করছি।

**Shri Pravakar Mondal :** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমার এলাকা কেতুগ্রাম কেন্দ্রের ভয়াবহ খাদ্য পরিস্থিতির কথা খাদ্যমন্ত্রী ও ত্রাণ মন্ত্রিমহাশয়ের গোচরে আনতে চাই। ঐ এলাকার পরপর তুবার প্রবল বন্যা ও এরপর প্রখর খরা হওয়ায় ফলে সেখানে খাদ্যশস্য মোটেই উৎপন্ন হয় নাই। যার ফলে সেখানকার মানুষ দিনের পর দিন অনাহারে কাটাচ্ছে কচুপাতা সিদ্ধ করে খাচ্ছে। অনতিবিলম্বে ঐ এলাকার লোকের মধ্যে ব্যাপক হারে ঋণ ও খয়রাতি সাহায্য যদি না দেওয়া হয়, তাহলে হাজার হাজার লোকের অনাহারে মৃত্যু হবে। সে বিষয়ে সন্দেহের অবকাশ নাই।

মাননীয় অধ্যক্ষমহাশয়, অত্যন্ত দুঃখের বিষয় আমার নিজের এলাকায় গিয়ে গ্রামে গ্রামে ঘুরে বেড়ালে নিরন্ন মানুষের হাহাকার আর সহ্য করতে পারা যায় না। এমন কি বর্তমানে বাড়ীতে অসুস্থ হয়ে বসে থাকা যাচ্ছে না। কেবল তাদের সেই হাহাকার ও আর্তনাদ! তাই আমি সংশ্লিস্ট মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি যে অনতিবিলম্বে ঐ এলাকায় যাতে ব্যাপক হারে সাহায্য পাঠাবার ব্যবস্থা করেন তার জন্য। অন্যথায় কোন উপায় থাকবে না। হয়তো ঐ বুভুক্ষু মানুষের পাশে দাঁড়িয়ে আমাদেরকেও সরকারের বিরুদ্ধে আন্দোলনে নামতে হবে। এই কথা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Manoranjan Halder :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিস্ট পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবং এর প্রতিকার দাবী করছি। দুঃখের কথা যে আজকে একটি পুলিশ মন্ত্রীও উপাস্থত নাই। স্যার, আপনি আমাদের এই বিধানসভার অভিভাবক; সেই হিসাবে আমি এই বক্তব্য রাখছি প্রতিকার করার চেষ্টা করবেন এই আশা রেখে। ২০ দিন আগের থেকে আজ পর্যন্ত লক্ষ্য করা যাচ্ছে যে ২৪ পরগনার মগরাহাট থানায় ব্যাপকভাবে ডাকাতি চলছে এবং এই ডাকাতির রীতি প্রকৃতিগুলি বেশ রহস্যজনক। ডাকাতরা আসছে পুলিশের ড্রেস পরে এবং তারা বাড়ীর মধ্যে প্রবেশ করছে এই বলে যে বাড়ীতে নকশালপন্থী আছে। এইভাবে বাড়ীঘরে প্রবেশ করে তারা মারাত্মক অস্ত্রশস্ত্র দেখিয়ে ডাকাতি করে চলে যাচ্ছে। এ সম্পর্কে উল্লেখ করা যেতে পারে যে ২০ দিন আগে মগরাহাট থানার মূলটি অঞ্চলে একটি পুলিশ ক্যাম্পের উপর ঐ ডাকাতরা আক্রমণ করে এবং উভয় পক্ষে গুলি বিনিময় হয়, এবং সেখানে একজন পুলিশ কনষ্টেবল মারা যায়। এই ব্যাপারে কোন তদন্ত হয় নি আজ পর্যন্ত বা কাউকে গ্রেপ্তারও করা হয় নি। আমরা যখন ও. সি. কে গিয়ে এই কথা জানালাম তখন তিনি আমাদের বললেন আমাদের উপযুক্ত স্টাফ নেই, এবং উপযুক্ত গাড়ীর ব্যবস্থাও নেই। অথচ আমরা বিশ্বস্তসূত্রে জানতে পেরেছি যে কেন্দ্রীয় সরকার আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে ১০০ খানি গাড়ী দেবে বলে জানিয়েছিল। আমি জানি আজ পর্যন্ত আমাদের এই জনপ্রিয় সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তাদের ন্যায্য পাওনা পায়নি। আমি মুখ্যমন্ত্রী তথা পুলিশ বিভাগের মন্ত্রিমহাশয়কে জানাই যে অবিলম্বে যাতে ঐ সব থানায় উপযুক্ত স্টাফ ও গাড়ীর বন্দোবস্ত করা যায় তার ব্যবস্থা যেন করেন এবং যাতে এইসব অঞ্চলে শান্তিশৃঙ্খলা বজায় থাকে তার ব্যবস্থা করতে আমি অনুরোধ জানাই।

**Shri Keshab Chandra Bhattacharya :** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার সামনে রাখছি। আমাদের যে ২৫ বছর পূর্তি হিসাবে স্বাধীনতার রজত-জয়ন্তী উৎসব হচ্ছে তাতে স্বাধীনতা সংগ্রামীদের নাকি দিল্লীতে তাম্রফলক দেবার কথা হয়েছে এবং বাংলা দেশে স্বাধীনতা যুদ্ধের জন্য সংগ্রামীদের পেনসন দেবার ব্যবস্থা সেন্ট্রাল গভর্নমেন্ট করছেন। আমার বক্তব্য হচ্ছে যে ১৯০৫ সাল থেকে ১৯৩১ সাল পর্যন্ত বাংলা দেশের বহু সংগ্রামী মানুষ স্বাধীনতার জন্য যুদ্ধ করেছে এবং সমস্ত ভারতবর্ষের সর্বত্র বাংলা দেশের অবদান সবচেয়ে বেশী। আজকে আমরা দেখলাম মাত্র ২০ জন স্বাধীনতা সংগ্রামীকে তাম্রফলক দেওয়া হচ্ছে। তাই আমি অত্যন্ত বেদনার সংগে জানাচ্ছি যে স্বাধীনতা সংগ্রামে বহু বাঙালী ফাঁসির মঞ্চে গেয়ে গেছে জয়গান। অন্তত আন্দামান দ্বীপে কয়েক শত বাঙালী জেলে ছিলেন এবং স্বাধীনতার যুদ্ধে কয়েক শত বাঙালী প্রাণ দিয়েছে—কত লক্ষ লোক জেল খেটেছে। সেখানে মাত্র সমস্ত ভারতবর্ষে হাজার লোককে তাম্রফলক দেওয়া হচ্ছে এবং সেখানে বাঙালী মাত্র ২০ জন পাচ্ছে। এটা অত্যন্ত কলঙ্কের কথা—আমি জানি বাংলা দেশের যে অবদান সেই অবদান সমস্ত ভারতবর্ষের চেয়ে বেশী—সেখানে মাত্র ২০ জন। এখানে আমার চেয়ে অনেক বয়ঃজ্যেষ্ঠরা রয়েছেন, অজয়বাবু, ভূপতিবাবু রয়েছেন—তাঁরা স্বাধীনতার জন্য সংগ্রাম করেছেন তাঁরা ভাল বলতে পারবেন। তবে আমি বলতে পারি ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে একমাত্র আন্দামানেই কয়েক শত বাঙালী জেলখানায় ছিলেন। যারা জীবনের শেষ পর্যন্ত পচে মরছেন, এখনও

[2-30—2-40 p. m.]

বাংলা দেশে বহু আছেন, সেখানে মাত্র ২০ জন কি করে সুযোগ পেলেন সেদিকে আমি দৃষ্টি আকর্ষণ করছি। এই সংগে সংগে আমাদের এই পশ্চিমবাংলার মন্ত্রীসভার কাছে বলছি যে ১৯০৫ সাল থেকে ১৯৩১ সাল পর্যন্ত কত বাঙালী আন্দামানে জেল খেটেছেন বা কত বাঙালী স্বাধীনতা আন্দোলনে জেল খেটেছেন সেই হিসাবটা যদি দিতে পারেন তাহলে আমরা সারা ভারতবর্ষকে দেখিয়ে দিতে পারি যে বাংলা দেশের অবদান স্বাধীনতা সংগ্রাম কতখানি ছিল। এ দিকে আবার আমি মন্ত্রীসভা ও প্রবীন স্বাধীনতা সংগ্রামী ও যোদ্ধাদের দৃষ্টি আকর্ষণ করে শেষ করছি।

## GOVERNMENT BILLS

### The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972

**Shri Abdus Sattar :** Sir, I beg to introduce the West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972, be taken into consideration.

**Shri Abdus Sattar :** মাননীয় অধ্যক্ষমহোদয়, কৃষিজাত পণ্যের বেচাকেনা নিয়ন্ত্রণ করার প্রয়োজনীয়তা অনেকদিন আগেই অনুভূত হয়েছিল। ১৯২৮ সালে Royal Commission of Agriculture এই দেশে কৃষিজাত পণ্যের উৎপাদন ও বিক্রয় ব্যবস্থা সম্বন্ধে অনুসন্ধান করেছিলেন এবং চাষিদের উৎপন্নদ্রব্য সুষ্ঠুভাবে বিক্রি করার জন্য নিয়ন্ত্রিত বাজার স্থাপনের সুপারিশ করেছিলেন।

এই সুপারিশ কার্যকরী করার জন্য বম্বে, হায়দ্রাবাদ, মাদ্রাজ, মধ্যপ্রদেশ এবং বেরার রাজ্যে প্রথমতঃ নিয়ন্ত্রিত বাজার আইন পাশ করা হয়। পরবর্তীকালে ১৯৪৭ সালে ডাঃ রাজেন্দ্রপ্রসাদ কর্তৃক নিযুক্ত Congress Agrarian Reforms Committee এবং ৺জহরলাল নেহেরুর সভাপতিত্বে Rural Marketing Committee নিয়ন্ত্রিত বাজার স্থাপনের ব্যাপারে বিশেষভাবে

সুপারিশ করেন। স্বাধীনতা প্রাপ্তির পর ভারতের প্রায় প্রত্যেকটি রাজ্যেই এই মর্মে আইন পাশ করা হয়। পশ্চিম বাংলায় অবশ্য অনেক পরে ১৯৬৮ সালে রাষ্ট্রপতির আইন হিসাবে পশ্চিমবংগ বাজার নিয়ন্ত্রণ আইন পাশ করা হয় এবং ১৯৭০ সালে বিধানসভায় এই আইন গৃহীত হয়।

১৯৭০ সালের পশ্চিমবংগ বাজার নিয়ন্ত্রণ আইন বা বর্তমানে চালু আছে তা অন্যান্য রাজ্যে প্রচলিত আইনগুলো থেকে একটু পৃথক ধরনের। যেমন ধরুন :

(ক) এই আইনে বাজারের বা হাটের মালিকের লাইসেন্স দেওয়ার ব্যবস্থা আছে কিন্তু কতগুলো প্রধান প্রধান, অর্থকরী শস্য, যেমন পাট ইত্যাদির পাইকারী বাজারের উপর কর্তৃত্ব করার এবং চাষীকে তার উৎপন্ন শস্যের প্রকৃত মূল্য দেবার মত কোন বিধি ব্যবস্থা নেই। এইসব পাইকারী বাজারেই চাষী তার শস্যের উপযুক্ত মূল্য পায় না এবং তার দারিদ্র ও নিরক্ষরতার সুযোগ নেয়ার জন্য একদল লোক সব সময় প্রস্তুত থাকে।

(খ) এই আইনে বাজার সমিতি বা মার্কেট কমিটির প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করে বিক্রেতার সুবিধার্থে নানারকম সুযোগ-সুবিধা সৃষ্টি করার ব্যবস্থা নাই।

(গ) এই আইনে বাজার সমিতি বা মার্কেট কমিটির নিয়ন্ত্রাধীন প্রতিযোগীতামূলক বেচাকেনার সুযোগ সৃষ্টির জন্য মুখ্য বাজার প্রাঙ্গন ও তার অধীনে ক্ষুদ্র বাজার প্রাঙ্গন সৃষ্টি করার কোন ব্যবস্থা নেই। অন্যান্য রাজ্যে কৃষককে প্রতিযোগিতামূলক বেচা অংশ নেবার জন্য বাজার প্রাঙ্গনে উৎপন্ন দ্রব্য সরাসরি নিলামে বিক্রি করার সুযোগ দেওয়ার ব্যবস্থা আছে।

(ঘ) বর্তমান আইনে সমস্ত উৎপন্ন দ্রব্য সঠিকভাবে বাজারে বেচাকেনা করার সুবিধা সৃষ্টি করতে পারছে না।

(ঙ) এছাড়া, আরও অন্যান্য কিছু ত্রুটিবিচ্যুতি বর্তমান আইনে আছে যা অবিলম্বে দূর করা প্রয়োজন।

সদস্যদের অবগতির জন্য আমি বলছি যে, বিশ্ব ব্যাংক সম্প্রতি এই রাজ্যে ৫০টি গুরুত্বপূর্ণ পাইকারী বাজারের সর্বাংগীন উন্নতির জন্য অর্থ সাহায্য দিতে প্রস্তুত আছেন। আরও উল্লেখ করা যায় যে, ভারত সরকার Agricultural Refinance Corporation, Agricultural Finance Corporation, State Bank of India প্রয়োজনীয় অর্থ সাহায্য দেবার জন্য প্রস্তুত আছেন। এই অর্থ সাহায্য নিয়ে আমরা যদি কৃষি পণ্যের বিপণন ব্যবস্থার উন্নতি বিধান করতে চাই তাহলে বর্তমান আইন সংশোধন অপরিহার্য।

সংশোধিত আইনে বেচাকেনায় একদিকে যেমন কৃষকের স্বার্থ রক্ষার ব্যবস্থা করা হয়েছে অন্যদিকে ক্রেতারও বিভিন্ন সুযোগ-সুবিধা দেবার অংগীকার রয়েছে। সংশোধিত আইনের নিম্নলিখিত বিধানগুলি বিশেষভাবে উল্লেখযোগ্য :

(ক) প্রতিটি বাজারের মালিকানা এবং ব্যবস্থাপনার জন্য এই বাজার সমিতি গঠনের ব্যবস্থা এই বাজার সমিতিতে সর্বোচ্চ সংখ্যক সদস্যসংখ্যা থাকবেন চাষী। এ ছাড়া স্থানীয় ব্যাংক, সমবায় সমিতি, ক্রেতা এবং বিক্রেতারও প্রতিনিধি রাখার ব্যবস্থা আছে।

(খ) বাজার শুল্ক আদায়।

(গ) বাজার প্রাংগন ও কেনাবেচার সুযোগ-সুবিধা সৃষ্টির জন্য বাজার সমিতির দায়িত্ব।

(ঘ) বাজার সমিতি কর্তৃক ব্যবসায়ীদের লাইসেন্স প্রদান।

(ঙ) কেনাবেচার স্থান নির্দিষ্ট করার জন্য বাজার সমিতির ক্ষমতা ইত্যাদি।

পরিশেষে, মাননীয় সদস্যদের অবগতির জন্য এই বলতে চাই যে, এই রাজ্যে ৫০টি (পঞ্চাশ) বাজারের উন্নয়নের জন্য প্রয়োজনীয় প্রকল্প বিবরণী ইতিমধ্যেই আমরা কেন্দ্রীয় সরকারের মাধ্যমে বিশ্ব ব্যাংক প্রতিনিধিদের কাছে উপস্থাপিত করেছি। এই বাজারগুলিতে আমরা

চাষীদের জন্য ব্যাংক, হিমঘর, গুদাম, প্রতিযোগিতামূলক বিক্রির ব্যবস্থা এবং ক্রেতাদের জন্য উপযুক্ত মূল্যে জিনিসপত্র ক্রয়ের ব্যবস্থা করতে পারবো এই আশা রাখি। এই বাজারগুলিতে একদিকে যেমন চাষীদের উপযোগী সবরকম যন্ত্রপাতি, বীজ ও সার ইত্যাদি বিক্রয়ের ব্যবস্থা থাকবে তেমনি ক্রেতাদের নির্দ্ধারিত ও উপযুক্ত মূল্যে সমস্ত রকম কৃষিপণ্যের বিক্রয়ের ব্যবস্থা থাকবে। এতে একদিকে লাভবান হবেন চাষী অন্যদিকে ক্রেতাও পছন্দমত জিনিস কিনতে পারবেন এবং কারো প্রতারিত হবার ভয় থাকবে না। প্রতিটি বাজার হবে গ্রামীণ অর্থনীতির প্রাণকেন্দ্র স্বরূপ।

আমি আশা করবো আমাদের এই প্রকল্প রূপায়নে আমরা মাননীয় সদস্য এবং সবস্তরের ভাইবোনদের কাছ থেকে উপযুক্ত সাড়া পাবো এবং পশ্চিম বাংলার কৃষিপণ্য বিপণন ব্যবস্থায় সত্বর একটা বিপ্লব আনতে সমর্থ হবো।

সবুজ বিপ্লবের ফলে দিকে দিকে চাষারা যেমন এগিয়ে এসেছেন উৎপাদন বৃদ্ধিতে সহযোগিতা করার জন্য তেমনি আমাদেরও উচিত তাঁদের উৎপাদিত ফসলের সর্বোচ্চ মূল্য দেওয়া। এতে চাষীরা উৎসাহিত হয়ে দেশের উৎপাদন বৃদ্ধিতে আরও এগিয়ে আসবেন এটাই কাম্য।

এই কয়েকটি কথা বলে বিলটি বিবেচনা ও গ্রহণের জন্য মাননীয় সদস্যদের আমি অনুরোধ জানাচ্ছি।

**Shri Aswini Ray:** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই যে বিলটি উত্থাপিত হল, 'পশ্চিমবঙ্গ কৃষিজাত দ্রব্য বিপনন বিধেয়ক, ১৯৭২ সাল,' ১৯৬৮।৭০ সালে যে আইন ছিল সেটাকে সংশোধন করা হচ্ছে। সেই সংশোধনের ক্ষেত্রে প্রয়োজনীয়তা সম্বন্ধে উনি বলেছেন যে বাজারের মালিক যারা, বাজারে যেসমস্ত দোকানদার বা ব্যবসায়ী আছে, তাদের কাছ থেকে তারা অন্যায়ভাবে ভাড়া নেয়। কাজেই সেই অন্যায় ভাড়া দেওয়াটা যাতে বন্ধ করা যায় তার একটা ব্যবস্থা বিলে রাখা হয়েছে এবং যাতে ন্যায্য ভাড়া বা খাজনা দেয় সেই রকম কতগুলি আইন এর মধ্যে আছে। এখন বাজারের মালিকরা ভাড়া নিচ্ছে, খাজনা নিচ্ছে অথচ বাজারের জনস্বাস্থ্যরক্ষা করার দিক থেকে একটুও দায়িত্ব নিচ্ছে না, সেই দায়িত্ব তাদের উপর দেওয়া হচ্ছে। এই দুটি উদ্দেশ্য কার্যকর করার জন্য বিলটি সংশোধন করা হচ্ছে। কিন্তু বিলের উদ্দেশ্যে বলা হয়েছে যে এগুলি করতে গেলে একটি বাজার কমিটি হবে এবং বাজার উন্নয়ন করবার দায়িত্ব সেই বাজার কমিটির হাতে থাকবে। উনি বক্তৃতার

[2-40—2-50 p.m.]

মধ্যে বললেনযে সব কিছু করা যাবে না, এই আইনে সব কিছু করার ক্ষমতা নেই। কিন্তু এই আইনে যেটা relief হিসাবে দেওয়া হয়েছে যে ছোট ছোট দোকানদারকে অন্যায় ভাড়া থেকে বাঁচানর জন্য বাজারে স্বাস্থ্য রক্ষার দায়িত্ব দেওয়া হয়েছে এবং বাজার ছোট করে তৈরী করে যাতে বড় বড় ব্যবসায়ী তাদের ব্যবসা না চালায় তারজন্য বাজারের একটা চৌহদ্দি করা হয়েছে—এটাই কি সব? এখন ঐ যে চাষী বাজারে বিক্রয় করতে যাচ্ছে—পাট বলুন, ধান বলুন, আর চাল বলুন, তাদের যে সমস্যা সেটা কি সমাধান হবে, সেটা কিন্তু আসলে সমাধান হচ্ছে না। আজকে আমরা যা কিছু করতে যাচ্ছি, আমাদের যা কিছু লক্ষ্য সেই লক্ষ্যটা কি? পঞ্চম পরিকল্পনায় আমাদের মূল লক্ষ্য বা দৃষ্টিভঙ্গী হচ্ছে যাতে price line আর না বাড়ে। সেই price line maintain করা হচ্ছে আমাদের লক্ষ্য, সেই price line যদি আমরা maintain করতে চাই তাহলে এই বিলে তার কোন ব্যবস্থা নেই। এই বাজার committee বলুন বা State Government-এর official বলুন এই আইন অনুযায়ী আমরা ঐ যে দৃষ্টিভঙ্গী ঐ যে মূল লক্ষ্য price line maintain করা সেটা সেটা আমরা করতে পারবো না। তাহলে আমরা দেখছি, যে চাষীর পৌষ, মাঘ মাসে একটি মাত্র ফসল ধান বা বর্ষার পরে পাট

সেটা যখন গঞ্জে নিয়ে যায় তখন ঐ পাট ব্যবসায়ী বলুন, ধান ব্যবসায়ী বলুন সরকারের যে নির্ধারিত দর, ধানের দর ২৫ টাকা—বাজারের সমস্ত ক্রেতারা, পাইকাররা, wholesale trader যারা কেনে, তারা ঠিক করলো যে ২৫ টাকা দর যদি থাকে এবং তারা সকলে মিলে যদি না কেনে তাহলে চাষীকে কম দামে বিক্রয় করতে হবে। তাহলে পঞ্চম পরিকল্পনায় যেখানে price line maintain করার কথা হচ্ছে, সেখানে বিলের উদ্দেশ্য হচ্ছে কৃষকরা তাদের উৎপাদিত ফসলের ন্যায্য দাম পাবে সেটা কি রক্ষা হবে? এই বিলে যে বাজার কমিটি হবে এমন কি State Government এর ক্ষমতা নেই এই বিলে সেই price line maintain করতে পারবে। চাষী যে distress sale করবে, অভাবে বিক্রয় করবে না। নির্দিষ্ট দামে ঐ বাজারে বিক্রয় করতে পারবে এই রকম কোন provision নেই এই বিলের মধ্যে। কাজেই উদ্দেশ্য মহৎ আছে কিন্তু সেই মহৎ উদ্দেশ্য রূপায়িত করতে গেলে বিলের মধ্যে এর যে প্রতিফলন সেই প্রতিফলন নেই। কাজেই এটা হচ্ছে বিলের একদিকের ত্রুটি। আর অন্য একটা ত্রুটি হচ্ছে এই যে বাজারের উন্নতি এটা ব্যক্তিগত মালিকরা করবেন না। কারণ করতে গেলে অর্থ বিনিয়োগ করতে হবে। সেই অর্থ বিনিয়োগ এক কথায় সম্ভবপর নয় কারণ বিশেষ করে বাজারের যারা মালিক তারা লাভের জন্য চেষ্টা করেন। তারা বাজারের জন স্বাস্থ্য রক্ষা, বাজারের রাস্তাঘাটের চলাচলের ব্যবস্থা করা, তার উন্নতি করা এটা তারা করবেন না। এটা মাননীয় মন্ত্রিমহাশয় নিজেও স্বীকার করেছেন এবং সেই উদ্দেশ্যে তিনি বলেছেন এটা যদি না হয় তাহলে ব্যক্তিগত লোক পারবে না কারণ ঐ টাকা পেতে গেলে কোন একটা Financial Institution থেকে নিতে হবে, সরকার সেখানে জামীন থাকবে এবং টাকা শোধ দিতে fund তৈরী করতে হবে। এই সমস্ত কথা বলে গেছেন, কিন্তু রাস্তা বাজারের মালিকরা যদি না করে তাহলে সরকারকে নিয়ে নিতে হবে এই ধরনের কোন ব্যবস্থা বিলের মধ্যে নেই। মালিকরা যদি ঐগুলি না করেন তাহলে সরকার নিয়ে নেবেন এবং নিয়ে উন্নয়ন করবেন এটা কিন্তু বিলের কোন জায়গায় বলা হয়নি। তাহলে আমরা এই যে চিন্তা করে কার্যকরী করার জন্য আইনে যে ব্যবস্থাপনা আছে তা নেওয়ার ক্ষেত্রে কেন দ্বিধা আসছে? এটা যেন তিনি পরিষ্কার করে বলেন। আমরা যতটুকু বুঝেছি, এই বিল যখন রচিত হয়েছে, কনষ্টিটিউশনে যে মৌলিক অধিকার আছে, সেই মৌলিক অধিকার হরণের ক্ষেত্রে আমরা যে সংবিধান পরিবর্তন করছি, এখন বোধহয় সংবিধান পরিবর্তিত হয়ে আসে নি, কাজেই এই আইন চালু করার সংগে কোন ব্যক্তিগত অধিকারে যে বাজার, সেই বাজার নিয়ে নেবার অধিকার, এটা কার্যকরী করতে পারবে না বলে উনি হয়তো বিলে এই উক্তি করেননি যে বাজারের মালিক যদি বাজারের উন্নয়ন করতে ব্যর্থ হয় তাহলে সরকার তা নিয়ে নেবেন। এই ধরনের প্রভিশন আনেন নি তাহলে যে উদ্দেশ্যে এই বিলটা রচনা করা হয়েছে, সেটাকে সঠিকভাবে কার্যকরী করতে গেলে অদূর ভবিষ্যতে এই ধরনের সংশোধনের প্রয়োজনীয়তা থেকে গেছে। আর একটা যেটা করেছেন, সেটা হচ্ছে, বাজার সমিতি তৈরী করছেন। এখন, আমরা যারা আইনটাকে আনছি, আমরা হচ্ছি গণতান্ত্রিক কোয়ালিশন সরকার, কোন সামন্ততান্ত্রিক সরকার নয়। এই বাজার কমিটি গঠনের ক্ষেত্রে দেখা যাচ্ছে ১১ জন মেম্বার সবাই অ্যাপয়েন্টেড বাই দি স্টেট গভর্নমেন্ট, আজকের দিনে সেটা কি করে হয়? আমরা গণতন্ত্রের কথা বলছি—এবং তার মধ্যে যেটা আছে, যে ক্রেতাদের মধ্যে থেকে নির্বাচিত হবেন পাঁচজন, যারা ব্যবসাদার বা বিক্রেতা আছেন তাদের মধ্যে থেকে দুজন, কো-অপারেটিভের মধ্যে থেকে আসবেন একজন। তাহলে আসবেন কি করে, এর তো একটা পদ্ধতি থাকা উচিত? সেইজন্য এদের যদি আনতে হয় তাহলে গণতান্ত্রিক পদ্ধতিতে আসতে হবে, সেটা ভবিষ্যতে আবার যেন একটা স্বার্থ চক্রের কুঠারী হিসাবে পরিণত না হয়, সেইজন্য অ্যাপয়েন্টমেন্ট বাদ দিয়ে অন্ততঃপক্ষে নির্বাচনের মাধ্যমে আসা উচিত। নির্বাচন কিভাবে হবে বাজারে যারা বিক্রী করতে আসছে, তাদের ট্যাক্স দিতে হচ্ছে, তাদের রসিদ দিতে হচ্ছে, তাহলে বিক্রেতাকারীদের একটা লিস্ট করতে হবে, তারা

হবে ভোটার। যেমন আমাদের স্কুলে আছে, যারা গার্জেন থাকেন, তারা নির্বাচন করেন, শিক্ষকমহাশয়দের তাঁরা নির্বাচন করেন, কাজেই আজকে এই ধরনের ১১ জন নিয়ে কমিটি হবার যে কথা, এই কমিটির ব্যাপারে নির্বাচনের কথা উল্লেখ না করে ষ্টেট গভর্নমেণ্ট উইল অ্যাপয়েণ্ট, এটা আজকের দিনে অচল, অন্ততঃ গণতন্ত্রের যুগে। যারা কেনাবেচা করছেন, ক্রেতা যারা, কৃষক যারা—এগ্রিকালচারিষ্ট যারা, তাদের নির্বাচিত হবার সুযোগ থাকা উচিত। ট্রেডার্স গ্রুপ তাদের নির্বাচিত হবার সুযোগ দেওয়া উচিত। কাজেই এটা একটা অগণতান্ত্রিক ভাবে নেওয়া হয়েছে, এটাকে সমর্থন করা যায় না। এখন প্রশ্ন হচ্ছে বর্তমানে যে বাজারগুলো রয়েছে, সেই বাজারে যে ধরনের নিপীড়ন চলছে, সেটাকে বন্ধ করবার হাতিয়ার হিসাবে এই বর্তমান বিলকে ব্যবহার করা যাচ্ছে না, তবে কোনগুলো করা যাবে ?

[2-50—3-00 p. m.]

**Shri Aswini Roy :** নিশ্চয়ই আগামী দিনে সল্ট লেকে বাজার তৈরি হবে, দুর্গাপুরে কেন্দ্রীয় বাজার তৈরি হচ্ছে। এই ধরনের নতুন সরকারী সংস্থার মাধ্যমে যে বাজারগুলি তৈরি হবে, সেটাকে নিয়ন্ত্রণ করবার ক্ষেত্রে বিলটা হয়ত উপযুক্ত হচ্ছে, কিন্তু এই সংখ্যাটা কত খুব জোর হয়ত পশ্চিমবঙ্গের সমস্ত জেলাগুলিতে (আমাদের এই কলিকাতা মহানগরী বাদ দিয়ে) মেকসিমাম ৪০।৫০টির বেশী বাজার হতে পারে না। তাহলে বাকি বাজারগুলিতে কি হবে, যেখানে কৃষকরা প্রতারিত হচ্ছে, যেখানে বিক্রেতা প্রতারিত হচ্ছে, এইসব বাজারগুলি নিয়ন্ত্রণে আনা বিশেষকরে দ্রব্যমূল্য রোধ করবার ব্যবস্থা কি হবে ? এই বিষয়টা আমাদের কাছে আশংকার বিষয়, সেইজন্য সেদিক থেকে মন্ত্রিমহাশয় এটা পরিষ্কার করবেন, বিলে পরিষ্কার করে কিছু নেই। বর্তমান বিলটা সংশোধিত আকারে উত্থাপিত হচ্ছে, যেহেতু পুরোন সমাজের অগ্রগতির দরুণ, দ্রব্যমূল্য বৃদ্ধির দরুণ সমস্ত ইনসাফিসিয়েন্ট সেক্ষেত্রে এই ধরনের একটা বিল তাড়াতাড়ি না এনে যদি এই বিলটাকে কোন একটা কমিটির মাধ্যমে, যেটাকে আমরা বলি সিলেক্ট কমিটি সেই সিলেক্ট কমিটিতে যদি পাঠানো হতো, পাঠিয়ে যদি এটাকে আনা হতো তাহলে বোধ হয় একটা পূর্ণাকারের বিল যেটা আজকের সমাজের আদর্শ যেটা আজকের সমাজের লক্ষ্য তার প্রতি লক্ষ্য রেখে করা হতো এবং সেটা ঠিক হতো। আইনে ঐ আদর্শ সম্বন্ধে বলা হয়েছে, এই সমস্ত বাজারগুলি তৈরি করতে ফাণ্ডের প্রয়োজন আছে, সেটা কিন্তু ফাইনানসিয়াল ইনষ্টিটিউশন থেকে পাওয়া যাবে, যেটা বিভিন্ন সংবাদপত্রে দেখলাম পিরিওডিক্যালস বৃদ্ধি হওয়াতে বিজাত ব্যাঙ্ক বা অন্য কোন প্রতিষ্ঠান যারা টাকা খরচ করতে পারে। কাজেই এখানে টাকা যাতে আমরা পেতে পারি, যাতে আমরা কাজটা করতে পারি সেজন্য হয়তো তাড়াতাড়ি বিল এনে উনি প্লেস করছেন। প্লেস করলেও এরমধ্যে কিছু সংশোধন করা যেতে পারে, বিলটাকে আরও উন্নত করা যেতে পারে। যদি তার চেষ্টা না হয় তাহলে আগামী দিনে একটা কমপ্রিহেনসিভ বিল, যে বিল আজকে এই চাহিদা মেটাতে পারে সেই ধরনের বিল আনতে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি, এবং যেহেতু এই বিলটা রাষ্ট্রপতির আমলে তৈরি হয়েছিল এবং সেটাকে উনি খানিকটা সংশোধন করে এনেছেন সেই জন্য এই বিলটাকে অনিচ্ছা সত্ত্বেও আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Satya Ranjan Bapuli :** মিঃ স্পীকার স্যার, আজকে দি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল প্রডিউস মারকেটিং (রেগুলেশন) বিল, ১৯৭২ যেটা প্লেস করা হয়েছে এই হাউসে, আমি সেই সম্বন্ধে আজকে বলব যে এই বিলটা ছোট ছোট চাষী এবং কৃষকদের সেফ-গার্ড এবং তাদের প্রটেকশন। আজকে আমরা দেখি যারা ছোট ছোট চাষী গ্রামাঞ্চলে সারাদিন রোদে বৃষ্টিতে মাথার ঘাম পায়ে ফেলে কিছু শস্য উৎপাদন করে নিয়ে আসে বাজারে, কিন্তু সেখানে একশ্রেণীর দালাল সম্প্রদায় থাকে যারা চাষীদের এই কষ্টার্জিত ফসল, তাদের সারাদিনের সারা-মাসের সারা বছরের যে রুজি-রোজগার তার উপর কিছুসংখ্যক প্যারাসাইটস—এই পরগাছাগুলি

ভাগ বসায়, এই দালালরা এই কৃষকদের চাষীদের ঠকায়। তাই তাদের প্রতিহত করার জন্য আজকে সরকারের এই বিল একটা বলিষ্ঠ পদক্ষেপ বলে আমরা মনে করছি। আমরা আশা করি এই বিলের উদ্দেশ্য কার্যকরি হবে যদি এই বিলে যেসমস্ত দর বলা হচ্ছে তা সরকারী কর্মচারীর দ্বারা প্রচলিত হয়। বাজার কমিটি থাকার প্রয়োজন আছে এবং বাজার কমিটির যে নির্বাচনের পদ্ধতির কথা বলা হয়েছে তা নিশ্চয় গণতান্ত্রিক। কারণ একটা বাজার পরিচালনা করতে গেলে তার একটা প্রতিনিধি থাকা দরকার এবং তা আমাদের এই বিলের মাধ্যমে প্রত্যেকটি ধারায় পরিষ্কারভাবে বলা হয়েছে কিরকমভাবে বাজার কমিটি নির্বাচন করতে হবে। এই বিলকে সমর্থন করতে গিয়ে একটা কথা মনে পড়ে। আমরা দেখি রাস্তার পাশে শত শত মাইল ধরে আনঅথরাইজড মার্কেট আছে। যেমন বেহালা দিয়ে যান দেখবেন বেহালা পেরোলেই হাজার হাজার লোক মালপত্র নিয়ে বসে গিয়েছে। কোনরকমে এই করে খাচ্ছে এবং according to rules, according to this Bill তাদের বাজার বলা যাবে না। কারণ তারজন্য সরকারের কোন্ নির্ধারিত জায়গা নেই। তাদের কোন্ বসবার স্থান নেই, রাস্তার দুপাশে বসে, হাজার হাজার লোক মাথায় তরিতরকারি, শাকসবজি ফুল নিয়ে এসে বিক্রী করে জীবিকা অর্জন করছে। এইটাকে আমাদের মার্কেট বলার কোন পদ্ধতি থাকে তাহলে আলাদা কথা। কিন্তু আমার মনে হয় রাস্তার পাশে যারা বসে তাদের স্বীকৃতি দেবার কোন উপায় নেই। এরা বেঁচে থাকে পুলিশের দয়ায়। পুলিশ ধরতে আসলে পালিয়ে বাঁচে, কিংবা ধরা পড়লে পুলিশের সাথে ব্যবস্থা থাকলে ছাড়া পায়। মাসের পর মাস তারা কোনরকমভাবে রোজগার করে খাচ্ছে। আর একদিকে লক্ষ্য করছি যেমন অধিকাংশ controlled by the Government বাজার যেগুলো রয়েছে, কারণ স্টেট অ্যাকুজিসান অ্যাক্টের অপারেশানের পর বহু মার্কেট গভর্নমেন্ট থেকে নেওয়া হয়েছে এবং সেখানে একজন করে মার্কেট অফিসার আছেন তারা সেগুলো লক্ষ্য রাখেন। যেমন খিদিরপুর মার্কেট আছে সরকারের এবং সেখানে মার্কেট কনট্রোলড করছেন সরকার এবং একজন অফিসার আছেন এবং সেখানে সরকারের নিয়ম আছে সেগুলো সম্বন্ধে বলতে হচ্ছে যে সেইসমস্ত মার্কেটে ন্যায়নীতি নেই। কিন্তু অন্য বাজারে যেখানে বাজার কমিটি আছে তারা সেখানে সাধারণ মানুষের দ্বারা নির্বাচিত এবং তাদের মধ্য থেকে এসেছে বলে কিছু কাজ করছে। কিন্তু গভর্নমেন্ট এন্টারপ্রাইস বলুন বা স্টেটের টেকওভার করা মার্কেটেই বলুন সেগুলোর আজকে অত্যন্ত অসহায় অবস্থা। আমি জানি কয়েকজন মার্কেট অফিসার আছেন যাদের বাড়ীতে ঝুড়ি ঝুড়ি জিনিস গিয়ে হাজির হয়, তারা মার্কেট কন্ট্রোল করেন কিনা জানি না, কিন্তু তাদের স্টম্যাক কন্ট্রোল করাচ্ছেন by the poor marketing consumers. আজকে আমি এর সঙ্গে আর একটা কথা বলবো যে আইনটা যাতে ইমপ্লিমেন্ট হয় এবং যদি কার্যকরী হয় তাহলে নিশ্চয় শহরে পণ্যদ্রব্য আসার সুবিধা হবে। কারণ একশ্রেণীর অফিসার আছেন যারা এই সমস্ত মার্কেটে হামলা করে তাদের জব্দ করুন। লোকে কষ্ট করে যে পণ্যদ্রব্য তৈরি করছে তারা যদি জানে যে মার্কেটে উপযুক্ত দাম পাবে এবং তারা যদি জানে যে মার্কেটে গেলে তারা যে দাম পাবে তাতে তাদের চলবে তাহলে এই বিল সত্যই কার্যকরী হবে। কিন্তু তারজন্য চাই সৎ অফিসার। এই বিলে বলা হয়েছে যে এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট তারা অফিসার নিয়োগ করবেন। আমি বলবো যাতে সৎ অফিসার নিয়োগ হয় সেদিকে দেখবেন। এটা অত্যন্ত ভালো বিল, অত্যন্ত যুগোপযোগী বিল হয়েছে। এটা স্থান, কাল, পাত্র বিবেচনা করলে এটা অত্যন্ত প্রয়োজনীয়। কয়েকদিন পরে আমরা স্বাধীনতা দিবস পালন করবো। এই বিল সম্পর্কে গ্রামের চাষীরা যখন জানতে পারবে রেডিও মারফৎ, খবর কাগজ মারফৎ চারদিকে প্রচার হবে নিশ্চয় তারা মনে করবে স্বাধীনতা জয়ন্তী উপলক্ষ্যে সরকার তাদের জন্য একটা কিছু করেছেন। কিন্তু তার সঙ্গে আমি সরকারকে অনুরোধ

[ 3-00—3-30 p. m. ]

করবো এই বিলকে রূপায়িত করবার জন্য তাঁরা যেন সাধু অফিসার নিয়োগ করেন। এই বিল যদি কার্যকরী না হয়, এর যদি ব্যতিক্রম হয় তাহলে সেই সমস্ত অফিসারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে তারজন্য যেন আইনে কিছু ধারা যোগ করে দেওয়া হয়। এই বিলে সেইরকম কোন ধারা নেই যে সরকারী অফিসার, বাজার প্রতিনিধি যদি বাজার কন্ট্রোল করতে না পারে তাহলে তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। যেমন তাদের সুযোগ সুবিধা দিতে হবে তেমনি তাদের কন্ট্রোল করার মত যেন কিছু ধারা থাকে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে এই বিলকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি এবং আমি আশা করছি আমাদের গ্রামবাংলায় আজকে সাধারণ চাষীর কাছে এই বিলের স্থান অত্যন্ত বেশী। তারা অত্যন্ত সাদরে এই বিলকে গ্রহণ করবে। এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 20 minutes]

**[After adjournment]**

**Shri Kumardipti Sen Gupta :** মিঃ স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী জনাব আবদুস সাত্তার সাহেব যে বিলটা আজকে এই বিধান সভায় উপস্থিত করেছেন আমি তাকে স্বাগত জানাই। আমি স্বাগত জানাই এই কারণে যে এই বিলের মাধ্যমে পশ্চিমবঙ্গে বহুবিধ উন্নতি সাধনের কর্মপন্থা সূচিত হয়েছে। আজকে যদি এটাকে উপযুক্ত রূপে কার্যকরী করতে পারি তাহলে আমার মনে হয় অন্যান্য সমস্যা ছাড়া এই যে পশ্চিমবঙ্গে দারুণ বেকার সমস্যা রয়েছে, এই যে বেকারদের বুক ফাটানো দীর্ঘশ্বাস, বেকার ছেলেদের চোখের জল এগুলি মুছে দেবার ব্যাবস্থা হতে পারে। সাত্তার সাহেব আমাদের বলেছেন যে ওয়ারল্ড ব্যাঙ্ক থেকে টাকা দেওয়া হবে, দিল্লী থেকে টাকা দেওয়া হবে, আমাদের বিভিন্ন সংস্থা থেকে টাকা দেওয়া হবে। মিঃ স্পীকার, স্যার, আপনি বিস্তৃন্ন ঘাটে মাঠে রাস্তায় আনাচে-কানাচে ব্যাঙের ছাতার মত গজিয়ে ওঠা বহু বাজার দেখতে পাবেন, এই বাজারগুলি একত্রীভূত করতে হবে। যেসমস্ত লোক বহু কষ্টের ভেতর দিয়ে বাজার চালিয়ে যাচ্ছে তাদের সুযোগ-সুবিধার দিকে নজর দিতে হবে। আজকে আমরা গ্রামে, শহরে, কলকাতার উপকণ্ঠে বাজার করতে দেখি, বিশেষ করে শিয়ালদহ স্টেশনে যাঁরা যান তাঁরা দেখেন ফলের বাজার যেভাবে বসে রয়েছে তাতে গাড়ী-ঘোড়া চলতে পাবে না। আজকের এই উপযুক্ত ব্যবস্থায় এগুলি উঠিয়ে দেওয়া দরকার এবং এতে কর্মসংস্থানের ব্যবস্থা সূচিত রয়েছে বলে আমি মন্ত্রি মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। পশ্চিম বাংলার বাজার বলতে আমরা যেটা বুঝি সেটা হচ্ছে সংকীর্ণ, নোংরা স্থান। অর্থাৎ যেটা সংকীর্ণ এবং নোংরা স্থান সেটাই হল বাজার। আজকে যাদের গাড়ী নেই, ফ্রিজ নেই সেই হতভাগ্য পথশ্রান্ত, ক্লান্ত কেরাণীকুল কিংবা নিম্নমধ্যবিত্ত লোক যাদের বাজারে যেতে হয় তাদের ভাগ্যে জোটে বাজারের কাদা। আর একটা শ্রেণী আছে যারা বিরাট বিরাট অট্টালিকা করেছে তারা কখনও বাজার করেনা, তারা কার চেপে প্রেয়সীকে নিয়ে সান্ধ্য ভ্রমন করেন। তাদের দিকে যদি তাকাই তাহলে দেখবো তাদের এই অর্থ, শোষণের অর্থ। মিঃ স্পীকার, স্যার, যারা কাঠফাটা রোদে বাজারে আসে বা যে সমস্ত চাষী বহু পরিশ্রম করে, রোদে পুড়ে জলে ভিজে তাদের পণ্য নিয়ে আসে এই সমস্ত বড় বড় বাজারের মালিকরা সেই সমস্ত লোককে শোষণ করে অর্থ সঞ্চয় করেছে, তারা কোনদিন গ্রামের চাষীদের এক গ্লাস জল দেবার জন্য একটা টিউবওয়েলের ব্যাবস্থা করেনি। সেইজন্য আমি প্রগতিশীল মন্ত্রীসভাকে সাধুবাদ জানাই কারণ তাঁরা এই সমস্ত নিরন্ন মানুষ যারা অন্ন সংস্থানের জন্য বাজারে আসে তাদের এই স্টেট কনট্রোল্ড বাজারের মাধ্যমে একটা আশ্রয়ের ব্যবস্থা করেছেন। স্যার, একদিকে দেখছি এই সমস্ত কেরাণীকুল তাদের ভাগ্যে জোটে শুধু বাজারের কাদা এবং অন্যদিকে দেখছি এক শ্রেণীর বিত্তশালী লোক যারা ক্যাপিটালিজম- এর মেডাল তারা প্রতিদিন তাদের ব্যাঙ্ক ব্যালেন্স বাড়িয়ে যাচ্ছে। আজকের

দিনে যে প্রশ্ন আমার মনে জেগেছে সেটা হচ্ছে যেভাবে আজকে আমরা এই বাজারের সামনে এসেছি তাতে তার কিছু কিছু ত্রুটি আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টিগোচরে আনছি। আজকের যে বিল আমাদের সামনে এসেছে তাতে কিছু কিছু ব্যবস্থা হতে পারে কিন্তু এতে সোস্তাল কণ্ট্রোল মার্কেট হবে বলে আমি মনে করছিনা। সাত্তার সাহেব লব্ধ প্রতিষ্ঠ আইনজীবি বলে খ্যাত তাই কতগুলি বিষয় আমি আপনার মাধ্যমে তাঁর সামনে আনছি। আমি আশাকরি তিনি এগুলি অনুধাবন করে, এগুলি গ্রহণ করে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন। ২নং ধারায় ক্লজ "সি"- তে একটা ডেফিনেসন দেওয়া হয়েছে যেখানে বলা হচ্ছে, broker means an agent whose ordinary course of business is to negotiate and make contracts. ব্রোকার মানে বাংলাভাষায় যাদের বলে দালাল সেই দালাল এবং ফরেদের জন্য আজকে বাজারে যে মূল্যবৃদ্ধি হচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। যে ফলে এবং দালালদের আইনসঙ্গত কোন ডেফিনেসন ছিল না, যাদের আইনের মাধ্যমে কোন রকম রক্ষাকবচ ছিল না তাদের এই প্রগতিশীল মোর্চার সরকার যাঁরা সোসালিস্ট বাজেট তৈরী করতে যাচ্ছেন তাঁরা এই সমস্ত দালালদের একটা সম্মান দিচ্ছেন। পৃথিবী বিখ্যাত ইকনমিস্ট মি: কলডোর-এর স্পেকুলেসন সম্বন্ধে একটা ডেফিনেসন রয়েছে অর্থাৎ স্পেকুলেসন হ্যাজ বিন ডিফাইণ্ড বাই মি: কলডোর—the purchase of goods with a view to re-sale at a later date, where the motive behind such action is the expectation of a change in the relevant prices relatively to the ruling prices." অর্থাৎ কলডোর সাহেব বলছেন এই সমস্ত ব্রোকাররাই স্পেকুলেসন সৃষ্টি করছে, মূল্য বৃদ্ধি করছে। মি: স্পীকার, স্যার, আপনি শুনলে অবাক হবেন যে আমাদের দেশে কলডোর সাহেবের চেয়ে বড় ইকনমিস্ট জন্মগ্রহণ করেছেন যাঁর খবর আমরা মোটামুটি পাই না। মি: স্পীকার, স্যার, ছাতাওয়ালা বা আমব্রেলাওয়ালা বা টার্নওয়ালা এসব কথা হয়ত আপনি জীবনে কখনও শোনেননি। কিন্তু এই আমব্রেলাওয়ালাদের জন্য যে আমাদের মূল্য বৃদ্ধি হয় সেটা আমরা দেখেছি। স্যার, এগ্রিকালচারল মার্কেটিং ইন ইণ্ডিয়া নামে একখানা বই আছে। আমরা জানি মার্কেটিং অব ব্যানানাস্ ওয়াস্ হ্যামপার্ড বাই দি ইনএডিকোয়েসী অব রেলওয়ে ওয়াগনস্। আমরা এটাও জানি যে আমাদের দেশে রেলওয়ে ওয়াগনের সর্টেজ রয়েছে। কিন্তু আপনি শুনলে অবাক হবেন আমাদের দেশে যে কলা হয় সেখানে দেখছি কতগুলি লোক ছাতা নিয়ে বসে থাকে যাদের নাম দিয়েছে আমব্রেলাওয়ালা তারা কখনও কলা কেনে না, তারা শুধু ওয়াগন বুক করে রাখে। The Umbrellawalla neither buys bananas in the interior nor despatches goods outside but pockets Rs. 1,600 to Rs. 1,800 per wagon by making illegitimate use of his turn.

[3-30—3-40 p. m.]

এই সমস্ত ব্রোকার, এই সমস্ত দালালদের জন্য কলকাতা শহরে জিনিসপত্রের দাম বাড়ছে। তারপর টার্নওয়ালারা তারা ওয়াগনের টার্ন বিক্রী করে দেয়, তার জন্য তারা পাচ্ছে একটা ওয়াগনের অংশ। A new class of middlemen is pattiwalla who loads one quarter of the wagon and sells it to the Turnwalla at Rs. 500 to Rs. 600 per patti. সেইজন্য আমি বলছি এই ব্রোকারদের যে সিসটেম তারা এইভাবে লাভ করে নিচ্ছে। আজকে এদের হাত থেকে আমরা যদি রক্ষা করতে না পারি, এদের যদি কনট্রোল না করতে পারি তাহলে কিছুই হবে না। আমি যেটা বলতে চাই যে সরাসরি পণ্যদ্রব্যগুলি মার্কেটে নিয়ে আসতে হবে, অন্য লোকের মাধ্যমে আনলে চলবে না, তবেই সেটা সোসিয়্যাল কনট্রোল মার্কেট হতে পারে। সেইজন্য এই যে ব্রোকারের স্থান এখানে নির্দেশিত হয়েছে আমার মনে হয় এটা খুব সুচিন্তিতভাবে করা হয় নি। তারপর ক্লজ ৩এর সাব ক্লজ ৩-তে আমি একটি অ্যামেণ্ডমেণ্ট দিয়ে

একটা ক্লজ নিয়ে এসেছি, সেটা হচ্ছে ক্লজ ৪, তাতে আমি বলেছি—The State Government may by notification take over any existing market on the following grounds or on any one of them on the owner's or owners' failure to carry out any order as prescribed in this Act. Failure to abide by fair rents, সেটা কি? ফেলিওর টু অ্যাবাইড বাই ফেয়ার রেন্টস যেটা আপনি অবজেক্ট-এ বলেছেন। সেটা আমার কথা নয়, মাননীয় মন্ত্রী সাত্তার সাহেব অবজেক্ট-এ এই কথা বলেছেন যে failure to check specified malpractices এটা আমার কথা নয়, এটা উনি বলেছেন—failure to provide for certaion sanitary arrangements. এটাও আমার কথা নয়, failure to maintain the market property—এটাও আমার কথা নয়, failure to develop the land এটাও আমার কথা নয়। মার্কেট কেমনভাবে চলা উচিত তা চলছে না এটা অবজেক্ট-এ উনি বলেছেন। এবং এটাও সত্যি যে, মন্ত্রিমহাশয় অবজেক্ট-এ ইঙ্গিত দিয়ে দিয়েছেন প্রয়োজন হলে The Act is oriented towards controlling the owners of markets. The primary duty of runing the markets is imposed upon the oweners of the market , the market committees of the State Government may not intervene except in the event of formal failure on the part of the owners. আপনি অবজেকটেও এটা বলেছেন, ফেলিওর যদি হয় আপনার ইংরাজীতে এটাই সূচিত হচ্ছে, তাহলে আপনার ঐ স্টেট গভর্নমেন্ট, আপনার ঐ স্টেট মার্কেটিং বোর্ড এগুলি গ্রহণ করতে পারবেন এইরকম ইঙ্গিত রয়েছে। কিন্তু বড়ই দুঃখের বিষয় সেকসান ৩-এর মধ্যে যখন এটা ডিল করেছেন তখন ক্লজ ৪-এ যে অ্যামেণ্ডমেন্ট দিয়েছি সেটি আমার কথা বলিনি, সেটা আপনার কথাই বলেছি। আজকের দিনে আমাদের যদি প্রয়োজন হয় মার্টিন বার্ন কোম্পানী আমরা নিয়ে নিতে পারি, আজকের দিনে ব্যাঙ্ক ন্যাশানালাইজ করতে পারি, আজকের দিনে জমিদারী উচ্ছেদ করতে পারি এবং কনসটিটিউসন বিল যখন অ্যামেণ্ডমেন্ট হয়ে গেছে এবং যখন কমপেনসেসন অ্যাট দি মার্কেট ভ্যালু দেবার প্রয়োজন নেই, সুপ্রীম কোর্ট যখন নির্দেশ দিয়েছে এবং কয়েকদিন আগে কনস্টিটিউসন অ্যামেণ্ডমেন্ট বিল আমরা এই সভাতে গ্রহণ করেছি তখন মাননীয় মন্ত্রিমহাশয় কেন যে আমার এই অ্যামেণ্ডমেন্ট গ্রহণ করছেন না—যেখানে বড় বড় যেসমস্ত লোক যারা মার্কেট চালাচ্ছে, যেসমস্ত লোক সেখানে আসছে, যেসমস্ত খরিদ্দার সেখানে আসছে, যারা মাল নিয়ে আসছে তাদের জন্য এই বিলটি কাজে লাগছে না। কনস্টিটিউসন অ্যামেণ্ডমেন্ট বিল পাশ করার পর আমার এই অ্যামেণ্ডমেন্ট গ্রহণ করতে পারা যাবে না কেন তার কারণ আমি ঠিক বুঝতে পারছি না। তারপর সেকসন ৫ মার্কেট কমিটির একটা নির্দেশ দিয়েছে যেখানে এক্স পর্যন্ত ক্লজ আছে—আমি যে অ্যামেণ্ডমেন্ট দিয়েছি অ্যাট লিষ্ট ওয়ান এম এল এ, নানা রকম লোক এর মধ্যে রয়েছে। অফিসাস অব দি স্টেট গভর্নমেন্ট রয়েছে, one person to represent the members of any Cooperative Society রয়েছে, ব্যাঙ্ক ফাইনানসিং-এর লোক রয়েছে, ওয়ান পার্সন রিপ্রেজেন্টিং লোকাল অথরিটির লোক রয়েছে, বিসনেস ম্যান রয়েছে, সকলেই রয়েছে কিন্তু এর মধ্যে নাই খালি এম এল এরা। আমরা এম এল এরা সরকার চালাতে পারছি আর আমরা মার্কেটিং বোর্ডে একটা স্থান পাবোনা—এটা আমাদের পক্ষে বড় অসন্তোষের কারণ হচ্ছে। আমি আশাকরি যে মাননীয় মন্ত্রিমহাশয়—(ডি) ক্লজে অ্যামেণ্ডমেন্ট দিয়েছি, অন্ততঃ পক্ষে ষ্টেট লেজিসলেচারের একটা লোক থাকা দরকার। এতে মাননীয় মন্ত্রিমহাশয়, আপনারই কাজের সুবিধা হবে। আমরা সেখানে আপনার সরকারের পক্ষে থেকেই কাজ করবো, আমরা জনসাধারণের স্বার্থ দেখবার জন্য সেখানে যাবো। আমি আশা করছি আপনি অনুগ্রহ করে চিন্তা করবেন যে এই অ্যামেণ্ডমেন্টটা গ্রহণ করা যায় কিনা। তারপর সেকসন (১২), এই সেকসন (১২)তেই বলা হচ্ছে ডিউটিস অ্যাণ্ড ফাংসনস অব দি মার্কেটিং কমিটি, এই মার্কেট কমিটি তারা কি কাজ করবে বা তার কি কাজ করণীয় কিন্তু বড়ই দুঃখের সংগে আমাকে বলতে হচ্ছে যে আজকে

যখন আমরা দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য প্রতিবাদ জানাচ্ছি, সাধারণ খেটে খাওয়া মানুষ যে দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য নিষ্পেষিত হতে চলেছে তখন আজকে নূতন করে যখন আমরা আইন তৈরী করছি তখন অন্ততঃপক্ষে আজকে ফিক্সড প্রাইস না হতে পারে, হয়ত আইনগত বাধা থাকতে পারে, আপনি আইনজ্ঞ, আপনি জানেন হয়ত সেইরকম কোন বাধা আছে, সে উত্তর হয়ত আপনি দেবেন কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়, আমি যে অ্যামেণ্ডমেন্ট দিয়েছি তাতে আমি ফিক্সড প্রাইসের কথা বলিনি, ফিক্সড প্রাইস ত হতে পারেনা, কারণ বেগুনটা হয়ত লালগোলায় উৎপন্ন হচ্ছে সেটা লালগোলায় এক দাম হবে আর সেটা যখন কলকাতায় আসবে তখন আর একরকম দাম হবে এটা আমরা বুঝি। কিম্বা দুধের মত গভর্নমেন্ট থেকে একটা ফিক্সড প্রাইস হয়ে যেতে পারে। সেইজন্য সেখানে সব সময়ে হয়ত প্রাইস ফিক্সড আমরা করতে পারবোনা কিন্তু আমি জেনেশুনে এইটুকু বলতে চেয়েছি অনুগ্রহ করে বিবেচনা করে দেখুন এফেকটিভ কন্ট্রোল ওভার দি প্রাইসের হতে পারে কিনা। নট দি কন্ট্রোল্ড প্রাইস, একথা আমি বলিনি, এফেকটিভ কন্ট্রোল ওভার দি প্রাইস করা যায় কিনা অনুগ্রহ করে এটা আপনি একটু দেখবেন। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমরা মার্কেটিং সম্বন্ধে, বাজার সম্বন্ধে একটা সাবধান বাণী যেটা আমাদের দেশের একটা বিখ্যাত মার্কেটিং অব ক্যাশক্রপসএ বলা হয়েছে, আমি সেইটুকু উদ্ধৃতি দিয়ে আমার বক্তব্য শেষ করবো। সব সময় বলা হয় যে সরকার পক্ষ থেকে যদি কোন মার্কেট চালু করা যায় তাহলে দ্রব্যমূল্য বৃদ্ধি পায়, সেখানে নাকি জিনিস যাবেনা ইত্যাদি এই ধরনের অযৌক্তিক কথা বলা হয়। এখানে বলা হয়েছে, if the authorities wish to impose effective curbs on restrictive buying and selling policies of the organized section of industry without resort to price and distribution controls, they must clearly ignore such cries and resist the accompanying pressure. সুতরাং আজকে যে বিল আপনি এনেছেন এই বিলে প্রচুর সম্ভাবনা রয়েছে। এই বিলের মধ্যে দিয়ে আমরা দ্রব্যমূল্য বৃদ্ধিটা বন্ধ করতে পারবো, আমরা বেকার সমস্যার সমাধান কিছুটা করতে পারবো। আর যে সমস্ত অর্থগৃধ্নু, যে সমস্ত বড় বড় মার্কেটওয়ালারা রয়েছে, যারা খরচ করেনা, আমি আশাকরি তাদেরকে, অন্ততপক্ষে একটা সুব্যবস্থা আমরা করবো যার ফলে যারা বাজারে যাচ্ছে—ক্রেতা ও বিক্রেতা, সকলের জন্য একটা সুষ্ঠু মার্কেটিং পদ্ধতির ব্যবস্থা করবো এবং তার মধ্যে দিয়ে আমাদের দেশকে এগিয়ে নিয়ে গিয়ে একটা সমস্যার আশু সমাধান করতে পারবো।

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল মাননীয় সদস্য শ্রীগঙ্গাধর প্রামানিক যে প্রশ্ন এখানে রেখেছিলেন সেই সম্বন্ধে আপনার মাধ্যমে সভায় জানাতে চাই যে নদীয়া জেলায় শ্রীকৃষ্ণ কলেজ, বগুলায়, সেখানে ১১ জন ছেলে গতকাল ১১টার সময় থেকে পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ এবং অন্যান্য ৭ দফা দাবি নিয়ে তারা অসন্তোষ সত্যাগ্রহ আরম্ভ করেছে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই এদের স্কলারশিপ বাবাত প্রায় ৩ লক্ষ ১৪ হাজার টাকা বাকী আছে সাতশো ছেলের এবং এর মধ্যে ফেব্রুয়ারীর ৫ তারিখ পর্য্যন্ত ৪৪১৯৮ টাকা মঞ্জুর হয়েছিল।

[ 3 40—35-0 ]

কিন্তু বাজেট বরাদ্দ অনুমোদনের পর নদীয়া জেলার স্পেশাল অফিসার, শেডুল্ড কাস্ট এবং ট্রাইবাল ওয়েলফেয়ার-এর হাতে ৮ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে এবং তার মধ্য থেকে তিনি ২ লক্ষ ৭০ হাজার টাকা বরাদ্দ করে দিয়েছেন। আগামী ৭ দিনের মধ্যে বিভিন্নভাবে এদের এই স্টাইপেণ্ড দেবার ব্যবস্থা কার্য্যকরী করা হবে। সুতরাং আমি আপনার মাধ্যমে এই সভায় জানাতে চাই, আমি আশাকরি এর পর বাঁকুলিয়া শ্রীকৃষ্ণ কলেজে অনশন সত্যাগ্রহ তুলে নেবেন।

**Shri Kumar Dipti Sen Gupta :** May I draw your attention to the percentage of profit the producers receive. প্রডিউসার্স শেয়ার যারা বিক্রী করছে তারা যেটা পায়, সেটা সুগারে পায় ৬৫'১ পারসেন্ট, রাইসে পায় ৬৬'৮ পারসেন্ট, লিন্সিডে পায় ৭৯'৩ পারসেন্ট, টোবাকোতে পায় ৪২'১ পারসেন্ট, পটাটোতে পায় ৫৬'১ পারসেন্ট। তাহলেই বুঝতে পারবেন দ্রব্যমূল্য বৃদ্ধির কারণ কি।

**Shri Netaipad Sarkar :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, এই বিল উত্থাপন করতে গিয়ে বক্তৃতায় বলেছেন যে এই বিলের উদ্দেশ্য মহৎ। আমি সেজন্য এই বিল সমর্থন করছি। কিন্তু সমর্থন করতে গিয়ে, আমার কাছে যেটা মনে হয়েছে, আমরা যে আশা করেছিলাম আমাদের সেই আশা এর মধ্যে পূরণ হয়নি। কারণ তিনি যে ব্যাখ্যা করেছেন কৃষিপণ্য মূল্যের নিয়ন্ত্রণ সম্বন্ধে, বাজার দখল করে নেওয়া সম্বন্ধে, বাজার কমিটি সম্বন্ধে, এই তিনটি বিষয়ে কিন্তু তাঁর কাছ থেকে কোন সুনির্দিষ্ট আশ্বাস পাওয়া যায়নি। উদ্দেশ্য এবং হেতুর বিবরণের মধ্যে তিনি বলেছেন—"বাজার পরিচালনের প্রাথমিক কর্তব্য বাজারের মালিকগণের উপর, মালিকগণের আনুষ্ঠানিক অপারগতার ক্ষেত্র ব্যতীত বাজার কমিটি বা রাজ্য সরকার হস্তক্ষেপ করতে পারেননা। যদি মালিকগণ ন্যায্য ভাড়া মানিয়া লন, নির্দিষ্ট দুর্নীতি বন্ধের জন্য ব্যবস্থা গ্রহণ করেন, স্বাস্থ্যকর ব্যবস্থাদির প্রবর্তন করেন এবং বাজার যেরূপ আছে, সেইরূপভাবে তাহার রক্ষণাবেক্ষণ করেন, তাহা হইলে এ বাজারগুলি তাঁহাদের দায়িত্বেই রাখিয়া দিতে হইবে।" একবারও সুনির্দিষ্টভাবে এসব কিছু বলেননি। ব্যক্তিগত মালিকানা যা কলকাতা সহর বা বিভিন্ন সহর ছাড়া মফঃস্বলে গঞ্জে বাজারে আছে সেগুলি রেখে দেওয়ার মতো সাহায্য এর মধ্যে থাকছে। অর্থাৎ কোন মালিকই একথা বলবেনা যে স্যানিটেশন এবং এই সমস্ত ব্যবস্থা থাকছেনা। আইনে যা আছে, তিনি যা বলে গেছেন, তাতে কৃষকদের কাছ থেকে কোন রকম কর বা কোন রকম তোলা, তোলা হবেনা। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারতো গ্রামের সঙ্গে সংযোগ আছে এবং কৃষিমন্ত্রীরও গ্রামের সঙ্গে সংযোগ আছে। আমি নদীয়ার বহু বাজারের কথা বলতে পারি, সেখানে গেলে আপনারা দেখতে পাবেন কৃষকদের কাছ থেকে তোলা ব্যতীত কিভাবে মালিকরা জোর করে বিক্রয় দ্রব্যের একটা অংশ তোলা হিসাবে নিয়ে নেয়, মাছের যে দাম, এই অবস্থাতেও সেখানে তারা একটা ঝুড়ি পাঠিয়ে দিয়ে সেই ঝুড়িতে একটা কন্ট্রিবিউশন আদায় করে। আপনি দেখবেন বগুলা আড়ংঘাটা, রাণাঘাটের বড় বড় বাজারে এই অবস্থা। পঃ বঙ্গের বিভিন্ন বাজারের অবস্থা এমন যে সেখানে ময়লা আবর্জনা পড়ে থাকে, পায়খানা, প্রস্রাব ইত্যাদিতে এমন অবস্থা হয়ে থাকে যে তার জন্য জনস্বাস্থ্য দারুণভাবে ব্যহত হয়। আমাদের কৃষিমন্ত্রী লালগোলার লোক। তিনি জানেন যে বীরনগর, কৃষ্ণনগর, যে গরুর হাট আছে সেখানে আবর্জনা নোংরা ইত্যাদিতে পরিপূর্ণ, সেখানেও জনস্বাস্থ্য রক্ষার কোন ব্যবস্থা নেই। তাই স্বাধীনতার ২৫ বৎসর হতে চলেছে এখনও সুনির্দিষ্ট ভাবে আমরা চলতে পারছি না। আজও বাজারের অবস্থাগুলি এই রকম। বাজারে নানারকম অবস্থা চলেছে এবং নানান রকম ভাবে কৃষকের কাছ থেকে মালিকরা শোষন করে স্ফীত হচ্ছে। মালিকদের কর্তৃত্ব সেখানে বজায় রেখেছে। চাষীদের জন্য কোন সুনির্দিষ্ট ঘোষণা নেই। এইরূপ বলা হয়েছে যে মালিকদের বাজার দখল করা হবেনা। আমি পাল্টা প্রস্তাব করতে চাই যে তাদের বাজার দখল করতে হবে। বাজার কমিটির হাতে পরিচালনা দিতে হবে এই হল আমার বক্তব্যের প্রথম কথা। তাঁর কাছে বলতে চাই যে, এই বিল দেখে মনে করেছিলাম যে, হয়তো কৃষিজাত পণ্যের বিক্রির ব্যাপারে দীর্ঘ ২০, ২২ বা ২৫ বৎসর ধরে গ্রামের কৃষকরা মালিকদের হাতে যে ভাবে ঠোকে এসেছে, তারা যেভাবে এতদিন ধরে ফোড়ে চটকল, তেলকলের মালিক ইত্যাদির কাছ থেকে বঞ্চনা পেয়ে এসেছে এবং যেভাবে শোষণ করে মালিক স্ফীত হয়েছে এই আইনে হয়তো তাদের সুনির্দিষ্ট প্রতিকারের ব্যবস্থা থাকবে। পাটের দাম নিয়ে Parliament আলোচনা হয়েছে। এতদিন ধরে যে কথা আমরা বলে এসেছিলাম সেই কথা এ বিলের মধ্যে

ঘোষণা করা হয়নি। যদি ১৫০—১৬০ টাকা per quintal পাটের দাম বেঁধে দেওয়া হয় এবং সেটা যাতে কার্য্যকরী হয় এবং দরের মাধ্যমে বাজারে enforced হয় সেদিকে দৃষ্টি রাখবেন। এই আইনের মধ্যে আগের বক্তা সেনগুপ্ত যুক্তি দিয়ে বলেছেন যে কৃষকদের পণ্যমূল্যের ব্যাপারে ঠকানো হচ্ছে। তারা এখন বিক্রি করতে গেলে তারা নানান ভাবে ঠকছে। আমি বহু উদাহরণ দিতে পারি কিন্তু উদাহরণের মধ্যে যাব না। আমি দু একটি কথা বলতে চাই যে, এই ভাবে ২২/২৪ বছর ধরে গ্রামের কৃষকরা পাট, ছোলা, কড়াই, সরষে ইত্যাদি যে সমস্ত অর্থকারী ফসল তৈরী করে কিন্তু সেই কৃষক সমাজ যারা খাদ্য তৈরী করে তারা বাজারে ফসল বিক্রি করতে নানান ভাবে ঠকে আসছে। স্বাধীনতার আগে থেকে রাজেন্দ্র প্রসাদ, পণ্ডিত জওহরলাল নেহেরু তাঁরা এসব অনুধাবন করেছিলেন এবং স্বীকারও করেছিলেন। তাদের উদ্যোগ, ধ্যান ধারণা ফুটে উঠেছিল। আমরা স্বাধীনতা পেয়েছি, আমাদের গণতান্ত্রিক সরকার পেয়েছি কিন্তু বাংলা দেশের কৃষকদের অবস্থা একই রকম তারা বাজারে ফসল বিক্রি করতে গেলে দাম পায় না। আজও তারা সরষের তেল বা কৃষি পণ্যের দাম পায়না মালিকরা গোলক ধাঁধাঁর সৃষ্টি করে। এই ভাবে দীর্ঘ ২০ বৎসর ধরে লোকসান খেতে খেতে গরীব হ'তে হ'তে, ক্রমশঃ গরীবই হচ্ছে।

[3-50—4 p.m.]

আমি তার একটি উদাহরণ দেব। আমাদের ১৯৭১ সালের সেন্সাস রিপোর্ট যেটা বেরিয়েছে তাতে আমরা একটি alarming জিনিস লক্ষ্য করছি। সেটা হলো আমাদের কৃষকদের সংখ্যা শতকরা ৮ ভাগ কমে গেছে এবং পরোক্ষভাবে খেত মজুরের সংখ্যা আমাদের বাংলাদেশে শতকরা ১০ ভাগ বেড়েগেছে, অর্থাৎ আগে এরা এমন কৃষক ছিল যাদের জমাজমি ছিল, লাঙ্গল ছিল, বলদ ছিল, তারা ফসলের ন্যায্য দাম না পাবার ফলে দিনের পর দিন শোষিত হতে হতে তাদের সে জমাজমি লাঙ্গল গরু সব চলে গেছে। এখন তাদের শেষ সম্বল পরের জমি খেত মজুরী করা। এইভাবে কৃষকরা জমিহারা হচ্ছে কৃষক আর কৃষক থাকছেনা; শেষ পর্যন্ত লাঙ্গল, বলদ, জোতজমি সব বিক্রী করে দিয়ে ক্ষেত মজুরে পরিণত হচ্ছে। কে তার জন্য দায়ী? তার জন্য দায়ী এই ধনতান্ত্রিক বিপনন ব্যবস্থা। বাজারের গোলকধাঁধাঁর মধ্যে ঘুরে ঘুরে কৃষক তার উৎপন্ন ফসলের ন্যায্য দাম পায় নাই। এই রকমভাবে দিনের পর দিন চলতে চলতে অর্থনৈতিক দিক দিয়ে কৃষকের মেরুদণ্ড একদম ভেঙ্গে গিয়ে ধ্বংসের মুখে এসে দাঁড়িয়েছে। তার পেছন দেওয়ালে ঠেকে গেছে, এখন আর গরীব না হয়ে উপায় নাই।

আমি ভেবেছিলাম এই আইনের উদ্দেশ্য হচ্ছে আমাদের অন্নদাতা কৃষক সমাজ, যারা মাথার ঘাম পায়ে ফেলে ফসল উৎপন্ন করে আমাদের অন্ন জুগিয়ে বাঁচিয়ে রেখেছে, সেই কৃষক সমাজকে বাঁচানো। তাঁরা ফসলের ন্যায্য দাম পাবেন। তারজন্য এই আইনে একটি গ্যারান্টি থাকবে। বাজার কমিটি কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য দাম পাইয়ে দিতে পারবেন। কিন্তু তার কোন ব্যবস্থাই এই আইনের মধ্যে নাই।

এই পাটের দামের ব্যাপারে আপনারা সকলে জানেন আমাদের ভারতবর্ষে বিশেষ করে বাংলাদেশে এই পাট একটি গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল। আমাদের ভারতবর্ষের ৫৫ ভাগ পাটকল বাংলাদেশে আছে। এই পাট থেকে প্রচুর টাকা আমরা বাইরে থেকে বিদেশী মুদ্রা হিসেবে আয় করছি। অথচ সেই পাট উৎপাদনকারী গ্রামের কৃষকরা সেই টাকার অংশ পাচ্ছে না। স্বাধীনতা লাভের দীর্ঘ ২৫ বছর পর চলতে চলতে আমরা দেখতে পাচ্ছি আমাদের দেশের চট কলের মালিকেরা এক হাজার কোটি টাকা এই পাট থেকে লাভ করেছে। তার মধ্যে ৫০০ কোটি টাকা হচ্ছে কালো টাকা—যার হিসেব নিকেশ কিছু নাই। আর বাকি ৫০০ কোটি টাকা হিসেবের মধ্যে পাওয়া যায়। এই যে বিরাট অংকের টাকা পাট কলের মালিকরা লাভ করেছে—তারা তা কীভাবে করেছে? না, at the cost of agriculturist—যারা production করছে, যারা পাট উৎপাদন করছে সেই কৃষকের হাড় মাংস শোষণ করে এই

৫০০ কোটি কালো টাকা মালিকরা জমিয়েছে। আর হিসেবের মধ্যে ৫০০ কোটি টাকা পাওয়া যাচ্ছে সেই টাকা চাচরিয়া পরিবারের ১২টা জুট মিল আছে বাংলাদেশে। এই জুট মিলের মালিক ১৫টি পরিবার। তারা কৃষকের ন্যায্য পাওনা টাকা লুঠেছে এতদিন ধরে। এই চাচরিয়া পরিবারের বাজারে পাট সরবরাহ করবার জন্য ব্রোকার আছে। তাদের মধ্যে কেউ বা চাচাতো ভাই, কেউ মামাতো ভাই কেউ বা পুরোহিতের ছেলে এরা সব হোল তাদের ব্রোকার। তারপর আবার তারা ৫টি ফার্ম গ্রামের খুলতে পারে। প্রত্যেক গ্রামে গঞ্জের বাজারে ছোট ছোট ফার্ম আছে তার মাধ্যমে এই পাট কেনা হয়। তারা হয়ত গ্রামের ৫টি লোককে ঠিক করেছে পাট কিনে দেবে তারা। যখন পাট বাজারে উঠলো তখন এদের বলে দেওয়া হয় ৪০ টাকা ভাও সেটা গ্রামে গিয়ে কৃষকদের কাছে পৌঁছিল ৩০ টাকা ৩৫ টাকা। মিল যখন ঐ পাট খরিদ করলো তখন লেখা হয় মোট ৭০ টাকা। হিসেব করলে দেখা যায় পাট খরিদ পড়লো ৩৫ টাকা, আর ওদিকে মিলের খাতায় লেখা হলো ৭৫ টাকা। এই যে ২৫ টাকার ফারাক এই ফারাকের টাকা চাচরিয়া পরিবার এবং তার ব্রোকাররা মিলে ভাগ বাটোয়ারা করে নিল। আসলে কৃষকরা যে ৬০ টাকা পাওয়া উচিত ছিল সে তা পাচ্ছে না। আপনারা আইন করছেন কৃষকদের প্রোটেকসন দেবার জন্য। কৃষকরা যে বঞ্চিত হয়ে আসছে তারা যাতে সেই বঞ্চনা থেকে রক্ষা পায়, তাদের প্রোটেকসন দেবার জন্য আমাদের মন্ত্রিমহাশয় তো আইনজ্ঞ তাঁর কাছে দাবি করছি তিনি খুঁজে বের করুন, উপায় উদ্ভাবন করুন যাতে গ্রামবাংলার কৃষকরা এতদিন যে বঞ্চনা সহ্য করে আসছে তা থেকে তারা রেহাই পায়। তাদের আজকে এমনই অবস্থা যে তাদের বাঁচার উপায় নাই। এবং এইভাবে তাদের জমি চলে যাচ্ছে, তারা আজকে কৃষক থেকে কৃষি মজুরে পরিণত হচ্ছে। এইভাবে ভাল করে এই কৃষিপণ্য নিয়ন্ত্রণ ব্যবস্থায় আইন করা হোক। আমাদের এই গণতান্ত্রিক সরকার—আমাদের মোরচার নাম দেওয়া হয়েছে প্রগতিশীল গণতান্ত্রিক মোরচা—সেখানে নমিনেশনের কথা বলেছেন। সেনগুপ্ত মহাশয় সাজেসন দিয়েছেন বাজার কমিটি করার জন্য। আমি বলছি সেখানে নির্বাচনের ব্যবস্থা করা হোক এবং নির্বাচনের মাধ্যমে যাতে কৃষকদের প্রতিনিধি ঐ বাজার কমিটিতে আসে তার ব্যবস্থা করা হোক। আমি দুটি অ্যামেণ্ডমেন্ট দিয়েছি সেই অ্যামেণ্ডমেন্টের পক্ষে বলতে চাই এই যে লাইসেন্সের কথা বলা হয়েছে—অনেক জায়গায় তারা লাইসেন্স-এর ব্যাপারটি ঠিক বুঝতে পারলো না, এবং লাইসেন্স হয়তো ঠিকমত সময়ে করতে পারলো না সেখানে একটা প্রভিসন করা হোক—ডিরেক্টার-এর হাতে ক্ষমতা দেওয়া হোক যাদের হয়তো সময় চলে গেছে এবং তারা লাইসেন্স পেতে পারে যদি তারা ১৪ দিনের মধ্যে অ্যাপলাই করে ডিরেক্টারের কাছে—তিনি যেন সেই লাইসেন্সের অ্যাপ্রুভাল দেন অর্থাত লাইসেন্স মঞ্জুর করার ব্যবস্থা হোক তারপর এই যে সমস্ত আমলাদের রাখা হয়েছে। এই সমস্ত আমলারা যদি ঠিকমত কাজ না করে তাহলে আমাদের এই প্রগতিশীল সরকারের নীতি হওয়া উচিত যে তাদের সরিয়ে দেবার ব্যবস্থা করা—আমি প্রস্তাব রাখছি যে এই সমস্ত আমলারা যদি আমাদের নীতিমত ঠিক কাজ না করেন তাহলে তাদের সরিয়ে দেবার ব্যবস্থা রাখা হোক। এই সমস্ত দাবি করে আমি এই বিলকে সমর্থন করছি।

**Shri Balai Lal Sheth :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের কৃষিমন্ত্রী এই যে পশ্চিমবঙ্গ কৃষিজাত দ্রব্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) বিধেয়ক, ১৯৭২ বিলটি এনেছেন তাকে আমি সমর্থন জানাই। আমাদের বিভিন্ন বক্তা কতকগুলি ত্রুটি সংশোধন করার জন্য বিভিন্ন প্রস্তাব রেখেছেন। এ সম্বন্ধে আমি একটু বেশী করে বলবো। এই যে বিল এই বিলের উদ্দেশ্য হচ্ছে কৃষকদের স্বার্থ রক্ষা করা। কিন্তু আমি দেখছি যে এই বিলে ঐ কৃষকদের স্বার্থ ঠিকমত রক্ষিত হচ্ছে না। আজকে বাজার ঐ ধনী ব্যক্তিদের দ্বারাই নিয়ন্ত্রিত হয়। যারা ঐ গ্রামের কৃষক তারা মাথার ঘাম পায়ে ফেলে যে ফসল উৎপন্ন করে সেই ফসলের দাম তারা ঠিকমত পাচ্ছে না একথা ঠিক। এই ফসলের উপযুক্ত দাম তারা পাচ্ছে না বলেই এই আইন। কিন্তু আমি দেখছি যে এই আইনে সেই উদ্দেশ্য

সফল হবে না—তাদের স্বার্থ ঠিকমত রক্ষিত হবে না। আমাদের হুগলী জেলা কৃষিপ্রধান এলাকা। সেখানে চাষীরা ফসল তুলে এনে যখন বাজারে বিক্রি করে তখন তাদের ৪।৫ টাকা দান দিতে হয়। এখানে আমাকে উল্লেখ করতে হচ্ছে যে আমাদের এই আইনে যে রয়েছে ১০০ টাকার মত ফসল থাকলে ১ টাকার মত দান নিতে পারা যায়। কিন্তু আমরা দেখবো যে কোন বাজারে ঐ মালিকরা ঐ ১ টাকার জায়গায় তারা ৪।৫ টাকা করে অনেক সময় এর চেয়েও বেশী টাকা তারা দান নিয়ে থাকে। বলা হয়েছে যে মালিকদের নির্দেশ দেওয়া হয়েছে—কিন্তু বাজারের মধ্যে ঐ মালিকদের কর্তৃত্বই থেকে যাবে। আমার মনে হয় সরকার থেকে যেসব বিল বা আইন হয় সেই আইন মেনে ঠিক চালারও প্রতিশ্রুতি সরকার দেন। কিন্তু সেই আইন মেনে চলা হচ্ছে কিনা তা তদন্ত করবার জন্য আমাদের এই সরকারী যন্ত্রের কারও উপর ভার রেখে দেওয়া হয়েছে। কিন্তু আজকে এই সরকারী কর্মচারীদের বাহাদুরীর কথা পশ্চিম বাংলার এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত কি ছড়িয়ে আছে তা সকলেই জানেন। আজও তারা অত্যন্ত জঘন্যভাবে চলছে। হয়তো এই ব্যাপারে রাইটার্স বিল্ডিংসের কোন একজনকে পাঠানো হবে। তিনি যে রিপোর্ট নেবেন সে তো আমাদের জানাই আছে। একজন ইন্সপেক্টারকে হয়তো পাঠানো হোল কোন এক জায়গায়—তিনি ফিরে এলেন স্যাম্পল নিয়ে। স্যাম্পেল নিয়ে ল্যাবোরেটারীতে ফিরে

[4-00—4-10 p.m ]

গেল কিন্তু কিছু হল না দেখা গেল পকেটটা ছিড়ে গিয়েছে অফিসারের। তাই সত্যিকারের কৃষির উন্নতি করার জন্য আমি কয়েকটি কথা চিন্তা করবার জন্য অনুরোধ জানাচ্ছি। চাষীদের মধ্যে থেকে যে প্রতিনিধি নেওয়া হবে সেদিক থেকে বলি যে এটা ঠিকমত নিরূপন করা হয়নি। চাষীদের সংজ্ঞায় যা আছে তাতে সত্যিকারের যারা গায়ে গতরে খেটে হাতে লাংগল ধরে ফসল ফলায় পশ্চিমবংগে তাদের চাষী বলা হয়, আবার রবীন্দ্রনাথের ভাষায় গায়ে যাদের মাটি লাগে না, তারাও চাষী হয়ে আছে। কাজেই এই যে নমিনি, এই নমিনির মধ্যে একটা বিরাট ফাবাক আছে বা অনেক কিছু দুরভিসন্ধি লুকিয়ে আছে। কাজেই এগুলি নির্বাচনের মাধ্যমেই হওয়া উচিত। আমরা গনতন্ত্রে বিশ্বাসী, তাই গনতন্ত্রের মাধ্যমে যদি প্রকৃত চাষীদের স্বার্থ রক্ষা করতে হয় তাহলে কৃষক বা চাষীদের মধ্যে থেকে যে প্রতিনিধি নেওয়া হবে তা যেন নির্বাচনের মাধ্যমে নেওয়ার ব্যবস্থা করা হয়। তারপর স্যানিটেসান সম্পর্কে বাজারের মালিকদের চরম ঔদাসিন্য লক্ষ করা যায়। স্যার, তারকেশ্বর বাজার পশ্চিম বাংলা কেন ভারতবর্ষের নামকরা স্থান। সেই এলাকায় বাজার বলে যে বস্তুটি আছে তাকে ঠিক বাজার বলা যায় না বরং বলা যায় সেটা একটা শুয়োরের খোঁয়াড়। সেখানে স্টেশানের ধারে বাজারটি চলে এসেছে কিন্তু যেটা বাজার এলাকা বলে ঘোষনা করা হয়েছে সেখানে চাষীরা ঢুকতে পারে না। তার দুটি কারণ। একটি হচ্ছে, মালিকদের অত্যাচার—১০ টাকার আনাজ বিক্রি করলে দু টাকা দিতে হবে দান হিসাবে আর তার উপর আবার ২ কে জি হয়ত বেগুন এনেছে সবচেয়ে বড় বেগুন যেটা সেটা দিতে হবে তোলা হিসাবে। এর ফলে বাজার এলাকা থেকে সরে এসে চাষীরা রেল লাইনের ধারে চলে এসেছে। তা ছাড়া সেটা স্বাস্থ্য উপযোগী নয়। মাছের বাজার যেটা তার পাশে একটা টিউবওয়েল আছে কিন্তু সেই টিউবওয়েলটার কোন রকম সংস্কার করা হচ্ছে না। কাজেই সত্যিকারের স্বাস্থ্য রক্ষার কথা যেটা উল্লেখ করা হয়েছে সেটা ঠিক মত সংরক্ষিত হবে কিনা সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। অর্থনৈতিক দিক দিয়ে বলি যে এক লক্ষ টাকার মত ব্যয় যে বাড়বে সেটা একলক্ষ কেন আরো বেশী যদি এরজন্য ব্যয়বরাদ্দ আসে আমরা অকুণ্ঠ চিত্তে তাকে সমর্থন জানাবো যদি এর সংগে সংগে গ্রামবাংলার বেকার যুবকদের এই বিল প্রণয়ন হবার ফলে চাকরি হয়। তা ছাড়া স্যার, এই সমস্ত তদারকির ভার সরকারের একজন কর্মচারীর উপর যদি দেওয়া হয় অর্থাৎ ইনসপেকসানের ভার যদি দেওয়া হয় তাহলে বর্তমানে যে অবস্থা চলছে সেই অবস্থাই থাকবে, এই বিলের নাম যা দেওয়া হয়েছে সেই নামের স্বার্থকতা আমরা দেখতে পাব না। তাই

আমার অনুরোধ রাজ্যসরকার একটা কমিটি তৈরি করুন এবং তার মাধ্যমে জনসাধারণের দ্বারা নির্বাচিত প্রতিনিধিকে এ ব্যাপারে তদন্তের ভার দিন। এটা করলে আমি মনে করি অনেক কাজ হবে। এই কথা বলে আমি শেষ করলাম।

**Shri Sachi Nandan Shaw :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে আমাদেব মাননীয় মন্ত্রী আবদুস সাত্তার মহাশয় 'পশ্চিমবংগ কৃষিজাত দ্রব্য বিপনন বিধেয়ক, ১৯৭২' যে বিলটি হাউসের সামনে উপস্থাপিত করেছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করছি এই কারণে, অধ্যক্ষমহাশয়, আমি যে জেলা থেকে নির্বাচিত প্রতিনিধি হয়ে এসেছি সেই বীরভূম জেলার অর্থনীতি পুরোপুরিভাবে কৃষির উপর নির্ভরশীল, সেখানে গ্রামবাংলার মানুষের স্বার্থ সম্পূর্ণরূপে রক্ষিত হবে এই বিলের মধ্য দিয়ে সেটা আমরা লক্ষ্য করছি এবং গ্রামবাংলার যে কৃষকসমাজ সেই কৃষকসমাজের উন্নতির দিকে লক্ষ্য রেখে এই বিলটি এখানে উপস্থাপিত করা হয়েছে। সমাজে যারা মাথার ঘাম পায়ে ফেলে এই সমাজকে বাঁচিয়ে রেখেছে যে কৃষকসমাজ—সেই কৃষক সমাজের উন্নতির দিকে লক্ষ্য রেখে এই বিলটি তৈরি হয়েছে, সেটা আমি লক্ষ্য করছি। এই আইনে চাষীরা তাদের উৎপন্ন ফসলের ঠিকমত দাম পাবে। চাষীরা তাদের উৎপন্ন ফসলের ন্যায্য দাম পায় কি পায় না এবং সুযোগ-সুবিধা যে পায় না, আমাদের এই সরকার কোন ক্ষেত্রেই সেটা এতদিন লক্ষ করেন নি, আজকে লক্ষ্য করে এই বিলটি উপস্থাপিত করেছেন। তাই আমি এই বিলটিকে আজকে পরিপূর্ণভাবে সমর্থন করছি। ক্রেতাদের ক্ষেত্রে সুযোগ দেওয়া হয়েছে—সুযোগ দেওয়া হয়েছে বাজার সমিতি গঠন করে। পশ্চিম বাংলার যে সমস্ত বাজার রয়েছে সেই বাজারগুলির দিকে তাকিয়ে ১৯৭০ সালে যে আইন রচিত হয়েছিল, সেই আইনে যে সত্যিকারে নিয়ন্ত্রণ করা যাচ্ছিল না, সেটা আমরা জানি। সেই জন্য আমাদের মাননীয় মন্ত্রী সাত্তার মহাশয় গ্রামবাংলার মানুষদের জন্য আজকে সুন্দরভাবে এই বিলটি আনয়ন করেছেন এবং তারই জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। অভিনন্দন জানাচ্ছি এই কারণে, এই যে বাজার কমিটি গঠিত হয়েছে অনেকে বললেন এই বাজার কমিটি গণতান্ত্রিক হয়নি—মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি লক্ষ্য করলাম যে এই বাজার কমিটি হয়েছে কৃষকদের স্বার্থে এবং মেজরিটি কৃষককে এই কমিটির মধ্যে আনয়ন করা হয়েছে। আজকে যদি আপনি বলেন যে না, এখানকার সমস্ত মানুষ অসৎ, আমি বিশ্বাস করি না, সমস্ত মানুষ দুর্নীতিপরায়ণ, আমি তাও বিশ্বাস করি না—যেখানে কৃষক আজকে সমাজকে বাঁচিয়ে রেখেছে সেই কৃষকেরই স্বার্থে মেজরিটি কৃষককে এই কমিটিতে নেওয়া হচ্ছে। যারা ব্যবসা পরিচালনা করেন সেই পরিচালকমণ্ডলীর মেজরিটি লোককে এই কমিটিতে নেওয়া হয়েছে। কাজেই এই বাজার কমিটি যাতে সুষ্ঠুভাবে কাজ করেন, সাহসিকতার সংগে কাজ করেন, ন্যায়-সংগতভাবে কাজ করেন সেই জন্য এই বিলটি আনা হয়েছে এবং এই বিলের মাধ্যমে গ্রামবাংলার মানুষ সত্যিকারে যথেষ্ট পরিমানে উপকৃত হবে। মাননীয় অধ্যক্ষমহাশয় আমাদের বীরভূম জেলা কৃষিপ্রধান জেলা কাজেই এই জেলায় অনেক বাজার রয়েছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি সেই দুবরাজপুর কেন্দ্রে যে বাজার আছে সেই বাজার, বাজার নয়, তাকে দেখে মনে হবে সেটা যেন একটা নরককুণ্ড। এই নরককুণ্ডে কেন যে পরিণত হয়েছে সেটা আমরা জানি। সেখানে যিনি বাজার পরিচালনা করেন তিনি একজন ধনী ব্যক্তি। কাজেই আমাদের সরকার সেই ক্ষমতা কেড়ে নিয়ে নিজেদের হাতে নিয়েছেন এবং রাজ্য বিপনন পর্ষদের হাতে অর্পন করেছেন। এই রাজ্য বিপনন পর্ষদের হাতে সমস্ত ক্ষমতা রয়েছে সমস্ত বাজারগুলি কন্ট্রোল করার জন্য এবং কৃষকদের স্বার্থ রক্ষা করার জন্য এই বিলটি আনয়ন করা হয়েছে। আজকে আমাদের সরকার পক্ষ থেকে মাননীয় সাত্তার মহাশয় যে বিলটি উপস্থাপিত করেছেন "পশ্চিমবংগ কৃষিজাত দ্রব্য বিপনন বিধেয়ক, ১৯৭২" আমি তাকে পরিপূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ajit Kumar Basu :** মাননীয় স্পীকার, স্যার, আমার দু একটি কথা বলবার আছে। প্রথম কথা হচ্ছে বিলটিতে খুব ভাল ভাল কথা বলা হয়েছে। কিন্তু এটা তো সত্যি কথা পশ্চিম বাংলার সমস্ত গ্রাম এবং শহরের সমস্ত বাজার নিয়ন্ত্রণের কথা এই বিলে ভাবা হচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয় বলুন যে পুরোপুরি না হলেও অন্ততঃপক্ষে আংশিকভাবে পশ্চিমবংগের সমস্ত বাজারগুলি নিয়ন্ত্রণ করার কথা কিছুটা ভাববেন। সকলেই এটা বলছেন যে সমস্ত বাজারই নরককুণ্ডে পরিণত হয়েছে। বাজারগুলির স্যানিটেসনের জন্য অন্ততঃপক্ষে মিনিমাম স্ট্যানডার্ড একটা ঠিক করা হোক। এটা ঠিক করে সমস্ত জায়গায় সারকুলার দেওয়া হোক যেখানে যেখানে বাজার থাকবে সেখানে এই সর্বনিম্ন মান স্যানিটেসনের ব্যবস্থা পালন করতেই হবে। বেশীর ভাগই হচ্ছে প্রাইভেট মালিকের বাজার এবং মালিকেরই বাজার থাকবে এও তারা বুঝতে পেরেছে। কাজেই সেদিক থেকে অন্ততঃপক্ষে নিয়ন্ত্রণ করার একটা চেষ্টা করা হোক এবং একদিক থেকে চেষ্টা করা হোক যে সর্বনিম্ন স্বাস্থ্যরক্ষা করার ব্যবস্থা তারা করবেন, সেখানে মালিক নিশ্চয়ই সেই ব্যবস্থা করবেন। সত্যি এটাকে নরককুণ্ড বলা যায়, জানিনা এটা স্বীকার করবেন কিনা।

[4-10—4-20 p. m. ]

বিল নিশ্চয়ই পাশ হবে, আমরা সমর্থন করবো, সকলেই সমর্থন করবেন। আজ না হয় অন্ততঃ ভেবে দেখুন, আগামীদিনে এটা করা যায় কিনা। শুধু circular দিয়ে হবে না, এটা আমরাও জানি, আপনারাও জানেন। জেলায় জেলায় কিছু কিছু কর্মচারী রাখা হবে যারা ঘুরে ঘুরে দেখবেন যে বাজারের স্বাস্থ্যের ক্ষেত্রে, Sanitation-এর ক্ষেত্রে সর্বনিম্ন মান বজায় থাকছে কিনা। আমার দুই নম্বর কথা হচ্ছে, কতটা উঠছে। আপনারা বলেছেন, যারা বক্তব্য রেখেছেন তারাও বলেছেন যে কৃষকের স্বার্থে এই বাজার উন্নয়ন বিল করা হয়েছে। চাষীর উৎপন্ন ফসলে ন্যায্য দাম এর ভিতর থেকে পাবার ব্যবস্থা হবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় কিন্তু বলছেন না, তার বিলের বক্তব্যের মধ্যে হয়ত শেষের দিকে বলতে পারেন, কিভাবে চাষীর উৎপন্ন ফসলের ন্যায্য দাম এর ভিতর থেকে assure করবেন সেটা তাঁকে বলতে হবে। তিনি কথাটা বলেছেন, আমরা শুনেছি। অনেকে তার জের টেনে বক্তব্য রেখেছেন। এখন তিনি আমাদের বুঝিয়ে দিন। আমাদের দেশের চাষীরা সত্যিই বঞ্চিত এবং পুঁজিপতিরা অনবরত বাজারে তাদের শোষণ করে চলেছে। এইরকম ক্ষেত্রে সামান্য ব্যবস্থায় তাদের ন্যায্য দাম পাইয়ে দেবার ক্ষেত্র কি করে কি করা যায়। সব বাজারই private মালিকের, private বাজার। Private বাজারে লোকে কিনবে সেখানে কিভাবে করা যায় মোটামুটি তিনি একটু ভাবুন। আমরা তার কাছে পরবর্তীকালে suggestion রাখবো। তিনি যে কথা বললেন, আমরা তাঁকে বলছি, কিভাবে আমাদের দেশের চাষীরা বিভিন্নভাবে বঞ্চিত হচ্ছে, বিভিন্নভাবে ফসলের দামের ক্ষেত্রে শোষিত হচ্ছে। বাজারগুলিতে আজকের দিনেও আগেকার মত ঈশ্বরবৃত্তি ও দান তোলার পদ্ধতি চলছে। সেই সামন্ততন্ত্র ব্যবস্থা চলছে। পাইকাররা, আড়তদাররা, গ্রামের এদিক ওদিকের বাজার থেকে কেনে তারা বেশীর ভাগ শহরে পাঠিয়ে দেয় এবং তারা একটা মোটা অংশ মাঝখান থেকে মুনাফা করে। কাজেই চাষীর খুব অল্প দাম পায়। এ বিষয়ে আপনি কি ভাবছেন সেটা দয়া করে বলবেন, এটা আমরা আপনার কাছে শুনতে চাই।

আমার তিন নম্বর কথা যেটা সেটা আমাদের মাননীয় সদস্য বলাইবাবু বলেছেন। আমাদের দেশে অনেক বাজার আছে সেখানে অনেক জুলুম করে চাষীদের থেকে আদায় করা হয়। আপনি যে কয়টা বাজার নিয়ন্ত্রণ করবেন, আমার ধারণা সেটা আঙ্গুলে গোনা যাবে। বাড়ীগুলি সম্পর্কে আপনি কি ভাবছেন ? আগেকার দিনেরই মত সামন্ততন্ত্র ব্যবস্থা আজও আমাদের সমাজের একটা বড় অর্থনৈতিক দিককে নিয়ন্ত্রিত করছে, এটাকে উৎখাত করার জন্য আপনি কি ভাবছেন, সেটা কি সম্ভব ? আমি জানি না, পশ্চিমবঙ্গে একটা জেলাওয়ারী uniform rate করা যায় কিনা, যে এই জিনিস এ পাবে এতটা, বাজারের মালিক নেবে এতটা, সরকারও সেটা নেবেন, এর বেশী

নেবেন না। বিভিন্ন জায়গায় একটা জমজমাট গঞ্জে বা এলাকায় বলাইবাবু তার নিজের এলাকার কথা বলেছেন। আমার এলাকায়ও তাই। সেখানের বাজারেও সুব্যবস্থা নেই। এই বাজারে stall-এর ব্যাপারেও সেই জিনিস দেখা যায় যে, অমুককে দিতে পারবে না, অমুককে দিতে পারবে এইরকম পাইকারী হারে দেওয়া হচ্ছে। কাজেই এগুলি নিয়ন্ত্রণ করার জন্য গোটা বাংলা দেশে আপনি কিছু নিয়ম-কানুন করতে পারেন কিনা, অন্ততঃপক্ষে জেলাওয়ারী ভিত্তিতে কোন নিয়মকানুন করা যায় কিনা আপনি ভেবে দেখবেন।

আমার ৪ নম্বর বক্তব্য হচ্ছে; কেউ কেউ বলেছেন বাজার Committee আপনারা করছেন। ঠিক কথা, Committee নিশ্চয় করতে হবে। ধরুন বলাইবাবুর এলাকায় চাপাডাঙ্গায় যে বাজার আছে, সেটা সরকারী বাজার J L R O মোটামুটিভাবে তত্ত্বাবধান করেন, তিনি সর্বময় কর্তা দেখাশুনা করছেন। আমি ভেবেছিলাম বলাইবাবু সরকারী বাজারের কথা তুলবেন। সরকারী বাজারের যে কি অবস্থা তার সীমা পরিসীমা নেই। এই সেদিন তৈরী করা হয়েছে, এরই ভেতর তার চাদ দিয়ে জল পড়তে শুরু করেছে। কাজেই এই যে অব্যবস্থাগুলো রয়েছে যদি কতকগুলো লোকাল মানুষের তত্ত্বাবধানে থাকে তাহলে অব্যবস্থগুলো দূর হতে পারে। সাধারণ মানুষের কিছু বলার ক্ষমতা নেই, জে. এল. আর. ও. যা ভাল বুঝবেন তাই করবেন। এই কমিটিতে যারা নমিনেশন পাচ্ছেন তারা যদি স্থানীয় লোক হয় তাহলে সেইগুলো পরামর্শ করে, কাজে পরিণত করা—এই অধিকার যদি থাকে তাহলে অব্যবস্থা কমতে পারে। সব জিনিস ভালভাবে চলতে পারে, সোস্তাল কন্ট্রোল বলতে আমরা যেটা বুঝি। সেই এলাকার মানুষ, ছোট বা বড় জিনিস হলেও সেখানে কি হবে না হবে সেটা বলতে পারে যে, কি হওয়া উচিত না হওয়া উচিত। তারকেশ্বরের চাপাডাঙ্গার সরকারীর বাজারের অবস্থা চরম কে সেই অব্যবস্থা দূর করবেন, সরকারী লোক তারা করছেন, তাদের সংগে নমিনেটেড মেম্বার করবেন না। মানুষের বহু অভিযোগ আছে, বহু চাহিদা আছে, সেইরকম চাহিদা নিয়ে ডেপুটেশনে যাবে জে. এল. আর. ও.'র কাছে আজ বা কাল, কাজেই সেইজন্য যে কথা উঠেছে, যাদের ঐ বাজারের সংগে সম্পর্ক আছে, আসা যাওয়া করছে কেনাকাটা করছেন, তাদের নিয়ে ইলেকটেড কমিটি করা হোক। ইলেকটেড কমিটি হলে তারা দায়ী থাকবেন এবং ভাল করবার চেষ্টা করবেন। নমিনেটেড কমিটি হলে তারা মোটামুটি দায়ী থাকছেন না সরকারী লোকেরা যেটা বলে দেবেন, সেটা করবার একটা প্রবনতা দেখা দেবে কারণ তারা সরকারের নিযুক্ত ব্যক্তি। কিন্তু জনসাধারণের নির্বাচিত লোক ভাববে, এই লোকগুলো আমাদের পাঠিয়েছে, এই লোকগুলোর যে চাহিদা আছে, সেই চাহিদামত আমাদের কাজ করতে হবে। সেই জন্য এখানে যে কথাটা উঠেছে, ঐ নমিনেটেড কমিটি, আমরা সেটাকে ইলেকটেড কমিটি করবার কথা ভেবে দেখতে বলছি, এই বলে মোটামুটি এই বিলটাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Saroj Karar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে আমাদের প্রিয় মন্ত্রী যে বিল উত্থাপন করেছেন, সেই বিলের সমর্থনে কিছু বক্তব্য রাখার আগে এই বিলের সম্পর্কে যে সমালোচনা-মূলক বক্তব্য রাখা হয়েছে, যাদের স্বার্থ রক্ষার জন্য এই বিল সভায় আনা হয়েছে তাদের স্বার্থ রক্ষার মূলদিকটা এত উপেক্ষা করে যাওয়া হচ্ছে যে বলার নয়। কারণ আমরা যারা গ্রামে থাকি, যারা চাষী তারা যাতে উৎপন্ন ফসলের উপযুক্ত মূল্য পান তারদিকে দৃষ্টি দেবার জন্য এই বিল আনা হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে চাষীরা তাদের উৎপন্ন ফসলের উপযুক্ত দাম পাচ্ছেন না। কারণ যখন তারা তাদের জমি থেকে ফসল তুলছেন, নানা কারণে—বিশেষতঃ ঋণের কারণে চাষীরা যে দাদন নেন ফড়ের কাছ থেকে, মহাজনের কাছ থেকে, প্রথমেই জমি থেকে উৎপন্ন ফসল তোলার সংগে সংগে সমস্ত মাল তাকে বিক্রি করে দিতে হয়। সেইজন্য আজকে কৃষিমন্ত্রীর কাছে আমার আবেদন রাখবো যাতে চাষী উপযুক্ত পরিমাণে ঋণ এবং অন্যান্য সাজ সরঞ্জাম পান এবং তাদের ফসলের উপযুক্ত মূল্য বাজারে বিক্রী করার সুযোগ পান, তারজন্য যেন প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করেন। তা না করলে এই বিল স্বার্থক হবে না। শুধু বাজারগুলো

নিয়ন্ত্রণ করে কিছু হবে না, বাজারে আসার আগে যদি মাল বিক্রি হয়ে যায়, তাহলে বাজার নিয়ন্ত্রণ করার কোন স্বার্থকতা নেই। তাই আমাদের লক্ষ্য রাখতে হবে, কৃষকরা বাজারে মাল নিয়ে আসা পর্যন্ত যে সময় লাগে, সেই সময় পর্যন্ত যাতে মালপত্র ধরে রাখতে পারে তবে বাজারের মূল্যমান ঠিক থাকবে। তা না হলে যে অবস্থায় আছে, এই বিল পাশ হবার পরেও সেইরকম অবস্থা কৃষকদের চলতে থাকবে। বাজারের যে কমিটি করার কথা বলা হয়েছে সে সম্বন্ধে

[4-20—4-30 p.m.]

একটা সংশোধনী এখানে উঠেছে, তার মধ্যে আমি কুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় যে সংশোধনী দিয়েছেন তাকে আমি সমথন করছি, কারণ শুধু সরকারী পরিচালনায় রাখলেই সমস্ত কাজ সুষ্ঠুভাবে হবে না, সেখানে জন প্রতিনিধিদের নেওয়ার দরকার আছে। সেইজন্য আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করছি। আমাদের বাজার পরিচালন ব্যাপারে যে সমস্ত ত্রুটিবিচ্যুতি আছে যে কথা মাননীয় সদস্যরা ইতিপূর্বে বলে গিয়েছেন তার পুনরাবৃত্তি না করে আমি শুধু এই কথা বলব বাজার যাতে সুষ্ঠুভাবে পরিচালনা করা যায় তারজন্য এইদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। শুধু সরকারী কর্মচারীদের উপর দায়িত্ব দিয়ে রাখলেই চলবে না, যে কথা এর আগে বলাই লাল শেঠ মহাশয় বলে গিয়েছেন যে ইনেসপেক্টররা বাজারে যেমন তেল এর স্যাম্পেল নেন এবং পরে শোনাযায় যে স্যাম্পেল ইদুঁরে ভেংগে ফেলেছে তাই তার কোন ব্যবস্থা করা যায়নি, সেইজন্য আমরা বলছি জন প্রতিনিধিদের নিতে পরিচালন ব্যবস্থায়, এটা আপনি একটু বিবেচনা করে দেখবেন। সরকারী পরিচালনাধীনে করার কথা যেটা সেনগুপ্ত মহাশয় রেখেছেন সেটাকে আমি সমথন করি কারণ কোন ত্রুটি বিচ্যুতি ঘটলেও সেই বাজার সরকারী নিয়ন্ত্রণে আনার প্রয়োজন আছে। আজকে এই সভায় অন্য একটা কথা উঠেছে যে বিভিন্ন জায়গায় ব্যাঙএর ছাতার মত বাজারগজিয়ে উঠেছে, সেইজন্য যদি সরকারী নিয়ন্ত্রণে বাজার আনা হয়, এবং মূল্য মানের উন্নয়ন করা হয় তাহলে আজকে যারা পথেঘাটে বসে তাদেরকে তুলে দেওয়া হবে, যদি তুলে দেওয়া হয় তাহলে তাদের পুনবাসনেব ব্যবস্থা করতে হবে এবং সেই বিষয়ে মন্ত্রিমহাশয়কে সুস্পষ্টভাবে চিন্তা করতে হবে। যদি তারা পুনর্বাসনের ব্যবস্থা না পান এবং তাদের যদি পুলিশের জুলুম রাস্তাঘাট থেকে উঠে চলে যেতে হয়, যেমন আমাদের এক সদস্য বলে গিয়েছেন যে শিয়ালদহ থেকে বহু লোককে এইভাবে তুলে দেওয়া হয়েছে, তাদের তুলে দেওয়ার ফলে তারা বেকার হয়ে পড়বে—একেই পশ্চিম বাংলা বেকারের চাপে জর্জরিত, তার উপর আবার যদি এই বাজার নিয়ন্ত্রিত করে তাদের তুলে দেওয়া হয় তাহলে আরও বেকার বেড়ে যাবে। সেইজন্য সেদিকে আমি মন্ত্রিমহাশয়কে চিন্তা করবার জন্য আবেদন জানাচ্ছি তা ছাড়া কতগুলি উৎপাদন দ্রব্য আছে যে গুলি ঠিক মত রক্ষনাবেক্ষন করা যায় না তার ফলে চাষীরা ন্যায্য মূল্য পায় না, যেমন আমি হাওড়া জেলার উদয়নারায়ণপুর থেকে নির্বাচিত, সেখানে বৃহত্তর এলাকায় আলুর চাষ হয় এবং সেখানে সরকারী কোন ব্যবস্থা না থাকায় চাষীরা বাধ্য বাধ্য হয়ে হিমঘরে পাঠিয়ে দেয়, এবং সেখানে দালালরা কম দামে কিনে নেয়, এবং চাষীর সামথ না থাকার ফলে সেও বাধ্য হয় সেই ফসল বিক্রী করতে। সেইজন্য সেই ফসল সংগ্রহের জন্য সরকার যদি সংগ্রহাগার এর ব্যবস্থা অবিলম্বে করতে পারেন তাহলে চাষীদের স্বাথ সংরক্ষিত হবে। এই বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ganesh Chandra Hatui** : মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী পশ্চিমবংগ কৃষিজাত দ্রব্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) বিধেয়ক, ১৯৭২ ; যে বিলটা এনেছেন তাকে আমি পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। এই বিল-এর শুরুতেই উনি বলেছেন যে দুটো উদ্দেশ্যে উনি বিল এনেছেন, একটা উদ্দেশ্য হলো বিক্রেতাদের স্বার্থ রক্ষা, আর একটা হচ্ছে ক্রেতাদের স্বার্থ রক্ষা করা। কিন্তু গ্রামবাংলায় যারা ফসল বিক্রয় করেন, সেই গরীব চাষীরা তারা এই যে ফসলটা বিক্রয় করবেন বাজারে সেই বাজারে উপযুক্ত দাম কিভাবে পাবেন সেটা আমরা ভেবে উঠতে পারছি না। কারণ চাষীরা

যখন তার মালটা বাজারে নিয়ে আসছে তার উৎপন্ন ফসল তখন ব্যবসাদারদের আলাদা একটা সমিতি আছে, তারা বলছে বাজারে এই আলু আমরা ১২ টাকার বেশি দামে কিনবো না। তখন হয়তো আলুর দাম অনেক বেশি। কিন্তু অভাব তাই চাষীকে সেই দামে বিক্রি করতে হচ্ছে। কাজেই চাষীরা ফসলের ন্যায্য দাম পাচ্ছে না। পাটের দাম যদিও কেন্দ্রীয় সরকার এখনও বাঁধেন নি, কিন্তু পরে হয়তো বেঁধে দিতে পারেন কিন্তু তবুও যে সমস্ত ব্যবসায়ী আছে, আড়তদার আছে তারা কম দামে কিনছে চাষীর অভাবের সুযোগ নিয়ে। এই যে বাজার কমিটি এর মাধ্যমে সমস্ত বাজারটা নিয়ন্ত্রণ করা যাবে এটা আমি আশা করছি না। তবে কিছু থাকা দরকার। কারণ এর মাধ্যমে যদি আমরা কিছুটা নিয়ন্ত্রণ করতে পারি তাহলে সেটা কাজে লাগবে। কারণ চাষীর যে অর্থকরী ফসল আছে চাল, পাট, ইত্যাদি যেসব এসেনসিয়াল কমডিটি আছে যেমন ধান, বা গম তার দামও বাড়ছে বা সরকারের দ্বারা যে করপোরেশান আছে তার মাধ্যমে বিক্রি করতে পারছে। কিন্তু আর যেসব ফসল আছে তার একটা নির্দিষ্ট দাম বেঁধে দেওয়া সম্ভব নয়। কারণ বিভিন্ন এলাকায় বিভিন্ন দাম। এই যে জিনিসের দাম বেড়ে যাচ্ছে মাঝখানে যে দালাল আছে এদের কিছুতেই যেন শায়েস্তা করা যাবে না। তারা চাষীদের কাছ থেকে কম দামে কিনে নিচ্ছে এবং ক্রেতাদের কাছে বেশি দামে বিক্রি করছে। কাজেই এই মিডল ম্যানদের নিবারন করতে উপায় বের করার জন্য সরকারের একটি সংস্থা করা দরকার, স্টেট ট্রেডিংয়ের মাধ্যমে সমস্ত জিনিস কিনে নিয়ে তারপর তার মাধ্যমেই বিক্রি করা। সেটা এখন করা যাচ্ছে না। তবে সরকার এই বিলের মাধ্যমে যদি আমাদের গরীব চাষীদের স্বার্থরক্ষা করতে পারেন তাহলে গরীব চাষীরা আশীর্বাদ করবে। এই আইনের আর একটি জায়গায় বলা হয়েছে, "বাজার এলাকায় আনীত কৃষিজাত দ্রব্যের উপর বাজার কমিটি কর্তৃক যেরূপ হার ধার্য হয় সেইরূপ প্রতি ১০০ টাকা মূল্যের কৃষিজাত দ্রব্যের উপর অনধিক একটাকা হারে বাজার ফি বাজার কমিটি ধার্য ও আদায় করিতে পারিবেন। এটা বাজার কমিটি চাইবে। এই যে টাকাটা আদায় করবে এই টাকাটা অবশ্য যে ব্যবসাদার তার কাছ থেকে নেওয়া হবে। ব্যবসাদাররা স্বভাবতই এই টাকাটা চাষীর কাছ থেকে নেবে। তারা চাষীর কাছ থেকে কম দামে জিনিস কেনে এবং এর ফলে চাষীরা ক্ষতিগ্রস্থ হচ্ছে। বাজার কমিটিতে টাকাটা আসছে সত্য কিন্তু এতে চাষীরা ক্ষতিগ্রস্থ হচ্ছে। এই যে টাকা নেওয়া হয়েছে এতে একদিকে ভাল হয়েছে। বাজারগুলোতে যে অবস্থা সেখানে অনেকে আগে বলেছেন যে নরককুণ্ডের অবস্থা। সেখানে ক্রেতা এবং বিক্রেতাদের খুবই খারাপ অবস্থা। কাদার মধ্যে দিয়ে যাতায়াত করতে হয় এবং সেখানে কোন স্যানিটেশানের ব্যবস্থা নেই। যাতে বাজারগুলোতে একটু স্যানিটেসানের ব্যবস্থা করা যায় সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। গ্রামবাংলায় এমন অনেক বাজার আছে যাদের মাথার উপর আচ্ছাদন পর্যন্ত নেই। ফলে বর্ষাকালে তারা ভেজে এবং মালিক সেখানকার গরীব চাষীদের কাছ থেকে টাকা আদায় করে নিচ্ছে। টাকার মাধ্যমেই হক বা উৎপন্ন ফসল যদি বিক্রি না হয় তার কাছ একটা তোলা নিচ্ছে, আলু, পটল যাই হক, একটু বেশি পরিমানেই নিচ্ছে। বাজার নিয়ন্ত্রণ আইন যদি যথাযতভাবে প্রয়োগ করতে হয় তাহলে বাজার কমিটির উপর দায়ীত্ব দেওয়া দরকার। বাজার কমিটিতে আছে, কৃষক প্রতিনিধি, ব্যবসাদারদের প্রতিনিধি এবং এর সংগে বলতে চাইছি যে ওই এলাকার জনপ্রতিনিধিদের রাখুন এবং তাহলে এটা সুষ্ঠুভাবে চলতে পারে। কারণ বাজারকে সম্পূর্ণভাবে নিয়ন্ত্র করছে বাজার কমিটি।

4-30—4-40 p.m.]

এবং সেই বাজার কমিটি যদি সুষ্ঠুভাবে কাজ না করে তাহলে যে বাজার নিয়ন্ত্রণ আইন আনা হয়েছে সেটা বিফল হতে বাধ্য। ক্রেতা এবং বিক্রেতাদের মধ্যে যাতে বিরোধ না বাধে এবং কৃষিজাত দ্রব্যের মূল্যমান যাতে ঠিক থাকে সেটা দেখাই হল বাজার কমিটির কাজ। বাজার কমিটি যদি এই সমস্ত কাজ ঠিকমত দেখাশুনা করেন তাহলে চাষীরা তাদের উৎপন্ন ফসলের খানিকটা উপযুক্ত দাম পাবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Md. Dedar Baksh**: মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় পশ্চিমবংগ কৃষিজাত দ্রব্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) বিধেয়ক, ১৯৭২, যে বিল হাউসে উপস্থাপন করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। কারণ, এটা সময়োচিত হয়েছে। এর আগে ১৯৭০ সালে একটা আইন হয়েছিল যে আইন অনিয়ন্ত্রীত বাজারগুলির মালিকদের নিয়ন্ত্রণ করবার জন্য হয়েছিল এবং তাদের উপর কতকগুলি ভার দেওয়া হয়েছিল বিশেষ করে স্যানিটেসানের ভার দেওয়া হয়েছিল। কিন্তু যে সমস্ত কর্তব্য নির্দিষ্ট করে দেওয়া হয়েছিল ১৯৭০ সালের আইনে সেটা অপর্যাপ্ত বিবেচিত হওয়ায় মাননীয় মন্ত্রিমহাশয় গ্রামবাংলার লোক, তিনি গ্রামবাংলায় কৃষিজাত দ্রব্যের উপর এই যে অসাধু ব্যবসায়ী এবং বাজার মালিকদের ফাটকাবাজার, ছিনিমিনি খেলা এই সমস্ত বিচার বিবেচনা করে এই বিল যথাসময়ে এনেছেন বলে তাঁকেও আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি বিশেষ করে ২টি দিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র ভগবানগোলায় একটা বাজার রয়েছে, সেই বাজারের মালিক হচ্ছে শ্রীধীরেন্দ্র নারায়ণ রায় এবং সেই বাজার একজনের কাছে লিজ দেওয়া হয়েছে। আমি নিজে কয়েক বছর যাবত লক্ষ্য করেছি সেখানকার স্যানিটেসানের অবস্থা অত্যন্ত খারাপ। তাই আমি বলব এই যে বিল এনেছেন এর মাধ্যমে মালিকদের হাতে বাজার ছেড়ে না দিয়ে বাজার কমিটির মাধ্যমে বাজার নিয়ন্ত্রণ এটা অত্যন্ত দরকার ছিল। দ্বিতীয় আমি বলতে চাই আমি ভগবানগোলা কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি, সেখানে যারা বাজারে আসে তাদের সেই অস্বাস্থ্যকর পরিবেশে স্বাস্থ্য নষ্ট হচ্ছে বলে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামবাংলার অধিকাংশ কৃষক পাট উৎপাদন করে কিন্তু তার ন্যায্য মূল্য তারা পায় না, বিশেষ করে জিয়াগঞ্জ, লালগোলা, কাশিমবাজারে চাষীরা পাট বিক্রি করতে নিয়ে আসে, অসাধু ব্যবসায়ী যারা নিয়ন্ত্রণ করে তারা ঢলতা যাকে বলে সেই ঢলতা মণে ২॥ সের করে চাষীদের কাছ থেকে আদায় করে। এইভাবে প্রকৃত উৎপাদক গরীব চাষী ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হয় এবং তাদের নানাভাবে ঠকান হয়। আমি এইদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আপনাদের আর ধৈর্যচ্যুতি না ঘটিয়ে মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানিয়ে এবং মাননীয় অধ্যক্ষমহাশয় যে আমাকে বলতে সুযোগ দিয়েছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Sri Abdus Sattar**: মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সভ্যদের আমিও ধন্যবাদ জানাচ্ছি আমার এই বিলকে সমর্থন করার জন্য। মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় মহাশয় তাঁর বক্তব্যে কতকগুলি সাজেসান রেখেছেন এবং তিনি যে সমস্ত অ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন তাও আমি দেখেছি। তাঁর প্রথম কথা হচ্ছে প্রাইস লাইন মেনটেন করব ব্যবস্থা নেই এই আইনে। তিনি বলেছেন উদ্দেশ্য মহৎ, কিন্তু বিলে তাঁর প্রতিফলন নেই। আপনারা যদি আইন পড়েন তাহলে দেখবেন এর নাম হচ্ছে দি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল প্রোডিউস মার্কেটিং (রেগুলেশন) বিল এবং প্রিএম্বল দেখলে দেখবেন টু প্রোভাইড ফর দি রেগুলেশন অব মার্কেটিং অব এগ্রিকালচারাল প্রোডিউস ইন ওয়েস্ট বেঙ্গল এটা আছে। প্রাইস লাইন আমাদের পক্ষে বেঁধে দেওয়া সম্ভব নয়। প্রথম কথা হচ্ছে কোন কমোডিটির প্রাইস ঠিক করা—এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার। আমরা যেটা করছি সেটা হচ্ছে মার্কেট রেগুলেট করবার জন্য আইন, মার্কেট নিয়ে নেবার জন্য আইন করিনি। এই রেগুলেট করবার ব্যাপারে কি কি করব সেটা আমি বলছি। একটা কমিটি থাকবে এবং সরকার তার মাধ্যমে বাজার রেগুলেট করবে। আমরা দেখেছি যে সমস্ত চাষী বাজারে তাদের পণ্য নিয়ে যায় সেখানে ঢলতা হিসেবে কিছুটা মেরে দেয় এবং তাছাড়া অনেক রকম জিনিস হয় যার মাধ্যমে তাদের বেআইনীভাবে ঠকান হয়। এখন এই মার্কেট কমিটি এইসব জিনিস দেখবে এবং যারা গ্রোআর তাদের প্রতিনিধি এই কমিটিতে থাকবে। আমরা এটা রেগুলেট করব, কিন্তু আমরা কোন প্রাইস লাইন করব না। ধান হোক পাট হোক তার প্রাইস লাইন সেটা কেন্দ্রীয় সরকার ঠিক করবেন। আমরা এই বিল পাঠিয়েছি কেন্দ্রে এবং সেখান থেকে অনুমোদন

নিতে হয়েছে এবং তারপর আমরা এখানে প্লেস করেছি। দ্বিতীয় কথা হচ্ছে অনেকে বলেছেন মালিক যদি ব্যর্থ হয় তাহলে তাদের কাছ থেকে টেকওভার করা। আমি আগেই বলেছি টেক-ওভার করবার প্রশ্ন নেই, যদি সরকার মনে করেন কোন বাজার রেগুলেট করবার দরকার আছে আণ্ডার সেকসন থ্রি তাহলে ডিক্লারেশান দেওয়া হবে, এরিয়া বেঁধে দেওয়া হবে। কিন্তু টেকিং ওভার দি পজেসন অব দি মার্কেট সেই ব্যবস্থা এই আইনে করা হয় নি। এই আইনে রেগুলেট করবার কথা আছে, কাজেই দুটোর মধ্যে ফাণ্ডামেণ্টাল ডিফারেন্স রয়েছে। সরকারের তরফ থেকে ব্যবস্থা করবার জন্য আমরা এটা রেগুলেট করব এবং ফাইন্যান্স-এর ব্যাপারে আমরা ব্যবস্থা করব। টেকিং ওভার দি মার্কেট সেটা এই আইনে নেই। অনেক বাজার সরকারের আছে যেটা ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্টের আণ্ডারে আছে। আমি আগেই বলেছি ৫০টি বাজার মার্কেট রেগুলেসন অ্যাক্ট অনুসারে নিয়ে সেইগুলিতে যাতে এই ব্যবস্থা হয় সেইজন্য বড ব্যাংকের কাছ থেকে ঋণ নিচ্ছি। পুরুলিয়া ছাড়া প্রত্যেকটি জেলায় আছে। আমাদের মোটামুটি খরচ হচ্ছে ১৪ কোটি ২২ লক্ষ টাকা এবং এর মধ্যে আমাদের স্টেট গভর্নমেন্ট দেবে ২ কোটি ২২ লক্ষ টাকা। বাকী টাকার জন্য আমরা বিভিন্ন ফাইনানসিয়াল ইনষ্টিটিউসন-এর উপর নির্ভর করছি এবং ওয়ার্ল্ড ব্যাংকের যে ডেলিগেসন-রা এসেছিলেন তাদের কাছে আমরা বক্তব্য রেখেছি। তাঁরা মোটামুটিভাবে আমাদের ফাইন্যান্স করবার কথা বলেছেন। তাছাড়া এ আর সি যেটা আছে বা স্টেট ব্যাংক যেটা আছে এবং ইউনাইটেড ব্যাংক পর্যন্ত আমাদের অফার দিয়েছে অর্থাৎ তাঁরা আমাদের লোন দিতে রাজী আছে। এই ভাবে আমরা বাজারকে রেগুলেট করে একটা কমিটির হাতে তুলে দেব এবং সেই কমিটির পাওয়ার সেকসন ১০-তে বলা আছে।

[4-40—4-50 p.m.]

মাননীয় সদস্য অশ্বিনীবাবু আরো বলেছেন কমিটিটা নির্বাচনের মাধ্যমে হলে ভাল। কারণ, আমরা গনতন্ত্রে বিশ্বাসী এবং উনি সেই মর্মে সংশোধনী প্রস্তাবও এনেছেন। আপনাদের আমি বলছি যারা গ্রোয়ার তাদের সংখ্যাই বেশী। দেখবেন সেখানে টু অফিসার অব দি ষ্টেট গভর্নমেন্ট—তার মধ্যে একজন হবে (a) officers of the Directorate of Agriculture, West Bengal, (b) one person to represent the members of any cooperative marketing society. তারপর (c) one person representing the bank financing, ফিন্যান্স যারা করবে। তারপর (d) one person representing the local authority. অর্থাৎ মিউনিসিপ্যালিটি কিম্বা পঞ্চায়েত তার মধ্যে থেকে একজন আসবে। তারপর (e) five persons representing the agriculturists of the locality carrying on business in agricultural produce. যারা নিয়ে আসছেন গ্রোয়া তাদের মধ্যে ৫ জন থাকবেন। এখন এটা যদি ইলেকসানের প্রশ্ন হয় তাহলে এরিয়া করে দিতে হবে। মোটামুটি আপনি জানেন যে পঞ্চায়েতের বিভিন্ন জায়গায় ইলেকসান হরদম হচ্ছে, আমরাও তো ইলেকসানে এসেছি এবং পঞ্চায়েতের ইলেকসান আছে, জেলাপরিষদের ইলেকসান আছে, গ্রাম পঞ্চায়েতের আছে, মানুষ ইলেকসানে জর্জরিত হয়ে আছে। তারপরে আরো ইলেকসানের মধ্যে ফেলে দিলে এতে ডিসপিউট আরো বাড়বে। আমি বলছি টেষ্ট কেস করতে। আপনি যখন দিয়েছেন আমি বলছি যদি কাজ না হয় নিশ্চয়ই আইন পরিবর্তন করা খুব বেশী দেরী হবে না। আপনার সাজেসান আমরা নিশ্চয়ই মনে রাখবো যদি দেখা যায় যে কাজ করার পক্ষে অসুবিধা হচ্ছে, কিম্বা এইভাবে রিপ্রেজেনটেটিভ নমিনেসন দেবার ব্যাপারে দেখা যায় যে কাজ ভাল হচ্ছে না, আমাদের আইনে বিধান আছে আমরা সেটাকে টেক ওভার করতে পারি। সেখানে ক্লজ ২২তে আমরা মার্কেট ডিজলভ করে দিতে পারি। এছাড়াও আমি আপনাকে বলছি যে আমি আশা করবো যে আপনি এই অ্যামেণ্ডমেণ্টটা প্লেস করবেন না, কাজ করার পরে যদি অভিজ্ঞতায় দেখা যায় যে অসুবিধা হচ্ছে, তখন পরিবর্তন করবো। আমাদের মাননীয় সদস্য কুমারদীপ্তি বাবু বলেছেন যে

বিলটি খুব ক্রটিমুক্ত নয়। আমি বলছি না যে এটা সর্বাঙ্গীন সুন্দর বিল। বিহারে এই ধরণের আইন হয়েছে এবং এইভাবে মার্কেটের সুবিধা হয়েছে। কিন্তু তার মধ্যে যে ক্রটি নাই একথা বলছি না। কাজ করার মাধ্যমে সেই ক্রটি বুঝতে পারা যাবে। তিনি বলেছেন দুই তিন ধারায় ব্রোকারের কথাটি আছে। আমিও সেটা দেখেছি। কিন্তু দালালরা যাতে তাদের ঠকাতে না পারে সেটাই বিলের উদ্দেশ্য। প্রথম অবস্থায় খানিকটা ব্রোকারের ব্যবস্থা থাকতে পারে, কিন্তু আস্তে আস্তে তা লিকুইডিসন হবে। আইনের কোন সেকসনে ব্রোকারের কথা নেই, খালি ডেফিনেসনে আছে। প্রথম অবস্থায় এক সংগে আমরা সব ঠিক করতে পারব না। প্রথম অবস্থায় খানিকটা থাকতে পারে নিগোসিয়েনের জন্য। তারপরে যদি দেখা যায় তারা আবার ব্রোকারের হাতে পড়ছে তাহলে আমরা তার পরিবর্তন করতে দ্বিধা করবো না। মোরওভার, তিনি কোন অ্যামেণ্ডমেণ্টও দেন নি। তারপর উনি বলেছেন ক্লজ ৩, আফটার সাব ক্লজ ৩ The State Government may by notification take over any existing market on the following grounds or on any one of them on the owner's or woners' failure to carry out any order as prescribed in this act—(a) failure to abid by fair rents; এই সমস্ত তিনি বলেছেন। আমি আগেই বলেছি আইনটা হচ্ছে রেগুলেটিং দি মার্কেট, নট ফর টেকিং ওভার দি মার্কেট। সুতরাং এই আইনে বাজার টেক ওভার করার প্রশ্ন ওঠে না। আর একটি কথা তিনি বলেছেন এম এল এরা যাতে মেম্বার থাকেন—এখানে আমি বলতে চাই যে এম এল এরাই তো সরকার চালাচ্ছেন, তারা সরকারী মানুষ। তাঁরা সরকারের মালিক আব সরকার আইন করে যে মার্কেট কমিটি করেছেন, আমার মনে হয় এম এল এরা যখন আছেন এখানে ওখানে থাকার আর প্রয়োজন মনে করছি না। সেখানে গ্রোয়ারদের থাকা দরকার; তাদের প্রতিনিধিরা আছে, যদি অন্যায় হয় বিধানসভায় এটা তুলতে পারবেন যে এই মার্কেটের এই অবস্থা চলছে। আমাব মনে হয় এম এল এদের জন্য তিনিই বলেছেন এবং সেটা আর কোন এম এল এ সমর্থন করেননি। সেইজন্য আমি তাকে বলবো যে এটা নিয়ে আর প্রেস করবেন না। আর একটা কথা তিনি বলেছেন যে, ক্লজ ১২(১) তাতে বলেছেন, "to exert effective control over the prices of the commodities brought or sold in the market". এটাও আমি বলছি যে এফেকটিভ কনট্রোলের ব্যাপারে এটা আমাদেব হাতে নয়, এটা হচ্ছে সেনট্রালের হাতে, এসেনসিয়াল কমোডিটিস অ্যাক্টর দ্বারা prices to be fixed by the Central Government. প্রাইস কনট্রোল করা এই আইন অনুসারে সম্ভব নয়, তাহলে সেনট্রালের সংগে গোলমাল হবে, সেনট্রাল অ্যাক্ট এ একথা আছে। উনি যে কথা বলেছেন সেটা এই আইনের মধ্যে আসে না। আমাদের শ্রীনিতাইপদ সরকাব মহাশয়, তিনিও সমর্থন করেছেন বিলটা সেইজন্য তাকেও আমি ধন্যবাদ জানাচ্ছি। তিনি বাজারের মালিকদের দুর্নীতির আশ্রয় নেওয়ার কথাও বলেছেন। আমবা দেখেছি, যেসমস্ত বাজারের মালিকদের কনট্রোল করার জন্য আগেও বিলটা ছিল কিন্তু এটা বাস্তবে দেখা গিয়েছে—যে কথা আমাদের অজিতবাবু বলেছেন, স্যানিটেসনের কথা, আমরা নিজে ঘুরেছি গ্রামে গ্রামে স্যানিটেসনটা রাখার জন্য আমাদের জেলাপরিষদ অ্যাক্ট আছে, অঞ্চল পঞ্চায়েত অ্যাক্ট আছে, তবুও দেখা গিয়েছে যে স্যানিটেসন রক্ষিত হয় না। যারা মালিক তারা, কি করে পয়সা পাওয়া যায় এটাই তাদের লক্ষ্য, বাজারের স্যানিটেসন রাখা কিম্বা জল সরবরাহ করা বা পরিষ্কার রাখা এদিকে তাদের কোন লক্ষ্য নেই এটা আমরা দেখেছি। এইদিক থেকে আমার মনে হয় এই অ্যাক্টে না করে অন্য অ্যাক্ট করে, বিধান করে এই বাজার নিয়ে তার ব্যবস্থা করার দরকার আছে। কিন্তু যে আইনটা এনেছি এতে সেই আইনের ব্যাপার নেই। এই আইনে মোটামুটি বাজারে চাষীদের যেটা ঠকান হয়, ঈশ্বরবিত্তি বা মাপে ঠকান হয়, অন্যান্য আরো অনেক রকম আছে, যেমন আমি উদাহরণ দিচ্ছি যে বিহারে এই আইনটা হওয়ার আগে একজন গ্রোয়ারকে বাজারে জিনিস বিক্রী করতে গিয়ে দেখা গিয়েছে তাকে দিতে হয়েছে, ১১০ টাকার জিনিস বিক্রী করতে গিয়ে

তাকে দিতে হয়েছে ৫'১০ পয়সা। তখন নমুনা দিতে হয়েছে স্যাম্পেল হিসাবে খানিকটা, ঢলতা দিতে হয়েছে এবং খানিকটা মিসেলিনিয়াস বলা যায় বা ঈশ্বরবিত্তি বলতে পারেন তা দিতে হয় কিন্তু এই রেগুলেশনের পর দেখা গিয়েছে বিহাবে তাকে ২'১৬ পয়সা দিতে হচ্ছে। অর্থাৎ যে মালিক, বিক্রয় করতে গেলে লাগতো ৫'১০ পয়সা সেখানে লাগছে ২'১৬ পয়সা, এটা আইন করার পর হয়েছে। এছাড়াও, মনে করেন, চাষী বাজারে এলো জিনিস নিয়ে কিন্তু সারাদিনে বিক্রী হল না কিংবা মার্কেট রেট এত লো যে সে সেখানে তা বিক্রি করতে পারে না তাকে বাজার থেকে ফিরিয়ে নিয়ে যেতে হয়। সেখানে ষ্টোর হাউস থাকবে, কমিটির হাতে ষ্টোর থাকবে সেই ষ্টোর হাউসে এই জিনিস চাষী রেখে দিতে পারবে। দরকার হলে, যদি দেখা যায় পেরিশেবেল কমোডিটি, সেখানে বাজারের মধ্যে কোল্ড স্টোরেজ থাকবে, সেই কোল্ড স্টোরেজের ব্যবস্থা আছে, সেখানে রাখার পর যদি দেখা যায় যে মূল্য বাড়বে, ন্যায্যমূল্য যখন হবে তখন তা বিক্রয় করতে পারবে। চাষী স্টোর হাউসে রাখবে, না কোল্ড স্টোরেজে রাখবে সেটা কমিটি ঠিক করে দেবে এবং কমিটি ফাইনানসিয়াল ইন্সটিটিউশনের সংগে ব্যবস্থা করে তারা যে জিনিস রেখে যাবে তার এ্যাগেনষ্টে কিছু অ্যাডভান্স পয়সা দিতে পারবে। অর্থাৎ সে জিনিসটা রেখে যাচ্ছে, খালি হাতে ফিরে যাচ্ছে, তার অভাব থাকতে পারে তারজন্য সেই ব্যবস্থা মার্কেট কমিটি করবে। সেখানে যাতে তার জিনিসের এ্যাগেনষ্টে কিছু টাকা পয়সা পায় যা সে নিয়ে যেতে পারবে। তারপরে বিক্রী করে সেটা শোধ করে দেবে। সেইজন্যই মার্কেটকে রেগুলেট

[4-50—5-00 p. m.]

করতে হয়। এছাড়া আদার যেসমস্ত কথা বলেছেন বাজারের স্যানিটেসন থেকে আরম্ভ করে যাবতীয় সবকিছু কন্ট্রোল করা হবে, এর বিধান আছে। যদি বিক্রী না করে সেকসন থ্রী, ফোর, অনুযায়ী, বিধান যদি লঙ্ঘিত হয়, তাহলে পেনালটি বিধান আছে। নির্বাচনের কথা প্রায় সবাই বলেছেন, সে সম্বন্ধে আমি আগেই বলছি। তারপর বলাই সেন মশাই বলেছেন—কৃষকদের স্বার্থ ঠিকভাবে দেখা হয়নি। আমি বলছি কৃষকদের স্বার্থের জন্যই এই আইনটা আনা হয়েছে এবং আলটিমেটলী কৃষকদের স্বার্থ রক্ষিত হবে সবদিক থেকে। তারা মার্কেটিং ফ্যাসিলিটি পাবে, তাদের জিনিসপত্র ন্যায্যমূল্যে বিক্রী করতে পারবে। মার্কেট স্ক্যাটার থাকার ফলে অনেক চাষীদের রাস্তার উপরই বসতে হয়, অনেক দুর্ভোগ তাদের ভুগতে হয়, এখন আইন অনুসারে যেটা হবে তাতে মার্কেটের রাস্তাঘাট সমস্তই লক্ষ্য করবে কমিটি এবং এই কমিটির আয় থেকেই বাজারের উন্নতি হবে। এখন যা আয় হয় বাজার থেকে, তা সব কিছুই মালিকদের ভোগে লাগে, বাজারের ইমপ্রুভমেণ্ট তারা কিছুই করে না। কিন্তু আইন অনুসারে মার্কেটের যে আয় হবে সেই আয় থেকে কমিটি বাজারের উন্নতি করবে, রাস্তাঘাটের স্যানিটেসনের সবকিছু উন্নতি করবে এবং এই টাকা কারও পকেটে যাবে না। ( এ ভয়েস : মালিকদের কি হবে ? ) মালিকতো থাকছে না, মালিকের প্রশ্ন নাই। আইনে যে ব্যবস্থা তাতে মালিকের সংগে এর কোন সম্পর্ক নাই। কমিটি থাকবে, তারাই আদায় করবে, অ্যালাউয়েন্স ইত্যাদি দেবে এবং বাকী যা টাকা থাকবে বাজারের ইমপ্রুভমেন্টের জন্য খরচ হবে।

অন্যান্য সদস্যরা মোটামুটি সমর্থন করেছেন, কৃষকদের স্বার্থের কথা বলেছেন। মোটামুটি বিলের উদ্দেশ্যই হচ্ছে কৃষকদের স্বার্থ রক্ষা করা। আশা করি অ্যামেণ্ডমেণ্ট যাঁরা এনেছেন, তাঁরা প্রেস করবেন না, এবং এই বিলকে সর্বসম্মতিক্রমে সমর্থন করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**The motion of Shri Abdus Sattar that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.**

*Clauses 1 and 2*

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 3*

**Mr. Speaker :** There are three amendments of Shri Kumardipti Sen Gupta on clause 3. Mr. Sen Gupta, are you going to move any of your amendments ?

**Shri Kumardipti Sen Gupta :** No, Sir.

**Mr. Speaker :** So I put clause 3.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 4*

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 5*

**Mr. Speaker :** There are amendments to clause 5 by Shri Aswini Roy. Shri Roy, are you going to move your amendments ?

**Shri Aswini Roy :** আমি Amendmentটা move করছি না। মন্ত্রিমহাশয় যে বক্তব্য রাখলেন সেই সম্পর্কে আমি কিছু বক্তব্য রাখছি। Marketing Committee উদ্দেশ্য রয়েছে সেই উদ্দেশ্যে কাকে নিয়ে Market Committee গঠিত হবে তা উনি বলেছেন। উনি বলছেন clause (a) তে যে one of the officers of the Directorate of Agrculture এটা যেমন specify করে দেওয়া হয়েছে তেমনি আর একটা হচ্ছে Market এর function, health, sanitation সেইজন্য বলেছেন specificially দুজনের মধ্যে হোক one shall be the officer of the Directorate of Agriculture এটা ঠিক Sanitation একটা যেখানে main problem এটা maintain করা হয় বলা হয়েছে Cooperative Marketing Society (b) তে আমাদের দেশে Cooperative Marketing Societyর জায়গায় শুধু নয় Cooperativeএর ভূমিকা বর্তমান যুগে আরও অগ্রণী হওয়া উচিত। সেইজন্য যে Amendment আছে সেখানে Cooperativeকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমি বলেছি। যে Cooperative থেকে ২ জন প্রতিনিধি নির্বাচিত হোক। এবং শুধুমাত্র Marketing Society নয় any of the Cooperative Societies, বাজার এলাকার ভিতরে যে সমস্ত Cooparative Society রয়েছে তারা Marketing, Consumers Cooparative ও Artisans Cooperative বা Cooprative সেটা না হতে পারে কিন্তু তাঁদের যে Managing Committee আছে তা থেকে ২ জন নির্বাচিত প্রতিনিধি আসা উচিত। আমি এটাকে আরও গণতান্ত্রিক করবার জন্য বলেছি। আমার ৩ নম্বর Amendmentএ রয়েছে যে ৫ জন agriculturistএর ভেতর থেকে তারা elected হয়ে আসা উচিত। Elected কিভাবে হবেন ? মন্ত্রিমহাশয়, বাজারে যখন কেউ বিক্রী করতে যাচ্ছে তাকে Licence দিতে হচ্ছে, তার নাম Registration করতে হচ্ছে যে, আমি

Agricultural producers, বিক্রী করছি এবং তারজন্য তাকে Licence করতে হবে এক মাসের মধ্যে। তারমধ্য থেকে যদি voter list তৈরী করে ৫ জন নির্বাচিত করা যায় সেইজন্য Repressentingএর কথা, elected from amongst, the agriculturists অর্থাৎ যারা বিক্রী করতে আসছে তাদের কথা বলছি। এই (f) তে আছে 2 per cent representating the licence takers. তাদের জন্য licence করা হচ্ছে, অর্থাৎ যারা licence করছে তাদের মধ্য থেকে ২ জন নির্বাচিত হোক। সেইজন্য nomination এর পরিবর্তে আরও গণতান্ত্রিক পদ্ধতিতে Committee গঠিত হোক বলেছি। তিনি বলেছেন যে বিলটি নূতন এটি চালু করতে গিয়ে আগামী দিনে যদি পরিবর্তনের দরকার হয় করবেন এই প্রতিশ্রুতি তিনি দিয়েছেন। সেইজন্য আমি আর Amendment move করছি না।

**Mr. Speaker :** Amendments are not moved. The Hon'ble Minister May give a reply if he likes.

**Shri Abdus Sattar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আগেই বলেছি যে, এখন নমিনেশন দিচ্ছি। করতে গিয়ে যদি দেখা যায় যে অসুবিধা হচ্ছে তা হলে ইলেকশান করা যাবে। প্রথমে তিনি বলেছেন যে হেলথ্‌ ডিপার্টমেন্টের লোক থাকা দরকার ২ জন অফিসারের মধ্যে। আমি বলেছি যে officer of the Directorate of Agriculture. উনি হেলথ্‌ ডিপার্টমেন্টের এগ্রিকালচারাল ও হেলথ্‌ ডিপার্টমেন্ট। আমি at the time of appointment I shall look into it. তিনি আরও বলেছেন যে Cooperative Marketing Society

[ 5-00—5-10 p. m. ]

তে আমরা একজন representative কে নমিনেট করতে চেয়েছি, উনি সেখানে election এর কথা বলেছেন। Agriculturist দের মধ্যে থেকে election এর কথা বলেছেন। Cooperative Marketing Society সেই তারিখে কারা থাকবে, আর নাম্বার কত এ সবটাই কিন্তু আমাদের Cooperative Societyর member নাই। হাত দুই একটা আছে, খুব বেশী নাই। এই অবস্থাতে এখনই election এর কথাটা নয়বলে, বাজার হবার ফলে সেই এরিয়াতে cooperative graw করে দেখা যাবে—cooperative is functioning well—তখন বোধহয় সেই ব্যবস্থা নেওয়া সম্ভব হবে। Cooperative থেকে election পরে হতে হতে পারে, তা আমরা দেখবো। তিনি বলেছেন Growers, Sellers এদের ভোটার লিস্ট তৈরীর কথা বলেছেন ; সেটা করা খুব কঠিন, কাকে কাকে ধরবেন, কে কে বিক্রি করতে আসছে, কি কি ধরণের তারা। তাদের লাইসেন্স থাকলে ঠিক করতে পারি যে তারা এই ক্যাটেগরীর লোক। তাহলে ভোটার লিস্ট করতে পারি। এখন ২১ বছরে ভোট দিচ্ছে, তখন বেশী বয়স হতে পারে। খুব মুস্কিল হচ্ছে এসব। তবে পরে আমরা যদি কাজ কর্মের মাধ্যমে দেখা যায় যে ভালভাবে কাজ হচ্ছে না, তখন আমরা সেটা দেখবো, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 6*

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 7*

**Shri Aswini Roy :** আমার এটা ছোট্ট amendment. আমি একটু বলছি। উনি বললেন আমার below 21 years—এটা যাতে না হয়। কারণ আমাদের বিধানসভায় ভোটদাতার বয়স not below 21 years—এটাই চালু হয়ে গেছে। এইরকম একটা কমিটি গঠিত হবে—যেক্ষেত্রে আপনি অন্ততঃ বয়সটা—স্কুলের ছেলেকে ১৭।১৮ বয়সের ছেলে যাতে সেখানে elected না হয়, সেই ব্যবস্থাটা রাখবেন।

**Shri Abdus Sattar :** মোটামুটি যে সমস্ত অফিসার—cooperative-এ রাখছি, তাদের বয়স ২১ এর কম করা হবে না। অনেক জায়গা থেকে বলছে, pressure আসছে যারা ১৮ বছর হয়েছে, তাদের ভোটের অধিকার দিতে হবে। আমাদের হচ্ছে ১৮ বছরের নীচে হলে তাকে person হিসেবে ধরা হবে না। সব সময় ১৮ বছরের উপরে আমরা ধরেছি। ১৮ বছরের থেকে বেশী বয়সের লোক ওখানে থাকবে বেশী। কাজেই ভয়ের কিছু নাই।

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

*Clauses 8, 9, 10 and 11*

The question that clauses 8, 9, 10 and 11 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 12*

**Shri Aswini Roy :** আমি বলে গেলাম—আমি বলি নাই, আমরা price mention করবো। আমার amendment হচ্ছে, functions of the Committee, এই কমিটির মধ্যে provision না রাখি যে কোন্‌গুলির maintain the prices of sale and purchase if any rate is already fixed. যদি কোন রেট থাকে, সেটা Central Governmentই করুক, বা State Governmentই করুক, সেই রেট maintain করা কমিটির দায়িত্ব থাকবে। সব কথাই বল্লেন অথচ এটা যদি না থাকে তাহলে চাষীদের ঠকাবে। যাতে ব্যবসায়ীরা চাষীদের ঠকাতে না পারে সেখানে ইন্টারভিন করার কেউ থাকবে না এই প্রাইস লাইন মেনটেন করার জন্য। সেখানে যাতে কন্ট্রোলড রেটে বিক্রি হয় তারজন্য গভর্নমেন্টের অথরিটি থাকবে, কিন্তু আমি বলছি যে এই কন্ট্রোলড রেটে যাতে কেনা-বেচা হয় তারজন্য এই কমিটি করে দেওয়া হোক। সেইজন্য আমি এই ছোট্ট অ্যামেণ্ডমেণ্টটি দিয়েছি। এটা যদি না হয় তাহলে কোনরকমেই ইন্টারভিন করতে পারবে না সে আপনি নমিনেটেড কমিটিই রাখুন আর ইলেকটেড কমিটিই রাখুন, এই প্রাইস লাইন মেনটেন করার কেউ থাকবে না—কন্ট্রোলড প্রাইসে বিক্রী হবে না।

**Shri Abdus Sattar :** আমি ঐ একই কথা বলছি, আপনি যেটা বলেছেন এই প্রাইসের ব্যাপারে দুটি জিনিস আছে। প্রাইস যেটা ফিক্স আছে তার বাইরে যদি বিক্রি হয় তাহলে আইনানুসারে তার দণ্ড হবে এবং অফিসাররা আছে, অফিসারস আর দেয়ার। ধরুন ধানের দর গভর্নমেণ্ট বেঁধে দিয়েছে, কিন্তু চাষীরা এর বেশী দরে বিক্রি করছে। এখানে ব্যাপার হচ্ছে যদি এখানে প্রাইস ফিক্স থাকে তাহলে চাষীরা এই বাজারে আর আসবে না, তারা সেটা গ্রামে বিক্রি করে দেবে। কথা হচ্ছে কন্ট্রোল্ড প্রাইস ভেঙ্গে যদি কেউ জিনীস বিক্রী করে তাহলে তারজন্য আলাদা আইনের ব্যবস্থা আছে। আমি বলতে পারি যে কেউই এই বাজরে এসে এই আইনভঙ্গ করতে পারবে না—তার কারণ একটা রেগুলেট হচ্ছে বাই এ কমিটি।

The question that clause 12 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 13*

**Shri Netaipada Sarkar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি এটা মুভ করছি না। তবে এ সম্বন্ধে আমি কিছু বলতে চাই। সেটা হচ্ছে আইনে যেখানে রিনিউ করার কথা রয়েছে সেখানে আমি বলছিলাম যে অন্তত: একটা রাইট অব অ্যাপিল থাকা উচিত। সেখানে আমি বলেছিলাম যে অন্তত: একটা প্রভিসন থাক, ডিরেক্টারের অধিকার থাক, কমিটি কোথায়ও ভুল করলে রিনিউ করার ব্যাপারে তিনি সেটা ইসু করতে পারবেন। ১৪ দিনের একটা টাইম দেওয়া থাক যে সুযোগের তারা অ্যাপিল করতে পারবে, আমি এটা চেয়েছিলাম। অবশ্য মন্ত্রিমহাশয় বলেছেন এ ব্যাপারে। আমি এ সম্বন্ধে আর প্রেস করতে চাইছি না। আশা করি ভবিষ্যতে তিনি এ বিষয়ে বিবেচনা করবেন।

**Shri Kumardipti Sengupta :** স্যার, এই ১৩তে আছে কোন এলাকাকে বাজার এলাকা হিসাবে ঘোষণা করার ছয় মাস পর কোন ব্যক্তিই মূল বাজারের মধ্যে বাজার কমিটি কর্তৃক এতদপক্ষে প্রদত্ত অনুজ্ঞাপত্রেরইত্যাদি ইত্যাদি····· বলেছেন। আমি এখানে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা ক্লারিফিকেসন করে নিচ্ছি যেকোন প্রাইভেট বাজার সেটা যদি এই বিলের আওতায় নিয়ে আসা হয় তাহলে সেই বাজারের মালিকের সংগে এই বাজার কমিটির কি পোজিসন হবে।

**Shri Abdus Sattar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমরা যে এরিয়া নোটিফিকেসন করে দেবো সেখানে প্রাইভেট মার্কেট বলে কিছু থাকতে পারে না।

**Shri Kumardipti Sengupta :** মাননীয় অধ্যক্ষমহাশয়, প্রাইভেট মার্কেট থাকতে পারে, নোটিফিকেসন অ্যাপ্লাই করবে।

**Shri Abdus Sattar :** স্যার, বাই নোটিফিকেসন এটা অ্যাপ্লাই করবে না।

**Shri Kumardipti Sengupta :** তা বল্লে তো হবে না, অবজেকসন রয়েছে এতো সহজে হতে পারে না।

**Shri Abdus Sattar :** স্যার, এটা আমারা গ্রাজুয়েলি ঠিক করে নেবো। এরজন্য কিছু চিন্তা নাই।

[5-10—5-20 p. m.]

**Mr. Speaker :** Mr. Kumar Dipti Sen Gupta has raised a very important question whether you can declare that the market should come within the purview of the present Act without acquiring the land of the market, where the market is being held or sitting.

**Shri Abdus Sattar :** ব্যাপারটা হচ্ছে, আমরা এ্যাকোয়ার করে বলতে পারি না এটা রেগুলেসানের মধ্যে।

**Shri Kumardipti Sen Gupta :** ম্যানেজমেন্টের কনট্রোলটা নিতে পারেন তো ?

**Shri Abdus Sattar :** আমাকে সমস্ত বাজারটাই নিতে হবে।

**Mr. Speaker :** Without acquring the land of the market how can you take it ?

**Shri Abdus Sattar :** প্রাইভেট পারসনকে কণ্ট্রোলে রেখে ম্যানেজমেন্ট নেব তা হবে না।

**Shri Kumardipti Sen Gupta :** ম্যানেজমেন্ট নিলে প্রাইভেট ওনারের কিছু পাওয়ার থাকছে না।

**Shri Abdus Sattar :** এটা এ্যাকোয়ার করে নিয়ে কমিটির হাতে দিতে হবে।

**Mr. Speaker :** I think Section 28 will clarify the point, wherein it is stated—"where any land is needed for the purposes of a market the State Government may proceed to acquire the same under the provisions of the Land Acquisition Act, 1894, or any other law for the time being in force". So the entire market will have to be taken by the Government.

**Shri Kumardipti Sen Gupta :** আজকে একটা বড মার্কেট যেমন কোলে মার্কেটের কথা ধরা যাক। আমরা দেখেছি, এই মার্কেটে হয়ত আমাদের যে সমস্ত প্রিন্সিপালে কাজ হওয়া উচিত ছিল, হচ্ছে না। তাহলে এই এ্যাক্টের যে অবজেক্ট তাতে এর ম্যানেজমেন্টটা কনট্রোলে নেওয়া পসিবল কিনা ?

**Shri Abdus Sattar :** আমরা এই এ্যাক্ট অনুসারে যেটা নেব সেটা তো এ্যাকোয়ার করে নেব, তখন ম্যানেজমেন্টটা তো কমিটির হাতে থাকবে।

**Sri Kumardipti Sen Gupta :** তাহলে কি ধরে নেব প্রাইভেট মার্কেট আনটাচড থাকবে ?

**Shri Abdus Sattar :** প্রাইভেট মার্কেট যতক্ষণ না নিচ্ছি অ্যাকোয়ার করে ততক্ষণ আনটাচটড থাকবে।

**Mr. Speaker :** There is certain question of law in the point which has been raised by Shri Kumar Dipti Sen Gupta. If you do not take the ownership of the private market how can you regulate the ownership of the market committee ?

**Shri Abdus Sattar :** ল্যাণ্ড এ্যাকুইজিসান এ্যাক্ট অনুসারে আমরা তো এ্যাকোয়ার করবো, তারজন্য তো কমপেনসেসান দেব।

**Shri Kumardipti Sen Gupta :** সেই প্রভিসানটা কি খুব ক্লিয়ার আছে—বোধ হয় তা নেই।

**Shri Abdus Sattar :** ক্লিয়ারলি রয়েছে। "Where any land is needed for the purposes of a market committee" ধরুন কাশিম বাজার মার্কেট......

**Shri Kumar Dipti Sen Gupta :** ল্যাণ্ড ইনক্লুডিং মার্কেট নেই।

**Shri Abdus Sattar**: সেকসান থ্রিতে বলা আছে: "Notwithstanding anything to the contrary contained in any other law for the time being in force, the State Government may, by notification, declare any area as a market-area etc. etc." যদি কোন মার্কেটথাকে এবং আমরা সেটা অ্যাকুইজিসান করি এবং মার্কেট বলে ডিক্লিয়ার করি আণ্ডার সেকশন ৩-তে সেটা আমরা পারবো।

**Mr. Speaker**: It is not clear whether Government has got any contemplation to take private markets or that Government will acquire some lands and start new markets. I think this point should be clarified.

**Shri Abdus Sattar**: যেটা আমরা বলছি, যে মার্কেট করা হবে তারজন্য ল্যাণ্ডের দরকার হতে পারে এবং যে মার্কেট করা হবে তাতে যদি দেখা যায় আর একটা মার্কেট পাশে আছে আইন অনুসারে সেই জায়গায় আমরা নিতে পারি by acquiring the land সেই মার্কেটের ল্যাণ্ডটা যদি আমরা অ্যাকোয়ার করি তাহলে অটমেটিক্যালি মার্কেটটাও চলে যাচ্ছে।

**Shri Kumardipti Sen Gupta**: তাহলে ওনারের থাকছেটা কি?

**Shri Abdus Sattar**: আমরা তো কমপেনসেসান দেব under the land Acquisition Act.

**Shri Kumardipti Sen Gupta**: তা যদি হয় তাহালে এই ধরনের যে সমস্ত আইন আছে তাতে ফ্যাক্টসগুলি ক্লিয়ারলি মেনসান করা আছে। এখানে ঐ ওনারের পজিসানট ক্লিয়ারলি ডেসক্রাবইড হওয়া উচিত ছিল। তার রাইটস, তার লায়বিলিটিস, আপনার ডিউস কতখানি কি সেটা ছাড়া তো এটা ভেগ হয়।

**Shri Abdus Sattar**: আপনি সেকসান থ্রি সাব-সেকসান দুইটা দেখুন। section 3, sub-section (2)—"On the publication of such notification under sub-section (1), or with effect from such later date as may be specified therein, local authority or other person shall, notwithstanding anything to the contrary contained in any law for the time being in force, within the market area, or within such distance thereof as may be notified in the Official Gazette in this behalf, set up, establish or continue or allow to be set up, established or continued any place for the purchase or sale of such agricultural produce as has been specified ......"

**Shri Kumardipti Sen Gupta**. এটা হতে পারে।

**Shri Abdus Sattar**: এটা না করলে পেনালের ব্যবস্থা আছে।

**Shri Kumardipti Sen Gupta**: এটা যদি বলেন তাহলে বলতে হয় আজকে ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানীর ম্যানেজমেন্ট আমরা নিয়েছি এবং সেখানে ম্যানেজমেন্ট, লায়াবিলিটিজ assets vis-a-vis the position of the Government has been well described. আজকে এখানে প্রাইভেট প্রপার্টিতে যে মার্কেট আছে আপনার কনট্রোলে

নিয়ে নিতে পারেন, সেটা আমি অ্যাকসেপ্ট করছি এবং এটুকু পর্যন্ত আছে এই আইনের মধ্য দিয়ে নেওয়া যায়। আপনি যেটা বলছেন **I agree to that** কিন্তু মুসকিল হচ্ছে তারপরে যেটুকু থাকা উচিত ছিল—সেখানে প্রাইভেট ওনারের সঙ্গে গভর্নমেন্টের যে রেসপনসিবিলিটিজ এবং রিলেসানস সেটা একেবারে কিছুই নেই।

**Shri Abdus Sattar :** কনফিউসান হয়ে যাচ্ছে। ল্যাণ্ড অ্যাকুইজিসন ফর দি মার্কেট আমি করতে পারব। সাপোজ একটি মার্কেট আছে আমি হয়ত পাশে যদি দরকার হয় সেখানে মার্কেট করবো এবং সেটা হয়ত নট ফিট ফর সুটেবল আমি আর এক জায়গায় ল্যাণ্ড অ্যাকোয়ার করে বলে দিলাম যে উই স্থাল ষ্টার্ট এ মার্কেট। তারজন্য এই এরিয়া থাকলো, এই এরিয়ার মধ্যে অন্য কেউ মার্কেট করতে পারবে না। আমি মার্কেটটির ল্যাণ্ড ঘিরে দিলাম, একটি চৌহদ্দি বেঁধে দিলাম যে এর মধ্যে কেউ বাজার করতে পারবে না। তারপরে সেখানে যদি ঐ এরিয়ার মধ্যে মার্কেট থাকে প্রাইভেট লাইসেনসির তাহলে সে ঐ মার্কেট চালাতে পারবে না।

**Shri George Albert Wilson-De Roze :** Mr. Speaker, Sir, there is one point on which I seek clarification. Supposing there are two markets A&B—both in the private hands. The State Government decides to acquire market B. On what principles will there be acquisition of market B leaving the market A in the private hands ? Is there any differentiation ? I feel there may be grounds of attack in law if there is no guidance given in the Act as to which private market may be acquired, or in other words, it appears that the State Government may pick and choose and take any market that it wishes leaving the other market in the private hands at its sweet will. Then the acquisition will be open to attack on the ground that there is no specific or proper direction in the Bill itself.

**Mr. Speaker :** Mr. De Roze, I would like to clarify your point. There are two markets A & B. The Government may not interfere with any of the markets A & B. They can select a nearby plot by the side of markets A & B and start a market C in the area on a piece of land which has been acquired by the Government for the purpose of starting a market. Of course, this will be done according to the notification in which the Government will say that no markets will be allowed to function in such area. So markets A & B will not function in that area according to the notification, and markets A & B will not be taken or acquired but a separate market C will be started in the nearby area because that will be more suitable than taking over the markets A & B. That can be done. This is the position with regard to law. I think, if at any time the Government decides to open or take over a market then the Government will have to acquire that according to the existing laws of the land. That the position.

**Shri George Albert Wilson-De Roze :** Sir, it appears that certain area will be selected and markets will not be allowed anywhere in that

particular area. Is there any guidance as to which areas may be selected? In the absence of any guidance or principles on which the market area may be selected there may be further trouble.

**Mr. Speaker**: In that case, the legal position, as I understand, is this. If there are two markets A & B and I start another market C then markets A & B will be acquired definitely because property interest will be jeopardised. In that case the law will be that they will have to acquire both the markets A & B so far as my interpretation of law is concerned, but I cannot say what would be the legal interpretation of the Hon'ble High Court. My understanding of law is that both the markets will have to be acquired by notification because there are some interest, arising from the markets A & B which will be affected.

[5-20—5-28 p.m.]

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

*Cause 14*

**Mr. Speaker**: There are amendments to clause 14 by Shri Netaipada Sarkar and Shri Aswini Roy. Mr. Sarkar and Mr. Roy, are you going to move your amendments?

**Shri Aswini Roy**: No, Sir.

The question that clause 14 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 15*

**Mr. Speaker**: There is an amendment to clause 15 by Shri Aswini Roy. Mr. Roy, are going to move your amendment?

**Shri Aswini Roy**: No, Sir.

The question that clause 15 do stand part of the Bill wes then put and agreed to.

*Clause 16*

The question that clause 16 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 17*

**Mr. Speaker :** There is an amendment to clause 17 by Shri Aswini Roy. Mr. Roy, are you going to move your amendment ?

**Shri Aswini Roy :** No, Sir.

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

*Clauses 18 & 19*

The question that clauses 18 and 19 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 20*

**Mr. Speaker .** There is one amendment to clause 20 by Shri Aswini Roy. Mr. Roy, are you going to move your amendment ?

**Shri Aswini Roy :** No, Sir.

The question that clause 20 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 21*

The question that clause 21 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 22*

**Mr. Speaker :** There is an amendment to clause 22 by Shri Aswini Roy. Mr. Roy, are you going to move your amendment ?

**Shri Aswini Roy :** No, Sir.

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

*Clauses 23 to 33*

The question that clauses 23 to 33 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 34*

**Mr. Speaker :** There are amendments to clause 34 by Shri Aswini Roy and Shri Netaipada Sarkar. Mr. Roy and Mr. Sarkar, are you going to move your amendments ?

**Shri Aswini Roy :** No, Sir, we are not moving.

The question that clause 34 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 35*

The question that clause 35 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 36*

**Mr. Speaker :** There is an amendment to clause 36 by Shri Aswini Roy. Mr. Roy, are you going to move your amendment ?

**Shri Aswini Roy :** কিন্তু একটা কথা হচ্ছে, এই যে ওয়েস্ট বেংগল স্টেট মার্কেটিং বোর্ড যেটা হবে, সেটা কি ভাবে হবে, এটা এখানে বলা নেই। এখন এই নামবার অব নন-অফিসিয়াল্‌স, কথাটা বলেছেন, সেখানে আমি মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি এই যে ডিসট্রিক্ট মার্কেটিং বোর্ড হচ্ছে, তার থেকে ৫০ পার্সেন্ট যেন ইলেক্টেড হয়ে আসে।

**Shri Abdus Sattar :** বলা আছে ৩৬(১)'তে The State Government may constitute a Board to be know as West Bengal State Marketing Board, in such manner and with such member of official and non official, as may be prescribed. সেটা রুলস-এ থাকবে। যখন রুলস করব তখন দেখা যাবে।

The question that clause 36 do stand part of the Bill, was then put andagreed to.

*Clause 37*

The question that Clause 37 do stand part of the Bill, was then put and agreed to.

*Clause 38*

**Mr. Speaker :** There are amendments to clause 38 by Shri Aswini Roy. Shri Roy, are you going to move.

**Shri Aswini Roy :** Sir, I am not going to move.

The question that clause 38 do stand part of the Bill, was then put and agreed to.

*Clause 39*

The question that clause 39 do stand part of the Bill, was then put and agreed to.

*Schedule*

**Mr. Speaker :** There are amendments to schedule by Shri Aswini Roy. Shri Roy, are you going to move ?

**Shri Aswini Roy :** Sir, I am not going to move.

The question that schedule do stand part of the Bill, was then put and agreed to.

**Preamble**

The question that the preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Abdus Sattar :** Sir, I beg to move that the West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 5.28 p.m. till 1 p.m. on Wednesday, the 9th August, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 9th August, 1972, at 1 p. m.

**Present**

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 13 Ministers, 8 Ministers of State, 3 Deputy Ministers and 137 Members.

**Oath or Affirmation of Allegiance**

[1-00—1-10 p. m.]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

## STARRED QUESTIONS

**( to which oral answers were given )**

### সুতাকল

*৬৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪১।) **Shri Manoranjan Pramanik :** বাণিজ্য এবং শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় কয়টি সুতাকল আছে,

(খ) প্রতিটি কলে বৎসরে কত সুতা উৎপাদন হয়,

(গ) পশ্চিম বাংলায় কাপড়ের কল ও তাঁত কলগুলিতে বৎসরে কত সুতার প্রয়োজন হয়; এবং

(ঘ) উক্ত সুতা কোথা হইতে কত পরিমাণ আসে?

**Shri Tarun Kanti Ghosh :** (ক) পশ্চিমবঙ্গে মোট ৪১টি সুতাকল আছে:

স্পিনিং—২২

কম্পোজিট—১৯

(খ) প্রতিটি কলের বাৎসরিক সুতা উৎপাদন সহসা পরিমাপযোগ্য নহে। ১৯৭১ সালে সুতাকলগুলি প্রায় ২,৭০,০০,০০০ কেজি সুতা উৎপাদন করিয়াছে।

(গ) কাপড় কলগুলির বাৎসরিক সূতার প্রয়োজন সহজে নির্ণয় করা সম্ভব নয়। কাপড় কলে কত সূতা দরকার তাহার খবর সরকারের নাই, তবে বিদ্যুৎচালিত তাঁত (Powerloom)-এ ১'১৪ কোটি কিলোগ্রাম ও হস্তচালিত তাঁতে (Handloom)-এ ১'১৮ কোটি কিলোগ্রাম সূতার দরকার হয় প্রতি বৎসরে।

(ঘ) কম্পোজিটকাপড় কলগুলি অন্য রাজ্য হইতে সূতা আমদানির প্রয়োজন হয় না। বিদ্যুৎচালিত ও হস্তচালিত তাঁতগুলির কিছু পরিমাণ সূতা গুজরাট, মহারাষ্ট্র এবং দক্ষিণ ভারত প্রভৃতি স্থান হইতে আনার প্রয়োজন হয়।

**Shri Manoranjan Pramanik :** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে পশ্চিম বাংলায় সূতাকল বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**Shri Tarun Kanti Ghosh :** বিবেচনাধীন আছে।

**Shrimati Nurunessa Sattar :** বাংলাদেশের তাঁতিরা বিশেষ করে পূর্বস্থলী এবং মেহেরপুরের তাঁতিরা সুলভমূল্যে সূতা পাচ্ছে না এবং অনেক সূতা শিল্প বন্ধ করে দিচ্ছে, এ বিষয়ে মন্ত্রিমহাশয় কতদূর কি করছেন, এবং তারা যাতে সুলভে সূতা পায় তারজন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Tarun Kanti Ghosh :** দৃষ্টি আকর্ষিত হলো।

**Shri Aswini Roy :** মহারাষ্ট্র এবং গুজরাট থেকে যে কনসামসনটা আসে সেই কনসামসনটা আমাদের পশ্চিম বাংলায় যেসমস্ত পাওয়ারলুম এবং মিলস আছে তাদের যে সূতা লাগে তাতে সেটা যথেষ্ট নয় এটা কি সত্য ?

**Shri Tarun Kanti Ghosh :** এর থেকে ঐ প্রশ্নগুলি আসে না, এখন এই প্রশ্ন করলে আমি ডিফিক্যালটিতে পড়ে যাব, আপনারা যে প্রশ্ন করেছিলেন তার উত্তর আমি দিয়েছি যে কিছু কিছু সূতা বাইরে থেকে আসে, আমাদের যে সূতা তৈরী হয় that is not sufficient to meet the requirements of power looms and hand looms. তবে যথেষ্ট হলে নিশ্চয়ই বাইরে থেকে আনার প্রয়োজন হতো না, আর বাইরে থেকে আনলেও সেটা যথেষ্ট কি না সেটা যথেষ্ট কিনা সেটার খোঁজ আমার কাছে নাই।

**Shri Md. Safiullah :** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কল্যাণী সূতা মিল খোলা সত্বেও তাঁতীরা ন্যায্যমূল্যে সূতা পাচ্ছে না এবং প্রতিদিন এমনকি আবার ঘণ্টায় ঘণ্টায় সূতার দাম বৃদ্ধি পাচ্ছে—এর জন্য কি ব্যবস্থা অবলম্বন করবেন ?

**Shri Tarun Kanti Ghosh :** প্রতি ঘণ্টায় বাড়ছে কিনা আমি জানি না, বাড়তে নিশ্চয় পারে। তবে একজ্যাকটলী বেড়েছে কতটা মাননীয় সদস্য যদি জানান তাহলে দেখতে পারি।

**Shri Md. Safiullah :** Sir, I have received a telegram. I will place it on the table,—"Thread in Handloom Industry increasing hours to hours please take immediate step—Weavers of Chanditala". প্রতি ঘণ্টায় বাড়ছে, কিন্তু কাপড়ের দাম সেইই আছে। কাজেই যদি এরজন্য ব্যবস্থা অবলম্বন না করেন তাহলে দুঃস্থ তাঁতীদের বাঁচান যাবে কি করে ?

**Dr. Zainal Abedin :** মাননীয় সদস্য যদি দেন কোন্ ঘণ্টায় কতটা বেড়েছে তাহলে আমরা একটা প্রতিকারের ব্যবস্থা করতে পারি।

**Programme for promoting Tourism in the State**

***638.** (Admitted question No. *1406.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Tourism) Department be pleased to state—

(a) whether the progiamme of the Silver Jubilee of our Independence includes any specific programme for promoting Tourism in this State and to acquaint visitors with the rich cultural wealth of this State ; and

(b) if so, what are the details of the programme ?

**Shri Tarun Kanti Ghosh :** (a) No specific programme has been drawn up for the purpose.

(b) Does not arise.

**Shri Rajani Kanta Doloi :** আমাদের এখন সিলভার জুবিলি সেলিব্রেসান চলছে। যে সময়ে হওয়ার কথা ছিল সেই সময় মন্ত্রিমহাশয় জানালেন কোনরকম প্রোগ্রাম রাখা হচ্ছে না, যাতে টুরিস্টরা আসতে পারেন বা কালচারাল প্রোগ্রাম বাড়তে পারে। অদূর ভবিষ্যতে এইরকম প্রোগ্রাম নেবেন কি ?

**Shri Tarun Kanti Ghosh :** আপনাদের জানাতে চাইছি এই মাসের মধ্যে সিভিল অ্যাভিয়েসান অ্যাণ্ড টুরিজম-এর যে কেন্দ্রীয় মন্ত্রী আছেন ডাঃ করণ সিং তাঁর সংগে আমার এই নিয়ে আলাপ-আলোচনার কথা আছে। তার আগে কিছু করা হয়নি বা কিছু বলা সম্ভব নয়।

*641

**Mr. Speaker :** Reply has not been received. The question is held over.

*644

**Mr. Speaker :** Reply has not been received. The question is held over.

*646

**Mr. Speaker :** Reply has not been received. The question is held over.

*648

**Mr. Speaker :** Reply has not been placed on the table. The question is held over.

### দেবশালা গ্রামে সেচের জল

*৬৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৫।) Shri Manoranjan Pramanik : সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার বুদ্‌বুদ্‌ থানার দেবশালা গ্রাম এলাকায় জমিতে সেচের জল সরবরাহের ব্যবস্থার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিতেছেন কিনা; এবং

(খ) করিয়া থাকিলে, তাহা কি এবং কোন্‌ সময় হইতে চালু হইবে ?

**Shri Suniti Chattaraj :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**Shri Aswini Roy** : তাহলে এই দেবশালা গ্রামে ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল বা ক্যানেল থেকে তার সারফেস ওয়াটার দেওয়া সম্পর্কে পরিকল্পনা সরকার গ্রহণ করেন নি, বা কোন ইনভেষ্টিগেসানই করা হয় নি ?

**Shri Suniti Chattaraj** : ডিপ টিউবওয়েল এবং বাকি যেসব সেচ পরিকল্পনার কথা বললেন সেগুলো আমার দপ্তরের মধ্যে নয়। বিভাগীয় দপ্তরকে প্রশ্ন করলে নিশ্চয় তাঁরা উত্তর দেবেন।

[1-10—1-20 p.m ]

### বীরভূম জেলায় গ্রাম বৈদ্যুতিকরণ

*৬৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮৭।) Shri Dulal Saha : বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে বীরভূম জেলায় মোট কয়টি গ্রামকে বৈদ্যুতিকরণ করা হইয়াছে; এবং

(খ) তন্মধ্যে নান্নুর ব্লকে কয়টি গ্রাম বৈদ্যুতিকরণ করা হইয়াছে ?

**Shri Suniti Chattaraj** : (ক) বীরভূমের ৩৬টা গ্রামে বৈদ্যুতিকরণ করা হয়েছে।

(খ) চলতি বৎসরে নান্নুর থানায় অন্তর্ভূক্ত কোন গ্রামে বৈদ্যুতিকরণ করা হয়নি।

**Shri Dulal Saha** : নান্নুর থানায় এ বৎসরে কতগুলি গ্রামে বৈদ্যুতিকরণ করা হবে ?

**Shri Suniti Chattaraj** : চলতি বৎসরে কোন গ্রাম অন্তর্ভূক্ত করা হয় নি।

( *651 Not put member being absent )

### Contribution of West Bengal in the export earnings

***652.** (Admitted question No. *1530.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state the contribution of West Bengal in the total export earnings of India during the years 1966-67, 1967-68, 1968 69, 1969-70, 1970-71 and 1971-1972 up to June ?

**Shri Tarun Kanti Ghosh** : Sir, if you go through the question you will find that so many things have been asked for. Is it really possible to given an answer within a short time in respect of West Bengal's share in the total export earnings of India during the years 1966-67, 1967-68, 1968-69, 1969-70, 1970-71 and 1971-72 (up to June)? এ সবের উত্তর দিতে ৮/১০ মাস কেটে যাবে। কারণ এরমধ্যে Engineering, tea, coffee, jute, leather ইত্যাদি সমস্ত আছে। এসব জোগাড় করতে অনেক সময় লাগবে।

**Mr. Speaker** : There is a Minister-in-charge of Export and Import and there an account is maintained in respect of the total export from our country and the total import from other countries. Also there are economic journals and bulletins issued by the Reserve Bank of India. Now, whether it is possible for the Minister to collect data, itemwise or not the value of the total export in respect of each year, may be collected but it may take some time.

**Shrimati Geeta Mukhopadhyay** : আমরা যেসমস্ত অংক পাই তা নানান ধরণের ইকনমিক জার্নাল, রিভিউ ইত্যাদি থেকে পেয়ে থাকি যে ভারতবর্ষের টোটাল এক্সপোর্টে পশ্চিম বাংলার শেয়ার কত। আমরা ইকনমিক জার্নালগুলির রিপোর্টের উপর ভিত্তি করে এখানে বলি। আপনিও তো তার থেকে কালেক্ট করতে পারেন?

**Dr. Joynal Abedin** : এক্সপোর্ট জিনিসটা সেন্ট্রাল সাবজেক্ট। ইট ইজ আপ টু ইউ যে এটা আমাদের পক্ষে আদৌ সহজসাধ্য কিনা। যেটা গীতাদেবী বললেন আমরা যে ফিগার পাই আমাদের বক্তব্য রাখার অনুকূলে হোয়েন উই প্রোকিওর এটা পিসমিল পাই কিন্তু এখানে যে প্রশ্ন এটা কমপ্রিহেনসিভ প্রশ্ন, রাইট ফ্রম দি বিগিনিং আপনি নিজেই দেখুন। সেদিক থেকে if you agree, then possibly the question does not come within the purview of Commerce and Industries Department. of the State.

**Mr. Speaker** : Generally, the procedure that is being followed in my office is that whenever a question is received it is sent to the department concerned and sometime we get a note from the department that it is not possible to collect informations because it is beyond their jurisdiction. When we get such a note we intimate the member concerned that it is not possible to collect the information and the question is rejected. In this particular case the fact that it is not possible for the Ministry concerned to collect the information has not been communicated to me or to the member concerned and so the question has come. You see. Calcutta Port is most important port and 33 per cent of the total export is made through the Port of Calcutta and so it is of vital importance. That is why the members are eager to know whether the export has come down compared to 5/6 years earlier—whether the same quantity of articles are going through this Port, what is the total earning from the goods exported through this

Port and whether the port is developing compared to other ports of Indi. If it is not possible for Ministry to collect the information or figures then it cannot be answered.

**Dr. Zainal Abedin** : As for your first observation, Sir, I want to say that you give us notice saying that the question has been admitted. In that case there is little scope for us not to answer. Whatever little information we get we are to make it known to the members on the floor of the House. We try to answer all questions.

**Mr. Speaker** : Sometimes the department says that it is a central subject and so it is not possible to answer. If I get a note to that effect then I reject the question.

**Dr. Zainal Abedin** : Sir, it is a very comprehensive question—it relates to mny department—and as such, I submit to you that possibly this question does not come within the purview of this department.

**Shri Mrigendra Mukherjee** : মাননীয় অধ্যক্ষমহাশয়, মন্ত্রিমহাশয়ের এই মন্তব্য আমরা অনেকদিন আগে থেকে শুনছি। ডিপার্টমেণ্ট কনসার্নড কোয়েশ্চেনের ব্যাপারে গুরুত্ব দেন না, তাঁরা আগে থেকে জানান না যে এর উত্তর আমাদের নেই। আমাদের এই বিধানসভা জানতে পারে না যে আমাদের রাজ্য ভারতবর্ষকে কতটা বৈদেশিক বাণিজ্যে সাহায্য করছে। আমাদের ক্ষুদ্র শিল্প, শিল্প-বাণিজ্য ডিপার্টমেণ্টে খুব জবরদস্ত মন্ত্রিমহাশয়রা রয়েছেন, অথচ সেইসব ডিপার্টমেণ্ট রেকর্ড দিতে পারে না সারা রাজ্যে কতটা ইণ্ডাস্ট্রির করবে, ইণ্ডাস্ট্রির ক্ষেত্রে ওয়েষ্ট বেঙ্গল কতটা ভারতবর্ষকে সাহায্য করে। সুতরাং এই ব্যাপারে মন্ত্রিমহাশয়ের যে মন্তব্য সেটা মেনে নিতে পারছি না খুব দুঃখের সংগে।

[1-20—1-30 p. m.]

**Shri Tarun Kanti Ghosh** : আমি একটা কথা বলতে চাই মাননীয় সদস্যদের কাছে, তাঁরা এই প্রশ্নটি নিশ্চয় বিবেচনা করবেন, এই যে জুট রপ্তানি করা হচ্ছে তাতে কত পারসেণ্টেজ অব ওয়েস্ট বেঙ্গলের শেয়ার আছে তা জানাবার জন্য বললে আমি এল. এন. মিশ্রের কাছে চিঠি লিখতে পারি যে টোটাল জুট ১০৭১/৭২তে কত রপ্তানি হয়েছে আপনারা দয়া করে এই কথা জানান যে what I want to tell the Hon'ble Speaker and other members is very simple. If you put a comprehensive question on total export from 1966 to 1972. তাহালে আমি জিজ্ঞাসা করতে পার যে টোটাল কত এক্সপোর্ট হয়েছে। যে ইঞ্জিনিয়ারিং গুডস ভারতবর্ষে কতট, রপ্তানি হয়েছে তাহলে বলা যায়। কিন্তু এইভাবে যদি বলেন তাহালে বলা শক্ত। You want to know the West Bengal's share I will give you the information but in order to get a comprehensive answer I will have to write to so many Ministers and so many Departments. What I wanted to tell you is that kindly help us in this matter so that I can give you the information that you want and nothing else. If you put an omnibus question it if difficult for the

Government to answer. In that case, I have no other alternative but to write to Shri L. N. Misra for furnishing detailed information. So far as 'Jabardast Minister' is concerned, the Minister concerned will reply.

**Dr. Zainal Abedin** : মাননীয় বন্ধুবর রজনীবাবু হঠাত একটু উত্তপ্ত হয়ে গেলেন তিনি বললেন যে জবরদস্ত মন্ত্রিমহাশয়রা উত্তর দিতে পারছেন না। স্যার, একটা বিধি নিয়ম আছে, কনষ্টিটিউসন আছে সমস্ত কিছুই সংবিধানের ভিত্তিতে চলে। স্যার, সেভেন্থ সিডিউল্ডটা যদি ওরা দয়া করে দেখেন এবং আমি আশা করি যে ওরা দেখবেন তাহালে দেখতে পাবেন যে এতে আমাদের স্কোপ নেই। প্রত্যেক জিনিষের একটা বিধি নিয়ম আছে। স্যার, ওদের ওখানে এম, পি. আছেন উনি যেখানের এম. এল. এ. সেখানের এম. পি. আছেন, তাঁকে দিয়ে বৈদেশিক বাণিজ্য দপ্তরে যদি খোঁজ করা হয় হি ক্যান হাড দি আনসার। আমাদের এই সাবজেক্টের অবজারভেসন, সমস্ত কিছুই ভাগ করা আছে। সদস্যের কৌতুহল থাকা স্বাভাবিক এবং সেই কৌতুহলের জন্য আমি সন্তোষ প্রকাশ করছি। বন্ধুবরের বক্তব্যে এবং অবজারভেসনের মূল-কথা হচ্ছে একটা আইনকানুনের মাধ্যমে আমাদের চলতে হবে। আজকে এরপর যদি হঠাত প্রস্তাব করি যে ফরেন রিলেসন আমাদের দিয়ে দেওয়া হোক, আমাদেব তার জন্য কনষ্টিটিউয়েণ্ট অ্যাসেম্বলী আছে, পার্লামেণ্ট আছে সেটা সংশোধন করে তবে করতে হবে। আইন কানুন যারা করেছিলেন তারা এটা ভেবে চিন্তাই করেছিলেন যে স্টেটের এই পর্যন্ত দায়িত্ব, এর বাহিরে বা এই আইনকানুনের বাহিরে যদি যাবার চেষ্টা করে তাহালে ঐ একদল লোক যারা এখানে বসেছিলেন এবং যারা আইনকানুনের বাহিরে গিয়েছিলেন তারাও আস্তাকুড়ে চলে গেছেন। আমরা সে পথে যেতে পারি না। বন্ধুদের কৌতুহল থাকা স্বাভাবিক, সেইজন্য অনুরোধ করবো যে এর সংগে সংযম থাকা বাঞ্ছনীয়, যা আইনতঃ এবং ন্যায্যতঃ এবং সংবিধানে যা বিধিবদ্ধ সেটা লক্ষ্য রাখতে হবে। সুতরাং আমি অনুরোধ কবছি সেদিকে লক্ষ্য রাখবেন। মন্ত্রিমহাশয়দের বিশেষণে বিভূষিত করতে পাবেন, তা করুন, কিন্তু উত্তপ্ত করতে পারবেন না প্রয়োজনে পার্লামেণ্ট মেম্বারদের দিয়ে প্রশ্ন করাতে পাবেন। আমার কোন বন্ধু বলেছিলেন যে ফিফথ ইয়ারের ছেলে না সিক্সথ ইয়ারেব ছেলে তা আমি ঠিক বুঝতে পারছি না, এই সব কথা অবশ্য আমি ঠিক বুঝতে পাবছিনা, তবে সবই ভেসে ভেসে আসছিল। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি দেখেছেন অনেকে প্রশ্ন করেছেন আমবা উত্তর নিয়ে এসে হাজির হয়েছি, অথচ আমবা দেখছি যে আজকে অনেকেই উত্তর শোনাবার জন্য নেই। সুতরাং বন্ধুবর যে বক্তব্য রেখেছেন যে উত্তর দেওয়া হচ্ছে না, উত্তর এড়িয়ে যাচ্ছেন, এই যে তাঁর অবজারভেসন সেটা দেখবেন। মন্ত্রি-মহাশয়রা হাজির আছেন, কিন্তু মাননীয় সদস্যরা নেই। আজকে যে সমস্ত মন্ত্রিমহাশয়ের উত্তরেব দিন আছে, তারা ছুটতে ছুটতে উত্তর নিয়ে এসেছেন অথচ যারা কৌতুহল প্রকাশ করেছেন তারা কিন্তু নেই। সুতরাং বন্ধুবরদের বক্তব্য এদিক দিয়ে কতটা প্রযোজ্য এই কথা আমি অত্যন্ত বিনয়ের সংগে চিন্তা করতে বলি। উত্তর দিতে পারিনি—সম্ভাবনা কম, সময় সাপেক্ষ বলে তাই বলেছি। এবং তাই আপনার কাছে নিবেদন করেছি।

**Shri Harasankar Bhattacharyay :** মাননীয় অধ্যক্ষমহাশয়, প্রশ্নটা অতি গুরুত্বপূর্ণ। কারণ, গত বছর পশ্চিমবাংলা থেকে যা রপ্তানি হয়েছিল তা পশ্চিম বাংলায় বেড়েছে না কমেছে সেটা যদি না জানা যায় এবং মন্ত্রীসভা যদি সেটা না জানাতে পারেন তাহলে আমরা বুঝতে পারছি না যে আমাদের দেশের অর্থনৈতিক উন্নতি প্রসার এবং বৈদেশিক বাণিজ্যের প্রসার কতটা হল এবং আমাদের বেকারসমস্যা দূর করা, আমাদের অর্থনৈতিক শ্রীবৃদ্ধির কোন ধ্যান বা ধারনা তাহলে আমাদের থাকবে না। এটা কি আমাদের এই সদস্যদের থাকবে না? প্রশ্নের উত্তর নিশ্চয় হাতে নেই, তাই উত্তর দিতে পারছেন না, কিন্তু কিভাবে খোঁজ খবর রাখবেন,

কিভাবে আমাদের কাছে সমস্ত কিছু রাখবেন যে সর্বভারতীয় রপ্তানির ক্ষেত্রে আমাদের রাজ্যের শিল্পের অবস্থা কি, আমরা কোথায় পৌঁছেছি এই সম্পর্কে আমাদের স্থান কোথায় এই সমস্ত দৃষ্টি রাখবেন। যেহেতু তথ্য যোগাড় করতে পারলেন না, তাহলে উত্তর দিতে পারলেন না, এটা ঠিক নয়। আশা করি শিল্প বাণিজ্যে ক্ষেত্রে আমাদের কতটা অগ্রগতি হয়েছে এবং আমাদের অর্থনৈতিক শ্রীবৃদ্ধি সম্পর্কে একটু দৃষ্টি রাখবেন।

**Shri Sudhir Chandra Bera :** মন্ত্রিমহাশয় সংবিধানের প্রশ্ন তুলেছেন। আমি এই প্রশ্নের উত্তরে ঠিক বুঝতে পারছি না যে সংবিধানের বাধা কোথায় আছে। আমাদের এই যে ফিগার কেন তিনি সেটা জানাতে পারবেন না যে কি West Bengals contribution to the total exports of India. সংবিধানে এর কি বাধা আছে বুঝতে পারছি না।

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker, Sir, I congratulate the Hon'ble Member becaus the question has been put by a Member of the Government Bench and arguments had taken place between the Hon'ble Minister of the Treasury Bench and the Hon'ble Member of the Government Bench. Whatever it is, technically, the arguments should have taken place between the department concerned and the Hon'ble Minister concerned, I mean the arguments which have been advanced by the Hon'ble Minister. Sir, the position is this that when any Member puts any question it is forwarded to the department concerned and with the tacit concurrence of the department concerned the question comes up here for replies. Sir, as this question has already been admitted by you and as it stands in the list of question to be replied today, the House has got every right to the replies of the question.

**Shri Tarun Kanti Ghosh :** Mr. Speaker, Sir, may I inform the Hon'ble Member, Shri Deo Prakash Rai that what we wanted to tell the House was very simple. This is a comprehensive question and it is not possible to get the answer in a very short time ; this is No. 1. No. 2 is that when you want to know something kindly put that point instead of putting omnibus questions. It may be that you can put 20 questions on that same subject but it would be easier for me to find out the answer if instead of putting omnibus questions you put pointed questions. So I would request the Hon'ble Members here kindly to put questions in such a way, viz., departmentwise or sectorwise so that we can reply to those questions in the quickest possible time. Sir, we do not want to avoid answering questions. This is what I really wanted to tell my good friend, Shri Rajani Kanta Doloi. This is my submission, Sir.

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker, Sir, while I realise the difficulties of the Hon'ble Minister to reply to these questions may I request you to work out a via media for this ?

**Dr. A. M. O. Ghani :** Mr. Speaker, Sir, this is a very intriguing matter which I have never seen in this House and, I think, you have

also never seen it. Sir, when a question is admitted by you it goes to the department concerned and after the department concerned finds it O. K. then you accept it and the answer is given here on the floor of the House. This question is comprehensive, no doubt. But we have had many comprehensive questions orally answered in this House by the Hon'ble Ministers and if the answer was a lengthy one it was laid on the Table of the House. But the question referred to does not entail any research work from the Centre so as to take years to answer it. Sir, is it not making light of the whole thing ? If the various economic journals and the journals of the Reserve Bank of India were consulted and comparison made between the total export earnings of India with the total contribution of West Bengal, then the answer could be given within half-an-hour. But, Sir, to treat it in this way that it will take years to give the answer is a manifestation of levity, I say.

**Shri Tarun Kanti Ghosh** : Mr. Speaker, Sir, may I request my friend, the Hon'ble Member Dr. Ghani to help me to get the replies within half-an-hour ? Could he kindly do it ?

[1-30—1-40 p. m.]

**Mr. Speaker** : The point is this that Shri Rajani Kanta Doloi has asked the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department to state the contribution of West Bengal in the total export eornings of India during some years, i. e., the total contribution of West Bengal in respect of export earnings. Naturally the export and import being a Central subject the Department concerned may not readily have all the figures necessary to give answer to this question. However, in view of the importance of this question and the agitation of the members, may I know if it will be possible for the Hon'ble Minister to make a statement on the subject in the near future—after a few days —as far as possible after collecting the figures of contribution of West Bengal in respect of total export eareings of India ?

**Shri Tarun Kanti Ghosh** : Sir, I have already written to the Foreign Trade Ministry to supply me the required materials. When I get the reply I shall certainly give a statement. I may also write to Finance Ministry in this matter. But, Sir, to give the answer is one thing and to put the supplementaries in the House is another thing.

**Mr. Speaker** : Then I would request the Hon'ble Minister to make a statement as early as possible on the subject as to what is the position of West Bengal in respect of export earnings.

**Loss sustained by Sales Emporia in Calcutta**

*653. (Admitted question No. *1544.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) if is a fact that the Government is sustaining heavy financial loss in running the Sales Emporia in Calcutta ; and

(b) if so,—

(i) the amount of loss sustained during the years 1967-68, 1968-69, 1969-70 and 1970-71.

(ii) the reasons for such losses, and

(iii) action contemplated by the Government to prevent/minimise the losses in future ?

**Shri Atish Chandra Sinha** (a) Yes.

(b) (i) the losses are :

| | Rs. |
|---|---|
| 1967-68 | 85,638·00 |
| 1968-69 | 78,984·00 |
| 1969-70 | 88,048·00 |
| 1970-71 | 92,469·00 |

(ii) The Sales Emporia were established with a view to popularising and at the same time marketing the products of Co-operative Societies manufacturing handloom and handicrafts products. As such, attempts were made to run it at a no loss no profit basis ; but, this could not be achieved for the following reasons :

(a) On a rough estimate it is found that the total sales of goods worth Rs 35 lakhs per year would keep a margin which covers the establishment and other incidental costs for running the emporia. As against this, the annual sale in the Emporia at Calcutta varied between Rs.6,48,000 and Rs.10,15 000 during the periods in question.

(b) The business in the Sales Emporia was conducted with the help of a P. L. Account (Personal Ledger Account) of Rs.4 lakhs only. This amount was too inadequate even if three or four turn overs in a year were made possible.

(c) The products of Co-operative Societies which were purchased by the Emporia for sale in the market were normally higher than the prices of similar products sold by Mahajans and Master Weavers. This increased the sale price of the cloth handled by the Sales Emporia.

(d) Adequate and effective powers were not delegated to the Managers in charge of the Emporia which very often resulted in delay in purchase of the stock in trade.

(e) Inadequate provision in the budget was responsible for inadequate publicity, lack of decorations and other necessary measures to attract the customers.

(iii) Actions taken by the Government are :

(a) The Superintendent, Government Sales Emporia, has been authorised to conduct wholesale business in handloom and handicrafts products. In addition, he also conducts business in textiles including power-loom products, readymade garments and other small-scale industries products.

(b) To boost up Sales, the Managers in charge of the respective Emporia have been given the following powers, on an eperimental basis, on condition that they would bring the sales to the break even point by the end of the Pujahs this year :

(i) The Manager of the Government Sales Emporia will purchase their choice from the Co-operative Societies as well as from sellers outside the co-operative fold on the basis of bargaining.

(ii) The existing practice of fixing the sales price of the articles to be sold through the Emporia by adding 15% to 25% margin over the purchase price has been abandoned. The Managers will now be able to sell the articles at whatever price they will be able to sell through the emporia.

(iii) The Managers will be responsible to find out storage accommodation for the stocks purchased and also to maintain the stores accounts.

(iv) The Managers will have to arrange for transporting the stocks purchased by them from the purchase points to the storage points and from the storage points to the emporia.

(c) The Sales Emporia will remain open from 10 a.m. to 8 p.m. with necessary breaks as per the West Bengal Shops and Establishment Act. Any additional staff required by the Sales Emporia should be recruited by the Managers themselves and expenditure in this connection is to be met out of the margine and profits earned.

**Sri Rajane Kanta Doloi :** মন্ত্রিমহাশয় বললেন যে সেল কম হচ্ছে বলেই লস হচ্ছে। সেই কম হবার কারণ কি ? লোকের কাছে সেলস এ্যাম্পোরিয়াম অ্যাট্রাকটিভ না হবার জন্য কি সেল কম হচ্ছে, না অন্য কোন কারণ আছে ?

**Sri Atish Chandra Sinha :** সেল কম হবার অনেক কারণ থাকতে পারে, তবে একটা জিনিস মনে হয় যে গত কয়েক বছরের অনিশ্চিত অব্যবস্থার জন্য হয়ত সেল কম হতে পারে। তবে মাননীয় সদস্যগন নিশ্চয় শুনলে আনন্দিত হবেন যে গত ২/৩ মাস থেকে বিভিন্ন সেলস এম্পোরিয়ামে বহুগুণ সেল বেড়ে গেছে এবং আমি তার থেকে একটা স্টাটিসটিকস দিচ্ছি। যেমন গত বছর জুন মাসে আমাদের লিণ্ডসে স্ট্রীটে যে সেলস এম্পোরিয়াম আছে সেখানে বিক্রি হয়েছিল ১১ হাজার ২৪৪ টাকার সেই জায়গায় এ বছর জুন মাসে সেল হয়েছে ৩০ হাজার ১১৮ টাকা এবং জুলাই মাসে গত বছর সেল হয়েছিল ১৪ হাজার ৩৯২ টাকা এবং এ বছর ২৮ হাজার ৬১৫ টাকা। বালিগঞ্জ সেলস এম্পোরিয়ামে গত বছর জুলাই মাসে সেল হয়েছিল ৯ হাজার ৪১২ টাকা আর এ বছর জুলাই মাসে হয়েছে ২৭ হাজার ৪৪৩ টাকার। আমরা বিভিন্ন স্টেপ নিচ্ছি—যেটা আমি আপনাদের পড়ে শোনালাম যার ফলে এখনকার পরিস্থিতির উন্নতি হবার জন্য সেলস বেড়ে গেছে।

**Shri Rajani Kanta Doloi :** মন্ত্রিমহাশয় জানালেন যে অনিশ্চয়তার জন্য সেল কমে গিয়েছিল এবং এখন সেল বেড়ে গেছে। আমি জিজ্ঞাসা করছি শুধু কি অনিশ্চয়তার জন্য সেল কমে গিয়েছিল না এরমধ্যে আরো অন্য কোন কারণ ছিল ?

**Shri Atish Chandra Sinha :** স্যার, ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ান। এটা আমার পক্ষে বলা এখন সম্ভব নয় যে কি কারণে কমে গিয়েছিল, তবে কমে গিয়েছিল ইট ইজ এ ফ্যাক্ট, যেটা আমি বলেছি।

**Shri Sudhir Chandra Bera :** মন্ত্রিমহাশয় কি কস্ট অব প্রোডাকসান কমানোর জন্য কোন চেষ্টা করছেন ?

**Shri Atish Chandra Sinha :** সেলস এম্পোরিয়ামেতে প্রডাকসান হয় না, সেখানে জিনিস কিনে বিক্রি করা হয়, সুতরাং কস্ট অব প্রডাকসান কমানোর কোন প্রশ্ন ওঠে না।

**Dr. A. M. O. Ghani :** মন্ত্রিমহাশয় বলেছেন যে সেখানে ফাইনানসিয়াল লস হচ্ছিল এখন সেটা রিকভারি হয়েছে, এই যে ফাইনানসিয়াল লস হচ্ছিল সেটা কি শুধু সেল কমার জন্যই না আরো কোন কারণ ছিল ?

**Shri Atish Chandra Sinha :** সেল কম হবার জন্য হচ্ছিল। আমরা এখানে ক্যালকুলেট করে দেখেছি যে আমরা যদি ৩৫ লক্ষ টাকার মত সেল করতে পারি তাহলে মোটামুটি নো লস নো প্রফিট বেসিসে চলতে পারে।

**Dr. A. M. O. Ghani :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, কিছুদিন আগে লিণ্ডসে স্ট্রীট সেলস এম্পোরিয়ামে package of costly fabrics received করা হয়েছিল কিন্তু খুলে দেখা গেল it contained only rags এটা কি ঠিক ?

**Shri Atish Chandra Sinha :** আমার এ তথ্য জানা নেই। তিনি যদি তথ্য দিতে পারেন তাহলে আমি নিশ্চয় অনুসন্ধান করে দেখবো।

**Shri Rajani Kanta Doloi :** মন্ত্রিমহাশয় বলেছেন যে ৩৫ লক্ষ টাকার সেল হলে নো লস নো প্রফিট হয়। এই ৩৫ লক্ষ টাকা সেল যাতে হয় সেটা করার জন্য কোন ব্যবস্থা নিয়েছেন কি ?

**Shri Atish Chandra Sinha :** একটু আগেই যে ফিগার আমি দিলাম তাতে আপনারা দেখেছেন যে মাসে মাসে সেল বেড়ে যাচ্ছে এবং আমরা বিভিন্ন স্টেপস নিয়েছি তারমধ্যে একটা হচ্ছে ওখানে যে সমস্ত ম্যানেজার আছে তাদের আমরা আরো পাওয়ার ডেলিগেট করেছি তারা যাতে ইণ্ডিপেনডেন্টলি কেনাবেচা করতে পারেন।

**Shri Rajani Kanta Doloi :** আমি আগেই জিজ্ঞাসা করেছিলাম যে, যে সমস্ত জিনিসপত্র সেলস এম্পোরিয়ামে আছে সেগুলি খুব অ্যাট্রাকটিভ না হবার জন্য সেল হয় না, এবিষয়ে মন্ত্রিমহাশয় কি আমার সংগে একমত হবেন ?

**Shri Atish Chandra Sinha :** কোন জিনিসটা অ্যাট্রাকটিভ কিম্বা নয় এটা আমার পক্ষে বলা সম্ভব নয়। একটা জিনিস আমার হয়ত পছন্দ হতে পারে, আপনার পছন্দ না হতে পারে it is absolutely a matter of opinion তবে আমরা যতদূর সম্ভব চেষ্টা করছি যতটা অ্যাট্রাকটিভ করা যায়। আর যা করলে পরে সেল বেশী হয় তার দিকে আমরা নজর দিয়েছি, ফলে সেল বেড়ে গিয়েছে।

[1-40—1-50 p.m.]

**Mr. Speaker :** I am again calling the questions which were not called by the members as they were not present in the House at the time. Starred questions—634 of Shri Ananda Gopal Mukherjee, 636 of Shri Ramkrishna Bar, 637 of Shri Biswanath Chakrabarty, 639 of Shri Saroj Roy, 640 of Shri Kartick Chandra Biswas, 642 of Shri Pradyot Kumar Mahanti, 643 of Shri Sibsankar Banerjee, 645 of Shri Dulal Saha, 646 of Shri Arabinda Mondal, 647 of Shri Kashinath Misra, 648 of Shri Phani Bhusan Sinhababu, 651 of Shri Phani Bhusan Sinhababu. All these questions may be treated as unstarred questions.

(At this stage Shri Biswanath Chakrabarti entered the Chamber)

**Shri Biswanath Chakrabarti :** Sir, if you kindly allow my question ?

**Mr. Speaker :** All right, I will allow. Starred question No. 637.

## মুর্শিদাবাদ জেলায় রেশম তন্তুবায়

*৬৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৪।) **Shri Biswanath Chakraborty :** কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার রেশম তন্তুবায়দের সারা বৎসর কাজের ব্যবস্থার কোন প্রকল্প সরকারের আছে কি ?

**Shri Atish Chandra Sinha :** না, সরাসরি কোন প্রকল্প সরকারের নেই।

**Shri Biswanath Chakrabarty :** এখন প্রকল্প নেই কিন্তু অদূর ভবিষ্যতে এইরকম কোন প্রকল্প রচনা করার কথা ভাবছেন কি সরকার ?

**Shri Atish Chandra Sinha :** আমরা চিন্তা করে দেখবো। তবে রেশমশিল্পী যাঁরা আছেন তাদেরকে সাহায্য করবার জন্য অন্যান্য অনেক সংস্থা আছে, যেমন মুর্শিদাবাদ জেলাতে চকইসলামপুর এবং নগরমির্জাপুর এলাকায় দুটি সমিতি আছে। তারা ১৯৪৯ সাল থেকে কাজ করছে এবং এই দুটি সমিতির সভ্য সংখ্যা যথাক্রমে ২০১ এবং ৫৮। এছাড়া মুর্শিদাবাদ জেলাতে আরো ৭টি সমবায় সমিতি আছে এবং ৮টি রেজিস্টার্ড সংস্থা আছে এবং এই প্রতিষ্ঠানগুলির অধীনে প্রায় দেড় হাজার রেশম তন্তুবায় কাজ করছে এবং এই যে সমিতি আছে, রেজিস্টার্ড সোসাইটি আছে, এরা সকলেই খাদি এবং গ্রামোদ্যোগ কমিশন এর আওতারে এবং তারা এই গ্রামোদ্যোগ কমিশনের কাছ থেকে পয়সা, পাওনা টাকা পান, সাহায্য পান, সেই টাকা সাহায্য পেয়ে তাদের অধীনে যে সমস্ত তন্তুবায় আছে তাদেরকে নির্দ্ধারিত ন্যুনতম বেতন তারা দিয়েছেন বা কর্মচারীদের দেন। এই সম্পর্কে আমি বলি যে মুর্শিদাবাদ জেলাতে প্রায় ২ হাজার ৮ শত রেশম তন্তুবায় শিল্পি আছেন, তার মধ্যে বিভিন্ন সমিতি ও রেজিস্টার্ড সোসাইটির মাধ্যমে প্রায় দেখতে পাচ্ছি যে ১৫ শত এবং ২০১ ও ৫৮, এই এতজন কভার হয়ে আছেন। সুতরাং যাঁরা বাইরে আছেন তাঁরা মহাজনের মাধ্যমে কাজ করেন। তাদের অবস্থা নিশ্চয়ই খারাপ আমরা স্বীকার করি কিন্তু যাঁরা এই সোসাইটি গুলির মাধ্যমে কাজ করেন তাঁরা একটা ন্যুনতম বানী পান।

**Shri Biswanath Chakrabraty :** এই যে বললেন যে, যারা কাজ পায় না, মহাজনের দ্বারা শোষিত হয়, তাদের সরকারী প্রচেস্টায় এবং সবকারী উদ্যোগে সমবায়ে আনবার কোন দ্রুত সিদ্ধান্ত করবেন কিনা ?

**Shri Atish Chandra Sinha :** আমরা নিশ্চয়ই ভেবে দেখবো।

## HELD OVER STARRED QUESTIONS

**( to which oral answers were given )**

### টেকনিক্যাল অ্যাপ্রেন্টিসদের কর্মসংস্থান

*৩৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬।) **Shrimati Geeta Mukhopadhyaya :** শ্রম-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবঙ্গ টেকনিক্যাল ট্রেনিং প্রাপ্ত অ্যাপ্রেন্টিসদের কর্মসংস্থানের ব্যাপার ঐরূপ সংস্থায় কর্তৃপক্ষ কোন দায়িত্ব গ্রহণ করেন না ,

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন , এবং

(গ) গত তিন বছরে কত সংখ্যক অ্যাপ্রেন্টিস শিক্ষাপ্রাপ্ত হয়েছেন (সরকারী উদ্যোগে), আর তারমধ্যে ঐরূপ সংস্থা মারফৎ কত সংখ্যক কাজ পেয়েছেন ?

**Shri Tarun Kanti Ghosh :** (ক) হ্যাঁ। আপনি যা বলেছেন তা ঠিক।

(খ) এ সম্বন্ধে চেষ্টা করা হইতেছে।

(গ) গত তিন বছরে কত শিক্ষানবীশ চাকরী পাইয়াছে তাহার সংখ্যা আমাদের দপ্তরে নাই। তবে গত তিন বছরে ২২১৬ জন অ্যাপ্রেনটিস শিক্ষাপ্রাপ্ত হইয়াছেন।

**Shrimati Geeta Mukhopadhyaya :** মন্ত্রিমহাশয় বলেছেন বিবেচনা করছেন, কি বিবেচনা করেছেন, কি সিসটেমে বিবেচনা করছেন, জানাবেন কি ?

**Shri Tarun Kanti Ghosh** : আমাদের ডিপার্টমেন্টে কয়েকমাস হয় একটা সেল করেছি। তার উদ্দেশ্য দুটি। লোকাল ইয়ুথ যাতে চাকরি পায় তার চেষ্টা করছি, আর অ্যাপ্রেন্টিস যেগুলি আছে, যেখানে যেখানে চাকরি খালি আছে, তারা যাতে পেতে পারে, তারজন্য চেষ্টা করছি। আগে যে ব্যবস্থা ছিল, তাবা ট্রেনিং নিয়ে চলে গেলে পর কানেকশন ইজ কাট অফ হয়ে যেত, তাদের জন্য কিছু করা যেত না। অতএব এটা করে এর মাধ্যমে কিছু করার চেষ্টা করছি, হয়ত কিছু হতে পারে।

## সাঁওতালডিহি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র

*৪৩২ (অনুমোদিত প্রশ্ন নং *১১৪১।) **Dr. Sailendranath Chattopadhyay** : বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁওতালডিহি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র কবে নাগাত পুরোপুরি চালু হইবে ;

(খ) পুরোপুরি চালু হইলে কত পরিমান বিদ্যুৎ পাওয়া যাইবে ;

(গ) ঐ বিদ্যুৎ "গ্রিড লাইন" দ্বারা কোথায় কোথায় লইয়া যাওয়ার পরিকল্পনা সরকারের আছে ;

(ঘ) ঐ "গ্রিড লাইন" নির্মানের কাব সরকার শুরু করিয়াছেন কিনা, এবং

(ঙ) উক্ত এলাকায় আর অন্য কোন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**Shri Suniti Chattaraj** : (ক) চতুর্থ পরিকল্পনা কালে সাঁওতালডিহি থার্মাল পাওয়ার স্টেশনের জন্য দুইখানি ১২০ মেগাওয়াট ইউনিট মঞ্জুর করা হইয়াছে। প্রথম ইউনিটটি ১৯৭৩ সালের জুন মাস নাগাদ এবং দ্বিতীয় ইউনিটটি ১৯৭৪ সালের প্রথম ভাগ নাগাদ চালু করা যাইবে বলিয়া আশা করা যায়।

(খ) চতুর্থ পরিকল্পনার শেষভাগে Auxiliary consumption বাদ দিয়া সাঁওতালডিহিতে মোট ২২০ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়ার যাইবে। একটি ইউনিট পরীক্ষা ও মেরামতের জন্য বন্ধ থাকার দরুন বিদ্যুৎ উৎপাদন ৫০% ভাগ হ্রাস পাইবে।

(গ) বহির্গামী Transmission লাইনের কাজ শেষ হইলে সাঁওতালডিহি থার্মাল পাওয়ার স্টেশন হইতে প্রাপ্ত বিদ্যুৎ দক্ষিণ বাংলায় ব্যবহৃত হইবে। ফরাক্কা ব্যারেজের উপর দিয়া ১৩২ কেঃ ভিঃ লাইনের কাজ শেষ হইলে পর রাজ্য বিদ্যুৎ পর্ষদের চালু সিস্টেম হইতে প্রাপ্ত বিদ্যুৎসহ সাঁওতালডিহির আংশিক বিদ্যুৎশক্তি উত্তর বাংলায় ব্যবহৃত হইবে।

(ঘ) সাঁওতালডিহি হইতে বহির্গামী 'গ্রিডের' কাজ ইতিমধ্যেই হাতে লওয়া হইয়াছে।

(ঙ) সাঁওতালডিহি থার্মাল পাওয়ার স্টেশনের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বাড়াইবার জন্য এই দশকের (১৯৭১—৮১) পরিকল্পনায় আর একটি ২০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন ইউনিট স্থাপনের পরিকল্পনা আছে।

**Dr. Sailendra Chattopadhyaya** : মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি সাঁওতালডিহি তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মানের কাজ কবে শুরু হয়েছে এবং কবে শেষ হবার কথা ছিল ?

**Shri Suniti Chattaraja** : মাননীয় সদস্যকে জানাচ্ছি যে ১৯৭১ সালে থেকে ১৯৮১ সালের আগে শেষ হবার কথা আছে।

**Dr. Sailendra Chattopadhyaya** : কাজ কবে শুরু হবার কথা এবং কবে শেষ হবার কথা ?

**Shri Suniti Chattaraj :** ১৯৭১ সালে শুরু হবার কথা, কবে শেষ হবার কথা, তা বলতে পারি না।

[1-50—2-00 p.m.]

**Dr. Sailendra Chattopadhyaya :** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে ক্ষয়ক্ষতির দরুণ উৎপাদন শতকরা ৫০ ভাগ হ্রাস পাবে—এর অর্থ কি—এটা দয়া করে ব্যাখ্যা করে জানাবেন ?

**Shri Suniti Chattaraj :** আমি তো বললাম—একটা ইউনিটের পরীক্ষা ও মেরামতের জন্য ঐ ৫০ ভাগের মত বিদ্যুৎ হ্রাস পাবে।

**Dr. Sailendra Chattopadhyaya :** মন্ত্রিমহাশয় কি বলতে চাচ্ছেন যে, ১১০ মেগাওয়াট বিদ্যুৎ পাব ওখান থেকে ?

**Shri Suniti Chattaraj :** হ্যাঁ।

**Dr. Sailendra Chattopadayaya :** পশ্চিম বাংলায় বর্তমানে ১৮ মেগাওয়াট বিদ্যুৎ কম আছে—ঘাটতি আছে। যা ঘাটতি তা মিটিয়ে আবার নতুন শিল্প স্থাপন যা হবে পশ্চিম বাংলায় তারজন্য প্রয়োজনীয় বিদ্যুৎ দিয়ে—তারপরে কিভাবে transmission line দক্ষিণ বঙ্গে ও ফরাক্কার উপর দিয়ে উত্তরবঙ্গে বিদ্যুৎ নিয়ে যাবেন সেটা একটু বুঝিয়ে বলবেন কি ?

**Shri Suniti Chattaraj :** এই সম্পর্কে যদি মাননীয় সদস্য পৃথকভাবে প্রশ্ন করেন তাহলে উত্তর থেকে বুঝতে পারবেন।

**Dr. Sailendra Chattopadhyaya :** এইযে আপনি ৩০ মেগাওয়াট বিদ্যুৎ দক্ষিনবঙ্গে ও উত্তরবঙ্গে নিয়ে যাবেন সব ঘাটতি মিটিয়ে—এটা সম্ভব কিনা জানাবেন ?

**Shri Suniti Chattaraj :** এ সম্বন্ধে টেকনিক্যাল এক্সপার্টদের মতামত নিয়ে মাননীয় সদস্যকে জানাবো।

**Shrimati Geeta Mukhopadhayaya :** মাননীয় মন্ত্রিমহাশয় যা বলেছেন তাতে দাঁড়ালো—দুটো ইউনিট বসান হবে সেই দুটো ইউনিট বসানোর মধ্যে আবার একটা ইউনিটের পরীক্ষা নিরীক্ষার জন্য ৫০ ভাগ বিদ্যুৎ হ্রাস পাবে। তাহলে সেটা বসানোর কী দরকার আছে ? বসানোর আগে কেন সেটা পরীক্ষা নিরীক্ষা করে বসানো হবে না এটা তো বুঝতে পারছিনা।

**Shri Suniti Chattaraj :** আপনি তো আপনার অপিনিয়ন বা মতামত জানালেন এর উত্তর আমি কী দেব ?

**Shrimati Geeta Mukhopadhyaya :** আপনি কি জানাবেন পরীক্ষা-নিরীক্ষা না করেই ইউনিটগুলো বসানো হচ্ছে ? ইউনিট বসাতে গেলেও আগে তার পরীক্ষা-নিরীক্ষা করতে হবে—It is expected, তবে তারজন্য 50 per cent কমে যাবে কেন এটা opinion নয়, soliciting information.

**Shri Suniti Chattaraj :** মাননীয়া সদস্যা যা বললেন—এদিক থেকে আমি খোঁজখবর নেব। তবে বসানোর সঙ্গে সঙ্গে এটা বন্ধ করা হবে না। কিছুদিন পরে তা ঠিকভাবে কাজ করছে কিনা তা পরীক্ষা করে দেখবার জন্য বন্ধ করা হবে।

## সূতাকল জাতীয়করণ

*৪৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭।) **Shri Nitaipada Sarkar :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সূতাকলগুলিকে জাতীয়করণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**Dr. Zainal Abedin :** সূতাকল গুলি জাতীয়করণ হইবে কিনা তাহা কেন্দ্রীয় সরকারের বিবেচ্য বিষয়। তবে বর্তমানে এ সম্পর্কে কোন পরিকল্পনা নাই।

**Shri Netaipada Sarkar :** কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত করবেন বলেছেন সেটা ঠিক। কিন্তু আমাদের যে সমস্ত সূতাকলগুলি বন্ধ রেখে দেওয়া হয়েছে এই বন্ধ সূতাকলগুলি টেক ওভার করবার পরিকল্পনা আছে কি ?

**Dr. Zainal Abedin :** এই বন্ধ সূতাকলগুলির পরিচালনার ভার আর একটা দপ্তরের। এখানে আপনি বন্ধ সূতাকল বা রুগ্ন সূতাকলগুলির কথা বলেন নি। এগুলি দেখবেন অন্য দপ্তর। আমি এ সম্বন্ধে কিছু বলতে পারবো না।

**Shri Netaipada Sarkar :** বাংলা দেশের সূতাকলগুলি সূতার অভাবে বিভিন্ন জায়গায় বিকল হয়ে যাচ্ছে। সরকার থেকে এ ব্যাপারে নূতন করে সূতাকলগুলি তৈরী করার কোন পরিকল্পনা আছে কিনা ?

**Dr. Zainal Abedin :** আপনি যে বলেছেন বাংলা দেশের সূতাকল—এ ব্যাপারে আমি বলতে পারি ঐ বাংলা দেশের সূতাকলগুলির যদি ব্যাপার হয় তাহলে ওটা ফরেন মিনিস্টারের ব্যাপার আমার ব্যাপার নয়।

**Netaipada Sarkar :** আমি বাংলা দেশ বলতে ঐ বাংলাদেশকে মিন করি নি, ওয়েষ্ট বেঙ্গলের কথাই বলেছি—আমি প্রশ্ন করছি যে আমাদের এই রাজ্যে কোন নূতন সূতাকল করার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**Dr. Zainal Abedin :** উনি বাংলা দেশ বলতে পশ্চিমবঙ্গকে মিন করছেন। যা হোক, এখানে আমাদের যে কলগুলি আছে কল্যাণীতে ও হাবড়াতে—এই দুটি ইউনিটই আছে। আগে আমি একটি ফিরিস্তি দিয়েছিলাম যে এই কলগুলিতে এখন লোকসান হচ্ছে। লোকসান পূরণ হোক তারপর নূতন কল করার কথা চিন্তা করা যাবে।

**Shri Netaipada Sarkar :** তাঁতীরা যে সূতা পাচ্ছে না এই অভিযোগ আপনার জানা আছে কিনা ?

**Dr. Zainal Abedin :** নিয়মিতভাবে এই অভিযোগ পাচ্ছি।

**Shri Netaipada Sarkar :** এই সূতা সরবরাহ করার কি ব্যবস্থা করেছেন ?

**Dr. Zainal Abedin :** এর আগে আমি এই হাউসে স্টেটমেন্ট দিয়েছি। স্টেট টেক্সটাইল করপোরেসন করে এই অবস্থার প্রতিকার সম্ভবপর। এ বক্তব্য আমি আগেই রেখেছি।

**Mr. Speaker :** Held over starred questions No 425 and 474 may be treated as unstarred questions.

Now, I will request the honourable members, particularly Dr. Sailendra Chattopadhyaya, to observe the decorum of the House. Particularly when he is addressing the Chair he should be more respectful. Members should be at least conscious that they are in a House where a minimum standard of decency and decorum is to be maintained.

**Shri Rajani Kanta Doloi** স্যার, আমার একটা পয়েন্ট অব প্রিভিলেজ আছে। আমাদের এই যে কোয়েশ্চেন-এর অ্যানসার লাইব্রেরী টেবিলে দেবার কথা আপনি বলে দিয়েছেন—এটা যদি আমাদের কাছে পাঠিয়ে দেওয়া হয় তাহলে আমাদের এই হাউসে সেগুলি সম্বন্ধে অতিরিক্ত প্রশ্ন করার সুবিধা হয়। তাই আমি এইগুলির উত্তর আমাদের কাছে পাঠিয়ে দেবার জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছি।

**Dr. Zainal Abedin :** স্যার, এই কথা বলতে গেলে—আর আব সংসদে আর আর পার্লামেন্টে কি ব্যবস্থা আছে সেটা জানতে হয়। তাই আমি আপনাকে অনুরোধ করছি আপনি এটা হতে দেবেন না—এ কখনই হতে পারে না।

**Mr. Speaker :** Mr. Doloi, regarding the point you have raised that written answer is to be sent to the individual member, I want to inform you that such system is not being followed anywhere in the world, not to speak of any Assembly or Lok Sabha in India The first thing is that the House has a right to know the answer first of all—this is the privilege of the House and that of the members of the House—and so the answer will have to be placed on the table of the House first, and then outsiders can know it. The Hon'ble Minister cannot divulge the information before it is divulged on the floor of the House. So, your point does not involve a question of privilege.

### STARRED QUESTIONS

**( to which written answers were laid on the Table )**

**Rent deposits in the Rent Controller's Office**

***634.** (Admitted question No *1510.) **Shri Ananda Gopal Mukherjee :** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms Department be pleased to state—

(a) whether the Government is aware—

(1) that there has been an accumulation of more than two crores of rupees by way of rent deposits by the tenants in the Rent Controller's Office, and

(2) that for the deposits made in 1969 no intimation has been sent to the landlords from the Rent Controller's Office ; and

(b) if the answers to (a) (1) and (2) are in the affirmative, will the Minister be pleased to state the reasons for these ?

**Minister-in-charge for Land Utilisation and Reforms Department :** (a) (i) Yes.

(ii) Notices in respect of deposit made with Calcutta Collectorate and with Reserve Bank of India were issued up to 18th April 1969 and 11th February 1970 respectively.

(b) The main reason for accommodation of rent deposits is that due to pending litigation the landlords do not or cannot withdraw the deposit made in their favour. The delay in service of notices of deposits has also contributed to the accomulations,

The reasons for the answers in the issue of the notices of deposits are the progressive increase in the number of rent deposit and the gradual decreased in the outturn of work.

## রাজ্য সমবায় ব্যাঙ্কের অনাদায়ী ঋণ

*৬৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮০।) **Shri Ram Krishna Bar :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাংকের বর্তমানে অনাদায়ী ঋণের পরিমাণ কত ; এবং

(খ) অনাদায়ী ঋণ আদায়ের সুষ্ঠু ব্যবস্থার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**Minister-in-charge for Co-operation Department :** (ক) ৪ঠা আগষ্ট, ১৯৭২ তারিখে অনাদায়ী ঋণের পরিমাণ টাকা ৬৯৬'৮০ লক্ষ।

(খ) এই সকল ব্যবস্থা গ্রহণ করা হইতেছে—

(১) ব্লকভিত্তিতে সেনট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কগুলির ঋণ আদায়ের কর্মসূচী প্রণয়ন এবং সেনট্রাল ব্যাঙ্কের কর্মী এবং স্থানীয় বিভাগীয় কর্মচারীর যৌথ উদ্যোগে এই কর্মসূচী অনুযায়ী ব্যবস্থা গ্রহণ।

(২) ইচ্ছাকৃত ঋণ খেলাপের ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

(৩) সময়মত সমবায় ঋণ পরিশোধ করিলে উৎপাদনের জন্য অধিক পরিমাণে ঋণ পাওয়া সম্ভব এই বিষয়ে রেডিও, সংবাদপত্র, আলোচনা, পুস্তিকা প্রভৃতি মাধ্যমে প্রচার।

(৪) আগামী ঋণ আদায়ের মরশুমে যাহাতে বিধানসভার মাননীয় সভ্যগণ সমবায় ঋণ পরিশোধের ব্যাপারে উৎসাহ দিতে পারেন এবং ব্লক ডেভেলপমেণ্ট অফিসার, এস. ডি. ও. এবং জেলা ম্যাজিষ্ট্রেটগণ এই ব্যাপারে পূর্ণ সহযোগিতা করেন সেই বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

## স্যাক্সবী ফারমার কর্মচারীদের প্রভিডেণ্ট ফাণ্ড

*৬৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৩।) **Shri Saroj Roy :** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ওয়েষ্টিং হাউস স্যাক্সবী ফারমার প্রতিষ্ঠানটিকে পশ্চিমবঙ্গ সরকার ১৯৬৯ সালে অধিগ্রহণ করার পর উক্ত প্রতিষ্ঠানের কর্মচারীদের প্রভিডেণ্ট ফাণ্ড-এর টাকা ১৯৭০ সালের আগস্ট মাস থেকে নিয়মিতভাবে জমা দেওয়া হইতেছে কিনা ;

(খ) হইয়া থাকিলে, যেসব কর্মচারী চাকরি থেকে অবসর গ্রহণ করেছেন তাঁহাদের প্রভিডেন্ট ফাণ্ড-এর টাকা অবসর গ্রহণের পর ৬ মাস অতিবাহিত হইয়া যাওয়া সত্ত্বেও না দেওয়ার কারণ কি ;

(গ) ইহা কি সত্য যে, ঐ প্রভিডেন্ট ফাণ্ড-এর টাকা অন্য কোন খাতে খরচ করা হয়েছে ; এবং

(ঘ) সত্য হইলে, অবসরগ্রহণকারীদের প্রভিডেন্ট ফাণ্ড-এর টাকা ফেরত দিবার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**Minister-in-charge for Public Undertaking Department :** (ক) না, তবে ১৯৭২ সালের মার্চ মাস থেকে Provident Fund-এর টাকা নিয়মিতভাবে জমা দেওয়া হইতেছে।

(খ) কিছু কিছু কর্মচারীকে অবসর গ্রহণ করার পর তাহাদের Provident Fund-এর টাকা দেওয়া হইয়াছে এবং বাকি সকলের টাকা দেবার জন্য বিশেষভাবে চেষ্টা করা হইতেছে।

(গ) কোম্পানির অত্যধিক আর্থিক অস্বচ্ছলতার জন্য কোম্পানি Provident Fund-এর টাকা জমা দিতে পারে নাই।

(ঘ) সরকার Provident Fund-এর টাকা ফেরত দিবার জন্য সক্রিয়ভাবে চেষ্টা করিতেছেন।

### জলঙ্গী নদীর ভাঙ্গন রোধকল্পে পলাশীপাড়ায় ফেরিঘাট

*৬৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৬।) **Shri Kartic Chandra Biswas :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়ার জলঙ্গী নদীর ভাঙ্গন রোধকল্পে পলাশীপাড়ার ফেরিঘাট বাঁধানোর কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকরী হইবে ?

**Minister-in-charge for Irrigation Department :** (ক) নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

### তহশীলদারদের মাহিনা, ভাতা ইত্যাদি

*৬৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৪।) **Shri Prodyot Kumar Mahanti :** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে তহশীলদাররা কি হারে মাহিনা, ভাতা ও কমিশন পাইয়া থাকেন, এবং

(খ) তহশীলদারেরা কোন্ শ্রেণীর কর্মচারী ?

**Minister-in-charge for Land Utilisation and Reforms Department :** (ক) তহশীলদারগণ বর্তমানে বাঁধা পারিশ্রমিক হিসাবে মাসিক ৫৭.৫০ টাকা পাইয়া থাকেন। ইহা ছাড়া তাঁহারা কমিশন ও বোনাস পাইয়া থাকেন। কমিশন ও বোনাসের হার সম্বলিত একটি বিবরণী টেবিলে রক্ষিত হইল :

(খ) ইহারা খণ্ডকালিক সরকারী কর্মচারী।

*৬৪২নং তারকিত বিধানসভা প্রশ্নের (ক) অংশের উত্তর সংক্রান্ত বিবরণী

কমিশনের হার

| আদায়ীকৃত অর্থের পরিমাণ | হার |
|---|---|
| ১। ৫,০০০ টাকা পর্যন্ত আদায়ের উপর | শতকরা তিন |
| ২। ৫,০০০ টাকার বেশী এবং ৮,০০০ টাকা পর্যন্ত আদায়ের উপর | শতকরা সাড়ে চার |
| ৩। ৮,০০০ টাকার বেশী আদায়ের উপর | শতকরা ছয় |

বোনাসের হার

| আদায়যোগ্য অর্থের তুলনায় আদায়ীকৃত অর্থের পরিমাণ | হার |
|---|---|
| ১। শতকরা ৮০ ভাগ আদায়ের জন্য | ১২৫ টাকা |
| ২। শতকরা ৮০—শতকরা ৮৫ ভাগের মধ্যে অতিরিক্ত প্রতি শতকরা ১ ভাগ আদায়ের জন্য | ৭ টাকা |
| ৩। শতকরা ৮৫—শতকরা ৯০ ভাগের মধ্যে অতিরিক্ত প্রতি শতকরা ১ ভাগ আদায়ের জন্য | ৮ টাকা |
| ৪। শতকরা ৯০—শতকরা ৯৫ ভাগের মধ্যে অতিরিক্ত প্রতি শতকরা ১ ভাগ আদায়ের জন্য | ৯ টাকা |
| ৫। শতকরা ৯৫ শতকরা ১০০ ভাগের মধ্যে অতিরিক্ত প্রতি শতকরা ১ ভাগ আদায়ের জন্য | ১১ টাকা |

## রামনগর সুগার মিল

*৬৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৮।) **Shri Shib Sankar Bandopadhayay :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়ার রামনগর সুগার মিলের কর্তৃপক্ষ উক্ত মিলের মূলধন অন্যরাজ্যে সরাইয়া লইয়াছেন ;

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কর্তৃপক্ষের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি ; এবং

(গ) সরকার এ মিলটি রাষ্ট্রীয়করণের কোনও পরিকল্পনা করিয়াছেন কি ?

**Minister-in-charge for Commerce and Industries Department :** (ক) (খ) এবং (গ) এই একটিমাত্র চিনির কল পশ্চিমবঙ্গে চালু আছে এবং ভালোভাবেই চলিতেছে। মূলধন সরানোর কোনও সংবাদ সরকারের নিকট নাই এবং জাতীয়করণেরও কোনও পরিকল্পনা নাই।

## বীরভূম জেলায় বেকার সমস্যা রোধে শিল্প স্থাপন

*৬৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮৬।) **Shri Dulal Saha :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার বেকার ছেলেদের কথা চিন্তা করিয়া বর্তমান সরকার সেখানে কোন শিল্প স্থাপনের কথা চিন্তা করিতেছেন কিনা, এবং

(খ) বীরভূমে শিল্পস্থাপনের জন্য কোন তদন্ত কমিটি পাঠান হইয়াছে কি না ?

**Minister-in-charge for Commerce and Industries Department :** (ক) পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানের সাথে সাথে বীরভূম জেলাতেও নূতন শিল্প স্থাপনের ইচ্ছা সরকারের আছে।

(খ) পশ্চিমবঙ্গে অন্যান্য জেলার সাথে এই জেলাও কি ধরনের বৃহদায়তন শিল্প স্থাপনের উপযোগী সে সম্বন্ধে সমীক্ষা চালানোর একটি প্রস্তাব সরকারের আছে।

## জলঙ্গী নদীর সংস্কার

*৬৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫৫।) **Shri Arabinda Mandal :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার মধ্যে যাওয়া জলঙ্গী নদীর সংস্কারের জন্য শিয়ালমারা নদী কাটাইয়া পদ্মা নদীর সহিত যোগাযোগ করাইবার কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা, এবং

(খ) করিলে, সংস্কার কার্যাদি কবে আরম্ভ হইবে?

**Minister-in-charge for Irrigation and Watarways Department :** (ক) জলঙ্গী নদী ও শিয়ালমারী দাঁড়ার সঙ্গমস্থল হইতে উজানের দিকে শিয়ালমারী দাঁড়ার সাড়ে সাত মাইল পর্যন্ত পলি উদ্ধারের একটি পরিকল্পনা উন্নয়ন দফতরের বিবেচনাধীন রহিয়াছে।

শিয়ালমারী দাঁড়াকে পদ্মানদীর সহিত যোগ করিবার কোন পরিকল্পনা নাই।

(খ) কৃষি ও সমষ্টি উন্নয়ন দপ্তরের অনুমোদন পাইবার পর জিলাশাসক পরিকল্পনাগুলি কার্যকরী করিবেন।

## বাঁকুড়া জেলায় কংসাবতী নদী হইতে জল সরবরাহ

*৬৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২০।) **Shri Kashinath Misra :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলায় কংসাবতী নদী হইতে জল সরবরাহের জন্য ক্যানেলগুলি এবং তাদের শাখাসমূহের বিভিন্ন স্থানে লোহার গেট ও অন্যান্য নিয়ন্ত্রকগুলি প্রায়ই চুরি হয়ে যাচ্ছে, ফলে জল ছাড়া অসম্ভব হয়ে উঠছে;

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন, এবং

(গ) এর ফলে কত একর জমিতে জল ছাড়া সম্ভব হচ্ছে না?

**Minister-in-charge for Irrigation and Waterways Department :** (ক) ইহা সত্য যে, ক্যানেলের বিভিন্ন স্থানে রেগুলেটর গেট ও সংশ্লিষ্ট নিয়ন্ত্রক যন্ত্রগুলি প্রায়ই চুরি যাচ্ছে এবং ইহার ফলে ক্যানেলের শেষ প্রান্ত পর্যন্ত জল পৌঁছাইতে অসুবিধা ও বিলম্ব ঘটিতেছে।

(খ) এই ব্যাপারে যে-কোন চুরির ঘটনা পুলিশ কর্তৃপক্ষকে তদন্ত ও ব্যবস্থা গ্রহণের জন্য জানান হয় এবং অপহৃত অংশ যথাসম্ভব তাড়াতাড়ি পুনরায় সংযোগ করা হয়। ইহা ছাড়া জেলাশাসক ও অন্যান্য সংশ্লিষ্ট বিভাগীয় অফিসার এবং স্থানীয় পঞ্চায়েৎ ও প্রতিপত্তিসম্পন্ন ব্যাক্তিদের সহযোগিতায় অনিষ্ট রোধের জন্য চেষ্টা করা হইয়া থাকে।

(গ) এ তথ্য দেওয়া এক্ষুনিই সম্ভব নয়।

## কুমারী নদীর বাঁধ

*৬৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৮।) **Shri Phani Bhusan Singhababu :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুমারী নদীর উপর প্রস্তাবিত বাঁধটির কাজ কবে নাগাদ শুরু হইবে,

(খ) ঐ বাবদে ১৯৭১-৭২ সালে কত টাকা মঞ্জুর করা হইয়াছিল, এবং

(গ) বাঁধটির কাজ এখনও পর্যন্ত শুরু না হইবার কারণ কি?

**Minister-in-charge for Irrigation and Waterways Department :** (ক) কুমারী নদীর উভয় তীরে বাঁধের কাজ ইতিপূর্বেই শুরু হইয়াছে। নদীর মধ্যবর্তী অংশের কাজ ১৯৭৩ সাল নাগাদ শুরু করার প্রস্তাব আছে।

(খ) কুমারী নদীর উপর বাঁধ নির্মান কংসাবতী পরিকল্পনার অন্তর্ভুক্ত একটি কাজ। সুতরাং উক্ত বাঁধ নির্মানের জন্য পৃথকভাবে কোন অর্থ মঞ্জুর করা হয় নাই।

১৯৭১-৭২ সালে সমগ্র কংসাবতী পরিকল্পনার জন্য ৫০০ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছিল, ইহার মধ্যে কুমারী বাঁধ নির্মানের কাজে আনুমানিক ৮০ লক্ষ টাকা ব্যয় হইয়াছে।

(গ) প্রশ্ন উঠে না।

## বাঁকুড়া জেলায় তাঁত ও বাসন শিল্প

*৬৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৯।) **Shri Phani Bhusan Singhababu :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার মৃতপ্রায় তাঁত শিল্প পুনরুদ্ধার করিবার কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) থাকিলে, সরকার এ বিষয়ে কি কি ব্যবস্থা করিয়াছেন;

(গ) ইহা কি সত্য যে তালডাংরা বিধানসভা কেন্দ্রের অন্তর্ভুক্ত বিভিন্ন গ্রামের তাঁত শিল্পী ও বাসন শিল্পীরা সরকারী দেয় রিবেট পান না; এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি?

**Minister-in-charge for Cottage and Small Scale Industries Department :** (ক) আছে (শুধু তাঁতশিল্পের জন্য)।

(খ) তাঁতশিল্পের উন্নতির জন্য নিম্নলিখিত পরিকল্পনাগুলি চালু আছে:

(১) মূলধন বিনিয়োগ

(২) শেয়ার খরিদ করিবার জন্য ঋণ

(৩) সমবায় সমিতিতে উৎপাদিত কাপড়ের উপর ছাড় প্রদান

(৪) উন্নত তাঁত সরঞ্জাম ক্রয় করিবার জন্য ঋণ অনুদান

(৫) উন্নত প্রনালীতে বয়ন শিক্ষা ব্যবস্থা

(৬) উন্নত ধরণের নকসা প্রচলনের ব্যবস্থা

(৭) রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার অনুমোদিত ঋণ দান পরিকল্পনা

(গ) কেবলমাত্র সমবায়ভুক্ত তাঁতশিল্পীরাই রিবেট স্কীমের সুযোগ পাইয়া থাকেন সেই অনুযায়ী এই কেন্দ্রের মোট ৫টি সমবায় সমিতিও এই সুযোগ পাইয়া থাকেন। এই কেন্দ্রের সকল তাঁতশিল্পিগণই পায়না একথা সত্য নহে। বাসনশিল্পের জন্য কোন রিবেট স্কিম প্রচলিত নাই।

(ঘ) প্রশ্ন উঠেনা।

## HELD OVER STARRED QUESTIONS

### (to which written answers were laid on the Table)

### নব বারাকপুর পৌর এলাকায় বিদ্যুৎ

*৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৮।) **Shri Sisir Kumar Ghosh :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বারাকপুর মহকুমার নব বারাকপুর পৌরাঞ্চলে বিদ্যুৎ বিভাগের কর্মচারীর অভাবে বিদ্যুৎ সরবরাহ করতে অসুবিধা হচ্ছে ;

(খ) অবগত থাকিলে, নব বারাকপুর পৌরাঞ্চলে বিদ্যুৎ সরবরাহের জন্য কি ব্যবস্থা নেওয়া হচ্ছে ; এবং

(গ) নব বারাকপুর অঞ্চলে গত জানুয়ারী-ফেব্রুয়ারী মাসে যেসব ব্যক্তি বিদ্যুৎ সরবরাহের জন্য টাকা জমা দিয়েছেন কতদিনের মধ্যে তাঁরা বিদ্যুৎ সরবরাহ পাবেন ?

**Minister-in-charge for Electricity Department :** (ক) হ্যাঁ আংশিক সত্য।

(খ) কর্মচারীর সংখ্যা বৃদ্ধি করার ব্যাপার বিবেচনা করা হইতেছে।

(গ) গত জানুয়ারী এবং ফেব্রুয়ারী মাসে যাহারা বিদ্যুৎ সরবরাহের জন্য টাকা জমা দিয়াছেন তাঁহাদের বিদ্যুৎ সরবরাহ ইতিপূর্বেই করা হইয়াছে।

### Islampur Gangapath Fishery

*474. (Admitted question No. *1195.) **Shri Abdul Bari Biswas :** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms Department be pleased to state—

(a) whether the Islampur Gangapath (Raj Mahal-Chhapgbati) Fishery of Murshidabad was leased out ;

(b) if so, to how many persons or organissations was it leased out in the past ;

(c) whether the last instalment of "Bandobast" of the said fishery has expired ; and

(d) if so, whether the Government has any plan to give "Bandobast" of the said fishery to the Fishermen Co-operative Society ?

**Minister-in-charge for Land Utilisation and Reforms Department :**

(a) A fishery called Gangapath-Islampur Jalkar appertaining to Jalkar Touzi No. 557 of Malda has been leased out.

(b) From 1950 it is being leased out with one Co-operative Society, viz., Mothabari Dhibar Samabay Samity Ltd.

(c) No.

(d) Does not arise.

## UNSTARRED QUESTIONS

### ( To which written answers were laid on the Table )

### বাঁকুড়া জেলায় রাস্তা ও সেতু নির্মাণ

৩৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২।) **Shri Phani Bhusan Singhababu**: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় তালডাংরা বিধানসভা কেন্দ্রে যে তিনটি রাস্তা তৈয়ারী হইতেছে তাহাদের কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়;

(খ) উক্ত এলাকায় আরও নূতন রাস্তা তৈয়ারীর কোন পরিকল্পনা আছে কিনা; এবং থাকিলে কয়টি এবং কোন্ কোন্ রাস্তা; এবং

(গ) বাঁকুড়া জেলায় রাইপুরে কংসাবতী নদীর উপর যে সেতু নির্মাণের কাজ চলিতেছে তাহা কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Public Works**: (ক) তালডাংরা-পাঁচমুড়া-চৌবেতিয়া রাস্তা ১৯৭৫ সালে। নিবর্দা-হাড়মাসড়া রাস্তা ও বিক্রমপুর-ভুবরাজপুর রাস্তা ১৯৭৪ সালে।

(খ) আপাততঃ নাই।

(গ) ১৯৭৫ সালে।

### Bally Municipality Waterworks Scheme

**358.** (Admitted Question No. 439.) **Shri Bhabani Sankar Mukherjee**: Will the Minister-in-charge of the Development and Planning (Town and Country Planning) Department be pleased to state—

(a) when the Bally Municipality Waterworks Scheme was sanctioned,

(b) estimated cost thereof;

(c) the present position; and

(d) when the Scheme is likely to be implemented?

**The Minister for Development and Planning (Town and Country Planning)**: (a) Bally Water Supply Augmentation Scheme was sanctioned by the Calcutta Metropolitan Development Authority on the 11th May, 1971.

(b) Rs. 1,44,900.

(c) Three tubewells have been completed. Construction of Bore Hole Pump House has been taken up and the pumping machines have been purchased.

(d) By the end of December, 1972.

### আসানসোল কোল রোড কনস্ট্রাকশন ডিভিশনের অধীন সড়ক

৩৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৮।) **Shri Sukumar Bandyopadhayay**: পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল কোল রোড কনস্ট্রাকশন ডিভিশনের অধীন ১৭নং সড়কটির নির্মাণকার্য বন্ধ আছে,

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) উক্ত সড়কটির নির্মাণকার্য কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Public Works :** (ক) হ্যাঁ।

(খ) এবং (গ) কেন্দ্রীয় সরকারের অর্থানুকূল্যে এবং নির্দেশে রচিত কয়লাখনি অঞ্চলে সড়ক উন্নয়ন পরিকল্পনায় এই সড়কটি অন্তর্ভুক্ত হয়। কিন্তু ১৯৬৫ সালে কেন্দ্রীয় সরকার কয়লাখনি অঞ্চলের সমগ্র সড়ক উন্নয়ন পরিকল্পনাটি বন্ধ করিয়া দেন। এই পরিকল্পনাটি পুনরায় আরম্ভের অনুমতি এবং প্রয়োজনীয় অর্থ সাহায্য পাওয়া গেলে তবেই যথাশীঘ্র সম্ভব এই সড়কটির নির্মাণকার্য শেষ করা হইবে। কেন্দ্রীয় সরকারকে এই জন্য বারংবার অনুরোধ করা হইয়াছে।

**Employmet of retired officials in Public Service**

**360.** (Admitted Question No. 902.) **Shri Aswini Roy :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that some retired officials were re-employed in the West Bengal Service ; and

(b) if so, the names of the official of Class II and I since 1st April, 1971 to 1st July, 1972, who were re-employed and extensions given to after superannuation in each Department and the reasons thereon ?

**The Minister for Finance :** (a) Yes.

(b) A statement on the basis of informations received up to 31st July, 1972, is placed on the Library Table. Such re-employments had been granted in the interest of public service.

**মুর্শিদাবাদ জেলার জমি সংক্রান্ত মোকদ্দমায় সরকারের হারজিতের খতিয়ান**

৩৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৯।) **Shri Md. Edris Ali :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার চারিটি সাব-ডিভিসনাল মুন্সেফ কোর্টে ১৯৬৫ সাল হইতে ১৯৭১ সালের ডিসেম্বর পর্যন্ত কতগুলি জমি সংক্রান্ত মোকদ্দমায় সরকার বিবাদী হিসাবে কনটেস্ট করিয়াছেন এবং কতগুলিতে জয়ী এবং পরাজিত হইয়াছেন (সাবডিভিসন-ওয়াইজ),

(খ) জয়ী মোকদ্দমাগুলিতে মোট জমির পরিমাণ কত এবং উহাদের আনুমানিক মূল্য কত ; এবং

(গ) উক্ত মোকদ্দমাগুলিতে (জিত এবং পরাজিত) সরকারের কত টাকা ব্যয় হইয়াছে (সাবডিভিসন-ওয়াইজ) ?

**The Minister for Land Utilisation and Reforms :** (ক) বহরমপুর, কান্দি, লালবাগ ও জঙ্গীপুর মহকুমায় সরকার বিবাদী হিসাবে যথাক্রমে ১,০৩০, ৭১৭, ৭৭৫ এবং ১,০১৯টি মোকদ্দমায় কনটেস্ট করিয়াছেন এবং যথাক্রমে ৩৬১, ২৯৭, ২৮৭ ও ২৮৫টি কেসে জয়ী এবং ১৫৩, ৩৩, ১০[illegible] ও ১৪৮টি কেসে পরাজিত হইয়াছেন।

(খ) ২,৭১৫·৩৮ একর। ইহার আনুমানিক মূল্য ৮১,৩৫,৩০৪ টাকা।

(গ) বহরমপুর, কান্দি, লালবাগ এবং জঙ্গীপুর মহকুমায় যথাক্রমে ৭৬,১০০ টাকা, ১৬,৫০০ টাকা, ১৯,৮০০ টাকা ও ২১,৬৫০ টাকা ব্যয় হইয়াছে।

**Discontinuance of the old U. G. C. scale of pay to teachers of non-Government Colleges**

**362.** (Admitted Question No. 1303.) **Shri Kansari Halder**: Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) Whether release of funds on account of the old University Grants Commission scale of pay to teachers of Third Plan period of non-Government Colleges has been discontinued since 1970; and

(b) If the answer to (a) be in the affirmative, the reasons thereof?

**The Minister for Education**: (a) No.

(b) Does not arise.

**সাবরেজিস্ট্রারের পদ**

৩৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২১।) **Shri Prodyot Kumar Mahanti**: বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে সাবরেজিস্টার-এর কয়টি পদ শূন্য রহিয়াছে,

(খ) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ সাবরেজিষ্ট্রি অফিসে বর্তমানে স্থায়ী অফিসার নাই; এবং

(গ) সাবরেজিস্টারদের শূন্যপদ পূরণে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Judicial**: (ক) সাবরেজিস্ট্রার-এর পদ মোট ৩৯টি শূন্য রহিয়াছে।

(খ) মেদিনীপুর জেলার নিম্নলিখিত সাবরেজিষ্ট্রি অফিসগুলিতে বর্তমানে স্থায়ী অফিসার নাই।

(১) সাবং, (২) মোহনপুর, (৩) সুতাহাটা, (৪) হাঁসচড়া, (৫) সিলদা, (৬) কণ্টাই জয়েণ্ট।

(গ) শূন্যপদ পূরণের জন্য পাবলিক সার্ভিস কমিশনকে প্রার্থী দেওয়ার অনুরোধ করা হইয়াছে। এতদ্ব্যতীত পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক প্রেরিত কতিপয় প্রার্থীদের নিয়োগের ব্যবস্থা করা হইতেছে।

**আদালতে বিচারাধীন কেস**

৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৬।) **Shri Monoranjan Paramanik**: বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় গত ১৯৬৯ সাল হইতে ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত কোন্ জেলায় কোন্ আদালতে কত "কেস" বিচারধীন আছে; এবং

(খ) উক্ত কেসগুলি যাহাতে দ্রুত নিষ্পত্তি হয় তজ্জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Judicial**: প্রয়োজনীয় তথ্যাদি কলিকাতা হাইকোর্টের মাধ্যমে সংশ্লিষ্ট আদালতগুলি হইতে সংগ্রহ করা হইতেছে। উক্ত তথ্যাদি পাইলে যথাসময়ে উত্তর দেওয়া হইবে।

## প্রয়োজনে কলিকাতায় বাড়ী রিকুইজিসান্

৩৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৯।) **Shri Prodyot Kumar Mahanti**: ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের এপ্রিল মাস হইতে ১৯৭২ সালের ১৫ই জুলাই পর্যন্ত কলিকাতা শহরে কতগুলি বাড়ী সরকারী কার্যে ব্যবহারের জন্য রিকুইজিসান করা হইয়াছে; এবং

(খ) ঐ বাড়ীগুলির ঠিকানা কি এবং কোন্ বাড়ীতে সরকারের কোন্ দপ্তর খোলা হইয়াছে?

**The Minister for Land Utilisation and Reforms**: (ক) ৯টি বাড়ী রিকুইজিসান করার আদেশ দেওয়া হইয়াছিল। তন্মধ্যে ৫টি বাড়ীর দখল লওয়া হইয়াছে।

(খ) দখল নেওয়া ৫টি বাড়ীর একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

***Statement referred to in reply to clause (kha) of Unstarred Question No. 365***

### তালিকা

### ক্রমিক নং, বাড়ীগুলির ঠিকানা, কোন্ বাড়ীতে কোন্ দপ্তর খোলা হইয়াছে এবং মন্তব্য

১। ৭ জহরলাল নেহেরু রোড, ৫নং ফ্ল্যাট, কলিকাতা, মন্ত্রীদের বাসস্থানের উদ্দেশ্য পূর্তবিভাগের জন্য লওয়া হইয়াছিল—২৩এ মে, ১৯৭২ তারিখে ছাড়িয়া দেওয়া হইয়াছে।

২। ৭/৪ বর্ধমান রোড, ৬ নং ফ্ল্যাট, কলিকাতা, ভারত সরকারের শ্রম ও পুনবাসন মন্ত্রকের অপর সচিবের বাসস্থানের জন্য উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের প্রস্তাব অনুযায়ী লওয়া হইয়াছে। বিষয়টি এখন হাইকোর্টের বিবেচনাধীন।

৩। ২ হাঙ্গারফোর্ড স্ট্রীট, কলিকাতা, মন্ত্রীদের বাসস্থানের উদ্দেশ্যে পূর্ত বিভাগের জন্য লওয়া হইয়াছে। এই বিষয়ে হাইকোর্টের আদেশ অনুযায়ী স্থিতাবস্থা বজায় আছে।

৪। ৫ হেস্টীংস স্ট্রীট (তেতলার ২, ৪, এবং ৫নং ঘর এবং চারতলার ৬নং ঘর), কলিকাতা, গভর্নমেন্ট সলিসিটর-এর অফিসের জন্য লওয়া হইয়াছে।

৫। ৫৯বি চৌরঙ্গী রোড (পশ্চিম দিকের নূতন ব্লক), কলিকাতা, পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প করপোরেশন লিমিটেড-এর জন্য লওয়া হইয়াছে।

## প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা

৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৪।) **Shri Naresh Chandra Chaki**: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিম বাংলায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে;

(খ) ইহাদের কোন শ্রেণী বিভাগ আছে কিনা;

(গ) থাকিলে—

(১) কি কি শ্রেণী; ও

(২) ইহার কারণ কি;

(ঘ) একই যোগ্যতাসম্পন্ন বিভিন্ন শ্রেণীর বিদ্যালয়ের শিক্ষকদের মাহিনা ভিন্ন হওয়ার কারণ কি;

(ঙ) বর্তমানে কতজন ছাত্র-পিছু একজন শিক্ষক নিয়োগ করা হয় ;

(চ) ছাত্রদের প্রতি অধিকতর দৃষ্টি দিবার জন্য শিক্ষকের অনুপাত বাড়ানোর কোন প্রস্তাব আছে কিনা, এবং

(ছ) পশ্চিম বাংলায় বর্তমানে কতজন প্রাথমিক শিক্ষক আছেন এবং ইহাদের জন্য গত দুই বৎসর সরকারের বাৎসরিক কত টাকা খরচ হইয়াছে ?

**The Minister for Education :** (ক) ১লা আগস্ট, ১৯৭১ তারিখে পশ্চিমবঙ্গে প্রাথমিক বিদ্যালয়ের (নিম্ন বুনিয়াদী বিদ্যালয় সহ) সংখ্যা ছিল ৩৫,০৭১টি।

(খ) হ্যাঁ। পাঠ্যক্রম একই থাকিলেও, নামকরণে তারতম্য আছে।

(গ) চার শ্রেণীবিশিষ্ট প্রাথমিক বিদ্যালয় ও পাঁচ শ্রেণীযুক্ত নিম্ন বুনিয়াদী বিদ্যালয়। ঐগুলি পরিচালন ব্যবস্থার দিক হইতে—

(১) (ক) স্কুল বোর্ড বা মিউনিসিপ্যালিটি পরিচালিত, (খ) সরকারী সাহায্যপ্রাপ্ত, (গ) শহরাঞ্চলে জি এম এফ পি, (ঘ) সরকার প্রতিষ্ঠিত, এবং (ঙ) কলিকাতা কর্পোরেশন পরিচালিত হইতে পারে।

(২) গ্রাম্য ও মিউনিসিপ্যাল এলাকার জন্য ভিন্ন ভিন্ন শিক্ষাসংক্রান্ত আইন বলবৎ আছে, কলিকাতার জন্য পৃথক শিক্ষা আইন নাই। পঞ্চম শ্রেণী বর্তমানে মাধ্যমিক বিদ্যালয়ে এবং অল্প সংখ্যক নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের সংগে যুক্ত আছে।

(ঘ) বিভিন্ন সংস্থা পরিচালিত বিদ্যালয়ে নিজ বেতন হার বা ভাতা চালু থাকিতে পারে। সরকারী ব্যবস্থা অনুযায়ী প্রাথমিক শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বেতনের হার ধার্য হয়। তিনি যেকোনও প্রাথমিক বা নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে কাজ করুন না কেন উক্ত একই হারে বেতন ধার্য আছে। যেকোনও শ্রেণীর প্রাথমিক বা নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা হিসাবে ন্যূনতম বেতন সরকার নির্দিষ্ট হারের কম হইবে না—ইহাই সরকারী নীতি। কলিকাতা কর্পোরেশন তাহার অধীন প্রাথমিক বিদ্যালয়গুলির শিক্ষকগণের জন্য পশ্চিমবঙ্গ সরকার নির্দিষ্ট বেতনক্রম অনুসরণ করেন না।

(ঙ) সাধারণ নিয়মানুযায়ী প্রতি ৪০ জন ছাত্র পিছু একজন শিক্ষক দেওয়া হয়। এরপর কমপক্ষে ২০ জন ছাত্র বৃদ্ধি হেতু একজন অতিরিক্ত শিক্ষক নিয়োগ করা যায়। তবে বিশেষ নিয়ম আছে যে ছাত্র সংখ্যা ৪৫-এর উর্ধে হইলেই দুইজন শিক্ষক নিয়োগ করিতে পারা যায়।

(চ) আর্থিক স্বল্পতার জন্য এইরূপ কোন প্রস্তাব গ্রহণের পরিকল্পনা করা সম্ভব হয় নাই।

(ছ) ১লা আগস্ট, ১৯৭১ তারিখে পশ্চিমবঙ্গে প্রাথমিক (নিম্ন বুনিয়াদী সহ) বিদ্যালয়ের শিক্ষক সংখ্যা ছিল ১১৭,৫৯০ জন। শিক্ষকগণের জন্য বাৎসরিক খরচের গত দুই বৎসরের যথাযথ হিসাব এখনও সংকলিত না হওয়ায় দেওয়া সম্ভব নয়।

[2-00—2-10 p. m.]

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** I have received one notice of Calling Attention on the subject of Police inaction in the matter of murder of Shri Naren Ghosh, member of the C P.I., from Shrimati Geeta Mukhopadhyaya which I have selected. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject, if possible, or give a date.

**Shri Gyan Singh Sohanpal :** On the 11th, Sir.

## MENTION CASES

**Shri Jagadish Chandra Das :** মাননীয় অধ্যক্ষমহাশয়, যখন আমাদের এই প্রগতিশীল গনতান্ত্রিক সরকার বাংলা দেশের বিভিন্ন কলকারখানার উৎপাদন বাড়াবার অভিযান চালাচ্ছেন এবং বন্ধ কলকারখানা খোলার জন্য আমরা যখন বদ্ধপরিকর তখন নৈহাটিতে একটি কারখানায়—কনটেনার ক্লোজার, এই কারখানাটি এমন একটি অবস্থায় পৌছে গিয়েছে যে, যে-কোন সময় কারখানাটি বন্ধ হয়ে যেতে পারে। গভর্নমেন্টের কাছে 'র' মেটিরিয়ালের যে কোটা তারা পায় সেই 'র' মেটিরিয়াল কারখানার কাজে না লাগিয়ে বাইরের ব্লাকে তারা বিক্রি করে দেয়। গত ১০ই ফেব্রুয়ারী ১৯৭২ সালে এই কম্পানীর মালিক যে কোটা পেয়েছিল সরকারের তরফ থেকে সেই পুরো কোটাটা বাইরে ব্লাকে বিক্রি করে দেয়। শুধু তাই নয়, যখন বেকার সমস্যার সমাধানের জন্য আমাদের এই সরকার বদ্ধপরিকর এবং তারজন্য বিভিন্ন প্লান, প্রোগাম আমরা করছি তখন এই কারখানায় আমরা দেখেছি নতুন এক ষড়যন্ত্র করে ১৮০ জন শ্রমিককে বরখাস্ত করা হয়েছে। স্যার, আমরা যখন ঐ সমস্ত মালিক যারা প্রভিডেণ্ট ফানডের টাকা জমা দেয় না, এমপ্লয়িস স্টেট ইনসিওরেন্স ফাণ্ডের টাকা জমা দেয় না তাদের বিরুদ্ধে মিসা প্রয়োগ করতে যাচ্ছি ঠিক সেই সময় আমরা দেখতে পাচ্ছি ঐ মালিক ৪ লক্ষ টাকা প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা দেয় নি, ই এস আই ফাণ্ডের টাকা জমা দেয় নি। কাজেই স্যার, এই কারখানার অবস্থা এমন হয়েছে যে, যে-কোন সময় এটা বন্ধ হয়ে যেতে পারে। তাই আমি আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন অবিলম্বে এ বিষয়ে হস্তক্ষেপ করেন।

**Shrimati Geeta Mukhopadhyaya :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি একটি বিশেষ ঘটনার প্রতি আকৃষ্ট করছি। চাঁপদানী জুট ইণ্ডাষ্ট্রিস কম্পানী লিমিটেডের আনডারে রিষড়া জুট মিল, এই কম্পানীটি গত কিছুদিন ধরে তাদের সুপারভাইজারি স্টাফে যে সমস্ত বাংগালী নিযুক্ত ছিলেন তাদেরকে পর পর দেখা যাচ্ছে যে নিজেরা হয় বরখাস্ত করছেন না হয় এমন পরিস্থিতির সৃষ্টি করছেন যাতে তারা পদত্যাগ করতে বাধ্য হন। সম্প্রতি কিছু দিন আগে দেখুন কতজন এরকম অফিসারকে এইভাবে কাজ থেকে হয় সোজাসুজি না হয় বাঁকা পথে বার করে দেওয়া হয়েছে। আমি সেগুলি বলছি, Shri S. C. Bishi, covenanted staff, Shri R. K. Hati, in charge of contract, Shri S. P. Das, Engineer, Shri A. R. Mukherjee, Manager, forced to resign, Shri R. K. Mitra, service terminated. যাদের কথা পড়লাম তাদের একজনকে পদত্যাগ করতে বাধ্য করা হয়েছে বাকিদের পদচ্যুত করা হয়েছে। স্যার, যখন সান অব দি সয়েলকে কাজে নেওয়ার কথা হচ্ছে তখন সাধারণ শ্রমিক নয় যে একেবারে তাড়িয়ে দিলাম, এই ভাবে যারা বাংগালী অফিসারদের দল বেঁধে তাড়িয়ে দিতে পারছেন সেখানে তারা শ্রমিকদের কিভাবে নেবেন সেটা বোঝাই যাচ্ছে। কাজেই এই গুরুতর পরিস্থিতির দিকে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এ বিষয়ে খোঁজ খবর নিয়ে এরকম কাজ বন্ধ করার জন্য এই জুট মিলের উপর চাপ সৃষ্টি করবার জন্য আপনার মাধ্যমে আমি অনুরোধ জানাচ্ছি।

**Shri Sudhir Chandra Bera :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকের আনন্দবাজার পত্রিকার একটি খবরের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। জাল মার্কসসিট দিয়ে ভর্তি হবার জন্য ২১ জন ছাত্রকে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করার সিদ্ধান্ত হয়েছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন আমাদের এই জাতীয় জীবনে এমন কিছু গৌরবপূর্ণ দৃষ্টান্ত এখন আমরা স্থাপন করতে পারিনি—পক্ষান্তরে আমাদের সর্বস্তরে নানা রকম দুর্নীতি ঢুকেছে। এই মার্কসসিট নকল করে বা জাল করে যারা বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করেছে তারা অত্যন্ত নিন্দার্হ কাজ করেছে। আমরা জানি যাদের বয়স হয়ে গেছে বা যারা বৃদ্ধ হয়ে গেছেন তাদের কাছ থেকে

আমাদের বেশী কিছু আশা করার নেই। দেশের আশা-ভরসা নির্ভর করছে ছাত্র ও তরুণদের উপর। এখন সেই তরুণ, ছাত্ররা যদি মার্কসসিট জাল করে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করে তাহলে আমাদের দেশের দুর্ভোগের এখন অনেক কিছু বাকি আছে। কাজেই এই ব্যাপারে একটি পুরোপুরি তদন্ত হওয়া দরকার এবং আরো কত জাল মার্কসসিট আছে সেটাও অনুসন্ধান করা দরকার। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি এর আগেই নানা রকম সূত্র থেকে খবর পেয়েছি সার্টিফিকেট জাল করে হেড মাষ্টার, সার্টিফিকেট জাল করে অধ্যাপক এবং আজকে সার্টিফিকেট জাল করে ছাত্ররা পর্যন্ত বেরিয়ে পড়ছে। কাজেই এই জালিয়াতী আরম্ভ থেকে শেষ পর্যন্ত চলেছে। কাজেই এই বিষয়ে একটি হেস্ত-নেস্ত করবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Rabindra Ghosh :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবংগের এই প্রগতিশীল সরকারের পুলিশ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন যে উলুবেরিয়া একটি শিল্পাঞ্চল এলাকা। এই শিল্পাঞ্চল এলাকায় একটি ধর্মঘট গত ২৪শে জুলাই, ১৯৭২ তারিখে সি পি এম গুণ্ডাদের ডাকে হয়। এইখানকার শ্রমিকরা রাস্তা দিয়ে কলকারখানায় যাবার চেষ্টা করলে সি পি এম গুণ্ডারা রাস্তায় রাস্তায় লাঠি, বল্লম, আগ্নেয়াস্ত্র প্রভৃতি নিয়ে ব্রড ডে-লাইটে ঘুরে বেড়াচ্ছে তাদের বাধা দেবার চেষ্টা করছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন গতকাল ৭ই আগস্ট, ১৯৭২ তারিখে ২ জন শ্রমিককে ফুলেশ্বর স্টেশনের সামনে ছুরিকাঘাত করে এবং তারা এখন মেডিকেল কলেজে ভর্তি হয়ে রয়েছে, আজ পর্যন্ত সেই সব গুণ্ডাদের ধরা হয়নি। এব্যাপারে উলুবেরিয়া থানার পুলিশ অফিসার নিষ্ক্রিয়তার ভাব দেখাচ্ছেন এবং এখন পর্যন্ত সেই গুণ্ডাদের বের করা যাচ্ছে না। তাই আমরা প্রগতিশীল সরকারের সমর্থকরা গতকাল সেখানে মিল গেটের সামনে একটি সভা করে সেখানকার সাধারণ মানুষের অভিযোগ শুনেছি। আমরা দেখেছি সেই গুণ্ডারা রাস্তায় রাস্তায় এবং কলকারখানার গেটের সামনে বাহিরে থেকে গুণ্ডা নিয়ে এসে শ্রমিকদের উপর আক্রমন করছে। উলুবেরিয়ার গগলবাই জুট মিলের সমস্ত শ্রমিকরা আজকে ভয়ে আতঙ্কিত হয়ে আছে। তারা চিন্তা করছেন ১৯৬৭-৬৯ সালে যুক্তফ্রন্ট সরকারের আমলে কমুনিস্ট পার্টি (মার্কসবাদী)-র পুলিশমন্ত্রী থাকাকালীন যে অবস্থায় গুণ্ডাবাজী করেছিল আজকেও ঠিক সেইভাবে লাঠি, বল্লম আগ্নেয়াস্ত্র প্রভৃতি নিয়ে ঘুরে বেড়াচ্ছে। আজকে সেখানে তারা রাস্তায় রাস্তায় গুণ্ডাবাজী করে যাচ্ছে। তাই আমি এই বিষয়ে ব্যবস্থা অবলম্বন করার জন্য মাননীয় পুলিশ মন্ত্রী, সমস্ত সদস্যদের পুলিশের নিষ্ক্রিয়তার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই কথা চ্যালেঞ্জ করে বলছি পুলিশ অফিসার কমুনিস্ট পার্টির দ্বারা প্রভাবিত হয়ে কাজ করছে। আমি জানি গতকাল রাত্রে পুলিশ অফিসারদের কমুনিস্ট পার্টির একটি ঘাঁটি রেড করার কথা ছিল। কিন্তু তার আগেই পুলিশ অফিসার সেই জায়গায় খবর পাঠিয়ে দিয়েছে যে ঐ জায়গায় রেড হবে এবং উলুবেরিয়া থানার একমাত্র মেজবাবু ছাড়া আর সমস্ত পুলিশ অফিসার সি পি এম দ্বারা প্রভাবিত এবং তাদের ঘাঁটিতে গিয়ে গুণ্ডাদের কিছুতেই গ্রেপ্তার করছে না। তাদের ইউনিয়ন থেকে টাকা খেয়ে তাদেরই দ্বারা প্রভাবিত হয়ে পরিচালিত হচ্ছে। সেই জন্য ঐ থানার অফিসারদের এখুনি পরিবর্তন করা দরকার এবং নতুন অফিসার আনা প্রয়োজন এবং জনসাধারণকে শান্তির পথে চালিত করার জন্য এটা এখুনি করা প্রয়োজন। গগলবাই জুট মিলের শ্রমিকরা যে বেআইনীভাবে ধর্মঘট ডেকেছিল এখন সেই গগলবাই মিলে ম্যাকসিমাম শ্রমিক গিয়ে কাজ করছে। সেই মিলের গেটে গিয়ে আজকে ভয় দেখানো হচ্ছে। সেখানকার শ্রমিকরা আজকে যখন শান্তিপূর্ণভাবে কাজ করতে যাচ্ছে তখন মিল গেটের সামনে থেকে তাদের টেনে নিয়ে গিয়ে মার-ধোর করা হচ্ছে। বাসে করে যে শ্রমিক আসছে তাকে সেখান থেকে টেনে নিয়ে গিয়ে পেটানো হচ্ছে, ট্রেন থেকে নামিয়েও পেটানো হচ্ছে। আজকে যদি প্রগতিশীল সরকারের পুলিশের অবস্থা এই হয় তাহলে নির্বাচনের আগে গ্রামের গরীব জনসাধারণের কাছে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি, যুক্তফ্রন্ট সরকারের আমলে পুলিশ অফিসাররা

গ্রামের সাধারণ মানুষ, গরীব শ্রমিকদের উপর যে অত্যাচার, অবিচার করেছে, এখনও কি সেই অবস্থা চলবে ? এই অবস্থা যদি চলতে থাকে তাহলে জনসাধারণ নিশ্চয় আমাদের ক্ষমা করবে না। তাই আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রী, হাউসের সমস্ত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি এখুনি থানা অফিসারদের সম্বন্ধে উপযুক্ত তদন্ত করে একটা যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করা হোক।

[2-10—2-20 p.m.]

**Mr. Speaker :** Mr. Ghosh, a Calling Attention Notice was given to me yesterday and I have already admitted that notice and the Minister concerned is due to give a statement within one or two days.

## LEGISLATION

### The Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1972.

**Shri Abdus Sattar :** Sir, I beg to introduce the Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1972.

( Secretary then read the title of the Bill )

Sir, I beg to move that the Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1972, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষমহাশয়, এই বিলটি সম্পর্কে আমি আমার বক্তব্য এই সভায় পেশ করছি। ১৮৮৭ সালে প্রাদেশিক ছোট আদালত আইন অনুযায়ী স্থাপিত শিয়ালদহ ছোট আদালত এবং অন্যান্য ছোট আদালতগুলি ঐ আইনের ১৫(২) ধারা অনুযায়ী প্রধানত: ৫০০ টাকা পর্যন্ত আর্থিক মূল্যের মামলা বিচারের জন্য গ্রহণ করতে পারে। ঐ আইনের ১৫(৩) ধারা অনুযায়ী রাজ্য সরকার ঐ সব যে কোন আদালতকে ১,০০০ টাকা পর্যন্ত আর্থিক মূল্যের মামলা বিচার করার বিশেষ ক্ষমতা দিতে পারেন। বর্তমানে একমাত্র শিয়ালদহ ছোট আদালতই এই বিশেষ ক্ষমতার অধিকারী। ইদানিং সমস্ত পণ্যদ্রব্যের দাম অস্বাভাবিক রকম বেড়ে যাওয়ায় প্রাদেশিক ছোট আদালগুলির বর্তমান আর্থিক ক্ষমতা অত্যন্ত সীমিত বলে প্রমাণিত হয়েছে। এই অসুবিধা দূর করার জন্য উক্ত আইনটি সংশোধন করে প্রাদেশিক ছোট আদালতগুলির বিচারের বর্তমান আর্থিক ক্ষমতা সীমা ৫০০ টাকা থেকে বাড়িয়ে ২,৫০০ টাকা করার প্রস্তাব করছি। এই প্রসংগে আমি আরও প্রস্তাব করছি যে শিয়ালদহের প্রাদেশিক ছোট আদালত বা অন্য যেকোন প্রাদেশিক ছোট আদালতকে প্রয়োজন বোধে ৫,০০০ টাকা পর্যন্ত আর্থিক মূল্যের মামলা বিচারের বিশেষ অধিকার প্রদানের জন্য রাজ্য সরকারকে ক্ষমতা দেওয়া হোক। আমি এই কথা কটি বলে মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করবো তাঁরা যেন এই বিলটি গ্রহণ করেন।

**Shri Biswanath Chakravorty :** মাননীয় স্পীকার মহাশয়, আজকে আইন এবং বিচার মন্ত্রী ১৮৭২ সালের যে সংশোধনী পেশ করলেন আপাতদৃষ্টিতে দারিদ্র মানুষের বিচার পাওয়ার দৃষ্টিভঙ্গী থেকে এই বিলটি ভাল বলে মনে হচ্ছে। ১৮৭২ সালে তার মানে ব্রৃটিশ আমলে স্বর্ণযুগে। সেই সময় একটা আইন রচিত হয়েছিলো এবং সেই আইন রচিত হবার পরে অনেক জল গঙ্গা দিয়ে বয়ে গেছে ; অনেক পরিবর্তন হয়েছে দেশের সামাজিক এবং রাষ্ট্রীয় কাঠামোয়। সুতরাং সেই সময়কার আইনের আমূল পরিবর্তন হওয়া বাঞ্ছনীয়, এই যে সংশোধনীটা আইন এবং বিচার মন্ত্রী এনেছেন এই প্রসংগে বলি British আমলের যে আইন-কানুন আছে, বিচারপদ্ধতি আছে তার একটা সামগ্রীক পরিবর্তন করার কথা তিনি ভবিষ্যতে

চিন্তা করবেন এটা তাঁকে অনুরোধ করি, কেন না, আমাদের দেশে বিশেষ করে এই রাজ্যের কাঠামোর মধ্যে আইনের সুযোগসুবিধা নেবার অসুবিধা দরিদ্র মানুষের অনেক বেশী—দরিদ্র মানুষের কাছে আদালত একটা গোলকধাঁধা, একটা প্রহেলিকা, যেখানে গেলে দরিদ্র মানুষের পকেটকে খালি করে দেওয়া হয়। সবদিকে আইনকে বাড়িয়ে দিলেও অনেক সময় মানুষ সুবিচার পায় না, সেজন্য আমি প্রথমে আইন ও বিচার মন্ত্রীকে আপনার মাধ্যমে বলব—আবেদন করব যে এই রকম পিসমিল বা আংশিক পরিবর্তনের কথা না ভেবে সামগ্রিকভাবে এই বিচার বিভাগের পরিবর্তন করা যাবে কিনা এটা ভাবতে আমরা আজকে যখন কল্যাণ রাষ্ট্রের জনগণের চাহিদার সংগে তাল রেখে চলবার চেষ্টা করছি, যে কথাটা তিনি ভাবছেন, তখন আমরা আশা করি এই যে এ্যামেণ্ডমেণ্ট যেটা এসেছে সেইদিকে লক্ষ্য রেখেই এটা এসেছে। আজকে সাধারণ মানুষের নিশ্চয়ই অসুবিধা হবে, স্মল কজ কোর্টের যে জুরিসডিকশন ছিল ৫০০ টাকা থেকে ১,০০০ টাকা পর্যন্ত স্পেশ্যাল জুরিসডিকশন, সেখানে সরকার প্রস্তাব করেছেন যে ১,০০০ টাকা করে হবে সাধারণভাবে এবং স্পেশ্যাল জুরিসডিকশনে ২॥ হাজার টাকা পর্যন্ত বাড়বে। সুতরাং এই ক্ষেত্রে একটা খুবই জটিল অবস্থার সৃষ্টি হতে পারে, অর্থাৎ এখানে যে সমস্ত মামলাগুলি এখন রয়েছে স্মল কজ কোর্টে তাদের নিষ্পত্তি হয় না অনেক মামলা জমে থাকে এবং এই জুরিসডিকশন বাড়ানর ফলে প্রচুর মামলা বেড়ে যাবে। সেখানে যদি আদালতের সংখ্যা বাড়ান না যায় তাহলে তাতে সাধারণ মানুষ আরও অসুবিধায় পড়বে মামলা তাড়াতাড়ি নিষ্পত্তি হবে না। এই কথা ভেবে এই আইন পরিবর্তনের সংগে সংগে কিছুটা এ্যাডমিনিসট্রেটিভ চেঞ্জ—প্রশাসনিক পরিবর্তন, আদালতগুলি বাড়ান, বিচারকের সংখ্যা বাড়ানর জন্য আইন এবং বিচার মন্ত্রী প্রশাসনিক ব্যবস্থা অবলম্বন করবেন মামলাগুলির তাড়াতাড়ি নিষ্পত্তির জন্য এটা আমি তাঁর কাছে আশা করব এবং আবেদন করব। আজকের স্টেটসম্যান পত্রিকায় আলিপুর বার এ্যাসোসিয়েশনের একটা প্রতিবাদ প্রকাশিত হয়েছে এবং খবরের কাগজে দেখলাম তারা নাকি বিচার মন্ত্রীর কাছে এবং মুখ্যমন্ত্রীর কাছে তাদের সিদ্ধান্তের অনুলিপি পাঠিয়েছেন তাতে তারা বলেছেন যে The Alipore Bar Association at a recent meeting viewed with "grave concern" the reported proposal to raise the ordinary pecuniary jurisdiction of Small Cause Courts from Rs.500 to Rs.2,500 and the special pecuniary jurisdiction from Rs.1,000 to Rs.2,000 as such a decision is liable to affect the interests of mofussil litigants adversely. especially as such litigants will be deprived of existing ordinary right of appeal এই কথাটা বলছে, সুতরাং এই সম্পর্কে আইন এবং বিচার মন্ত্রী তার যথাযথ উত্তর দেবেন বলে আশা করি। আমার মনে হচ্ছে যে মফঃস্বল কোর্টগুলির ইতিমধ্যেই ক্ষমতা বাড়িয়ে দেওয়া হয়েছে, সুতরাং কিভাবে এ্যাডভারসলি এফেকটেড করবেন মফঃস্বলের লিটিগেণ্টসরা সে সম্পর্কে আরও আলোকপাত করবেন বলে আমার মনে হয়, এর একটা উত্তর দেওয়া দরকার। তারপর যদি শিয়ালদা স্মল কস কোর্টের জুরিসডিকশন বাড়িয়ে দেওয়া হয় তাহলে that of Subordinate Judges in Alipore Courts should also be raised with concurrent jurisdiction in the matter of cases above the value of Rs.1,000 which would serve to maintain status quo without serious unsettlement তাহলে এই যে দুটো কথা আলিপুর বার অ্যাসোসিয়েশন বলেছেন এ সম্পর্কে আইন এবং বিচার মন্ত্রীকে অবহিত হয়ে তাঁর মতামত নিশ্চয়ই উপস্থিত করা দরকার। আজকে আর একটা কথা বলা দরকার যে স্মল কস কোর্ট-এর উকিলরা অনেক সুবিধা পাবেন, আবার সাধারণভাবে হাইকোর্টে যে অরিজিনাল সাইড আছে তার উকিলদের অনেক অসুবিধা হতে পারে, স্মল কস কোর্টের যে সমস্ত কলিকাতার

ব্যাপার যেগুলি হাইকোর্টে হতো সে ক্ষেত্রে হাইকোর্টের উকিলদের আপত্তি থাকতে পারে, তারা আপত্তি জানাতে পারে। স্বভাবতই স্মল কস কোর্টের ক্ষমতা বাড়ানোর সংগে সংগে সাবরডিনেট জজের কোর্টগুলির সবভাবে শক্তি বাড়াবার দাবি করছি। এই দাবিটা ভেবে দেখা উচিত বলে আমার মনে হয়, এটা আমি আইন এবং বিচার বিভাগের মন্ত্রীর কাছে প্রশ্ন রাখছি। এই ব্যাপারটা এত ছোট এবং আংশিক যার ফলে এটাতে বিস্তারিত কিছু বলার দরকার নেই। আমি শুধু আইন এবং বিচার মন্ত্রীকে এই কথা বলবো সাধারণভাবে এই আইনটা

[2-20—2-30 p. m.]

আনছেন আমরা এট সমর্থন করছি। কিন্তু দেওয়ানী মামলা সম্পর্কে এখনও যে বিচারপদ্ধতি রয়েছে তাকে সরলীকরণ করবার জন্য আইন আনবার জন্য ব্যবস্থ করুন। এইটুকু বলে আপনার সংশোধিনীকে আমি সমর্থন করছি।

**Sri Puranjoy Pramanik :** মাননীয় অধ্যক্ষমহাশয়, স্মল কজ কোর্টস এ্যামেণ্ডমেন্ট বিল যেটা আমাদের আইনমন্ত্রী এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই জন্য যে, কলকাতায় যেসব ছোট ছোট আদালত আছে ছোট ছোট মামল যেখানে হয় বা স্মল কজ কোর্টে হতো তার পরিমাণ ছিল মাত্র পাঁচশো টাকা। কিন্তু এখন সব জিনিসপত্রের দাম বেড়ে গিয়েছে এবং সমস্ত রকম মূল্যবৃদ্ধি হয়েছে, সুতরাং সেই অনুপাতে এর বৃদ্ধি হওয়া প্রয়োজন এবং আমরা দেখতে পাচ্ছি, হাইকোর্টের অরিজিন্যাল সাইডে নাম্বার অফ কেসেস পেনডিং যা বছর পর বছর হচ্ছে তাতে আট দশ বছরের আগে নিস্পত্তি হয় না। অথচ, স্মল কজ কোর্টের পাওয়ার বেশী হলে নিশ্চয়ই তারা বিচার নিস্পত্তি করতে পারবেন। এর আগে মফস্বল কোর্টের জজ এবং সাব-জজদের যে টাকার অবধি বিচারের অধিকার ছিল তার তুলনায় স্মল কজ কোর্টের ক্ষমতা নগণ্য ছিল। কারণ জজ এবং সাব-জজরা পাঁচ হাজার টাকা পর্যন্ত বিচার করতে পারতেন এবং এখন সেটা বৃদ্ধি করা হয়েছে। কিন্তু স্মল কজ কোর্টের পাঁচশো টাকার বেশির উপর বিচার করবার অধিকার ছিল না। এই আইনের ফলে আমরা আনন্দ অনুভব করছি। যারা দরিদ্র এবং হাইকোর্টে যাওয়ার ক্ষমতা নেই অথচ স্মল কজেজ কোর্টে বেশী টাকা অবধি বিচারের অধিকার দিলে এখানেই অনেকে কাজ সম্পন্ন করতে পারবে। তাছাড়া, এখানকার চেয়ে হাইকোর্টে অনেক বেশী টাকা লাগে। সেইজন্য এইটা স্মল কজ কোর্টের আওতায় নিয়ে আসায় আমি আইনমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি এবং গরীব লোকেদের বিচারের পক্ষে এটা খুব তাড়াতাড়ি হবে এবং কিছুটা কম খরচেও হবে। একটু আগে জনৈক মাননীয় সদস্য যেটা বললেন আমি সেটা বলতে চাই যে সব জায়গায় হাকিমের অভাব, হাকিম পাওয়া যায় না। মাননীয় মন্ত্রিমহাশয় সেদিকে যাতে দৃষ্টি দেন সেই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abdus Sattar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি মাননীয় সভ্য শ্রীবিশ্বনাথ চক্রবর্তী এবং শ্রীপুরঞ্জয় প্রামাণিক যে বিলটাকে সমর্থন করেছেন সেজন্য তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। আমি যে বিলটা এনেছি এটা মোটামুটি শিয়ালদহ স্মল কজ কোর্টের ব্যাপারে এনেছি। আপনারা জানেন অ্যাক্ট ৩২ অফ ১৯৬৯ যেটা আগে হাইকোর্টের জুরিডিকসানে ছিল পাঁচটা স্মল কজেজ কোর্ট সেটা ১৯৬৯ সালে বাড়িয়ে দেওয়া হয়েছিল সেটা আগে যখন দু হাজার টাকা ছিল সেখানে পাঁচ হাজার টাকা করা হয়েছিল। আপনারা সবাই মোটামুটি একমত যে জিনিসের দাম বেড়েছে এবং জিনিস-পত্রের দাম বাড়ার ফলে আমরা পিকউনারি জুরিডিকসান বাড়িয়ে দিয়েছি। এ সম্বন্ধে The Statesman Alipur Bar Association যে resolution নিয়েছে সে সম্বন্ধে বলেছেন mufassil litigants adversely affected হবে। This is not correct শেয়ালদার ব্যাপারে বলছি মফঃস্বল litigants দের adversely affected হবার কোন কারণ খুঁজে পাচ্ছি না। মফঃস্বলের কথা আসছে না। এ ব্যাপারে যেটা হবে সেটা হচ্ছে Bengal, Agra and Assam

Civil Courts Act এর ব্যাপার। আমি বুঝছি মফঃস্বলের যে Jurisdiction আছে সেটা কিং বাড়িয়ে দেবার দরকার আছে। কিন্তু আমি বলব section 19 of the Bengal, Agra and Assam Civil Courts Act সেটা পরিবর্তন করার ইচ্ছা আছে এবং Jurisdiction বাড়িয়ে দেব। বর্তমানে Bar Associationএ যে resolution নেওয়া হয়েছে তাতে মনে হয় মফঃস্বল litigants দের ক্ষতি হবার কোন কারন নেই, বরং তারা হয়রানি থেকে অনেক বাঁচবে। এই আইন পরিবর্তন করার আগে আমি District Judge of Alipur এর মতামত চেয়ে তিনি এ বিষয়ে যে মত দিয়েছিলেন সেই হিসাবে তাঁরা যেটা বলেছেন সেটা ঠিক নয়। তাঁরা শেষকালে বলেছেন— The Association further said that if the Jurisdiction of the Sealdah Small Cause Court was to be raised as proposed, that of the Subordinate Court of Alipore should also be raised with concurrent Jurisdiction in the matter of cases above the value of Rs.1,000 which would serve to maintain status quo without serious unsettlement. পরে যখন আমাদের Bengal, Agra and Assam Civil Courts Act পরিবর্তন হবে তখন দেখব। এই কটি কথা বলে আমি মাননীয় সভাদের এই আইন গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

The motion of Shri Abdus Sattar that the Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

*Clauses 1, 2, 3, 4 and Preamble*

The question that clauses 1, 2, 3, 4 and Preamble do stand part of the Bill, was then part and agreed to.

**Shri Abdus Sattar :** Sir, I beg to move that the Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was them put and agreed to.

**The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1972**

**Shri Addus Sattar :** Sir, I beg to introduce the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1972.

(Secretary then read the title of the Bill.)

**Shri Abdus Sattar :** Sir, I beg to move that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1972, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষমহাশয়, এই বিলটি সম্পর্কে আমি আমার বক্তব্য পেশ করছি। ১৮৯৮ সালের ফৌজদারী প্রক্রিয়া সংহিতার ২৫১ক ধারা অনুসারে যে সমস্ত ফৌজদারী মামলা পুলিশের রিপোর্টের ভিত্তিতে দায়ের করা হয়, সে সব মামলার শুনানীর দিন, সাক্ষীদের বিচারালয়ে হাজির করা অভিযোগকারীপক্ষ অথাৎ পুলিশেরই দায়িত্ব। কিন্তু কখনও কখনও শুনানীর দিন সাক্ষীরা আদালতে হাজির হন না বা পুলিশ তাদের হাজির করতে পারেন

না। এর ফলে বিচারকারী ম্যাজিষ্ট্রেটরা প্রয়োজনীয় প্রমাণের অভাবে আসামীদের মুক্তি দিয়ে থাকেন। আইনগত এই অসুবিধা দূর করার জন্য ১৮৯৮ সালে "ফৌজদারী প্রক্রিয়া সংহিতা" বা দি কোড অব ক্রিমিন্যাল প্রোসিডিওর এর ২৫১ক ধারাটি এমনভাবে সংশোধন করার প্রস্তাব করা হয়েছে যাতে অভিযোগকারী পক্ষ বা পুলিশ বিচারের জন্য নির্দিষ্ট তারিখের আগে এ সম্পর্কে আবেদন করলে, বিচারকারী ম্যাজিষ্ট্রেট ইচ্ছা করলে সাক্ষীদের এবং দলিল বা জিনিসপত্রের উপস্থাপন সম্পর্কে সমন দিতে পারবেন। এই বিলটি গৃহীত হলে শুনানীর দিন সাক্ষীরা আদালতে উপস্থিত থাকতে বাধ্য হবেন এবং ফলে তাদের অনুপস্থিতির জন্য প্রমানের অভাবে মুক্তি পাবে না। এই কয়েকটি কথা বলে আমি মাননীয় সভাদের এই বিলটি গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

[2-30—2-40 p. m.]

**Shri Harasankar Bhattacharyya** : মিঃ স্পীকার, স্যার, এই যে ফৌজদারী কার্যবিধির সংশোধন এসেছে এই সংশোধনটা সমর্থনযোগ্য নয়। কেন সমর্থনযোগ্য নয় সেই বিষয়ে দু'চারটে কথা আমি আপনাদের বলব। ট্রেজারী বেঞ্চে ব্যারিস্টার মন্ত্রীরা অনুপস্থিত কি করে উত্তর হবে তাই ভাবছি। যাইহোক, মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সরলমতী মন্ত্রীরা আমলাদের দ্বারা কেমন করে বিপথে পরিচালিত হয় ফৌজদারী কার্যবিধির এই সংশোধন তারই একটা উজ্জ্বল দৃষ্টান্ত। পুলিশ এমনিতে দায়িত্বহীন, পুলিশ এমনিতে তার নিজের কাজ করে না, নিজে কেস করেছে নিজের সাক্ষী সে নিজে হাজির করাবে এই কাজ করে না এবং এমনভাবে সংশোধন আনা হচ্ছে যে তার দায়িত্ব থেকে সে যেন মুক্তি লাভ করে, যেন পুলিশকে এই কাজটুকু করতে না হয়। আমি যে কেস করব কেসের সাক্ষীদের উপস্থিত করার দায়িত্ব পুলিশ আমলারা আমাদের সরলমতী মন্ত্রীদের বুঝিয়েছেন ম্যাজিস্ট্রেটের ঘাড়ে ফেলে দেবার জন্য, সেই সাক্ষীকে হাজির করাবার দায়িত্ব ম্যাজিস্ট্রেটের। এতে পুলিশ আরো বেশী দায়িত্বহীন হয়ে পড়বে এবং দায়িত্বহীন হবার জন্য এই ধরনের সংশোধন মাননীয় মন্ত্রিমহাশয়ের মাধ্যমে আইনসভায় আনা হয়েছে। ফৌজদারী আদালতের সমন জারি করে পুলিশ এবং এই সংশোধন যদি কার্যকরী হয় তাহলে সাক্ষী হাজির করার বদলে সাক্ষীকে সমন ধরানর দায়িত্ব কিন্তু পুলিশের থাকবে। সমনটা ধরায় কে? সমনটা ধরিয়ে দেয় পুলিশ। সাক্ষী হাজির করবার দায়িত্ব তারা পালন করেন না, সাক্ষীকে কিন্তু সমন ধরাবেন জেলা ম্যাজিস্ট্রেট যদি অর্ডার দেন সমন জারি করার। সমন জারির ক্ষেত্রে অধিকাংশ ক্ষেত্রে পুলিশ বিলম্ব করে, কাজে গাফিলতি করে, পুলিশের নিজের গাফিলতির ফলে সাক্ষী হাজির হয় না। পুলিশ কেস ছাড়া অন্যান্য সমস্ত কেসে কিন্তু সমন ধরানর দায়িত্ব পুলিশের উপর আছে। পুলিশ সেইসব সমন ধরায় না, ধরান হল না কেন সেই সার্ভিস রিটার্ণ পর্যন্ত আদালতে পৌঁছায় না। এই সংশোধন যদি কার্যকরী হয় তাহলে সাক্ষী হাজির করার দায়িত্ব থেকে পুলিশ মুক্ত হবে, ফলে বিচার আরো বিলম্বিত হবে। একেই তো মা রাঁধেন নি তার উপর তপ্ত আর পান্তা—পুলিশ নিজের সাক্ষী নিজেই দিনের পর দিন হাজির করাতে পারেন না, ম্যাজিস্ট্রেট যে সাক্ষীর কথা বলবেন তাকে সমন ধরিয়ে হাজির করাতে পারেন না, পুলিশ তার নিজের কাজে ফাঁকি দেওয়ার জন্য এই সংশোধন এনেছেন এই হচ্ছে আমার প্রথম বক্তব্য। দ্বিতীয় বক্তব্য হচ্ছে ২৫১এ তার ৭নং ধারায় দেখতে পাচ্ছি, ৬নং ধারাটা সংশোধিত হচ্ছে, কিন্তু ৭নং ধারায় রয়ে যাচ্ছে On the date so fixed the magistrate shall proceed to take all such evidence as may be produced in support of the prosecution. অ্যাজ মে বি প্রোডিউসড, কে প্রোডিউস করবে? এই প্রোডিউস করবে তো পুলিশ নিজে। সুতরাং সংশোধন আপনারা করছেন যিনি প্রোসিকিউটর তিনি তাঁর উইটনেসকে প্রোডিউসড করবেন এই জিনিসটা এখানে রয়ে যাচ্ছে। এর ফলে আইনের একটা ধারার সংগে আর একটা ধারার বিরোধ বাড়বে এবং ম্যাজিস্ট্রেটের ঘাড়ে দায়িত্ব এড়িয়ে পুলিশ সমস্ত বিচারটাকে প্রহসনে পরিণত করবে, এটা এই সংশোধনের ফলে হবে। মাননীয় অধ্যক্ষ-মহাশয়, আমরা দেখতে পাচ্ছি যে সংশোধনের কোন দরকার নেই, আমরা এর কোন কারণ খুঁজে

পাচ্ছি না। আমাদের এই যে সিভিল প্রোসিডিওর কোড বা ফৌজদারী সংশোধন বিধি এই ফৌজদারী সংশোধন বিধির দুটো ধারা আছে—একটা ধারা হচ্ছে ৯০ নং এবং আর একটা হচ্ছে ৫৪০নং। এই ৯০ নং ধারাতে যদি কোন সাক্ষী হাজির না হন তাহলে বিচারক ওয়ারেণ্ট ইস্যু করতে পারবেন ফর কমপালসান অব এ পার্টিকুলার পার্সান, আর ৫৪০ ধারাতে আমরা দেখতে পাচ্ছি যে ইনহেরেণ্ট পাওয়ার অব অল দি কোর্টস রয়েছে। আপনি যদি অনুমতি দেন তাহলে আমি এটা পড়ে দিই। কতটা মন্ত্রিমহাশয়দের এই আমলারা বিপথে পরিচালিত করছেন এটা পড়লেই তা বুঝতে পারবেন এবং এই সংশোধন আনার কোন দরকার নেই। আমরা দেখতে পাচ্ছি যে এই ৯০ ধারায় আছে A court may in any case in which it is empowered by this court to issue a summons for the appearance of any person other than a Juror issue after recording its reasons in writing a warrant for his arrest. যদি সাক্ষী হাজির না হয়, পুলিশ যদি বলে যে হাজির হচ্ছে না, অলরেডি ৯০ ধারাতে ক্ষমতা আছে ওয়ারেন্ট ইস্যু করবার। সুতরাং সংশোধন আনার কি প্রয়োজন আছে। আসল প্রয়োজন যাতে কোর্ট ইনসপেক্টার এবং সাব-ইনসপেক্টার বলতে পারেন যে আমাদের দায়িত্ব নেই সাক্ষী এনে দেওয়ার। বড় বড় পুলিশ কর্তারা মন্ত্রিমহাশয়দের বুঝিয়ে তাঁদের দায়িত্ব স্খলন করে দিয়েছেন। এখন আপনার দায়িত্ব আপনি সাক্ষী জোগাড় করুন। এই কথা যাতে কোর্ট ইনস্পেক্টার যারা কেস করেন তারা ম্যাজিস্ট্রেটকে বলতে পারেন এই সুযোগ নেবার জন্য পুলিশের আমলারা সরলমতী মন্ত্রিমহাশয়দের দিয়ে এই ধরনের সংশোধনী এনেছেন। ৫৪০ ধারায় কি বলা হয়েছে সেটা শুনুন—সেখানে বলা হয়েছে Any court may at any stage of any enquiry, trial or other proceedings under this court, summon any person as a witness or examine any person in attendance though not summoned as a witness or recall or re-examine any person already examined and the court shall summon and examine or recall and re-examine any such person if his evidence appear to be essential to the just decision of the case. অলরেডি এই ক্ষমতা তো দেওয়াই আছে, আবার পুলিশকে যে সাক্ষী হাজির করতে হবে এই যে দায়িত্ব এটা স্খলনের জন্য এত অপচেষ্টা কেন, মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে এই কথা জিজ্ঞাসা করছি? মাননীয় স্পীকার মহাশয়, এই যে সংশোধনী বিল এসেছে তার অবজেক্ট কি দেখুন—অবজেক্টে বলা হয়েছে যেহেতু পুলিশ সাক্ষী হাজির করতে পারছে না অ্যাজ এ রেজাল্ট দি অ্যাকিউজড আর অ্যাকুইটেড। এই কারণে অ্যাকিউজড পাস নস অ্যাকুইটেড হয়ে যাবে কে বলেছে? পুলিশের ভাল উকিল নেই, পুলিশ ভাল উকিল রাখে না এবং কোর্ট ইনসপেক্টার এবং সাব-ইনস্পেকটাররা আইন-কানুন ভাল জানেন না যাঁরা নাকি কেস প্লিড করবেন। তাঁরা বড় বড় কর্তাদের বলেন এবং তখন বড় বড় কর্তারা মন্ত্রিমহাশয়দের বলেন। আমি মাননীয় স্পীকার মহাশয়, আপনার সামনে ৩টি হাইকোর্টের নজীর উপস্থিত করব। প্রথম হচ্ছে, ক্রিমিন্যাল ল জার্নাল, ১৯৬৫, পেজ নং ৫৩, সেখানে পাটনা হাইকোর্টের একটা জাজমেন্ট আমি উপস্থিত করছি। পাটনা হাইকোর্টের জাজমেন্ট হচ্ছে এই যে যদি প্রোসিকিউসনে উইটনেস হাজির করতে না পারেন তাহলে অ্যাকুইটল হতে পারবে না। অ্যাকুইটল যেটা হয়েছে সেটা ইমপ্রপার হয়ে যাবে। সুতরাং পাটনা হাইকোর্টের এই নজীর ১৯৬৫ সালের, এটা পুরান নজীর নয়। সুতরাং কেমন করে অবজেক্টে এই কথা বলা যেতে পারে। পুলিশের উকিল হয়ত বলতে পারেন এটা পাটনা হাইকোর্টের নজীর, আমরা উইটনেস আনতে পারিনি। কিন্তু আপনারা অ্যাকুইটল দিতে পারেন না। আমি আর একটা হাইকোর্টের নজীর আপনার সামনে প্লেস করছি। আমি ম্যাডরাস হাইকোর্টের নজীর আপনার সামনে রাখছি। ম্যাডরাস হাইকোর্টের ক্রিমিন্যাল ল জার্নাল, ১৯৬৪, আমরা ম্যাডরাস হাইকোর্টে দেখতে পাচ্ছি যে সেখানেও এইরূপ একটা কেস হয়েছিল। যদি পেজ নম্বর জানতে চান আমি

জানাচ্ছি, নাম্বার হল ১১৫, সেখানেও আমরা দেখতে পাচ্ছি ম্যাডরাস হাইকোর্ট রায় দিয়েছে যে উইটনেস যদি প্রোডিউসড না হয় এই গ্রাউণ্ডে কোন অপরাধীকে মুক্তি দিতে পারবে না। এই দুটা নজীর আমাদের সামনে আছে। মাননীয় স্পীকার মহাশয়, হয়ত বলতে পারেন যে পাটনা এবং ম্যাডরাসে এইসব ঘটেছে, কিন্তু আমাদের পশ্চিম বাংলায় এইসব ঘটেনি। আমি

[2-40—2-50 p. m.]

ক্যালকাটা হাইকোর্টের একটা নজীর আপনার সামনে প্লেস করছি। ক্যালকাটা হাইকোর্টের ক্রিমিন্যাল ল জার্নাল, ১৯৬৮ সালের, এটা আরো অনেক কাছাকাছি। ১৯৬৮ সালের ল জার্নালের পেজ নং ১৩১৬, ক্যালকাটা হাইকোর্টের কেসের নজীর হচ্ছে এইরূপ, কেস হয়েছিল অমরেন্দ্র রায় ভার্সাস এন সি তালুকদার এবং দু জন জাজ একমত হয়ে রায় দিয়েছিলেন যে যদি উইটনেস হাজির না হয় বা উইটনেস হাজির করতে না পারে তাহলে উইদাউট রেকর্ডিং এনি এভিডেন্স অ্যাকুইটল করা যাবে না। এই সমস্ত নজীর পুলিশের পক্ষ থেকে ট্রাইং ম্যাজিস্ট্রেটের কাছে তুলে ধরা হয় না, সেটা তুলে না ধরে আইনসভার সামনে প্লেস করা হচ্ছে যে আমরা উইটনেস হাজির করি না। আমাদের কাজের গাফিলতির ফলে উইটনেস হাজির হয় না, আমরা কাজে ফাঁকি দিই, আমরা ঘুষ নেওয়া ছাড়া অন্য কোন কাজ করি না, এইজন্যই সাক্ষী হাজির হয় না এবং এই জন্যই সমস্ত কেসে বিচারকরা বন্দীদের মুক্তি দিয়ে দিচ্ছেন কথাটা যে মিথ্যা কথা সেটা পাটনা হাইকোর্ট, ম্যাডরাস হাইকোর্ট ও ক্যালকাটা হাইকোর্ট এই তিনটা হাইকোর্টের নজীর অনুযায়ী আমরা পরিষ্কার দেখতে পাচ্ছি। এই ধরনের নজীর তুলে ধরলে কোন বিচারক এই হাইকোর্টের নজীরের বাইরে গিয়ে প্রোসিকিউসানে উইটনেস হাজির করতে পারেনি বলে বন্দীদের মুক্তি দেবেন না। মাননীয় অধ্যক্ষমহাশয়, সমস্ত আলোচনা থেকে আমি যেটা বোঝাবার চেষ্টা করছি সেটা হচ্ছে এই যে পুলিশ তার দায়িত্ব স্খলনের জন্য কর্তব্যে অবহেলার জন্য আমাদের মন্ত্রিমহাশয়দের মাধ্যমে আমাদের আইনসভার সমর্থন চাচ্ছেন এবং বলতে চাচ্ছেন যে আমরা সাক্ষী হাজির করব না, ম্যাজিস্ট্রেট তুমি দেখে নাও। দ্বিতীয় বক্তব্য হচ্ছে এই যে এই ক্ষমতা অলরেডি ম্যাজিস্ট্রেটের রয়েছে। সুতরাং আবার এই ধরনের সংশোধন করার প্রয়োজন নেই। পুলিশকে তার দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়ার জন্য আমরা এই আইনসভায় বসিনি। ৩নং হচ্ছে এই যে অবজেক্টে যেটা বলা হচ্ছে সেটা অন্যায়ভাবে বলা হয়েছে। তিনটা হাইকোর্টের রায়ের পর এই কথা বলা যায় না যে আমাদের পুলিশের লোকেরা ট্রাইং ম্যাজিস্ট্রেটের সামনে প্লেস করতে পারবেন না। এই নজীর দেখাতে পারবেন না। এই নজীর দেখে সাক্ষী যতদিন না নেওয়া হয় আপনারা অ্যাকুইটল করবেন না এই কথা আমাদের এরা বলতে পারছেন না। মাননীয় স্পীকার মহাশয়, এই কারণে আমি মনে করি এই সংশোধনী অযৌক্তিক। এই পুলিশের বল্গাহীন দায়িত্বহীনতা, পুলিশের সমগ্র কর্তব্যে অবহেলা সমস্ত কিছু বিচার করে এই সংশোধন আনা উচিত নয়। তাদের সাক্ষীকে সমন তো ধরাতেই হবে। ম্যাজিস্ট্রেট নিজে তো আর সমন ধরাবেন না। তাঁরা নিজেরাই নিজেদের সাক্ষী হাজির করতে পারেন না, ম্যাজিস্ট্রেটর সমন ধরাবে—পুলিশ ধরাবে না—এবং তার ফলে বিচারে প্রচণ্ড গোলমাল হবে, এই সতর্কবাণী উচ্চারণ করে আমি এই অ্যামেণ্ডমেন্টের বিরোধিতা করছি।

**Shri Puranjoy Pramanik:** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, Code of Criminal Procedure Amendment যেটা আমাদের আইনমন্ত্রী এনেছেন, তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এইজন্য যে এর আগে মাননীয় সদস্য হরশঙ্কর বাবু কতকগুলো কথা বললেন। তিনি আইনজীবি নয় বলেই সেইগুলো বলা হয়তো তাঁর পক্ষে সম্ভব হয়েছে। কেন না একটা Code of Criminal Procedure-এ কতকগুলো chapter-এ বিচার হয় এটা তাঁর জানা নেই। Chapter 14, 18, Summons Procedure, Warrant Procedure এখানে যেটা amendment হচ্ছে, সেটা Warrant Procedure-এ নয়। উনি যে ruling দেখালেন সেইগুলো Warrant Procedure-এর rulings-এর উপর দেখালেন।

**Shri Harasankar Bhattacharyya :** তা নয়, তা নয়।

**Shri Puranjoy Pramanik :** আমি ঠিক দেখিয়েছি। This case is under Chapter 14 and not Chapter 18, আপনারা সেইগুলো দেখুন। অবশ্য এটা ঠিক ২০০ বছর আগে লর্ড মেকলে সাহেব এই Criminal Procedure Code করে গিয়েছিলেন এবং এই Code of Criminal Procedure যা আছে সেটা সংশোধন করা উচিত।

**Mr. Speaker :** Mr. Pramanik, it is in respect of sec 251A. Cr. P. C. 251A, Cr. P. C. was amended and incorporated only in 1955 and that in accordance with the wisdom of the Lok Sabha.

**Shri Puranjoy Pramanik :** সেটা স্যার কাঠজু সাহেব করেছিলেন। সেটাই একমাত্র Criminal Procedure Amendment যেটা 1955-এ হয়েছিল, সেটা আমি জানি। সেইজন্য বলছি এখানে যে amenement-টা উনি দেখাচ্ছেন, এটা High Court-এর ruling, Supreme Court-এর ruling দেখান নি। Calcutta High Court-এর যে ruling দেখালেন 251(a)-তে বলছে, the prosecution has to produce his witness, তাকে witness produce করতে হবে। সেখানে Summons Procedure Case নয়। অনেক সময় দেখা যায় police case-এ যেগুলো summons case, non-cognizable offence-এ case হয়, সেইগুলো prosecution-এর উপর দায়িত্ব থাকে, তারা যাতে witness produce করে—সেখানে তাঁরা produce করতে পারে না। যার জন্য অনেক সময় acquittal হয় না, discharge হয়ে যায়। এখন সেখানে দেখা যাচ্ছে এটা যদি করা হয়, court থেকে summons issue করলে পরে—উনি যেটা বললেন police summons serve করবে, poliee কেস করবে, Court থেকে summons service-এর বিভিন্ন ধারা আছে, police-ও করে এবং এরাও করে। Police থেকে যে summons service করা হয়, সেটা State case-এ অধিকাংশ সময়ে police-কে produce করবার জন্য যে দায়িত্ব আছে, সেইজন্যই তারা service করে এবং produce করবার চেষ্টা করে। অনেক সময়ে আদালতে আমরা দেখেছি—আমি একজন ফৌজদারী আইনজীবি হিসাবে বলতে পারি, অনেক সময় আদালত তাদের ধরে দেন না, আপনি একদিন fail করলেন, দুইদিন fail করলেন, অনুরোধ তারা করে, এরপরে আর summons দেবে না court থেকে, আপনারা আপনার witness-কে produce করুন। এখন যে ruling উনি দেখাচ্ছেন, সেই ruling Supreme Court-এর ruling, Calcutta High Court-এর ruling নয়, ruling অনেক রকম আছে। High Court-এর এইরকম ruling আছে, অন্যরকমের ruling-ও আছে। প্রতিটি মামলা এবং ধারার উপর বিভিন্ন রকম ruling আছে, সেই ruling-এ আজকে নানারকম নজীর সৃষ্টি করা যায়, সেইজন্য কোন চিন্তা নেই। সেইজন্যই আমি বলছি, এখানে এই আইনটা করা একান্ত আবশ্যক এইজন্য যে, যেখানে Court-এ তার procedure অনুযায়ী summons issue-র পরে তাদের হাজির না করা হয়, তিনি warrant issue করতে পারেন এবং যেকোন বলে সাক্ষীকে আনতে পারেন। Warrant witness করতে পারেন। যেকোন police case-এ সাক্ষীর অভাবে case নষ্ট হয়ে যায়।

**Shri Harasankar Bhattacharyya :** ৯০ আর ৫৪০-তে রয়েছে, আপনি দেখুন।

**Shri Puranjoy Pramanik :** ৯০ আর ৫৪০ সম্বন্ধে আপনি ভুল করছেন, procedure-টা দেখুন সেটা কোন procedure ?

[2-50—3-00 p. m.]

**Mr. Speaker :** Mr. Pramanik, do you think that when the police themselves fail to produce the witness in Court summons issued from the court would be sufficient to bring the witness in the Court ?

**Shri Puranjoy Pramanik :** স্যার, আমি নিবেদন করছি এখন যে প্রোসিডিওর এই প্রোসিডিওরেতে it is the duty of the prosecution to produce the witness. এটা কোর্টের জুরিসডিকসান। মনে করুন যদি প্রোসিকিউসান আপনার সামন ইস্যু থেকে ওয়ারেন্ট প্রে করে কোর্ট দেবে না, কোর্ট পারে না।

**Mr. Speaker :** Mr. Parmanik, do you not agree that if you give this much of lattitude to the prosecutor, i. e , Court Sub-Inspector in the district court, that will consume more time—when police has failed to produce the prosecution witnesses in court and then if another provision is added that the summons will have to be issued by the court to bring the witnesses ? Where the police has failed to produce the witnesses in court after receiving the summons of the particular examining court, in response to the summons, the point is whether this provision will not consume more time and justice will not be delayed ? What is your opinion ?

**Shri Puranjoy Pramanik :** আমি নিবেদন করছি ব্যাপারটা হচ্ছে সমন যদি না হয় কোর্ট ওয়ারেন্ট ইস্যু করতে পারেন। কিন্তু এখন যে প্রোসিডিওর আছে তাতে কোর্টের ওয়ারেন্ট ইস্যু করবার মত পাওয়ার নেই।

**Mr. Speaker :** Mr. Pramanik, do you not think, where the witness is brought to court by issuing a warrant he is likely to be the witness who may be hostile to the prosecution ?

**Shri Puranjoy Pramanik :** স্যার, অধিকাংশ ক্ষেত্রে তাই হচ্ছে। আজকাল উইটনেস না আসার ফলে অধিকাংশ পুলিশ কেস ফেল করছে, যারজন্য সাক্ষীরা যেখানে নাম দেয় পুলিশের কাছে আর কোর্টে এসে অন্যরকম বলে দেয়, তারা আদালতে আসতে চায় না। এজন্য অধিকাংশ পুলিশ কেস ফেল করে। সেজন্য অ্যাটেনডেন্স অব দি উইটনেসের প্রয়োজন এবং সেই প্রয়োজনের জন্যই এই অ্যামেণ্ডমেণ্ট এনেছেন। এটা যদি হাইকোর্ট মনে করেন উপযুক্ত নয়, তবে আমরা আমাদের প্র্যাকটিক্যাল এক্সপিরিয়েন্সে যেটা দেখি সেটাই আপনার কাছে নিবেদন করছি। অনেক সময় প্রোসিকিউসানে করাপসানের জন্য উইটনেস প্রোডিউস করে না, উইটনেস না দিলে মামলা খালাস হয়ে যায়। প্রোসিকিউসান আসামীর সংগে যোগাযোগ করলেন, করে দেখা গেল কেস ফেল করল, কারণ উইটনেস এল না, মামলা খালাস হয়ে চলে গেল এটা আমরা দেখেছি। অনেক সময় আমরা দেখেছি কোর্টের ইনস্পেক্টার বা কোর্টের সাব-ইনস্পেক্টার যারা কোর্টে কাজ করেন তাদের মধ্যে অনেকে ল-ইয়ার থাকেন। এটার জন্য অ্যামেণ্ডমেণ্ট করা একান্ত আবশ্যক। এবং সেইজন্য উনি যে অ্যামেণ্ডমেণ্ট এনেছেন সেটা সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Satya Ranjan Bapuli :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে ক্রিমিন্যাল প্রোসিডিওর কোড ২০১ এ একটা অ্যামেণ্ডমেন্ট সাক্ষী হাজিরা সম্বন্ধে এখানে প্লেস করা হয়েছে। কিন্তু আজকে আইনে ম্যানডেটরী প্রভিসান নেই যে সাক্ষীকে হাজির করতে পারে। কিন্তু the power of the Court is already enough এবং the Court can summon witnesses. সুতরাং ২৫১ এ তে কয়েক বছর আগে পার্লামেন্টে ক্রিমিন্যাল প্রোসিডিওর কোডের দুটো ধারা পুংখানুপংখরূপে বিচার করে স্থির করা হয়েছে আর আজকে ১৫৪ সি আর পি সি তে ফার্স্ট ইনফর্মেসান দেওয়া হল না duty of the police in the investigation under section 156. Cr P C. সুতরাং আণ্ডার ১৫৪ এ তে কি ইনফর্মেসান দেওয়া হল ১৫৬ তে ইনভেষ্টিগেসান স্টার্ট করল করে during the investigation the police should ascertain something কিন্তু চার্জসিট যখন দাখিল করবেন তখন থাকবে নেম অব দি উইটনেস এণ্ড আদার্স। সুতরাং সেখান থেকে কোর্ট পেয়ে যাচ্ছে the persons attached with the actual crime. সুতরাং সেখানে আবার একটা নূতন ধারা যোগ করে যে কোর্টকে ক্ষমতা দেওয়া হবে, মানে কোর্টকে একটা পার্টি করা হবে থ্রু দি প্রসিডিংস, যেন কোর্ট একটা পার্টি হয়ে বলবে কিছু কিছু সাক্ষীকে সমন করা হোক। আজকে, মাননীয় অধ্যক্ষমহাশয়, খুবই দুঃখের সংগে বলবো যে পুলিশ ইনভেষ্টিগেশন করে কিন্তু for the investigation of particular functions when the witnesses are not examined properly. আমি কোর্টেতে সাক্ষ্য আশা করতে পারি না। আজকে যাদের সাক্ষী একজামিন করা হয়, যিনি প্রসিকিউটারের সাক্ষী হন it is the duty to bring all witnesses before the court. সুতরাং প্রসিকিউটারের ডিউটি হবে কোন্ সাক্ষী আসবে না আসবে। এবং ইনভেষ্টিগেশন স্টার্ট করবার সংগে সংগেই আইনেতে বলা রয়েছে ১৫৪, ফার্স্ট ইনফরমেশনে সেটা লিখতে হবে যে কারা কারা এই ঘটনা সম্বন্ধে জানে, it has been specifically laid down in section 154A, যে ইনভেষ্টিগেশন করতে গেলে কি কি করতে হবে, ইনভেষ্টিগেশনের পার্ট কি। আমি সাক্ষীর কাছ থেকে আমার ঘটনা সম্বন্ধে যে জানে তা আমি নিশ্চয়ই জানবো। আমি, চার্জসিটের কলাম রয়েছে, নাম দেবো। ম্যাজিষ্ট্রেট সেই চার্জসিট পেলেন, হি উইল বি এক্সপেকটেড, তাদের ডিউটি হবে to produce all the witnesses before the court. সুতরাং সেখানে কোর্টকে একটা পার্টি করা হবে বাই গিভিং সামথিং ইন দি অ্যাক্ট এবং আমার মনে হয় যে কোর্টে একেত মামলার বিচার হয় না, একটা সাক্ষী কোর্টে যখন বলা হল পুলিশকে প্রডিউস করতে দেখা গেল ৩/৪ বৎসর চলে যাচ্ছে। আইনে বলে দেওয়া আছে should be decided within three months from the date of receipt of the charge-sheet কিন্তু তিন মাসের জায়গায় তিন বৎসর হয়ে যাচ্ছে কোন কেস ডিসাইডেড হয় না। আজকে ১৫১তে যদি ফের ম্যাজিষ্ট্রেটকে আবার সমন করার একটা, সাক্ষীদের হাজির করার লম্বা একটা হাত দেওয়া হয় তাহলে ৬ বৎসরের ভিতর কেস ডিসাইডই হবে না। যদি কিছু করতে হয় তবে স্পেসিফিক্যালি বলতে হবে, উইথইন টু অর থ্রি মান্থস, একটা স্পেসিফিক্যালি বলে দিতে হবে তাহালে এখানে অত্যন্ত লম্বা হাত দেওয়া হবে পুলিশের পক্ষে যেটা জাষ্টিস উইল বি ফ্রাস্ট্রেটেড এবং যত ডিলে হবে, মাননীয় অধ্যক্ষ-মহাশয়, আপনি জানেন ক্রিমিন্যাল কেসে যত ডিলে হয় জাষ্টিসে কেস তত নষ্ট হয়ে যায়। সুতরাং যদি ফার্স্ট হ্যাণ্ড বিচার করতে হয় এবং তাহলেই দরকার হবে আমাদের একটা ছোট পদ্ধতি গ্রহণ করা। প্রসিডিয়োরে বলা আছে, পুংখানুপুংখরূপে বলা আছে যে যারা actually acquinted with the facts তাদের সমন করা হবে, কোর্টবাবু সমন করবেন, প্রসিকিউশন দেবেন, পার্টি প্রডিউস করবেন, কেসটা ষ্টারটেড হবে, বিচার হবে। সুতরাং আজকে এই ১৫১(এ)তে কোর্টের যা ডিউটি that has already been specifically laid down in some other section, সেখানে আবার নূতন একটা দিয়ে আবার একটা বলবার যদি

সুযোগ দেওয়া হয় তাহলে নিশ্চয়ই আমাদের যে পার্লামেন্ট যা বিচার বিবেচনা করে করেছেন নিশ্চয়ই তাঁদের চিন্তাধারা আমাদের চেয়ে কম ছিল না। তাঁরা বিচার করে দেখেছেন পার্লামেন্টে যে এখানে আজকে আবার যদি ফের ম্যাজিস্ট্রেটকে একটা ক্ষমতা দেওয়া হয়, আবার পুলিশকে যদি একটা ক্ষমতা দেওয়া হয়, তাহলে অল দি ক্রিমিন্যাল কেসেস যা আমরা বিচারের আশা করবো বিচার হবে না, বিচারের বদলে একটা প্রহসন হবে। সুতরাং ২৫১(এ)তে যে ক্ষমতা দেবার বিলটি এসেছে, যদি তাই হয় আমি বলবো তাহলে ডেফিনিটলি এখানে বলে দেওয়া হোক যে দু' মাসের মধ্যে সমস্ত উইটনেসগুলিকে প্রডিউস করে তার বিচরে তাকে শেষ করতে হবে। আর যদি স্পেসিফিক কোন ডেট না দেওয়া হয় তাহলে আমার মনে হয় পার্লামেন্ট যা চিন্তা করেছে, বিরাট চিন্তাধারা নিয়ে, বড় চিন্তাধারা নিয়ে, বড় স্কিয়ারের মধ্যে এই পয়েন্ট নিয়ে পার্লামেন্টে ডিবেট হয়েছে……

**Mr. Speaker :** Mr. Bapuli, do you think that when summons will be issued by the court and it will not be served on the witnesses for days together ; there is no provision that within such time the witnesses must be brought in the court and if the prosecution fails, the accused will be acquitted. There is no provision here. The major difference between section 252 and section 251 is that it is the duty of the prosecution to produce the witnesses in the police case, because perhaps the Lok Sabha wanted to expedite the State prosecution cases in judicial trial. If this arrangement is introduced what do you think—will it not delay the entire trial of the police cases ?

**Shri Satya Ranjan Bapuli :** মাননীয় অধ্যক্ষমহাশয়, সুতবাং আমি বলবো আজকের এই বিলে এই যে ১৫১ ধারায় সাক্ষী প্রডিউস করার ডিউটি প্রসিকিউশনের এবং প্রসিকিউটার দে উইল প্রডিউস দি উইটনেস সেখানে আবার নূতন করে এই এ্যামেণ্ডমেণ্ট করে আবার একটা নূতন ধারা যোগ করে দেওয়া হচ্ছে তাতে কিছু হবে বলে আমি মনে করি না। কিন্তু অবশেষে

[3—3-30 p.m.]

আমি মন্ত্রিমহাশয়কে একথাই বলবো, যে বিল আপনি এখানে রেখেছেন, সে বিষয়ে আপনি আবাব পুর্নবিবেচনা করুন এবং দেখুন এর ফলে জাষ্টিস না হয়ে, জাষ্টিস উইল বি ফ্রাষ্ট্রেটেড। সাক্ষীকে প্রডিউস করার নামে ক্রিমিন্যাল কেসতো এক্সপিডাইট করা যাচ্ছে না, বরং দেখা যাবে ক্রিমিন্যালস উইল গেট মোর ল্যাটিসিউড, অ্যাম্পল পাওয়ার অ্যাণ্ড টাইম, সুতরাং জাষ্টিস ফ্রাস্ট্রেটেড হবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি তাই অনুরোধ করব যে এটা অন্য আকারে এনে এখানে প্লেস করুন।

**Mr. Speaker :** The Hon'ble Minister may please reply. I think he will clarify all the points that have been raised. The question is whether we would restrict ourselves to the prudence of the Lok Sabha in this respect or would go a step forward by giving a long rope to the prosecution. The Hon'ble Minister mav clarify the position at the time of his reply.

**Shri Abdus Sattar :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি লোকসভার ব্যাপারে যা বলা হয়েছে, তার ক্ল্যারিফিকেশন করার জন্য উঠিনি। আমি একটা অ্যামেণ্ডমেণ্ট এনেছি। সেকশন ২৫১এ এবং ২৫২, এই দুটি সেকশনে পুলিশ কেস কিভাবে বিচার হবে। ক্রিমিন্যাল প্রসিডিওর

কোড—২৫১এ এবং ২৫২এর মধ্যে ২৫২ অনুযায়ী কমপ্লেন ফাইল হবে বিচার হবে, এটার অ্যামেণ্ডমেণ্ট হচ্ছে। সেকশন ২৫২ বলছে, আপনি দেখবেন, 'The Magistrate shall ascertain from the complainant or otherwise the names of any persons likely to be acquainted with the facts of the case and to be able to give evidence for the prosecution and shall summon to give evidence himself such of them as he thinks necessary.' এখানে ম্যাজিস্ট্রেট অ্যাসার্টেন করবেন, কাকে কাকে ডাকা হবে, সামন করার বিধান আছে, ৫৪০ যেটা বলেছে, তাতে জেনারেল পাওয়ার আছে, ষ্টিল এখানে সামন করার কথা আছে। ১৯৫৫ সালে যেটা হয়েছিল তাতে দুটি আলাদা আলাদা করে দেওয়া হয়েছিল। একটা চার্জ ফ্রেম করার পর সাক্ষীকে একজামিন করা হবে, আর একটা ফ্রেম করার আগে সাক্ষীকে একজামিন করা হবে। এখানে স্লাইট ডিফারেন্স আছে। ২৫৯ (২) বলছে' if the witness refuses to plead or does not plead or claims to be tried, the magistrate shall fix a date for the examination of witness.' এখানে বলছে ফর দি একজামিনেশন অব উইটনেস অ্যাণ্ড হু উইল সামন দেম? এখানে কিন্তু ২৫২ তে সামান করার জন্য ম্যানডেটরী প্রভিশন আছে এখানে দেয়ার ইজ নো প্রভিশন লাইক দ্যাট। সেখানে তারা বলেছেন পুলিশ দায়িত্ব এড়িয়ে যাবে। এখানে পুলিশের উপর দায়িত্ব পড়েছে, তারপরে অ্যাড্ করছি and shall summon the witnesses and call for the documents or things, specified in any application made on behalf of the prosecution. যেটা ২৫২ তে আছে। তার অ্যাপ্লিকেশন করার জন্য হি উইল বি বাউণ্ড অ্যাণ্ড ম্যাজিস্ট্রেট ষ্টিল হ্যাজ গট দি ডিসক্রিশন, তবে unless for reasons to be recorded, he deems it unnecessary to summon or call for all or any of them.

যদি ম্যাজিস্ট্রেট মনে করেন ডাকা উচিত নয়, তিনি ডাকাবেন না। আর যদি ম্যাজিস্ট্রেট মনে করেন ডাকা হবে—he can do it. That discretion has been given in this amendment.

সুতরাং আপনি যেটা বলেছেন—এই প্রসঙ্গে আমি আরো বলছি, ইউ পি তে এই amendment করা হয়েছে।

**Mr. Speaker** : লোকসভায়?

**Shri Abdus Sattar** : লোকসভার সঙ্গে আমাদের, Concurrent Juridiction আছে বৈ কি। তবে এ ব্যাপার এখানে নাই। ধরুন Sub-Section-6, সেখানে Explanation দেওয়াব সময় বলেছে—আমি এটা পড়ছি। সরকারের Criminal Procedure যেখানে বলছে—Sub-section 6 does not enjoin Magistrate to compel attendance of witness unless applied for.

এটা হচ্ছে A. R. 1962, Calcutta 263—এখানে Calcutta Reporting Cases আছে—সেখানে বলছে Sub-section 6 does not enjoin Magistrate to compel attendance of witness unless replicd for.

এখানে আমি যাতে apply করে prosecation অর্থাৎ police to summon the witness, সেখানে এই provision add করেছি। আপনি বলছেন nothing new. এটা না হলে section 540 তে পারে। আমি তা অস্বীকার করছি না। Sub-section of section 252 তে বিধান আছে small summon. তারপর 251A থেমে গেছে, সেখানে add করেছি, witness and shall sumon and call for the records and things specified in the applications to be made on the behalf of the prosecution.

**Shri Hara Sankar Bhattacharyya :** এই যে Magistrate will have to summon. ম্যাজিস্ট্রেটের উপর ছেড়ে দেওয়া হল না ?

**Shri Abdus Sattar :** Magistrate shall have to summon only when the application will be made by the prosecution, by the Police. Unless he does not apply, Magistrate will not be bound to summon. Even in that case, if the application is made by the police, Magistrate will not be bound—if he thinks it is unnecessary to summon witness, he may not summon. That discretion is given to the Magistrate. If you think, under section 540 power has been given to Magistrate, I agree, but there is no provision in 251A to summon the witness. So, as there is provision under 252 empowering Magistrate to summon the witness, we want to give the same power to the Magistrate to summon the witness under section 251A.

**Shri Harasankar Bhattacharyya :** লোকসভা ১৯৫৫ সালে যখন দুটো পৃথক করে, intervene করে, তাঁদের wisdom কি হলো ? Wisdom ছিল পুলিস রিপোর্টে পুলিস initiative এ কেসগুলি যা হচ্ছে, সেগুলি যাতে তাড়াতাড়ি বিচার হয়ে যায়, সেজন্য পুলিশের উপর দায়িত্ব দেওয়া - তুমি witness হাজির করবে—252, কিন্তু অন্য জিনিস পুলিস রিপোর্টে যা 252তে আসছে না। সাক্ষীকে ধরিয়ে দেবে মাত্র, তাকে হাজির করবার দায়িত্ব নাই পুলিসের। Service report of the police ঠিকমত নাই। লোকসভা পৃথক করে দিল, এই wisdom, সেগুলি পুলিস রিপোর্ট হচ্ছে, তাড়াতাড়ি সাক্ষী হাজির করে দিক্। তাড়াতাড়ি কেসগুলি হয়ে যাক্। এই পুলিস, এই wisdom, এই আইনসভা নষ্ট করছে কেন ?

**Shri Abdus Sattar :** নষ্ট হচ্ছে না। পুলিসের যে ফাঁকি দেওয়ার chance ছিল, তা তারা আর দিতে পারবে না। অনেক সময় দেখা যায় পুলিশ সাক্ষীদের ডাকে না বা নাম দেয় না—তাদের duty করে না। ফলে অনেক সময় অনেক কেস discharge হয়ে যায়।

(A voice : 540 এর পরও ?)

Magistrate discretion use করতে পারবে এখানে পুলিশের উপর একটা mandatory provision দেওয়া হচ্ছে।

**Shri Harasankar Bhattacharyya :** Your amendment also shows that discretion সেই হিসাবে আমি বলছি যে আমার এই amendment এর ফলে ক্ষতি কিছু হবে না, বলে মনে করি এবং এতে কোন ডিলে হবে না।

[3-10—3-40 p. m. including adjournment]

The motion of Shri Abdus Sattar that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

*Clauses 1 & 2*

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 3*

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I beg to move that for clause 3, the following clause be substituted, namely :

> "**Amendment of section 251A of the Act V of 1898**
>
> 3. In section 251A of the said Act, in sub-section (6), after the word 'witnesses', the following words shall be added, namely :
>
> 'and shall summon the witnesses and call for the documents or things, specified in any application made on behalf of the prosecution unless, for reasons to be recorded, he deems it unnecessary to summon or call for all or any of them'."

**Shri Abdus Sattar :** I accept the amendment.

**Shri Harasankar Bhattacharyya :** স্যার, এটা ঠিক হচ্ছে না। উনি যেটা বলছেন তা এখানে ঠিক হচ্ছে না।

**Shri Abdus Sattar :** স্যার, উনি যেটা এমেণ্ডমেন্ট দিয়েছেন সেটা আমি এই জন্য এগ্রি করছি যে এখানে আছে shall summon for the witnesses, documents or things. সেই জায়গায় summon for the witnesses, summon for the documents and call for the documents. এটা করছি।

**Shri Harasankar Bhattacharyya :** স্যার, উনি যেটা বল্লেন সেটা সত্য নয়, এখানে যেটা আছে সেটা আমি পড়ছি and shall summon the witnesses, documents or things specified in any application made on behalf of the prosecution before the same date for summoning the same. এটা কিন্তু এই এমেণ্ডমেন্টে নাই—তাহলে কি এটা বাদ দিয়েছেন এটা আমি জানতে চাই। Before the said date for summoning the same. এটা অরিজিন্যাল প্রপোজালে আছে কিন্তু যে এমেণ্ডমেন্ট দিলেন সেটাতে নাই।

**Mr. Speaker :** Before acceptance of the amendment, may I point out to the Hon'ble Minister that now, as the amendment has been drafted, it has become obligatory on the court to issue summons. According to this amendment the court "shall" summon the witness. Can it be done ? It is completely the discretion of the court to issue summons on any witness. Then it is written, "unless for reasons to be recorded, he deems it unnecessary to summon, etc." It is a condition on the court that it will have to record the reasons for not summoning a witness. I have never seen during the last 20-25 years of my practice that for not issuing a summons the court will record the reasons therefor. So, you consider whether you can give some discretion to the court without inserting this particular line, 'that for reasons to be recorded' etc. I request the Hon'ble Minister to reconsider this matter

and see if it is possible, after consulting his department, not to give such a direction to the court by imposing such a condition that the court will have to give reasons for not issuing summons.

**Shri Abdus Sattar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমার মনে হয় অবশ্য আপনি যেটা বলেছেন ৫৪০এ ডিসক্রিসান একটা আছে। এখানে বলা হচ্ছে, একটা রিজনস দিয়ে কেন তিনি স্যামন করছেন না এই রিজনস দিতে যদি কোর্টকে বলি তাতে আমার মনে হয় কোর্ট যদি একটা রিজনস দেন তাতে কোর্টের উপর কিছু চাপানো হচ্ছে না। রিজনস না দিয়ে কোর্ট সব কিছু করবেন আমার মনে হয় লেজিসলেচার তা চাইতেন না। কোর্ট যখন চাইছে না, স্যামন করবে না হি মাস্ট গিভ সাম রিজনস দ্যাট হি উইল নট স্যামন এভরিবডি একসেপ্ট দ্যাট তিনি স্যামনস করবেন না এমন ডিসক্রিসান কোর্টকে দিয়ে দেওয়া, যে রিজনস না দিয়েও স্যামনস করবেন না, এটাতে আমরা বলছি যে তিনি যদি স্যামনস করতে না চান ডেসপাইট দি অ্যাপলিকেসান টু বি মেড বাই দি প্রসিকিউসান তারপর যদি স্যামনস করতে না চান সেখানে আমরা বলছি যে কোর্ট একটা রিজনস দিয়ে বলতে পারেন স্যামনস করা হবে না। এতে কোর্টের সম্মানের কোন ক্ষতি হবে না। তবে সিমপ্লি আমরা যেটা চাইছি দি কোর্ট মাস্ট গিভ সাম রিজনস ফর নট সামনিং দি উইটনেস।

**Mr. Speaker :** If a summons is issued but it is not served on the witness for 4, 5 or 10 consecutive dates what would be the position of the accused? The accused will have to attend the court each and every day. Besides, if the summons is not served on the witness as in not served in mony cases, the court has nothing to do in the matter.

**Shri Abdus Sattar :** কোর্টের সামনস করার কথা। হাজির করবে পুলিশ, স্যামনস সার্ভড করবে পুলিশ, যদি সার্ভ না হয়, কোর্ট তো সামনস করেছে।

**Mr. Speaker :** Court has nothing to do in the matter.

**Shri Abdus Sattar :** কোর্ট তারপর রিজনস দিয়ে বলতে পারে যে আর সামনস করা হবে না।

The motion of Shri Gyan Singh Sohanpal that for clause 3, the following clause be substituted, namely :

> **"Amendmend of section 251A of the Act V of 1898**
>
> 3. In section 251A of the said Act, in sub-section (6), after the word "witnesses", the following words shall be added, namely :
>
> 'and shall summon the witnesses and call for the documents or things, specified in any application made on behalf of the prosecution unless, for reasons to be recorded, he deems it unnecessary to summon or call for all or any of them'."

was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and a greed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Abdus Sattar :** Sir, I beg to move that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1972, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes)

[3-40—3-50 p.m.]

**( After adjournment )**

**MOTION UNDER RULE 185**

**Shri Mrigendra Mukherjee :** Mr. Speakar, Sir, I beg to move a resolution in favour of re-opening of Martin Light Rail under Rule 185.

"দীর্ঘদিন যাবৎ মার্টিন রেল বন্ধের ফলে হাওড়া ও হুগলী জেলার লক্ষ লক্ষ অধিবাসী চরম দুরবস্থার মধ্যে পড়ায় এই সভা গভীর উদ্বেগ প্রকাশ করিতেছে এবং মনে করিতেছে যে, অধিবাসীদের সামগ্রিক দুরবস্থার সমাধানকল্পে ও প্রধানমন্ত্রীর প্রাকনির্বাচনী প্রতিশ্রুতি রক্ষার্থে এবং আর্থিক দায়িত্ব বহনে কেন্দ্রীয় সরকার অক্ষমতা জানাইলে রাজ্য সরকার মার্টিন রেল পরিচালনের দায়িত্বভার বহন করিয়া তিন মাসের মধ্যে উহাকে চালু করা উচিত।"

মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে ভারতবর্ষের ইতিহাসের একটা অন্যতম উল্লেখযোগ্য দিন, আজকের দিনে গোটা ভারতবর্ষ কুইট ইণ্ডিয়া আন্দোলন শুরু করেছিলেন। মেদিনীপুর জেলা এই দিনে একটা ইতিহাসের সৃষ্টি করেছিল। আজ ১৯৭২ সালের ৯ই আগস্ট, আজকের দিনে এই প্রস্তাব বিধান সভায় রাখছি এই আদর্শ এবং উদ্দেশ্য নিয়ে যে, আজকে সরকার পক্ষ নিরবিচ্ছিন্নভাবে, বিনাশর্তে এই প্রস্তাব মেনে নিয়ে সত্যকারের ৯ই আগস্টের ঐতিহ্যকে রক্ষা করুন। এই মার্টিন রেল ১৮৯৭ সালে স্যার বীরেন মুখার্জী প্রথমে এই রেল স্থাপন করেছিলেন। সেদিন বার্ন কোম্পানীর শ্রমিকদের গ্রাম থেকে শহরে পৌঁছে দেবার উদ্দেশ্য নিয়ে এই রেল স্থাপন করেছিলেন। মালিক বা বড়লোকেরা নিজেদের স্বার্থে দেশে শিল্প স্থাপন করেন। পরে সেই শিল্প তাদের পক্ষে নতুন জীবন সৃষ্টি করে দেয়। আমরা যে মার্টিন রেলের কথা বলছি, এই মার্টিন রেল দীর্ঘদিন ধরে হাওড়া, হুগলীর অজস্র মানুষের কল্যাণে নিযুক্ত ছিল। ৫০ হাজার করে যাত্রী দৈনিক এই রেলে যাতায়াত করতেন। ২০ হাজার মান্থলি টিকেট যাত্রী দৈনিক যাতায়াত করতেন, এই রেলের আয় ছিল ৪৪ লক্ষ টাকা, যদিও তিন নম্বর খাতা খুলে কতৃপক্ষ দেখাতেন যে তাদের আয় ৩৫ লক্ষ টাকা। এই ৩৪/৩৫ লক্ষ টাকা তারা দেখিয়ে যাচ্ছেন বরাবর। তারপর সেই মার্টিন রেলকে কেন্দ্র করে ট্রেড ইউনিয়ন আন্দোলন গড়ে উঠলো এবং সর্বশেষে মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির শ্রীপতিতপাবন পাঠকের নেতৃত্বে একটা ধর্মঘট গড়ে উঠলো সেখানে, এবং তার উপসংহার এখন এই মার্টিন রেলকে চিরকালের মত ইতিহাসের পাতা থেকে মুছে দেবার একটা ষড়যন্ত্রের মধ্যে গিয়ে সে আছড়ে পড়লো। এই রেল পশ্চিম বাংলায় দুটি শিল্পপ্রধান জেলা হুগলী এবং হাওড়ার খিড়কির দরজার সংযোগস্থলে অবস্থিত। এই রেল হাজার হাজার মানুষকে জীবন দান করেছিল। গ্রামের বহু পণ্য এই রেলে আসতো। গ্রামের কৃষি জীবীদের কাছে এই রেলের শব্দ প্রতিদিন সকালবেলা নতুন জীবনের বাণী বহন করে আনতো।

আজকে সেই রেল বন্ধ হয়ে গেল। সেই রেল খোলার কোন প্রয়াস দেখা গেল না। পরের পর কথা চলতে লাগলো, বিভিন্ন সময় বিভিন্ন জায়গায় শুনলাম যে আজ মার্টিন খুলছে, কাল মার্টিন খুলবে এবং হাওড়া, হুগলীর এম. এল এ'রা জনসাধারনের কাছে কথা দিয়েছিলেন যে নতুন সরকার যদি আসেন তাহলে এই রেল তারা চালু করে দেবেন। এই আশার দিন গোনার যে আলো, যে এলাকাটি চিরকাল মার্কসবাদি পার্টির দখলে ছিল সেই এলাকাটিতে আজকে গনতান্ত্রিক জীবনযাত্রা শুরু হয়েছে। কিন্তু নতুন সরকার তৈরী হবার পর থেকে কোন সার্থক প্রয়াস এই রেল চালানোর ব্যাপারে আমরা দেখলাম না। বারে বারে এই বিধানসভায় হাওড়া, হুগলীর এম. এল. এ'রা এই ব্যাপারে বলেছেন কিন্তু স্যার, আপনি জানেন, এই দুর্মূল্যের বাজারে আলু, পটল, পিঁয়াজের দাম বেড়েছে কিন্তু এম. এল. এ'দের দাম বাড়েনি, কমে গেছে। কাজেই আজকে যখনই আমাদের কথা বলতে গিয়েছি তখনই দেখেছি কথার ফুলঝুরি ছুটছে আর মাঝে মাঝে তাজ্জব বিবৃতি কিছু কিছু দেওয়া হচ্ছে। এখন আমরা দেখতে পাচ্ছি পরের পর বিবৃতি দিয়ে যাচ্ছেন। যেমন আমরা দেখলাম ২৬/৫/৭১ তারিখে জেনারেল, ম্যানেজার রেলের বললেন যে মার্টিন রেল চালিয়ে দেওয়া হবে। তারপরে ২৪/৮/৭১ তারিখে ট্রান্সপোর্ট কমিশনার বললেন যে ৩২ লক্ষ টাকা দিলে মার্টিন রেল খোলা যায়। তারপরে ৪ঠা জুন, ১৯৭২ মুখ্যমন্ত্রী যুব কংগ্রেসের সভাপতি শ্রীসুদীপ বন্দ্যোপাধ্যায়কে বললেন সংবাদপত্রে দেখলাম, অল ইণ্ডিয়া রেডিওতে ঘোষণা করা হল যে মার্টিন রেল অতি অল্প সময়ের মধ্যে চলবে। এই বিধানসভায় মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের জানিয়েছিলেন যে মার্টিন রেল তাঁরা চালাতে চান। আমরা জানি ১১ই মার্চের নির্বাচনের ২/৩ দিন আগে বাগনানের এক জনসভায় প্রধানমন্ত্রী বক্তৃতা দিয়েছিলেন, সংবাদপত্রে দেখলাম, সেখানেও তিনি বলেছিলেন যে মার্টিন রেল তারা চালাতে চান। তাই আজকে এই সরকার, যে সরকার প্রধানমন্ত্রীর আশীর্বাদধন্য হয়ে এসেছেন সেই সরকারকে আমরা আহ্বান জানাচ্ছি যে বিনাশর্তে মার্টিন রেল চালাবার জন্য, চাকা ঘোরাবার জন্য সর্বশক্তি দিয়ে তারা এগিয়ে আসুন। আমরা জানি, এই ৯ই আগস্ট তারিখে মহাত্মা গান্ধী আন্দোলন শুরু করেছিলেন রাম রাজত্ব স্থাপন করবেন বলে। কাজেই আজকে আমাদের এই সরকার সেই রাম রাজত্বের বদলে আমলার রাজত্ব স্থাপন করুন এটা আমরা চাই না। এই সরকার আমলাদের সমস্ত সুপারিশ বানচাল করে দিয়ে মার্টিন রেল চালাবার জন্য সক্রিয় প্রয়াস নেবেন এবং এই রেলকে চালিয়ে দিয়ে প্রমান করবেন যে আমাদের এই সরকার জনদরদী সরকার, এটাই আমরা চাই। আমরা জানি, এই রেল চালাবার বিপক্ষে স্বার্থসংশ্লিষ্ট মহলের অনেক প্রচার আছে। কেউ কেউ বলেছেন, এই রেল লোকসান, কেউ কেউ বলেছেন এই রেল নিলে সরকার দেউলিয়া হয়ে যাবেন। এই রেল নিলে সরকার যদি দেউলিয়া হন তাহলে ইষ্টার্ন রেলকে তুলে দিন, সেখানে বাস চালানো যেতে পারে। কারণ, এই ১১৬ কিলোমিটার রাস্তায় যাতে বাস চালানো যায় সেজন্য আমরা জানি অনেক লোভী ব্যক্তি হাত বাড়িয়ে রয়েছে এবং সরকারী দপ্তরেও অফিসারদের চক্রান্ত রয়েছে, কেন না, ওখানে বাস চালিয়ে দিয়ে বেশী রোজগার করতে পারবেন। তাই তারা পরামর্শ দেন এই রেল চালাবার কোন দরকার নেই। প্রতিদিন সকালবেলা আমরা দেখি বাসের ছাদে উঠে মানুষ যাত্রা করছে। দাশনগরে যে ওভার ব্রীজ আছে সেখানে প্রায় প্রতিদিনই মাথায় ধাক্কা লেগে মানুষ পড়ে যায়, মারা যায়। একটি স্কুলের ছাত্র এখন পর্যন্ত হাসপাতালে রয়েছে, তার স্কাল ফেটে গেছে। বাসের এমন অবস্থা যে বাসের উপরে লোক বসে যাত্রা করছে, ভিতরে আর জায়গা নেই। এই অবস্থায় যে কোন দিন এ্যাকসিডেন্ট হতে পারে। বর্ষাকালে সেখানে যা অবস্থা হচ্ছে সেটা একবার মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে দেখে আসুন। হাওড়া, হুগলীর মানুষের জ্বালা যন্ত্রনা থেকে তাদের মুক্তি দিন। এই রেল আপনাদের কাছে লাভজনক হবে যদি একে আমতা থেকে বিস্টুপুর পর্যন্ত এগিয়ে নিয়ে যাওয়া যায় এবং এই রেলপথকে হলদিয়া পর্যন্ত নিয়ে গেলে এই রেল একটি লাভজনক ব্যবসায় পরিণত হবে। আমি তাই সরকারের কাছে আবেদন জানাবো এই সরকার যদি প্রকৃত পক্ষে জনদরদী, জনকল্যানকামী সরকার হন তাহলে বিনা শর্তে, বিনা কারণে, বিনা ওজর-আপত্তিতে

এই রেল চালাবার জন্য আমরা যে প্রস্তাব এনেছি সেটা গ্রহন করুন। আমরা যে প্রস্তাব আজকে এই হাউসে এনেছি সেই প্রস্তাবকে সাগ্রহে সমর্থন জানিয়ে এই রজত-জয়ন্তী বর্ষের সূচনা আজকে এই বিধানসভা থেকে করুন। আমরা জানি এই যে দায়িত্ব এটা দেওয়া হচ্ছে একজন জবরদস্ত মন্ত্রী

[3-50—4-00 p. m ]

ডাঃ জয়নাল আবেদিন-এর উপর। আমরা জানি এই আবেদিন কথার অর্থ হলো ধর্মের আলো, তাই আজকে তিঁনি কিছু আলো এই বিধানসভা থেকে গ্রামে ছড়িয়ে দিন, ধর্ম এবং কর্ম এক সঙ্গে ছড়িয়ে দিন এই তার কাছে আমার আবেদন। তিঁনি দিল্লী যাত্রা করেছেন, দিল্লী থেকে ফিরে এসে এই বিষয়ে সংবাদপত্রে একটা বিবৃতি দিন। ১৯৬৯/৭০ সালে যে ব্যয় তারা দেখিয়েছেন তাতেও তারা দেখিয়েছেন এই রেল থেকে প্রচুর আয় হচ্ছে। ৮ লক্ষ টাকা কম দেখিয়ে খাতা উল্টে পাল্টেও তাদের লাভের অঙ্ক ছিল। এখানে আমরা যারা ট্রেড ইউনিয়ন করি আমরা দেখেছি যতগুলি বগি চলতে পারে তার মধ্যে ১৬৪টি এবং ১২৯টি ভ্যান সেই ১৬৪টির মধ্যে শতকরা ২০টি রিপেয়ার করে চলতে পারবে। সেখানে ৩৩টি ইঞ্জিনের মধ্যে ডিজেল ইঞ্জিন একটা ছিল এবং ৩৩টির মধ্যে ১৮টি ১৪ দিনের মধ্যে রিপেয়ার করে চালানো যায়। অথচ কি শুনছি, এর নাকি এমন অবস্থা যে-কোন দিন সারানো যাবে না। আমরা টেকনিক্যাল এক্সপার্টদের কাছ থেকে খবর নিয়েছি, কিন্তু সরকারী এক্সপার্ট বলতে বার্ন কম্পানী'র এক্সপার্টরা যে হিসাব দিয়ে যায় সেটাই কি সরকারকে মেনে নিতে হবে? আজ '৭২ সালে শুনছি এই কথা এর পর যখন তুলব তখন এ টাকার অঙ্ক বেড়ে যাবে এবং এই টালবাহানা চলবে। আমাদের হুগলী, হাওড়ার সাধারণ মানুষের জীবন জীবিকা এই রেলের উপর নির্ভর করছে, সেখানকার গ্রামাঞ্চলে ছোট ছোট ব্যবসায়ীদের জীবনযাত্রা গড়ে উঠেছে এই মার্টিন রেলকে নির্ভর করে। আমরা গ্রামের কল্যাণ চাই, আমরা গ্রামের উন্নতির জন্য বক্তৃতা দিই বাজেটে বড় অঙ্ক রাখি, কিন্তু আজকে দেখতে পাচ্ছি গ্রাম বাংলার উন্নয়ন ব্যবস্থাকে বানচাল করে দিতে পারে আমলাতান্ত্রিক ষড়যন্ত্র। তাই আমি মন্ত্রিসভার কাছে তথা মুখ্যমন্ত্রির কাছে এবং অন্যান্য সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি এই আমলাতান্ত্রিক চক্রান্তকে ব্যর্থ করে দিয়ে এই বিধান সভায় ঘোষনা করুন, স্বাধীনতার রজত-জয়ন্তি বছরের ৯ই আগস্ট একটা অন্ততঃ বৈপ্লবিক ঘোষণা শুনতে চাই ডাঃ আবেদিনের কাছ থেকে যে আমরা নির্দিষ্ট সময়ের মধ্যে এই রেল চালু করে দিতে পারব।

জয়হিন্দ

**Shri Md. Safiullah** : Sir, I beg to move the motion under rule 185 and request the Hon'ble Ministers and members to accept my resolution. I, now, read the resolution as follows :

> "দীর্ঘদিন যাবত মার্টিন লাইট রেল বন্ধের ফলে হাওড়া ও হুগলী জেলার লক্ষ লক্ষ অধিবাসী চরম দুরবস্থার মধ্যে পড়ায় এই সভা গভীর উদ্বেগ প্রকাশ করিতেছে এবং মনে করিতেছে যে, অধিবাসীদের সামগ্রিক দুরবস্থার সমাধানকল্পে ও প্রধানমন্ত্রীর প্রাক্ নির্বাচনী প্রতিশ্রুতি রক্ষার্থে এবং আর্থিক দায়িত্ব বহনে কেন্দ্রীয় সরকার অক্ষমতা জানাইলে রাজ্যসরকারের মার্টিন লাইট রেল পরিচালনের দায়িত্বভার বহন করিয়া তিন মাসের মধ্যে উহাকে চালু করা উচিত।"

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি প্রথমেই আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, আমাদের এই মোসানটি অ্যালাউড করার জন্য। আপনি জানেন দীর্ঘদিন ধরে লাইট রেলপথটি বন্ধ থাকার ফলে হাওড়া-হুগলীর ২১ লক্ষ অধিবাসী অসীম দুর্দশার মধ্যে পড়েছে। আমরা বারংবার আশা

পেয়েছি কিন্তু সে আশা 'কুহকিনি আশা' আমাদের যন্ত্রণাকে শুধু বাড়িয়ে দিয়েছে। আমার মধুসূদন দত্তের কবিতাটি মনে পড়ছে,

"আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়
তাই ভাবি মনে।"

আমরা এতদিন আশায় আশায় থেকে সেদিনই প্রচণ্ড আঘাত পেয়েছিলাম—যেদিন ২১এ জুলাই আমার প্রশ্নের উত্তরে একটা হতাশা ও নৈরাজ্য আমাদের সামনে তুলে ধরেছেন। আশ্চর্যের কথা দীর্ঘ সাড়ে চার মাস পরে যদি সরকার বলেন, নীতিগতভাবে মার্টিন চালাবার কথায় সরকার স্বীকৃত হয়েছেন। আমার জিজ্ঞাস্য নীতি কি এখনও নির্ধারিত হলো না? ছয়মাস পূর্বেই প্রধানমন্ত্রীর জনসভায় নির্ধারিত হয়েছিল। আমি দেখেছি এ ব্যাপারে রাজ্যসরকারের দ্বিধাগ্রস্ত মনোভাব। আমার ডেনমার্কের রাজপুত্র হ্যামলেটের উক্তি মনে পড়ছে—'টু বি অর নট টু বি', দেট ইস দি কোশ্চেন। এই দ্বিধা কেন? আমরা কি বলতে পারি না ইট মাস্ট বি? আমি জানি সম্মুখে দুস্তর বাধা—কিন্তু দুর্লঙ্ঘ্য নয়।

হ্যামলেটের ভাষায় বলি to take arms against the Sea of troubles. আমাদের এই বাধা দূর করতেই হবে। সঠিক সিদ্ধান্তে আসার জন্য দৃঢ়প্রতিজ্ঞ হতেই হবে। আমাদের সিদ্ধান্ত নিতে হবে to take decision against the Sea of indecisions. যদি না নিই আমরা তাহলে সত্যই প্রিজনার অব ইনডিসিসান হয়ে পড়ব। সেটা কাম্য নয়, হওয়া উচিতও নয়। এই রেলপথটি প্রথম চালু হয় ১৮৯৭ সালে এবং ১৯৭১ সালের ১লা জানুয়ারি বন্ধ হওয়ার পূর্বমুহূর্ত পর্যন্ত হাওড়া-হুগলীর ২১ লক্ষ জনজীবনের এটাই ছিল একমাত্র লাইফ লাইন। তিনটি বিভাগ মিলিয়ে এই রেলপথের মোট দৈর্ঘ্য ১১৬ কিলোমিটার। তন্মধ্যে হাওড়া-আমতার ৪২.৮৪ কিলোমিটার, হাওড়া-চাঁপাডাংগা ৪৯.৮৮ কিলোমিটার, হাওড়া-শিয়াখালা ৩০.০৩ কিলোমিটার, এই লাইনে দৈনিক ৮৪ খানা আপ এবং ডাউন ট্রেনে প্রায় ৫০ হাজার যাত্রী যাতায়াত করতেন যার মধ্যে প্রায় ২০ হাজার দৈনিক যাত্রী। এই ৮৪ খানা ট্রেনে ন্যূনপক্ষে আটটা করে ৬৭২ খানা বগী থাকত। বলাবাহুল্য এই অভাব বাসগুলো পূরণ করতে পারে নি এবং ভবিষ্যতেও পারবে না। রেলের মোট ৩৩ খানা ইঞ্জিনের মধ্যে একখানা ডিজেল ইঞ্জিনও আছে এবং এরমধ্যে অন্তত: ১৬/১৭ খানা ওয়ার্কেবল আছে। আমি ইঞ্জিনের অবস্থা নিজে গিয়ে স্বচক্ষে দেখে এসেছি আমার অন্যান্য বন্ধুদের সংগে গতকাল। এই রেলপথে মোট এই তিনটি লাইনে মোট স্টেশন ৫৪ খানা, তার মধ্যে ৪২টা স্টেশন বিল্ডিং আছে। মাসে প্রায় ৫ হাজার টন মাল পরিবহন করত এই রেলপথ। ২৮ কিলোমিটার পযন্ত মানথলি ফেয়ার ছিল ১৭ টাকা, এখন সেখানে বাসে প্রতিমাসে ডেলি প্যাসেঞ্জারদের খরচ পড়ছে ৪৮ টাকার মত।

পণ্যদ্রব্য : এই রেলপথে কলকাতায় আমদানী পণ্যের মধ্যে ছানা, মাছ, শাক, সব্জি, দুধ, পান, চামড়া, তাঁতের কাপড় এবং বড়গাছিয়ার সরকারী তালা কারখানার মালপত্র। গ্রামে আমদানীকৃত পণ্যদ্রব্যের মধ্যে দৈনিক সংবাদপত্র, পাউরুটি, বরফ এবং বরফ দেওয়া মাছ, মনিহারী দ্রব্যাদি, মরিচ, মশলা, বীজ, সার, সিমেন্ট কয়লা ইত্যাদি।

তীর্থস্থান : ফুরফুরী শরিফ, মাকড়দহ ও আমতার চণ্ডীদেবীর মন্দির, জয়রামবাটিতে শ্রীমার জন্মভূমি, ঠাকুর শ্রীরামকৃষ্ণদেবের জন্মভূমি কামারপুকুর, বিবেকানন্দ স্মৃতি বিজড়িত আঁটপুর এবং রায়গুণাকর ভরতচন্দ্রের পুণ্যস্মৃতি জড়িত জগৎবল্লভপুর।

সরকারী প্রতিশ্রুতি : বাগনানের জনসভায় এই বছর আট-ই মার্চে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি। একই দিনে শ্রীসিদ্ধার্থ রায় আশ্বাস দিয়েছিলেন। বিগত ১৬ই জুন আনন্দবাজার পত্রিকার প্রথম পৃষ্ঠার সংবাদ—পশ্চিমবঙ্গ সরকারকে সাহায্য করতে রেলওয়ে বোর্ডের একদল অফিসার শীঘ্রই কলকাতায় আসছেন। শ্রীসিদ্ধার্থশংকর রায় ও শ্রীহনুমান্থিয়ার সংগে এক বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে সরকারী উদ্যোগ দপ্তরের মন্ত্রী শ্রীজয়নাল আবেদিন উপস্থিত ছিলেন। হাওড়া আমতা, হাওড়া-শিয়াখালা ও হাওড়া-চাঁপাডাংগা লাইনে আবার ট্রেন চলাচলের জন্য

কি কি ব্যবস্থা নেওয়া দরকার পশ্চিমবংগ সরকারকে তারা পরামর্শ দেবেন। খুবই আনন্দের কথা ইতিপূর্বে বিষয়টি রাজ্যসভায় তোলেন পশ্চিমবঙ্গের রাজ্যসভার মনোনীত সদস্য সর্দার আমজাদ আলী। তারপরেই হতাশা। অর্থাৎ সোজা বাংলায় যাকে বলে গাছে তুলে মই কেড়ে নেয়া। তারপর ৩রা জুলাই স্টেটসম্যানের প্রথম পৃষ্ঠার খবর 'Railway Board, it is learnt, sent a communication to the West Bengal Government recently stating that it would be in a position to take over the railway. Should the State Government wish to run it, the Railway Board would be prepared to give necessary authority to the State Government and also provide what assistance it could ..... এরপরেও আমরা চুপ করে থাকব নিশ্চয়ই মন্ত্রীমণ্ডলী আমাদের কাছে এই আশা করবেন না। আমরা জনসাধারণকে ধোঁকা দিই নি। মার্টিন রেল নিয়ে বারে বারে প্রতিশ্রুতি ভংগ আমরা কোনদিন বরদাস্ত করব না। আমরা প্রতিজ্ঞা করছি যে যদি এই ট্রেন না চলে তাহলে আমরা হাওড়া থেকে দক্ষিণ পূর্ব রেলের সমস্ত ট্রেন অবরোধ করব। কারণ জনসাধারণকে নির্বাচনে প্রতিশ্রুতি দেয়া এটা ধোঁকা নয়। এই প্রতিশ্রুতি আমরা অক্ষরে অক্ষরে পালন করব। অনুরোধ উপরোধের স্তরে আর এখন নেই, আমি আশা করি মন্ত্রীমণ্ডলী একটা প্রত্যক্ষ সংগ্রামের দিকে যেন আমাদের ঠেলে না দেন। আমাদের জনসাধারণ দুর্দশাগ্রস্ত অবস্থায় থাকবে, কুকুর ছাগলের মত অবস্থায় থাকবে, আমরা চুপ করে থাকব না। আমরা এই শীতাতাপ নিয়ন্ত্রিত ঘরে বসে কথার তুবড়ী ছোড়াব আর লক্ষ লক্ষ

[4—4-10 p. m.]

যাত্রীসাধারণ দুর্দশা ভোগ করবে তার জন্য আমরা কাউকে ক্ষমা করব না। এই Martin Rail সম্বন্ধে যদি ১৪ আগস্টের মধ্যে সরকারী সিদ্ধান্ত না নেওয়া হয় তাহলে আমরা আন্দোলনের পথে নামবো তখন আমাদের কেউ দোষ দেবেন না। আমরা জনসাধারণের এই অতীব যন্ত্রণার কথা ভুলতে পারি না। আমরা তাই দাবি করছি পশ্চিম বাংলা সরকার থেকে যেখানে কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে সেখানে একটা সুনির্দিষ্ট কর্মপন্থা আজকের সভায় আপনারা উপস্থিত করবেন। আজ সংবাদপত্রে দেখলাম এ বিষয় নিয়ে জয়নাল সাহেব ও মুখ্যমন্ত্রী দিল্লী যাবেন কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে একটা definite প্রতিশ্রুতি তাঁদের নিয়ে আসতে হবে। জনসাধারণের এই দাবিকে যদি আপনারা উপেক্ষা করেন তাহলে আমাদের আপনারা আগুনের মুখে ঠেলে দেবেন। এই কথা বলে আমাদের এই প্রস্তাবকে গ্রহণ করার জন্য আমি অনুরোধ করছি।

**Shri Sudhir Chandra Bera :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই প্রস্তাব উত্থাপন করে মাননীয় সদস্যরা যখন যথেষ্ট উত্তাপের সঙ্গে কথা বলছিলেন তখন জয়নাল সাহেব মৃদু মৃদু হাঁসছিলেন। সেজন্য আমরা আশা করছি তিনি এমন একটা ঘোষণা করবেন যাতে আমরা উচ্চ হর্ষধ্বনির দ্বারা হাততালি দিয়ে তাঁকে স্বাগত জানাতে পারব। আজ যে প্রস্তাব Houseএর সামনে রাখা হয়েছে আমার মনে হয় সেই প্রস্তাব বাংলা দেশের মানুষের প্রস্তাব, হাওড়া স্থানীয় যে সমস্ত মানুষরা বহু দুঃখ কষ্ট নিয়ে যাতায়াত করে তাদের প্রস্তাব। এই প্রস্তাবে Martin রেল ৩ মাসের মধ্যে খোলার প্রস্তাব করা হয়েছে। নির্বাচনের আগে আমাদের প্রধানমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে Martin খোলা হবে। তারপর আমাদের মুখ্যমন্ত্রী বিধানসভায় বলেছিলেন Martin খোলা হবে। কিন্তু আজ পর্যন্ত Martin খোলার দিকে একটুও কাজ এগোয়নি। একটা আমরা স্পষ্ট করে বলতে চাই শুধু Martin এর বরখাস্ত কর্মচারীদের জন্য নয়, নিত্যযাত্রী-দের দুর্দশার জন্য নয়, বাংলা দেশের জনসাধারণের কাছে প্রধানমন্ত্রী যা প্রতিশ্রুতি দিয়েছিলেন তার

অন্যও নয়, আমাদের কথা হচ্ছে আমাদের সরকার দৃঢ়প্রতিজ্ঞ হয়ে এক একটা প্রতিশ্রুতি Date দিয়ে পালন করবে এবং সেই প্রতিশ্রুতি যে পালিত হচ্ছে সেটা আমরা দেখতে চাই। আমাদের মন্ত্রিসভা ২০শে March এসেছে আজ ৯ই August কিন্তু এর মধ্যে Martin এর ব্যাপারে আমরা কোন স্পষ্ট প্রতিশ্রুতি পাইনি। আমরা শুধু মাঝে মাঝে Martin খুলবে শুনছি, কিন্তু আমরা দেখলাম আমরা যতটা এগিয়েছি, তার চেয়ে বেশী পিছিয়েছি। অর্থাৎ সেই তৈলাক্ত বাঁশে বাঁদরের বেয়ে ওঠার মত হয়ে যাচ্ছে। আমরা ছোটবেলায় অঙ্ক কষতাম একটি তৈলাক্ত বাঁশে বাঁদরটি খানিকটা করে ওঠে, খানিকটা করে নাবে। আমাদের এই ব্যাপারেও ঠিক তাই হয়েছে। সেদিন একটা Study team এসেছিল এবং তারা লাইন, বগী, ইঞ্জিন ইত্যাদি সমস্ত Inspection করতে গিয়েছিল। আমরা কয়েকজন ভয়েতে গিয়েছিলাম এজন্য যে হয়ত আমলাতন্ত্রের চক্রান্তে বলবে না Martin চলবে না, অনেক টাকা লাগবে, Rail Line নেই, Slipper নেই। আমরা সেই Study team এর সঙ্গে ঘুরে দেখে এসেছি যে এমন কিছু ক্ষতি হয়নি। আমরা Stady team কে দেখিয়েছি রাস্তা, Slipper ঠিক আছে। আমরা লাইন ধরে ধরে গেছি। আমরা কারখানায় গিয়ে দেখিছে যে সেই কারখানা চালান এমন কিছু শক্ত কথা নয়। আমলাতন্ত্রের কাছ থেকে নানারকম কথা শুনেছি তারা কখনও বলছে এটা নেই, ওটা নেই। আমাদের ধারণা ক্ষতির জন্য Martin বন্ধ করে দেওয়া হয়েছে সেটা যথার্থ ক্ষতি নয়। এটা একটা manipulated ক্ষতি। বহু unscrupulous business house তাদের ছাড়াপত্রে এমন false ভাবে দেখায় যাতে মনে হয় বহু loss যাচ্ছে। তারপর গভর্নমেন্ট যখন তাদের কারবার খুলবার জন্য টাকা দেন সেই টাকা থেকে তারা কিছু আত্মসাৎ করেন। এই রকম ১০টা উদাহরণ আমি হাউসের সামনে হাজির করব। আমি যেটুকু স্পষ্ট করে বলতে চাই সেটা হচ্ছে আমরা মার্টিন ট্রেন খুলবার স্পষ্ট প্রতিশ্রুতি মন্ত্রিমহাশয়ের কাছে চাই, তা নাহলে বিধানসভার ভেতরে মন্ত্রিদের ঘেরাও করব কিনা সেটা ভেবে দেখতে হবে। তাই আমি বলছিলাম ১৫ই আগস্ট স্বাধীনতার রজত-জয়ন্তী উৎসবে মন্ত্রিমহাশয় একটা স্মরণীয় জিনিস করুন, মার্টিন ট্রেন চালু করে দিন। মার্টিন রেল চালু করার ব্যাপারে কোন টেকনিক্যাল কারণ না দেখিয়ে ১৪ই আগস্ট রাত্রিতে যে সেসান হবে, আমি অবশ্য কোন প্রোগ্রাম পাইনি, সেই রাত্রিতে পশ্চিমবঙ্গ সরকার ঘোষণা করুন যে মার্টিন রেল চালু করা হবে এবং তার একটা তারিখ চাই। ১৪ তারিখ রাত্রিতে আমাদের স্পষ্ট প্রতিশ্রুতি দিতে হবে এবং দৃঢ় কণ্ঠে ঘোষণা করতে হবে যে মার্টিন রেল অমুক দিন থেকে চালু হবে। তারপর মার্টিন রেলে যে ক্ষতি হয় সে সম্বন্ধে আমি আগেই বলেছি, যে ক্ষতি হয় সেই ক্ষতি ঠিক নয়, কিছু লোক টিকিট ফাঁকি দেয় সেটা বাংলাদেশে বাঙালীর চরিত্র। সেটা শুধু মার্টিন রেলে নয়, সর্বত্র। ইস্টার্ন রেলওয়ে যেখানে সবসময় লোক চলে সেখানে চেয়ার থাকে না, হ্যাণ্ডেল থাকে না, পাখা থাকে না, কিন্তু যে স্টাডি টিম এসেছিল তাঁরা দেখে গেছেন মার্টিন ট্রেন এতদিন বন্ধ হয়েছে কিন্তু তার লাইন চুরি যায়নি, স্লিপার চুরি যায়নি। এতেই বোঝা যায় মার্টিন ট্রেনের প্রতি জনতার দরদ কতটা। জনসাধারন মার্টিন ট্রেনকে নিজের সম্পদ বলে গ্রহণ করেছে। আমি জনতার তরফ থেকে যেটুকু প্রতিশ্রুতি দিতে চাই সেটা হচ্ছে এই যে জনসাধারণ যাতে টিকিট দিয়ে যায় সেই বিষয়ে আমরা সজাগ থাকব, আর যারা ফাঁকি দিয়ে যায় তাদের যথেষ্ট শিক্ষা হয়েছে, তারা আর ফাঁকি দেবে না। আমি হাত জোড়ো করে মন্ত্রিসভার কাছে অনুরোধ করছি ১৪ই আগস্ট রাত্রে এই ঘোষণা স্পষ্টভাবে করা হোক যে জনতার কাছে দেওয়া প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, আমাদের প্রতিশ্রুতি আমাদের দলের প্রতিশ্রুতি, এই প্রতিশ্রুতি অক্ষরে অক্ষরে পালন করবার জন্য আমরা বদ্ধপরিকর এবং তার প্রথম ধাপ হিসাবে এই মার্টিন রেল খুলবার তারিখ ১৪ই আগস্ট রাত্রিতে ঘোষণা করা হোক।

**Mr. Speaker :** There is one amendment to the motion b: Shri Sankar Das Paul. I now call upon Shri Sankar Das Paul to mov his amendment.

**Dr. Zainal Abedin :** মিঃ স্পীকার স্যার, এটা রেজলিউসান বলে বর্ণনা করা হ'য়েছে I object to it. Possibly you have admitted it under rule 185.

**Mr. Speaker :** It is not a resolution. It is a motion under rule 185.

**Dr. Zainal Abedin :** It should be absolutely under rule 185 and not under rule 170, as may learned friend pointed out during moving of his motion.

**Shri Sudhir Chandra Bera :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই সেকসান কি ঐ সেকসানের কথা তুলে মার্টিন ট্রেণ বন্ধ করে রাখলে আমরা শুনব না। মার্টিন ট্রেণ চালু করার একটা নির্দিষ্ট তারিখ ঘোষণা করুন।

**Shri Sankar Das Paul :** আই বেগ টু মুভ দ্যট—

(১) ৩য় ও ৪র্থ লাইনে "ও প্রধান মন্ত্রীর প্রাক্ নির্বাচনী প্রতিশ্রুতি রক্ষার্থে এবং" এই কথাগুলি বাদ দেওয়া হউক, এবং

(২) ৫ম ও ৬ষ্ঠ লাইনে "দায়িত্ব ভার বহন করিয়া তিন মাসের মধ্যে উহাকে চালু করা উচিত" এই কথাগুলির পরিবর্তে নিম্নলিখিত কথাগুলি বসান হউক, যথা—

"উপযুক্ত প্রচেষ্টা থাকা উচিত।"

মাননীয় অধ্যক্ষমহাশয়, মার্টিন রেল চালু করা সম্বন্ধে মাননীয় সদস্য যে মোশান এনেছেন সেটা চালু করা খুব দরকার, সেটা আমিও স্বীকার করছি। কিন্তু এই মোশানে যেকথা লেখা আছে ইন্দিরা গান্ধীর প্রাক নির্বাচনী প্রতিশ্রুতি রক্ষার্থে—আমি জানি আমাদের নেত্রী যে প্রতিশ্রুতি দেন সেটা তিনি রক্ষা করেন। আপনারা দেখেছেন ইলেকসানের আগে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন বাংলাদেশ থেকে পাকিস্থানী বাহিনী হঠাব এবং মুজিবর রহমানকে বাংলাদেশে রাখব, এই প্রতিশ্রুতি আমাদের নেত্রী রেখেছেন। আমার বিশ্বাস প্রতিশ্রুতি যদি তিনি দিয়ে থাকেন তাহলে সেই প্রতিশ্রুতি তিনি নিশ্চয়ই রাখবেন। কিন্তু তার আগে কয়েকটি কথা চিন্তা করতে হবে……

( তুমুল হট্টগোল)

মাননীয় সদস্যরা উত্তেজিত হবেন না, আমি আপনাদের সংগে একমত। আমাদের এই সরকার ৪ মাস কয়েকদিন হল এসেছে, এই সময়ের মধ্যে আমাদের সরকারকে খরা এবং খরার সম্মুখীন হতে হয়েছে, তারজন্য কোটি কোটি টাকা খরচ করতে হচ্ছে।

**Shri Md. Safiulla :** ফরাক্কায় কয়েক কোটি টাকা জলে ঢেলে দেওয়া হয়েছে, আর মার্টিন ট্রেণের জন্য ১ কোটি টাকা খরচ করতে পারেন না? আমরা খরা এবং খরার কথা বলে এড়িয়ে গেলে শুনব না।

[4-10—4-20 p. m.]

**Shri Sankar Das Paul :** আমাদের সামনে খরা রয়েছে যাকে প্রতিরোধ করতে হবে এবং দেশের লোককে বাঁচাতে হবে। আমি মনে করি ৩ মাসের মধ্যে এই কাজ করা সম্ভব নয়। তবে একথাও আমি বলছি যে, ৩ মাসের মধ্যে এটাকে চালু করা উচিত এরকম একট

প্রতিশ্রুতি থাকা উচিত। আমরা চাই মার্টিন রেল চালু হোক, কিন্তু সরকারকে সময় দিতে হবে তারজন্য। এখন খরা ঝরা প্রভৃতি চলছে, এইসব স্বাভাবিক হলে তবে তো লোকেরা ট্রেনে চাপবে। কাজেই ৩ মাসের যায়গায় উপযুক্ত প্রচেষ্টা থাকা উচিত একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ananda Gopal Mukherjee :** মাননীয় স্পীকার মহাশয়, আমার মেম্বার অব দি হাউস কি একথা বুঝবে যে যিনি এই অ্যামেণ্ডমেন্ট এনেছেন তিনি শুধু একটা বক্তৃতা করেছেন, তিনি কোন অ্যামেণ্ডমেন্ট মুভ করেননি ?

**Mr. Speaker :** He has moved the amendment in his own way.

**Shri Krishna Pada Roy :** মাননীয় স্পীকার মহাশয়, মাত্র কয়েকমাসের এই চলতি অধিবেসনে আজকে মার্টিন রেলওয়েব উপর আমি বোধ হয় তৃতীয় দিনের বক্তব্য রাখার সুযোগ পাচ্ছি। আমি হাওড়া জেলা থেকে নির্বাচিত প্রতিনিধি হিসেবে প্রথম দিন হাওড়া এবং হুগলী জেলার কয়েক লক্ষ মানুষের দৈনন্দিন জীবনে যে যন্ত্রনা এবং নির্যাতন তার সুষ্ঠ, সমাধানের কথা একাধিকবার পশ্চিম বাংলার বিধানসভায় বলেছি। আমি পশ্চিমবংগ যুব কংগ্রেসের সহ সভাপতি হিসেবে পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী এবং যাঁর উপর দায়িত্ব দেওয়া হয়েছে সরকারের তরফ থেকে তাঁর সংগে একাধিকবার যোগাযোগ করেছি। আমি জানি হাওড়া এবং হুগলী জেলার সমস্যা এবং মার্টিন রেলওয়ে চালাবার প্রয়োজনীয়তা আছে কিনা। মাননীয় স্পীকার মহাশয়, আপনি যে আসনে বসে আছেন ওখানে যদি না থাকতেন তাহলে আপনাকে আমি বলতাম যে আপনার বাড়ীর সামনে দিয়ে মার্টিনের যে ফুফুট লাইন চলে গেছে সেই লাইনের মানুষের যন্ত্রনার কথা আপনি জানেন এবং সেকথা ভেবে আপনি একটা ঐতিহাসিক রুলিং দিন এই মার্টিন রেলওয়ে চালাবার জন্য। একটু আগে একজন মাননীয় সদস্য যে অ্যামেণ্ডমেন্ট মুভ করেছেন তাতে তিনি প্রয়োজনীয়তার কথা বলেছেন এবং পশ্চিম বাংলার মানুষের কাছে প্রধানমন্ত্রীর নির্বাচনী প্রতিশ্রুতির কথাও উল্লেখ করেছেন। অনেক মাননীয় সদস্য উঠতে বসতে, হাটে বাজারে ইন্দিরা গান্ধীর নাম ভাংগিয়ে, তাঁর কথা বলে সমস্ত কিছু চালাবার চেষ্টা করেন, কিন্তু মার্টিন রেলওয়ের মত একটা সমস্যা যার জন্য হাওড়া এবং হুগলী জেলার অর্থনৈতিক, রাজনৈতিক এবং সামাজিক জীবন গত এক বছর ধরে বিপর্যস্ত হয়েছে তার হাত থেকে বাঁচার জন্য আমরা ইন্দিরা গান্ধী তাঁর প্রতিশ্রুতি রাখেন একথা জনসভায় বলতে পারি কিন্তু কার্যক্ষেত্রে তা করিনা। যে বন্ধু এই মোসন এনেছেন তাঁর মনে রাখা উচিত ছিল যে বাংলাদেশে ইন্দিরাগান্ধীর আদর্শের ধ্বজা ধরে যাঁরা সমাজবাদ প্রতিষ্ঠা করতে চাচ্ছেন তার মধ্যে আমরাও আছি। আমরাও চাই ইন্দিরাগান্ধীর কথা বাস্তবে রূপায়িত হোক। যেহেতু এই রেলওয়ে চালাবার দায়িত্ব মূলতঃ পশ্চিমবংগ সরকারের সেহেতু আমি আশা করি ইন্দিরা গান্ধীর কথাকে সম্মান দিয়ে সরকার এই মার্টিন রেলওয়ে চালাবার ভার গ্রহণ করবেন। যিনি এই অ্যামেণ্ডমেন্ট এনেছেন তিনি বলেছেন ৩ মাসের মধ্যে নাকি এই রেলওয়ে চালান সম্ভব নয়। ৩ মাসে এটা চালু করা সম্ভব নয় এই যে কথা বলা হয়েছে সেখানে আমার বক্তব্য হচ্ছে রেলওয়ে লাইনের উপর যে বন জংগল হয়ে রয়েছে সেগুলি দূর করবার একটা প্রচেষ্টা থাকা উচিত এবং এটা করলে সেই কথায় প্রমান দিয়ে আমরা পশ্চিম বাংলার জনসাধারণকে বলতে পারি যে জংগল কাটছে, ৩ মাস বা ৪ মাস পর ট্রেন চলবে। পশ্চিম বাংলা সরকারের মন্ত্রীসভায় যাঁরা আছেন তাঁরা নেতিবাচক কথা দিয়ে আমাদের প্রচেষ্টাকে সম্পূর্ণরূপে উড়িয়ে দেবার চেষ্টা করছেন। কিন্তু আমরা হাওড়া এবং হুগলী জেলার যাঁরা প্রতিনিধি আছি তাঁরা সেখানকার মানুষকে কথা দিয়েছিলাম যে ছোট ছোট ব্যবসায়ী, লক্ষ লক্ষ যাত্রী এবং ছোট ছোট হকার যারা এর সঙ্গে জড়িয়ে রয়েছে, যাদের অর্থনৈতিক জীবন, সামাজিক জীবন বিপর্যস্ত অবস্থায় রয়েছে সেটা আমরা দূর করব। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব আপনারা

যেকোন দিন হাওড়া স্টেশন থেকে কয়েক মাইল দূরে ঘুরে আসুন এবং দেখুন সেখানে কি অবস্থা চলছে, কি অবস্থায় কয়েক লক্ষ মানুষ মাত্র কয়েকটি বাসের উপর নির্ভর করে তাদের দৈনন্দিন জীবন যাত্রা চালাচ্ছে। স্কুল কলেজের ছাত্রসংখ্যা দিন দিন কমে আসছে এবং তারা এখন হাওড়া শহরের দিকে আসতে পারছে না কারণ ১৭ টাকার জায়গায় এখন ৪৫ টাকা বাস ফেয়ার লাগছে। মন্ত্রীসভার সদস্যেরা এবং মুখ্যমন্ত্রী যখন দিল্লী যাচ্ছেন তখন তাদের কাছে থেকে আমরা একটা উত্তর চাই। দিল্লী থেকে ফিরে এসে যেন হাওড়া এবং হুগলী জেলার এম এল এ-দের যে বলবেন মার্টিন রেলওয়ের বদলে দিল্লীর লাড্ডু নাও সেকথা কিন্তু আমরা শুনব না। যে অবস্থা চলছে তাতে হয়ত আমাদের একদিন চরম পর্যায়ে দাঁড়িয়ে মন্ত্রীসভার কাছে বলতে হবে যে এটা আমাদের দাবি, এটা হাওড়া এবং হুগলী জেলার জনসাধারণের দাবি। আমরা স্বাধীনতার রজত-জয়ন্তী উৎসবে গণতান্ত্রিক সমাজবাদের অনেক কথা বলব, মানুষের দুঃখ কষ্ট মিটিয়ে দেবার কথা বলব। একটু আগে মন্ত্রিমহাশয় বললেন যে, পশ্চিম বাংলায় সি এম ডি এ ড্রেন তৈরী করবার জন্য কোটি কোটি টাকা খরচ করছে, আবার সেই ড্রেন বুজিয়ে দেবার জন্য অনেক টাকা খরচ করা হচ্ছে। আমি তাঁদের কাছে বলছি, মাত্র ৭১ লক্ষ টাকা দিন না এই রেলপথ খুলে দেবার জন্য। তিনি হয়ত বলবেন নীতিগতভাবে আমরা মেনে নিচ্ছি, যেভাবে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন আমরা চালাব, সচেষ্ট আছি। কিন্তু আমরা আর কতদিন এইভাবে চলব সেকথা কিন্তু শুনছি না। হাওড়া জেলার মানুষ দিল্লীর কথা ভাবে না, তারা ভাবে কি করে আমতা যাব এবং সে কথা ভেবে তাদের ঘুম হয় না। আমার বক্তব্য হচ্ছে এটা যখন পশ্চিমবংগ সরকারের দায়িত্ব তখন পশ্চিমবংগের এই প্রগতিশীল সরকার স্বাধীনতার রজত-জয়ন্তী উৎসবে এই ঐতিহাসিক ঘোষণা করুন যে ৩ মাসের মধ্যে যাতে এই রেলপথ চালু হয় বা অন্ততঃ চালান যাবে এরকম কাজ করবার চেষ্টা আমরা করছি। এটা যদি আপনারা বলেন তাহলে মানুষকে আমরা বলতে পারব যে আজকের সরকার পশ্চিম বাংলার মানুষের সরকার এবং তাদের কথা সরকার ভাবেন। আর একথা যদি পরিস্কার করে আপনারা না বলেন তাহলে লক্ষ লক্ষ মানুষের স্বার্থে এই দাবি অন্য কোন পথে নিয়ে যেতে হবে কিনা সেকথা আমি জানি না। আমরা সংগ্রাম করেছি এবং সংগ্রাম করতে আমরা জানি। আমাদের হয়ত বা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে বলতে হবে যে এই মার্টিন রেলওয়ে চালাবার জন্য আমাদের হয়ত চরম ব্যবস্থা গ্রহণ করতে হতে পারে। একটা অপ্রীতিকর অবস্থার মধ্যে যাতে যেতে না হয়, একটা বিশৃংখল অবস্থায় যাতে যেতে না হয় সেই জন্য পশ্চিমবংগ সরকারের কাছে হাওড়া এবং হুগলী জেলার প্রতিনিধিদের এই দাবি যে মার্টিন রেলওয়ে চালাবার দায়িত্ব আপনারা গ্রহণ করুন।

[4-20—4-30 p. m.]

**Shri Ajit Kumar Bose :** মিঃ স্পীকার স্যার, আগেকার দিনে হুগলী জেলা থেকে আমাদের জেলায় জঙ্গীপাড়ায় যেতে হলে সকালবেলা বেরোতাম ৫॥০টার সময় এবং দুপুর একটার সময় পৌছতাম। হাওড়া ময়দান ঘুরে মার্টিন রেল দিয়ে জঙ্গীপাড়ায় যেতে হতো। তখন থেকে আমাদের জেলার লোকেরা আমাদের কাছে বলেছে এই জেলার মহকুমা শহর থেকে সেই মহকুমার অন্তর্গত অন্য একটা অংশে আসতে ৮।১০ ঘণ্টা সময় লেগে যাচ্ছে। এই যে রেলপথের দুর্দশা, এই রেল পথকে আরও উন্নত করতে হবে। স্পীকার মহাশয়, আপনি জানেন, কারণ আপনি হাওড়ায় থাকেন, হাওড়া এবং হুগলীর একটা অংশের লোকেরা দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছে এই লাইট রেলকে বড় করতে হবে। এবং এর আরও সম্প্রসারণ করতে হবে। তার বদলে আমাদের দেশে যা হ'ল, এই লাইট রেল যা আজকের দিনে মানুষের প্রয়োজন মেটাতে পারছে না, আপনি দেখেছেন দৈনিক মার্টিন রেলের ছাদে চেপে হাজার হাজার লোক যাতায়াত করেন। কাজেই এই মার্টিন রেল যা আজকে মানুষের চাহিদা মেটাতে পারছিল না, ওখানে ব্রড গেজ লাইন চালু করতে হবে, এই দাবি হাওড়া, হুগলীর ১৫ থেকে ২০ লক্ষ লোক করে

আসছে বহু দিন ধরে। এই রকম একটা পরিস্থিতিতে রেল পথ বন্ধ হয়ে যাওয়ার ফলে ওখানকার সাধারণ মানুষ একটা বিরাট অর্থনৈতিক বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। ক্ষয় ক্ষতি ঐ দুটি জেলায় ৮টি থানাতেই শুধু হয় নি,, তার আশেপাশের লোক যারা এই রেল লাইনকে কাজে লাগাতেন দীর্ঘদিন ধরে। এই কথাই চলে আসছে, এই রেল লাইন যত ছোটই হোক, এটা হাওড়া, হুগলীর মানুষের লাইফ লাইন, প্রাণসঞ্চারের লাইন, এটা ভাল করা, বড় করার দরকার, এই রকম একটা পরিস্থিতিতে যে অবস্থার সৃষ্টি করা হয়েছে, আমি মন্ত্রীসভার সদস্যদের ভালভাবে বুঝতে বলি। তাঁরা বলবেন আমরা সব বুঝি, আমাদের কি অনুভূতি নেই, দুর্গত জনসাধারণের জন্য নিশ্চয়ই আছে। কিন্তু বিশেষভাবে এই বিষয়ে একটা অনুভূতির প্রয়োজন, প্রয়োজন এই জন্য, যেখানে মানুষের চাহিদা ছিল অন্য, আরও ভাল, আরও বড়, সেদিকে না গিয়ে, হঠাৎ যেটুকু সুযোগ সুবিধা ছিল, সেটা বন্ধ করে দেওয়া হ'ল। তারপর কি হবে না হবে, তার টালবাহনা চলছে। এই বিষয়ে একটা সুস্থ অনুভূতির পরিচয় দিচ্ছেন না। কেন, আপনারা বলছেন না যে আমরা আগামী ছয় মাসের মধ্যে মার্টিন রেল চালাবার ব্যবস্থা করবো! পুরোপুরি না পারি আংশিক ভাবে চেষ্টা করবো। এক কোটি টাকা খুব একটা বেশী টাকা নয়, যদিও আমাদের দেশের সংস্থান নেই। এক কোটি টাকা হলে মার্টিন রেল চালু করা যায়। এর আগে আমার বন্ধু হিসাব দিয়ে গেলেন। আমি কিছু দিন আগে চণ্ডীতলা থেকে কোটরামপুর গিয়েছিলাম। ছেলেবেলা থেকে দেখে আসছি মার্টিন রেল লাইন পাতা আছে, এখনও দেখছি। একটা অদ্ভুত ব্যাপার আমাদের জেলায় ব্রডগেজ লাইন হয় তারকেশ্বর আরো ইত্যাদি জায়গায়, যেখানে কয়েকদিনের মধ্যে রেল প্রপার্টি ইত্যাদি লুঠপাট হয়ে গিয়েছিল। এখানে দেখলাম সব সম্পত্তিই বজায় রয়েছে। আমি জিজ্ঞাসা করলাম, ব্যাপার কি, এই সব এখনও লুটপাট হয় নি কেন? লোকে আমাকে তেড়ে এলো। এই রেলের সম্পত্তি যাতে চুরি না হতে পারে, সমাজ বিরোধীরা লুঠপাট করতে না পারে, তারজন্য এইগুলো আমরা আগলাচ্ছি। মানুষের আগ্রহ আপনারা লক্ষ্য করুন। এত বড় রেল লাইনে মাত্র ১০ ফিট রেল গোলমাল হয়েছে। ৪০টা স্টেশনের মধ্যে মাত্র ৬টি স্টেশনে কিছু দরজা জানালা নষ্ট হয়েছে আর সব ইনট্যাক্ট আছে। এ জিনিস অন্য কোথাও কি কখনও শুনেছেন। আপনারা ওখানে ঘুরে না এলে ওখানকার মানুষের সংগে কথাবার্তা না বললে মানুষের এই আগ্রহ আপনারা বুঝতে পারবেন না। কাজেই মানুষ যখন সমস্ত রেলওয়ের সম্পত্তি আগলাচ্ছে তখন আপনারা এ বিষয়ে একটু নজর দেবেন। যখন বি পি আর উঠে গেল তিন মাসের মধ্যে বি পি আরের সম্পত্তি কোথায় গেল তার ঠিক নাই। এবং সেই জায়গায় ঘর বাড়ী উঠে গেল। বি পি আর আমাদের জেলায় বর্ধমান জেলায় যখন উঠে তখন আমরা ডাক্তার বিধান রায়ের কাছে গিয়েছিলাম। তিনি বলেছিলেন আমি রাস্তা পাকা করে দিচ্ছি বাসের ব্যবস্থা হলে তোমাদের অভিযোগ বলে কিছু থাকবে না। ঐ লাইনটা তত গুরুত্বপূর্ণ ছিল না। সেইজন্য সেইরকম আন্দোলন হয় নি কিন্তু মার্টিন রেল সত্য সত্যই ১৫ থেকে ২০ লক্ষ লোকের জীবনের অত্যাবশ্যকীয় জিনিস, লাইফ লাইন। কাজেই এটার সম্বন্ধে আপনারা বিশেষ চেষ্টা করুন। আপনারা ঘোষণা করুন একটু সময় নিয়ে বলুন যে এর মধ্যে আমরা মার্টিন রেল চালু করবো। মানুষের এই যে অনুভূতি, মানুসের এই যে আগ্রহ, তার মর্যাদা আপনারা দিন। এই অনুভূতি আর এই আগ্রহ আমি পশ্চিম বাংলার জন্য কোথাও দেখাতে পাই নি। রেলের চুরি আছে সব জায়গায়। আর ফাঁকি দিয়ে রেল চড়া সব জায়গাতেই আছে। মার্টিন রেলেও ছিল সেটা আমি জানি। আজকে মোটামুটি মানুষের মধ্যে যে আগ্রহ এবং অনুভূতি দেখছি আমি মনে করি আগামী দিনে এই মানুষেরাই পাহারা দেবে এবং ভাববে যে এই রেল আমাদের। এই রেলওয়েতে কাউকে বিনা পয়সায় যেতে দেব না। ৫২/৫৩ সালে যখন আমি এম-এল-এ ছিলাম তখন আমি দেখতাম অনেক লোক ফাঁকি দিয়ে চলেছে। তখন প্রতিবাদ করেছি কিন্তু মানুষ আমাদের কথা শোনে নি। আজকে সেই মানুষকে দেখলাম তারা বলে একবার যদি রেল আপনারা চালু করতে পারেন তাহলে ঐ রেলে আর যাতে কেউ ফাঁকি দিয়ে না যেতে পারে তার ব্যবস্থা আমরা করবো। মন্ত্রিমহাশয়ের কাছে

অনুরোধ করছি যে সাধারণ মানুষের এই যে অনুভূতি আপনারা তার প্রকৃত মর্যাদা দিন। অধ্যক্ষ মহাশয়, কাগজে ছাপা হচ্ছে যে সম্পত্তি অনেক নষ্ট হয়ে গেছে। আমি মনে করি এটা ইন্টারেস্টেড কোয়ার্টার থেকে এই সমস্ত কথা বলা হচ্ছে। মন্ত্রিমহাশয়ের কাছে কি খবর আছে জানি না আমার কাছেও কিছু কিছু খবর আছে। তাতে আমি বলতে পারি সম্পত্তি আপনাদের বিশেষ কিছু নষ্ট হয়নি। ঐ যে বাঁকড়াতে কারখানা আছে, রেলওয়ে ওয়ার্কসপ সেই কারখানা অল্প কয়েকদিনের মধ্যেই মেরামত করিয়ে আপনারা নিতে পারবেন। বেশীরভাগ সম্পত্তি থেকে গেছে, ওয়াগন থেকে গেছে, রেলের কামরা, ইঞ্জিনও থেকে গেছে অল্পস্বল্প স্লীপার নষ্ট হয়েছে সুতরাং সেগুলি পরিষ্কার করে মেরামত করা হোক। এবং যেগুলি নষ্ট সেগুলি কিছু কিছু রিপ্লেস করে, কিছু কিছু মেরামত করে আপনারা তিন মাসের মধ্যে চেষ্টা করলে চালু করতে পারবেন আর তিন মাসে যদি না পারেন তাহলে নয়মাস সময় নিন। কিন্তু আপনারা ঘোষণা করুন যে এই রেল চালু করবো। এখানে সাধারণ মানুষের দুর্গতির কথা বলা হয়েছে। আমি কেষ্টরামপুর স্টেশনে দাঁড়িয়ে দেখলাম যে, সমস্ত গরীব ঘরের ছেলে-মেয়েরা যাদের স্কুলে লেখাপড়া করা দরকার, আমাদের দেশের দুর্ভাগ্য যে তাদের জীবিকা অন্বেষনের জন্য যেতে হয়, তারা এসে বলল যে আমরা রোজ এখান থেকে ঝুড়ি করে তরকারি হাওড়ায় নিয়ে যেতাম, এবং তা দিয়ে আমাদের কষ্টের দিন চলতো। আজকে আমাদের রুজি রোজগার বন্ধ হয়ে গেছে। সে কি একজনের?

[4-30—4-40 p. m.]

হাজার হাজার লোকের। এ ছাড়া প্রত্যেকটা স্টেশনের ধারে মনোহারী দোকান ছিল সেই সমস্ত দোকান আর নাই, না হয়ত মালিক বদলে গিয়েছে। ব্যাপার কি, খোঁজ নিয়ে দেখা গেল যে হাওড়ার সঙ্গে তাদের লেনদেন ছিল আজকে তারা হাওড়ার সঙ্গে সেই লেনদেন রাখতে পারছে না, ট্রান্সপোর্ট খরচ বেড়ে যাচ্ছে। কাজেই নূতন জায়গায় কারবার করার মত ছোট ছোট ব্যবসাদারদের সংগতি ছিল না, এখন এই সমস্ত ব্যবসা হাত বদল হয়ে যাচ্ছে, পুরানো মালিকরা অনেক জায়গা থেকে উৎখাত হয়ে যাচ্ছে। কাজেই ছোট ব্যবসাদাররা, তারাও আঘাত খাচ্ছে। মাঝারি কারবারীরা মোটামুটি, হাওড়া, ঐ লাইনের দ্বিতীয় কলকাতা, হাওড়ার গুদামগুলির সংগে যাদের লেনদেনের ব্যাপার ছিল তাদের সেই সমস্ত কারবার অনেকাংশে স্তিমিত হয়ে রয়েছে। চিরদিন যাদের সংগে কারবার থাকে তাদের সংগে কারবার আর করতে পারছে না। কাজেই আজকে লরী ট্রান্সপোর্টে মোটামুটি তার ব্যবসা সুবিধা করতে পারছে না এবং এর ফলেতে সমস্ত ঐ এলাকায় যেটা ক্লারিসিং ট্রেড এবং বহু গরীব মানুষের জীবিকার যে পথগুলি ছিল সমস্তগুলি নষ্ট হয়ে গিয়েছে। কাজেই এই রকম একটা পরিস্থিতিতে আপনাদের কাছে আমরা আবার অনুরোধ করবো, আমরা আপনাদের কাছে দাবি করবো ওখানকার মানুষের অনুভূতির উপর দাঁড়িয়ে, ওখানকার মানুষের চাহিদার আন্তরিকতার উপর দাঁড়িয়ে আপনাদের কাছে দাবি করবো যে ছয়মাস থেকে নয়মাসের মধ্যে এই রেলপথ আপনারা খুলুন। আপনারা এখানে এইযে উপযুক্ত সময় ইত্যাদি ইত্যাদি কথা বলছেন, উপযুক্ত সময়ের ব্যাপার নয় এটা। আপনাদের আন্তরিকতার পরিচয় দিয়ে ছয়মাস থেকে নয়মাসের মধ্যে এই রেলপথ খুলুন এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ganesh Chandra Hatui :** মাননীয় অধ্যক্ষমহাশয়, ১৯৭১ সালের ১লা জানুয়ারি থেকে হাওড়া-আমতা, হাওড়া-চাঁপাডাংগা ও হাওড়া-শিয়াখালা, এই তিন শাখার মার্টিন রেলটি বন্ধ আছে। প্রায় ৭৫ বৎসর পূর্বে এর যাত্রা শুরু হয়েছিল যার বিস্তৃতি ছিল ১১৬ কিলোমিটার, যাকে বহন করতে হত প্রত্যহ প্রায় ২০ হাজার যাত্রী। এই রেলপথের বাৎসরিক আয় ছিল ৪৪ লক্ষ টাকা এবং বাৎসরিক ব্যয় ছিল ৩২ লক্ষ টাকা। এই হিসাব থেকে স্পষ্ট বুঝা যায় এই তিন শাখার রেলে কোম্পানির কোন ক্ষতি হত না, পরন্তু কিছু লাভ হত। এই তথ্য কোম্পানির ব্যালেন্স সীট পরীক্ষা পাওয়া যাবে। বর্তমানে এই রেলপথগুলি চালু করতে গেলে

টেকনিক্যাল দিক থেকে কোন অসুবিধা হবে না। এই তথ্য মার্টিন লাইট রেলওয়ে মেন্‌স কংগ্রেস-এর পক্ষ থেকে আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীর কাছে পেশ করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ-মহাশয়, হাওড়া-হুগলীর মজুর, কৃষক, ছাত্র, শিক্ষক, ব্যবসায়ী, দোকানদার, ডেলি প্যাসেঞ্জার, তাঁতশিল্পী, কেরাণি, কলকারখানার শ্রমিক, প্রায় সকল শ্রেণীর মানুষ এই রেলপথটির উপর একান্তভাবে নির্ভরশীল ছিল। এই রেল উঠে যাওয়ায় আজ এতদ্‌অঞ্চলের অর্থনীতি ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। নির্বাচনের প্রাক্কালে হাওড়া জেলার বাগানের একটি জনসভায় শ্রদ্ধেয়া প্রধানমন্ত্রী এই রেল চালু করবার জন্য প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং হাওড়া-হুগলীতে কংগ্রেসের বিপুল জয়ের পেছনে এই আশ্বাস যে বহুলাংশে প্রভাবিত করেছে এর সত্যতা অস্বীকার করা চলে না। সেইদিক থেকে বিচার করলে এটাকে কংগ্রেসের অন্যতম নির্বাচনী প্রতিশ্রুতি বললেও অত্যুক্তি হবে না। তাই আমি বলতে চাই আমাদের এই কথাটা স্মরণ রাখতে হবে। একজন প্রধানমন্ত্রীর আশ্বাস ও প্রতিশ্রুতির যথাযথভাবে মর্যাদা রক্ষা ও তা পূরণ করা ক্ষমতাসীন সেই দলের সরকারের পবিত্র কর্তব্য। অন্ততঃ দলনেতার মর্যাদা রক্ষার জন্যতো বটেই। এতদ্‌-অঞ্চলের নির্বাচকমণ্ডলী মার্টিন রেল চালু হবে কিনা এই প্রশ্নের বেশি গুরুত্ব দিচ্ছেন। কেন না মার্টিন ট্রেন চালু হওয়া একান্ত প্রয়োজন এই কথাটা মন্ত্রিসভা নীতিগতভাবে মেনে নিয়েছেন। সুতরাং এরপর পিছিয়ে আসার আর কোন পথ আছে বলে আমার মনে হয় না। কেন না যদি আমরা এরপর মার্টিন রেল চালু করতে না পারি তাহলে হুগলী-হাওড়ার সাধারণ মানুষের কাছে আমাদের হেয় হতে হবে এবং বহুলাংশে আমাদের দলের ইমেজ নষ্ট হবে। মাননীয় অধ্যক্ষ-মহাশয়, দু'বৎসরকাল এতদঅঞ্চলের লক্ষ লক্ষ মানুষ দিনের পর দিন এক অবর্ণনীয় দুর্ভোগ পোহাচ্ছেন। এই দুর্ভোগ বন্ধ করার জন্য রেলের বিকল্প কোন ব্যবস্থা আছে বলে আমার মনে হয় না।

কারণ এই কথাটা সরকার কর্তৃক নিযুক্ত এক সমীক্ষকদল স্বীকার করেছেন এবং এই রেলপথের গুরুত্বের কথা বলেছেন। তার পরে গংগা দিয়ে অনেক জল বয়ে গেছে। কেউ বললেন মার্টিন চালাবার ব্যাপারে দিল্লী থেকে সবুজ সংকেত পাওয়া গেছে। কেউ বললেন কেন্দ্রীয় সরকার এই রেলপথ পরিচালনার ভার রাজ্যসরকারকে দিতে রাজী হয়েছেন, ইত্যাদি ইত্যাদি। আমরা জানতে চাই কার গাফিলতি ও ঔদাসীন্যে এই গুরুত্বপূর্ণ যোগাযোগ সূত্রটি চিরতরে ছিন্ন হতে বসেছে। এই অন্যায় কেন্দ্রীয় উদাসীনতাই কি শেষ কথা হয়ে থাকবে? সরকার কি শুধু নীরব দর্শক হয়ে বসে থাকবেন? কেন্দ্রের কাছে ১২ লক্ষ টাকা কিছুই নয় অথচ এই সামান্য টাকার জন্য এতবড় একটা গুরুত্বপূর্ণ যোগাযোগ ব্যবস্থা চিরতরে ভণ্ডুল হয়ে যাবে, এটা বরদাস্ত করা যায় না। যখন প্রধানমন্ত্রী প্রতিশ্রুতি দেন টাকার অভাব হবে না, আপনারা কাজ করুন। তখন টাকার অভাবে মার্টিন ট্রেন চলবে না এইরূপ কথাবার্তায় কি জনসাধারণের কাছে আমাদের হেয় হতে হবে না?

আমরা চাই, সরকার এই ব্যাপারে সকল প্রকার চাপ ও সর্বশক্তি কেন্দ্রের উপর প্রয়োগ করুন। বুঝিয়ে দিন হুগলী ও হাওড়ার জনসাধারণের মধ্যে এই রেলপথ চালু করার জন্য প্রচণ্ড দাবি রয়েছে, তাতে যদি কাজ না হয়, তাহলে শ্রদ্ধেয়া প্রধানমন্ত্রীর কাছে দরবার করা হোক। জনগণকে বুঝিয়ে দিন, এই সরকার সেই সরকার নয়, প্রয়োজন হলে রাজ্যের জন্য আমরা কেন্দ্রের বিরুদ্ধে রুখে দাঁড়াতে জানি। ইতিমধ্যে সরকারের বিরুদ্ধে এই রেলকে কেন্দ্র করে জনরোষ ধূমায়িত হতে শুরু করেছে, একথাটা মনে রাখা দরকার। পায়ের তলার মাটি যেন কেন্দ্রের ঔদাসীন্যে ও আমাদের আত্মসন্তুষ্টিতে সরে না যায়। কারণ ভবিষ্যৎ কাউকে ক্ষমা করবে না।

আমরা তাই বলতে চাই, এই রেল চালু করতেই হবে। তা না হলে হাওড়া-হুগলীর লক্ষ লক্ষ মানুষ আন্দোলনের সামিল হবে। আমরা নির্বাচনের সময় কথা দিয়েছিলাম মার্টিন

রেল চালু করব। সুতরাং এই রেলপথ চালু না করলে আমরা এই বিধানসভাতে অনশন করতে বাধ্য হব। তবে তরুণ প্রগতিশীল জনদরদী নেতা শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীর উপর আমাদের প্রগাঢ় আস্থা আছে। মার্টিন রেল চালু করে সরকার দল ও প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির মর্যাদা রক্ষা করবেন, এটাই আমরা আশা রাখি।

**Shri Biswanath Mukherjee :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অবশ্য মার্টিন রেল যে সমস্ত জায়গা দিয়ে গিয়েছে, সেইসব এলাকার লোক নই। তবে জয়নাল আবেদিন সাহেবও সেই এলাকার লোক নন, আমি মার্টিন রেল কয়েকবার চেপেছি, আশা করি জয়নাল আবেদিন সাহেবও খুব বেশী না হলেও কয়েকবার চেপেছেন। আমার আগে মাননীয় সদস্যরা বলে গেলেন, মার্টিন রেল চালু করা সম্পর্কে সরকার নীতিগতভাবে স্বীকার করেছেন। আমি জানি না যদি সরকার নীতিগতভাবে স্বীকার করে থাকেন, তাহলে কি করে শংকরবাবুকে দিয়ে সংশোধনী দেন। আর তা যখন দেওয়ানো হলো, সেটা মুভ করালেই হত, তাঁকে দিয়ে বক্তৃতা দেওয়াবার কি দরকার ছিল? যাই হোক সংশোধনীতে আছে—উপযুক্ত প্রচেষ্টা থাকা উচিত। এখন গভর্নমেন্ট কি বলেন, রেলওয়ে বোর্ড দিয়ে না হোক, একটা বোর্ড তৈরি করে চালু করবেন। ম্যানেজমেন্টের হাতে সেটা দেবেন, না হয় সময় লাগবে, দেখেশুনে স্টক মিলিয়ে, টাকা পয়সা যোগাড় করার ব্যাপারে তিন মাস কি ছয় মাস সময় যদি নেন, তাহলে বুঝা যায় গভর্নমেন্ট—কমিটমেন্ট করছেন, নীতিগতভাবে স্বীকার করেছেন কিন্তু সময় নিচ্ছেন। এই কতকগুলি বিষয় তাহলে বুঝতে পারি। কিন্তু সংশোধনী যা দেখছি, তাতে গভর্নমেন্ট নীতিগতভাবে স্বীকার করছেন না, কোন কমিটমেন্ট করতে চাইছেন না এবং সেজন্য আজকের সভায় জয়নাল সাহেব অথবা মুখ্যমন্ত্রীকে ইন্টারভিন করে তাঁদের কাছ থেকে আমি যেটা জানতে চাইব, বাস্তবিকই নীতিগতভাবে কমিটমেন্ট করছেন কি? রেল খোলার দরকার, খোলা হবে, কিভাবে, কতদিনে খোলা হবে, কত সময় লাগতে পারে? এটাই আমাদের প্রথম কথা। সংশোধনী থেকে প্রশ্ন আসছে গভর্নমেন্ট নীতিগতভাবে কমিটমেন্ট করতে চাচ্ছেন না, এই রেল ৬।৭ মাসে খুলবেন কি করে খুলবেন সেই কমিটমেন্টের মধ্যে যেতে চাচ্ছেন না। এটা সুস্পষ্ট হওয়া দরকার। দ্বিতীয়তঃ প্যাসেঞ্জার বা যাত্রীদের যে সমিতি রেলওয়ে আই এন টি ইউ সি ইউনিয়ন তারা সকলেই যে সমস্ত মেমোরেনডাম বা স্মারকলিপি দিয়েছেন মুখ্যমন্ত্রীকে, জয়নাল আবেদিন সাহেবকে, তার কপি আইন সভার সদস্যদের কাছেও বিতরণ করেছেন।

[4-40—4-50 p.m.]

সেই সব থেকে দেখা যায় যে সত্যই—এখন পর্যন্ত রেলটা খোলার মত অবস্থায় আছে। সাধারণতঃ এতদিন বন্ধ থাকলে, যে ধরণের damage হয়ে যায়, তা এখানে হয়নি। একটা typed সীটে তাঁরা যে details দিয়েছেন প্রত্যেক আইটেমের, তাতে কোন্‌টার কতটা আছে, কোন লাইন কি অবস্থায় আছে, কোচ্ কতগুলি আছে, ইনজিনগুলি কি অবস্থায় আছে। বগী, goods wagon কি অবস্থায় আছে, sleeper কি অবস্থায় আছে, স্টেশনগুলি কি অবস্থার আছে সমস্ত দিক থেকে detail জেনে তাঁরা দিয়েছেন। আমি বলি তাদের এই হিসেব—এই যে তালিকা—এ যদি আপনারা বিশ্বাসযোগ্য না মনে করেন, তাহলে আপনারা একটা কাজ করতে পারেন। সরকারের যারা বিশেষজ্ঞ বা অফিসার আছেন, তাদের সঙ্গে এই সমিতি—Passenger Association এবং INTUC Union ও তাদের যাঁরা বিশেষজ্ঞ প্রতিনিধি ও আইনসভার সদস্য এই মার্টিন রেলের সঙ্গে directly involved—তাঁদের ডেকে একটা মিটিং করা উচিত। তাদের সঙ্গে আলোচনা করে দেখা যাবে বাস্তবিক অবস্থা বর্তমানে কি? এরা যে স্মারকলিপি দিয়েছেন, তাতে দেখা যায় রেল বন্ধ হয়ে যাবার আগের বছর ব্যয়ের চেয়ে আয় বেশী হয়েছে—১২ লক্ষ টাকা। আমি এর সত্য মিথ্যা জানি না—বা হিসেবের কোন কারচুপি আছে কিনা। তবে এ বিষয়ে কোন সন্দেহ নাই ঐ স্ট্রাইকে তাদের মাইনে বাড়াবার দাবি

ছিল। কিন্তু এঁরা মাইনে বাড়াতে রাজী হলেন না, রেল বন্ধ করে দিলেন। এই মার্টিন কোম্পানীর যে একটা সুনাম আছে—তা নয়। আমি খালি এই রেলের কথা বলছি না, তাদের পরিচালনব্যবস্থা খুব deteriorate করেছে। রেল ছাড়াও তাদের অন্যান্য ইউনিটে তার পরিচয় পাওয়া গেছে। গভর্নমেন্টকে সে সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করতে হয়েছে। এটা Private Company পাবলিকের কি সুযোগসুবিধা হবে, production কতটা conveniance কি—এই সব চিন্তা করলে তাদের চলে না, তারা দেখে এর দ্বারা তাদের লাভ কতটা হবে। তার লাভের দরকার, সেই working capital আর এক জায়গায় লাগালে তার কতটা বেশী লাভ হবে এই সব তাদের বিবেচ্য। মার্টিন কোম্পানীর হিসেবটা ছিল আগেকার জমিদারদের মত। নায়েব গোমস্তাদের অতো জমিদারেরা কম মাইনে দিতেন। আর বাকিটা পুষিয়ে দিতেন—করে যেতে বলতেন। আপনারা সকলে জানেন মার্টিন কোম্পানীর রেলের কর্তৃপক্ষ ও তাদের কর্মচারীদের মাইনে কম দিতেন, অনেক সময় দিতেন না—তাদের করে যেতে বলতেন। তা সত্ত্বেও তাঁরা মার্টিন রেল চালাতেন। তাঁরা জানতেন একজন প্যাসেঞ্জারও যদি টিকিট না কাটেন, তাহলেও আমাদের goods চলছে, তাতেই পুষিয়ে যাবে। আমি বলি রেলওয়ে বোর্ড অন্যান্য জায়গার ব্যাপারে যখন আসতে পারেন, তখন এই ব্যাপারটাতেও রেলওয়ে বোর্ড যদি পরিচালনা ব্যবস্থাটা তাঁদের হাতে নেন্, তাহলে ভাল হয়। মার্টিন রেলে লাভ হবে না—এ তারা কোথায় পান্। কেবল ঐ expartরাই মানুষ, আর কারো commonsense, বুদ্ধিশুদ্ধি নাই? Let the experts convince us. বেশীরভাগ stock ঠিক রয়েছে, fixed capital রয়েছে, establishment রয়েছে, সব রয়েছে। তাকে যদি অযোগ্য পরিচালনার মধ্যে না এনে নিয়ম মাফিক পরিচালনা করা হয়, তাহলে লোকসান কেন হবে? তাদের যা goods চলবে, প্যাসেঞ্জারের বেলায় যদি আগের মত ব্যবস্থা না থাকে, তাহলে—তাদের যে আয় হবে তাতে লোকসান হবার তো কোন কারণই থাকতে পারে না, সুতরাং দু-একজন অফিসার কি বললো, বা experts কি বললো, তাতে চলবে না। হিসেব নিকেশ—সব দেখেশুনে এ সম্পর্কে বিচার করতে হবে। অনেক কলকারখানা loss হচ্ছে বা strike হচ্ছে বলে কি তা সব বন্ধ হয়ে গেছে? কিন্তু সেগুলি খোলবার চেষ্টা করছি—গভর্নমেন্ট চেষ্টা করছেন কোথায়ও সেই পুরানো মালিকদের দিয়ে খোলবার চেষ্টা করছেন, কোথায়ও নিজেরা ম্যানেজমেন্ট হাতে নিয়ে সেই কারখানা চালাবার চেষ্টা করছেন, কোন যায়গায় পুঁজি দিয়ে—টাকা কড়ি জোগাড় করে দিয়ে চালাবার চেষ্টা করছেন, কোথায়ও শ্রমিকদের সংগে যে বিরোধ সেই বিরোধী মিটিয়ে দিয়ে কারখানা চালাবার চেষ্টা করছেন। এখন আমার প্রশ্ন হচ্ছে এই মার্টিন রেল কেন চালু হবে না, অবশ্য পুরানো ম্যানেজমেন্ট দিয়ে করা যাবে না। কেন রেলওয়ে বোর্ডের হাতে দিয়ে করানো যাবে না এবং তা যদি না হয় তাহলে গভর্নমেন্ট নিজে একটা বোর্ড করে তার ম্যানেজমেন্টের ভার তাদের হাতে দিয়ে এটা চালু করার চেষ্টা করুন। কত টাকা লাগবে তা আমার জানা নেই—৩৫ লক্ষ লাগবে, কি ৫০ লক্ষ লাগবে তা আমার জানা নেই হয়তো ১ কোটি টাকা লাগতে পারে—এটা আমার জানা নেই। কত টাকা লাগবে সেই হিসাব আপনারা একসঙ্গে বসে করুন, তাদের প্রতিনিধি নিয়ে এবং আপনাদের অফিসার রাখুন তারা বসে হিসাবপত্র করুন কত টাকা লাগবে এক কোটি কি কত। এবং সেই টাকা আপনারা রেলওয়ে বোর্ডকে দিয়ে অ্যাডভানস ইনভেস্ট করাতে পারেন—কি আপনারা নিজেরা বোর্ড করে পরিচালনা করতে পারেন এবং তাতেও যদি না হয় তাহলে পশ্চিমবঙ্গ সরকার কিভাবে টাকা জোগাড় করবেন সেটা ভেবে দেখুন কিন্তু আপনাদের কমিটমেন্ট করা দরকার যে এই রেল চালু করবো। এই রেল খুব আস্তে আস্তে যেতো আমাদের অজিতদা বললেন—এটা ঠিক আমি অনেকদিন ধরে শুনে আসছি। এটা ব্রডগেজ করার কথা অনেকদিন ধরে শুনেছি। এটা ব্রডগেজ হয়ে বিষ্টপুর পর্যন্ত গিয়ে যদি সাউথ ইষ্টার্ণ রেলের সঙ্গে যুক্ত হোত তাহলে অনেক ডিসট্যান্স কমে যেতো। কিন্তু সেটা করা হয় নি। তার পরিবর্তে এই যে লাইট রেল ছিল সেটা তুলে দেওয়া হচ্ছে। এটা কিন্তু যুক্তিসঙ্গত কথা নয়। বাস্তবিকই হাওড়া ও

হুগলীর এই অঞ্চলের লোকাদের যাতায়াতের যে কি অব্যবস্থা ছিল তা বলবার কথা নয়—অবশ্য এখন যথেষ্ট উন্নতি হয়েছে বাস ইত্যাদি অনেক অংশে চালু হয়েছে। কিন্তু তাই বলে এই লাইট রেলওয়েটির প্রয়োজনীয়তা যে যথেষ্ট রয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। কারণ এই রেল শুধু যে প্যাসেঞ্জার ক্যারি করে তা নয়, গুডসও ক্যারি করে যা আমাদের অর্থনৈতিক জীবনে যথেষ্ট গুরুত্ব দেয়। আমরা আজকে দেশের অর্থনৈতিক পুর্নজ্জিবন করতে চলেছি। আজকে সেই অর্থনৈতিক পুর্নর্জীবন করতে গেলে এই রেলেরও অর্থনৈতিক পুর্নর্জীবন প্রয়োজন। একথা আজকে আমি জয়নাল আবেদিন সাহেবকে বলতে চাই যে আপনি ফাস্ট কমিট করুন যে চালু করছেন কিনা, চালু করার দরকার মনে করছেন কিনা। যদি না মনে করে থাকেন তার কারণ কি দেখান। অন্য কোন কারখানা খোলার চেয়ে এটা কম জরুরী নয়। যদি মেনে নেন যে খোলার দরকার আছে তাহলে এর মধ্যে যে প্রাকটিক্যাল ডিফিক্যালটি রয়েছে সেগুলি অনুসন্ধান করুন। এবং এর মধ্যে যাঁরা রয়েছেন তাদের কাছ থেকে তথ্য নিন এবং তাতে যদি না হয় তাহলে সেই প্রাকটিক্যাল ডিফিক্যালটি ফীল যা করছেন সেদিক থেকে সময় নিন—নিয়ে সেন্টারকে দিয়ে পারেন যে কোন উপায়ে পারেন তার চেষ্টা করুন—তাতে কোন আপত্তি নেই। এটা যে করবেন তার দুটো পন্থা আছে—সেন্টারের সঙ্গে নেগোসিয়েসন করে করতে পারেন কিংবা নিজেরা মূলধন জোগাড় করতে পারেন। কোন পথ নেবেন সেটা মনস্থ করুন। আজকে অজিতদা যতই বলুন ওয়ারনিং দিন কিন্তু মার্টিন রেলের যে সমস্ত স্লিপার আছে, বোলিং স্টক আছে, যে সমস্ত লোহা আছে, তা এখনও সেগুলি ইনট্যাক্ট আছে। কিন্তু আপনারা নির্দিষ্টভাবে যদি না বলেন তাহলে সব চলে যাবে। লোকে যে এখনও পাহারা দিচ্ছে তা আর দেবে না। তা সব লুটপাট হয়ে যাবে। কিছুই আর থাকবে না—কারণ আপনারা জানেন যে আজকাল লোহার কি দাম—আপনারা খুলবেন এই কথা জোরের সঙ্গে বলুন। তারপর আপনারা সময় নিন—অ্যামেণ্ডমেণ্টটি সংশোধন করে বলুন যত শীঘ্র সম্ভব খুলবো। তাহলে লোকে বাহবা—আপনারা ৬ মাস টাইম চান তাও নিন—কিন্তু এখানে খোলার আশ্বাস দিন। পরে দেখেশুনে খোঁজ করে বের করবেন কিভাবে খোলা যাবে। আমি এখানে কমিট করবার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

[4-50—5-00 p. m.]

**Shri Aftabuddin Mondal :** মাননীয় স্পীকার মহাশয়, দীর্ঘ ২৫ বছর ধরে বাংলা দেশের অর্থনৈতিক বুনিয়াদকে যখন সুদৃঢ় করার স্বপ্ন আমাদের বাংলা দেশ সরকার দেখছেন তখন এই ট্রেজারি বেঞ্চের আর একজন মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন সাহেব হাওড়া হুগলীর অর্থনীতির দিকে বিন্দুমাত্র চোখ বুলিয়ে দেখছেন না। কখনও দেখি সবুজ সংকেত আবার সেদিন অতীশ সিংহ মহাশয় বলে গেলেন যে লাল সংকেত হয়ে গিয়েছে। কেন হল, কি করে হল তা আমরা জানতে পারলাম না। স্যার, জানি আমাদের সরকার এই ৪ মাসের মধ্যে অনেক ভাল ভাল কাজ করেছেন, আমরা সেটা স্বীকার করছি এখানে দাঁড়িয়ে কিন্তু হাওড়া হুগলীর দুস্থ মানুষগুলির জন্য—যেখানে সি পি এম-এর তাণ্ডব নৃত্য চলেছিল আমরা রাস্তায় বেরুতে পারিনি, যে হাওড়া, হুগলীর মানুষ চরম আশীর্বাদ দিয়ে আমাদের নির্বাচিত করেছে ইন্দিরা গান্ধীর কথা অনুযায়ী মার্টিন রেল চলবে বলে এবং সেই কথার উপর বেস করে রাইটার্স বিল্ডিং থেকে আরম্ভ করে আমরা এই বিধানসভায় এসে বসেছি এবং সরকার তৈরি করেছি সেখানে আমাদের দ্বারা সৃষ্ট সরকার কখনও সবুজ সংকেত দেখাচ্ছেন, আমরা এগুচ্ছি আবার কখনও লাল আলো দেখাচ্ছেন আমরা পিছিয়ে পড়ছি। কাজেই এই রকম একটা টানা পোড়েনের মধ্যে আমরা হাওড়া, হুগলীর মানুষরা রয়েছি। এই অবস্থার মধ্যে জনসাধারণ আমাদের জিজ্ঞাসা করছেন, কবে খুলবে, খুলবে তো আদৌ? আমরা জবাব দিতে পারছি না। একবার বলি মন্ত্রিমহাশয় বলেছেন হ্যাঁ, খুলবে, আবার কখনও দেখি জয়নাল আবেদিন সাহেব বলছেন যে না লাল আলো জ্বলে গেছে, সেদিন তো অতীশ সিংহ মহাশয় বলেই গেলেন যে আমরা পারছি না, আমাদের চিন্তা করতে হবে ইত্যাদি। স্যার,

কোলকাতায় মাটির তলায় টিউব রেলওয়ে হবে, গংগার উপর দ্বিতীয় সেতু হবে এসব আমরা জানি, তা ছাড়া জলনিকাশের জন্য কোটি কোটি টাকাও খরচ হচ্ছে কিন্তু আমরা ২০ লক্ষোর মত লোক দুবেলা দুমুঠো খেতে পাচ্ছি না স্যার, আপনিও বোধ হয় ওখানে বসে গুমরে মরছেন, এখানে থাকলে হয়ত এই সরকারের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতেন, জানি আপনার বিবেকটা কাঁদছে আমরা সবই বুঝতে পারছি। তাই মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি যে তিনি নিশ্চয় জানেন যে ২০ হাজারের মত ব্যবসায়ী যারা নিত্য ওখানে ব্যবসা করতো they have lost their livelihood. সমস্ত অর্থনৈতিক কাঠামো সেখানে ভেংগে গিয়েছে। মাজু থেকে মুন্সিরহাট, আমতা পর্যান্ত প্রায় ৪০০ ছাত্রছাত্রী স্কুল কলেজে পড়বার জন্য এই রেলে যাতায়াত করতো, আমি গতকালই খোঁজ নিয়েছি যে তাদের মধ্যে ২৫০ জন ছাত্রছাত্রী পড়াশুনা ছেড়ে দিতে বাধ্য হয়েছে। এমনি অবস্থায় যেখানে গ্রামের অর্থনীতির উপর বিরাট প্রভাব পড়েছে, যেখানে আমরা জানি ৫০ হাজার লোক যাতায়াত করতেন, ২০ হাজারের মত মান্থলি টিকিট এবং হাওড়া, হুগলীর অর্থনীতি যেখানে মার্টিনের উপর নির্ভরশীল এবং যখন আমরা গ্রামীন অর্থনীতির পুনরুজ্জীবনের চেষ্টার কথা বলছি সেখানে সেদিন মন্ত্রিমহাশয় বললেন যে ইট ইজ এ কোয়েশচেন অব প্রফিট অ্যাণ্ড লস। স্যার, আমরা যখন ডেপুটেশান দিয়েছিলাম মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে তখন আমরা পরিষ্কার ভাবেই বলেছিলাম যে ১৯৬৬ সাল পর্যন্ত এখানে ৬ পারসেন্ট প্রফিট দেওয়া হয়েছিল প্রত্যেক শেয়ার হোল্ডারকে। ১৯৬৭ সাল, যখন থেকে সি পি এম-এর তাণ্ডব নৃত্য আরম্ভ হল তারপর থেকে মার্টিন লাইট রেলওয়ের ক্ষতি হচ্ছে। স্যার দিল্লীর এয়ার কণ্ডিশাণ্ড ঘরে বসে কি হবে আমরা জানি না বা মুখ্যমন্ত্রী মহাশয় দিল্লী গিয়ে কি করবেন জানি না তবে এটুকু বলতে পারি যে ঐ ৮ আনা দিয়ে হাওড়ায় আসা বন্ধ করতে পারলে, চেকারদের কদমতলাতে কি করে বাড়ী হয় সেটা দেখতে পারলে এবং ৫ জন বড বড় অফিসার যাদের জন্য ২৫ হাজার টাকা খরচ করতে হবে এটা বন্ধ করলে এবং আমলাদের ষড়যন্ত্র বন্ধ করতে পারলে মার্টিন লাইট রেলওয়েতে কোনদিন ক্ষতি হবে না। আমি এখানে দাঁড়িয়ে পরিষ্কারভাবে বলতে পারি মার্টিন লাইট রেলওয়ে ক্ষতির ব্যবসা নয়। মাননীয় জয়নাল আবেদিন সাহেব আপনি দিল্লী যাচ্ছেন, আমি আশা করি সেখান থেকে ফিরে এসে এমন এক নতুন সংবাদ দেবেন যাতে হাওড়া, হুগলীর লোকেরা ভাবতে পারে যে আমরা যে সরকার প্রতিষ্ঠা করেছিলাম, যে এম এল-দের আশীর্বাদ দিয়ে পাঠিয়েছিলাম সেই এম এল এরা আমাদের প্রানের, মনের কথা, বাঁচার সংগতির কথা যেটা আমাদের দৈনন্দিন জীবনযাত্রার ক্ষেত্রে অংগাঙ্গীভাবে জড়িত সেটাকে সুদৃঢ় করবার জন্য দৃঢ় পদক্ষেপ নিয়ে এগিয়ে যাচ্ছেন। স্যার, এই প্রসংগে আর একটা কথা বলি, হাওড়ার ওদিকে দুটি হাইওয়ে আছে। সেদিন আমতার কাছে এক জায়গায় দাঁড়িয়েছিলাম। দুটি লোক কথা বলতে বলতে যাচ্ছিল, তারা বলছিল, দুটি হাইওয়েকে যদি বন্ধ করা যায় তাহলে একদিনেই সেন্ট্রাল গভর্নমেণ্টের কোটি কোটি টাকা ক্ষতি হয়ে যাবে। স্যার, ৭০ লক্ষ টাকার জন্য যদি এই রেল না চলে তাহলে আগামী তিন মাসের মধ্যে দেখবেন এমনি অবস্থার মধ্যে কোটি কোটি টাকা ক্ষতি হয়ে যাচ্ছে। এটা কি ভাল হবে? স্যার, হাওড়া, হুগলীর মানুষের আশীর্বাদ নেবার জন্য একদিকে মার্কসিস্ট পার্টি এগিয়ে আছে আর একদিকে আমরা ক্ষমতাসীন কংগ্রেস দল বসে আছি। আমরা এতগুলি এম এল এ যদি তাদের আশীর্বাদ মাথা পেতে না নিতে পারি তাহলে জেনে রাখুন ৫ বছরের জন্য হাওড়া, হুগলী থেকে যে সমস্ত এম এল এ পেয়েছেন ৫ বছর পরে আবার যখন নির্বাচন হবে তখন তাদের সামনে দাঁড়াবার আর কোন উপায় আমাদের থাকবে না বা তাদের সামনে দাঁড়িয়ে আর আমরা বক্তৃতা করতে পারবো না। স্যার, আমতা থেকে হাওড়া পর্যন্ত যাতায়াতের পথেতে আমরা দেখেছি এখানে সবচেয়ে বড় জিনিস যেটা সেটা হচ্ছে ৪০ খানি ইঞ্জিন আছে মার্টিন লাইট রেলওয়ের। ৪০টি ইঞ্জিনের রেকারিং এক্সপেনডিচার দেখানো হচ্ছে, অথচ ২০টি ইঞ্জিনের জন্য টাকা খরচ করা হত এবং বাকি টাকা পকেটে চলে যেত। এক ইঞ্জিনের পার্টস নিয়ে অন্য ইঞ্জিনে লাগিয়ে দিয়ে চালাবার ব্যবস্থা হত। এইভাবে ইঞ্জিনের পার্টস বদল করে

চালানো হত। আমরা জানি এইভাবে আমলাদের চক্রান্তে অর্থনীতি সমানভাবে বিপর্যস্ত হচ্ছে। মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন সাহেব শুনেছি তিনি মাঠে ঘাটে বক্তৃতা করে এসেছেন যে আমলারা মন্ত্রীদের পদাশ্রয়ী, মন্ত্রীরা আমলাদের পদাশ্রয়ী নয়, এই সেদিন মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাসের কথা প্রসংগে তিনি আবার এখানে এইকথা আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন। আজ দেখছি তাঁরই পিছনে যে আমলারা বসে আছেন, তাঁদেরই সংগে তিনি মিশে যাচ্ছেন। তিনি একদিন আমাদের একজন বলিষ্ঠ জনদরদী নেতা ছিলেন, তখন তিনি জনসাধারণের জন্য কিছু করবার চেষ্টা করেছিলেন, এখন তিনি আমলাদের দিকে চলে যাচ্ছেন। আমরা কাগজে দেখেছি বাগনানের জনসভায় প্রধানমন্ত্রী এই ট্রেন চালাবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন। তাঁর সেই প্রতিশ্রুতিকে যদি আমরা আজকে রক্ষা করতে না পারি তাহলে আমি পরিষ্কারভাবে বলছি যে জনসাধারণের সংগে আজকে বিট্রে করছি, তাদেরকে আমরা মিথ্যা আশায় প্রবঞ্চিত করছি। মার্কসিসট কমুনিস্ট পার্টি ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত যে কাজ করেছে সেই পথেই আমরা আজকে এগিয়ে যাচ্ছি। মাননীয় জয়নাল আবেদিন সাহেবের প্রতি জনসাধারণের আস্থা আজকে দেখান এবং আমাদের মুখের দিকে চেয়ে দেখে তিনি জনসাধারণের স্বার্থ রক্ষা করুন। আমি স্টুডেন্টদের কথা একটু আগে বললাম। মাননীয় স্পীকার, স্যার, আপনি জানেন যেখানে দৈনন্দিন জীবনযাত্রার ক্ষেত্রে ৮৪টি আপ এণ্ড ডাউন ট্রেন যাতায়াত করতো, এখন সেখানে কি যে অবস্থা হয়েছে সেটা একটুখানি চিন্তা করার জন্য আমি সকলকে অনুরোধ করছি। ৮৪টি আপ এণ্ড ডাউন ট্রেন দিয়ে হাওড়া ও হুগলীর মানুষ প্রতিদিন যাতায়াত করতেন। এই মার্টিন লাইট রেলওয়ে চলাকালীন আমাদের আমতার জীবনযাত্রা কি অবস্থায় ছিল, আর এখন কি হয়েছে সেটা একটু দেখা দরকার। আগে সেখানকার নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম কি অবস্থায় ছিল, আর এখন কি অবস্থায় দাঁড়িয়েছে সেটা একবার চিন্তা করে দেখুন। আমরা আজকে কলকাতার সংগে যোগাযোগ রক্ষা করতে পারছি না ঠিকমত, ইভেন জয়নাল আবেদিন সাহেব নিশ্চয় কাগজের মাধ্যমে সেটা দেখেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় দেখেছেন, কাগজে বেরিয়ে ছিল, কিছুদিন আগে বাসে করে আসার সময় এক ৭০ বছরের বৃদ্ধ শ্বাস রুদ্ধ হয়ে মারা গেছেন। এই মার্টিন লাইট রেলওয়ে দাশনগরের কাছে সাউথ ইস্টার্ন রেলওয়ে ব্রীজের নীচে দিয়ে গেছে। আমরা সেদিন দেখলাম এই রেল ব্রীজের তলায় ধাক্কা লাগার জন্য হাজার হাজার, শত শত মানুষের মাথার খুলি উড়ে গেল। এই জিনিস আমরা প্রায়ই দেখছি। মাননীয় সদস্য শ্রীশঙ্কর দাশ পাল মহাশয় এখানে বসে আছেন, তিনি একটি সংশোধনী প্রস্তাব এনেছেন। খরা, বন্যা সম্বন্ধে আপনাদের দৃষ্টিভঙ্গী আছে। খরা, বন্যার হাত থেকে মানুষগুলিকে কেমন করে বাঁচাবেন, কেমন করে খরা ও বন্যা পরিস্থিতির মোকাবিলা করবেন সেদিকে আপনাদের যেমন দৃষ্টিভঙ্গী আছে তেমনি হাওড়া, হুগলীর মানুষ, যাদের অর্থনীতি এই মার্টিন রেলকে কেন্দ্র করে গড়ে উঠেছিল, তাদের দিকেও আপনারা একটু নজর দিন। মৃগেনবাবু, বিশ্বনাথবাবু যে কথা বলেছেন, মাননীয় জয়নাল আবেদিন সাহেব আপনি ডেটের কথা বলুন—আমি ডেট চাইছি না, শুধু এটুকু বলছি যে আপনি কেবল নীতিগতভাবে স্বীকার করুন যে এটা চালাবেন এবং চালাবার জন্য ৩-৪ মাস সময় আপনারা নিন, আমরা আপনাদের সংগে কাঁধে কাঁধ মিলিয়ে সংগ্রাম করবো, সাহায্য করবো। আপনারা সেন্ট্রাল গভর্নমেন্ট ও রেলওয়ে বোর্ডকে বলুন আপনারা এটার দায়িত্ব নিন, আর তা নাহলে আমাদের অর্থ সাহায্য করুন এবং এই যেকোন একটি কাজ করে আপনারা জনসাধারণের আশীর্বাদ কুড়িয়ে নিন, আর তা নাহলে আমরা ভাববো আপনারা আমাদের চরম পথে ঠেলে দিচ্ছেন, জনসাধারণের সংগে বিট্রে করিয়ে দিচ্ছেন। নীতিগতভাবে আপনরা মেনে নিচ্ছেন কিনা—এই দাবি রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম্।

**Shri Balai Lal Sheth :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মার্টিন রেল সম্পর্কে যে মোশান এসেছে তাকে আমিপূর্ণভাবে সমর্থন করছি। আমি একটি কথা বলছি শ্রীশঙ্কর দাস পাল মহাশয়

একটি অ্যামেণ্ডমেন্ট এনেছেন। সেই অ্যামেণ্ডমেন্ট মুভ করতে গিয়ে তিনি যে বক্তৃতা করেছেন তাতে হাওড়া ও হুগলীর লোকের প্রধানমন্ত্রীর প্রতি আস্থা কতখানি আছে সেটার পরিমান করবার জন্যই তিনি বক্তব্য রেখেছেন। আমরা পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাই যে হাওড়া ও হুগলীর মানুষ প্রধানমন্ত্রীর প্রতি যথেষ্ট আস্থাশীল। বিভিন্ন নির্বাচনী রায়েতে দেখা গেছে হাওড়া-হুগলীর মানুষ প্রধানমন্ত্রীর কথা শুনে আমাদের দলকে আশীর্বাদ করেছেন। প্রধানমন্ত্রীর প্রতি আমাদের যথেষ্ট শ্রদ্ধা আছে। কিন্তু একটি কথা এর মাঝে আমি বিশেষ করে বলতে চাই সেটা হচ্ছে এই যে মার্টিন রেল বন্ধ হয়ে আছে; এটা বন্ধ হবার কারণ কি—হাওড়া কেন, হুগলী কেন, পশ্চিম বাংলা কেন, বোধ হয় ভারতবর্ষের বিভিন্ন পত্র-পত্রিকা এবং প্রত্যেকেই জেনে গেছে যে মার্টিন লাইট রেলওয়ে বন্ধ হয়ে আছে, চলছে না। কাগজ পড়ে কিন্তু হুগলী, হাওড়া জেনেছে

[5—5-10 p. m.]

যে মার্টিন লাইট রেলওয়ে চলবে না; কিন্তু নদীয়া পশ্চিমদিনাজপুর ওখানকার লোকেরা কাগজ পড়ে, রেডিও শুনে ভাবছে যে Martin Rail চলছে। কাগজে Martin Railএর খবর, রেডিওর খবর সত্য কি মিথ্যা সেটার একটা প্রশ্ন দেখা দিয়েছে। হাওড়া, হুগলীর লোকের কাছে সেটা বক্তব্য হয়ে দাঁড়িয়েছে। আজকে statement রাখুন, আমাদের একটা প্রশ্ন থাকছে তাদের কাছে অন্তত: statement দেবার আগে কতখানি কাজ হবে সেটা ভেবে যেন statement দেওয়া হয়,। আমি জানি, আমার সংগে কলেজে যারা পড়েছে তাদের কারো first year শেষ হয়ে গেছে। আমার অনেক বন্ধুবান্ধর আছে যারা গ্রামের মানুষ তারা অনেকে Higher Secondary, School Final পাশ করে কলেজে ভর্তি হচ্ছে না। কারণ যেভাবে একটা ছাত্রের পড়াশুনার খরচের প্রয়োজন, trainএর পথে concession যা পাওয়া যেত তাতে যতটা সুবিধা হত, এই বাসের পথে বাদুরঝোলা হয়ে একখানা বই বা একখানা খাতা নিয়ে এসে পড়াশুনা সম্ভব হচ্ছে না। আমরা যখন শিক্ষার প্রগতি চাচ্ছি তখন হাওড়া জেলা, হুগলীর মার্টিন রেল দিয়ে যে সমস্ত ছেলেমেয়েরা লেখাপড়া করতে আসে তাদের লেখাপড়া শেষ করে দেওয়া হচ্ছে। আর একটা কথা বলতে চাই। আমাদেব হাওড়া, হুগলী যেমন শিল্প এলাকা তেমনি কৃষিপ্রধান এলাকা। এই শহরের বাজারগুলিতে যেখানে জল দেবার জন্য কোটি কোটি টাকা C M D A-এর জন্য খরচ হচ্ছে। এই C M D A এর খরচ যাদের জন্য হচ্ছে সেই লোকগুলির যাতে দুইবেলা পেটে অন্ন জোটে। হাওড়া, হুগলীর কৃষিপ্রধান এলাকা থেকে থেকে বাসে এসে তারা ঠিকমত দাম পাচ্ছে না, তাই আমবা দেখতে পাচ্ছি সেই এলাকার দিন মজুরের সংখ্যা বেড়ে গেছে, তাদের দুঃখদুর্দ্দশা বেড়ে গেছে সেজন্য প্রতিটি সদস্যর কাছে এবং মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি একদিন চলুন, হাওড়া থেকে শিয়াখোলা, হাওড়া থেকে আমতা, হাওড়া থেকে চাপাডাংগা। আপনারা দেখবেন, দিল্লী যেতে যতটুকু সময় তার থেকে অন্তত: ১০ গুণ সময় বেশী লাগবে এইসব জায়গায় যেতে। তাই আপনার মাধ্যমে হাওড়া, হুগলী, আমতার জনসাধারণের পক্ষ থেকে অনুরোধ রাখছি যখন আমাদের সরকার সাধারণ মানুষের কথা চিন্তা করছেন, গ্রাম বাংলার উন্নতির বড় বড় কথা বলছেন কাজও অনেক হচ্ছে স্বীকার করছি কিন্তু যখম আমরা নূতন করে Rail line চালু করার কথা চিন্তা করছি সেই সময় অন্তত: মার্টিন রেল চালু করবার প্রতিশ্রুতি দিন। মার্টিন রেল চালু করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীও জয়নাল আবেদিন মহাশয় দিল্লী যাচ্ছেন, আমরা আশা করবো নূতন কেন্দ্রীয় সরকারের রেল মন্ত্রীকে নিশ্চয়ই পশ্চিম বাংলার হাজার হাজার মানুষ আশীর্বাদ করবে যদি আমাদের মন্ত্রীরা হাওড়া, হুগলীর সমস্যাটির ঠিকমত বক্তব্য রাখতে পারেন। শুধু হাওড়া হুগলী নয়, পশ্চিমবঙ্গের গ্রামবাংলার খেটে খাওয়া মানুষ, ছাত্র যুবক তাদের সত্যিকারের অধিকার দেওয়ার জন্য অন্তত: মার্টিন রেল পথের যোগাযোগের ব্যবস্থা করে দেবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Saroj Karar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এর আগে মার্টিন রেল চালান নিয়ে এই সভায় বহু আলোচনা হয়েছে। আজকে আমাদের কাছে সুযোগ এসেছে, হাওড়া-হুগলীর জনপ্রতিনিধি হয়ে এই সভায় আসবার সুযোগ পেয়েছি। এটা আশীর্বাদস্বরূপ হয়ে দাঁড়াবে যদি সরকার এই মার্টিন রেল চালাতে পারেন। যে মনোভাব ইতিমধ্যে এখানে ব্যক্ত হয়েছে তাতে খুব একটা আশাজনক বলে মনে করি না। আজকে বিক্ষোভ ও অসন্তোষ নানাভাবে দেখা যাচ্ছে। আশা করি সরকার এ বিষয়ে সজাগ এবং সতর্ক দৃষ্টিভঙ্গী রাখবেন। আমাদের মধ্যে যে বিক্ষোভ প্রতিধ্বনিত হয়ে উঠছে সেই বিক্ষোভ ঐ লক্ষ লক্ষ মানুষের মধ্যে, আমাদের মধ্যে যে বিক্ষোভ সে বিক্ষোভ প্রতিধ্বনিত হচ্ছে হাজার হাজার বেকার যুবকের মধ্যে, আমাদের মধ্যে যে বিক্ষোভ সেই বিক্ষোভ প্রতিধ্বনিত হচ্ছে হাজার হাজার কৃষকের মধ্যে প্রতিধ্বনিত হচ্ছে, আমাদের মধ্যে যে বিক্ষোভ সেই বিক্ষোভ প্রতিধ্বনিত হচ্ছে হাজার হাজার ছাত্রের মধ্যে। প্রতিটি সমাজের নাগরিক যারা মার্টিন রেলের দ্বারা উপকৃত হতেন, তারা নানাভাবে বঞ্চিত হচ্ছেন। তাদের একমাত্র আশা-আকাঙ্খা এই মার্টিন রেল যদি চালু করতে না পারেন, তাহলে ঐ এলাকায় বিক্ষোভ দারুণভাবে ফেটে পড়বে। আমরা যারা হাওড়া এবং হুগলীর ঐ এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি এবং দাবি করছি। আমরা এলাকার জনগণ জীবনের বিনিময়ে রক্ত ঢেলে দিয়ে ঐ এলাকার নকশালী হামলা দমন করেছি, সি পি এম'এর দালালদের হামলা দমন করেছি, তাই মার্টিন রেল নিয়ে আন্দোলন করতে পিছ পা হব না, এবিষয়ে আমরা একমত। তাই আমরা চাই যাতে এই আন্দোলনে আমাদের নামতে না হয়। যাতে মন্ত্রিসভা আমাদের সেই আন্দোলনের পথে ঠেলে না দেয়। আপনারা যদি এই বিষয়ে একটা কিছু করতে পারেন তাহলে আমরা আবার আমাদের মানুষের কাছে ফিরে যেতে পারি, তাদের বুঝিয়ে বলতে পারি আমাদের মহান্ নেত্রী ইন্দিরা গান্ধী যে প্রতিশ্রুতি প্রকাশ্য জনসভায় দিয়েছিলেন সেই প্রতিশ্রুতিকে পালন করেছেন। এবং আমরা আমাদের মহান্ নেত্রীর সুনাম রক্ষা করতে পারব। তা যদি না হয় তাহলে এই মহান দেশের মহান নেত্রীর নামে—যার নামে আমরা নির্বাচিত হয়ে এসেছি সেই মহান নেত্রীর নামও কলংকিত হবে। এটা আমরা নিশ্চয়ই চাই না, আমরা চাই মন্ত্রীসভা যে প্রতিশ্রুতি দিয়েছে তা অক্ষরে অক্ষরে পালন করবেন এবং তা করতে হবে। এখানে তথ্যভিত্তিক আলোচনার কোন প্রয়োজন নাই, কারণ ইতিপূর্বে অনেকে অনেক তথ্য দিয়েছেন, গত ৬ই আগস্ট এক বিশেষজ্ঞের সংগে আলোচনা হয়েছে, তিনি বলেছেন এই মার্টিন রেল চালু করার ব্যাপারে কোন বাধা তাদের নাই বর্তমানে। কারণ সেখানে যেসব যন্ত্রাংশ লাগবে সেসব ভারতবর্ষেই তৈরী হচ্ছে, এরজন্য কোন ফরেন এক্সচেঞ্জ-এর দরকার হবে না। আমরা চাই আমাদের মন্ত্রীসভা একটা প্রতিশ্রুতি দেবেন, একটা আশ্বাস দেবেন এবং তার ফলে আমরা জনগণকে বলতে পারব যে আমাদের নেত্রী ইন্দিরা গান্ধীর প্রতিশ্রুতি পালিত হচ্ছে। তা যদি না হয় তাহলে আমরা এবারে প্রত্যক্ষ সংগ্রামে নামব। সেইজন্য সেই দাবি নিয়ে, সেই আশা-আকাঙ্খা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ।

**Shri Ali Ansar :** মাননীয় অধ্যক্ষমহোদয়, বহু ঘোষিত গরীবী হটাও এই কথা আর এখানে গরীবী হটাও হচ্ছে কিনা এই মার্টিন রেলের দুরবস্থা। এবং এই মার্টিন রেল সম্বন্ধে এই সভায় অনেক আলোচনা হয়েছে যে কিভাবে ২০ লক্ষ জনসাধারণের জীবনে বেকারি নেমে এসেছে এবং সেইজন্য আজকে এই আইনসভায় অন্ততঃ তারা কুটির শিল্প মন্ত্রী যিনি এখন মন্ত্রিসভায় প্রতিনিধিত্ব করেছেন, তারা উন্নতির কথা বলেন, কুটির শিল্পের কথা বলেন, অথচ হাওড়া এবং হুগলীর বিরাট অংশে কুটির শিল্প মার্টিন রেল বন্ধ হওয়ার ফলে ধ্বংস হয়ে যাচ্ছে। যে দর্জিরা হাওড়া হাটে কাপড় জামা বিক্রয় করতেন এবং বিস্তর তাদা ঐ অঞ্চলে তৈরি হতো সেই কুটির শিল্প বন্ধ হয়ে যেতে বসেছে। আমরা সেইজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি সুস্পষ্টভাবে

আমাদের আশ্বাস দিন যে, কিছুদিনের মধ্যে কেন্দ্রীয় সরকারের সংগে একটা বোঝাপড়ার ভিত্তিতে মার্টিন রেল চালু করবেন। মাননীয় অধ্যক্ষমহোদয়, এই মার্টিন রেলে ১৮ থেকে ২০ হাজার যাত্রী যে কি দুর্দশার মধ্যে পড়েছে তা আমাদের হাওড়া এবং হুগলী জেলার মাননীয় সদস্যদের কাছ থেকে শুনলেন। শুধু ডেলি প্যাসেঞ্জারদের দুর্দশা নয় সেখানে যেসমস্ত হকার আছে এবং যারা দোকানে কাজ করে এই ধরণের কর্মচারী এমন কি যারা ঐ হাওড়া শহরে আসে দিনমজুর খাটে তারা আজ বেকার অবস্থায় এসে হাজির হয়েছে। কাজেই বেকার সমস্যার

[5-10—5-20 p. m.]

সমাধান করতে গেলে আমাদের আজকে মার্টিন রেল করা একান্তই প্রয়োজন। আমি সেইজন্য মন্ত্রিমহাশয়কে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দিতে চাই। তাই এই প্রতিশ্রুতির মূল্য দিয়ে তিনি আজ এখানে ঘোষণা করুন সুনিদিষ্টভাবে। বাসের মালিকদের চক্রান্ত বা আমলাদের যে চক্রান্তের দরুন যে দীর্ঘসূত্রিতা চলেছে সেটা আমরা কিছুতেই মানতে চাই না। আমরা আশা করবো মন্ত্রিমহাশয় আজকের বিধানসভায় সুনির্দিষ্টভাবে আশ্বাস দেবেন। তা না হলে হাওড়া, হুগলীর জনসাধারণ আজকে একটা প্রত্যক্ষ সংগ্রামে পথে নামবেন। আজকে বেকার সমস্যা যে জাতীয় সমস্যা হয়েছে সেইটাকে একটা বৈজ্ঞানিক সমস্যার সমাধানের পথে মার্টিন রেলকে একটা কার্যকরীভাবে লাগানো চাই। এটা বেকার সমস্যার সমাধানের জন্য, কুটির শিল্পকে বাঁচানোর জন্য এবং তার থেকেও যেটা অধিক সেই ২০ লক্ষাধিক জনসাধারণের জীবন-জীবিকার সমাধানের জন্য মার্টিন রেল পুনরায় চালুর দাবি জানাচ্ছি। এই কথা বলে আমি বক্তব্য শেষ করছি।

**Shri Mahadeb Mukhopadhyay :** মাননীয় স্পীকার মহোদয়, আজকে মার্টিন রেল সম্পর্কে পুনরায় আলোচনা হচ্ছে। আমি অবশ্য দ্বিতীয়বার বক্তৃতা দিচ্ছি। মার্টিন রেল এখনও যে অবস্থায় আছে সেটা এখনই চালু করার মতো অবস্থায়ই রয়েছে। এটা বিশেষজ্ঞরা বলেছেন বা যারা জ্ঞানীগুনি লোক তাঁরা চিন্তা করে দেখেছেন। কিন্তু আজকে যে বেকার সমস্যার তীব্রতা এবং গ্রামীন অর্থনীতির যে বিপর্যয় এবং কৃষক, শ্রমিকরা এবং শিল্পীদের সত্যাই গ্রামীন অর্থনীতির দিক থেকে যোগাযোগের দিক থেকে একটা খুব ইমপরটেণ্ট ব্যাপার ছিল। কিন্তু সেই মার্টিন রেল বন্ধ হয়ে যাওয়ায় আজকে দেশের কৃষকরা, ব্যবসায়ীরা, দেশের তাঁতীরা, শিল্পীরা সত্যাই অর্থনৈতিক দিক থেকে বিপর্যস্ত হয়েছে। আমরা আজ বলছি যে বেকারী দূর করতে হবে, দারিদ্র দূর করতে হবে এবং এটাও বলছি যে সেটা অভিশাপ। সেখানে কি টাকার প্রশ্নটাই বড়? অর্থই বড়? ভারতবর্ষ আজকে যে গণতান্ত্রিক সমাজবাদের প্রতিশ্রুতি মানুষের কাছে দিয়েছে সেই ভারতবর্ষে আজকে যদি আমাদের মানুষের কর্মসংস্থান করতে হয়, বেকারীত্ব দূর করতে হয়, সত্যিকার যে প্রব্লেম আছে তা দূর করতে হলে মার্টিন রেল এই এলাকার পক্ষে একটা ভাইটাল ব্যাপার। আমরা কল-কারখানা, শিল্প—এইসব গড়ে তোলার কথা বলছি, মার্টিন রেল কিন্তু অনেক বেকার সমস্যার সমাধান হবে—একথা স্মরণে রাখতে হবে। ব্যবসা সম্প্রসারণ হবে, যেসব কৃষিজীবী আছেন তাদের কাঁচামাল আমদানী এবং রপ্তানীর দিক থেকে কাজ সম্প্রসারণ হবে। ওই অঞ্চলে একটা পুনর্জীবন ঘটবে এবং আমাদের যে সমস্যা তার অন্ততঃ কিছুটা সমাধান হবে। অর্থনৈতিক দিকটা সরকারের ভেবে দেখা দরকার। মুখ্যমন্ত্রী মার্টিন রেল সম্পর্কে গেলোবারে যে বিবৃতি দিয়েছিলেন তাতে আমার কিছুটা আশার সঞ্চার হয়েছিল আমি ভেবেছিলাম তিনি দিল্লী গিয়ে এটা ঠিক করে আসবেন, কিন্তু এখন যে অবস্থা দেখছি তাতে হতাশা বোধ করছি। তাই জয়নাল আবেদীনের দৃষ্টি আকর্ষণ করে বলছি মার্টিন রেল অপরিহার্য, মার্টিন রেল চালু করতেই হবে এবং মার্টিন রেল যেন হাওড়া স্টেশন পর্যন্ত যোগাযোগ করা হয় এবং ব্রডগেজ করা হয় এবং হাওড়া থেকে সম্প্রসারণ করে দক্ষিণ বাংলার হাওড়া, হুগলী, বর্ধমান,

বাঁকুড়ার সাথে যোগাযোগ করা হয়। আমরা যোগাযোগের দিক থেকে পশ্চাতপদ। আমি এই দাবি হাউসে করছি যাতে হাওড়া স্টেশন থেকে ব্রডগেজ করে বিষ্ণুপুর পর্যন্ত এই লাইনকে সম্প্রসারিত করা হয়। এই প্রস্তাব রেখে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**Shri George Albert Willson-Deroze :** Mr. Speaker, Sir, I was born and brought up in Howrah just close to where the Howrah Martin Railway station now stands, and therefore, the Light Railway was a familiar scene of my boyhood. I am also sitting very close to the Howrah Block in the House and so I feel bound by the strong sentiment to support this motion.

Sir, not only is the Light Railway essential to the economy of Howrah, but I would suggest that the Hon'ble Minister examine something else. The Howrah-Amta Light Railway runs in two directions—south towards Amta, not very far from Bagnan and this railway could be continued up to Bagnan possibly also continued up to Digha to make a weekend travelling by Light Railway going straight from Howrah to Digha. Another thing is that the northern branch of the railway which goes up to Champadanga is only about 15/20 miles away from the other side of the river Damodar. On the other side we have the Bankura-Damodar River Railway which is also a light Railway and by this railway over some bridges you can go straight from Howrah to Bankura for which only a short range is required. There is a link and so this would make the Light Railway economically feasible—it would give a new dimension and economic value which are more than it possesses at the moment. So, I suggest that these two things must be borne in mind. Our Light Railway will, therefore go all the way from Howrah to Amta-Bagnan straight and then possibly to Kolaghat and through bridges straight to Haldia or Digha. This would make a nice tourists' attraction. And then by bridging the Damodar another tourists' attraction will be made as this would take people straight to Bunkura. Sir, these suggestions may be borne in mind.

Thank you, Sir.

**Shri Bhabani Sankar Mukherjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে এসম্পর্কে সামান্য দুই একট: কথা বলতে চাই। পশ্চিমবঙ্গ সরকার কি সবসময় লাভক্ষতির হিসাবনিকাশ করবেন না জনসেবা করার চেষ্টা করবেন? কুড়ি পঁচিশ লক্ষ লোক যেখানে মার্টিন রেলকে কেন্দ্র করে বাস করে সেখানে যদি আমাদের কুড়ি পঁচিশ লক্ষ টাকার লোকসান হয় তাতে কি হয়েছে? আমরা এটা বলতে চাই যে আমারা মানুষের সেবার জন্য এ:সছি। এই মার্টিন রেলকে কেন্দ্র করে সাধারণ বাঙালী ব্যবসায়ী যারা এক চেঙাড়ী শাক নিয়ে এসে হাওড়া, কলকাতার বাজারে বিক্রি করত তাদের রুটিতে কতটা টান পড়েছে সেটা সহজে অনুমান করা যাচ্ছে। আমরা দেখেছি ইস্টার্ন রেল তারকেশ্বর থেকে বাজার গাড়ী ইনট্রোডিউস করেছে।

মার্টিন রেলেও বাজার গাড়ী ছিল তাতে করে কত লোক কাঁচামাল, শাকসবজী এনে জীবিকা নির্বাহ করত। মার্টিন রেল কি কারণে বন্ধ হয়েছে সেটা কারুর জানতে বাকী নেই। সামান্য কতকগুলি স্বার্থান্বেষী লোকের কাছে যে কারণটা বড় হয়ে গেল সেই কারণেই এটা বন্ধ হয়ে গেল।

[5-20—5-30 p.m.]

কিছুদিন আগে যখন আমরা মন্ত্রিমহাশয়ের সংগে আলোচনা করেছিলাম তখন উনি বলেছিলেন আমরা শুনেছি মার্টিন কোম্পানী বলেছে এটা বিরাট লসের ব্যাপার পঁয়ত্রিশ চল্লিশ লক্ষ টাকা লস হবে। কিন্তু আমি জিজ্ঞাসা করি তারা দেশের সেবা করছিলেন, না, ব্যবসা চালাচ্ছিলেন? আমাদের গভর্নমেন্ট পাবলিক সার্ভিস করবে, ট্রান্সপোর্ট দিতে বাধ্য, তা না হলে মানুষ বাঁচবে কি করে। আর একটা জিনিস রেলকে যদি না চালু করা হয় তাহলে আমরা যে আজকে ডিসেনট্রালাইজেসান অব স্মল-স্কেল ইনডাষ্ট্রি'র কথা ভাবছি সেটা কি করে হবে? মোটেই হবে না। সেজন্য আমি বিশেষ করে বলতে চাই যে ডিসেন্ট্রালাইজেসান অব স্মল-স্কেল ইনডাষ্ট্রি—সাধারণ বাঙালী ব্যবসাদার এবং যারা কাঁচা বাজার নিয়ে কেনাবেচা করে এবং পশ্চিমবঙ্গের প্রায় কুড়ি লক্ষ সাধারণ মানুষ যারা মার্টিন রেলকে কেন্দ্র করে বসবাস করছে তাদের সকলকে রিলিফ দেওয়ার কর্তব্য কি আমাদের গভর্নমেন্টের নয়? আমি আশা করি গভর্নমেন্ট নিশ্চয়ই এই বিষয়ে বিশেষ ভাবে চিন্তা করবেন। আর একটা কথা আমি রাখতে চাই সেটা হচ্ছে এই মার্টিনকে ব্রডগেজ নিশ্চয়ই করতে হবে। আজকের দিনে এই প্রিমিটিভ ছোট রেল থাকার কথা নয়, এটা অবশ্য এখনই করার কথা বলছি না, এটা ব্রডগেজ করার জন্য আপনি আমাদের তরফ থেকে সমস্ত পশ্চিমবঙ্গবাসীর তরফ থেকে দিল্লীতে গিয়ে দরবার করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Zainal Abedin :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে বিধানসভায় যে মোশান আনা হয়েছে এর উপযুক্ততা এবং এর প্রয়োজনীয়তার সংগে আমরা দ্বিমত নই, সরকারেরও দ্বিমত নেই। কিন্তু এই সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে এই মোশানের স্বপক্ষে কিছু অপ্রাসংগিক এবং অবান্তর কথা রাখা হয়েছে, আমরা তার সংগে একমত নই। আমরা মনে করি মার্টিন রেল অবশ্য চলা উচিত। আমরা মনে করি যে মার্টিন রেলকে শুধু হাওড়া-আমতা কিম্বা হাওড়া-শিয়াখালাতে সীমাবদ্ধ না রেখে আরো যে লাইট রেলওয়ে সিসটেম রান বাই রেলওয়ে বোর্ড, যেমন বর্ধমান-কাটোয়া লাইট রেলওয়ে, আমেদপুর লাইট রেলওয়ে, বাঁকুড়া-দামোদর লাইট রেলওয়ে আছে, রায়নার কাছে একটা ব্রীজ করে এটাকে ইন্টিগ্রেটেড লাইট রেলওয়ে সিসটেম করা উচিত। আমরা মনে করি এবং মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন যে রেল কেন্দ্রীয় বিষয়, রেলওয়ে বোর্ডের কর্তৃত্বে আজকে এই ব্যবস্থা চালু আছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি বলতে পারবেন না কোন রাজ্যসরকার কোন রেলের দায়িত্ব এখনও নিয়েছে। আমরা দেখেছি এই কোম্পানী রেল চালাতে গিয়ে লস হচ্ছে ইকনমিক নয় এই অজুহাতে ১৯৭০ সালের ডিসেম্বর মাসে এই লাইন বন্ধ করে দিয়েছে এবং লস হচ্ছে বলে তৎকালীন যে স্ট্রাইক এবং অ্যাজিটেসান হয়েছিল তারই ভিত্তিতে এই রেল বন্ধ করে দিয়েছে। আমরা পরবর্তীকালে দেখেছি যে এই মার্টিন লাইট রেলওয়ের শেয়ার হোল্ডাররা হাইকোর্টে একটা প্রসিডিংস এনেছে এটাকে লিকুইডেশানে দেবার জন্য। এই সরকারের দায়িত্ব নেওয়ার পর দেশবাসী এবং ঐ এলাকার মানুষের অসুবিধার কথা চিন্তা করে আমরা এই রেল যাতে চালাতে পারি তার বিভিন্ন দিক পরীক্ষা করে দেখছি এবং আমরা চেষ্টা করছি যাতে সহজে সময় নষ্ট না করে এই রেল চালান সম্ভব হয়। তাতে আমরা দেখেছি এর মোটামুটি ৩টি অ্যাসপেক্ট আছে এবং আর একটা হচ্ছে টেকনিক্যাল অ্যাণ্ড মেকানিক্যাল অ্যাসপেক্ট, একটি হচ্ছে ফাইনানসিয়াল আসপেক্ট এবং আর একটি হচ্ছে লিগ্যাল আসপেক্ট। এখন প্রশ্ন হচ্ছে এই রেলওয়ে কে চালাবে? আমাদের রেলওয়ে বোর্ড এই দায়িত্ব নিতে পারলে সমস্ত সমস্যার সমাধান

হয়ে যেত। কিন্তু রেলওয়ে বোর্ড সহজে এই দায়িত্ব নিতে চায় না। তবে রাজ্যসরকার বসে নাই, আমরা একাধিকবার রেলওয়ে মিনিস্টার এবং রেলওয়ে বোর্ডের সংগে যোগাযোগ করেছি। আমরা দেখেছি তারা আণ্ডার সাব-সেকসন থ্রি অব সেকসন থ্রি অব দি রেলওয়ে কোম্পানীস্ ইমারজেন্সী প্রোভিসন অ্যাক্ট, নাইনটিন ফিফটিওয়ান এতে রাজ্যসরকারের উপর দায়িত্ব দিতে চাচ্ছেন এবং বলছেন, তোমরা এই রেলওয়ে চালাও। এর ফলে কিছু সমস্যা দেখা দিচ্ছে। এর যে প্রেসিং ক্রেডিটরস্ আছে, শেয়ারহোল্ডারস্ আছে তাদের প্রত্যেকের রাইট থেকে যাচ্ছে। আজকে যদি রেলওয়ে বোর্ড আমাদের এমপাওয়ার করে তাহলে আমরা মালিক হচ্ছি না এবং শেয়ারহোল্ডার, ক্রেডিটরদের যে রাইট সেটাও থেকে যায়। আজকে যদি রাজ্য-সরকারকে এটা চালাতে হয় তাহলে কোন ধারায়, কোন বিধান অনুসারে চালাবে সেইজন্য লিগাল য়াসপেক্ট যেটা বলছি সেটা একটা বাধা। কাজেই আমাদের ভাবতে হবে। আমরা এটা টেকওভার করব, না লিকুইডিসানে পার্চেজ করব বা আর কোন বিচার থাকবে না, রেলওয়ে বোর্ড এমপাওয়ার করবে আণ্ডার সাব সেকসন থ্রি অব নাইনটিন ফিফ্‌টিফাইভ অ্যাক্ট সেই মত আমরা গ্রহণ করব সেইজন্য একাধিকবার আমরা ব্যবস্থা নিয়েছি। আমাদের রাজ্যসরকারের তরফ থেকে অ্যাডভোকেট জেনারেল অ্যাপিয়ার করছেন কোর্টে for long adjournment just to enable the Government to come to a decision and in the meantime to enable the Government to negociate with the Railway Board and the Railway Minister. এর একটা ফাইনানসিয়াল আসপেক্ট আছে। এই মার্টিন রেলওয়ে মার্টিন কোম্পানী চালাচ্ছিল। আমরা এক্সপার্ট নই বা আমাদের কোন বিচক্ষণ বা অভিজ্ঞ লোকও নেই। কোনদিন রাজ্যসরকারের উপর এই দায়িত্ব বর্তায় নি। যদি আমাদের প্রিলিমিনারী অ্যাসেসমেন্ট করতে হয় তাহলে রেলওয়ের দেওয়া হিসাবের উপর আমাদের নির্ভর করতে হবে। তাঁরা বলেছেন ট্রাক ফেয়ার্স-এর জন্য ২১ পয়েন্ট ৯১, রোলিং স্টক-এর জন্য ১০ পয়েন্ট ৩৮, যন্ত্রা ওয়ার্কসপ-এর জন্য ১ পয়েন্ট ৫ এবং পেমেন্ট টু প্রেসিং ক্রেডিটরস-এর জন্য ১২ পয়েন্ট ১৮ লক্ষ টাকা এখনই চাই। এই টাকার সংস্থান আমাদের করতে হবে। এই রেলওয়ে চালানোর ব্যাপারে টাকা বড় সমস্যা হয়ে দেখা দেয় নি। রাজ্যসরকার চাচ্ছেন রেলওয়ে বোর্ড আরও যেমন লাইট রেলওয়ে চালাচ্ছেন ঠিক তেমনি বায়নার কাছে দামোদর ব্রীজ করে লাইট রেলওয়ে সিসস্টেমে এটা চালাবেন। ব্রড গেজের একটা দাবিও উঠেছে। আমরা দেখেছি বারাসতের কাছে লাইট রেলওয়েকে কনভার্ট করা হয়েছে বাই রেলওয়ে বোর্ড। কাজেই রাজ্যসরকারের পক্ষে সেটা এখনই সম্ভব নয়। বিশ্বনাথবাবু এখানে নেই দেখছি। তিনি একটা অযৌক্তিক প্রস্তাব রাখলেন যে কমনসেন্স দিয়ে নাকি রেলওয়ে চলতে পারে। আমি খুব বেদনার সংগে বলতে চাই তাঁর এই মতের সংগে আমি একমত নই। আমরা রেলওয়ে বোর্ড এবং রেলওয়ে মিনিস্টারকে চিঠি দিয়েছি। আমার বন্ধুরা যেসব বক্তব্য এখানে রাখলেন তাতে তাঁরা বলছেন ইচ্ছা করে আমরা বন্ধ করে রেখেছি। কিন্তু আসল ঘটনা তা নয়। আমাদের প্রাইভেট ফার্মের মত কোন এক্সপার্ট নেই। রেলওয়ে এক্সপার্ট-এর জন্য আমাদের রেলওয়ের উপর নির্ভর করতে হবে এবং এটা রেলওয়ে বোর্ড দিতে পারে। আমাদের রেলওয়ে মিনিস্টার ইস্টার্ন রেলওয়ের জেনারেল ম্যানেজারকে বলেছেন, তুমি যাও এবং এক্সপার্ট টিম পশ্চিমবঙ্গ সরকার যেটা চেয়েছেন সেটা দিয়ে Start examination, scrutiny and examination of various aspects of this light railway system. এবং তোমার সুপারিশ এবং মতামত দাও। আমার অনেক বন্ধু বলেছেন আধ ঘন্টার মধ্যে সিদ্ধান্ত নিয়ে ১৫ দিনের মধ্যে এটা চালু করা যায়। আমি তাঁদের সংগে একমত নই।

[5-30—5-40 p. m.]

এই মার্টিন রেলওয়ে চালাবার প্রতিশ্রুতি আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় দিয়েছেন এবং আমি দেখেছি প্রধানমন্ত্রীর নামও এর সংগে জড়ান হয়েছে। এখানে যে মনোভাব ব্যক্ত হয়েছে সেটা

হচ্ছে সরকার যেন আলাদা এবং হাওড়া, হুগলীর এম এল এ-রা আলাদা। অর্থাৎ আজকে যেন একটা প্রতিযোগিতা চলছে বা একটা বিরূপ মনোভাব উঠেছে বা মন্ত্রীসভা তাঁদের কথা ভাবছেন না। অবশ্য আজকের বক্তব্যে যদি এই ধারনা সৃষ্টি করার চেষ্টা না হয়ে থাকে তাহলে আমি খুশী হব। আমি জানি সরকার অত্যন্ত গুরুত্ব দিয়ে এই সমস্যার সমাধানের কথা চিন্তা করছেন। আমরা মোটেই বসে নেই, আমরা ১১ তারিখ রেলওয়ে মিনিস্টারের সংগে কথা বলবার জন্য আমি এবং মুখ্যমন্ত্রী দিল্লী যাচ্ছি। ১১ তারিখ আমরা আবার এটা নিয়ে কথাবার্তা বলব, আলোচনা করব এবং স্টেট গভর্নমেন্টের বক্তব্য আমরা রাখব। ইতিমধ্যে ওয়েস্ট বেঙ্গল ক্যাবিনেটে লিস্টেড বিসনেস হিসেবে আমরা আলোচনা করেছি ইনফর্মালি। আমরা একাধিকবার এটা নিয়ে আলোচনা করেছি এবং যারা যারা এর সঙ্গে সংশ্লিষ্ট তাদের সঙ্গে আলোচনা করেছি। আমাদের বন্ধুদের সবচেয়ে বড় উৎকণ্ঠা হচ্ছে তাঁরা একটা নির্দিষ্ট সময় চাচ্ছেন কবে এটা খুলবে।

**(Shri Mrigendra Mukherjee :** আমরা জানতে চাচ্ছি এটা খোলা হবে কিনা এবং আমাদের জীবদ্দশায় হবে কিনা ?) একটু আগে এখানে উত্তপ্ত বিতর্ক চলছিল এবং তাতে বলা হয়েছিল যে, তিন মাসের মধ্যে বা ১৫ দিনের মধ্যে এটা চালাতে হবে বা একটা নির্দিষ্ট দিন বলতে হবে। কিন্তু এখন দেখছি উনি উদার হস্তে লং লিজ অব লাইফ, এর কথা বলেছেন। আমি এটুকু নিবেদন করতে চাই যে রাজ্যসরকারের এক্সপোর্ট নেই। অনেকে বলেছেন ইঞ্জিনগুলো ভাল আছে কাজেই এক মাসের মধ্যে চলতে পারে। একথা ঠিক নয়। আমরা এক্সপার্ট টিম চেয়েছি এবং সেটা গঠিত হয়েছে এবং দে উইল স্টার্ট দেয়ার ওয়ার্ক ভেরি সুন। আমরা রেলওয়ে বোর্ড এবং রেলওয়ে মন্ত্রীর সংগে আলোচনা করছি এবং সেই আলোচনার ফলাফল আমি আপনাদের জানাতে পারব। বিভিন্ন যাত্রীসংঘ সংগঠিত হয়েছে কাজেই আমাদের কাছে যে বক্তব্য আসবে এবং কতটা প্রোগেস হয়েছে সেটা আপনাদের সকলকে জানাব। হাওড়া এবং হুগলীর জনসাধারণের দুঃখ এবং অসুবিধা সরকার নিজের দুঃখ এবং অসুবিধা বলে মনে করেন। হাওড়া জেলাকে বাদ দিয়ে এই সরকার কিছু চিন্তা করেন না। সবশেষ আমার বক্তব্য হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রী এবং প্রধানমন্ত্রী যদি প্রতিশ্রুতি দিয়ে থাকেন তাহলে আমরা আমাদের দেহের শেষ রক্তবিন্দু দিয়ে সেই প্রতিশ্রুতি পালন করব। এই গণতান্ত্রিক মোর্চা গঠনের আগে আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমরা সকলকে এই বিধানসভায় জানব। আমাদের এই পক্ষের বন্ধুদের এই ধারণা বদ্ধমূল হওয়া দরকার যে এই সরকার যে প্রতিশ্রুতি দেন সেটা তাঁরা ভঙ্গ করেন না। জনসাধারণ এবং মাননীয় সদস্যদের উদ্বেগের সঙ্গে একমত হয়ে, তাঁদের উদ্বেগের অংশীদার হয়ে আমি এটুকু বলতে চাচ্ছি যে সরকার আপ্রাণ চেষ্টা করেছেন যাতে এই রেলওয়ে লাইন চালু হয়।

**Shri Aftabuddin Mondal :** আপনারা চেষ্টা করেছেন আমরা জানি। কিন্তু আপনি শুধু এই কথাটা বলুন যে আমরা এটা চালাব।

**Dr. Zainal Abedin :** ওই কথা বলা যায় না। আমি আপনাদের বলেছি আমরা প্রতিশ্রুতি রক্ষা করতে বদ্ধপরিকর। এরচেয়ে বেশী কথা আমি আর বলতে পারছি না।

**Shri Mrigendra Nath Mukherjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, জয়নাল আবেদিনের সুন্দর বাগ্মীতার প্রশংসা করছি। মার্টিন রেল চালাতে গিয়ে একটা ইন্টিগ্রেটেড রেলপথের একটা পাঁচ সাত বছরের যোজনার কথা যেন কানে গেল। কিন্তু মধ্যখানে দু একটি সেন্টেনস যোগ করেছেন যে চালানো উচিত এবং চালাবেন, প্রায় চালাবেন, অর্থাৎ তিনি বাঁচিয়ে গেছেন, পাকাপোক্ত একজন পার্লামেন্টারিয়ানের মত। অপর দিক থেকে কথা হচ্ছে, তিনি বলে গেছেন

একটা error of facts হয়েছে, বলে গেছেন যে non-economic বলে Company তুলে দিয়েছিল, তা আগে ধর্মঘট চলছিল, ধর্মঘট কিছুদিন চলার পর Company ঐ অজুহাত দিয়ে, যেমন করে বিভিন্ন Company অজুহাত দেখায়, সেইরকম অজুহাত দেখানো হয়েছে। Books যদি Examine করা হয় তাহলে দেখা যাবে ৪৪ লক্ষ টাকা income, ওখানে ২৫ লক্ষ টাকা দেখান হয়েছে। আর একটা কথা বলে রাখার দরকার আছে, যে আমরা এইকথা মনে করছি না যে মার্টিন রেল চালাতে সরকারের কোন দ্বিধা আছে। আমরা মনে করি না, বিধানসভার সদস্যদের সঙ্গে সরকারের কোন ফারাক আছে, কিন্তু আমি এটা মনে করি বিধানসভার সদস্যদের যে উদ্বেগ, জনসাধারণের যে উদ্বেগ, সেই উদ্বেগকে যদি মন্ত্রীসভা কাঁধে কাঁধ মিলিয়ে নেন, where there ia a will, there is a way. পথ যদি পাওয়া যায়, তাহলে নিশ্চয়ই নেওয়া যাবে। হাজার হাজার বন্ধ কারখানাকে যখন আপনারা খুলতে চান তখনও কি এই financial aspect দেখা দেয় না? Liquidation এ কোন আইন মাফিক পথ ধরে কি করে হয়—আপনার Writers, Buildings Secretariat আছে, officer আছে তাদের মোটা মাইনে দিয়ে রেখে দেওয়া হয়, তারা আইন বাতলাবেন, It is not the duty of Dr. Zainal Abadin—যে এই পথগুলো খুলে খুলে বার করতে হবে। সেই তিনটে যে aspect দেখিয়েছেন। যেকোন বন্ধ শিল্প খুলতে গেলে, এইগুলো দেখা দেয়। প্রশ্ন হচ্ছে আপনারা আপনাদের ইচ্ছা ঘোষণা করুন। অবশ্য আপনার উপর সবটা নির্ভর করছে না, কারণ মুখ্যমন্ত্রী নিজে যখন বলে গেছেন, আপনার কণ্ঠস্বর এবং তাঁর কণ্ঠস্বরের প্রায় মিল আছে। আমরা চেয়েছিলাম, আপনি যখন দিল্লী যাত্রা করেছেন, আপনার হাতে একটি অস্ত্র আমরা তুলে দিই, এই বিধানসভার উদ্বেগ এবং প্রস্তাব দিল্লীতে যখন যাচ্ছেন, তখন আপনি নিয়ে যেতেন। তখন এই অস্ত্র শক্তিশালী হত। তার সঙ্গে সঙ্গতি রেখে আমরা এই প্রস্তাব আনতে চেয়েছিলাম। কিন্তু অত্যন্ত মর্মান্তিক যে এই প্রস্তাবের সঙ্গে সংশোধনী জুড়ে দেওয়া হয়েছে। Party-তে আমরা নিয়ম এবং শৃঙ্খলা ভাঙতে পারি না, সেই নিয়ম-শৃঙ্খলার জন্য spirited হয়ে নয়, আমরা বাধ্য হচ্ছি সংশোধনী প্রস্তাবকে মেনে নিতে কিন্তু সংশোধনী প্রস্তাবে যে spirit রয়েছে, যে মনোভাব রয়েছে, সেই মনোভাবকে আমরা প্রত্যাখ্যান করছি এবং এই বিধানসভা অত্যন্ত উদ্বেগ প্রকাশ করে যাচ্ছে মার্টিন রেলের জন্য এবং আজকের মন্ত্রীসভার কাছে আমি বলেছিলাম, এই বিধানসভার উদ্বেগকে কার্যকরী না করলে ভবিষ্যতের ইতিহাসেই আমরা দোষী হবো, আমরা আসামীর কাঠগড়ায় দাঁড়াবো। কথার সঙ্গে কাজের মিল রাখবার জন্য আমি মন্ত্রিসভাকে এবং বিধানসভাকে আবেদন জানাচ্ছি, আসুন, আমরা একজোট হয়ে লড়ি, এই কথা বলে, আমি সংশোধনী প্রস্তাবকে spirited না হয়েও, একই spirit না রেখেও মেনে নিলাম। এবং এই প্রস্তাব যাতে কার্যকরী হয়, তারজন্য আবেদন জানালাম। এইকথা বলা ছাড়া আমার কিছু বলার নেই, যারা যারা বক্তৃতা দিয়েছেন, তাদের প্রত্যেককে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমরা বক্তব্য শেষ করছি।

**Shri Sudhir Chandra Bera :** মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয়ের আন্তরিকতা সম্বন্ধে কোন সন্দেহ নেই। কিন্তু আমার মনে হয় তিনি আমলাদের পরামর্শমত কিছু বলতে ভয় পাচ্ছেন। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা, আমরা ঘুরে ঘুরে দেখেছি, ভয়ের কিছু নেই। তিনি যদি খুলতে চান খুলতে পারেন

**Dr. Zainal Abedin :** অনেকের ধারণা আছে যে আমলারা বাধা দিচ্ছে। কিন্তু অত্যন্ত আনন্দের সংগে জানাতে পারি, এ পর্যন্ত আমলা মানে সরকারী কর্মচারীদের যদি বুঝায়, সবাই আন্তরিকভাবে সহযোগিতা করছে যাতে এই বিপদ, এই সঙ্কট আমরা কাটিয়ে উঠতে পারি।

The motion of Shri Sankar Das Paul that—

(১) তৃতীয় ও ৪র্থ লাইনে "ও প্রধানমন্ত্রীর প্রাক্-নির্বাচনী প্রতিশ্রুতি রক্ষার্থে এবং" এই কথাগুলি বাদ দেওয়া হোক, এবং

(২) পঞ্চম ও ষষ্ঠ লাইনে "দায়িত্বভার বহন করিয়া তিন মাসের মধ্যে উহাকে চালু করা উচিত" এই কথাগুলির পরিবর্তে নিম্নলিখিত কথাগুলি বসানো হউক, যথা—

"উপযুক্ত প্রচেষ্টা থাকা উচিত"।

The motion of Shri Mrigendra Mukherjee, as amended, namely that—

দীর্ঘদিন যাবং মার্টিন রেল বন্ধের ফলে হাওড়া ও হুগলী জেলার লক্ষ লক্ষ অধিবাসী চরম দুরবস্থার মধ্যে পড়ায় এই সভা গভীর উদ্বেগ প্রকাশ করিতেছে এবং মনে করিতেছে যে, অধিবাসীদের সামগ্রিক দুরবস্থার সমাধানকল্পে আর্থিক দায়িত্ব বহনে কেন্দ্রীয় সরকার অক্ষমতা জানাইলে রাজ্যসরকারের মার্টিন লাইট রেল পরিচালনার উপযুক্ত প্রচেষ্টা থাকা উচিত।

**Mr. Speaker :** The House stands adjourned till 1 p. m. on Thursday, the 10th August, 1972.

**Adjournment**

The House was accordingly adjourned at 5-40 p.m. till 1 p.m. on Thursday, the 10th August, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 10th August, 1972, at 1 p. m.

**Present**

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 13 Ministers, 7 Ministers of State, 3 Deputy Ministers and 148 Members.

**Oath or Affirmation of Allegiance**

[1-00—1-10 p. m.]

**Mr. Speaker :** Honourable Members, if any one of you have not yet made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

**STARRED QUESTIONS**

**(to which oral answers were given)**

(*654 Not put member being absent)

এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরি

*৬৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪২।) **Shri Monoranjan Pramanick :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৬৯ সালের জানুয়ারী হইতে ৩০শে জুন, ১৯৭২ পর্যন্ত কত ব্যক্তিকে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে চাকরি দেওয়া হইয়াছে ?

**Dr. Gopal Das Nag :** গত ১৯৬৯ সালের জানুয়ারী হইতে ৩০শে জুন, ১৯৭২ পর্যন্ত এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে যাঁহারা চাকরি পাইয়াছেন তাহাদের সংখ্যা :

| বৎসর | সংখ্যা |
|---|---|
| ১৯৬৯ | ২৬,০৬৩ |
| ১৯৭০ | ২০,৩২৭ |
| ১৯৭১ | ২০,১৯৮ |
| ১।১।৭২ হইতে ৩০।৬।৭২ পর্যন্ত | |
| আনুমানিক | ১৪,২৮৫ |

**Shri Manoranjan Pramanik :** অনেক সময় দেখা যায় এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের বাইরে থেকে শ্রমিকদের কাজে নিযুক্ত করা হচ্ছে বিভিন্ন ফ্যাক্টরীতে। সেই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের বাইরের যাদের নিযুক্ত করা হয়েছে, তাদের সংখ্যা কি মাননীয় মন্ত্রিমহাশয় বলতে পারেন ?

**Dr. Gopal Das Nag :** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের বাইরে থেকে যাদের নিযুক্ত করা হয়েছে তাদের সংখ্যা আমার জানা নাই।

**Shri Manoranjan Pramanik :** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের বাইরের থেকে যাতে নিযুক্ত না হতে পারে, তা বন্ধ করার ব্যবস্থা সরকার করছেন কিনা ?

**Dr. Gopal Das Nag :** বর্তমান যে আইনে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ চলে, সেখানে বাধ্যতামূলকভাবে কোন ভ্যাকেন্সি অ্যারাইস করলে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে নোটিফিকেশন করে জানিয়ে দেওয়া হয়, কিন্তু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে রিক্রুট করা বাধ্যতামূলক কোন আইন নাই। এটা সেন্ট্রাল অ্যাক্ট, তবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে কতদূর সম্ভব বাধ্যতা-মূলক ব্যবস্থা অবলম্বন করা যায় সেটা আমরা ভারত সরকারের সংগে কথাবার্তা বলার ব্যবস্থা গ্রহণ করেছি।

**Shri Balai Lal Seth :** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে যাদের নিযুক্ত করা হয়েছে, তাদের মধ্যে স্কুল ফাইনালের নীচে কতজন চাকরি পেয়েছেন ?

**Dr. Gopal Das Nag :** আমার হাতে সে-সংখ্যা নাই।

**Shri Harasankar Bhattacharyya :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, তিনি যে হিসাব দিলেন তা থেকে আমারা দেখতে পাচ্ছি যে, ২৬,০৬৩ তার পরের বছর ২০,০২১ তার পরের বছর ২০,১৯৮, অর্থাৎ প্রতি বছর কমে যাচ্ছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে প্রতি বছর কমে যাচ্ছে, আমি জিজ্ঞাসা করতে চাই, রাজ্য সরকারের হাতে এমন কি কোন আইনগত ক্ষমতা নেই যে আইনগত ক্ষমতা প্রয়োগ করে ঐ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির উপর একটা নির্দেশ দিতে পারেন যে তোমাদের মধ্যমে ছাড়া অন্য কোন মাধ্যমে যেন এমপ্লয়াররা এমপ্লয়মেন্ট না দেয়, অথবা এমপ্লয়ারদের উপরে এই ধরনের নির্দেশ দেওয়া আপনাদের কি আইনগত ক্ষমতা নাই ?

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, প্রথম যা মাননীয় সদস্যর বক্তব্য সেটা হয়ত ১৯৭১ সাল পর্যন্ত সত্য যে ক্রমশ: সংখ্যা কমে গিয়েছে কিন্তু ১৯৭২ সালের ৬ মাসে ১৪২৮৫ হয়েছে। তাহলে মোটামুটি আমরা ধরতে পারি যে ১৯৭২ সালের রেজাল্ট ১৯৭০, ১৯৭১, ১৯৭২ থেকে বেশী হওয়া সম্ভব। এটা সম্ভব হয়েছে এই কারণে যে আমাদের আইনগত-ভাবে নিশ্চয়ই কোন ক্ষমতা নেই, আমরা আইন অনুযায়ী কাউকে কোন নির্দেশ দিতে পারিনা বা এটাকে বাধ্যতামূলক করতে পারি না। কিন্তু অনুরোধ উপরোধ করতে পারি। এক্জিকিউটিভ ক্ষমতা যা আমাদের আছে সেটা যতদূর সম্ভব অনুরোধের মাধ্যমে প্রয়োগ করে আমরা এখন পর্যন্ত খানিকটা আবহাওয়া সৃষ্টি করতে পেরেছি যাতে অনেক প্রাইভেট সেকটর আণ্ডারটেকিং এখন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নেওয়া তাদের প্রসিডেয়োর বলে ঠিক করে নিয়েছে।

**Shri Sarat Chandra Das :** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই যে ১৪ হাজার লোক এই ৬ মাসে নেওয়া হয়েছে সেগুলি সরকারী কাজে নেওয়া হয়েছে, না বেসরকারী কাজে নেওয়া হয়েছে ?

**Dr. Gopal Das Nag :** সরকারী প্রকল্পেও নেওয়া হয়েছে, বে-সরকারী প্রকল্পেও নেওয়া হয়েছে।

**Shri Ramendra Nath Dutta :** সরকারী কাজে এবং সেমি-গভর্নমেন্টের কাজে এমপ্লয়মেন্টে এক্সচেঞ্জ থেকে নেওয়া বাধ্যতামূলক কিনা ? যারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্টার্ড করেছে তাদের ইন কেস অব স্টেট গভর্নমেন্ট সার্ভিস এ্যাণ্ড সেমি গভর্নমেন্ট সার্ভিস নেওয়া বাধ্যতামূলক কিনা ?

**Dr. Gopal Das Nag :** না, বাধ্যতামূলক নয়। আগেও আমি বলেছি তবে প্রসিডিয়োর হিসাবে সেন্ট্রাল গভর্নমেন্ট এটাকে খুব স্ট্রিকটলি এ্যাডহেয়ার করে, স্টেট গভর্নমেন্ট অতটা না করলেও মোটামুটি করেন। আর প্রাইভেট সেকটার আগে একদমই করতেন না এখন কিছু কিছু প্রাইভেট সেকটার তারা নীতিগতভাবে এই প্রসিডিয়োরটাকে গ্রহণ করেছেন।

**Shri Ramendra Nath Dutta :** স্টেট গভর্নমেন্ট সার্ভিসে যাঁরা এপয়েন্টমেন্ট দেন তাদেরকে আপনারা ডাইরেকশন দেবেন কিনা যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রি না হলে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া যাবে না?

**Dr. Gopal Das Nag :** ডাইরেকশন কাউকেই দেবার ক্ষমতা আমার নেই। অনুরোধ যেমন প্রাইভেট সেকটারকেও করি তেমনি স্টেট গভর্নমেন্টও যে সমস্ত এ্যাপয়েনটিং অথরিটি আছে তাদেরও আমরা অনুরূপভাবে অনুরোধই করি।

**Shri Kumardipti Sengupta :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বাধ্যতামূলক করবার আইন এখন পর্যন্ত আমাদের হাতে নেই। মাননীয় মন্ত্রিমহাশয় কি এই হাউসকে এই আশ্বাস দেবেন যে যথাশীঘ্র সম্ভব সেনট্রাল গভর্নমেন্টের মাধ্যমেই হোক বা পশ্চিমবংগ গভর্নমেন্টের মাধ্যমেই হোক এইরকম আইন একটা অবিলম্বে প্রবর্তন করা হবে?

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই আইন করার আশ্বাস আমি দিতে পারবো না এই হাউসে কারণ এই আইন গঠন করার ক্ষমতা আমাদের সরকারের বা এই হাউসের নেই। তা আমি আগেই বলেছি যাতে ভারত সরকার অনুরূপ কিছু একটা ব্যবস্থা ঐ আইনের মধ্যে লিপিবদ্ধ করেন তারজন্য আমরা ভারত সরকারের সংগে এটা গ্রহণ করেছি।

**Shri Sarat Chandra Das :** মাননীয় অধ্যক্ষমহাশয় জানাবেন কি যে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ যে নামগুলি পাঠায় যে যে ডিপার্টমেন্টে সে সময় তারা কি কি পদ্ধতি অবলম্বন করে নামগুলি পাঠায়?

**Mr. Speaker :** The question is disallowed.

**Shri Balai Lal Seth :** এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে যারা চাকরি পেয়েছে তারা কি ১৫ বছরের অধিবাসী পশ্চিমবাংলার?

**Dr. Gopal Das Nag :** সেটা বলা শক্ত, মাননীয় অধ্যক্ষমহাশয়, কারণ ১৫ বৎসরের বাসিন্দাদের কেবলমাত্র এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্টার করার অধিকার আছে এমন কোন ব্যবস্থা আজ পর্যন্ত পশ্চিম বাংলায় আইনানুগতভাবে প্রবর্তন করা হয়নি।

**Shri Balai Lal Seth :** মাননীয় মন্ত্রিমহাশয়, ডানলপে কয়েকদিন আগে দেখলাম যে, স্থানীয় লোককে অগ্রাধিকার দিতে হবে বলে বক্তব্য রেখেছেন। তাহলে সেই বক্তব্যের সংগে যদি এইরকমভাবে চাকরি দেওয়া যায় তাহলে আমার মনে হয় পশ্চিমবংগে বেকারের সংখ্যা কমবে। সুতরাং এই আইনটা যদি চালু করা যায় বাধ্যতামূলকভাবে তারজন্য কি ব্যবস্থা করবেন?

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এর উত্তর আমি আগেই দিয়েছি।

**Shri Sarat Chandra Das :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সরকারের রিজার্ভেশন তপশীলিদের জন্য যা আছে সেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম পাঠাবার সময় সেটা চিন্তা করেন কিনা এবং পাঠান কিনা?

**Dr. Gopal Das Nag :** এমপ্লয়িং অথরিটি যারা সাবমিশন চান তাঁরা কোয়ালিফিকেশন ধার্য করে দেন। যে ধরণের কোয়ালিফিকেশন বা রিজার্ভেশন তাঁরা ধার্য করে দেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ তাদের রেজিস্টার থেকে সেই ধরণের কোয়ালিফিকেশন, গুণবিশিষ্ট এবং সেই ধরণের রিজার্ভেশন যা আছে সেই অনুযায়ী নাম পাঠায় তার বাইরে থেকে নাম পাঠায় না।

[1-10—1-20 p.m.]

**Shri Sarat Chandra Das :** এই যে রিজার্ভেশনের সংখ্যা ১৫ পারসেন্ট শিডুল্ড কাস্ট এবং ৫ পারসেন্ট শিডুল্ড ট্রাইবের জন্য ভ্যাকেনসীর পারসেন্টেজ দেওয়া আছে এ সম্বন্ধে সরকারের নীতি কি আমি জানতে চাই,—এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এর উপর সে নির্দেশ আছে কিনা এবং সেটা যথাযথ পালন করা হচ্ছে কিনা ?

**Dr. Gopal Das Nag :** শেডুল্ড কাষ্ট এবং শেডুল্ড ট্রাইবের প্রার্থী চাইলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ তাই দেয়।

**Shri Aswini Kumar Roy :** সরকারী নির্দেশ বাধ্যতামূলক করাব দেরী আছে এবং সেটা পারবেন কিনা বলা যায় না, কিন্তু রাজ্য সরকার তো অন্তত: একটা ডিরেকটিভ দিতে পারেন যে প্রত্যেকটি সরকারী এবং বেসরকারী কর্মক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে রিক্রুটমেন্ট করতে হবে, এটা স্টেট গভর্নমেন্ট পারেন। কাজেই এই ধরণের কোন ডিরেকটিভ দেবার কথা ভাবছেন কিনা ?

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, সরকার ডিরেকটিভ দিতে পারে না, অনুরোধ নিশ্চয়ই করতে পারে, অনুরোধ আমরা করছি, আর প্রাদেশিক সরকারের যে সমস্ত বিভিন্ন বিভাগ আছে, সেখানে ডিরেকটিভ দেবার প্রশ্ন আসতে পারে, সেজন্য এটা আমি নিশ্চয়ই মন্ত্রি সভার কাছে আলোচনার জন্য দেব।

(*656 The member being absent, the question was not put.)

## ফুড করপোরেশনে কর্মরত খাদ্য ও সরবরাহ বিভাগের কর্মচারীবৃন্দ

*৬৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭৭।) **Shri Sukumar Bandyopadhyay :** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রায় ছয় বৎসর ধরিয়া ফুড অ্যাণ্ড সাপ্লাইজ ডিপার্টমেন্ট-এর যে ৫,০০০ হাজারের বেশী কর্মচারী ফুড করপোরেশন-এ ডেপুটেশন-এ আছেন তাঁহাদের ভবিষ্যৎ সম্পর্কে সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন কিনা ;

(খ) ইহা কি সত্য যে, রাজ্য সরকার স্টেট ফুড করপোরেশন গঠন করিতেছেন ,

(গ) সত্য হইলে, স্টেট ফুড করপোরেশন এবং বর্তমান ফুড করপোরেশন-এর মধ্যে কোন তফাৎ থাকিবে কি ;

(ঘ) সরকার কি অবগত আছেন যে, যেখানে (এফ সি আই)-এ ডাইরেক্ট রিক্রুট এবং আর ডি এফ পারসোনেল-রা প্রমোশন পাচ্ছেন সেখানে উপরোক্ত ৫,০০০ হাজারের বেশী কর্মচারী আজ দীর্ঘ ছয় বৎসর ধরে কোন প্রমোশন পাচ্ছেন না ; এবং

(ঙ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিয়াছেন ?

**Shri Kashi Kanta Maitra :** (ক) খাদ্য ও সরবরাহ বিভাগের যে সমস্ত কর্মচারীকে ফুড করপোরেশনে ডেপুটেশনে পাঠান হইয়াছে তাঁহাদের ভবিষ্যৎ খাদ্য ও সরবরাহ বিভাগ এবং ফুড করপোরেশনের মধ্যে উক্ত সংস্থা গঠিত হইবার প্রাক্কালে সম্পাদিত একটি চুক্তির বলে সংরক্ষিত আছে। অন্যান্য বিষয়ের মধ্যে ঐ চুক্তি আছে যে পরে ফুড করপোরেশনের প্রয়োজনানুসারে

খাদ্য ও সরবরাহ বিভাগ ও খাদ্য করপোরেশনের অফিসারদের লইয়া গঠিত একটি কমিটি ডেপুটেশনে প্রেরিত কর্মচারীদের স্থায়ীকরণের বিষয়টি বিচার বিবেচনা করিবেন এবং ঐ কমিটি যাঁহাদের উপযুক্ত বিবেচনা করিবেন তাঁহাদের উক্ত সংস্থায় স্থায়ীভাবে নিযুক্ত করা হইবে। এইরূপ কমিটি গঠনের কোন সিদ্ধান্ত অদ্যাবধি গ্রহণ করা হয় নাই। উপরোক্ত চুক্তির মধ্যে ইহাও বলা হইয়াছে যে, যতদিন না ডেপুটেশনে প্রেরিত রাজ্য সরকারী কর্মচারীরা ঐ সংস্থায় স্থায়ীভাবে নিযুক্ত হইবেন ততদিন তাঁহারা সেখানে ডেপুটেশনে থাকিবেন। উক্ত চুক্তির মধ্যে সংগে সংগে আরো বলা হইয়াছে যে সমস্ত অফিসার ও অন্যান্য কর্মচারীদের প্রথমে ডেপুটেশনে পাঠান হইয়াছে পরে প্রয়োজন হইলে উক্ত করপোরেশন তাঁহাদের পরিবর্তে রাজ্য সরকারের নিকট হইতে নূতন অফিসার ও অন্যান্য কর্মচারী পাইবেন।

(খ) ভারত সরকারের The Food Corporation Act, 1964, অনুসারে একমাত্র ভারত সরকারই State Food Corporation গঠন করিতে পারেন। এই প্রশ্নটির যাবতীয় দিক রাজ্য সরকার বিবেচনা করিতেছেন।

(গ) যদি একটি State Food Corporation গঠিত হয়, তবে তাহা Food Corporation of India হইতে একটি স্বতন্ত্র সংস্থা হইবে। কয়েকটি মূল্য নীতিগত ব্যাপার ব্যতীত সব ব্যাপারে তাহা একটি স্বাধীন ও পৃথক সংস্থা হইবে।

(ঘ) ও (ঙ) ডেপুটেশনে প্রেরিত রাজ্য সরকারের কর্মচারীরা যতদিন না ফুড করপোরেশনে স্থায়ীভাবে নিযুক্ত হইতেছেন ততদিন পর্যন্ত উক্ত করপোরেশন তাঁহাদের অধীনস্থ কোন উচ্চতর পদে উক্ত কর্মচারীদের প্রমোশন দিতে পারেন না। অবশ্য যেহেতু ডেপুটেশনে প্রেরিত কর্মচারীরা ডেপুটেশনে থাকাকালীন রাজ্য সরকারের কর্মচারী বলিয়া গণ্য হন সেহেতু খাদ্য ও সরবরাহ বিভাগের উচ্চতর কোন পদ পদোন্নতি দ্বারা পূরণের সময় খাদ্য ও সরবরাহ বিভাগের কর্মচারীদের সংগে উক্ত ডেপুটেশনে প্রেরিত কর্মচারীদের বিষয়ও যথাযথভাবে বিবেচিত হয়। ইতিমধ্যে খাদ্য ও সরবরাহ বিভাগে বিভিন্ন শূণ্যপদ পূরণের জন্য বহু ডেপুটেশনে প্রেরিত কর্মচারীদের পদোন্নতির আদেশ দেওয়া হইয়াছে। এইরূপ পদোন্নতির আদেশ প্রাপ্ত কর্মচারীদের নির্দিষ্ট উচ্চতর পদে যোগদান করিবার জন্য খাদ্য ও সরবরাহ বিভাগে ফিরিয়া আসা প্রয়োজন।

**Messrs Martin Burn Limited**

***658.** (Admitted question No. *1411) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if the Government is aware of the fact that as a result of the taking over of the management of Indian Iron & Steel Co. by the Government, a good number of branches of Messrs. Martin Burn Ltd. are proposed to be closed by the firm,

(b) if so,

(i) the number of employees who are likely to be affected by such closures, and

(ii) the action taken by the Government in this regard ?

**Dr. Gopal Das Nag :** (a) No.

(b) (i) and (ii) Doesnot arise.

**Shri Rajani Kanta Doloi :** একমাত্র বাঙ্গালী Industrialist স্যার বীরেন মুখার্জী এই মার্টিন বার্ন লিমিটেডের মালিক ছিলেন, এই কোম্পানিটা Nationalisation করবার কি প্রয়োজনীয়তা ছিল সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই মার্টিন বার্ন কোম্পানী Nationalisation করা হয় নাই।

**Shri Rajani Kanta Doloi :** Indian Iron and Steel কোম্পানীর management গভর্নমেন্টের গ্রহণ করার কী কারণ ছিল ?

**Dr. Gopal Das Nag :** এই Indian Iron and Steel কোম্পানী take over করার ব্যাপারে এই সভায় ইতিপূর্বে আলোচনা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিশদভাবে এই সম্পর্কে এখানে বক্তব্য রেখেছিলেন কেন এর পরিচালনের দায়িত্ব ভারত সরকারকে নিতে হয়েছিল। এদের দুটি কারখানা একটি কুলটীতে, অপরটা বার্নপুরে। এই দুটি কারখানার দায়িত্ব ভারত সরকারকে গ্রহণ করতে হয়েছে। কারখানা দুটির পরিচালন ব্যবস্থার mismanagement-এর ফলে production এমন বিপজ্জনকভাবে কমে যাচ্ছিল যে কারাখানা দুটি বন্ধ হবার উপক্রম হয়েছিল। তাই উৎপাদিত ষ্টীল কমে যেতে থাকায় পশ্চিমবঙ্গের engineering শিল্প যারা এই ইস্কো কোম্পানীর ইস্পাত ব্যবহার করে, তাদের কাজকর্ম প্রায় অচল হয়ে আসছিল। Practically এই mismanagement-এর কারণেই ইসকোর কুলটী ও বার্নপুরের কারখানা দুটি ভারত সরকারকে বর্তমানে গ্রহণ করতে হয়েছে।

**Shri Rajani Kanta Doloi :** যে সমস্ত কর্মচারী ওখানে কাজে লিপ্ত ছিলেন তাদের pay scale ও salary সম্বন্ধে কোন discrimination হচ্ছে কিনা, change করা হচ্ছে কিনা বা affected হচ্ছে কিনা ?

**Dr. Gopal Das Nag :** না, কোন রকমভাবেই তারা affected হচ্ছে না।

**Shri Ramendra Nath Dutt :** সেখানে further কোন staff appointment হবে, না, ইস্কোর যে staff আছে তাই দিয়েই আপনারা কাজ চালাবেন না, expansion কিছু হবে দু বছরের মধ্যে ?

**Shri Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এটা পরিচালকদের ব্যাপার, দরকার হলে staff নেওয়া হবে। আর expansion হবার কোন কথা এখন পর্যন্ত কিছু নাই।

**Shri Bijoy Singh Nahar :** এই প্রশ্ন ছিল এই যে Indian Iron and Steel Company নেওয়া হয়েছে—পরিচালন ব্যবস্থার সুব্যবস্থার জন্য মার্টিন বার্ন লিমিটেডের, তার ফলে মার্টিন বার্ন লিমিটেডের ছোট ছোট যে সমস্ত ব্রাঞ্চ আছে তা অচল হয়ে পড়ার উপক্রম হয়েছে এবং সেগুলি বন্ধ করে দেবার কথা চিন্তা করা হচ্ছে, তাহলে কত লোক এরদ্বারা affected হচ্ছে ?

**Dr. Gopal Das Nag :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মার্টিন বার্নের ইস্কো ভারত সরকার নিয়ে নেওয়ার ফলে তার connected office ancillary office বন্ধ হয়ে যাচ্ছে—unemployment হয়েছে এ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের কাছে কোন information বা অভিযোগ এসে পৌঁছায় নাই। তবে এইটুকু বলতে পারি আমরা এ সম্বন্ধে অনুসন্ধান করে দেখছি এবং প্রয়োজন হলে যথাযথ ব্যবস্থা এ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার নিশ্চয়ই গ্রহণ করবেন।

(*659 Not called)

**Private Godowns used by F. C. I.**

***660.** (Admitted question No. *1410.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if it is a fact that although sufficient storage facilities are available with the State Warehousing Corporation, the Food Corporation of India prefer to utilise the godowns of private agencies and contractors :

(b) if so, the reasons for non-utilisation of the godowns of the State Warehousing Corporation by the Food Corporation ; and

(c) if the State Government has taken any action in the matter ?

[1-20 to 1-30 p.m.]

**Shri Kashi Kanta Maitra :** (a) The optimum requirement of storage accommodation of the Food Corporation of India in West Bengal has been assessed at 8 lakh tonnes. In the Calcutta complex the State Warehousing Corporation has a total foodgrain storage capacity of 63,000 tonnes, which has been hired by the Food Corporation on guaranteed basis (viz., on payment of rent at a certain rate per sq. ft. of godown space). In districts the State Warehousing Corporation has a foodgrain storage capacity of 6,650 tonnes, which is utilised by the Food Corporation of India on holding basis (viz., on payment of storing commission at a certain rate per quintal of stocks actually stored). In the Calcutta complex the Food Corporation has private storing agents with a total capacity of 39,500 M T., and in the districts, with a total capacity of 2,81,100 metric tonnes approximately —both on holding basis.

Generally speaking, the Food Corporation finds it difficult to utilise the services of the State Ware-Housing Corporation to the fullest extent, although this does not in any way affect the earnings of the State Warehousing Corporation in respect of most of its existing foodgrain storage space concentrated in the Calcutta complex, which has been hired by the Food Corporation on guaranteed basis.

(b) The reasons adduced by the Food Corporation are :

(i) The State Warehousing Corporation does not operate its godowns before 9 a.m. and after 5 p.m. on weekdays and on Sundays and other holidays.

(ii) The State Warehousing Corporation does not undertake standardisation of foodgrain bags (viz., making the bags of uniform weight for each variety of foodgrains) which is necessary for quick delivery to the ration dealers in the Calcutta Statutory Rationing area.

(iii) The State Warehousing Corporation does not take timely steps for preservation of stocks by undertaking prophylectic treatment.

(iv) Labour trouble is almost constant in State Warehousing Corporation's godowns.

(c) The question of the State Government taking any action in the matter does not arise. Storage of foodgrains for West Bengal's public distribution system is the responsibility of the Food Corporation which is to make its own arrangements according to its needs and operational facilities.

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই যে সমস্ত প্রাইভেট গোডাউন ভাড়া দেওয়া হয় সেই প্রাইভেট গোডাউনের ভাড়ার পরিমাণ অনেক বেশী। সেই সমস্ত প্রাইভেট গোডাউন ভাড়া না করে যদি স্টেট ওয়ারহাউসিং করপোরেশনের যে বাড়ী রয়েছে সেগুলি ব্যবহার করা হয় তাহলে নিশ্চয় এই ভাড়া সেখানে লাগে না। তাহলে আমাদের এসেনসিয়াল কমডিটি চাল আটা গম—এই সব জিনিসের দাম বাড়ে না?

**Shri Kashi Kanta Maitra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য বোধহয় মন দিয়ে প্রশ্নের উত্তর শোনেন নি। এটা ফুড করপোরেশনের দায়িত্ব। ফুড করপোরেশনকে এই সব ডিরেক্ট আমরা করাতে পারি না। ফুড করপোরেশনই ডাইরেক্ট করে এবং তারা চারটি কারণ দেখিয়েছেন—সেই চারটি কারণের মধ্যে এটা এসে যাচ্ছে।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই ফুড করপোরেশনের স্টক ও ডিস্ট্রিবিউসন ব্যাপারে স্টেট লেভেলে একটা কমিটি হয়েছিল—হয়ে থাকলে কারা কারা তার মেম্বার ছিলেন?

**Shri Kashi Kanta Moitra :** এই দপ্তর কমিটি ফুড করপোরেশন এর বিষয় নিয়ে নয়। আমাদের রেশন ব্যবস্থায় যে চাল গম ইত্যাদি দেওয়া হচ্ছে সেটা অত্যন্ত নিম্ন মানের। এইসব ব্যাপারে তদন্ত শুরু করার জন্য ৭ জন সদস্যকে নিয়ে এবং N.C. Roy-এর সভাপতিত্বে একটা কমিটি করা হয়। এই কমিটি কোন কোন জায়গায় স্টোরেজ ফেসিলিটি কি কি আছে কিভাবে এই রকম হচ্ছে সমস্ত বিচার বিবেচনা করে দেখবেন। এই এনকোয়ারী কমিটির বিভিন্ন তদন্তের কাজ, লেবার টার্মস এণ্ড রেফারেন্সেস ইত্যাদি কাজ, লেবার টার্মস এণ্ড রেফারেন্সেস ইত্যাদির কাজ শুরু হয়েছে। একটা কমিটি গঠনের কাজ শুরু হয়ে গেছে।

**Shri Abdul Bari Biswas :** আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি যে এই ফুড করপোরেশন স্টেট গভর্নমেন্ট যে কমিটি তৈরী করেছেন তাদের সংগে সহযোগিতা করে যাচ্ছেন কি?

**Shri Kashi Kanta Maitra :** মাননীয় সদস্য যে প্রশ্নটা করেছেন I shall not concede to it. বিধানসভার সকল সদস্যকে বলা দরকার। প্রশ্নটা হচ্ছে এই যে যখন আমরা তদন্ত কমিটির কাজ সুরু করি তখন এটা এমন একটা পর্যায়ে গিয়ে দাঁড়ায় যে খাদ্যমন্ত্রী হিসাবে আমি মনে করি—প্রতিদিন জনসাধারণ সমালোচনা করছেন, ন্যায়সংগত সমালোচনা করছেন, কারণ জনসাধারণ বুঝতে পারছেন না যে খাদ্য দপ্তর চাল প্রকিওর করে দিচ্ছেন না। এখানে নানা রকম অসুবিধার সৃষ্টি হচ্ছে। সেখানে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছিল যে আর অপেক্ষা করতে পারলাম না দিল্লীর হেড কোয়ার্টারের জন্য। আমরা দ্রুত অবস্থা

পর্যালোচনা করে তার সমাধানের জন্য একটা কমিটি বসালাম। এই কমিটির কাজ শুরু হবার পর খাদ্য কর্পোরেশনের পক্ষ থেকে হেডকোয়ার্টার্স-এ লিখে জানানো হয় যে খাদ্য কর্পোরেশনের যে অফিসার এস. এল. বোস, আই. এ. এস. এ্যাডিশ্যানাল রিজিওন্যাল ম্যানেজার, যাঁকে আমরা তদন্ত কমিটিতে সদস্য নিযুক্ত করেছিলাম খাদ্য কর্পোরেশনের বিষয়টা দেখবার জন্য তাকে তারা অনুমতি দিতে পারেন না এই তদন্ত কমিটিতে কাজ করবার জন্য এবং তারা বলেন এটা তাদের পক্ষে এমব্যারাসিং হবে। যেহেতু রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সংগে এবং কেন্দ্রীয় খাদ্য কর্পোরেশনের সংগে আলোচনা না করে বা সম্মতি না নিয়ে নিজেদের দায়িত্বে এনকোয়ারী কমিটি বসিয়েছেন অতএব শ্রীএস. এল. বোস, আই. এ. এস. তাকে খাদ্য কর্পোরেশনের অফিসার হিসাবে তদন্ত কমিটিতে কাজ করতে দিতে বা আলোচনায় অংশ গ্রহণ করতে দিতে পারেন না। এই ঘটনা ঘটবার পর আমি একটি নোট আমার ডিপার্টমেন্টে পাঠাই এবং আমাদের খাদ্য কমিশনার সেই নোটের কপি আমার অনুরোধে খাদ্যমন্ত্রী শ্রী এ. পি. সিন্ধে, রাষ্ট্রমন্ত্রী, কেন্দ্রীয় খাদ্যমন্ত্রক, খাদ্য কর্পোরেশনের চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টার খাদ্য কর্পোরেশন, দিল্লী, প্রত্যেকের কাছে পাঠান। আমি তাতে জানিয়েছিলাম এই তদন্তের অধিকার আমাদের আছে এবং এই তদন্ত এই কারণে করা হচ্ছে, এতে ভয় পাবার কিছু নেই। এটা কোন ফল্ট-ফাইনডিং কমিশন নয়। আমরা জানতে চাই কেন খারাপ চাল বিতরণ করা হচ্ছে, অবস্থার কি করে উন্নতি করা যায় এবং জনসাধারণের দুঃখ কস্ট কি করে লাঘব করা যায়। কাজেই এতে ভয় পাবার কিছু নেই। আমরা কাউকে দোষী সাব্যস্ত করার জন্য এই কমিটি করছি না। রাজ্যের জনসাধারণের স্বার্থে এবং কনজিউমারদের দুর্গতির কথা চিন্তা করেই আমরা এটা করেছি। আমরা এফ. সি. আই-এর সহযোগিতা চাই। এফ. সি. আই-এর হেডকোয়ার্টার থেকে আমাদের জানিয়েছিলেন যে This enquiry as contemplated by the State Government is not acceptable to the Food Corporation of India. পরবর্তীকালে খাদ্য কর্পোরেশনের ম্যানেজিং ডিরেক্টার জানিয়েছেন যে অবস্থার পরিবর্তন করা হয়েছে। তারা লিখিতভাবে জানিয়েছেন যে শ্রী এস. এল. বোস, আই. এ. এস, যিনি অ্যাডিশনাল রিজিওন্যাল ম্যানেজার, তাকে অনুমতি তারা দিয়েছেন এই তদন্ত কমিটির কাজে অংশ গ্রহণ করতে এবং আলোচনার অংশ গ্রহণ করতে।

**Foodgrains supplied through M. R. Shops in Midnapore district**

***661.** (Admitted question No. *1444.) **Shri Ajit Kumar Basu**: Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if the Government has received any complaint about the quality of foodgrains supplied through M. R. Shops in Midnapore district ; and

(b) if so,

(i) the nature of complaint,

(ii) the causes for such deterioration in quality, and

(iii) the action taken by the Government in this matter ?

**Shri Kashi Kanta Maitra**: (a) General complaints about non-Bengal raw variety of rice are received from time to time.

(b) (i) Such complaints are in respect of quality, admixture of impurities, broken rice, sweepings, dust, foreign matters, etc.

*(ii)* & *(iii)* Causes are multiple and recently a Seven-Member Enquiry Committee has been set up to go into the whole question with elaborate terms of reference.

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এম. আর. সপে ভাল চাল দেওয়া হচ্ছে না বা ভাল রেশন দেওয়া হচ্ছে না বলে বিভিন্ন জায়গা থেকে যেসব কমপ্লেন মন্ত্রিমহাশয়ের কাছে আসছে সেগুলি এনকোয়ারি করবার জন্য অঞ্চল লেভেল, জেলা লেভেলে কোন কমিটি করার প্রস্তাব সরকার বিবেচনা করছেন কিনা ?

**Shri Kashi Kanta Maitra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্যরা নিশ্চয় জানেন যে, গত খাদ্য বিতর্কের দিন আমি ঘোষণা করেছিলাম যে পশ্চিম বাংলার ১৩ হাজারের বেশী সংশোধিত রেশন দোকান দুর্নীতি করছে কিনা, ঠিকমত রেশন সরবরাহ করছে কিনা, জনসাধারণের কোনরকম অসুবিধা হচ্ছে কিনা, জিনিসপত্র পাচার হচ্ছে কিনা এই সমস্ত তদারক করার জন্য মহকুমাভিত্তিক তদারকি কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়েছে। এর সভাপতি সেই মহকুমার সাব-ডিভিসনাল অফিসার, কনভেনর হবেন সাব-ডিভিসনাল কনট্রোলার এবং সেই মহকুমায় যত বিধানসভার সদস্যরা আছেন তাঁরা বা তাঁদের প্রতিনিধিরা ও রাজ্যসরকার তিনজন দায়িত্বশীল ব্যক্তিকে সেই মহকুমাভিত্তিক কমিটিতে নিয়োগ করবেন। এরপর রাজ্যে খাদ্য এডভাইসারী কমিটি গঠন করা হয়, সেটা আমি মাননীয় সদস্যদের জানিয়েছিলাম। সেই কমিটি গঠিত হবার পর তার প্রথম বৈঠক গত সাত তারিখে হয়ে গিয়েছে এবং সেখানে সদস্য যাঁরা এসেছিলেন তার মধ্যে বিধানসভার অনেক সদস্যই ছিলেন। সেখানে আলোচনার সময় তারা বলেন যে, এই যে সাব-ডিভিসনালভিত্তিক কমিটি করা হয়েছে এটাকে আরো নীচের দিকে নিয়ে যাওয়া দরকার। তাদের প্রস্তাব শুনে আমরা সরকারপক্ষ থেকে সিদ্ধান্ত নিয়েছি যে অঞ্চলভিত্তিক তদারকি কমিটি হবে। তাতে এম. এল. এ. বা তাঁর প্রতিনিধি থাকবেন, দ্বিতীয়তঃ বি. ডি. ও. বা তাঁর প্রতিনিধি ব্লকের অফিসার থাকবেন, তৃতীয়তঃ খাদ্য ইন্সপেক্টার বা সাব-ইন্সপেক্টার এবং চতুর্থতঃ অঞ্চল-প্রধান, দুইজন নমিনি সাব-ডিভিসনাল অফিসার নিয়োগ করবেন দায়িত্বশীল ব্যক্তিকে, এঁরা সবাই অঞ্চলের তদারকি করবেন। যেখানে দুর্নীতি হবে সেখানে তার বিরুদ্ধে তারা কঠোর ব্যবস্থা অনুমোদন করবেন এবং দিতে পারবেন, তাছাড়া নতুন রেশন দোকান দিতে পারবেন। এই সিদ্ধান্ত হবার পর প্রত্যেক জেলা ম্যাজিস্ট্রেটকে রেডিওগ্রাম ম্যাসেজ দিয়ে সেই দিনই জানিয়ে দেওয়া হয়েছে যে আপনারা প্রত্যেক অঞ্চলে এখনই তদারকি কমিটি বসিয়ে কাজ শুরু করে দিন।

[1-30—1-40 p. m.]

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে গত ৭ই তারিখে স্টেট অ্যাডভাইসরি কমিটির মিটিং হয়েছিল। ঐ মিটিং-এ সি পি এম-এর কোন সদস্য উপস্থিত ছিলেন কি না, জানাবেন।

**Shri Kashi Kanta Maitra :** সেই স্টেট অ্যাডভাইসরি কমিটির অন্যতম সদস্য সি পি এম-এর শ্রীজ্যোতির্ময় বসু, তিনি উপস্থিত ছিলেন এবং আমাদের পার্লামেন্টের আর একজন প্রবীণ নেতা আর এস পি-র শ্রীত্রিদিব চৌধুরী, তিনিও উপস্থিত ছিলেন। এছাড়া মাননীয় অজয় মুখার্জী উপস্থিত ছিলেন, সংসদ সদস্য শ্রীপ্রণব মুখার্জী উপস্থিত ছিলেন এবং এই বিধানসভার অনেক সদস্য উপস্থিত ছিলেন এবং যিনি প্রশ্ন করছেন তিনিও সেখানে উপস্থিত ছিলেন।

**Shri Sarat Chandra Das :** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন একটি তদারকি কমিটি হবে এম আর সপের জন্য। মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যেখানে সপ্তাহে একদিন করে রেশন দেওয়া হচ্ছিল সেখানে তার পরিবর্তে সপ্তাহে তিনদিন করে দেবার একটি নির্দেশ এম আর ডিলারের কাছে গেছে—এটা কি তিনি জানেন ?

**Shri Kashi Kanta Maitra :** আমরা কার্যভার গ্রহণ করবার পরে—কোয়ালিসন গভর্নমেন্ট-এর সময় সপ্তাহে দুইবার করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল, এবার আমরা নির্দেশ দিয়েছি তিনবার করে দিতে হবে। মাননীয় সদস্যদের জানাচ্ছি এইযে তিনবার করে দেওয়া হবে তারজন্য কোন সার্টিফিকেট লাগবে না এবং গরীব, যাদের আর্থিক দুর্গতি আছে তাদের কোন সার্টিফিকেট লাগবে না। রেশন কার্ড হোল্ডাররা যদি দোকানে গিয়ে বলেন যে আমরা তিনবার ধরে রেশন নেব তাহলে রেশন দোকানের মালিক ২/৩ বার ধরে দিতে বাধ্য থাকবেন এবং প্রত্যেকবারের জন্য সেপারেট ভাউচার দিতে হবে। তারা যদি মনে করেন রেশন ডিলার দুর্নীতি করছেন তাহলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

**Shri Sarat Chandra Das :** সপ্তাহে তিনবার দিতে হবে এই কঠোর ব্যবস্থার জন্য কিছু এম আর ডিলার তাদের লাইসেন্স জমা করে দিচ্ছে—এটা কি জানেন?

**Shri Kashi Kanta Maitra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি এটা জানি না। তবে এটুকু আমি বলতে পারি সেইসংগে আরো নির্দেশ দিয়েছি—কারণ এই বিধানসভায় মাননীয় অনেক সদস্যরা প্রশ্ন করেছিলেন যে সপ্তাহে তিনবার করে রেশন তুলবার সুযোগ এই নতুন সরকার দিচ্ছেন কিন—আমরা এই সুযোগের সদ্ব্যবহার সবটুকু করতে এখন পারিনি, কারণ, রেশন ডিলাররা যে মাল তোলেন, ২/৩ বারের জন্য বেশী মাল তুলছেন না। সেইজন্য আমি রেশন ডিলারদের নির্দেশ দিয়েছি বুধবারের মধ্যে মাল তুলতে হবে এবং বুধবার থেকে শনিবার পর্যন্ত দোকান খোলা রাখতে হবে। পরশু দিন বহরমপুর থেকে নির্বাচিত শঙ্করদাস পাল মহাশয় গভীর রাত্রে আমার সংগে ট্রাংকলে যোগাযোগ করে বলেন, সেই রেডিও ম্যাসেজ পাবার পরেই, মুর্শিদাবাদের এম আর ডিলাররা বলছেন আমাদের একসংগে তুলতে বেশী টাকা পয়সা লেগে যায়, তাই একটা সুযোগ দেওয়া হোক। আমরা টু ইনস্টলমেন্টে বুধবারে মাল তুলতে বলেছি। আমাদের গভর্নমেন্টের কাজই হবে গ্রামের গরীব মানুষদের সুবিধা করে দেওয়া। সেইজন্য এম আর ডিলারদের সরকারের এই আইন অবশ্যই মানতে হবে।

**Shri Sarat Chandra Das :** এই কঠোর ব্যবস্থার জন্য যারা ছেড়ে দিচ্ছে সেই জায়গায় অ্যাড হক বেসিসে এম আর ডিলার দেবার ব্যবস্থা সরকার করবেন কি?

**Shri Kashi Kanta Maitra :** মাননীয় সদস্য যা বললেন সে বিষয়ে আমি বলতে পারি যে আপনি সাব-ডিভিসনাল ভিজিলেন্স কমিটির মেম্বার, অঞ্চল কমিটির মেম্বার, আপনাদের পূর্ণ অধিকার দেওয়া হয়েছে সেখানে অ্যাড হক বেসিসে এম আর ডিলার, জরুরীকালীনভিত্তিতে ওয়ার ফুটিং, যেমন আমাদের কেন্দ্রীয় মন্ত্রী বলেছেন, ঠিক সেই ভিত্তিতে অ্যাড হক বেসিসে এম আর ডিলার করতে পারেন।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় মন্ত্রিমহাশয় এইমাত্র বললেন সমস্ত শ্রেণীর রেশন কার্ড হোল্ডারদের রেশন দেবার জন্য তিনি নির্দেশ দিয়েছেন।

**Mr. Speaker :** According to me all these questions, particularly, last three or four suplementary questions, do not arise out of this question. I think we have deviated from the main question—we have gone a long way—though the Hon'ble Minister has been pleased to give answers to all the questions. If you have any complaint or want any information in connection with Midnapur district, you may put that question by way of a supplementary.

**Shri Jyotirmoy Mojumdar :** মাননীয় খাদ্যমন্ত্রীকে আজ থেকে অন্তত: ১৫/২০ দিন আগে আমার অঞ্চলের খাদ্যাবস্থার কথা জানিয়েছিলাম। তিনি এম আর সপে এ বি সি এই তিন শ্রেণীর মানুষকে রেশন দেবার জন্য সংগে সংগে অর্ডার দিয়েছিলেন, কিন্তু আজ পর্যন্ত খাদ্যমন্ত্রীর দেওয়া সেই অর্ডার কেন ক্যারেড আউট হয়নি, সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

**Mr. Speaker :** The question does not arise.

**Shri Saukar Das Paul :** মাননীয় খাদ্যমন্ত্রিমহাশয় কি জানাবেন, গত পরশু দিন আমি ফোন করেছিলাম। আমাদের দুই দিকেই লক্ষ্য রাখতে হবে। Public এর স্বার্থও দেখতে হবে এবং MR Dealer এদেরও স্বার্থ দেখতে হবে। এই ৮০।৯০ জন MR Dealer ঘিরে ধরে। তারা যখন ব্যবসায় প্রথম নামে তখন দুই হাজার টাকার মত capital নিয়ে নেমেছিলো এবং এখন তারা maximum capital invest করছে এরা সাধারণ ঘরের লোক। তারা বলছে অনান্য যারা চুরি করছে তারজন্য আমরা অপরাধি হয়ে যাচ্ছি। তারা বলছে ; আমাদের শুধু বুধবারে মাল নিতে হবে, এটা না করে, বুধবার এবং বৃহস্পতিবার এই দুই দিন করে দিলে খুব সুবিধা হয়। আমরা বুধবার কিছু ওঠাবো এবং বৃহস্পতিবার কিছু ওঠাবো। এর ফলে যদি কোন পাবলিক মাল না পায় তবে তারজন্য যে কোন কঠোর শাস্তি আমরা নিতে রাজী আছি ?

**Mr. Speaker :** I disallow this question.

**Shri Harasankar Bhattacharyya :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন বিশেষ করে মেদিনীপুর জেলাতে অন্যান্য জেলার মত MR Dealer দের হাতে বাড়তি ration card আছে এবং এই ration card MR Dealer দের হাতে থাকার ফলে তাদের অতিরিক্ত profit হচ্ছে এবং মেদিনীপুর জেলার মত বোলপুর শহরে, সেখানেও ৩০০ শত গ্রাম করে দেওয়া হচ্ছে, এর বেশী দেওয়া হচ্ছে না ?

**Shri Kashi Kanta Maitra :** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, bogus card যে আছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। সংশোধিত এলাকায়ও আছে এবং কলকাতাতেও আছে। এবং গত রাজ্য advisory committee meeting-এ parliament এর মাননীয় সদস্যরাও ছিলেন এবং হাউসের যারা ছিলেন তারা প্রত্যেকে একবাক্যে বলেছেন ভুয়ো কার্ড দূর করার জন্য চেষ্টা করতে হবে। যে অঞ্চল কমিটি করা হয়েছে সেই অঞ্চল কমিটির ভেতর থেকে তারা দায়িত্ব নেবেন এই ভুয়া card দূর করবার জন্য। আর বোলপুরে ৩০০ গ্রাম করে দেওয়ার কথা বলেছেন। আমি নিজে বলছি, যদি ৩০০ গ্রাম করে দিয়ে থাকে তবে এটা কিছুতেই আইন অনুযায়ী হয়নি। যারা ভূমিহীন গরীব মানুষ তারা ৭০০ গ্রাম করে পাবেন ৩০০ গ্রাম করে নয়, তারপরেও যদি কেউ ৩০০ গ্রাম পান তবে এক হাজার গ্রাম হবে। তবে উনি বলেছেন, আমি তদন্ত করে দেখবো। এটা যদি হয়ে থাকে তাহলে বে-আইনী কাজ হয়েছে।

**Shri Harasankar Bhattacharyya :** বিশ্বভারতীর অধ্যাপকরা ৩০০ গ্রাম করে পেয়েছেন ॥

**Shri Kashi Kanta Maitra :** অধ্যাপকরা যদি 'এ' category তে থাকেন তাহলে ৭০০ গ্রাম করে নিশ্চয়ই পাবেন। আপনি যখন বলছেন আমি সত্য বলে মেনে নিচ্ছি। আমি এটা দূর করবার জন্য অনতিবিলম্বে ব্যবস্থা করবো।

**Shri Amarendra Mondal :** বুধ, বৃহস্পতি, শুক্র, শনি ও রবি—এই পাঁচ দিন M R Dealer এর মাধ্যমে জিনিস দেওয়া হচ্ছে, এটা মোটেই সত্য নয়। আমরা দেখেছি M R Dealerরা সাধারণতঃ শনি ও রবি এই দুই দিন মাল দেয়। কারণ সোমবার তারা return দাখীল করছে, মঙ্গলবার office-এ নিয়ে যাচ্ছে, বুধবার allotment হচ্ছে। আমি এইটুকু জানতে চাই, আজকে ABC এই গর্ভের জন্য রেশান দেবার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু গ্রামাঞ্চলে যে খরা অবস্থা চলছে তাতে তাদের ক্রয়ক্ষমতা কমে গেছে। আমি সেজন্য খাদ্যমন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করবো তিনি এই ব্যবস্থা করবেন কি যে অন্ততঃ সপ্তাহের রেশানটা যদি আগে তোলে তাহলে আমার মনে হয় তাদের পক্ষে সুবিধা হবে?

**Mr. Speaker :** The question has already been answered. It is a request for action.

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি মেদিনীপুর জেলায় ডাল, সরষের তেলের দাম যেভাবে বাড়ছে এবং অন্যান্য জেলাতেও বাড়ছে তাতে ডাল এবং তেল রেশানে দেবার কোন ব্যবস্থার কথা চিন্তা করেছেন কি না?

**Shri Kashi Kanta Maitra :** আমাদের খাদ্যদপ্তরে ডাল procurement করার কোন ব্যাপার নেই। মাস্টার সীড ও প্রকিওর করি না। খাদ্য কর্পোরেশনকে আমরা অনুরোধ করেছি যে ১০ হাজার মেট্রিক টন ডাল আমাদের দিন, ৫০ হাজার মেট্রিক টন সরিষার তেল আমাদের দিন তাহলে বিভিন্ন ঘানি এবং তেলের কলে সেটা নিয়ে ন্যায্য দামে যাতে পশ্চিম বাংলার মানুষকে দিতে পারি। এটা নিয়ে কেন্দ্রিয় খাদ্যমন্ত্রীর সঙ্গে আমি আলোচনা করেছিলাম, সেখানেও সেই অনুরোধ রেখেছি। যদি খাদ্য কর্পোরেশনকে রাজী করিয়ে, এটা যদি তারা দেন তাহলে করা যায়, তবে কলকাতায় এই Canadian rapeseed—সেটা আপনারা জানেন, ২৫০ গ্রাম করে প্রত্যেক unite কে দেওয়া হয়। চার মেট্রিক টন আমরা কেন্দ্র থেকে পাই সেটার জন্য কলকাতায় আমরা দিতে পারি। আজকে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীকে অনুরোধ করেছি অন্ততঃপক্ষে দুই হাজার মেট্রিক টন যদি আরো দেন তাহলে পশ্চিমবাংলায় আরো কয়েকটি অঞ্চলে সাড়ে চারটাকা দামে সস্তায় আমরা Canadian rapeseed দিতে পারি যাতে তেলের দাম কমে যায়। তবে আপনাদের অবগতির জন্য বলছি যে খাদ্য কর্পোরেশানকে রাজী করিয়েছি কয়েকটি জেলার কয়েকটি জায়গায় ডাল বিক্রয়কেন্দ্র উন্মুক্ত করার জন্য এবং এই বিক্রয়কেন্দ্র যদি উন্মুক্ত করা হয় তাহলে আশা করছি ডালের দাম কিছু কমবে এবং বাজারে কিছু বেশী ডাল পাওয়া যাবে এবং তাতে নিম্ন আয়ের লোকেরা এবং অল্প আয়ের লোকেদের এবং Fixed income group এর লোকেদের কিছু সুবিধা হবে। আশা করছি, দেখা যাক কেন্দ্রীয় সরকার কি করেন।

**Mr. Speaker :** Starred questions Nos. 654, 956 and 659 will be treated as unstarred questions.

## STARRED QUESTIONS

### (to which written answers were laid on the Table)

### বেবীফুড

*৬৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১২।) **Shri Netaipada Sarkar :** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন বর্তমানে বেবীফুড সরকার নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে বিক্রয় হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি; ও (২) নির্ধারিত মূল্যে উহা বিক্রয়ের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Food and Supplies Department :** (ক) বর্তমানে বেবীফুডের মূল্যের উপর কোন সরকারী নিয়ন্ত্রণ বলবৎ নাই। উৎপাদনকারীরা তাঁহাদের নিজস্ব উৎপাদিত বেবীফুডের জন্য একটি বিক্রয়মূল্য অবশ্যই ধার্য করেন। বর্তমানে উৎপাদনকারীর নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে বেবীফুড বিক্রয় হইতেছে বলিয়া সরকার অবগত নহেন।

(খ) প্রশ্ন উঠে না।

## সয়েল কনজারভেশন

*৬৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯০।) **Shri Kinkar Mahato :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার অন্তর্গত ঝালদা থানার উঠাতু, পাড়ুয়া-লাগাম (বরাকচা) ও সিমনী জাবর জঙ্গলে সয়েল কনজারভেশন-এর কাজ চলিতেছে;

(খ) সত্য হইলে, কত লোকের সেখানে কর্মসংস্থানের ব্যবস্থা হইয়াছে, এবং

(গ) কোন্ স্কীমে কত টাকা খরচ হইয়াছে ও কত টাকা খরচ করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে?

**The Minister for Forests Department :** (ক) হ্যাঁ।

(খ) দৈনিক গড়ে ১৫০ জন।

(গ) (সি-এস-আর-ই) "জরুরী ভিত্তিক গ্রামীন কর্মসংস্থান পরিকল্পনা খাতে ১৯৭১-৭২ সালে ১,০৬,৭৯১·৫০ টাকা খরচ হইয়াছে ১৯৭২-৭৩ সালে জুলাই পর্যন্ত, ২৬,৩৭১·৮৩ টাকা খরচ হইয়াছে ও আরও ৫০,০০০·০০ টাকা খরচ হইবে। ১৯৭৩-৭৪ সালে আনুমানিক ৪০,০০০·০০ টাকা খরচ করার পরিকল্পনা আছে। অন্য কোন স্কীমে কোন কার্য চলিতেছে না।

## নদীয়া জেলায় বিভিন্ন বনের মূল্যবান বৃক্ষাদি

*৬৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১১।) **Shri Netaipada Sarkar :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নদীয়া জেলার বিভিন্ন বনের মূল্যবান বৃক্ষাদি বেআইনিভাবে নিয়মিত বিক্রীত হইতেছে,

(খ) অবগত থাকিলে, উহা বন্ধের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(গ) নদীয়া জেলার বনগুলির সংখ্যা ও আয়তন (মোট) কত?

**The Minister for Forests Department :** (ক) সরকার এরূপ কোন সংবাদ অবগত নহেন। তবে বিক্ষিপ্তভাবে কিছু ঘটনা ঘটা অসম্ভব নয়।

(খ) বনাঞ্চল রক্ষার সাধারণ নিয়ম হিসেবে বনাঞ্চল রক্ষণাবেক্ষণে নিযুক্ত সরকারী কর্মচারীদের দ্বারা পর্যবেক্ষণের ব্যবস্থা আছে। কিছু কিছু অঞ্চলে যথা শঙ্করপুর, হিজলী অঞ্চলে বিক্ষিপ্তভাবে দুই একটি গাছ চুরি বন্ধ করার জন্য সমস্ত রকম ব্যবস্থা লওয়া হইয়াছে। কিছু কিছু ক্ষেত্রে তল্লাসী পরোয়ানার দ্বারা তল্লাসী করাইয়া সন্দেহজনক স্থানীয় অধিবাসীদের গৃহ তল্লাসী করিয়া কিছু বেআইনীভাবে সংগৃহীত বনজ দ্রব্যাদি আটক করা হইয়াছে এবং দুষ্কৃতকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হইয়াছে।

(গ) একটি তালিকা লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইয়াছে।

## নদীয়া জেলার বনাঞ্চল

| থানা | ক্রমিক সংখ্যা | মৌজা | জে এল নং | আয়তন (হেক্টর) |
|---|---|---|---|---|
| কোতোয়ালী (নদীয়া) | ১ | মায়াকোল | ৪৭ | ২.৯৫ |
| নকাশিপাড়া | ২ | চকহাতীশালা | ৫০ | ৩১.২০ |
| ঐ | ৩ | বেথুয়াডহরী | ৪৯ | ৬৭.৬৪ |
| চাপড়া | ৪ | মহতপুর | ২০০ | ২১৪.৩৭ |
| রানাঘাট | ৫ | দেবগ্রাম | ১০৫ | ৩১.২৮ |
| ঐ | ৬ | ঘিসমা<br>রাধাকান্তপুর | ২৯<br>২৩ | ৯৭.৮৬ |
| ঐ | ৭ | শংকরপুর | ৬৮ | ৬৫.০৭ |
| ঐ | ৮ | ভিজুলি<br>দোপাতিলা | ১০২<br>১৫৯ | ৩৪.৫৩ |
| কাতোয়ালী (নদীয়া) | ৯ | কুইপুকুর | ৫২ | ২.৬৫ |
| কাশীপাড়া | ১০ | যুগপুর<br>বানগরিয়া | ৫১<br>৭৫ | ১৮১.২৩ |
| সথালি<br>কোতোয়ালী (নদীয়া)<br>নথালি | ১১ | মুচিফুলবেরিয়া<br>আসাননগর<br>ইটাবেড়িয়া | ২<br>১<br>৩ | ৮৩.৯৭ |
| ন্তিপুর | ১২ | বাহগাছি | ২৫ | ১.৫৯ |
| ঐ | ১৩ | বাহাদুরপুর<br>পলাশগাছি<br>বাঁশচোর | ৬২<br>৬৪<br>৬৩ | ১৩৩.৪২ |
| শিপাড়া | ১৪ | বেথুয়াডহরী<br>যুগপুর | ৪৯<br>৫১ | ৭০.৯০ |
| তোয়ালী (নদীয়া) | ১৫ | মায়াকোল<br>বাহাদুরপুর | ৪৭<br>৫০ | ১৬১.৪০ |
| পাড়া | ১৬ | বানগড়িয়া | ৭৫ | ৩৩.১৭ |
| ঘাট | ১৭ | উত্তরপাড়া<br>জাফরনগর<br>রাজাপুরচক<br>কেশাইপুর<br>হলালপুর | ১৪<br>১৫<br>৫৮<br>৫৯<br>১২ | ৭০.০৩ |
| | ১৮ | আবকিসমা | ২১ | ২.৪৮ |

সর্বমোট আয়তন ১,২৪৫.৭৪ হেক্টর

## UNSTARRED QUESTIONS

### ( To which written answers were laid on the Table )

### ক্ষুদ্র শিল্পজাত দ্রব্যের বিদেশে রপ্তানী

৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯০১।) **Shri Aswini Roy**: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য হইতে ক্ষুদ্র শিল্পজাত (হ্যাণ্ডিক্রাফটস) দ্রব্য বিদেশে চালান (রপ্তানি) হয় কিনা, এবং

(খ) হইলে, গত তিনটি আর্থিক বৎসরে, ১৯৬৯-৭০, ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ সালে যেসব দ্রব্য রপ্তানি হয়েছে (১) সেই সকল দ্রব্যের নাম, এবং (২) যে দেশে ও যে পরিমাণে রপ্তানি হয়েছে তার নাম কি এবং পরিমাণ ও মূল্য কত ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ থেকে হস্তশিল্পজাত চামড়ার জিনিস ও হাতে-ছাপা রেশমের স্কার্ফ স্টোল ইত্যাদি হস্তশিল্পের প্রধান ও উল্লেখযোগ্য রপ্তানিদ্রব্য। ইহা ছাড়া কিছু পরিমাণ হাতির দাঁতের দ্রব্যসামগ্রী, পোড়ামাটির কাজ, ঢোকরা পেতলের ও খোদাইকরা কাঠের দ্রব্যসামগ্রী রপ্তানি হয়। রাজ্যভিত্তিক রপ্তানি বাণিজ্যের পরিসংখ্যান রাখা হয় না বলিয়া কেবলমাত্র পশ্চিমবঙ্গ থেকে কত পরিমাণ রপ্তানি হয় এই তথ্য পরিবেশন করা সম্ভব হচ্ছে না। তবে চামড়াজাত হস্তশিল্প প্রধানত পশ্চিমবঙ্গে প্রস্তুত বলিয়া ইহার পরিসংখ্যান সর্বভারতভিত্তিক হইলেও প্রায় সম্পূর্ণই পশ্চিমবঙ্গ থেকে রপ্তানি হয় বলিয়া ধরিয়া লওয়া যাইতে পারে। নিম্নে এর পরিসংখ্যান আলাদা কাগজে পরিবেশিত হইল।

এ সম্বন্ধে আরও বিস্তৃত তথ্য বিভিন্নসূত্র থেকে সংগ্রহ করা হচ্ছে এবং সংগৃহীত হলেই পরিবেশন করা হবে।

### নাসড়া গার্লস হাইস্কুল ভবন

৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৬।) **Shri Naresh Chandra Chaki**: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাটের নাসড়া গার্লস হাই স্কুলের ভবন কোন্ বৎসরে কত টাকা ব্যয়ে নির্মিত হইয়াছে,

(খ) বর্তমানে এই ভবনটির অবস্থা কিরূপ;

(গ) বর্তমানে বিদ্যালয়ের কাজ কোথায় চলিতেছে,

(ঘ) উক্ত ভবনের বর্তমান অবস্থার জন্য কে বা কারা দায়ী, এবং

(ঙ) এ ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা লইয়াছেন ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) নদীয়া জেলার নাসড়া গার্লস হাই স্কুল ভবনটি ঠিকাদারে বিল অনুযায়ী কিঞ্চিদধিক ৫২,০০০ টাকায় নির্মিত হইয়াছে। নির্মাণকার্য শেষ হয় ১৯৬৬ সনে।

(খ) উক্ত বিদ্যালয়গৃহটি স্থানীয় কর্তৃপক্ষের তত্ত্বাবধানে নির্মিত হইয়াছে। বর্তমানে ভবনটির ছাদে ফাটল দেখা যাইতেছে।

(গ) বর্তমানে বিদ্যালয়ের দৈনন্দিন কাজ নাসড়া উচ্চতর (বহুমুখী) মাধ্যমিক বিদ্যালয়ের (বালক) গৃহে প্রাতঃকালে অনুষ্ঠিত হইতেছে।

(ঘ) ১৯৬৫ সালে বিদ্যালয়ের তদানীন্তন প্রশাসক রানাঘাটের মহকুমাশাসক শ্রীবিমলেন্দু সেনগুপ্ত মহাশয় ভবনটি নির্মাণের ভার স্থানীয় ঠিকাদার শ্রীরাচেন্দ্রনাথ দেবনাথের উপর অর্পণ করেন। ঐ বৎসরই ভবনটির নির্মাণকার্য আরম্ভ হয়। ১৯৬৬ সালে তৎকালীন মহকুমাশাসক এবং বিদ্যালয় প্রশাসক শ্রীতারাবিদবরণ চট্টোপাধ্যায় মহাশয়ের আমলে ভবনটির নির্মাণকার্য সম্পূর্ণ হয়।

যতদূর জানা যায় যে, ভবনটি নির্মাণের জন্য কোন টেণ্ডার আহ্বান করা হয় নাই। সুষ্ঠুভাবে নির্মাণকাজ সমাধা করিবার দায়িত্ব স্থানীয় কর্তৃপক্ষের এ ক্ষেত্রে প্রশাসক, স্থানীয় মহকুমা শাসকের।

(ঙ) ভবনটি কিরূপ মালমশলার দ্বারা নির্মিত হইয়াছে এবং উহা সম্পূর্ণ ত্রুটিহীনভাবে নির্মিত হইয়াছে কিনা তাহা পরীক্ষা করিয়া গৃহের মূল্য নির্ণয় করিয়া জানাইবার জন্য কনস্ট্রাকশন বোর্ডে লেখা হইয়াছে।

## কাঁথি শহর এলাকায় পানীয় জল সরবরাহ

৩৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৮।) **Shri Sudhir Chandra Das :** স্বাস্থ্য (আর ডবলিউ এস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি শহর এবং শহরের পার্শ্ববর্তী কতকগুলি এলাকায় পানীয় জল সরবরাহের জন্য গভীর নলকূপ সফল না হওয়ায় যে স্থানে গভীর নলকূপ সফল হইয়াছে সেই স্থানে নলকূপ বসাইয়া পাইপের সাহায্যে উপরোক্ত শহর ও শহরতলী এলাকায় জল সরবরাহের একটি পরিকল্পনা কয়েক বৎসর পূর্বে তৈয়ারী করা হইয়াছিল ; এবং

(খ) সত্য হইলে, এ পরিকল্পনাকে কার্যকরী করার কি ব্যবস্থা হইয়াছে ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ও (খ) কাঁথি পৌর এলাকাকে বাদ দিয়া কাঁথি স্যালাইন জোন-এর জন্য একটি নলবাহিত জলসরবরাহ পরিকল্পনা (পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম) মঞ্জুর করা হইয়াছে। কাঁথি পৌর এলাকার জন্য স্বতন্ত্র জলসরবরাহ পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

## Expansion of Railway Workshop, Kharagpur

**370.** (Admitted question No. 1171.) **Shri Ajit Kumar Basu :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the State Government has made any correspondence with the Government of India to implement the pending schemes of the expansion of the Railway Workshops at Kharagpur with a view to increase the avenues of employment in the Railway Workshop ; and

(b) if answer to (a) be in the affirmative, the result of the correspondence ?

**The Minister for Home (Transport) :** (a) and (b) No, but it has been ascertained from the South Eastern Railway authorities that there are no major schemes for expansion of Kharagpur Railway Worshop except setting up of a new shop for repairs and rewinding of traction motors of Electric and Diesel Electric Locomotives. The said work is expected to be taken in hand shortly and completed as quickly as possible.

## উদয়নারায়ণপুর ও আমতা ব্লকে স্থায়ী অফিস নির্মাণ

৩৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৮।) **Shri Saroj Karar:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উদয়নারায়ণপুর ও আমতা ২নং ব্লকের স্থায়ী অফিস নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, অফিস ঘরের স্থান নিবাচন হইয়াছে কিনা এবং হইলে কোথায়?

**কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) আছে।

(খ) উদয়নারয়ণপুর ব্লকের স্থান নিবাচন উদয়নারায়ণপুর মৌজায় হইয়াছে। আমতা ২নং ব্লকের স্থান নিবাচন এখনও হয় নাই।

## সংবাদপত্রে বিজ্ঞাপন

৩৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩৭।) **Shri Monoranjan Pramanik:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৬৯ সালের জানুয়ারী মাস হইতে ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত কলিকাতা হইতে প্রকাশিত সংবাদপত্রগুলিতে ও মফঃস্বল হইতে প্রকাশিত সংবাদপত্রগুলিতে সরকার হইতে কত টাকার বিজ্ঞাপন দেওয়া হইয়াছে?

**তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়:** একটি পৃথক তালিকায় নিম্নে দেওয়া হইল।

*Statement referred to in reply of unstarred question No 1337*

### তালিকা

১। কলিকাতা হইতে প্রকাশিত দৈনিক সংবাদপত্রগুলিতে—

| ১৯৬৯ (জানুয়ারী হইতে ডিসেম্বর) | ১৯৭০ (জানুয়ারী হইতে ডিসেম্বর) | ১৯৭১ (জানুয়ারী হইতে ডিসেম্বর) | ১৯৭২ জানুয়ারী হইতে জুন) |
|---|---|---|---|
| টাকা | টাকা | টাকা | টাকা |
| ১৫,০৫,৮৩৭.৬৭ | ১৬,৪৩,১৩৬.৭৩ | ২৫,৪২,১৫৮.৯৪ | ১১,০৫,০১৯.২৯ |

২। মফঃস্বলে হইতে প্রকাশিত সংবাদপত্রগুলিতে—

| | | | |
|---|---|---|---|
| টাকা | টাকা | টাকা | টাকা |
| ৪৫,৩২৬.৫৪ | ৭০,৮১২.৪৪ | ৪৯,৮২৮.২৭ | ১৩,৭৪৮.০৮ |

## আসানসোল ও বর্ধমান উন্নয়ন পরিকল্পনা

৩৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯১।) **Shri Sukumar Bandhopadhyay:** উন্নয়ন ও পরিকল্পনা (নগর ও পল্লী উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত আট বৎসরে আসানসোল পরিকল্পনা সংস্থা বর্ধমান জেলার বিভিন্ন এলাকায় প্রায় একুশ কোটি টাকার মত উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, (১) আসানসোল উপনগর; (২) বস্তী উন্নয়ন পরিকল্পনা; (৩) দুর্গাপুর নগর কেন্দ্র পরিকল্পনা; (৪) আসানসোল-দুর্গাপুর অঞ্চলে বর্ধিত জলসরবরাহ, (৬ বর্ধমান জেলায় বাসযাত্রী সমীক্ষণ প্রকল্প প্রভৃতি পরিকল্পনাগুলি কার্যকর করার জন্য এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে এবং কবে নাগাদ উহাদের কাজ সম্পন্ন হইবে?

নগর ও পল্লী উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) আসানসোল উপনগর নির্মাণের মূল প্রকল্পের জন্য আনুমানিক ব্যয়ের সংশোধিত হিসাব প্রস্তুত করা হইয়াছে। উক্ত ব্যয় মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত হইলে মূল প্রকল্পের কাজ শুরু করা হইবে। পরিকল্পনার যে অংশের জন্য প্রয়োজনীয় জমির দখল পাওয়া গিয়াছে সেই অংশের কাজ ১৯৭৫ সালের ডিসেম্বর মাসের মধ্যে শেষ হওয়ার সম্ভাবনা। অবশিষ্ট অংশের কাজ প্রয়োজনীয় জমির দখল পাওয়ার উপর নির্ভর করিতেছে। এই প্রকল্পের অন্তর্ভুক্ত জল-সরবরাহ পরিকল্পনার কাজ শেষ হইয়াছে।

(২) বস্তী উন্নয়ন পরিকল্পনা রচনার কাজ সম্প্রতি শেষ হইয়াছে। বিষয়টি এখন সরকারের বিবেচনাধীন।

(৩) দুর্গাপুর নগর কেন্দ্র পরিকল্পনার প্রথম পর্যায় রূপায়ণের কাজ সমাপ্তির পথে। আশা করা যায় ইহার দ্বিতীয় পর্যায়ের কাজ এই বৎসরের শেষের দিকে শুরু করিয়া ১৯৭৫ সালে শেষ করা হইবে।

(৪) আসানসোল বাজার উন্নয়ন পরিকল্পনা রূপায়ণের আনুমানিক ব্যয় ১২ লক্ষ টাকা। বর্তমান বৎসরের ব্যয়বরাদ্দে এই কাজের জন্য দুই লক্ষ টাকা ধরা হইয়াছে। কাজটি শীঘ্রই শুরু করা হইবে, কবে শেষ হইবে তাহা প্রয়োজনীয় অর্থ কতদিনে বরাদ্দ করা হইবে তাহার উপর নির্ভর করিতেছে।

(৫) আসানসোল-দুর্গাপুর অঞ্চলে বর্ধিত জলসরবরাহ, রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে জলসরবরাহ পরিকল্পনার প্রথম পর্যায়ের কাজ শুরু হইয়াছে এবং ১৯৭৩ সালের মধ্যে এই কাজ শেষ হইবার সম্ভাবনা। এই প্রকল্পের দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের কাজ রূপায়ণের জন্য যথাক্রমে আনুমানিক ব্যয় হইবে ৩.২৮ এবং ০.৯১ কোটি টাকা। প্রয়োজনীয় অর্থ এখনও মঞ্জুর করা হয় নাই। অনুরূপ কারণে আসানসোল নগরাঞ্চলে জলসরবরাহ পরিকল্পনার কাজে হাত দেওয়া সম্ভব হয় নাই।

(৬) আসানসোল পরিকল্পনা সংস্থার বর্ধমান জেলা বাসযাত্রী সমীক্ষায় কতকগুলি অতিরিক্ত বাসরুটের সুপারিশ করা হয়। কতকগুলি কোর্ট ইনজাংশনের জন্য বর্ধমানের জেলাশাসক এতদিন নূতন বাসরুটের অনুমতি প্রদান করিতে পারেন নাই। ইনজাংশন আদেশ রহিত হওয়ায় জেলাশাসক এখন অনুমতি প্রদান করিতেছেন।

## পুরুলিয়া জেলায় অহল্যাবাঈ রোড ও সেতু

৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৯।) **Shri Sarat Chandra Das:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, (১) পুরুলিয়া জেলায় অহল্যাবাঈ (আর সি সি রোড) রাস্তাটির (পাহাড়পোড়া হইতে চন্দনকিয়ারী পর্যন্ত) দীর্ঘদিন কোন মেরামতী কাজ না হওয়ায় এবং (২) হাড়াই নদীর উপর কোন পুল নির্মিত না হওয়ায় জনসাধারণের বিশেষ অসুবিধা হইতেছে, এবং

(খ) অবগত থাকিলে, এতৎসম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) (১) রক্ষণাবেক্ষণ বাবত সীমিত অর্থ বরাদ্দ হইতে মেরামতিকার্য করিয়া রাস্তাটিকে চলাচলের উপযোগী রাখা হইয়াছে। তবে বিশেষ মেরামতি কার্য শীঘ্রই শুরু হইবে।

(২) বর্তমানে সেতু নির্মাণের কোন প্রস্তাব নাই।

(খ) উত্তরের (ক) অংশ দ্রষ্টব্য।

## মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন সমবায় সমিতি

৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৩।) **Shri Adya Charan Dutta:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন প্রকারের সমবায় সমিতির সংখ্যা কত; এবং তাহাদের নাম ও ঠিকানা কি কি;

(খ) এই সমস্ত সমিতিসমূহের মধ্যে ৩০এ জুন, ১৯৭২, পর্যন্ত কোন্ কোন্‌টি (১) ডিফল্টার হইয়াছে এবং (২) লিকুইডেশন-এ গিয়াছে, এবং

(গ) এই সমস্ত ডিফল্টার লিকুইডেশন-এর কারণ কি কি?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ও (খ) মোট সংখ্যা ২১৬। বিস্তারিত তালিকা লাইব্রেরী টেবিলে স্থাপন করা হইল।

(গ) মন্দ ব্যবসায় এবং পরিচালনায় অব্যবস্থার জন্য সমিতিগুলি ডিফলটার হইয়াছে এবং ঠিকমত কাজ করিতে না পারায় প্রায় অস্তিত্বহীন হইয়া পড়িয়াছে। উহাদের পুনরুজ্জীবনেরও কোন সম্ভাবনা ছিল না। ফলে উহাদিগকে লিকুইডেশন আদেশ দেওয়া হয়।

[1-40—1-50 p.m.]

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker:** The Minister-in-charge of Relief and Welfare Department will please make a statement on the subject of demand for sanction of minimum 15 per cent. G. R. for the drought and flood affected people of West Bengal. Attention called by Shri Md. Dedar Baksh on the 7th August, 1972

**Shri Santosh Kumar Roy:** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য মহ: দেদার বক্স কর্তৃক উত্থাপিত দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে আমি নিম্নলিখিত বক্তব্য উপস্থাপিত করিতে চাই:

ইহা সত্য যে, পর পর দুই বৎসর পশ্চিম বাংলার বিভিন্ন জেলা বন্যা এবং বর্তমান বৎসরে খরার প্রকোপে পড়ায় গ্রামবাংলার দরিদ্র জনসাধারণ যে দুর্গতির মধ্যে পড়িয়াছেন এবং যে সম্পর্কে মাননীয় সদস্যমহোদয় উদ্বেগ প্রকাশ করিয়াছেন আমরাও তাহার সমান অংশীদার। সরকার এ ব্যাপারে সম্পূর্ণ সচেতন এবং সরকার সাধ্যমত এই অবস্থার মোকাবিলা করিয়া চলিয়াছেন।

এই উদ্দেশ্যে এই পর্যন্ত বর্তমান বৎসরে মোট ২,৫১,৩৯,০০০ টাকা ও ১০০ মেট্রিক টন ইটালিয়ান চাউল খয়রাতী সাহায্য বাবদ, ৬,০২,১৮,০০০ টাক ও ২,৮৯৫ টন রাশিয়ান চাউল স্টেট রিলিফ বাবত, ১,১৪,১৪,০০০ টাকা কৃষি ঋণ বাবত, ৩৪,৯৬,০০০ টাকা আনুষঙ্গিক

(কনট্রিনজেন্সী) খরচ বাবত সমগ্র পশ্চিমবংগের জন্য মঞ্জুর করা হইয়াছে। এই মোট পরিমাণ অর্থের মধ্যে নদীয়া এবং মুর্শীদাবাদে নিম্নলিখিত পরিমাণ অর্থ বরাদ্দ করা হইয়াছে :

| | খয়রাতী সাহায্য | স্টেট রিলিফ | কৃষিঋণ টাকা | আনুষঙ্গিক (কনটিনজেন্সী) টাকা |
|---|---|---|---|---|
| নদীয়া | ৯,৮০,০৮০ টাকা এবং ১০ মেট্রিক টন ইটালীয়ান চাউল। | ৩১,০০,০০০ টাকা এবং ২৫০ মেট্রিক টন রাশিয়ান চাউল। | ৫,৮৩,০০০ | ২,৭৯,৩২০ |
| মুর্শিদাবাদ | ১৫,৭৫,৫২০ টাকা এবং ১০ মেট্রিক টন ইটালীয়ান চাউল। | ৩৮,৭০,০০ টাকা এবং এবং ২৫০ মেট্রিক টন রাশিয়ান চাউল। | ১১,৮১,০০০ | ১,৯১,০০০ |

সময়মত সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ফলে এ পর্যন্ত কাহারও অনাহারে মৃত্যু হয় নাই।

অবস্থার গুরুত্ব বিবেচনা করিয়া এবং অবস্থার সঠিক মূল্যায়নের জন্য মুখ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রিমহোদয়েরা বিভিন্ন দুর্গত অঞ্চল পরিদর্শন করিয়াছেন এবং তাঁহাদের নির্দেশমত বিভিন্ন স্থানে দুর্গতির অবস্থাভেদে জনসংখ্যার শতকরা ৫ ভাগ হইতে ১৫ ভাগ পর্যন্ত খয়রাতী সাহায্য দেওয়ার উর্দ্ধসীমা ধার্য্য হইয়াছে। নদীয়া ও মুর্শিদাবাদে দুঃস্থ এলাকা বিবেচনা করিয়া জনসংখ্যার শতকরা ৫ ভাগ (উর্দ্ধতন) পর্যন্ত খয়রাতী সাহায্য দেওয়ার ব্যবস্থা হইয়াছে। বহুল পরিচিত কয়েকটি বেসরকারী সংস্থাও দুইটি জেলায় দুর্গত জনসাধারণের মধ্যে খাদ্য বিতরণের দায়িত্ব গ্রহণ করিয়াছেন। প্রতি জেলায় দৈনিক ২৫,০০০ লোককে খাদ্য সরবরাহ করা হইতেছে। তাহা ছাড়া কর্মসংস্থানের জন্য সরকার ব্যাপক কর্মসূচী গ্রহণ করিয়াছেন। সরকারের বিভিন্ন বিভাগের পরিকল্পনা ও পরিকল্পনা বহির্ভূত বিভিন্ন কর্মোদ্যোগকে দুর্গত এলাকায় যথাসম্ভব অধিক পরিমাণে কেন্দ্রীভূক্ত করিবার চেষ্টা হইতেছে যাহাতে দুর্গত জনসাধারণ অধিক সংখ্যায় কার্যে নিযুক্ত হইতে পারেন। বর্ষার সময় স্টেট রিলিফের কাজ কিছুটা ব্যাহত হইবে সত্য কিন্তু বর্ষার জন্য কৃষিকার্য আরম্ভ হইলে কর্মসংস্থান হইবে তবে পরিপূরক হিসাবে বিভাগীয় অন্যান্য কাজকর্ম চালাইয়া যাওয়া হইবে। অনাহারে কাহারও মৃত্যু ঘটিতে দেওয়া হইবে না। সরকার সেই ব্যবস্থা অবশ্যই করিবেন।

বর্তমান অবস্থার মোকাবিলার জন্য সরকার যুদ্ধকালীন ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করিতেছেন। বিভিন্ন বিভাগের কার্যের সুষ্ঠু সমন্বয়ের জন্য সরকার মন্ত্রী পর্যায়ে তিনটি সাব-কমিটি গঠন করিয়াছেন। সেক্রেটারী পর্যায়েও একটি কো-অর্ডিনেটিং কমিটি এই উদ্দেশ্যে গঠিত হইয়াছে এবং প্রতিদিন খরা পরিস্থিতির পর্যালোচনা হইতেছে।

এই সমস্যা এত ব্যাপক যে পশ্চিমবংগের সীমিত আর্থিক অবস্থার মধ্যে তাহার সুষ্ঠু সমাধান সম্ভব নয়। তাই কেন্দ্রীয় সমীক্ষক দল রাজ্য সরকারের অনুরোধ এ এখানে আসিয়াছেন এবং তাঁহারা সরেজমিনে অবস্থা পর্যাবেক্ষণ করিতেছেন। কেন্দ্রের নিকট হইতে রাজ্য সরকারের সাহায্য ও ঋণ বাবত প্রায় ৪০ কোটি টাকার দাবি করিয়া স্মারকলিপি পেশ করা হইয়াছে।

**Mr. Speakear** : I have received one notice of Calling Attention on the subject of serious accident in 34, National Highway near Chakdah, Nadia, on 7th August, 1972, as a result of which three policemen died, from Shri Naresh Chandra Chaki which I have selected. The Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible or tomorrow.

**Shri Gyan Singh Sohanpal** : Tomorrow, Sir.

## MENTION CASES

**Mr. Speaker :** It was decided that mentions would not be allowe today ; but I have left with some time. So, if the House is really eage to have some Mention Cases to be taken up by the Chair, I can allov those cases to be mentioned. I think the honourable members ar agreeable. Then I call upon Shri Asamanja De.

**Shri Asamanja De :** মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের সমস্ত সেকেণ্ডারী স্কুলসে ঘাটতিভিত্তিক অনুদানের আওতায় ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতি রূপায়ণের ক্ষেত্রে সরকারের কর্মসূচীর প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। গত ১০ই মার্চ তারিখে আজকের মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থ শংকর রায় সেদিন যিনি ভারতবর্ষের শিক্ষামন্ত্রী ছিলেন, তিনি ঘোষণা করেছিলেন পশ্চিমবঙ্গের সমস্ত মাধ্যমিক শিক্ষায়তনগুলিকে ঘাটতিভিত্তিক অনুদানের আওতায় আনা হবে। শুধু তাই নয়, পশ্চিমবঙ্গের শিক্ষাসমাজ এই দাবির ভিত্তিতে আন্দোলনের পথে দাঁড়িয়েছিল, তখন ৪ঠা এপ্রিল তারিখে এই বিধানসভার অভ্যন্তরে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসাবে সেই সিদ্ধার্থশঙ্কর রায় বলিষ্ঠ ঘোষণা করেছিলেন। আমরা দেখেছি এই ব্যাপারটি কেন্দ্র করে পশ্চিমবঙ্গের হেডমাস্টারস অ্যাসোসিয়েশন এডুকেশন মিনিস্টারের কাছে এবং চীফ মিনিস্টারের কাছে বিভিন্ন দাবি-দাওয়া এবং ডেপুটেশন পেশ করেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, ক্ষোভের বিষয় বাজেট স্পীচে এডুকেশন মিনিস্টারের একটু ইঙ্গিত পর্যন্ত নেই এবং এই খাতে কোন টাকা বরাদ্দ করা হয় নি। যার ফলে আজকে আমরা আন-এমপ্লয়মেণ্টের কথা বলছি, কিন্তু পশ্চিম বাংলার শিক্ষায়তনে প্রায় ৫০ হাজার শিক্ষক আণ্ডার এমপ্লয়েড হয়ে পড়ে আছে। আমরা এই দাবি আদায়ের জন্য ৩রা আগষ্ট থেকে ৭ই আগষ্ট পর্যন্ত দেখেছি প্রধানশিক্ষক সমিতির প্রতিনিধিরা তারা কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ডঃ নুরুল হাসান, কেন্দ্রীয় মন্ত্রী ডঃ দেবীপ্রসাদ চ্যাটার্জি, এডুকেশন অ্যাডভাইসার শ্রী জে. পি. নায়ার, প্ল্যানিং মিনিস্টার শ্রী ডি. পি. ধরের কাছে বিভিন্ন দাবি-দাওয়া পেশ করেন এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জানান তাঁরা তাঁদের প্রতিশ্রুতি পালনে বদ্ধপরিকর। কিন্তু এখন পর্যন্ত ঐ দাবি আদায় হচ্ছে না বলে গতকাল ৯ই আগষ্ট ওয়েস্ট বেংগল হেডমাস্টার্স অ্যাসোসিয়েশনের অ্যাকসন কমিটি তারা সিদ্ধান্ত নেন আগামীকাল ১১ই আগষ্ট বিধানসভার সামনে ৫০ হাজার শিক্ষককে নিয়ে একটা অভিযান চালাবেন। গত ১৫ই আগষ্টের মধ্যে যদি তাদের দাবি-দাওয়া পূরণ করা না হয় তাহলে তারা ১৮ই আগষ্ট থেকে অনির্দিষ্টকালের জন্য বৃহত্তর আন্দোলনের পথে এগোবেন এবং শিক্ষাক্ষেত্রে স্বভাবতঃই নৈরাজ্য নেমে আসবে। এই কর্মসূচী রূপায়িত করতে মাত্র দুই কোটি টাকা খরচ লাগে, এটা কেন্দ্রীয় সরকার দিয়ে থাকেন। কেন্দ্রীয় সরকার জানাচ্ছেন রাজ্য শিক্ষামন্ত্রী এবং রাজ্যসরকার তারা রেকর্ডপত্র পেশ না করার জন্য তারা এগোতে পারছেন না। সবচেয়ে দুঃখের বিষয়, লজ্জার বিষয়, ক্ষোভের বিষয় হেডমাস্টার্স অ্যাসোসিয়েশন আন্দোলন করে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই পশ্চিমবঙ্গকে এরিয়ার পেমেণ্ট হিসাবে অনেক টাকা পাইয়ে দিয়েছিলেন। কিন্তু এই সরকারের আমলে রাজ্যের শিক্ষামন্ত্রী এই দুই কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছে ফেরৎ দিয়েছেন, যে দুই কোটি টাকা থাকলে আজকে সমস্ত পশ্চিমবঙ্গে মাধ্যমিক শিক্ষায়তনগুলিকে ঘাটতিভিত্তিক অনুদানের আওতায় আনা যেত। তাই আমি দাবি করছি আজকে মন্ত্রীসভার কাছ থেকে ঘোষণা চাই যাতে আগামীকাল থেকে পশ্চিমবঙ্গের হেডমাস্টার্স অ্যাসোসিয়েশন থেকে এই ৫০ হাজার শিক্ষক শিক্ষিকাকে এই বৃহত্তর আন্দোলনের পথে নামতে না হয়। আমি আশা করি শিক্ষকসমাজ রাজপথে নামবেন, এই সরকার তা চান না এবং তাই আজকে মন্ত্রীসভার পক্ষ থেকে এখুনি ঘোষণা করা উচিত এই সমস্ত মাধ্যমিক শিক্ষায়তনকে সরকারের প্রতিশ্রুতি পালন করে ঘাটতিভিত্তিক অনুদানের আওতায় আনা হবে। এই দাবিও আমি রাখছি।

[1-50—2-00 p. m.]

**Shri Jyotirmoy Mojumdar** : স্যার, পশ্চিমবঙ্গ বিধানসভায় মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রী একই উপস্থিত থেকে ঘোষণা করেছিলেন পশ্চিম বাংলায় যেসমস্ত lump grant-এর স্কুল আছে সেগুলকে deficite grant-এর স্কুল করা হবে। কিন্তু আজ পর্যন্ত এ বিষয়ে কোন ঘোষণা আমরা পাই নি। এমন কি শিক্ষামন্ত্রীর বাজেট speech-এ সে সম্বন্ধে কোন উল্লেখ পর্যন্ত নেই। তাই আজ আপনার মাধ্যমে বিধানসভায় প্রতিটি সভ্য দাবি জানাচ্ছেন যে, এ বিষয়ে সরকারের সিদ্ধান্ত কি সেটা শিক্ষামন্ত্রী ও মুখ্যমন্ত্রী ঘোষণা করুন।

**Shri Paresh Chandra Goswami** : স্যার, আমাদের শিক্ষামন্ত্রী ও মুখ্যমন্ত্রী দিল্লী গিয়ে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করায় তিনি বলেছিলেন যে ৮ই কোটি টাকা আছে। কিন্তু provision আমরা বাজেটে দেখতে পাচ্ছি না। যা হোক আমরা আশা করব শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রী যে প্রতিশ্রুতি দিয়াছিলেন এই সভায় সেই প্রতিশ্রুতি কতদূর তাঁরা কার্যকরী করলেন সে সম্পর্কে একটা প্রতিশ্রুতি আপনার মাধ্যমে আমরা আশা করছি।

**Shri Harasankar Bhattacharyya** : স্যার, Jute Mill-এর worker-রা যেখানে ২৩৫ টাকা বেতন পাবেন, সেখানে B. A., M A পাশ করা শিক্ষকরা ৪০/৫০/৬০ টাকা মাইনেতে ১০/১৫ বছর ধরে কাজ করছেন। এ বিষয়ে মুখ্যমন্ত্রীর একটা প্রতিশ্রুতি আছে। শিক্ষামন্ত্রী যখন অনুপস্থিত তখন মন্ত্রীমণ্ডলীর পক্ষ থেকে একটা statement আপনার মাধ্যমে আমরা দাবি করছি।

**Shri Arabinda Naskar** : স্যার, শিক্ষামন্ত্রী ও মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, বাংলা দেশে যেসমস্ত lump grant-এর স্কুল আছে সেগুলিকে যাতে deficite grant-এর আনা যায় সে বিষয়ে তাঁরা চেষ্টা করবেন। আমাদের বিধানসভায় ১০/১৫ জন আমরা শিক্ষক সদস্য আছি। মুখ্যমন্ত্রী যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি পালনে যাতে তিনি বদ্ধপরিকর হন সেদিকে আপনি লক্ষ্য দেবেন।

**Mr. Speaker** : Honourable Members, this is not the proper procedure. You know that there are so many provisions in the Rules of Procedure and Conduct of Business. You can raise a discussion by a Motion or by a Resolution if admitted. But, I think, no notice of such Motion or Resolution has been tabled by any one of the Honourable Members. We have discussed many motions on the floor of this House in this Session but no Honourable Member gave any notice to discuss this particular subject, and now I find, the Members are so much eager to discuss this particular subject. Then why they failed to give notice of a motion or resolution in respect of this subject. This is not the procedure. If you want to ventilate your grievances or raise a discussion on this particular subject then you ought to table a motion to that effect.

**Sm. Geeta Mukhopadhyaya** : স্যার, সদস্যরা motion দেননি বলে এই commotion. কিন্তু এই বিধানসভা তো বন্ধ হয়ে যাচ্ছে। সুতরাং এই প্রতিশ্রুতি সম্বন্ধে কিছু হচ্ছে না বলে সকলে একসঙ্গে উত্তেজিত হয়ে উঠেছেন। এটা অতি গুরুত্বপূর্ণ ব্যাপার। এই পরিস্থিতিতে বিধানসভা বন্ধ হবার আগে সরকার থেকে একটা স্পষ্ট ঘোষণা পাওয়া দরকার।

**Mr. Speaker** : Honourable Members, I can give you one informatio that the Hon'ble Minister-in-charge of Education Department, Shri Mrityunjo Banerjee, will hold a meeting with all the teacher-M.L.As. in his Chamber o in the Committee Room at the Assembly House on the first floor today a 3 p.m. He has sought my permission to hold a metting with all the teacher M.L.As. in his Chamber at 3 p m. today. I heve given him the necessar permission to hold this meeting.

(Noise and interruptions)

He will be in the Committee Room. Please meet him at 3 p.m. anc raise these points there and not here.

(Several members rose simultaneously to speak—Noise and interruptions

**Shri Abdul Bari Biswas** : মাননীয় স্পীকার মহাশয়, আপনি যেকথা বললেন সে সম্বন্ধে একটা কথা আমি বলতে চাই যাঁরা শিক্ষক সদস্য নন তাঁরা তাহলে কি শিক্ষক বন্ধুদের দাবি দাওয়া সম্বন্ধে কোন বক্তব্য রাখতে পারেবন না ? তাঁদের কি কোন বক্তব্য থাকতে পারে না ?

**Mr. Speaker** : May I ask the honourable members who are at one and the same time,—about 10 to 15 members at least,—on their legs. are you on a point of order ? Have you taken permission of the Chair ? Please take your seats. I know the rules and procedure Have you sought my permission ? Without my permission you are on your legs, so I cannot allow any one to speak. I only allow Shri Knmardipti Sen Gupta because he is on a point of order.

**Shri Kumardipti Sen Gupta** : অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। স্যার, আপনি যেটা বলেছেন আমরা যদি মোশান না আনি তাহলে আমাদের বক্তব্য রাখা যাবে না, এটা ঠিক। আপনার এই রুলিং আমরা মানতে বাধ্য। কিন্তু স্যার, আমরা বলতে চাই আমাদের এডুকেশান মিনিস্টার এখানে হাউসে একটা অ্যাসিওরেন্স দিয়েছিলেন যেটা আমরা আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এটা মোশান নয়। এই যে অ্যাসিওরেন্স তিনি দিয়েছেন এটা যদি কার্যকরী না করেন তাহলে আমাদের যে অ্যাসিওরেন্স কমিটি আছে সেখানে আমরা যেতে পারব। আমরা এটা আপনার কাছে বলতে চাই।

**Mr. Speaker** : Yes, if any assurance had been given on the floor of the House, there is an Assurance Committee, you can go there and place and point out to the members of the Committee what assurance had been given on the floor of the House and after the report of the Committee the House will take decision in the matter.

(Shri Susanta Bhattacherjee rose to speak)

I find that Shri Susanta Bhattacherjee is on his legs, perhaps on a point of order. I must see what is his point of order. He should clearly state his point of order.

**Shri Susanta Bhattacherjee :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননী অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে জানতে পারলাম যে মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় এখানে যে লাম্প গ্রান্ট করার ব্যাপারে প্রশ্ন উঠেছে সে সম্বন্ধে সমস্ত শিক্ষক সদস্যদের নিয়ে বসতে চেয়েছেন। আমার পয়েন্ট অব অর্ডার হল এই যে স্কুলের লাম্প গ্রান্ট, ডেফিসিট গ্রান্ট সম্বন্ধে হাউসের মধ্যে সকল সদস্য বলতে চান। কারণ, যে সমস্যার কথা উঠেছে এই সমস্যা একটা জাতীয় সমস্যা, এটা শুধু শিক্ষকদের সমস্যা নয়। এই সমস্যা সম্বন্ধে শিক্ষক সদস্য এবং যাঁরা শিক্ষক সদস্য নন তাঁদের সকলের সংগে বসে আলোচনা করলে আমরা বাধিত হব।

**Mr. Speaker** : There is no point of order involved in it because a point of order will always depend on the procedural matters of the House itself. All those things never come within the scope of point of order. It is not a point of order at all.

[2-00—2-10 p. m.]

**Shri Sukumar Bandyopadhyay** : মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি ও আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিষয় নিয়ে বিধানসভায় বহুবার আলোচনা হয়েছে। আজ বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়ে পড়েছে ও পশ্চিম বাংলায় বিদ্যুৎ সরবরাহ দিনের পর দিন বিঘ্নিত হচ্ছে। পশ্চিম বাংলার বিদ্যুৎ সরবরাহের স্থানগুলি সবসময় আজ কণ্টকিত হয়ে আছে। ডি ভি সিতে বিদ্যুৎ পাওয়া যায়, ভেলুঘাটে জল বিদ্যুৎ পাওয়া যাবে, সাঁওতালদি ইত্যাদি জায়গায় যে বিদ্যুৎ পাওয়া যাবে এবং উড়িষ্যা আমাদের যে বিদ্যুৎ দেয় তা সত্বেও আজকে পশ্চিম বাংলার শিল্প ব্যবস্থায় একটা সংকট ও হতাশা দেখা দিয়েছে। আজকে যে সংকটের আকার ধারন করেছে মাননীয় অধ্যক্ষমহাশয় আমি জোর করে বলতে পারি যে, আমাদের সরকার পল্লীঅঞ্চলে যে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা গ্রহণ করেছেন সে পরিকল্পনা ব্যর্থ হতে বাধ্য মাননীয়। অধ্যক্ষমহাশয়, আমরা যদি পরনির্ভরশীলতা না করে থাকি, আমরা যদি অন্য প্রদেশের উপর নির্ভর করে না থাকি যদি পশ্চিমবংগ সরকার তার নিজস্ব কয়লা শিল্পের উপর নির্ভর করে এবং তারা যদি বিদ্যুৎ উৎপাদনের চেষ্টা করে তাহলে আজকে পশ্চিম বাংলায় যে বিদ্যুৎ সঙ্কট দেখা দিয়েছে সে সংকটের সমাধান সম্ভব। স্যার, আমার নির্বাচনী এলাকা আসানসোল, বারবনী ইত্যাদি জায়গায় লক্ষ লক্ষ টন কয়লা মজুত আছে। সেই কয়লা বি—২ গ্রে—২ এবং গ্রেড—৩ কয়লা। সাধারনত তাপ বিদ্যুৎ উৎপাদন করতে গেলে গ্রেড—৩ কয়লার দরকার। আসানসোল, সালাপুর, এবং বারবোনীতে এই কয়লা ৫ হাত ১০ হাত গেলেই হয়তো পাওয়া যাবে। সেখানে যদি আমাদের পশ্চিমবংগ সরকার তাপ বিদ্যুৎ তৈরী করেন তাহলে ৭৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হতে পারে। এবং তাপ বিদ্যুৎ কেন্দ্রের যে প্রয়োজনীয় জমি সে জমি আমার নির্বাচনী কেন্দ্রের কাছে যে হিন্দুস্থান কেবলস-এর যে কয়েকশত বিঘা জমি আছে সেখানে কয়লাও পাবেন ও জমি পাবেন এবং তাপ বিদ্যুৎ তৈরী হতে পারে। সঙ্গে সঙ্গে আমি বলছি যে এই তাপ বিদ্যুৎ কেন্দ্র তৈরী করবার জন্য যে কয়লার দরকার তার জন্য আজকে যানবাহনের কোন দরকার হবে না। কারণ সেখানে কোন রিয়ারিং ল্যাণ্ড, সেখানে ওয়াগনের যে কথা তার অভাব হবে না। সেখানে ট্রানপোর্ট লাগবে না সুতরাং সেখানে এ জিনিস হওয়া সম্ভব। পশ্চিম বাংলায় যে বিদ্যুৎ সঙ্কট তার পরিপ্রেক্ষিতে আমি বিদ্যুৎ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে তাপ বিদ্যুৎ কেন্দ্র সেখানে তৈরী করে পশ্চিম বাংলাকে বিদ্যুৎ উৎপাদনে সাবলম্বী করা যায়।

**Shri Krishna Pada Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে সংবাদপত্রে একটা সংবাদ দেখলাম যে হাওড়া জেলায় জগৎবল্লভপুর থানায় যমুনা বালিক গ্রামে এক মাতার তিন কন্যাকে বিষপান

করিয়ে হত্যা করবার পর নিজে বিষপান করে আত্মহত্যা করেছে। একটু আগে আমাদে সামনে ত্রাণমন্ত্রী মহাশয় বিবৃতি রেখেছেন। আমাদের কাছে বেসরকারী সূত্রে সংবাদ আছে ে ঐ মা অভাবের তাড়নায় মর্মান্তিক অবস্থার মধ্যে পড়ে পুত্রকন্যাকে বিষ প্রয়োগে হত্যা করবার প নিজে আত্মহত্যা করেছে। আমি আপনার মাধ্যমে ত্রাণ দপ্তরের মন্ত্রিমহাশয়ের কাছে আবেদ করছি—প্রদীপের নীচে অন্ধকার থাকে এই সত্যকে প্রমান করবার জন্য কলকাতার পাশে হাওড় জেলা সেখানে খরার প্রচণ্ড অবস্থার সম্মুখীন হয়েছি। সেই হাওড়া জেলার প্রতি মন্ত্রিমহাশয়ে দৃষ্টি হয়ত কম আছে। আমি আশা করবো এই ছোট মর্মান্তিক সংবাদের প্রতি মন্ত্রিমহাশয় নজ দেবেন এবং অনতিবিলম্বে দপ্তরকে নির্দেশ দেবেন যে বেসরকারী সংবাদ আমরা পেয়েছি তা সত্যতা আছে কিনা? আমি হাওড়া জেলার নির্বাচিত প্রতিনিধি হিসাবে আপনার কাছে দা রাখছি যে হাওড়া জেলার খরায় সাহায্যের পরিমান যাতে বাড়িয়ে দেওয়া হয়। সরকারী এব বেসরকারী যে সংবাদই হোক না কেন, এই ধরণের সংবাদ নিয়ে যাতে আমাদের আর কোনদি এই ধরণের বক্তব্য না রাখতে হয়।

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, এই সভাতে অনেক অসহায় ও দুদশা গ্রস্ত মানুষের খবর আপনার সামনে উপস্থিত করা হয়েছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার নিশ্চই মনে আছে যে আগেও আমি বাজেট বক্তৃতার সময় এই ব্যাপারে বিধানসভার সদস্যদের অনুরোধ করেছিলাম যে কেবল মাত্র আমলাদের উপর নির্ভর না করে যাতে আমরা সত্যকারের দুস্থ মানুষের কাছে ত্রাণ পৌছে দিতে পারি তার ব্যবস্থা করুন। তাই আমি অনুরোধ করেছিলাম সদস্যদের যে যাতে তাঁরা এদিকে দৃষ্টি দেন। তাঁদের নিজেদের দ্বারা সম্ভব না হ'লে প্রতিনিধি মারফৎ যেন দৃষ্টি রাখেন যাতে এই ধরণের ঘটনা পশ্চিম বাংলায় না ঘটতে পারে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই যে হাওড়া জেলার শতকরা ৫ ভাগ লোককে এই খয়রাতি সাহায্যের আওতায় আনা হয়েছে কাজেই মাননীয় সদস্যরা যেন একটু দৃষ্টি রাখেন যাতে গ্রামেতে এ ধরণের ঘটনার পুনঃরাবৃত্তি না ঘটে। আমি এই দিকে দৃষ্টি দেবার জন্য আগেও অনুরোধ করেছি এবং এখনও আবার বলছি যে কেবলমাত্র সরকারী আমলাদের উপর নির্ভর না ক'রে যাতে দুস্থ লোকেরা সত্যকারের ত্রাণ পায় তার ব্যবস্থা করুন।

**Shrimati Ila Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে আমি একটি জরুরী তথ্য এই হাউসে রাখতে চাই। আজ প্রত্যুষে ঐ জোড়াবাগান এলাকার অনেক মা বোন এবং ভায়েরা, আমার কাছে এসেছিলেন। তারা অভিযোগ করেছেন যে, সারা জোড়াবাগান এলাকা প্রচণ্ড দুর্গন্ধ এবং প্রচুর ময়লা জমে আছে। আজ সেখানের পরিস্থিতি চরম অবস্থা দাড়িয়েছে। মাননীয় অধ্যক্ষমহাশয় Calcutta Corporation এ কথায় কোন কর্ণপাত করছেন না। আমি অনেকবার Calcutta Corporation-এর Chief Engineer-কে বলেছি যে আপনারা North Calcutta পরিষ্কার করুন, North Calcutta-য় যে মানুষরা বাস করেন তারা কি মানুষ নয়? এইভাবে দিনের পর দিন স্তূপাকার ময়লা জমে রয়েছে। সেখানে কপির চাস করলে ভাল কপি হতে পারে। স্যার, তাহলে আমাদের বলার কি প্রয়োজন আছে? আপনার মাধ্যমে ব্যাপারটির প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষমহাশয়, দিনের পর দিন North Calcutta-কে যেভাবে অবহেলা করা হচ্ছে এবং ময়লার মধ্যে রাখা হচ্ছে তাতে আমর দেখছি আমরা M L A হ'য়েও সেখানে কাজ করতে পারছি না। আমি এই জরুরী বিষয়টি এখানে উপস্থিত করলাম। আমি আশা করি এর কোন সুব্যবস্থা হবে। আমি কাগজে দেখলাম যে Centre থেকে একজন এসেছেন মিঃ চোপরা। Mr. Chopra তিনি নাকি Central Avenue-র মধ্য দিয়ে পরিদর্শন করেছেন। স্যার, Central Avenue পরিদর্শন করলে ময়লা দেখা যায় না, কারণ Central Avenue বড় রাস্তা তা সব সময় পরিষ্কার

রাখা হয়। আমার এলাকা জোড়াবাগান বা কাশীপুর, বড়তলা ইত্যাদি পরিদর্শন করলে বুঝতে পারা যাবে যে North Calcutta কি ধরণের নরককুণ্ডু হয়ে আছে। আমি আপনার মাধ্যমে বলছি যে, অবিলম্বে North Calcutta-কে পরিষ্কার পরিচ্ছন্ন করা হোক, তা নাহলে North Calcutta র অধিবাসীরা অসুস্থ হয়ে পড়বে।

[2-10—2-20 p. m.]

**Shri Rabindra Nath Ghosh :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে আমি ত্রাণ এবং কৃষিমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার উলুবেড়িয়ার শ্যামপুর থানার কৃষকরা এবং ক্ষেতমজুররা দুরবস্থার সম্মুখীন হয়েছে। মাননীয় কৃষি মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন, ১৯৭০-৭১ সালে হাওড়ার শ্যামপুর এলাকা একটা বন্যাত এলাকা ছিল। আজকে সেই দুঃস্থ কৃষকরা এবং ক্ষেতমজুররা মৃত্যুর মুখে যেতে চলেছে। তারা কোন সরকারী সাহায্য পাচ্ছে না। আমাদের ত্রাণ মন্ত্রিমহাশয় বলেছিলেন যে কৃষক এবং গরীব মানুষদের নাকি প্রচুর পরিমাণে সাহায্য দেওয়া হচ্ছে, কিন্তু আসলে দেখছি এই কৃষক, ক্ষেতমজুররা বঞ্চিত, লাঞ্ছিত দীর্ঘদিন ধরে, সরকারী সাহায্য যে পরিমাণে আসছে, তা তারা পাচ্ছে না, মাত্র ৫৯ হাজার টাকা একটা Block-এ দেওয়া হচ্ছে, সেই Block-এর under-এ ১২টি অঞ্চল আছে, মাত্র ২৫ থেকে ৩০ জন কৃষিলোন পাচ্ছে, কৃষকরা চাষ করেছিল কিন্তু বন্যার জন্য সেই সমস্ত নষ্ট হয়ে গেছে। এখন নূতন করে চাষবাস করতে হচ্ছে এখন পর্যন্ত সরকারী সাহায্য পাওয়া যাচ্ছে না, তাই মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, উলুবেড়িয়া একটা উন্নত এলাকা, এবং শ্যামপুর থানার কৃষকদের এখন যদি সরকারী সাহায্য করা যায়, সার, বীজ সরবরাহ করা যায় তবে তারা বাঁচতে পারে।

**Shri Sankar Das Paul :** মাননীয় অধ্যক্ষমহাশয়, জনজীবনে খেলাধূলার একটা বিশেষ তাৎপর্য আছে বলে আমি মনে করি। সেই জন্য আপনার মাধ্যমে ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিন্তু ক্রীড়ামন্ত্রী এখানে নেই, সেইজন্য আপনাকে বলছি. আপনি জানেন কতদিন ধরে ক্রীড়ামন্ত্রীর বাড়ীর সামনে কলকাতা মাঠের কর্মচারীরা অবস্থান ধর্মঘট করছে তাদের দাবিদাওয়া না মেটানোর জন্য। কলকাতা ময়দানে খেলাধূলা চালানোর কম দায়িত্ব নয়। আপনি জানেন খেলা আরম্ভ হবার আগে এবং পরে তাদের সমস্ত কিছু ready রাখতে হয়, সেই দায়িত্ব তারা ঠিকভাবে পালন করে। সেইজন্য ঘেরা মাঠের কর্মীরা তাদের উপর ন্যস্ত দায়দায়িত্ব পালন করে আসছে। তাদের সহযোগিতায় এই খেলার মাঠ সরকার নিয়ে নেবার পর থেকে ১৯৬২ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত গড় আয় বেড়েছে। এ ছাড়া অন্যান্য খাত থেকে আয় হয়েছে। সুতরাং অত্যন্ত সংযতভাবে আশা করতে পারি এই যে সমস্ত কর্মচারী, যারা আয়বৃদ্ধির ব্যাপারে জড়িত, তাদের স্বার্থ দেখা উচিত। তারা যাতে আরও ভালভাবে কাজ করতে পারে। শীঘ্র I. F. A. Shield শুরু হবে, বাইরে থেকে অনেক Team খেলতে আসবে, আমি আশা করবো ক্রীড়ামন্ত্রী এই সময়ে কর্মচারীদের দাবিদাওয়া মিটিয়ে দিয়ে, যারা খেলা দেখতে ভালবাসেন, খেলায় উৎসাহ আছে, তারা যাতে খেলা দেখতে পাবেন, এই দাবী immediately মিটিয়ে দিয়ে সুষ্ঠভাবে যাতে খেলা দেখা যায়, তার ব্যবস্থা করবেন, তারজন্যই ক্রীড়ামন্ত্রীকে অনুরোধ করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Aswini Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটা বিষয়, আপনার মাধ্যমে যে সংশ্লিষ্ট মন্ত্রী আছেন Municipal Service-এ তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান শহর একটা পুরান শহর, কলকাতার পরে শিল্প এবং কৃষির দিক থেকে একটা গুরুত্বপূর্ণ জেলা। এই জেলা শহরে বর্তমানে একটা বিশ্ববিদ্যালয় আছে, একটা Medical College আছে। কিন্তু এই

শহরের রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত শোচনীয়। বর্ধমান Station থেকে হাসপাতালে যাবার জন্য যে রাস্তা আছে, বর্তমানে Rikshaw চলার পক্ষেও সেটা অযোগ্য, আরো ছিল কার্জন গেট, এখন বিজয় তোরণ, সেটাও ভাঙ্গার অবস্থায় আসছে। এই রাস্তাঘাট বিজয় তোরণ প্রভৃতি দেখার দায়িত্ব অবশ্য পৌরসভার কিন্তু সেই পৌরসভা আজকে—আমাদের রাজ্যস্তরে যেমন একটা গণতান্ত্রিক প্রগতিশীল সরকার রয়েছে, সেখানেও এই রকমভাবে Board গঠিত হয়েছে, কিন্তু তাদের আর্থিক অবস্থা অত্যন্ত শোচনীয়। আজকে যে পরিমাণ অর্থ সাহায্য করা দরকার সেটা তারা পাচ্ছে না। সেইজন্য Municipal Service-এর মন্ত্রী যিনি আছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অন্যান্য পৌরসভাকে যেভাবে অনুমোদন বা ঋণ দেওয়া হচ্ছে, বর্ধমান পৌরসভাকেও এই সমস্ত উন্নয়নের জন্য অনুরূপ ঋণ এবং অনুদান যাতে দেন তারজন্য আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Hemanta Dutta :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপারে এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। যদিও এটা এখানে বিশেষভাবে আলোচনা হয়েছে, আমাদের পশ্চিম বাংলায় যে সমস্ত বিদ্যালয় থেকে গ্রান্ট বা লাম্প গ্রান্ট পান, ঘাটতিভিত্তিক অনুদান মঞ্জুরি করবার জন্য আমাদের মুখ্যমন্ত্রী তিনি গত বছর প্রধান শিক্ষক সমিতির পক্ষ থেকে যখন অনশন সত্যাগ্রহ হয়েছিল, তখন তিনি দ্বার্থহীন ভাষায় লিখিতভাবে জানিয়েছিলেন যে প্রত্যেক স্কুলকে লাম্প গ্রান্ট ঘাটতিভিত্তিক অনুদান দেওয়া হবে। এবং মাসের ১লা তারিখ বেতন দেওয়া হবে। এই প্রতিশ্রুতি দিয়ে প্রধান শিক্ষক সমিতিকে তাদের অনশন থেকে বিরত করেছিলেন, তারপর কয়েকদিন আগে এই সেখানে মাননীয় শিক্ষামন্ত্রী, তিনিও বলেছিলেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি আমাদের কয়েকজন শিক্ষক প্রতিনিধিকে প্রশ্ন উত্তরের সময় জানিয়েছিলেন, আমরা প্রশ্ন করেছিলাম যে সরকার যে সমস্ত প্রতিশ্রুতি দেন, আমরা দেখতে পাচ্ছি কাজের মাধ্যমে সে সব প্রতিশ্রুতি রক্ষা করেন না। তখন মুখ্যমন্ত্রী দ্বার্থহীন ভাষায় এবং জোরের সংগে ঘোষণা করে বলেছিলেন যে আমরা যে সমস্ত প্রতিশ্রুতি দিই সেই সমস্ত প্রতিশ্রুতি আমরা পালন করি। কিন্তু আজকে দেখা যাচ্ছে অনেক দিন চলে যাচ্ছে এবং আমরা বুঝতে পাচ্ছি এই সম্পর্কে কোন কিছু ঘোষণা করা হচ্ছে না। আমি সেদিন মাননীয় শিক্ষামন্ত্রীকে ব্যক্তিগতভাবে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বললেন যে মুখ্যমন্ত্রী এবং আমি দিল্লী গিয়েছিলাম, আমাদের যে দু কোটি টাকা দরকার তার মধ্যে কেন্দ্রীয় সরকার ১ কোটি টাকা দিচ্ছেন কিন্তু আর ১ কোটি টাকা দিচ্ছেন না, দ্বিতীয় বার আমরা এই সম্পর্কে আলোচনা করব, এইভাবে তিনি আমাকে বলেছিলেন। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি যে প্রধান শিক্ষক সমিতি তারা আবার আন্দোলনে নামবেন, এই বলে তাদের বক্তব্য পেশ করেছেন, সুতরাং এ সম্পর্কে একটা ব্যবস্থা নেওয়া দরকার বলে আমি মনে করি এবং এই বিষয়ে আর বেশী বিলম্ব করা ঠিক হবে না বলে আমার ধারনা। আজকে আমি দাবি করব যে শিক্ষক সমাজের দাবি অবিলম্বে মানা উচিত, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Jagadish Chandra Das :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের সরকারের কাছে একটা গুরুত্বপূর্ণ জিনিস উত্থাপন করছি। ১৯৭১ সালের লকআউট ক্লোজার অ্যাক্ট পাশ হওয়ার পর বাংলা দেশের শ্রমিকরা ভেবেছিল যে এইবার বোধহয় মালিকদের আমরা জব্দ করতে পারব, বাংলা দেশে নতুন করে আর কলকারখানা লক্ আউট হবে না, কিন্তু দেখা গেল এই সরকার আসার পর বাংলা দেশের মালিকরা যেন আমাদের চ্যালেঞ্জ দিয়েছে, নৈহাটিতে, কাঁকিনারাতে ইনচেক রবার কম্পানী আছে এই সরকার আসার সাথে সাথে কারখানা লক্ আউট হয়ে যায়। মাননীয় রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখার্জী মহাশয়ের হস্তক্ষেপের ফলে তা আবার খুলে যায়, কিন্তু অবার কয়েকদিন আগে এই কারখানা লক্-আউট হয়েছে এবং এর ফলে

সেই কারখানার ১,৫০০ শ্রমিক আজকে অনাহারে দিন কাটাচ্ছে। আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অবিলম্বে এই বিষয়ে নজর দিতে অনুরোধ করছি এবং অবিলম্বে এই কারখানা খোলার দাবি জানাচ্ছি।

[2-20—2-30 p. m.]

**Shri Sisir Kumar Ghosh :** স্যার, ৬ই জানুয়ারি ১৯৭২ তারিখ থেকে টিটাগড় পেপার মিলে তিন হাজারের অধিক শ্রমিক কর্মচারী সকলেই লে-অফএ পড়েছে। তাদের অপরাধ তারা কম্পানীর ওভারটাইম করতে রাজী হয়নি। শ্রমিক ছাটাইএর প্রতিবাদে তারা ইউনিয়ন থেকে সিদ্ধান্ত নেয় যে, কোন রকম ওভারটাইম আমরা করবো না এবং কম্পানী এই ওভারটাইম না করার দরুণ সমস্ত শ্রমিক কর্মচারী, ইনক্লুডিং ক্লারিকাল স্টাফ, সকলকেই তারা লে-অফএ ফেলে দিয়েছে। এদের এইজন্য ফেলেছে, ক্লারিকাল স্টাফকে, যে ১০ তারিখে তাদের বেতন দিতে না হয় এবং স্পীকার, স্যার, অত্যন্ত দুঃখের কথা গতমাসে যেসব শ্রমিক কর্মচারী কাজ করেছে এই লে-অফের দরুণ এই আজ ১০ তারিখ, আজ তাদের যে বেতনের কথা ছিল সেই বেতন তারা পাবে না। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো যে এই বেআইনী কাজ অবিলম্বে যাতে ঐ বার্ড কম্পানী বন্ধ করেন তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

**Shri Sudhir Chandra Bera :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তিলজলা এলাকায় গত কয়েকদিন ধরে পুলিশের অত্যাচার চলেছিল এবং পুলিশ নির্বিচারে যাকে তাকে গ্রেপ্তার করছিল। তারপর স্থানীয় কিছু নেতৃবৃন্দ থানার পুলিশের সংগে আলোচনা করতে গেলে তাদের প্রতি দুর্ব্যবহার করা হয়। আজকে, অধ্যক্ষমহাশয়, তিলজলায় পরিপূর্ণ হরতাল, সেখানে কাকপক্ষীও বের হচ্ছে না। আজকে পুলিশের অত্যাচারের বিরুদ্ধে সেখানকার জনসাধারণ হরতাল করেছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, পুলিশকে যেমন ক্ষমতা দেওয়া হয় দুষ্কৃতকারীকে ধরার জন্য তেমনি তাকে নিশ্চয়ই ক্ষমতা দেওয়া হয় না যারা দুষ্কৃতকারী নয় তাদের হয়রাণ করবার জন্য। এটা অত্যন্ত দুঃখের বিষয় আমাদের সেই ব্রিটিশ ট্র্যাডিশন, যাকে বলে অ্যাণ্ডারসনী যুগের যে সমস্ত পুলিশ ট্র্যাডিশন চলে আসছে তাতে পুলিশ কখনও অপরাধীকে ধরতে পারে না, তারা নিরপরাধীদের প্রায়ই ধরে নিয়ে আসে। তারা বিটিং অন দি বুস করে কিন্তু কে অপরাধী তা ঠিক করতে পারে না। ইংলণ্ডে লর্ড বিডিং বলেছিলেন ইংলণ্ডের পুলিশের ঐতিহ্য আছে, ইংলণ্ডের পুলিশ যদি কাউকে গ্রেপ্তার করেন তাহলে সবাই মনে করে যে সে নিশ্চয়ই অপরাধ করেছে। আর অন্যদিকে আমাদের দেশের পুলিশের ঐতিহ্য এমন যে যদি তারা কাউকে গ্রেপ্তার করে, আমরা যারা জনতার সংগে মিশি, যারা মানুষের সংগে মিশে থাকি, তাদের একটা সাধারণভাবে ধারণা হয় যে তারা নিরপরাধীকে ধরেছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই ট্র্যাডিশন বদল করবার জন্য আমি পুলিশ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি হাজার উদাহারণ দিতে পারি যে সত্যিকারের দোষী সে থানায় গিয়ে চা খায় এবং নিরপরাধ কতকগুলি ছেলেকে নিয়ে হাজতে ঢুকিয়ে তাদের কাছ থেকে পয়সা নেয়। পুলিশ এমনি রাহাজানী করে।

**Shri Biswanath Chakrabarti :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আজকে ১০ই আগস্ট, আজকে সারা বাংলা দেশের প্রায় ৫ হাজার কলেজ কর্মচারী তাঁরা প্রতীক ধর্মঘট পালন করছেন এবং তাঁরা একটু পরেই এই পশ্চিমবংগ বিধানসভার সদস্যদের কাছে তাঁদের দাবিদাওয়া জানাতে আসবেন। মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষার পীঠস্থানে যাঁরা অশিক্ষক কর্মচারী আছেন তাঁদের দুর্দশার কথা বারবার এই বিধানসভাতে নানা সময় বলা হয়েছে। আপনি শুনলে আশ্চর্য হবেন কলকাতার সুরেন্দ্রনাথ কলেজের একজন পুরাণ পিয়ন তার মাসিক বেতন হচ্ছে ২০ টাকা এবং

সকাল ৭টা থেকে রাত্রি সোয়া ন'টা পর্যন্ত বড় বড় কলেজে চাকরি করে পি. সিফটে মাত্র ২০-২৫ টাকা সিফট এ্যালাউন্স নিয়ে একজন পিয়নের মাইনে ৮০ টাকার বেশী হয় না। এরা দীর্ঘকাল ধরে সরকারের কাছে আবেদন করছে কিন্তু সরকারের শিক্ষা বিভাগ চরম ঔদাসীন্যের সংগে এদের দাবিদাওয়া ইত্যাদি প্রত্যাখ্যান করেছে। আমি শুনেছি শিক্ষা মন্ত্রিমহাশয় নাকি তাদের সংগে দেখা করেছেন এবং কিছু দাবিদাওয়া তিনি মেনে নিতে নাকি রাজী. তা নাকি সরকারের ফাইনান্সে আটকে আছে। আমি সরকারের, বিশেষ করে শিক্ষা মন্ত্রিমহাশয়ের, এই সমস্ত অবহেলিত কর্মচারীদের দুরবস্থার দিকে দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি দাওয়াগুলি অবিলম্বে মিটিয়ে নিয়ে অন্ততপক্ষে কলেজগুলিতে যাতে সুশৃঙ্খলভাবে পড়াশুনা হয় তার ব্যবস্থা কববার জন্য অনুরোধ করছি।

## LAYING OF REPORTS

### Laying of Appropriation and Finance Accounts of the Government of West Bengal for 1969-70 and the Report of the Comptroller and Auditor-General of India for the year 1969-70

**Shri Sankar Ghosh:** Mr. Speaker, Sir, under the provision of Article 151(2) of the Constitution of India I beg to lay—

(a) Appropriation Accounts of the Government of West Bengal for 1969-70,

(b) Finance Account of the Government of West Bengal for 1969-70, and

(c) Report of the Comptroller and Auditor-General of India for the year 1969-70.

### Seventh Annual Report on the working and affairs of the Durgapur Chemical Ltd. for the year 1969-70

**Dr. Zainal Abedin:** Mr. Speaker, Sir, I beg to lay the Seventh Annual Report on the working and affairs of the Durgapur Chemicals Ltd., for the year 1969-70 in compliance with section 619A of the Companies Act, 1956, and in conformity with Article 178 of the Articles of Association of Durgapur Chemicals Ltd.

### Annual Report on the working and affairs of the West Bengal Financial Corporation for the year 1971-72

**Dr. Zainal Abedin:** Mr. Speaker, Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the West Bengal Financial Corporation for the year 1971-72 in compliance with section 619A of tne Companies Act, 1956 and in conformity with section 38(3) of the State Financial Corporation Act, 1951.

## GOVERNMENT BILLS

### The West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1972

**Shri Bholanath Sen :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি পশ্চিমবঙ্গ কক্ষ নিবাস মালিকানা সংশোধনী বিধেয়ক, ১৯৭২, উপস্থিত করছি।

( Secretary then read the title of the Bill )

**Shri Bholanath Sen :** অধ্যক্ষমহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভার বিগত অধিবেশনে "পশ্চিমবঙ্গ কক্ষ নিবাসের মালিকানা বিধেয়ক, ১৯৭২" পেশ করা হয় এবং তা গৃহীত হয়। বিধেয়কটিকে আইনে পরিণত করার জন্য রাষ্ট্রপতির সম্মতি পাওয়া গেছে এবং আইনটি ১৯৭২ খ্রীষ্টাব্দের পশ্চিমবঙ্গীয় ১৬ আইন রূপে কলিকাতা ঘোষনাপত্রের ৫।৭।৭২ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে।

ইতিমধ্যে সংবিধিবদ্ধ "পশ্চিমবংগ আবাসন পর্ষদ" গঠন করার সিদ্ধান্ত গৃহীত হওয়ার উক্ত আইনটির ৩ ধারার (চ) প্রকরণটি অবিলম্বে সংশোধন করার প্রয়োজন দেখা দিয়েছে। যেহেতু আবাসন বিভাগের অধীন সম্পত্তি-ব্যবস্থাপক শাখা সহ অধিকারসমূহ বর্তমানে যেসব কাজ করছে, কালক্রমে তা উক্ত পর্ষদ কর্তৃক পরিচালিত হবে এবং যেহেতু সম্পত্তি-ব্যবস্থাপকের অফিস ভবিষ্যতে ঐ পর্ষদের অন্তর্ভুক্ত হতে পারে, সেইহেতু আবাসন বিভাগের কোন বিশেষ আধিকারিককে পদমর্যাদা অনুসারে ক্ষমতাবান "প্রাধিকারী" রূপে ঘোষণা করা যুক্তিযুক্ত হবে না। তাই এতদ্বারা "পশ্চিমবঙ্গ কক্ষ নিবাসের মালিকানা আইন, ১৯৭২"এর ৩ ধারার (চ) প্রকরণটি সংশোধন করার প্রস্তাব করা হচ্ছে এবং পশ্চিমবঙ্গ সরকারকে পদমর্যাদায় উপশাসক (ডেপুটি ম্যাজিস্ট্রেট) অপেক্ষা ন্যূন নন এমন একজন আধিকারিককে উক্ত আইনানুসারে "ক্ষমতাবান প্রাধিকারী" রূপে নিযুক্ত করার অধিকার দেওয়া হচ্ছে।

অতএব "পশ্চিমবঙ্গ কক্ষ নিবাসের মালিকানা সংশোধন বিধেয়ক, ১৯৭২", যা ইতিপূর্বে মাননীয় সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে, তা আমি এতদ্বারা সভার বিবেচনা ও গ্রহণের জন্য পেশ করছি।

**Shri Biswanath Chakrabarti :** মাননীয় স্পীকার মহাশয়, আজকে পূর্ত মন্ত্রিমহাশয় পশ্চিমবংগ কক্ষনিবাস মালিকানা সংশোধনী যে বিল আনলেন, এটা আগের সেসনেই ব্যবস্থা হয়ে গেছে। আগের সেসনে যখন এই বিল সম্পর্কে আলোচনা করি, তখন আমরা কতকগুলি সাজেসন তাঁর কাছে রেখেছিলাম, কতকগুলি প্রস্তাব উত্থাপন করেছিলাম এবং ভেবেছিলাম যে চলতি অধিবেশনে যখন এ্যামেণ্ডমেন্ট আনছেন, তখন এই সম্পর্কে খানিকটা ব্যাপকতর সংশোধনী তিনি আনবেন। তা তিনি কেন আনলেন না, বুঝতে পাচ্ছি না। যেভাবে সংশোধনী আনলেন, এটা এমন কিছু গুরুত্বপূর্ণ ব্যাপার নয়। আমরা তখন বলেছিলাম যে এ্যাপার্টমেন্ট ওনারশিপ, কক্ষ-নিবাস মালিকানা, যারা এই সমস্ত বাড়ীগুলি কিনবেন তাদের পার্চেজারস রাইট কিছু কিছু থাকা দরকার। যেমন একটা apartment তৈরী করা হলো, তাতে substandard

[2-30—2-40 p. m.]

materals খারাপ ধরনের মাল মশলা ব্যবহার করা হলো সে ক্ষেত্রে এই apartment এর দামটা কিভাবে নির্ধারিত হবে, তার যোগ্য দামে তিনি পাচ্ছেন কিনা সেটা examine করবার কোন ব্যবস্থা মূল আইনের কোথাও নাই। এই ধরনের একটি amendment যদি তিনি আনতেন, ভাল হতো।

তাছাড়া আর একটি apartment যেভাবে তৈরী হচ্ছে সাধারণভাবে সরকার তো নিশ্চয়ই মধ্য আয় ও নিম্ন আয়ের লোকের দিকে লক্ষ্য রেখে এই apartment ownership আনতে চাচ্ছেন। এই যে বড় বড় বিল্ডিং multi-storied buildings এটা মধ্য আয় ও নিম্ন আয়ের লোকেরা ক্রয় করবেন। এই apartment এর যা দাম হবে তা সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণ করার একটা ক্ষমতা সরকারের থাকা উচিত। তা না হলে দেখা যায় বড় বড় মালিকরা টাকাওয়ালা লোকেরা বহু টাকা লগ্নী করে যে বড় বড় বাড়ী তৈরী করছেন, তা সাধারণ মানুষের ক্রয় করবার ক্ষমতা থাকে না। এই বিলে এমন কোন ব্যবস্থা নাই এই apartment যা তৈরী হবে, তার জন্য সরকারে অনুমতি নিতে হবে। তাদের apartment এর environment তার যে পরিবেশ, তার সম্পূর্ণ নিয়ন্ত্রণ করবার ক্ষমতা সরকারের থাকা উচিত কারণ এটাতে community property. এই multi-storied বিল্ডিংএর পাশাপাশি যাতে সত্যিকারের একটা মানবিক পরিবেশ গড়ে ওঠে, যেমন খেলার মাঠ, ক্লাব, recreation hall, library, community life ইত্যাদি, যে সম্বন্ধে আইনের মধ্যে একটা ব্যবস্থা বা ক্ষমতা থাকা উচিত। নূতন যে amendment তিনি আনলেন তাতে Estate manager এর হাতে যে ক্ষমতা ছিল হাউসিং ডিপার্টমেন্টের সেটা তিনি একজন ডেপুটী ম্যাজিস্ট্রেটের হাতে তুলে দিচ্ছেন। তাঁর যদি উদ্দেশ্য হয় corruption দূর করবার জন্য এই amedment আনছেন, তবে আমার ধারনা মোটামুটিভাবে কোন ধরনের সরকারী control করে রাখবেন যেমন, তেমন সংগে সংগে যে association, কমিটিগুলো আছে, তাদের ও সরকারের দিক থেকে স্বীকৃতি দেওয়ার একটা ব্যবস্থা আপনার এই আইনের মধ্যে থাকে, সেই ব্যবস্থা আপনি করবেন। আর আমার কিছু আপত্তি করবার নাই এই সম্পর্কে আমার বক্তব্য মাত্র এই সংশোধনী তিনি পাস করে নেন।

**Shri Bholanath Sen :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় যেসব কথা বলেছেন তার মধ্যে একটা হচ্ছে আরো অন্যান্য amendment আনা উচিত ছিল। কথা হলো আইন এখনো জন্মায় নাই, এখনো ট্রায়াল দিয়ে দেখিনি আইনটি কী রকম চলবে এবং আইনে কতদূর কি কাজ হতে পারে। পরে যদি প্রয়োজন হয়, তখন দেখা যাবে। আগে একটা trial দেওয়া দরকার।

আর তিনি যেটা materials এর কথা বলেছেন, আর একটি আইন পাস হয়েছে সকলের মনে আছে similar আইন বাড়ী তৈরীর ব্যাপারে যে material ও plan ব্যবহার করা হবে এবং যত দিনের মধ্যে complete করা হবে সমস্ত ঐ Act control করবে।

আর price control এর ব্যাপারে বলেছেন সেটা এই আইনের আওতায় পড়ে না, কোন materials ও ফ্লাটের কি দাম হবে তা এর মধ্যে আসে না। Apartmant বিলে legal right with regard to community right থাকা উচিত। এই residential বাড়ীর যারা মালিক হবে, ফ্লাটের যারা মালিক হবে, তারা যদি community right preserve করতে চান কোন particular ফ্লাটের, ক্লাবের constructionএর থিয়েটার হলের সেটা তাদের দেখা দরকার, যারা সেই বাড়ীতে থাকবেন, তাঁরা দেখবেন কিভাবে সেখানে তাঁরা বসবাস করবেন, কোন লোকের সংগে থাকবেন, কোন ঘর শোবার, কোন ঘর বসবার, কোন ঘরটাকে ক্লাবঘর করবেন, সেই প্রাইভেট রাইটের উপরে হস্তক্ষেপ করবার ইচ্ছা আমরা করছি না এই বিলের মাধ্যমে। এটা মূলত এই বিলে টাইটেল দেওয়া হচ্ছে। এই টাইটেল দেওয়ার ব্যাপার আমাদের আগে ছিল না, এই ফ্লাট ওনাররা যাতে টাইটেল পান সেইজন্য এটা করা হয়েছে। আর একটি কথা—যাতে করপোরেসনের ট্যাক্স কম হয়—সেই সুবিধা যাতে তারা পান এই ফ্লাট ওনাররা তার ব্যবস্থা করা হয়েছে—কারণ এই সমস্ত লোকদের অবস্থা এমন তো ভালো নয়। সুতরাং যাতে ট্যাক্স কম হয় অর্থাৎ যাতে তারা এই ট্যাক্স দেবার সুবিধা পান সেই ব্যবস্থা এর মধ্যে করা হয়েছে। এবং ফ্লাট তৈরীর ব্যাপারে যাতে তারা

এল আই সি ইত্যাদির কাছ থেকে টাকা পান সেই সুবিধা এতে করে দেওয়া হোল আর একটা কথা ঐ পোষ্ট সম্বন্ধে ডেপুটি ম্যাজিস্ট্রেট র‍্যাঙ্কে করা হয়েছে এই কারণে যাতে সেই রকম লোকের হাতে ক্ষমতা না আসে যার আইন সম্বন্ধে জ্ঞান বিশেষ নাই। ঐ স্টেট ম্যানেজারের র‍্যাঙ্কও ডেপুটি ম্যাজিস্ট্রেটের সমান। কিন্তু ডেপুটি ম্যাজিস্ট্রেট করা হোল এই কারণে যে তার খানিকটা আইনের জ্ঞান থাকা দরকার। কারণ সেখানে যে সমস্ত পারমিসন দিতে হবে—সেই পারমিসনগুলি বিচার বুদ্ধি দিয়ে বিবেচনা করে দেখতে হবে। এর মধ্যে মনে হয় না কোন রকম করাপসন আসতে পারে। আমরা যদি সে রকম কোন কিছু দেখি তাহলে নিশ্চয় আমরা সে সম্বন্ধে স্টেপ নেবো। এই বলে আমি আপনার মাধ্যমে হাউসকে অনুরোধ করছি যে এই বিলটি গৃহীত হোক was then put and agreed to.

*Clauses 1, 2 and Preamble*

The question that clauses 1, 2 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Bholanath Sen :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি এই প্রস্তাব করছি যে, পশ্চিমবঙ্গ কৃষিনিবাসের মালিকানা (সংশোধন) বিধেয়ক, ১৯৭২, এই বিধানসভায় যেরূপ স্থিরিকৃত হবে সেইরূপ গৃহীত হোক।

The motion was then put and agreed to.

**The Calcutta Municipal (Fourth Amendment) Bill, 1972**

**Shri Prafulla Kanti Ghosh** : Sir, I beg to introduce the Calcutta Municipal (Fourth Amendment) Bill, 1972.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to move that the Calcutta Municipal (Fourth Amendment) Bill, 1972, be taken into consideration.

Sir, when the Calcutta Corporation, which is an elected body, or any of its departments, is superseded by the State Government, the latter becomes morally responsible to see that the Corporation or its department is run on the correct lines during the period of supersession. The Calcutta Municipal Act, 1951, does not contain any provisions by which the State Government can do so. Moreover, during the period of supersession all the powers and duties of the previous Councillors and Aldermen or members of the Standing or other Committees of the Corporation are exercised and performed by the person or persons as appointed by the State Government under section 47D or, as the case may be, under section 47E of the Calcutta Municipal Act, 1951, and the State Government cannot legally interfere with the actions of such person or persons. As the Corporation of Calcutta is an elected body, it is very appropriate that during the period of supersession it is administered on democratic lines which, however, is only possible if the State Governments formed by the elected representatives of the people can have legal power to issue directives, where necessary, on the person or persons appointed under section 47D or section 47E. With a view to achieve

[2-40—2-50 p. m.]
this objective, suitable amendments of sections 47D and 47E of the Calcutta Municipal Act, 1951, are necessary. Sir, quite and number of projects has been entrusted to the Corporation of Calcutta by the Calcutta Metropolitan Development Authority for execution. The amount involved runs into crores of rupees. The existing engineering or other anicillary staff of the Corporation are not adequate to cope with additional workload on a time-bound programme. This extra staff for the additional workload is to be retained only for a specified period. A number of posts has accordingly been sanctioned temporarily for a period of three years, in the first instance. The newly created post may be filled up by (a) promotion (b) direct recruitment through State Public Service Commission, or the Municipal Service Commission, as the case may be. (c) deputation. As suitable persons may not be available in the service of the Corporation for promotion to the higher grade posts, such posts in the higher grades have to be filled up either by bringing officers on deputation from Government, or Statutory Bodies, or by direct recruitment through the State Public Service Commission, or the Municipal Service Commission. Direct recruitment through the State Public Service Commission, or the Municipal Service Commission, is, however, a time consuming process. Besides, suitable candidates may not also come forward for these temporary post and, even in case they are available, it would be administratively very difficult to retrench them after a specified period. So, the only alternative method for filling up such temporary posts for a specified period is to bring suitable officers either from the State Government or Central Government, or from the Statutory Bodies. Some time the State Government or the Central Government may find it difficult to spare suitable officers for the Corporation of Calcutta in view of various development projects undertaken by them. In that case it may be necessary to draw upon personnel of the Statutory Bodies to bring suitable officers on deputation, but the existing provisions of the Calcutta Municial Act, 1951 stand in the way of inducting an employee of a Statutory Body on deputation terms. The existing provisions of the Act also operate as a disincentive to Government servants on deputation as they do not provide for payment of contribution towards their leave allowances, pension or provident fund from the fund of the Corporation. In order to enable Corporation of Calcutta to obtain services of suitable and right type of officers from the Statutory Body or from the Government expeditiously on deputation terms in connection with the development project of the Corporation amendments of sub-section (5) of section 81 and section 84 of the Calcutta Municipal Act, 1951, are necessary. The Bill seeks to achieve the objectives just explained. There will be no expenditure to give effect to the provisions of the Bill. I am sure the Bill would receive full support of all sections of the House.

Sir, with these words I commend my motion for acceptance of the House.

**Dr. A. M. O. Ghani**: মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিলটি এনেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করতে উঠেছি। কিন্তু আমার প্রশ্ন এই, আপনারা যে করর্পোরেশন নিয়েছেন তাকে সুপারসিড করেছেন মার্চ মাসে, অথচ এপ্রিল, মে, জুন, জুলাই, আগস্ট মাসের আজ ১০ দিন হয়ে গেল, এতদিন লেট করে এইসব অ্যামেণ্ডমেণ্ট আনছেন কেন—আমার সন্দেহ হচ্ছে আপনাদের মতলব বড ভাল নয়, তার মানে করর্পোরেশনকে আপনারা দীর্ঘকাল ধরে নিজেদের কণ্ট্রোলে রাখতে চান। আমার কিন্তু ডেমোক্রাটিক ইন্সটিটিউসন যেটা ইলেকটেড বডিজ ফ্রম বলে মনে হয় সেখানে করপোরেশনই হোক বা গর্ভনিং বডিজ অব এনি এডুকেশনাল ইন্সটিটিউসনই হোক, আমরা তাদের স্বাধীনতা দিতে চাই, স্বায়ত্বশাসন যেখানে আছে সেখানে জনসাধারণের প্রতিনিধিরাই সেটা চালাবে। আমি বলছি না যে আপনারা নিয়ে অন্যায় করেছেন। আপনারা যে বিশেষ অবস্থার মধ্যে এটা নিয়েছেন সেটা ঠিকই করেছেন। কিন্তু আমরা এক্সপেক্ট করবো এই বছর শেষ হবার সঙ্গে সঙ্গেই আপনারা ডিক্লেয়ার করবেন যে ক্যালকাটা করপোরেশনের ইলেকসান হবে এবং ইলেকসান করে নিয়ে আপনারা কাউনসিলারদের হাতে, মেয়র, ডেপুটি মেয়রের হাতে ছেড়ে দেবেন, এটা আমরা আশা করি। কিন্তু আমাদের ভয় হচ্ছে আপনার আগস্ট মাসেই অ্যামেণ্ডমেণ্ট আনছেন কেন—একটি পোরশন আছে সেটা আনার প্রয়োজন আছে। আপনি বললেন ক্যালকাটা করপোরেশনের ফাংসানিং উন্নত করবার জন্য ওখানকার কর্মচারী যারা রয়েছে তাদের প্রোমোশন দিয়ে, ভালভাবে যারা কাজ করছে তাদের প্রমোশন দিয়ে হায়ার র‍্যাঙ্কে তুলবেন। কিন্তু তা সত্ত্বেও কিছু কিছু স্টেট গভর্নমেণ্টের ভাল ভাল অফিসারকে ডেপুটি করে দিচ্ছেন এবং যাদের দিয়েছেন তাদের ভাতা, প্রভিডেণ্ড ফাণ্ড ইত্যাদি কত কি দেয় আপনারা আইন করে দিচ্ছেন সেটা করপোরেশনকে দিতে হবে। ভাল কথা এতে কিছু বলবার নেই। কিন্তু বাকী যেগুলি রয়েছে আপনারা বলছেন ওরা যা কিছু করবে উইথ দি অ্যাপ্রুভ্যাল অব দি স্টেট গভর্নমেণ্ট করবে। প্রথমতঃ আপনাদের প্রতিনিধি সেখানে রয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি উনি একটি ভাল কাজ করেছেন কলকাতার এম এল এ. ও এম পি দের নিয়ে একটি কমিটি করেছেন। তারপরে আপনারা যে বলছেন উইথ দি অ্যাপ্রুভ্যাল অব দি স্টেট গভর্নমেণ্ট, এতে কি মিন করছেন? আপনি নিজেকে মিন করছেন, ক্যাবিনেটকে মিন করছেন, মন্ত্রীসভাকে মিন করছেন, না, শুধু সরকারকে মিন করছেন? কেন না, এটা ডেমোক্রাটিক হবে। যে কমিটি আপনারা করে দিয়েছেন সেটা কিন্তু একটা পলিসি ম্যাটার, আমি এটা বলছি না ক্যালকাটা করপোরেশনের ডে টু ডে অ্যাডমিনিস্ট্রেশন, আপনি বলেছেন দৈনিক কাজে হস্তক্ষেপ করতে পারেন না, সেটা করা উচিতও নয়, তাদের স্বাধীনতা দেওয়া উচিত। কিন্তু আরো এর চেয়ে বড মেটার, পলিসি ম্যাটার যেগুলি হবে সেগুলি আগে ক্যালকাটা করপোরেশনের কাউন্সিলাররা আলোচনা করতেন, বিচার করতেন, সেগুলির বিচার হতে পারে। আপনি যে কমিটি অ্যাপয়েণ্ট করেছেন তাদের সেখানে হতে পারে এবং আরো যদি এর চেয়ে উন্নত করতে চান তারও উপায় আছে, সেটা আপনারা করেছেন নন-অফিসিয়ালি। প্রত্যেক এম এল এ তাদের সাহায্যের জন্য দুজনকে ওয়ার্ড প্রতি নমিনেশন দেবেন, তারাই দেখাশুনা করবেন। সেটা আপনি জানেন। এই আলোচনার জন্য ওয়ার্ডওয়াইজ যেমন আপনি একটি সেণ্ট্রাল কমিটি করেছেন, সিমিলারলি ওয়ার্ডওয়াইজ একটি ইলেকটেড কমিটি করে দেন তাহলে যারা আমাদের মোর্চার মধ্যে রয়েছেন তারা সেটা করবেন। এইভাবে ৫।৭।১০ জনকে নিয়ে এক একটি কমিটি করে দিন, তারা সমস্ত ওয়ার্ড দেখবেন, বিচার করবেন এবং করে ক্যালকাটা করপোরেশনের কমিশনারের কাছে, অ্যাডমিনিস্ট্রেটরের কাছে এবং আপনার কাছে রিপ্রেজেনটেসন করবেন যে তারা কি চান, কিভাবে কাজ করতে চান সেগুলি আপনি দেখবেন। সেই হিসাবে ক্যালকাটা করর্পোরেশন যা কিছু ডিসিসন নেবেন দ্যাট উইল বি সাবজেক্ট টু অ্যাপ্রুভ্যাল অব দি স্টেট গভর্নমেণ্ট। সেখানে যারা আছেন তারা আপনাদের সাজেস্টেড কমিটিতে আছেন, ক্যালকাটার এম এল এ'স, এম পি'স আছেন, তাছাড়া আরো ওয়ার্ডওয়াইজ কমিটি করুন, তারা আলোচনা

করবেন এবং করে ক্যালকাটা করর্পোরেশনের সমস্ত সমস্যার সমধান করে এটা যাতে সুষ্ঠভাবে চালাতে পারে সেই ব্যবস্থা করুন। আমি আপনাদের এবং ক্যালকাটা করর্পোরেশনের কর্মকর্তা যারা এখানে রয়েছেন তাঁদের অভিনন্দিত করছি। কারণ, কাজ হচ্ছে, যে প্রোগ্রাম আপনারা নিয়েছেন তাতে বহুজায়গায় ভালভাবেই কাজ হচ্ছে। আমি কলিকাতার করর্পোরেশনের বহুজায়গায় দেখেছি যেখানে ডিপ-টিউবওয়েলস, স্যালো টিউবওয়েলসের কাজ হচ্ছে সেগুলি খুব ভালভাবেই হচ্ছে। তবে আপনাদের শুধু এটুকু নজর রাখতে হবে যে, যেসব কন্ট্রাকটরদের আপনারা কাজে লাগিয়েছেন তাদের দুর্নীতি চেক করবার জন্য একটা ভিজিল্যান্ট ব্যবস্থা করতে হবে এবং এই ব্যবস্থার জন্য ঐ লোকাল কমিটির প্রয়োজন আছে। শুধু দু একজনকে নমিনেট করে দিলাম এম এল এ থেকে, তারাই শুধু একটি খবরা-খবর রাখবেন। কিন্তু আপনি যদি একটি অর্গানাইজড কমিটি করে দেন ওয়ার্ডওয়াইজ তাহলে তারাই সেটা দেখবেন যে করর্পোরেশনের কোন ওয়ার্ডের ভিতর কিভাবে কাজ হচ্ছে, ঠিকভাবে হচ্ছে কিনা, অপচয় হচ্ছে কিনা, খারাপ হচ্ছে কিনা, সিমেন্টের কংক্রিট যেগুলি হচ্ছে সেগুলি ঠিকমত হচ্ছে কিনা, তার ক্যারেক্টার, নেচার কি সেটা তারা নজর রাখবেন। কেন না, আমি আপনার attention এ আনছি। আগেও কয়েকটি জায়গায় এমন concrete ব্যবহার করা হয়েছে বলে আপনাকে বলেছি। আমার এলাকায় কোন কোন জায়গায় হাত দিলে ফুস ফুস করে ভেংগে যায়। সেখানে শুধু বালি আছে। এগুলি দেখার জন্য আপনি নিজে বলেছেন যে MLAরা ৪।৫টা ward ঠিক detail ভাবে দেখতে পারেন না সেজন্য আপনি nominate করে দিয়েছেন। এটাকে যদি আরো regularise করে নিতে পারেন, যদি ব্যাপকভাবে কমিটি করে প্রত্যেকে এই মোর্চার লোক থাকবে। তাছাড়া independent নাগরিক যাদের acute civic sense আছে, যাদের civic interest আছে, তাদেরকে আমরাই আপনার কাছে recommend করবো যে এদেরকে committeeতে নেওয়া হোক। এইসব করে প্রত্যেক ward এর মধ্যে একটা policy যাতে সুস্থভাবে form হয় এবং implement হয় তার ব্যবস্থা হতে পারে। আমার মনে হয় আপনি যে বিল এনেছেন, বোধহয় উদ্দেশ্যগুলি রয়েছে, সেটা খুব materialise করে, আপনি detail করে হয়ত দেখেন নি। হয়ত rules এ থাকবে, জানি না। আর আইনের মেয়াদ বেশীদিন থাকে সেটা আমরা চাই না। আমরা চাই, যতশীঘ্র সম্ভব Corporation কে নিজেদের হাত থেকে মুক্ত করে দিন, একটা elected body আসুক এবং ডিসেম্বর বা জানুয়ারি বা ফেব্রুয়ারিতেই আসুক এবং এসে ওরা কাজ করুক। State Government কাজের তদারকী যা কিছু করবার করবেন। আমাদের Constitution এ যেটা আছে স্বায়ত্বশাসনে গণতান্ত্রিক যে ব্যবস্থা আছে, সে আইন আছে সেটা special কোন কারণে ভাংগতে হয়েছে বা ভেংগে গেছে। এটাকে আবার যতশীঘ্র সম্ভব reinstate করবেন সেই আশা রাখি এবং সেই আশা রেখে যে বিল এনেছেন এখনকার প্রয়োজন মত সেটা নিশ্চয়ই সমর্থন করবো এবং কবে সে suggestion গুলি দিয়েছি সেটা কিভাবে কার্যকরী করতে পারেন এই ammended Bill এর মাধ্যমে। এই Act যখন হবে, অর্থাৎ যখন এটা impede হবে তখন ঐভাবে কি করে কাজ করা যায় যাতে democratic method of functioning থাকবে অথচ vigilent, খুব carefully সমস্ত দিকে কড়া নজর রেখে যাতে পারেন সেটা আপনি দেখবেন। এইবলে আপনার amended Billকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-50—3-00 p. m.]

**Shri Ganapati Sur :** Mr. Speaker, Sir, I am connected with the Calcutta Corporation as I was there for a pretty long time. Of course, I belong to the Government side now because I am an M.L.A. and so I have to support this Bill because that is the sense of the House. But I have got something to be said behind it. The Calcutta Corporation has now become an orphan boy

so that everybody will kick it from this side and that side. Under the 1951 Act, on the 23rd March, 1948, the Corporation was superseded during the regime of Dr. B. C. Roy, the then Chief Minister. Sir, the Municipal Act of 1951 was framed and the Calcutta Corporation was ruled by the best ICS officer in those days, Mr. S. N. Ray, but no better achievement could have been done by the Government. Still the Government say that they will do something. I am afraid, there is no dearth of good officers in the Calcutta Corporation I say the officers of the Corporation laid down the 60" water-main along the B. T. Road. Thereafter in 1935 they accepted Dr. B.C. Roy's Drainage Out-fall Scheme and then a 72" water-main also was laid down by the Corporation—which are all improvement works. I don't know, Sir, for what reasons Government have taken up so many outsiders with heavy expenditure on to the Calcutta Corporation. Government will not bear the expenditure and the entire burden will fall on the poor rate-payers of the Corporation. I point out, for example, the Special Officer (I), who is a retired PWD Engineer—is a spent-up force, otherwise he would not have retired. He is taking the highest salary of Rs 2,000 and also using Corporation's car. Then there is the Special Deputy Commissioner for Conservancy and Urban Services. Sir, he is also getting the same scale of pay as that of an I A.S. Officer. Then there is a Special Deputy Commissioner (Engineering) getting the pay of Superintending Engineer plus 20% deputation allowance, i e , Rs 2,000 plus Rs.300 There are 3 Project Engineers getting the pay at the rata of Rs 1,475 plus 20% deputation allowance. Then there is an Additional Controller of Stores. You will find nothing in the store, but still there is an Additional Controller of Stores, Sir. who has been deputed on the same term of pay, i.e., Rs.1 475 plus 20% deputation allowance. Sir, there is one Deputy Controller of Stores also but I do not know for whose interest he is working there. He is getting Rs.1,000 plus 20% deputation allowance. Then there is one Deputy Chief Accountant There are four Additional Chief Accountants but still then one extra hand is there who is getting Rs.800 plus 20% deputation allowance. Approximately the total salary comes to Rs.14,700 per month plus free usual Corporation cars and 8 houses costing Rs 2,500 and the total expenditure comes to Rs.17,200 per month. So, all these fall upon the rate-payers of Calcutta Corporation. Sir, the Calcutta Corporation Councillors are returned to Corporation under the same adult franchise system as we come to this Assembly House. Of course it was necessary for the Government to supersede the Corporation but I entirely agree with Dr. Ghani that powers should be returned to the Calcutta Corporation at an early date. It is a public property, it is a local self-Government institution and it should not be superseded every now and then. Sir, often the Calcutta Electric Supply Corporation fails to supply electricity. It has become a regular feature for some time. But why is the Government not doing anything in this matter ? Why is not the Government

ıationalising this institution? But in regard to the Calcutta Corporation 'ou are superseding it every now and then. The Calcutta Corporation belongs o the people and it must be returned to the people. I am sure I will have ıo other alternative but to support the amendment Bill because of the fact hat I belong to the ruling party but, Sir, personally I am entirely opposed o it.

**Shri Abdur Rauf Ansari:** Mr. Speaker, Sir, while supporting Bill No. 36 of 1972, the Calcutta Municipal (Fourth Amendment) Bill, 1972, feel the Minister-in-charge has placed before this House a Bill that is for he interest of the people of Calcutta for whom the Calcutta Corporation is neant. The Corporation of Calcutta was superseded for the interest of the ›eople of Calcutta because the Corporation of Calcutta owes a duty to the ›eople to perform the statutory obligations of giving the maximum, if not he maximum, the minimum civic amenities to the people of Calcutta. Of ourse, there were people's representatives in the Corporation of Calcutta ›ut the situation reached to such a position that the amenities which were xpected to be given to the people under the Calcutta Municipal Act, 1951, vere not given to them. There was a deadlock and the Calcutta Corporation vas not functioning as a civic body in the city of Calcutta which is a great netropolis not only in Asia but I say, Sir, in the whole world. The Corpora- ıon has got a historic position in the map of Calcutta. That was why he Government, this popular Government, the people's Gavernment, came ɔrward to rescue the people, to help the people of Calcutta, and so it was uperseded. Now the position comes to this that after supersession the ›owers which were being utilised by the Councillors and the aldermen ıave now been vested to a few officers. Sir, the people's

3-00—3-10 p. m.]

Government cannot remain silent They came forward again. This Government must have sufficient power to issue from time to time order o the Calcutta Corporation and its departments, though superseded. But the people's representatives are here and we are the people's epresentatives of Calcutta and West Bengal. We are drawing the attention ›f the Government from time to time from this forum. It is quite right that he Minister has come forward with this Bill. If you find faults you draw he attention of the Hon'ble Minister aud if we draw the attention of the Hon'ble Minister then it will be possible on his part to issue directives to the Calcutta Corporation and to the officers to implement its plants and ›rogrammes for the benefit of the people of Calcutta. Sir, the Minister-in- harge has made a very useful proposal also. Now, Sir, the C. M. D. A. is pending crores and crores of rupees towards the development of Calcutta ›ut the Corporation of Calcutta has limited number of officers, limited number ›f efficient men, but the quantum of work is going up by leaps and bounds.

So we are demanding that the number of officers should also go up by leaps and bounds, and naturally we refer to the Municipal Service Commission for appointing men. But they take a very long time, and after waiting for a long time we receive the reply that they fail to find any suitable men. Are you going to allow the suffering of the people of Calcutta to continue? Definitely not. That is why the Minister-in-charge has come forward with the proposal that the Government must be in a position to send experts, technical experts and other experts required by the Calcutta Corporation for implementing those programmes and those plans which are for the benefit of the people of Calcutta and for the Calcutta Corporation also because it has no such officers. Naturally, if the Bill is passed, the CMDA and other bodies will be in a position to send those officers immediately without waiting further.

Sir, the present Government will not remain silent in order to run the people's body in the Calcutta Corporation. So in order to remove the grievances of the people they passed a resolution and accordingly every Calcutta MLA nominated two persons to look after the civic affairs of his ward so that the sufferings and grievances of the citizens of Calcutta and the people may not remain unheard unsung, unknown and unattended to. I say Sir, that is a good proposal and that is a good procedure adopted because these two persons with the help and patronage of the MLAs will be able to minimize the difficulties of the citizens of Calcutta. Now they will go and meet the various officers of the Corporation and try to solve the problems of water, drainage, sanitation or whatever they may be. That is why I appreciate all the steps taken by the Government after the supersession of the Corporation of Calcutta. After the supersession of the Corporation we are here to look after the interests of the people of Calcutta—I mean the common man—and our Government has always in view that this Calcutta Corporation is a popular body, it is a people's body so that they may get the necessary services and the Government never forget about them. Finally, they allowed the MLAs of Calcutta to nominate two persons who will give certain proposals from time to time to meet the requirement of the people of Calcutta so that this Corporation may function properly, successfully, efficiently and fulfil its statutory obligations which lie in the hands of the Calcutta Corporation and the citizens of Calcutta.

With these words, Sir I support this Bill. Thank you, Sir.

**Shri Prafulla Kanti Ghosh :** মি: স্পীকার, স্যার, আপনার অনুমতিক্রমে আমি এখানে Municipal Bill যা পেশ করেছিলাম তাকে কেন্দ্র করে মাননীয় সদস্যরা যে সমস্ত অভিমত প্রকাশ করেছেন তা আমি মনোযোগ সহকারে শুনেছি এবং সাধ্যমত সেই অভিমতগুলি সামনে রেখে আমার বক্তব্য রাখার চেষ্টা করব। প্রথমে ডা: গণি, যেকথা বলেছেন সে সম্বন্ধে পরে আসছি। মাননীয় গণপতি সুর যে কথা বলেছেন তার উত্তরে আমার যা কিছু বলার ছিল তার সবই রউফ আনসারী সাহেব উত্তর দিয়ে দিয়েছেন। সরকার নিজের ক্ষমতা দেখানোর

জন্য Calcutta Corporation supersede করেন নি। সরকার বিশ্বাস করে আমাদের যে সংবিধান আছে তাকে। সরকার Calcutta Corporation-কে supersede করতে বাধ্য না হলে খুশী হতেন। জনসাধারণ vote-এ যাঁদের পাঠিয়েছিলেন তাঁদের সম্পূর্ণ অধিকার আছে এবং অধিকার থাকা উচিত যে তাঁরাই Corporation চালাবেন। কিন্তু দুঃখের কথা কোলকাতার অধিবাসীরা অনেকদিন ধরে অনুভব করছিল তারা যা আশা করছিল Corporation-এর কাছে তা তারা পাচ্ছে না। তাই সরকার নানাদিক বিবেচনা করে দুঃখের সংগে Corporation-কে supersede করতে বাধ্য হয়েছিলেন। Calcutta Corporation-কে supersede করার পর যাতে এর কাজ সুষ্ঠুভাবে চালান যায় সেজন্য কোলকাতার M P, M L A-দের নিয়ে একটা কমিটি করা হয়েছিল। এই কমিটির উদ্দেশ্য ছিল সরকারকে সাহায্য করা। কোলকাতা থেকে নির্বাচিত যে সমস্ত সদস্য আছেন তাঁরা সরকারের পাশে দাঁড়িয়ে কোলকাতার পৌরসভার কাজ যাতে ভালভাবে হতে পারে সে বিষয়ে যথাযথ উপদেশ দেন তাহলে কোলকাতার অধিবাসীদের যে অভিযোগ সেটা প্রশমিত হতে পারে। শুধু তাই নয়, প্রত্যেক M L A-কে অনুরোধ করা হয়েছিল তাঁর এলাকায় যতগুলি Corporation Ward আছে সেই ward-এ দুইজন করে লোককে তাঁরা মনোনয়ন করতে পারেন—চারটা করে ward থাকলে ৪ × ২ = ৮ জন, বা কোথাও ৫ × ২ = ১০ জন হবে—যাতে সেখানে তাঁরা কাজ দেখতে পারেন এবং সবসময় তাঁরা সরকারকে নির্দেশ দিতে পাবেন। আমরা যখন supersede করলাম এবং supersession করার পর সরকারের তরফ থেকে ঐ Corporationএর দায়িত্ব নেওয়া হল তারপর সরকারের আর কিছু করণীয় থাকে না। আজ M L A-রা যে পরিবর্তনের কথা বলছেন তাতে দেখা যাচ্ছে সরকার সে কথা সবসময় সমানভাবে implement করতে পারছেন না। এরজন্য সরকার অনুভব করলেন এটা হতে পারে না। জনসাধারণের যারা representative তাঁদের Calcutta Corporation-এর পরিচালনার ভেতর অংশগ্রহণ করা প্রয়োজন। এদিকে লক্ষ্য রেখে আমি বিধানসভার সামনে এটা পেশ করেছি। এই প্রসঙ্গে আর একটা কথা বলেছিলাম সেটা হচ্ছে আজ কোলকাতার উন্নয়নের জন্য CMDA, CMPO, CWSA নানানভাবে বিরাট বিরাট পরিকল্পনা নিয়েছে যাতে কোটি কোটি টাকা খরচ হচ্ছে।

[3-10—3-40 p. m. including adjournment]

এবং এই পরিকল্পনাগুলি যাতে সুষ্ঠভাবে হয় তারজন্য আজকে কর্পোরেশানে যেসমস্ত অফিসার আছেন তাঁরা সংখ্যায় এতবড় দায়িত্ব নেবার পক্ষে যথেষ্ট নয়। সেজন্য সরকার বিভিন্ন দপ্তর থেকে যাঁরা সুঅভিজ্ঞ লোক তাদের কর্পোরেশানে পাঠিয়েছেন। কলকাতাকে সুষ্ঠুভাবে সেবা করার পরিকল্পনা যে সি এম পি ও, সি এম ডি এ-র মাধ্যমে নেওয়া হয়েছে সেটা যাতে সুচারুভাবে হয় সেটা করতে গিয়ে সরকার দেখেছেন এই সমস্ত লোকদের আনতে গেলে তিনভাবে কি চারভাবে আনতে পারি। কর্পোরেশানে যাঁরা উপস্থিত আছেন ভাল কর্মী তাঁদের প্রোমোসান দিয়ে আমরা তাঁদের জায়গায় বসিয়ে দিতে পারি, আমরা সরকারের ডিপার্টমেন্ট থেকে লোক আনতে পারি, যদি ডিপার্টমেন্টের লোক না নিতে পারা যায় তাহলে পাবলিক সার্ভিস কমিশন, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে আমরা নূতন লোককে নিযুক্ত করতে পারি। মাননীয় অধ্যক্ষমহাশয়, যাদের আমরা নিযুক্ত করতে যাচ্ছি তাদের সবটাই টেম্পোর‍্যারি সার্ভিস। সুতরাং সত্যিকারের অভিজ্ঞ লোক যার উপর নির্ভর করতে পারি এমন লোককে টেম্পোর‍্যারি সার্ভিসের পরিপ্রেক্ষিতে পাওয়া শক্ত। তাই দ্বিতীয় যে অ্যামেণ্ডমেন্ট অনুমোদনের জন্য পেশ করেছি বিধানসভায় সরকারের তরফ থেকে সেটা হচ্ছে আগে এটা ছিল আইন অনুযায়ী শুধু গভর্নমেন্ট ডিপার্টমেন্ট থেকে লোক আনতে পারি, গভর্নমেন্টের সংগে যুক্ত অনেক স্ট্যাটুটরি বডি আছে, যেমন ধরুন স্টেট ট্রান্সপোর্ট কি আজকে ডি ভি সি-তে অনেক সুদক্ষ লোক আছে যাদের এই পরিকল্পনাকে

সামনে রেখে সাময়িকভাবে সাহায্য, কাজ যদি চাই তাহলে আমরা পেতে পারি। তাই মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার অনুমতিক্রমে আমি দ্বিতীয় অ্যামেণ্ডমেণ্ট বিলের কথা বলেছি। ডাঃ গণি যে কথা বলেছেন তাঁর কথার ভেতর যথেষ্ট সারবস্তু আছে। সরকার প্রতিটি এম এল এ'র সাহায্য নিয়ে বিশেষ করে কলকাতার এম এল এ, এম পি'দের সাহায্য নিয়ে কলকাতা কর্পোরেশনের যাতে কিছু কাজ করতে পারেন তারজন্য যে কমিটি হয়েছিল, সরকার যখন কোন নির্দেশ দেবেন কর্পোরেশনকে যে এটা হওয়া উচিত, এটা হওয়া উচিত নয়, আমাদের অনুমোদন না নিয়ে কর্পোরেশন এই কাজ করতে পারবে না, নিশ্চয়ই সেই কমিটির কাছ থেকে আগে অনুমোদন নেওয়া হবে। ডাঃ গণি যে কথা বলেছেন যদি সম্ভব হয় আমরা প্রতিটি ওয়ার্ড থেকে দুইজন নিয়ে যে কমিটি করেছি সেই কমিটি দরকার হলে এক্সটেণ্ড করা যায় কি যায় না আজকে যে আইন করলাম সেই আইনের মাধ্যমে সেটা করে কি সুবিধা হবে না হবে সে সম্বন্ধে আমরা নিশ্চয়ই আলোচনা করব এবং আজকে সদস্যরা সেই নির্দেশ যদি দেন নিশ্চয়ই সে সম্বন্ধে আমরা চিন্তা করব। সব শেষে মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি এই কথা বলব আমরা যে অনুমোদন চেয়েছি এর মানে এই নয় যে সরকার সুপারসেসান করে এই কাজ চালিয়ে যাবেন, অবস্থার পরিবর্তন হবে, পরিস্থিতির পরিবর্তন হবে, কর্পোরেশনের ইলেকসান হওয়া দরকার, নিশ্চয়ই সেটা হবে। (শ্রীমতী ইলা মিত্র: কবে কর্পোরেশনের নির্বাচন হবে?) আপনিও একজন সদস্য, আমরা সবাই এক সংগে বসব, আলোচনা করব এবং আমরা এই সম্বন্ধে সিদ্ধান্ত নেব। এই কথা বলে আমি আবার মাননীয় সদস্যদের কাছে অনুরোধ রাখব যে পরিবর্তন বিল এনেছি সেই পরিবর্তন বিলকে তাঁরা দয়া করে সমর্থন জানাবেন।

The motion of Shri Prafulla Kanti Ghosh that the Calcutta Municipal (Fourth Amendment) Bill, 1972. be taken into consideration, was then put and agreed to.

*Clauses 1 to 5 and Preamble*

The question that clauses 1 to 5 and Preamble do stand part of the Bill, was them put and agreed to.

**Shri Prafulla Kanti Ghosh :** Sir, I beg to move that the Calcutta Municipal (Fourth Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment)

**MOTION UNDER RULE 185**

[3-40—3-50 p m.]

**Shri Abdul Bari Biswas :** অধ্যক্ষমহাশয়, বিধানসভার রুলস এ্যাণ্ড প্রসিডিওরের ১৮৫ বিধান মতে যে মোশান আমি মুভ করেছি সেটা আমি পড়ে শোনাচ্ছি : যেহেতু বৃষ্টির অভাবে ও খরার দরুন সারা পশ্চিমবঙ্গে বিশেষ করিয়া মুর্শিদাবাদ, পুরুলিয়া, বাঁকুড়া, মালদহ, পশ্চিম দিনাজপুর, দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া ও মেদিনীপুর ইত্যাদি জায়গায় রোয়ান ধানের চাষ একেবারে

বন্ধ এবং আউশ ধানের চাষ সম্পূর্ণ বিনষ্ট হওয়ায় খাদ্যভাব চরমে উঠিয়াছে, খাদ্যাভাবজনিত রোগ মানুষের ক্ষতিসাধন করিতেছে ও কৃষি শ্রমিকগণ কর্ম অভাবে বেকার হইয়া পড়িয়াছে এবং তাহা সঙ্গে দ্রব্যমূল্যের অত্যধিক বৃদ্ধি জনসাধারণকে হতাশাগ্রস্ত করিয়াছে ;

অতএব এই অস্বাভাবিক অবস্থার মোকাবিলা করার জন্য এই সভা এই সিদ্ধান্ত গ্রহণ করিতেছে যে, জরুরীকালীন অবস্থার ভিত্তিতে নিম্নলিখিত কার্যক্রম কার্যকরী করা হউক :

১। অনতিবিলম্বে আউস ও পাট উৎপাদিত এলাকায় গভীর ও অগভীর নলকূপ বসাইয়া সেচের জল সরবরাহ ব্যবস্থা ও অন্যান্য এলাকায় সেচ ব্যবস্থা সম্প্রসার করা ;

২। সমস্ত শ্রেণীর মানুষের মধ্যে ভর্তুকিতে খাদ্য এম, আর, সপ ও ফেয়ার প্রাইস স মারফত সরবরাহের ব্যবস্থা করা ;

৩। ব্যাপকহারে জি. আর, টি, আর, লোনস অ্যাণ্ড গ্রান্টস সরবরাহের ব্যবস্থা ও খাদ্যে অপচয় ও অপব্যবহার বন্ধ করা ;

৪। গভীর ও অগভীর নলকূপগুলিতে অনতিবিলম্বে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা

৫। কনট্রোল্ড প্রাইস-এ চিনি সরবরাহ ও চিনিকলগুলি জাতীয়করণের জন্য ভার সরকারের নিকট সুপারিশের উপযুক্ত প্রচেষ্টা গ্রহণ করা ;

৬। বিল ও খাল হইতে জল উত্তোলন, নলকূপের সাহায্যে জলসেচের ব্যবস্থা করা ;

৭। দানাশস্যের ক্রয়-বিক্রয় ব্যবসা—বে-সরকারি ব্যক্তি বা সংস্থার মারফত বন্ধের ব্যবস্থ করা ,

৮। ব্লকে ব্লকে ও অঞ্চলে অঞ্চলে খাদ্যশস্য বণ্টন ব্যবস্থা তদারকি কমিটি গঠন করা ,

৯। মুনাফাখোর ও মজুতদারদের কঠোর নিয়ন্ত্রণের ব্যবস্থা করা ,

১০। উপযুক্ত অর্থ ও খাদ্য সরবরাহের জন্য ভারত সরকারের নিকট উপযুক্ত দাবি করা ,

১১। ভুয়া রেশন কার্ড উদ্ধার করা ,

১২। পরিপূরক ব্যবস্থা হিসাবে বিকল্প ব্যবস্থা করা ,

১৩। ঘাটতি এলাকার সঙ্গে উদ্বৃত্ত এলাকার কর্ডন ব্যবস্থা আপাততঃ বাতিল করা ,

১৪। চাষীরা যাহাতে ক্রয়ক্ষমতা ফিরাইয়া পাইতে পারে তজ্জন্য তাহাদের বিক কর্মসংস্থানের ব্যবস্থা করা ;

১৫। দানাশস্য পশ্চিমবঙ্গের বাহিরে পাচার বন্ধ করা ,

১৬। দানাশস্যের ন্যায্য মূল্যমান বজায় রাখার জন্য কঠোর ব্যবস্থা গ্রহণ করা।

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আজকে যে বিষয়ের উপর আলোচনা করছি নিশ্চয়ই বর্তমা সময়ে সেই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটা খুব সুখের কথা যে আমি এই বিষয় নিয়ে আলোচ করার ঠিক পূব মুহূর্তে অর্থাৎ গত ৪ দিন থেকে ৫ দিনের মধ্যে বিধানসভার ৮জন মাননীয় সদস্যে নেতৃত্বে একটি দল পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় এই অবস্থার প্রতিকার কি এবং তার মোকাবি কল্পে কি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে সেই ব্যাপারে পরিভ্রমণ করে এসেছেন। বাঁকুড়া এব পুরুলিয়াতে যে মাননীয় সদস্যদের পাঠান হয়েছিল তাদের নেতৃত্ব দেবার জন্য আমি গিয়েছিলাম এব আমার সংগে মাননীয় সদস্য রমেন্দ্র দত্ত মহাশয়ও গিয়েছিলেন। যে সমস্ত সদস্যেরা এই ব্যাপা গিয়েছিলেন তাঁরা সেখানকার অবস্থা দেখে এসেছেন এবং সেখানকার প্রকৃত অবস্থা কি সেটা তাঁ নিশ্চয়ই বর্ণনা করবেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি এই প্রসংগে আপনার কাছে ২-১টি ক আপনার অবগতির জন্য জানাতে চাই। আমরা এই ব্যাপারে নিশ্চেষ্ট হয়ে কখনও বসে থাকিনি বিগত বিধানসভায় সম্ভবতঃ নয়, ঠিক ২রা মে, ১৯৭২ তারিখে এই বিধানসভায় এমনি ধরনে দ্রব্যমূল্য নিয়ন্ত্রনের জন্য এবং দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য ১৮৫ ধারা মতে আমি এরকম একটি মোস এনেছিলাম এবং তাতে আমি বলেছিলাম, "এই সভা মনে করে যে চাল, ডাল, কেরোসিন তে

সর্ষের তেল ইত্যাদি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যবৃদ্ধি হেতু জনমানসে হতাশার ভার পরিলক্ষিত হইতেছে, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য কঠোর হস্তে নিয়ন্ত্রন একান্ত অপরিহার্য হইয়া উঠিয়াছে"। এই বিষয় নিয়ে বিধানসভায় আলোচনা হয়েছিল। আজকে যদি আমরা প্রত্যেকটি জেলার খবর দেখি তাহলে আমাদের মন্ত্রীসভার সদস্যেরা নিশ্চয়ই একথা মনে করবেন না যে পশ্চিম বাংলায় শুধু খরা বা খরাজনিত অবস্থাই নয়, পশ্চিম বাংলার কয়েকটি জেলার বিভিন্ন ব্লকে বিগত বছরের অত্যধিক বন্যার ফলে যেভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তারপর পশ্চিম বাংলায় যেভাবে বন্যার করাল গ্রাস নেমে এসেছে তার ফলস্বরূপ এক কথায় বলতে গেলে পশ্চিম বাংলার মানুষ অত্যন্ত দুর্দশাগ্রস্ত হয়ে পড়েছে। আমরা মুর্শিদাবাদ, নদীয়া, ২৪ পরগনা ঘুরে বাঁকুড়া এবং পুরুলিয়া মোটামুটিভাবে দেখতে গিয়েছিলাম। আজকে পশ্চিম বাংলায় চালের দর ১ টাকা ৬০ পয়সা থেকে আরম্ভ করে ২ টাকা ৫০ পয়সা পর্যন্ত বিভিন্ন জেলায় ভ্যারি করছে। যেসব জায়গায় আমরা গিয়েছিলাম সেখানে দেখলাম ১ টাকা ৬০ পয়সা থেকে আরম্ভ করে ১ টাকা ৮৫ পয়সা এবং এমনিভাবে কোন কোন জেলায় ২ টাকা থেকে আরম্ভ ২ টাকা ৩০ পয়সা এবং কোথাও ২ টাকা ৩০ পয়সা থেকে আরম্ভ করে ২ টাকা ৫০ পয়সা পর্যন্ত উঠেছে। অর্থাৎ ১ টাকা ৬০ পয়সা থেকে আরম্ভ করে ২ টাকা ৫০ পয়সার মধ্যে বাজারে চালের মোটামুটি দর চলেছে। এই সংগে সংগে আমরা যদি দেখি তাহলে পাশাপাশি দেখব গমের দামও কিছু বেড়েছে। ডালের অবস্থা যদি আমরা দেখি তাহলে বিভিন্ন মাননীয় সদস্যরা একথা স্বীকার করবেন যে ডালের দামও ক্রমশঃ বেড়ে যাচ্ছে এবং ২ টাকার নীচে কোথাও ডাল পাওয়া যাচ্ছে না।

**Shri Biswanath Mukherjee :** কোন মন্ত্রী উত্তর দেবেন, কেউ তো শুনছেন না, যিনি উত্তর দেবেন তাকে তো শুনতে হবে?

**Mr. Speaker :** I am giving him information.

**Shri Biswanath Mukherjee :** অন্ততঃ যিনি উত্তর দেবেন, তাঁকে তো বসে থাকতে হবে এবং শুনতে হবে?

**Mr. Speaker :** He can take notes.

**Shri Biswanath Mukherjee :** আমাদের প্রশ্নের উত্তর কে দেবেন? তিনি কি দেবেন? এটাতো ছেলেখেলা নয়, সবাই চেষ্টা করে, special একটা resolution এসেছে, তার দিন ধার্য হয়েছে একটা, অথচ যে মিনিস্টার উত্তর দেবেন, তিনি House-এ নেই, Housing Minister কি Note নেবেন?

**Mr. Speaker :** Hon'ble Minister Shri Santosh Kumar Roy, was here. With my permission be has gone out for 2/3 minutes.

**Shrimati Ila Mitra :** Point of order, Sir, মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার নিশ্চয়ই স্মরণ আছে, সেদিন food debate হবার আগে এই প্রশ্ন উঠেছিল যে আমরা যখন খরা এবং বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করবো তখন তিনজন মন্ত্রীর অবশ্যই উপস্থিত থাকা প্রার্থনীয়। সেই তিনজন মন্ত্রী হলেন মুখ্যমন্ত্রী, কৃষিমন্ত্রী, Relief মন্ত্রী এবং খাদ্যমন্ত্রী থাকতে পারেন। এবং পরবর্তীকালে চেঁচামেচি হয়েছিল এবং অন্য সময় একটা আলোচনার সুযোগ দেবেন কথা হয়েছিল। আবদুল বারি বিশ্বাস-এর খরার উপর যে প্রস্তাব ছিল সেই প্রস্তাব সম্পর্কে Business advisory Committee-তে আলোচনা হয়েছিল। তখন বলেছিলাম এই তিনজন মন্ত্রীর উপস্থিত থাকা দরকার। সেইজন্য ৭।৮।৯ তারিখ বাদ দিয়ে ১০ তারিখে আনা হয়েছে। কাজেই আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই, এই গুরুত্বপূর্ণ আলোচনার জন্য এই তিনজন মন্ত্রীর এবং খাদ্যমন্ত্রী সহ চারজন মন্ত্রী যেন উপস্থিত থাকেন।

**Mr. Speaker :** I have sent for him and I think the Hon'ble Minister will be available here within a few minutes.

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষমহাশয়, তাই আমি বলেছিলাম যে দীর্ঘ দিন অতিরিক্ত খরার দরুণ মানুষ একদিকে যেমন খাদ্যাভাবে ভুগছে অপরদিকে মানুষের মনে খাদ্যাভাব অবস্থার দরুণ যে হতাশা, তা কাটিয়ে ওঠার জন্য আজকে কি ব্যবস্থা গ্রহণ করছেন? এই বিষয়ে মন্ত্রীসভাকে আমাদের সন্তুষ্ট করতে হবে, উপযুক্ত কৈফিয়ৎ দিতে হবে। আমরা আজকে যে অবস্থার কথা তুলে ধরতে চাইবো, নিশ্চয়ই আপনি স্বীকার করবেন যে শুধু সদস্যরা নন, মন্ত্রীসভার সদস্যরাও উদ্বিগ্ন, যার জন্য আজকে বিভিন্ন সময়ে বিভিন্ন মন্ত্রী, বিভিন্ন জেলা পরিভ্রমণ করেছেন। আজকে এটা বাস্তব সত্য এবং এটা নিশ্চয়ই অস্বীকার করতে পারবেন না যে আমি এই বিধানসভায় প্রথম মুর্শিদাবাদ জেলার তরফ থেকে বলেছিলাম আমাদের ওখানে খাদ্যাভাব জনিত রোগে মানুষের মৃত্যু ঘটেছে, তার নামও করেছিলাম। অন্যান্য সদস্য বন্ধু বিভিন্ন দলের নেতৃত্ব দিয়ে জেলায় গিয়েছিলেন, আপনারা নিশ্চয়ই সেই সমস্ত জেলার প্রকৃত অবস্থা কি তা বলবেন। কিন্তু এই কথা ঠিক, আজকে এই খরার দরুণ যে সমস্ত এলাকায় আউস, পাট চাষ হয়, বোনা আমন ধান তৈরী হয়, সেই সমস্ত এলাকায় কোনরকম ভাবে যতই বৃষ্টি হোক না কেন শতকরা ৩০ ভাগের বেশী ফসল হবার সম্ভাবনা নেই। তাহলে গত বছর আউস এবং বোনা আমন চাষ করে যে পরিমাণ শস্য উৎপাদন করেছিলাম, এবারে তার থেকে ৭০ ভাগ উৎপাদিত ধানের পরিমাণ কম হবার সম্ভাবনা দেখা দিয়েছে।

[3-50—4-00 p. m.]

অপর পক্ষে সমস্ত এলাকায় রোয়া ধানের চাষ হয় বা আমন ধানের চাষ হয় সেই সমস্ত এলাকার মধ্যে অধ্যক্ষমহাশয়, আপনার নিশ্চয় অভিজ্ঞতা থেকে একথা জানেন এবং মাননীয় সদস্যরাও জানেন যে আজকে কোথাও বোধ হয় দুই থেকে ১০ পারসেন্টের বেশী বেশীরভাগ জেলাতেই চাষ করা সম্ভব হয় নি। বৃষ্টিপাত বিগত চার দিন থেকে যে পরিমাণ আরম্ভ হয়েছে, আমি বাঁকুড়া পুরুলিয়ায় গিয়াছিলাম, সেখানে বিষ্ণুপুরে নেমে তালতলার মধ্য দিয়ে পুরুলিয়া যাবার পথে আমরা রাস্তার দুইধারে ছিটেফোঁটা দু একটা প্লটে ধান চাষ ছাড়া কিছুই দেখতে পাইনি। কাজেই এই অবস্থা চলছে এবং এই অবস্থার যদি মোকাবিলা করতে না পারা যায় বা মোকাবিলা করবার জন্য যদি সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ করা না যায় তাহলে আমাদের পশ্চিম বাংলার মানুষের প্রতি যে দুর্দশা এসেছে তা আরো বেড়ে যেতে পারে। কিন্তু আমরা যারা এখানে আছি যেহেতু দুর্দশা যাতে আরো না বাড়ে আমরা যাতে সুষ্ঠুভাবে এর মোকাবিলা করতে পারি তারজন্য আমরা আজকে চাইবো এই হাউসের কাছ থেকে শুধু বিধানসভায় বসে মানুষকে বিভ্রান্তিকর উক্তি নয় বা মানুষকে উত্তেজিত করবার জন্য কোন উক্তি নয়, আজকে আমরা গঠনমূলক প্রস্তাবের মধ্যে দিয়ে এই কথা বুঝিয়ে বলতে চাই যে এখুনি এই অবস্থায় এমন কার্যক্রম গ্রহণ করা হোক যার দ্বারা আমরা সাধারণ মানুষের উপকার করতে পারি। অপর পক্ষে আমি যেটা দেখেছি সেই ব্যবস্থা বলতে গেলে জেলাগুলিতে সেচ ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। কোথাও সুষ্ঠুভাবে সেচ ব্যবস্থা চলছে না। তাই এই বিধানসভা চলাকালীন সময়ের মধ্যে আমি বলেছিলাম এখানে যে সমস্ত গভীর নলকূপ দেওয়া হয়েছে সেই গভীর নলকূপের মধ্য দিয়ে ২০০ একর কমাণ্ড এরিয়াকে নির্ভর করে যে টিউবয়েল করা হয়েছিল আজকে যে টার্গেট ছিল ২০০ একর তার কতটাতে পৌছাতে পেরেছি। কিন্তু দুঃখের সঙ্গে জানাতে হয় যে রিপোর্ট এসেছে যেকোন জায়গাতে গড়ে ৫০ একরের বেশী জল দেওয়া হয় নি। কোথায় ২০০ একর আর কোথায় ৫০ একর—আর নীচের দিকে ১৫ একর ২৫ বিঘা পর্যন্ত আজকে জল দেওয়া হচ্ছে। যে দেড় লক্ষ টাকা খরচ করে টিউবয়েল বসানো হয়েছিল আজকে তার অবশ্যম্ভাবি পরিণতি স্বরূপ সরকারী শৈথিল্য এবং অকর্মন্যতার জন্য আমরা আজকে

এই অবস্থায় গিয়ে পৌঁছেছি। আজকে যদি আমরা বিধানসভায় বসে এই বিষয়ে দৃঢ় মত পোষণ করতে না পারি প্রশাসনে যারা বসে আমাদের এই সরকারকে নির্দিষ্ট পথে পরিচালনার জন্য যে দাবি তা.দরকে এইকথা বলে দিতে হবে কোন্ বৈজ্ঞানিকের মাথা থেকে এই প্রকল্প বেরিয়েছিল ২০০ একর কমাণ্ড এরিয়া নিয়ে ডীপ টিউবয়েল করতে হবে। আর আজকে ক্রমশ: কমতে কমতে গিয়ে ২৫ বিঘায় পৌছাল। কেনই বা আমরা ৫০ একরের বেশী জল দিতে পারছি না? অপর পক্ষে আজকে আমাদের ভেবে দেখতে হবে যে লিফ্ট পাম্প যা বসানো হয়েছে তাতে বিদ্যুতের কোন ব্যবস্থা হয় নি। আজকে বিদ্যুৎ সরবরাহ সমস্ত টিউবয়েলে যদি করতে না পারা যায় তাহলে অন্তত:পক্ষে আমরা এইকথা দাঁড়িয়ে বলতে পারবো যে বিদ্যুতের ব্যবস্থার মধ্য দিয়ে টিউবয়েলগুলিকে আমরা চালু করতে পেরেছি, টিউবয়েলের মাধ্যমে জলসেচ করতে পেরেছি। দুঃখের বিষয় আমি কালকে ঝালদায় গিয়েছিলাম। সেখানে গিয়ে আমি গোকুলনগর বলে একটা গ্রাম আছে শুনলে আশ্চর্য হয়ে যেতে হবে যে বছরের কোন এক সময়ে এক হাজার লিটার ডিজেল দেওয়া হয়েছিল, সেখানে একজন অ্যাসিট্যান্ট অপারেটর থাকে চারটে মেশিন একজায়গায় আছে একটা নদীর উপরে। আর বিগত বছরে বহুবার বলা সত্ত্বেও সেই টিউবয়েল মেরামত হয়নি। সেই টিউবয়েলের দুটি মেশিন অচল হয়ে পড়ে আছে। সেখানে ডিজেলের কোন ব্যবস্থা হয়নি। লোকসভার সদস্য শ্রীদেবেন্দ্র নাথ মাহাতো মহাশয় নিজের তরফ থেকে ৩০ লিটার ডিজেল কিনে দিতে বাধ্য হয়েছিলেন সেই টিউবয়েলকে চালাবার জন্য। আমরা দেখেছি বিভিন্ন জায়গায় শৈথিল্যের দরুন আমরা টিউবওয়েলগুলিকে চালাতে পারছি না। এর উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। আজকে আমাদের সন্তুষ্ট করতে হবে যে সেইসমস্ত টিউবওয়েল কেন আজকে অকেজো হয়ে পড়ে থাকে? যদি আমরা ঐরকম ধরনের চুলচেরা বিচার করতে যাই তাহলে নিশ্চয়ই আমরা যেসমস্ত কাজ করেছি সেটা নিশ্চয়ই এখানে বলব। কিন্তু একথাও সংগে সংগে বলতে হবে যে আজকে যদি আমরা খাদ্যদ্রব্য নিয়ে আমি এখানে একটার পর একটা পয়েন্ট নিয়ে, মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি বলে যেতে চাই যে সমস্ত অবস্থার মধ্যে দিয়ে আমরা কতটা আমাদের নিজেদেরকে উন্নত করতে পারি, আমি যে মোশান দিয়েছি সেই মোশনের মধ্যে আমি একথা জানাবার চেষ্টা করেছি যে আজকে আমরা যেসমস্ত এলাকায় আউশ, পাট এবং বোনা আমন ধান যদি আমরা আজকে রক্ষা করতে না পারি তাহলে আজকে সেখানে থেকে ৭০ ভাগ উৎপাদন ব্যাহত হচ্ছে। অপর পক্ষে এটাই যদি বাংলাদেশের চিত্র হয়, আমি মাননীয় সদস্যদের কোচবিহারে জিজ্ঞাসা করছিলাম সেখানে চাষের অবস্থা মোটামুটি একরকম ভাল আছে কিন্তু আপনার পশ্চিমদিনাজপুর থেকে আরম্ভ করে জলপাইগুড়ি থেকে ঐ চব্বিশপরগনা পর্যন্ত ... ... . ...

(At this stage the blue light was lit)

মাননীয় স্পীকারমহাশয়, আমাকে একটু সময় দেবেন—Becaase I am the mover of this motion.

**Mr. Speaker :** I have allotted 20 minutes to you. I can give you more time but in that case some honourable Members, out of the 18 or 19 names which have been supplied to me, will not be able to speak, if you go on in this fashion.

**Shri Abdul Bari Biswas :** মাননীয় স্পীকার মহাশয়, আমি এখানে ১৬ রকমের ব্যবস্থা অবলম্বনের দাবি জানিয়ে এই যে মোশন এনেছি এই মোশনের মধ্যে আপনি দেখতে পাবেন যে এর মধ্যে আমাদের সরকার কিছু কিছু কাজ করার জন্য এগিয়ে গিয়েছেন। যেমন আমরা বলতে পারি আজকে র‍্যাশন ব্যবস্থা—নিশ্চয়ই আমরা এটা অস্বীকার করতে চাই না, যে প্রতিটা জেলায় যে রকমের হতাশার ভাব ফুটিয়ে তুলতে চাওয়া হয়েছে ঠিক খাদ্যাবস্থা বা খাদ্য

উৎপাদন প্রতিটা জেলায় ঠিক সেই ধরনের নয় কিন্তু একথা ঠিকই যে খোলা বাজারে চালের দর ক্রমশঃই বৃদ্ধি পাচ্ছে। এই যে আমরা এর মধ্যে দিয়েছি যে ঘাটতি এলাকার সংগে উদ্বৃত্ত এলাকার যে কর্ডনব্যবস্থা আছে সেই কর্ডনব্যবস্থা আপাততঃ বাতিল করা হোক। আমরা যদি ঘাটতি এলাকা দেখি, যখন চালের আমরা মূল্যমান ঠিক রাখতে পাচ্ছি না, আকাশচুম্বী হয়ে যাচ্ছে, একদিকে বীরভূম, একদিকে বর্ধমান, আর একদিকে নদীয়া, একদিকে মুর্শিদাবাদ, পাশাপাশি ঘাটতি এবং উদ্বৃত্ত এলাকার মধ্যে বাজার দর আকাশ পাতাল তফাত। এই তফাত যদি চলে তাহলে আমি বলবো যে এই কর্ডনের মধ্যে দিয়ে আজকে প্রোকিয়োরমেণ্ট করার আর কোন উপায় নেই। কারণ প্রোকিয়োরমেণ্ট চলছে না। আজকে সেই প্রোকিয়োরমেণ্ট যখন চলছে না তখন অযথা কতকগুলি কালোবাজারী, কতকগুলি মুনাফাখোরদের এই উদ্বৃত্ত এলাকা থেকে খাদ্যশস্য কিনে ঘরে মজুত করা এবং এই হতাশাগ্রস্ত ও দুর্দশাগ্রস্ত মানুষের এই সুযোগ নিয়ে আজকে দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য একদিকে যেমন অপচেষ্টা করা অপর পক্ষে মুনাফা লুঠ করা এই অবস্থা নিশ্চয়ই আমরা মেনে নিতে পারি না। তাই আমি বলেছি যে আজকে উদ্বৃত্ত এলাকার সংগে ঘাটতি এলাকায় যে কর্ডন আছে তা অনতিবিলম্বে এটা যেন বাতিল করা হয়। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনিত সবুজ বাতি জ্বেলে দিলেন কিন্তু আমি এই ১৬ রকম ব্যবস্থার প্রত্যেকটি ব্যবস্থা যদি একটি একটি করে বলতে চাই তাহলে নিশ্চয়ই এতে আমার ১॥ ঘন্টার মত সময় লেগে যাবে, তবুও আমি আপনার সামনে একটা কথা বলতে চাচ্ছি যে আজকে যদি আমরা আমাদের ত্রাণ ব্যবস্থার কথা ধরি তাহালে দেখা যাবে টি. আর: এ ২ কোটি ৫১ লক্ষ ৩৯ হাজার টাকা নগদ, ১০০ মেট্রিক টন ইটালিয়ান রাইস এবং জি. আর. এ ৬ কোটি ২ লক্ষ ৬৮ হাজার টাকা নগদ এবং ২,১৯৫ মেট্রিক টন রাশিয়ান রাইস ; এগ্রিকালচারাল লোন ১ কোটি ১৪ লক্ষ ৫৪ হাজার টাকা ইত্যাদি দেওয়া হয়েছে আজকে ত্রাণ ব্যবস্থার পরিপূরক হিসাবে। কিন্তু আমি একটা কথা বলতে চাই যে ত্রাণ ব্যবস্থা টি. আর. এবং জি. আর. এর মধ্যে দিয়ে টাকাকে ব্যয় করার যে প্রবণতা সেটা কমিয়ে নিয়ে অপর দিকে যাতে আমরা উৎপাদনভিত্তিক উৎপাদন যাতে বাড়ে এমনতর ব্যবস্থার চেষ্টা করতে হবে। আজকে যদি তা না হয় তাহলে, মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি যে জেলায় গিয়েছিলাম, আমাকে পাঠান হয়েছিল সেই জেলায় আমি দেখেছি যে সেখানে আজকে যদি ডাগওয়েল তৈরী করা হয়, জোড়বাঁধ তৈরী করা হয়, তাহালে ডাগওয়েল ও জোড়বাঁধের মধ্যে দিয়ে একদিকে যেমন বিকল্প চাষের ব্যবস্থা হতে পারে অপরপক্ষে সেই জলেতে সামার সিজনে আবার ভেজিটেবেল চাষ করে আশে পাশে শহর এবং গঞ্জ এলাকা যা আছে সেখানকার মানুষের চাহিদা পরিপূরণ করা যেতে পারে। অপর

[4-00—4-10 p.m.]

পক্ষে এই জেলায় সামার সিজনে ভেজিটেবলস চাষ করে পাশাপাশি যে সমস্ত শহর ও গঞ্জ আছে, সেই এলেকায় বিক্রী করে সেখানকার মানুষের চাহিদা পূরণ করতে পারে। বাঁকুড়া জিলায় কাঁসারী, শাখারী, তাঁতীদের অবস্থা, শঙ্খশিল্প ব্যবসায়ীদের অবস্থা অত্যন্ত ভয়াবহ। তাহাদের সেই অবস্থা আমি দাঁড়িয়ে দেখেছি। আজকে এই অবস্থার সুযোগ নিয়ে যাতে অবস্থাকে বিপথে পরিচালিত করতে না পারে তার চেষ্টা করতে হবে। নইলে অতীতে যেমন হয়েছিল তেমনিভাবে অনেককে বিপথে পরিচালনা করার চেষ্টা করবে। স্যার, আপনি বাতি জ্বালাচ্ছেন, আমি দুই এক মিনিট সময় চাইছি। এই কথা বলতে গিয়ে আমি জানাতে চাই যে আমি যখন বাঁকুড়ায় গেছিলাম, গ্রামের মধ্যে এই রিপোর্ট পেয়েছি, মোচার লোকও সেখানে ছিল, পোস্টাল ব্যাগ লুঠ করে নিয়েছে, সেখানে ধান চাল লুঠের প্রবণতা বেড়ে গিয়েছে, সেখানে ল' এণ্ড অর্ডার ফেল করার মত অবস্থা হয়েছে। মানুষেরা সেখানে দাঁড়িয়ে থেকে বলেছে যে লুঠ করে তারা খাবে। এই যে আইন ও শৃঙ্খলা সেখানে ফেল করার মত অবস্থা হয়েছে তারজন্য ব্যবস্থা নিতে

হবে। এই অবস্থার মোকাবিলা করার জন্য আমি যে ১৬ দফা দিয়েছি, তার ভিত্তিতে কাজ করার জন্য এগিয়ে আসুন, নইলে বাংলাদেশের বুকে তথা ভারতের বিভিন্ন রাজ্যে ভীষণ দুর্দশা দেখা দেবে।

( লাল আলো পুনরায় জ্বলে উঠল )

**Mr. Speaker :** Mr. Biswas, please take your seat. You are encroaching upon the rights of other members because only 3 hours have been allotted for discussion on this particular motion. In this connection, I point out to you Rule 193, according to which the time limit should be fixed by the Chair. You have taken already 25 minuts. So, I may have to cancel some of the names submitted to me, such as Shri Sarat Chandra Das, and Shri Shib Sankar Bandopadhyaya. They may not be given any time if you go on like this. You have already taken 25 minutes' time. 25 minutes' time is enough to enable a member to move his motion. You are simply encroaching upon the time of other member to speak. There are 3 amendments to this motion and I call upon Dr. Sailendra Chattopadhyaya to speak.

**Dr. Sailendra Chattopadhyay :** মাননীয় অধ্যক্ষমহোদয়, মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস যে মোশন এনেছেন, আমি তাতে একটা অ্যামেণ্ডমেণ্ট এনেছি, সেটা আপনি এই সভায় উপস্থিত করার অনুমতি দিয়েছেন। সেজন্য আমি আপনাকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়ে আমার অ্যামেণ্ডমেণ্ট পড়ছি। ১৬নং অনুচ্ছেদের পর নিম্নলিখিত অনুচ্ছেদটি যুক্ত করা হউক, যথা—

> "(১৭) খরা অথবা অন্যান্য প্রাকৃতিক বিপর্যয় যাহাতে ভবিষ্যতে পশ্চিমবঙ্গবাসীদের অর্থনৈতিক বা দৈনন্দিন জীবন বিপর্যস্ত না করিতে পারে সেজন্য অধিক ফলনের স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনাগুলি যুদ্ধকালীন জরুরী ভিত্তিতে রূপায়িত করা এবং নূতন বিশেষ পরিকল্পনা গ্রহণ করা।"

মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন, এই প্রাকৃতিক বিপর্যয় এবং দুর্যোগ অতীতেও ছিল এবং ভবিষ্যতেও হবে। কিন্তু অতীতে প্রাকৃতিক দুর্যোগের সামনে মানুষ ভয়ে ও আতঙ্কে দিশেহারা হয়ে যেয়ে শুধু হায় হায় করত। আজকে সেই অবস্থার পরিবর্তন হয়েছে। এখন মানুষ প্রাকৃতিক দুর্যোগের মুখোমুখি দাঁড়াতে শিখেছে। উদাহরণস্বরূপ মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন, অতীতে আমরা শুনেছি জাপানে সেখানকার ঘরবাড়ি কাঠ এবং কাগজ দিয়ে তৈরী হত, কারণ সেখানে ভূমিকম্পের ভীষণ প্রকোপ ছিল। কিন্তু আজকে সেখানে যাঁরা গিয়েছেন, বলেছেন, লক্ষ লক্ষ আকাশছোঁয়া বাড়ি সেখানে হয়েছে, মাটির তলা দিয়ে টিউব রেল যাচ্ছে। কারণ সেখানে মানুষ বিপর্যয়ের কাছে হার মানেনি, তাঁরা পরিষ্কার তার মুখোমুখি দাঁড়িয়েছে। যেমন দাঁড়িয়েছে নেদারল্যাণ্ডের লোকেরা, সমুদ্রের সংগে লড়েছে, সমুদ্রের বুক থেকে তাদের বাসের জমি ছিনিয়ে নিয়েছে।

মাননীয় অধ্যক্ষমহাশয়, খরা আমাদের কি কি ক্ষতি করতে পারে? খরা সাময়িক যেসব ক্ষতি করবে, তারজন্য মাননীয় সদস্য যে যুক্তিপূর্ণ ও তথ্যপূর্ণ বক্তব্য আমার আগে রেখেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। খরা সবচেয়ে বেশী ক্ষতি করবে আমাদের ফসলের, কাজেই আমরা আগামী বছর প্রচুর ঘাটতি আশঙ্কা করছি খাদ্যশস্যের হুগলী জেলার মানুষ আমি। গত পাঁচবছর আগে এই জেলাটি ঘাটতি অঞ্চল বলে বিশেষভাবে চিহ্নিত ছিল। আজ পাঁচ বছর পরে সেই

জেলা সম্পূর্ণ বিপরীত অবস্থায় এসে দাঁড়িয়েছে—ঘাটতি অবস্থা থেকে বাড়তি অবস্থায় উপনীত হয়েছে। এটা নিজের চোখে দেখা। তাই আমি অভিজ্ঞতা থেকে পরিষ্কারভাবে বলতে পারি এই খরা পশ্চিমবঙ্গবাসীদের আগামী দিনে তার দৈনন্দিন অর্থনৈতিক জীবনে কোন রকম বিপর্যয় আনতে পারবে না যদি আমরা পশ্চিমবঙ্গে সবুজ বিপ্লব সফল করতে পারি। এইজন্য প্রথম ও প্রধান দরকার যান্ত্রিক উপায়ে চাষের ব্যবস্থা। আরো অধিক জমিতে খাল থেকে সেচের ব্যবস্থা করা। Deep tubewell, shallow tubewell থেকে, life ইত্যাদি মারফৎ আরো বেশী পরিমাণ জমিতে জলসেচ দেবার ব্যবস্থা করা। আরো অধিক ফলনশীল ফসলের চাষ বৃদ্ধি করা। সেজন্য দরকার স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা ও আরো নতুন নতুন পরিকল্পনা গ্রহণ করা এবং তারজন্য অর্থসংস্থান করে এই পরিকল্পনাগুলি যুদ্ধকালীন জরুরী ভিত্তিতে দ্রুত রূপায়ণের ব্যবস্থা করা।

**Shri Kumardipti Sen Gupta :** Sir, I beg to move that ১৬নং অনুচ্ছেদের পর নিম্নলিখিত নতুন অনুচ্ছেদটি যুক্ত করা হউক, যথা—

> "উপরিউক্ত ব্যবস্থাগুলি চলিত থাকাকালে প্রাকৃতিক দুর্যোগজনিত অবস্থা পরিপূর্ণভাবে চিরকালীন আয়ত্বে আনার নিমিত্ত জেলাভিত্তিক প্রয়োজনীয় নির্ধারিত জমিতে নদী-নালা ও ভূগর্ভ হইতে জলসেচের ব্যবস্থা গ্রহণের জন্য ও মজিয়া যাওয়া নদ-নদী খাল-বিল সংস্কারপূর্বক অবিলম্বে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা ও তাহার পরামর্শমত সত্বর ব্যবস্থা অবলম্বন করা।"

মিঃ স্পীকার, স্যার, আজকের দিনে আমি যখন এই amendment move করছি, তখন সারা পশ্চিম বাংলায় রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক জীবনেও এক ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। পশ্চিমবঙ্গে খরা যেন একটা নিত্যনৈমিত্তিক ব্যাপার। পশ্চিমবঙ্গে এই খরা চলছে, চলবে ; পশ্চিমবঙ্গে বন্যা হচ্ছে, হবে। রাজনৈতিক রণাঙ্গনে এদের আক্রমণকে রুখতে আমরা লেজিসলেটররা মৃত সৈনিকের ভূমিকা গ্রহণ করতে পারবো। আজকের দিনে গ্রামের লোকের যে কথা—সে কথা হলো একটা কিছু আপনারা করুন। এমন একটা কিছু করুন যাতে আমরা এই খরা ও বন্যার হাত থেকে চিরকালের মত পরিত্রাণ পাই। এই বিষয়টা বুঝতে আমার মনে হয় কেবলমাত্র একটি উদাহরণ দিলেই যথেষ্ট। মুর্শিদাবাদে ৯০ হাজার একর জমির মধ্যে মাত্র ৫১ হাজার বিঘা জমি Irrigated. আজকে এটাকে যদি আমরা দু'লক্ষ একর জমি Irrigated করতে পারি, সেটা সরকারের দিক থেকে করার অসুবিধা নাই। অসুবিধা হচ্ছে আমলাতান্ত্রিক দিক থেকে বাধা। এটা যদি করা যায়, তবে এই যে 30% আমন এবার হবে—২৪০ কোটি টাকার আমনের ক্ষতি হয়েছে—এই ক্ষতিটা make up করবার জন্য। Supplement করবার জন্য, loss পরিপূর্ণ করবার জন্য আজকে যদি আমরা প্রত্যেক জেলায় নির্দিষ্ট সংখ্যক জমির পরিমাণ রেখে সেই যেখান দিয়ে Irrigation-এর জলের ব্যবস্থা করতে পারি। যেখান দিয়ে ইরিগেসন করতে পারি—জলের ব্যবস্থা করতে পারি। আই আর ৮,

[4-10—4-20 p. m ]

জয়া-পদ্মা এইসব আমাদের দেশেরই তৈরী আমাদের দেশের বৈজ্ঞানিকরা এটা তৈরী করেছেন যার ফলন হচ্ছে বিঘা প্রতি ২০ মণ আর আমন ধানের ফলন হচ্ছে ছয় থেকে দশ মণ। এখন দুইলক্ষ একর জমিতে আমরা যদি কোনরকমভাবে ইরিগেটেড করতে পারি তাহলে যতই খরা হোক্‌না কেন তাহলে আমাদের এই পশ্চিমবঙ্গ কখনও শ্মশান বাংলায় পরিণত হতে পারবে না। আমি যে প্রস্তাব রেখেছি সেই প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আমাদের পশ্চিম বাংলার যে দুরবস্থা, সেই দিকে আমি দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছি। পশ্চিম বাংলার সংগে সেনট্রাল গভর্নমেণ্ট এতদিন যে ব্যবহার করে এসেছে এই অবস্থায়ই হচ্ছে তার নমুনা। আজকে পাঞ্জাবে ক্যানেলে যে জল যায় তাতে ৪৯ লক্ষ একর জমিতে জল দেওয়া হয় আর এই পশ্চিম বাংলা সমস্যাজর্জরিত হতভাগ্য পশ্চিম

বাংলা থেকে সেখানে জল দেওয়া হয় ৯ লক্ষ একর জমিতে। আজকে মাদ্রাজে gross area irrigated to gross area sown. তাহলে মাদ্রাজে দেখবেন ৪৪'১৯ পারসেন্ট জমিতে ইরিগেসনের ব্যবস্থা রয়েছে সেখানে পশ্চিম বাংলার অবস্থা হোল ২১'৫২। বৃষ্টির জলের কথা চিন্তা করুন, মাত্র ৪৯% জল নদী দিয়ে বয়ে যায় ১,৩৫৬ acre million feet of water.

এই সমস্ত জিনিস হচ্ছে তাতে নদী, নালাগুলি খাল বিল ইত্যাদি সব মজে গেছে। তাকে ড্রেজিং করতে হবে এগুলি খনন করার দরকার আছে। আর আমাদের ভারতবর্ষের নদীতে জল যায় তার সংখ্যা অর্থাৎ নদী দিয়ে যে জল আসে তা হচ্ছে ১,৩৫৬ একর মিলিয়ন ফিট অব ওয়াটার। আমরা যে জল নদী থেকে পাবো তা হচ্ছে ৭৬ acre million feet of water অর্থাৎ ৫'৫%। এই জল যদি আমরা না রাখতে পারি তাহলে আমাদের দেশে খরা হবে, বন্যা হবে। ইরিগেসনের কোন ব্যবস্থাই হবে না। আজকে ডিপ টিউবওয়েল করে জমিতে চাষ করবেন—সেখানে ১০০ একর জমিতে চাষ করতে পারবেন। কিন্তু তার খরচ এক লক্ষ টাকা। অর্থাৎ ১৪ কোটি টাকা খরচ করে আমরা ১ লক্ষ ৪০ হাজার একর জমিতে জল দিতে পারবো অর্থাৎ সেটা দো'ফসলী জমি হবে। আজকে যে সেনট্রাল স্টাডি টিম করা হয়েছিল তারা পশ্চিম বাংলার জন্য ১৪ কোটি টাকা দাবি করেছে—এটা তাদের রিপোর্টে পাওয়া যাচ্ছে। এটা আমরা পাবো কি না জানি না—এটা ঠিক নাই, তবে চেষ্টা করছেন। হয়তো পাবেন না। এই অবস্থায় বিকল্প ব্যবস্থা কি সেটা কি চিন্তা করেছেন? আমাদের দেশে দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ যখন নন-কোঅপারেসন মুভমেন্ট করেছিলেন তখন তাঁরা বলেছিলেন যে Education can wait but freedom. আমাদের মাননীয় সাত্তার সাহেব মার্কেটিংয়ের জন্য ১৪ কোটি টাকা খরচ করবেন বলেছেন। কিন্তু বর্তমানে পশ্চিম বাংলায় যে অবস্থা এবং পশ্চিমবঙ্গে যদি জলের অভাব মেটাতে না পারি তাহলে এক ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। সেইজন্য আমি এই কথা বলবো যে Marketing can wait but irrigation cannot. আজকে পশ্চিমবঙ্গে যে হাহাকার, যে আর্তনাদ উঠেছে সেখানে যে বুভুক্ষু মানুষ আর্তনাদ করছে, সমস্ত শক্তি দিয়ে তাদের প্রাণ সঞ্চার করতে হবে—তাদের সঞ্জীবনী ঢেলে দিতে হবে। সেইজন্য আমি যে প্রস্তাব রেখেছি তার অত্যন্ত গুরুত্ব আছে। আজকে আমাদের পশ্চিম বাংলায় চাষ হয় ১০ মিলিয়ন একরস্ অব আমন সেখানে আজকে দেখা যাচ্ছে ১'৫ মিলিয়ন একরে আমন চাষ হয়েছে অর্থাৎ ১/১০ অংশ মাত্র চাষ হয়েছে। পশ্চিম বাংলায় যেখানে ৯'৬ একরে খারিফ শস্য হোত সেখানে আজকে হয়েছে মাত্র ১ মিলিয়ন, just 1/9th. আজকে খবরের কাগজে দেখছিলাম বৃষ্টি হয়েছে—কিন্তু যতই বৃষ্টি হোক না কেন চাষীদের মনে আনন্দ হোক না কেন জল পড়ছে বলে এতে চাষের কোন বিশেষ আর সুবিধা হবে না। কারণ নূতন করে বীজ করে সেখানে ফলন হওয়া আর সম্ভব নয়। আমি একটা এক্সপার্ট কমিটির কথা বলছি যেটা আমলাতান্ত্রিক এক্সপার্ট কমিটি নয়। ময়ূরাক্ষীর এক্সপার্ট কমিটি আমরা দেখেছি, সেখানে খরার সময় জল দিতে পারে না, বন্যার সময় জল ধরে রাখতে পারে না, এই রকম অবস্থা। তারপর ফরাক্কার এক্সপার্ট কমিটির ক্ষেত্রে দেখেছি সেখানে ফরাক্কার অবস্থা প্রায় ডুবু ডুবু। আজকের দিনের এক্সপার্টরা মেঘনাদ সাহার মত মনীষীদের কথাও শোনে না। ময়ূরাক্ষী প্রথম যেদিন তৈরি হয় সেদিন তিনি বলেছিলেন আমি পুনঃ পুনঃ বারন করছি, এ জিনিস আপনারা করবেন না, কিন্তু করা হল এবং তিনি যা বলেছিলেন হলও ঠিক তাই। তারপর স্যার, ফরাক্কা সম্বন্ধে বলতে গিয়ে কপিল ভট্টাচার্যের একটা বই'এর কথা বলব, এটা পাবলিশড হয়েছিল ইন দি ইয়ার ১৯৫৪তে। তাতে ফরাক্কা সম্বন্ধে বলা হয়েছে, অনেক অল্প ব্যয়ে কতকগুলি বিকল্প উপায়ে এর সকল উপকারিতাই মেটানো যায় বলেই আমি মনে করি। তারপর তিনি বলেছেন, যেকথা বিশ্বনাথবাবু কয়েকদিন আগে বলছিলেন, খাল দিয়ে নিয়মিত যে ২০ হাজার কিউসেক জল ভাগিরথীতে অনুপ্রবিষ্ট করানো হবে জোয়ারের জলের সংগে সেই প্রবাহ প্রতিহত হয়ে নৈহাটি ও কাঁচড়াপাড়া অঞ্চলে হুগলী নদীর গর্ভে পলি পতিত হয়ে চরের সৃষ্টি হবে এবং ক্রমে এই জোয়ারের প্রতিক্রিয়ায় খাল পর্যন্ত মজে যাবে, যেমন একদিন

ভাগিরথীর উতস মজে গিয়েছিল, এটা ১৯৫৪ সালে কপিল ভট্টাচার্য মহাশয় বলেছিলেন। আজকে স্যার, আমি যে একসপার্ট কমিটির কথা চিন্তা করছি তাতে আমরা আশা করবো অজয়বাবুর মত বিচক্ষন, সর্বগুনসম্পন্ন লোক রয়েছেন সে রকম লোক যেন থাকেন, আমাদের যেন বলতে না হয় হে মা গংগা মর্ডান ভগীরথরা তোমাকে কোলকাতা পর্যন্ত নিয়ে আসতে পারলো না! কাজেই আজকে সেই ধরনের একসপার্ট কমিটির দরকার যাঁরা সমস্ত জিনিসটা বোঝেন, আমরা আমলাতন্ত্রের উপর নির্ভরশীল হতে চাই না। স্যার, আজকে পশ্চিমবংগে শান্তি বিরাজ করছে কিন্তু সেটা শ্মশানের শান্তি। পশ্চিমবংগে আজকে আমরা দুর্ভিক্ষের করাল ছায়া দেখতে পাচ্ছি। আজকে তাই আমি বলব, এমন যেন না হয় যাতে ভবিষ্যত বংশধররা আমাদের বলতে পারে, হে রাষ্ট্রের কর্নধাররা, তোমরা সেদিন ভুল করেছিলে। তারা যেন বলতে না পারে, তোমরা কি সেদিন পথ হারাইয়াছিলে? আজকে যে পথনির্দেশ দিলাম এ পথ নির্দেশ আপনারা যদি গ্রহণ না করেন— কবিগুরুর ভাষায় বলি, সেইসব মানুষদের জন্য, যাদের সম্বন্ধে উনি বলেছিলেন,

আগুন লেগেছে কোথা ?
কোথা হতে ধ্বনিছে ক্রন্দনে
শূন্যতল, কোন্ অন্ধকারামাঝে জর্জর বন্ধনে
অনাথিনী মাগিছে সহায় ?
ওই যে দাঁড়ায়ে নতশির
মূকসবে ম্লান মুখে লেখা শুধু শত শতাব্দীর
বেদনার করুন কাহিনী, স্কন্ধে যত চাপে ভার
বহি চলে মন্দগতি, যতক্ষন থাকে প্রান তার
তারপরে সন্তানেরে দিয়ে যায় বংশ বংশ ধরি,
নাহি ভৎসে অদৃষ্টেরে, নাহি নিন্দে দেবতারে স্মরি,
নাহি জানে অভিমান,
নাহি জানে কার দ্বারে দাঁড়াইবে বিচারের আগে—
দারিদ্রের ভগবানে বারেক ডাকিয়া দীর্ঘশ্বাসে
মরে সে নীরবে।

মাননীয় স্পীকার মহাশয়, স্বাধীনতার ২৫ বছর পরে এর কি কোন প্রতিবিধান হতে পাবে না ?

[4-20—4-30 p.m.]

**Shri Debendra Nath Sinha :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস মহাশয় খরা পরিস্থিতি নিয়ে যে প্রস্তাব এনেছেন আমি তাকে স্বাগত জানাচ্ছি এবং স্বাগত জানিয়ে আমি একটি অ্যামেণ্ডমেণ্ট মুভ করছি। আমার অ্যামেণ্ডমেণ্টটি হচ্ছে, ২য় লাইনে, "দক্ষিন ২৪ পরগনা" এই কথাগুলির পরিবর্তে শুধু "২৪ পরগনা" বসান হউক। মাননীয় অধ্যক্ষমহাশয়, গত কয়েকদিন ধরে খরা পরিস্থিতি নিয়ে অনেক কিছু আলোচনা হয়েছে। বিশেষ করে মালদহ, পশ্চিম দিনাজপুর, মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া ইত্যাদি জেলার খরা পরিস্থিতি নিয়ে অনেক আলোচনা হয়ে গেছে। এরপরে মাননীয় বিশ্বাস মহাশয় যে মোসান এনেছেন তাতে তিনি যে দক্ষিণ ২৪ পরগনা রেখেছেন সে সম্বন্ধে আমি এই অ্যামেণ্ডমেণ্টটি এনেছি। এটা দক্ষিণ ২৪ পরগনার পরিবর্তে ২৪ পরগনা হবে। মালদহ, পশ্চিম দিনাজপুর ইত্যাদি জায়গায় যেরূপ খরা পরিস্থিতি দেখা দিয়েছে তেমনি আমাদের সমগ্র ২৪ পরগনা জেলাতে সেইরূপ পরিস্থিতি দেখা দিয়েছে। এখানকার পরিস্থিতিও ঐসব এলাকার পরিস্থিতির চেয়ে কোন অংশেই কম নয়। বিশেষ করে বসিরহাট মহকুমার সুন্দরবন অঞ্চলের অবস্থা অত্যন্ত শোচনীয়। এই সুন্দরবন অঞ্চলের বিশেষ করে গোসাবা, সন্দেশখালি হাসনাবাদ, হাড়োয়া, মিনাখা প্রভৃতি অঞ্চলে ভয়াবহ পরিস্থিতি দেখা দিয়েছে। এই এলাকার পরিস্থিতি এত ভয়াবহ হওয়া সত্ত্বেও

আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে সেখানে এখন পর্যন্ত গরীব, ক্ষেত মজুর মানুষদের জন্য যথেষ্ট পরিমাণে জি আর, টি আর এর ব্যবস্থা করা হয়নি। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তিনি এই সুন্দরবন অঞ্চলের অবহেলিত মানুষদের জন্য যথেষ্ট পরিমানে জি আর. টি আর এর ব্যবস্থা করে তাদের এই রকম ভয়াবহ পরিস্থিতির হাত থেকে বাঁচান। এই সুন্দরবন অঞ্চলে ভূমিহীন চাষীর সংখ্যাই বেশী। তারা এখনও সম্পূর্ণভাবে বেকার অবস্থায় কাল যাপন করছে এবং দিশেহারা হয়ে ঘুরে বেড়াচ্ছে। তারা চেঁচকো ঘাসের মূল খেয়ে প্রায় দু মাস কাটাতো। সেই চেঁচকো ঘাসের মূলই যে তাদের একমাত্র সম্বল ছিল, সেটাও এখন আর পাওয়া যাচ্ছে না। তার তাই বিভ্রান্ত হয়ে এদিক ওদিক চলে যাচ্ছে। তাই মাননীয় অধ্যক্ষমহায়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই সুন্দরবন অঞ্চলে সিডিউল্ড কাস্টস এণ্ড সিডিউল্ড ট্রাইবসদের সংখ্যা খুব বেশী, তাদের এই খবার হাত থেকে বাঁচাবার জন্য যথেষ্ট পরিমানে জি আর. টি আর এর ব্যবস্থা করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shrimati Ila Mitra :** মাননীয় অধ্যক্ষমহাশয়, কিছু দিন আগে প্রদেশ কংগ্রেসের সহ-সভাপতি শান্তি দাশগুপ্তের নেতৃত্বে একটি স্টাডি টিম পশ্চিম দিনাজপুর এবং মালদহের খরা পরিস্থিতি সরেজমিনে দেখবার জন্য সেখানে উপস্থিত হয়েছিলেন, সে কথা আপনার নিশ্চয়ই মনে আছে। তার কয়েকদিন আগে এখানকার একজন মাননীয় মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন প্রকাশ্যে বিবৃতি দিয়ে বলেছিলেন যে মালদহ এবং পশ্চিম দিনাজপুরে এমন পরিস্থিতি দাঁড়িয়েছে যে সেখানে ইতিমধ্যেই ৫০ জনের অনাহারে মৃত্যু হয়েছে। তাছাড়া এই বিধানসভা মালদহ জেলার খরবাখরর এম-এল-এ মহবুল হক এবং ইংলিশবাজারের এম-এল-এ শ্রীবিমল দাস, তারা দৃষ্টি আকর্ষণ করে বলেছিলেন যে মালদহের অবস্থা এমনই সঙ্কটজনক যে সেখানে অনাহারে মৃত্যু ঘটেছে এবং এখনই যদি সরকারপক্ষ থেকে দৃষ্টি দেওয়া না হয় তাহলে পরিস্থিতি আয়ত্বের বাইরে চলে যাবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার নিশ্চয়ই মনে আছে এই বিধানসভায় দৃষ্টি আকর্ষণ করে আমি কয়েক জনের অনাহারে মৃত্যুর তালিকা দিয়েছিলাম এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে একটি চিঠি দিয়ে জানিয়েছিলাম যে এই সম্পর্কে এখুনি ব্যবস্থা করা প্রয়োজন। কেন না, সরকার থাকবে, আর মানুষ না খেয়ে মারা যাবে এ জিনিস কখনই হতে পারে না। প্রদেশ কংগ্রেসে সহ-সভাপতি শান্তি দাশগুপ্তের নেতৃত্বে গঠিত স্টাডি টিম মালদহ এবং পশ্চিম দিনাজপুরে সরেজমিনে তদন্ত করতে গিয়েছিলেন এবং তারা ফিরে এসে যে রিপোর্ট দিয়েছেন সেটা অত্যন্ত ভয়াবহ রিপোর্ট। তাঁরা যে রিপোর্ট পেশ করেছেন তাতে বলা হয়েছে যে মৃত্যুর সংখ্যা এবং গণঅনাহার প্রচণ্ড ভাবে বেড়ে চলেছে বিশেষ করে তার মধ্যে দুধের অভাবে, খাদ্যের অভাবে শিশুর মৃত্যু সবচেয়ে বেশী হচ্ছে। মানুষ না খেতে পেয়ে, অখাদ্য কুখাদ্য খাচ্ছে, গাছের পাতা খাচ্ছে, এগুলি খেয়ে তারা বিকলাঙ্গ হয়ে পড়ছে এবং উদ্বন্ধনে আত্মহত্যা করছে এবং অনাহারে মৃত্যু ঘটছে। তাছাড়া মাঠে খরার জন্য, ঘাস এবং খাদ্য না থাকার জন্য গরু বাছুর খেতে পাচ্ছে না, গরুর বাঁটে দুধ নেই, খাদ্যের অভাবে মায়ের বুকে দুধ নেই। এই রকম পরিস্থিতিতে কি ভাবে শিশুর মৃত্যু ঘটছে সেই খতিয়ান দিয়েছে। তাছাড়া ক্ষেতমজুর, ভাগচাষী সম্পূর্ণভাবে বেকার হয়ে পড়েছে, ফসলের সম্ভাবনাহীন মাঠে ফাটল ধরেছে, সেখানে দুর্ভিক্ষের এবং ধ্বংসের ছায়া নেমে এসেছে, report তাঁরা দিয়েছেন। এই মালদহ এবং পশ্চিম দিনাজপুরের সমস্ত গণতান্ত্রিক মানুষ —কংগ্রেস কমিউনিস্ট পার্টির সদস্যবৃন্দ এবং তাদের নেতৃত্ব সমস্ত মানুষ একজোটে অনশন করছে, তারা মিছিল করেছেন, তারা জানিয়েছেন যে অবিলম্বে এর জন্য ব্যবস্থা করা হোক। তানাহলে এই অবস্থা আয়ত্বের বাইরে চলে যাবে। মানুষের মৃত্যু ঘটছে এবং আরো ঘটবে এই অবস্থার কোন পরিবর্তন হয় নি। সমস্ত কিছু কাগজে বেরিয়েছে। এই রকম একটা সংকটের সময় আমরা জানতে চাই সরকারী আমলারা কি করছেন? রাজ্যের ঐ সব ক্ষমতালোভী অলস,

অপদার্থ যে সমস্ত জেলাশাসক রয়েছেন তারা এই সময় কি করছেন রাজ্যের জনসাধারণ তাদের কাছে সরাসরি কৈফিয়ৎ চায়। বিশেষ করে এই দুটি জেলা—মালদহ এবং পশ্চিম দিনাজপুরে সেচ দপ্তরের আমলারা যে ঔদাসীন্য দেখিয়েছেন এই সংকটের সময়, তারা যে মিথ্যা report করে সরকারকে প্রচণ্ডভাবে বিভ্রান্ত করেছেন তার নজির ইতিহাসে দেখা যায় না। আমার সময় কম, কাজেই ২।১টি উদাহরণ দিচ্ছি। যখন পশ্চিমদিনাজপুর সম্পর্কে তারা report দিয়ে বলেছেন, ৮৫টি গভীর নলকূপ সেখানে কাজ করছে। তারপর study team-এর পক্ষ থেকে কংগ্রেস M L A-রা সেখানে গেলেন অনেক জেরাটেরার পরে বললেন ৫৩টি। তারপর দেখা গেল মাত্র ১১টি চালু আছে ৮৫টির জায়গায়। সেই ১১টির মধ্যে যেখানে একশত একর জমিতে জল পৌঁছাবার কথা সেখানে মাত্র ৫০ একর জমিতে জল আছে। অথচ সরকারকে report দিয়েছেন সব ব্যবস্থা ঠিক আছে এবং সরকার সেই report-এর উপরে বিশ্বাস করেছেন। শুধু তাই নয়, মালদহ জেলারও সেই রকম অবস্থা। সেখানেও আমলারা report দিয়েছেন ৯৬টি গভীর নলকূপ চালু আছে, অবস্থা খুব ভাল কোন অসুবিধা নেই। অথচ সেখানে তদন্ত করতে গিয়ে দেখা গেল যে প্রথমতঃ কাগজ-পত্র নেই। অনেক খোঁজাখুঁজির পরে কাগজ-পত্র নিবে উপস্থিত করা হল তাতে দেখা গেল ৯৬টির জায়গায় মাত্র ১৫টি চালু আছে এবং তাও প্রায় ভেঙ্গে গেছে। কাজেই এখানেও প্রকৃত অবস্থাকে গোপন করে লক্ষ লক্ষ মানুষের জীবনের সর্বনাশ ডেকে এনে নিজেদের ব্যর্থতা, নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য যে সমস্ত আমলারা অসত্য report দাখিল করেছেন তার কৈফিয়ৎ কি? তার কৈফিয়ৎ শুধু আমি একা নয়—ঐ মালদহ এবং পশ্চিম দিনাজপুরের অনাহারে যে সমস্ত মানুষের মৃত্যু হয়েছে তাদের আত্মীয়স্বজন বন্ধুবান্ধব বুভুক্ষ মানুষ আজকে সরকারের কাছে, সেই আমলাদের কাছে কৈফিয়ৎ চায়। এবং অবিলম্বে এসমস্ত আমলাদের বিরুদ্ধে তদন্ত করা হোক, তাদের শাস্তির ব্যবস্থা করা হোক। ব্যাপক খরা হবে জেনেও কেন তারা জেলায় প্রচুর গভীর নলকূপের ব্যবস্থা করেন নি? আজকে যখন স্বাধীনতার ২৫ বছর রজত-জয়ন্তী উৎসব আমরা পালন করতে যাচ্ছি তখন এই রকম অনাহারে মৃত্যু ঘটবে এটা কি আমাদের লজ্জার কথা নয়? মাননীয় অধ্যক্ষমহাশয়, মালদহ জেলা, পশ্চিমদিনাজপুর জেলায় সেখানে যদি আপনি যান তবে দেখবেন যে অভাবে, অনাহারে এবং মৃত্যুর প্রতিবাদে প্রত্যেক এলাকা থেকে মিছিল আসছে, দলমত নির্বিশেষে তারা দাবি করছে যে এই ২টি জেলাকে দুর্ভিক্ষ এলাকা বলে ঘোষণা করা হোক এ গ্রামের প্রতিটি ব্লকে লোঙরখানা খোলা হোক। মাননীয় অধ্যক্ষমহাশয়, মালদহের অবস্থা আরও শোচনীয়। সেখানে রেশম শিল্পের অবস্থা চরমে দাঁড়িয়েছে। রেশম শিল্প বিপর্যয়ের মুখে এসে দাঁড়িয়েছে। বন্যার ফলে সেখানে তুঁতপাতা নষ্ট হয়ে যাচ্ছে। আজকে খরার জন্য সেগুলি হলুদ হয়ে নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই আমরা বলতে চাই দেশে সরকার থাকবে, প্রশাসন থাকবে অথচ গ্রামের মানুষ, কৃষিজীবী মানুষ, তারা অনাহারে মারা যাবে এ জিনিস কিছুতেই হতে পারে না।

[4-30—4-40p.m.]

ইতিমধ্যে আমরা দেখলাম খবরের কাগজের মাধ্যমে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী তাঁরা বিবৃতি দিয়েছেন যে, ৯০ লক্ষ টন খাদ্যশস্য মজুত আছে। কাজেই খাদ্য নেই এই কথা বলা যায় না। ৯০ লক্ষ টন মানে প্রচুর খাদ্য মজুত আছে, কিন্তু আমাদের প্রচণ্ড আশংকা এবং আমরা জানি যে এ কথা সত্য যে গরীব মানুষের ঘরে খাদ্য যাচ্ছে না, বাজারে সমস্ত রকমের খাদ্যের দর হু-হু করে বেড়ে যাচ্ছে, তাকে নামান যাচ্ছে না, এর জবাব কি? জবাব এড়িয়ে যাবার চেষ্টা করলে অনাহার ঘটবে দুর্ভিক্ষ ঘটবে, এবং ঘটছে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। এই পুঁজিবাদী ব্যবস্থার মধ্যে অনাহার ঘটাটাই স্বাভাবিক ফল, যে ফল ভারতবর্ষে ঘটছে, পশ্চিম বাংলায় ঘটেছে। যদি এই অবস্থার পরিবর্তন না করা যায় তাহলে কিছুই হবে না। মাননীয় অধ্যক্ষমহাশয়, পশ্চিমবাংলার খাদ্য আমদানীর জন্য যানবাহন এর অভাব একটা বিঘ্ন

সৃষ্টি করছে বলে কথা উঠেছে, তাই আমি রাজ্য সরকারকে বলছি যে জাহাজে করে মাল আনা যাচ্ছে না, আজকে এই দুর্দশা সৃষ্টি হয়েছে, তাই আমরা যদি শ্রমিক কর্মচারীদের কাছে আবেদন করি তাহলে তারা আমাদের একটা উপায় বাতলে দিতে পারেন। সেজন্য আমি মন্ত্রীসভার কাছে বলব, আবেদন করব যে কেবলমাত্র উপর তলার আমলাদের কাছে নয় নীচের তলার কর্মচারীদের কাছে কি আবেদন করা যায় না? যুদ্ধকালীন অবস্থার মত সব কিছু করা হবে ঘোষণা করা হয়েছে, কিন্তু শুধু ঘোষণাই নয় কাজেও সেটা করতে হবে। তাই আমি বলতে চাই পূর্বেও বলেছি ডাল এবং চিনির পাইকারী ব্যবসার রাষ্ট্রীয়করণ চাই। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসমূহের যেমন কাগজের কল, চিনির কল এই সমস্ত এখনই জাতীয়করণ চাই এবং বণ্টন-পদ্ধতির পরিবর্তন চাই। ধনতান্ত্রিক শাসনব্যবস্থা থেকে উৎপাদন এবং বণ্টনব্যবস্থাকে পরিবর্তন করতে না পারলে লক্ষ লক্ষ মানুষ দুর্দশাগ্রস্ত হবে, আর ঐ বড় বড় মুনাফাখোরদের পৌষ মাস হবে। ইতিমধ্যে কংগ্রেস পরিষদীয় দলের পক্ষ থেকে অনেকেই দাবি জানিয়েছে যে কালোবাজারীদের এবং মুনাফাখোরদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই ব্যাপারে আমরা বলেছি যে কালোবাজারীদের উপর এবং কালো টাকার উপর যদি আঘাত হানতে হয় তাহলে তার প্রধান পথ হলো বিমুদ্রাকরণ। এ সম্পর্কে কংগ্রেস এবং কমিউনিস্ট পার্টি একই রকম কথা বলছে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি কংগ্রেসের ভিতরে এবং বাইরে এমন সব মানুষ আছেন যারা খাদ্য ব্যবসায় জাতীয়করণ চায় না, তাই তাদের বিরুদ্ধে আমাদের একযোগে অভিযান চালাতে হবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, শতাধিক বছর আগে ব্রিটিশ আমলে যে কোড তৈরী করা হয়েছিল, আমরা বলতে চাই তাদের সেই ঐতিহ্য সেই দাপট আজও কি আমাদের শাসন ব্যবস্থায় বজায় থাকবে? সেই কোডে বলা হয়েছিল যদি গাছের পাতা থাকে, যদি মেয়েমানুষ তাদের ইজ্জত বিক্রি না করে তাহলে সেই অবস্থাকে দুর্ভিক্ষ অবস্থা বলা যেতে পারে না। আজকে স্বাধীনতার ২৫ বছর পর ব্রিটিশ যে কোড তৈরী করে গিয়েছিল তাকে কি মেনে নিতে হবে? তাই আমি বলতে চাই যে মালদা এবং দিনাজপুরকে দুর্ভিক্ষ এলাকা বলে ঘোষণা করতে হবে। স্বাধীনদেশের একটা সরকার, সে যদি বাস্তব অবস্থাকে স্বীকার করে তাতে লজ্জার কোন কারণ নেই। তাতে হয়ত কেন্দ্রের কিছুটা উদ্বেগ হতে পারে কিন্তু লক্ষ লক্ষ মানুষকে কিছু ব্যবস্থা অবলম্বন করে বাঁচান যেতে পারে। আজকে অনাহারে মৃত্যু ঘটেছে কি ঘটে নি এই নিয়ে তর্ক করতে চাই না, আমি দেখেছি অনাহারে মৃত্যু ঘটেছে। তাই আমি এখানে বলতে চাই যে সরকার এই সমস্ত প্রতিকূল অবস্থার বিরুদ্ধে দৃঢ় হয়ে দাঁড়ান এবং যুদ্ধকালীন জরুরী অবস্থার ভিত্তিতে এই খরা ও বন্যার মোকাবিলা করুন এবং এর মোকাবিলা করার জন্য স্থায়ী পরিকল্পনা গ্রহণ করুন। দৈনিক যে সমস্ত পণ্য মানুষের প্রয়োজন তার উপর সরকারের পরিপূর্ণ নিয়ন্ত্রণ আনা হোক। কালোবাজারীরা মুনাফাখোররা এই সুযোগে লক্ষ লক্ষ লোকের জীবনের বিনিময়ে মুনাফা করেছে তাদের মিসায় গ্রেপ্তার করে তাদের খাদ্যশস্যকে সরকার গুদামজাত করুন। আর মুহূর্ত সময় নষ্ট করার মতো সময় নেই। নির্বাচিত সরকার থাকবে, নির্বাচিত প্রতিনিধি থাকবে অথচ মানুষ না খেয়ে মরছে এ হতে পারে না। সেইজন্য প্রয়োজনীয় ব্যবস্থা এক মুহূর্ত বিলম্ব না করে গ্রহণ করুন।

( At this stage the red light was lit. )

**Mr. Speaker :** Shrimati Mitra, you have taken six minutes more than the allotted time. I am deducting this six minutes from other member of your party. I am sorry.

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে মাননীয় সদস্য শ্রী আবদুল বারি বিশ্বাস যে মোশান নিয়ে এসেছেন সে মোশনকে আমরা নিশ্চয় অন্তরের সংগে সকলে সমর্থন করছি। আজকে খরা এবং দুর্গতি নিয়ে এবং খাদ্যাভাব নিয়ে এবং আনুসঙ্গিক

ব্যবস্থা নিয়ে আমরা নিশ্চয়ই খুবই উদ্বিগ্ন। কিন্তু এই বিষয়টা নিয়ে যখন আমরা বলবো, এই বিষয়টা নিয়ে যখন আমরা আলোচনা করবো তখন আমাদের নিশ্চয়ই ভাবতে হবে যে সরকারকে আমরা তীব্র এবং তিক্ত ভাষায় সমালোচনা করছি সেই সরকারকে সমালোচনার সংগে সংগে সেই সরকারের প্রতি সহযোগিতার মনোভাব থাকা প্রয়োজন এবং সেই সরকারের যে কর্মধারা যদি আমরা প্রত্যেকে হাতে হাত মিলিয়ে, কাঁধে কাঁধ মিলিয়ে সমর্থন করি তাহলে নিশ্চয় আমরা সংকট কাটিয়ে উঠতে পারবো। আজকে যে এই সংকট গত বছরের সর্বনাশা বন্যায় যে বন্যায় পশ্চিমবঙ্গকে প্রায় নিঃশেষ করে ফেলেছিল এবং এই বছর খরায় যার প্রকোপে প্রতিটি জেলায় চলেছে এবং এই খরার পরে বর্ষা নামার বদলে আবার দেখছি সেই খরা। সেই খরার প্রকোপে মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, শস্য ভাণ্ডার বর্ধমান, বীরভূম, মালদহ, পশ্চিম দিনাজপুর, ২৪ পরগনা, নদীয়া কেন প্রায় প্রতিটি জেলাই পড়েছে। তাও গত বছর বন্যা এবং এই বছর খরা এবং যে সময়ে চাষ হওয়ার কথা, বাংলাদেশের চাষীদের মুখে হাসি ফোটার কথা, সেই সময় খরার এই দুরূহ অবস্থা হয়ে পড়ায় আজকে সরকারকে এই অবস্থার মোকাবিলা করতে হবে। আমরা জন-প্রতিনিধি আছি, বিধানসভার সদস্য আছি, আমাদের বুঝতে হবে যে কণ্ঠস্বর যতই তীব্র হক, বাস্তব যতই তীব্র হোক যে পরিস্থিতির মোকাবিলা সরকার করছেন তা বুঝে সমস্যার সমাধানের পথ খুঁজতে হবে। আজকে যে খরা, দুর্গতি এবং দারিদ্র নিয়ে আলোচনা, এই আলোচনা প্রসংগে প্রথম আসে পশ্চিমবঙ্গের খাদ্যের যে অবস্থা, পশ্চিমবঙ্গের খাদ্যের যে চিত্র সেটা নিয়ে পর্যালোচনা করা এবং স্বাভাবিকভাবেই সরকারকে সেই চিত্রের মধ্যে টেনে আনতে হয় যেহেতু খাদ্য ব্যবস্থা খাদ্য বিভাগের দ্বারা পরিচালিত। পশ্চিমবঙ্গে ৩ কোটি ৮৮ লক্ষ লোকের রেশন কার্ড রয়েছে যেগুলো মডিফায়েড রেশনের দ্বারা কনট্রোল্ড এবং কলকাতা, দুর্গাপুর এবং আসানসোল এলাকার লোক রেশনের মাধ্যমে রেশন পান। রেশনে ১৯৭১ সালে ৯৫০ গ্রাম চাল দেওয়া হতো তাকে বাড়িয়ে এক হাজার গ্রাম করা হয়েছিল, ১৯৭২ সালে এক হাজার থেকে বাড়িয়ে করা হয়েছে এগারশ গ্রাম। বন্যার সময় দেখেছি মালদহ, মুর্শিদাবাদ, মেদিনীপুর, বর্ধমান, ২৪ পরগনার যেখানে বন্যার প্লাবন হয়েছে সেখানে এ, বি, সি, ডি সমস্ত ক্যাটাগরীতে রেশন দেওয়া হচ্ছে। সুন্দরবনের মানুষ এই প্রথম রেশনের আওতায় এলেন। সুন্দরবনের ১২ লক্ষ লোক রেশন পাচ্ছে।

[4-40—4-50 p.m.]

গ্রামাঞ্চলে চাল ৬০০ গ্রাম থেকে ৭০০ গ্রাম করা হয়েছে। আজ ১৩ হাজার এম, আর, সপ ও ৩২ হাজার এম, আর, সপ-এর মাধ্যমে এই রেশন পরিচালিত হচ্ছে। তাই সমস্যা সমাধান করার চেষ্টা যে সরকার করছেন সে বিষয় সন্দেহ নেই। আমাদের খাদ্যদ্রব্যের ঘাটতি রয়েছে এটা ঠিকই। কিন্তু ১৯৬৯ সালে যুক্তফ্রন্টের সময় এই জুলাই মাসে ২৮ হাজার মেট্রিক টন খাদ্যদ্রব্য সরবরাহ করা হয়েছিল, সেখানে এ বছরে করা হয়েছে ৬০ হাজার মেট্রিক টন। আমাদের দরকার প্রতিমাসে ৬ লক্ষ টন চাল এবং ১৪ লক্ষ টন গম ওরা তা পাবার জন্য পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রের সঙ্গে আলোচনা করছেন সে বিষয়ে সন্দেহের কোন অবকাশ নেই। আজ আমরা দেখতে পাচ্ছি আমাদের এই খাদ্য ব্যবস্থায় বিভিন্ন প্রদেশ কোন সহযোগিতা করছে না। বিহারে ৪২ হাজার মেট্রিক টন চাল পড়েছিল সেই চাল দেবেন বলে কেন্দ্রীয় উপমন্ত্রী আমাদের খাদ্যমন্ত্রীকে আশ্বাস দিয়েছিলেন। কিন্তু বিহার সেই চালের মধ্যে মাত্র দুই হাজার মেট্রিক টন দিয়েছে। মধ্যপ্রদেশে ১০ হাজার মেট্রিক টন চাল পড়ে আছে। সেই চালও আমরা পাচ্ছি না। এই অবস্থার মধ্যে আমাদের সংগ্রাম করতে হচ্ছে। আমি গত তিন দিন ধরে মেদিনীপুরের অবস্থা দেখে এসেছি যে সেখানকার অবস্থা সত্যি ভয়াবহ। সেখানকার বহু মানুষ শ্যামা ঘাস খেয়ে দিন কাটাচ্ছে। সেখানকার ৫৫ লক্ষ লোকের মধ্যে প্রায় ২৫ লক্ষ লোকই দুর্দশাগ্রস্ত। খড়্গপুর block I+II, নারায়ণগড় block I, কেশিয়াড়ীর একটি ব্লক, গড়বেতার একটি ব্লক, ঝাড়গ্রাম মহকুমা, কন্টাই মহকুমা, ঘাটাল মহকুমা, সদর, South, North Subdivision-এর ২৫ লক্ষ লোক অশেষ

কষ্টের মধ্যে আছে। সেখানকার মানুষ আজ 25%G.R. চাচ্ছে ওরা প্রতিটি অঞ্চলে ২টি করে T. R. চাচ্ছে ওরা আরও বেশী করে চাল দেওয়া হোক এই দাবি করছে। এ সময়ে আমলাতন্ত্রের গাফিলতির কথা শুনলে অবাক হয়ে যাবেন। Agricultural Loan-এর জন্য বরাদ্দ ছিল ৯ লক্ষ ১৪ হাজার টাকা, সেখানে খরচ হয়েছে মাত্র ৬ লক্ষ ১৬ হাজার ৬৫০ টাকা। Cattle Purchase Loan ছিল ৭ লক্ষ ৬৯ হাজার টাকা, সেখানে মাত্র খরচ হয়েছে ১ লক্ষ ৮৭ হাজার টাকা। আমরা সেখানকার আমলাদের বলে এসেছি যে বর্তমান সরকার ওই অবস্থা সহ্য করবেন না। মেদিনীপুরের এই যে দুঃখ দুর্গতি এটা সারা পশ্চিম বাংলার অবস্থা। কিন্তু আমার বিশ্বাস এই সরকার এই সমস্যার মোকাবিলা নিশ্চয় করবেন।

**Dr. Sk. Omar Ali :** মাননীয় স্পীকার মহাশয়, আজ এই আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে আমি কোন সাধারণভাবে বক্তব্য উপস্থিত করছি না। গত ৮ই ও ৯ই আগস্ট ২ দিন ধরে মেদিনীপুর জেলায় পাঁশকুড়া, ডেবরা, সবং ও পিংলা থানার বিভিন্ন এলাকা ঘুরে যে মর্মান্তিক করুণ ভয়াবহ অবস্থা দেখেছি তার একটা সংক্ষিপ্ত চিত্র এই সভার সামনে উপস্থিত করছি। মন্ত্রিমহাশয় উপদেশ দিয়েছেন সংকটের কথা না বলতে, কিন্তু আমি সেই উপদেশমত চলতে পারছি না। বিধানসভায় বিতর্কে অনেক কথা শুনেছি, খবরের কাগজেও অনেক কথা আমরা পড়েছি। কিন্তু প্রত্যক্ষভাবে ঘুরে এসে যে চিত্র দেখেছি তাতে চোখ ফেটে জল আসে। যে ৪টা থানা আমি দেখেছি তার লোকসংখ্যা হল ৬ লক্ষ ২০ হাজার এবং আবাদী জমির পরিমাণ হল ২ লক্ষ ৮১ হাজার একর। এখন পর্যন্ত মাত্র ৮৬ হাজার একর জমিতে আবাদ হয়েছে। ডেবরা থানায় ৪টি অঞ্চলে খরা চলছে। বাকী জায়গায় কাজ আরম্ভ হয়েছে। কিন্তু মাঠে মজুর নেই, ক্ষেত মজুরদেরও কোন কাজ নেই। যারা মজুর খাটাত তারা এখন তা খাটাতে পারছে না, বরং নিজেরাই সপরিবারে মাঠে নামতে বাধ্য হয়েছে। আমি কয়েকটি নাম রাখছি এই সভার সামনে। রামচন্দ্রপুরের বলাই সিং, হাঁপানী রোগগ্রস্ত, তিনদিন ধরে অনাহারে আছে। মনসুর খাঁ, ব্রজ রায়, শেখ আফজল আলী, সুরেন্দ্র আদক, শ্যামপুরের কোবাদ আলী, শেখ মোসলেম এরা সব বেচে সর্বহারা হয়েছে এবং চাষের যে সম্পদ বলদ শেষ পর্যন্ত সেই বলদ বিক্রি করে খেয়েছে। প্রতিদিন বিক্রি করতে করতে বাঁশের ঝাড় উজাড় হয়ে গেছে। এই চিত্র সব জায়গায় দেখেছি। ভবানীপুর অঞ্চলের বিশ্বনাথ সামন্ত সম্পন্ন চাষী ছিল। কয়েক বছর পর পর ফসল হানি হবার ফলে সব শেষ হয়ে গেছে। কল্যাণপুরের প্রাণকৃষ্ণ মান্না। ৬ বিঘা জমির এক বিঘা বেচেছে। গত মাসে ১০০ টাকায় একটা গরু কিনে ছিল, এমাসে ৩০ টাকায় বিক্রি করে আটা কিনেছে। বাবুলাল পাত্র ৭ বিঘা জমির মালিক। হালের ২টি বলদ ছাড়া আর সব গরু বিক্রি করেছে। বছরে ৫০/৬০ জন মজুর খাটাত এখন ছেলেমেয়েদের স্কুল যাওয়া বন্ধ করে মাঠে নামিয়েছে। অজুনী গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ শ্রীরাজকৃষ্ণ মণ্ডল বললেন সরকারী ঋণ এত কম যে তা বণ্টন করাই মুস্কিল। সারা অঞ্চলে প্রায় ১,২০০ দরখাস্ত জমা পড়েছে আর ঋণ এসেছে মাত্র ৮০০ টাকা। কাকে দেব। ডেবরা থানার কালিপদ মাইতি একজন বড় কণ্ট্রাকটার। তিনি আমাকে বললেন এ বছর অর্ধেক জমিতে যদি চাষ হয় তাহলে বলতে হবে খুব ভাল চাষ হয়েছে। কিন্তু মধ্যবিত্তরা সবাই ঋণগ্রস্ত, কারোর ঘরে খোরাকী নেই। আবাদ করার টাকা পাবে কোথায়? ডেবরার প্রাক্তন এম এল এ শ্রীক্ষুদিরাম চক্রবর্তী জানালেন খোরাকী ঋণ না পেলে মধ্যবিত্তরা বাঁচবে না। ডেবরা ব্লক যুবকংগ্রেস সভাপতি শ্রীমৃগেন মাইতি বললেন এককথায় বলতে গেলে অবস্থা ভয়াবহ। সবং থানার দেভোগ, নওগা, দশগ্রাম, দন্দরা ও সারতা এই পাঁচটি অঞ্চল আদিবাসী প্রধান। আদিবাসী এলাকা আমি নিজের চোখে দেখে এসেছি, আদিবাসীদের সেই সুঠাম চেহারা আর নেই, তাদের দেহ এখন চামড়ায় ঢাকা কংকালের মত। সারতা অঞ্চলের চাঁদা গোবরা গ্রামের একজন দুঃস্থ কুমোর ছেলে মেয়েদের ভুখা কান্না সইতে না পেরে ফলিডল খেয়ে আত্মহত্যা করেছে। সবং কসবার কালি পণ্ড তার ৮ বছরের বাচ্চা মেয়েকে নিজের হাতে বিষ খাইয়ে পুলিশের ভয়ে

ফেরার হয়ে আছে। আদিবাসী মহিলা গরুবারি সিং তার ছোট একটি মেয়েকে ট্রেনে তুলে দি পালিয়ে এসেছে। চালকুড়ি অঞ্চলের খড়িকা গ্রামের ৫০/৬০ ঘরের গোটা একটা বস্তির প্রা সবাই খাদ্যের অভাবে কচু ডাঁটা সিদ্ধ করে খেয়ে পেটের অসুখে ভুগছে। আমি শুনেছি অনাহারে মৃত্যু পিংলা থানাতে শুরু হয়ে গেছে। জানি না সরকার এটা স্বীকার করবেন কিনা কিন্তু আমি জানি অনাহারে মারা গেছে রঘুনাথ চকের ঈশ্বরীবালা মহাপাত্র, ধনেশ্বরপুরে শেখ গোলাপ আর নাকপুরা গ্রামের কৃষ্ণ মাইতি। এরা অনাহারে কয়েকদিন থাকবার পর শে পর্যন্ত মৃত্যুমুখে পতিত হয়েছে। ওখানকার কয়েকজন আমাকে এই কথা বলেছে যে আরে খোঁজ নিলে অনাহারে মৃত্যুর খবর পাওয়া যাবে। পাঁশকুড়া থানারও একই চিত্র। মাননীয় শ্রীমতী গীতা মুখার্জী জানালেন পূব পাঁচকুড়ার ৪টি অঞ্চলে খরা চলছে, পশ্চিম এলাকায়ও এক অবস্থা। এখানে পর পর কয়েক বছর বন্যা হওয়ার ফলে জনসাধারণের অর্থনৈতিক অবস্থা অত শোচনীয় হয়ে গেছে। অনেক জায়গায় খবর পাওয়া যাচ্ছে যে তারা চাষের বলদ বিক্রি কে শেষ পর্যন্ত আটা কিনে সংসার চালাচ্ছে। আমি দেখেছি ধারন্দার বেনী দাস আর পাতন্দার কৃ কবণ আধা মূল্যে তাদের বলদ বিক্রি করে আটা কিনে নিয়ে যাচ্ছে। আমি দেখেছি আদিবাসী তপশীলভুক্ত জাতি ও তাঁতী মুসলমানপ্রধান এলাকাগুলিতে ইস্কুলের ছাত্র উপস্থিতির হার কমি দিকে। সবাই বলছে তারা খেতে পাচ্ছে না, সুতরাং তারা স্কুলে আসতে পাবছে না। মাননী স্পীকার মহাশয়, আমার দেখে আসা ৪টি থানা এলাকাতে সরকারী ঋণের পরিমাণ অনেক কম ইউনাইটেড ব্যাংক অব ইণ্ডিয়ার যে শাখাগুলি আছে সেই শাখাগুলি থেকে ঋণ পাওয়া যাচ্ছে না জি আর এর পরিমাণ অত্যন্ত নগণ্য এবং টি আর এর কাজ বন্ধ হয়ে গেছে। আমি বুঝতে পারি না এই অবস্থাকে যদি সংকট না বলা হয় তাহলে সংকট কাকে বলা হবে। এই অবস্থাকে যদি দুর্ভিক্ষ না বলা হয় তাহলে দুর্ভিক্ষ কাকে বলা হবে আমি জানি না। মাননীয় স্পীকার মহাশয় আমি মনে করি সরকার থেকে ঋণের ব্যবস্থা করার সংগে সংগে মধ্যবিত্তদের জন্য খোরাকী ঋণএ ব্যবস্থা করা উচিত। গ্রামাঞ্চলে যুদ্ধকালীন জরুরী অবস্থার ভিত্তিতে কিছু কর্মসূচী গ্রহণ করবা জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। অনেক নদী খাল আছে যেখানে পাম্প বসিয়ে জলসেচের ব্যবস্থা করা যেতে পারে। আমি মনে করি সমস্ত শ্রেণীর লোককে রেশ কার্ডে চাল দেওয়া যেমন প্রয়োজন তেমনি লংগরখানা খোলা উচিত এবং ফ্রি ফিডিং যাতে হ তার ব্যবস্থা করা উচিত। আমি আশা করব আমাদের মন্ত্রীমণ্ডলী এই দুর্ভিক্ষ জনিত যে পরিস্থিতি তার গভীরতা উপলব্ধি করবেন এবং সমস্ত মানুষকে বাঁচিয়ে রাখবার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন।

[4-50—5-00 p.m.]

**Shri Asamanja De :** মাননীয় অধ্যক্ষমহাশয়, পশ্চিম বাংলায় সাম্প্রতিককালে অভূ খরার পরিস্থিতির দরুন যে বিপর্যয় সূচনা করেছে, এই খরার ফলে হাজার হাজার বিঘার জমি চাষ নষ্ট হয়ে ফসল উৎপাদন কমেছে এবং এই পরিসরে কালবাজারিরা দ্রব্যমূল্য বৃদ্ধি করে দা আকাশচুম্বি ক'রে সাধারণ মানুষের নাগালের বাহিরে নিয়ে গেছে এবং মানুষের জীব নিয়ে ছিনিমিনি শুরু করেছে। এই খরা পরিস্থিতির মোকাবিলা করার জন্য কতকগুলি প্রস্তাব এব কর্মসূচী সমন্বিত প্রস্তাব শ্রীআবদুল বারি বিশ্বাস মহাশয় এনেছেন আমি এই সভার একজন সদ হিসাবে তাঁকে সমর্থন করছি। সংগে সংগে এই কথা বলি এই খরার জন্য যে সংশোধনী প্রস্তা এসেছে তারমধ্যে কোন গঠনমূলক কর্মসূচী দেখি না, সেইজন্য আমি তার বিরোধীতা করছি আমরা কংগ্রেস পরিষদীয় দলের তরফ থেকে বিগত তিনদিন মালদহ এবং পশ্চিম দিনাজপু জেলা ঘুরেছি, এবং সেখানে সাধারণ মানুষের দুঃখ, দারিদ্র সম্বন্ধে ওয়াকিবহাল হয়েছি। তাদে যে করুণ চিত্র দেখেছি তা আপনার সামনে তুলে ধরছি। মাননীয় স্পীকার, স্যার, আমি এ কথা বলতে চাই যে আজকে কেবলমাত্র প্রচণ্ড সমালোচনায় মুখর হয়ে তীব্র বাণী শোনালে হবে না, সরকারের সীমিত অর্থের পরিপ্রেক্ষিতে আজকে সরকার যে সমস্ত কর্মসূচী গ্রহ

করেছেন তার পরিপ্রেক্ষিতে আমাদের সমস্ত জিনিসটা বিবেচনা করতে হবে। আজকে মালদহ জেলায় গিয়ে আমরা দেখেছি সেখানে যে ১৫টা ব্লক রয়েছে, সেখানে ১৬ লক্ষ মানুষের বাস সেখানে যে চাষযোগ্য জমি আছে ৬.৪ লক্ষ একর তার মধ্যে মাত্র এ্যাসিওর্ড ফসল উৎপাদন হবে ৬৪ হাজার একর জমিতে, অথচ ৫ থেকে ৭ per cent জমিতে কেবল মাত্র সেচের ব্যবস্থা আছে। এর ফলে ভয়াবহ খরার দরুন আমরা দেখছি সরষের ব্যাপক ক্ষতি হয়েছে, এবং ব্যাপক ফসল হানী ঘটেছে। আউস, পাট উৎপাদনের ক্ষেত্রে দেখছি মোট উৎপাদনের 20 per cent মাত্র উৎপাদিত হয়েছে এবং আমন মাত্র 1 per cent transplantation সম্ভব হয়েছে। এই অবস্থার জন্য সরকার মালদহে গ্রুপ লোন হিসাবে ১৩ লক্ষ ও C.P loon ২ লক্ষ, fertiliser loan ৫ লক্ষ এবং shallow tubewell-র জন্য ২৮ লক্ষ টাকা দিয়েছেন। এবং G. R -এর জন্য 10 per cent normal G. R. 2 and ½ per cent, এবং watch and care tean, চাষ আবাদের পরিপ্রেক্ষিতে ব্যবস্থা অবলম্বন করবার জন্য extra 2½ per cent G.R -এর ব্যবস্থা করেছেন। এবং নানানরকম বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে, যেমন মাড়োয়ারী রিলিফ সোসাইটির মাধ্যমে লঙ্গরখানা খুলেছেন। এই সমস্ত সত্বেও মালদহ জেলার গাজল, বামুনগোলা, হরিপুর, রায়না, মাচিকক, ইত্যাদি যেখানে আমরা গেছি সেখানেই আমরা দেখছি মানুষের দারুন আর্তনাদ। মুখ্যমন্ত্রী মহাশয়ের নির্বাচন কেন্দ্র Old Malda-এর ৷মাবদিহি সেখানে শাক-পাতা খেয়ে মানুষ বেঁচে আছে। সেখানে একটি পরিবারের খবর দেখেছি সঙ্কটজনক। কড়ুয়ায় শুনলাম ভুঁটের পাতা সিদ্ধ করে খেয়ে মৃত্যু ঘটেছে। আমি জানি না এটি অনাহারজনিত মৃত্যু কিনা, কারণ post-morten report verify করা সম্ভব হয় না। আমি শুনেছি পাণ্ডুয়ার অবস্থা খারাপ। খবরের কাগজে দেখলাম যে আদিনা ইউনিয়ানের একজন লোক মহেন্দ্র সিং তাঁর ১২ বৎসরের ছেলের অনাহারে মৃত্যু ঘটেছে, সেখানের B D.O. বলেছে যে সে T.R.-এর কাজ করতে গিয়েছিল, কাজ না পেয়ে ফিরে এলে দেখা গেল তার হাত পা ফোলা এবং তারপর বাজে মহেন্দ্র সিং ও ১২ বছরের ছেলের মৃত্যু ঘটেছে। আমি জানি না এটা অনাহারজনিত মৃত্যু কিনা। আমি মন্ত্রীসভার কাছে অনুরোধ রাখছি। আমরা ফতেপুরে গিয়েছিলাম, সেখানে খেসাই মাল এবং তাঁর স্ত্রীর সঙ্গে দেখা করলাম এবং শুনলাম তার জমি মাত্র ১ বিঘা ১৪ কাঠা, ছেলেমেয়ে ৮টা, দেখে মনে হল দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে তাদের যে ১৪, ১৫টা ছাগল ছিল খাদ্যের অভাবে তারা তা বিক্রি করে দিয়েছে।

স্যার, কেবল সমস্যার কথা বললেই চলবে না। আজকে যদি মালদহের সেচ ব্যবস্থার উন্নতি না করা যায় তাহলে এর সমাধান সম্ভবপর নয়। মালদহের বিশেষজ্ঞদের সংগে আলোচনা করে আমার ধারণা হয়েছে যে, ক্যানেল এমব্যাঙ্কমেন্ট স্কীম যদি খোলা যায় তাহলে সেচ ব্যবস্থা হতে পারে এবং বিনামূল্যে কৃষকদের বীজধান দেওয়া দরকার, সি, পি, লোন বাড়ান দরকার। পশ্চিম দিনাজপুরের অবস্থা আরও ভয়াবহ। রায়গঞ্জ, বাপুডঘাট এবং ইসলামপুরে দেখলাম আবাদ জমি যেখানে ২ পয়েন্ট ৫ লক্ষ একর তারমধ্যে চাষ হয়েছে ৬২ হাজার একর। পাটের জমি যেখানে ১ পয়েন্ট ৮ লক্ষ একর সেখানে চাষ হয়েছে ৪২ হাজার একর। আমনের জমি যেখানে ৭ লক্ষ একর সেখানে ট্রান্সপ্ল্যানটেসন হয়েছে মাত্র ৩৪ হাজার একর জমি। সবশেষ যেকথা বলছিলাম সেটা হচ্ছে এর মোকাবিলার জন্য জি আর ১৫ পারসেন্ট অন অ্যাভারেজ রয়েছে। তবে ইটাহারে ৩০ পারসেন্ট, বংশীহারীতে ২৫ পারসেন্ট, রায়গঞ্জে ২৫ পারসেন্ট এটা দেখলাম। ইটাহারের অবস্থা খুবই সংকটজনক যেটা ডাঃ জয়নাল আবেদিনের নিজের এলাকা। লঙ্গরখানায় গিয়ে দেখলাম মানুষের খাবার জন্য কি করুণ আর্তনাদ। বেলা ২টার সময় হয়ত লঙ্গরখানায় খাবার দেবে কিন্তু দেখলাম সকাল থেকেই লাইন পড়ে গেছে। আমরা দেখলাম দেহগুলো সব ধুকছে এবং অবস্থা দেখে মনে হচ্ছে যে কোন সময়ে প্রাণ বেরিয়ে যেতে পারে মেয়েদের লজ্জা নিবারণের মত বস্ত্র নেই এবং গ্রামের ভেতরে ঢুকে আরও দুঃসংবাদ পেলাম। কিছু কিছু মৃত্যুর খবর আমরা পেয়েছি কিন্তু সেগুলি অনাহারজনিত কিনা বলা যায় না কারণ পোস্ট মর্টমের রিপোর্ট পরীক্ষা করা

হয়নি। তবে যারা বেঁচে রয়েছে তারা যে অনাহারের শিকার একথা অস্বীকার করে লাভ নেই। ইটাহারের স্যানিটারি ইনসপেকটরকে জিজ্ঞাসা করেছিলাম যে ১৯৭১ সালের জুন-জুলাইতে মৃত্যুর হার কত এবং ১৯৭২ সালের জুন-জুলাইতে মৃত্যুর হার কত? তিনি বললেন ২ গুণ হয়েছে একথা স্বীকার করতেই হবে। সরকারের প্রতি জনসাধারণের যথেষ্ট আস্থা আছে এবং যুব কংগ্রেসের কর্মীরা ছাত্র পরিষদের সহযোগিতা নিয়ে এই খরা পরিস্থিতির মোকাবিলা করবার জন্য এগিয়ে গেছে। আমি আপনাদের কাছে অনুরোধ রাখছি পশ্চিম দিনাজপুর, ইটাহার, রায়গঞ্জ এবং গাজল প্রভৃতি স্থানে ওয়ার ফুটিং মেজার হিসেবে রিলিফ মেজার বাড়িয়ে এইসব দুর্গত মানুষদের অনাহারের হাত থেকে আপনারা রক্ষা করুন।

**Shri Biswanath Mukherjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, কংগ্রেস পরিষদীয় দল থেকে যাঁরা বিগত কয়েকদিন আগে বিভিন্ন জেলার অবস্থা দেখতে গিয়েছিলেন তাঁদের যে রিপোর্ট শুনলাম তাতে আমরা উপকৃত হয়েছি। বিশেষতঃ সুকুমার ব্যানার্জী এবং অসমঞ্জ দে মহাশয় যে রিপোর্ট দিলেন সেটা অত্যন্ত নির্দিষ্ট এবং ডিটেল্ড রিপোর্ট। আমাদের পার্টির ডাঃ ওমর আলি কতগুলি অঞ্চল ঘুরে এসেছেন এবং একটি সুনির্দিষ্ট রিপোর্ট দিয়েছেন। এর কোনটাই নীতিগত-ভাবে সাধারণ কথা নয়। আজকে ২৫শে শ্রাবণ এবং এই সময় যে বৃষ্টি হল সেটা সব জায়গায় হয়নি। আর যদি কিছু হয়েও থাকে তাতে আপনারা সকলেই জানেন যে তাতে আমন চাষ হবে না এবং যেটা হবে তাতে ফসল খুব কম হবে এবং সেটাও কিভাবে, না, এই সময় থেকে অক্টোবরের শেষ পর্যন্ত যদি মাঝে মাঝে বৃষ্টি হয় এবং মাঠে যদি জল থাকে। কাজেই যাঁরা ভাবছেন এইযে কয়েকদিন কিছু বৃষ্টি হল তার ফলে এই সমস্যার মীমাংসা হল তাহলে আমি বলব তাঁরা ভুল ভাবছেন। গত কয়েক দিনের বৃষ্টিতে নিশ্চয়ই উপকার হয়েছে। কিন্তু এত দেরীতে হয়েছে যে তার দ্বারা সমস্যার মীমাংসা হল না। আউস নষ্ট হয়েছে এবং বোরো যা নষ্ট হবার তা হয়েছে, বোনা আমন নষ্ট হয়েছে, রোয়া আমন শ্রাবণের শেষে এবং ভাদ্রের শেষে এবং ভাদ্রের প্রথমে যারা বীজধান এখনও খায় নি, যারা পয়সা খরচ করে চাষ করতে পারবে তাদের চাষের ফলন কম হবে এই হল পরিস্থিতি। সুতরাং আমরা এখানে যেসমস্ত আলোচনা করছি সেটা হল এই অবস্থা থেকে আমরা কি করে বাঁচব। অনেকে বলছেন Relief, test relief-এ পয়সা

[5-00—5-10 p. m ]

খরচ না করে, এইসব উন্নয়নমূলক কাজ করে, কি করে ভবিষ্যতে বাঁচা যায়, সেই সমস্ত কাজ করতে হবে। আমার এই বিষয়ে খুব মত আছে, যে বন্যা নিয়ন্ত্রণ, জলনিকাশী এবং সেচের ব্যবস্থা এমনভাবে বাড়ানো হোক যাতে প্রকৃতির খামখেয়ালির উপর আমাদের পশ্চিমবংগ নির্ভর না করে। কিন্তু বাস্তবে একটু বিচার বিবেচনা করার দরকার আছে, উত্তরবঙ্গ বন্যানিয়ন্ত্রণের জন্য কত কোটি লাগবে এবং কত বছরে পশ্চিমবংগ সরকার বা ভারত সরকার দেবেন। আমি ঘুড়ি না বা শূন্যে বাস করি না, আমি কল্পনাবিলাস করি না। দক্ষিণবঙ্গের জলনিকাশী কিছু হবে না, যদি না এই হুগলী নদী গভীর হয়, এর বইবার ক্ষমতা হয়, এটা কতদিনে হবে? আর সেচের ব্যবস্থা বলছেন, আমি জানি খুব ভালভাবে যে flow irrigation যাকে বলে তার scope খুব limited হয়ে এসেছে। এক তিস্তা, মহানন্দা প্রকল্প যদি হয় তাহলে পশ্চিম দিনাজপুর, মালদহের ১৩ লক্ষ একর জমি জল পেতে পারে। কিন্তু সে এখন জলের তলায় এবং ভবিষ্যতে যদি সেই পরিকল্পনা গৃহীত হয় তাহলে সেই পরিকল্পনা কার্যকরী করতে দশ থেকে বার বছর লাগবে। তারপর ১৩ লক্ষ একর জমি পশ্চিম দিনাজপুর এবং মালদহে জল পেতে পারে। অন্যান্য জায়গা flow irrigation-এর scope খুব কমে গেছে। ক্ষুদ্র সেচের ভিতর দিয়ে পশ্চিমাঞ্চলে কিছু সেচ ব্যবস্থা করা যেতে পারে। আর বাদবাকি সেচ ব্যবস্থা আপনাকে করতে হবে মাটির নীচের জল তোলার ভিতর দিয়ে। মাটির নীচের জল কি scope আছে আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য? মেদিনীপুর জেলায় যে কমিটি হয়েছে, আমরা বসেছিলাম দু'দিন,

আমি সেই কমিটির Chairman। খুব টানাটানি করে maximum যত টাকা পাওয়া যেতে পারে, তা নিয়ে আলোচনা করে দেখলাম পাঁচ বছরে এক থেকে দেড় লক্ষ একর জমিতে জল দেওয়া যাবে। আমার জেলায় ২১/২২ লক্ষ একর জমি, বেশীর ভাগই সেচ নেই, সুতরাং হাওয়ায় উড়বেন না যেন, পাখাটা একটু ছোট করুন, পরিস্থিতিটা একটু বুঝুন। এই অবস্থায় যদি দুর্যোগ আসে তাহলে মানুষগুলো কি না খেয়ে ধুঁকবে এবং মরবে এবং আমরা তাদের পরিকল্পনার গল্প শোনাবো? কিছু মনে করবেন না মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদি একটু উত্তেজিত বোধ করি, কারণ এই সমস্ত মানুষের ভোট দেওয়া নয়, এই সমস্ত মানুষের সংগে যারা মেশে, তাদের বাড়ীতে যারা যায় পাতা পেতে বসে খায়, তারা জানে আজকে কি হাহাকার চলছে, বর্তমানে ভারত সরকার এবং পশ্চিমবঙ্গ সরকারকে সেই হাহাকারের মোকাবিলা করতে হবে এবং সেই সঙ্গে সঙ্গে উন্নয়নমূলক পরিকল্পনা করতে হবে ভবিষ্যতের কথা চিন্তা করে, যাতে এই হাহাকার আমরা দেশ থেকে দূর করতে পারি। সে শুধু উন্নয়নমূলক পরিকল্পনার ভিতর দিয়ে হবে না, মুনাফার, বৃহৎ ব্যবসাদারদের গলা টিপে ধরতে না পারলে, শুধু উন্নয়নমূলক পরিকল্পনার ভেতর দিয়ে এই হাহাকার বন্ধ করতে পারবেন না। যা হোক, উন্নয়নমূলক পরিকল্পনা এবং যেসমস্ত সংস্কার প্রয়োজন তার মধ্যে দিয়ে এই হাহাকার বন্ধ করতে হবে। কিন্তু যেখানে সেই হাহাকার এসেছে তখন তার মোকাবিলা করতে হবে, তাকে এড়িয়ে যাওয়া চলবে না। আমি শুনেছি মন্ত্রিমহাশয়রা অনেকে বলছেন যে test relief, relief দরকার নেই, ঋণ দেবার দরকার নেই, এইসব বাজে খরচ, Government-এর যেসমস্ত Development Scheme আছে সেইগুলি চালু করে দাও, তাহলেই অবস্থার মোকাবিলা হবে। আমি welcome করবো যদি Government-এর Development Scheme-গুলো এখন চালু করে দেওয়া যায়। কিন্তু তার জন্য কতখানি প্রস্তুতি আছে জানি না। কিন্তু আমি সানন্দে অভিনন্দন জানাবো, কিন্তু কিন্তু আমরা যেটা বলতে চাই সেই Development Scheme সব সীমাবদ্ধ। ধরুন, আমার Constituency-তে irrigation-এর কোন scheme এই বছর নেই, কি হবে? আমার Constituency-তে PWD'র কোন Scheme এই বছর নেই, কি হবে? তাছাড়া যাদের একটা practical sense আছে তারা জানেন যে একটা scheme চালু করলে সেটা একটা area-র ভেতর দিয়ে হবে এবং সেখানে যদি ঠিকাদার কাজ নেয়, তাহলে সে বাইরে থেকে লোক এনে কাজ করাবে এবং Government থেকে যদি করা হয় তাহলে local লোকেরা কাজ করবে। কিন্তু সমস্ত অঞ্চলে যেখানে কর্মহীনতা, সমস্ত অঞ্চলে যেখানে দারিদ্র, সমস্ত অঞ্চলে যেখানে হাহাকার সেখানে কি প্র্যাকটিক্যাল সেন্সে এই কথা বলেন যে, শুধু স্কীমগুলি চালু করার মধ্য দিয়ে এই সিচুয়েসনের মোকাবিলা করতে পারবেন। উত্তর দিন। এটা গা-জোয়ারি ব্যাপার নয়। নিশ্চয়ই গভর্নমেন্ট স্কীম চালু করুন তাতে যত এরিয়া কভার করে করুক। কিন্তু সেখানে অঞ্চলে অঞ্চলে যে দারুণ হাহাকার সেখানে উপযুক্ত লোন কৃষকদের দেবার ব্যবস্থা করতেই হবে। তাদের সে লোন সামান্য কয়েকজনের মধ্যে দিলে হবে না, পর পর ফসলহানি হয়েছে, মাঝারি চাষী গরীব নয়, তার বাড়িতে খোরাকি নেই, মহাজনের কাছে ঋণ নিয়ে মাথা বন্ধক পর্যন্ত হয়ে গেছে, গভর্নমেন্টের কাছে ঋণ নিয়ে শোধ দিতে পারে নি, তাতে গভর্নমেন্ট বলছে আর ঋণ দেব না। গভর্ণমেন্টের কাছে ঋণ বাকি থাকলে কো-অপারেটিভ ঋণ দেবে না, কো-অপারেটিভের কাছে ঋণ বাকি থাকলে গভর্নমেন্ট দেবে না, গভর্নমেন্টের কাছে ঋণ বাকি থাকলে ব্যাঙ্ক দেবে না, কো-অপারেটিভ দেবে না, এই অবস্থা চলেছে। আর যারা গরীব মানুষ, যারা মজুরী খেটে খায় তাদের মজুরী নাই, আর যারা দুঃস্থ, অসহায় লোক তারা ধুঁকছে। সুতরাং আমি অত ধানাই-পানাই করতে চাই না, আমি সোজা কথা সোজাভাবে বলতে চাই গভর্নমেন্ট নিশ্চয় উন্নয়নমূলক পরিকল্পনা করুন ভবিষ্যতের জন্য। বর্তমানে যে পরিকল্পনা আছে তা চালু করুন। কিন্তু বাস্তবে যে অবস্থা তারও সম্মুখীন হোন এবং এখুনি যথেষ্ট বেশী সংখ্যায় বিলিফ টি আর এবং লোন দেবার ব্যবস্থা করুন। তা যদি না হয় তাহলে মানুষের মধ্যে

হাহাকার হবে। এই দুরবস্থা নিয়ে রাজনীতি করবেন না এবং এই দুরবস্থা নিয়ে অ্যাজিটেসন করবেন না, এই দুরবস্থা নিয়ে উত্তেজনা ছড়াবেন না। লোকে খেতে পাচ্ছে না, পেটে, মাথায় আগুন জ্বলছে, উত্তেজনা ছড়াবেন না, বা উত্তেজিত করবেন না, এসব কথা বলে কোন লাভ নেই। গভর্নমেণ্ট এই সমস্যার সম্মুখীন হোন। আমরা সর্বান্তঃকরণে গভর্নমেণ্টের সংগে সহযোগিতা করবো। উন্নয়নমূলক পরিকল্পনা কার্যকরী করার জন্য আমরা গভর্নমেণ্টের সংগে সহযোগিতা করবো, রিলিফ, টি আর জি আর-এর সাহায্যের জন্য সহযোগিতা করবে। কিন্তু পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাই যে অবিলম্বে সমস্যার সম্মুখীন হোন। তা না করে নানান রকম কায়দা-কানুন করে সমস্যাকে যদি এড়িয়ে যেতে চেষ্টা করেন তাহলে প্রচণ্ড বিক্ষোভে জনসাধারণ ফেটে পড়বে। সেই বিক্ষোভ ঠেকিয়ে রাখা যাবে না। আমরাও আপনাদের দলে আছি বটে, কিন্তু সেই বিক্ষোভকে ঠেকিয়ে রাখতে পারব না এবং ঠেকিয়ে রাখাও উচিত কিনা সেটাও আমরা জানি না। একদিন দেখবেন জনসাধারণের বিক্ষোভ বিস্ফোরণে গভর্নমেণ্ট আন-ব্যালেন্সড হয়ে যাবে। ইমার্জেন্সীর আগেই প্রস্তুত হোন, এড়িয়ে যাবেন না। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় করুন এবং মানুষকে বাঁচান, ক্ষুধিত মানুষের পেটে অন্ন দিন। সেই সংগে সংগে যাতে সাধারণ মানুষ সস্তায় জিনিস পেতে পারে তার ব্যবস্থা করুন এবং তার সাথে সাথে উন্নয়নমূলক পরিকল্পনা করুন। তা যদি পারেন তাহলে সাধারণ মানুষের আশীর্বাদ পাবেন, আর তা যদি না পারেন তাহলে সাধারন মানুষের অভিসম্পাত পাবেন।

**Shri Quazi Abdul Gaffar:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস মহাশয় যে প্রস্তাব এনেছেন এবং শ্রীদেবেন্দ্রনাথ সিংহ মহাশয় যে অ্যামেণ্ডমেণ্ট এনেছেন তা সহ আমি এই প্রস্তাব সমর্থন করছি। আজকে সারা পশ্চিমবংগের মানুষ যে ভয়াবহ খরার মুখে পড়েছে তাতে আমার মনে হচ্ছে তারা মৃত্যুর সংগে পাঞ্জা লড়ছে। আমি জানি আজকে চব্বিশপরগনার সুন্দরবন এলাকার মানুষ ঘাস খেয়ে, শামুক খেয়ে কোন রকমে জীবন বাঁচিয়ে রেখেছে। সুন্দরবন এলাকায় স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, লিফ্‌ট

[5-10—5-20 p. m.]

ইরিগেশনের কোন ব্যবস্থা নেই। এমন এলাকা আছে সুন্দরবনে যেখানে দীর্ঘ দিনের মধ্যে, ২৫ বৎসর দেশ স্বাধীন হয়েছে, একটা টিউবওয়েল পর্যন্ত বসান হয়নি। সেই এলাকার মানুষের কি নিদারুণ অবস্থা তা ভাষায় বর্ণনা করা যায় না। কংগ্রেস পার্লামেণ্টারী পার্টির সভার সিদ্ধান্ত অনুযায়ী আমি এবং মাননীয় বন্ধু সদস্য সহ গত দু'দিন ধরে বীরভূম এবং বর্ধমান জেলায় খরার জন্য যে অবস্থার সৃষ্টি হয়েছে তা দেখতে গিয়েছিলাম। বর্ধমান জেলায় গিয়ে বিভিন্ন এলাকায় আমরা ঘুরেছি এবং সেই সব এলাকার সাধারণ মানুষদের যে কষ্ট, যে দুঃখ, তারা যে বেকার হয়ে বসে আছে এবং অনাহারে প্রাকটিক্যালি তারা দিন যাপন করছে। বর্ধমান জেলার পপুলেশন হচ্ছে ৪০ লক্ষ সেখানে চাষের জমি আছে ১১ লক্ষ। এই ১১॥ লক্ষ জমির মধ্যে ৫॥ লক্ষ জমি ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল এবং ডি. ভি. সি-র জলে চাষ হয়ে থাকে। কিন্তু ৫॥ লক্ষ একর জমির মধ্যে আজ পর্যন্ত মাত্র শতকরা মাত্র ১০ ভাগ জমিতে ধান রোয়া সম্ভব হয়েছে। এবং ডি. ভি. সি-র কর্তৃপক্ষ নাকি জানিয়েছেন যদি বৃষ্টি না হয় তাহলে আমরা বেশী জল দিতে পারবো না। আকাশে যা বৃষ্টি হয়েছে তা সারা বর্ধমান জেলা ঘুরে যা দেখতে পেয়েছি তাতে মনে হয়েছে আর হয়ত ১০ ভাগ জমিতে লাংগল দেওয়া সম্ভব হবে। বর্ধমান জেলা পশ্চিমবঙ্গের শস্য ভাণ্ডার বলে মনে করি এবং সেকথাই প্রচলিত আছে. সেই জেলার মানুষের যে কি নিদারুণ অবস্থা তা দেখলে চোখ ফেটে জল আসে। তাদের যে অবস্থা তাতে করে আমার মনে হয় যে শস্যভাণ্ডার বর্ধমান জেলা, সেখানকার লোককে আজকের দিনে জি. আর. দিয়ে খাইয়ে বাঁচিয়ে রাখতে হবে এই সরকারকে। টি. আর. অনেক বেশী পরিমাণ যদি না দেওয়া যায় এবং প্রতি

অঞ্চলে যদি ছ'টি করে টি. আর. স্কীম চালু না করা যায় তাহলে সেখানকার লোকদের মৃত্যুর কবলে নিক্ষেপ করা হবে। এবং জি. আর. কমপক্ষে শতকরা ১০ জন লোককে দিতে হবে। এই জেলায় সরকারী সাহায্য যা গিয়েছে, স্কীম এই জেলার জন্য আজ পর্যন্ত যা হয়েছে, টি. আর. স্কীম হয়েছে ৬৮৭টি। আর নূতন করে টি. আর. স্কীম চালু করার জন্য ব্যবস্থা হচ্ছে কিন্তু যা বুঝলাম তাতে অবিলম্বে প্রতি অঞ্চলে ১৯৪টি অঞ্চলে আছে এবং ১০টি ইউনিয়ন বোর্ড এলাকা আছে, এই ইউনিয়ন বোর্ড এলাকায়, প্রতি ইউনিয়ন বোর্ডে-এ অন্ততঃপক্ষে ৪টি করে স্কীম এবং অঞ্চল এলাকায় কম পক্ষে ২টি করে টি. আর. স্কীম অবিলম্বে চালু করা দরকার লোককে খাইয়ে বাঁচিয়ে রাখার জন্য এবং কাজ দেবার জন্য। এবং কমপক্ষে সমস্ত এলাকায় ১০ পার্সেন্ট জি. আর. অবিলম্বে পৌঁছে দেওয়া দরকার। সেই জেলায় যে খাদ্যশস্য আছে তা অত্যন্ত কম এবং খুব অ্যালার্মিং পজিসন। সেখানে অবিলম্বে খাদ্যশস্য মজুত করার দরকার আছে। এফ. সি. আই. থেকে যে খাদ্য সেখানে দিচ্ছে র‍্যাশনের মাধ্যমে সে অতি অখাদ্য, আমি তার কিছু নিয়ে এসেছি এবং আপনার কাছে কিছু নমুনা পরে পাঠিয়ে দিচ্ছি। এই এলাকায় আজ পর্যন্ত যে টাকা সরকারী সাহায্য দেওয়া হয়েছে, ফার্টিলাইজার লোন ২০ লক্ষ টাকা, এগ্রিকালচার লোন ২ লক্ষ ৮৪ হাজার টাকা, সি. পি. লোন ২ লক্ষ টাকা, আর কো-অপারেটিভ সোসাইটিকে ব্যাংকের মধ্যেমে সমবায় সমিতিগুলিকে ২১ লক্ষ টাকা দেওয়া হয়েছে ১১৮টি সমিতিকে এবং তার মধ্যে ১০ হাজার লোক মাত্র এই টাকা সাহায্য পেয়েছে যেখানে ৪০ লক্ষ লোক এই জেলায়। বীরভূম জেলায় আমি গিয়েছিলাম, বীরভূম জেলার অবস্থা আরো শোচনীয়। বীরভূমে ৮ লক্ষ একর চাষের জমি, সেখানে লোকসংখ্যা হচ্ছে ১৮ লক্ষ। এর মধ্যে ৩ লক্ষ একর ইরিগেটেড এরিয়া বলে খ্যাতিলাভ করেছে। কিন্তু দুঃখের বিষয় ৩০ থেকে ৪০ ভাগ মাত্র ইরিগেটেড এরিয়ায় চাষ হয়েছে এবং সেই চাষও খুব বেশী দিন হয় নি, সেই চাষ সরে আরম্ভ হয়েছে। আমি জিজ্ঞাসা করলাম কেন এটা হল, ময়ূরাক্ষী প্রজেক্ট থেকে তো জল সরবরাহ করা হয়, তারা বললো আকাশের জল কম সেইজন্য তারা আগে জল দেয় নি, এখন জল দিচ্ছে। আমি গত ছ'দিন ধরে বিভিন্ন এলাকায় ঘুরেছি, আমি দেখেছি এই ক্যানেলে সবে জল আসতে আরম্ভ করেছে এবং জমিতে লাংগল দিতে আরম্ভ করেছে। সেই এলাকায়, আপনি জানেন, যে আদিবাসীর সংখ্যা অত্যন্ত বেশী। এবং সেই আদিবাসীদের এক বিঘা পর্যন্ত জমি নাই, অনেকের ভিটেমাটি পর্যন্ত নাই। তাদের কাজ করার মত কিছু নাই। এই জেলার যে অবস্থা, তাতে করে এই জেলায় ১০ থেকে ১৫ ভাগ জি আর ইমিডিয়েটলী পাঠান দরকার। এই জেলার আর একটা বৈশিষ্ট্য হ'ল একদিকে পাহাড়ী অঞ্চল, আর একদিকে আধা পাহাড়ী অঞ্চল, রাঙামাটি, বালি এবং কাঁকুড়ে অঞ্চল। এই আধা পাহাড়ী অঞ্চলে টিউবওয়েল করা যায় না, টি আর স্কীম করা যায় না। সেজন্য এ এলাকার লোকদের জন্য বিকল্প কোন ব্যবস্থা করার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**Shri Rajani Kanta Doloi:** অধ্যক্ষমহাশয়, আব্দুল বারি বিশ্বাস মহাশয় যে মোশন এনেছেন, আমি তাকে সমর্থন জানাচ্ছি। এতক্ষণ ধরে বক্তৃতা এবং সমালোচনা যারা সম্বন্ধে হল, এটা বিভিন্ন জেলায় যে সমস্ত স্ট্যাডি টিম গিয়েছিলেন, তাঁরা ফিরে এসে যে রিপোর্ট দিলেন, তা সভার সামনে আপনার মাধ্যমে রাখা হল। আমারা হাওড়া এবং হুগলী জেলা পরিদর্শন করে এসেছি, আমার সঙ্গে শ্রীভবানী সিংহ ছিলেন, আর ছিলেন শ্রীমনোরঞ্জন প্রামানিক। আমরা তিনজনে হাওড়া এবং হুগলীর যে চিত্র দেখে এসেছি, তা অন্যান্য জিলার চিত্রের সঙ্গে প্রায় সমতুল। আমরা দেখেছি হাওড়ার ১৪টি ব্লক সেখানে ট্রেন্সপ্ল্যানটেশন হয়েছে থার্টি টু থার্টিফাইভ পারসেন্ট বাকি যে সমস্ত তা সমস্ত পড়ে আছে। নর্মাল রেন-ফল সেখানে ফোর্টিফাইভ পারসেন্ট হয়েছে। হাওড়ায় ৫৯টি ডিপ টিউবওয়েল এবং শ্যালো টিউবওয়েল রয়েছে ৪৪৭টি। ডাই ৫৯টি ডিপ টিউবওয়েলের মধ্যে ২৯টি এনার্জাইজড হয়েছে, বাকীগুলি ইলেকট্রিফিকেশন-এর ব্যবস্থা

হয়নি। ১৭টি লিফ্‌ট ইরিগেসন স্কীম রয়েছে, সেগুলি চলছে, বাকী যে এলাকাগুলি রয়েছে—শ্যামপুর, জগৎবল্লভপুর ইত্যাদি জায়গায় যে সমস্ত ট্যাংক আছে সেই ট্যাঙ্কগুলির যদি ইমপ্রুভমেণ্ট করা যায় তাহলে সেখানে ভাল ফসল হতে পারে কিন্তু ট্যাঙ্ক ইমপ্রুভমেন্টের কোন ব্যবস্থাই করা হয় নি। আমি আবেদন রাখব যে অবিলম্বে হাওড়া জেলায় যেন এই সম্বন্ধে ব্যবস্থা নেওয়া হয়। হাওড়ার যা অবস্থা বিশেষ করে এই খরার সময়ে সেখানে ১'৫ পার্সেন্ট জি আর দেওয়া হয়েছে। জগৎবল্লভপুরের জনসাধারণ আমাদের বলেছে যে সেখানকার বি ডি ওর যে কার্যকলাপ তা উন্নয়নের পরিপন্থী। আমি আবেদন করব মন্ত্রিমহাশয় যেন অবিলম্বে এইসব জিনিস লক্ষ্য করেন। আমরা আমলাতন্ত্রের বিরুদ্ধে এখানে অনেক কথা বলি। বিভিন্ন উন্নয়নমূলক কাজ করতে গিয়ে খরা পরিস্থিতিতে রিলিফ দিতে গিয়ে যেখানে আমরা হিমসিম খেয়ে যাচ্ছি সেখানে কোনরকমভাবে কোন আমলা যদি প্রতিকুল আচরণ করেন তাহলে নিশ্চয়ই তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন এইকথা মন্ত্রিমহাশয় যেন এখানে পরিষ্কারভাবে বলেন।

হুগলী জেলার যে অবস্থা এই খরায় সেখানে ২৭ পার্সেন্ট জমিতে ট্রান্সপ্লানটেসন হয়েছে, বাকী সমস্ত পড়ে আছে। এখানে যে সমস্ত ব্লক আছে, চিনসুরা শ্রীরামপুর, উত্তরপাড়া ব্লক, বলাগড় ব্লক, এই সমস্ত ওয়ার্স্ট অ্যাফেকটেড হয়েছে—একবিন্দু জল সেখানে নাই। সেখানে লোকের লোকের সংগে কথাবার্তা বলে দেখেছি, স্টাডি টীম সেখানে গিয়েছিলাম আমাদের সম্বন্ধে তাদের ধারণা খুব উঁচু রয়েছে। আমাদের মন্ত্রীসভা এবং মুখ্যমন্ত্রী সম্বন্ধেও তাদের ধারণা খুব উঁচু। তারা এই মন্ত্রীসভা সম্বন্ধে বিশেষভাবে উৎসাহ বোধ করছে। কিন্তু বর্তমানে দুঃখ-দুর্দশার দরুন তাদের অবস্থা অত্যন্ত কাহিল হয়ে পড়েছে। তারা গাছের পাতা এবং কচুপাতা খেয়ে দিন কাটাচ্ছে এবং কেউ কেউ অনাহারেও রয়েছে। কিন্তু এই মন্ত্রীসভার যা ইমেজ এবং মন্ত্রীসভা যে কাজ এই খরা পরিস্থিতিতে করে চলেছে তাতে তারা এই সরকার এবং মুখ্যমন্ত্রী সম্বন্ধে, ত্রাণমন্ত্রী সম্বন্ধে এবং কৃষিমন্ত্রী সম্বন্ধেও উচ্চাশা পোষণ করেন।

যেভাবে এই খরা পরিস্থিতির মোকাবিলা করবার জন্য এগিয়ে যাচ্ছেন, তাতে আমার বিশ্বাস আছে, নিশ্চয়ই আমাদের মন্ত্রীসভা তাদের সামনে দুর্ভিক্ষ হবে—এইরকম কোন আশংকা তাদের বুঝতে দেবেন না।

মাননীয় ডেপুটিস্পীকার, স্যার, আপনি নিশ্চয়ই খবরের কাগজে দেখেছেন আমাদের শ্রদ্ধেয় নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী—পশ্চিমবঙ্গ সরকার যেভাবে খরাপরিস্থিতির মোকাবেলা করেছেন তারজন্য খুশি হয়েছেন। আমরা শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে বিশ্বাস করি। আমাদের মাননীয় বিশ্বনাথ মুখোপাধ্যায় পূর্বেই তাঁর বক্তব্যে বলেছেন—দিল্লীর উপর আমাদের চাপ সৃষ্টি করতে হবে যাতে আমাদের পশ্চিমবঙ্গে এই যে খরা হচ্ছে, বন্যা হচ্ছে তারজন্য প্রচুর পরিমাণে টাকা পাই। আমাদের বিশ্বাস আছে আমাদের নেত্রী পশ্চিমবঙ্গের দিকে লক্ষ্য দিয়েছেন। আমাদের পার্টি যেভাবে কাজ করে চলেছে, আমাদের যুব সংঘ যেভাবে কাজ করে চলেছেন, তাতে আমাদের বিশ্বাস আছে—আমরা খরা ও বন্যা পরিস্থিতির মোকাবেলা করতে পারবো।

এই দুটো জেলার খরাপরিস্থিতির যে চিত্র পেয়েছি—তারা বলেছেন, তাতে তাদের জন্য অবিলম্বে টি আর, জি আর এর ব্যবস্থা করতে হবে, সাধারণ লোকের জন্য চীপ ক্যান্টিনের ব্যবস্থা করতে হবে। আর চাষের সুবিধার জন্য—River lift irrigation, deep tubewell, shallow tubewell, lift irrigation, pump set, সরবরাহ ইত্যাদির ব্যবস্থা অবিলম্বে করতে হবে। কৃষিঋণেরও ব্যবস্থা করতে হবে—Cattle purchase লোনের ব্যবস্থা করতে হবে। আর যেখানে চাষের সম্ভবনা রয়েছে—সেইসমস্ত জায়গায় lift irrigation এর ব্যবস্থা করতে হবে। আর deep tubewell energise করতে হবে—যেখানে এখনো সেগুলো energise করা হয় নাই। এইসবের ব্যবস্থা করা একান্ত আবশ্যক।

[5-20—5-30 p.m.]

**Shri Anil Krishna Mondal :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গে খরা পরিস্থিতি নিয়ে এযাবৎকাল অনেক আলোচনা ও বিতর্ক হয়েছে এই বিধানসভার। আমি মাননীয় আবদুল বারি বিশ্বাসের প্রস্তাব সমর্থন করতে গিয়ে বলতে পারি তার বিভিন্ন দফার মধ্যে না যেয়েও। যে particular district থেকে আমি এসেছি সেই ২৪ পরগনা জেলা সম্বন্ধে আমি কিছু বলবো। আমাদের মুখ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, study team এ পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় গিয়েছেন। অবস্থা যে সংকটজনক সেটা আজকে ভালভাবে বোঝা যাচ্ছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে কলকাতার পাশে যে ২৪ পরগনা জেলা এই জেলা সম্বন্ধে বিধানসভায় এযাবৎকাল বিশদভাবে আলোচনা হয়েছে বলে সন্দেহ আছে। আজকে ২৪-পরগনার বহু কংগ্রেস এম-এল-এ এখানে আছেন। হয়ত পশ্চিমবঙ্গের বিভিন্ন ডিষ্ট্রিক্টের ভীষণ খরা পরিস্থিতি নিয়ে তারা এই বিধানসভায় আলোচনা করবেন। এই আলোচনা এতদিন স্থগিত ছিল, মোটামুটিভাবে যে অবস্থা পশ্চিমবঙ্গে রয়েছে সেই অবস্থার সঙ্গে মিলিয়ে ২৪-পরগনার কথা আজকে সকলকে ভাবতে হবে। ২৪-পরগনায়। বিভিন্ন রকম ধান জন্মে। এক সুন্দরবন এলাকায় ৮।১০ রকম ধান হয়। সেখানকার যা ভয়াবহ অবস্থা, সেটা যদি study steam, মন্ত্রীরা বা সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় গিয়ে স্বচক্ষে না দেখেন, তাহলে সঠিক অবস্থা বুঝতে পারবেন না। আমার মনে হয় সুন্দরবন অঞ্চলে যাতায়াতে ভীষণ অসুবিধা বলেই মন্ত্রীরা বা মন্ত্রীপরিষৎ থেকে কোন রকম study team পাঠান হয় না; যোগাযোগ বিচ্ছিন্ন এলাকা বলে। তাই আমার suggestion হচ্ছে, আমার অনুরোধ হচ্ছে যত তাড়াতাড়ি সম্ভব সেখানে একটি study team পাঠান হোক্। পাঠান খুবই দরকার কারণ সুন্দরবনের প্রকৃত অবস্থা সেখানে গিয়ে সরেজমিনে নিজের চোখে দেখে আসা উচিত এবং সে সম্বন্ধে দ্রুত ব্যবস্থা অবলম্বন করা উচিত। আমার বক্তব্য হচ্ছে যে এ যাবৎ যে খরা পরিস্থিতি চলছে তাতে কৃষকরা যে বীজধান ফেলেছিল তা শুকিয়ে গেছে। অবশ্য সামান্য যে বৃষ্টি হয়েছে তাতে কিছু ধান ফেলা হয়েছে। যদি তাতে কিছু চাষাবাদ হয় তাতে আমন ধান যত ফলতো তার ২০ ভাগ পাওয়া যাবে কিনা সন্দেহ। আজকে মানুষের দুরবস্থার অন্ত নেই। যে কিছু খয়রাতি সাহায্য পাঠানো হচ্ছে তা চাহিদার তুলনায় অত্যন্ত নগন্য, যে ক্যাটেল পারচেজ লোন দেওয়া হচ্ছে সরকারী লেবেলে তাও অত্যন্ত নগণ্য। আজকে সারা দেশের যে দুরবস্থা তা অনেকবার এখানে আলোচনা হয়েছে নূতন করে আর বলার দরকার নেই। আজকে সকলে মিলে সুন্দরবনের দুরবস্থার কথা চিন্তা করতে হবে। সেখানে অনাহারে মৃত্যুর সংবাদ না পেলেও মানুষ অতি কষ্টে দিন যাপন করছে একথা অনস্বীকার্য। এই অবস্থার মোকাবিলা করার জন্য এখানে আরও বেশী বিলিফ বাবদ টাকা স্যাংসন করা দরকার এই সাজেসন আমি রাখছি। এই অঞ্চলে যে দুইটি টি. আর. ও জি. আর. স্কীম চালু করা হয়েছে সেখানে আরও খয়রাতি সাহায্যের পরিমাণ বৃদ্ধি করে ব্লক লেবেলে যাতে মানুষ কাজ পায় তার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**Shri Ramendra Nath Dutt :** মাননীয় অধ্যক্ষমহাশয়, গত দু দিন বাঁকুড়া ও পুরুলিয়ার বিভিন্ন গ্রাম অঞ্চল ঘুরে যা দেখে এলাম তার একটি ছবি আমি আপনার মাধ্যমে এই হাউসে রাখছি। এ বছর বাঁকুড়ায় বৃষ্টি হয় নি বললে চলে। পুরুলিয়ায় দু তিন দিন সামান্য বৃষ্টি হয়েছে। বাঁকুড়ায় যে মোট ইরিগেটেড এরিয়া তার শতকরা দু ভাগ এরিয়াতে চাষ হবে কিনা সন্দেহ। পুরুলিয়া জেলায় ঐ পুরানো চারা দিয়ে ধান লাগাতে সবে তারা আরম্ভ করেছে তাতে মাত্র ১০।১২ পারসেন্ট এরিয়ার বেশী জায়গায় চাষ হবে না। অনেক জায়গায় ঐ বীজ-ধান খরার ফলে শুকিয়ে গেছে। বাঁকুড়া জেলার ও পুরুলিয়া জেলার বেশীরভাগ জায়গায় খোলা বাজারে চাল পাওয়া যায় না যদিও পাওয়া যায় তার রেট হচ্ছে ২ থেকে আড়াই টাকা কে জি। এদিকে আমরা বলছি যে এ বি সি ডি সব ক্যাটাগরীতে চাল পাওয়া যাবে। কিন্তু সেখানে

গিয়ে দেখি এ বি সি ক্যাটাগরীর মধ্যেই চাল দেওয়া হচ্ছে। তারপর এম আর সপে যে সপ্তাহে তিন বারে যে রেশন নিতে পারবে বলে যে যে ব্যবস্থার কথা বলা হয়েছে সেই সুযোগ তারা পাচ্ছে না। এর ফলে সামান্য আয়ের লোকেরা একদিন পার্ট ডেলিভারী নিয়ে গেলে বাকী সেই উইকের রেশন এ আর ডিলার পাচার করে দিচ্ছে। আমি একটা জায়গার কথা বলছি যে রামনগর অঞ্চলে দুটি স্কীম চালু আছে। সেখানে যে টি আর দেওয়া হচ্ছে সেটা টোকেন টি আর বল্লেই চলে। এবং এই সব স্কীমে সেখানে ১০০ এর বেশী লোক কাজ করছে না। সেখানে ৪।৫ শত লোক বসে আছে—অর্থাৎ শতকরা ৮০ জন লোক টি আর-এর সুযোগ পাচ্ছে না। কাগজে কলমে দুটি স্কীম সেখানে চালু আছে। কিন্তু প্রকৃতপক্ষে মোট সেখানে ২০০-এর বেশী লোক কাজ করছে না। এখানে লোকে কাজ পাচ্ছে না কারণ শোনা যাচ্ছে যে সেখানে ঠিকমত টাকা বা গম অ্যালট করা হয় নি। সেখানে জি আর-এ যে ৫% দেবার কথা সেখানে মাত্র ৩% দেওয়া হচ্ছে। আমি অনেকের সংগে আলাপ করে জানতে পেরেছি যে সেখানে শতকরা ৪০ ভাগ লোক অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছে। লোকের পারচেজিং ক্যাপাসিটি নাই বললেই চলে। এই দুটি জেলাকে ক্রনিক খরা অঞ্চল বললে অত্যুক্তি করা হবে না। বরাবর সমানে বর্ষাকালে বৃষ্টি না হলে এখানে চাষাবাদ হয় না। তার কারণ জমিগুলি কাঁকর বালি ও পাথরে ভরা এবং সেখানে জল পড়লেই ১০।১২ ঘন্টার মধ্যে তা শুকিয়ে যায়। আজকে রাজস্থানে যেখানে অনেক জায়গায় বৃষ্টি হয় না সেখানে ইরিগেসনের দ্বারা যদি চাষ হতে পারে তাহলে এই দুই জেলাতে চাষ হবে না কেন? আসলে এখানে ইরিগেসনের সু ব্যবস্থা না থাকার জন্য এখানে চাষ করা সম্ভব হয় না। আমি রাজস্থানে গিয়েছি, সেখানকার কথা জানি,

[5-30—5-40 p. m.]

সেখানে একেবারেই বৃষ্টি হয় না তবুও ইরিগেসানের ব্যবস্থা করে তারা চাষ আবাদ করছে। কাজেই আমাদের পুরুলিয়া, বাঁকুড়াতে ইরিগেসানের ব্যবস্থা করে কেন চাষ করা যাবে না সেটা আমি বুঝতে পারছি না, তবে সে চেষ্টা করা হয়নি। স্যার, এই জেলার পারমানেন্ট সলিউসানের জন্য কতকগুলি বিষয় আপনার মাধ্যমে রাখতে চাই। প্রথমতঃ, সাব-সয়েল ওয়াটার লেভেল কোথায় কি রকম আছে সার্ভে করে তার একটা ম্যাপ গোটা জেলার জন্য হওয়া দরকার। তা ছাড়া সয়েল টেসটিং করা দরকার। এগুলি না করে বাঁকুড়াতে ৫৮টি ডিপ টিউবওয়েল দেওয়া হয়েছে, ১৪শো স্যালো টিউবওয়েল দেওয়া হয়েছে ফলে এই টিউবওয়েলগুলির বেশীরভাগই চোবড হয়ে গিয়েছে। সাব-সয়েল ওয়াটার কোন লেভেলে আছে টেষ্ট না করে দেবার জন্য এগুলি ফেল করেছে। সেইজন্য সয়েল টেষ্টিং করে এবং সাব সয়েল ওয়াটার লেভেল চেক করে তারপর এগুলি বসানো দরকার। রিভার লিফট ইরিগেসান ৪৯টি করা হয়েছে কিন্তু সেগুলিও স্যার, প্র্যাকটিক্যালি ফেল করেছে। প্রপার সুপারভিসান নেই, ঠিক মত কাজ হচ্ছে না, কাজেই এগুলির দিকে নজর দেওয়া দরকার এবং তা করে এগুলি যাতে ঠিকমত চলে তা দেখে যেখানে জলের দরকার সেখানে যাতে জল পায় সে ব্যবস্থা করা দরকার। পুরুলিয়া, বাঁকুড়াতে ডাগ ওয়েলের ব্যাপারে আমরা দেখেছি একটি ডাগ ওয়েল ৩০ ফিট ডায়মিটারের করলে তাতে তিন থেকে চার একর জমিতে ইরিগেসানের ব্যবস্থা হতে পারে। ব্যাপকভাবে যদি পুরুলিয়া জেলাতে ও বাঁকুড়ায়ও এই ডাগ ওয়েল করা যায় তাহলে ফসল উৎপাদনে অনেকটা সুবিধা হবে। কংসাবতি প্রজেকট থেকে বাঁকুড়াতে ৩৫ হাজার একর জমিতে জল দেবার কথা কিন্তু ৫।৭ একরের বেশীতে দিচ্ছে না। আমার মনে হয় কংসাবতী থেকে বাঁকুড়া জেলার ৮০ হাজার একর জমিতে জল দেওয়া দরকার। ডি ভি সি স্কীম থেকে ২৭ হাজার একর জমিতে জল দেওয়ার কথা প্র্যাকটিক্যালি তা হচ্ছে না। আমার মনে হয় এর থেকে বাঁকুড়ায় ৫০ হাজার একর জমিতে জল দেওয়া দরকার। রিভার লিফট ইরিগেসানের মাধ্যমে গোটা পুরুলিয়া, বাঁকুড়াতে জল সেচের ব্যবস্থা না করতে পারলে রেগুলারলি ফসল কোনদিনই পাওয়া যাবে না। এটা না

করলে বৃষ্টি হলে ফসল পাওয়া যাবে, একটু কম বৃষ্টি হলেই ফসল হবে না, ফেল করবে। কাজেই স্যার, আমি বলব, টি আর ও জি আর বাড়িয়ে লোককে বাঁচানো হোক একই সংগে ইরিগেসানেরও ব্যবস্থা করা হোক। মধ্যবিত্তদের সম্বন্ধে বলছি স্যার, জাঁতা স্কীমটা আবার চালু করা হোক এবং চিলড্রেনদের জন্য নিউট্রেসান স্কীমটা চালু করা হোক।

**Shri Sakti Kumar Bhattacharya :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, শ্রীআবদুল বারি বিশ্বাস মহাশয় আজকে খরার ব্যাপারে যে প্রস্তাব এনেছেন তাকে আমি পূর্ণভাবে সমর্থন করছি এবং যে অ্যামেণ্ডমেন্টগুলো এসেছে তাকে আমি পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা পরিষ্কারভাবে তুলে ধরবার চেষ্টা করছি। স্যার, নদীয়া জেলায় গত কয়েকমাস ধরে অনাবৃষ্টি চলেছে এবং তার দরুন সেই জেলায় একটা দুর্ভিক্ষের ছায়া ফুটে উঠেছিল। তারপর যখন খরা ত্রাণ আরম্ভ হল তখন সেখানকার কিছু কিছু লোক উপকৃত হল, কিন্তু সেই খরা ত্রাণের ব্যবস্থাটা এমনভাবে স্তব্ধ করে দেওয়া হল বাস বন্ধ করে দেওয়া হল যে তাতে টি আর জি আর বন্ধ হয়ে গেল, কৃষিঋণ বন্ধ হয়ে গেল এবং সারের যে ব্যবস্থা সেটাও বন্ধ হয়ে গেল। ব্লকে সার আসছে, কিন্তু সেই সার বিলি হচ্ছে না। কৃষিঋণও বিলি হচ্ছে না। সেখানে চাষীদের অবর্ণনীয় দুর্দশার মুখে পড়তে হয়েছে। চাষীরা ব্লকে যাচ্ছে, আর খালি ঘরে ফিরে চলে আসছে, সার পাচ্ছে না। এখনও সেখানে বৃষ্টি হয়নি, অনাবৃষ্টি চলছে। সেখানে এখন ভয়াবহ দুর্ভিক্ষ লেগে গেছে। আজকে এই ব্যবস্থা দেখে মনে হচ্ছে, কেউ দেখে শেখে কেউ ঠেকে শেখে, আমাদের এই সরকার দেখেও শিখছেন না। তাই আজকে টি আর জি আর বন্ধ করে দিয়ে বসে আছেন আমাদের সরকার এবং আমি অবিলম্বে এটা চালু করার জন্য দাবি জানাচ্ছি। আমি সেদিন বি ডি ওর কাছে গিয়েছিলাম। সেখানে গিয়ে হিসাব করে দেখলাম যে বহু অগভীর নলকূপ খারাপ হয়ে পড়ে আছে, সেগুলি দিয়ে জল সেচ হচ্ছে না। আর যে অগভীর নলকূপগুলি চলছে সেগুলি ঐ পাম্পের সাহায্যে চলছে। এখন সেই পাম্পগুলির বেশীর ভাগই খারাপ হয়ে যাচ্ছে, এই পাম্পগুলি দিয়ে চাষীরা জল সেচ করতে পারছে না। তাই এই পাম্প সাপ্লাই বন্ধ করে দিয়ে বৈদ্যুতিক পাম্প না বসালে কিছুতেই চাষের উন্নতি হতে পারে না। কৃষি ঋণ যা দেওয়া হচ্ছে সেটা একটা প্রহসন ছাড়া আর কিছুই নয়। আজকে কৃষকরা খুব সংকটে পড়েছে। একমাত্র কৃষকরাই পারে দেশকে বাঁচাতে। কাজেই কৃষকদের প্রতি যে অবহেলা দেখানো হচ্ছে, সেটা দূর করতে না পারলে আমাদের দেশ বাঁচবে না। কাজেই ব্যাপক হারে তাদের কৃষি ঋণ দিয়ে বাঁচাতে হবে এবং তারা বাঁচলেই দেশ উপযুক্তভাবে গড়ে উঠবে। এই কথা আমি সর্বসমক্ষে তুলে ধরছি যে বিনামূল্যে সার বন্টন করতে হবে। সারের দাম এত বাড়িয়ে দেওয়া হয়েছে যে সেই দামে কৃষকরা সার কিনতে পারছে না। তারা বলছে সারের দাম কমিয়ে দাও এবং সারের দাম কমিয়ে না দিলে কৃষকরা জমিতে সার দিতে পারবে না। তাই সারের দাম কমিয়ে দেবার জন্য আমি অনুরোধ করছি এবং ভরতুকী দিয়ে চাষীদের সার দেবার ব্যবস্থা করুন। তাই ভরতুকী দিয়ে কৃষকদের সার দেবার যে প্রস্তাব এসেছে আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি সেখানে টি আর জি আর এর কাজ বন্ধ হয়ে গেছে, সেগুলি আবার চালু করার জন্য আমি দাবি জানাচ্ছি। সেখানে ১৫% জি আর দেওয়া হচ্ছে। এটা প্রহসন ছাড়া আর কিছুই নয়। সেখানে ১০ পারসেন্ট জি আর দেওয়া দরকার। কিছুক্ষণ আগে মাননীয় ত্রাণমন্ত্রী বলেছেন নদীয়া জেলায় ৫ পারসেন্ট জি আর দেওয়া হচ্ছে। নদীয়া জেলার ব্যাপক এরিয়ায় এখন পর্যন্ত বৃষ্টি হয়নি, সেখানে অনাবৃষ্টি চলেছে। তার ফলে সেখানকার ছোট ছোট চাষী, ক্ষেত মজুররা সব বেকার হয়ে পড়েছে। এই বেকারত্ব থেকে যদি তাদের বাঁচাতে হয় তাহলে টি আর, জি আর বাড়াতে হবে। সর্বপরি দেখা যাচ্ছে সেখানে যে পাট হয়েছিল জলের অভাবে তা আজকে শুকিয়ে যেতে বসেছে। পাট কেটে ডোবাবার জল পাচ্ছে না। জলের অভাবে সমগ্র নদীয়া জেলা এবং হরিণঘাটা, চাকদহ, রাণাঘাট প্রভৃতি এলাকার পাট শুকিয়ে যাচ্ছে। তারা যে পাট কাচার জল পাচ্ছে না, সেই জলের ব্যবস্থা করে দিতে হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sarat Chandra Das :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পুরুলিয়া জেলার লোক এবং আমি খরা শুনতে চিরদিন অভ্যস্ত। এবারে যে অভাবনীয় খরা সমস্ত পশ্চিমবংগ জুড়ে এসেছে তার জন্য আমাদের পার্লামেন্টারী পার্টি বিভিন্ন জায়গা পরিদর্শনের জন্য একটি স্ট্যাডি টিম পাঠিয়েছিলেন এবং আমি সেই স্ট্যাডি টিমের নেতা হিসাবে নদীয়া এবং মুর্শিদাবাদ জেলায় গিয়েছিলাম। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, নদীয়ায় কৃষিজমির সংখ্যা হল ৭ লক্ষ একর এবং লোকসংখ্যা ২২ লক্ষ এবং মুর্শিদাবাদে ২৬ লক্ষ লোক, ৯ লক্ষ একর কৃষিজমি আছে। জমির অবস্থা দেখে আমাদের মনে হল ২৫ বছর ধরে শাসন ব্যবস্থায় থেকেও এখন পর্যন্ত সেচ ব্যবস্থার সম্প্রসারণ করে কৃষি উৎপাদন বাড়াবার স্বার্থক প্রচেষ্টা মোটেই করা হয়নি। এই ২৫ বছরের

[5-40—5-50 p. m.]

পুঞ্জিভূত অকর্মন্যতা যে সমস্যা তাতে এই জেলা দুটি ভুগছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি নদীয়া জেলার কথা প্রথমে বলি। সেখানে ৪টি ব্লক সরেজমিনে পরিদর্শন করেছি। নদীয়া জেলার অবস্থা হচ্ছে, সেখানে গত বৎসর বন্যায় বিধ্বস্ত হয়েছে এবং সেই বন্যার জের কাটতে না কাটতে আবার খরা কবলিত হয়েছে। গত বছর চাষীদের সমস্ত মেরুদণ্ড ভেংগে গেছে। তাদের ঘরবাড়ী পড়ে গেছে, গরু বাছুর বন্যার জলে ভেসে গেছে এবং অনেক মারা গেছে। আবার যখন তারা পুনরায় বড় আশা নিয়ে চাষবাস করতে আরম্ভ করলো তখন খরায় কবলিত হয়েছে। আজকে সেখানকার লোকের মধ্যে ত্রাহি ত্রাহি রব উঠেছে। নদীয়া জেলায় ৭৫% আউস এবং ২৫% আমন ধান লাগান হয়। কিন্তু অবস্থা যা দেখা গেল বহু চেষ্টা করেও ৩০% আউস সেখানে হবে না এবং আমন ধান বড়জোর ৮ থেকে ১০ পারসেন্টের বেশী হবে না। করিমপুর ব্লকে যেখানে ৮ লক্ষ মন পাট হয় সেখানে বহু কষ্টে ৩ লক্ষ মন পাট হলে সেটা সাফিসিয়েন্ট হয়েছে বলে বুঝতে হবে।

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি মুর্শিদাবাদ জেলায় গিয়েছিলাম। সেখানে আশা করেছিলাম আমাদের কৃষিমন্ত্রী সেই এলাকার লোক হিসাবে নিজে নিশ্চয়ই বেশী সুযোগ সুবিধে নেন। কিন্তু আশ্চর্য হয়ে গেলাম যে সেখানকার অবস্থা আমাদের পুরুলিয়া জেলা থেকেও খারাপ। সেখানে আবার জমি দুই ভাগে বিভক্ত। সেখানে ৬০% আউস এবং ৪০% আমন হয়। আউস যদি প্রযত্ন করা যায় এবং যদি বৃষ্টি হয় তাহলেও সেখানে ৩০%এর বেশী ফসল হবে না এবং আমন এরিয়ায় ৫%এর বেশী ফসল হবে না। আশ্চর্য হয়ে গেলাম নবগ্রাম বলে একটি ব্লকে এক পারসেন্ট ধানও লাগান হয়নি। ধানের চারা যা লাগান হয়েছিল মরে গেছে। লোক ত্রাসের মধ্যে বাস করছে, ভয়ে পালাতে আরম্ভ করেছে। সেখানে অন্ন নেই, বস্ত্র নেই। নবগ্রাম ব্লকের এক জায়গায় প্রায় এক হাজার নরনারী তারা সকলেই খরাক্লিষ্ট, কংকালসার, তারা আমাদের ঘেরাও করে আমাদের গাড়ীর সামনে পড়ে যায়। তারা বলে, "আমাদের খেতে দাও আমাদের পরতে দাও, আমাদের বাঁচতে দাও"। এই ব্যাপার দেখে চোখে জল আসে। আমরা সেখানকার S.D.O.কে বলে ঐ লোকেদের জন্য ৫ শত, এক কেজি করে গম দেওয়ার ব্যবস্থা করে দেবার পরে আমাদের তারা ছেড়ে দেয়। তারা এই রকম ত্রাসের মধ্যে বাস করছে। যদি সরকার অনতি-বিলম্বে নবগ্রামের প্রতিটি ব্লকে test relief-এর scheme চালু না করেন তাহলে নবগ্রামের লোককে বাঁচান যাবে না এই খরা থেকে। বিশেষ করে নবগ্রামে যে ভয়াবহ অবস্থা দেখলাম এই রকম অবস্থা ইতিপূর্বে আর দেখিনি। অতএব ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো নবগ্রাম ও খরগ্রাম এই ২টি অঞ্চলের জন্য ত্রাণের ব্যবস্থা করুন। তা না হলে সেখানকার মানুষকে বাঁচান যাবে না।

(At this stage the red light was lit)

**Mr. Deputy Speaker :** Kindly take your seat, Mr. Das. Now, there is an amendment in the name of Shri Monoranjan Pramanik which is in order. I request Shri Pramanik to move his amendment.

**Shri Monoranjan Pramanik :** আমি আব্দুল বারি বিশ্বাস আজকে যে মোশান হাউসে এনেছেন তার প্রথম লাইনের "সারা পশ্চিমবংগে বিশেষ করিয়া" এই কথাগুলি হইতে আরম্ভ করিয়া ১৬ নং অনুচ্ছেদের "দানাশস্যের ন্যায্য মূল্যমান বজায় রাখার জন্য কঠোর ব্যবস্থা গ্রহণ করা" পর্য্যন্ত এইসমস্ত কথাগুলির পরিবর্তে নিম্নলিখিত কথাগুলি বসানো হউক, যথা :

"এবং বন্যার জন্য সারা পশ্চিমবঙ্গে ধানের চাষ একেবারে বন্ধ এবং বিনষ্ট হওয়ায় খাদ্যাভাব চরমে উঠিয়াছে, খাদ্যাভাবজনিত রোগ মানুষের ক্ষতিসাধন করিতেছে এবং কৃষি শ্রমিকগণ কাজের অভাবে বেকার হইয়া পড়িয়াছে অতএব এই অস্বাভাবিক অবস্থার মোকাবিলা করার জন্য জরুরীকালীন অবস্থার ভিত্তিতে যথোপযুক্ত স্বল্পমেয়াদী দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করিয়া সেইগুলি সুষ্ঠভাবে রূপায়িত করার নিমিত্ত এইসভা পশ্চিমবংগ সরকারকে অনুরোধ জানাইতেছে।"

মাননীয় ডেপুটি স্পীকারমহাশয়, আমি বর্ধমান জেলার লোক কিন্তু সম্প্রতি পর্যবেক্ষক হিসাবে কংগেস পরিষদীয় দলের সংগে হাওড়া এবং হুগলী পর্যবেক্ষণ করেছি, এই তিনটি জেলার বর্তমান অবস্থা সম্পর্কে আমার অভিজ্ঞতা আমি নিবেদন করছি। প্রাকৃতিক বিপর্যয়ের জন্য সমগ্র পশ্চিমবঙ্গ আজ দারুন অবস্থার সম্মুখীন হয়েছে, এখন যদি বৃষ্টিও হয় এবং যথেষ্ট পরিমাণে বৃষ্টি হয় তাহলেও চাষের কাজ হবে কিনা সে বিষয়ে সন্দেহ আছে। হতে পারে যদি সরকার থেকে বিভিন্ন প্রকারের ঋণ, যেমন কৃষিঋণ, বীজ, সার প্রভৃতি চাষীদের হাতে তুলে দিতে পারেন তাহলে চাষীরা ফসল ফলাতে পারেন। একদিকে চাষী বাঁচবে, তাকে বাঁচাতে হবে অপর দিকে আগামী দিনের ফসল ফলাবে। পশ্চিমবঙ্গ সরকারের কাছে এটা একটা চ্যালেঞ্জ, এবং চ্যালেঞ্জ মনে করে এই সমস্যা সমাধানের পথও গ্রহণ করতে হবে। এই বছর যদি আমন শস্য নাই পাওয়া যায় তাহলে আমাদের এখন থেকে প্রচুর পরিমাণে রবিশস্য পাওয়ার চেষ্টা করতে হবে এবং তারজন্য অনেক জায়গায় যেসব সেচ ব্যবস্থার অসুবিধা আছে সেগুলি দূর করে সেচ ব্যবস্থার সুবিধা করতে হবে। ডিপ টিউবওয়েলগুলি অনেক জায়গায় এনারজাইস করা হয় নি, সেগুলিকে এনারজাইস করতে হবে জনগনের প্রয়োজনে। অসাধু ব্যবসায়ীদের মিসায় আটক করে গ্রেপ্তার করার ব্যাপারে সরকারকে সক্রিয় হতে আবেদন করছি। আজকে গরীব মানুষ, সাধারণ মানুষ অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছে, তাদের কোন ক্রয়ক্ষমতা নেই। সেইজন্য তাদের জি আর এর পরিমাণ আরও বাড়িয়ে দিতে হবে এবং তার সংগে সংগ তাদের ক্রয়ক্ষমতা বাড়াবার জন্য অন্যদিকে টেস্ট রিলিফ-এর কাজও বাড়াতে হবে এবং ক্যাস প্রোগ্রামও বাড়াতে হবে এবং সেইসংগে গ্রামের পথঘাট ও সেচের উন্নতি হবে, ফলে তাদের উন্নয়ন করা সম্ভব হবে। জয়হিন্দ।

**Shri Nirmal Krishna Sinha :** মাননীয় ডেপুটি স্পীকারমহাশয়, বিভিন্ন বক্তা বিভিন্ন জেলার যে ভয়াবহ পরিস্থিতির চিত্র তুলে ধরেছেন বীরভূমের চিত্র তার থেকে আলাদা নয় ইতিমধ্যে অন্যান্য মাননীয় সদস্য, বীরভূমের যারা তারা বলেছেন। আমি আব্দুল বারি বিশ্বাস মহাশয় যে মোশান এনেছেন এবং তার সঙ্গে যে ১৬ দফা কর্মসূচী রেখেছেন তাকে পরিপূর্ণ সমর্থন করছি। কিন্তু খুব দুঃখের সংগে লক্ষ্য করছি যে এখানে সেই বীরভূম জেলাটা বাদ গিয়েছে, হয়ত ইচ্ছা করে নয়, অনিচ্ছাকৃতভাবে। বীরভূমের পরিস্থিতি দেখার জন্য এই কিছুদিন আগে মাননীয় দুজন মন্ত্রী গিয়েছিলেন, আমরা তখন দেখেছি ভয়াবহ পরিস্থিতি, লোকে কাজ পাচ্ছে না, পুকুরে জল নেই এবং ভয়াবহ বেকার অবস্থা। যে টি আর এর কাজ হয়েছিল তাতে বড় জোর শতকরা ২।৩ জন লোক কাজ পেয়েছে। বীরভূম জেলায় গত বছর আমন ধান শতকরা ৫০ ভাগ নষ্ট হয়ে যাওয়ার ফলে সেখানে চাষীরা আবার আই আর এইট, বোরো ইত্যাদি ধান লাগিয়েছিল কিন্তু খরার ফলে সম্পূর্ণ নাহলেও ২৫ ভাগ বাঁচলেও বাকি সমস্ত নষ্ট হয়ে যায়। এখন সেখানে

বর্ষা নেমেছে খবর পেয়েছি, সেখানে আউস ধান চলে গিয়েছে, আমন ধান যদি হয় তো সেটা শতকরা ৩০ ভাগ হবে কিনা বলা শক্ত। এই ধরনের একটা খরা পরিস্থিতি নিয়ে আমরা আলোচনা করতে চেয়েছি, সেখানে রাজানগর থানা এলাকায় একটা স্থানীয় খবরের কাগজ তার নাম 'চন্দ্রভাগা' সেই কাগজের সম্পাদক শ্রীমোহিত মুখার্জী তিনি সেখানে খাদ্য, বস্ত্র বিতরন করতে গিয়ে রেডক্রস সোসাইটির মাধ্যমে, তিনি যা দেখেছিলেন তাতে তিনি মানবিক দিক থেকে বলেছিলেন এটাকে দুর্ভিক্ষ অবস্থা ছাড়া কিছু বলা যেতে পারে না। সেখানে মেয়েরা অর্ধ উলঙ্গ অবস্থায় রয়েছে এই বিবৃতি তিনি দিয়েছিলেন এবং সেই বিবৃতির কাগজ আমরা মুখ্যমন্ত্রীর কাছে বলেছিলাম এবং দাবি করেছিলাম সেটাকে খরা এলাকা বলে ঘোষণা করার জন্য। কিন্তু এতবড় খরা সত্ত্বেও বীরভূমের

[5-50—6-00 p. m ]

কথা খুব জোর দিয়ে বলা হয় নি। আমি এখানে শুনলাম অন্যান্য জেলাতে যা হয়েছে। কোথাও শতকরা ৫ ভাগ যেখানে বেশি হয়েছে সেখানে ১০ ভাগ দেওয়া হয়েছে। কিন্তু বীরভূম যেখানে অ্যাকিউট এলাকা বলা হয়েছে, সরকারী ঘোষণায়ও বলা হয়েছে, সেখানে পর্যন্ত আড়াই ভাগের বেশি দেওয়া হয় নি। এই অবস্থা। সেখানে শতকরা ৩০ থেকে ৩৩ ভাগ ক্ষেতমজুর, ৭ ভাগ আদিবাসী, সেখানে এর উপর মধ্যবিত্ত সামান্য সামান্য জমি নিয়ে চাষ করে তাদের অবস্থা আরও খারাপ। আমি যেদিন কলকাতা আসছিলাম সেদিন বোলপুর টাউন কংগ্রেস কমিটির সভাপতি তিনি আমায় বললেন আমি ধান লাগিয়েছি ৫ হাজার টাকার মতো। সমস্ত মধ্যবিত্ত চাষী আজ পথে বসেছে তারা লোন পাচ্ছে না, সর্বনাশ হয়েছে। আমি একদিন লাভপুর বি ডি ও অফিসে গিয়েছিলাম। বেশ জমি জমাওয়ালা লোক সে ২শো টাকা ব্যাংকে লোন নেবে ৫ বিঘা জমির বদলে আড়াইশো টাকায় ৫ বিঘা জমির ব্যবস্থা করতে পারছে না। সরকারের লোন ছিল সেটা বেচে দিয়ে ব্যাংক লোন নেবে। এইরকম আজকে পরিস্থিতি। গরীবরা আজকে এই অবস্থায় পড়েছে, সাধারণ মানুষের আজকে এই দুরবস্থা। আমি একদিন আহমেদপুর গিয়েছিলাম। স্টেশনে কুলিগিরির কাজ করে তারা রোজগার করে। বীরভূম চিরকাল লক্ষ লক্ষ মণ চাল পাঠিয়েছে। মুর্শিদাবাদকে খাইয়েছে, শিল্পাঞ্চলকে খাইয়েছে, কলকাতাকে খাইয়েছে। আজ সেখানকার লোকে একমুঠো চাল জোগাড় করতে পারছে না। কিছুদিন আগে দেখে এসেছি একটাকা আশি পয়সা, দু টাকা দর। আরও দেখছি গাঁয়ে চাল পাওয়া যাচ্ছে না। আজকে যদি টি আর এর কাজ আরম্ভ করতে চান তাহলে টাকা দিলে হবে না, চাল দিয়ে করাতে হবে। কারণ টাকা নিয়ে তারা চাল পাবে না। গেরস্ত বাড়ীতে যাদের মাড়াই থাকতো তারা চাল কিনছে। এইসব দেখে এসেছি, এই অবস্থা আজকে। জরুরী ভিত্তিতে যেসব কর্মসূচী ১৬ দফা আব্দুল বারি বিশ্বাস মহাশয় দিয়েছেন তারমধ্যে কিছু স্বল্পমেয়াদী আছে, কিছু দীর্ঘমেয়াদী আছে। স্বল্পমেয়াদী যেগুলো আছে তার কাজ এখনই আরম্ভ করা উচিত, বীরভূমে সেগুলো চালু করা উচিত। ইতিমধ্যে যে অ্যামেণ্ডমেন্ট এসে গিয়েছে সেটা অত্যন্ত ভেক। কারণ সুনির্দিষ্টভাবে কি করবেন তা বলা হয় নি। প্রত্যেক বক্তা বলেছেন যে আজকে এখনই করতে হবে, টি আর জি পি লোন, এবং লংগরখানা এগুলো খুলতেই হবে। সেসব কথা না বলে ভেগলি বলেছেন, এই এই করতে হবে। আমরা বলছি সুনির্দিষ্টভাবে করতে হবে। এই অ্যামেণ্ডমেন্ট নয়, শ্রীআব্দুল বারি বিশ্বাস যে ১৬ দফা কর্মসূচী দিয়েছেন তারমধ্যে যেগুলি এখুনই আরম্ভ করা যায় সেগুলো হচ্ছে, টি আর এর কাজ আরম্ভ করা এবং জি আর at list 10 per cent আমি জানি সরকারী মহল থেকে অ্যাট লিস্ট ফাইভ পারসেন্ট বলেছেন। কিন্তু আমরা দাবি করছি অ্যাট লিস্ট টেন পারসেন্ট জি আর। এই কাজ আরম্ভ হোক এবং লোন কিভাবে দিতে পারেন সেটা দেখুন। কারণ ব্যাংকের লোন নিয়ে যা তা চলছে। সেখানে লোন চাইতে গেলে তাদের দালাল আছে। তাদের দিতে হবে তবে লোন পাওয়া যাবে। সেখানে ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংক, এলাহাবাদ ব্যাংক, ইউনাইটেড ব্যাংক এরা যেসব ঋণ দিয়েছে তারমধ্যে কত পারসেন্ট চাষীকে দিয়েছে তারা? লোন দিয়েছে ব্যবসায়ীদের। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন সেখানে কোটিপতি মালিক সে

লোন পেয়েছে। এই অবস্থায় সরকার সব টাকা লোন দিতে পারবেন না হয়তো। ব্যাংকের মারফত যদি মধ্যবিত্ত চাষীকে বাঁচাতে হয় তাহলে তারা যাতে অবিলম্বে লোন পেতে পারে তার ব্যবস্থা করতে হবে এবং এখনই মানুষকে বাঁচাতে হবে। দীর্ঘমেয়াদী পরিকল্পনা হবে তার স্কীম-টীম করতে অনেক দেরী হয়ে যাবে। মানুষকে বাঁচাতে হবে, মানুষ মরলে চলবে না। আজ কিছু বৃষ্টি হয়েছে। সবাই ভাবছে বুঝি খব ভাল হয়ে গেলো। এতে হয়তো বাইরের জ্বালা মিটলো, কিন্তু পেটের ক্ষুধার জ্বালা যা আছে তা ঠিকই আছে। সুতরাং সেই মানুষকে বাঁচাতে, গোটা পশ্চিমবংগের মানুষকে বাঁচাতে হলে জরুরী ভিত্তিতে এবং যুদ্ধকালীনভাবে পূর্ববাংলার মানুষকে আপনারা যেমন সমস্ত দায়িত্ব নিয়ে বাঁচিয়েছিলেন কোটি কোটি মানুষকে বাঁচিয়েছিলেন সেইভাবে দায়িত্ব নিতে হবে এবং সেইজন্য যে কর্মসূচী শ্রীআব্দুল বারি বিশ্বাস রেখেছেন তা রূপায়ণ করতে হবে। তারমধ্যে যেগুলো এখনই দরকার সেগুলো হচ্ছে, টি আর, জি আর লোন এবং কোন কোন জায়গায় লংগরখানা এখুনি করা দরকার এবং টি আর করতে গেলে যেভাবে টাকা দেন, লোন দেন তা নয় একেবারে খাস দিয়ে করুন। কিছু পয়সা দিতে পারেন। এই অবস্থা আজকে গোটা পশ্চিমবঙ্গে চলছে। বীরভূমের অবস্থা তারচেয়ে কিছু অংশ ভাল নয়, বরং আরও খারাপ, একজন সদস্য একথা বলেও গিয়েছেন। সুতরাং আব্দুল বারি বিশ্বাস মহাশয় যে মোশান এনেছেন তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি।

## POINT OF ORDER

**Shri Biswanath Mukherjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, পয়েন্ট অব অর্ডার। যে প্রস্তাব শ্রীআবদুল বারি বিশ্বাস মহাশয় এনেছিলেন সেই প্রস্তাবটি সম্পূর্ণ বাতিল করে দিয়ে একটা সংশোধনী শ্রীমনোরঞ্জন প্রামাণিকের নামে সারকুলেট করা হয়েছে। তিনি এখনও মুভ করেন নি। কটার সময়, তিনটে তিরিশ মিনিটের সময় আলোচনা আরম্ভ হয়েছে এখন ছটা বাজতে পাঁচ মিনিট অর্থাৎ দু' ঘণ্টা পনেরো মিনিটের পর এই রকম ফ্যাণ্ডামেণ্টাল অ্যামেণ্ডমেন্ট যা সম্পূর্ণ বাতিল করে দেয় প্রস্তাবটাকে এই রকম একটা অ্যামেণ্ডমেন্ট লাস্ট মোমেন্ট-এ আনা হয়েছে। এবং এটা আইনসভার Secretariate-এর দোষ নয়। কারণ এটা দেওয়া হয়েছে একটু আগে এবং ওখানে এটা circulate করা হয়েছে। এ পর্যন্ত যাঁরা বক্তৃতা করলেন তাঁরা amendment সামনে রেখে বক্তৃতা করতে পারেন নি। Last moment এই রকম fundamental amendment দেওয়া যায় কি না এবং সেটা admit করা যায় কি না ভাববার কথা। অবশ্য এতে লেখা আছে is being examined and not yet admitted. অনেকদিন আগেই এই প্রস্তাব এসেছে। একটা থেকে House বসেছে, সাড়ে তিনটার সময় discussion আরম্ভ হয়েছে আপনি এই amendment আর একজন সভ্যের নাম করে দিয়েছেন এটা আপনি আর ২ ঘণ্টা আগে দিতে পারেন নি। (a voice : যেন উনি দিতে পারেন না ?) নিশ্চয়ই পারেন, আচ্ছা আমি এটা withdraw করছি। সমস্ত বে-সরকারী amendment সরকারী amendment. আমার point of order হচ্ছে কেন এটা ঠিক সময় দেওয়া হল না এবং আমাদের discussion-এর scope দেওয়া হল না ?

**Shri Abdus Sattar :** স্যার, যে amendment আনা হয়েছে সেটা House-এ আনা হয়েছে। কিন্তু প্রশ্ন হচ্ছে যে, rule 322-তে যেখানে notice দেবার কথা বলা আছে Notice of an amendment to a motion shall be given one day before the day on which the motion is to be considered, unless the Speaker allows the amendment to be moved without such notice. So, Speaker has got the authority. সে হিসেবে আপনি allow করেছেন that has been moved. এখন

আর বলার কোন scope নেই, আপনি already এটা accept করেছেন এবং এটা moved হয়ে গেছে। যখন তিনি move করেছিলেন তখন যদি তিনি বলতেন তাহলে একটা প্রশ্ন ছিল। তিনি already এটা move করেছেন এবং আপনি accept করেছেন। Notice না দেওয়া হলেও Speaker has got that authority আপনি সেই authority exercise করেছেন। In this case point of order-টা not tenable কারণ 322-তে clear আছে Speaker has got that authority.

**Shri Biswanath Mukherjee:** এটুকুন তিনি দয়া করে না বললেই পারতেন। এটা সকলেরই জানা আছে যে Speaker-এর ক্ষমতা আছে। কিন্তু আমি point of order raise করেছি। এই কারণে যে এই রকম একটা foundamental amendment debate-এর ২ ঘণ্টা হবার পর তিনি admit করলেন কেন? আমি অনুরোধ করব এটা তিনি reconsider করতে পারেন কিনা একবার দেখবেন।

**Shri Kumardipti Sen Gupta:** স্যার, মাননীয় সদস্য বিশ্বনাথবাবু যে অসুবিধার কথা বলেছেন সেটা ঠিক। তার কারণ এই amendment হাতে থাকলে তা নিয়ে অনেক সদস্য আলোচনা করতে পারতেন। কিন্তু তিনি ২টো এর সঙ্গে add করেছেন। Fundamentally এটা change করা হয়েছে। Amendment যেটা মনোরঞ্জনবাবু এনেছেন—আমারও নিজস্ব একটা amendment ছিল—তার সঙ্গে আবদুল বারি বিশ্বাসের amendment-এর সঙ্গে মূলত: ও নীতিগতভাবে কোন পার্থক্য নেই। তফাৎ যেটা সেটা হচ্ছে এটা একটা coincised করা হয়েছে, কিন্তু মূল বক্তব্য বারি সাহেবের যা ছিল এতেও তাই আছে। বারি সাহেবের amendment-টা argumentative ছিল, coincised করা হয়েছে মাত্র। এই কারণে এটা out of order বলতে পারছি না। তবে it has caused inconveniance বলে সেখানে আমি তাঁর সঙ্গে একমত। সে জন্য আবদুল বারি বিশ্বাস যেটা বলতে চাইছেন এবং আমি

[6-00—6-10 p.m.]

আমার অ্যামেণ্ডমেণ্টের মাধ্যমে যেটা জানাতে চেয়েছিলাম মনোরঞ্জনবাবুর অ্যামেণ্ডমেণ্ট সেটা রয়েছে বলে আমরা এই অ্যামেণ্ডমেণ্টকে সমর্থন করছি।

**Shri Biswanath Mukherjee** তারপর অ্যামেণ্ডমেণ্ট এসেছে, আমরা একটা পয়েণ্ট ডিসকাস করেছি, আপনি এটা অ্যালাও করেছেন, আমি ইনসিস্ট করছি It is a fundamental amendment, that it has almost done away with the original resolution. উনি যা বললেন আমার ইনকনভিনিয়েন্সের কথা নয়, বা বক্তব্য যা বক্তৃতা করেছেন তাদের ইনকনভিনিয়েনন্সর কথা নয়। আবদুল বারি বিশ্বাস মহাশয় যে প্রস্তাব রেখেছেন তাতে বর্ণনা তো উপরে একটুখানি প্যারাগ্রাফে বর্ণনা রেখেছেন, একটুখানি কমিয়েছেন কি বাড়িয়েছেন তাতে আমি ইণ্টারেস্টেড নই, কিন্তু তাতে ১৬ দফা একটা কনক্রিট স্টেপের কথা বলেছেন। এই প্রস্তাবে বলা হয়েছে জরুরীকালীন অবস্থার ভিত্তিতে যথোপযুক্ত স্বল্পমেয়াদী দীর্ঘমেয়াদী পরিকল্পনা নেওয়া হোক। আবদুল বারি বিশ্বাস মহাশয় যে প্রস্তাব রেখেছেন সুনির্দিষ্টভাবে তাকে অনেকগুলি ভাগে ভাগ করা যায়, তাতে কয়েকটা ডেভেলপমেণ্ট পরিকল্পনা আছে, কয়েকটা হচ্ছে স্টেট ট্রেডিং-এর মাধ্যমে হবে, কয়েকটা হচ্ছে রিলিফ, স্টেট রিলিফ, লোন প্রভৃতি, কয়েকটা হচ্ছে দ্রব্যমূল্য বৃদ্ধি সম্বন্ধে, সমস্ত মিলিয়ে রেখেছেন। এঁরা যে অ্যামেণ্ডমেণ্ট নিয়ে এসেছেন তাতে স্বল্পমেয়াদী দীর্ঘমেয়াদী পরিকল্পনা ছাড়া কোন কথা নেই। এখন মন্ত্রিমহাশয় যদি এক্সপ্লেন করেন বা যিনি অ্যামেণ্ডমেণ্ট এনেছেন তিনি যদি এক্সপ্লেন করেন এই পরিকল্পনার মধ্যে সব রেখেছি, খাদ্য সরবরাহ,

বন্টন, টেস্ট রিলিফ, গ্র্যাচুইটাস রিলিফ, লোন এভরিথিং ইনক্লুড করেছি তাহলে বুঝতে পারি, কিন্তু ভাষা যা তাতে দেখা যাচ্ছে অল দিজ আর এক্সক্লুডেড ইন দিস রেজলিউসান। সুতরাং ফাণ্ডামেণ্টাল অ্যামেণ্ডমেণ্ট হচ্ছে বলে আমি ক্লেম করছি। ভাল করে প্রস্তাব এবং অ্যামেণ্ডমেণ্ট তুলনা করে পড়ে দেখুন, যে কোন লোক বুঝবে এটা ফাণ্ডামেণ্টাল অ্যামেণ্ডমেণ্ট। সেই ফাণ্ডামেণ্টাল অ্যামেণ্ডমেণ্ট লাস্ট মোমেণ্টে নিয়ে আসা কখনও উচিত নয় এবং আপনাকে অনুরোধ করব আপনি মিলিয়ে দেখুন, আপনি কনভিন্সড হবেন এবং অ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে আপনার মত পরিবর্তন করুন।

**Shri Abdus Sattar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় সভ্য বিশ্বনাথবাবু যা বলছেন আমার মনে হয় বারি সাহেব যেটা ১৬ দফায় বলেছেন সেটা একটা প্যারাতে বলা হয়েছে এবং.........

**Shri Biswanath Mukherjee :** এটা রেকর্ডেড হোক যে ১৬ দফা একটা প্যারাতে বলা হয়েছে।

**Shri Abdus Sattar :** খরার দরুণ এই সমস্ত জি আর, টি আর, কিম্বা এগ্রিকালচারাল লোন, সিড লোন, ফার্টিলাইজার লোন, স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল এই সমস্ত জিনিস আসছে, এই সম্বন্ধে পরে জবাব দেওয়ার সময় আমি বলব। কিন্তু আপনারা জানবেন এই মিনিষ্ট্রি কখনও কোন অবস্থায় কেউ যা করতে পারে নি সেই জিনিস আমরা করেছি। সেই হিসাবে আমি বারি সাহেবকে অনুরোধ করছি খরা সম্বন্ধে আপনার মোশানের যা বিষয়বস্তু তা এই অ্যামেণ্ডমেণ্টের মধ্যে আছে, আপনি সেটা দেখে এই অ্যামেণ্টমেণ্ট আপনারও অ্যাক্সেপ্ট করা উচিত।

**Shri Biswanath Mukherjee :** তাহলে এটা সরকারী অ্যামেণ্ডমেণ্ট, বেসরকারী নয়?

**Shri Abdus Sattar :** সরকারী কি বেসরকারী আমি বলছি না, এটাকে গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

**Shri Nirmal Krishna Sinha :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে অনুরোধ করব ১৬ দফা কর্মসূচী সহ আর একটা অ্যাডিশনাল মোশান আনা হোক।

**Mr. Speaker :** I want to know the opinion of Shri Abdul Bari Biswas in this respect.

**Shri Biswanath Mukherjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, শ্রীআবদুল বারি বিশ্বাস মহাশয়ের অ্যামেণ্ডমেণ্ট অ্যাকসেপ্ট করতে পারেন। কিন্তু আমি যে একটা পয়েণ্ট অফ অর্ডার তুলেছি যে, এইযে ফাণ্ডামেণ্টাল অ্যামেণ্ডমেণ্টটা যেটা লাস্ট মোমেণ্টে এসেছে সেটা অ্যাকসেপ্ট করা উচিত কিনা। তাই আমি রিকোয়েস্ট করছি যে এটা রিকনসিডার করুন।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমার যে প্রস্তাব ও যে সংশোধনী প্রস্তাবের উপর যে বিতর্কের সূত্রপাত হয়েছে সেটার নিরসন হওয়া প্রয়োজন এবং পয়েণ্ট অফ অর্ডার সেটা প্রযোজ্য কিনা সেটা বিচার করবেন। একটা কথা বলি আমার প্রস্তাবের মূল বিষয়বস্তু যা ছিল তার সংগে দেখতে পাচ্ছি যে সংশোধনী প্রস্তাব যা আনা হয়েছে তার মধ্যে মূল কথা স্বীকৃত হয়েছে। "খাদ্যাভাব চরমে উঠিয়াছে। খাদ্যাভাবজনিত রোগ মানুষের ক্ষতিসাধন করিতেছে এবং কৃষি শ্রমিকগণ কাজের অভাবে বেকার হইয়া পড়িয়াছে অতএব এই অস্বাভাবিক অবস্থার মোকাবিলা করার জন্য জরুরীকালীন অবস্থার ভিত্তিতে যথোপযুক্ত

স্বল্পমেয়াদী দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করিয়া সেইগুলি সুষ্ঠুভাবে রূপায়িত করার নিমিত্ত এই সভা পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ জানাইতেছে।" মূল প্রস্তাবের যে পজেটিভ সাজেসানগুলো সেগুলো মনে হয় সংশোধনীতে আছে। আমি যে ১৬ দফা কর্মসূচীর ভিত্তিতে বক্তব্য রেখেছি সেই বক্তব্যের পজেটিভ সাজেসানের উপর যে গুরুত্ব আমি দিয়েছি সেটা স্বীকার করা হয়েছে, এবং সেটা স্বীকার করে নিয়ে বলা হয়েছে যে, "খাদ্যাভাব চরমে উঠিয়াছে এবং খাদ্যাভাবজনিত রোগ মানুষের ক্ষতিসাধন করিতেছে" ইত্যাদি যে কথা আমি আগেই পড়েছি তা বলা হয়েছে। এই কথা স্বীকার করে তারপর বলা হয়েছে যে কর্মসূচী নিচ্ছি। সুতরাং এখানে মন্ত্রিমহাশয় নিশ্চয়ই উত্তর দেবেন এবং উত্তর দেবার সময় তাঁরা পশ্চিম বাংলার মানুষের জন্য কি কি কাজ করেছেন, পশ্চিম বাংলার মানুষের আশা-আকাঙ্খার দিকে যে তাকিয়ে চলেছেন ও আগামী দিনে কি স্টেপ নিতে যাচ্ছেন তা বলবেন। আমার মনে হয় যে এই অবস্থায় মূল বক্তব্যের গুরুত্ব উপলব্ধি করে করা হয়েছে। আমি বলছি এটা গ্রহণ করুন।

**Mr. Speaker** : Honourable members, a point of order has been raised by the honourable member, Shri Biswanath Mukherjee, whether an amendment should be allowed to be moved when the main motion is being debated and about two hours have passed after the motion has been introduced, moved and debated upon. In this connection rule 322 which has also been referred to runs as follows :

> "Notice of an amendment to a motion shall be given one day before the day on which the motion is to be considered, unless the Speaker allows the amendment to be moved without such notice."

Now, the question that has been raised is whether the Speaker should—though rule has given him the discretionary power—waive the notice period of 24 hours and whether it is desirable for the Speaker to allow such an amendment to be moved on the floor of the House when the discussion is going on and about a dozen of honourable members have already participated in the debate on the motion. Now, I am looking to the rules and the debates of the Lok Sabha also to see what is the procedure that is being followed there in Lok Sabha, whether this notice should be waived by the Speaker and whether in such circumstances—there may be such circumstances—the Speaker has taken recourse to his discretion and waved the notice period and allowed the particular amendment to be moved on the floor of the House even when the main motion is being debated on the floor of the House. I find from a book

[6-10—6-20 p.m.]

"Parliamentary Procedure in India" written by Shri A. R Mukherjea—he was one of our Secretaries of this House, at page 112 of the book he has also made observations regarding amendments that the Presiding Officers are invariably empowered by such rules to allow any amendment to be moved at short notice and even on the floor of the House when the main motion is before the House. Now the main motion of Shri Biswas is before the House and it is being discussed. Even when the motion is before the House and is being discussed, the Speaker or the Presiding Officer has got every right to allow

any amendment. Not only that but I also find from the the book "Practice and Procedure of Parliament" written by Shri M. N. Kaul and Shri S L. Shakdher (first edition of 1968) that it has been stated clearly that the Speaker may waive the requirement of notice under rule 322 though the notice is to be given one day before the day on which the motion has to be considered. That is one of the conditions for admitting notice of amendments but here also the Speaker may waive the requirement of notice if the amendment is acceptable both to the mover and to the Government This is from the Lok Sabha debates, dated 31st of April, 1956, on which date the amendment was accepted. Now, discussion on this motion will be over by 6.37p.m. but even if any amendment comes before the House two or three minutes before the debate is concluded, the procedure which is followed in the Lok Sabha is that last minute amendment may be admitted if agreed to and accepted by the mover of the motion. So far as I have understood Mr. Biswas, though he has got some reservations but he has accepted the amendment. We have also before us the Lok Sabha debates, dated 27th May, 1957, 29th August, 1957 and 5th September, 1957, and we find from these debates that on three occasions in 1957 last minutes amendments were accepted and the movers accepted the amendments So I find that in Lok Sabha a convention has been adopted that last minute amendment will be accepted if the mover accepts the amendment

Now, in this particular case I was not in the Chair but the Deputy Speaker was in the Chair and he allowed an amendment moved. So, that chapter has been closed because about 55 minutes before the scheduled time of the conclusion of this debate the Deputy Speaker allowed this motion and it was moved by Shri Manoranjan Pramanik and it has already been accepted.

Already it has been accepted and it is in order and that it has been allowed by the Deputy Speaker whose observation or ruling is final and I cannot sit in judgment over the pronouncement or observation already made by the Deputy Speaker when he is in the Chair. So, while in the Chair, the Deputy Speaker or any one from the Pannel of Chairman has got the full authority and the Speaker has got no right to over-rule the ruling or observation that has already been given. So, not only from that point of view but from the point of view of the Lok Sabha—I have just now cited several cases before the honourable Members—last minute amendments may also be accepted if these are accepted if these are accepted by the mover. Therefore, the point of order raised by the honourable Member, Shri Biswanath Mukherjee does not stand.

**Shri Biswanath Mukherjee :** Thank you, Sir.

## *MOTION UNDER RULE 185*

***Shri Kanti Ranjan Chartterjee :*** মাননীয় অধ্যক্ষমহাশয়, যে প্রস্তাব আমাদের আবদুল বারি সাহেব এনেছেন, তার যে সংশোধনী এনেছেন মনোরঞ্জন প্রামাণিক এবং দেবেন সিংহ রায় মহাশয় সেই দুটি সমেত আবদুল বারি বিশ্বাসের প্রস্তাব সমর্থন করছি এবং আমি দু'একটি কথা বলবো—এখানে খরা সম্বন্ধে বিশেষভাবে আলোচনা হয়েছে এবং তাতে সুস্পষ্ট হয়েছে যে পশ্চিম বাংলা আজকে খরা কবলিত এবং পশ্চিম বাংলার অবস্থা অত্যন্ত শোচনীয় হয়েছে এবং প্রত্যেকটি বক্তা বিভিন্ন জেলা সম্পর্কে বলেছেন। সুতরাং সমস্ত পশ্চিম বাংলার কৃষিক্ষেত্র আজ খরার কবলে পড়ে আগামী দিনের শঙ্কায় দিন কাটাচ্ছে। সরকার থেকে খরা সম্পর্কে প্রথম দিন থেকে যে চেষ্টা চলছিল এবং খরায় যাতে জলকষ্ট নিবারণ হয় সেই ব্যবস্থা সরকার কিছুদিন আগে থেকে করে আসছে, কিন্তু শ্রাবণ মাসেও যে জল আসবে না, আমি মনে করি সরকার এটা আশংকা করেন নি। একটা কাজ তারা ভাল করেছেন rural urban water supply বাতিল করে দিয়ে মাননীয় সদস্যদের তত্ত্বাবধানে সমস্ত জায়গায় যে tubewell-এর ব্যবস্থা করেছেন তারজন্য অভিনন্দন জানাই। সংগে সংগে এই কথা বলবো সুন্দরবন অঞ্চলে আজ পর্যন্ত tubewell-এর ব্যবস্থা হয়নি। আমি ত্রাণমন্ত্রীর এদিকে দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবন অঞ্চলে tubewell হবার সম্ভাবনা না থাকায় T R-এর মাধ্যমে যাতে পুকুর খননের ব্যবস্থা করা হয় তার প্রচেষ্টা যেন করেন। কারণ সুন্দরবন অঞ্চলে deep tubewell-এর প্রচেষ্টা দীর্ঘদিন ব্যর্থকাম হবার ফলে আজকে পরিস্থিতি একটা অদ্ভুত জায়গায় এসে দাঁড়িয়েছে। আর একটা কথা বলতে চাই বিভিন্ন জায়গায় যে tubewell রয়েছে যদি এটা যুদ্ধকালীন অবস্থার কথা ভাবি, তাহলে আমি বলবো এই deep tubewell-এর প্রতিটি অঞ্চলে Irrigation Department-কে দিয়ে দেখা দরকার চালু কত অংশ আছে। আমরা সাধারণ লোকের কাছ থেকে জানতে পেরেছি, এই গভীর নলকূপের আশেপাশে যে জমি আছে, সেইসব এলাকায় কিছু কষ্ট করে জল দিলে সাহায্য হয়। কিন্তু তার যে command area রয়েছে, তার বাইরে যেতে চায় না। কিন্তু এই দুঃসময়ে পরিকল্পনা করে আমরা সেখানে যদি double duty দিয়ে রাত্রেও কাজ করে জল দেওয়া যায় তারজন্য এদিকে বিশেষ দৃষ্টি দেবেন। আর একটা কথা বলতে চাই ঋণ সম্পর্কে। ঋণ সম্পর্কে আমি বলবো মন্ত্রিমহাশয় এদিকে যেন দৃষ্টি রাখেন। ঋণ দেবার ব্যাপারে যাদের পূর্বেকার ঋণ আছে এবং defaulter বলে আটকে দেওয়া হয়েছে, বর্তমান পরিস্থিতি অত্যন্ত গুরুতর, যাদের defaulter list-এ নাম আছে, তাদের বর্তমানে defaulter বলে আটকে দেওয়া না হয়। তাদের যেন চাষের সুযোগ দেওয়া হয়। যারা defaulter তাদের আগের ঋণ দীর্ঘমেয়াদী করে দিয়ে, বর্তমানে আবার ঋণ দিলে বহু লোক কাজ পাবে। সংগে সংগে আর একটা নিবেদন রাখবো, মাননীয় পূর্তমন্ত্রীর হাতে রাস্তার উন্নয়নের কাজ রয়েছে, শুধু test relief বলে গ্রামের রাস্তাতে নিয়োগ না করে, Development-এর কাজে হাত দিলে অনেক সাহায্য হবে। আমরা এই আলোচনা শুনেছি

[6-20—6-30 p. m.]

এবং আমার অভিমত পূর্বেও আমি বলেছি এবং এখনও বলছি যে যুদ্ধকালীন ব্যবস্থা হিসাবে এই ডেভেলপমেন্টের কাজ এবং রাস্তার কাজ তারা যেন গ্রহণ করেন। এবং ডিপ টিউবওয়েল খনন করা এবং তার পাশে যে দীর্ঘমেয়াদী পরিকল্পনা এখন কিভাবে হবে তা আমরা জানি না। তবে আমি এই জিনিসের পথনির্দেশ করে দিচ্ছি। আগামী দিনের জন্য অধিক সংখ্যক ডিপ টিউবওয়েল স্থাপন করা দরকার। অধিকাংশ ক্ষেতমজুর আজ জলের অভাবে কাজ করতে পারছে না। যারা ধানের বীজ লাগিয়েছিল তা আজ লাল হয়ে যাচ্ছে। তাই আমি বলবো অন্ততঃ আমরা ভরসা রাখি যে আগামী এক মাসের মধ্যে জল নেমে আসবে কিন্তু এই এক মাস আমাদের অগ্নি-পরীক্ষার সময়। এই এক মাসের মধ্যে সুন্দরবন এলাকার যেটা দাবি এবং তার সমতুল্য যেসব

অঞ্চল পুরুলিয়া, বাঁকুড়া প্রভৃতি সেখানে অন্ততঃ ১৫ পার্সেন্ট জি আর দেওয়ার চেষ্টা করা উচিত এবং দক্ষিণ ২৪-পরগনার বিভিন্ন অঞ্চলে ঘুরে দেখেছি যেখানে ধানের উৎপাদন অধিক, যেখানে শিল্পকলা বলতে কিছু নেই সেখানকার অবস্থা অত্যন্ত খারাপ এবং উত্তর ২৪-পরগনার বসিরহাট, বনগাঁ এবং বারাসত এই তিনটি অঞ্চলের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে দাঁড়িয়েছে। আজকে আমি এই সমস্ত অঞ্চল ঘুরে এসেছি সেখানে এখনও কৃষকরা জল যোগাড় করতে পারেনি। দেগঙ্গা অঞ্চলের অবস্থা অত্যন্ত শোচনীয়। তারা বলছে আগামী ১৫ দিনের মধ্যে যদি তারা জল যোগাড় করতে পারে তাহলে হয়তো দশ শতাংশ খাদ্যশস্য উৎপাদন করতে সক্ষম হবে। খরা সম্পর্কে আমি বিশেষ কিছু বলতে চাই না, কারণ পশ্চিম বাংলায় নয় সমস্ত জায়গায়ই সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। আমি এ সম্পর্কে দুই তিনটি প্রস্তাব রেখেছিলাম। ২৪-পরগনার সমস্ত অঞ্চল ঘুরে আমার ধারণা বদ্ধমূল হয়েছে যে এক পার্সেন্ট চাষও সম্ভব হবে বলে মনে হয় না। অনেকেই লাঙল জমিতে দিতে পারছে না। আমি মনে করি ত্রাণমন্ত্রিমহাশয়, এই বিষয়ে বিশেষ বিবেচনা করবেন। এবং এখন যাতে তারা সংকটের হাত থেকে রেহাই পেতে পারে তারজন্য চেষ্টা করবেন। আমি জানি এটা শুধু পশ্চিমবঙ্গ সরকারকেই বললে হবে না, এ বিষয়ে দিল্লীকেও এস. ও. এস. পাঠানো দরকার। যদিও কেন্দ্রীয় সরকারের টিম এখানে এসেছিল তারা দেখে গিয়েছে। বর্তমানে যে অবস্থা হয়েছে শ্রাবণ মাসেও আমাদের সেই অবস্থা হবে। আপনারা অনেকেই জানেন খনার বচনে রয়েছে "যদি বর্ষে শ্রাবণে রাজা বেরোন মাগনে" আমাদেরও সেই রকম অবস্থা হবে। এবং আমরাও ভিক্ষে করতে বাধ্য হচ্ছি দিল্লীর কাছে। এই ভিক্ষা আপনারা চাইবেন অন্ততঃ ন্যূনতম ৫০ কোটি টাকা। আপনারা ৪০ কোটি টাকার কথা বলেছেন আমার মনে হয় যে অবস্থা দাঁড়িয়েছে তাতে ৫০ কোটি টাকা দরকার এবং দিল্লীকে জানানো দরকার। নিশ্চয়ই তাঁরা সহানুভূতির সঙ্গে এটা বিবেচনা করবেন এবং যাতে আমাদের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর কাছে এই আবেদন রাখেন সেই দাবিই আমি এখানে রাখছি।

**Mr. Speaker :** Honourable members, the time that was allotted by the Business Advisory Committee, for discussion of this motion, was 3 hours only and that period will expire at 6-37 p.m. But two Hon'ble Ministers, namely, Shri Santosh Kumar Roy and Shri Abdus Sattar, want to give detailed replies to the points that have been raised by honourable members in course of the debate. I think the time left—only a few minutes, about 10/12 minutes—will not be sufficient for them to deal with all the points raised. Therefore, with the sense of the House, under rule 290, the time may be extended by an hour, but I will request the Hon'ble Ministers to complete their replies as early as possible. So with the sense of the House—if the House agrees with me—I like to extend the time of the debate by one hour more.

(Voices—'Agreed')

Then, with the sense of the House I extend the time by an hour, that is the debate must conclude by 7-37 p.m.

Now, I call upon the Hon'ble Minister Shri Santosh Kumar Roy.

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে খরার উপর যে প্রস্তাব এসেছিল তা নিয়ে এই সভায় সদস্যরা যে উদ্বেগ প্রকাশ করেছেন এবং যে সমস্ত গঠনমূলক সমালোচনা করেছেন তার জন্য আমি সরকারের তরফ থেকে এই আশ্বাস দিতে চাই যে আমরা

এই বিষয়ে সম্পূর্ণ ওয়াকিবহাল আছি। মাননীয় সদস্যরা তাঁদের গঠনমূলক সমালোচনার মধ্যেও কিছু কিছু বিষয় হয়ত সম্পূর্ণ অবগত না হওয়ায় অথবা ভুল বুঝে এইখানে সভার সম্মুখে কয়েকটি বক্তব্য উপস্থিত করেছেন। আমি এখানে আজকে এই ভুল ধারণা, যা আমাদের পশ্চিমবংগের অনেক মানুষের মধ্যে আছে, মাননীয় সদস্যদের মধ্যেও আছে, আপনার মাধ্যমে এই ভুল ধারণা ভেংগে দিতে চাই। মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র, তিনি মালদা ও পশ্চিম দিনাজপুরের অবস্থা সরজমিনে দেখেছেন এবং দেখে তাঁর মনে হয়েছে যে আমাদের সরকারের ঐ দুটি অঞ্চলকে দুর্ভিক্ষ অঞ্চল বলে ঘোষণা করা উচিত ছিল। মাননীয়া সদস্যা হয়ত জানেন না আমাদের যে রিলিফ অফ ডিসট্রেস ম্যানুয়াল, যার উপর আমাদের কাজ করতে হয়, ত্রাণ ব্যবস্থা চালাতে হয়, তাতে দুর্ভিক্ষ অঞ্চল বলে ঘোষণা করবার কোন বিধান নেই। কিন্তু সদস্যরা হয়ত সেই আগের ব্রিটিশ আমলে যে ফেমিন কোড ছিল সেই কথা বলেছেন কিন্তু আপনি জানেন এই ওয়েলফেয়ার স্টেটে আমাদের সমস্ত ত্রাণ ব্যবস্থাটাকে অন্য দিকে চিন্তা করে হয়েছে। ১৯৬১ সালে এই রিলিফ ম্যানুয়াল যা তৈরী হয়েছে তার মধ্যে পরিষ্কারভাবে এই কথা ঘোষণা করা হয়েছে। The provisions of the Code for declaration of famine or scarcity have been dispensed with. Government now accept full responsibility for relief operations without declaring famine or scarcity. Relief works may now be termed as works relieving unemployment amongst rural labourers. এর মুখবন্ধে যে বক্তব্য রাখা হয়েছে তাতে আরো মাননীয় সদস্যদের বুঝতে সুবিধা হবে যে এখানে পরিষ্কারভাবে বলা হয়েছে It is no longer the policy of the Government to wait upon events but to fashion events so that scarcity or famine does not occur. সুতরাং আগে ব্রিটিশ আমলে বিশেষ অবস্থায় দুর্ভিক্ষ ঘোষণা করা হোত এবং তখন সরকার ত্রাণের দায়িত্ব নিতেন। আমরা এই ফ্যামিন ম্যানুয়াল এবং মুখবন্ধের বক্তব্য থেকে বুঝতে পারছি যে কল্যাণমূলক সরকারকে মানুষ যখন অভাবে পড়ে, মানুষ যখন দুর্দশাগ্রস্ত হয় তখনি সরকারকে এগিয়ে আসতে হয় সেই মানুষদের সাহায্যের জন্য। আপনারা জানেন আপনাদের এই জনপ্রিয় সরকার সেইজন্য যেখানে মানুষ দুর্দশাগ্রস্থ হয়েছে সেখানেই এগিয়ে এসেছে তাদের সাহায্যের জন্য, তাদের সেবার জন্য। কিন্তু

[6-30—6-40 p.m.]

মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আপনি জানেন যে, আমাদের পশ্চিম বাংলার অর্থনীতি গত কয়েক বছরে, বিশেষ করের ১৯৬৬ সালের পর থেকে সম্পূর্ণ ভেঙ্গে পড়ে, পংগু অবস্থায় এসে পৌছেছে। সেই সীমিত সম্পদ নিয়ে এবং অর্থ নিয়ে পশ্চিম বাংলার কোটি কোটি দুর্দশাগ্রস্ত মানুষের সেবায় লাগান হয়েছে। তাই প্রয়োজন যতটা ছিল, ততটা আমরা করে উঠতে পারিনি। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্যরা অনেকে জানেন এবার পশ্চিম বাংলার বর্তমান সরকার যেভাবে খরা পরিস্থিতির মোকাবিলা করার জন্য প্রথম থেকেই ঝাপিয়ে পড়েছেন, তাতে যে পশ্চিম বাংলার সাধারণ মানুষে আস্থা রেখেছে তা নয়, এখানে মাননীয় সদস্য শ্রীঅসমঞ্জ দে মহাশয়ও বলেছেন—প্রয়োজনের তুলনায় অনেক কম হয়েছে, তবু সাধারণ মানুষ সরকারের উপর আস্থা রেখেছে, তাদের বিশ্বাস কিছু করছে, কিছু করতে পারবে। আমি খালি পশ্চিম বাংলার সাধারণ মানুষের কথা বলছি না, যেভাবে খরার মোকাবিলা খরার জন্য বর্তমান সরকার, ব্যবস্থা নিয়েছেন, এবং যেসমস্ত ব্যবস্থা গ্রহণ করেছেন, তাতে আজকে কেন্দ্রীয় সরকার বিশেষ করে ভারতের প্রিয় প্রধানমন্ত্রী উচ্ছ্বসিত প্রশংসা করেছেন। আমাদের মাননীয় সদস্য মোর্চার ডেপুটি লীডার বিশ্বনাথ মুখার্জী মহাশয়, কয়েকটি মন্তব্য করেছেন। তিনি মন্তব্যে বলেছেন—কোন কোন মন্ত্রী ত্রাণ ব্যবস্থা বন্ধ করে দিয়ে খালি উন্নয়নমূলক কাজ এই সময় চালু করে দিয়ে কর্তব্য শেষ করতে চাইছেন। তিনি সম্পূর্ণ সংবাদটি পাননি। আপনি জানেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় নিজে এবং মন্ত্রীসভার সদস্যরা অনেকে বিভিন্ন জেলা পর্যবেক্ষণ করে এসেছেন

এবং যে অবস্থা তাঁরা দেখে এসেছেন, তার উপর ভিত্তি করে পশ্চিমবংগ সরকার বুঝেছেন যে খালি ত্রাণ ব্যবস্থা, স্টেট রিলিফ, জি আর ইত্যাদির মাধ্যমে পশ্চিম বাংলার মানুষকে দুর্দশা থেকে মুক্ত করা যাবে না। সেজন্য পশ্চিম বাংলার মানুষের হাতে যাতে আরও কিছু অর্থ আসে আরও কিছু কাজ তারা পায়, সেই জন্য এই সময় যে উন্নয়নমূলক কাজগুলি বন্ধ রাখা হত, সেগুলি বন্ধ না রেখে অগ্রধিকার দিয়ে যাতে এই সময় করা হয়, তারই ব্যবস্থা করেছেন। সেজন্য খরা পরিস্থিতিতে যে কাজ, সেচের কাজ এবং অন্যান্য যে কাজ করান সম্ভব, তার জন্য প্রায় ৩০ কোটি টাকার প্রকল্প করানর জন্য পশ্চিমবংগ সরকার অগ্রাধিকার দিয়ে করানোর জন্য নিদেশ দিয়েছেন এবং এই কাজগুলি যাতে ঠিক ঠিকভাবে হয় তার জন্য পশ্চিম বাংলা মন্ত্রসভা একটা মন্ত্রীসভা সাব কমিটি গঠন করে দিযেছেন এবং বিভিন্ন সেক্রেটারীদের নিয়ে এবং চীফ সেক্রেটারীকে নিয়ে একটা কমিটি গঠন করে দিয়েছেন। এই কমিটি প্রতিদিন খরার অবস্থা পর্যালোচনা করছে, কোথায় কি বিশেষ কাজ হওয়া দরকার, এইসব দেখছে। সুতরাং বিশ্বনাথবাবু যে বক্তব্য রেখেছেন, তাতে কিছু শ্লেষও ছিল, হয়ত তিনি না জেনে, না শুনেই করেছেন, তিনি যদি ভাল করে জানতেন তাহলে জানতে পারতেন যে পশ্চিমবংগ সরকার পরিস্থিতি মোকাবিলা করার জন্য জেলা ম্যাজিস্ট্রেটকে নিদেশ দিয়েছেন, যেখানেই স্টেট রিলিফের কাজের প্রয়োজন হবে, সেখানে কাজ চালু করতে পারবেন, যেখানেই লোক কাজের জন্য ছুটে আসবে, সেখানেই স্টেট রিলিফের কাজ আরম্ভ করবেন। তা ছাড়া আপনি জানেন প্রয়োজনবোধে ৫ পারসেন্ট লোককে খয়রাতি সাহায্যের আওতায় আনা হয়েছে। দুর্দশাগ্রস্ত জেলাগুলি—মালদা, পশ্চিম দিনাজপুর, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া প্রভৃতি অঞ্চলে শতকরা দশ ভাগ লোককে খয়রাতি সাহায্যের আওতায় আনা হয়েছে এবং পশ্চিম দিনাজপুর জেলার কয়েকটি অঞ্চল, যে অঞ্চলের কথা হয়ত মাননীয় সদস্যা ইলা মিত্র মহাশয়া বলেছেন, তা অত্যন্ত দুর্দশাগ্রস্ত অঞ্চল এটা অস্বীকার করতে পারি না, সেজন্য আমরা সেই সমস্ত অঞ্চলে ১৫ পারসেন্ট লোককে খয়রাতি সাহায্য যাতে দেওয়া যায় তার জন্য জেলা ম্যাজিস্ট্রেটকে অনুমোদন দেওয়া হয়েছে।

মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এছাড়াও মালদহ ও পশ্চিম দিনাজপুর জেলার দুর্দশাগ্রস্ত মানুষদের যাতে খাওয়ানোর জন্য যে দুটো সেবা প্রতিষ্ঠান এগিয়ে এসেছিল, তাদের সরকার সে দায়িত্ব দিয়েছেন সেই দুটি জেলায় বিনামূল্যে খাওয়ানোর ব্যবস্থা করবার জন্য। আপনি, স্যার, শুনলে সুখী হবেন সেই দুটো সেবা প্রতিষ্ঠান নিজেদের চেষ্টায় দৈনিক ২৫ হাজার মানুষকে সেই দুটো জেলার খাওয়ানোর ব্যবস্থা করেছেন।

মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আপনার কাছে আমরা এই গত কয়েক মাসে খরাত্রাণে ও বন্যাত্রাণে যে অর্থ ব্যয় করেছি, তার একটা হিসাব আপনার সামনে তুলে ধরতে চাই। আমরা খরাত্রাণ বাবদ জি আর এ ২ কোটি ৪০ লক্ষ ৭৯ হাজার ৭২৬ টাকা খরচ করেছি। বন্যাত্রাণ বাবদ ১৫ লক্ষ ৬২ হাজার ২০৫ টাকা খরচ করেছি। ২ কোটি ৫৬ লক্ষ ৪১ হাজার ৯৪৯ টাকা খয়রাতি সাহায্য বাবত পশ্চিমবঙ্গে এপর্যন্ত আমরা ব্যয় করেছি। আর টেস্ট রিলিফ বাবদ ব্যয় হয়েছে ৬ কোটি ২ লক্ষ ৬৭ হাজার ১১৮ টাকা। কৃষিঋণ বাবত ব্যয় করেছি ৯৯ লক্ষ ৫৪ হাজার টাকা। বীজক্রয় ঋণ বাবত দিয়েছি ১৫ লক্ষ টাকা এবং অন্যান্য আনুসঙ্গিক বাবত ব্যয় করেছি ৭৮ লক্ষ ২৩ হাজার ৮৭৬ টাকা। আপনি স্যার, বুঝতে পারছেন পশ্চিমবঙ্গের বর্তমান সরকার এই কয়েক মাসে ১৪½ কোটি টাকার উপর ব্যয় করেছে আপনি নিশ্চয়ই জানেন স্যার, আমাদের বাজেট বরাদ্দে এরচেয়ে কম টাকা বাজেটে রাখা হয়েছিল। আজ ত্রাণের জন্য আমাদের যে টাকা প্রয়োজন, সেই প্রয়োজন মেটানোর জন্য সাড়ে ১৪ কোটি টাকার উপর ব্যয় করে ফেলেছি। এটা আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি। কেন্দ্রীয় সরকারের যে সমীক্ষক দল আমাদের পশ্চিমবঙ্গে এসেছিলেন তাঁদের কাছে এই খরাত্রাণ বাবত প্রায় ৩৬ কোটি ৪৮ লক্ষ টাকা আমরা চেয়েছি। এই সমীক্ষকদল পশ্চিম বাংলার বিভিন্ন জেলার অবস্থা পর্যালোচনা করছেন এবং

পর্যালোচনা করে কেন্দ্রীয় সরকারের কাছে তাঁরা রিপোর্ট দেবেন। তারপরে আমরা জানতে পারবো কেন্দ্রীয় সরকার কত টাকা মঞ্জুর করেন। তবে আশার কথা কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীর উপর মুখাপেক্ষী না হয়ে আজকে আমরা পশ্চিমবঙ্গের খরাত্রাণে যেভাবে আমরা ঝাপিয়ে পড়েছি তাতে আমাদের প্রিয় প্রধান মন্ত্রী পশ্চিমবঙ্গের এই ব্যবস্থা অনুসরণ করবার জন্য বিভিন্ন রাজ্যকে বলেছেন। সেইজন্য আমরা আশা করি কেন্দ্রীয় সরকার অত্যন্ত সহানুভূতির সঙ্গে আমরা যে খরাত্রাণে ও বন্যাত্রাণে যে অর্থ মঞ্জুরী চেয়েছি, সেই অর্থ মঞ্জুরীর ব্যবস্থা নিশ্চয়ই করে দেবেন।

মাননীয় সদস্যা শ্রীমতী ইলা মিত্র এখানে অনাহারে মৃত্যুর খবর উল্লেখ করেছেন। আমি বর্তমান সরকারের তরফ থেকে তাকে জানাতে চাই তিনি জানেন যেদিন তিনি মালদহে ছিলেন আমাদের মুখ্যমন্ত্রী সেদিন মালদহে মিটিং করছিলেন, আমরা অনাহারে মৃত্যুর খবর লুকিয়ে রাখতে চাইনি। আমরা বারবার খবর নিয়েছি, সেই সম্বন্ধে অনুসন্ধান করে দেখবার চেষ্টা করেছি—অনাহারে মৃত্যুর কোন খবর আছে কিনা। বিভিন্নভাবে আমাদের কাছে যে সংবাদ এসেছে, সেখানে দেখেছি অনাহারে মৃত্যুর খবরকে অস্বীকার করা হয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় একথা বলেছেন যে আজকে পশ্চিম বাংলার মানুষ দুর্দশাগ্রস্ত হবার জন্য খরায় যে অভাব হয়েছে, মানুষের সেই অভাবে অপুষ্টিজনিত রোগে মৃত্যুর হার বেড়ে গিয়েছে একথা আমি অস্বীকার করিনি।

[6-40—6-50 p.m.]

একথা আমরা অস্বীকার করি না—আমরা বাস্তব জিনিসকে স্বীকার করে নিয়েছি—আমাদের সরকারের সে সৎসাহস আছে। আমাদের প্রতি জনসাধারণের যে বিশ্বাস আছে সেই বিশ্বাস আমরা রাখতে চাই আমরা এই জন্যই বারবার অনাহারে মৃত্যুর খবর অস্বীকার করতে বাধ্য হয়েছি এই কারণে যে বিভিন্নভাবে সরকারী অফিসারদের এবং বেসরকারী মানুষদের দিয়ে অনুসন্ধান করবার চেষ্টা করেছি সব দলের লোকদের দিয়ে অনুসন্ধান করে যে রিপোর্ট এসেছে তাতে দেখা গেছে অনাহারে মৃত্যুর খবর সেখানে অস্বীকার করা হয়েছে। মাননীয় অধ্যক্ষমহাশয় আমি আপনার মাধ্যমে সব দলের সদস্যদের অনুরোধ করে জানাচ্ছি যে, একথা আজকে অস্বীকার করার উপায় সেই যে পশ্চিম বাংলার এই ভয়াবহ খরার জন্য এখানকার মানুষ অত্যন্ত দুঃখকষ্টে অনাহারে অর্ধাহারে আছে। সেইজন্য আমি এই সভার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে বারবার আবেদন করেছি যে তারা নিজেরা বা তাঁদের প্রতিনিধিদের দিয়ে আমাদের যে ত্রাণ ব্যবস্থা আছে তার দিকে যেন সজাগ দৃষ্টি রাখেন। শুধু আমলাদের উপর নির্ভর করে থাকলে আমরা যে নীতি নিয়ে ত্রাণব্যবস্থা গ্রহণ করেছি যে সমস্ত লোকের পাওয়া উচিত সেই লোক অনেক ক্ষেত্রে পাবেন না। এইজন্য আমি আপনার মাধ্যমে সভার সদস্যদের কাছে আবার আমি আবেদন রাখছি যে তাঁরা নিজেরা সম্ভব হলে আর না হলে তাঁদের প্রতিনিধিদের দিয়ে সজাগ দৃষ্টি রাখুন যে কেন ত্রাণসামগ্রী পাচ্ছে না। আমাদের কাছে এমন কোন সংবাদ নাই যে ২।১ জন মানুষ অনাহারে দুর্ভিক্ষে মারা গেছে—এই রকম কোন সংবাদ আমাদের কাছে আসে নি। এখানে আপনারা যে বললেন হাজার হাজার মানুষ মারা যাচ্ছে—এ হতে পারে না। হয়তো কোন কোন জায়গায় আমলাদের দৃষ্টিতে আসে নি—তাই আমি মাননীয় সদস্যদের কাছে এবং তাঁদের প্রতিনিধিদের কাছে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেছি। এইভাবে আমরা যদি চলি তাহলে আমাদের যে খয়রাতি সাহায্যের ব্যবস্থা আছে তার দ্বারা মানুষ যারা না খেয়ে আছে তাদের কাছে আমরা এই খয়রাতি সাহায্য পৌঁছে দিতে পারবো। আমাদের কাছে কোন জায়গায় এই রকম ঘটনা ঘটে গেছে এই সংবাদ কোন সভ্য রেখেছেন বলছেন—আমি আপনার মাধ্যমে সবাইকে জানাতে চাই যে আমাদের কাছে কোন সভ্য এই কথা রাখেন নি একথা কেউ আমাদের কাছে টেলিগ্রাম করে রাখেন নি যে ১০ দিন ধরে অনাহারে রয়েছে সেখানে তাড়াতাড়ি সাহায্যের ব্যবস্থা করুন। আমি আপনার মাধ্যমে সবাইকে জানাতে চাই যে এ ব্যাপারে সবাইকে দায়িত্ব নিতে হবে। আজকে পশ্চিম বাংলার মানুষ অনেক আশা নি

আমাদের আপনাদের নির্বাচিত করেছে। সেইজন্য আমার আবেদন আসুন সরকার এবং সবাই মিলে আমাদের যে সীমিত সম্পদ আছে সেই সম্পদ দিয়ে দুর্দশাগ্রস্ত মানুষ যারা অনাহারে রয়েছে তাদের কাছে আমরা আমাদের সাহায্য পৌঁছে দিই। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন যে আমি জেলা শাসকদের নির্দেশ দিয়েছি যে যতক্ষণ পর্যন্ত আমাদের ঐ কমিটিগুলি কাজ না করছে ততক্ষণ পর্যন্ত এম এল এ বা তাদের প্রতিনিধিদের সংগে পরামর্শ করে আঞ্চলিক টি আর স্কীম-এর মাধ্যমে তাদের নিয়োগ করবার ব্যবস্থা করুন। আমাদের যে সামান্য রিলিফ ব্যবস্থা আছে তা সুপারভাইস ও একজিকিউট করবার ব্যবস্থা হিসাবে অর্থাৎ যে জি আর লিস্ট অঞ্চল রিলিফ কমিটি করবে সেই জি আর লিস্ট ফাইন্যাল ব্যবস্থা করা জন্য বিভিন্ন এম এল এ বা তাদের প্রতিনিধিদের সংগে পরামর্শ করে করবার জন্য নির্দেশ দিয়েছেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আবার সমস্ত সদস্যদের আবেদন করছি যে এখানে বৃষ্টি এমন হয় নি যে চাষের কাজ ভালভাবে হবে আবার অনেক জায়গায় বৃষ্টি হয়েছে এই সংবাদও পাচ্ছি। কিন্তু বেশীরভাগ জায়গাতেই বৃষ্টি হয় নি। তাই হয়তো আমাদের আরও বিপদের মুখে পড়তে হতে পারে। তাই মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্যদের বলছি আপনাদের উপর বর্তমান সরকার অনেক দায়িত্ব চাপিয়েছেন, আপনাদের কাছে আবেদন আপনারা সরকারের সংগে সহযোগিতা করে এই দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করুন, তাহলে অভিযোগের কিছু থাকবে না, মানুষের দুঃখ দুর্দশার কথাও এই সভায় বলবার প্রয়োজন হবে না। স্যার, এই কথা বলে মাননীয় সদস্যদের কাছে আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abdus Sattar :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এতদিন ধরে খরা এবং প্লাবনের উপর অনেক মাননীয় সদস্য তাঁদের বক্তব্য রেখেছেন এবং তাঁদের যে বক্তব্য অর্থাৎ খরা এবং বন্যার যে ভয়াবহ রূপ সে সম্বন্ধে আমাদেরও দ্বিমত নেই এবং এটা আমরা স্বীকার করেই অগ্রসর হচ্ছি। স্যার, আমি মাননীয় সদস্যদের জানাচ্ছি যে খরার দরুন আউস যেটা সেটা যেখানে আমরা গতবছর ১৯ লক্ষ ১৬ হাজার একর জমিতে লাগিয়েছিলাম এবারে সেখানে হয়েছে ১১ লক্ষ ৬১ হাজার একরের মত জমিতে। অর্থাৎ প্রায় ৭ লক্ষ ৬৮ হাজার একরের মত জমিতে এখনও আউস হয় নি। পাট, যে পাটের দরুন আমরা ফরেন এক্সচেঞ্জ আর্ন করি সেখানে এ বছর একটা ভয়াবহ অবস্থা। গত বছর যেখানে আমরা ১১ লক্ষ ৩৯ হাজার একর জমিতে পাট লাগিয়েছিলাম এই পশ্চিমবাংলাতে এবারে সেখানে লাগান হয়েছে ৬ লক্ষ ৯৮ হাজার একর জমিতে। অর্থাৎ চার লক্ষ ৩০ হাজার একরের বেশী জমিতে এবারে পাট বোনা হয়নি। এছাড়া আমনের অবস্থা আরো ভয়াবহ। ৩১শে জুলাই পর্যন্ত অন্যান্য বছর ৪০ থেকে ৫০ পারসেন্ট আমন বোনা হয়ে যায়—৯৬ লক্ষ একর জমিতে বোনা হয়েছিল, ৯৬ থেকে ১ কোটি একর জমিতে আমন বোনা হয়, সেখানে গত বছর জুলাই'এর মধ্যে আমাদের যেখানে ৪০ থেকে ৫০ পারসেন্ট বোনা হয়ে গিয়েছিল এবছর ৩১শে জুলাই-এর মধ্যে সেখানে হয়েছে মাত্র ১৪ পারসেন্ট জমিতে। সেটা ডিপ টিউওওয়েল, টিউবওয়েল, কিছু কিছু ক্যানেল স্যালো টিউবওয়েল ইত্যাদির সাহায্যে বোনা হয়েছে। ফলে এখানে দেখা যাচ্ছে যে এই আমনের ব্যাপারে—বৃষ্টি কয়েকদিন আগে হয়েছিল, বিভিন্ন জায়গাতেই হয়েছিল, আমি সেই সময় মুর্শিদাবাদ এবং নদীয়াতে ছিলাম, নদীয়া থেকে যখন আসি সোমবারদিন বৃষ্টি হয়েছিল তারপরে গত সোমবারের পর আর বৃষ্টি নেই, অবস্থা যে ভয়াবহ সেটা অনস্বীকার্য। আর সেই কারণেই আপনারা জানেন, সেন্ট্রাল টিম আসছেন। আজকেই কৃষি এবং খাদ্যমন্ত্রী ফকরুদ্দিন সাহেব এসেছেন, তিনি হাওড়ার ফার্মে যাবেন, দেখবেন। তিনি একটা পোগ্রামের কথা বলেছেন। তিনি বলেছেন, আমরা বাইরে থেকে কিছুতেই খাদ্য আমদানী করবো না, আমাদের দেশেই উৎপাদন করতে হবে এবং সেইজন্য যদি মাইনর ইরিগেসান বাড়াতে হয় তাহলে তা বাড়াতে হবে। সেই হিসাবে আমাদের কৃষি দপ্তর—মোটামুটি যদি বৃষ্টি হয়, ধরে নিচ্ছি আগস্ট মাসের মধ্যে যদি বৃষ্টি হয়, ২০ লক্ষ একর জমিতে আমরা আমন ধান বুনতে পারবো না। ৯৬ লক্ষ একরের মধ্যে আমরা ১৪ পারসেন্ট জমিতে বুনেছি কিন্তু আগস্ট মাসে এবং

সেপ্টেম্বর মাসের ফাস্ট উইকের মধ্যে কাজে নিযুক্ত থাকলেও ২০ লক্ষ একর জমিতে আমাদের পক্ষে বোনা সম্ভব হবে না। সেইজন্য ২০ লক্ষ একর জমিতে কি করে অল্টারনেটিভ ফসল তোলা যায়, এ বিষয়ে আমরা আমাদের কৃষি দপ্তর থেকে একটি প্রোগ্রাম নিয়েছি। শুধু ২০ লক্ষ একরেই নয়, আরো ৫ লক্ষ ৫০ হাজার একরের জন্য আমরা একটি প্রোগ্রাম নিয়েছি এবং সেটা আমি নিজে কেন্দ্রীয় কৃষিমন্ত্রীর কাছে পেশ করেছি এবং তাকে বলেছি এই খারিপ জমি অর্থাৎ আমাদের এই যে ৫ লক্ষ ৫০ হাজার একর উঁচু জমি রয়েছে এখানে যদি গম বসাতে পারি তাহলে আমরা ৫ লক্ষ টন গম এই জমি থেকে একস্ট্রা পাব। এই পাঁচ লক্ষ টন গম পেতে হলে আমাদের মাইনর ইরিগেসেন-এর জন্য দরকার হবে ১৬ কোটি ১০ লক্ষ টাকা, সিডসের জন্য দরকার হবে ৩ কোটি ১০ লক্ষ টাকা, ফার্টিলাইজারের জন্য দরকার হবে ৬০ কোটি টাকা।

**Shri Ganghadhar Paramanick :** ক্যানেল ইরিগেসন না হলে হবে কি করে ?

[6-50—7-00 p.m.]

**Shri Abdus Sattar :** আমি ক্যানেল ইরিগেসনের কথা বলছি না, মাইনর ইরিগেসনের কথা বলছি। স্যালো টিউবয়েলস, রিভার লিফ্‌ট, ডিপ টিউবওয়েলস, ডাগ ওয়েলস প্রভৃতির কথা আমরা জানি এবং ক্যানেলের উপর আমরা নির্ভর করতে পারি না। কারণ, ক্যানেল রেন-ফেড, সেইজন্যই আমরা নীচে থেকে জল ওঠাবার কথা বলছি, যে সিসটেম আমাদের অ্যাসিওর করবে অব দি ওয়াটার, যে সিসটেম করার ফলে জল পাওয়ার আমাদের অ্যাসিওরেন্স থাকবে, সেই সিসটেমের জন্য আমরা ২৬ কোটি টাকার একটি প্রোগ্রাম, একটি স্কীম কেন্দ্রীয় মন্ত্রীর কাছে দিয়েছি। এছাড়া আপনারা জানেন খরার ফলে আমরা আর একটি স্কীম দিয়েছিলাম, সেখানে মাইনর ইরিগেসনের জন্য ১৪ কোটি টাকা চেয়েছিলাম, এটা তারা বিচার বিবেচনা করছেন, কতটা দেবেন জানি না। খরার ফলে আমরা যে জিনিস করেছি সেটা নিয়ে মাননীয় মন্ত্রী সন্তোষবাবু আপনাদের কাছে বলেছেন কিছুক্ষণ আগে। জি আর, টি আর, দিয়ে আমরা যেভাবে খরার মোকাবিলা করছি তাতে আপনাদের জোর করে বলতে পারি যে অতীতের বিধানসভার সমস্ত প্রসিডিংস দেখুন এবং অন্যান্য বছরের অবস্থা দেখুন, তাতে আমার মনে হয় অতীতের কোন সরকার এইভাবে মোকাবিলা করেন নি। আমরা জানি এটার একটা ভয়াবহ অবস্থা সৃষ্টি হয়েছে, কিন্তু তবুও আমি বলছি এই অবস্থার মোকাবিলা করবো। কেন না, আমরা প্রতিজ্ঞাবদ্ধ, যেভাবেই হোক এর মোকাবিলা করবোই। আজকে মাননীয় সন্তোষবাবু যেকথা বলেছেন যে কেবল টি আর দিয়ে লোককে এমপ্লয়মেন্ট দেওয়া যাচ্ছে না, এরজন্য আমাদের কতগুলি সেন্ট্রালি স্পোনসোর্ড স্কীম আছে। আমাদের প্রায় নয়টি স্কীম আছে। এই নয়টি স্কীমের জন্য আমাদের ২৩ কোটি ৬০ লক্ষ টাকা ধরা হয়েছে এবং এই টাকায় কিছু লোককে এমপ্লয়মেন্ট দেওয়া যেতে পারে এবং তারসংগে যে অ্যাসেট হবে সেটা যেন ডুরেবল হয় সেইরকমভাবে আমরা কাজ আরম্ভ করেছি। আপনারা জানেন আমি, মুখ্যমন্ত্রী এবং অন্যান্য আরো অনেক মন্ত্রীরা মিলে মালদহ, পশ্চিমদিনাজপুর, জলপাইগুড়ি, কোচবিহার, নদীয়া, মুর্শিদাবাদ প্রভৃতি জেলায় গিয়েছিলাম। আমরা ঐ সমস্ত জেলা ম্যাজিস্ট্রেটদের বলেছি ড্রাউট এরিয়ার জন্য আপনারা কাজের প্রোগ্রাম নিন। আপনারা জানেন পুরুলিয়া এবং বাঁকুড়ায় প্রায় সবসময়ই খরা লেগে থাকে এবং মেদিনীপুরের ঝাড়গ্রাম সাব-ডিভিসনেও অনুরূপ অবস্থা প্রায়ই দেখা যায়। আমাদের এখানে যে তিন কোটি ৬০ লক্ষ টাকা আছে এই টাকা আমরা ঐ দুটি জেলা এবং ঝাড়গ্রামে ব্যয় করতে পারব এবং সেইভাবেই আমরা নির্দেশ দিয়েছি। ক্রাস স্কীম ফর রুরাল এমপ্লয়মেন্ট, এরজন্য আমাদের ২ কোটি ৯১ লক্ষ টাকা ধরা আছে এবং ক্রাস পোগ্রাম দিয়ে আমাদের লোককে কাজ দিতে হবে এবং যেটা আছে সেটা মোটামুটি এগ্রিকালচারাল ওরিয়েন্টেড প্রোগ্রাম হবে। এই এগ্রিকালচার প্রভিসন যদি আমরা বাড়াতে পারি তাহলে সেখানে মার্কেটিং ফেসিলিটিজ হতে পারে, সেখানে রাস্তা হতে পারে, সয়েল রিক্ল্যামেসন হতে পারে এবং আমরা পুকুর খনন করতে

পারি, এইভাবে ক্রাস প্রোগ্রামে বিভিন্ন কাজ করতে পারি, সেই নির্দেশ দিয়েছি। এইভাবে আমরা দুই কোটি ৯১ লক্ষ টাকা ক্রাস প্রোগ্রামে যতদূর সম্ভব ব্যয় করার জন্য নির্দেশ দিয়েছি। যদি বৃষ্টি নাও হয় তাহলেও আমাদের কাজ করতেই হবে। এইভাবে প্রত্যেক জেলায় যত লোককে এমপ্লয়মেন্ট দেওয়া যেতে পারে সেইভাবে আমরা নির্দেশ দিয়েছি। এছাড়াও আমাদের স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম ঐ ২ কোটি ১৮ লক্ষ টাকা ধরা হয়েছে। এই স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম অনুসারে মোটামুটি যেকোন স্কীম নেওয়া যেতে পারে এবং সেই স্কীম অনুসারে রুরাল এবং আর্বান এলাকার শিক্ষিত, অশিক্ষিত উভয় শ্রেণীর লোকেদের যাতে কাজে নিতে পারা যায় সেইভাবেই আমরা নির্দেশ দিয়েছি। এছাড়া আপনারা জানেন স্পেশাল ওয়াটার সাপ্লাই স্কীম অনুসারে এই বছর ১২ হাজার টিউবওয়েল করার জন্য আমরা একটি পরিকল্পনা নিয়েছিলাম। একমাত্র বাঁকুড়া, পুরুলিয়া, আর দক্ষিণ চব্বিশপরগনা বাদ দিয়ে অন্যান্য জেলাতে আমরা প্রায় ৩।৪ গুণ টিউবওয়েল করেছি। যেখানে প্রতি ব্লকে ৩৫টি হবার কথা ছিল সেখানে দেখা গেছে কোথাও ৭০টি কোথাও ১০০।১৫০টি পর্যন্ত আমরা করতে পেরেছি। আমরা যতটা আশা করেছিলাম তার থেকেও মোর দ্যান এক্সপেকটেড বেশী করতে পেরেছি।

**Shri Gangadhar Pramanick :** উত্তর ২৪ পরগনার কোন জায়গায় করা যায় নি মালের অভাবের জন্য, জানেন কি ?

**Shri Abdus Sattar :** মালের অভাব নেই। আপনাদের জেলায় গিয়ে পড়ে আছে নিশ্চয়। আর যদি না গিয়ে থাকে তাহলে আপনি বলবেন, আমি সেটা দেখবো। এছাড়া ফ্যামিলি প্ল্যানিং-এ ৩ কোটি টাকা ধরা আছে। এই প্রোগ্রাম অনুসারে আমরা অনেক লোককে এমপ্লয়মেন্ট দিতে পারবো। এছাড়া এরিয়া ডেভেলাপমেন্ট প্রোগ্রাম ইন কংসাবতী কমাণ্ড এরিয়ার জন্য ১ কোটি ৫০ লক্ষ টাকা এবং কংসাবতী প্রোজেক্ট এরিয়ার জন্য ১ কোটি ৮৩ লক্ষ টাকা ধরা আছে। এছাড়া ফ্লাড কনট্রোল প্রায়রিটি স্কীমের জন্য ৪ কোটি ৯১ লক্ষ টাকা আছে এবং প্রভিসন অব হাউস সাইটস ফর রুরাল ল্যাণ্ডলেস ওয়ার্কাস, যাদের জমি নেই, বাড়ীঘর নেই, সেই সমস্ত লোকদের আমরা বলেছি যে তোমরা বাড়ী করার জন্য ১০০ টাকা করে পাবে এবং সেখানে যদি খাস জমি থাকে তাহলে সেই খাস জমি থেকে তাদের জমি দেওয়া হবে বাড়ী করার জন্য, সেইভাবে নির্দেশ আমরা দিয়েছি। এতে প্রায় ১ কোটি টাকা লাগবে। এই প্রভিসন অব হাউস সাইটস ফর রুরাল ল্যাণ্ডলেস ওয়ার্কাস এতে আমাদের কোন সংখ্যা নেই, সেখানে যত লোকই আসুক না কেন, যাদের চাষের জমি নেই, বাড়ীঘর নেই, তাদের বাড়ী করার জন্য টাকা দেওয়া যাবে। এছাড়া আমরা, আরো অনেক স্কীম নিয়েছি। তার কয়েক দফা আমি এখানে আপনার সামনে পেশ করছি। তার মধ্যে এক নম্বর দফা হচ্ছে "অনতিবিলম্বে আউস ও পাট উৎপাদিত এলাকায় গভীর ও অগভীর নলকূপ বসাইয়া সেচের জল সরবরাহ ব্যবস্থা ও অন্যান্য এলাকায় সেচ ব্যবস্থা সম্প্রসারণ করা,"—আমি আপনাদের আগেই বলেছি যে সেচের জন্য আমরা স্কীম দিয়েছি, তবে এ পর্যন্ত যতটা করেছি সেটা আপনাদের বলে দিচ্ছি। সেচের জন্য রিভার লিপটের ব্যাপারে আমরা অলরেডি ৮০টি রিভার লিপটের স্কীম পাঠিয়ে দিয়েছি। এছাড়া পাম্প সেটের জন্য দিয়েছি ৮৯ লক্ষ টাকা। আর স্যালো টিউবওয়েলের জন্য দিয়েছি ২৬ লক্ষ টাকা, এটা অলরেডি দেওয়া হয়ে গেছে। এছাড়া আপনারা জানেন যে গভীর ও অগভীর নলকূপের জন্য যতটা আমাদের হাতে ছিল সেটা সমস্তই দিয়ে দিয়েছি। তবে আমি মাননীয় সভ্যদের বলতে পারি যে দুই বছরে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবার জন্য যে স্কীম আমরা দিয়েছি সেই স্কীম অনুসারে খুব শীঘ্রই আমাদের আরো অন্ততঃপক্ষে ১০ কোটি টাকা পাওয়া যাবে বলে আশা করছি। এই টাকা দিয়ে আমরা বিভিন্ন জেলাতে আরো এই সমস্ত স্কীম বাড়াতে পারবো। তবে আমি আপনাদের আশ্বাস দিতে পারি, এখন পাইনি বলে বলতে পারছি না, তবে আমাদের দৃঢ় বিশ্বাস টাকা আমরা পাবই কেন্দ্রের কাছ থেকে সেই

আশা পেয়েছি। তারা আমাদের ক্যাশ রেকমেণ্ড করে কাইন্ডাজে দিয়েছেন। আমি আপনাদের এর আগেই বলেছি যে ৮৯ লক্ষ টাকার পাম্প সেট দিয়েছি, ৩৬ লক্ষ টাকা স্যালো টিউবয়েলে দিয়েছি, আর ৮০টি রিভার লিফট আমরা স্যাংসান করেছি।এগুলি আমরা দিয়েছি।

[7—7-10 p.m.]

**Shri Md. Safiullah :** কতদিন আগে দিয়েছেন ?

**Shri Abdus Sattar :** এই ৭।৮ দিন হলো, গত শনিবার।

২নং হচ্ছে সমস্ত শ্রেণীর মানুষের মধ্যে ভর্তুকিতে খাদ্য এম আর সপ ও ফেয়ার প্রাইস সপ মারফত সরবরাহ ব্যবস্থা।' এই ২নং এর জবাব আমি আগেই দিয়েছি তবুও বারি সাহেবের অবগতির জন্য আবার বলছি—এ বছর আমরা এ এবং বি শ্রেণীকে ১০০ গ্রাম চাল এবং ২ হাজার গ্রাম অর্থাৎ ২ কিলো হুইট দেবার ব্যবস্থা করেছি। এবং এ বি সি ডি ই প্রত্যেক শ্রেণী ৬০০ গ্রাম চাল পাবেন এবং ২ কিলো হুইট পাবেন। আর আপনি যেটা বলেছেন ভর্তুকি যেটা পুরুলিয়া এবং বাঁকুড়া প্রভৃতি জেলায় আশা করেছেন সেখানে ভুট্টা ভর্তুকি দিয়ে ৬০ পয়সা পার কে জি করবার চেষ্টা আমাদের খাদ্যমন্ত্রী করবেন। এ ছাড়া রেশনে এ বি সি ডি ই এদের হুইট এবং লেভি ফ্রী রাইস দেওয়া হচ্ছে, যেমন মুর্শিদাবাদ জেলায় রেশনে ৮০০ মেট্রিক টন দেওয়া হচ্ছে, এবং নদীয়ায় প্রায় ৮০০ মেট্রিক টন দেওয়া হচ্ছে। এ ছাড়া যেটা দেওয়া হবে সেটা রেশন দোকানের মাধ্যমে দেওয়া হবে।

৩নং হচ্ছে ব্যাপক হারে জি আর টি আর-এর কথা হয়েছে। আমাদের মাননীয় সেচ মন্ত্রিমহাশয় আগেই বলেছেন। সুতরাং আমি এই সম্বন্ধে আর কিছু বলব না।

৪নং হচ্ছে গভীর ও অগভীর নলকূপগুলিতে অনতিবিলম্বে বিদ্যুৎ সরবরাহের কথা বলা হয়েছে,—এটা যদিও পাওয়ার মন্ত্রীর ব্যাপার এবং বিদ্যুৎ মন্ত্রী এ বিষয়ে জানিয়েছেন, তবু আমি বলছি তার সংগে আমার আজও কথা হয়েছে যে গভীর এবং স্যালো টিউবওয়েলে আরও এনার্জি দেওয়া হবে এটা আমরা আশ্বাস দিচ্ছি।

৫নং হচ্ছে কনট্রোলড প্রাইসে চিনি সরবরাহ ও চিনিকলগুলি জাতীয়করণের জন্য ভারত সরকারের নিকট সুপারিশের উপযুক্ত প্রচেষ্টা গ্রহণ করা, আপনারা সকলেই জানেন যে ৬০% কনট্রোলে দেওয়া হয় আর ৪০% যেটা বাইরে দেওয়া হয়, ফ্রি দেওয়া হয়, সেটা বাইরে বিভিন্ন জায়গায় ওপেন বিক্রি হচ্ছে। আমরা জানি ইউ পিতে স্ট্রাইক হাওয়ার ফলে সেখানে একটা ক্রাইসিস দেখা দিয়েছিল এবং আশা করি এই ক্রাইসিস চলে যাবে, যে কথা আমাদের খাদ্যমন্ত্রীও বলেছেন। আশা করি এই ক্রাইসিস শীঘ্র চলে যাবে।

বিল ও খাল হইতে জল উত্তোলন নলকূপের সাহায্যে জল সেচের ব্যবস্থা করা; 'আমরা আগেই বলেছি যে ৫৯ লক্ষ টাকা আমরা এই ব্যাপারে খরচ করছি।

দানাশস্যের ক্রয়বিক্রয় ব্যবসা বেসরকারী ব্যক্তি বা সংস্থার মারফত বন্ধের ব্যবস্থা করা; এই ব্যাপারটা আমাদের আয়ত্বের বাইরে, এটা সেনট্রাল গভর্নমেন্টের ব্যাপার তারা বলতে পারবেন। এটা যদি জাতীয়করন সম্ভবও হয় তাহলেও এটা যে খুব বেশী ভাল হবে তা আমার মনে হয় না। কারণ আপনারাই বলছেন যে সরকারী উদ্যোগে হলে কেউ সেটা ভাল করে দেখে না, এসব অভিযোগ উঠছে, সুতরাং এটা হলে এখানেও অভিযোগ উঠবে।

ব্লকে ব্লকে ও অঞ্চলে অঞ্চলে খাদ্যশস্য বন্টন ব্যবস্থা তদারকি কমিটি গঠন করা; ব্লকে ব্লকে অঞ্চলে অঞ্চলে কমিটি করা হয়েছে, এটা অলরেডি ডান। সুতরাং আপনারা জানেন কেউ যদি দুর্নীতির আশ্রয় নেয় তাহলে সেটাকে রোধ করার জন্য এটা করা হচ্ছে। মুনাফাখোর মজুতদারদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে, ভিজিলেন্স কমিটি করা হচ্ছে। আপনি

জানেন যে সমস্ত বিজনেসমেন যাদের এ্যাগেনস্টে অভিযোগ ছিল তাদের লাইসেন্স ক্যানসেল হয়ে গিয়েছে এবং অনেক জায়গায় অ্যাকশন নেওয়া হচ্ছে। সেই সংগে আমি বলছি ভুয়া রেশন কার্ড ধরার জন্য ভিজিলেন্স কমিটি করা হয়েছে, এবং যে সব ভিজিলেন্স কমিটি আছে তাকেও সক্রিয় করা হচ্ছে। আর পরিপূরক ব্যবস্থা হিসাবে বিকল্প চাষের ব্যবস্থা করা। সেটা আগেই বলেছি বিকল্প চাষের ব্যবস্থার জন্য আমরা পাঁচ লক্ষ একর জমিতে যাতে গম বুনতে পারি এখনই সে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ১৪ নম্বর চাষীরা যাতে ক্রয়ক্ষমতা ফিরে পেতে পারে তারজন্য তাদের বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করা। সেইজন্য আমরা জি আর তো দিয়েছিই, এছাড়া আরও ৯টা স্কীম হাতে নিয়েছি। সেইজন্য আমাদের ২৩ কোটি টাকা আছে। সেইজন্য বিকল্প ব্যবস্থা করা হয়েছে। এইভাবে প্রতিটি কাজ আমরা করেছি এবং করবোও এবং আমি আশা করি যে ভয়াবহ অবস্থার কথা বলছেন সেটা আমার স্বীকার করে আমরা তার মোকাবিলা করার চেষ্টা করছি এবং আমরা যে চেষ্টা করছি তাতে সকল সভ্যদের সাহায্য এবং সহানুভূতি পাবো এই বিশ্বাস আমার আছে। যে সংশোধিনী প্রস্তাব এনেছেন তাতে মোটামুটিভাবে খরা এবং বন্যার কথা বলা হয়েছে এবং বারি সাহেব যেটা ১।২।৩।৪।৫ করে ১৬ দফা দিয়েছেন সে সম্বন্ধে আপনাদের আমি প্রতিটি আইটেম ধরে বলেছি। আমরা এর মোকাবিলা করছি এবং আশ্বাস দিচ্ছি আমরা এর মোকাবিলা করবো। লোককে অনাহারে মরতে দেবো না—একথা জোর গলায় বলি। যদি কোন অনাহারের খবর থাকে কিংবা কিছু থাকে ব্লক অফিসে জানাবেন। তারা যদি কোন কিছু না করে নিশ্চয় আমরা অ্যাকশান নেবো। অনাহারে মরতে দেবো না—এই ব্যাপারে আমাদের সরকার দৃঢ়সংকল্প। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abdul Bari Biswas:** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমি যে মূলপ্রস্তাব এনেছি সেই মূলপ্রস্তাবে মোটামুটি ১৬ দফা কর্মসূচীর ভিত্তিতে এবং যুদ্ধকালীন জরুরী অবস্থার ভিত্তিতে মোকাবিলা করা হক এটা আছে এবং তার উপর যে সংশোধনী এসেছে আমাদের এখানে আলোচনা হয়েছে যে সেই প্রস্তাবের মূল গুরুত্ব সেটা এই সংশোধনী প্রস্তাবে সংযোজিত হয়েছে এবং সেই সংগে সংগে মাননীয় মন্ত্রিমহাশয় আবদুস সাত্তার যে জবাব দিয়েছেন তাতে এই কথাই আসছে যে আমার এই প্রস্তাবের উপর সংশোধনী থাকলেও তিনি ১৬ দফা কর্মসূচীভিত্তিক প্রোগ্রামের কথাই বলেছেন। তিনি বলেছেন, আমরা এতে নজর দিয়েছি এবং নজর দিচ্ছি। অতএব এটা ধরে নেওয়া যেতে পারে মন্ত্রীসভার তরফ থেকে এই ১৬ দফা কর্মসূচী প্রায় গ্রহণ করা হয়েছে। এই অবস্থার ভিত্তিতে আমরা মনে করি সরকার যে কাজ করেছেন এ বিষয়ে সংশয় থাকা উচিত নয়। অন্য কোন সরকার দ্বারা এর থেকে বেশী কাজ হওয়া সম্ভব ছিল না। এই বিধানসভা বোধহয় কালকের পর চলবে না। কিন্তু বিধানসভা থেকে যাওয়ার প্রাক্কালে মাননীয় মন্ত্রিমহাশয় এবং সভার সকল সদস্যকে স্মরণ করিয়ে দিতে চাই আমার যে প্রস্তাব ছিল তার উপরে যত সদস্য বক্তৃতা করতে উঠেছেন সকলেই একবাক্যে এটা স্বীকার করেছেন, এর গুরুত্ব উপলব্ধি করেছেন। এমনকি মন্ত্রিমহাশয়ও এর গুরুত্ব উপলব্ধি করেছেন। তারপর আমি স্মরণ করিয়ে দিতে চাই যে এগুলো সামনে রেখে যেন আমাদের কর্মসূচী ঠিক হয় এবং তার সাথে আরও যত গুরুত্বপূর্ণ কর্মসূচী নেওয়া প্রয়োজন তা যেন নেওয়া হয়। আর সেই সংগে সংগে আমি আর একটা কথা বলবো অতীত দিনের তৈরী রিলিফ ম্যানুয়েল-এর অনেকরকম অসুবিধা আছে এবং অসুবিধা দূর করার জন্য মন্ত্রীসভা আগামী দিনের জন্য কিছু করবেন এটা আশা করি। বিংশশতাব্দীর এই সময় দাঁড়িয়ে গাছের পাতা খেলে আর ইজ্জত বিক্রি করলে তবেই খাদ্যাভাবে মৃত্যু হবে, দুর্ভিক্ষে মৃত্যু হবে এই ধরনের কথা যদি হয় তাহলে আমরা মনে করি তার সংশোধন হওয়া উচিত এবং সেটা সংশোধিত হয়ে আমাদের সময়োপযোগী ব্যবস্থা হওয়া উচিত। একটা কথা বলা হয়েছে এম এল এ-দের পার্টিসিপেটের কথা এবং তাহলে মন্ত্রীসভার যে কার্যক্রম তা বাস্তবে রূপায়ণের পথে যাওয়া সম্ভব হবে। যদি কোন চুরি-চামারি

হয় রিলিফ বা জি আরে তাহলে এম এল এ-দের সতর্ক দৃষ্টি রাখতে বলা হয়েছে। খুবই সুখের কথা এম এল এ-দের অনেক পাওয়ার দেওয়া হয়েছে এবং মাননীয় ত্রাণমন্ত্রী যেকথা বলেছেন তাতে জানা যায় টি আর, জি আর লোনস—সমস্ত ব্যাপারে এম এল এ-দের সংগে ডিসকাসন না করে কোন তালিকাকে অগ্রাধিকার দেওয়া হবে না, লোন ডিসট্রিবিউসন করা যাবে না। এই ধরনের ব্যবস্থার দ্বারা আমাদের বিধানসভার সদস্যদের উপরও অত্যন্ত গুরুদায়িত্ব অর্পণ করা হল। কাল থেকে বিধানসভার সদস্যরা গুরু এড়িয়ে চলতে পারবেন না। মন্ত্রীসভা একদিকে কাজ চালিয়ে যাচ্ছেন তেমনি আমাদের বিধানসভার সদস্যরা যারা জনসাধারণের সাহায্যপুষ্ট হয়ে এসেছি তাঁদের সকলের কাছে আমার আবেদন সরকারের যে কার্যক্রম তা বাস্তবে রূপায়িত করার পথে আমরা ৪ কোটি ৪৪ লক্ষ লোক-এর সাথে হাতে হাত মিলিয়ে কাঁধে কাঁধ মিলিয়ে সেই কাজকে বাস্তবে রূপায়িত করার জন্য যেন চেষ্টা করেন। একটি কথা আমি এই প্রসঙ্গে বলতে চাই যে,

[7-10—7-16 p. m.]

আমাদের যদি এই সচেতনতা না থাকতো তাহলে এই সমস্ত অবস্থার গুরুত্ব যা উপলব্ধি করছি তা করতে পারতাম না। বিধানসভায় বিরোধীপক্ষ নেই, তবুও আজ যে সমস্ত আলোচনা আমরা করছি বিরোধীপক্ষ থাকলে এরচেয়ে বেশী কিছু আলোচনা করতে পারত না। একথা আমরা বিশ্বাস করি না যে বিরোধীপক্ষহীন বিধানসভায় কোন বক্তব্য রাখা হয় না। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন এই বিধানসভা যেমন সমালোচনায় মুখর, তেমনিভাবে গঠনমূলক সমালোচনায় এই বিধানসভা মুখর। আজকে এই মোর্চার সদস্যরা আলোচনা ও সমালোচনার মধ্য দিয়ে এমনভাবে চলব যাতে প্রমাণ হয়ে যাবে যে, এই বিধানসভা সত্যিকারের জনসাধারণের কাজ করতে আগ্রহী। যাহোক, আপনারা যার কাছে তদন্ত করতে দেবেন তিনি খাদ্যাভাবজনিত মৃত্যু গোপন করে নিয়ে এসে report দাখিল করেন। কিন্তু কিছু কিছু যে খাদ্যাভাবজনিত রোগে মারা গেছে এটা স্বীকার করলে বাস্তবকে স্বীকার করা হবে এবং তাহলেই আমরা সমস্ত সমস্যার মোকাবিলা করতে পারব। যে মানুষগুলি আমাদের ভোট দিয়ে এখানে পাঠিয়েছে সেই মানুষগুলি আমাদের দিকে তাকিয়ে আছে। তাই আজ সহানুভূতিসূচক মনোভাব নিয়ে আমাদের কাজের দিকে তাকিয়ে আছে। আজ সমস্ত জেলা ও Block-ভিত্তিক programme-এর প্রয়োজন আছে। আজ বাঁকুড়ার সঙ্গে পুরুলিয়ার, বীরভূমের সঙ্গে নদীয়ার, উত্তর বাংলার সঙ্গে দক্ষিণ বাংলার তফাৎ কি সেটা বুঝতে হবে। সেজন্য কর্মসূচী এমনভাবে নিতে হবে সেই কর্মসূচী যেন উৎপাদনভিত্তিক হয়। শরৎ দাস মহাশয় বলেছেন নবগ্রাম, বড়ুয়া, খড়গ্রাম, কাঁথি, ভরতপুর ইত্যাদি ব্লকগুলি যেগুলিকে grannery বলা হয় সেখানে ১% চাষ নেই। কাজেই এই অবস্থার মোকাবিলা করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে চাপ সৃষ্টি করতে হবে যাতে ৬ লক্ষ টন, ২০ লক্ষ টন কেন যা আমাদের প্রয়োজন হবে খাদ্যশস্য তা যেন আমাদের দেওয়া হয়। এবং সেইভাবে মন্ত্রিমহাশয়কে চেষ্টা করতে হবে। আজ এই ১৬ দফার assurance যা মন্ত্রিমহাশয় তাঁর উত্তরে দিয়েছেন সেই পরিপ্রেক্ষিতে আমি মনে করি এই amendment সমর্থন করা হোক।

The motion of Shri Monoranjan Pramanik that ১নং লাইনের "সারা পশ্চিমবঙ্গের বিশেষ করিয়া" এই কথাগুলি হইতে আরম্ভ করিয়া ১৬নং অনুচ্ছেদের "দানাশস্যের ন্যায্য মূল্যমান বজায় রাখার জন্য কঠোর ব্যবস্থা গ্রহণ করা" পর্যন্ত এই সমস্ত কথাগুলির পরিবর্তে নিম্নলিখিত কথাগুলি বসানো হউক, যথা :

"এবং বন্যার জন্য সারা পশ্চিমবঙ্গে ধানের চাষ একেবারে বন্ধ এবং বিনষ্ট হওয়ায় খাদ্যাভাব চরমে উঠিয়াছে, খাদ্যাভাবজনিত রোগ মানুষের ক্ষতিসাধন করিতেছে এবং কৃষি শ্রমিকগণ কাজের অভাবে বেকার হইয়া পড়িয়াছে অতএব এই

অস্বাভাবিক অবস্থার মোকাবিলা করার জন্য জরুরীকালীন অবস্থার ভিত্তিতে যথোপযুক্ত স্বল্পমেয়াদী দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করিয়া সেইগুলি সুষ্ঠুভাবে রূপায়িত করার নিমিত্ত এই সভা পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ জানাইতেছে।"

was then put and agreed to.

**Mr. Deputy Speaker** : Amendment Nos. 1, 2 and 3 fall through.

The motion of Shri Abdul Bari Biswas, as amended that "যেহেতু বৃষ্টির অভাবে ও খরার দরুন এবং বন্যার জন্য সারা পশ্চিমবঙ্গে ধানের চাষ একেবারে বন্ধ এবং বিনষ্ট হওয়ায় খাদ্যাভাব চরমে উঠিয়াছে, খাদ্যাভাবজনিত রোগ মানুষের ক্ষতিসাধন করিতেছে এবং কৃষি শ্রমিকগণ কাজের অভাবে বেকার হইয়া পড়িয়াছে অতএব এই অস্বাভাবিক অবস্থার মোকাবিলা করার জন্য জরুরীকালীন অবস্থার ভিত্তিতে যথোপযুক্ত স্বল্পমেয়াদী দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করিয়া সেইগুলি সুষ্ঠুভাবে রূপায়িত করার নিমিত্ত এই সভা পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ জানাইতেছে।"

was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 7-16 p. m. till 1 p. m. on Friday, the 11th August, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 11th August, 1972, at 1 p. m.

**Present**

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 9 Ministers of State, 3 Deputy Ministers and 144 Members.

**Oath or Affirmation of Allegiance**

[1-00—1-10 p. m.]

**Mr. Speaker :** Honourable Members, if any one of you have not yet made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

### বর্ধমানের পুলিশ সুপার

*৬৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৩।) **Shri Puranjoy Pramanik :** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালে বর্ধমানের তৎকালীন পুলিশ সুপার শ্রী আর কে ভট্টাচার্য নিজ ব্যক্তিগত লাভের জন্য একটি প্রাইভেট মোটর গাড়ি ভাড়া করিয়া সরকারী অর্থ আত্মসাৎ করার জন্য কোন বিভাগীয় তদন্ত হইয়াছিল কিনা, এবং

(খ) তদন্ত হইয়া থাকিলে, তাহার ফলাফল কি?

**Dr. Md. Fazle Haque :** (ক) ও (খ) এই বিষয়ে তদন্ত চলিতেছে। তদন্ত কার্য এখনও সমাপ্ত হয় নাই।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে যুক্তফ্রন্টের আমলে তদানিন্তন জ্যোতিবসুর বসংবদ Shri S. K. Singh, I. P., Spl. Superintendent of Police, Enforcement Branch, এই বিষয়ে তদন্ত করেছিলেন কিনা?

**Dr. Md. Fazle Haque :** আমার সেটা জানা নেই, আমরা তদন্তে অনেকটা এগিয়েছি S. P. মুর্শিদাবাদ, তদন্ত করছে, কমপ্লিট হ'লে বলবো।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে District Magistrate Vigilance Commission-এর কাছে এটা এনকোয়ারীর জন্য পাঠিয়েছিলেন কিনা?

**Dr. Md. Fazle Haque :** *Vigilance Commission-এর কাছ থেকে আমরা বে রিপোর্ট পাইনি। Vigilance Commission complaint দিলে আমরা দেখবো।*

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই গাড়ি সরকারী অর্থ আত্মসাৎ করে পেট্রলের দাম এখনও মেটানো হয়নি ?

**Dr. Md. Fazle Haque :** আমরা তদন্ত করছি তিনি একটা Ambassador গাি privateএ ব্যবহার করতেন এবং তার ৪৫ টাকা ক'রে ভাড়া হিসাবে দিতেন petrol-এর দা মিটে গেছে কিনা তা বলতে পারবো না, আমার জানা নেই।

**Shri Puranjoy Pramanik :** একে promotion দিয়ে D I G করবার কথা হচ্ছে সরকার এটা জানেন কি ?

**Dr. Md. Fazle Haque :** আমার এরূপ কিছু জানা নেই।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে আজকে সংবাদপত্রে বেড়িয়েছে যে একে D I G করার কথা সরকার চিন্তা করছেন এবং I G নাকি কাগজে সহি করছেন না তাই আটকে আছে এ সংবাদ জানেন কিনা কারণ আজকের সংবাদপত্রের first pageএ এই সংবাদ বেড়িয়েছে এটা জানাবেন কি ?

**Dr. Md. Fazle Haque :** আমার এ সংবাদ জানা নেই।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, মুখার্জী কমিশনের রায় সম্পর্কে সরকার অবহিত আছেন কিনা ? এবং সেই মুখার্জী কমিশনের রায়ে একে Abator বলেছিলেন এবং তারপরও একে D I G করার কথা বা promotion দেবার কথা চিন্তা করছেন কিনা ?

**Dr. Md. Fazle Haque :** D I G করা হচ্ছে বলে আমার জানা নেই। হ'লে জানাবো।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, সাঁইবাড়ি হত্যা-কাণ্ডে কমিশন যে রায় দিয়েছিলেন মুখার্জী কমিশন যে রায় দিয়েছিলেন তার পরেও তাঁকে D I G করা হচ্ছে এটা জানেন কিনা ?

**Dr. Md. Fazle Haque :** তাকে D I G করা হচ্ছে আমার জানা নেই।

**Shri Sarat Chandra Das :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, তাকে কমিশন বলবার পর promotion দিয়ে D I G করবার কোন প্রস্তাব আছে কিনা?

**Dr. Md. Fazle Haque :** Promotion দিয়ে D I G করবার কোন প্রস্তাব আসেনি তদন্ত চলেছে।

**Shri Sarat Chandra Das :** মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক বলুন yes or no তাকে D I G করা হচ্ছে কিনা ?

**Dr. Md. Fazle Haque :** আমি আগেই বললাম যে D I G করবার কোন প্রস্তাব আসেনি, তদন্ত চলছে report এখনও আসেনি।

**Shri Puranjoy Pramanik :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে তদন্ত চলছে আমি জানতে চাই তাকে D I Gতে অথবা কোন উর্দ্ধতম postএ নিয়োগ করা হবে কিনা ?

**Dr. Md. Fazle Haque :** তদন্ত চলেছে report-এর ভিত্তি ক'রে অ্যাকশান নেবো।

**Shri Puranjoy Pramanik :** এই যে তদন্তের উপর ভিত্তি ক'রে Action নেবেন বলছেন যতক্ষণ না তদন্ত শেষ হচ্ছে ততদিন পর্যন্ত D I Gতে promotion দেওয়া বা অন্য কোন উদ্ধতন post-এ দেওয়া হবে কিনা সেইটাই বলুন ?

**Dr. Md. Fazle Haque :** আপাতত এইরূপ কিছু করা হচ্ছে না।

**Shri Pradip Kumar Palit :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, বর্ধমান সাঁইবাড়িতে যে সমস্ত পুলিশ অফিসারদের বিরুদ্ধে রায় দিয়েছিলেন এবং যাদের suspend করা হয়েছিল সেই suspension order withdraw করে promotion দিয়ে অন্যত্র transfer করা হয়েছে একথা জানেন কিনা ?

**Dr. Mr. Fazle Haque :** এ প্রশ্ন এ থেকে আসে না।

**Chinese goods in Calcutta**

***667.** (Admitted question No. *1408.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact the Chinese goods, viz., Radios, Fountainpens, etc., are being sold in the open markets in Calcutta ; and

(b) if so, what steps the Government has so far taken to prevent smuggling of the Chinese goods into the State ?

**Shri Subrata Mukhopadhaya :** With your permission, Sir. (a) Yes.

(b) Prevention of smuggling across the international borders is the responsibility of the B. S. F. and the Customs Department, the agencies of the Government of India. Of course, assistances when called for by the Customs Department is rendered by the Police while making raids against the smuggled goods.

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে শিলিগুড়ি এবং কালিংপঙ দিয়ে Chinese goods আমাদের এখানে আসে এ খবর রাখেন কি ?

**Shri Subrata Mukhopadhaya :** নির্দিষ্ট এরূপ কোন অভিযোগ থাকলে জানাবেন এটা B. S. F. করে এবং Central Government থেকে Assistance হিসাবে আমাদের নেওয়া হয় এবং সেই হিসাবেই কাজ করি। আপনার যদি কোন specific smuggled goods সম্বন্ধে জানা থাকে জানাবেন তদন্ত করতে পারি।

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে ধর্মতলা—চৌরঙ্গী এলাকায় যে সমস্ত পুলিশ constable থাকে তাঁরা তাদের এই সমস্ত স্মাগলিং-এর কাজে সহায়তা করে ?

**Shri Subrata Mukhopadhaya :** সেখানে যে সমস্ত পুলিশ রাখা হয়েছে তারা ঐ অঞ্চলে দৃষ্টি রাখেন যাতে smuggled goods বিক্রি হতে না পারে।

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি Pilot Pen যা Indian Industry তাকে down করবার জন্য তা বিক্রি হচ্ছে না অথচ সেখানে Chinese Wing Sung Pen ৭ টাকা ৮ টাকা ৯ টাকায় এনে বিক্রি করা হচ্ছে একথা জানেন কি ?

[1-10—1-20 p. m.]

**Shri Subrata Mukhopadhaya :** এই সব চক্রান্তের খবর জানা নেই, তবে বাজারে দেখেছি দু-একটা smuggling Chinese Pen আছে, এখন কোথা থেকে এসেছে সেই সূত্র জানা নেই, তবে এমন কোন চক্রান্ত আছে বলে আমাদের সরকার-এর জানা নেই যে কোন একটা বিশেষ সরকারী উদ্দেশ্য নষ্ট করে দেবার পরিকল্পনা আছে।

**Shri Rajani Kanta Doloi :** যে সমস্ত Chinese goods কলকাতায় বিক্রী হচ্ছে এর সংগে কোন রাজনৈতিক দলের— C P M-এর তরফ থেকে কোন party cadre-এর সংযোগ আছে কিনা, এদেরকে insist করা হয়েছে এবং এই party cadre-রা pen smuggling করছে, এটা কি আপনি জানেন ?

**Shri Subrata Mukhopadhaya :** থাকতে পারে, আমার জানা নেই।

**Shri Rajani Kanta Doloi :** বাংলাদেশের road থেকে, যেখানে police নেই, সেখান থেকে মাল পাচার হচ্ছে Border দিয়ে, এই খবর মন্ত্রিমহাশয় জানেন কি ?

**Shri Subrata Mukhopadhaya :** পাচার যাতে না হয় তারজন্য সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হয়েছে, তবে Border area অত্যন্ত ব্যাপক, অন্যান্য unofficial route দিয়ে পালিয়ে যাচ্ছে। আমরা এরজন্য যথোপযুক্ত ব্যবস্থা নিচ্ছি, কোথাও কোথাও হয়তো যাচ্ছে, আমার জানা নেই।

**Shri Md. Safiullah :** মন্ত্রিমহাশয় কি অবগত আছেন, কলকাতার বাগড়ী মার্কেটে openly এই সমস্ত Chinese goods বিক্রী হয়, যদি অবগত থাকেন তাহলে এই বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করছেন ?

**Shri Subrata Mukhopadhaya :** এই বিষয়ে কেন্দ্রীয় আইন আছে এবং আমরা গ্রেপ্তার করি। এই গুলোকে smuggling goods বলে বিক্রী করা হয়, তারপর কেন্দ্রীয় সরকার এবং আমাদের যে সমস্ত আইন আছে সেই অনুযায়ী শাস্তির ব্যবস্থা হয়ে থাকে। Chinese goods বিক্রী হয় সেই গুলো অনেক জায়গায় ধরা হয়েছে, তারপর এইগুলো দেখা গেছে যে নকল।

**Shri Jyotirmoy Mazumdar :** বিধানসভা অভ্যন্তরে যে সমস্ত Chines Pen আছে সেইগুলি মন্ত্রিমহাশয় Ban করবেন কি ?

**Shri Subrata Mukhopadhaya :** আপনার পকেটগুলো আগে search করা উচিৎ।

**Shri Jyotirmoy Mazumdar :** I am ready to be searched.

## বর্ধমান-গুসকরা রাস্তায় সিমেন্ট বোঝাই লরী

*৬৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭০।) **Shri Aswini Roy:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪এ জুন, ১৯৭২ তারিখে একটি সিমেন্ট বোঝাই লরী বর্ধমান-গুসকরা রাস্তায় বর্ধমান ও চলদি গ্রামের মাঝে পুলিস আটক করে; এবং

(খ) সত্য হইলে, (১) উক্ত সিমেন্টের এবং লরীর মালিক কে; ও (২) আটক করার কারণ কি?

**Dr. Md. Fazle Haque:** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**Shri Aswini Roy:** এই যে প্রশ্নটা দেওয়া হয়েছে, এই প্রশ্নটা একটা স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল, তাহলে আপনি বলছেন যে, না, এই ধরনের ঘটনা ঘটেনি। সেই স্থানীয় সংবাদপত্রের যে cuttings আছে, আমি সেটা আপনাকে দিলে আপনি এই বিষয়ে কি তদন্ত করবেন?

**Dr. Md. Fazle Haque:** নিশ্চয়ই যদি এইরকম কোন ঘটনা থেকে থাকে, যদি paper cuttings থাকে, থানায় diary নেই, আমার notice এ আনলে, আমি এ সম্বন্ধে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবো।

**Shri Balai Lal Sheth:** এমন অনেক ঘটনা দেখতে পাচ্ছি যে জনসাধারণ police এর হাতে বোঝাই লরী অর্পন করেছিল, কিন্তু বুঝতে পারছি না, কেন সেইগুলো diary বা কোন case হচ্ছে না। যদি আপনার কাছে আলোকপাত করি তাহলে এই বিষয়ে কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি?

**Dr. Md. Fazle Haque:** আমি তো আগেই বলেছি, আমার notice এ আনলে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হবে।

## বেতাই-ঝিখিরা রোড

*৬৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯২।) **Shri Saroj Karar:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার বেতাই-ঝিখিরা রোডের কাজ কবে নাগাদ শেষ হবে;

(খ) রাস্তাটা সম্পূর্ণ না হওয়ার কারণ কি; এবং

(গ) বেতাই-নারিট রাস্তাটি বর্তমানে কি অবস্থায় আছে?

**Shri Bholanath Sen:** (ক) জমির দখল পাওয়ার উপর নির্ভর করছে।

(খ) প্রয়োজনীয় সমস্ত জমির দখল না পাওয়ায়।

(গ) সরকারের বিবেচনাধীন আছে।

**Shri Saroj Karar:** মন্ত্রিমহাশয় কি জানাবেন কোন কোন জায়গায় জমি দখল পাচ্ছেন না?

**Shri Bholanath Sen:** দুটি জায়গায় দেখা যাচ্ছে একটা gap আছে, Last two furlongs at the 6th mile and 9·40 chains at 7th and 8th miles.

**Shri Saroj Karar :** আমাদের কাছে রিপোর্ট আছে আমাদের ঐ এলাকায় যাদের জমি তারা ক্ষতিপূরণ পেয়ে গিয়েছে অথচ আপনি বলেছেন জানেন না, এটা কি রকম ?

**Shri Bholanath Sen :** আমার কাছে যা খবর আছে তাতে দেখছি ল্যাণ্ড অ্যাকুইজিশন প্রোপোজাল ইনিসিয়েটেড হয়েছে ১৯৬০ সালে ডেলিভারী পজেসন কিছু কিছু পাওয়া গিয়েছে আবার অনেক জায়গায় পাওয়া যায় নি। কিছু কিছু হোমষ্টীড ল্যাণ্ড পড়ে আছে কিন্তু এখন পর্যন্ত পাওয়া যায় নি।

**Shri Saroj Karar :** কন্ট্রাক্টররা ইচ্ছাকৃতভাবে এই কাজ ফেলে রাখছে এবং করছে না এমন খবর আপনার জানা আছে ?

**Shri Bholanath Sen :** আমার কাছে উল্টো খবর আছে। কালেক্টারকে রিমাইণ্ড করা হয়েছে যে যত তাড়াতাড়ি পজেসন দেওয়া হয়।

## পৃথক্ জেলা গঠন

*৬৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৮।) **Shri Ajit Kumar Basu :** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঝাড়গ্রাম সাবডিভিশন, কেশিয়াড়ী ও খড়গপুরকে লইয়া একটি পৃথক জেলা গঠনের কোন পরিকল্পনা আছে কি ?

**Dr. Md. Fazle Haque :** না।

**Shri Rajani Kanta Doloi :** ঝাড়গ্রাম সাবডিভিশন পৃথক্ জেলা গঠন করার পরিকল্পনা আপনাদের নাই বললেন। আমি জিজ্ঞাসা করতে চাই যে মেদিনীপুর জেলাকে দুইভাগে ভাগ করবার কোন প্রোপোজাল আছে কি না ?

**Dr. Md. Fazle Haque :** আপাততঃ এইরকম কোন প্রোপোজাল আমাদের কাছে নেই।

**Shrimati Geeta Mukhopadhyay :** আমরা পূর্বে শুনেছিলাম যে তমলুক আর কন্টাই এই দুটো সাবডিভিশনকে এক জায়গায় করে একটা জেলা এবং বাকি আর সাবডিভিশনগুলোকে নিয়ে আর একটা ডিসট্রিক্ট করবার কথা ছিল, সেটা কি আপনি জানেন ?

**Dr. Md. Fazle Haque :** দুটো ডিসট্রিক্ট করা এইসব সাবডিভিশনকে নিয়ে আমরা জানা নাই তবে নোটিশ দিলে আমি খোঁজ নিয়ে দেখতে পারি।

**Shri Rajani Kanta Doloi :** মেদিনীপুর জেলাকে দুটো পৃথক্ করে জেলা ভাগ করার কথা আপনাদের কি কোন প্রস্তাব আছে ?

**Dr. Md. Fazle Haque :** আমি আগেই বলেছি নাই।

**Shri Jyotirmoy Mojumdar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমাদের অনেকগুলো প্রশ্ন ছিল যেগুলো আমরা এখন উত্তর পাইনি। সেই প্রশ্নগুলো কি আর এই সেসনে নেওয়া হবে না ?

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় অধ্যক্ষমহাশয়, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। আমাদের অনেকগুলি প্রশ্ন আমরা দিয়েছিলাম যেগুলো আপনি অ্যালাউ করেছিলেন কিন্তু বিজনেসে দেখছি আজ শেষ হয়ে যাচ্ছে আমরা কি এর উত্তর পাবনা ?

**Mr. Speaker :** Starred questions 663, 664, 665, 666, 668, 669, 670, 671, 672, 676, 677, 678, 679 and 680 will be treated as unstarred questions and the answers will be placed on the Table.

## STARRED QUESTIONS

**(to which written answers were laid on the Table)**

### কালনা মহকুমায় পাকা রাস্তা

*৬৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৯।) **Shri Paresh Chandra Goswami :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে বর্ধমান জেলার কালনা মহকুমায় কোনও এলাকায় পাকা রাস্তার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা,

(খ) থাকিলে, সেই রাস্তাগুলির নাম কি, এবং

(গ) কোন্ কোন্ রাস্তার কাজ বর্তমান বৎসরে শুরু করার প্রস্তাব আছে এবং কবে নাগাদ সেই কাজ শুরু হতে পারে?

**The Minister for Public Works Department :** (ক), (খ) ও (গ) হ্যাঁ। রাস্তার পরিকল্পনাগুলি এখনও বিবেচনাধীন এবং এখনও রাস্তার প্রস্তাব আসিতেছে। বিবেচনাধীন রাস্তার তালিকা সঙ্গে দেওয়া হইল:

(1) Sankarpur to Nibhujibazar.

(2) Arbalia to Kulti.

(3) Bridge over Behula on the road from S T K K Road to Tarabona School.

(4) Link Road from Kalna-Baidyapur Road to Akalpaush Health Centre.

(5) Feeder Road to Bhandartikuri R S from S T K K Road.

### পিংলা, দাঁতন ও বেলদা আউটপোস্ট

*৬৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৬।) **Shri Prodyot Kumar Mahanti :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার পিংলা থানা, দাঁতন থানা এবং বেলদা আউটপোস্ট-এর প্রয়োজনীয় বাড়ী এবং আসবাবপত্রের অভাবে পুলিশ বিভাগের কর্মচারীরা যথাযথভাবে কার্য করিতে পারিতেছেন না, এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Home (Police) Department :** (ক) সরকার অবগত আছেন যে ঐ সমস্ত থানা এবং আউটপোস্টের বাড়িগুলি কিছু কিছু মেরামত প্রয়োজন। ইহা ছাড়া ঐ সব স্থানে আরো কিছু আসবাবপত্র কেনা দরকার। কিন্তু ঐ সমস্ত অসুবিধার জন্য পুলিশ বিভাগের কর্মচারীরা যথাযথভাবে কার্য করিতে পারিতেছেন না এ কথা সত্য নহে।

(খ) বাড়িগুলি মেরামত এবং আরো আসবাবপত্র কেনার জন্য যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

## ওয়াকফ্ এস্টেট

*৬৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮১।) **Shri Jokhi Lal Mondal :** বিচার (ওয়াকফ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতগুলি ওয়াকফ এস্টেট আছে ;

(খ) মালদহ জেলায় ওয়াকফ এস্টেটের সংখ্যা কত ;

(গ) মালদহ জেলায় ওয়াকফ এস্টেটের সম্পত্তির পরিমাণ কত ;

(ঘ) ওয়াকফ এস্টেট কিভাবে পরিচালিত হয় ; এবং

(ঙ) ওয়াকফ এস্টেটের বর্তমান আর্থিক অবস্থা কিরূপ ?

**The Minister for Judicial (Wakf) Department :** (ক) পশ্চিমবঙ্গে মোট ৭,০০০ ওয়াকফ এস্টেট তালিকাভুক্ত আছে।

(খ) মালদহ জেলায় তালিকাভুক্ত ওয়াকফ এস্টেট সংখ্যা ৩৫৪।

(গ) মালদহ জেলায় ওয়াকফ এস্টেটের সম্পত্তির পরিমাণ প্রায় ১৮,৪৫০ একর।

(ঘ) ওয়াকফ দলিলের উত্তরাধিকার নিয়োগ করার নিয়ম অনুসারে বা উপযুক্ত আদালতের নির্দেশানুসারে বা ১৯৩৪ সালের বেংগল ওয়াকফ অ্যাক্টের ৪০ নং ধারাবলে ওয়াকফ কমিশনার কর্তৃক নিযুক্ত এক বা একাধিক মতোয়ালী কর্তৃক ওয়াকফ এস্টেটগুলি পরিচালিত ও শাসিত হয়। যদি কোন ওয়াকফ এস্টেট সুষ্ঠুভাবে পরিচালিত না দেখা যায়, তাহা হইলে ওয়াকফ কমিশনার ১৯৩৪ সালের বেংগল ওয়াকফ অ্যাক্টের ২৭(২) (iii) ধারানুযায়ী সেই ওয়াকফ অ্যাক্টের মতোয়ালীকে সাহায্য করিবার জন্য পরিচালনা সমিতি (administrative committee) নিয়োগ করেন।

(ঙ) বর্তমান আর্থিক অবস্থা সন্তোষজনক নয়।

## আড়ংঘাটা-দত্তপুলিয়া-কৃষ্ণনগর রোড

*৬৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭৯।) **Shri Netaipada Sarkar :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আড়ংঘাটা-দত্তপুলিয়া-কৃষ্ণনগর রোড মেরামতের জন্য সরকার ব্যবস্থা করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে, উক্ত রাস্তা মেরামতের জন্য কত টাকা বরাদ্দ হইয়াছিল ;

(গ) উক্ত রাস্তাটি মেরামতি কাজে কন্ট্রাক্টরগণ অর্থ আত্মসাৎ করিয়াছেন এই মর্মে কোন অভিযোগ সরকার পাইয়াছেন কিনা ; এবং

(ঘ) পাইয়া থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Public Works (Roads) Department :** (ক) হ্যাঁ।

(খ) কোন বিশেষ রাস্তার মেরামতির জন্য পৃথকভাবে অর্থ বরাদ্দ থাকে না। মেরামতির কাজের জন্য যে থোক বরাদ্দ থাকে, উহা হইতে রাস্তার গুরুত্ব অনুসারে নির্বাহী বাস্তুকার অর্থ ব্যয় করিয়া থাকেন। বিগত তিনটি আর্থিক বৎসরে এই রাস্তার মেরামতি বাবত মোট ৭,৮১,৩৪৬ (সাত লক্ষ একাশী হাজার তিনশত ছেচল্লিশ) টাকা ব্যয় হইয়াছে।

### কাষ্টডাংগা-চুয়াডাংগা রোড

*৬৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৫।) **Shri Sakti Kumar Bhattacharya** : পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রায় ৩ বৎসর পূর্বে নদিয়া জেলায় কাষ্টডাংগা-চুয়াডাংগা রোড মঞ্জুর হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, (১) ঐ রাস্তার কাজ আরম্ভ না হওয়ার কারণ কি, ও (২) উক্ত রাস্তার কাজ কবে নাগাদ আরম্ভ হইবে ?

**The Minister for Home (Police) Department** : (ক) এরূপ একটি প্রস্তাব ছিল বটে, কিন্তু মঞ্জুর হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

### করিমপুর থানা অঞ্চলে চুরি-ডাকাতি

*৬৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫৪।) **Shri Arabinda Mondal** : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়,অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার করিমপুর থানায় ১৯৭০-৭১ সালে কতগুলি চুরি-ডাকাতির ঘটনা ঘটিয়াছে ; এবং

(খ) উক্ত ঘটনার কতগুলি ক্ষেত্রে চার্জসীট হইয়াছে এবং কতগুলি ক্ষেত্রে ফাইনাল রিপোর্ট হইয়াছে ?

**The Minister for Home (Police) Department** : (ক) চুরি : ১৯৭০—১৪০টি, ১৯৭১—৫১টি ; ডাকাতি : ১৯৭০—৩টি, ১৯৭১—৯টি।

(খ) চুরি : ১৯৭০ এফ আর টি—১২২, চার্জসীট—১৮ ; ১৯৭১ : এফ আর টি—৫২, চার্জসীট—৭ ; ডাকাতি : ১৯৭০ এফ আর টি—সমস্ত, ১৯৭১ এফ আর টি—২, তদন্তাধীন—৭।

### তেহট্ট-কাটোয়াঘাট রাস্তায় জলঙ্গী নদীর সেতু

*৬৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২০।) **Shri Kartik Chandra Biswas** : পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার তেহট্ট-কাটোয়াঘাট রাস্তায় তেহট্ট জলাঙ্গী নদীর উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকরী হইবে ?

**The Minister for Public Works (Roads) Department** : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### ভবানীপুর গ্রামে পুলিশ ফাঁড়ি

*৬৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০০।) **Shri Dwijapada Saha** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রাজনগর থানার অন্তর্গত ভবানীপুর গ্রামে একটি পুলিশ ফাঁড়ি খোলার প্রস্তাব আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা খোলা হইবে ?

**The Minister for Home (Police) Department** : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## কুলগাছি-বার্ণিয়া রাস্তা

*৬১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৫।) **Shri Shib Sankar Bandopadhayay :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়ার কুলগাছি-বার্ণিয়া রাস্তা তৈরীর কাজ সরকার কোন্ সালে গ্রহণ করিয়াছিলেন ;

(খ) উহার কাজ কতদূর অগ্রসর হইয়াছে ;

(গ) ঐ কাজ সম্পূর্ণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং থাকিলে, কবে নাগাদ তাহা সম্পূর্ণ হইবে ?

**The Minister for Public Works (Roads) Department :** (ক) ১৯৬৪ সালের মাঝামাঝি।

(খ) রাস্তাটির প্রায় তিন চতুর্থাংশের মত কাজ সমাপ্ত হইয়াছে।

(গ) জমির দখল এবং রাস্তা তৈয়ারীর প্রয়োজনীয় মালমশলা পাওয়া গেলে ১৯৭৩ সালের মধ্যেই রাস্তাটির কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

## নাদনঘাটে খড়ি নদীর উপরে ব্রীজ

*৬১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬০।) **Shri Paresh Chandra Goswami :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার কালনা মহকুমায় নাদনঘাটে খড়ি নদীর উপরে একটি পাকা ব্রীজের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) সত্য হইলে, এই ব্রীজের জন্য কত টাকা ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে ও ইহার কাজ কতদিনে শুরু হবে ?

**The Minister for Public Works (Roads) Department :** (ক) ও (খ) হাঁ, তবে এষ্টিমেট প্রস্তুত না হওয়া পর্যন্ত এবং আর্থিক সংগতি না হইলে এই পরিকল্পনা সম্পর্কে কোন সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব নয়।

## নদীয়ায় ডাকাতি

*৬১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৩।) **Shri Kartic Chandra Biswas :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরের ২৬শে জুন পর্যন্ত নদীয়ায় কোন্ থানায় কয়টি ডাকাতির ঘটনা সরকারের গোচরে আসিয়াছে ;

(খ) উক্ত ঘটনাগুলির সহিত জড়িত কতজনের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করিয়াছেন ; এবং

(গ) উক্ত ঘটনার মোট কতগুলি ক্ষেত্রে তদন্ত করা সম্ভব হয় নাই ?

**The Minister for Home (Police) Department :** (ক) এ সম্পর্কে একটি বিবরণী প্রস্তুত হইল।

(খ) মোট ১২১ জন জড়িত। তদন্ত চলিতেছে।

(গ) একটিও নয়।

## বিবরণী

(ক) অংশের উত্তর

| নদীয়া জেলার অন্তর্গত থানাসমূহের নাম | ডাকাতির সংখ্যা |
|---|---|
| ১ কোতোয়ালী | ২৩ |
| ২ করিমপুর | ১ |
| ৩ তেহট্ট | ২৩ |
| ৪ চাপড়া | ৪ |
| ৫ কৃষ্ণগঞ্জ | ৪ |
| ৬ হাঁসখালি | ১৫ |
| ৭ রাণাঘাট | ১১ |
| ৮ চাকদহ | ৯ |
| ৯ হরিণঘাটা | ৩ |
| ১০ শান্তিপুর | ২ |
| ১১ নবদ্বীপ | ৪ |
| ১২ নাকাশীপাড়া | ১২ |
| ১৩ কালীগঞ্জ | ৪ |

### মালদহ জেলায় পাকা রাস্তা

*৬৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮২।) **Shri Jokhi Lal Mondal :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ যোজনাকালে মালদহ জেলায় কয়টি পাকা রাস্তা মঞ্জুর করা হইয়াছে,

(খ) মালদহ জেলার মানিকচক ব্লকে চতুর্থ যোজনাকালে কয়টি রাস্তা মঞ্জুর করা হইয়াছে;

(গ) উক্ত মঞ্জুরীকৃত রাস্তাগুলির মধ্যে কয়টির কাজ সম্পূর্ণ হইয়াছে এবং যেগুলির কাজ এখনও শেষ হয় নাই সেগুলির কাজ কবে নাগাদ শেষ হইবে;

(ঘ) মানিকচক ব্লকে সঙ্করটোলাঘাট হইতে (ভায়া মথুরাপুর বি এস এস হায়ার সেকেণ্ডারী স্কুল) মোহনা পর্যন্ত লিংক রোড করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(ঙ) উক্ত ব্লকের ভূতনী দিয়াড়ায় কোন পাকা রাস্তা না থাকিবার কারণ কি, এবং

(চ) রাজমহলঘাট ফেরি অ্যাপ্রোচ রোড-এর কাজ কবে নাগাদ শেষ হইবে?

**The Minister for Public Works (Roads) Department :** (ক) হইতে (ঙ) এ পর্যন্ত চতুর্থ পরিকল্পনায় কোন রাস্তা মঞ্জুর হয় নাই তবে কয়েকটি রাস্তার প্রস্তাব বিবেচনাধীন আছে। অবশ্য চতুর্থ পরিকল্পনা বহির্ভূত তিনটি রাস্তার কাজ চলিতেছে, যথা :

(১) মালদা—মানিকচক রাস্তাকে প্রশস্ত করা। (২) ৩৪নং জাতীয় সড়ক হইতে জীবনকৃষ্ণ সান্যাল রোড পর্যন্ত ট্রেনসিং গ্রাউণ্ড (Trenching Ground Road) রাস্তার উন্নয়ন এবং (৩) সিঙ্গাতলা রাস্তার উন্নয়ন। প্রথমোক্ত কাজটি ১৯৭৩ সালের মাঝামাঝি এবং অপর দুইটি চলতি বৎসরের মধ্যে শেষ হইবে আশা করা যায়।

(চ) আগামী বৎসর শেষ হইবে বলিয়া আশা করা যায়।

## পাঁচগাছী-ধোড়াদহ রাস্তা

*৬৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬৮।) Shri Arabinda Mandal : পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার করিমপুর ব্লকের পাঁচগাছী হইতে ধোড়াদহ রাস্তাটি পাকা রাস্তা করিবার জন্য সরকারের মঞ্জুরী লাভ করিয়াছে কিনা;

(খ) মঞ্জুরী লাভ করিয়া থাকিলে, এ বাবত কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) কবে নাগাদ ঐ রাস্তাটির কার্য আরম্ভ হইবার সম্ভাবনা আছে?

**The Minister for Public Works (Roads) Department** : 'ক' হইতে 'গ' রাস্তাটি নির্মাণের একটি প্রস্তাব আছে; তবে সরকারী মঞ্জুরী এখনও দেওয়া হয় নাই। আপাততঃ মালমশলা সংগ্রহ চলিতেছে। প্রকৃত নির্মাণকার্য আগামী বৎসর আরম্ভ হওয়ার সম্ভাবনা আছে।

## UNSTARRED QUESTIONS

**( to which written answers were laid on the Table )**

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ের জন্য তদন্ত কমিশন

৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৪।) Shri Netai Pada Sarkar : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্পর্কে একটি তদন্ত কমিশন নিয়োগ করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, উক্ত কমিশন উক্ত বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের জন্য কি কি সুপারিশ করিয়াছিলেন; এবং

(গ) উক্ত সুপারিশগুলি কার্যকরী করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ, একটি তদন্ত কমিটি নিয়োগ করা হইয়াছিল।

(খ) সামগ্রিকভাবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গৃহনির্মাণ পরিকল্পনা, শিক্ষা বিষয়ে সুপরিকল্পিত ব্যবস্থাদি গ্রহণ, ছাত্রদের অধিকতর সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা করণ ইত্যাদি নানা বিষয়ে উক্ত কমিটি সুপারিশ করিয়াছিলেন।

(গ) উক্ত সুপারিশের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ ইতিমধ্যেই যথাযথ ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

অপরাপর সুপারিশগুলি বর্তমানে বিবেচনাধীন আছে।

## কোচবিহার জেলায় দাতব্য চিকিৎসালয়

৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৮।) Shri Madhu Sudhan Roy : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় বর্তমানে কোথায় চ্যারিটেবল ডিসপেন্সারী আছে;

(খ) উক্ত ডিসপেন্সারীগুলির কোন্ কোন্‌টিতে ডাক্তার আছে;

(গ) যেখানে ডাক্তার নেই সেখানে ডাক্তার পাঠাইবার কোনও ব্যবস্থা হইতেছে কিনা; এবং

(ঘ) এই ডিসপেন্সারীগুলিকে সাবসিডিয়ারী হেলথ সেন্টার-এ রূপান্তরিত করিবার কোনও পরিকল্পনা আছে কিনা?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) দেওয়ানহাট, বাগেশ্বর, সাহেবেরহাট, নশিগঞ্জ, মড়মরিচা, দেওয়ানগঞ্জ নাজিরহাট, ওকরাবাড়ী, দীঘলতরি, বালুভূত, ঘোষাডাঙ্গা, জামালদহ, খেতি, রথেরডাঙ্গা।

(খ) নিশিগঞ্জ, বড়মরিচা, দেওয়ানগঞ্জ, নাজিরহাট।

(গ) হ্যাঁ।

(ঘ) যেখানে সম্ভব সেখানে করা হবে।

## কাজলাগড় সহায়ক স্বাস্থ্যকেন্দ্র

৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮০।) **Prof. Amlesh Jana**: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত ভগবানপুর ১নং ব্লকের কাজলাগড় সহায়ক স্বাস্থ্য-কেন্দ্র নির্মাণের কাজ সুরু হইয়াছে কিনা, এবং

(খ) হইয়া থাকিলে উক্ত স্বাস্থ্যকেন্দ্রের কাজ কবে নাগাদ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ও (খ) ঐ উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ শেষ হয়েছে এবং উহা চালু করবার ব্যবস্থা করা হচ্ছে।

## হরিপাল ব্লকে পশু, সার ইত্যাদি ক্রয় ও অন্যান্য বাবত ঋণ

৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৪।) **Shri Balai Lal Sheth**: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার হরিপাল ব্লকে বর্তমান বৎসরে ৩০এ জুন অবধি পশুক্রয়, সারক্রয় ও অন্যান্য ঋণ বাবত কত টাকা দেওয়া হইয়াছে; এবং

(গ) ৩০এ জুন অবধি প্রাপকদের হাতে বিভিন্ন ঋণ বাবত কত টাকা বিলি করা হইয়াছে?

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়:

| | | |
|---|---|---|
| (ক) পশুক্রয় ঋণ | ... | ৭,০০ টাকা |
| সারক্রয় ঋণ | ... | ১০,০০০ টাকা |
| কৃষিঋণ | | ৪,৫০০ টাকা |

(খ) পশুক্রয় ঋণ: উক্ত তারিখ পর্যন্ত কোন টাকা বিলি করা সম্ভব হয় নাই।

সারক্রয় ঋণ: উক্ত তারিখ পর্যন্ত কোন টাকা বিলি করা সম্ভব হয় নাই।

কৃষিঋণ ৪,৫০০ টাকা

## নবগ্রাম ও জিয়াগঞ্জ ব্লকে গো-ক্রয় সারক্রয় ও অন্যান্য ঋণ

৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩১।) **Shri Adya Charan Dutta**: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে খরাজনিত পরিস্থিতির মোকাবিলায় মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ও মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ ব্লকের প্রতি ব্লকে ১৬ই জুন, ১৯৭২ পর্যন্ত গরুক্রয়, সার-ক্রয় ও অন্যান্য ঋণ বাবত কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(খ) উক্ত টাকার মধ্যে এ সময়ে কোন্ ব্লকে কত টাকা দেওয়া হইয়াছে?

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় :

| ব্লকের নাম | গরুক্রয় ঋণ টাকা | সারক্রয় ঋণ টাকা | কৃষিঋণ টাকা |
|---|---|---|---|
| (ক) | | | |
| নবগ্রাম | ৮,৯২০ | ৪০,০০০ | ২২,৭২০ |
| মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ | ৭,১৪০ | ৫৩,০০০ | ১৯,২৫৫ |
| (খ) | | | |
| নবগ্রাম | কোন টাকা বিতরণ করা হয় নাই | কোন টাকা বিতরণ করা হয় নাই | ৯,৯৪০ |
| মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ | ঐ | ১২,০০০ | ১৯,২৫৫ |

## জামালপুর থানায় গভীর নলকূপ ও রিভার পাম্প

৩৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১১১৭।) **Shri Puranjoy Pramanik** : কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার জামালপুর থানায় বর্তমানে কোন গভীর নলকূপ ও রিভার পাম্প (লিফ্‌ট ইরিগেশন) স্থাপনের প্রস্তাব সরকারের আছে কি না ; এবং

(খ) প্রস্তাব থাকিলে, সেগুলি কি কি, কোথায় কোথায় এবং কতদিনে কার্যকরী হইবে ?

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) বর্তমান বৎসরের বাজেটে যথোপযুক্ত বরাদ্দ না থাকায় এই বৎসর নূতন গভীর নলকূপ স্থাপন করা সম্ভব নয়। কেন্দ্রীয় সরকারের নিকট হইতে যোজনা বহির্ভূত অর্থ-সাহায্য পাওয়া গেলে নূতন গভীর নলকূপ স্থাপনের কার্যসূচী গ্রহণ করা হইবে।

এই বৎসর পশ্চিমবঙ্গে কিছু রিভার লিফ্‌ট স্টেশন স্থাপনের পরিকল্পনা সরকারের আছে। তবে এইগুলি কোথায় স্থাপিত হইবে তাহা এখনও স্থির হয় নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

## ঝালদা হিন্দু হাই স্কুল

৩৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৯।) **Shri Sarat Chandra Das** : শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২০এ মে ১৯৭২ তারিখে ঝালদা হিন্দু হাই স্কুলে পরীক্ষার্থীরা হামলা করিয়া আসবাবপত্র ও লাইব্রেরীর ক্ষতিসাধন করিয়াছিল ; এবং

(খ) সত্য হইলে, ক্ষতির পরিমাণ কত এবং এ ব্যাপারে ক্ষতিপূরণ বাবত কত টাকা স্কুলকে দেওয়া হইয়াছে ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) ঝালদা পরীক্ষাকেন্দ্রের অফিসার-ইনচার্জ জানাইয়াছেন যে, ক্ষতির পরিমাণ প্রায় ১৩,০০০ টাকা। বিষয়টি বর্তমানে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষতের বিবেচনাধীন আছে।

## ঘাটাল পৌর এলাকার উন্নয়ন

৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৯।) **Shri Harisadhan Dolui** : মিউনিসিপ্যাল সার্ভিসেস বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঘাটাল পৌর এলাকায় উন্নয়নের জন্য ১৯৬৯ সালে তৎকালীন রাজ্যপালের নিকট কোনও প্রস্তাব বিবেচনার জন্য পৌর কর্তৃপক্ষ পাঠাইয়াছিলেন কিনা ; এবং

(খ) পাঠাইলে, (১) কি কি উন্নয়ন কাজের জন্য কত টাকা চাওয়া হইয়াছিল ও (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

মিউনিসিপ্যাল সার্ভিসেস বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।
(খ) প্রশ্ন উঠে না।

**Incentive Schemes for C S T C Staff**

**384.** (Admitted question No. 1400.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state the steps the Government is contemplating, if any, for widening the incentive schemes for staff of the Calcutta State Transport Corporation linked with production and efficiency ?

**The Minister for Home (Transport)** : At present suitable incentive/reward schemes are in force for the Depot Mechanical staff, Drivers and Conductors and staff of the Central Workshop. The question of introducing suitable incentive schemes linked with production and efficiency for the other staff who are not covered under the present schemes, is under consideration of the Calcutta State Transport Corporation.

**Accelerated renewal programme for C S T C**

**385.** (Admitted question No. 1404.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government has finalised any accelerated renewal programme for C S T C for the years 1971-72 to 1973-74 ; and

(b) if so,—

(i) the salient points of the programme.

(ii) the anticipated result of the programme, and

(iii) the progress done so far in the matter ?

**The Minister for Home (Transport) :** (a) Yes, Calcutta State Transport Corporation has adopted such a programme subject to availability of funds.

(b) (i) Briefly stated, the main object of the accelerated renewal programme is to replace the over-aged vehicles for stabilization of the fleet. It envisages acquisition of new buses as follows :

| Year | Single Decker | Double Decker |
|---|---|---|
| 1971-72 | 135 | 60 |
| 1972-73 | 65 | 135 |
| 1973-74 | — | 200 |

This will change radically not only the age structure but also the double decker/single decker ratio of the C S T C fleet, making the C S T C financially more viable.

(ii) It is expected that **CSTC's** passenger carrying capacity will increase from 7 lakhs per day at present to 16 lakhs per day at the end of the programme. The passenger revenue per day is expected to increase from about Rs.99,000 (average) during 1971-72 to Rs.2·35 lakhs as on 1st April, 1974, under the existing fare structure and C S T C may be well on way to cover its operational deficit, i.e., without providing for interest and depreciation.

(iii) The programme for 1971-72 has been completed in full and all the 135 single deckers and 60 double deckers programmed for that year have already been placed on route. The 65 single decker chassis programmed for 1972-73 have been already received and these are expected to be put on route after completion of body building before the Pujas. Steps have been taken for acquisition of the bouble decker chassis programmed for this year and delivery is expected to commence shortly.

**Committee for quality control of foodgrains for Ration Shops**

**386.** (Admitted question No. 1445.) **Shri Ajit Kumar Basu :** Will the Minister-in-charge of the Food and Supplies Deparment be pleased to state—

(a) whether the Government has recently appointed any committee to probe the question of storage, distribution and quality control of foodgrains meant for supply under the Public Distribution System ;

(b) if so, the names of the members of the Committee ; and

(c) whether there is any proposal to set up similar Committee in the districts ?

**The Minister for Food and Supplies :** (a) Yes. With a view to improving the quality of foodgrains supplied through ration shops and fair price shops under the public distribution system, the Government has constituted a Committee known as "The Committee on Quality Control of Foodgrains" to probe into the existing arrangements for quality control in respect of stocks of foodgrains received and stored in the godowns (including the godowns of the storing agents) of the Food Corporation of India, Calcutta Region, and their wholesale distribution through the public distribution system, as well as the storing arrangement available in the Food Corporation of India's godown and its storing agents' godowns, as also the method of storage followed by them

For the present, the Committee's inquiry has been confined to the Greater Calcutta Statutory Rationing area. A copy of the relevant order bearing No. 6004-FS, dated 14th June, 1972, was inter alia distributed to the Hon'ble Members on 21st July, 1972, along with the copy of my Budget Speech on Food.

(b) The Committee consists of the following official and non-official members :

(1) Shri N. C. Roy—Chairman

(2) Shri Sardar Amjad Ali, MP—Member

(3) Shri Pankaj Kumar Banerjee, MLA—Member

(4) Shri Naresh Chandra Chaki, MLA—Member

(5) Shri S. L. Bose, IAS, Additional Regional Manager, Food Corporation of India, Calcutta Region—Member

(6) Shri N. C Mukherjee, Deputy Controller of Rationing Food and Supplies Department—Member

(7) Shri K. L. Ghosh, Deputy Secretary, Food and Supplies Department—Member-Secretary

(c) The said Committee's inquiry may be extended to the districts or separate District Committees may be constituted if deemed necessary.

**Electricity duty paid by Calcutta Tramways Co. Ltd.**

387. (Admitted question No. 1446.) **Shri Ajit Kumar Basu :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if it is a fact that the Calcutta Tramways Co. Limited are to pay a huge amount of electricity duty for consumption of electricity, whereas the Railways are exempted from paying such duty ;

(b) if so, what amount is annually paid by the Tramways on that account ; and

(c) whether Government is considering any proposal to exempt the Tramways Undertakings from paying the aforesaid duty ?

**The Minister for Home (Transport) :** (a) and (c) Yes.

(b) The amount varies year to year. The amounts paid in the last three years are as follows :

| | Rs. |
|---|---|
| 1969 | 5,37,684 |
| 1970 | 5,05,710 |
| 1971 | 4,86,615 |

**খাদ্য কর্পোরেশনে নিযুক্ত খাদ্য সরবরাহ বিভাগের কর্মীদের ভবিষ্যৎ**

৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৮।) **Shri Monoranjan Pramanik :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬ সাল থেকে যে সমস্ত কর্মচারী খাদ্য কর্পোরেশনে ডেপুটেশনে কাজ করছেন তাদের বর্তমান চাকুরীর অবস্থা কি ; এবং

(খ) ঐ সমস্ত কর্মচারীরা পদোন্নতির সুযোগ পান কিনা এবং না পাইলে তাহার কারণ কি ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ১৯৬৬ সাল থেকে খাদ্য সরবরাহ বিভাগের যেসমস্ত কর্মচারী খাদ্য কর্পোরেশনে ডেপুটেশনে কাজ করছেন তাঁরা এখনও ঐ সংস্থায় স্থায়ীভাবে নিযুক্ত হন নি। খাদ্য কর্পোরেশন গঠিত হবার প্রাক্কালে রাজ্য সরকার এবং খাদ্য কর্পোরেশনের মধ্যে একটি চুক্তি সম্পাদিত হয়েছে। অন্যান্য বিষয়ের মধ্যে ঐ চুক্তিতে আছে যে, পরে দরকার হলে খাদ্য ও সরবরাহ বিভাগ ও খাদ্য কর্পোরেশনের অফিসারদের নিয়ে গঠিত

একটি কমিটি ডেপুটেশনে প্রেরিত কর্মচারীদের স্থায়ী করণের বিষয়টি বিচার-বিবেচনা করিতে পারেন এবং ঐ কমিটি যাঁদের উপযুক্ত বিবেচনা করবেন তাঁদেরই উক্ত সংস্থায় স্থায়ীভাবে নিয়োগ করা হবে। এইরূপ কমিটি গঠনের কোন সিদ্ধান্ত এখনও গ্রহণ করা হয় নি। উপরোক্ত চুক্তির মধ্যে একথাও বলা হয়েছে যে, যতদিন না ডেপুটেশনে প্রেরিত রাজ্য সরকারী কর্মচারীরা ঐ সংস্থায় স্থায়ীভাবে নিযুক্ত হবেন ততদিন তাঁরা সেখানে ডেপুটেশনে থাকবেন।

(খ) ডেপুটেশনে প্রেরিত রাজ্য সরকারের কর্মচারীরা যতদিন না খাদ্য কর্পোরেশনে স্থায়ীভাবে নিযুক্ত হচ্ছেন ততদিন পর্যন্ত উক্ত কর্পোরেশন তাঁদের অধীন কোন উচ্চতর পদে সেসব কর্মচারীদের উন্নীত করতে পারেন না। অবশ্য যেহেতু ডেপুটেশনে প্রেরিত কর্মচারীরা ডেপুটেশনে থাকাকালীন রাজ্য সরকারের কর্মচারী বলে গণ্য হন সেহেতু খাদ্য ও সরবরাহ বিভাগের উচ্চতর কোন পদ শূন্য হলে ঐ শূন্যপদ পদোন্নতি দ্বারা পূরণের সময় খাদ্য ও সরবরাহ বিভাগের কর্মচারীদের সংগে উক্ত ডেপুটেশনে প্রেরিত কর্মচারীদের বিষয়ও যথাযতভাবে বিবেচিত হয়। ইতিমধ্যে খাদ্য ও সরবরাহ বিভাগে বিভিন্ন শূন্য পদ পূরণের জন্য বহু ডেপুটেশনে প্রেরিত কর্মচারীদের পদোন্নতির আদেশ দেওয়া হয়েছে।

## মুণ্ডেশ্বরী সেতু

৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৯।) **Shri Ganesh Hatui :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার মুণ্ডেশ্বরী সেতু সমাপ্ত করার কোন সময়সীমা নির্দিষ্ট ছিল কিনা এবং থাকিলে কবে;

(খ) অসম্পূর্ণ সেতুটির কাজ কবে নাগাদ শেষ হবে, এবং

(গ) বর্তমানে ঐ স্থানে যে অস্থায়ী সেতুটি আছে তাহা হইতে সরকার বৎসরে কত টাকা পেয়ে থাকেন?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ; ১৯৬৮ সালের ফেব্রুয়ারি মাস।

(খ) সেচ বিভাগের পরিকল্পনানুযায়ী এই সেতুটির দৈর্ঘ আরও ৪৮০ ফুট বৃদ্ধি পাইতে পারে, সেক্ষেত্রে ১৯৭৪ সালের জুন মাসের মধ্যে কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

(গ) প্রতি বৎসর ডিসেম্বর হইতে মে মাস পর্যন্ত সাধারণতঃ সেতুটি ব্যবহারোপযোগী থাকে। ঠিকাদারদের নিকট হইতে দৈনিক ভাড়ার হার এতকাল ৫০০ টাকা ছিল। সম্প্রতি (৯ই জুন, ১৯৭২) ঐ হারের সংশোধন হইয়াছে। সংশোধিত ভাড়ার হার ৬১০ টাকা।

## মুর্শিদাবাদ জেলায় পাকা রাস্তা

৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৬।) **Shri Adya Charan Dutta :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে এই রাজ্যে মুর্শিদাবাদ জেলায় কয়টি এবং কোন্ কোন্ পাকা রাস্তার মঞ্জুরী দেওয়া হয়েছিল;

(খ) এই রাস্তার ৩০শে জুন, ১৯৭২ পর্যন্ত প্রস্তাবিত কত মাইলের মধ্যে কত মাইল রাস্তা পাকাকরণ হইয়াছে; এবং

(গ) এখনও প্রস্তাবিত রাস্তাসমূহের যে অংশ পাকাকরণ করা হয় নাই তাহার কারণ কোন্ কোন্ রাস্তার জন্য কি কি?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) মুর্শিদাবাদ জেলায় চতুর্থ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করিবার জন্য কয়েকটি রাস্তার প্রস্তাব বিবেচনাধীন রয়েছে; প্রকৃতপক্ষে কোন রাস্তার মঞ্জুরী (স্যাংশান) দেওয়া হয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

### পূর্ত বিভাগের গাড়ী

৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৩।) **Shri Ramendra Nath Dutta :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পূর্ত বিভাগে ও উহার অন্তর্গত পি ডবলিউ ডি (রোডস), পি ডবলিউ ডি (কনস্ট্রাকশন বোর্ড) প্রভৃতি দপ্তরে ডিফারেন্ট কেটিগরির কতগুলি সরকারী গাড়ী আছে ; এবং

(খ) সমস্ত গাড়ি মিলিয়ে ১৯৭১-৭২ সনে (১) পেট্রোল বাবত, (২) অন্যান্য জ্বালানি বাবত, (৩) রিপেয়ার বাবত, (৪) ড্রাইভার ও ক্লীনার-এর বেতন বাবত ও (৫) ড্রাইভার এবং ক্লীনার-এর ওভারটাইম বাবত মোট কত টাকা খরচ হইয়াছে ?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ইন্সপেকশন ভেহিকল—১৫১ , ট্রাক—৯৭।

| | | টাকা |
|---|---|---|
| *(খ) | (১) | ৭,৪৫,১০৫·০০ |
| | (২) | ১,৭৭,৭৭৯·০০ |
| | (৩) | ৪,৯৩,৬২০·০০ |
| | (৪) | ৬,৭৭,৫৮২·০০ |
| | (৫) | ৫৯,১৮০·০০ |

*উপরোক্ত তথ্য ৭ই আগস্ট, ১৯৭২ তারিখ পর্যন্ত প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে প্রদত্ত।

### বাঁকুড়া জেলায় শরণার্থী শিবির

৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৭।) **Shri Kashinath Misra :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কতগুলি শরণার্থী শিবির খোলা হইয়াছে ;

(খ) উক্ত শিবিরগুলির মধ্যে কয়টি কেন্দ্রীয় সরকার পরিচালিত এবং কয়টি রাজ্য সরকার পরিচালিত ছিল ;

(গ) উক্ত শিবিরগুলি তৈয়ারি করিতে কত টাকা ব্যয় করা হইয়াছে ,

(ঘ) শিবিরগুলিতে বর্তমানে—

(১) কতগুলি পাকা ও কাঁচা বাড়ি আছে, ও

(২) অন্যান্য কি কি জিনিসপত্র আছে ; এবং

(ঙ) উক্ত শিবিরগুলি বর্তমানে কি অবস্থায় এবং কাহার অধীনে আছে ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) পাঁচটি।

(খ) রাজ্য সরকার পরিচালিত চারটি ও কেন্দ্রীয় সরকার পরিচালিত একটি।

(গ) প্রায় দুই কোটি টাকা।

(ঘ) (১) দুটি পাকা এবং ২,০৮২টি কাঁচা।

(২) শুধু নলকূপ।

(ঙ) রাজ্যসরকারের তিনটি শিবিরের বাড়ি-ঘরগুলি ইতিমধ্যে স্থানীয় দুঃস্থ, অনুন্নত সম্প্রদায়ের মধ্যে এবং শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বিনামূল্যে বিলি করা হইয়াছে ; অবশিষ্ট শিবির দুইটির বিলিব্যবস্থা সত্বর করা হইতেছে।

শিবিরগুলি বর্তমানে বাঁকুড়ার জেলাশাসকের অধীনে আছে।

### Promotion Procedure

**393.** (Admitted question No. 1471.) **Shri Ajit Kumar Basu :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the Government has recently passed any order or given any direction for assessing merits of Government servants for the purpose of promotion, and

(b) if so, what are the order ?

**The Minister for Finance :** (a) Yes.

(b) Orders have been issued as per Mem. No. 5966-F, dated 10th December, 1971, and Memo. No. 3363-F, dated 25th May, 1972.

## নদীয়া জেলায় কৃষিঋণ

৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৩।) **Shri Shib Sankar Bandopadhayay :** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার প্রতি ব্লকে বর্তমান বৎসরের ২৬শে জুন পর্যন্ত কৃষিঋণ বাবত কত টাকা দেওয়া হইয়াছে ;

(খ) উক্ত ঋণ বণ্টন কাহাদের মাধ্যমে এবং কি পদ্ধতিতে হইয়াছে ; এবং

(গ) বর্তমান বৎসরে এ ধরনের ঋণ আরও দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) এতদ্‌সহ একটি তালিকা নিম্নে পেশ করা হইল।

(খ) ব্লক উন্নয়ন আধিকারিকের মাধ্যমে ১৮৮৪ সনের কৃষিঋণ আইন অনুসারে বণ্টন করা হইয়াছে। অঞ্চল প্রধান, গ্রামসেবক এবং অঞ্চল পঞ্চায়েত সচিবের সহযোগিতায় প্রাপকতালিকা প্রস্তুত করা হইয়াছিল।

(গ) হ্যাঁ।

*Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 1503*

তালিকা (ক)

| ক্রমিক নং ও ব্লকের নাম | কৃষি (সমষ্টি) ঋণ টাকা | কৃষি (গৃহনির্মাণ) ঋণ টাকা |
|---|---|---|
| (১) কৃষ্ণনগর-(১) | ১৫,০০০·০০ | ... |
| (২) কৃষ্ণনগর-(২) | ৭,০০০·০০ | ১,৫০০·০০ |
| (৩) চাপড়া | ১৪,০০০·০০ | ১,১৫০·০০ |
| (৪) তেহট্ট-(১) | ৯,০০০·০০ | ... |
| (৫) তেহট্ট-(২) | ৯,০০০·০০ | ... |
| (৬) কৃষ্ণগঞ্জ | ১০,০০০·০০ | ... |
| (৭) করিমপুর | ১৩,০০০·০০ | ... |
| (৮) নবদ্বীপ | ১০,৭০০·০০ | ... |
| (৯) নাকাশীপাড়া | ১৩,০০০·০০ | ... |
| (১০) কালীগঞ্জ | ১৩,০০০·০০ | ... |
| (১১) রানাঘাট-(১) | ৮,০০০·০০ | ... |
| (১২) রানাঘাট-(২) | ১৮,০০০·০০ | ... |
| (১৩) শান্তিপুর | ১৫,০০০·০০ | ... |
| (১৪) হাঁসখালী | ১৩,০০০·০০ | ... |
| (১৫) চাকদহ | ১১,০০০·০০ | ... |
| (১৬) হরিণঘাটা | ৫,০০০·০০ | ... |
| মোট | ১,৮৩,০০০·০০ | ২,৬৫০·০০ |

### Commercial Estate, Haldia

395. (Admitted question No. 1477.) **Shri Ajit Kumar Basu**: Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the present position of the proposal for setting up of Commercial Estate at Haldia in Midnapore district ;

(b) whether the Government has finalised any procedure for allotment of plots in the proposed Commercial Estate ; and

(c) how many plots are proposed to be allotted ; and on what terms and conditions ?

**The Minister for Commerce and Industries**: (a) This State Government has been examining the possibility for setting up Bonded Industrial Estates—one at Salt Lake, and the other at Haldia for Export Processing Industries. The Trade Development Authority, Government of India, Ministry of Foreign Trade, has already been requested to prepare the project reports of these two Estates.

(b) No.

(c) Does not arise.

### শরণার্থী শিবিরের অফিসার ও কর্মচারী

৩৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৩।) **Shri Netaipada Sarkar**: উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শরণার্থী ত্রাণ কার্য চলাকালীন সময়ে বিভিন্ন উচ্চপদস্থ কর্মচারীর এবং শিবিরের কিছু কিছু অফিসার ও কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ সরকারের গোচরীভূত হইয়াছিল ;

(খ) সত্য হইলে, উচ্চপদস্থ কোন্ কোন্ অফিসারের বিরুদ্ধে এরূপ অভিযোগ উত্থাপিত হইয়াছিল ;

(গ) কতগুলি শিবিরে দুর্নীতির অভিযোগ পাওয়া গিয়াছে এবং উহার নাম কি কি ; এবং

(ঘ) দুর্নীতিগ্রস্ত অফিসারদের বিরুদ্ধে কোনরূপ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা ?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়**: (ক) হ্যাঁ।

(খ) ভূতপূর্ব পুনর্বাসন কমিশনার ও অন্যান্য দুই একজন অফিসার।

(গ) যতদূর জানা যায় এই সংখ্যা (জলপাইগুড়ি রিলিফ অফিস সমেত) ২৭। শিবিরগুলির নাম নিম্নে উদ্ধৃত হইলে :

১ জলেশ্বরী রিলিফ ক্যাম্প।
২ গাইঘাটা রিলিফ ক্যাম্প।
৩ ইন্দ্রাণী রিলিফ ক্যাম্প।
৪ চাঁদপাড়া রিলিফ ক্যাম্প।
৫ দিয়াড়া রিলিফ ক্যাম্প।
৬ সাবাইপুর রিলিফ ক্যাম্প।
৭ চৌবেড়িয়া রিলিফ ক্যাম্প।
৮ পেট্রাপোল রিপ্যাট্রিয়েশন্ চেকপোষ্ট।

৯ নাজির ক্যাম্প।
১০ ভাতজলঙ্গী ক্যাম্প।
১১ জাভা ইভাকুয়ী ক্যাম্প।
১২ কালিরহাট ক্যাম্প।
১৩ রাণাঘাট কুপার্স ক্যাম্প।
১৪ কল্যাণী ক্যাম্প নং ৭।
১৫ কল্যাণী ক্যাম্প নং ৫।
১৬ সাদিখানদিয়ার রিলিফ ক্যাম্প।
১৭ জলঙ্গী ন্যাশান্যাল রিলিফ ক্যাম্প।
১৮ ডোমকল রিলিফ ক্যাম্প।
১৯ দৌলতাবাদ রিলিফ ক্যাম্প।
২০ ভগবানগোলা-২ ব্লক ইভাকুয়ী রিলিফ ক্যাম্প।
২১ ডাঙ্গী ক্যাম্প।
২২ তোবালপাড়া ক্যাম্প।
২৩ রাজগঞ্জ ব্লকভুক্ত বিভিন্ন ক্যাম্প।
২৪ পিয়ারডোবা ক্যাম্প।
২৫ গোঁসাইরহাট।
২৬ আখরাহাট।

(ঘ) হ্যাঁ; অনেক ক্ষেত্রে আদালতে মামলা রুজু হইয়াছে এবং অন্যান্য ক্ষেত্রে তদন্ত চলিতেছে।

## শরণার্থীদের সাহায্য

৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৯।) **Shri Sukumar Bandyopadhyay**: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলাদেশ হইতে আগত শরণার্থীদের সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকার ও অন্যান্য প্রতিষ্ঠান হইতে কি পরিমাণ অর্থ ও দ্রব্যসামগ্রী পাওয়া গিয়াছিল,

(খ) উক্ত অর্থ ও দ্রব্যসামগ্রীর মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের সাহায্যের পরিমাণ কত ছিল;

(গ) উক্ত অর্থ ও দ্রব্যাদির কি পরিমাণ শরণার্থীদের কাজে লাগানো হইয়াছে; এবং

(ঘ) শরণার্থীদের জন্য অর্থ ও অন্যান্য বস্তু কিভাবে বিতরণ করা হইয়াছে ও কোন কিছু উদ্বৃত্ত হইয়া থাকিলে তাহার পরিমাণ কত?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) কেন্দ্রীয় সরকার হইতে প্রাপ্ত অর্থের পরিমাণ ১১০.৫৭ কোটি। প্রাপ্ত দ্রব্যের একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) কিছুই না।

(গ) এ পর্যন্ত ৮৬ কোটি টাকা ব্যয় হইয়াছে। এখন অন্যান্য ব্যয়ের হিসাব সঙ্কলনের কাজ চলিতেছে। দ্রব্যসামগ্রীর মধ্যে অধিকাংশই কাজে লাগানো হইয়াছে। যাহা অবশিষ্ট আছে তাহার একটি ভিন্ন তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(ঘ) সাধারণতঃ সরকারী শিবিরের মাধ্যমে এবং কোথাও কোথাও বেসরকারী সংস্থার সহায়তায় ইহা বিতরণ করা হইয়াছে।

(গ) প্রশ্নের উত্তরে বর্ণিত তালিকায় উদ্বৃত্ত দ্রব্যসামগ্রীর পরিমাণ উল্লেখ করা হইয়াছে।

## নবগ্রাম থানার বসিয়া ও তিলকায় বিল

৩৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৬।) Shri Adya Charan Dutta : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার বসিয়া ও তিলকায় বিল সংস্কারের কোনও পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে,

(১) পরিকল্পনা বিবরণ,

(২) উক্ত পরিকল্পনায় অর্থের বরাদ্দ, ও

(৩) পরিকল্পনার কাজ কবে নাগাদ আরম্ভ হইবে ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ, আছে। তবে কোন পরিকল্পনা এখনও তৈয়ারী হয় নাই।

(খ) (১), (২) ও (৩) উক্ত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে বর্তমানে কোন প্রশ্ন উঠে না।

## কৃষিঋণ

৩৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪০।) Shri Krishnaprasad Duley : ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষিঋণ দেওয়ার সরকারের বর্তমান পদ্ধতি কি ;

(খ) যে সমস্ত কৃষকদের বকেয়া ঋণ আছে তাহাদিগকে কৃষিঋণ দেওয়া হয় কিনা ;

(গ) যদি না হয়, তবে সরকার বর্তমান বৎসরের খরা পরিস্থিতির কথা বিবেচনা করিয়া এইরূপ কৃষকদের কৃষিঋণ দেওয়ার জন্য বিবেচনা করিতেছেন কিনা ; এবং

(ঘ) করিলে, কোন্ কোন্ জেলায় ঐরূপ ঋণ দেওয়া হইবে ?

ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) এগ্রিকালচারিস্টস লোনস অ্যাক্ট, ১৮৮৪ এবং তদধীন নিয়মাবলী অনুযায়ী আবাদযোগ্য জমির মালিক অথবা ভাগদখলকারী দুঃস্থ কৃষকদের কৃষিঋণ দেওয়া হয়।

(খ) হ্যাঁ।

(গ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

## কেলেঘাই ও কংসাবতী প্রজেক্ট

৪০০। (অনুমোদিত প্রশ্ন নং ১০২৭।) Shri Budhan Chandra Tudu : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেশিয়াড়ী ব্লক কেলেঘাই ও কংসাবতী প্রজেক্ট-এর আওতায় পড়েছে কিনা ; এবং

(খ) যদি পড়ে থাকে তবে ঐ ব্লকের কোন্ কোন্ গ্রামের মধ্য দিয়ে এবং কতদূর পর্যন্ত উক্ত প্রজেক্টস-এর ক্যানাল যাবার কথা ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

## বেহারীনাথ ও তেঁতুলটুকরী সেচ প্রকল্প

৪০১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬০।) **Shri Saktipada Maji :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার শালতোড়া থানার বেহারীনাথ সেচ প্রকল্প ও তেঁতুলটুকরী সেচ প্রকল্প যাহাদের কাজ বহু পূর্বে শুরু হইয়াছিল বর্তমানে ঐগুলি কি অবস্থায় আছে ; এবং

(খ) এই প্রকল্পের কাজ পুনরায় গ্রহণ করা হইবে কিনা এবং হইলে কত দিনের মধ্যে প্রকল্পটি কার্যে রূপায়িত হইবে ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) সেচ ও জলপথ বিভাগ কর্তৃক বেহারীনাথ ও তেঁতুলটুকরী সেচ প্রকল্প দুইটি প্রস্তুত করিবার জন্য প্রয়োজনীয় অনুসন্ধানকার্য এখনও চলিতেছে।

(খ) প্রশ্ন উঠে না।

### Luxury Cars

**402.** (Admitted question No. 1539.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) total number of luxury cars in the Calcutta Pool of Home (Transport) Department ;

(b) total number of such cars in working condition ;

(c) if it is a fact that a number of these costly luxury cars are lying idle ; and

(d) if so, the reasons therefor ?

**The Minister for Home (Transport) :** (a) At present fourteen only.

(b) Five only. At present out of the total number of fourteen cars five have already been condemned and will be disposed of shortly ; another four old cars have been undergoing major repairs and hence not in roadworthy condition. Since these are very old cars they require frequent repairs. These are foreign cars and spare parts are not easily available. So it takes a long time to carry out repairs to these vehicles.

(c) and (d) These luxury cars are exclusively meant for VIP and foreign dignitaries visiting the State and hence cannot be used daily. These cars are, however, being used regularly for the purpose for which they are being maintained.

## কোপাই সাউথ মেন ক্যানেল

৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৫।) সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোপাই সাউথ মেন ক্যানালের ২১২২ চেন হইতে উত্তর দিকে কচুটিয়া মৌজার উপর দিয়া আগরডাংগা মৌজা পর্যন্ত কোন শাখা ক্যানেল কাটার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা ;

(খ) পরিকল্পনা গ্রহণ করিয়া থাকিলে এ পর্যন্ত ক্যানেল না কাটার কারণ কি ; এবং

(গ) কতদিনের মধ্যে ঐ ক্যানেল কাটার সম্ভাবনা আছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) টেণ্ডারের ভিত্তিতে যে ঠিকাদারকে ক্যানেল কাটার ভার দেওয়া হয় তার অক্ষমতা এবং উক্ত পরিকল্পনায় জনসাধারণের আপত্তি থাকায় ক্যানেল কাটার কাজ হয় নাই।

(গ) উক্ত কাজের জন্য নতুন টেণ্ডার আহ্বান করা হইতেছে। আশা করা যায়, বর্ষাশেষে কাজ শুরু হইয়া আগামী ফেব্রুয়ারী-মার্চ মাস নাগাদ শেষ হইবে।

## Kharagpur Railway Workshop

**404**. (Admitted question No. 1478.) **Shri Ajit Kumar Basu** : Will the Minister-in-charge of the Labour and Employment Department be pleased to state whether the State Government has made any correspondence with the Ministry of Railways on the subject of filling up all the vacancies in the Kharagpur Railway Workshop and requested the Central Ministry of Railways to expand the Kharagpur Workshops with a view to increasing the avenues of employment for the local youngmen ?

**The Minister for Labour :** No.

## রাজ্য ভাষা (বিধান) কমিশন

৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৮।) **Shri Asamanja De :** বিধান বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য ভাষা ( বিধান ) কমিশনের—

(১) বর্তমান সদস্যসংখ্যা কত,

(২) সদস্যদের বর্তমানে কাহার বয়স কত, ও

(৩) ইহাদের শিক্ষাগত যোগ্যতা কি ;

(খ) সদস্যদের বর্তমান বেতন ও ভাতা বাবত মাসিক কত টাকা দেওয়া হয় ; এবং

(গ) ইহাদের অন্য কোন কার্য করিয়া অর্থ উপার্জনের অনুমতি দেওয়া হইয়াছে কি ?

*বিধান বিভাগের মন্ত্রিমহাশয়:* (ক) (১) ৬ (চেয়ারম্যান ও পদাধিকারে সদস্য সমেত একটি অপর সদস্যের পদ পূরণ করা হয় নাই।)

(২) (i) চেয়ারম্যান—৬৭ বৎসর

(ii) সদস্য-সচিব—৬০ বৎসর

(iii) সদস্য—৬৫ বৎসর

(iv) অপর সদস্য—৬৪ বৎসর

(v) পদাধিকারে সদস্য—৫৪ বৎসর

(৩) (i) চেয়ারম্যান (কলিকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি)—এম্ এ, বি এল্,

(ii) সদস্য-সচিব (বিধান বিভাগের অবসরপ্রাপ্ত সচিব)—এম্, এ, বি এল্,

(iii) সদস্য—ব্যারিস্টার অ্যাট্ ল,

(iv) অপর সদস্য (অবসরপ্রাপ্ত জজ্)—বি এল্,

(v) পদাধিকারে সদস্য (বিধান বিভাগের বর্তমান সচিব)—এম্ এ, বিএস্-সি; এল্ এল্ বি (কলি:); এল্ এল্ এম্ (লণ্ডন), সার্টিফিকেট ইন্ ইনটারন্যাশনাল ল (হেগ), ব্যারিস্টার অ্যাট্ ল।

| | টাকা |
|---|---|
| (খ) (i) চেয়ারম্যান— | ২,৪০৬·৪২ |
| (ii) সদস্য-সচিব— | ১,৪৮০·৬৫ |
| (iii) সদস্য— | ১,১৯২·৩৫ |
| (iv) অপরসদস্য— | ৮৮৪·৩৫ |

(v) পদাধিকারে সদস্য—এই সদস্যপদের জন্য কোনও বেতন ও ভাতা দেওয়া হয় না।

(গ) বিধিমতে এবং শর্তাধীনে কেবলমাত্র সদস্যকে রবিবার ও ছুটির দিনে আরবিট্রেশনের কাজ করিতে দিবার অনুমতি দেওয়া হইয়াছে।

## Smuggling of arms

**406.** (Admitted question No. 1217.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of cases of smuggling of arms from Bangladesh to West Bengal detected by the Government so far;

(b) description of the arms seized by the police from the borders; and

(c) what action the Government has taken to prevent smuggling of arms in future?

**The Minister for Home (Police)**: (a) 62 cases.

(b) A list of firearms which are suspected to have been smuggled from Bangladesh and have been seized by the police is placed below.

(c) All Superintendents of Police have been fully apprised of the potential danger of such smuggling. Internal security measures have been tightened up all over the State. The Border Security Force have also been alerted.

***Statement referred to in reply to clause (b) of unstarred questions No. 406***

Recovery of arms during the period from the 16th December, 1971 to the 24th July, 1972

| | | |
|---|---|---|
| 1 | Rifle | 77 |
| 2 | M M G | 2 |
| 3 | T M G | 1 |
| 4 | Revolver | 8 |
| 5 | Pistol | 9 |
| 6 | Sten Gun | 14 |
| 7 | D B B L | 5 |
| 8 | S B B L | 9 |
| 9 | S L R | 8 |
| 10 | L M G | 3 |
| 11 | S M G | 3 |
| 12 | Automatic Gun | 10 |
| 13 | Pipe Gun | 15 |

### কাটোয়া-পালিতা ও বাদশাহী রাস্তা

৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৩।) **Shri Pravakar Mondal :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার অন্যতম পিছিয়ে পড়া এলাকা কেতুগ্রাম থানার কাটোয়া-পালিতা রাস্তা ও বাদশাহী রাস্তা পাকা রাস্তায় পরিণত করার জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা, এবং

(খ) করিয়া থাকিলে কাজ কবে নাগাদ আরম্ভ ও শেষ হইবার সম্ভাবনা আছে ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ও (খ)** কাটোয়া-চুরপুনী-বিল্লেশ্বর-পালিতা রাস্তা পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে। প্রয়োজনীয় জমি সংগ্রহ হইলে এই বৎসরই কাজ আরম্ভ হইতে পারে এবং যতশীঘ্র সম্ভব শেষ করার চেষ্টা করা হইবে।

বাদশাহী রাস্তার প্রস্তাব বিবেচনাধীন আছে।

### Professional Theatres

**408.** (Admitted question No. 1552.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Information and Public Relations Department be pleased to state—

(a) whether the Government has any scheme for encouraging professional theatres in this State ; and

(b) if so, details of the scheme ?

**The Minister for Information and Public Relations** : (a) No.

(b) Does not arise.

## বাঁধ মেরামত

৪০৯। অনুমোদিত প্রশ্ন নং ৪৩৬।) **Shri Abdul Bari Biswas:** সেচ ও বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৯—১৯৭২ পর্যন্ত প্রতি আর্থিক বৎসরে কোন্ ডিভিসনে বাঁধ মেরামত বাবত কত টাকা মঞ্জুর করা হইয়াছিল?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: একটি বিবরণী এই সংগে দেওয়া হইল।

*Statement referred to in reply to unstarred question No. 409*

সেচ ও জলপথ বিভাগের অধীনে প্রতি আর্থিক বৎসরে কোন্ ডিভিসনে বাঁধ মেরামত বাবত কতটাকা মঞ্জুর করা হইয়াছিল তাহার হিসাব নিম্নে দেওয়া হইল:

| | ডিভিসনের নাম | আর্থিক বৎসর | | |
|---|---|---|---|---|
| | | ১৯৬৯-৭০<br>টাকা | ১৯৭০-৭১<br>টাকা | ১৯৭১-৭২<br>টাকা |
| ১ | দামোদর ক্যানেল ডিভিসন | ৩,০০,০০০ | ৬,৩০,০০০ | ১৩,১১,৮০০ |
| ২ | লোয়ার দামোদর ইরিগেশন ডিভিসন | ৫,৬০,০০০ | ১৮,৩১,৭০০ | ২১,৩১,১৬৭ |
| ৩ | দামোদর হেডওয়ার্কস ডিভিসন | ২,৯১,২০০ | ৩,৫৯,১৩৮ | ৭,৭৮,২৬৬ |
| ৪ | ময়ূরাক্ষী নর্থ ক্যানেলস ডিভিসন | ৫১,০০০ | ২৫,০০০ | ১২,১৫,০০০ |
| ৫ | ময়ূরাক্ষী সাউথ ক্যানেলস ডিভিসন | ৮,৯৪,০০০ | ২২,৮১,০০০ | ২৫,৭৬,০০০ |
| ৬ | ময়ূরাক্ষী হেডকোয়াটার্স ডিভিসন | ৯৯,০০০ | ৯০,০০০ | ১২,৩৩,০০০ |
| ৭ | ক্যানেলস ডিভিসন | ১০,৮৮,৪৭৮ | ২৭,২০,০৬২ | ১৫,৬৬,৯৬০ |
| ৮ | বসিরহাট ইরিগেশন ডিভিসন | ৩১,২৩,২৩৮ | ৪৯,১৪,৭৮৫ | ৫৪,২০,০৫৬ |
| ৯ | কাকদ্বীপ ইরিগেশন ডিভিসন | ৩৩,৮০,২২৭ | ৬৮,০৪,১৫১ | ৬৫,৬৩,১৬২ |
| ১০ | জয়নগর ইরিগেশন ডিভিসন | ৩৫,৩৮,০৫৬ | ৫৬,১১,০৪৮ | ৪২,৪২,৯০৩ |
| ১১ | ইস্ট মেদিনীপুর ডিভিসন | ৫৩,৫২,০০০ | ১,০৮,৪২,০০০ | ১,১৮,০০,০০০ |
| ১২ | ওয়েস্ট মেদিনীপুর ডিভিসন | ২১,১০,০০০ | ৭৬,২৮,০০০ | ৬০,৫০,০০০ |
| ১৩ | হাওড়া ইরিগেশন ডিভিসন (পুরাতন হুগলী ইরিগেশন ডিভিসন) | ২৯,০৮,০০০ | ৮৩,৯০,০০০ | ৭৯,৩৭,০০০ |
| ১৪ | হুগলী ইরিগেশন ডিভিসন (নূতন) | — | — | ৮,২১,০০০ |
| ১৫ | ক্যালকাটা ড্রেনেজ আউটফল ডিভিসন | — | — | ৪,০০,০০০ |
| ১৬ | কোচবিহার ইরিগেশন ডিভিসন | ৪১,৫৮,০০০ | ১৬,১৪,০০০ | ১০,৫০,০০০ |
| ১৭ | জলপাইগুড়ি ইরিগেশন ডিভিসন | ১,৯৯,০০,০০০ | ৫৮,১৫,০০০ | ২৫,৫০,০০০ |
| ১৮ | শিলিগুড়ি ইরিগেশন ডিভিসন | ৯,১৫,০০০ | ১,৯৭,০০০ | ৩,০৩,০০০ |
| ১৯ | বহরমপুর ইরিগেশন ডিভিসন | ১২,৮১,৯০০ | ১৬,৯১,৩০০ | ২৭,৬০,৮০০০ |
| ২০ | নদীয়া ইরিগেশন ডিভিসন | ১,৬৪,৫০০ | ৫,১৮,৪০০ | ৫,৩০,৩০০ |
| ২১ | মালদা ইরিগেশন ডিভিসন | ১০,১১,৩০০ | ২,৩৫,০০০ | ১৯,৮১,৩০০ |

## কোপাই সাউথ মেন ক্যানেল

৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৫।) **Shri Probhakar Mandal :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোপাই সাউথ মেন ক্যানেলের ২১২২ চেন হইতে উত্তর দিকে কচুদিয়া মৌজার উপর দিয়া আগরডাংগা মৌজা পযন্ত কোন শাখা ক্যানেল কাটার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা ;

(খ) পরিকল্পনা গ্রহণ করিয়া থাকিলে এ পর্যন্ত ক্যানেল না কাটার কারণ কি ; এবং

(গ) কতদিনের মধ্যে ঐ ক্যানেল কাটার সম্ভাবনা আছে ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) টেণ্ডারের ভিত্তিতে যে ঠিকাদারকে ক্যানেল কাটার ভার দেওয়া হয় তার অক্ষমতা এবং উক্ত পরিকল্পনায় জনসাধারণের আপত্তি থাকায় ক্যানেল কাজ হয় নাই।

(গ) উক্ত কাজের জন্য নতুন টেণ্ডার আহ্বান করা হইতেছে। আশা করা যায়, বর্ষাশেষে কাজ শুরু হইয়া আগামী ফেব্রুয়ারি-মার্চ মাস নাগাদ শেষ হইবে।

[N B.—The above question (No. 403) and its answer were printed in the Twenty-Eighth List of Questions for Written Answer, dated the 11th August 1972, with the name of the Member inadvertently omitted.]

### Rural Housing Scheme

**410.** (Admitted question No. 88.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Agriculture and Community Development (Community Development) Department be pleased to state—

(a) if the Government has any proposal to tackle the rural housing problem of the State in general and in the district of Midnapore in particular ; and

(b) if so, details thereof ?

**The Minister for Community Development (Community Development) :** (a) Yes in general.

(b) Details shown in the annexure.

*Statement referred to in reply to clause (b) of unstarred question No. 410*

### ANNEXURE

A scheme, viz. Village Project Scheme under Rural Housing Sector was under execution up to 1969-70. It was discontinued from 1970-71 as no fund could be provided uuder the scheme out of the State Plan budget.

A sum of Rs 2·50 lakhs has, however, been provided in the current year's budget under the said scheme for construction of streets, drains, etc., in the rural areas. No special treatment is to be afforded, however, under this scheme for Midnapore district.

Recently, the Central Government has introduced a grant scheme under Central Sector, viz., Provision of House-sites to Landless Workers in rural areas. In the said scheme there is provision for allotment of a house-site not

*exceeding 100 square yard to the families of landless workers in rural areas free of cost.* Rupees 150 will also be available for the development of lands. Five districts including Midnapur district have been prepared to be taken up for the implementation of the scheme.

**Fixation of prices of agricultural produces**

**411.** (Admitted question No. 102) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Agriculture and Community Developmet Department be pleased to state—

(a) if the Government has fixed or intends to fix the prices of jute, paddy and wheat ;

(b) if there is any proposal to set up any Marketing Centre for the above commodities and, if so, details thereof ; and

(c) what other steps the Government is contemplating to protect the farmers producing these crops in West Bengal ?

**The Minister for Agriculture and Community Development** : (a) The Government of India has already fixed the statutory minimum price of raw jute. No such statutory prices are fixed for paddy or wheat but the procurement prices of different varieties of paddy have been fixed by the State Government. The Government of India has also fixed the procurement price of wheat.

(b) Modern markets with planned auction stalls, facilities for storage, grading, threshing, etc., adequate sanitary arrangements, sheds, pucca internal pathways, cart park, etc., are under construction at eight centres, namely, Jhakra, Chandrakona, Pirakata, Goaltore, Basudebpur. Simlapal, Sarenga and Joypur in the Kangsabati command area at a total cost of Rs.28 lakhs from grants received from the Government of India. Construction at two centres, namely, Jhakra (Midnapore) aud Basudebpur (Bankura) are nearing completion. In addition to these markets, it is proposed to set up 50 more modern regulated markets in West Bengal dealing in the principal agricultural commodities including paddy and jute at a total cost of Rs.13 crores from the loan to be received from the World Bank.

(c) In addition to the legal correctives and the package of facilities at the regulated markeis, there are proposals for (i) construction of all-weather feeder roads, (ii) providing concessional production and marketing finance through the local branches of nationlised banks, (iii) purchase of the growers' produce direct from them, (iv) supply of agricultural inputs to the farmers on liberal terms through West Bengal Agro-Industries Corporation, (v) introduction of extensive small irrigation schemes, (vi) imparting training to the grower individually, for furnishing up-to-date and important market news, (vii) setting up of cold storages, modern rice mills, etc., under the ownership of the market committees.

### কয়লা-সমৃদ্ধ জমি

৪১২। (অনুমোদিত প্রশ্ন নং ৪১১।) **Shri Sukumar Bandyopadhyay** : শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে কয়লা-সমৃদ্ধ কিছু পরিমাণ জমি সরকারে বর্তাইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, ঐ সকল জায়গা হইতে রাজ্যসরকার কয়লা উত্তোলনের জন্য কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কি ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হ্যাঁ, পশ্চিমবঙ্গ জমিদারী দখল আইন, ১৯৫৩ অনুযায়ী কয়লা সহ রাজ্যের সমস্ত ভূগর্ভস্থ খনিজ পদার্থ সরকারে বর্তাইয়াছে।

(খ) কয়লা উত্তোলনের জন্য রাজ্যে বর্তমানে ২৩২ কোলিয়ারী আছে। কয়লা উত্তোলনের জন্য সরকারের নিজস্ব কোন পরিকল্পনা বর্তমানে নাই।

### Digging of mines near Belpahari

**413.** (Admitted question No. 589.) **Shri Birendra Bijoy Malladeb** : Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether ihe Government of West Bengal have any plan of digging mines near Belpahari ; and

(b) if so,—

(i) the nature of mines, and

(ii) the probable time by which the work is expected to be taken up ?

**The Minister for Commerce and Industries** : (a) The Geological Prospecting Branch of the State's Directorate of Mines and Minerals as well as the Geological Survey of India prospected in the area for lead and zinc but no economic deposit could be located. So there is no proposal for mining in the area.

(b) Does not arise.

### Dismissed employees of the C S T C

**414.** (Admitted question No. 621.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the present Government has any proposal to reconsider the cases of those employees of Calcutta State Transport Corporation who were dismissed from services during the period from 1967 to 1969 ;

(b) if so, the number of such cases so far brought to the notice of the present Government ; and

(c) action taken/contemplated to be taken in the matter by the present Government ?

**The Minister for Home (Transport)** : (a) Not as a general proposition but petitions from ex-C S T C employees, whether dismissed or removed from service or services terminated, are and will be dealt with on merits in each case irrespective of the years of their dismissal, etc.

*(b) It is not possible to furnish the information as the year and the* manner of ending of services are not always mentioned in the petition.

(c) As stated in item (a) above.

It is, however, stated that 63 ex-employees (including 32 persons who were dismissed or removed from service during the period from 1967 to 1969), through whose courageous efforts it became possible to run the State Transport Service on 13th October, 1971 (Bangla Bundh Day), were reappointed in the CSTC. Since November, 1971, 10 more ex-employees were reappointed by the CSTC bringing the total to 73.

## তুলাচাষ প্রকল্প

৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৭।) **Shri Netaipada Sarkar :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পশ্চিমবঙ্গ সরকার সুন্দরবন সহ কয়েকটি এলাকায় তুলাচাষের প্রকল্প গ্রহণ করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, উক্ত প্রকল্পের অগ্রগতি কতদূর হইয়াছে;

(গ) এ বাবত তুলাচাষ প্রকল্পের জন্য সুন্দরবনে কত টাকা ব্যয়িত হইয়াছে; এবং

(ঘ) উক্ত প্রকল্পের মাধ্যমে কত তুলা উৎপাদিত হইয়াছে?

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হাঁ।

(খ) ১৯৭১-৭২ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গে ১৬,২১৩ একর জমিতে তুলাচাষ করা হইয়াছিল।

(গ) ১৯৭১-৭২ আর্থিক বৎসরে ১৪,৩৩,৩১৭ টাকা তুলাচাষ বাবত এই রাজ্যের বিভিন্ন জেলায় বণ্টিত হইয়াছিল। প্রকৃত খরচের হিসাব এখনও পাওয়া যায় নাই।

(ঘ) কার্পাস সংগ্রহের কাজ চলিতেছে। উৎপাদনের পরিমাণ পরে জানা যাইবে।

## লাম্পগ্রাণ্টপ্রাপ্ত সরকারী বিদ্যালয়

৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮২১।) **Shri Ganesh Chandra Hatui :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লাম্পগ্রাণ্টপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়গুলিকে স্যালারি ডেফিসিট-এর আওতায় আনার কোন প্রস্তাব সরকারের আছে কিনা এবং থাকিলে কবে নাগাদ তাহা কার্যকর হইবে;

(খ) সরকারী অনুদান ব্যবস্থা পরবর্তী মাসের প্রথম সপ্তাহে মাধ্যমিক বিদ্যালয়ে প্রেরণের ব্যবস্থা ডি আই-এর মাধ্যমে করার কোন প্রস্তাব থাকিলে, কবে নাগাদ তাহা চালু হইবে;

(গ) সরকার মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষা কর্মীদের ৮ টাকা করে মাসিক ডি এ দেবার যে ব্যবস্থা করেছেন তাহা সকল বিদ্যালয়ে যাইতেছে কিনা;

(ঘ) সরকার কি অবগত আছেন যে, 'শিক্ষা দপ্তরের সর্কুলার নং ডি আই অব স্কুলস হুগলি, মেমো নং ৮২৩(৪০০)-আর-৪৮, তারিখ ১৯এ এপ্রিল, ১৯৭২, অনুযায়ী বর্তমানে মাধ্যমিক বিদ্যালয়ে চৌদ্দ বৎসরের ঊর্দ্ধে পাঠরতা ছাত্রীদের বেতন দিতে হবে', এ মর্মে বিভিন্ন বিদ্যালয়ে সার্কুলার গিয়াছে; এবং

(ঙ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি এবং (২) এই সার্কুলার উইথড্র করার বিষয় চিন্তা করছেন কি?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) লাম্পগ্রান্টপ্রাপ্ত হাই এবং হায়ার সেকেণ্ডারী বিদ্যালয়গুলিকে স্যালারি ডেফিসিট গ্রান্ট-এর আওতায় আনিবার জন্য একটি প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে। প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা হলেই এই পরিকল্পনা কার্যকরী করা হইবে।

(খ) সাহায্যপ্রাপ্ত হাই এবং হায়ার সেকেণ্ডারী বিদ্যালয়গুলিকে ১৯৭২ সালের এপ্রিল মাস হইতে সরকারী অনুদান জেলা বিদ্যালয় পরিদর্শকের মাধ্যমে দেওয়া হইতেছে। পূর্বে উহা কলিকাতায় অবস্থিত শিক্ষাধিকারের দপ্তর হইতে দেওয়া হইত। জুনিয়র হাইস্কুলের অনুদান পূর্বেও জেলা বিদ্যালয় পরিদর্শকের মাধ্যমে দেওয়া হইত, এখনও জেলা বিদ্যালয় পরিদর্শকের মাধ্যমে দেওয়া হইতেছে।

বর্তমানে অনুদান বৎসরে তিন কিস্তিতে দেওয়া হয়।

সরকারী অনুদান পরবর্তী মাসের প্রথম সপ্তাহে মাধ্যমিক বিদ্যালয়ে প্রেরণের প্রস্তাব বর্তমানে নাই।

(গ) এই ডি এ এখনও বিদ্যালয়ে যায় নাই, তবে শীঘ্রই উহা প্রেরণের ব্যবস্থা করা হইবে।

(ঘ) হ্যাঁ।

(ঙ) (১) ভারতীয় সংবিধানের নির্দেশ অনুযায়ী ছয় হইতে চৌদ্দ বৎসর বয়সী বালক-বালিকাদের শিক্ষার দায়িত্ব সরকারের, সুতরাং তদুর্ধ বয়সী পার্বত্য ছাত্রীদের বেতন দেওয়ার ভার সরকার গ্রহণ করেন নাই। (২) আপাততঃ এরূপ কোন প্রস্তাব বিবেচনাধীন নাই।

## মেদিনীপুর জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ

৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৯।) **Dr. Sk. Omar Ali:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে মেদিনীপুর জেলায় কতজন প্রাথমিক শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে,

(খ) ১৯৭১-৭২ ও ১৯৭২ সালের ৩০শে জুন পর্যন্ত কতজন নিয়োগ করা হয়েছে এবং কোথায়;

(গ) অবশিষ্ট শিক্ষক নিয়োগের ব্যাপারে সরকার কি ব্যবস্থা করছেন;

(ঘ) জেলা পরিদর্শক (প্রাথমিক) কতজন শিক্ষকের চাহিদার কথা জানিয়েছেন, এবং

(ঙ) চাহিদামত শিক্ষক নিয়োগ কবে নাগাদ সম্পূর্ণ হবে?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ১৯৭১-৭২ সালের জন্য গ্রামাঞ্চলের ৮৫টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের জন্য ২৫৪ জন, পুরাতন প্রাথমিক বিদ্যালয়ের শূন্যপদের জন্য ৩৯১ জন, এবং শহরাঞ্চলে ১৭টি নূতন বিদ্যালয়ের জন্য ৬৮ জন এবং পুরাতন বিদ্যালয়ের শূন্যপদের জন্য ৪০ জন শিক্ষক নিযুক্তির জন্য মঞ্জুরী দেওয়া হইয়াছে।

১৯৭২-৭৩ সালের জন্য এখনো শিক্ষক নিয়োগের কোন মঞ্জুরী দেওয়া হয় নাই।

(খ) ১৯৭১-৭২ সালে গ্রামাঞ্চলের শূন্যপদের জন্য মঞ্জুরীকৃত ৩৯১ জনের মধ্যে ১৯৭১-৭২ সালে ১৬৯ জন, ১৯৭২ সালের জুন মাস পর্যন্ত ১৪৪ জন শিক্ষক নিয়োগ করা হইয়াছে। সার্কেলওয়ারী নিযুক্ত শিক্ষক সংখ্যা নিম্নরূপ: কাঁথি (পূঃ)—১৩, কাঁথি (উঃ)—১০, কাঁথি (পঃ)—১৫, পিছাবনী—৮, রামনগর—৭, মুগবেড়িয়া—৬, মোহনপুর—৭, দাঁতন—১১, বেলদা—৫, নারায়ণগড়—৪, কেশিয়াড়ী—৯, মাদপুর—৯, সদর (উঃ)—৩, সদর (পূঃ)—৬, সদর (পঃ)—৮, আবলাগড়—৩, গড়বেতা (পঃ)—৩, গড়বেতা (দঃ)—৫, ডেবরা—৭, পিংলা—৮, কোলাঘাট—৬, পাঁশকুড়া (উঃ)—৪, পাঁশকুড়া (দঃ)—১০, ময়না—৪, তমলুক (উঃ)—৬, মহিষাদল (পূঃ)—৭, মহিষাদল (পঃ)—১১, সুতাহাটা (দঃ)—৪, সুতাহাটা (উঃ)—৫, নন্দীগ্রাম (পূঃ)—৩,

নন্দীগ্রাম (পঃ)—৪, নরঘাট—২, খেজুরী—৪, ভৈডা—২, ভগবানপুর—১১, পটাশপুর (দঃ)—৬, পটাশপুর (উঃ)—১০, এগরা (দঃ)—৭, এগরা (উঃ)—৩, সবং (পূঃ)—৭, সবং (পঃ)—৮, চন্দ্রকোণা (১নং)—১, সোনাখালি—২, ঘাটাল—৯, ঝাড়গ্রাম (পূঃ)—৪, ঝাড়গ্রাম (পঃ)—৮, বিনপুর—২, বেলপাহাড়ী—১, লালগড—৪, গিধনী—৪, নয়াগ্রাম—৪, এবং গোপীবল্লভপুর (পূঃ)—২।

মিউনিসিপ্যাল এলাকায় শূন্যপদে ১৯৭১-৭২ সালে এবং ১৯৭২ সালের জুন মাস পর্যন্ত নিম্নলিখিত মিউনিসিপ্যালিটিগুলিতে ২৫ জন শিক্ষক নিয়োগ করা হইয়াছে: মেদিনীপুর—৭, খড়্গপুর—১০, খিরপাই—৩, ঘাটাল—১, খড়ার—১ এবং চন্দ্রকোণা—৩।

(গ) শিক্ষক নিয়োগের তালিকা প্রস্তুতি ব্যবস্থা জেলা বিদ্যালয় পর্ষদ করিতেছেন বলিয়া জানা গিয়াছে। নূতন বিদ্যালয়ের অনুমোদন সংক্রান্ত কাগজপত্র এখনো সরকারের হস্তগত হয় নাই।

(ঘ) ১৯৭১-৭২ সালে শূন্যপদে নিয়োগের জন্য ৭৪২টি অতিরিক্ত পদ মঞ্জুরীর জন্য জানাইয়াছিলেন।

(ঙ) উপরোক্ত চাহিদার অর্ধেকেরও বেশী শিক্ষক ১৯৭১-৭২ সালে মঞ্জুর করা হইয়াছে। আর কতজন শিক্ষক ১৯৭২-৭৩ সালে ঐ জেলার জন্য মঞ্জুর করা যাইবে তাহা বিবেচনাধীন আছে।

### Bengal Salt Co., Dadanpatrabarh

**418.** (Admitted question No. 854.) **Shri Hemanta Dutta:** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms Department be pleased to state—

(a) how many acres of salt-bearing lands in Contai Sea Board have been settled with the Bengal Salt Co., Dadanpatrabarh, P. O. Kalindi, P S Ramnagar, Midnapore,

(b) if the company has paid the dues of the Government in full for land settled, and

(c) if so, the amount of money paid for the land ?

**The Minister for Land Utilisation and Reforms:** (a) 577.50 acres.

(b) Yes, the company has paid rent and cesses in full up to 1378 BS.

(c) Rs. 26,153 paid during the period from 1359 to 1378 B S.

### শ্যামপুর—১নং ব্লক অফিস

৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬১।) **Shri Rabindra Ghosh:** সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাওড়া জেলার শ্যামপুর ১নং ব্লকের অন্তর্গত দামোদরের পূর্ব তীরস্থ বালিচাতুরী, নবগ্রাম, বেলাড়ি ও ধান দালী এই চারটি অঞ্চল শ্যামপুর ১নং ব্লক অফিস হইতে কোন প্রকারের সাহায্য পান না; এবং

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি, এবং (২) সরকার ঐ এলাকাসমূহের উন্নতির জন্য কি ব্যবস্থা করিতেছেন ?

**সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) উক্ত অঞ্চলগুলি অন্যান্য অঞ্চলের অনুরূপ সাহায্য পাইয়া থাকেন।

(খ) প্রশ্ন উঠে না।

## ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার রাণাঘাট শাখা

৪২০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৮।) **Shri Netaipada Sarkar :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার রাণাঘাট শাখা থেকে হস্তচালিত তাঁতশিল্পীদের যে ঋণ দেওয়া শুরু হইয়াছিল তাহা বর্তমানে বন্ধ করে দেওয়া হয়েছে;

(খ) অবগত থাকিলে, ইহার কারণ কি;

(গ) ইহা কি সত্য যে, যে কয়জনকে ঋণ দেওয়া হয়েছে তাহা নগদ টাকায় না দিয়া সুতার ব্যবসায়ীদের মাধ্যমে দেওয়া হয়েছে; এবং

(ঘ) সত্য হইলে, ইহা কি সরকারের অনুমতি লইয়া করা হইয়াছে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) তাঁতশিল্পীদের ঋণ দেওয়া বন্ধ করা হয় নাই।

(খ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

(গ) সর্বভারতীয় ভিত্তিতে জাতীয় ব্যাঙ্কগুলি তাহাদের নিয়ম অনুযায়ী সুতা ব্যবসায়ীদের মাধ্যমে তাঁতশিল্পীদের ঋণস্বরূপ নগদ টাকা না দিয়া সুতা সরবরাহ করিয়া থাকেন।

## ডোমকল জলঙ্গী ব্লকে ভূমি বণ্টন

৪২১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৬।) **Dr. Md. Ekramul Haque Biswas :** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস হইতে ৩০এ জুন পর্যন্ত ডোমকল জলঙ্গী সার্কেলে মোট কত একর জমি ভূমিহীন কৃষকদের বণ্টন করা হয়েছে,

(খ) উক্ত এলাকায় কোন্ কোন্ মৌজায় কত জমি বণ্টন করা হয়েছে, এবং

(গ) বণ্টনীকৃত উক্ত জমিগুলির বিবরণ কি?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৪৯.৮৮ একর।

(খ)

| | মৌজার নাম | জমির পরিমাণ একর |
|---|---|---|
| ১ | বালিয়াগালি | ৫.০৪ |
| ২ | দক্ষিণপঞ্চাননপুর | ০.২৫ |
| ৩ | শ্রীবরনাথপুর | ৪.৬৮ |
| ৪ | রাধাকান্তপুর | ০.২১ |
| ৫ | পঞ্চাননপুর | ০.৭৮ |
| ৬ | কলাবাড়িয়া | ০.০৮ |
| ৭ | জিতপুর | ২.১৯ |
| ৮ | চরপঞ্চাননপুর | ৪.৯৫ |
| ৯ | চরশ্যামপুর | ১.৮২ |
| ১০ | ভগীরথপুর | ০.৩৯ |
| ১১ | চারুনগর | ৬.৭৪ |
| ১২ | ফরিদপুর | ৯.৯৪ |
| ১৩ | দেবত্তর লক্ষ্মীনারায়ণপুর | ১২.৭৩ |
| | মোট | ৪৯.৮৮ |

(গ) বণ্টনীকৃত জমিগুলি কৃষি বা আবাদযোগ্য জমি।

## মুর্শিদাবাদ জেলায় তপশিলী জাতি ও উপজাতির সংখ্যা

৪২২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৬।) **Shri Harendra Nath Halder:** তপশিলী ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে তপশিলী জাতি ও উপজাতির সংখ্যা কত;

(খ) এদের মধ্যে কতজন ভূমিহীন;

(গ) সরকার আজ পর্যন্ত কতজনকে সরকারী জমি দান করেছেন, এবং

(ঘ) সরকারী সাহায্য দিয়ে গত দুই বৎসরে কতজনকে বাড়ী তৈরি করে দেওয়া হয়েছে?

তপশিলী ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়:

(ক) তপশিলী জাতি—৩,৫৭,৪১৭

আদিবাসী—৩৮,৯৪৭

(১৯৭১ সালের আদমসুমারী অনুযায়ী)।

(খ) আনুমানিক শতকরা ২০ ভাগ।

(গ) সরকারে ন্যস্ত ও খাস জমি ভূমিহীনদের বন্দোবস্ত দেওয়া হয়। ব্যক্তিবিশেষকে নহে, ভূমিহীন পরিবারকে এইরূপ বন্দোবস্ত দেওয়া হয়। আজ পর্যন্ত ৮,১৭০টি তপশিলী ও আদিবাসী পরিবারকে এইরূপ বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

(ঘ) ১৫টি তপশিলী ও ১০টি আদিবাসী পরিবারকে।

## গ্রামীণ বৈদ্যুতীকরণ

৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৪।) **Shri Dwijapada Saha:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ বিষয়ের উপর ভিত্তি করিয়া গ্রামীণ বৈদ্যুতীকরণের কাজে মৌজাগুলির অগ্রাধিকার বিবেচনা করা হয়,

(খ) বীরভূম জেলার রাজনগর এবং খয়রাসোল ব্লকে গত ৩১এ জুন ১৯৭২ তারিখ পর্যন্ত কোন্ কোন্ মৌজায় বৈদ্যুতীকরণের কাজ শেষ হইয়াছে,

(গ) চলতি আর্থিক বছরে উক্ত দুই ব্লকের কোন্ কোন্ মৌজা বৈদ্যুতীকরণের পরিকল্পনাধীন আছে, এবং

(ঘ) কত দিনের মধ্যে ঐ সমস্ত মৌজায় বিদ্যুৎশক্তি পৌঁছিবে বলিয়া আশা করা যায়?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) গ্রামীণ বৈদ্যুতীকরণের কাজে মৌজাগুলির অগ্রাধিকার নিম্নোক্ত বিষয়গুলির উপর নির্ভরশীল:

(১) মৌজার জনসংখ্যা এবং সম্ভাব্য গার্হস্থ্য ও শিল্পসংক্রান্ত গ্রাহকসংখ্যা,

(২) ক্ষুদ্রশিল্প, গভীর বা অগভীর নলকূপের দ্বারা সেচকার্য এবং/বা রিভার লিফ্‌ট পাম্প-এর স্থিতি এবং সম্ভাবনা,

(৩) রাজ্য বিদ্যুৎপর্ষদ-এর চালু লাইন হইতে মৌজাগুলির দূরত্ব।

(খ) খয়রাসোল থানার অন্তর্গত পাঁচরা কাঁকড়তলা রসা, ভীমগ্রাম ও চূড়ার মৌজায় এবং রাজনগর থানার অন্তর্গত তাঁতীপাড়া, চন্দ্রপুর, মাধাইপুর এবং পাথরচাপ্পা মৌজায়।

(গ) একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

(ঘ) মৌজাগুলির বৈদ্যুতীকরণের কাজ ক্রমে ক্রমে লওয়া হইতেছে এবং আশা করা যায় চলতি আর্থিক বছরের মধ্যে কাজ শেষ হইবে।

রাজ্য বিদ্যুৎপর্ষদ থানাভিত্তিক তথ্যাদি সংগ্রহ করে, ব্লকভিত্তিক নহে।

*Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 423*

তালিকা

| | জে এল নং |
|---|---|
| **রাজনগর থানা** | |
| ১ মাধাইপুর | ৯৩ |
| ২ চন্দ্রপুর | ৯০ |
| ৩ পাটডাঙ্গা | ১০০ |
| ৪ পাবসিয়া | ৪৯ |
| ৫ কুস্থমসাল | ১০৩ |
| ৬ লাঙ্গোব | ৬০ |
| ৭ পদ্মপুকুর | ৫৬ |
| ৮ রাজনগর | ৩৮ |
| ৯ গাঙ্গমারি | ৭৫ |
| ১০ রাণীগ্রাম | ৩২ |
| **খয়রাসোল থানা** | |
| ১ খয়রাসোল | ১৩০ |
| ২ দখিনগাজা-বাবুপুর | ১১৮ |
| ৩ পানস্থরি | ১২১ |
| ৪ লালবেড়ে | ১২৩ |
| ৫ নাওপাড়া | ১২৪ |
| ৬ পাকড়াকেন্দা | ১০৬ |
| ৭ খরিকাবাদ | ৪৯ |
| ৮ বাররা | ৮২ |
| ৯ কাইথা | ৯৮ |

## কংসাবতী প্রকল্প

৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৬।) **Shri Phani Bhusan Singhababu :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলার সিমলাপাল থানায় কংসাবতী প্রকল্পাধীন কোন মার্কেট হইবার পরিকল্পনা আছে ;

(খ) সত্য হইলে, কবে নাগাদ ইহার কাজ আরম্ভ হইবে , এবং

(গ) কংসাবতী প্রকল্পাধীন কোন্ কোন্ রাস্তা বর্তমানে নির্মিত হইতেছে , এবং রাস্তাগুলির কাজ কবে নাগাদ শেষ হইবে ?

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) প্রস্তাবিত মার্কেট তৈয়ারী করিবার জন্য জমি সংগ্রহের কাজ সমাপ্তপ্রায়। আশা করা যায় এই বৎসরেই মার্কেট নির্মাণের কাজ আরম্ভ হইবে।

(গ) নিম্নলিখিত রাস্তাগুলি নির্মাণের প্রস্তাব আছে :

১ সারেঙ্গা-বন্দরশোল রোড, রায়পুর থানা,

২ আমডাংরা-মাণ্ডি-গোমবাবাড়ি, রাজপুর পশ্চিম রোড, থানা তালডাংরা,

৩ বিবরদা-হামার শা রোড, থানা তালডাংরা,

৪ মাঝদিয়া-ঝাকা রোড,

৫ রায়পুর-অম্বিকানগর রোড, এবং

৬ বিক্রমপুর-ডুবরাজপুর রোড।

### কৃষ্ণনগর-রাণাঘাট রাস্তা

৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৯।) **Shri Naresh Chandra Chaki** : পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর-রানাঘাট (ভায়া বীরনগর-তাহেরপুর) রাস্তাটি বর্তমানে কি অবস্থায় আছে,

(খ) কতদিন ধরিয়া ইহার নির্মাণকার্য চলিতেছে, এবং

(গ) কবে নাগাদ এই রাস্তাটির নির্মাণকার্য শেষ হইবে ?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ১৫২ মাইল রাস্তার মধ্যে প্রায় ৫ মাইল পাকা হইয়াছে, বাকি রাস্তার আনুমানিক ৪২ মাইল পর্যন্ত ঝামার কাজ হইয়াছে এবং ৩২ মাইলের মত মাটির কাজ হইয়াছে।

(খ) প্রায় ৭ বৎসর।

(গ) প্রয়োজনীয় ভূমি দখল এবং অন্যান্য আনুষাঙ্গিক বাধা দূর হইলে ১৯৭৪ সালের মধ্যে রাস্তাটির নির্মাণকার্য শেষ হইবে বলিয়া আশা করা যায়।

### চন্দ্রকোণা-ঘাটাল ব্লকে পাকা রাস্তা

৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২১৩।) **Shri Hari Sadhan Dolui** : পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমার অন্তর্গত চন্দ্রকোনা ১নং ব্লকে এবং ঘাটাল ব্লকে কোন পাকা রাস্তা তৈরি করার পরিকল্পনা সরকারের আছে কি,

(খ) এ পর্যন্ত উক্ত ব্লকগুলি হইতে কোন্ কোন রাস্তা হওয়ার জন্য দরখাস্ত আসিয়াছে এবং দরখাস্তকৃত রাস্তাগুলির দূরত্ব কত কিঃ মিঃ,

(গ) রাস্তাগুলির নির্মাণকার্য সমাপ্ত হইয়াছে কিনা;

(ঘ) হইলে, রাস্তাগুলির কোনটিকে অগ্রাধিকার দেওয়া হইবে,

(ঙ) রাস্তাগুলির মধ্যে কোন পুরাতন রাস্তা সংস্কার করার আছে কি এবং থাকিলে, এরূপ রাস্তা কোনগুলি, এবং

(চ) এজন্য কত টাকা খরচ হইবে ?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) হইতে (চ) সরকারের বিভিন্ন অফিসে রাস্তা উন্নয়নের প্রস্তাব আসিয়া থাকে। সবগুলিকে একত্র করিয়া তাহাদের সম্পর্কে বিশদ তথ্য সরবরাহ করা সময়সাপেক্ষ।

### ডোমকল জলঙ্গী সার্কেলে খাজনা ছাড়প্রাপ্ত লোকের সংখ্যা

৪২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৫।) **Dr. Md. Ekramul Haque Biswas** : ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ডোমকল জলঙ্গী সার্কেলে ৯ বিঘা জমির মালিক এরূপ মোট কতজন কৃষকের জমির খাজনা মকুব করা হয়েছে, এবং

(খ) ঐরূপ ব্যক্তিদের নামের তালিকা ?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ও (খ) যেসকল রায়তের মোট জমির পরিমাণ ৩ একর অর্থাৎ ৯ বিঘা বা তাহার কম বলিয়া জানা গিয়াছে সেইসব রায়তদের নিকট হইতে খাজনা আদায় বন্ধ রাখার নির্দেশ দেওয়া হইয়াছে। পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার আইনের ২৩বি ধারা অনুসারে যথোপযুক্ত তদন্তের পর তাঁহাদের খাজনা ছাড় দেওয়ার নির্দেশ দেওয়া হইবে। ডোমকল জলঙ্গী সার্কেলে কত সংখ্যক এরূপ রায়তের খাজনা আদায় বন্ধ রাখা হইয়াছে তাহা জানাইতে এবং তাহাদের নামের তালিকা প্রস্তুত করিতে যথেষ্ট সময়ের প্রয়োজন।

## কাঁথি থানায় গভীর ও অগভীর নলকূপ

৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৭১।) **Shri Sudhir Chandra Das :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার জমিকে দো-ফসলী করিবার জন্য গভীর ও অগভীর নলকূপ বসাইবার কোন পরিকল্পনা আছে কিনা,

(খ) পরিকল্পনা থাকিলে, কোন্ কোন্ স্থানে ঐরূপ নলকূপ বসাইবার পরিকল্পনা আছে,

(গ) ইহা কি সত্য যে, ঐ থানায় গভীর সেচ নলকূপ একটিও নাই; এবং

(ঘ) ঐ থানায় অগভীর সেচ নলকূপ কোন্ কোন্ স্থানে বর্তমান চালু আছে?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বর্তমান বৎসরের বাজেটে যথোপযুক্ত অর্থ বরাদ্দ না থাকায় কোন নূতন গভীর নলকূপ এখন বসান সম্ভব নয়। কেন্দ্রের নিকট হইতে যোজনা-বহির্ভূত অর্থ সাহায্য পাওয়া গেলে, নূতন গভীর নলকূপ বসাইবার কার্যসূচী গ্রহণ করা হইবে। অগভীর নলকূপ বসাইবার পরিকল্পনা আছে।

(খ) উত্তরদাউরা, কাপাসদা, টাগারিয়া এবং বেলতলিয়া মৌজায় অগভীর নলকূপ বসাইবার পরিকল্পনা আছে। সেখানে এই উদ্দেশ্যে চাষীদের মধ্যে ঋণ মঞ্জুর করা হইতেছে।

(গ) সত্য।

(ঘ) এই সম্বন্ধে একটি বিশদ তালিকা নিম্নে উপস্থাপিত করা হইল।

*Statement referred to in reply to clause (gha) of unsterred question No. 428*

Number of shallow tubewells sunk up to March, 1972, along with name of mauzas

Name of Block : Contai-I

District : Midnapore (East

| Name of mauza | J. L. No. | No. of shallow tubewells |
|---|---|---|
| Payradwip | 201 | 1 |
| Betgatria | 203 | 1 |
| Khalisabhanga | 204 | 3 |
| Sujalpore | 205 | 1 |
| Kapasda | 223 | 1 |
| Kantai | 228 | 1 |
| Padmapukuria | 263 | 4 |
| Kishorenagar | 265 | 2 |
| Krishnachak | 267 | 2 |
| Bahia | 269 | 2 |
| Dakshin Tentulmuri | 270 | 4 |
| Tengunia | 272 | 6 |
| Alipore | 274 | 1 |
| Siria | 276 | 2 |
| Manierya | 277 | 1 |
| Tagaria Gopalpore | 280 | 2 |
| Kachua | 281 | 5 |
| Tagaria | 282 | 4 |
| Srirampore | 308 | 1 |
| Dharadasbar | 309 | 1 |
| Sherpore Telangabar | 372 | 1 |
| Uttar Darua | 475 | 8 |
| | | 54 |

Name of Block : Contai-II — District : Midnapore (East)

| Name of mauza | No. of shallow tubewells |
|---|---|
| Sarda | 8 |
| Ajodhjapore | 3 |
| Fuleswar | 2 |
| Panchgachia | 4 |
| Maisaundra | 2 |
| Raghurampur | 3 |
| Khagrabani | 1 |
| Purba Gobindapur | 1 |
| Gobinda Berhber | 1 |
| Mukundapore | 1 |
| Gopinathpur | 2 |
| Choudhyryber | 1 |
| Kushbani | 1 |
| Durmuth | 1 |
| Kukraoul | 1 |
| Satikaswar | 1 |
| Goatsoui | 2 |
| Kajla | 2 |
| Pratappur | 2 |
| P. Bamunia | 2 |
| Dariapore | 2 |
| Kalikapur | 1 |
| | 44 |

**Coke Oven Factory**

**429.** (Admitted question No. 1279.) **Shri Aswini Roy** : Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) whether the manning in the Coke Oven Factory of the Durgapur Projects Ltd. has been completed ;

(b) if so,—

(i) the date of introduction and completion of the manning in each of the department,

(ii) number of employees in each category found surplus, if any, and

(iii) the main principles, criteria and pattern adopted on such manning ; and

(c) the quantum of production increased in each department after the manning ?

**The Minister for Public Undertakings** : (a) The manning pattern has been finalised but implementation has not yet been completed

(b) (i) Implementation was started on 25th April, 1972. It is still under implementation and in no department implementation has been completed.

(ii) No surplus was found in any category.

(iii) The manning patterns for eaeh of the Coke Oven Group of Plant, e.g., Coke Oven Plant, Tar Plant, Gas Plant and By-Products Plant were revised by keeping in view the recommendations of Messrs. Ibcon (P) Ltd. specialised outside agency appointed by D. P. L. and the Industrial Engineering Department of D. P. L. These recommendations were based on actual work-study and job evaluation. The views of the respective departmental heads were considered and the Unions were also consulted before such finalisation. The revised manning patterns conform more or less to those of the Coke Oven and ancillary plants in the Public and Private Sectors.

(c) The increase of production in each department is as indicated below :

| Name of Dept. | Average of six months' production before implementation of mannig. | Production in June, 1972, after implementation of manning. | Increase in production |
|---|---|---|---|
| Coke | 36,810·42 MT | 4,305·65 MT | 3,495·23MT |
| Gas | $12,515,658·7NM_3$ | $14,258,203\ NM_3$ | $1,742,544·3NM_3$ |
| Crude Benzol | 175 93KL | 243·76 KL | 67·83KL |
| Crude Coal Tar | 1,1 4·7MT | 1,519·2MT | 344·5MT |

**Enquiry Reports into the affairs of the Burdwan and North Bengal Universities**

**430.** (Admitted question No. 1304) **Shri Kansari Halder** : Will the Minister-in-charge of the Education Department be pleased to lay on the Library Table copies of Enquiry Reports into the affairs of the Burdwan University and the North Bengol University ?

**The Minister for Education :** It is not intended to lay on the Table of the House copies of the Enquiry Reports on the North Bengal University and the Burdwan University. In accordance with the Act the Chancellor, after consideration of the comments of the University, has already given his advice to the North Bengal University for remedial action. The Report on the Burdwan University is under consideration of the Government.

পশ্চিমবঙ্গে চা-বাগিচার তথ্য

৪৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০৮।) **Shri Aswini Roy :** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে চা-বাগিচার কোনও তথ্য আছে কি,

(খ) থাকিলে, জেলা ভিত্তিতে (দার্জিলিং ও জলপাইগুড়ি) প্রতিটি জেলায় গত ৫টি আর্থিক বৎসরে (১৯৭১-৭২ সাল পর্যন্ত)—(১) পাঁচশত একর পর্যন্ত, (২) পাঁচশত একর হ'তে হাজার একর পর্যন্ত এবং (৩) এক হাজার একরের বেশী জমির মালিকের সংখ্যা ; এবং

(গ) উক্ত প্রতি বৎসরে প্রতি স্তরে চায়ের উৎপাদনের পরিমাণ ?

**ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় : (ক)** হ্যাঁ।

(খ) ও (গ) দার্জিলিং, তরাই ও ডুয়ার্স এই সকল অঞ্চলের ভিত্তিতে যে সকল তথ্যাটি বোর্ডেরনিকট হইতে পাওয়া গিয়াছে তাহার একটি বিবরণী সংযোজিত হইল।

*Statement referred to in reply to clauses (Kha)*

**Number of tea estates according to**

| | As on— | Number of Tea Estates having areas— | | | |
|---|---|---|---|---|---|
| | | Below 500 acres | 500 to 1,000 acres | Above 1,000 acres | Total |
| **Darjeeling** | 31-3-1967 | 60 | 31 | 7 | 98 |
| | 31-3-1968 | 59 | 31 | 8 | 98 |
| | 31-3-1969 | 58 | 32 | 8 | 98 |
| | 31-3-1970 | 58 | 33 | 6 | 97 |
| | *31-3-1971 | 57 | 33 | 7 | 97 |
| **Terai** | 31-3-1967 | 23 | 22 | 3 | 48 |
| | 31-3-1968 | 23 | 21 | 4 | 48 |
| | 31-3-1969 | 23 | 21 | 4 | 48 |
| | 31-3-1970 | 23 | 21 | 4 | 48 |
| | *31-3-1971 | 23 | 21 | 4 | 48 |
| **Dooars** | 31-3-1967 | 22 | 62 | 66 | 150 |
| | 31-3-1968 | 21 | 60 | 70 | 151 |
| | 31-3-1969 | 22 | 60 | 69 | 151 |
| | 31-3-1970 | 21 | 59 | 71 | 151 |
| | *31-3-1971 | 22 | 59 | 70 | 151 |
| **Total** | 31-3-1967 | 105 | 115 | 76 | 296 |
| | 31-3-1968 | 103 | 112 | 82 | 297 |
| | 31-3-1969 | 103 | 113 | 81 | 297 |
| | 31-3-1970 | 102 | 113 | 81 | 296 |
| | *31-3-1971 | 102 | 113 | | |

*Provisional

*and (Ga) of unsterred question No. 431*

**sizes and the production of tea**

(Production in k. g.)

| Years | Production of tea of the tea estates having areas as under during the years | | | |
|---|---|---|---|---|
| | Below 500 acres | 500 to 1,000 acres | Above 1,000 acres | Total |
| 1966 | 3,066,721 | 3,922,863 | 1,726,617 | 8,716,201 |
| 1967 | 3,341,394 | 4,979,668 | 2,127,448 | 10,448,510 |
| 1968 | 3,100,188 | 5,324,191 | 1,644,596 | 10,088,975 |
| 1969 | 3,289,233 | 4,759,069 | 1,481,769 | 9,530,071 |
| 1970 | 3,036,403 | 5,099,186 | 1 922,305 | 10,057,894 |
| *1971 | N.A. | N.A. | N.A. | 10,155,000 |
| | | | | |
| 1966 | 2,427,738 | 5,291,833 | 1,356,770 | 9,076,341 |
| 1967 | 3,059,969 | 6,263,877 | 2,326,972 | 11,650,818 |
| 1968 | 2,850,691 | 5 995,417 | 2,240,491 | 11,086,599 |
| 1969 | 2 568 300 | 5,589,947 | 2,046,637 | 10,204,886 |
| 1970 | 3,231 585 | 6,428,894 | 2,310,060 | 11,970,539 |
| *1971 | N.A. | N.A. | N.A. | 12,785,000 |
| | | | | |
| 1966 | 2,657 592 | 22,088,572 | 44 476,754 | 69,222,828 |
| 1967 | 2,795,146 | 23,214 653 | 50,077,721 | 76 087,520 |
| 1968 | 2,918,295 | 22,669,250 | 51,587,092 | 77 174 637 |
| 1969 | 2 619,411 | 19,973,253 | 46,263 470 | 68,856,134 |
| 1970 | 3,288,226 | 22,540,168 | 53,340,190 | 79,168,584 |
| *1971 | N.A. | N A. | N.A. | 79,919 000 |
| | | | | |
| 1966 | 8 151,961 | 31,303,268 | 47,560,141 | 87,015,370 |
| 1967 | 9,196,509 | 34,458 198 | 54,532,141 | 98,186,848 |
| 1968 | 8,869,174 | 33,988,858 | 55,492,179 | 98,350 211 |
| 1969 | 8 476,944 | 30,322 269 | 49,791,876 | 88,591,089 |
| 1970 | 9 556,214 | 34,068,248 | 57,572 555 | 101,197,017 |
| *1971 | N A. | N.A. | N.A. | 102,859,000 |

## প্রাথমিক শিক্ষক নিয়োগের সরকারী নীতি

**৪৩২।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩১০।) **Shri Aswini Roy :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকার কি নিয়ম অনুসরণ করিয়া থাকেন ; এবং

(খ) ঐ নিয়ম কোন্ সাল হইতে চালু আছে ?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) (১) গ্রামাঞ্চলে অবস্থিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকার সাধারণত: নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করিয়া থাকেন :

পশ্চিমবঙ্গের শিক্ষা অধিকর্তা রাজ্যসরকারের অনুমোদন লইয়া প্রত্যেক জেলার জন্য একটি করিয়া 'নির্বাচক কমিটি' নিয়োগ করিয়া থাকেন। নির্বাচক কমিটি শিক্ষকপদের উপযুক্ত প্রার্থিগণকে লিখিত এবং প্রয়োজনবোধে মৌখিক পরীক্ষা করিয়া একটি তালিকা তৈয়ারী করেন এবং উক্ত তালিকা শিক্ষা অধিকর্তার অনুমোদনের জন্য তাহার কাছে পাঠাইয়া দেন। জেলা বিদ্যালয় পর্ষদ শিক্ষা অধিকর্তা কর্তৃক অনুমোদিত যোগ্যতা সম্পন্ন শিক্ষকগণের উক্ত তালিকা হইতে শিক্ষক নিয়োগ করিয়া থাকেন।

প্রাথমিক শিক্ষক পদের জন্য নিম্নলিখিত যোগ্যতা আবশ্যক :

(১) প্রার্থীকে অবশ্যই ভারতীয় নাগরিক হইতে হইবে,

(২) প্রার্থীর বয়স অবশ্যই ১৮ বৎসর বা তাহার অধিক হইবে ; এবং

(৩) প্রার্থীকে অবশ্যই স্কুল ফাইন্যাল বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

শিক্ষকশিক্ষণপ্রাপ্ত হইলে তাহা অতিরিক্ত যোগ্যতা বলিয়া গণ্য করা যাইবে। তপশিলী জাতি ও উপজাতি অধ্যুষিত এলাকায় উপযুক্ত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন তপশিলী জাতি বা উপজাতি সম্প্রদায়ভুক্ত শিক্ষকের অভাবে তপশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের ব্যক্তিগণের মধ্য হইতে মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর বাৎসরিক পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তিগণকে ঐ এলাকায় অবস্থিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হিসাবে নিয়োগ করা যাইতে পারে।

ইহা ভিন্ন যে সকল শিক্ষক কোন বিদ্যালয়ের প্রতিষ্ঠাকাল হইতে ঐ বিদ্যালয়ের অবৈতনিক শিক্ষক হিসাবে কাজ করেন তাঁহারা আবশ্যকীয় যোগ্যতাসম্পন্ন হইলে "প্রতিষ্ঠাতা শিক্ষক" হিসাবে নিয়োগ বিষয়ে অগ্রাধিকার পান। যে সকল শিক্ষক কোন বিদ্যালয় অনুমোদন লাভ করা পূর্ববর্তীকালে উল্লেখযোগ্য সময় শিক্ষকতা করেন তাঁহারাও ঐ বিদ্যালয়ের অনুমোদনকালে "কর্মরত শিক্ষক" হিসাবে অগ্রাধিকার পাইবার অধিকারী হন। তবে এই সকল নিয়োগ শিক্ষা অধিকর্তার অনুমোদন এবং ৪০ জন ছাত্র পিছু একজন শিক্ষক এই নিয়মের অধীন।

(২) শহরাঞ্চলে বেসরকারী সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়ের কার্যকরী সমিতি স্ব স্ব বিদ্যালয়ের শিক্ষকগণের নিয়োগকর্তা। সেইসব ক্ষেত্রেও শিক্ষকগণের নিয়োগ সম্পর্কিত অত্যাবশ্যকীয় যোগ্যতাবলী গ্রামাঞ্চলেরই অনুরূপ। জেলার প্রাথমিক শিক্ষাসংক্রান্ত বিদ্যালয়সমূহের পরিদর্শক এই সকল নিয়োগ অনুমোদন করিয়া থাকেন।

(খ) ১৯৭১ সাল হইতে এই নিয়ম চালু আছে।

## দামোদরের উপর বেতাই-আমতা রাস্তার সংযোগ সেতু

**৪৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৭।) **Shri Saroj Karar :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জিলায় দামোদর নদের উপর বেতাই-আমতা সংযোগকারী সেতুটি নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, তাহা কতদিনের মধ্যে নির্মিত হইবে ?

**পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ও (খ) এরূপ একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। তবে আর্থিক সংকুলান না হইলে উক্ত প্রস্তাব কার্যকর করা সম্ভব নহে।

## সার্কেল অ্যাসিস্ট্যাণ্ট

৪৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২৩।) **Shri Sucanta Bhattacherjee :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিক্ষা দপ্তরের অধীনে সমাজশিক্ষা শাখার সার্কেল অ্যাসিস্ট্যাণ্টের পদ সারা পশ্চিমবঙ্গে বর্তমানে কয়টি আছে এবং উহাদের অফিস কোথায়,

(খ) উল্লিখিত পদের কর্মচারীরা কি কাজের এবং কোন এলকার জন্য ভারপ্রাপ্ত ; এবং

(গ) উল্লিখিত পদের কর্মচারীদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা কি এবং ঐ পদের বেতনক্রম কি ?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) সার্কেল অ্যাসিস্ট্যাণ্টের পদ সারা পশ্চিমবঙ্গে মোট আটটি আছে।

এই সার্কেল অ্যাসিস্ট্যাণ্টগণ জেলা সমাজশিক্ষা দপ্তরের সহিত সংশ্লিষ্ট।

(খ) সমাজশিক্ষার বিভিন্ন কর্মসূচী রূপায়ণে জেলা সমাজশিক্ষা দপ্তরকে সাহায্য করাই এঁদের কাজ। এই কাজ জেলার মধ্যেই সীমাবদ্ধ।

(গ) এই পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া চাই। এই পদের নূতন বেতনক্রম ৩৩০—১০—৪০০—১৫—৫৫০।

### West Bengal State Academy of Dance, Drama, Music and Fine Arts

435. (Admitted question No 1324.) **Shri Samsul Alam Khan :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the activities of West Bengal State Akademi of Dance, Drama, Music and Fine Arts ,

(b) whether it is functioning properly ;

(c) if not, the reasons thereof ,

(d) if the contemporary artistes of West Bengal are incorporated with it ; and

(e) if not, the reasons thereof ?

**The Minister for Education :** (a) Granting recognition to dfferent organizations working in the fields of Dance, Drama, Music, etc. Implementation of schemes for several annual programmes like Statewise Music Competitions, Drama Competitions, contemporary Art Exhibitions, traditional Folk Theatre Festivals and Seminars on Drama and Music, as well as schemes for study and research on folt life and folk culture of West Bengal.

Presentation of Annual State Akademic Awards to eminent persons in different fields of Dance Drama, Music and Fine Arts.

Recommendations of cases of different organizations, or institutions who apply for financial assistance to the Sangeet Natak Academy and Central Government.

Compilation of Directories of Who's Who of artistes and organizations/institutions.

(b) and (d) Yes.

(c) and (e) Do not arise.

### মেদিনীপুর জেলায় গভীর ও অগভীর নলকূপ

৪৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২৯।) **Shri Samsul Alam Khan :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ২৪শে জুলাই, ১৯৭২ পর্যন্ত মোট কয়টি (১) অগভীর ও (২) গভীর নলকূপ স্থাপিত হইয়াছে, এবং

(খ) এগরা থানার এক নং ও দুই নং ব্লকে তে-ফসলা চাষের জন্য গভীর নলকূপ দেওয়ার পরিকল্পনা বর্তমান বৎসরে গৃহীত হইয়াছে কিনা?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) (১) ৩,৭৬০টি অগভীর নলকূপ এবং (২) ৯৯টি গভীর নলকূপ।

(খ) বর্তমান বৎসরের বাজেটে যথোপযুক্ত অর্থবরাদ্দ না থাকায় এখন কোন নূতন গভীর নলকূপ স্থাপন করা সম্ভব নয়। কেন্দ্রের নিকট হইতে যোজনা বহির্ভূত অর্থ সাহায্য পাওয়া গেলে নূতন নলকূপ স্থাপনের কার্যসূচী গ্রহণ করা হইবে।

### জল্পেশ্বর হইতে কোচবিহার এলাকার কতিপয় পাকা রাস্তা

৪৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩১।) **Shri Madhu Sudan Roy :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার জল্পেশ্বর হইতে কোচবিহার জিলার রাণীরহাট, ধুলিয়াহাট, জোড়াশিমুলিহাট, কেদারহাট হইয়া গিলাডাঙ্গাহাট পর্যন্ত রাস্তাটি পিচ রোড করিবার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা, এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### Recruitment to I. A. S. from West Bengal

**438.** (Admitted question No. 1537.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) the total number of persons from West Bengal who appeared in the competitive examinations for recruitment to IAS during 1967, 1968, 1969, 1970 and 1971 ; and

(b) the number of persons from this State who were recruited to the IAS during the above periods?

**The Minister for Home (General Administration) :** (a) the required information is not available with the State Government. The examination is held by the Union Public Service Commission to whom candidates apply direct.

(b) From the information available with the State Government it appears that the following number of persons from this State were recruited to the IAS during the aforesaid periods :

| | |
|---|---|
| 1967 | 25 |
| 1968 | 5 |
| 1969 | 10 |
| 1970 | 9 |
| 1971 | 8 |

## প্রাথমিক শিক্ষার পাঠ্যপুস্তক

৪৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩৯।) **Shri Monoranjan Pramanik :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত প্রাথমিক শিক্ষার পাঠ্যপুস্তক খোলা বাজারে বিক্রয়ের পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কিভাবে এবং কোন্ সময় হইতে তাহা কার্যকর হইবে ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

## কুন্নুর নদীতে লিফ্‌ট ইরিগেশন স্কীম

৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪০।) **Shri Monoranjan Pramanik :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার বুদ্‌বুদ্‌ দেবশালা গ্রামে কুনুর নদীতে লিফ্‌ট ইরিগেশন স্কীমটি মঞ্জুর হইয়াছে কিনা, এবং

(খ) হইয়া থাকিলে, কোন সময় হইতে উক্ত স্কীমটি কার্যকর হইবে ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

## কান্দড়া স্বাস্থ্যকেন্দ্র

৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০৭।) **Shri Probhakar Mandal :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কেতুগ্রাম থানার ১নং ব্লক কান্দড়া গ্রামে অবস্থিত স্বাস্থ্যকেন্দ্রে খাদ্যসরবরাহের অভাবে রোগী ভর্তি বন্ধ আছে ;

(খ) অবগত থাকিলে, তাহার কারণ কি, এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) রোগী ভর্তি বন্ধ নেই।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

## কোমরপুর হইতে চাক্‌টাগ্রাম পর্যন্ত পাকা রাস্তা

৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৮।) **Shri Probhakar Mandal :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কেতুগ্রাম ১নং ব্লকের অন্তর্গত কোমরপুর হইতে চাক্‌টাগ্রাম পর্যন্ত রাস্তাটি পাকা করিবার জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা ; এবং

(খ) করিয়া থাকিলে, কতদিনের মধ্যে উক্ত রাস্তার কাজ আরম্ভ হইবার সম্ভাবনা আছে ?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) উক্ত রাস্তা পাকা করিবার প্রস্তাব কোন সড়ক উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত হয় নাই। তবে বর্ধমান জেলাশাসকের প্রস্তাবানুযায়ী ক্রাশ স্কীম ফর রুরাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম'-এ উক্ত রাস্তাটি উন্নয়নের একটি প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

## জেলা স্কুলবোর্ড কর্মচারীদের মহার্ঘভাতা

৪৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৩।) **Shri Paresh Chandra Goswami :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা স্কুলবোর্ড কর্মচারীদের মহার্ঘভাতা সরকারী কর্মচারীদের অনুরূপ কিনা;

(খ) যদি হয়, তবে জি নং ৩৬০-ই ডি এন(বি), তারিখ ৪ঠা এপ্রিল ১৯৭২-এর সরকারী আদেশের বলে বর্ধিত মহার্ঘভাতা স্কুলবোর্ড কর্মচারীবৃন্দ পাচ্ছেন কিনা; এবং

(গ) যদি না পেয়ে থাকেন, তবে তার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না। জেলা স্কুলবোর্ড কর্মচারিগণকে প্রদত্ত মহার্ঘ-ভাতার হার সরকারী কর্মচারিগণকে প্রদত্ত হার অপেক্ষা কম।

(খ) ও (গ) স্কুলবোর্ড কর্মচারীবৃন্দ ৪ঠা এপ্রিল ১৯৭২ তারিখের ৩৬০-ই ডি এন(বি) নং সরকারী আদেশ বলে মহার্ঘভাতা পাচ্ছেন। তবে ১লা এপ্রিল ১৯৭০ তারিখে বেতন হার পরিবর্তিত করার পর কোন বে-সরকারী প্রতিষ্ঠানের কর্মচারিগণকে সরকারী কর্মচারীদের হারে মহার্ঘভাতা দেওয়া হইতেছে না।

## বিদ্যালয় পরিদর্শকস্তরে কাঠামো পুনর্বিন্যাস

৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৪।) **Shri Paresh Chandra Goswami :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিদ্যালয় পরিদর্শকস্তরে কাঠামোর পুনর্বিন্যাস করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, সেই পরিকল্পনা কি এবং কতদিনে তা কার্যকরী হইতে পারে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) প্রতি জেলায় প্রাথমিক শিক্ষার দায়িত্বে একজন জেলা বিদ্যালয় পরিদর্শক ও মাধ্যমিক শিক্ষার দায়িত্বে একজন জেলা পরিদর্শক আছেন। কোন কোন জেলায় মাধ্যমিক শিক্ষার জন্য অতিরিক্ত জেলা পরিদর্শক আছেন।

১৯৭১ সালের ডিসেম্বর মাসে এক প্রকল্প অনুযায়ী মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষাব্যবস্থার পরিচালনার দায়িত্ব পৃথক পৃথকভাবে একজন করিয়া জেলা বিদ্যালয় পরিদর্শকের উপর ন্যস্ত করা হইয়াছে। উক্ত প্রকল্পের কার্যকারিতা সরকার লক্ষ্য করিতেছেন। এখনই পুনর্বিন্যাসের কোন পরিকল্পনা সরকারের নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## 'কাশীপুর ইনষ্টিটিউশন্ ফর গার্লস'

৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৫।) **Shri Niranjan Dihidar :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা 'কাশীপুর ইনষ্টিটিউশন ফর গার্লস'-এর পরিচালনা সম্পর্কে সরকার কোন অভিযোগ পাইয়াছেন কিনা; এবং

(খ) পাইয়া থাকিলে—

(১) এই অভিযোগগুলির সত্যতা সম্পর্কে কোন বিভাগীয় তদন্ত করা হইয়াছে কিনা,

(২) হইয়া থাকিলে, তদন্তের ফলাফল কি; এবং

(৩) এর প্রতিকারের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়:** [ক] হাঁ; কিছু কিছু অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) (১) এই অভিযোগগুলির সত্যতা সম্পর্কে বিভাগীয় তদন্ত করা হইয়াছে।

(২) বিবরণীতে প্রকাশ, প্রধানা শিক্ষয়িত্রী ও বিদ্যালয়ের শিক্ষিকাদের মধ্যে সদ্ভাব নাই এবং এই সদ্ভাব রক্ষা করিবার কোন দায়িত্ব কার্যনির্বাহক সমিতি গ্রহণ করিয়াছেন বলিয়া মনে হয় না। তদন্তের বিবরণী মধ্যশিক্ষা পর্ষদের নিকট প্রেরণ করা হইয়াছে।

(৩) মধ্যশিক্ষা পর্ষদের নিকট বিদ্যালয়ের বর্তমান কার্যনির্বাহক সমিতি বাতিল করিয়া একটি অ্যাড হক্‌ কমিটি নিয়োগের সুপারিশ করা হইয়াছে।

## "কাশীপুর ইনষ্টিটিউশন ফর গার্লস"-এর হিন্দী শিক্ষিকা

৪৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৬।) **Shri Niranjan Dibidar:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতা জেলার অন্তর্ভুক্ত সরকারী সাহায্যপ্রাপ্ত "কাশীপুর ইনষ্টিটিউশন ফর গার্লস"-এর হিন্দী শিক্ষিকা ১৯৬৯ সালের মে মাস হইতে আজ পর্যন্ত তাহার মাহিনা পান নাই,

(খ) যদি (ক) এর উত্তর 'হাঁ' হয় তবে—

(১) উহার কারণ কি,

(২) এ শিক্ষিকার বেতন শিক্ষা অধিকর্তা কর্তৃক অনুমোদিত হইয়াছে কিনা, এবং

(৩) উক্ত বেতনের দেয় টাকা দ্রুত দিবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ঐ বিদ্যালয়ের হিন্দী শিক্ষিকা ১৯৬৯ সাল হইতে পূর্ণ বেতন পান নাই, এরূপ সংবাদ পাওয়া গিয়াছে।

(খ) (১) সরকার পক্ষ হইতে বিদ্যালয়ের দরখাস্ত অনুযায়ী একটি হিন্দী শিক্ষিকার পদ মঞ্জুর করা হয় এবং ঐ হিন্দী শিক্ষিকার বেতনাদি বাবত অর্থও মঞ্জুর করা হয়; কিন্তু ঐ বিদ্যালয়ের প্রধানা শিক্ষিকা অর্থ মঞ্জুর হইবার পর সরকার অনুমোদিত অর্থের বিল দাখিল করেন নাই, এই অজুহাতে যে তিনি হিন্দী শিক্ষিকাকে পূর্ণ সময়ের জন্য নিয়োগ করিতে পারিতেছেন না।

(২) হাঁ।

(৩) অনুমোদিত অর্থের মেমো বিদ্যালয়ে প্রেরিত হইয়াছিল এবং নির্দেশ দেওয়া হইয়াছিল যে, ঐ অর্থ যেন হিন্দী শিক্ষিকাকে দেওয়া হয়; কিন্তু বিদ্যালয় কর্তৃপক্ষ এই নির্দেশ পালন করেন নাই।

## মিনিবাস

৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১১।) **Shri Biswanath Chakraborty:** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডালহৌসী থেকে বেহালা পর্যন্ত মিনিবাস চালানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকলে কবে থেকে চালানো হবে, এবং

(গ) চৌরাস্তা বীরেন রায় রোড ইস্ট দিয়ে টালিগঞ্জ হয়ে কোনও নূতন বাসরুট চালানোর পরিকল্পনা সরকারের আছে কি?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) আছে।

(খ) আপাততঃ এক মাসের জন্য একটি মিনিবাসকে বেহালা পর্যন্ত যাতায়াতের অনুমতি দেওয়া হইয়াছে। আর কোন আবেদন পাওয়া যায় নাই।

(গ) না।

### নূতন বি এড্‌ কলেজ

৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭২।) **Shri Biswanath Chakraborty:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বি এড্‌ শ্রেণীতে ভর্তি হইতে ইচ্ছুক অসংখ্য শিক্ষক শিক্ষার্থীদের জন্য নূতন ট্রেনিং কলেজ খোলার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কোন্‌ সময় হইতে ঐরূপ ট্রেনিং কলেজ খোলার ব্যবস্থা হইবে?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) বর্তমানে ঐরূপ কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

### Passenger carrying capacity of C S T C

449. (Admitted question No. 1388.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government has taken into consideration the fact that the Calcutta Metropolitan area is having a high growth rate in population and accordingly drawn any programme to increase the passenger carrying capacity of the Calcutta State Transport Corporation;

(b) if so, the detail, of the programme, and

(c) if there is any proposal to replace the private buses in Calcutta by Calcutta State Transport Corporation buses?

**The Minister for Home (Transport):** (a) Yes.

(b) With the completion of the accelerated renewal programme undertaken by the Calcutta State Transport Corporation during the years 1971-72 to 1973-74, 200 new single deckers and 395 new double deckers would be acquired for replacement of its overaged buses which will increase the passenger carrying capacity from 7 lakh passengers per day at present to 16 lakh passengers per day at the end of 1973-74.

(c) There is no such proposal under consideration of the Government at present.

### বে-সরকারী নন্‌স্পনসর্ড প্রাইভেট কলেজ

৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯০।) **Shri Biswanath Chakraborty:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বে-সরকারী নন্‌স্পনসর্ড প্রাইভেট কলেজে মেন্টেন্যান্স গ্রান্ট না দিলেও গভর্নিং বডিতে বিভাগীয় প্রতিনিধি দেওয়া হয় কিনা;

(খ) দেওয়া হইলে, বর্তমানে কোন্‌ কোন্‌ কলেজে কোন্‌ কোন্‌ ব্যক্তি প্রতিনিধি হিসাবে আছেন; এবং

(গ) যেসমস্ত কলেজে এখনও এরূপ প্রতিনিধি পাঠানো হয় নাই এরূপ কলেজের সংখ্যা কত ও তাহার কারণ কি?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) যেসকল বে-সরকারী কলেজ সরকার হইতে কোনরূপ পৌনঃপনিক (রেকারিং) অর্থ সাহায্য পায় না তাহাদের গভর্নিং বডিতে সরকার মনোনীত সভ্য দেওয়া হয় না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

### রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগ

৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯১।) **Shri Biswanath Chakraborty :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগ না খোলার কোন নির্দেশ ছিল কি ; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, বর্তমানে অর্থনীতি বিভাগ খোলার কারণ কি ?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### সুপারঅ্যানুয়েটেড প্রাথমিক শিক্ষকদের বেতন

৪৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯২।) **Shri Biswanath Chakraborty :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুপারঅ্যানুয়েটেড প্রাথমিক শিক্ষকদের মধ্যে যাঁহারা এক্সটেনশনে আছেন তাঁহাদের সংশোধিত বেতন হারের আওতায় আনা হয়েছে কিনা, এবং

(খ) না হলে, ইহার কারণ কি ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) এই প্রশ্ন উঠে না।

### Drive to improve the operational efficiency of the C.S.T.C.

453. (Admitted question No. 1399.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if it is a fact that the Calcutta State Transport Corporation had launched any special drive during the months of April-June, 1972, to improve the operational efficiancy of C.S.T.C.,

(b) if so, the result and outcome of the drive ?

**The Minister for Home (Transport) :** (a) Yes.

(b) The target of daily collection of Rs. 1,35.000.00 by the 15th July, 1972, was achieved.

### Luxury Tourist Buses in Calcutta

454. (Admitted question No. 1402.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Home (Transport Department be pleased to state—

(a) the number of Luxury Tourist Buses run by the Government in the city of Calcutta ;

(b) the number of permits issued by the Government so far to private individual for running Tourist Luxury Buses in Calcutta ;

(c) the reasons for issue of permits to private individuals for Tourist Buses in Calcutta ; and

(d) is there any proposal to increase the number of Government Tourist Buses in Calcutta ?

**The Minister for Home (Transport) :** (a) Five buses.

(b) None has been given permits exclusively to run Tourist Luxury Buses in Calcutta but two of the permit-holders who have all West Bengal permits having good buses have been permitted to operate in Calcutta only when chartered by the Director of Tourism.

(c) To meet increasing demand for Tourist Bus, S.T.A., West Bengal, invited applications for grant of 40 permits valid for entire State of West Bengal excepting the hilly portion of Darjeeling in respect of bigger buses. Director of Tourism, Government of West Bengal, did not submit any application.

(d) Yes.

**Plan for Market Loans to strengthen C.S.T.C. with Buses**

455. (Admitted question No. 1403.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport Department be pleased to state—

(a) if it is a fact that Government is contemplating to raise "Market Loans" so as to enable Calcutta State Transport Corporation to procure more buses and to increase its fleet strenghth ; and

(b) if so, details of the proposal ?

**The Minister for Home (Transport) :** (a) and (b) The matter is under consideration of Government.

মাঝেরগ্রাম ও হরনগর সাবসিডিয়ারী হেলথ সেণ্টার

৪৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৭।) **Shri Nil Kamal Sarkar :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়ার নাকাশীপাড়া ব্লকে মাঝেরগ্রাম ও হরনগর সাবসিডিয়ারি হেলথ সেন্টারে বর্তমানে কোন ডাক্তার আছেন কিনা ;

(খ) না থাকিলে, কতদিন ধরিয়া ডাক্তার নাই এবং না থাকার কারণ কি, এবং

(গ) উক্ত হেলথ সেন্টারগুলিতে ডাক্তার পাঠাইবার কি ব্যবস্থা সরকার করিয়াছেন ?

**স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না।

(খ) উভয় স্বাস্থ্যকেন্দ্রে দুই বৎসরের অধিককাল ধরিয়া ডাক্তার নাই। মাঝেরগ্রাম স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার চাকরি ছাড়িয়া চলিয়া গিয়াছেন। আর হরনগর স্বাস্থ্যকেন্দ্রে যে ডাক্তারকে নিয়োগপত্র দেওয়া হইয়াছিল তিনি কাজে যোগদান করেন নাই।

(গ) শীঘ্রই ডাক্তার প্রেরণ করিবার চেষ্টা করা হইতেছে।

## নদীয়া জেলায় সার বণ্টন

**৪৫৭।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৮।) **Shri Kartic Chandra Biswas :** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় প্রতি ব্লকে বর্তমান বৎসরের ২৮শে জুলাই পর্যন্ত কি পরিমাণ ফার্টিলাইজার বণ্টন করা হইয়াছে ;

(খ) এই বণ্টনের পদ্ধতি কি ? এবং

(গ) সরকারের ঐ জেলায় বর্তমান বৎসরে আরও সার বণ্টনের কোন পরিকল্পনা আছে কি ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) সার বণ্টনের ব্লকওয়ারি তথ্য রাখা হয় না।

(খ) পশ্চিমবংগ সরকার বিদেশ হইতে আমদানীকৃত যেসকল সার কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পান তাহা বণ্টনের জন্য রাজ্য বা জেলাভিত্তিতে প্রধান বণ্টনকারী (প্রিন্সিপাল ডিসট্রিবিউটিং এজেন্ট] নিযুক্ত করিয়াছেন। এই সকল প্রধান বণ্টনকারীর সংখ্যা ১৪। তাহাদের অধীনে প্রায় ১,০০০ পাইকারী ও খুচরা বিক্রেতা নিযুক্ত আছে। ঐসকল পাইকারী ও খুচরা বিক্রেতার মাধ্যমে প্রতি ব্লকে সার বণ্টন কর হইয়া থাকে। বর্তমানে নদীয়া জেলার জন্য ১৫ জন প্রধান বণ্টনকারী নিযুক্ত আছেন। ঐ সকল প্রধান সার বণ্টনকারী, পাইকারী ও খুচরা বিক্রেতাগণকে সার ব্যবসায়ের জন্য সরকারের নিকট নাম রেজেষ্ট্রী করাইতে হয়। বর্তমানে দেশজ সার প্রস্তুতকারকগণ তাহাদের প্রস্তুতীকৃত সার নিজেদের নিযুক্ত বণ্টনকারী মারফত বণ্টন করিয়া থাকেন।

(গ) হ্যাঁ, আছে।

## সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার প্রকল্প

**৪৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪২২।) **Shri Kartic Chandra Biswas :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়ার চাঁদেরঘাটে ও শ্যামনগরে কোন সাবসিডিয়ারী হেলথ সেণ্টার স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকরী হইবে ,

(গ) ঐ বাবত কোন জমি সরকারকে রেজিষ্ট্রী করিয়া দেওয়া হইয়াছে কি ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) আছে।

(খ) চাঁদেরঘাট অঞ্চলের উপস্বাস্থ্যকেন্দ্রের জন্য জমি নির্দিষ্ট হলে তার নির্মাণকার্য মঞ্জুর করা হবে।

শ্যামনগরে উপস্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য ইতিপূর্বেই অনুমোদিত হয়েছে।

(গ) চাঁদেরঘাটের কেন্দ্রের জন্য কোন জমি সরকারকে দেওয়া হয় নি।

শ্যামনগরের কেন্দ্রের জন্য ২ ২৩ একর জমি সরকারকে দেওয়া হয়েছে।

## Public Prosecutor

**459.** (Admitted question No. 1431.) **Shri Aswini Roy :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether there is any rules or criteria for appointment of the Public Prosecutor and preparation of the panel of the Government Pleaders in the districts , and

(b) if so, the details of such rules followed in this regard ?

***The Minister for Judicial :*** (a) Yes. There are rule regulating appointments of Public Prosecutors.

As regards preparation of panel of Government Pleaders in the districts, there is no specific rule governing preparation of panel of lawyers for conduct of cases on behalf of Government. The existing practice in this regard is that the Collector of the district concerned, in consultation with the District Judge, sends proposal to the Legal Remembrancer for constituting a panel. Where the District Magistrate and the District Judge are agreed, such proposals are usually accepted by the Legal Remembrancer and the panel is prepared accordingly. Where the District Magistrate and the District Judge differ, the Legal Remembrance, on further enquiry from them, takes the final decision and prepares the panel. In taking such decision the Legal Remembrancer normally lays more emphasis on the views of the District Judge who is more acquainted with the merits and functions of the lawyers concerned.

(b) A copy of the relevant rules governing the appoinment of Public Prosecutors is enclosed.

*Statement referred to in reply to clause (b) of unstarred question No 459*

**2 Public Prosecutors**

56. *Appointment of Public Prosecutor.*—(1) Whenever the office of Public Prosecutor becomes permanently vacant, the District Magistrate, in consultation with the Sessions Judge, shall inform the Legal Remembrancer whether suitable candidates are available locally or whether applications of candidates from outside the district should be called for.

(2) If the Legal Remembrancer decides that no suitable candidate is available locally he may, in consultation with the District Magistrate, recommend to Government in the Law Department to fill the vacancy by transferring any other Public Prosecutor who is willing to accept the post.

(3) if the vacancy is not filled by transfer the District Magistrate shall be asked by the Legal Remembrancer to advertise the vacancy. either generally or locally, as the case may be

(4) When the vacancy is advertised generally all the applications shall be submitted to the District Magistrate of the district in which the applicant unsually practices, who shall forward them to the District Magistrate of the district where the vacancy occurs, with his recommendations after consultation with the Sessions Judge as to the fitness of the applicant for the post.

(5) Applications from candidates practicing on the Original Side of the High Court shall be submitted to the Advocate-General, West Bengal, and those from candidates practicing on the Appellate side of the High Court, or the Small Cause Court or the Police Court, Calcutta, shall be submitted to the Deputy Legal Remembrancer, the Chief Judge, Small Cause Court, and the Chief Presidency Magistrate, Calcutta, respectively. All such applications shall be forwarded to the Magistrate of the district where the vacancy occurs with the recommendations of the respective officers.

(6) All applications in respect of such advertisement shall be received by the District Magistrate, who shall forward them through Commissioner to the Legal Remembrancer, together with the recommendations of himself and the Sessions Judge.

(7) After the Legal Remembrancer has considered all the applications he shall submit the file with his recommendations as Ex-officio Secretary to the Minister-in-charge of the Judicial Department for necessary orders regarding appointment of Public Prosecutors in the districts.

(8) All appointments shall be for a period not exceeding three years, and may be renewed for further periods if the incumbents are found fit and efficient.

(9) Incumbents will receive their letters of appointment from Government in the Judicial Department.

(10) No person shall be deemed to be qualified for appointment as a Public Prosecutor until he has practised for 5 years as a Pleader, Advocate or Barrister.

97. *Filling of temporary vacancies.*—In the event of a temporary vacancy in the office of the Public Prosecutor the District Magistrate shall, in consultation with the Sessions Judge, appoint a qualified pleader to act in the office until such pleader is relieved by the Public Prosecutor duly appointed or until his appointment is cancelled by the District Magistrate. The District Magistrate shall forthwith report to the Legal Remembrancer through the Commissioner the occurrence of every such vacancy and the making or cancellation of every such appointment.

**Introduction of the course of Soil Chemistry and Geology in Post-Graduate classes**

460. (Admitted question No. 1432.) **Shri Aswini Roy** : Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether there is any scheme for introduction of the course on the subjects of Soil Chemistry and Geology in Post-Graduate classes in the Burdwan University ; and

(b) *if so, the possible date of introduction of such courses both in Post-Graduate and Graduation classes ?*

**The Minister for Education** : (a) No.

(b) Does not arise.

**Proposal to defray the defence cost in criminal cases**

**461.** (Admitted question No 1439.) **Shri Aswini Roy** : Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether Government have any proposal to defray the defence cost borne by the persons belonging to the Scheduled Castes and Tribes in criminal cases ; and

(b) if so, the details of such proposal ?

**The Minister for Judicial :** (a) Government have no such proposal.

(b) The question does not arise.

**Thermal Power Station, Midnapore**

**462.** (Admitted question No. 1440.) **Shri Ajit Kumar Basu** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state whether the Government has any scheme/proposal for installation of any thermal power station in Midnapore district to meet the anticipated power requirement of Haldia industrial complex ?

**The Minister for power** : There is a poposal for installation of two × 200 MW Unit Thermal Power Stations at Kolaghat in Midnapore district during the Fifth Five-Year Plan period.

ঝালদা থানায় ড্যাম স্কীম

**৪৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪১২।) **Shri Kinkar Mahato** : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ঝালদা থানায় কয়টি ড্যামের কাজ চলিতেছে,

(খ) রুপাই ও নহড়াহরা স্কীমে কত টাকা খরচ করা হইবে,

(গ) উক্ত স্কীমগুলিতে বর্তমানে কত টাকা খরচ করা হইয়াছে ? উহাদের কাজ কবে নাগাদ শেষ হইবে ?

(ঘ) উক্ত স্কীমগুলি শেষ হইলে কি ধরনের কতজন লোকের কর্মসংস্থান হইতে পারে, এবং

(ঙ) কত একর জমিতে উক্ত দুইটি প্রকল্পে জলসেচন করা সম্ভব ?

**সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) পুরুলিয়া জেলার ঝালদা থানায় সেচ ও জলপথ বিভাগের ২টি ড্যাম স্কীম আছে—(১) রুপাই ইরিগেশন স্কীম ও (২) সাহারাজোড় ইরিগেশন স্কীম।

(খ) রুপাই স্কীমের অনুমোদিত ব্যয় অনুযায়ী ২৪.৯৮ লক্ষ টাকা খরচ করিবার কথা আছে।

নহড়াহরা স্কীমটি সেচ ও জলপথ বিভাগের স্কীম নয়, উহা কৃষিবিভাগের সেচ শাখার অধীন একটি স্কীম। উক্ত স্কীমের আনুমানিক ব্যয় ১ লক্ষ ৮৬ হাজার টাকা।

(গ) আজ পর্যন্ত রুপাই স্কীমে ৭ লক্ষ টাকা ও সাহারাজোড় স্কীমে ৪১'৮৮ লক্ষ টাকা খরচ করা হইয়াছে। রুপাই স্কীমটি ১৯৭৪ সালে শেষ হইবার কথা আছে। সাহারাজোড় স্কীমে কোন টারগেট ঠিক করা হয় নাই, তবে ১৯৭৮ সালে উহার কাজ শেষ হইতে পারে।

নহড়াহরা স্কীমে বর্তমান বৎসরের জুন মাস পর্যন্ত ৫৬,৬১০ টাকা খরচ হইয়াছে। বর্তমান আর্থিক বৎসরে উহার কাজ শেষ হইবার সম্ভবনা।

(ঘ) রুপাই ও সাহারাজোড় স্কীমের কাজ শেষ হইলে আনুমানিক ১২,০০০ একর নূতন জমিতে ধানচাষের ব্যবস্থা হইতে পারে এবং সেই অনুপাতে অতিরিক্ত কর্মসংস্থান হইতে পারে।

নহড়াহরা স্কীমের কাজ শেষ হইলে ৪৫৫ একর জমিতে চাষবাসের ব্যবস্থা হইবার সম্ভাবনা আছে এবং তদনুপাতে কৃষিজীবীদের কর্মসংস্থানের সুযোগ হইতে পারে।

(ঙ) রুপাই ও সাহারাজোড় স্কীমের কাজ শেষ হইলে আনুমানিক ১৭,০০০ একর জমিতে জলসেচের সম্ভাবনা আছে।

নহড়াহরা স্কীমের কাজ শেষ হইলে খারিফ চাষের জন্য ৩১৫ একর ও রবি চাষের জন্য ১৪০ একর জমিতে সেচের জল সরবরাহ করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

শরশঙ্কা দীঘিতে মৎস্যচাষের পরিকল্পনা

৪৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৬।) **Shri Prodyot Kumar Mahanti:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাঁতন থানার শরশঙ্কা দীঘিতে মৎস্যচাষের কোন পরিকল্পনা সরকারের ছিল কি; এবং

(খ) (ক) এর উত্তর "হ্যাঁ" হইলে বর্তমানে উক্ত পরিকল্পনাটি কি পর্যায়ে রহিয়াছে?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ, এরূপ একটি প্রকল্প ১৯৬৭-৬৮ সালে সরকারের বিবেচনাধীন ছিল।

(খ) ঐ প্রকল্প রূপায়নের জন্য দীঘি হইতে পঙ্কোদ্ধার, যোগাযোগের জন্য রাস্তা নির্মাণ ইত্যাদি খাতে প্রয়োজনীয় ব্যয়ের পরিমাণ অত্যধিক বিবেচিত হওয়ায় প্রকল্পটি পরিত্যক্ত হয়।

জনসংখ্যা অনুপাতে ব্লক সংস্থা গঠন

৪৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৯।) **Shri Madan Mohan Mahato:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি জনসংখ্যা অনুপাতে কাশিপুরে অপর কোন ব্লক সংস্থা গঠনের পরিকল্পনা সরকারের আছে কিনা?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়: কোন পরিকল্পনা নাই।

করিমপুর ব্লককে বিভক্ত করিবার পরিকল্পনা

৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৭০।) **Shri Arabinda Mondal:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার করিমপুর ব্লককে দুইটি ব্লকে বিভক্ত করিবার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাদ ইহা কার্যকরী হইবে?

*কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।*

*(খ) পশ্চিমবঙ্গ জিলাপরিষদ আইন, ১৯৬৩-এর বলে আইনগত বাধা থাকার দরুন এই পরিকল্পনা কার্যকরী করা সম্ভব হচ্ছে না। নূতন পঞ্চায়েত আইন চালু হলে পর ইহা কার্যকরী করার ব্যবস্থা হবে।*

### স্পনসর্ড পলিটেকনিকগুলির অশিক্ষক কর্মচারীদের বেতনক্রম

**৪৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং ১৫০১।) **Shri Monoranjan Pramanik :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২৮শে এপ্রিল ১৯৭২ তারিখে শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় পশ্চিমবঙ্গ পলিটেকনিক স্টাফ অ্যাসোসিয়েশনের প্রতিনিধিদের সঙ্গে আলোচনার সময় স্পনসর্ড পলিটেকনিকের অশিক্ষক কর্মচারীদের বেতনক্রম ও মহার্ঘভাতার হার রাজ্যসরকারী কর্মচারীদের সমান হারে উন্নীত করার অঙ্গীকার করিয়াছিলেন এবং উপশিক্ষা সচিব (কারিগরী)-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়াছিলেন ; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন ?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ব্যাপারটি পুনর্বিবেচনা করা হবে বলে আশ্বাস দেওয়া হইয়াছিল।

(খ) ব্যাপারটি পুনর্বিবেচনাধীন আছে।

### পলিটেকনিকগুলির শিক্ষক ও অশিক্ষক কর্মীদের বেতনক্রম ও মহার্ঘভাতা

**৪৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং ১৫০২।) **Shri Monoranjan Pramanik :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭০ সালের ১লা এপ্রিল থেকে সংশোধিত বেতনক্রম চালু হওয়ার পূর্বে রাজ্যের স্পনসর্ড পলিটেকনিকগুলির শিক্ষক ও শিক্ষা কর্মিগণ রাজ্যসরকারী কর্মচারীদের সমান বেতনক্রম ও মহার্ঘভাতা পাইতেছিলেন কিনা, এবং

(খ) (ক)-এর উত্তর 'হ্যাঁ' হইলে, বর্তমানে ঐ স্পনসর্ড পলিটেকনিকের শিক্ষক ও শিক্ষা কর্মিগণ রাজ্যসরকারী কর্মচারীদের জন্য প্রচলিত সংশোধিত বেতনক্রম এবং মহার্ঘভাতা পাইতেছেন কিনা এবং না পাইলে, ইহার কারণ কি ?

**শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) সংশোধিত বেতনক্রম চালু হওয়ার পূর্বে স্পনসর্ড পলিটেকনিকগুলির অধ্যক্ষ ও বিভাগীয় প্রধান ব্যতীত অন্যান্য শ্রেণীর শিক্ষকগণ সরকারী পলিটেকনিকের অনুরূপ শ্রেণীর শিক্ষকগণের সমান বেতনহার পাইতেছিলেন। কিন্তু অশিক্ষক কর্মচারীদের বেতনক্রম কয়েক শ্রেণীর ক্ষেত্রে বৈষম্য থাকিলেও অন্যান্য ক্ষেত্রে সরকারী পলিটেকনিকের অনুরূপ শ্রেণীর কর্মচারীদের সমান ছিল।

স্পনসর্ড পলিটেকনিকের অশিক্ষক কর্মচারিগণ গত ১লা এপ্রিল ১৯৬৯ হইতে এবং শিক্ষকগণ গত ৩১শে মার্চ ১৯৭০ হইতে সরকারী পলিটেকনিকের অনুরূপ শ্রেণীর অশিক্ষক কর্মচারী ও শিক্ষকগণের সমান হারে মহার্ঘভাতা পাইতেছিলেন।

(খ) সংশোধিত বেতনক্রমে স্পনসর্ড পলিটেকনিকের শিক্ষক এবং অশিক্ষক কর্মীদের সঙ্গে সরকারী পলিটেকনিকের কর্মীদের বেতনক্রম কয়েক শ্রেণীর ক্ষেত্রে সমান হইলেও অন্যান্য শ্রেণীর কর্মীদের বেতনক্রম সরকারী পলিটেকনিকের অনুরূপ শ্রেণীর কর্মীদের বেতনক্রমের সমান নহে।

বর্তমানে অর্থাৎ সংশোধিত বেতন হার চালু হইবার পর মহার্ঘভাতার ক্ষেত্রে স্পনসর্ড পলিটেকনিক ও সরকারী পলিটেকনিকের শিক্ষক ও অশিক্ষক উভয় শ্রেণীর কর্মীদের মধ্যে বৈষম্য রহিয়াছে।

স্পনসর্ড পলিটেকনিকের শিক্ষক ও অশিক্ষক কর্মীদের মধ্যে যাঁহারা সংশোধিত বেতনক্রম চালু হইবার পূর্বে সরকারি পলিটেকনিকের অনুরূপ শ্রেণীর কর্মীদের ক্ষেত্রে প্রচলিত বেতনহার ও মহার্ঘভাতা পাইতেছেন তাঁহাদের সরকারী পলিটেকনিকের অনুরূপ কর্মীদের সমান বেতনহার দিবার এবং সরকারী পলিটেকনিকের কর্মীদের বর্তমানে যে হারে মহার্ঘভাতা প্রদান করা হইতেছে স্পনসর্ড পলিটেকনিকের অনুরূপ শ্রেণীর কর্মীদের একই হারে মহার্ঘভাতা প্রদান করা যায় কিনা এ বিষয়টি এখনও সরকারের বিবেচনাধীন আছে।

## কলিকাতা হাইকোর্টের সারকিট বেঞ্চ

৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৭।) **Shri Ajit Kumar Basu :** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কলিকাতা হাইকোর্টের সারকিট বেঞ্চ প্রতিমাসে মেদিনীপুরে পাঠাইবার জন্য কোন প্রস্তাব সরকারের আছে কি ?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় : না।

## Issue of bus permits

470. (Admitted question No. 1534.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if it is a fact that Government has decided not to issue any Bus permit to any individual in future and to issue these permits exclusively to the groups of educated unemployed young men of the State ; and

(b) if so, the details of such decision ?

**The Minister for Home (Transport) :** (a) No. Permits are issued by the Regional Transport Authorities/State Transport Authority and these statutory bodies are guided by principles laid down in the Motor Vehicles Act, 1939 and the Bengal Motor Vehicles Rules, 1940, framed thereunder. Government have no power to direct the transport authorities to deviate from these principles. Certain suggestions have, however, been made by the Government for consideration of these transport authorities and they include grant of preference to unemployed persons, everything else remaining equal. It may be mentioned that grant of preference to Co-operative Societies is already prescribed in the Motor Vehicles Act.

(b) Does not arise.

**Goods Transport Service**

471. (Admitted question No. 1540.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government has any proposal to operate goods transport service through the different State Transport undertakings of the Government ; and

(b) if so, when the proposal is likely to be implemented ?

**The Minister for Home (Transport):** (a) The North Bengal State Transport Corporation operates goods transport service.

There is no proposal at present for operation of goods transport service by other State Ttransport Undertakings, viz., the Calcutta State Transport Corporation and the Durgapur State Transport Board.

(b) Does not arise.

**List of freedom fighters for presentation of "tamrapatram"**

472. (Admitted question No. 1545.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Political) Department be please to state—

(a) if it is a fact that West Bengal Government has not yet submitted to Central Gevernment the list of freedom fighters for presentation of "tamrapatra" to acknowledge their contribution to the freedom struggle on the occasion of the Silver Jubilee Celebration of our Independence ;

(b) if so, the reasons for the delay in submission of the list to the Central Government ; and

(c) when the Government will submit the list ?

**The Minister for Home (Political):** (a) It is not a fact. West Bengal's list of freedom fighters for presentation of "tamrapata" has already been sent to the Government of India by this Government.

(b) and (c) Do not arise.

**Disposal of complaints made against the employees of C.S.T.C. and C.T.C.**

473. (Admitted question No. 1550.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Trasport) Department be pleased to state—

(a) whether the Government has set up any specific machinery to attend to the complaints received from the public against the employees of C.S.T.C. and C.T.C. ; and

(b) the total number of such complaints received during the period from March, 1972 to July, 1972 and the corresponding period during the years 1967, 1968, 1969, 1970 and 1971 ?

**The Minister for Home (Transport) :** (a) No. But it is stated that both C.S.T.C. and C.T.C. have complaints cell in their offices to attend to complaints from the public against their staff. Arrangement has also been made by the C.T.C. for receiving such complaints at their depots numbering seven and at Esplanade Enquiry Counter. Compliant books are also maintained at thirteen zonal headquarters of the C S.T C. spread over the the city of Calcutta for recording such complaints.

(a) As furnished below.—

| Period (March to July) of— | Total number of complaints received by— | |
|---|---|---|
| | C S.T.C. | C.T.C. |
| 1967 | 556 | 257 |
| 1968 | 403 | 254 |
| 1969 | 299 | 237 |
| 1970 | 175 | 116 |
| 1971 | 94 | 91 |
| 1972 | 188 | 202 |

### প্রেক্ষাগৃহ হইতে রাজস্ব আদায়

৪৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৮।) **Shri Kashinath Misra :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সমগ্র পশ্চিমবঙ্গে বিভিন্ন প্রেক্ষাগৃহ হইতে সরকারের রাজস্বের পরিমাণ কমিয়া গিয়াছে ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ;

(গ) পশ্চিমবঙ্গে বর্তমানে কয়টি প্রেক্ষাগৃহ আছে এবং কোন জেলায় কত ,

(ঘ) ইহা কি সত্য যে, বিভিন্ন জেলায় এবং বৃহত্তর কলিকাতায় বিভিন্ন গ্রেডের সিনেমা হল আছে ; এবং

(ঙ) সত্য হইলে, গ্রেড অনুযায়ী সরকারের মাসিক আয়ের পরিমাণ কত ?

**অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না। বরং বিগত কয়েক বৎসরে বিভিন্ন প্রেক্ষাগৃহ হইতে সরকারের রাজস্বের পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট ৬৮১টি প্রেক্ষাগৃহ আছে। এ সম্বন্ধে একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(ঘ) বর্তমানে সরকারের বিধানে তিন প্রকার সিনেমা লাইসেন্স প্রচলিত আছে, যথা—(১) স্থায়ী সিনেমা লাইসেন্স, (২) অস্থায়ী গৃহাভ্যন্তরীণ সিনেমা লাইসেন্স ও (৩) অস্থায়ী মুক্তাঙ্গন সিনেমা লাইসেন্স।

(ঙ) সিনেমা অনুযায়ী রাজস্ব আদায়ের পরিমাণ রাখা হয় না। এইজন্য এই হিসাব দেওয়া সম্ভব নহে।

*Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 474*

**বিবরণী**

বিভিন্ন জেলাওয়ারী প্রেক্ষাগৃহের সংখ্যা

| জেলা | স্থায়ী প্রেক্ষাগৃহ | অস্থায়ী গৃহাভ্যন্তরীণ প্রেক্ষাগৃহ | অস্থায়ী মুক্তাঙ্গন প্রেক্ষাগৃহ | মোট |
|---|---|---|---|---|
| কলিকাতা | ৭৬ | ... | ... | ৭৬ |
| চব্বিশপরগনা | ৮৪ | ৩৫ | ৫২ | ১৭১ |
| মেদিনীপুর | ২১ | ৭৫ | ৮ | ১০৪ |
| বীরভূম | ৮ | ৯ | ... | ১৭ |
| মুর্শিদাবাদ | ১২ | ১৬ | ... | ২৮ |
| দার্জিলিং | ৮ | ৫ | ... | ১৩ |
| বর্ধমান | ৪৩ | ৮ | ... | ৫১ |
| পুরুলিয়া | ৭ | ৬ | ... | ১৩ |
| মালদহ | ৫ | ১২ | ... | ১৭ |
| নদীয়া | ১৯ | ৩ | .. | ২২ |
| জলপাইগুড়ি | ১৩ | ৫ | ... | ১৮ |
| পশ্চিম দিনাজপুর | ২ | ১০ | ২ | ১৪ |
| বাঁকুড়া | ৭ | ১১ | ... | ১৮ |
| হুগলী | ৩৫ | ১৯ | ৪ | ৫৮ |
| হাওড়া | ৩৫ | ১১ | ৪ | ৫০ |
| কোচবিহার | ৫ | ৬ | ... | ১১ |
| মোট | ৩৮০ | ২৩১ | ৭০ | ৬৮১ |

## মিনিবাসের লাইসেন্স

৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৪।) **Shri Niranjan Dihidar :** স্বরাষ্ট্র (পরিবহণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কলিকাতায় যাদের মিনিবাসের লাইসেন্স দেওয়া হয়েছে তাদের নাম কি এবং স্থায়ী বাসস্থান কোথায় ?

**স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় :** যাহাদের মিনিবাসের লাইসেন্স দেওয়া হয়েছে ঐরূপ ৩৪ জনের নাম ও ঠিকানাসম্বলিত একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

*Statement referred to in reply to unstarred Question No 475*

| Sl. No. | Vehicle No. | Name and address of the permit holders | Route No. | From and To |
|---|---|---|---|---|
| 1 | WBY-2007 | Quazi Asraf Ahmed, 29A Dilkhusa Street, Calcutta-17 | 1 | Gol Park to Dalhousie Square |
| 2 | WBY-2021 | Shri Nripendra Nath Banerjee, 57 Serpentine Lane, Calcutta-17 | 1 | Do |
| 3 | WBY-2022 | Shri Arun Das, 2/3B Dr. Suresh Sarkar Road, Calcutta-14 | 1 | Do |
| 4 | WBY-2006 | Shri Samarendra Kishore Chatterjee, 13/2D Priyonath Mullick Road, Calcutta-26 | 2 | Lake Road to Dalhousie Square |
| 5 | WBY-2009 | Shri Robin Sarkar, 29B Christopher Road, Calcutta-46 | 2 | Do |
| 6 | WBY-2018 | Shri Dilip Kumar Dutta, 3B Tollygunge Circular Road, Cal-33 | 2 | Do |
| 7 | WBY-2023 | Shri Kamalendu Saha, 75 Jodhpur Park, Calcutta-31 | 2 | Do |
| 8 | WBY-2012 | Shri Subrata Chatterjee, 11B Gobra Gorosthan Road, Calcutta-46 | 3 | Ekdalia Park to Dalhousie Square |
| 9 | WBY-2028 | Shri Saraj Kumar Ghosh, 10 Hari Ghose Lane, Calcutta-6 | 3 | Do |
| 10 | WBY-2002 | Shri Basanta Kumar Shaw, 6/3A Seal Lane, Calcutta-15 | 4 | Tollygunge P S to Dalhousie Square |
| 11 | WBY-2031 | Aftabuddin Ahmed, 30/1A Ekbalpore Lane, Calcutta-23 | 4 | Do |
| 12 | WBY-2035 | Shri Dilip Sengupta, 89 Monoharpukur Road, Calcutta | 4 | Do |
| 13 | WBY-2017 | Shrimati Sikha Samanta and Rathindra Nath Saha, 160/1 Monmotho Dutta Road Calcutta-37 | 5 | Tollygunge Club to Dalhousie Square |
| 14 | WBY-2020 | Shri Sadananda Dey, 2/1 Maher Ali Mondal Street, Calcutta-27 | 5 | Do |
| 15 | WBY-2029 | Messrs Bankura Transport Cooperative 47 Gokul Boral St., Calcutta-12 | 5 | Do |
| 16 | WBY-2016 | Shri Raj Kumar Chandra, 42A Mahendra Sarkar Street, Calcutta-12 | 6 | New Alipore Petrol Pump to Dalhousie Square |
| 17 | WBY-2019 | Shrimati Anjusree Chowdhury, 49A/30 Biren Roy Road West, Calcutta-8 | 6 | New Alipore Petrol Pump to Dalhousie Square |
| 18 | WBY-2033 | Sharbashri Robin Chakraborti, Asoke Paul and Samaj Halder, village Gopalbati, P O Habra, 24 Parganas | 6 | Do |
| 19 | WBY-2011 | Shri Sujit Ranjan Mukherjee, 12 Lenin Sarani, Calcutta-13 | 7 | Entally Puddapukur to Dalhousie Square |
| 20 | WBY-2001 | Shri Amar Nath Sen, 23B Ramananda Chatterjee St., Calcutta-9 | 9 | Manicktolla to Dalhousie Square |
| 21 | WBY-2014 | Shri Shyam Sunder Singh, 155 Park Street, Calcutta-17 | 9 | Do |
| 22 | WBY-2015 | Shri Ranjan Kumar Bose and Sujit Kumar Roy, 94/1C Garpar Road, Calcutta-9 | 9 | Do |
| 23 | WBY-2005 | Shri Gobinda Saha, 133/1E Raja Rajendralal Mitra Road, Calcutta-10 | 10 | Beliaghata CIT Buildings to Dalhousie Square |

| Sl. No. | Vehicle No. | Name and address of the permit holders | Route No. | From and To |
|---|---|---|---|---|
| 24 | WBY-2003 | Shri Nepal Ch. Nandi, 10/1 Peari Mohan Sur Lane, Calcutta | 11 | Beadon Street to Dalhousie Square |
| 25 | WBY-2008 | Shri Gopal Bhagat, 17 Bagmari Lane, Block 17, Room No. 36, Calcutta-54 | 11 | Do |
| 26 | WBY-2010 | Sriram Raj, 13A Pathuriaghat Street, Calcutta-6 | 11 | Do |
| 27 | WBY-2027 | S/s. Sandwip Dutta Roy and Dipak Kumar Chakraborti, 1/6 Nritya Gopal Chatterjee Lane, Cal-2 | 11 | Do |
| 28 | WBY-2034 | Messrs Friends' Transport Co-operative, A170 Baghajatin, Calcutta-47 | 11 | Do |
| 29 | WBY-2004 | Shri Tapan Kumar Banerjee, 21C Simlaipara Lane, Calcutta-2 | 12 | Bhupen Bose Avenue to Dalhousie Square |
| 30 | WBY-2013 | Shri Bireswar Prosad Saha, 23 Kali Prosad Saha Street, Calcutta-28 | 12 | Do |
| 31 | WBY-2024 | Shri Gopi Mohan Nayak, 2 Dwarka Nath Bose Lane, Calcutta-2 | 12 | Do |
| 32 | WBY-2026 | Shri Shew Kr. Mitra, 3 Baranashi Ghosh Street, Calcutta-7 | 12 | Do |
| 33 | WBY-2032 | S/s. Matilal Das, Rotillal Das, Amarnath Das and Chandi Charan Das, 13/1B Peari Das Lane, Calcutta-6 | 12 | Do |
| 34 | WBY-2030 | Shri Satyadas Banerjee, 5A Garpar Road, Calcutta-9 | 13 | Jodhpur Park to High Court |

### কেশিয়াড়ী-ফুলবনি পাকা রাস্তা

৪৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০২৮।) **Shri Budhan Chandra Tudu** : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেশিয়াড়ী-ফুলবনি পাকা রাস্তার কাজ এখনও শেষ না হওয়ার কারণ কি ;

(খ) কবে নাগাদ উহার কাজ শেষ হবে বলে আশা করা যায় ; এবং

(গ) ঐ রাস্তা কোন্ কোন্ গ্রামের ভিতর দিয়ে যাবার কথা ?

**পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) দুইটি কারণ : (১) জমি সম্পর্কিত ব্যাপারে হাইকোর্টের ইনজাংসন ; (২) স্থানীয় জনসাধারণের আবেদনক্রমে পূর্বনির্ধারিত পথরেখার পুনর্বিবেচনা।

(খ) প্রথমতঃ সংশ্লিষ্ট ইনজাংসন-এর মীমাংসা হওয়া দরকার, দ্বিতীয় পথরেখা চূড়ান্তভাবে গৃহীত হওয়া প্রয়োজন। এইসবের উপর কাজ শেষ হওয়া নির্ভর করছে।

(গ) পথরেখা চূড়ান্তভাবে স্থিরিকৃত হলে সঠিক উত্তর দেওয়া সম্ভব।

### Relief to the Cattle owners affected by natural calamities

477. (Admitted question No. 1567.) **Shri Hari Sadhan Dolui** : Will the Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Department be pleased to state—

(a) whether the Government has prepared any scheme for providing financial or any other kind of relief to the cattle licensees affected by natural calamities this year ; and

(b) if so, details of the scheme ?

**The Minister for Animal Husbandry and Veterinary Services** : (a) No.

Relief is being given to the poor cattle owners in the distressed rural areas, whereas the cattle licensees are relatively well-to-do residents of urban areas.

(b) Does not arise.

### তারাপুর-বলাগড়ঘাট রাস্তা

৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৮।) **Shri Naresh Chandra Chaki** : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রাণাঘাট ১নং ব্লকের তারাপুর-বলাগড়ঘাট রাস্তাটির নির্মাণকার্য বর্তমানে কি পর্যায়ে আছে;

(খ) ৩৪নং জাতীয় সড়ক এবং উক্ত রাস্তাটির যোগাযোগ (লিঙ্ক রোড) রাস্তা হিসাবে হবিবপুর-তারাপুর এবং আইশতলা-নপাড়া রাস্তা দুইটি নির্মাণের পরিকল্পনা বর্তমানে কি পর্যায়ে আছে; এবং

(গ) এই রাস্তাগুলির কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) রাস্তাটির বর্তমানে ঝামাখোয়ার কাজ পর্যন্ত হইয়াছে।

(খ) এই ধরনের কোন রাস্তা নির্মাণের পরিকল্পনা বর্তমানে নাই।

(গ) রাস্তাটি নির্মাণের পথে কোন বাধা না আসিলে ১৯৭৩ সালের মধ্যে ইহার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়।

### Fodder Banks

**479.** (Admitted question No. 1563.) **Shri Hari Sadhan Dolui** : Will the Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Department be pleased to state whether the Government has any proposal for establishment of Fodder Banks in the State—

**The Minister for Animal Husbandry and Veterinary Services** : Animal Husbandry and Veterinary Services Department have no proposal for establishment of any Fodder Bank in this State at the Present moment.

### জোনাল কো-অপারেটিভ রাইস মিল, বীরভূম

৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮০।) **Shri Sachi Nandan Shaw** : সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় অবস্থিত ইলামবাজার, বোলপুর, নানুর জোনাল কো-অপারেটিভ রাইস মিলটি কবে নাগাদ চালু হইবে;

(খ) উক্ত রাইস মিলটির জন্য সরকার কত অর্থ বরাদ্দ করেছেন;

(গ) কতজন লোক উক্ত মিলটিতে চাকরি পাইবে,

(ঘ) তন্মধ্যে শিক্ষিত ব্যক্তি এবং শ্রমিক কতজন, এবং

(ঙ) উক্ত রাইস মিলটি পরিচালনার জন্য কোন পরিচালক সংস্থা আছে কিনা এবং থাকিলে, উক্ত সংস্থার সভা কবে কবে আহুত হইয়াছে?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) বীরভূম জেলায় জোনাল কো-অপারেটি রাইস মিল সোসাইটি লিমিটেডের মিলটি ১৯৭২ সালের নভেম্বর মাসের মধ্যে চালু হইবে আশা করা যায়।

(খ) ৪ লক্ষ ২৫ হাজার টাকা।

(গ) ও (ঘ) ৫ জন শিক্ষিতের স্থায়ী চাকরি ও দৈনিক ২৫ জন শ্রমিকের কর্মসংস্থান হইতে পারে।

(ঙ) রাইস মিলটির পরিচালনা সমিতির পরিচালকমণ্ডলীর উপর ন্যস্ত এবং প্রয়োজন অনুসারে উহার সভা আহূত হয়। বিগত সভা ১৭ই জানুয়ারি ১৯৭২ তারিখে আহূত হইয়াছিল।

## মেদিনীপুর জেলায় স্থায়ী ও অস্থায়ী বাসরুট

৪৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৭।) **Shri Prodyot Kumar Mahanti :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৭ সাল হইতে ১৯৭২ সালের মার্চ পর্যন্ত মেদিনীপুর জেলায় কোন্ কোন্ রুটে কয়টি নতুন স্থায়ী এবং অস্থায়ী বাসরুট মঞ্জুর করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়: ১৯৬৭ সাল হইতে ১৯৭২ সালের মার্চ পর্যন্ত মেদিনীপুর জেলায় মোট ২৮টি নূতন স্থায়ী পারমিট এবং ৮৭টি অস্থায়ী বাস পারমিট মঞ্জুর করা হইয়াছে। কোন্ রুটে কতগুলি স্থায়ী এবং অস্থায়ী পারমিট মঞ্জুর করা হইয়াছে তাহার বিবরণ-সম্বলিত তালিকা নিম্নে দেওয়া হইল।

***Statement referred to in reply to unstarred question No. 481***

১৯৬৭ সাল হইতে ১৯৭২ সালের মার্চ পর্যন্ত মঞ্জুরীকৃত স্থায়ী পারমিটের তালিকা

| | বাসরুটের নাম | পারমিটের সংখ্যা |
|---|---|---|
| ১। | মেদিনীপুর-লালগড় | ১ |
| ২। | খড়গপুর-শিলদা | ২ |
| ৩। | মেদিনীপুর-বড়িষা | ১ |
| ৪। | মেদিনীপুর-সোনাকলিয়া | ১ |
| ৫। | ঝাড়গ্রাম-বেলপাহাড়ী | ১ |
| ৬। | বালিচক-দেহাটি | ১ |
| ৭। | গড়বেতা-সারেঙ্গা | ২ |
| ৮। | সেবায়তন-চিচড়া | ১ |
| ৯। | মেদিনীপুর-দীঘা | ১ |
| ১০। | ঝাড়গ্রাম-মেদিনীপুর | ১ |
| ১১। | মেদিনীপুর-মাড়োতলা | ১ |
| ১২। | লোয়াদা-পাঁচকুড়া | ২ |
| ১৩। | মেদিনীপুর-দেহাটি | ১ |
| ১৪। | শ্রীরামপুর-মেচেদা | ১ |
| ১৫। | নরঘাট-গেঁওখালি | ২ |
| ১৬। | মেদিনীপুর-রামজীবনপুর | ১ |
| ১৭। | ঝাড়গ্রাম-দীঘা | ১ |
| ১৮। | মেদিনীপুর-রসুলপুর | ১ |
| ১৯। | ঝাড়গ্রাম-কুটিঘাট | ১ |
| ২০। | তেরোপাখিয়া-নন্দীগ্রাম | ২ |
| ২১। | কাঁথি-দাদনপাত্রবাড় | ১ |
| ২২। | ঝাড়গ্রাম-বেলেবেড়্যা | ১ |
| ২৩। | তমলা-নরঘাট | ১ |
| | মোট | ২৮টি |

১৯৬৭ সাল হইতে ১৯৭২ সালের মার্চ পর্যন্ত বিভিন্ন রুটে মঞ্জুরীকৃত অস্থায়ী পারমিটের তালিকা

| | বাসরুটের নাম | পারমিটের সংখ্যা |
|---|---|---|
| ১। | রামগড় হইতে মেদিনীপুর ভায়া গোয়ালতোড় ও চন্দ্রকোণা রোড | ২ |
| ২। | মেদিনীপুর হইতে দেহাটি | ১ |
| ৩। | মেদিনীপুর হইতে রোহিনী ভায়া কেশিয়াড়া | ১ |
| ৪। | মেদিনীপুর হইতে কানপুর-বাগতলা ভায়া কেশিয়াড়া | ১ |
| ৫। | মেদিনীপুর-ঝাড়গ্রাম ভায়া খড়গপুর | ১ |
| ৬। | মেদিনীপুর-কাঁথি ভায়া বেলদা | ১ |
| ৭। | মেদিনীপুর-রামজীবনপুর ভায়া বিকাশপুর | ১ |
| ৮। | খড়গপুর-দীঘা | ২ |
| ৯। | তমলুক-চিংড়াখালি | ৩ |
| ১০। | চন্দ্রকোণা রোড-ঘাটাল ভায়া চন্দ্রকোণা টাউন | ১ |
| ১১। | এগরা-নরঘাট | ২ |
| ১২। | কাঁথি-শোলপাটা ভায়া এগরা | ২ |
| ১৩। | কাঁথি-দীঘা | ১ |
| ১৪। | গেঁওখালি-নরঘাট | ১ |
| ১৫। | কাঁথি-বেলদা | ১ |
| ১৬। | মেদিনীপুর-বরিষা | ৫ |
| ১৭। | মেদিনীপুর-ভগবানপুর ভায়া কেশিয়াড়ী | ২ |
| ১৮। | মেদিনীপুর মাধাখালি ভায়া নারায়ণগড় | ১ |
| ১৯। | পানিপারুল-মেদিনীপুর ভায়া এগরা-নারায়ণগড় | ১ |
| ২০। | মেদিনীপুর-কালিনগর ভায়া কাঁথি | ১ |
| ২১। | ভাদুতলা-তমলুক | ২ |
| ২২। | গোদাপিয়াশাল-কোলাঘাট ভায়া মেদিনীপুর | ১ |
| ২৩। | মেদিনীপুর-ঘাটাল ভায়া কেশপুর | ১ |
| ২৪। | মেদিনীপুর-কলাগ্রাম ভায়া কেশপুর | ১ |
| ২৫। | আমলাগুলি-মেদিনীপুর ভায়া হুমগড় | ২ |
| ২৬। | নরঘাট-মেদিনীপুর | ১ |
| ২৭। | মেদিনীপুর-দারিশোল | ১ |
| ২৮। | আই, আই, টি, (হিজলী)-দীঘা ভায়া খড়গপুর | ১ |
| ২৯। | ঝাড়গ্রাম-কাঁথি ভায়া খড়গপুর | ১ |
| ৩০। | মেদিনীপুর-ইটাবেড়িয়া | ১ |
| ৩১। | খড়গপুর-ইটাবেড়িয়া | ১ |
| ৩২। | কুঁকড়াহাটি-চিংড়াখালি ভায়া দুর্গাচক | ৩ |

| বাসরুটের নাম | পারমিটের সংখ্যা |
|---|---|
| ৩৩। খড়ার-পাঁশকুড়া রেলওয়ে স্টেশন | ১ |
| ৩৪। সিজুয়াঘাট-ঘাটাল ভায়া রামগড় | ১ |
| ৩৫। চন্দ্রকোণা রোড-কোলাঘাট ভায়া চন্দ্রকোণা টাউন | ১ |
| ৩৬। টাবাগেরিয়া-পাঁশকুড়া রেলওয়ে স্টেশন | ১ |
| ৩৭। সারেঙ্গা-খড়গপুর রেলওয়ে স্টেশন | ১ |
| ৩৮। কাঁথি-পানিপারুল ভায়া এগরা | ২ |
| ৩৯। বেলদা-জুনপুট ভায়া কাঁথি | ১ |
| ৪০। ঝাড়গ্রাম-হলদিয়া | ১ |
| ৪১। কুটিঘাট-বালিচক রেলওয়ে স্টেশন | ১ |
| ৪২। ঝাড়গ্রাম-দারিশোল | ১ |
| ৪৩। ঝাড়গ্রাম-রগরা | ১ |
| ৪৪। কুটিঘাট-বেলপাহাড়া ভায়া ঝাড়গ্রাম | ১ |
| ৪৫। ঝাড়গ্রাম-রাঘবপুর | ১ |
| ৪৬। নেরাদেউল-ঘাটাল | ১ |
| ৪৭। আনন্দপুর-ভসরাঘাট | ১ |
| ৪৮। মেদিনীপুর-দেউলিহাট | ১ |
| ৪৯। কাঁথি-মীরগোদা | ১ |
| ৫০। বাগুয়াচক-দীঘা | ১ |
| ৫১। খড়ার-মেদিনীপুর | ১ |
| ৫২। খড়ার-খড়গপুর | ১ |
| ৫৩। নারাজোল-ঘাটাল | ১ |
| ৫৪। বেলপাহাড়ী-মেদিনীপুর ভায়া বীন | ১ |
| ৫৫। বেলপাহাড়ী-মেদিনীপুর ভায়া পরিহাটি | ১ |
| ৫৬। বেলপাহাড়ী-কাঁথি ভায়া খড়গপুর | ১ |
| ৫৭। কাকডিহি-চিংড়াখালি | ২ |
| ৫৮। কুটিঘাট-গিধনা রেলওয়ে স্টেশন | ১ |
| ৫৯। বগা-নরঘাট ভায়া তল্লা | ৩ |
| ৬০। ধুমসাই-নয়াগ্রাম | ১ |
| ৬১। গোমুণ্ডা-খড়গপুর | ২ |
| ৬২। খড়গপুর-মহাপাল | ১ |
| ৬৩। মেদিনীপুর-শীলদা | ১ |
| ৬৪। মেদিনীপুর-দাতন | ১ |
| ৬৫। মেদিনীপুর-মহাপাল | ১ |
| ৬৬। মেদিনীপুর-সোনাকেলিয়া | ১ |
| ৬৭। ঝাড়গ্রাম-কুলটিকুরী | ১ |
| মোট | ৮৭ |

[1-20—1-30 p. m.]

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Shri Subrata Mukhopadhaya** : Sir, in response to the notice of the honourable member, Shri Sisir Kumar Sen, calling my attention to a matter of urgent public importance, namely, attack on workers of Gagalbhai Jute Mill, P. S. Uluberai, I make the following statement :

On 7th August 1972, at about 20 hours, when some labourers were going to Galalahai Jute Mill, P. S. Uluberia, for joining their duties, they were attacked by some miscreants reported to be supporters of C. P. I. (M), near Phuleswar Railway Station. As a result, two persons, namely, Sanyasi Manna, aged 25/26 years, son of Badal Manna, and Sk. Samsuddin, son of late Sodat Ali. both of Brindabanpur village, P. S., Uluberia, received stab injuries. They were given first-aid at Uluberia E. S. I. Hospital and Uluberia Hospital. As their condition was serious, they were removed to Calcutta Medical College Hospitals, where they are reported to be progressing. In this connection a criminal case under sections 307, 148, 341 and 326, I P C., has been started. One person named Kartick Kolay, son of Bhadreswar Kolay, of Jagannathpur, has been arrested.

**Dr. Md. Fazle Haque** : Mr. Speaker, Sir, in response to the notice served by Shrimati Geeta Mukhopadhya, an honourable member of this House, calling attention to a urgent public importance, namely, the recovery of the dead body of Naren Ghosh from a pond, may I make the following statement :

On 4th August 1972 afternoon the dead body of one Naren Ghosh alias Haru Ghosh (CPI) was found with injuries from a pond adjacent to his house at village Kharija Baniadaha, near Abutara, P. S. Dinhata. The hands and legs of the deceased were found tied up. The pond belonged to the eldest brother of the deceased. Finding no trace of the deceased on the morning of 4th August 1972, a village boy was asked to search the pond, when the body was found under the water. According to the complant, one Deben Barman, an ill-reputed man of Nandina, P. S. Dinhata, met the deceased at about midnight on 3/4th August 1972 and since then the deceased was found missing. No political rival is suspected. A specific case has been started.

All the three accused persons who are alleged to be involved in the case have since been arrested. They are Phani Ghosh, brother of the deceased, Deben Barman and Monoranjan Barman, all of Abutara, P.S. Dinhata.

Phani Ghosh has since made a confession before the Police and has stated that Naren Ghosh, his brother, tried to grab his property and used to treat him like a servant. Phani had, therefore, grudge agaainst ,the deceased. It is alleged that the deceased had illicit connection with the wife of his brother, Phani Ghosh.

Deben Barman belongs to Forward Bloc and Phani Ghosh claims himself to be a supporter of CPI.

Sir, in response to the calling attention notice given by Shri Naresh Chandra Chaki, an honourable member of this House, in respect of a matter of public importance, viz., serious accident in 34 National Highway near Chakdah, Nadia, on 7th August 1972, may I may the following statement :

An escort party of Murshidabad district was escorting Shri Abdus Sattar, Agricultural Minister, West Bengal, on 7th August 1972, from Berhampore to Calcutta by Police jeep No. WBP 3028 of Murshidabad. The escort party consisting of Armed S. I. Syamaprasanna Sarkar of S.A.P. III, driver constable Raghu Nath Bhattacharjee of Murshidabad district and constables Nemai Biswas and Nemai Ghosh, both of S.A.P. III, left Berhampore at about 04.30 hrs. on 7th August 1972 and was proceeding towards Calcutta by N. H. 32. At about 08.00 hrs. on 7th August 1972 the escort car met with a serious accident with North Bengal State Transport Bus No. WGT 1140 by head on collision at Gorepara about 2 miles from Chakdah P. S. in Nadia district. The Police jeep (Escort Car) was damaged. Armed S. I. Syamaprasanna Sarkar died on the spot. All other constables, including the driver constable, sustained serious iniuries and were removed to hospital. At Kalyani J. N. M. hospital constable Nemai Biswas succumed to his injuries after a few hours of his admission to the hospital. Driver constable Raghu Nath Bhattacharjee and constable Nemai Ghosh are now reported to be progressing. Chakdah P.S. Case No 3, dated 7th August 1972, u/s 279/304/338, I.P.C., was started over the incident. The S.P., Murshidabad, and S. P., Nadia, visited the place of occurrence on 7th August 1972. The driver of the State Transport Bus, Shri Lalit Mohan Chakrabartti was arrested in this case.

A sum of Rs.500 each to the families of the said two police personnel have been given from the Inspector-General of Police's Benevolent Fund. The benefits of the extraordinary pension, etc., as admissible to Govt. servants killed while on duty will be accorded. The question of sanctioning additional financial relief to the families of the deceased is under consderation.

**Mr. Speaker :** I have received five notices of calling attention on the following subjects, namely :

(1) Token cease work and proposed hunger strike by five hundred non-teaching staff of colleges in West Bengal—From Shri Biswanath Chakrabarti ;

(2) Serious condition of the working class and low income-group families of the drought affected Bankura district—From Shri Kashinath Misra ;

(3) Hunger strike by teachers and non-teaching staff of polytechnics and allied institution of Govt. since 9th August, 1972—From Shri Aswini Roy, Shri Harasankar Bhattacharyya and Shrimati Ila Mitra ;

(4) Supply of materials for flood and drought affected people of West Bengal—From Shri Md. Dedar Baksh ; and

(5) Salary and GDA for non-Govt. college teachers—From Shri Harasankar Bhattacharya, Shri Biswanath Chakraborti and Shrimati Illa Mitra.

As I am reported that the House will be adjourned *sine die* today, it will not be possible for the Hon'ble Ministers-in-chage of different departments to make statements on the subjects if I admit those calling attention notices. They will require sufficient time to make statement on any of the above subjects. So, it is not possible to admit any of the calling attention notices because the Huose is going to be adjourned *sine die* today.

**Shrimati Geeta Mukhopadhyay** : স্যার, একটা অনুরোধ করব আপনার কাছে। এরমধ্যে অনেকগুলি ব্যাপারে বিভিন্ন খবরাখবর নেওয়ার দরকার আছে। কিন্তু এই যে নন্-টীচার্স কলেজ এমপ্লয়ী সম্পর্কে যেটা দেওয়া আছে, সৌভাগ্যক্রমে শিক্ষামন্ত্রী স্বয়ং এখানে হাজির আছেন, এরজন্য কারও কাছে কোন তথ্য চাইতে হবে না, এ বিষয়ে তিনি বিবেচনা করেছেন কি করবেন না যদি একটু বলেন তো ভাল হয়। যদি হাউস আজকে বন্ধ হয়ে যায়, ২৮শে তারিখে তারা হাংগার স্ট্রাইক আরম্ভ করবে, কাজেই এমতাবস্থায় হাউসকে এ বিষয়ে জানাতে পারলে সুবিধা হত। তাই এ বিষয়ে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**Mr. Speaker** : Honourable members, I want to draw your attention, particularly of Shrimati Geeta Mukhopadhyaya, that yesterday many honourable members particularly the teacher-members raised a very important point regarding deficit grants of the high schools. I, to some extent, conceded that the Minister concerned should make a statement because, as was alleged or submitted by the honourable members, an assurance was also given that in this respect a statement would be made by the Education Minister. I also contacted the Education Minister, on the same day, afterwords he had a meeting also with the MLAs who are teachers. So, I think the Hon'ble Minister will make a statement today regarding deficit grants to high schools particularly about the position of those schools which are not favoured with deficit grants. In that respect I think the Hon'ble Minister-in-charge of Education Department will make a statement later on.

**Shrimati Geeta Mukhopadhyaya** : ওটা সম্পর্কে খুব ভাল কথা আমি তুলছিলাম non-government কলেজের non-teaching staff দের proposed অনশন, আমরণ অনশন বিষয়ে, যার উপর আজকে দুটো calling attention নোটিশ আছে। আগের সঙ্গে যদি এটা সম্পর্কেও শিক্ষামন্ত্রী কিছু বলতেন, তাহলে আমাদের পক্ষে সুবিধে হতো।

**Shri Gyan Singh Sohanpal** : তাহলে দুটো মিশিয়ে ফেলা হবে যে।

**Shrimati Geeta Mukhopadhyaya** : তা হবে কেন? এক নম্বর, দু নম্বর করে বললেই হবে।

**Shri Sukumar Bandyopadhyay :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমরা বিধানসভার সদস্য যারা আছি, তাঁদের চিঠি দেবার জন্য ব্যবস্থা আছে। লবিতে একটা বড় টেবিলের উপর আমাদের বিভিন্ন সদস্যদের নামে বহু চিঠি এসে জমে রয়েছে। সেই চিঠির গাদা থেকে ব্যক্তি বিশেষের নামের চিঠি খুঁজে বের করা সম্ভব হয় না। ঐ ভাবে এলোমেলো স্তূপীকৃত অবস্থায় চিঠি থাকার দরুণ সদস্যরা জরুরী চিঠিপত্র সময়মত পায় না। আমাদের নির্বাচনী কেন্দ্র থেকে গুরুতর অভিযোগ এসেছে—সময়মত তাদের চিঠিপত্রের উত্তর না দেবার জন্য। সেইজন্য আমি আপনাকে অনুরোধ করবো ভবিষ্যতে—আগামী অধিবেশনে এম এল এ দের এইসব চিঠিপত্র স্বতন্ত্রভাবে আলাদা আলাদা খোপে যদি রাখার ব্যবস্থা হয়, তাহলে সদস্যদের চিঠিপত্র পেতে সুবিধে হয়। আমি আশা করি আপনি এবিষয়টা একটু সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন এবং যথাবিহিত ব্যবস্থা করবেন।

**Mr. Speaker :** Mr. Bandyopadhyay, I will look into the suggestion that you have just now made and see how far my secretarit can help the honourable members in getting letters.

## MENTION CASES

[1-30—1-40 p.m.]

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি যে বিষয়টির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেটা মৎস্য বিভাগের ব্যাপার, মাননীয় মন্ত্রী মৎস্য বিভাগের এখানে এখন নাই। শ্রীকে. সি. সাহা ইনি ছিলেন মৎস্য বিভাগের ডিরেক্টর advisor, এখন Managing Director উনি State Fishery Development Corporation এর। এর শৈথিল্য, স্বজনপোষণ ও নানাবিধ অকর্মণ্যতার কারণে State Fishery Development Corporation এর যে সমস্ত উন্নয়নমূলক স্কীম ইতিমধ্যে take up করা হয়েছে, তার সঙ্গে বাস্তবের কোন রকম সামঞ্জস্য বা মিল নাই, সেগুলো আদৌ সত্য নয়। বহু টাকা মৎস্য বিভাগের misuse হচ্ছে। বিধানসভায় দাঁড়িয়ে এবিষয় জোর গলায় আমি প্রতিবাদ করি। মৎস্যজীবী সম্প্রদায় আমাদের কাছে অনেক আশাভরসা করতে পারে। কিন্তু তারা আজ ধুকে ধুকে মরছে। তাদের উন্নয়নের জন্য যেসব ব্যবস্থাপনা ও স্কীম করা হচ্ছে, সেগুলি ঐ ভদ্রলোকের চক্রান্তে বানচাল করা হচ্ছে। এমন কি আমার কাছে রিপোর্ট আছে during the last 4 years এই State Fishery Development Corporation এ ১৪ লক্ষ টাকা loss বা ক্ষতি হয়েছে এইরকম একজন অফিসারের চক্রান্তে। এইরকম একটা অফিসার যে অফিসার আমাদের মাথার উপর বসে রয়েছে, মৎস্য বিভাগের দায়-দায়িত্ব গ্রহণ করে আজকে বাংলা দেশের মানুষের স্বার্থকে জলাঞ্জলি দিচ্ছে এবং পশ্চিমবঙ্গের যে জায়গায় মৎস্য ডেভেলপমেন্ট করপোরেসন হয়েছে এবং সেখানে যে সমস্ত স্কীম গ্রহণ করা হয়েছে সেগুলির ফিজিক্যাল ভেরিফিকেসন হওয়া দরকার। মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং এই ব্যাপারে এই বিধানসভার সদস্যদের মধ্যে যাঁরা ঐ ব্যাপারে এক্সপার্ট লোক আছেন তাঁদের তিন জনকে নিয়ে একটা কমিটি করে তারমধ্যে সরকারী অফিসারদের নিয়ে একটা টিম তৈরী করে এ সম্বন্ধে ভেরিফিকেসন করবার ব্যবস্থা করুন। বহু রিপোর্ট আছে এই লোকটির সম্বন্ধে আমি সেইসব রিপোর্ট এখন শোনাতে পারছি না সময় কম বলে। It will take time. সব জিনিসটা পড়ে সময় করে উঠতে পারবো না প্রায় ৪।৫ পৃষ্ঠা আছে। এই লোকটির সম্বন্ধে তার কার্যকলাপ সম্বন্ধে বহু অভিযোগ আছে। তিনি টাকা খরচ করে যান এবং সমস্ত জিনিসের উপর টাকা খরচ করেন যার সংগে বাস্তবের কোন সংগতি নাই। আমি দাবি করছি অনতিবিলম্বে এর বিধিব্যবস্থা হওয়া দরকার। আমরা জানি তিনি জানুয়ারী মাস পর্যন্ত এক্সটেনসনে আছেন,

শুনা যাচ্ছে যে তার এক্সটেনসন পিরিয়ড বর্ধিত করা হবে। এই লোকটিই সেই ডিপ সি ফি স্কীম করে আমাদের অনেক সর্বনাশ করেছিল এবং সেই ট্রলারের কথা সবাই জানেন। আজ তিনি ম্যানেজিং ডিরেকটারের পদ নিয়ে ডেভেলপমেন্ট করপোরেসনের ঘাড়ে বসে দৌরাত্ম্য ক যাচ্ছেন। এবং যারা ভাল কাজ করছেন তাদের বিরুদ্ধে তিনি ষড়যন্ত্র করছেন। আজ সেখানে যে স্কীম গ্রহণ করা হয়েছে মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি বলছি যে সেখানে এব ফিজিক্যাল ভেরিফিকেসন করবার জন্য টিম পাঠান এবং তাহলেই দেখতে পাবেন যে ঐ স বাস্তবের সংগে তার কোন সংগতি নাই। এগুলি false and fictitious and frivolo grounds. সেখানে লেবারদের যে পাটানো হচ্ছে সেখানে অনেক ফলস নামে লোক খাটা তারপর সেখানে যে ব্রিকস নেওয়া হয়েছে সেগুলি থার্ড গ্রেডেড ব্রিকস ফোর্থ গ্রেডেড এই স ব্রিকস দিয়ে কাজ হচ্ছে। সেখানে যে লেবার খাটানো হচ্ছে তার মধ্যে কতকগুলি ফলস ন দিয়ে টাকা লুটপাট হচ্ছে—সেই মাষ্টার রোল রয়েছে সেটা একেবারে false and fictitio master roll. এইভাবে সেখানে টাকা তছরূপ হচ্ছে। আমি এই ব্যাপারে আপনার মাধ্য যেহেতু মৎস্য বিভাগের মন্ত্রী এখানে নেই সেইহেতু এখানে যে পার্লামেন্টারী এ্যাফেয়াস মিনিস্টার রয়েছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এবং তাঁকে অনুরোধ করছি যে তিনি এ অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখবেন। আমি অনুরোধ জানাচ্ছি যে তিনজন এক্সপার্ট এম. এল. নিয়ে—আমাদের ঐ হরেন হালদার মহাশয় রয়েছেন বা এই সমস্ত ব্যাপারে যারা যুক্ত আ আমাদের সরকারী কর্মচারী তাদের নিয়ে একটা তদন্ত কমিটি করুন। তারা সেখানে গি দেখুন কিভাবে টাকার তছরূপ হচ্ছে। স্যার, ১৪ লক্ষ টাকা তছরূপ করেছে। সেইজন্য আ বলছি যে একটা তদন্তকমিটি পাঠানো হোক এই কে. সি. সাহার বিরুদ্ধে এবং এ ব্যাপা বিহিত ব্যবস্থা অবলম্বন করা হোক।

**Shri Habibur Rahaman :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বন্যা, অনাবৃষ্টি, খ এইসব প্রাকৃতিক বিপর্যয়ে সারা গ্রামবাংলার মানুষের ক্রয়ক্ষমতা কি অবস্থায় এসেছে তা আ সর্বজনবিদিত এবং যার জন্য আজকে সরকার সেখানে খাদ্যদ্রব্য দেবার কথা চিন্তা করছে সরকারকে আজকে চিন্তা করতে হচ্ছে গ্রামবাংলার মানুষকে সবসিডাইজড রেটে খাদ্য দ্র দেবার। কলকাতা সহরের মানুষকে সেই সময় রেশন সপের মাধ্যমে ক্যানাডিয়ান রেপস অয়েল ৪-৪০ দরে দেবার ব্যবস্থা হচ্ছে। আজকে গ্রামবাংলার দিকে লক্ষ্য করে দেখুন তাদে আজকে কি চরম অবস্থা নিত্যপ্রয়োজনীয় জিনিষপত্রের কি রকম দাম হয়েছে, ৬-৫০ পয়স তাদের আজকে সরষের তেল কিনতে হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে বিভাগী মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে শুধু সহরেই তেল দিলে দেশ বাঁচবে না দেশের উন্নতি হ না গ্রামবাংলার মানুষ যাতে ঐ তেল পায় তার ব্যবস্থা করুন। আমি প্রস্তাব করছি আপন মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে যে ঐ ক্যানাডিয়ান রেপসিড অয়েল রেশন ডিলারের মাধ্য যাতে গ্রামবাংলার মানুষ পায় তার সুব্যবস্থা করুন।

[1-40—1-50 p. m.]

**Shri Asamanja Dey :** মাননীয় স্পীকারমহাশয়, আমি আপনার মাধ্যমে কলকাতা একটি বিখ্যাত হাসপাতাল এস এস কে এম হাসপাতালে কার্ডিওলজি ডিপার্টমেন্টের প্রফেস ডাইরেকটার ও আই পি জি এম ই আর এর ডাইরেকটার ডা: ডি পি বাসুর কতিপয় অদ্ভু কীর্তিকাহিনীর প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকৃষ্ট করে অবিলম্বে অনুসন্ধান ও উপযুক্ত প্রতিকা দাবি করছি। সকাল ৮টায় তাঁর হাসপাতালে আসার কথা কিন্তু সোম ও শনিবার আউ পেসেনট অ্যাডমিসানের দিনে বেলা ১১টা পর্যন্ত অপেক্ষা করেও তার হদিস মেলে না। তি তাঁর ওয়ার্ডের কোনই তত্ত্বাবধান করেন না। প্রসংগত উল্লেখ করা যেতে পারে যে এ অব আজকের নয়, আমরা জানি পি জি হসপিটালের কার্ডিওলজি ডিপার্টমেন্টের ওয়ার্ড মাস্ট

শ্রীপাইন মজুমদারকে ১৯৭০ সালে অসুস্থ অবস্থায় ভর্তি করায় ৪৮ ঘণ্টার মধ্যেও তাঁর রোগী দেখার ফুরসুত মেলেনি এবং এই হতভাগ্য মারা যান। ফলে ক্লাশ থ্রি ও ক্লাশ ফোর স্টাফরা তাঁকে ঘেরাও করেছিলেন। আইনতঃ তিনি প্রাইভেট প্রাকটিশ করতে পারেন না। কিন্তু তাঁর এই আইনবিরুদ্ধ কাজের ভূড়ি ভূড়ি উদাহরণ আছে। তিনি ৫নং লিণ্ডসে ষ্ট্রিটের ডাঃ ইউ পি গাংগুলীর চিকিৎসা বাবত ৫ হাজার ১০০ টাকা নিয়েছিলেন, তার প্রয়োজনীয় বিল ও নজীর আমার কাছে আছে। এখনও তিনি বেলেভিউ নার্সিং হোমে ডাঃ কে পি বক্সীর নামে তাঁর প্রাইভেট পেসেন্টদের ভর্তি করেন এবং তাঁর প্রফেসানাল অ্যাটেনডেন্সের মাধ্যকে প্রয়োজনীয় টাকা নিয়ে থাকেন। স্বরাষ্ট্র মন্ত্রী যদি ইনটালিজেনস ব্রাঞ্চের লোক পাঠাতে পারেন তাহলে এ খবর নিশ্চয় পেয়ে যাবেন। শুধু তাই নয় এই ভদ্রলোক তুলনাবিহীনভাবে সরকারী অর্থ ব্যয় করেন। লণ্ডনে সিকসথ ওয়ার্লর্ড কংগ্রেস অব কার্ডিওলজির কার্ডিও মায়োপ্যাথিতে বক্তৃতার করার জন্য সরকারী প্রতিনিধি হিসাবে প্রচুর অর্থ তিনি ব্যয় করেছিলেন। পরে জানা গেল বক্তৃতা করা তো দূরের কথা তাঁর আমন্ত্রণ পাওয়ার কথাটার ভূয়া। সাবোরডিনেট স্টাফদের প্রমোশন ও ট্রানসফারের ব্যাপারে নিয়ম, ন্যায় নীতি লংঘন করে যথেচ্ছাচার তিনি করে করে চলেছেন। এমন কি জুনিয়ার আই সি এম আর-এর ফেলো শ্রীরবীন্দ্রনাথ ব্যানার্জীকে ফেলোশিপের ন্যায্য টাকা থেকেও বঞ্চিত করেছেন। এবং ন্যাশানাল গ্রীণ্ডলেজ ব্যাংকের এন্টালী ব্রাঞ্চে তাঁর সেভিংস ব্যাংক অ্যাকাউন্টের টাকার পরিমাণ স্ফীত থেকে স্ফীততর হয়ে উঠছে। আমি অবিলম্বে এই বিষয়ে প্রকৃত অনুসন্ধান দাবি করে এত গুরুত্বপূর্ণ পদে থেকে দিনের পর দিন সরকারী নিয়মনীতির লংঘন আর যাতে না হয় তার দাবি রাখছি। স্যার, দায়িত্বশীল পদে উপযুক্ত লোকদের বসিয়ে যখন সরকার জনসাধারণের উপকার করতে চাইছেন তখন আমি মন্ত্রীসভার কাছে দাবি করবো আপনার মাধ্যমে যে এ ব্যাপারে যন উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয়।

**Dr. A. M. O. Ghani**: স্যার, উনি এই স্টেটমেণ্ট করে ম্যালপ্রাকটিস সম্পর্কে যা বললেন সে সম্পর্কে আমি বলতে চাই যে আমি সাপোর্ট করছি এবং তদন্ত দাবি করছি।

**Shri Sarat Chandra Das**: স্যার, বারি সাহেব, অসমঞ্জ বাবু যা বললেন তাতে বলছি যে আমরা সরকারকে টাকা দিলাম খরচ করার জন্য কিন্তু যদি এঁরা অপচয় বন্ধ করতে না পারেন তাহলে দেশের কি অবস্থা হবে? একজন বললেন, ১৪ লক্ষ টাকার ব্যাপার, আর একজন বললেন লক্ষ লক্ষ টাকার ব্যাপার কাজেই স্যার, এইসব টাকা অপচয় হলে কাজ কি হবে?

**Shri Rabindra Ghosh**: মাননীয় স্পীকারমহাশয়, যদিও মাননীয় শ্রম মন্ত্রিমহাশয় এখানে নেই তবুও আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাওড়া জেলাতে উলুবেড়িয়া শহরে হুগলী নদীর তীরে অবস্থিত শ্রীহনুমান কটন মিলটি গত ১২।৬।৭১ তারিখ থেকে এর মালিক বিনা নোটিশে ক্লোজার করে দিয়েছে। স্যার, ঐ কারখানায় হাজার ১,২০০ শ্রমিক কাজ করতেন। আমরা এ ব্যাপারে বার বার শ্রমমন্ত্রীকে এবং হাউসে জানিয়েছি। আজকে সেই হাজার ১,২০০ শ্রমিক তাদের ফ্যামিলি নিয়ে মৃত্যুর দিকে এগিয়ে চলেছে। শ্রমিকরা সেখানে না খেয়ে দিন কাটাচ্ছে। এই অবস্থায় যখন শ্রমিকরা দিন কাটাচ্ছে তখন মন্ত্রীমণ্ডলীর কাছে আবেদন এ ব্যাপারে তদন্ত করুন। সেই সমস্ত শ্রমিক যারা অর্ধাহারে, অনাহারে, বা না খেয়ে দিন কাটাচ্ছে তাদের জন্য যাতে সরকারী সাহায্যের ব্যবস্থা হয় সেটা দেখুন। তা ছাড়া, এখনই সেই কারখানা মালিক কি কারণে কারখানা বন্ধ করেছেন সেটাও তদন্ত করা দরকার। স্যার, এই সংগে বলি, শ্রমিকদের মাথার ঘাম পায়ে ফেলে রোজগার করা প্রভিডেণ্ড ফাণ্ড ও ই এস আই-এর টাকা ঐ মালিক সরকারী দপ্তরে জমা দেননি।

আমরা বারে বারে জানিয়েছি, সরকারের মিশা আইন পাশ হয়েছে, কিন্তু তাসত্ত্বেও মালিকরা সেখানে প্রভিডেন্ট ফাণ্ডের টাকা এখন পর্যন্ত জমা দেন নি, আজ পর্যন্ত আর কোন তদন্ত হয়নি। আমি তাই মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং শ্রমমন্ত্রীকে অনুরোধ করছি মালিকরা এখন যে প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা দেয় নি, তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন। আজকে সেই মালিকরা শ্রমিকদের উপযুক্ত পাওনা থেকে বঞ্চিত করছে এবং শ্রমিকরা না খেতে পেয়ে মরার মত উপক্রম হয়েছে। এই অবস্থায় শ্রমিকরা প্রভিডেন্ট ফাণ্ডের টাকা থেকে ঋণ নেবার জন্য চেষ্টা করছেন, কিন্তু তারা তা পাচ্ছে না। এই অবস্থায় এখুনি মালিকদের মিশা আইনে গ্রেপ্তার করার ব্যবস্থা করা হোক এবং ১,২০০ ফ্যামিলিকে এখুনি সরকারী সাহায্য দেবার ব্যবস্থা করা হোক, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে এই আবেদন রাখছি।

**Shrimati Ila Roy :** মাননীয় স্পীকারমহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্তমান বিংশশতাব্দীর সভ্যতার জৌলুসের মধ্যে বস্তি একটি ব্যাধির স্বরূপ। পশ্চিমবাংলাতে যখন কংগ্রেসের মধ্যে সমাজতান্ত্রিক শক্তি আত্মপ্রকাশ সর্বস্তরের মানুষের মধ্যে ভবিষ্যৎ সমাজজীবন গঠনে এক সুন্দর স্বপ্ন সৃষ্টি করেছে তখনই পাশাপাশি বস্তির অধিবাসীদের দুঃখ দুর্দশাগ্রস্ত জীবনে এক হতাশব্যঞ্জক মলিন ছবি এক প্রান্তে অট্টহাসির মতন আমাদের সমাজতান্ত্রিক পরিকল্পনাকে ব্যাঙ্গ করে আসছে। আমাদেব জনপ্রিয় সরকারের উপরে এক প্রচণ্ড বিশ্বাস নিয়ে বস্তির এই চিরবঞ্চিত মানুষগুলো এক নূতন আশার দিন গুনছে, তাই শহরকে যখন নূতনভাবে গড়ে তোলার জন্য সি এম ডি এ প্রভৃতি বিভিন্ন পরিকল্পনা নেওয়া হচ্ছে ঠিক তখনই মনে ভাবতে হবে শহরের প্রকৃত সৌন্দর্য নির্ভর করবে, শহরের শতকরা ৮০ ভাগ মানুষের অর্থনৈতিক উন্নতি ধারায় আমাদের মহান নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধি আজকে যে সমাজতন্ত্রের প্রতিষ্ঠার জন্য চেষ্টা চালিয়ে আসছেন তার স্বার্থকতা মুষ্টিমেয় কয়েকজনের উন্নতিব মধ্যে নয়, দেশের অধিকাংশ দরিদ্র, নিপীড়িত মানুষের প্রকৃত উন্নতি দ্বারাই সম্ভব। তাই আমি এই দেশের অধিকাংশ দরিদ্রের প্রতিনিধি হিসাবে আমাদেব জনপ্রিয় সরকারেব নিকট এই দাবি করছি যেন অবিলম্বে বস্তি উন্নয়নের জন্য ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়।

**Shrimati Geeta Mukhopadhyaya :** মাননীয় অধ্যক্ষমহাশয়, অত্যন্ত ক্ষোভ এবং দুঃখের সংগে আমি একটি বিষয় আজকে আপনার কাছে উপস্থিত করছি এবং আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টিটি আকর্ষণ করছি বিশেষ করে বিভাগীয় মন্ত্রীর, তিনি দুর্ভাগ্যক্রমে আজকে এখানে উপস্থিত নেই, থাকলে ভাল হত, তাঁর সামনে আমি এটা বলতে পারলে খুব খুশী হতাম। যাই হোক, ব্যাপারটি হচ্ছে ত্রিপাক্ষিক চুক্তি চটকল মালিক, শ্রমিক এবং সরকারকে নিয়ে হয়েছে। ইতিপূর্বেই আমি এই সভায় উল্লেখ করেছি যে, বিড়লা কোম্পানী সেই ত্রিপাক্ষিক চুক্তি ভঙ্গ করেছেন। ২৪টির মধ্যে ২২টি জুট মিল সেই ত্রিপাক্ষিক চুক্তি ভেঙ্গে এখন সংশোধন করেছে। দুটি মাত্র জুট মিল এই ত্রিপাক্ষিক চুক্তি ভঙ্গ করতে সক্ষম হচ্ছে না। বিড়লা কোম্পানীর দুটি জুট মিল, বালি আর বিড়লাপুরে অবস্থিত, সেখানে এই চুক্তির ধারা ভঙ্গ করছে। সেটা হচ্ছে উইক্লি পেমেন্টের বদলে ফর্টনাইট পেমেন্ট যদি কেউ চালু করতে চান তাহলে তাকে আগে ইউনিয়ন এবং শ্রমিকদের কাছ থেকে মত নিতে হবে। এই মতামত না নিয়ে তাদের ঘাড়ের উপর দিয়ে জোর করে ফর্টনাইট পেমেন্ট চালু করবার চেষ্টা করেন। শ্রমিকরা দীর্ঘদিন ধরে তার বিরুদ্ধে রেজিস্ট করে নানাভাবে এবং তারপরে তারা স্ট্রাইক করে। অত্যন্ত দুঃখজনক ঘটনা হচ্ছে এই যে, এই পটভূমিকায় সরকার যেখানে ত্রিপাক্ষিক চুক্তির অন্যতম অংশীদার সেখানে এই রকমভাবে শ্রমিকদের শান্তিপূর্ণ, ঐক্যবদ্ধ লড়াই-এর বিরুদ্ধে বিড়লা অন্যায়ভাবে তাদেরকে বিরত করার জন্য যথাসাধ্য চেষ্টা করছেন এবং ঠিক সেই সময় এই বিরোধের মীমাংসার নাম করে পশ্চিমবংগের শ্রমমন্ত্রী মহাশয় যে ফর্মুলা সূত্র দিয়েছেন সেটেলের প্রস্তাবে, সেই সূত্রের সাহায্যে বিড়লার কাছে এই প্রশ্ন দেখা দিয়েছে। তিনি সেই সূত্র দিয়েছেন যে এখন থেকে ফর্টনাইট পেমেন্ট চালু হবে।

[1-50—2-00 p. m.]

শ্রমিকের কাছ থেকে তার জন্য কোন মতামত আগে জিজ্ঞাসা করেন নি, যদিও এই দাবির উপরে স্ট্রাইক চলছে। একমাত্র এখন থেকে ফর্টনাইট পেমেন্ট চালু হবার পরে একটা ছোট্ট লেজ তার সংগে জোড়া আছে প্রস্তাব হিসাবে যে ৫০ টাকা করে একটা এ্যাড হক সপ্তাহে ১৬ সপ্তাহ পর্যন্ত একটা advance বিড়লারা দেবেন। এর জন্যও তিনি সংশ্লিষ্ট ট্রেডইউনিয়নের সংগে মন্ত্রিমহাশয়ও পর্যন্ত কোন আলাপ আলোচনা করেন নি এবং এই শর্ত তিনি দিয়েছেন। এই অবস্থায় বিড়লারা পরিষ্কার চুক্তি ভংগ করেছে। শ্রমিকরা সরকারের কাছে গিয়ে দেখা করেন এবং যখন সেখানে এক রকম চুক্তি ভঙ্গ হয়েছে তার বিরুদ্ধে বিড়লার উপর চাপ আনতে হবে তখন মাননীয় মন্ত্রিমহাশয়, গোপাল দাস নাগের কাছ থেকে এই রকম শর্ত আমরা আশা করিনি। আমরা আশা করি তিনি এই বিষয়ে পুনরায় বিবেচনা করবেন।

**Shri Sukumar Bandyopadhyay**: মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি অত্যন্ত গভীর বেদনার সংগে এবং ক্ষোভের সংগে একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আর ২ দিনের মধ্যে স্বাধীনতার রজতজয়ন্তী উৎসব শুরু হবে এবং এই প্রসংগে সরকারী প্রস্তুতিও চলছে। কিন্তু আমি দুঃখের সংগে বলতে বাধ্য হচ্ছি যে পশ্চিমবঙ্গে যে মহীয়াস নারী এখনও জীবিত রয়েছেন, নেতাজী সুভাষচন্দ্র যাকে মাতৃ সম্বোধন করতেন সেই দেশবন্ধু জায়া মাতা বাসন্তী দেবী তাঁকে সম্বোধন জানাবার জন্য কিম্বা হিন্দু মুসলিম সকলের সংস্কৃতির অগ্রদূত এবং পুরোধা বিদ্রোহীকবি কাজী নজরুল ইসলামকে সম্মান জানাবার জন্য কোন পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে গ্রহণ করা হয়নি। মাননীয় অধ্যক্ষমহাশয়, ইতিপূর্বে আমার একটা প্রশ্নোত্তরে আমাদের মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয় বলেছিলেন যে আমার এই প্রস্তাব দুটি তিনি বিবেচনা করে দেখবেন। কিন্তু দুঃখের কথা, আজকে এই যে সরকারী কর্মসূচী এই কর্মসূচীর মধ্যে মাতা বাসন্তী দেবীর নাম উল্লেখ হয়নি, বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের নামও উল্লেখ নেই। এঁদের সম্মান দিয়ে আমরা নিজেরা সম্মনিত হব। এঁদের উপেক্ষা করলে বা অশ্রদ্ধা করলে তাতে এঁদের কিছু যায় আসে না। এঁরা হিমালয়ের মত বড় এবং সমুদ্রের মত গভীর। তবে আমাদের জাতীয় যা করনীয় যে পবিত্র কর্তব্য রয়েছে, এঁদের প্রনাম জানিয়ে আমাদের নিজেদের সম্মানিত হবার যে সুযোগ ছিল সেই সুযোগ থেকে পশ্চিমবঙ্গ সরকার আমাদের বঞ্চিত করেছেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, তাই আপনার মাধ্যমে অনুরোধ করবো যে মহীয়সি নারী স্বাধীনতা সংগ্রামে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে দেশবাসীকে প্রেরণা যুগিয়েছেন, অসি নির্যাতন এবং কষ্ট সহ্য করেছেন সেই বাসন্তী দেবী এবং বিদ্রোহী কবি কাজি নজরুল ইসলাম যদিও মানসিক দিক থেকে সম্পূর্ণ সুস্থ নন, মানসিক চিন্তার উর্দ্ধে এই দুই জন স্বাধীনতা সংগ্রামের অগ্র পথিক এবং পুরোধা। এঁদের সম্মান জানাবার জন্য কোন বিশেষ কর্মসূচী গ্রহণ করা উচিৎ। তাই মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে আমাদের মন্ত্রিমহাশয়ের কাছে সনির্বন্ধ অনুরোধ যে, মহীয়সি নারী বাসন্তী দেবীকে সম্মান জানিয়ে নিজেরা সম্মানিত হন। বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামকে সম্মান ও শ্রদ্ধা জানিয়ে নিজেরা সম্মান অর্জন করুন তবেলে পশ্চিম বাংলায় ৪॥০ কোটি মানুষ আপনাদের কাছে কৃতজ্ঞ হয়ে থাকবে। কাজেই আপনার মাধ্যমে এই বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Hemanta Kumar Dutta**: মাননীয় অধ্যক্ষমহাশয়, আমরা গত অধিবেশনে মিসা আইন পাশ করেছিলাম। মিসা আইনের উদ্দেশ্য ছিল যেসমস্ত জমির মালিক সিলিংয়ের উর্দ্ধে অনেক জমি রেখেছেন অথচ জমির হিসাব দাখিল করছেন না, বার বার সময় extend করে যাচ্ছেন এবং তা সত্বেও তারা মানছেন না। সেজন্য কি করে তাদের আইনের বন্ধনে বাধা যায় তার জন্য মিসা আইন করেছিলাম। তাছাড়া যেসমস্ত কলকারখানার মালিক শ্রমিকদের

প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা দিচ্ছেন না এই সমস্ত বিষয় বিবেচনা করে মিসা আইন করা হয়েছিলো। এবং তারপর জমির যে সিলিং ছিল এবং সিলিংয়ের বাইরে যাদের জমি আছে, সেই জমির হিসাব দাখিল করার ৩১এ মে পর্যন্ত দিন ধার্য করা হয়েছিল এবং সে সময় চলে গিয়েছে, আমরা দেখতে পাচ্ছি মাত্র ১০ হাজার মালিক জমির হিসাব দাখিল করেছে, এখনও ২৫/২৬ হাজার জমির মালিক হিসাব দাখিল করেনি। প্রভিডেন্ট ফাণ্ডের হিসাব দেবার যে নিয়ম হয়েছে সেখানেও দেখা যায় ৫০/৬০ জন মালিক, তারা ৫০০/৬০০ কোটি টাকা গায়েব করবার চেষ্টা করছে। আমরা দেখতে পাচ্ছি অনেক লোককে সন্দেহ করে মিসায় আটক করা হচ্ছে তাই আমি বলছি যে, এদের উপর মিসা আইনের প্রয়োগ হওয়া উচিত আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Aswini Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটা বিষয় আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে রাখছি যে পশ্চিমবঙ্গের এই যে পলিটেকনিক ইনষ্টিটিউসনগুলি আছে এবং তার সঙ্গে যে অ্যালায়েড ইনষ্টিটিউসনগুলি রয়েছে এদের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীরা গত ৯ই আগস্ট থেকে অবস্থান এবং অনশন শুরু করেছে। তারা প্রথমে ৫ই জুলাই শিক্ষামন্ত্রীর নিকট একটা ডেপুটেশনে গিয়েছিলেন এবং শিক্ষামন্ত্রী তাদের সংগে ১ ঘন্টা আলোচনা করেন এবং কি করবেন সেটা ৭ দিনের মধ্যে জানাবার প্রতিশ্রুতি দিয়েছিলেন। ১৩ই জুলাই তারা বিধানসভায় একটা গণডেপুটেশন নিয়ে আসে কিন্তু তাদের দাবিগুলি পূরণ না হওয়ার ফলে ৯ই আগস্ট থেকে তারা অনশন আরম্ভ করেছে। তাদের দাবির মধ্যে অন্তত: এই প্রতিষ্ঠানগুলি সরকার নিয়ে নিন, বেতন এবং ভাতা যা মঞ্জুর হচ্ছে সেটা সরকারী কর্মচারীদের সমতুল্য করে, আর পেনসনের ক্ষেত্রে বয়সসীমা শিক্ষকদের ক্ষেত্রে বাড়ান হচ্ছে ৬০ এর জায়গায় ৬২, সেটা অশিক্ষক কর্মচারীদের ক্ষেত্রেও প্রয়োগ করা হোক তারপর কনজারভেন্সি হোটেল ইত্যাদি জায়গায় যেসমস্ত কর্মচারী আছেন তাদের চাকরির নিরাপত্তা এবং ইনষ্টিটিউসনে প্র্যাকটিক্যাল ট্রেনিং দেবে সেই প্র্যাকটিক্যাল ট্রেনিংএর জন্য যে শিক্ষা গ্রহণ করা দরকার সেটা অবিলম্বে চালু করা উচিত। এই দাবিগুলির পরিপ্রেক্ষিতে তারা অবস্থান করছেন। মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় এখানে রয়েছেন—কাল থেকে বিধানসভা বন্ধ হয়ে যেতে পারে, সে সম্ভাবনা আছে। সেইজন্য তিনি একটা বিবৃতি দিন তাদের দাবির পক্ষে এইটা আমি আবেদন করছি।

**Shri Ram Krishna Bar :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে একটা শিক্ষা প্রতিষ্ঠানের দুর্নীতির কথা মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টিতে আনতে চাই, বিষ্টুপুর থানায় বারদৌলিয়া আদর্শ শিক্ষা নিকেতন-এর প্রধান শিক্ষক গত মার্চ মাসে শ্রীগোবিন্দ কপাট মহাশয় বিলডিং গ্রান্টের ৭ হাজার টাকা তুলেছিলেন এবং কো-এডুকেশন গ্রান্টের সমস্ত টাকা নিজে আত্মসাৎ করে সেখানকার গৃহনির্মাণকল্পে ব্যয় করেন নি এবং কারণ না সত্ত্বেও তিনি ঐ স্কুল অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দিয়েছেন বিগত ১৬ মার্চ তারিখ থেকে। সেখানকার মানুষ অত্যন্ত বিক্ষুব্ধ, সেখানকার ছাত্র-ছাত্রীরা কাছাকাছি কোন স্কুল না থাকার ফলে পড়াশুনা করতে পারছে না সেজন্য বিভাগীয় তদন্ত দ্বারা ঐ শিক্ষক মহাশয়ের বিরুদ্ধে যাতে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা যায় এবং ঐ বিদ্যালয়টি যাতে অবিলম্বে চালু করা যায় সেই বিষয়ে আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-00—2-10 p. m.]

**Shri Jagadananda Roy :** মি: স্পীকার, স্যার, সম্প্রতি যে ভয়াবহ বন্যা ঘটে গেল জলপাইগুড়ি এবং কোচবিহারে সে সম্পর্কে কিছু তথ্য আমি হাউসের সামনে রাখতে চাই। প্রকৃতির কি অদ্ভুত নির্দশন। সারা পশ্চিমবংগে একদিকে খরা এবং আর একদিকে বন্যা। বন্যার জন্য কেউ কি আর খাচ্ছে এবং খরার জন্য কেউ কি আর খাচ্ছে। ২১শে জুলাইতে

জলপাইগুড়িতে যে বন্যা শুরু হয় সেটা ১৬ ঘন্টা ছিল এবং তাতে কয়েক লক্ষ লোক বিপদগ্রস্ত হয়ে পড়ে। আমার হাতে দুটি থানার হিসাব আছে। সম্পূর্ণ তথ্য এখনে বলা সম্ভব নয়। তবুও কিছুটা বলি। দুটি থানার আনুমানিক জনসংখ্যা ৬০ হাজার হবে এবং ৬০ হাজারই এতে ক্ষতিগ্রস্থ হয় এবং ৩৫০টি গরু এতে ভেসে যায় নদীতে এবং যে কটি নদী জেলাতে আছে যেমন জলডাকা, ডায়না, রাংগাপীঠ, জলাস্তি, বামানী, ধুলিয়া, ধুমর, কুমডাই, বৈন্তা ইত্যাদি নদী আছে এবং ডায়না নদীতে বাঁধ ভেংগে যাওয়ার ফলে এই দুর্ঘটনা ঘটে যার ফলে দুই তিন হাজার একর জমি বালুতে পরিণত হয় এবং নদীগর্ভে বিলীন হয়ে যায়, দুই তিন হাজার পরিবার এতে গৃহহীন হয়ে পড়ে। এই যে অবস্থা আজ এটা আগে থেকেই সরকার বলেছিলেন জেলা কর্তৃপক্ষকে যে ভবিষ্যতে বন্যা হতে পারে যারজন্য আগেই প্রস্তুতি নেওয়ার। কার্যতঃ দেখা গেলো ধুপগুড়ি এবং ফালাকাটায় দুদিন চিৎকার করে দুটি রবারের নৌকা দিল। কিন্তু তা দিয়ে কাজ করা সম্ভব নয়। অল্প সময়ের মধ্যে জল সরে গেলো বলে বিশেষ কিছু হয়নি। আমাদের আশংকা ভবিষ্যতে আরও বন্যা হবে। কিন্তু এই যদি চলতে থাকে যে পরিমাণ গরু নষ্ট হয়েছে তাতে কৃষকদের এখন চাষবাস করা কঠিন হয়ে পড়েছে এবং বীজধানের খুবই অভাব। ওখানে জেলা কর্তৃপক্ষকে বিশেষভাবে বলা সত্বেও আজ ১০।১৫ দিন হল বীজধানের জন্য ফালাকাটায় ৯০ হাজার টাকা রেডিওগ্রাম করে জানিয়ে দেওয়া হয় এবং ধূপগুড়িতে দেওয়া হয় ৯৫ হাজার টাকা। আমি গতকাল জলপাইগুড়ি থেকে কলকাতায় ফিরে এসেছি। আমি জানি গতকাল পর্য্যন্ত ওই টাকা ক্যাশ হয় নি। তারপর ডিস্ট্রীবিউসানের পদ্ধতি হচ্ছে গ্রুপলোন হিসাবে ১০।১২ জনের মধ্যে একজন লীডার হবে। তারপর কিছু জমি বন্ধক দিতে হবে এবং লোনটা দেওয়া হবে। এই যদি অবস্থা হয় তাহলে একটা কৃষকও উপকৃত হবে না। কারণ যাদের জমি আছে অর্থাৎ বড় জমির মালিক তারা কখনই এ দায়িত্ব নেবে না অতীতে দেখা গিয়েছে যে অনেকে লীডারের নামে টাকা নিয়ে শোধ করে নি। তাই সেইসব লোকেরা দায়িত্ব নিতে রাজী নয়। আর সবচেয়ে বড় কথা হচ্ছে কৃষকদের বেশির ভাগই হচ্ছে খাস জমির মালিক। গভর্নমেন্ট কিন্তু খাস জমির বিনিময়ে গ্রুপলোন দিচ্ছে না। তাই তারা গ্রুপলোন নিতে পারছে না। অতি সত্বর যদি এই সম্বন্ধে ব্যবস্থা না নেওয়া হয় তাহলে বিশেষ করে আদিবাসী যারা এবং যারা খাস জমির চাষবাস করে তারা বীজলোন থেকে বঞ্চিত হবে। তারা যদি বীজলোন না পায় তাহলে অবস্থা খুবই ভয়াবহ হয়ে দাঁড়াবে এবং মোটেই চাষবাস হবে না। আজ বন্যা চলে গিয়েছে বা সরে গিয়েছে দিন পনেরো হল এখনও পর্যন্ত বীজধান দেওয়ার কোন ব্যবস্থা হয় নি এবং যে ৩৫০টি গরু নষ্ট হয়েছে তাতে কৃষকদের হালচাষ একেবারে বন্ধ হয়ে গিয়েছে। এই সম্বন্ধে লোনের ব্যবস্থা করা অদ্যাবধি হয় নি। ভবিষ্যতে আরও বন্যা হতে পারে সেইজন্য সরকারকে আমি একটু সাবধানে থাকতে বলি এবং জেলাকর্তৃপক্ষ যে কারণে ফ্লাডের সময় সাধারণ লোকেরা সরকারী সাহায্য থেকে বঞ্চিত হয়েছিল তা যাতে আর না হয় সেদিকে দেখবেন। আমি মনে করি এটা অত্যন্ত লজ্জার যে বিপদের সময় এরা প্রাইভেট নৌকা ভাড়া করতে যায় এবং সাহায্যের জন্য দিনের পর দিন ছোটাছুটি করে। আমি দেখেছি কার দোষে এটা হয়। আমি মনে করি নদীপ্রকল্প যারা করে সেচের ইঞ্জিনিয়ার যারা এবং নদী সম্বন্ধে যারা ব্যবস্থা নেয় যে কোন কারণেই হোক এই অবস্থার জন্য তারাই দায়ী এবং সরকার খানিকটা প্রকল্প নিয়ে যারা এখানে সেখানে পাড় দিয়ে নদীর যে অবস্থা করেছে তাতে বন্যা কিছুতেই ঠেকিয়ে রাখা যাবে না। আমি মনে করি পুজোর সময় বন্যা আসতে পারে, আসার যথেষ্ট সম্ভাবনা আছে। সেখানে মস্তবড় বাঁধ, ডায়না নদীর বাঁধ এখন বাঁধা সম্ভব নয়। যদি বাঁধা না যায় তাহলে দেশের লোকেরা উপকৃত হবে না। বাঁধ খোলাই আছে। যখনই বৃষ্টি হবে এবং অন্য নদীর জল স্ফীত হবে। আবার বন্যা ডেকে নিয়ে আসবে।

সুতরাং ওই বন্যার হাত থেকে সাধারণ মানুষকে কিভাবে বাঁচানো যায় সে সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য এবং যাদের জমি, বাড়ী ঘর নেই তাদের জন্য পূজা পর্যন্ত G R চালিয়ে যাবার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Dedar Baksh :** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্ব বিষয়ের প্রতি এই সভার সকল সদস্য এবং বিশেষকরে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামবাংলার যাঁরা সদস্য তাঁরা সকলেই ভালভাবে জানেন গ্রামবাংলার মাধ্যমিক স্কুলে যে সমস্ত শিক্ষক-শিক্ষিকা চাকরি করেন তাঁরা তাদের চার মাস বেতন পান না। বিশেষ করে পর পর দুইটা বন্যা এবং ডবল খরায় গ্রামবাংলার আর্থিক কাঠামো ভেঙ্গে গেছে। ছাত্র-ছাত্রীদের বেতন আদায় হয় না। যে সমস্ত deficit grant enjoy করেছিল তারাও তা ঠিকমত পায় না। আট টাকা করে যে D A ঘোষণা করা হয়েছিল তাও তারা পাচ্ছে না। এই আর্থিক দুর্দশায় তারা ঠিকমত সংসার চালাতে পারছে না এবং তাদের ছেলেমেয়েদের লেখাপড়া বা কাপড় জামা ইত্যাদি যা কিছু দরকার সেগুলি কিনতে পারছে না। তারা না খেয়ে তিলে তিলে মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে। সেজন্য আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এ বিষয়ে সত্বর ব্যবস্থা গ্রহণ করা হোক এবং তারা যাতে মাস মাইনের বেতন ও D A পায় তার ব্যবস্থা করা হোক।

**Shri Balai Sheth :** স্যার, আমি একটা গুরুত্বপুর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সকলেই জানেন যে মার্টিন রেল-এর বোঝা সেই বোঝা হাওড়া তারকেশ্বর রেল লাইনের শাখা তার উপর পড়ছে। শ্রাবণ মাসে তারকনাথের উৎসব উপলক্ষে প্রতি রবিবার ও সোমবার প্রচুর তীর্থযাত্রীর ভীড় হয়। স্টেশনগুলিতে এমন অবস্থা হয় যে যেন খণ্ডযুদ্ধ চলতে থাকে। সেখানে কোন পুলিশী ব্যবস্থা নেই। এই বিষয়ে বিধান সভার প্রায় ১০।১২ জন সভ্য প্রত্যক্ষদর্শী আছেন এবং তাঁদেরও এই কষ্ট অনুভব করতে হচ্ছে। এ ছাড়া যাঁরা নিত্য daily passenger তাঁদেরও অসুবিধা হচ্ছে। মাঝ রাস্তায় আবার হঠাৎ ট্রেন আটকে পড়ে। এ বিষয়ে স্বরাষ্ট্র বিভাগকে অনুরোধ করছি প্রতিদিনের এই খণ্ডযুদ্ধ বন্ধ করার যেন ব্যবস্থা হয়। এই অনুরোধ জানিয়ে আমি শেষ করছি।

**Shri Kashi Nath Misra :** স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ভাঙ্গা হাটে কোন জিনিসের যেমন কদর থাকে না, সেরকম মন্ত্রিমহাশয়দেরও কোন প্রচেষ্টা নেই। তাই তাঁরা কিছু শুনছেন না। বাঁকুড়ার জনজীবন বিপন্ন হতে চলেছে। বিধানসভার অনেক সদস্য বাঁকুড়ায় গিয়ে সেখানকার অবস্থা দেখে এসেছেন যে সেখানে হাহাকার উঠেছে। সেচ এলাকা ছাড়া কোন জায়গায় প্রায় চাষবাস হয় নি। সেচ এলাকা খুব বেশী হলে শতকরা ৫ ভাগ। তাই সেখানে প্রায় ২০ লক্ষ লোকের জীবন প্রায় অতিষ্ঠ। বিশেষ করে

[2-10—2-20 p. m.]

ক্ষেতমজুর, দিনমজুর, নিম্নমধ্যবিত্তের অবস্থা শোচনীয় হয়ে উঠেছে। রানীবাঁধ, রায়পুর, শালতোড়া, ছাতনা, বাঁকুড়া, বিষ্ণুপুর, জয়পুর, কোতলপুর, পাত্রসায়ের, ইন্দাস, ওন্দা, খাতড়া ইত্যাদি জায়গার অবস্থাগুলি শোচনীয় ও ঐ সমস্ত থানাগুলির অবস্থাও শোচনীয়। সেই অঞ্চলের মানুষের কোন রোজগার নেই। তাদের উপোষ দিতে হচ্ছে। যে সমস্ত শিল্প—ছোট ছোট শিল্প কুমোর, তাঁতি, জেলে তাদের আজকে উপোষ করে কাটাতে হচ্ছে। সেখানে চাষবাস হচ্ছে না। এই দুরাবস্থা নিরসনের জন্য আমি অনুরোধ করবো সেখানে আজ প্রগ্রাম নেওয়া হোক ও সেখানে চিপ ক্যানটিন খোলা হোক।

**Shri Sudhir Chandra Bera :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি ঔষধের উপর ৮ পারসেন্ট ট্যাক্স চাপানো হয়েছে। এই আট পারসেন্ট ট্যাক্স চাপানোর ফলে সেখানে ঔষধের দাম বেড়ে যাবে। স্যার, সমাজবাদ

সমাজ প্রতিষ্ঠা করতে চাই। আমি অর্থমন্ত্রিমহাশয়কে বলবো যে ঔষধ যা নেরায়েস্ট নেসাসিটি অফ লাইফ সেটা না বাড়িয়ে অন্য জিনিসের উপর ট্যাক্স চাপান। আপনি এটা বিবেচনা করে ঔষধের উপর ট্যাক্স কমিয়ে দিন।

**Presentation of First Report of the Committee on Government Assurances**

**Shri Abdul Bari Biswas :** Sir, with you permission, I beg to present before the House the First Report of the Committee on Government Assurances.

**MOTIONS UNDER RULE 363**

**Shri Gyan Singh Sohonpal :** Sir, I beg to move that rule 358 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly be suspended in its application to the ceremonial function to be held on the night of the 14th August, 1972,, to celebrate the twenty-fifth anniversary of the Indian Independence and the Chamber of the House as also any other portion of the Legislative Building or any building within the precincts of the House be used for the purposes of such ceremonial function and for such other purposes connected with such ceremonial function as the Hon'ble Speaker may decide in consultation with the Hon'ble Leader of the House.

The motion was then put and agreed to.

**Shrimati Geeta Mukhopadhaya :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় যে ৭ হাজার সেটেলমেন্ট কর্মচারী আছেন তার মধ্যে অন্তত: ৩ হাজার কর্মচারী আজকে বিধানসভার কাছে একটা মিছিল নিয়ে এসেছেন এবং তাঁরা এই প্রস্তাব দিয়েছেন যে যাতে একসংগে জরিফ করা সারা পশ্চিমবাংলায় সম্ভব হয়। এই ব্যাপারে আমলারা যে পরিকল্পনা দিয়েছেন তার চেয়ে অনেক কম ব্যয়ে এবং অনেক কম সময়ে সরকারের সংগে সহযোগিতা করে তাঁরা এই কাজ করতে প্রস্তুত আছেন। সরকারী কাজে সহযোগিতা করতে চেয়ে এবং এই বিষয়ে একটা নির্দিষ্ট পরিকল্পনা নেওয়া এটা বোধহয় বহুদিনের মধ্যে এই প্রথম। কাজেই এই ব্যাপারে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই উদ্যোগকে যাতে গ্রহণ করা হয় সেইজন্য বিভাগকে ভাববার জন্য বিনীতভাবে অনুরোধ করছি এবং তাঁদের অপরাপর যে দাবীদাওয়া আছে সেটাও বিবেচনা করবার জন্য অনুরোধ করছি।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় স্পীকার মহাশয়, আমি যে সমস্ত অভিযোগ করলাম সেই অভিযোগগুলি অত্যন্ত বড় এবং বিভিন্ন রকমের এবং বহুবিধ প্রকারের কাজেই সমস্ত জিনিস আমি আপনার কাছে রাখতে পারলাম না। আমাদের ৩ জন এম-এল-এ-র যে সমস্ত অভিযোগ সেগুলি লিখিত আকারে একটা চিঠি করে আপনার কাছে পাঠিয়ে দেব এবং আমরা খুসী হব যদি আপনি সেটা চিফ মিনিস্টারের অ্যাকশনের জন্য পাঠিয়ে দেন।

**Mr. Speaker :** You please hand over the written a allegations to me.

## STATEMENT UNDER RULE 346

**Shri Mrityunjoy Banerjee :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার অনুমতিক্রমে আমি এই বিবৃতি হাউসের সামনে রাখছি। আমি দুঃখিত যে বেতন বাবত ঘাটতি পূরণের উদ্দেশ্যে মাধ্যমিক বিদ্যালয়ে অনুদান দেবার ব্যাপারে মাননীয় সদস্যদের মধ্যে গতকাল কিছু উত্তেজনা সৃষ্টি হয়েছে। আমি এই সম্পর্কে জানাতে চাই যে, আমাদের মুখ্যমন্ত্রী কর্তৃক দেওয়া প্রতিশ্রুতি পালন করতে আমরা বদ্ধপরিকর। এই ব্যাপারে এখন পর্যন্ত কেন্দ্র থেকে যে সাহায্য পাবার কথা ছিল তা এখনও নিশ্চিত না হওয়ায় আমাদের সিদ্ধান্ত ঘোষণা করতে বিলম্বে হচ্ছে এটা ঠিক। কিন্তু একথা ঠিক নয় যে, এই উদ্দেশ্যে কেন্দ্র টাকা দিতে প্রস্তুত অথচ পশ্চিমবংগ সরকার তা গ্রহণ করে কাজে লাগাবার মত আগ্রহী নয়। অতিরিক্ত ব্যয় বহন করতে হলে কেন্দ্রীয় সরকারকে পরিকল্পনা কমিশনের অনুমোদন নিতে হবে। সম্প্রতি পরিকল্পনা কমিশনের বিভাগীয় মন্ত্রী বদল পূর্বোক্ত বিলম্বের একটি প্রধান কারণ। যাহোক, আমার বিশ্বাস অনতিদূর ভবিষ্যতে আমরা প্রতিশ্রুতি কার্যকরী করতে সক্ষম হব। তাছাড়া যখনই সিদ্ধান্ত জানান হোক না কেন মুখ্যমন্ত্রী কর্তৃক ঘোষিত ১লা মে, ১৯৭২ তারিখ থেকে তা বলবৎ করা হবে।

## GOVERNMENT BILLS

### The West Bengal Acquisition and Settlement of Homestead Land (Amendment) Bill, 1972

**Shri Gurupada Khan :** Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Acquisition and Settlement of Homestead Land (Amendment) Bill, 1972

(Secretary then read the title of the Bill)

[2-20—2-30 p. m.]

**Shri Gurupada Khan** : Sir, I beg to move that the West Bengal Acquisition and Settlement of Homestead Land (Amendment) Bill, 1972, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষমহাশয়, এই রাজ্যের গ্রামাঞ্চলে এমন লোক অনেক আছেন যাঁরা অন্যের জমিতে বসতবাড়ী নির্মাণ করে সেখানে বাস করছেন। এইসব জমিতে তাঁদের কোন স্বত্ব নেই। জমির আইনসংগত মালিকের দয়ার উপর নির্ভর করে তাঁদের সেখানে থাকতে হয়। এরূপ দখলকারদের মধ্যে যাঁদের ০·৮০৯৪ হেক্টার বা দুই একরের বেশী জমি নেই বা প্রজা হিসাবেও উক্ত পরিমাণ জমি দখলে নেই তাঁদের যে পরিমাণ জমি বাস্তুভিটা আছে তার মধ্যে অনধিক পাঁচ কাঠা পরিমাণ জমিতে যাতে তাঁদের আইনসংগত স্বত্ব কায়েম হয়, সেই উদ্দেশ্যে ১৯৬৯ সালে পশ্চিমবঙ্গ বাস্তুজমি গ্রহণ ও বন্দোবস্ত আইন পাশ করা হয়। এবং ঐ বৎসরের ১১ই আগস্ট তারিখ থেকে উক্ত আইনটি কার্যকর করা হয়। উক্ত আইনের ৪ ধারা অনুযায়ী গ্রামাঞ্চলে যে সকল ভূমিহীন বা দুই একরের চেয়ে কম জমির মালিক অপরের জমিতে বিনা স্বত্ব বসতবাড়ী নির্মাণ করেছেন এবং ১৯৬৯ সালের ১১ই আগস্টের পূর্বে একাধিকক্রমে অন্তত: তিন বৎসর সেখানে বাস করে আসছেন তাদের উক্ত তারিখের দুই বৎসরের মধ্যে অধিকৃত বাস্তুজমি বন্দোবস্ত পাবার জন্য জেলাসমাহর্তাদের নিকট দরখাস্ত করার অধিকার ছিল। গ্রামাঞ্চলের অধিবাসীদের বেশীরভাগই অক্ষরজ্ঞানশূন্য। আইনটির প্রদত্ত সুযোগসুবিধার কথা যোগ্য দখলকারীদের অনেকেরই হয়ত জানা নেই বা জানা থাকলেও নানান কারণে অসুবিধার

জন্য নির্দিষ্ট তারিখ অর্থাৎ ১৯৭১ সালের ১০ই আগস্টের মধ্যে জেলাসমাহর্তাদের নিকট তাদের অধিকৃত বাস্তুজমির বন্দোবস্তের জন্য দরখাস্ত করে উঠতে পারেন নি। ফলে আইনটির প্রদত্ত সুযোগসুবিধা থেকে তারা বঞ্চিত হতে চলেছেন। এ ছাড়াও বন্দোবস্ত পাওয়ার যোগ্যতা অর্জনের জন্য আইনটি বলবৎ হবার অব্যবহিত পূর্বে দখলকারীদের একাধিকক্রমে অন্তত: তিন বৎসর সংশ্লিষ্ট জমিতে বাস করার পূর্বে শর্ত আইনে থাকায় যারা ঐ তারিখের পূর্বে তিন বৎসরের কম সময়ের জন্য অনুরূপ জমিতে বাস করেছেন তারা আইনটির সুযোগসুবিধা গ্রহণ করতে পারেন নি। সরকার মনে করেন আইনটির প্রদত্ত সুবিধা যাতে উক্ত দুই প্রকার দখলকারী গ্রহণ করতে পারেন তারজন্য তাদের আরো সুযোগ দেওয়া উচিত। এই সমস্ত বিষয় বিবেচনা করেই সরকার আলোচ্য বিলটি এনেছেন। বিলের প্রস্তাবিত বিধান অনুযায়ী যোগ্য দখলকারীরা অধিকৃত বাস্তুজমি বন্দোবস্ত পাবার জন্য ১৯৭৪ সালের ১০ই আগস্ট পর্যন্ত জেলাসমাহর্তাদের নিকট দরখাস্ত করার সময় পাবেন। আর বন্দোবস্ত পাবার অধিকার থাকবে সকল ভূমিহীন বা দুই একর পর্যন্ত জমির মালিকদের যারা ১৯৬৯ সালের ১১ই আগস্টের পূর্বে অন্যের জমিতে ঘরবাড়ি নির্মাণ করে বাস করছেন তা যত অল্পদিনের জন্য হোক না কেন। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি, আশা করি মাননীয় সদস্যগণ বিনা দ্বিধায় বিলটি গ্রহণ করবেন।

**Shri Ajit Kumar Basu :** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় মন্ত্রী গুরুপদ খাঁন মহাশয় যে প্রস্তাব করেছেন সেই প্রস্তাবের জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এ সম্বন্ধে তাঁর সঙ্গে আমার আগেই কথাবার্তা হয়েছিল এবং এই অল্প সময়ের মধ্যে আইন করার দিক থেকে তিনি যা কার্যকরী করেছেন সেইজন্য তাঁকে আবার ধন্যবাদ জানাচ্ছি। আমার এখানে এখন মদ্দা বক্তব্য হচ্ছে যে দেশের একদল গরীব লোক যারা অপরের জমিতে চালা বেঁধে বাস করতে বাধ্য হচ্ছে এবং তার ফলে তাদের জমিখানা মালিকের কাছে বিক্রী করে রেখে দিতে হচ্ছে সেই অবস্থার হাত থেকে তাদের পরিত্রাণ পাওয়ার দরকার। তাদের নিজস্ব জমিতে বাস করা দরকার। দীর্ঘদিন ধরে আন্দোলন চলে আসছিল ১৯৭৯ সালে সরকার এই আইন করেন। কিন্তু আইন করলেই তো তা হয়ে গেল না। সেই আইনকে কার্যকরী করা, ক্ষেতমজুরদের কাছে পৌঁছে দেওয়া, তাদের কাছ থেকে দরখাস্ত নেওয়া, গভর্নমেণ্টের কাছে দরখাস্ত পৌঁছে দেওয়া, এই সমস্ত খুব অল্প জিনিসই হয়েছিল। ১৯৬৯ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত এই আইন চালু ছিল। এরমধ্যে খুব অল্পই দরখাস্ত জে. এল. আর. ও-র কাছে এ. ডি. এম-র কাছে এস. ডি. ও-র কাছে পৌঁছে দিয়েছিল। এখনও অনেক লোক বাকি ছিল। অনেক অনেক লোক পরের জমিতে বাস করছে। তাদের বাস্তুজমির নিরাপত্তা সম্বন্ধে কোন ব্যবস্থা নাই। যেকোন সময় তারা জমি থেকে উৎখাত হয়ে যেতে পারে। এই রকম একটা পরিস্থিতিতে এইরকম একটা পাকাপোক্ত আইন যাতে ঐ ধরনের সমস্ত লোককে কভার করা যাবে এই আইনের একটা প্রয়োজন ছিল এবং মাননীয় মন্ত্রিমহাশয় যে এনেছেন তার জন্য আমি খুশী হয়ে একে সমর্থন করছি। কিন্তু এখানে একটা কথা বলা দরকার। সেটা হচ্ছে এই আইন হবার আগে অনেক লোক দরখাস্ত করতে পারেনি এবং যারা দরখাস্ত করেছিল তাদের কি হয়েছিল? মাননীয় মন্ত্রিমহাশয় একটু খবর নিন এবং একটু ভালভাবে তদন্ত করে দেখুন যে তাদের জমির মালিক করে দেওয়া হয়নি। রাস্ট্রপতির শাসনকালে এবং তারপরে ডেমোক্র্যাটিক কোয়ালিশন সরকারের আমলেও একটা এটা এক পা-ও এগোয়নি। ১৯৬৯-৭০ সালে কিছুটা তাড়াহুড়া করে কয়েকজনকে বাস্তু পাইয়ে দেওয়া হয়েছিল। তারপর কি হয়েছে? মোটামুটি আইনটা আছে এবং দরখাস্তও কিছু পড়ে আছে, কিন্তু নষ্টও হয়ে গিয়েছে কিন্তু আমিনকে দিয়ে সেই জায়গা তদারক করা এবং সেই জমিটা মাপ করে তাদের দেখিয়ে দিয়ে আসা এবং তাদের সেই বাস্তুজমির পাট্টা দেওয়া এসব কিছুই হয়নি। সেইজন্য আমি বলতে চাই এবং মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করতে চাই যে

আইনটাকে তড়িঘড়ি করে কার্যকরী করতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন গ্রামাঞ্চলের গরীব লোকদের গায়ের জোরে জমি থেকে উঠিয়ে দেওয়া হচ্ছে। সুতরাং এ আইনকে কার্যকরী করার বাস্তব পথ মন্ত্রিমহাশয় যদি না নেন তাহলে খুব বেশী লোক এ আইনের দ্বারা উপকৃত হবে না। আমি সেদিন বলাইবাবুর এলাকায় গিয়েছিলাম সেখা আমাদের কর্মিরা এসে আমাকে বলল যে দেখুন চাঁপাডাংগার ঐ লোকগুলি দরখাস্ত করে ব আছে আজ পর্যন্ত তদন্ত হল না। বলাইবাবু আমাকে বলল যে এইরকম হাজার হাজার ঘট ঘটছে। আমার এলাকায় আমি দেখেছি রসুলপুর গ্রামে গরীব লোকদের মুসলমান, ব জোতদাররা জমি থেকে তাড়িয়ে দিচ্ছে এবং কাউও এই ব্যাপারে তাদের সাহায্য করছে কাজেই এইরকম একটা পরিস্থিতিতে এই আইন আনার জন্য মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানা এবং আইনটা যাতে এখনই কার্যকরী হয় তার ব্যবস্থা করুন। এই আইনকে কার্যকরী কর গেলে প্রত্যেক ব্লক এলাকায় একজন করে বাড়তি আমিন রাখতে হবে। আমিনরা যেমন যে দরখাস্ত পাবে সঙ্গে সঙ্গে ব্যবস্থা গ্রহণ করবে। কেননা জে. এল. আর. ও-রা গদাইলস্করে চলে তাদের অনেক কাজ আছে জানি। বাড়তি কাজ তারা সামলাতে পারছেন না। অনেক ক

[2-30—2-40 p. m.]

এবং সেই কাজের জন্যই বাড়তি কাজ সামলাতে পারে না। তারপর যে আমিন থাকেন সে আমিনকে দিয়েও কিছু কাজ করাতে পারেন না। কাজেই প্রত্যেক ব্লকে নূতন লোক রাখুন গরীবের সুবিধার জন্য আইন এনেছেন এই আইনকে কার্যকরী করুন। প্রত্যেক ব্লকে নূতন কর্মচারী রাখুন। আর একজন বাড়তি আমিন রাখুন এবং এই আইন গেজেটেড হবার সা সঙ্গেই এই আইন কার্যকরী করুন এই অনুরোধ আপনার কাছে জানাচ্ছি। আর একটা ক আপনার কাছে বলতে চাই সেটা হচ্ছে এই যে, আপনি জানেন দেশের অবস্থা, যে মানুষ আ যাকে কিছু জমি দিলেই চলবে না, যার চালাঘরই হোক বা মাটির ঘরই হোক করে দেও দরকার আছে। আপনার ডিপার্টমেন্টের নয় আপনি হয়ত বলবেন কিন্তু লোকত আ ডিপার্টমেন্টকে খুঁজে বেড়াবে না, আপনাকে খুঁজবে, আমাদের খুঁজবে এবং এদে কি হবে এদের কথা দিন দুই তিন আগে এই বিধানসভায় আলোচনা হয়েছে। সত্যিই জমি দেও দরকার, কোন ভুল নেই। কিন্তু যে একটা অংশ রয়েছে, যারা আজকে একটা চালাঘর মাটির ঘরও করে নিতে পারবে না তাদের কথা আপনাকে ভাবতেই হবে এবং তাদের কথ যখন আজকে জমি দেবার কথা ভাবছেন তখন পশ্চিম বাংলার গ্রামাঞ্চলে সবচেয়ে শোষিত নিপীড়িত জনসংখ্যার একাংশের ঘর নির্মাণেরও ব্যবস্থা করতে হবে, সেকথা আপনারা ভাবুন এই অনুরোধ জানিয়ে আপনাকে ধন্যবাদ দিচ্ছি এবং এই বিল সমর্থন করছি।

**Shri Sukumar Bandyopadhyay**: মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় ভূমি ভূমিরাজস্ব মন্ত্রী শ্রীগুরুপদ খাঁন যে বিল এনেছেন সেই বিলকে পরিপূর্ণভাবে সমর্থন করছি মাননীয় অধ্যক্ষমহাশয়, পশ্চিমবংগে যারা গ্রামাঞ্চলের দরিদ্র মানুষ, যাদের অন্ন, বস্ত্র, গৃহ সমস্য সব চেয়ে বেশী প্রকট সেই গৃহহীন মানুষদের গৃহের অধিকার আইনসংগত ভাবে দেবার জন্য এব সেই সরকারী যে প্রচেষ্টা এই প্রচেষ্টার আরো বহু দরখাস্তকারীর আবেদন সংযুক্ত করবার জ সময়সীমা বর্দ্ধিত করার যে ইচ্ছা সরকার থেকে প্রকাশ করা হয়েছে নিশ্চয়ই তাতে সকলে সমর্থন থাকবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, যে সমস্ত গরীব দুঃখী মানুষ বিত্তবান ব্যক্তিদের অনে এবং অপর্যাপ্ত জমির উপর একটা করে কুঁড়ে ঘর তৈরী করে রেখেছে দীর্ঘদিন ধরে তাদের সে যে বসতি সেই বসতি কিন্তু অনেক সময় ক্ষণস্থায়ী হয়ে পড়ে। ভূস্বামী এবং জমির মালিক ব সময় তাদের ইচ্ছার বিরুদ্ধে কোন কাজ করলে সেই গরীব মানুষগুলি গৃহহারা হয়ে যায় কি আজকে সরকারের এই যে প্রচেষ্টা এই প্রচেষ্টার পিছনে নিশ্চয়ই আমাদের সমর্থন থাকবে। আম জানি যে যেসমস্ত জমিতে আইনসংগতভাবে গরীবরা বসবাস করছে না সেই সমস্ত জমিে

আইন সংগত অধিকার পাবার জন্য ১৯৭১ সালের ১০ই আগস্ট পর্যন্ত সময়সীমা নির্দিষ্ট করা হয়েছিল এবং এই সময়সীমার মধ্যে ১৩ হাজার দরখাস্ত পড়েছে এবং প্রসেস করা হয়েছে ৬ হাজার দরখাস্ত এবং সরকারী দপ্তর থেকে সাড়ে তিন হাজার দরখাস্ত বৈধ বলে গ্রহণ করা হয়েছে। এখন এই যে সময়সীমা ১৯৭৪ সালের ১০ই আগস্ট পর্যন্ত বাড়িয়ে দেবার ব্যবস্থা করা হচ্ছে, এতে অনেক মানুষ দরখাস্ত করতে পারবে না। যারা সরকারের এই প্রচেষ্টা সম্পর্কে ওয়াকিবহাল নন, তারা এগুলি গ্রহণ করতে পারবে না, তারা সরকারের এই সাহায্যের সুফল গ্রহণ করতে পারবে না। এই বিল সমর্থন করতে গিয়ে একটা কথা বলব। সরকার অনেক আইন তৈরী করেছেন এবং সেগুলি প্রগতিশীল আইন তাতে সন্দেহ নাই। কিন্তু যে জমি দেবেন, সেই জমি রক্ষা করার ব্যাপারে কি বসতবাটী নির্দিষ্ট করার ব্যাপারে, সেই গরীব মানুষগুলির ক্ষমতা আছে কিনা। এই যে মানুষগুলি তপশীলভুক্ত এবং আদিবাসী সম্প্রদায়ভুক্ত, এদের সরকার যে জমি দিচ্ছেন ক্ষুধার অন্ন সংস্থানের জন্যই হোক আর বসতবাটির জন্যই হোক, এই মানুষগুলি যে অধিকার তা রক্ষা করার ক্ষমতা থাকে না, ফলে বিত্তশালী মানুষ যারা, তাদের কাছেই সেগুলি চলে যায়। এই সমস্ত মানুষগুলির অধিকার যাতে রক্ষিত হয়, তার জন্য সরকার এবং সরকারের প্রশাসনিক যন্ত্র কোন কাজ করে না। আমি তাই সার্বিকভাবে সরকার এবং প্রশাসন যন্ত্র যাতে বিত্তশালী মানুষের এই ক্ষমতালোলুপতার পক্ষে না যায় তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে ভাবতে অনুরোধ করি। মন্ত্রিমহাশয়ের প্রচেষ্টা শুভ সন্দেহ নাই, এই শুভ প্রচেষ্টা যাতে কার্যে রূপায়িত হয় সেইভাবে প্রয়োজনীয় সমস্ত কর্মপন্থা গ্রহণ করবেন, এই বলে আমি এই বিলকে সমর্থন জানিয়ে, বক্তব্য শেষ করছি।

**Shri Kashinath Misra:** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকে পশ্চিমবংগ বাস্তুজমি গ্রহণ বন্দোবস্ত আইন সংশোধনী, ১৯৭২ সাল, যে বিল এসেছে, আমি তাকে পূর্ণ সমর্থন জানাই। এই কারণে জানাই যে নির্বাচনের সময় জনসাধারণকে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এই সরকার হবে গরীবদের সরকার, এটা তারই প্রথম প্রচেষ্টা বলে মনে করি। আমরা দেখতে পাচ্ছি যে এই সরকার চেষ্টা করছেন গরীবদের জন্য, মধ্যবিত্তদের জন্য। আজকে এই চেষ্টাকে কার্যে রূপায়িত করার জন্য আমাদের মাননীয় ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তিনি আজকে গরীবরা যাতে বাঁচে দিন আনা দিন খাওয়া মানুষগুলি যাতে বাঁচে, ভূমিহীন, গৃহহীন মানুষ যাদের সংখ্যা আজকে দেশে সব চেয়ে বেশী, তারা যাতে বাঁচতে পারে, তার জন্য এই যে চেষ্টা, এই চেষ্টাকে আমি সমর্থন জানাচ্ছি। আজকে গরীবদের বসতবাটি দিয়ে এই যে তাদের মাতৃভূমির অংশীদার হিসাবে প্রতিষ্ঠা করার জন্য সরকার চেষ্টা করছেন, নিরক্ষর অজ্ঞ যে সমস্ত মানুষগুলি তাদের ন্যায্য দাবি জানাবার সুযোগ পায়নি তাদের জন্য সময়সীমা ১৯৭৪ সালের ১০ই আগস্ট পর্যন্ত বাড়িয়ে দেবার চেষ্টা করছেন, এটা যোগ্য কাজই করছেন বলে মনে করি। আজকে দেখতে পাই অনেক মানুষ গৃহহীন হয়ে গাছতলায়, লোকের পুরানো মন্দিরে, পোড় জায়গায় আশ্রয় নিয়েছে, তাদের দেখবার মত কেউ নাই। তারা আজকে এই সরকারের প্রতি পূর্ণ আস্থা জানিয়ে আশীর্বাদ করবেন এই সরকারকে। এই সরকার আজকে গরীব মানুষদের ভূমিহীন মানুষদের ভূমি দেবার ব্যবস্থা করছেন এবং সেই উদ্দেশ্যে যে বিল এনেছেন, সেই বিলকে আমি সমর্থন জানাই, বিলের উদ্দেশ্যকে আমি পূর্ণ সমর্থন জানাই। কিন্তু একটা কথা। বিল প্রণয়ন করা হচ্ছে, আইনও পাশ হচ্ছে। এখন দেখতে হবে যাতে এইগুলি কার্যে রূপায়িত হয় এবং জনসাধারণের উপকারে লাগে। যাতে এই আইন কার্যে রূপায়িত হতে সময় না লাগে, সেটা দেখতে হবে। প্রশাসনই বলুন আর আমলাতন্ত্রই বলুন, লাল ফিতার বাঁধন একই রকম ভাবে চললে হবে না। আজকে প্রশাসন এবং আমলাতন্ত্রকে জনসাধরণের সংগে মিশে যেতে হবে, সরকারের যে প্রচেষ্টা এবং উদ্দেশ্য সেটাকে সার্থক করে তুলতে হবে, তাহলেই আমাদের মহান নেত্রী ইন্দিরা গান্ধীর যে আদর্শ তা পরিপূর্ণতা লাভ করবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্!

[2-40—2-50 p. m.]

**Shri Md. Safiullah :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আজকের এই সভায় West Bengal Aquisition and settlement of Homestead Land (Amendment) Bill, 1972—যে বিল এসেছে আমি তার জন্য আমাদের বিভাগীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। বাস্তবিক আমরা কতকগুলি সংকাজ করবার চেষ্টা করেছি, তার মধ্যে এই কাজটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি আমার নিজের কেন্দ্রের কথা বলতে পারি—সেখানে কয়েকটি অঞ্চল আছে সেখানে আছে দুঃস্থ ও গরীব মানুষের বাস যেমন—আঁকুনি, কানাইডাঙ্গা, ভাদুয়া এবং কুমীরমোড়ার কিছু অংশ। সেই দুঃস্থ শ্রেণীর লোকদের বলে কাহার। তাদের নিজস্ব কোন ভূমি নাই, তারা অপরের জমিতে বাস করে। জমিদারদের খড়্গ তাদের মাথার উপর ঝুলছে—কখন তাদের জমি থেকে তুলে দেবে। আমি দেখেছি দিনের পর দিন একটা ছলছুতায় মিথ্যা মামলায় ঝুলিয়ে এই সব দুঃস্থ লোকদের এই জমির মালিকরা নানারকম অত্যাচার চালায়। এই যে বিল মন্ত্রিমহাশয় এনেছেন এর objects and reasons আমি পড়ে দেখেছি। আপনার এই প্রচেষ্টা সাধু। আমি অনুরোধ করবো—আপনার যে কর্মচারী ও মেশিনারী আছে তাকে আপনি সক্রিয় করবার চেষ্টা করবেন, ব্যবস্থা করবেন।

Land Reforms কমিটির যে প্রতিনিধিরা আছেন আমাদের স্থানীয় ব্লকে সেই সব মানুষের suggestion, তাদের সহায়তা ও উপদেশ আপনি নেবেন এই কাজে। এই অনুরোধ আপনার কাছে রাখবো। এইভাবে লোয়ার স্তরে—এম-এল-এ-দের নিয়ে ও তাঁদের আস্থাভাজন লোকদের নিয়ে আপনি এই কাজে অগ্রসর হোন। আমি আপনাকে assurance দিতে পারি—এই কাজে সফলতা অর্জন করবেনই।

মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো—জমিদার শ্রেণী ও বড়লোক শ্রেণীর লোকেরা নানারকম ভাবে ছলছুতায় মিথ্যা মামলায় জড়িয়ে যেন এইসব দুঃস্থ গৃহহীন, ভূমিহীন লোকদের হয়রানি না করতে পারে। আপনার এই সাধু প্রচেষ্টার জন্য—আপনাকে সাধুবাদ ও ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Gurupada Khan :** মাননীয় অধ্যক্ষমহাশয়, যে সংশোধনী বিলটা এখানে উত্থাপিত হয়েছে, আপনি নিজে দেখলেন যে এটা সকলে সর্বান্তঃকরণে সমর্থন করেছেন। এই যে শুভ প্রচেষ্টা, এই শুভ প্রচেষ্টার রূপায়ণ সত্যিই এতদিন হয় নি—এ কথা স্বীকার করতেই হবে। যে স্বল্প সময় দেওয়া হয়েছিল—তার মধ্যে যে আবেদনপত্রগুলি আমরা রেখেছি—তার সঠিক সংখ্যা হলো ১২,৬৩৫। এর মধ্যে enquiry কিছু করা হয়েছে। তবে যত দ্রুতগতিতে এটা করা উচিত ছিল, তত দ্রুতগতিতে এটা করা হয় নি। মাননীয় অধ্যক্ষমহাশয়, এর জন্য হয়ত আমাদের পশ্চিম বাংলায় যে রাজনৈতিক অবস্থা ছিল ও অন্যান্য অবস্থা ছিল, তার জন্য খানিকটা দায়ী। আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে এইটুকু জানাতে চাই যে যারা এই আইনের সুযোগ সত্যি পাবেন, তাঁরা যাতে দ্রুতগতিতে পেতে পারেন, তাড়াতাড়ি পেতে পারেন, তারজন্য যা ব্যবস্থা গ্রহণ করা উচিত, তা নিশ্চয়ই সরকার করবেন, পিছপা হবেন না। একটা জিনিস আমাদের সকল সদস্যের কাছে স্মরণ করিয়ে দিতে চাই—আমাদের আগেকার আইনে যে জিনিসটা ছিল, যে একটা প্রভিশন ছিল—১৯৬১ সালের ১১ই আগস্ট যখন থেকে আইন বলবৎ হয়েছে, তার আগের তিন বছর continuously অর্থাৎ নিরবচ্ছিন্নভাবে কোন ব্যক্তি সেখানে বাস করেছেন কিনা এটা প্রমাণ করা। এটার জন্য সাক্ষীসাবুদ নেওয়া প্রয়োজন ছিল। এটাকে এখন অত্যন্ত সোজা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি বলেছেন এই আইনটা যেদিন বলবৎ হবে তার আগে থেকে দু' বছরের জন্য বাস করলে এই আইনের সুযোগ-সুবিধা তিনি পেতে পারবেন।

আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করছি যে এখন তাঁরা যদি সহযোগিতা করেন, নিজের নির্বাচনী এলাকায় যে ফরমে আবেদন করতে হবে সেই ফরম নিয়ে এই আইনের সুযোগ যারা পেতে পারবেন তাদের দিয়ে ফরম পূরণ করিয়ে ঠিক ঠিক মত যদি পেশ করেন তাহলে সরকার থেকে নিশ্চিত করে এইটুকু বলতে পারি আপনাদের কাছে যে আমরা তাড়াতাড়ি করে তদন্ত করে যারা জমি পাবার যোগ্য তাদের জন্য নির্দেশ, নির্দিষ্ট সীমারেখা করে দিয়েও তাদের স্বত্ব অর্পণ করে দেওয়ার কাজগুলি করার জন্য আমরা নিশ্চয়ই তাড়াতাড়ি ব্যবস্থা অবলম্বন করবো। আমি আর বেশী কিছু বলতে চাই না, শুধু মাননীয় সদস্যদের বলছি যে এ ব্যাপারে সচেতন হয়ে নিজ নিজ নির্বাচনী এলাকায় যে সমস্ত অক্ষরজ্ঞানহীন লোক রয়েছেন, যারা আইনের মর্ম বোঝেন না, যারা লেখাপড়া জানেন না তাদের সহায়তা করুন। আর তা করে এই আইনের কার্যকরী রূপ দেবার জন্য আপনারা সকলে এগিয়ে আসুন। এই কয়েকটি কথা বলে আমি শেষ করলাম।

The motion of Shri Gurupada Khan that the West Bengal Acquisition and Settlement of Homestead Land (Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

*Clauses 1, 2, 3 and the Preamble*

The question that clauses 1, 2, 3, 4 and the Preamble do stand part of the Bill was then put agreed to.

**Shri Gurupada Khan :** Sir, I beg to move that the West Bengal Aquisition and Settlement of Homestead Land (Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The Bengal Municipal (Amendment) Bill, 1972**

**Shri Prafulla Kanti Ghosh :** Mr. Speaker, Sir, I beg to introduce the Bengal Municipal (Amendment) Bill, 1672.

( Secretary then read the title of the Bill )

**Shri Prafulla Kanti Ghosh :** Sir I beg to move that the Bengal Municipal (Amendment) Bill, 1972, be taken into consideration.

Sir, while moving the Bill I say when an Executive Officer is appointed for a Municipality under section 67A of The Bengal Municipal Act, 1932, with all the powers of the Chairman and the Commissioners or when a Department of a Municipality or a Municipality itself is superseded under section 5:0 (2) or section 552 (1) (ii) (bb) of the Bengal Municipalal Act, 1932, by the State Government, the latter becomes morally responsible to see that the Municipality is administered properly during the regime of the Executive Officers or Administrators. The Bengal Municipal Act, 1932 does not contain

[2-50—3 p. m.]

any provision by which the State Government can exercise the necessary powers and guide the Executive Officer or the Administrator in this

regard. Moreover. during the period of appointment of the Executive Officer or supersession under the above sections, all the powers and duties of the Chairman and Municipal Commissioners are exercised and performed by the Executive Officer or Administrator appointed under sections 67A or 550(2) and 554(1) (bb) of the Bengal Municipal Act, 1932, as the case may be, and the State Government cannot legally control or direct the actions of such officer or officers. As the Municipality is an elected body it is very appropriate that during such periods it should be managed and run on democratic lines which, however, is only possible if the State Government formed by the elected representatives of the people have legal power to issue directives wherever necessary on the Executive Officer or Administrator as the case may be. With a view to achieving the above objective, suitable amendments of sections 67A, 550(2) and 555(1) (ii) (bb) of the Bengal Municipal Act, 1932. are necessary. The Bill seeks to achieve this objective as explained above. There will be no financial liability on Government to give effect to the above provisions. I hope this Bill will receive the full support of the House.

With these words, Sir, I commend my motion to the acceptance of the House.

**Shri Sisir Kumar Ghosh :** মি: স্পীকার, স্যার, আজকে মাননীয় মন্ত্রিমহাশয়, যে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যামেণ্ডমেণ্ট বিল আনলেন এটা সম্পর্কে আপত্তি করবার কিছুই নাই সমর্থন নিশ্চয় করতে হবে। কারণ কাজ করতে গিয়ে যে সমস্ত অসুবিধা দেখা দেয় সেই সেই অসুবিধাগুলি যদি দূরীভূত করা না যায় তাহলে মিউনিসিপ্যালিটিগুলির কি অবস্থা হয় সেটা মন্ত্রিমহাশয় নিশ্চয় অনুধাবন করেছেন। মন্ত্রিমহাশয়কে একবার চিন্তা করতে অনুরোধ করি যে মিউনিসিপ্যালিটিগুলির যে বোর্ড অব কমিশনার্স যারা কাজ চালাচ্ছেন তাদের কি অসুবিধা হচ্ছে সেটা দেখার জন্য। তাই বার বার বলা হয়েছে যে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টকে পরিবর্তন করা হোক। এবং এই অ্যাক্টকে সংশোধন করার জন্য একটা কমিটিও নিয়োগ করা হয়—তারা ১৯৭১ সালে একটা রিপোর্ট পেশ করেন। কিন্তু সে সম্বন্ধে সরকারের কি সিদ্ধান্ত সেটা এখনও পর্যন্ত আমাদের কাছে এল না। স্পীকার স্যার, এই বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে যে অসুবিধা তা আজ সর্বজনবিদিত। কিছুদিন আগে এই অ্যাসেম্বলীতে কমিশনারের ক্ষমতা দেওয়া হোল যে ৫০০ টাকা পর্যন্ত স্যালারীর কর্মীদের অ্যাপয়েণ্টমেণ্ট দিতে পারবে। কিন্তু ঐ বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে কমিশনার বা চেয়ারম্যানের ক্ষমতা ছিল ২০০ টাকা পর্যন্ত স্যালারীর কর্মীদের তারা অ্যাপয়েণ্ট করতে পারবে। স্পীকার, স্যার, আপনি জানেন যে কাজ করতে গেলে যে এষ্টিমেট করতে হয় তাতে চেয়ারম্যান বা ভাইস-চেয়ারম্যানের ৫০০ টাকার বেশী খরচ করবার ক্ষমতা নাই। টাকার যদি দরকার হয় তাহলে বোর্ড অব কমিশনারস-এর পারমিসন দরকার হয়। একটা ড্রেণ সাফ করতে আজকে ৫০০ টাকার খরচ হয়ে যায়। ১৯৩১ সালে জিনিসের যে মূল্য ছিল হয়তো সেখানে ৫০০ টাকা খরচ যথেষ্ট হোত—কিন্তু আজকে সেই ৫০০ টাকার বেশী খরচ করবার ক্ষমতা চেয়ারম্যানের বা ভাইস-চেয়ারম্যানের নেই—এর পরিবর্তন যে দরকার সে কথা মন্ত্রিমহাশয় নিশ্চয় স্বীকার করবেন। মাননীয় স্পীকার, স্যার, এই খাটালগুলি কলকাতা থেকে চলে গিয়ে মিউনিসিপ্যালিটিগুলিতে জায়গা করে নিল এই খাটালগুলি সম্পর্কে আপনি যদি অনুসন্ধান করেন তাহলে দেখতে পাবেন বেশীরভাগ

খাটালই হচ্ছে আন-অথারাইজড, অথচ মিউনিসিপ্যালিটির পক্ষে এই খাটালগুলির বিরুদ্ধে কেস করা ছাড়া কোন উপায় নেই। কেস করলেও ডেলি ফাইন ইমপোজ হয় না, যার জন্য কয়েকটি টাকা তারা ফাইন দিয়ে আবার সেখানে খাটাল রাখে এবং শহরাঞ্চলের লোকদের জনস্বাস্থ্য ক্ষতিকারক ব্যারাম দেখা দেয়। স্পীকার, স্যার, আপনি একবার চিন্তা করে দেখুন বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে ওরা প্ল্যান পাস করবার অধিকারী। ওরা প্ল্যান পাশ করে কিন্তু প্ল্যান করে নট অ্যাকর্ডিং টু প্ল্যান হিসাবে। সেখানে মামলা হয়, সেখানে কেস্ হয়। কেসের যে ডিসিসান হয় বের করতে যে কতদিন সময় লাগে সেটা আপনারা জানেন। ইতিমধ্যে যার বাড়ী তৈরী করবার কথা, তিনি বাড়ী তৈরী করে ফেলেন। কোর্টের কাছে স্বভাবিকভাবে তিনি বলেন এত বড় বাড়ী আমি তৈরী করে ফেলেছি, অতএব নিশ্চয় এত বড় বাড়ী ভাঙা সম্ভব হয় না। কোর্ট সেইভাবেই পারমিসন দেন বা একটি ফাইন করে সেই বাড়ী রাখার সুযোগ দেন। কাজেই নতুন করে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট সংশোধন করবার প্রয়োজন আছে কিনা, এই সমস্ত জিনিসগুলি একটু চিন্তা করা দরকার। মিউনিসিপ্যালিটিগুলির তাদের কনটিনজেন্সী খরচ করবার অধিকার নেই। কাজেই এই কনটিনজেন্সী খরচ করকার অধিকার হিসাবে আইন থাকার প্রয়োজন আছে কিনা এগুলি একটু ভাববার বিষয়। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব আপনি যখন ক্যালকাটা করপোরেশের পরিচালনাভার গ্রহণ করলেন, আপনি যখন অন্যান্য মিউনিসিপ্যালিটিগুলিকে সুপারাসড করে অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত করলেন, তাদের দায়দায়িত্ব সরকারের উপর এসে পড়ল তখন আপনি একটা একবার চিন্তা করে দেখুন যে ঐ বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টে যে সমস্ত কমিশনার বোর্ড অব কমিশনারস কাজ চালাচ্ছেন তাদের পক্ষে দৈনন্দিন কাজ চালানো কত যে অসুবিধা, কত বেদনাদায়ক এবং এতে জনসাধারণের কাছে তাদেরকে শুধু ডিসক্রেডিটেড হতে হয়। ১৯৩১ সালের আইন নিশ্চয় জনসাধারণের চাহিদা পূরণ করতে পারে না। ১৯৩১ সালে ব্রিটিশ সাম্রাজ্যবাদ এই আইন প্রণয়ন করেছিলেন। সেখানে মোটামুটি আইন প্রণয়ন করবার একটা উদ্দেশ্য ছিল। অবশ্য এর মধ্যে কয়েকবার আইনটির অ্যামেণ্ডমেণ্ট হয়েছে। আপনারা জানেন এই মিলগুলির যে ট্যাক্সেসন ছিল, যুক্ত ফ্রণ্টের আমলে সেই আইনের পরিবর্তন হয়েছিল এই ট্যাক্সেসনের ব্যাপারে এবং যার জন্য শিল্পাঞ্চলের মিউনিসিপ্যালিটিগুলির কিছুটা উপকার হয়েছে এবং তারা কিছুটা লাভজনকভাবে কাজ চালাতে পারছে। স্পীকার, স্যার, আমি এই সুযোগে মাননীয় মন্ত্রিমহাশয়কে এই কথা বলব যে ছোট ছোট অ্যামেণ্ডমেণ্ট এনে আর আপনি অযথা সমস্ত বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টের গায়ে প্যাচিং করবার চেষ্টা করবেন না। এই প্যাচিং অফ না করে সম্পূর্ণভাবে একটি সংশোধনী আইন আনুন, যে আইনে সমস্ত মিউনিসিপ্যালিটিগুলি সুযোগ সুবিধা পেতে পারে এবং রেট পেয়ারস থেকে শুরু করে সাধারণ নাগরিকরা পর্যন্ত যাতে নূতন করে জীবন-যাপন করার সুযোগ সুবিধা পায় তার ব্যবস্থা করুন। সেইজন্য আমি আশা করবো মন্ত্রিমহাশয় নিশ্চয় আগামী দিনে এই সংশোধনী বিল আনবেন, যে সংশোধনী বিল আমাদের এই গণতান্ত্রিক মোর্চার আশা আকাঙ্ক্ষাকে প্রতিফলিত করতে পারবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Bhabani Sankar Mukherjee**: Mr. Speaker, Sir, I am thankful to you that you have kindly allowed me to speak in the House today on the following points. I, of course, endorse and support the amendment placed by the Hon'ble Minister and I congratulate him. I have a specific request to the Minister to go through section 163 of Bengal Municipal Act which reads as follows:

> "The Commissioner at a meeting may order to be struck off the books of accounts, any tax, toll, fee, rate or other municipal dues under this Act which may appear to them to be irrecoverable."

But, Sir,t he section is ambiguous, when read with sections 156, 157, 158, 159, 160, 161, 162 and 162 (A) of Bengal Municipal Act which indicate that the process of recovery is long drawn and not practicable for the Commissioners or the Administrators as the case may be during their stay in the office.

[3-00—3-10 p. m.]

As such the section in question appears to be vague although the Commissioners in a meeting or the Administrators have been empowered to write off the municipal dues of ratepayers if they think on proof that the dues are irrecoverable. But, Sir, it seems to me that there is no scope for the Commissioners to apply their discretionary power when sections 156 to 162 (a) of the Bengal Municipal Act are taken into consideration. It has also been observed that as section 163 of the Bengal Municipal Act is not clear enough for the Commissioners at a meeting to apply their discr tionary power, there is found no application of section 163 of the Bengal Municipal Act with the result that the books of accounts of the municipalities governed by this Act show fictitious income for years together and appreciable amounts which are never recovered and would never be recovered remain in the books of accounts. Therefore, no Commissioners shall have a clear picture of the municipality and they cannot but pass budget estimates as per book income which is not real. So, Sir, I feel that section 163 of the Bengal Municipal Act be amended clearly mentioning the grounds under which the Commissioners or the Administrators, as the case may be, may write off irrecoverable arrear demands under their discretionary powers and that a clear definition of 'irrecoverable demands' be added with the section as sub-section, keeping in mind that the interest of tho municipality is not ignored.

আমি আরো বিশেষ করে বলতে চাচ্ছি যে ১৯৩২ সালে British Period এ যে Municipal Act তৈরি হয়েছিলো সেটাকে আবার নৃতন করে recast করার দরকার আছে। কেন না, এখনকার সময়োপযোগী এটা সম্বন্ধে আমাদের খুব চিন্তা করা দরকার। সময়োপযোগী অনেক কাজ করার আছে এবং করতে যদি পারা যায়, এই এই municipalityর মত public service সত্যিসত্যি আর কোন service-এ তাড়াতাড়ি দেওয়া যায় না। বিশেষ করে কলকাতা এবং পশ্চিমবঙ্গে অনেক municipality আছে। প্রায় একশতটির কাছাকাছি, আমার Exact figure জানা নেই, হয়ত ৯২টি হবে। তাদের মারফৎ কত লক্ষ লক্ষ লোককে service দেওয়া যায়। এই municipality-র বিশেষকরে ১৯১১ সালে যে নুতন report তৈরি করা হয়েছিলো সেটাকে কার্যকরি করার জন্য আমি আমাদের মন্ত্রিমহাশয়কে বিশেষকরে অনুরোধ করবো এবং Bengal Municipal Act, 1932, এটাকে নুতন করে recast করার জন্য বলছি। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abdur Rauf Ansari**: Mr. Speaker, Sir, I support the Bengal Municipal (Amendment) Bill, 1972, as Bill No. 34 of 1972. Sir in West Bengal there are about 89 municipalities and if any of the muuicipalities is

superseded, just as I mentioned in this House yesterday—the fate of the municipality and the fate of the citizens who expect all civic amenities from the municipality remain the same because after supersession an officer is put and fixed there as an Administrator or Special of Officer, whatever you may call him. Now, Sir, in order to meet the challenge of the demands of the people, the civic requirements, sometimes it is felt and experiences of the past also show—only yesterday in this House we unanimously passed a similar Bill—that the Government must have powers to issue directives to the officers concerned of the municipalities from time to time, as and when it is required, for the benefit of the local people. That is why this amendment has come before us. Of course, my friend has mentioned rightly that this Bengal Municipal Act is of 1932 under which the municipalities are run. It is quite befitting and also very much essential that in order to meet the challenge of the time and the demands of today and of tomorrow we should recast this Act. We should see, in the interest of the future genarations of these municipalities and the future planning under the CMDA, and for the huge amount of money which is coming for the development of the CMDA areas which cover 39 municipalities, the earlier it is done, the better.

Sir, I am supporting this Bill because it will help the general public under the municipalities. If the Government feels that assessment of property has gone down beyond expectation, if the collection from properties has gone down beyond limit—I know, in some of the West Bengal municipalities the collection has gone down to 34 per cent—it is quite impossible to run the administration. The officer who is there also finds himself quite helpless in the absence of the Commissioners and Chairman. So, if this Bill is passed Government may give directives to that officer how to move and when and how to do things, so that the municipality can function properly and look after the interest of the people. What the municipality can expect from the people of the locality is also there. I do not want to take much time of the House. I feel the Bill will receive unanimous support because it is of the same nature that the House passed yesterday. Only thing I want to mention is that the Bengal Municipal Act is of 1932, a very old Act, and it requires through overhauling.

With these words, Sir I support the Bill.

**Shri Prafulla Kanti Ghosh :** মাননীয় স্পীকার, স্যার, আপনার অনুমতি নিয়ে আজ এই বিধানসভায় বেংগল মিউনিসিপ্যাল অ্যাক্টএর অ্যামেণ্ডমেণ্টএর একটা প্রস্তাব এনেছি। গতকালও আপনার অনুমতি নিয়ে এই বিধানসভায় ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টের একটা অ্যামেণ্ডমেণ্ট এনেছিলাম। আজ যে অ্যামেণ্ডমেণ্ট প্রস্তাব আপনার মাধ্যমে এই বিধানসভায় রেখেছি তা একই জিনিস। ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টের যে পরিবর্তন চেয়েছিলাম তার ব্যাখ্যাস্বরূপ এই সরকার পক্ষ থেকে এই হাউসের সামনে জানিয়েছিলাম যে ক্যালকাটা মিউনিসিপ্যালিটির কাজ যাতে সুচারুরূপে চলে তার জন্য আজ জনসাধারণের রিপ্রেজেনটেটিভ যে সরকার সেই সরকার এই কাজে তাদের হস্তক্ষেপ রাখবে যতক্ষণ না আবার নির্বাচিত কমিশনাররা আসেন। আজও আপনার অনুমতি নিয়ে সেই কথা বলব এই বেংগল মিউনিসিপ্যাল অ্যাক্টের যে পরিবর্তন

আনছি সেই একই আদর্শে যে যতক্ষণ না যে সমস্ত সুপারসিডেড মিউনিসিপ্যালিটিতে আবার নির্বাচন হচ্ছে ততক্ষণ পর্যন্ত সেখানকার অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার বা অ্যাডমিনিস্ট্রেটর বা তাদের প্রতিদিনের আচরনের ভিতর সরকারের একটা হস্তক্ষেপ থাকা দরকার। মাননীয় স্পীকার, স্যার, আজ এই অ্যামেণ্ডমেন্ট বিলকে সামনে রেখে মাননীয় সদস্য শ্রীশিশিরকুমার ঘোষ মহাশয় যে কথা বলেছেন সে কথা নিশ্চয়ই এই সরকার আগামী দিনে মনে রাখবেন। শুধু এই আলোচনা প্রসংগে একটা কথা বলব যে, সরকার অনেক দিন আগে থেকেই একটা একসপার্ট কমিটি এনে রেখেছেন যে সারা পশ্চিম বাংলার মিউনিসিপ্যালিটি বা করপোরেশনের কি কি আইনএর পরিবর্তন আনলে মিউনিসিপ্যালিটি বা করপোরেশন সুচারুরূপে পরিচালিত হতে পারে তা স্ট্যাডি করার জন্য। এই স্টাডি টিমের প্রথম পর্যায়ে তাঁদের যে অভিজ্ঞতা বা তাঁদের যে

[3-10—3-40 p. m. including adjournment]

মতামত তার ফাইল আমার কাছে এসে পৌছেছে। সেটাকে আমি সামনে রেখে পুংখানুপুংখরূপে আলোচনা করছি এবং আশা করি শিশিরবাবু আজকে এই বিধানসভায় যে কথা রেখেছেন আগামীদিন হয়তো এই সরকার একটা ব্যাপকভাবে বেংগল মিউনিসিপ্যাল এবং ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টের আরও যে সমস্ত পরিবর্তন প্রয়োজন সে পরিবর্তনের কথা বিধানসভার সামনে রাখবো আলোচনার জন্য এবং সমর্থনের জন্য। আর মাননীয় সদস্য শ্রীভবানী শংকর মুখার্জী যেকথা বলেছেন, শুধু বলেন নি তিনি একটা লিখিত মতামতও দিয়েছেন, সেটা খুবই গুরুত্বপূর্ণ জিনিস। সেটার বিষয় এখানে দাঁড়িয়ে এখনই উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব নয়। তিনি তাতে যে পরিবর্তনের কথা বলেছেন সেটা স্ট্যাডি করে যদি বোঝা যায় এটা গ্রহনীয় নিশ্চয় তাহলে সেটা গ্রহণ করা হবে। আনসারী সাহেব এই বিলের উপর বক্তব্য রেখেছেন। তিনি যেকথা বলেছেন আমি সরকারের তরফ থেকে বলতে গিয়ে সেই কথাই বলছি। সুতরাং আমার বলার আগে তিনি ভালভাবে আজকের প্রয়োজন সম্বন্ধে বক্তব্য রেখেছেন। আমি সদস্যদের অনুমতি নিয়ে এবং আপনার অনুমতি নিয়ে বলবো, Sir, I support the Bill.

The motion of Shri Prafulla Kanti Ghosh that the Bengal Municipal (Amendment) Bill, 1972, be taken into consideration, was then put and agreed to.

*Clauses 1, 2, 3, 4 and the Preamble*

The question that clauses 1, 2, 3, 4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prafulla Kanti Ghosh :** Sir I beg to move the Bengal Municipal (Amendment) Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes)

**After Adjournment**

[3-40—3-50 p. m.]

**The Public Wakfs (Extension of Limitation) (West Bengal Amendment) Bill, 1972**

**Dr. Md. Fazle Haque :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি অনুরোধ করছি যে ১৯৭২ সনের সার্বজনিক ওয়াকফ তামাদি-কাল বর্ধন পশ্চিমবঙ্গীয় সংশোধন বিধেয়ক বিলটি এই সভায় বিবেচনা করা হোক।

(Secretary then read the Title of the Bill)

**Dr. Md. Fazle Haque:** সার্বজনিক ওয়াকফ (তামাদি-কাল বর্ধন) আইন, ১৯৫৯-এ (১৯৫৯ খ্রীষ্টাব্দের কেন্দ্রীয় ২৯ আইনে), ওয়াকফ সম্পত্তির দখল পুনরুদ্ধারের মামলা সংক্রান্ত তামাদি-কাল বাড়াইয়া দেওয়ার জন্য ব্যবস্থা করা হইয়াছিল, কিন্তু সেই বর্ধিত কাল ১৯৭০ খ্রীষ্টাব্দের ৩১শে ডিসেম্বর তারিখে উত্তীর্ণ হইয়া গিয়াছে। ভারত সরকার জানাইয়া দিয়াছেন যে, তামাদি-কাল আরও বাড়িয়ে দেওয়ার ব্যবস্থা করা উঁহার পক্ষে সম্ভব হইবে না এবং অনুমোদিত দখলিকারদের নিকট হইতে যেসমস্ত ওয়াকফ সম্পত্তির পুনরুদ্ধারের কাজ এখনও বাকী আছে সেগুলির সংখ্যা বিচারে তামাদি-কাল আরও বর্ধিত করা আবশ্যক হইলে উল্লিখিত আইনটি স্থানীয়ভাবে সংশোধন করিবার জন্য রাজ্য ওয়াকফ পর্ষদ সংশ্লিষ্ট রাজ্যসরকারের নিকট আবেদন করিতে পারেন। তদানুসারে, পশ্চিমবঙ্গের ওয়াকফ কমিশনার তামাদি-কাল ১৯৭০ খ্রীষ্টাব্দের ৩১শে ডিসেম্বর তারিখের পর আরও বাড়াইয়া দেওয়ার জন্য একটি প্রস্তাব রাজ্যসরকারের নিকট পেশ করিয়াছেন এবং তাহার কারণ হিসাবে তিনি বলিয়াছেন যে, পশ্চিমবঙ্গে এখনও বহুসংখ্যক ওয়াকফ সম্পত্তি অননুমোদিতভাবে দখল করিয়া রাখা হইয়াছে ও সেগুলি পুনরুদ্ধারের নিমিত্ত মামলা দায়ের করিতে হইবে। বিষয়টির সমস্ত দিক বিবেচনা করিয়া প্রস্তাব গ্রহণ করা গিয়াছে যে, সার্বজনিক ওয়াকফ (তামাদি-কাল বর্ধন) আইন, ১৯৫৯, সংশোধনপূর্বক তামাদি-কাল ১৯৭৬ খ্রীষ্টাব্দের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বর্ধিত করা যাইতে পারে। ঐ প্রস্তাব কার্যে পরিণত করিবার জন্যই বর্তমান বিধেয়কটি প্রস্তুত করা হইয়াছে।

**Dr. A. M. O. Ghani:** Mr. Speaker, Sir, I support this Publice Wakfs (Extension of Limitation) (West Bengal Amendment) Bill, 1972, because I think that this amending Bill for an extension of time limitation for filing suits in law courts to recover possession of wakf properties from unauthorise occupation, from 31st December, 1970 to 31st December, 1976, is absolutely essential to save such wakf estates from being lost to the people for whom they are meant.

Sir, have you got any idea how many such wakf estates are there? Even one in Tollygunge with which late Moulana Abul Kalam Azad, ex-President of the Indian National Congress, was connected, is still lying in unauthorised possession for a long time. Sir, nothing has been done so far about it. In many cases even law suits have not yet been filed in courts of law. I give below a few example of such Wakf Estates, (a) Turf Club land, (b) Prachi Cinema land, (c) Paramount Cinema Land, (d) Boo Ali Wakf Estate in Kaiser Street, (e) Bili Anaro Imambara Wakf Estate in Tanti Bagan in my area, (f) Shahi Musjit (Tipu Sultan Mosque) in Esplanade, (g) Race-Course land and also Sohani Musjit Estate, etc. Will it be surprising if after 31st December, 1972. Government will dind itself again the need of extending the time as today because no suits have been filed, no property has been recovered? The Wakf Commission with the Wakf Board enjoys practically full judicial and administrative authority. You know, Sir, the Wakf Department is a notorious den of corruption. A group of lawyers and outsiders with the members of the Wakf Board monopolise

and manipulate all underhand legal and financial transactions, with usually the Wakf Csmmissioner a helpless onlooker. I know of a property extending more than 2 bighas in South-West Calcutta, easily with 364 lacs, thrown away by a manipulated auction for about Rs. 10,000, for which even the Division Bench of the Hon'ble High Court had to censure the Wakf Commissioner. I know of another Wakf property in Central Calcutta, first leased out to Calcutta Corporation for a Park, after expiry of the lease sold to a house-building speculation at a fabulous price for building multi-storied mansion and the mony has been misappropriated by the Motawalli instead of being invested in the improvement of the rest of this Wakf property which consists of a bustee and a Mosque. The only condition on which the Wakf Commission can authorise the sale of a Wakf property or a part thereof, is important of that Wakf Estate.

To prevent such corrupt practices, perhaps, the Sir Zahed Suhrawardy Committee, consisting of himself, Sri T. Ansar Ali, Mr. A. Handerson, and Mr. Syed Nassim Ali, in 1933, had reported as follows: I am quoting from the Bengal Wakl Act, 1934—"The Commissioners should be public officers and as such their appointment should be in the hands of the Government. The members of the Board should also be public officers and hold the rank and status of judicial officers in the Provincial Services, as they are to be vested with considerable judicial powers." Instead of that what we find today is that a group of dubious, unscrupulous people have worked their way into the Wakf Board and Department. They secretly manipulate and monopolise all Wakf activities, by-passing the Wakf Commission.

The Public Wakf institution is a great socialist effort as best could be conceived in the 6th century A.D. to convert private property into public property. This has so far, in spite of dishonest functioning on the part of some people in the Wakf Department, preserved some muslim property from disappearing altogether from existence. It has been the main prop of the poorer section of the muslim community whose educational and other needs are supposed to be met by Wakf fund charities. For this purpose the entire Wakf Act has to be studied threadbare and remodelled to meet the requirements in a more democratic way. This was what I was expecting when I received a copy of this tiny amending Bill. Hoping to have such a comprehensive Bill in the near future, I wholeheartedly support this small mercy.

With these words, Sir, I support the motion.

**Shrimati Nurunnessa Sattar :** মাননীয় স্পীকার মহাশয়, ওয়াকফ সম্বন্ধে যে বিল এসেছে সেটা সংশোধনী বিল অর্থাৎ এক্সটেনসন দেওয়া হচ্ছে। যারা ঠিকমত আদায় দেন না, যারা অন্যত্র চলে গেছে বা অন্যের কিছু জমিজমা হস্তান্তর করেছে সেই সময় বাড়াবার জন্য এটা আনা হয়েছে এটা সত্য কথা। কিন্তু এর মধ্যে একটা বড় কথা হচ্ছে এই ওয়াকফ—এর যে সম্পত্তি সেটা জনহিতকর কার্যের জন্য দেওয়া হয়েছে এবং দেবোত্তর সম্পত্তির মত মসজিদের নামে কিছু সম্পত্তি দেওয়া হয়েছে অর্থাৎ মসজিদ এটা দেখাশুনা করবে এবং জনসাধারণের মধ্যে যারা অভাবগ্রস্ত এবং হঠাৎ যদি কোন অতিথি এসে পড়ে তাদের সেবা করবার জন্য এটা দেওয়া হয়েছে এবং এরকমভাবেই দলিল করা হয়েছে। কিন্তু বেশীর ভাগ জায়গাতেই দেখা যায় এটা শুধু ভোগ দখল করা হয়, সেবা কার্য করে না। ওয়াকফের যে কমিটি আছে বা কমিশনার আছেন তাঁর মাধ্যমেই কাজ হবার কথা। কিন্তু বাস্তবে দেখা যায় খাজনা বা সেস্ যেটা আছে সেটা বছর বছর দেন না, ফাঁকি দেন। এতে লক্ষ লক্ষ টাকার সম্পত্তি আছে যেটা এই বোর্ড-এর মাধ্যমে আসতে পারে এবং জনহিতকর কার্যে লাগতে পারে। কাজেই আমি বলব যেখানে গাফিলতি আছে সেখানে ভালভাবে খোঁজখবর নিন বোর্ড-এর মাধ্যমে। অনেক অফিসার আছেন যাঁরা এই দায়িত্ব গ্রহণ করেছেন এবং যে সমস্ত ইনসপেক্টর আছেন তাঁরা যদি গ্রামাঞ্চলে গিয়ে খোঁজখবর করেন তাহলে প্রচুর টাকা আদায় হতে পারেন। আমি জানি সব টাকা ঠিকমত আদায় দেয় না এবং অনেক রকম গাফিলতি আছে। কাজেই সেদিক থেকে যেন চেষ্টা করা হয় এবং জনসাধারণের উপকার করবার জন্য হেকমিখানায় যে টাকা দেওয়া হয় সেটা দেখাশুনা করবার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। আমি আর একটা জিনিস মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে, এখন যিনি কমিশনার হবেন বা ডেপুটি কমিশনার হবেন বা যাঁরা এই বোর্ড পরিচালনা করবেন তাঁরা আইনজ্ঞ হবেন এবং সুষ্ঠুভাবে বিচার করে কাজ করবেন এরকম লোকের উপর দায়িত্ব দেওয়া উচিত। প্রতি বছর গ্রামাঞ্চলে যেতে হয় বলে অনেক সময় এখান থেকে বসে একটা হিসেব লেখা হয়। আমার বক্তব্য হচ্ছে এটা যেন আর না হয়, তাঁরা যেন সেখানে যান এবং যাঁরা এই বোর্ডের মধ্যে দায়িত্বশীল পদে আছেন তাঁরা যেন সেখানে যান, ইনপপেক্টররা যেন সেখানে যান এবং এই টাকা যেন জনসাধারণের কল্যাণে খরচ করা হয়। অনেক গরীব মুসলিম ছেলে আছে যারা টাকার অভাবে লেখাপড়া করতে পারে না। তাদের এই বোর্ডের মাধ্যমে সুযোগ দেওয়া উচিত এবং তাদের জন্য একটা ভাল হোস্টেল খোলা দরকার যাতে তারা সেখানে খাওয়া দাওয়া করে পড়াশুনা করতে পারে। অনেক অভাবগ্রস্ত ছেলে আছে যারা টাকার অভাবে পড়তে পারে না, তাদের বাবা-মা পড়াতে পারে না। কাজেই যে টাকা জনসাধারণের জন্য দেওয়া হয়েছে সেটা যেন সৎভাবে খরচ করা হয় এটা আমরা চাই। সর্বশেষে আমি অধ্যক্ষমহাশয়ের মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে, একজন উপযুক্ত এবং দায়িত্বশীল **lawyer** যেন এটা পরিচালনা করেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-50—4-00 p.m.]

**Shri Abdur Rauf Ansari** : Mr. Speaker, Sir, while supporting the Public Wakfs (Extension of Limitation) (West Bengal Amendment) Bill, 1972, I must congratulate the Government of West Bengal,—the popular and the people's Government—because in view of what I find in the press that when the Government of India said that it is not possible on their part to extend the period of limitation any farther, the Government of West Bengal deserves appreciation by this House that it has come forward with a Bill for a further extension of the period till 1976. As it is quite clear that the Commissioner

of Wakf has writtan to the Government that there is a good number of properties still in the hands of unauthorised occupiers and it is essential that they must be cleared and suits must be filed and that is why the period which has already expired in 1970 has to be extended up to 1976. Sir, only this part of the Bill is going to help us but I will request the Minister-in-charge to bring a comprehensive Bill on the subject. I know the Government is anxious regarding the wakf properties, I know the Government is equally feeling that there are hundreds and hundreds of wakf properties lying in unauthorised occupation, lying with the Mutwalis and are being utilised in the wrong way. It is also a fact that this people's Government is fighting for the cause of the poor ; they want to remove poverty, they want to give all possible help to the poor and needy and backward classes of people. Here in the case of wakf, the Government won't have to spend any money from their own exchequer, from their own pocket. The money is with the wakf—crores of rupees. If the Wakf Act is properly amended, if the Wakf Office and its administration is put on the right path, I am quite sure it will serve the needs of thousands and thousands of children—poor and needy children—for whom it has been dedicated by the Wakfees in the name of the poor students. So, I feel and I draw the Government's attention that they will immediately come without further delay with the Bill. Just now one honourable member, Dr. A. M. O. Ghani has mentioned a few cases. I agree with him, and that is why the Government has come forward with such a Bill so that it can file suits within the period of time. But at the same time I will request the Government to see that this limitation of 1976 should be utilised in the best possible way. The Government should see that the properties lying in the hands of unauthorised persons are recovered within this fixed period. At the same time, I feel, and I know the Government is also feeling, that this Wakf Department and the Wakf Act should be amended properly so that thousands and thousands of poor and needy students—boys and girls for whom the wakf properties have been dedicated—get the required benefit.

With these words, Sir, I support the Bill wholeheartedly and at the same time I congratulate the Government because when the Government of India expressed their inability to extend the time of limitation, the Government of West Bengal have come forward to show that 'well, we are here to extend the period up to 1976'.

With these words, Sir, I congratulate the Government and I again support the Bill. Thank you, Sir.

**Dr. Md. Fazle Haque :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি যে Bill-টা এনেছি তার আসল উদ্দেশ্য সকলে একবাক্যে স্বীকার করেছেন। সেইজন্য মাননীয় সদস্যদের কৃতজ্ঞতা জানাচ্ছি। বিলটা সমর্থন করতে গিয়ে প্রাসঙ্গিকভাবে দু' একটি কথা ডাঃ গণি সাহেব, রউফ আনসারি সাহেব এবং মাননীয়া সদস্যা নুরুন্নেসা সাত্তার যা বলেছেন তার পরিপ্রেক্ষিতে দু' একটা কথা বলতে চাই। এখানে মাননীয় সদস্য ডাঃ গণি বলেছেন, এপর্যন্ত কতগুলি case করা হয়েছে, কতগুলি করা হয় নি। এই বিলটা ১৯৬৭ সালে যা ছিল, তারপর Central Government

এক বছরের জন্য extension দেন, তারপর দু' বছরের জন্য ১৯৭০ সাল পর্যন্ত extension তারা দেন। তারপর তারা আর দেবেন না বলেছেন। তারপর থেকে পশ্চিমবংগ সরকার extension দিয়ে আসছেন।

তাছাড়া এখন pending case আছে ৬৩টি। এতগুলি কেস যাতে আমরা তাড়াতাড়ি ডিস্‌পোজ অব করতে পারি সেইজন্য এই টাইম লিমিটেশন বাড়াবার জন্য প্রস্তাব করেছি। মাননীয় গণি সাহেব বলেছেন এবং আমরাও জানি যে ওয়াকফ কমিশনারের ডিপার্টমেন্ট ফুল অব করাপ্‌সন এবং দুর্নীতি আছে। এ বিষয়ে কোন দ্বিমত নেই। এইজন্য ওয়াকফ অ্যাক্ট অ্যামেণ্ডমেণ্টের প্রয়োজন আছে। আমরা যাতে এইগুলি আরো সুষ্ঠুভাবে এবং তাড়াতাড়ি সম্ভব এইসব সম্পত্তি উদ্ধার করা যায় তার জন্য টাইম চেয়ে নিলাম। যাতে আমরা আরো দ্রুতগতিতে শেষ করতে পারি। তাছাড়া বেশীরভাগ সদস্য যেটা বলেছেন এবং যেরকম আগ্রহ দেখিয়েছিলেন যে এই অ্যাক্টে নূতন করে বর্তমান যুগের সংগে খাপ খাইয়ে এটাকে যাতে সংশোধন করা যায় সেই আগ্রহই দেখিয়েছেন। এবং আমিও মনে করছি এই অ্যাক্টকে সম্পূর্ণরূপে যে অ্যাক্ট ১৯৩৪ সালের পর আজ পর্যন্ত কোন সংশোধন হয় নি এটাকে ঢেলে সেজে সম্পূর্ণভাবে নূতন করে আমরা তৈরী করেছি এবং সেটা লেজিসলেটিভ সেক্রেটারীয়েটে এসেছে প্রসেসিং-এর জন্য। এই বিধানসভায় আমার ইচ্ছা ছিল কিন্তু আজ সেসন শেষ হয়ে যাচ্ছে বলে আনা যাচ্ছে না আগামী অধিবেশনে আমরা নিশ্চয়ই আনবো সেটা মাননীয় সদস্যদের অবগতির জন্য বললাম যে সব অভিযোগ আছে গরীব ছেলেদের জন্য ব্যবস্থা করতে হবে, কলকাতায় কোন হোস্টেল করা যায় কিনা যাতে ছেলেমেয়েরা থাকতে পারে সমস্ত কিছু বিচার বিবেচনা করে এই আইনকে ঢেলে সাজানো হচ্ছে। আগামী অধিবেশনে যখন আসবে তখন এই বিষয়ে আলাপ আলোচনা করা যাবে। আজকে সমস্ত বিষয়ে আলোচনার সুযোগ নাই। এইটুকু আশ্বাস দিতে পারি যে আগামী অধিবেশনে আমরা নিশ্চয়ই নতুনভাবে এই আইনটি আনবো। মাননীয় সদস্যরা আমাকে যে সমর্থন এখানে দেখিয়েছেন সেজন্য তাদের ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি অনুরোধ করছি যে ১৯৭২ সালে সার্বজনীন বেঙ্গল ওয়াকফ অ্যাক্ট সময় বাড়ানের জন্য পশ্চিমবংগ সংশোধনী নামক বিলটি সম্পর্কে এই সভা যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন সেইভাবে এই বিলটাকে গ্রহণ করা হোক।

*Clauses 1, 2, 3 and Preamble*

The question that clauses 1, 2, 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Md. Fazle Haque :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি অনুরোধ করছি যে ১৯৭২ সালের সার্বজনিক ওয়াকফ তামাদি কাল বর্ধন পশ্চিমবঙ্গীয় সংশোধন বিধেয়ক বিলটি এই সভায় গৃহীত হোক।

The motion was then put and agreed to.

**Discussion on Matter of urgent public importance for short duration**

**Shri Aswini Roy :** মাননীয় অধ্যক্ষমহাশয়, পশ্চিম বাংলার বিধানসভার কার্য পরিচালনা বিধি ১৪৪ ধারা অনুযায়ী আপনি আমাকে ক্ষেতমজুরদের মজুরী বৃদ্ধির বিষয়টি উত্থাপনের অনুমতি দেবার জন্য আমি আমার পক্ষ থেকে এবং পশ্চিম বাংলার যে খেতমজুর শ্রেণী আছে তাদের পক্ষ থেকে ধন্যবাদ দিচ্ছি। ধন্যবাদ দিচ্ছি এই কারণে যে সমাজের এই অংশ এতদিন ধরে অবহেলিত নিপীড়িত কিন্তু জাতীয় অগ্রগতির ক্ষেত্রে এদের ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ।

সেইদিক থেকে বিধানসভার সদস্যদের কাছে অনুরোধ যে তারা বিষয়টিকে গুরুত্ব সহকারে অনুধাবন করে অতি সত্বর যাতে কার্যকরী ব্যবস্থা করা যায় এবং এই শ্রেণীর মানুষ জাতীয় অগ্রগতির ক্ষেত্রে সঠিক ভূমিকার উদ্যোগ গ্রহণ করতে পারেন সেই রকম একটা ব্যবস্থা করা।

[4—4-10 p. m.]

সেইদিক থেকে যে বিষয়টি আজকে কার্যবিবরণীর ১৪নং পরিচ্ছেদে অন্তর্ভুক্ত হয়েছে এবং প্রচারিত হয়েছে সেটা আমি উত্থাপন করছি। (১) ১৯৬১ সালের জীবনযাত্রার ব্যয়সূচীর বৃদ্ধির অনুপাতে ক্ষেতমজুরদের ন্যূনতম মজুরীর হার পরিবর্তন করা, (২), সেচ বহির্ভূত সেচ এলাকায় যথাক্রমে ৪ ও ৫ টাকা হারে দৈনিক মজুরী নির্দ্ধারণ করা এবং বর্তমান সেচ এলাকার অবস্থানের ভিত্তিতে এলাকাগুলির পুনর্বিন্যাস করা। এছাড়াও আমার আলোচ্য সূচীর মধ্যে আর একটা অংশ ছিল যে এই মজুরী হার চালু, তদারকি এবং এই সংক্রান্ত বিরোধ মীমাংসার জন্য রাজ্য ও জেলা স্তরে পৃথক দপ্তর স্থাপন, এটা প্রচারিত সূচী হতে বাদ পড়েছে, এটাও আমি অন্তরভুক্ত করে আলোচনার জন্য বিধানসভার সামনে রাখছি। মাননীয় অধ্যক্ষমহাশয়, ১৯৪৮ সালে ভারত সরকারের নিম্নতম মজুরী আইন অনুসারে ক্ষেতমজুরদের মজুরী হার নির্দ্ধারণ কমিটি বিভিন্ন রাজ্যে পৃথক পৃথক মজুরী হার নির্দ্ধারণ করেন। সেই সময় সারা ভারতবর্ষে ক্ষেতমজুরদের সংখ্যা ছিল ১৫·৩ ভাগ এবং ১৯৭১ সালে আদমশুমারী অনুযায়ী সংখ্যা বেড়েছে ২৫·৭৫ ভাগ। অর্থাৎ প্রতি বৎসর শতকরা ১ ভাগ বাড়ছে। পশ্চিম বাংলায় এই বৃদ্ধি আরো বেশী হয়েছে। যেখানে সারা ভারতবর্ষে ২৫·৭০ ভাগ সেখানে পশ্চিম বাংলায় ৩৩·১ ভাগ বৃদ্ধি পেয়েছে এবং আমাদের অর্থ মন্ত্রিমহাশয় তাঁর এই বাজেট অধিবেশনের অ্যাপ্রোপ্রিয়েশন বিলের উপর তিনি যখন বক্তৃতা করলেন তখন তিনি এটা স্বীকার করেছেন এবং এই তথ্যটি তাঁর। অর্থাৎ সারা ভারতবর্ষে গত ১০ বৎসরে যেখানে একভাগ ক্ষেতমজুর বেড়েছে প্রতি বৎসরে, আমাদের পশ্চিমবাংলায় সেখানে ১·৮ ভাগ ক্ষেতমজুর বেড়েছে। এই যে অস্বাভাবিক বৃদ্ধি এর কারণ যদি অনুসন্ধান করা যায় তাহলে দেখা যাবে যে এই কয়েক বৎসরে, বিশেষত: ১৯৭১ সালের পর হতে, এই যে আমাদের দেশে যে কিষাণী প্রথা আছে সেই প্রথায় কিষাণরা উচ্ছেদ হয়ে যাচ্ছে, ভাগচাষী যে সংখ্যক ছিল তারা উচ্ছেদ হয়েছে। গ্রামে অল্প জমির মালিক, গরীব চাষী, যাদের ৪ বিঘা, ৫ বিঘা মাত্র জমি, তারা এই যে কৃষিপণ্যের যে মূল্য এবং অন্যান্য শিল্পজাত দ্রব্যের যা মূল্য এর সংগে সমতা না থাকার ফলে অভাবে নামমাত্র দামে মহাজনের কাছে জমি বিক্রয় করেছে এবং এই তিনটি কারণের ফলে পশ্চিম বাংলায় ক্ষেতমজুরদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এইটে হচ্ছে একটা গ্রোয়িং ফেনোমেনা, এটার দিকে দৃষ্টি যদি আমরা না দিই তাহলে আমরা নিশ্চয়ই ভুল করবো। শুধু কি এই? আজকে এই যে সংখ্যা বৃদ্ধি এটাই কি একমাত্র কারণ? আমি সেই কারণের কথা বলছি না। এই যে শ্রেণী, এরাই আমাদের একটা জাতীয় অগ্রগতি, এই জাতীয় অগ্রগতিতে এদের বিশেষ একটা ভূমিকা আছে। আমরা জানি যে আমাদের দেশ এখনো কৃষিপ্রধান দেশ এবং কৃষির যদি অগ্রগতি না হয়, কৃষির যদি উন্নয়ন না হয় তাহলে জাতীয় উন্নয়ন হতে পারে না। সেইদিক থেকে আজো দেশের যে জাতীয় সম্পদ তৈরী হচ্ছে, যেটা উৎপাদন হচ্ছে, তার মোটা ভাগটা হচ্ছে, বড় অংশ হচ্ছে ৫১·১৮ ভাগ কৃষির থেকে। যদিও শিল্প মাইনিং ইত্যাদি আছে, তাহলেও মূল হচ্ছে এই ৫১·১৮ ভাগ কৃষির থেকে। কাজেই এই কৃষি প্রধান দেশে আমরা কৃষির উপর, কৃষির অগ্রগতির নির্ভর করবে যে আমরা কতখানি এই ক্ষেতমজুরদের এই জাতীয় উন্নয়নের কাজে উদ্যোগ সৃষ্টি করতে পারলাম। আবার শিল্পের উন্নতি হতে পারে না, শিল্পর বিকাশও হতে পারে না যদি গ্রামাঞ্চলে এই ক্ষেতমজুর, যারা হচ্ছে শতকরা ৩৩ ভাগ, তাদের ক্রয়ক্ষমতা, তাদের আয় যদি বেড়ে না যায় তাহলে কলকারখানা গড়লেও, কলকারখানার উৎপাদন হলেও সেই কারখানা বন্ধ হয়ে যাবে।

উৎপাদনের সংগে চাহিদা বা ভোগ্যপণ্য ব্যবহার করার ক্ষমতা যদি সাধারণ মানুষের না থাকে তাহলে এই কলকারখানা বাড়বে না, জাতীয় শিল্পের উন্নয়ন ব্যহত হবে। আবার শিল্পের উন্নতি হতে পারে না, শিল্পের বিকাশ হতে পারে না যদি গ্রামাঞ্চলে যে ক্ষেতমজুর আছে ৩৩ ভাগ, সেই ক্ষেতমজুরদের ক্রয়ক্ষমতা বাড়ান না যায়। তাদের ক্রয়ক্ষমতা যদি বাড়ান না যায় তাহলে কলকারখানা গড়লেও কলকারখানায় উৎপাদন হলেও, সেই উৎপাদন বন্ধ হয়ে যাবে, যদি উৎপাদনের সংগে সংগে চাহিদা না বাড়ান যায়। ভোগ্য পণ্য ব্যবহার করবার ক্ষমতা সাধারণ মানুষের যদি না থাকে, তাহলে কলকারখান বাড়বেন না, জাতীয় শিল্পোন্নয়ন ব্যাহত হবে। শুধু এই ৩৩ ভাগ নয়, গ্রামাঞ্চলে দু তিন বিঘা জমি নাই এমন গরীব মানুষ, ভাগচাষীর সংখ্যা শতকরা ২৫ ভাগ। এরা দিনে দিনে ক্ষেতমজুরে পরিণত হয়ে যাচ্ছে। এই ৩৩ ভাগ আর ২৫ ভাগ, এই যে ৫৮ থেকে ৬০ ভাগ লোক, এদের যদি আয় বৃদ্ধির দিকে দৃষ্টি না থাকে, এদের মধ্যে যদি উদ্যোগ সৃষ্টি করতে পারা না যায়, তাহলে কৃষির উন্নতি ব্যাহত হবে। আমরা এটা জানি যে অতীতে পুঁজিবাদ ব্যবস্থা ছিল। পুজিবাদী দেশগুলি অনগ্রহর দেশগুলিকে উপনিবেশ হিসাবে দখল করে, সেখানে তাদের পণ্য বিক্র করত, এই অনগ্রসর দেশগুলিতে বিক্রী করত, পুজিবাদী দেশগুলি তাদের পণ্য অনগ্রসর দেশগুলির উপর চাপিয়ে দিত, এখন কিন্তু সেই পথ রুদ্ধ। প্রত্যেক দেশ স্বাধীন হয়েছে এবং নিজ নিজ উন্নতি নিজের পন্থায় করবার চেষ্টা করছে। আমাদের দেশের নীতি, কেন্দ্রীয় সরকারের যে নীতি সেটা হচ্ছে উপনিবেশিকতাবাদের বিরোধী নীতি। কাজেই সেই পথ আমাদের পথ নয়। সেজন্য আমাদের দেশকে যদি এগিয়ে নিতে চাই, অগ্রগতি করতে চাই এবং আমাদের দেশকে স্বয়ংসম্পূর্ণ অর্থনীতির উপর দাঁড় করাতে চাই, তাহলে এই যে উৎপাদনকারা ক্ষেতমজুরের দল এদের একটা বিশেষ ভূমিকা আছে, সেটা সম্বন্ধে আমাদের দেখতে হবে। আমরা যে সমাজতন্ত্রে বিশ্বাস করি, আমি যে দলভুক্ত, আমরা বৈজ্ঞানিক সমাজতন্ত্রে বিশ্বাস করি। হয়ত অনেক সদস্য আছে যারা বৈজ্ঞানিক সমাজতন্ত্রে বিশ্বাস করেন না। গণতান্ত্রিক সমাজতন্ত্রে বিশ্বাস করেন। একটা কথা কিন্তু ঠিক, আমরা বিশ্বাস করি যে উৎপাদনের যে মালিকানা সেটা হবে সামাজিক মালিকানা, এই দৃষ্টিভংগীতেই আমরা দেখতে চাই। এবং আমরা দেখতে চাই সত্যিকারের যে উৎপাদনকারী তাকে উৎপাদনের অংশ দেওয়া যায় কিনা। সেদিক থেকে আমি আপনাদের ভাবতে বলছি এবং সেদিক থেকে ভাবতে গেলে মজুরের কথা আসে। ক্ষেতমজুরের ন্যূনতন মজুরীর যে আইন আছে, সেটা ভারত সরকার ১৯৪৮ সালে করেন, সেই আইনে ১৯৬৭ সালে ন্যূনতম মজুরী নির্ধারণ কমিটি প্রত্যেক রাজ্যের জন্য একটা হার নির্ধারণ করে দেন। পশ্চিম বাংলার ক্ষেতমজুরদের ৭টা ভাগে, ৭টা জোনে ভাগ করেন। আমার সময় নাই এ সম্বন্ধে বিশেষ বলবার। এই যে জোনের কথা বললাম, তাতে দেখা যাবে পুরুষদের জন্য কম পক্ষে ৩ টাকা একটা জোনে মজুরী ঠিক করেছেন, আর একটা জোনে দেখা যাবে সেই হার হচ্ছে সেখানে ৩'৮৮ টাকা, মহিলাদের ক্ষেত্রে মেয়ে শ্রমিকদের ক্ষেত্রে এই হার হচ্ছে ২'৭৮ টাকা থেকে ৩'৪০ টাকা এবং বালক শ্রমিকদের ক্ষেত্রে এই হার হচ্ছে ১'৭৪ টাকা থেকে ১'৯৪ টাকা। ন্যূনতম মজুরীর হার পশ্চিম বাংলায় চালু আছে আইন অনুযায়ী আর মাসিক হার যেটা সেটা হচ্ছে ৭১ টাকা থেকে ৫১ টাকা, পুরুষদের ক্ষেত্রে। মেয়েদের ক্ষেত্রে সেই হার হচ্ছে ৩৭ টাকা থেকে ৪০ টাকা, বালকদের ক্ষেত্রে সেই হার হচ্ছে ১৯ টাকা থেকে ৩৫ টাকা। এই হিসাবে ১৯৬৭ সালে মজুরীর হার নির্ধারণ আছে। এখানে ১৯৬৭ সালের তুলনায় জীবনযাত্রার ব্যয়সূচক, কষ্ট অব লিভিং ইণ্ডেক্স অনেক বেড়ে গিয়েছে। এই লিভিং ইণ্ডেক্স তিন রকমে ক্যালকুলেট করা যায়। একটা হচ্ছে ১৯৩৯ সাল অনুযায়ী, আর একটা ১৯৪৪ সাল জানুয়ারী, আর একটা হচ্ছে ১৯৬৭ সাল অনুযায়ী। আমাদের মাননীয় শ্রম মন্ত্রিমহাশয় এসব বুঝেন। এখন যে কোন সালের মান জানুয়ারী যদি ধরা যায়, তাহলে এখুন ১৯৭২ সালে মার্চ মাসে যেটা দেখা যাবে, ১৯৬৭ সালের নিরিখ যদি ধরি তাহলে দেখা যাবে বেড়েছে ৩০ ভাগ, আর যদি ১৯৪৪ সালের নিরিখ ধরি তাহলে বেড়েছে ৫০ ভাগ, আর যদি ১৯৬৭ সালের নিরিখ ধরি, তাহলে বেড়েছে ৭০ ভাগ। কাজেই

[4-10—4-20 p. m.]

যেখানে জীবনযাত্রার ব্যয়সূচী বাড়ছে সেখানে ন্যূনতম মজুরী ক্ষেতমজুরদের ক্ষেত্রে কেন বৃদ্ধি পাবে না? এটাই হচ্ছে আলোচ্য বিষয়।

অন্যান্য শিল্পে যে সমস্ত শ্রমিক কাজ করছে, তাদের আজকে ন্যূনতম মজুরীর কথা নয়, তারা দাবি করছে need based wage, প্রয়োজনভিত্তিক মজুরী তারা দাবি করছে। এটা যখন তারা দাবি করছে, তখন ক্ষেতমজুরদের ক্ষেত্রে দাবিটা এমন কিছু বেশী হচ্ছে না—দুটো squere meals চায় তারা দু'বেলা পেট ভরে যাতে খেয়ে পায়, পড়বার কাপড়টা পায়। এই ধরনের মজুরী বসান হোক। সে ক্ষেত্রে আমি বলবো কেন্দ্রীয় শ্রমমন্ত্রী মিঃ খাদিলকর বলেছেন—হ্যাঁ। ক্ষেতমজুরের এই মজুরীর প্রশ্ন উঠেছে যে সময় তাদের এই মজুরী নির্ধারণ করা হয়েছে, তা থেকে প্রায় ৭০ ভাগ ব্যয়সূচী বেড়ে গিয়েছে। প্ল্যানিং কমিশনের Fifth Five-Year Plan অ্যাপ্রোচে আছে—We are to improve the living condition of the poorer and to have a programme of minimum basic needs

এই যে দুটো কথা আছে—Fifth Plan Approach-এর ক্ষেত্রে এটা বলেছেন তারা। এর জবাব এখনো কেউ দেন নাই। অন্যান্য রাজ্যসরকারগুলি এ নিয়ে চিন্তা করছেন। তামিলনাড়ু সরকার ১৯৬৯ সালে এ সম্বন্ধে একটা অনুসন্ধান কমিটি নিয়োগ করেছিলেন। সেই কমিটির রিপোর্টের ফলশ্রুতি ১৯৬৭ সালের Agricultural Workers' Fair Wage Act. সেই Act প্রদেশের ৬টি মহকুমায় প্রবর্তিত হয়। কেরালা সরকার ১৯৭১-৭২ সালে অনুরূপ একটি আইন করেছেন। আমাদের প্রধানমন্ত্রী যে গরিবী হঠাও নীতি গ্রহণ করেছেন, সেই নীতি কার্যকরী করবার জন্য তিনি প্রতিশ্রুতি দিয়েছেন। বিশেষ করে তপশীল ও তপশিল উপজাতির লোকেরাই এই ক্ষেতমজুরদের সবচেয়ে বড় অংশ। তাদের কল্যাণ করবার জন্য তিনি প্রতিশ্রুতি দিয়েছেন। আমি যে যুক্তি দিয়ে আরম্ভ করেছিলাম—যে জাতীয় উন্নয়ন, এই জাতীয় উন্নয়ন এ ক্ষেত্রে কতটা হয়েছে এবং এর অংশ কত—সেদিকে আমি আবার আসছি। সেদিক থেকে দেখা যাবে ১৯৬০-৬১ সালের যদি আমরা সূচক দেখি, ১৯৬০-৬১ সালে যে জাতীয় উন্নয়ন ১২,৩১১ কোটি টাকা উৎপাদন মূল্য তৈরী করেছি। সে ক্ষেত্রে কৃষিক্ষেত্রে দেখা যাবে প্রায় ৪১ ভাগ। ১৯৭০ সালে জাতীয় উৎপাদন মূল্য দেখছি ১৫,৬১৪ কোটি টাকা। এই যে উৎপাদন মূল্য বৃদ্ধি হয়েছে তাতে শতকরা ২১ ভাগ বৃদ্ধি পেয়েছে। তারফলে কি হয়েছে? না, অন্যান্য শিল্পে যে সমস্ত শ্রমিক নিযুক্ত আছে, তাদের আয় বেড়েছে। যেমন Mining Industry, সেখানে শ্রমিকরা এই জাতীয় উৎপাদন মূল্য শতকরা ২০ ভাগ তৈরী করেছে এবং তাদের বেতন প্রায় বেড়েছে ৫০ ভাগেরও বেশী। মাননীয় শ্রমমন্ত্রী একথা নিশ্চয়ই অস্বীকার করতে পারবেন না। Cotton Textile-এ ভারতবর্ষে শতকরা ৬০ ভাগের বেশী বৃদ্ধি পেয়েছে। Recently পাটশিল্পে ৩৩ ভাগ বেড়েছে। দু-এক মাস আগের কথা। এটাও অস্বীকার করা যাবে না।

কেরল সরকার যে ন্যূনতম মজুরী আইনে বেঁধে দিয়েছেন, সে হলো—৫·৫০ টাকা, মহীশূর ৫ টাকা, তামিলনাড়ু ৫·৫০ টাকা, আসাম ৪ টাকা এবং পাঞ্জাব ৫·৭৫ টাকা। এটা আমার কথা নয়, একটা বই বেরিয়েছে Agricultural Situation in India, April, 1972, Central Government Publication. সেখানে দেখতে পাবেন। কাজেই পশ্চিমবঙ্গ সরকার কিন্তু এদিক থেকে একেবারে নীরব। আমি এই সেসনে একটা প্রশ্ন দিয়েছিলাম—এইযে ব্যয়সূচক বাড়ছে, এই ব্যয়সূচক বৃদ্ধির ফলে নিম্নতম মজুরী আইন যা ১৯৬৭ সালে পাশ হয়েছে, সেটা কি পরিবর্তন করবার কথা সরকার চিন্তা করছেন? সরকার বললেন, যে না চিন্তা করছেন না। সমস্ত রাজ্যসরকার কেন কেন্দ্রীয় সরকারের শ্রমমন্ত্রী তারা যখন এই কথা বিবেচনা করছেন আর একটা প্রধান রাজ্য হিসাবে দাঁড়িয়ে এখানকার মন্ত্রী এ সম্পর্কে হতাশা প্রকাশ করছেন। আমি প্রত্যেক ক্ষেত্রে বিবেচনা করে দেখেছি যে আজকে ৪/৫ টাকা মজুরী এমন কিছু অন্যায় দাবি

নয়। পুরানো যে মজুরী ছিল তা আর চলতে পারে না। আজকে এই পশ্চিম বাংলাকে ৭টি জোনে ভাগ করেছেন যেখানে পুরুষের ও মহিলার মজুরী আলাদা আলাদা করেছেন সেখানে এই যে নূতন বিন্যাস করেছেন তাতে আমরা এই মজুরী ঠিকমত নির্ধারণ করতে চাই। আজকে সারা ভারতবর্ষে—তামিলনাড়ু, কেরালা, অন্ধ্রপ্রদেশে এটা করা হয়েছে—সেখানে সেচ এলাকা অসেচ এলাকায় হার বর্ধিত হবে এবং নূতন করে এই হারের পুনর্বিন্যাস হবে। এলাকাভিত্তিক সেচ ও অসেচ এলাকাভুক্ত—সেদিক থেকে অন্যান্য রাজ্যসরকার এটা করেছে। আর একটা হচ্ছে এই মজুরীর হার চালু হোল সেখানে বিরোধ আসতে পারে। সেই বিরোধী মীমাংসা করার জন্য লেবার দপ্তর রয়েছে। আমি এখানে আর একটি স্বতন্ত্র দপ্তর স্থাপনের জন্য রাজ্যসরকারকে অনুরোধ করছি কারণ এই সমস্ত মজুরী স্থির করার প্রয়োজনীয়তা রয়েছে। এই বিষয়ে আমি আপনার মাধ্যমে বলবো যে এই বিধানসভার সমস্ত সদস্যরা এই বিষয়টি অতি গুরুত্ব দিয়ে অনুধাবন করুন এবং আলোচনা করুন এই অনুরোধ আমি করছি। এটা যদি না করা হয় তাহলে আজকে মজুররা সংঘবদ্ধ হয়েছে তারা আন্দোলন করার শিক্ষাও পেয়েছে—তারা আন্দোলন করবে এবং তাতে গ্রামবাংলায় যে অসন্তোষ হবে সেই অসন্তোষ আপনি নিরাপণ করতে পারবেন না। এতে গ্রামের সমস্ত উন্নয়ন কাজ ব্যাহত হবে। স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করবো যে এ বিষয়টি গুরুত্ব দিয়ে চিন্তা করুন এবং ব্যবস্থা অবলম্বন করুন।

**Shri Rajani Kanta Doloi :** মিঃ স্পীকার, স্যার, মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় মহাশয় আমাদের সামনে যে ইমপরটেন্ট বিষয়টি উপস্থিত করেছেন সেটা সত্যই একটি গুরুত্বপূর্ণ বিষয় এবং আমি তাঁর সংগে একমত হয়ে মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, ক্ষেতমজুরদের নিম্নতম মজুরী ধার্য করার দাবি এবং এই বিষয়ের যে সমস্যা তা উপলব্ধি করে অবিলম্বে একটা ব্যবস্থা অবলম্বন করার জন্য অনুরোধ জানাই। স্যার, আপনি জানেন যে এই পশ্চিম বাংলায় কৃষকদের সংখ্যা হচ্ছে শতকরা ৮৯ জন এবং এদের উপর আমাদের গ্রামীন অর্থনীতি নির্ভর করছে। আজকে কৃষির উন্নতি করতে গেলে সেখানে যে ক্ষেতমজুর রয়েছেন এবং সেই ক্ষেত-মজুরদের সংগে সংগে যে সমস্ত তপশীলী জাতির লোকরা রয়েছেন যারা সমাজে অবহেলিত হয়ে রয়েছে তাদের প্রতি দৃষ্টি দিতে হবে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি তারা যাতে এই বিষয়ে সচেতন হন। তা না হলে তাদের মধ্যে যে বিক্ষোভ দানা বেঁধে উঠছে তা দমন করা দুঃসাধ্য হয়ে উঠবে। স্যার, আপনি জানেন যারা মাঠে হাড় ভাঙ্গা পরিশ্রম করে মাথায় ঘাম পায়ে ফেলে কৃষকদের ফসল তাদের বাড়ীতে তুলে দিয়ে যায় তারা তাদের ন্যায্য প্রাপ্য পাচ্ছে না। না পাবার ফলে সমাজে এমন ক্ষতের সৃষ্টি হবে, এমন অবস্থা দাঁড়াবে যে তা দমন করা দুঃসাধ্য হয়ে দাঁড়াবে। আজকে নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম এসেনসিয়েল কমডিটির দাম দিনের পর দিন বেড়ে চলেছে। মজুরেরা উপযুক্ত মজুরী না পাবার ফলে তারা যে ৫।৭ জন সমেত ফেমেলি নিয়ে বাস করে তাদের পক্ষে একবেলা কিংবা আধ বেলা খেয়ে থাকতে হয়। সারাদিন পরিশ্রম করে এসে দুখানা রুটি ভাগ করে খেতে হয়। এই হচ্ছে গ্রামের চিত্র—এই অবস্থা সেখানে চলেছে। তাদের মজুরী নিশ্চয় বাড়িয়ে দিতে হবে। আমি বিভিন্ন জেলায় গিয়ে দেখেছি যে তাদের এক্সপ্লয়েট করা হচ্ছে। সেখানকার বড় বড় কৃষক, জোতদার যারা আছে তারা মজুরদের এক্সপ্লয়েট করে। তাদের ঠিকমত শ্রমের দাম তারা দেয় না। আমি বিভিন্ন ক্ষেত্রে দেখেছি মজুরী বিভিন্ন ধরণের আছে। আমাদের মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় যা বললেন যে মজুরীর হার সেচ এলাকায় ৫ টাকা হওয়া চাই এবং অসেচ এলাকায় মজুরীর হার ৩ টাকা হওয়া দরকার। কারণ সেচ এলাকায় একটা নিশ্চয়তা থাকে, সেখানে যে সমস্ত কৃষকরা আছেন

[4-20—4-30 p. m.]

তারা বুঝতে পারেন যে তাদের ফসলের পরিমান কতটা কিন্তু অসেচ এলাকা হলে বুঝতে পারেন না। কারণ সেখানে বন্যা, খরা, ইত্যাদির জন্য ফসল নষ্ট হওয়ার ফলে তারা বুঝতে পারেন না

কতটা ফসল করতে পারবেন। কাজেই সেখানে ক্ষেতমজুরদের হার হওয়া উচিত ৩া॰ টাকা জমির যে প্রডাকটিভিটি আছে সেই প্রডাকটিভিটি দেখে ক্ষেতমজুরদের হার নির্ধারণ করতে হবে ফিক্স করতে হবে। এজন্য সরকারকে ব্লক লেভেলে একটা কমিটি করতে হবে যে কমিটি সর্বত্র দেখবেন যে কোথাও ক্ষেতমজুরদের একসপ্লয়েড করা হচ্ছে কিনা বা তাদের মজুর ঠিক মত দেওয়া হচ্ছে কিনা ইত্যাদি। সেই কমিটির মাধ্যমে খোঁজ খবর নিয়ে যদি দেখা যায় কোথাও আইন মানা হচ্ছে না, ফিক্সড রেট মানা হচ্ছে না তাহলে সেখানে ব্যবস্থা নেওয়ার জন্য সচেষ্ট থাকতে হবে। কাজেই স্যার, এইভাবে কমিটি করার জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া স্যার, আপনি জানেন, ক্ষেতমজুররা সেচ এলাকায় বা অসেচ এলাকায় ৬ মাসের বেশী কাজ পায় না। তাদের বাকি ৬ মাসের কাজের ব্যবস্থা করতে হবে। কারণ অফ সিজনে তারা খেতে পায় না, তাদের পরনে কাপড় থাকে না, তাদের ঘরে অন্ন থাকে না। সেইজন্য সেই ৬ মাসের কাজের ব্যবস্থা করার দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে তারজন্য কুটিরশিল্পের ব্যবস্থা করতে হবে যাতে অফ সিজনে ক্ষেত মজুররা কাজ পায়। তা ছাড়া তাদের উন্নয়নমূলক কাজেও ব্যবহার করতে হবে। উন্নয়নমূলক কাজ বলতে রাস্তা তৈরি, খাল খনন বা নানারকম ডেভালপমেন্টের কাজ যা আছে তাতে ঐ ৬ মাস যখন ক্ষেতমজুররা কাজ পায় না তখন সেই কাজে তাদের ব্যবহার করতে হবে। তারপর স্যার, আর একটি গুরুত্বপূর্ণ পয়েন্টের কথা বলব। তাদের কাজের একটা সীমা বেঁধে দিতে হবে। আমরা দেখেছি বিভিন্ন জায়গায় কোথাও ৮ ঘণ্টা, কোথাও ১০ ঘণ্টা, কোথাও ১২ ঘণ্টা তাদের কাজ করতে হয়। আমার আবেদন ৬ ঘণ্টার বেশী যেন তাদের কাজ করতে না হয়। এই ৬ ঘণ্টা সময়সীমা বাঁধার জন্য স্যার, আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে তিনি যেন এ বিষয়ে চিন্তা করেন। স্যার, আপনি জানেন, শিল্পমজুররা যেসব সুযোগসুবিধা পান ক্ষেতমজুররা তা পান না। শিল্পমজুররা স্বাস্থ্যের ব্যাপারে একটা মেডিক্যাল হেল্প পান। আমার আবেদন ক্ষেতমজুরদেরও হেল্থের ব্যাপারে মেডিক্যালের সুযোগসুবিধা দেওয়া হয়। তা ছাড়া তাদের প্রাইমারী এডুকেশানের সুযোগসুবিধাও যেন দেওয়া হয়। যদিও প্রাইমারী এডুকেশান কমপালসারী তবুও আমরা জানি গ্রামের ক্ষেত মজুররা তাদের ছেলেমেয়েদের একটা জামাপ্যান্ট পরিয়ে—বা শুধু প্যান্ট পরিয়ে স্কুলে পাঠাবে সেরকম অবস্থাও তাদের নেই। আমার আবেদন, তাদের জন্য মেডিক্যাল এইডের ব্যবস্থা করুন, এডুকেশানের ব্যবস্থা করুন। তা ছাড়া যে সমস্ত ফেসিলিটিস মজুরদের জন্য যেমন স্টেট ইনসিওরেন্স ইত্যাদি আছে সেটা যেন ক্ষেতমজুরদের জন্যও করা হয়। তারপর স্যার, বন্যা এলাকায় যে সমস্ত ক্ষেতমজুর আছে তাদের অনেকেরই গৃহ নেই। এ ব্যাপারে আমার আবেদন তাদের জন্য গৃহ নির্মাণ অনুদানের ব্যবস্থা করতে হবে। তা ছাড়া তাদের জন্য স্পেশ্যাল জি, আর, এর ব্যবস্থা করতে হবে, যখন কাজ থাকবে না তখন তাদের স্পেশাল জি, আর, দিয়ে বাঁচিয়ে রাখতে হবে। সবশেষে আমি বলব স্যার, আমাদের নেত্রী ইন্দিরা গান্ধী যে নীতির কথা বলেছেন বা নির্বাচনের আগে আমরা যে বলেছি 'গরিবী হটাবো' বা দেশে দারিদ্র থাকবে না সে ব্যাপারে মন্ত্রিমহাশয়কে বলব যে এই ক্ষেতমজুরদের দিকে দৃষ্টি না দিলে এই নীতি সফল রূপায়ন হবে না। এই নীতির সফল রূপায়ন করতে হলে এই ক্ষেত মজুরদের দিকে দৃষ্টি দিতে হবে, তাদের নানা রকম ফেসিলিটিস দেবার কথা চিন্তা করতে হবে। স্যার, এইকথা বলে আমি শেষ করলাম।

**Shri Tuhin Kumar Samanta :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, সমাজের একটি শ্রেণী যে শ্রেণী আমাদের আহার যোগায়, সেই শ্রেণী কিন্তু সমাজে অনাহারে থাকে—গণতান্ত্রিক সমাজবাদের নিশ্চয় এটা লক্ষ নয়। শ্রদ্ধেয় সদস্য অশ্বিনীবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন জানাতে গিয়ে আমি কয়েকটি চিত্র তুলে ধরি। আমরা দেখি সরকারী অফিসের একজন অফিসার গাড়ীতে চড়েন। তার ছেলে লরেটোতে পড়ে কিম্বা কনভেন্টে পড়ে। সকাল ১০টার

সময় তার বাবুর্চি সমেত সে স্কুলে যায়, একটার সময় তার টিফন যায়, ফিরে আসে। ডাক্তারকে ৬৪ টাকা ফি দিতে কিম্বা ১২৮ টাকা ফি দিতে তার কোন কার্পণ্য হয় না। কিন্তু অপর পক্ষে আমরা কি দেখি? সমাজের সেই শ্রেণীর মানুষগুলি যারা সমাজকে পরিচালিত করে বলিষ্ঠভাবে, তাদের ছেলেদের অসুখ করলে বা তাদের পরিবারের অসুখ করলে এক-টুকরো কুইনাইনও জোটে না, পটাশিয়াম ব্রোমাইড তো দূরের কথা। আজকেও তাই তাদের পরনে বস্ত্র নেই, পেটে অন্ন নেই—সমাজতান্ত্রিক চিন্তাধারার এটা নিশ্চয় লক্ষ্য নয়। ২৫ বছর হয়ে গেছে সরকারের তরফ থেকে আমরা যতদূর জানি তাদের সম্বন্ধে কোন চিন্তা করা হয়নি। স্বাধীনতার রজত-জয়ন্তী উৎসবে আমি আশা করবো সরকারের কাছে যে তাদের সম্বন্ধে বিশেষভাবে যত্ন নেবেন। আই সি এস অফিসার এবং সরকারী অফিসের বড় বড় বাবুদের পে কমিশনের রিপোর্টে পে বাড়ানোর কথা থাকে, কিন্তু তাদের কোন পে কমিশনের রিপোর্ট নেই। তার কারণ, তারা ভাল ইংরাজী বলতে পারে না, তারা দুটো কথা বলতে পারে না, তাই তারা অবহেলিত, তাই তাদের পে রিট্রেঞ্চ হয়। আজকে সেই কৃষকদের কথা বলতে গিয়ে আমি গ্রামবাংলার ছেলে, গ্রামে থেকে দেখি ভাদ্র মাস এলে কৃষকদের থালা, ঘটি বাটি পর্যন্ত বিক্রি করতে হয় বা বাঁধা দিতে হয়, পেটে গামছা বাঁধে একজন কৃষক ক্ষুধার তাড়নায়। সে যেহেতু যায় তবুও তার সেখানে লয়্যালটি আছে। তার মালিক আছে। তার দেশের জন্য, লয়্যালটির জন্য সে পেটে গামছা বেঁধে শস্য উৎপাদন করে। মালিক ৮০ টাকা করে পাট বিক্রী করে, কিন্তু তাদের মাইনে ২৷৷০ টাকা হয়। মালিক গোলডেন ফাইভারের স্বপ্ন দেখে, শ্রমিক কিন্তু দিনের শেষে অনাহারে নিদ্রা যায়। গণতান্ত্রিক সমাজবাদের এটা নিশ্চয় নীতি নয়। তাই আমি আজ সরকারের কাছে জানাতে চাই সরকার এ সম্বন্ধে সুষ্ঠ বন্দোবস্ত করুন। মালিক তাদের ধানগুলি বা উৎপাদন শস্য নিয়ে সে হয়ত ৬০ ভরি সোনার গহনা মেয়ের বিয়েতে উপঢৌকন দেয় এবং বড় বাড়ী তৈরী করে নিজেকে সমাজে প্রতিপত্তিশালী বলে প্রমান করবার জন্য কিন্তু যে শ্রমিক ক্ষেতমজুর সারাদিন প্রাণপাত পরিশ্রম করে ফসল উৎপন্ন করলো এবং সেই উৎপাদিত ফসলে দেশকে সম্পদে যে ভরিয়ে তুললো সে কিন্তু হল সম্পদহারা। তাই আজকে আমাদের সমাজতান্ত্রিক চিন্তাধারা কোন পথে চলবে, এটা চিন্তা করতে হবে। সেই মানুষগুলির দিকে চলবে, না যারা চিরকাল মুখে সমাজতন্ত্রের বুলি বলে তাদের দিকে চলবে, গণতান্ত্রিক সমাজবাদ আজকে কোন দিকে তৈরী হবে? মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমি অন্ততঃ এইদিকে হাউসের দৃষ্টি আকর্ষণ করবো এবং আমি আশা করবো এই সম্পর্কে তারা একটি বিশেষ দৃষ্টি দেবেন। আজকে বলার সুযোগ হয়েছে, তাই আপনার সামনে বক্তব্য রাখছি। আজকে গ্রামের শ্রমিকদের বিষয় যদি চিন্তা করতে না পারি, তাহলে কি হবে আমাদের গণতন্ত্র—আমাদের গণতান্ত্রিক সমাজবাদে যদি মানুষ অভুক্ত থাকে তাহলে কখনই আমরা গণতান্ত্রিক সমাজবাদের কথা চিন্তা করতে পারব না। যদি কেউ তা মনে করেন তাহলে আমি বলব তিনি হয়ত স্বপ্ন দেখছেন না হয় ভুল পথে পরিচালিত হচ্ছেন। তাই আজকে শ্রদ্ধেয় অশ্বিনীবাবু যে প্রস্তাব এখানে রেখেছেন, তার সংগে আমি একমত। খাওয়া পরা সমেত অন্যান্য বিষয় নিয়ে যদি আজকে তাদের মজুরীর হার বাড়াতে না পারি, তাহলে দুর্ভাগ্য আমাদের দুঃসহনীয় অবস্থা আমাদের—আমরা পারলাম না। আজকে চিকিৎসার বন্দোবস্ত করতে যদি না পারি, সেই মত যদি আইন প্রনয়ন আমরা করতে না পারি আমি মনে করবো যে গণতন্ত্রে আমরা অপরাধী এবং তাদের প্রতি ঠিকমত বিচার করলাম না আজকে তাদের বন্দোবস্ত ঠিকমত-ভাবে করতে পারব না। কারণ, তারা মাইনে পায় ১৷১৷৷০ টাকার মত। কয়েকদিন আগে রাস্তা দিয়ে যাচ্ছিলাম, কয়েকজন কৃষক রমণীকে দেখলাম তারা পাট গাছের পাতা তুলছে। আমি জিজ্ঞাসা করলাম তোমরা পাবে কত? তারা বলল ১২ আনা পয়সা। এই ১২ আনা পয়সার পাটের পাতা বিক্রী করে কোনদিন কারো সংসার চলতে পারে না, এতে করে একটি পরিবার চলতে পারে না। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসের কাছে

একটি চিন্তাধারা রেখে যাই যে আসুন আমরা সকলে মিলে আজকে চিন্তা করি—২৫ বছরে যে চিন্তা আমরা করিনি, ২৫ বছর পরে সেই ক্ষেতমজুরদের কথা বিশেষভাবে চিন্তা করি। তাই

[4-30—4-40 p. m.]

আপনার মাধ্যমে হাউসের কাছে আর একটা জিনিস জানাতে চাই যে উপর তলার মানুষের কথা চিন্তা অনেক করেছেন, উপরতলার মানুষের মাইনার কথা, উপরতলার মানুষের সুখ-সুবিধার কথা, উপরতলার মানুষের বন্দোবস্তের কথা অনেক চিন্তা করেছেন। নীচেরতলার মানুষের কথা যদি আগামী দিনে চিন্তা না করি তাহলে কিন্তু আমাদের অস্তিত্ব বিপন্ন বলে মনে করবো, নিজেদের মনুষত্বকে আহত বলে মনে করবো। তাই, মাননীয় উপাধ্যক্ষমহাশয়, অশ্বিনীবাবু যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন জানাচ্ছি।

**Shri Rajani Kanta Doloi :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এখানে কোন Cabinet Minister নেই—

(গোলমাল)

**Shri Manoranjan Pramanik :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, এর আগে এই রকম আরো ঘটেছে। আমরা এ বিষয়ে বহুবার বলেছি এবং এখানে অ্যাসিওর দেওয়া হয়েছে। এখানে যেসব বক্তব্য হয় সেগুলি যদি তাঁরা না শোনেন, তাঁরা যদি না থাকেন তাহলে এটা অন্যায়, বড় দুঃখের কথা। কাজেই আমরা আপনাকে অনুরোধ করছি, আপনি এর একটা ব্যবস্থা করুন। আজকে গুরুত্বপূর্ণ বিষয়ে তাঁদের থাকা উচিত ছিল।

**Mr. Deputy Speakar :** Just after you have drawn my attention I have sent information.

**(Noise and Interruptions)**

( গোলমাল )

(Shri Rajani Kanta Doloi and several other members rose simultaneously to speak.)

**Mr. Deputy Speakar :** Kindly take your seats. Mr. Samanta, you finish your speach.

**Shri Tuhin Kumar Samanta :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমি যেকথা বলতে চাইছিলাম এখন মন্ত্রীরা চলে গেছেন আমি বলতে পারলাম না, কারণ কাকে শোনাব সেটাই এখন প্রশ্ন। যাই হোক আমি যেকথা বলছিলাম, যে আমরা শ্রমিকের ক্ষেত্রে আন্দোলন করি, union করি। আমরা কলেজে union করি, বিভিন্ন জায়গায় বিভিন্ন union করি। কিন্তু এই ক্ষেতমজুর ভাইদের unionএর কথা চিন্তা করি না। তাদের সুখ দুঃখের কথা, তাদের দাবিদাওয়ার কথা চিন্তা করি না। I A S officerদের union আছে, কেরাণীকুলের union আছে, শিক্ষকদের union আছে, সকলেরই union আছে তাদের বক্তব্য পৌছে দেবার জন্য। কিন্তু ক্ষেতমজুর ভাইদের—যেহেতু তাদের মুখে ভাষা ফোটে না, যেহেতু তাদের মুখে বোল ফোটে না যেহেতু তারা অত্যাচারিত, লাঞ্ছিত। তাই আপনার মাধ্যমে অনুরোধ করবো তাদের সম্বন্ধে যেন এই সভার সদস্যরা বিশেষভাবে দৃষ্টি দেন।

**Shri Ajit Kumar Basu :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আমাদের দেশে ক্ষেতমজুররা একক সংখ্যাগরিষ্ঠ অংশ। আমাদের আদমসুমারীতে যা দেখান হয়েছে প্রকৃতপক্ষে তার চেয়ে

সংখ্যায় অনেক বেশী হবে। গ্রামাঞ্চলে সামান্য একটু-আধটু জমি আছে বা কিছু জমিতে ভাগচাষ করে অথচ তাদের জীবিকার মূল উপায় হচ্ছে ক্ষেতমজুরী। এইরকম লোককে আদমসুমারীতে চাষী হিসাবে ধরা হয়েছে, Cultivator হিসাবে ধরা হয়েছে, ক্ষেতমজুর হিসাবে ধরা হয়নি। এইরকম অনেক কুটিরশিল্পী, কামার-কুমোর ইত্যাদি যারা কালেভদ্রে একটু-আধটু চাষ করেন কি বেশীরভাগই তারা ক্ষেতমজুরী করে দিনগুজরান করেন, আদমসুমারীতে তাদের ক্ষেতমজুর হিসাবে ধরা হয় নি। ঠিকমত ধরলে গ্রামের জনতার প্রায় চারের তিনভাগই হচ্ছে ক্ষেতমজুর। এই প্রসংগে যে কথা রাখতে চাই সেটা হচ্ছে আমাদের দেশের জাতীয় আয়ের শতকরা ৫০ ভাগ আসে কৃষি থেকে এবং সেই কৃষি ব্যবস্থাকে আমাদের দেশের সেই ক্ষেতমজুররাই কাঁধে নিয়ে বইছে। অথচ তাদের অবস্থা কি? আমার আগের বক্তারা বলে গেছেন যে তারা খেতে পায় না, পড়তে পায় না, আশ্রয় নেই, ছেলেগুলি অনাহারে-অর্ধাহারে, অখাদ্য-কুখাদ্য খেয়ে, কু-স্বাস্থ্যে জানোয়ারের মত মত মানুষ হচ্ছে। অর্থাৎ সমাজের মধ্যে একটা আলাদা ক্ষয়িষ্ণু সমাজ তৈরী হচ্ছে। এইরকম একটা দল যাদের হাতে আমাদের দেশের জাতীয় আয়ের সর্ববৃহৎ অংশ কাঁধে বয়ে নিয়ে চলেছে। রবীন্দ্রনাথের ভাষায়, "এরা হচ্ছে সভ্যতার পিলসুজ"। দেশের সবচেয়ে বড় কর্মকাণ্ডকে এরা কাঁধে বয়ে নিয়ে চলেছে। দেশের সকল অংশের অন্ন যোগাবার দায়িত্ব এদের। অথচ এদের নিজেদের ঘরে অন্ন নেই। সবচেয়ে নিপীড়িত, সবচেয়ে শোষিত, সবচেয়ে নির্যাতীত, যাদের ঘরে ভাত নেই, ছেলেদের লেখাপড়া শেখাতে পারে না, ছেলেদের স্বাস্থ্য নেই এইরকম একটা অদ্ভুত ব্যবস্থা আমাদের দেশে দীর্ঘদিন ধরে চলছে, এখন এদের অবস্থার উন্নতি হওয়া দরকার। এই যে ফোর্থ প্ল্যান চলছে এই ফোর্থ প্ল্যানে ক্ষেতমজুরদের উন্নতি করার কোন কথা নেই, আর আগের সেকেণ্ড এবং থার্ড প্ল্যানে কিছুই হয় নি। ফিফ্থ প্ল্যান কি আসবে জানি না, আজ পর্যন্ত ক্ষেতমজুরদের সম্বন্ধে কোন প্ল্যানেই কিছু হয় নি। আর মাঝে মাঝে তাদের জমি দেওয়ার কথা হয়। ক্ষেতমজুরদের দাবি কিছু জমি ঠিক কথা এবং প্রত্যেক বক্তাই এই হিসাব আনেন যে, কোন্ কোন্ খাতে কত জমি দেওয়া যায়। আমিও সেই হিসাব দিতে পারি কিন্তু সময় না থাকায় আমি আর হিসাব দিতে যাব না। ২১ কোটি জমি দেওয়া যায় তার মধ্যে ৯ কোটি উদ্বৃত্ত জমি মালিকদের কাছ থেকে পাওয়া, আর ১২ কোটি পতিত জমি। কাজে কাজেই আমরা যদি জমি দিতে চাই তাহলে এই জমিগুলি দিতে পারি। আমাদের বিভিন্ন রাজ্যসরকার কিছু কিছু জমি বিতরণ করেছেন কিন্তু প্ল্যানিং কমিশন যে কথা বলেছে, ক্ষেতমজুরদের হাতে জমি পড়েনি। ক্ষেতমজুরদের জমি দেওয়া হবে, জমি দেওয়া হবে, দীর্ঘদিন ধরে এইসমস্ত কথা শোনা যাচ্ছে, কিন্তু এসব সত্ত্বেও প্ল্যানিং কমিশন স্বীকার করেছে যে ক্ষেতমজুরদের হাতে জমি নেই, জমি পড়ছে না। অথচ সকলেই বলছেন যে এদের জমি পাওয়া দরকার, এদের পুনর্বাসনের কথা সকলেই বলছেন, দেশে জমি পড়ে আছে এবং যেটুকু পাওয়া যাচ্ছে তাও এদের ভাগ্যে জুটছে না, এইরকম একটা অবস্থা চলে আসছে। ক্ষেতমজুরদের কথা সকলেই ভাবছেন, ভাবুন—কিন্তু এদের যেমন করেই হোক জমি পাইয়ে দিতে হবে। ক্ষেতমজুরদের তৃতীয় পুনর্বাসন ব্যাপারটা হচ্ছে এদের মজুরী। জমি দেওয়ার ব্যাপারে ত্রুটি বিচ্যুতি সম্বন্ধে আমাদের গুরুপদবাবু বলেছেন এদের জন্য পরিমাণ হচ্ছে টোটাল ২ লক্ষ একর, আর সরকারী আমলারা ১ লক্ষ আরো বাড়িয়ে বলেন—মেরে কেটে অনেক বাড়িয়ে দিয়েছে, কাজেই জমির ব্যাপারে কিছু হবে না। তাহলে যারা গরীব ক্ষেতমজুর তাদের মজুরীর কি হচ্ছে? এই মজুরীর ব্যাপারে সকলেই উদ্বিগ্ন, তারা সকলেই খুব উদ্বিগ্ন, তারা সকলেই বলছেন ৮ আনা ১২ আনা, ১ টাকা মজুরী দিয়ে মজুর খাটানো হচ্ছে। নিড বেসড ওয়েজ-এর কথা উঠছে, ছেড়ে দিন ওসব কথা, এটা যদি ৪ টাকা মজুরী করে দেওয়া হয় তা হলেও নিড বেসড ওয়েজ হবে কি? তারা দুবেলা দুমুঠো ভাত খাবে, সেটা আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে, না, দুবেলা দুটো রুটিতে। একটা সংসারে যদি ৫টা লোক থাকে তাহলে ডঃ অ্যাক্রয়েড-এর মতে, তিনি মেদিনীপুর এবং বাঁকুড়ায় সমীক্ষা করে জানিয়েছেন যে ২৮৯ টাকা

গড়ে খরচ পড়ে যাসে। যেখানে বছরে অন্ততঃপক্ষে ৬ মাস বেকার থাকতে হয় এবং সেখানে যদি দৈনিক গড়ে ৪ টাকা আয় করে তাহলে দুবেলা দুমুঠো ভাত, তাই কোথায় পাচ্ছে মশাই, কাজেই ওসব ছেড়ে দিন। এই লোকগুলির জন্য নিড বেসড ওয়েজ দরকার, তা না হলে এই লোকগুলি মাঠে যে কায়িক শ্রম করে তাতে এরা মরে যাবে, এদের কথা ভাবা হচ্ছে না, যারা এতবড় দায়িত্ব নিজেদের কাঁধে নিয়ে চলছে তাদের কথা ভাবা হচ্ছে না। ডিমাণ্ডের চেয়ে সাপ্লাই বেশী আছে, কাজেই ১ টাকাতে তাকে মজুরী খাটতে হবে, এই যে বিচার, এই যে বাঁচার দাবি এরজন্য বলিষ্ঠ আওয়াজ কোথায়? এখানে আজকে এই বিধানসভায় অনেকে এই কথা বলছেন, কিন্তু কোথায় সেই বলিষ্ঠ আওয়াজ দেশের মধ্যে? আজকে যারা দেশের মধ্যে শোষণ করছে তাদের বললেই বলছে কোথা থেকে দেব, ৮ আনায় মজুরী খাটছে আর তোমরা ৪ টাকা বলছ, এই ৮ আনার বিরুদ্ধে বলিষ্ঠ আওয়াজ দরকার। সামাজিক সুবিচারের কথা বলা হয়, কিন্তু কোথায় সামাজিক সুবিচার? যারা আজকে সংগঠিত হতে পেরেছে, যারা আজকে শক্তি হিসাবে দেশে দাঁড়াতে পেরেছে তাদের কথা মাঝে মাঝে শোনা হয়, কিন্তু যারা এখনও বিশেষ শক্তি হিসাবে দেশের মধ্যে দাঁড়াতে পারেনি তাদের পক্ষে সামাজিক সুবিচার পাওয়া অসম্ভব, কাজেই তারা পাচ্ছে না। কাজে কাজেই এই মজুরীর ব্যাপারটার একটা ফয়সালা হওয়া দরকার।

[4-40—450 p. m.]

মাননীয় শ্রমমন্ত্রী, আপনি সহরের লোক আপনি হয়তো গ্রামের লোকের কথা বুঝবেন না। কিন্তু আপনার দপ্তর একটা আইন তৈরী করেছে। আমরা বলছি সে আইনে কম মজুরী ঠিক করা হয়েছে। সেটা ১৯৬৮ সালের আইন। কিন্তু সে আইন কার্যকরী করার জন্য সর্বনিম্ন ব্যবস্থা আপনার দপ্তরে আছে কি? কোথায় সামাজিক সুবিচার আশা করছি? যারা দল বাঁধতে পেরেছে, সঙ্ঘবদ্ধ হয়েছে, শক্তি হিসাবে দেশের মধ্যে গড়ে উঠেছে তাদের সম্বন্ধে সামাজিক সুবিচার করার কথা বলেছেন। কিন্তু এদের সম্বন্ধে সামাজিক সুবিচার? আপনি আইন পাশ করেছেন, আপনার দপ্তর থেকে এই সমস্ত আইন পাশ করেছেন। কিন্তু ওই সভ্যতার পিলসুজ হিসাব আমরা থাক, তোমাদের গা গড়িয়ে তেল পড়ুক, তোমার মাথার উপর আলো জ্বলুক, তোমাদের তলায় থাকুক অন্ধকার। কাজেই একদিনও আপনারা এইসব কথা বলছেন না। এখন প্রথম কথা হচ্ছে, সর্বনিম্ন যে আইন করেছেন আমরা মনে করি সে আইন অসঙ্গত। দেশে কি পাওয়া যায়? এক টাকা পাচ্ছে কি দেড় টাকার মধ্যে পাচ্ছে। সেটা বড় প্রশ্ন নয়, বড় প্রশ্ন হচ্ছে, আইনের সুবিচার ঝরছেন কিনা। আইন তাকে একটা মজুরী দিয়েছে। আজকে নিড বেস্ বলছি না। নিড বেস হলে আট কি দশ টাকা বলা উচিত ছিল। সামান্যতম সুবিচার করুন। এই আইনের মজুরী সর্বনিম্ন মজুরীরও কম। আমাদের বন্ধু রজনীবাবু বলেছিলেন অসেচ এলাকায় সাড়ে তিন টাকা মজুরী করতে। যে আইন আছে তাতেই তো তিন টাকা ৮৮ পয়সা পাচ্ছে। তাহলে আপনি কমাতে বলছেন? এটা তো হয় না। আপনি তো বাড়াবার পক্ষের লোক যা দেখলাম যা শুনলাম। আপনি অনুগ্রহ করে এই কথাটা সংশোধন করে নেবেন এবং যে চার টাকার কথা বলা হচ্ছে সর্বনিম্ন মজুরী সেইটাই বলুন। এখন যে কথাটা বলার সেটা হচ্ছে যে এই যে আইন রয়েছে তাকে সংশোধন করতে হবে। আবও রেট বাড়াতে হবে। ৩ টাকা ৮৮ পয়সা পর্যন্ত জলপাইগুড়িতে যে রেট আছে সেই ৩ টাকা ৮৮ পয়সার জায়গায় ৪ টাকা এবং পাঁচ টাকা করতে হবে। সেচ এলাকায় ৫ টাকা এবং অসেচ এলাকায় ৪ টাকা করতে হবে। হয়তো আর একটা আইন হতে পারে। সেই কথাটাই আবার ঘুরিয়ে ফিরিয়ে আসছে। জেলায় জেলায় সবার দপ্তর নানা রকম কাজকর্ম করছেন, তা ভালই করছেন জনসাধারণের একটা সগ্রাম্য অংশের জন্য। এই যে আপনার আগ্রহ এটা ভাল। কিন্তু আর একটা অংশ ঠিকমতো দল

বাঁধতে পারে নি, সংগ্রাম করতে পারছে না, তাদের জন্য সম পরিমাণ না হোক, অন্ততঃ কিছু পরিমাণ আগ্রহ দেখান। এখন এটা করতে গেলে এই যে মজুরী করেছেন সেটাও লোকে পাচ্ছে না। সেটা যাতে তারা পায় সে ব্যবস্থা আপনাকে করতে হবে। এটা না করলে উপায় নেই। কোথাও কিছুমাত্র পাচ্ছে না, কোথাও এক টাকা মাত্র পাচ্ছে। আইন হচ্ছে সর্বনিম্ন মজুরী তিন টাকা ৮৮ পয়সা অথচ মজুরী পাচ্ছে না। সেটা পাইয়ে দেওয়ার কোন ব্যবস্থা নিন। এই ব্যবস্থা আপনাকে করতে হবে। সারা বাংলা দেশে অ্যাডভাইসরি কমিটি আপনাকে করতে হবে। তা না হলে ক্ষেতমজুরদের কিছু করা যাবে না। এই প্রসঙ্গে আর একটা কথা বলি কোথা থেকে দেবে লোকে চাষবাস নষ্ট হয়ে যাচ্ছে। অনেক জায়গায় খরা হয়েছে, অনেক জায়গায় বন্যা হচ্ছে। কোথা থেকে দেবে লোকে? আপনারা একটা হিসাব করুন। সেটা হচ্ছে কারা মজুর লাগাচ্ছে। সাধারণতঃ লাগাচ্ছে জমির বড় বড় মালিক, বেশী বেশী জমির মালিকরা এবং ধনী চাষীরা এবং কিছু মাঝারী চাষীরা। অল্প জমির মালিক, সামান্য জমির মালিক, সামান্য জমির মালিক তারা গায়ে গতরে খেটে চাষ করে, সামান্য কিছু মজুর তারা লাগায়। ছোট চাষীরা যে ক্ষেতমজুর লাগায় সেটা বিনিময়ে করে। এ ওর চাষ করে দিলে ও ওর কাজে লাগলো। শুধু আবাদের সময় বড় জোর মজুর লাগায়। সুতরাং আমাদের দেশের ধনী চাষীরা দেশের চাষী ক্ষেতমজুরকে মজুরী দিতে পারবে না এটা মিথ্যে কথা। আমাদের বেশী জমির মালিক তারা বিভিন্ন প্ল্যানের কল্যাণে এবং ফসলের দাম বাড়াব ভেতর দিয়ে আগেকার দিনের চেয়ে অনেক বেশী ভাল অবস্থা করেছেন। তার সঙ্গে এই দাম কেন দেবেন না এটা তো সামান্য বৃদ্ধির কথা আমরা বলেছি। অথচ তাদের অকাতরে এক টাকা মজুরী দিয়ে চলেছে। সেজন্য আপনাকে অনুরোধ করবো block level থেকে আরম্ভ করে প্রাদেশিক স্তরে Advisory Committee-এর জেলাস্তর ও মহকুমা level-এ প্রশাসনকে সেইভাবে গড়ে তুলতে হবে। আপনার কাছে হিসাব আছে—ধনী চাষীরা আগের দিনের চেয়ে নিজেদের অবস্থা বেশীর ভাগ ক্ষেত্রে অনেক বেশী উন্নত হয়েছে। কাজেই তাদের অবস্থা যখন ভাল হয়েছে তখন মজুরী দিতেই হবে। Season-এ অনুসারে ৮া১০ টাকা মজুরী ওঠে। কাজেই সর্বনিম্ন মজুরী সেখানে পাইয়ে দেবার কোন ব্যাপার নেই। সেটা তারা এমনিই পায়। সেজন্য মোটামুটি যেকথা এখানে লেখা হয়েছে সেচ এলাকায় ৫ টাকা, অসেচ এলাকায় ৪ টাকা মজুরী এটা অত্যন্ত; insufficient তবুও এটুকুন আপনি আইন করুন এবং আপনার প্রশাসন ব্যবস্থা এমন করুন যাতে এই সর্বনিম্নটাও সে পায়। এই অনুরোধ শ্রমমন্ত্রীকে জানিয়ে আমি শেষ করছি।

**Shri Bhawani Prosad Sinha Roy :** স্যার, আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি অশ্বিনীবাবুকে কারণ তিনি পশ্চিম বাংলায় এমন একটা শ্রেণীর কথা আজ এই ভাঙার সময় এই সভায় উপস্থিত করেছেন যারা শুধু দিয়েই গেল, পেল না কিছুই। পশ্চিম বাংলা সরকারের হিসাব অনুযায়ী অনেক কৃষি মজুর রয়েছে। কিন্তু তাদের কথা ভাবা হয় নি। ১৯৬৮ সালে সংশোধিত ক্ষেত-মজুরদের মজুরী বৃদ্ধি এবং তার যে implementation হল না সে সম্বন্ধে কোন কথা বলছি না। তবে তাঁর সঙ্গে আমার একটা মতপার্থক্য আছে। ক্ষেতমজুরের সংখ্যা যেখানে সারা ভারতে শতকরা ১ ভাগ সেখানে সারা পশ্চিম বাংলায় ১.৮ ভাগ। এটা ১৯৭১ সাল থেকে শুরু হয় নি। ১৯৬৬ সালে যখন সারা পশ্চিম বাংলায় levy হয় এবং তার ফাঁক দিয়ে নানারকম দুর্নীতির জন্য ধান চালের মূল্যবৃদ্ধি ঘটে তখন এই সময় একটা প্রবণতা দেখা দিয়েছিল ভাগচাষী উচ্ছেদের। ক্ষেতমজুরের সংখ্যা তখন বৃদ্ধি হয়েছিল। ১৯৬৭ সালে যখন চালের দাম ৪।৫ টাকা হল তখন ভাগচাষী উচ্ছেদ করার প্রবণতা প্রবল হল এবং ক্ষেতমজুরের সংখ্যা বৃদ্ধি হল। পরবর্তীকালে আমরা লক্ষ্য করেছি জমিদার ও জোতদাররা সুকৌশলে সুপরিকল্পিতভাবে ভাগচাষী উচ্ছেদ করছেন। গ্রাম বাংলায় অন্যান্য বৃত্তিতে যারা নিযুক্ত তারা তাদের বৃত্তির কোন সুযোগ পায় নি। তাই ভাগচাষী বৃদ্ধি হয়েছে। এই শতাব্দীর বিশ বা ত্রিশ দশকে কিম্বা স্বাধীনতার আগে যে

ঘটনা ঘটেছে এবং এখন ক্ষেতমজুরের যে অবস্থা ঘটছে সে সম্বন্ধে খুব বেশী বলতে চাই না। আজ এই ক্ষেতমজুরদের মজুরী বৃদ্ধি ৪৷৫ টাকার উপর সীমাবদ্ধ রাখলে চলবে না। পশ্চিম বাংলায় ক্ষেতমজুরদের চরিত্র একটা জায়গায় একটা মজুরীর উপর নির্ভর করলে চলবে না—বিভিন্ন জায়গায় বিভিন্ন ভাবে মজুরী রয়েছে। কাজেই আজ সরকারকে নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করতে হবে এবং সেখানে সাময়িকভাবে সুযোগ রয়েছে আলোচনা করার সেই আলোচনার ভিত্তিতে যেন ক্ষেতমজুরীর হার হয়।

[4-50—5-00 p. m.]

আমরা জানি অনেক ক্ষেত্রে ক্ষেতমজুরদের এই হার ফ্লাকচুয়েট করে এবং ফ্লাকচুয়েট যে করে সেটা সাধারণ অর্থনীতির চাহিদা জোগানের নিয়ম অনুসারে। আমি এর বিস্তারিত আলোচনা করতে চাই না। আমরা জানি যে ৯ টাকা লাঙলের দর হয়, আমরা জানি যে ৫ টাকা ক্ষেত মজুরদের দর হয়, আবার এটাও আছে যে ৬ আনা পয়সা দিয়ে আর কিছু চাল দিয়ে পশ্চিম বাংলায় ক্ষেতমজুর খাটান হয়। আজকে আমাদের সরকারকে নীতি ঘোষণা করতে হবে। সরকারকে নীতিগতভাবে আজকে এসব কথা ঘোষণা করতে হবে এই সব ক্ষেতমজুরদের কথা। কারখানায় শ্রমিকদের মঙ্গলের জন্য আমরা আইন করেছি তার ইমপ্লিমেনটেসানের কথা ভাবি। সেই রকম আজকে আমাদের ক্ষেতমজুরদের কথা ভাবতে হবে। জীবন ধারনের জন্য শুধু মজুরীর কথা নয় তাদের বেঁচে থাকার যে অবস্থা—আজকে সে অবস্থায় তাদের পায়ের তলায় মাটি নেই, তাদের কোন বাড়ী ঘর নেই, জীবন ধারনের জন্য কোন সুযোগ-সুবিধা নেই। আজ তারজন্য সরকারের পরিকল্পনা গ্রহণ করা উচিত। আমরা জানি যে ক্ষেতমজুরদের নিয়ে কোন পরিকল্পনা নেই। কিন্তু আমাদের এই কথা আজকে চিন্তা করতে হবে এবং সঙ্গে সঙ্গে গ্রামীন অর্থনীতি ও কৃষি অর্থনীতির সামগ্রিক উন্নতির যে অবকাশ রয়েছে সেগুলি আজ আলোচনার দরকার। আমরা যদি এই ভাবে এগোই তাহলে আমরা সুনির্দিষ্ট পথে এগিয়ে যেতে পারবো বলে আমি মনে করি। অশ্বিনীবাবুকে আমি ধন্যবাদ জানাই যে তিনি পশ্চিম বাংলার মানুষের কথা—ঐ ক্ষেত মজুরদের কথা এই বিধানসভায় তুলে ধরেছেন যার সংখ্যা সরকারী হিসাব মত ৩২ লক্ষ, আমাদের বে সরকারী হিসাব মত যার সংখ্যা আরো অনেক বেশী। তিনি তাঁদের কথা বলবার সুযোগ করে দিয়েছেন, সেই জন্য আমি অশ্বিনীবাবুকে ধন্যবাদ জানাই। এই প্রসঙ্গে আমি দু একটি সাজেসান রাখতে চাই। সাজেসান হচ্ছে আমরা লেবার ব্যাংক করতে পারি। যখন কাজের সময় তখন লেবার ব্যাংক থেকে আমরা লোক নিতে পারি। সরকার এটা নীতি হিসাবে ঘোষণা করুন এবং যখন তাদের কাজ থাকবে না তখন তাদের অন্তত: রুজি-রোজগারের ব্যবস্থা এবং পয়সা দেবার ব্যবস্থা এই লেবার ব্যাংক থেকে হোক। অন্য দিকে আলোচনা না করে আমরা যাতে অন্তত: প্রত্যেক গ্রামে একটি করে লেবার ব্যাংক করতে পারি সে বিষয়ে আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাই। আপনি নিশ্চয়ই জানেন যে এই মানুষগুলি ৬ মাস কাজ পায় আর ৬ মাস কাজ পায় না এবং যে ৬ মাস কাজ পায় না সেই ৬ মাস যাতে তারা বেঁচে থাকতে পারে তার জন্য আমি ব্যবস্থা করতে সরকারকে অনুরোধ জানাই। এই অবস্থায় লেবার ব্যাংক ছাড়া অন্য কোন পথ নেই। আর একটা কথা মন্ত্রীমণ্ডলীকে জানাব যে লক্ষ লক্ষ ক্ষেতমজুর আছে তাদের ঘরবাড়ী নেই, তাদের থাকবার কোন জায়গা নেই। আমি জানি যে জায়গার কথায় বলবেন যে আইন আছে, কিন্তু আমরা জানি ও বহু সদস্যরাই জানেন যে তাদের কোন জায়গা নেই। তাদের জীবন যদি নিশ্চিত করতে হয় তাহলে তাদের মাথার উপর আচ্ছাদনের প্রয়োজন আছে। আমাদের শহর এলাকার মত আমাদের যে পরিকল্পনা তিন চার বা দশ তলার কথা ভাবতে আমি বলছি না। আমরা ভাবছি খোলার চাল আর টালির চালা যাতে নাকি বর্ষাকালে মানুষগুলি মাথা গুঁজতে পারে, যাতে নাকি মানুষগুলোকে বৃষ্টির জলে গাছের তলায় না দাঁড়িয়ে থাকতে হয়। আশাকরি সেই মানুষগুলির দিকে মন্ত্রিমহাশয়

দৃষ্টি রাখবেন। এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই তা হচ্ছে তাদের মজুরীর কথা নয়, তাদের সামাজিক যে অবস্থা তার পরিবর্তন ঘটাতে গেলে যে শিক্ষার পরিবেশ তার মাঝে নিয়ে যাওয়া দরকার সেই পরিবেশ রচনা করবার দায়িত্ব সরকারকে নিতে হবে। আমরা জানি যে, উপজাতি কল্যাণ বিভাগ আছে, অনুন্নত সম্প্রদায়ের মঙ্গলের জন্য বিভাগ আছে এবং কৃষিমজুরদের মধ্যে বেশীর ভাগ অনুন্নত শ্রেণীর মানুষ, তাদের মানোন্নয়ন এর ব্যবস্থা করেছেন। কিন্তু আমি শিক্ষক হিসাবে বলছি যে এই ব্যবস্থা অত্যন্ত অপ্রতুল। এই অবস্থায় সমস্যার সমাধান হবে না। তাদের যদি শিক্ষার পরিবেশ না দিতে পারি, যদি সমাজের ঠিক জায়গায় না দিতে পারি তাহলে মজুরী বৃদ্ধি হোক বা জমি পাইয়ে দেওয়া হোক কিছুই হবে না। সেইজন্য সামগ্রিকভাবে সমস্ত বিষয় কার্যকরী করবার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা করবার আপনার মাধ্যমে দাবি করছি।

**Shri Monoranjan Pramanik :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য অশ্বিনী রায় মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। আমিও মনে করি এই প্রস্তাব অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকে এই সভায় আলোচনা করা হচ্ছে এমন একটি সমাজের কথা, এমন একটা শ্রেণীর কথা যাদের আমরা ক্ষেতমজুর বলি। আমরা জানি অধিকাংশ ক্ষেতমজুরই হচ্ছে তপশীল সম্প্রদায়ের লোক। এই তপশীল সম্প্রদায় চিরকাল সমাজের মধ্যে অবহেলিত, বিতাড়িত, শোষিত, নিষ্পেষিত এবং তাদের সামাজিক এবং অর্থনৈতিক অবস্থা অত্যন্ত শোচনীয়। এই সম্প্রদায়ের লোকের মধ্যে এখনও জ্ঞানের আলো গিয়ে পৌঁছায়নি এবং চিরকাল এঁরা অন্ধকারের মধ্যে রয়েছে। শিক্ষার সুযোগ এই সম্প্রদায়ের মানুষরা পায় না। আমাদের দেশে বিভিন্ন রকম বিত্ত এবং সম্পত্তিশালী ব্যক্তি আছেন। শিক্ষক, কর্মচারী এবং শ্রমিক সম্প্রদায়ের মানুষরা নিজেদের বেতন বৃদ্ধির জন্য বিভিন্ন সময় আন্দোলন করেছে এবং সেই আন্দোলনের ফলে তাদের বেতন বৃদ্ধি হয়েছে। কিন্তু এই ক্ষেতমজুর সম্প্রদায়ের মানুষরা যেহেতু সংঘবদ্ধ নয় সেহেতু তারা আন্দোলন করে না এবং তার ফলে তাদের বেতনও পাড়ে না। এটা আদৌ যুক্তিযুক্ত নয়। একজন শ্রমিক বা সরকারী কর্মচারী দৈনিক কমপক্ষে ৯ টাকা রোজগার করে এবং তাদের গ্রাচুয়িটি, প্রভিডেন্ট ফাণ্ড প্রভৃতি বিভিন্ন রকম সুযোগ-সুবিধা আছে। কিন্তু সেই তুলনায় এই ক্ষেতমজুরদের বেতনের হার অত্যন্ত কম এবং তাছাড়া তারা কোন রকম সুযোগ-সুবিধা ভোগ করতে পায় না। আজকে এই সমাজের লোকদের বেতন বাড়াতে হবে। এই সমাজের বেতন যদি আমরা না বাড়াই তাহলে অদূর ভবিষ্যতে অনেক দুর্ভাবনা, অনেক কষ্ট দেখা দিতে পারে। গান্ধীজী বলেছিলেন, "জীবনী শক্তির বিনিময়ে মানুষ যখন তার ক্ষুধাবৃত্তি নিবৃত্ত করতে পারে না তখন সে ধ্বংসাত্মক পথে চলে যাবে"। ব্রিটিশ গভর্নমেন্টের সময় এই সম্প্রদায়ের অনেক মানুষ খ্রীষ্টধর্মে দীক্ষিত হয়েছিল। যুক্তফ্রন্ট সরকারের সময় সি পি এম এঁদের ধ্বংসাত্মক বিপ্লবের পথে এবং রক্তাক্ত বিপ্লবের পথে ঠেলে দিয়েছিল। কাজেই এখনই সময় আছে আপনার এই ক্ষেতমজুরদের বেতন বৃদ্ধির ব্যবস্থা অবিলম্বে করুন। এই সম্প্রদায়ের স্ত্রীলোকগণ এবং এমন কি নাবালকগণ পর্যন্ত সামান্য রোজগার করে। তারা উদয়াস্ত পরিশ্রম করে দুধ ভাত খেতে চায় না, তারা নুন ভাত খেতে চায়। কিন্তু বড়ই দুঃখের বিষয় এটাও তারা রোজগার করতে পারে না। কাজেই এই সব মানুষদের বাঁচাতে হবে, তাদের রুজি-রোজগারের ব্যবস্থা করতে হবে। আমরা জানি সরকার আইন করেছেন বর্গাদারদের উচ্ছেদ করা যাবে না। কিন্তু আমরা দেখতে পাই অনেক জায়গায় এই সম্প্রদায়ের বর্গাদারদের উচ্ছেদ করা হচ্ছে। আমাদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন সমাজতন্ত্র স্থাপন করতে হবে, গরিবী আমরা হঠাব। সেই প্রতিজ্ঞা পালন এবং সেই প্রতিশ্রুতির পরিপ্রেক্ষিতে পশ্চিম বাংলার একটা বিরাট অংশ এই ক্ষেতমজুরদের মজুরীর হার না বাড়ালে আমাদের সেই সমাজতন্ত্রের আদর্শ এবং গরিবী হঠাও এই সব কথা স্বপ্ন হিসেবেই থাকবে, বাস্তবে রূপায়িত হবে না। সর্বশেষে আর একটা কথা বলি, শুধুমাত্র আইন করলে হবে না, আইন যাতে বাস্তবে রূপায়িত

হতে পারে, আইন অনুযায়ী মানুষ ঠিকভাবে চলছে কিনা, জোতদার সম্প্রদায়ের লোকেরা যাতে শ্রমিকদের ক্ষেতমজুরদের ঠিকমত মজুরী দিচ্ছে কিনা সেদিকে নজর দিতে হবে। শুধু আইন করলে হবে না, কারণ আমি বলছি বর্গাদার উচ্ছেদ আইন আছে, কিন্তু বাস্তব ক্ষেত্রে বাইরে জোতদাররা কি তা পালন করছে, বর্গাদারদের উচ্ছেদ করা হচ্ছে। এই সম্প্রাদায়ের মানুষদের অর্থনৈতিক, সামাজিক কাঠামোর পরিবর্তন আনতে হবে। এই সম্প্রদায়ের মানুষ গ্রামঞ্চলের এমন জায়গার বাস করে, যেখানে যাতায়াতের পথ নেই, তাদের চালে খড় নেই, অন্ন নেই, বস্ত্র নেই, এই সব বিষয়ে অবিলম্বে যদি তাদের উন্নত করতে না পারি, তাহলে নিশ্চয়ই দীর্ঘদিন অবহেলিত হয়ে থাকবে। তাই পুনরায় সরকারকে স্মরণ করিয়ে দিতে চাই, সরকার অবিলম্বে আইন করে তাদের অবস্থার উন্নতি করার জন্য সক্রিয় পন্থা অবলম্বন যেন করেন, নচেৎ এই কথা আমরা জানি যেটা ১৯৬৭ সালের যে আইন তাতে দেখেছি ৩'৮৮ পয়সা মজুরীর হার হয়েছে। ১৯৬৭ সাল থেকে আজকের দিন পর্যন্ত যেকোন ধরনের মান অনেক উন্নত হয়েছে, নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম অনেক বেড়ে গেছে। সেই তুলনায় কিন্তু এদের মজুরীর হার বাড়েনি, সবশ্রেণীর মজুরীর হার বাড়লে কিন্তু এই সম্প্রদায়ের মজুরীর হার বাড়ালেন না, এটা বেদনার কথা। মাননীয় অধ্যক্ষমহাশয়, সেচ এলাকা এবং অসেচ এলাকার কথা বলি, পাঞ্জাব এবং তামিলনাড়ুতে ইতিমধ্যে এই বিভাগে তারা আইন প্রনয়ন করেছে, আমি অবিলম্বে পশ্চিমবঙ্গ সরকারকে এই বিষয়ে আইন প্রনয়ন করার অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

[5—5-10 p. m.]

**Shri Rabindra Nath Murmu :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আপনি জানেন বর্তমানে ক্ষেতমজুরদের যে অবস্থা আমরা দেখেছি বিভিন্ন এলাকায়, প্রতিটি জেলায় এই ক্ষেতমজুরের সংখ্যা যা বৃদ্ধি পেয়েছে শতকরা প্রায় ৭০ ভাগ ক্ষেতমজুর আছে। বিশেষভাবে এই ক্ষেতমজুরের সংখ্যা বৃদ্ধি পেয়েছে অতিরিক্ত খরার দরুন এবং বন্যার দরুন। বর্তমানে জোতদাররা সুযোগ গ্রহণ করে যে সমস্ত লোক কিছু কিছু আবাদ আগে করতো তাদের উচ্ছেদ করেছে, এবং তারা আজকে ক্ষেতমজুরে পরিণত হয়েছে। এমনি করে আজকে আমাদের বাংলাদেশে ক্ষেতমজুরের সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং আজকে এমন একটা অবস্থায় এসে পৌচেছে যেখানে তাদের থাকা মুস্কিল, তাদের বসবাস করার কোন ব্যবস্থা নেই, অনেক জায়গায় দেখা যায় তারা গাছের তলায় থাকে, কারোর বারান্দায় হয়তো থাকে, এই অবস্থায় তারা কালাতিপাত করছে। আজকে দেখা যাচ্ছে বৃষ্টি অনেক দেরীতে হবার দরুন কাজ অনেকে পায়নি এ পর্যন্ত। এমন কি সরকার থেকে সেই রকম কাজের ব্যবস্থাও করতে পারা যায়নি। যদিও T. R-এর ব্যবস্থা করা হয়েছে, কিন্তু তা ২।৪ দিন চলার পর বন্ধ হয়ে গেছে, এমনি করে দুদিন কাজ করে, তারপর আবার ১৫।১৬ দিন তাদের কাজ নেই। যার জন্য তারা অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে। আজকে এই ক্ষেতমজুর শ্রেণীরা যদি এই অবস্থায় দিন কাটায় তাহলে আমি বলব আমরা যতই সমাজতান্ত্রিক দেশের কথা বলি না কেন, যতই উন্নতির কথা বলি না কেন আজকে প্রতিটি পদে পদে উন্নতির ব্যাঘাত সৃষ্টি হবে কারণ এই শ্রেণীর উপরে ভবিষ্যৎ নির্ভর করেছে দেশের উন্নতির এবং দেশে যে আত্মনির্ভরশীল হবে সেটা এই শ্রেণীর উপর নির্ভর করছে। আজকে যদি এই শ্রেণীকে অবহেলিত করে রাখা যায় তাহলে আমরা দেশের কোন উন্নতি করতে পারব না। আজকে শুধুমাত্র যে কৃষির অগ্রগতি ব্যাহত হচ্ছে তাই নয় সাথে সাথে উৎপাদিত দ্রব্যসমূহের যে বাজার সেটাও ব্যাহত হচ্ছে। গত ৯ই তারিখে কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বলেছিলেন যে সেলস এমপোরিয়ামে আজ যে লোকসান হচ্ছে তার কারণ একমাত্র বিক্রির হার কমেছে বলে এবং ১৯৬৭ সাল থেকে আজ পর্যন্ত চার বছরের মধ্যে দেখা যাচ্ছে যে লোকসান ক্রমশঃ বেড়ে যাচ্ছে। সেটার একমাত্র কারণ হচ্ছে এই শ্রেণীর কোন ক্রয়ক্ষমতা থাকছে না। শুধু উৎপাদন বাড়ালেই লাভ করতে পারা যায় না। যদি ক্রয়ক্ষমতা না থাকে

তাহলে লোকসান হবেই। কাজেই শুধু যে কৃষি ক্ষেত্রের অগ্রগতি ব্যাহত হচ্ছে তাই নয়, শিল্প প্রতিষ্ঠানে যে সমস্ত দ্রব্য আমরা উৎপাদন করছি সেখানে বিক্রি করতে পারছি না—সেজন্য আমাদের ক্ষতি হচ্ছে। সুতরাং এই শ্রেণীকে রক্ষা করার জন্য যদি ব্যবস্থা করতে না পারি, তাদের বাঁচার মত যদি ব্যবস্থা করতে না পারি তাহলে দেশে প্রতিটি ক্ষেত্রে উন্নতি বাধা পাবে। তাই সংক্ষেপে আমি এই কথা বলব যে এদের একটা মজুরী স্থির করা উচিত। আপনি চার টাকা বা তিন টাকা স্থির করতে পারেন কিন্তু এদের কাজ দেবে কে, বিশেষত এই সময় তো তারা কাজ পাচ্ছে না। কাজ না পেলে তারা কি করবে? কাজেই আজকে সরকারকে উদ্যোগ নিতে হবে, ব্যবস্থা গ্রহণ করতে হবে তারা যাতে বাঁচে, খেয়ে পড়ে থাকতে পারে— সেই ধরনের একটা ব্যবস্থা সরকারকে অবিলম্বে গ্রহণ করতে হবে। সেইজন্য আমি বলতে চাই এই ক্ষেতমজুর শ্রেণী যাতে কাজ পায় এবং যাতে আমরা কাজ দিয়ে তাদের বাঁচিয়ে রাখতে পারি তার ব্যবস্থা সর্বাগ্রে করতে হবে। তা না হলে এই শ্রেণীকে রক্ষা করা মুস্কিল। আমরা যদি একটা মজুরী ঠিক করি তাদের বাঁচার মত তাতেও আমরা তাদের রক্ষা করতে পারব না। তাই আজকে যখন আমরা সমাজতান্ত্রিক দেশ গড়ার কথা বলছি দেশের ভবিষ্যতকে উজ্জ্বল করার চেষ্টা করছি তখন আমাদের যে ভায়েরা শতকরা ৮০ ভাগ যেখানে ক্ষেতমজুর তাদেরই আজকে প্রথমে ব্যবস্থা করতে হবে। তাই এই ব্যবস্থা করতে গেলে একমাত্র পথ হচ্ছে তাদের কাজ

[5-10—5-20 p. m.]

দেওয়া। কাজ যদি না দিই তাহলে তারা কাজ পাবে না। কোন মহাজন, কোন জোতদার গ্রামাঞ্চলে কাজ দিচ্ছে না। কাজেই গ্রামাঞ্চলে আমাদের সরকার থেকে এমন একটা ব্যবস্থা আমাদের করতেই হবে যেখানে তারা চিরকাল কাজ পেতে পারে। আমাদের আরো ব্যবস্থা করতে হবে এদের গৃহনির্মাণের জন্য। কারণ আজকে আমাদের এই অবস্থায় ভাইরা যদি থাকে, আমাদের ভাইরা বৃষ্টির সময় এই রকম ভিজতে থাকে, দিনে পরিশ্রম করে রাত্রে যদি একটু আরাম না করতে পারে তাহলে আমরা যে একটা আজকে দেশকে উন্নতির পথে নিয়ে যাবো, দেশকে যে একটা সমাজতান্ত্রিক পথে নিয়ে যাবো, তার কি এটাই একটা দৃষ্টান্ত? কোন-দিন না। কাজেই আমাদের এদের গৃহনির্মাণের জন্য ব্যবস্থা করে দিতেই হবে। এমন কি এদের জন্য গ্রামে গ্রামে প্রত্যেকটি জেলায় আমাদের গৃহ এবং কুটির শিল্প প্রতিষ্ঠার ব্যবস্থা করতেই হবে যাতে করে সেখান থেকে একটা শিক্ষা পায়, ভবিষ্যতে যেন তারা একটা কিছু করতে পারে তারই দিকে আমাদের লক্ষ্য রেখে সেই কুটিরশিল্প ও ক্ষুদ্র শিল্পগুলিকে প্রতিষ্ঠা করতেই হবে। সেইজন্য আমার মূল কথা হচ্ছে যে দেশকে যদি আমরা উন্নত করতে চাই বা একটা সমাজতান্ত্রিক দেশ গড়তে চাই তাহলে আমাদের প্রথম কাজ হবে এই শ্রেণীর প্রতি লক্ষ্য রেখে এবং এদের বাঁচবার মত একটা পথ করে দেওয়া, কাজ দেওয়া, গৃহ নির্মাণ করে দেওয়া। তাই আজকে শুধু একটু মজুরী বাড়িয়ে দিলেই হবে না আজকে এদের জন্য আমাদের সেই কাজের ব্যবস্থা করতে হবে। তাছাড়া জমি যাতে এরা পায় বা জমি যদি আমরা এবারে ঠিকভাবে বন্টন করে দিতে পারতাম তাহলে পর কিছু ক্ষেতমজুরের সংখ্যা কমে যেতো, কিছু উৎপাদন বৃদ্ধি পেতো। কিন্তু আমরা তাও করতে পারিনি, সুষ্ঠু একটা বিলিবন্টন হয়নি। কাজেই এই দিকেও আমাদের লক্ষ্য রাখতে হবে যাতে করে আমরা অন্যান্য লুকায়িত জমি যে সমস্ত জোতদারদের কাছে আছে তা এদের মধ্যে বন্টন করে দিতে হবে। এমন কি বসত-ভিটা যাতে আমরা দিতে পারি সেটাও ব্যবস্থা করতে হবে। সবদিকে লক্ষ্য রেখে আজকে আমাদের এদের জন্য একটা ব্যবস্থা করে দিতেই হবে। তাই আমি, উপাধ্যক্ষমহাশয়, আপনাকে অনুরোধ করছি যাতে এই সমাজের একটা উন্নতি হয়। শুধু সমাজের নয় আমাদের দেশের যাতে উন্নতি হয় তার দিকে লক্ষ্য রাখার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Paresh Baidya :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, মাননীয় সদস্য অশ্বিনীবাবু যে প্রস্তাব এনেছেন, আমি তাকে সমর্থন জানাচ্ছি। সমাজ যাদের উপর নির্ভর করে, ৭০ থেকে ৭৫ পারসেন্ট লোক যারা প্রাথমিক প্রয়োজনীয় দ্রব্যাদি, এসেনসিয়েল কমোডিটি, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের যোগান দেয়, তাদের সম্পর্কে আমাদের একটা সুষ্ঠ ব্যবস্থার কথা চিন্তা করতে হবে। রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায় বলতে হয়—

"চাষী ক্ষেতে চালাইছে হাল
তাঁতী বসে তাঁত বোনে,
বহু দূর প্রসারিত এদের বিচিত্র কর্মফল"

সমাজকে যারা বাঁচিয়ে রেখেছে তাদের সম্পর্কে আমরা ঠিকমত চিন্তা করি না। তাদের ন্যায্য প্রাপ্য আমরা দিই না। আমি সুদূর সুন্দরবন এলাকার কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি। সেটা পশ্চিম বাংলার একটা গ্রামপ্রধান এলাকা। গ্রামবাংলায় ক্ষেতমজুরদের সম্বন্ধে সকলেই মোটামুটি জানেন। এ সম্বন্ধে কয়েকজন বন্ধু যে কথা বললেন সেটা ঠিক কথা, বাস্তব কথা, তাদের যে ন্যায্য দাম সেটা আমরা দিই না। কারণ কতগুলি আছে। যেমন আমরা যারা কিছু লেখাপড়া শিখেছি, আমরা আমাদের দাবি সরকারের কাছে প্লেস করতে পারি, জানাতে পারি, কিন্তু তা তারা পারে না, গ্রামবাংলায় এটা দেখা যায়, যারা বিত্তশালী তারা তাদের ন্যায্য পাওনা দেয় না। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীপরিষদের দৃষ্টি এদিকে আকর্ষণ করে বলতে চাইছি যে যাদের পরিশ্রমে ও নিত্যপ্রয়োজনীয় জিনিসের যোগানে সমাজকে বাঁচিয়ে রেখেছে, তাদের কথা চিন্তা করতে হবে। তারা যাতে তাদের ন্যায্য পাওনা, ন্যায্য প্রাপ্য পায় সুনির্দিষ্ট কর্মপন্থা যেন অবলম্বন করা হয়। এই যেসমস্ত ক্ষেতমজুর আছে গ্রামাঞ্চলে, তারা তপশীলী এবং আদিবাসী সম্প্রদায়ের লোক, শিক্ষায় অতি অনগ্রসর, এদের অধিকাংশই ক্ষেতমজুর, তারা যাতে শিক্ষিত হতে পারে এডুকেশন দেওয়া যেতে পারে তারজন্য ব্যবস্থা করতে হবে। এরা অশিক্ষিত, নিজেদের প্রাপ্য, ন্যায্য প্রাপ্য আদায় করতে পারে না। কাজেই এদের শিক্ষার ব্যবস্থা করা একান্ত দরকার। আমাদের সুন্দরবন এলাকার সাধারণ ক্ষেতমজুররা ৩ থেকে ৪ মাস মাত্র বছরে কাজ পায়, বাকি সময় পায় না। কাজেই বাকি ৮ মাসও যাতে তারা নিয়মিত কাজ পেতে পারে তারজন্য সুনির্দিষ্ট কর্মপন্থা নিতে হবে, তাদের কাজ দিতে হবে বৎসরে বার মাসই যাতে তাদের কাজ থাকে তারজন্য সুনির্দিষ্ট ব্যবস্থা অবলম্বন করতে হবে। এইযে ক্ষেতমজুররা সবসময় কাজ পায় না বলে তাদের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে আছে। তাদের কেউ কেউ এক বেলা, কেউ কেউ আধপেটা খেয়ে বেঁচে আছে কোনরকমে। কারণ কাজ নাই এই এলাকায়। বর্তমানে দুই-এক পশলা বৃষ্টি হয়েছে বটে, কিন্তু তাতেও কাজ পাচ্ছেনা। মজুরের সংখ্যা অনেক বেশী, কাজের সংখ্যা কম, অর্থাৎ কাজের অনুপাতে লোকের সংখ্যা বেশী, অনাবৃষ্টির ফলে সেখানে কাজও পাচ্ছে না, আমি তাই সরকারের কাছে আবেদন রাখছি যে সুনির্দিষ্ট কর্মপন্থা নিন যাতে বার মাস সেখানে এই মজুররা কাজ পায়। আমাদের যে সমস্ত গরীব ভাই আছে তারা যাতে দুবেলা দুমুঠো খাবার পায়, খেতে পায়—আমি দুধ-ঘি মাখন-এর কথা বলছি না, সাধারণ খাদ্য তাদের জোটে তার ব্যবস্থা করে দিন। তা যদি না করা যায় দেশের ৭০ ভাগ লোক যারা আমাদের সমাজের নিত্যপ্রয়োজনীয় জিনিস সরবরাহ করে সেই মানুষদের আমরা ন্যায্য অধিকার দিতে পারব না। আপনারা জানেন এবং আপনার

[5-20—5-30 p. m.]

মাধ্যমে মন্ত্রীপরিষদের দৃষ্টি আকর্ষণ করছি—সমাজের এই শ্রেণীর লোকেরা যেহেতু অবহেলিত এতদিন পর্যন্ত ছিলেন—১৯৪৭ সালের পর থেকে ১৯৭০ সাল পর্যন্ত। তাদের চেহারা দেখেছি, তাদের যদি সমাজে ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করা হয়; সমাজের যে কি চিত্র হয় তা সকলে উপলব্ধি করতে পেরেছেন। এইজন্য বলবো সমাজের যাঁরা নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রী জোগান

দিচ্ছেন, তাদের উপর সমাজের Development নির্ভর করছে। তাদের সম্পর্কে আমাদের চিন্তা করতে হবে। তারজন্য মন্ত্রীপরিষদকে এদের কথা চিন্তা করবার জন্য অনুরোধ করছি।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, ১৯৪ বিধিমতে যে আলোচনার সূত্রপাত এখানে হয়েছে, সেই আলোচনার বিষয়বস্তু নিশ্চিতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ সে বিষয়ে কোন সন্দেহ নাই। আমাদের দেশের যে কৃষি পরিবার এবং কৃষির উপর নির্ভরশীল যে সমস্ত শ্রমিক তাদের সংখ্যা মোটামুটি যথাক্রমে ১৯৭০-৭১ সালের রিপোর্ট অনুযায়ী ৩১'৮ পার্সেন্ট এবং ২৫'৭ পার্সেন্ট। কাজেই আজকে সেই বেশীর ভাগ লোক যাঁরা আমাদের দৈনন্দিন বেঁচে থাকার পথে খাদ্যসামগ্রী সরবরাহ করে থাকেন, আজকে তাদের কথা সঠিকভাবে চিন্তা করা দরকার। কিন্তু একটা কথা সকলকে ভেবে চিন্তে দেখতে হবে—আমরা যে সময় যে অবস্থায় এই আলোচনা করছি, সেটা আজকে শুধু কৃষি শ্রমিকদের কথা নয়, আজকে সমস্ত শ্রেণীর মানুষের কিভাবে দৈনিক উদরপুষ্টি ও উদরপূর্তির জন্য যে ন্যূনতম প্রয়োজনীয় খাদ্যের চাহিদা, তা কিভাবে কোথা থেকে আসবে—এ বিষয়ে যদি, আমরা গতকালও যে আলোচনা করেছিলাম তাতে দেখেছিলাম যে আমাদের প্রথম কর্তব্য এখন দেশের এই কল্যাণকামী সরকারের পক্ষে যেসমস্ত শ্রেণীর মানুষের কেউ যাতে অনাহারে না মরে, যাতে খাদ্যাভাবজনিত অভাবে না মরে, তার দিকে দৃষ্টি দেওয়া। আজ যদি কৃষিক্ষেত্রের দিকে তাকিয়ে দেখি, তাহলে দেখবো প্রতিটা জেলায় যারা কৃষিশ্রমিক নিযুক্ত করে থাকেন সেই সমস্ত ক্ষুদ্র জমির মালিক হোল বা বড় জমির মালিক হোল, আজকে তাদের অবস্থা নিশ্চয়ই অত্যন্ত সঙ্গীন। আজকে গোটা পশ্চিম বাংলায় যে কৃষিজমি আছে, সেই কৃষিজমির গড়ে ২৫ ভাগ বা তার বেশী যদি চাষ করা না যায়, বৃষ্টি যদি আশানুরূপ না হয়, তাহলে ঐ ২৫ ভাগ জমির চাষের উপর যে শস্য হবে, তার শতকরা ৩০ ভাগ চাষীর ঘরে আসবার সম্ভাবনা আছে। তাই যদি অবস্থা হয়, তাহলে অবস্থাটা খুব গুরুতর ও ভয়াবহ। এই অবস্থায় যেসমস্ত চাষী পরিবার এই কৃষি শ্রমিকদের খাটান সেচ বহির্ভূত এলাকায় ৪ টাকায় এবং সেচযুক্ত এলাকায় ৫ টাকায়। এই ৫ টাকা মজুরী দেবার মত কয়জনের সঙ্গতি আছে কি নাই তা আজকে ভেবে দেখতে হবে। চার টাকা পাচ টাকার কথা শুধু বললেই হবে না। এই কৃষিমজুরদের ন্যূনতম মজুরী বাড়ালেই সব সমস্যার সমাধান হয়ে যাবে তা আমি মনে করি না। এরজন্য জমি Distribution-এর যে পদ্ধতি, যে Distribution Policy আমরা নিয়েছি, তা করে কৃষি শ্রমিক ও ভূমিহীন কৃষকদের হাতে যদি জমি দিতে পারি, তাদের যদি উপযুক্ত সার-বীজ সরবরাহ করতে পারি, তাদের যদি প্রয়োজনীয় সেচের জল পৌছে দিতে পারি, সেচের ব্যবস্থাপনার জন্য যে বিদ্যুৎ প্রয়োজন, সেই প্রয়োজনীয় বিদ্যুৎ যদি আমরা যথাযথভাবে ব্যবস্থা করতে পারি, তাহলে আমরা মূলসমস্যার দিকে হাত দিতে পারবো বলে আমার বিশ্বাস। একথা বিশ্বাস করি যে আজকে কৃষি শ্রমিকদের অবস্থা, কারখানার লেবারদের অবস্থা—সব দিক থেকে আস্তে আস্তে আজকে এমন অবস্থা এসেছে যে অবস্থা বিগত বৎসরের তুলনায় অনেক খারাপ। কিন্তু একথা স্বীকার করতে পারি না যে ১৯৭৪ সালে একজন কৃষি শ্রমিক একটা গেঞ্জি গায়ে দেবার মত গেঞ্জি কিনতে পারছে না। আজকে গ্রামের পাঠশালায় তাদের ছেলেমেয়েদের লেখাপড়া শেখার জন্য পাঠাচ্ছে, আজকে সাধারণ বাড়ীতে কিছু কিছু শ্রমিকের ঘরে সাইকেল এক আধটা আছে, কিছু কিছু শ্রমিকদের ঘরে রেডিও এসেছে। একথা আমরা অস্বীকার করতে পারি না। বর্তমানে যে ভয়াবহ অবস্থা তা কেউই অস্বীকার করতে পারবে না। এই দুই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের সঠিক উপায়ে জনসাধারণকে নির্দেশ দিতে হবে। সেইজন্য এই যে মূল আলোচ্য বিষয় সেই মূল আলোচ্য বিষয়ের আমি বিরোধিতা করি না। এবং এর যে মূল উদ্দেশ্য সেই মূল উদ্দেশ্য হচ্ছে যে সাধারণ খেটে খাওয়া মানুষদের সেই কৃষি শ্রমিকদের যদি আমরা এই কথা বলে উত্তেজিত করি তাদের যদি উস্কানি দিই তাদের এই কথা বলে যদি ভাবপ্রবণ

করে তুলি তাঁহলে আমার মনে হয় বর্তমান যে অবস্থা সেই অবস্থার সংগে সংগতি রেখে আমাদের যে প্রগতির উদ্যোগ তাকে ব্যহত করা হবে। আমাদের পশ্চিম বাংলায় যে আর্থিক দুর্গতি যে অনটন যে খাদ্যাভাব তার সংগে সংগতি রেখে আমাদের বক্তব্য রাখা দরকার ছিল। আমাদের এই অবস্থায় সেটাকে এড়িয়ে চলবার চেষ্টা করা হচ্ছে। আজকে আমরা শ্রমিকদের পাশে দাঁড়িয়ে সংগ্রাম করতে চাই। তাই আজকে শ্রমিকদের সম্বন্ধে বলা হোল যে আমরা নির্দিষ্ট কর্মসূচী নিয়েছি—আজকে যাদের বাস্তুভিটা নেই—তাদের আমরা বাস্তুভিটা দেবার ব্যবস্থা করবো। ধানের এগ্রিকালচারাল ল্যাণ্ড নাই—বাস্তুভিটা করে দেবার জন্য ১৪০ টাকা আর্থিক সাহায্য দেওয়া হবে। এছাড়াও আমরা ৭৫ টাকা আর্থিক সাহায্য দেবো। বেকার ভূমিহীনদের জমি দেবার জন্য অবজেক্টিভ প্রগ্রাম নেওয়া হয়েছে একথা বিধানসভার সকলেই জানেন। আজকে গোটা পশ্চিম বাংলার মানুষ যদি শান্তিপূর্ণ উপায়ে সংঘবদ্ধ হয়ে এগুলিকে বাস্তবে রূপায়িত করতে পারেন তাহলে কৃষি শ্রমিকদের সমস্যা অংশতঃ সমাধান করতে পারবো। এই দিকে না তাকিয়ে বললে ভুল বলা হবে, অসত্য কথা বলা হবে। আজকে যারা ১০ বিঘা জমির মালিক যারা নিজেরা হাতে লাঙ্গল নিয়ে চাষ করে না লাঙ্গল বাদে কৃষি শ্রমিক অর্থাৎ মুনিষ দিয়ে জমি চাষ করে তারা এই চাষ করতে গিয়ে আমাদের দেখতে হবে যে তারা নেট প্রফিট কত করে। যদি ভাল করে ভেবে দেখা যায় তাহলে আমার মনে হয় না যে তাদের প্রফিট হয়—বরং তাদের লস হয়। আজকে যে শ্রমিকদের ৪।৫ টাকা মজুরীর কথা হচ্ছে এটা ভাবপ্রবণতা ও অন্যায় ছাড়া আর কিছু নয়, এ প্রস্তাব অন্তসারশূন্য বলে মনে করি। আজকের দিনে সাধারণ মানুষকে বিভ্রান্ত করা ঠিক হবে না। আজকে সমস্ত দিক থেকে সমস্ত বিষয়কে সামনে রেখে সকল মানুষের কথা চিন্তা করতে হবে। আজকে আমরা সমস্ত মানুষের পাশে দাঁড়িয়ে এই কথা বলবো যে আমরা যুদ্ধ করছি যে অনাহারে মৃত্যু হতে দেবো না। আমরা ৫ থেকে কোন কোন জায়গায় ১০ ভাগ জি আর, টি আর এক্সটেণ্ড করেছি। আজকে টি আর, জি আর-এ এমপ্লয়মেণ্ট ওরিয়েন্টেড স্কীম গ্রহণ করতে হবে। সেই স্কীম দ্বারা কৃষি শ্রমিকদের অংশত কাজ হবে। এবং সেই কাজের মাধ্যমে আর্থিক সংগতির দিকে আমাদের নজর দিতে হবে। আমাদের যে মূলসমস্যা তাকে সমাধান করতে নূতন পথে এগিয়ে যেতে হবে—আমাদের আসল যে সমস্যা আমাদের আর্থিক সংগতি বাড়াবার চেষ্টা করতে হবে। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই যে মোসান আনা হয়েছে ১৯৪ ধারা অনুসারে যা এখানে ডিসকাসন হচ্ছে তা সময়োপযোগী হয় নি। কৃষক শ্রমিকদের প্রতি পূর্ণ সহযোগিতা আমার আছে, তাদের সমস্যা সমাধানে আমরা বদ্ধপরিকর—তাদের সুখস্বাচ্ছন্দ্য সমস্ত কিছুর দিকে আমরা নিশ্চয় লক্ষ্য রাখবো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-30 –5-40 p. m.]

**Shri Asamanja De :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে সভায় অন্যারেবল শ্রীঅশ্বিনী রায় মহাশয় ১৯৪ ধারা মতে যে গুরুত্বপূর্ণ বিষয়টা আলোচনার জন্য উত্থাপন করেছেন আমি প্রথমেই তাঁকে আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। এ বিষয়ের উপর আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমেই বলতে হয় আমরা জানি যে পশ্চিম বাংলার প্রায় ৮২ ভাগ লোক গ্রামের মানুষ এবং তাদের মধ্যে অধিকাংশ হচ্ছে কৃষি শ্রমিক। এই কৃষি শ্রমিকদের স্বার্থ সংরক্ষণ এবং সামগ্রিক উন্নয়ন দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য একান্তভাবে অপরিহার্য। পশ্চিম বাংলায় এই মানুষগুলির অবস্থা কবির ভাষায় বলতে গেলে বলতে হয় চাল-চুলো নেই, দরিদ্র দুঃখী, নাচার নাজেহাল। এদের সম্বন্ধে বলতে গিয়ে ভারতবর্ষের অন্যতম কেন্দ্রীয় নেতা শ্রীজগজীবনরাম বলেছিলেন যে কোন এক স্থানের দারিদ্র সর্বক্ষেত্রের উন্নয়নের পক্ষে বাধাস্বরূপ। যে কৃষক খাদ্য উৎপাদনের জন্য দায়ী তার দারিদ্র উন্নয়নের জন্য বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করবেই। এই কৃষি শ্রমিকদের সমস্যা সমাধানই আজ পশ্চিম বাংলার মানুষের কাছে সবচেয়ে বৃহত্তর চ্যালেঞ্জ। এদের

জীবনযাত্রার মান অত্যন্ত নীচু। কিন্তু একথা আজকে বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে স্বীকার করতেই হবে যে কৃষি শ্রমিকদের সমস্যা সমাধান করতে হলে কেবল মজুরি বৃদ্ধির কথাই চিন্তা করলে চলবে না। আমাদের পশ্চিম বাংলায় তথা সারা ভারতবর্ষে, কিছু দিন আগে একজন এগ্রিকালচার ইকনমিস্ট এখনকার অবস্থা বিশ্লেষণ করে 'লেবার ইন এগ্রিকালচার' বলে একটি বই লেখেন। তিনি তাতে লেখেন কৃষি শ্রমিকদের সমস্যা পশ্চিম বাংলায় মজুরি হারের সমস্যা নয়, কাজ পাওয়ার সমস্যা। সে আদৌ কোন উপায় করতে পারবে কিনা সেটাই হচ্ছে সমস্যা, কি কি আদৌ সেটা সমস্যা নয়। কৃষি শ্রমিক অনুসন্ধান কমিটি দেখিয়েছিলেন পশ্চিম বাংলায় একজন কৃষি শ্রমিক বছরে বড়জোর ২১৬ দিন কাজ পায়, তারমধ্যে ১৮৭ দিন কৃষিকাজ আর বাকি ২৯ দিন অকৃষি কাজ। আজকে একথা নিশ্চয়ই এদের সম্পর্কে বলতে গিয়ে বলতে হয় যে আজকে পাটকলের শ্রমিকদের জন্য মাহিনা নির্ধারণ করা হচ্ছে কিন্তু সেই পাট যারা বুকের রক্ত দিয়ে, মেহনত দিয়ে ফলাচ্ছে তাদের কথা চিন্তা করা হচ্ছে না। একথা বলা দরকার যে মজুরী বৃদ্ধির যে কথা উঠেছে, ১৯৬৮ সালে ক্ষেতমজুরদের যে মজুরীর সিডিউল নির্ধারণ করা হয়েছিল তা কিন্তু বাস্তবে আজ পর্যন্ত পশ্চিম বাংলার কোথাও কার্যকরী হচ্ছে না। কাজেই চিন্তা করতে হবে কেন কার্যকরী হচ্ছে না। মজুরিহার বৃদ্ধি হলেই চলবে না, আমরা অনুসন্ধান করে দেখেছি নানান বাধা, প্রতিবন্ধকতা ফলে পশ্চিম বাংলায় এই নির্ধারিত সিডিউল অনুযায়ী মজুরির ব্যাপারটা বাস্তবে কার্যকরী হচ্ছে না। বিভিন্ন কারণে, যেমন হেভি সিজন অ্যাণ্ড লিন সিজনের মধ্যে উৎপাদন শক্তির পার্থক্য আছে, সেচ এলাকা এবং অসেচ এলাকার মধ্যে এই কৃষি উৎপাদন পার্থক্য আছে। যেমন দেখি, পশ্চিম বাংলায় কৃষিকার্যে সময় নির্দিষ্ট করে দেওয়া সব সময় সম্ভবপর হচ্ছে না। যেমন দেখি, কৃষি শ্রমিকদের কাজ হচ্ছে পশ্চিম বাংলায় সাময়িক এবং একই শ্রমিককে কৃষি কার্যের বিভিন্ন পর্যায়ে কাজ করতে হচ্ছে। যেমন পশ্চিম বাংলায় বিভিন্ন ক্ষেত্রে টাকার পরিবর্তে মজুরি অধিকাংশ ক্ষেত্রে দ্রব্যের মাধ্যমে দেওয়া হচ্ছে, কাজেই টাকার অংকে এটার মূল্যায়ন করা সব সময় সম্ভবপর নয়। যেমন দেখি, পশ্চিম বাংলায় অনেক ক্ষুদ্র ক্ষুদ্র জমির মালিক থাকার ফলে এই আইন কার্যকরী করা সম্ভব হচ্ছে না। এই আইনকে কার্যকরী করতে গেলে সবচেয়ে আগে যেটা দরকার সেটা হচ্ছে, উৎপাদনের রেকর্ড থাকা দরকার। কিন্তু অধিকাংশ কৃষি মজুরই নিরক্ষর, অজ্ঞ, উৎপাদনের পরিমাণ, তার গুণগত দিক এ সব কিছুই হিসাব তারা রাখতে পারে না। সুতরাং আজকে এই ক্ষেতমজুরদের মজুরি নূতন করে নির্ধারণ করতে হবে, দাম স্তরের পরিপ্রেক্ষিতে মজুরির হার নতুন করে বাড়াতে হবে এ কথা চিন্তা করার আগে আমার মনে হয় আজকে সরকারের সব চেয়ে আগে যেটা চিন্তা করা দরকার সেটা হচ্ছে যে কেন ১৯৬৮ সালের সিডিউল কার্যকরী করা সম্ভব হচ্ছে না? কোথায় তার বাধা? কোথায় তার প্রতিবন্ধকতা? এই বাধা ও প্রতিবন্ধকতার মূলকে যদি আমরা উৎপাটিত করতে না পারি তাহলে পশ্চিম বাংলায় যতই নতুন সিডিউল করুন না কেন, দাম স্তরের ভিত্তিতে মজুরি হার বৃদ্ধি করুন না কেন আমি পরিষ্কারভাবে বলতে পারি বাস্তবে কোনদিন তা কার্যকরী করতে পারবেন না এবং পশ্চিম বাংলায় ৫॥ কোটি মানুষের ইপ্সিত, আকাঙ্খিত লক্ষ্য এই ক্ষেতমজুরদের বাঁচিয়ে তুলতে হবে, দেশের সামগ্রিক স্বার্থের গোড়ায় যারা জড়িত তাদের বাঁচাতে গেলে এই মজুরিহার নির্ধারণ করতে হবে তা কিন্তু বাস্তবে সম্ভব নয়। সাজেসান হিসাবে আমি বলছি যে পশ্চিমবাংলায় কৃষি শ্রমিক দু রকমের রয়েছে। এক রকম হচ্ছে হায়ার্ড লেবার, আর একরকম হচ্ছে সার্ভড অন ভূমিহীন কৃষক। ঠিক তেমনি হায়ার্ড লেবার রয়েছে ডকে। ডক লেবারদের একটা অর্গানাইজেসন আছে। এই অর্গানাইজেসন ব্যতিরেকে কখনই মজুরের মজুরীর হার সংশোধন করা এবং মজুরী কার্যকরী করা সম্ভবপর নয়। আমার সাজেসান হচ্ছে সরকারপক্ষ থেকে একটি কৃষি শ্রমিক সংঘ করুন, যে কৃষি শ্রমিক সংঘে ট্রিপার্টাইট পক্ষের দিক থেকে একদিকে সরকার পক্ষ থাকবে, জমির মালিক পক্ষ থাকবে। এই তিন পক্ষের সংগে কৃষকদের যদি সংযোগ স্থাপন করতে পারেন তবেই মজুরী কার্যকরী করতে পারবেন, নতুবা কখনই কার্যকরী করা সম্ভব হবে না। আমরা বড় বড় বক্তৃতা

করছি, কিন্তু কৃষি শ্রমিকদের ক্ষেত্রে নূন্যতম মজুরীর হার নির্দ্ধারণ করতে পারা যাচ্ছে না। পশ্চিম বাংলার ক্ষেত্রে দেখছি মিনিমাম ওয়েজেস অ্যাক্টের লেজিসলেসন করছেন লেবার ডিপার্টমেন্ট, আর কার্যকরী করতে হবে এগ্রিকালচার ডিপার্টমেন্টকে। এখন লেবার ডিপার্টমেন্টের কাজ হচ্ছে শ্রমিকদের জনকল্যাণমূলক সোসাল সিকিউরিটি মেজারসকে কার্যকরী করা, অথচ এই এগ্রিকালচারের ব্যাপারে এসে যাচ্ছে। এগ্রিকালচার চিন্তা করছেন ডিপ টিউবওয়েলস বাড়াতে হবে, সেচের ব্যবস্থা করতে হবে, সার দিতে হবে, বীজ দিতে হবে, প্রয়োজনীয় জল দিতে হবে, শ্রমিকদের কল্যাণের কথা চিন্তা করছেন না, মিনিমাম ওয়েজেস অ্যাকটের কথা চিন্তা করছেন না, যেহেতু লেবার ডিপার্টমেন্ট রয়েছে। এই মিনিমাম ওয়েজেস অ্যাকট ইমপ্লিমেন্ট করতে গেলে পুরোপুরিভাবে যদি এগ্রিকালচার ডিপার্টমেন্ট এণ্ড লেবার ডিপার্টমেন্টের সংগে একটা কোহেসান হয়, একটা কো-র্ডিনেসন হয়। এই কোহেসান এবং কো-অর্ডিনেসন যদি না হয় তাহলে মিনিমাম ওয়েজেস অ্যাক্ট লেবার ডিপার্টমেন্ট করে বসে থাকলে, আর এগ্রিকালচার ডিপার্টমেন্ট তাকালেন না, সেখানে অ্যাকটই শুধু রয়ে যাবে কার্যকরী হবে না, তারা শুধু তাদের ওয়াটার টাইট কমপার্টমেন্ট নিয়ে মিনিমাম ওয়েজেস অ্যাক্ট নিয়ে বসে রইলেন, আর এগ্রিকালচার ডিপার্টমেন্ট বলল আমাদের ব্যাপার নয়, কার্যকরী হল না। তাই আমি আপনার মাধ্যমে সরকারের কাছে সব চেয়ে বড় দাবি করছি এগ্রিকালচার এণ্ড লেবার ডিপার্টমেন্টের মধ্যে যদি একটা পারফেক্ট কোহেসান, যদি একটা পারফেকট কো-অর্ডিনেসন সৃষ্টি করা না যায় তাহলে আপনারা যতই মিনিমাম ওয়েজেস করুন না কেন মজুরের স্বার্থ বাঁচানো যাবে না। তাই আমি দাবি করছি সমস্ত প্রতিবন্ধক দূর করে একটি সুনির্দিষ্ট চিন্তাধারা নিয়ে লেজিসলেসন করে সরকার এগিয়ে যাক এবং সরকার যদি এগিয়ে যেতে পারে তবেই পশ্চিম বাংলার ৪।• কোটি মানুষের ভাগ্য যাদের হাতে, শ্রমিকের কল্যাণ যাদের হাতে, উৎপীড়িত, লাঞ্ছিত, বঞ্চিত শ্রমিকরা যাদের সংগে জড়িত তাদের দেখা সম্ভবপর হবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে এই সম্পর্কে বিবেচনা করে সুনির্দিষ্ট কর্মসূচী গ্রহণ করার জন্য আবেদন জানাচ্ছি।

**Shrimati Geeta Mukhopadhyaya :** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের অশ্বিনীবাবু যে মোসান এনেছেন ইতিপূর্বে বহু মাননীয় সদস্য একজনের পর একজন উঠে তাকে সমর্থন করলেন। এ বিষয়ে আমার একটি খুব নির্দিষ্ট কথা বলার ছিল, সেইজন্য আমি আপনার কাছে একটু সময় চেয়েছিলাম। ঠিক আমার আগেই একজন মাননীয় সদস্য যে বক্তৃতা দিলেন তার মধ্যে সুন্দর সুন্দর এমন কয়েকটি কথা তুলেছেন যার ফলে আমাকে সেই সাধারণ আলোচনায় অল্প একটু যেতে হচ্ছে। যেমন আমাদের মাননীয় সদস্য আবদুল বারি সাহেব যে বক্তৃতা দিলেন—মোটামুটি তিনি যা বললেন তাতে আমার মনে হল যে অশ্বিনীবাবু বোধ হয় এখন এই মোসান এনে অন্যায় করেছেন। এখন মোটামুটি খরাটবার কথা বলে ক্ষেতমজুরদের রিলিফ-টিলিফ দেওয়া হোক। তাই আমি শ্রীবিশ্বাসকে বলছি যে ক্ষেতমজুরদের ঐ রকম করুনার চোখে দেখবার কোন দরকার নেই, ইট ইজ এ কোয়েশ্চেন অব দেয়ার রাইটস। এখানে যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে, সেটা তো তাদের অধিকারের প্রশ্ন। তারা এই ন্যায্য মজুরীর অধিকার সরকারের কাছ থেকে আইন করে পেতে পারবে কি পারবে না, সেটাই হচ্ছে প্রথম কথা। সেখানে আইন করলেই পেতে পারবে? কোন সরকারের সাধ্য নেই যে তারা শুধু আইন করে ক্ষেতমজুরদের ন্যায্য মজুরী পাওয়া যাবে, তারজন্য মজুররা নিজেরা লড়বে এবং আজকে বিধানসভায় যে আলোচনা হয়েছে তার থেকে বোঝা যাচ্ছে যে সেদিন আর সুদূরে নেই যেদিন ক্ষেতমজুর ছাড়াও সেখানে দলমত নির্বিশেষে ব্যাপক হারে মানুষ সংগবদ্ধ হবেন, আমাদের বেঞ্চ থেকে, কংগ্রেসের বেঞ্চ থেকে একের পর এক বক্তার বক্তৃতা থেকে সেটা আমি অনুভব করেছি। সুতরাং প্রশ্নটা হচ্ছে তাদের এই যে ন্যায্য মজুরী দেবার দাবি—এই দাবিকে এগিয়ে দেবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করতে পারেন সে বিষয়ে

এই প্রস্তাবে কয়েকটি কথা আছে এবং ব্যবস্থা অবলম্বন করা উচিত কিনা—এই আইনে ব্যবস্থা করার দিক থেকে যে দু একটি কথা উঠেছে সে বিষয়ে আমি এখানে দু একটি কথা বলব। বারি সাহেব বলেছেন, তিনি নিজে উদাহরণ দিয়েছেন এটা 'আমি বলে'—এটা গৌরবে আমি, না ভাবার্থে আমি সেটা জানি না। যাই হোক আমি ধরে নিলাম এই রকম একটি 'আমি' যাদের অল্প স্বল্প জমি আছে, যার উদাহরণ তিনি দিয়েছেন যে তারা কি করে কৃষকদের এই মজুরী দেবেন? এখন বারি সাহেবের দৃষ্টি আকর্ষণ করবো এইদিকে যে ঐ রকম ছোট আমি-রা

[5·40—5·50 p.m.]

পশ্চিমবঙ্গে কত ক্ষেতমজুর লাগাচ্ছে? কত জমিতে চাষ করতো তারা? ক্ষেতমজুর যে ব্যাপক সংখ্যা সেটা কি ঐ ছোট ছোট আমিদের? ছোট ছোট আমিরা ক্ষেতমজুর লাগাবে কোথা থেকে? কাজেই এ নিয়ে প্রশ্ন আসছে না। সেটা খুবই অল্প স্বল্প, অথচ ব্যাপক সংখ্যায় ক্ষেতমজুর পশ্চিমবঙ্গে আছে, তাদের বড় আমি-রাই লাগাচ্ছে। সেই বড় আমী-রা কি করে সে সম্পর্কে আমার অভিজ্ঞতার কথা বারি সাহেবকে বলি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মারফতে একটা অভিজ্ঞতার কথা বলি দোষ নেবেন না। কিছুদিন আগে শান্তিনিকেতন থেকে একটা survey করা হয়েছিলো, agricultural research তারা করেন, Government of India-র একটা concern। আপনারা জানেন যে বর্দ্ধমানে একটা survey করা হয়েছিলো যে কি source থেকে কারা কৃষিতে উৎপাদন বৃদ্ধির জন্য কি পরিমাণ টাকা খাটান? এই surveyর সরেজমিনে গিয়ে, খোঁজ খবর করে survey report তৈরী করা হয়েছিলো সেই survey reportএ একটা মুখোরচক জিনিস উদঘাটিত হয়েছিলো, সেটা হচ্ছে এই, একর পিছু হিসাবে দেখা যায় যে সবচেয়ে বেশী জমিতে টাকা খাটানোর চেষ্টা করেছেন, input দেবার চেষ্টা করেছেন কারা? না, সবচেয়ে কম জমির মালিকরা, তারা কিন্তু input বাড়াবার জন্য, উৎপাদন বাড়াবার জন্য সাধ্যাতিরিক্ত খরচ করার চেষ্টা করেছেন। বেঁচে থাকবার জন্য উৎপাদন বাড়াবার চেষ্টা করেছেন। তারা কিন্তু কেউ ক্ষেতমজুর লাগানেওয়ালা নয়। কিন্তু সবচেয়ে কম input লাগিয়েছে কারা? ঐ survey থেকে দেখা যায় যে highest যাদের জমির মালিকানা সেই groupটা সবচেয়ে কম input লাগিয়েছে। এটা সেই সরেজমিন তথ্য থেকে তারা পেয়েছে এবং সেটা প্রকাশিত হয়েছে, যে কেউ পড়তে পারেন। তাহলে দাঁড়াল কি না সেই গ্রুপটার বড় কষ্ট হবে দাঁড়াবার। তারা ক্ষেতমজুরকেও মজুরী দিতে চায় না, তারা জমিকেও তার পাওনা সার এবং পাওনা মাল দিতে চান না, তারা ফসল বৃদ্ধির জন্যও দেশের কাছে তাদের যে কর্তব্য সেটাও তারা সাধিত করতে চান না, তারা এই রকম একটা group। সুতরাং তাদের input বাড়াবার লড়াইকে যদি এগিয়ে দিতে হয় তাহলে আমাদের উৎপাদনের দিকে তাকিয়ে ক্ষেতমজুরদের অধিকতর মজুরী বৃদ্ধির দাবি করতে হবে। এবং সেই মজুরী দেবার জন্য input বাড়াতে যাতে বাধ্য হন সেই social movement raise করতে হবে। সুতরাং যদি বলেন এই আইনের কি প্রয়োজন তাহলে বলবো শুধু ক্ষেতমজুরদের জন্যই নয়, তাদের জন্য তো আলবত দরকার, কিন্তু দেশের উৎপাদন বৃদ্ধির লড়াইতে যারা সত্যি সত্যি জমির মালিক হয়েও input বাড়াবার চেষ্টা করেনি সেই উচ্চতর groupটাকে বাধ্য করার জন্য এটা খুব জরুরী। এবং মানবিকতার দিক থেকে এতে কোন প্রশ্ন ওঠে না। অনেক সদস্য বলেছেন, এ সম্পর্কে আমি আর কিছু বলতে চাই না। তাদের সেই সব কথার প্রতি পূর্ণ সহানুভূতি জানাই। কিন্তু যে কথা বলবার জন্য ৫ মিনিট সময় চেয়েছি সেটা না বললে আমি অপরাধী হবো। কাজে সেটা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। সেটা হচ্ছে, মাননীয় অশ্বিনীবাবু যে কথা উপস্থিত করেছেন, তাঁর বক্তব্যের মধ্যে স্বভাবতই এটা 185-এর motion নয়, put'ও হবে না, এবং amendment-এর প্রশ্নও নেই। কিন্তু চিন্তার দিক থেকে আমি একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে, ক্ষেতমজুরের মজুরী নির্ধারণ করবার

জন্য যখন আমরা অনুরোধ করবো তখন স্ত্রী এবং পুরুষের সমান মজুরী নির্ধারণের জন্য দাবি আমাদের তুলতে হবে। এ ক্ষেত্রে পরিস্থিতিটা কি? এ ক্ষেত্রে পরিস্থিতি হচ্ছে, এখনও যে practice চালু আছে সেই practice-এ দেখা যাচ্ছে যে অন্তত: আট আনা থেকে বারো আনা তফাৎ। বিভিন্ন কাজে মেয়ে এবং পুরুষের মজুরী সর্বক্ষেত্রে in actual practice. যদিও কাজ হিসাবে মেয়েরা বেশী কাজ করেন। কাজ হিসাবে মেয়েরা বেশী পরিশ্রমের কাজ করেন, একথা সকলেই স্বীকার করবেন। তবে কোন্ কোন্ কাজ, সব কাজ করেন একথা বলছি না তবে রোয়ার কাজে মেয়েরা better কাজ করেন। কাজেই দেখা যাচ্ছে বেশীর ভাগ এমন কি রোয়ার কাজেও তাদের মজুরী আট আনা থেকে বারো আনা তফাৎ হয় অনেক সময়। আমি এই বিষয়ে একটু দৃষ্টি আকর্ষণ করছি। প্রশ্ন হচ্ছে actual practice—দেখুন জাতীসংঘে মানবাধিকারের যে সনদ আছে তার convention 100-এ আছে equal pay for equal work. এই convention আছে যে সমান কাজে সমান মজুরী। পৃথিবীর যে কয়টি দেশ এই conventionকে respect করছে তার মধ্যে ভারতবর্ষ অন্যতম। অনেক দেশ যারা র‍্যাটিফাই করেন নি, তাদের মধ্যে বড় বড় ধনী দেশ আছে, এবং সেটা আমাদের জেনে রাখা দরকার। সৌভাগ্যের কথা আমাদের ভারতবর্ষ অন্তত: ১০০ কনভেনশনকে র‍্যাটিফাই করেছে। কিন্তু র‍্যাটিফাই করা সত্বেও দুর্ভাগ্যক্রমে এখনো পর্যন্ত সরকারের মজুরী যা নির্ধারিত আছে সেটা মেয়েদের এবং পুরুষদের বেলায় আলাদা আলাদা হারে রয়ে যাচ্ছে ১৯৬৮ সালের যে কথা হচ্ছে। আমি যেখানে বেশী হাঁটা-হাঁটি করি সেই এলাকায় দেখুন, দিনহাটা, তমলুক, ঘাটাল, কাথিতে পুরুষের বেলায় ৩ টাকা ১৬ পয়সা দৈনিক, আর মেয়েদের বেলায় ২ টাকা ৯৬ পয়সা দৈনিক, গভর্নমেন্টের নিজের নির্ধারিত। আমার মনে হয় সময় এখন পাল্টে যাচ্ছে, দেশ এখন অনেক তাড়াতাড়ি এগুচ্ছে, অধিকার আগের চেয়ে অনেক বেশী স্বীকৃত হচ্ছে, সুতরাং আইনের মাধ্যমের স্বীকৃতি দেওয়া একান্ত প্রয়োজন। আজকে এই সমান কাজের জন্য সমান মজুরীর দাবিটি আমি বিশেষ করে এই ক্ষেত্রে উপস্থিত করে আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Sailendranath Chattopadhyay :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের স্বাধীনতালাভের আগের দিনে যখন আমাদের দেশ নায়করা সংগ্রাম করেছিলেন, সেই সময় তাদের সামনে একটা মাত্র স্বপ্ন ছিল যে স্বাধীনতা লাভে, সমস্ত মানুষ পাবে তাদের ক্ষুধার অন্ন, পরনে বস্ত্র আর থাকবার জন্য একটু আস্তানা, কিন্তু দুঃখের বিষয় আজকে স্বাধীনতা লাভের ২৫ বছর পরে যখন আমরা স্বাধীনতা প্রাপ্তির রজত-জয়ন্তি উৎসব পালন করতে চলেছি, সেই সময় এই কথা বলতে আমার বিন্দুমাত্র দ্বিধা নেই যে আমরা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছি, বিশেষ করে গ্রামবাংলার ক্ষেতমজুরদের বেলায় যখন আমরা তাদের প্রাথমিক প্রয়োজন দিতে পারি না, তবু তাদের প্রথমতম প্রয়োজন যেটা, সেই ক্ষুধার অন্নের ব্যবস্থা আমাদের নিশ্চয়ই করতে হবে। তাহলে অন্ততপক্ষে আমরা আমাদের বিবেককে সান্ত্বনা দিতে পারি। মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আপনি জানেন মজুরী একটা স্থির করবার নিয়ম আছে, সেটা হলো যে মজুরী দেবার মত অবস্থা যাতে অটুট রাখতে পারে, তাই সে অবস্থায় আজকে যে ভাবে আমাদের মজুরীর কথা মাননীয় অশ্বিনীবাবু রেখেছেন তাতে হয়ত একটা ধারনা ভুল হতে পারে যে প্রতি মানুষের মজুরী এক হওয়া উচিত কি না? সেচ এলাকায় বেশী হবে কেন, এবং অসেচ এলাকায় কম হবে কেন? আর প্রশ্ন হচ্ছে যে আইন অনুযায়ী মজুরী যদি স্থির করতে হয় তাহলে মজুরী অনেক বেশী হয়ে যাবে, ৮ থেকে ১০ টাকা, এটা করা উচিত। এখানে মজুরী স্থির করা হচ্ছে মোটামুটি নিয়োগ কর্তার ক্ষমতার উপর, আমরা মোটামুটি এটা করতে পারি, এবং সে অনুযায়ী মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব আজকে এটা পরিপূর্ণভাবে স্থির করতে, আইন করতে, যাতে সারা পশ্চিম বাংলায় সর্বত্র এই কৃষি মজুরীর একটা সুষ্ঠু নীতি নির্ধারন করা হয়। আর একটা প্রথা বিভিন্ন গ্রামাঞ্চলে দেখেছি যে মজুরীর সংগে সংগে তারা চাল দেবার ব্যবস্থা করে। অর্থাৎ চালের মূল্য বিভিন্ন জায়গায় যখন সব সময় স্থিতিশীল থাকে না, বিশেষ করে অভাবের সময় চালের দাম বেড়ে যায়,

সেইসব ক্ষেত্রে আমরা ৩ টাকা, ৪ টাকা করি না কেন? তখন কিন্তু আমরা এই মজুরী ঠিক রাখতে পারি না। সেই জন্য এই সব বিষয়ে অনুরোধ করব এই চালের দামের হিসাবে সাড়ে ১২ কে. জি. চাল পেলে এবং বাকি সেচ এলাকায় ৩ টাকা, অসেচ এলাকায় ২ টাকা করে মজুরী ঠিক করা হোক। চালের দাম বাড়লে সেই চালের দামের হিসাবে হিসাব করে ২ টাকা বা ৩ টাকা হিসাব করে মজুরী যেন নির্ধারন করা হয়। মোটামুটি এই অনুরোধ করে আমি আমরা বক্তব্য শেষ করছি।

[5-50—6-00 p. m.]

**Shri Mahadeb Mukhopadhyay :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের অশ্বিনীবাবু ক্ষেতমজুরদের মজুরী বৃদ্ধি সম্পর্কে যে প্রস্তাব রেখেছেন সেটা আন্তরিকভাবে সমর্থন করি। তবে এই প্রস্তাবে ১৯৬১ সালের যে প্রস্তাব অনুযায়ী নিম্নতম মজুরীর কথা চিন্তা করা হয়েছিল সেই অবস্থার অনেক পরিবর্তন হয়ে গিয়েছে। ভূমিহীন ক্ষেতমজুররা তারা দিনের পর দিন অনশনে থাকছে, অর্ধাশনে থাকছে। এদের ঘর নেই, বিনা ঘরে বাস করছে এবং বেকার অবস্থায় যখন থাকে তখন সপরিবারে অনাহারে থাকে। তাদের জমি নেই। এইযে এখন ধান চাষ হচ্ছে বড় বড় জোতদার বা জমির মালিক তাদের অভাবের সুযোগ নিয়ে তাদের উপর শোষণ চালাচ্ছে। শ্রমিকদের এই যে দুরাবস্থা তার কথা মহাত্মা গান্ধীও ভেবেছিলেন। তিনি এদের কথা বলেছিলেন। সমাজের সর্বস্তরের মানুষের মঙ্গল করতে হবে। এটা যদি না করতে পারি, আমরা যে হিংসা পরিহারের কথা বলছি সেটা হবে না। সেটা রোধ করতে না পারলে ভূমিহীন ক্ষেতমজুরদের মধ্যে যে দুঃখ দারিদ্র আছে তার উপশম না করতে পারলে হিংসার উদ্ভব হবে এবং তাতে ক্লাস স্ট্রাগল শ্রেণী সংগ্রাম যাকে বলে তাই শুরু হবে এবং আমরা অগ্নিগর্ভর মতো অবস্থার মধ্যে আছি। আজকে চারিদিকে হাহাকার করছে। মাথার উপরে ঘর নেই। আমার যে কনষ্টিটুয়েন্সী সেখানে আদিবাসীরা হাটের চালায় বাস করছে। আজকে বড় বড় জোতদাররা তাদের শোষণ করছে। এইযে নির্মম অবস্থা, আইন করে যে এর প্রতিকার হবে তা আমার মনে হয় না। কলকারখানায় যেমন আইনসংগতভাবে ট্রেড ইউনিয়ান হয়েছে সেইরকম স্বয়ংসম্পূর্ণ এখানে সংগঠন করা দরকার এবং আমি জানি তাদের হাতে স্বেচ্ছায় কেউ অধিকার তুলে দেবে না। লড়াই করতে হবে এবং লড়াই ছাড়া তাদেরকে কেউ অধিকার দেবে না। সত্যিকার কল্যাণরাষ্ট্র যদি হতে হয় আমি বলবো ইট ইজ টু লেট। এটা মানব অধিকারের দিক থেকেও ভেবে দেখা দরকার। যাতে এটার ফলশ্রুতি হয় সেটা দেখা দরকার। অনেক আইন আছে যেগুলো ইমপিলিমেন্টেশান হয় না। ভাগচাষী, বর্গাদার আইন হয়েছে, কিন্তু কারচুপি হয়েছে। আইন নিশ্চয়ই করতে হবে। কিন্তু তার সংগে তাকে কার্যকরী করার জন্য গঠনতন্ত্র রচনা করে বিধিবদ্ধ সংস্থা করতে হবে। কলকারখানায় শ্রমিকরা তাদের ন্যায্য অধিকার, বোনাস, গ্র্যাচুইটি, মজুরী বৃদ্ধি ইত্যাদি সংগ্রাম করে আদায় করে নিয়েছে। সেই হিসাবে চাষীদেরও সংগ্রাম করে তাদের ন্যায্য পাওনা আদায় করার দিন এসেছে। মহাত্মা গান্ধী, জহরলাল নেহেরু একথা বলেছিলেন Nationalisation of the instrument of production and distribution seems to the inevitable. একথা যদি সত্যি হয় তাহলে আমাদের সমাজতন্ত্র প্রতিষ্ঠার যারা instrument সেই সমস্ত নীচের মানুষদের পরিবর্তন আগে করতে হবে এবং সেই সমস্ত মানুষদের সংগঠিত করতে হবে। তাদের ন্যায্য মজুরী হিসাবে ৪/৫ টাকা দিয়েই তাদের কল্যাণ হবে, বরং এর পরিপূরক হিসাবে তাদের হাতে শিল্প ও অন্যান্য কারিগরী ব্যবসা তুলে দিতে হবে। সেজন্য অশ্বিনীবাবু যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবকে আন্তরিকভাবে সমর্থন করি এবং যাতে এটা কার্যকরী হয় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানিয়ে আমি শেষ করছি।

**Shri Tarapoda Mukhapadya :** মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজ আমাদের সামনে যা আলোচনা হচ্ছে সেটা আমাদের গ্রামবাংলার অর্থনীতিকে যারা সঞ্জীবিত করেছিল এবং করছে তাদের কথা নিয়ে। যারা আমাদের সমাজের কাছে অবহেলিত রয়েছে তাদের কথাই আমরা যারা নিবাচিত হয়ে এসেছি তাঁদের মুখ থেকে শুনতে পাচ্ছি। তাদের কথাই আজ বহুরূপে, বহু লোকের মুখে আলোচিত হচ্ছে। মন্ত্রিমহাশয় যাঁরা এখানে আছেন তাঁদের কাছে আপনার মাধ্যমে অনুরোধ করছি তাদের জন্য যেন আগামী দিনে একটা সুষ্ঠু সহানুভূতিসূচক পরিকল্পনা নেবার চেষ্টা করেন। আমরা সকলেই পরস্পর একই ধরনের কথা বললাম। তবে এরমধ্যে একটু বিতর্কিত হয়ে গেছে আবদুল বারি সাহেবের কথার সঙ্গে মাননীয়া গীতা মুখার্জির। মাননীয়া গীতা মুখার্জি বলেছেন যারা অল্প জমির মালিক তারা উৎপাদনের জন্য সবচেয়ে বেশী চেষ্টা করে। তাঁর এই কথার সংগে আমিও একমত। আমি গ্রামবাংলার মানুষ বলে আমি জানি তারাই সবচেয়ে বেশী চেষ্টা করে এবং তাদের চেষ্টার ফলে আজ উৎপাদন বৃদ্ধি হতে চলেছে। এটা খুব সত্যি কথা। যারা অবস্থাসম্পন্ন চাষী যাদের জোতদার বলি তাদের কাছে

[6-00—6-10 p. m.]

না এদের কাছে—উনি বলেছেন যারা জোতদার বা সম্পন্নচাষী তাদের কাছে বেশী কাজ করে। কিন্তু আমরা যারা গ্রামে বাস করি তারা দেখেছি গ্রামের যারা সম্পন্ন চাষী যাদের ৩০, ৪০, ৫০ বিঘা জমি আছে তারাও অধিকাংশ সময়ে এদের কিনে রেখে দেয়। তারা কয়েক মুঠা চাল দিয়ে আগে থেকে, দাদনের টাকা দিয়ে এইভাবে দাদন দিয়েই এদের করায়ত্ত ক'রে রাখে। তারপর তাদের কাজের সময় বাজারে যখন তিন টাকা রোজ তখন তাদের আড়াই টাকা দেয়। সেখানে শ্রমিকরা তাদের বিরুদ্ধে আন্দোলন করতে যায় না। যা আন্দোলন করে যাদের সঙ্গে বিবাদ হয় যারা ঐ উৎপাদন বৃদ্ধি করবার জন্য যে চাষী তাদের সঙ্গেই বিরোধটা দেখা দেয়। আমরা নিশ্চয়ই চাইবো যে কৃষিমজুরদের উন্নতি হোক। তাদের উন্নতির মূলে যতটা প্রচেষ্টা চালানো প্রয়োজন সেখানে নিশ্চয়ই আমরা সকলেরই সমান সহানুভূতি রয়েছে। আমাদের মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস একটা আশঙ্কা প্রকাশ করেছেন তিনি বলেছেন যদি আমরা তাদের উত্তেজিত করে দিই তাহলে হয়তো সেই উত্তেজনায় আমাদের যে সবুজ বিপ্লব করতে যাচ্ছি, যেখানে আমরা উৎপাদন বৃদ্ধি করবার জন্য চলেছি এবং তারা উৎপাদন বৃদ্ধির জন্য আপ্রাণ চেষ্টা করছে তাদের উপর ঝাপ্টাটা এসে না পড়ে। আমাদের সকলেরই দৃষ্টি সেদিকে সজাগ যেন থাকে। এই দৃষ্টি থাকলে এ আশংকা হয়তো না হতে পারে। কিন্তু আমরা দেখেছি যে আমাদের কৃষিশ্রমিকরা সঙ্ঘবদ্ধ নয়। অন্যান্য জায়গায় যেমন ট্রেড ইউনিয়ান আছে আমাদের এখানে তা নেই। যে আশঙ্কার কথা তিনি রেখেছেন আমি বলছি আমারও সেই ধরনের আশঙ্কা আছে আপনারা সেটা বিবেচনা করবেন। সর্বশেষে আমি কয়েকটা সাজেসান রাখতে চাই। প্রথম আমরা যে জমি সরকারী উদ্ধার করেছি এবং সরকার থেকে যা বিলি করা হচ্ছে সেই জমি যাতে অধিকাংশ ক্ষেতমজুরদের মধ্যে বিলি করা হয় এটা আমার একটা সাজেসান। আর একটা হচ্ছে কৃষিমজুরদের গৃহনির্মাণের জন্য যেন অনুদান দেওয়া হয়। আর সিডিউলড কাস্ট, Scheduled Tribes ও Backward Classes, এরমধ্যে যেমন Book-grant, Stipend grant দেবার ব্যবস্থা আছে কৃষিমজুরদের ছেলেমেয়েদের জন্য সেই রকম book-grant ও stipend grant দেবার ব্যবস্থা করা হয়, এটা আমার একটা সাজেসান। এই ক'টি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ্।

**Dr. Gopal Das Nag :** মাননীয় ডেপুটি স্পীকার-মহাশয়, মাননীয় সদস্য অশ্বিনী রায় মহাশয় আলোচনার জন্য যে বিষয়টি এখানে এনেছেন সেটার উপরে আলোচনাকালীন অনেক মাননীয় সদস্য অংশ গ্রহণ করেছেন এবং তাঁদের বক্তব্য শুনে আমার মনে হল যে বক্তব্যটাকে মোটামুটি ৩ ভাগে ভাগ করতে পারি। প্রথম ভাগ হচ্ছে এই বিষয়টি উত্থাপন করতে গিয়ে অনেকে কিছু কিছু অভিযোগ করেছেন অথবা কমপক্ষে অনুযোগ করেছেন। দ্বিতীয় পর্যায় হচ্ছে বক্তব্যের মধ্যে কিছু কিছু দাবি ফুটে উঠেছে। তৃতীয় পর্যায় হচ্ছে বিভিন্ন মাননীয় সদস্যদের বক্তৃতায় কিছু কিছু গঠনমূলক সাজেসনস্ পেয়েছি। আমার প্রথম বক্তব্য হচ্ছে অভিযোগ যখন উঠেছে তখন নিশ্চয়ই মাননীয় সদস্যগণ আমার কাছ থেকে কিছু কৈফিয়ত দাবি করতে পারেন। আমি সেই কৈফিয়তই প্রথমে দিচ্ছি। অভিযোগ দুইভাগে এসেছে এবং সাধারণভাবে এসেছে যে, কেন ইমপ্লিমেন্টেসন করেনি এবং শ্রীমতী গীতা মুখার্জী এটা বিশেষ-ভাবে অভিযোগ করেছেন। আমি ওখানে বসে থাকলে আমিও ওই অভিযোগ তুলতাম। তিনি ঠিকই বলেছেন আই এল ও-র ওই বিশেষ কনভেনসনটি ভারত সরকার র‍্যাটিফাই করেছেন। এই কৈফিয়ত দিতে গিয়ে আই এল ও-র কথা কিছু বলতে হয়। আই এল ও থেকে যে ইন্টারন্যাশনাল ইন্সট্রুমেন্ট বের হয় তার দুটি ধরণ আছে—একটি রিকমেণ্ডেসন এবং আর একটি কনভেনসন। রিকমেণ্ডেসন আকারে আই এল ও থেকে সারা বিশ্বের সদস্য রাষ্ট্রের কাছে যেগুলি পাঠান হয় সেগুলি সদস্য রাষ্ট্র আংশিকভাবে গ্রহণ করতে পারে, আবার নাও করতে পারে। তাঁরা কতটা করবেন সেটা তাঁদের সুবিধার উপর নির্ভর করে। কনভেনসন আকারে যেগুলি বের হয় সেগুলি বিভিন্ন সদস্য রাষ্ট্রের কাছে যখন আসে তখন সেই সদস্য রাষ্ট্র সেগুলিকে অফিসিয়ালী র‍্যাটিফাই না করা পর্যন্ত সেগুলি প্রতিপালন করা বাধ্যতামূলকভাবে সেই রাষ্ট্রের পক্ষে সম্ভব হয় না। কিন্তু once the convention is ratified by a country it is treated as an international treaty once a convention has been ratified. তার একটা বাইণ্ডিং ফোর্স থাকে এবং সেই ট্রিমেণ্ডাস বাইণ্ডিং ফোর্স লাইক দ্যাট অব অ্যান ইন্টারন্যাশনাল ট্রিটি। সুতরাং তিনি রাইটলি পয়েন্ট আউট করেছেন। ওই কনভেনসন অব আই এল ও-তে বলা হয়েছে সমান কাজের জন্য সমান মজুরী দেওয়া হবে। অর্থাৎ স্ত্রী, পুরুষ এই কারণে কোন ভেদাভেদ থাকবে না। এটা ভারত সরকার গ্রহণ করেছেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ কোন কোন ক্ষেত্রে এই কনভেনসন থাকা সত্ত্বেও স্ত্রী এবং পুরুষদের মধ্যে ভেদ করা হয়েছে। এই ত্রুটি দূর করা দরকার। আমি জানি না এটা কিভাবে এসেছে। ১৯৬৮ সালে যখন এই ঘটনা ঘটে তখন নিশ্চয়ই আমরা ছিলাম না। এটা শুধু যে ক্ষেতমজুরদের ক্ষেত্রেই ঘটেছে তা নয়, আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলছি তাঁরা হয়ত ভুলে গেছেন প্ল্যানটেসন মজুরদের ক্ষেত্রেও এই ডিফারেনসিয়েসন করা হয়েছে। ইট ইজ ডেফিনিটলী আনফরচুনেট। লেবার দপ্তরে যাঁরা সরকারী অফিসার আছেন তাঁদের কাছে আমি জিজ্ঞাসা করেছিলাম যে কেন এটা হল? কিন্তু তাঁরা আমাকে কোন কৈফিয়ত দিতে পারেন নি। হয়ত একটি জিনিস হতে পারে অর্থাত এই ধরনের কাজে সাধারণতঃ লেবারদের ফ্যামিলিওয়াইস্ এমপ্লয়মেন্ট হয়। পুরুষ, স্ত্রী, শিশু পিতা সকলে মিলে হয়ত তিন পুরুষ ধরে এমন দেখা যায় যে তারা একই জায়গায় এমপ্লয়েড হচ্ছে। এই ফ্যামিলিওয়াইস্ এমপ্লয়মেন্ট-এর কথা ভেবে ত্রিপাক্ষিক অ্যাডভাইসরি কমিটি যাঁরা বেতন ধার্য করেন সেই ব্যাপারে শ্রীমতী গীতা মুখার্জী নিশ্চয়ই জানেন যে সেখানে শ্রমিকদের প্রতিনিধিও থাকেন। কিন্তু তাতেও আমার সন্দেহ হল এটা কি করে ঘটল? তাঁরা বোধহয় ভেবেছিলেন ফ্যামিলিওয়াইস্ এমপ্লয়মেন্ট হয়। কিন্তু আমি ব্যক্তিগতভাবে মনে করি এই ডিফারেনসিয়েসন থাকা উচিত নয়। পরবর্তীকালে যখন মিনিমাম ওয়েজ রিভাইস্ করা হবে তখন যেন এই ডিফারেনসিয়েসন উঠে যায়। দ্বিতীয় অভিযোগ অনেকে করেছেন হোয়াইব ইট কুড নট বি ইমপ্লিমেনটেড? ১৯৬০ সালে প্রথমে মিনিমাম ওয়েজ ধার্য করা হল। ১৯৬৮ সালে আবার মিনিমাম ওয়েজ নূতন করে রিভাইস্

করা হল। সেই মিনিমাম ওয়েজ ইমপ্লিমেন্ট করা কেন হল না এরও সরকারী কৈফিয়ত নিশ্চয়ই একটা আছে। আমার দপ্তরের পক্ষ থেকে কৈফিয়ত হচ্ছে কৃষি শ্রমিকরা শ্রম দপ্তরের আওতায় আসেনা। পশ্চিম বাংলায় যে রুলস অব বিজনেস আছে সেখানে তিন ধরনের শ্রমিক আছে—কৃষি শ্রমিক, ফরেস্ট ডিপার্টমেন্ট এবং ফিসারী। এগুলি আমার দপ্তরে আসে না—তাদের ওই দপ্তরের হাতে তাদের ভাগ্য নিয়ন্ত্রণ হয়। কাজেই আমার দপ্তরের শ্রমিকদের কথা ভাবার পর এই শ্রমিকদের সম্বন্ধে ভাবার ব্যাপারে আমাদের না আছে অর্থ, না আছে সামর্থ। যা হোক

[6-10—6-20 p.m.]

minimum wageটা কিন্তু Labour Department করে। Minimum wage implement করার যে প্রশ্ন আপনারা তুলেছেন, minimum wage implement করার ব্যাপারটা mutual। সাধারণভাবে আপনারা জানেন যে organised industryতে minimum wage সরকার implement করে দেন না। যে মুহূর্তে minimum wageএর notification বেরল শ্রমিক বা তার সংগঠন, সেই notification implement করিয়ে নেয় এবং management এই implement করে দেয়। অর্থাৎ mutual responsibilityতে implement হয়ে যায়। কোথাও কোথাও যদি dereliction হয়, complain এলে শ্রম দপ্তর implementএর জন্য ব্যবস্থা অবলম্বন করেন বা prosecution করেন। আমার যতদূর খবর আছে আজ যে পর্যন্ত, পশ্চিম বাংলায় খেতমজুরদের যে minimum wage notification হল, এই যে implementation হচ্ছে না, এই বিষয়ে নালিশ কখনও কোন কৃষি শ্রমিক বা তাদের সংগঠনের নেতৃবৃন্দ বা অন্য কোন জায়গা থেকে শোনা যায়নি। এই প্রথম বিধানসভায় শুনলাম যে পশ্চিম বাংলায় minimum wage যে ধার্য করা হয়েছিল, তার implementation হচ্ছে না। সরকার নিজের দায়িত্বে ঘুরে ঘুরে implementation হচ্ছে কিনা দেখে না। এই বছর প্রথম শুনলাম যে minimum wage implemented হচ্ছে না, এই একটা অসুবিধা, minimum wageএর প্রথম যে পর্যায় সেটা হচ্ছে mutual responsibility. সেটা এখানে প্রতিফলিত হবার কোন সুযোগ নেই, কারণ শ্রমিকরা এখানে অসংগঠিত, তাদের কোন নেতৃত্ব নেই, তাদের সেই level of conciousness নেই। আমার যথেষ্ট সন্দেহ আছে যে পশ্চিম বাংলার কটা খেতমজুর জানে যে পশ্চিমবঙ্গ সরকার এই রকম একটা notification এর মাধ্যমে জেলাওয়ারী বা মহকুমাওয়ারী একটা ন্যূনতম মজুরী ধার্য করে দিয়েছেন। এখানে সম্পূর্ণরূপে মজুরী নির্ধারিত হয়—ভবানীবাবু যা বললেন ঠিকই বলেছেন যে চাহিদা এবং supplyএর মানের ভিত্তিতে। কি ধরনের মজুর ঘুরে বেড়াচ্ছে বাজারে for hire এবং এটা কতটা দরকার আছে hire করবার, তার উপর মজুরী ধার্য হবে। সেইজন্য আমরা দেখেছি একই জায়গায় বিভিন্ন সময়ে ১॥ টাকা থেকে ৯ টাকা পর্যন্ত vary করে, একই শ্রেণীর মজুর একই কাজের জন্য। দ্বিতীয় কথা হচ্ছে, সবচেয়ে বড় অসুবিধা যেটা শুধু ন্যূনতম বেতন নিয়ে আমরা চেঁচামেচি করছি কেন? পশ্চিম বাংলায় আর একটা আইন পাশ করা হয়েছে, বর্গাদারদের অংশ তো বাড়িয়ে দিয়েছি। আপনারা বলতে পারেন, যারা পশ্চিম বাংলার গ্রাম থেকে এসেছেন, পশ্চিম বাংলার কটা গ্রামে বর্গাদার বর্তমান আইন অনুযায়ী শস্য ভাগ পাচ্ছে। আপনারা তো জানেন বর্গাদার Registry করবার জন্য সরকারী দপ্তরখানায় যেতে পারে না পাছে সে জমি থেকে উচ্ছেদ হয়। শুধু কি আইন করলে implementation হয়ে যাবে, যদি কাল আমি minimum wage করে ১০ টাকা মজুরী করে দিই তাহলে কি গ্রামাঞ্চলের ক্ষেতমজুর ১০ টাকা মজুরী পেয়ে যাবে? এটা শুধু সরকারী প্রশাসনের মাধ্যমে হবে না, যদি না জনপ্রতিনিধিরা সংগঠিতভাবে তাদের পাশে দাঁড়ান। যদি দাঁড়াতেন তাহলে তো বর্গাদাররা শস্যের ভাগ পেত, কোন প্রতিনিধি আজ যারা এখানে ক্ষেতমজুরের জন্য আবেদন রাখলেন, নিবেদন করলেন,

**Dr. Gopal Das Nag :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য অশ্বিনী রায় মহাশয় আলোচনার জন্য যে বিষয়টি এখানে এনেছেন সেটার উপরে আলোচনাকালীন অনেক মাননীয় সদস্য অংশ গ্রহণ করেছেন এবং তাঁদের বক্তব্য শুনে আমার মনে হল যে বক্তব্যটাকে মোটামুটি ৩ ভাগে ভাগ করতে পারি। প্রথম ভাগ হচ্ছে এই বিষয়টি উত্থাপন করতে গিয়ে অনেকে কিছু কিছু অভিযোগ করেছেন অথবা কমপক্ষে অনুযোগ করেছেন। দ্বিতীয় পর্যায় হচ্ছে বক্তব্যের মধ্যে কিছু কিছু দাবি ফুটে উঠেছে। তৃতীয় পর্যায় হচ্ছে বিভিন্ন মাননীয় সদস্যদের বক্তৃতায় কিছু কিছু গঠনমূলক সাজেশনস্ পেয়েছি। আমার প্রথম বক্তব্য হচ্ছে অভিযোগ যখন উঠেছে তখন নিশ্চয়ই মাননীয় সদস্যগণ আমার কাছ থেকে কিছু কৈফিয়ত দাবি করতে পারেন। আমি সেই কৈফিয়তই প্রথমে দিচ্ছি। অভিযোগ দুইভাগে এসেছে এবং সাধারণভাবে এসেছে যে, কেন ইমপ্লিমেন্টেসন করেনি এবং শ্রীমতী গীতা মুখার্জী এটা বিশেষভাবে অভিযোগ করেছেন। আমি ওখানে বসে থাকলে আমিও ওই অভিযোগ তুলতাম। তিনি ঠিকই বলেছেন আই এল ও-র ওই বিশেষ কনভেনসনটি ভারত সরকার র‍্যাটিফাই করেছেন। এই কৈফিয়ত দিতে গিয়ে আই এল ও-র কথা কিছু বলতে হয়। আই এল ও থেকে যে ইন্টারন্যাশনাল ইন্সট্রুমেন্ট বের হয় তার দুটি ধরণ আছে—একটি রিকমেণ্ডেসন এবং আর একটি কনভেনসন। রিকমেণ্ডেসন আকারে আই এল ও থেকে সারা বিশ্বের সদস্য রাষ্ট্রের কাছে যেগুলি পাঠান হয় সেগুলি সদস্য রাষ্ট্র আংশিকভাবে গ্রহণ করতে পারে, আবার নাও করতে পারে। তাঁরা কতটা করবেন সেটা তাঁদের সুবিধার উপর নির্ভর করে। কনভেনসন আকারে যেগুলি বের হয় সেগুলি বিভিন্ন সদস্য রাষ্ট্রের কাছে যখন আসে তখন সেই সদস্য রাষ্ট্র সেগুলিকে অফিসিয়ালী র‍্যাটিফাই না করা পর্যন্ত সেগুলি প্রতিপালন করা বাধ্যতামূলকভাবে সেই রাষ্ট্রের পক্ষে সম্ভব হয় না। কিন্তু once the convention is ratified by a country it is treated as an international treaty once a convention has been ratified. তার একটা বাইণ্ডিং ফোর্স থাকে এবং সেই ট্রিমেণ্ডাস বাইণ্ডিং ফোর্স লাইক দ্যাট অব অ্যান ইন্টারন্যাশনাল ট্রিটি। সুতরাং তিনি রাইটলি পয়েন্ট আউট করেছেন। ওই কনভেনসন অব আই এল ও-তে বলা হয়েছে সমান কাজের জন্য সমান মজুরী দেওয়া হবে। অর্থাৎ স্ত্রী, পুরুষ এই কারণে কোন ভেদাভেদ থাকবে না। এটা ভারত সরকার গ্রহণ করেছেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ কোন কোন ক্ষেত্রে এই কনভেনসন থাকা সত্বেও স্ত্রী এবং পুরুষদের মধ্যে ভেদ করা হয়েছে। এই ত্রুটি দূর করা দরকার। আমি জানি না এটা কিভাবে এসেছে। ১৯৬৮ সালে যখন এই ঘটনা ঘটে তখন নিশ্চয়ই আমরা ছিলাম না। এটা শুধু যে ক্ষেতমজুরদের ক্ষেত্রেই ঘটেছে তা নয়, আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলছি তাঁরা হয়ত ভুলে গেছেন প্ল্যানটেসন মজুরদের ক্ষেত্রেও এই ডিফারেনসিয়েসন করা হয়েছে। ইট ইজ ডেফিনিটলী আনফরচুনেট। লেবার দপ্তরে যাঁরা সরকারী অফিসার আছেন তাঁদের কাছে আমি জিজ্ঞাসা করেছিলাম যে কেন এটা হল? কিন্তু তাঁরা আমাকে কোন কৈফিয়ত দিতে পারেন নি। হয়ত একটি জিনিস হতে পারে অর্থাত এই ধরনের কাজে সাধারণতঃ লেবারদের ফ্যামিলিওয়াইস্ এমপ্লয়মেন্ট হয়। পুরুষ, স্ত্রী, শিশু পিতা সকলে মিলে হয়ত তিন পুরুষ ধরে এমন দেখা যায় যে তারা একই জায়গায় এমপ্লয়েড হচ্ছে। এই ফ্যামিলিওয়াইস্ এমপ্লয়মেন্ট-এর কথা ভেবে ত্রিপাক্ষিক অ্যাডভাইসরি কমিটি যাঁরা বেতন ধার্য করেন সেই ব্যাপারে শ্রীমতী গীতা মুখার্জী নিশ্চয়ই জানেন যে সেখানে শ্রমিকদের প্রতিনিধিও থাকেন। কিন্তু তাতেও আমার সন্দেহ হল এটা কি করে ঘটল? তাঁরা বোধহয় ভেবেছিলেন ফ্যামিলিওয়াইস্ এমপ্লয়মেন্ট হয়। কিন্তু আমি ব্যক্তিগতভাবে মনে করি এই ডিফারেনসিয়েসন থাকা উচিত নয়। পরবর্তীকালে যখন মিনিমাম ওয়েজ রিভাইস্ করা হবে তখন যেন এই ডিফারেনসিয়েসন উঠে যায়। দ্বিতীয় অভিযোগ অনেকে করেছেন হোয়াইব ইট কুড নট বি ইমপ্লিমেনটেড? ১৯৬০ সালে প্রথমে মিনিমাম ওয়েজ ধার্য করা হল। ১৯৬৮ সালে আবার মিনিমাম ওয়েজ নূতন করে রিভাইস্

করতে যাচ্ছে না, কোন মালিক তাদের ঠকাচ্ছে না, তারপরদিন আমি রিভাইজ করব। দেন রিভিসন উইল বি প্রপার অ্যাণ্ড অ্যাপ্রোপ্রিয়েট তা যদি না হয় তাহলে একটা মকারি হবে। বৃহত্তম সংখ্যার মানুষ তার জন্য ন্যূনতম মজুরী ধার্য করলাম, সেই ন্যূনতম মজুরী তারা কিছুতেই পেল না বা তার পাওয়ার মত পরিবেশ আমি সৃষ্টি করতে পারলাম না, আর আজকে এখানে এসে আমরা চেঁচাচ্ছি যে ন্যূনতম বেতন আপনি করে দিন নোয়িং ইট ফুলি ওয়েল যে লেভেলেই আমি ন্যূনতম বেতন ধার্য করি না কেন তা যে অবস্থার কথা চিন্তা করে ধার্য করি না কেন, সেই বেতন তাকে পাইয়ে দেবার মত আমার কোন সংগঠন নেই। যেটা পাইয়ে দবার ব্যবস্থা সরকার করেছেন সেটুকু তাকে আগে পাইয়ে দিন। তারপর দাবি করুন যদিও এই পাইয়ে দেয়া শেষ পাইয়ে দেয়া নয়—তাহলে আমি আপনাদের সংগে একমত। সুতরাং আজকে আমাদের মিনিমাম ওয়েজ রিভাইজ করবার দাবি নয়, আজকে অ্যাসেম্বলীতে এই প্লেজ নেয়া হোক যে আমরা সংগঠিতভাবে এই আন্দোলন করব যে ন্যূনতম বেতন যেটা আজকে পশ্চিম বাংলায় ধার্য করা আছে সেটা যাতে ইমপ্লিমেনটেড হয়। এই প্লেজ নিয়ে আপনারা যান তাহলে আমি বুঝি তার একটা সার্থকতা আছে। শুধু শুধু বেতন রিভাইজ করে দিয়ে লাভ হবে না যা ইমপলিমেন্ট করতে পারব না। আপনার, সকলেই জানেন যে বিড়ি শ্রমিকদের জন্য ন্যূনতম বেতন ধার্য করা হয়েছিল। পশ্চিম বাংলায় এমন একটা বিড়ি কারখানা আছে কি যে সেখানে সেই ন্যূনতম বেতন শ্রমিকরা পাচ্ছে—দে হ্যাভ টু কাম টু এ সাব স্ট্যাণ্ডার্ড কমপ্রোমাইজ। তারপর কোল মাইনসে কোল মাইনস মজদুরদের জন্য ওয়েজ বোর্ডের রেকমেণ্ডেসন হয়েছিল। আপনারা সকলেই জানেন যে ইউনিটওয়াইজ লেভেলে প্রত্যেকটি ট্রেড ইউনিয়নকে সেই ওয়েজ যা রেকমেণ্ডেড ছিল তা থেকে অনেক সাব স্ট্যাণ্ডার্ডে তাদের বেতন কম নিতে হয়েছে। দিস ইজ আওয়ার সোসাইটি, দিস ইজ আওয়ার সামাজিক চেতনা সুতরাং আইন করে বেতন ধার্য করে দিলে সেই বেতন যে তারা পাবে, তাদের এমপ্লয়াররা দেবে এই রকম গণচেতনা এই রকম সামাজিক চেতনা আপনারা সৃষ্টি করতে পারেন নি। সেইজন্য আজকের এই দাবি আমার মনে হয় কাগজে ফলাও করে ছাপানো হল সেইটাই লাভ কিন্তু মূল সমস্যা হচ্ছে যেটুকু তাদের দিতে চাচ্ছি আইন করে সেইটুকু নেবার মত কালকে সামাজিক চেতনা আমরা সৃষ্টি করতে পারি নি, যেটুকু তাদের দিয়েছেন সেটুকু আগে তাদের পেতে দিন।

[6-20—6-35 p. m.]

সুতরাং আজকে এই দাবিটা ঐ আমার যেটা মনে হল ৩ জন সদস্য মিলে ৭০ লক্ষ মানুষের জন্য কান্নাকাটি আর ৩ জন সদস্য রাস্তায় ঘুরে বেড়াচ্ছেন ঠিক সেই রকমই হচ্ছে। মূল সমস্যাটা কোথায়? মূল সমস্যা হচ্ছে যেটুকু আপনি দিতে চাচ্ছেন আইন করে সেইটুকু নেবার মত সমাজে পরিবেশ আপনি সৃষ্টি করতে পারেন নি। যেটুকু তাকে দিয়েছেন কমপক্ষে সেটুকু তাকে পেতে দিন। তারপর আসুন আমরা পরিবর্তন করবো। আমি আপনাদের অ্যাসিওরেন্স দিচ্ছি যে-মুহূর্তে আপনারা আমাকে বলবেন যে নাও ইট ইজ দি টাইম আমরা ইমপ্লিমেণ্ট করেছি, এর কম কোথায়ও মজুরী দেওয়া হচ্ছে না, তার পরদিন, আমি আপনাদের অ্যাসিওরেন্স দিচ্ছি, এই হাউসে অ্যানাউন্স করবো যে আমি অ্যাডভাইসারি কমিটি করেছি। কিন্তু তা যদি না করি লোকে হাসবে। আবার যদি সত্যি সত্যিই যদি কোন ক্ষেতমজুর শোনে যে আমি আবার মজুরীর হার নূতন করে ধার্য করে ৬ টাকা, কি ৭ টাকা, কি ৮ টাকা করবার জন্য অ্যাডভাইসারি কমিটি করেছি তাহলে হাসবে, বলবে যে আমাদের মজুরীর হার নিয়ে ঠাট্টা করছেন মন্ত্রিমহাশয়, তিনি আবার ৩'৮৮ পয়সা ধার্য করেছেন এখনো ত ১॥০ টাকা মজুরী নিয়ে কাজ করছি। সুতরাং মূল সমস্যাটা কোথায় সেটা দেখুন। সেটা সরকারী দায়িত্বে দিয়ে দেন, আমি আপনাদের নিশ্চিত বলতে পারি কোন সরকারের পৃথিবীতে তার পক্ষে সম্ভব নয়, যেই দেশের মানুষ যদি চেষ্টা করে সরকারী ব্যবস্থাকে বানচাল করে দেবার জন্য, কোন সরকারের কোন শাসনযন্ত্রের ক্ষমতা হতে পারে না

যে তার যে নীতি, তার যে ডিসিশন, সেই ডিসিশন শুধু চাবুক দেখিয়ে আর পুলিশ অ্যাকশন ইমপ্লিমেন্ট করিয়ে দিতে পারে, ইট ইজ ইমপসবেল। অশ্বিনীবাবু থেকে আরম্ভ করে বাকি সকলেই যা বলেছেন সমস্যা সম্বন্ধে আমি সব বিষয়ে আপনাদের সংগে একমত। আজকে পশ্চিম বাংলায় আমরা জানি প্রায় ১০ লক্ষ লোক কৃষি কার্যে নিযুক্ত। এর মধ্যে হয়ত কারো দু'বিঘা, এক বিঘা জমি থাকতে পারে, আবার কেউ হয়ত ভূমিহীন হতে পারে কিন্তু আমরা এটাও জানি পশ্চিম বাংলায় যত জমি আমরা চাষ করি, যে হারে আমরা চাষ করি, যদি বৎসরে একটা লোকের ফুল টাইম এমপ্লয়মেন্ট ধরি, ২৪০ দিন কমপক্ষে তার কাজ হওয়া চাই, তাহলে আমাদের পশ্চিম বাংলায় যে কৃষি ব্যবস্থা চালু আছে তাতে ৫০ লক্ষ মানুষের বেশী ফুল টাইম এমপ্লয়মেন্ট হয় না ২৪০ দিনের হিসাবে। ২০ লক্ষ লোক তারা হয় কম টাইম পাচ্ছে, না হয় কাজ পাচ্ছে না। ২০ লক্ষ লোক বাজারে সারপ্লাস হয়ে ঘুরে বেড়াচ্ছে। ন্যাচারেলি দেয়ার ইজ এ প্রবলেম, তাহলে বেসিক যদি প্রবলেমটা থাকে এবং অশ্বিনীবাবু ঠিকই বলেছেন, যা থেকে এই যে লোকগুলির হোলটাইম এমপ্লয়মেন্ট ঠিক করে দিতে হবে। তারজন্য এগ্রিকালচারে যে এক্সপ্যানশন প্রগ্রাম সেটা আপনাকে করতেই হবে এবং তার জন্য একটা বিষয়ে আমি জোর দেবো, যেটা অনেকে এখানে বলেছেন, এখানে আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় আছেন তাঁকেও বলছি যে আমাদের বোল্ড ল্যাণ্ড রিফর্ম মেজার নেবার দরকার হয়ে পড়েছে। একটা জিনিস লক্ষ্য করতে হবে আমরা একথা কেউই অস্বীকার করতে পারবো না, অংকের কথা, যে আমরা ধীরে ধীরে টোটাল এগ্রিকালচারাল যে আউটপুট বা রিটার্ণ সেটা আসাতিত বেড়েছে, কৃষির উৎপাদনও নিশ্চয়ই বেড়েছে পরিমানে এবং পরিমান যখন বেড়েছে তখন ভ্যালুতেও বেড়েছে কিন্তু আমরা দেখতে পাচ্ছি কি সমস্যার, যে গ্রামের মানুষের—একজন সদস্য বলেছেন, গ্রামের মানুষের মাথা পিছু গড় আয় ধীরে ধীরে কমে কমে ২০০র তলায় এসে গিয়েছে, আর ঠিক উলটো দিকে শহরের মানুষের গড় আয় বেড়ে বেড়ে সাড়ে পাঁচ শততে এসে গিয়েছে। কৃষি বাড়ালাম, জমি বাড়ালাম, এগ্রিকালচার এত ইমপ্রুভ করছে, টোটাল প্রডাকশন বাড়ালাম, যে জিনিস উৎপাদন করলাম তার দাম বেড়ে গেল তবুও গ্রামবাংলার মানুষের গড় আয় কমে যাচ্ছে কেন? তাহলে শস্যের মধ্যে যে ভূত আছে সেই ভূতকে যতক্ষণ না তাড়ান যাচ্ছে, বোল্ড ল্যাণ্ড রিফম মেজার যতক্ষণ না নেওয়া হচ্ছে, আপনি যাই করুন কোন সমস্যার সমাধান কৃষিক্ষেত্রে হওয়া সম্ভব নয়। যদি মজুরী বাড়াতে চান, আপনি যা কিছু করতে চান, মূল্য বৃদ্ধি রোধ করতে চান যা কিছু করতে চান। You will have to proceed basically with that problem, land reform problem. এই ল্যাণ্ড রিফর্ম প্রবলেম ইনপুট হতে হতে হচ্ছে না, একটা অদ্ভুত অবস্থায় পড়ে আছে। এটা আগে দরকার এবিষয়ে কোন সন্দেহ নেই। এটা ধ্রুব সত্য যে আজো শতকরা ১০ জন মানুষের হাতে ৯০ ভাগ জমি আছে। কিন্তু কে একটা কি বলেছেন যাতে এখানে তুফান উঠেছে, আমি তাঁর কথা বলছি না, আমি এটা বলতে পারি না যে এটা ধ্রুব সত্য, তবে অ্যাডভাইসরি কমিটি করে দিলেই যদি সব মিটে যায়, তাহলে আমি কালই তা করে দিয়ে ন্যূনতম বেতন ৫।৬ কি ৭ টাকা করে দিতে পারি, আমার নিজের ইচ্ছা ৮ টাকা করে দেওয়া। কিন্তু তাতে জটিলতা বৃদ্ধি পাবে বই কমবে না। আমার ব্যক্তিগত মত হচ্ছে ইট উইল অ্যাড টু দি ডিফিকালটিজ, ইট উইল নট ইজ আওয়ার ডিফিকালটিজ। সুতরাং ব্যাসিক্যালি প্রবলেম কৃষিমন্ত্রী সমাধান করতে পারেন, সেই প্রবলেম সমাধান করতে পারেন ভূমি অ্যাণ্ড ভূমিরাজস্ব মন্ত্রী বা সমগ্র পশ্চিমবাংলার বিধানসভা। সেদিক থেকে অ্যাপরোচ করে রাইট পথে এগুতে পারেন। ডক লেবার বোর্ড যে প্যাটার্ন করে দিয়েছে শ্রমিকদের ব্যাপারে, ট্রাইপার্টাইট অর্গেনাইজেশন যা করেছে, সেরকম করতে পারেন, কিন্তু তাতে কোন কোন জায়গায় বেনিফিটের বদলে বিপদ দেখা দিতে পারে।

এখানে লেবার ব্যাংকের কথা বলেছেন, আইডিয়াটা খুব ভাল। কিন্তু লিন সিজনে কাজ কিভাবে প্রভাইড করবেন? সেটা ভাবতে হবে। পিক সিজনে লেবার ব্যাংক ভাল কাজ করবে,

তখন যথেষ্ট কাজ দিতে পারবে। যখন আমন মরশুম আসে আমাদের হুগলী জেলায় দেখেছি, কাজের জন্য তখন ক্ষেতমজুর পাওয়া যায় না, এত মজুর থাকা সত্ত্বেও বিহার থেকে লোক এনে বর্ধমান জেলায় হুগলী জেলায় এবং নিশ্চয়ই অন্যান্য জেলাতেও কাজ করাতে হয়, আমি নিজেও এই বিহারের মানুষদের এসে কাজ করতে দেখেছি। এই সময়টায় লেবার ব্যাংক ভাল কাজ করবে। কিন্তু লিন সিজনে সাকসেসফুল হবে কিনা সেটা ভাবতে হবে। তবে আমি দুটি প্রপোজালই ভালভাবে পরীক্ষা করে দেখব। আমাদের প্ল্যানিং বোর্ড পশ্চিম বাংলায় যা হয়েছে, তার বিশেষজ্ঞ, বিশেষ করে শ্রীপান্নালাল দাশগুপ্তের সংগে ব্যক্তিগত আলোচনা করে দেখব, এর ফিজিবিলিটি কতটা কি আছে। যদি সম্ভব হয়, অর্গেনাইজেসনাল এবং ইনষ্টিটিউসনাল ফ্রেমওয়ার্কের মধ্যে এনে যদি কিছু উপকার করা যায়, তাহলে সেটা আমি নিশ্চয়ই দেখব।

রজনীবাবু সোসাল সিকিউরিটি মেজরসের কথা বলেছেন। আমি নীতিগতভাবে একমত, এই যে বৃহত্তম সংখ্যা, তাদের জন্য সামাজিক নিরাপত্তার ব্যবস্থা হয় নি। শহরের শ্রমিকদের জন্য যত কমই হোক, প্রচুর হয়েছে, তাদের জন্য সোশাল সিকিউরিটি মেজার্স হয়েছে, ন্যূনতম হলেও ইনসেনটিভ বোনাস স্কিম হয়েছে, মোর প্রডিউস যাতে হয় তারজন্য হাউসিং-এর ব্যবস্থা, রিটায়ারমেন্ট বেনিফিট হয়েছে, তাদের জন্য অনেক কিছু হয়েছে। কিন্তু কৃষিক্ষেত্রে যারা কাজ করে যে শ্রমিক, তারা বঞ্চিতের দলে পড়ে আছে। তাদের জন্য কিছুই হয় নি, তারা না পায় কিছু ঔষধ। না পায় পরনের কাপড়, না পায় রিটায়ারমেন্ট বেনিফিট, না পায় অ্যাকসিডেন্ট বেনিফিট, তাদের জন্য কিছুই হয়নি। তাদের জন্য সোসাল সিকউরিটি মেজার্সের যথেষ্ট প্রয়োজন আছে। এই যুক্তি আমি স্বীকার করি। কিন্তু অন্যান্য দিকও আছে। সোসাল সিকিউরিটি ইজ এ ট্রিপার্টাইট রেসপনসিবিলিটি। রজনীবাবু জানেন কিনা জানি না, এই যে সোসাল সিকিউরিটি মেজার এটা ভারতবর্ষে চালু হয়েছে ই এস আই স্কীমের মাধ্যমে। এটা তিন পক্ষের দায়িত্ব, এতে এমপ্লয়ারের কনট্রিবিউশন আছে, এমপ্লয়ীর কনট্রিবিউশন আছে, সেখানে ভারত সরকার, এবং প্রাদেশিক সরকারের শেয়ারের কনট্রিবিউশন আছে। কিন্তু এখানে এমপ্লয়ার নেই, এমপ্লয়ীজের রেগুলার এম্পপ্লয়মেন্টের ব্যবস্থা নেই, কাজেই এক্ষেত্রে সোসাল সিকিউরিটি মেজার ই এস আই লাইনে কিভাবে হবে? শক্ত। অন্যকোন পরিকল্পনার মাধ্যমে ন্যাশনাল হেলথ ইনসিওরেন্স-এর মাধ্যমে বা অন্যকোন পরিকল্পনার মাধ্যমে হতে পারে কিনা সেটা পরে বিচার করে দেখতে হবে। আমার পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই ধরনের প্রস্তাব রাখতে পারি কিনা, সেটা নিশ্চয়ই বিচার করে দেখব। ই এস আই স্কীম যে প্যাটার্নে শহরের শ্রমিকদের জন্য চালু হয়েছে, সেই প্যাটার্নে ক্ষেত মজুরদের ক্ষেত্রে সোসাল সিকিউরিটি মেজার্স নিয়ে আসা, বাই এ মিয়ার নোটিফিকেশন ইজ নট পসিবল।

আর একটা প্রশ্ন এসেছে, আর একজন বলেছেন নীতিগতভাবে ঘোষণা করার কথা, ইনডাস্ট্রিয়াল লেবারের সংগে ক্ষেতমজুরের সার্ভিস কনডিশন সেম প্যাটার্ন হবে। এটা অসম্ভব।

এটা নীতিগতভাবে ঘোষণা করা যাবে না। আমার মনে হয় না পৃথিবীর কোন দেশে এটা ঘোষণা করা সম্ভব হয়েছে।

সুতরাং Industrial Labour তাদের একটা পরিবেশে তারা কাজ করে।

**(Here time limit was over.)**

( At this stage the red light was lit )

**Mr. Speaker** : Dr. Nag, the time is over. Honourable Members, today is the last day of the present session. Before I adjourn the House sine die I would like to make an announcement regarding questions. Starred questions, replies to which have been received in this Secretariat but have not been answered in the House, would be treated as unstarred questions and replies would be circulated to the members I would convey my heartfelt thanks to the honourable members for their co-operation and assistance in conducting

the business of the House. My thanks specially go to the different sections of the House who have co-operated with me wholeheartedly in conducting the business of the House. I am specially grateful to all sections and to all honourable members for their co-operation in the matter of conducting business of the House peacefully and though it has been more or less a long session, even then I find that honourable members eagerly and with enthusiasm participated in all the discussions on the floor of the House So I congratulate them once again because though sometimes there were some agitations between the members but whenever I rose on my legs they co-operated with me and we have been able to run the House most peacefully.

Lastly, I would like to mention about the ceremonial function that will be held on the night of 14th/15th August to celebrate the 25th Anniversary of the Independence of India. Though this will not be a sitting of the Legislature and no business of the Legislature will be transacted yet on the ground that the function is going to be held in this Chamber, I would like to take this opportunity of extending my cordial invitation to all the honourable members of the House for their participation in it. A detailed programme for the occasion has already been circulated to you. I would like to make one or two announcements in this connection. Special invitation cards will be issued to the guests of the members as well as to the Press. Everyone is requested to obtain these cards from my office by tomorrow, the 12th inst. I would request all of you to kindly appreciate that we have to invite a large number of guests from outsidide in order to make this gathering as much representative as possible. It is, however, physically impossible to accommodate too many guests in the visitors' galleries. Accordingly, we are forced to take the decision that not more than one guest card will be allotted to each member. Special Press cards will be issued on a restricted basis but efforts will be made to accommodate as many as possible. I no doubt hope that all of you will kindly co-operate with me in this respect and with your good wishes it will be possible to make this function a grand success. This is the first time that I have been empowered by this House to use this Chamber for this function in consultation with the Leader of the House, and I am thankful to the honourable members because they have unanimously taken the decision and and without violatiug the rules, without violating the valued convention that has been established, the honourable members will be able to celebrate the Independence Day function in the Chamber, and with their good wishes and co-operation I hope the celebration will definitely be successful and attractive, befitting the dignity and decorum of this House. With these few words I again congratulate the honourable members and I declare that the House stands adjourned *sine die*.

**Adjournment**

The House was accordingly adjourned *sine die* at 6-35 p. m.

# Index to the

# West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol. 53—No. 3—Fifty-Third Session (June—August), 1972

(The 29th July, 2nd, 3rd, 4th, 7th, 8th, 9th, 10th and 11th August, 1972)

[(Q.) Stands for questions.]


**Abdul Bari Biswas, Shri**

Discussion on the Chief Minister's statement, dated 28th July, 1972, regarding the murder of four Trade Union workers at Chinakuri Colliery : pp. 327-330

Discussion on Food : pp. 145-47

Half-an hour discussion : pp. 208-10

Islampur-Gangapath Fishery (Q.) : p. 578

Mention Case : pp. 117-19, 199, 288-89, 784-85

Motion under rule 194 : pp. 225-26, 304-305, 667-69, 670-73, 709-11, 824-25

The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 : pp. 31-34

The West Bengal Housing Board Bill, 1972 : pp. 433-36

Withholding of payment of allowance to the teachers (Q.) : 477

অফিস ও কর্মচারীদের বাড়িভাড়া (Q.) : p. 414

দি ক্যাটেল ট্রেসপাস অ্যাক্ট (Q.) : pp. 251-54

জেলাওয়ারী টি আর ও জি আর (Q.) : p. 514

নারিকেলগাছ (Q.) : pp. 350-51

ব্যাণ্ডেল থার্মাল প্ল্যান্টের কর্মচারিবৃন্দ (Q.) : pp. 64-65

বাঁধ মেরামত (Q.) : p. 740

বিভিন্ন জেলায় নলকূপ ও রিভার পাম্পিং সেট (Q.) : pp. 400-401

রাজ্য পরিবহণ সংস্থার আয়ব্যয় (Q.) : p. 490

সরকারী খাস কৃষিজমি সরকারী কর্মচারীদের মধ্যে বণ্টন (Q.) : p. 91

**Abdur Rouf Ansari, Shri**

The Bengal Municipal (Amendmet) Bill, 1972 : pp. 801-802
The Calcutta Municipal (Fourth Amendment) Bill, 1972 : pp. 664-65
The Calcutta Municipal (Third Amendment) Bill, 1972 : pp. 129-30
The Public Wakfs (Extension of Limitation) (West Bengal Amendment) Bill, 1972 : p. 806-807

**Abdus Sattar, Shri**

The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1972 : pp. 589-90, 596-98
Motion under rule 185 : pp. 705-709
The Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1972 : pp. 586, 588-89
The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972 : pp. 521-23, 540-43, 545-46
The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 : pp. 49-52

**Abedin, Dr. Zainal**

Laying of Annual Report on the working and affairs of the West Bengal Financial Corporation for the year 1971-72 : p. 656
Laying of the Seventh Annual Report on the working and affairs of the Durgapur Chemical Ltd., for the year 1969-70 : 656
Mention Case : p. 120
Motion under rule 185 : pp. 241-43, 622-24
Statement on a Calling Attention Notice on the subject of intensification of power crisis in Calcutta due to two units of power generator at Durgapur Projects Ltd. going out of commission . p. 113

**Abdul Barkat Atawal Ghani Khan Chowdhury, Shri**

Motion under rule 185 : pp. 308 309

**Aich, Shri Triptimoy**

হীরাপুর থানার অন্তর্গত বিধানকলোনী—বার্ণপুর রোড (Q.) : pp 272-73
হীরাপুর ব্লকে স্বাস্থ্যকেন্দ্র (Q ) : p. 367

**Ali Ansar, Shri**

Motion under rule 185 : pp. 619-20

**Baidya, Shri Paresh Chandra**

Motion under rule 194 : pp. 823-24

**Bandopadhyaya, Shri Shib Sankar**

Discussion on Food : pp. 140-41
Motion under rule 185 : pp. 305-306
নদীয়া জেলায় কৃষিঋণ (Q ) : p. 732
রামনগর সুগার মিল (Q ) : p. 575

**Bandopadhyay, Shri Sukumar**

Discussion on the Chief Minister's statement, dated 28th July, 1972, regarding the murder by four Trade Union workers at Chinakuri Colliery : pp. 316-18
Discussion on Food : pp. 160-62
Mention Case : pp. 115-16, 417, 651, 788.
Motion under rule 185 : pp. 222-24, 248-49, 296-98, 679-81
Point of Privilege regarding continuance of the sitting of the House beyond 6 p.m. : p. 206
The West Bengal Acquisition and settlement of Homestead Land (Amendment) Bill, 1972 : pp 795-96
The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 pp. 25 28
The West Bengal Housing Board Bill, 1972 : pp. 444-447
আসানসোল কোল রোড কনস্ট্রাকশন ডিভিশনের অধীন সড়ক (Q ) : p. 579
আসানসোল ও বর্দমান উন্নয়ন পরিকল্পনা (Q.) : pp. 644-45
আসানসোল মহকুমায় বিভিন্ন রাস্তা নির্মাণ (Q.) : pp. 273-74
আসানসোল শহর (Q.) : p. 190
কলিকাতায় পুরাতন বাড়ি (Q ) : pp. 260-64
কালনা হাসপাতাল (Q.) : p. 410
কয়লা-সমৃদ্ধ জমি (Q.) : p. 743
গভীর সমুদ্রে মৎস্য শিকার প্রকল্প (Q.) p. 497
গৃহ নির্মাণের জমি (Q.) : p. 100
পুরুলিয়া জেলায় সিমেন্ট কারখানা (Q.) : p. 89
পুরুলিয়া সদর হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক (Q.) : p. 389
ফুড করপোরেশনে কর্মরত খাদ্য ও সরবরাহ বিভাগের কর্মচারীবৃন্দ (Q ) : p. 630
বিভিন্ন শিল্পে নিযুক্ত শ্রমিক (Q.) : p. 10
বৃদ্ধদের জন্য আশ্রয়গৃহ (Q.) : p. 482
ভ্রাম্যমান হাসপাতাল (Q.) : p. 409
যৌথ খামার (Q.) : p 62
শরণার্থীদের সাহায্য (Q.) : p. 734
শস্যবীমা (Q ) : p. 356
সরকারী উদ্যোগে পরিচালিত কৃষিখামার (Q.) : pp. 372-77

**Banerjee, Shri Mrityunjoy**

Statement under rule 346 : p. 793

**Banerji, Shri Pankaj Kumar**

Mention Case : p. 113

**Banerjee, Shri Ramdas**

Discussion on the Chief Minister's statement, dated 28th July, 1972, regarding the murder of four Trade Union workers at Chinakuri Colliery : p. 325

**Bapuli, Shri Satya Ranjan**

The Code of Criminal Procedue (West Bengal Amendmend) Bill, 1972 : p. 595-96

The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972 . pp. 525-27

**Bar, Shri Ramkrishna**

Mention case : pp. 519, 789

রাজ্য সমবায় ব্যাঙ্কের অনাদায়ী ঋণ (Q.) p. 573

**Basu, Shri Ajit Kumar (Singur)**

Committee for Quality Control of foodgrains for Ration Shops : p. 728

Discussion on Food : pp 149-50

Electricity duty paid by Calcutta Tramways Co. Ltd. : p 729.

Motion under rule 185 : pp. 609-11

Motion under rule 194 : pp. 815-18

Scrap materials for minor industries (Q.) pp. 103-104

Promotion procedure (Q ) : p. 731

The West Bengal Acquisition and Settlement of Homestead Land (Amendment) Bill, 1972 : pp. 794-95

পৃথক জেলা গঠন (Q ) : p. 718

**Basu, Shri Ajit Kumar (Midnapore)**

Commercial Estate, Haldia (Q.) : p. 733

Foodgrains supplied through M Q. shops in Midnapore district (Q ) : p. 635

Kharagpur Railway Workshop (Q.) : p. 737

Expansion of Railway Workshop, Kharagpur (Q.) : p. 643

Thermal Power Station, Midnapore (Q ) : p. 768

কংসাবতী ক্যানেল হইতে খড়গপুর ব্লকে জল সরবরাহ (Q.) : p, 74

**Basu, Shri Lakshmi Kanta**

কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ (Q ) : p. 459-62

শ্রীজ্যোতি বসুর বিলাত ভ্রমণের ব্যয়ভার (Q.) : pp. 267-72

# INDEX


**Bera, Shri Rabindra Nath**

Mention Case : p. 195
Discussion on Food : pp. 158-59

**Bera, Shri Sudhir Chandra**

Mention Case : pp. 116, 416, 584, 605-606, 655, 791-92
Motion under rule 185 : p. 605-606
আর. টি. এ. (Q.) : pp. 473-74
ট্রান্সপোর্ট কমিশনারের বিরুদ্ধে অভিযোগ (Q.) : p. 274
সোনখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (Q.) p. 368

**Bharati, Shri Ananta Kumar**

The Calcutta Municipal (Third Amendment) Bill 1972 : pp 128-29
Motion under rule 185 : p 229

**Bhattacharyya. Shri Keshab Chandra**

Mention case : p. 521

**Bhattacharjee, Shri Sakti Kumar**

Discussion on Motion under rule 185 : p. 691
অগভীর নলকূপ বৈদ্যুতিকরণ পরিকল্পনা (Q ) : pp. 70-72
কাষ্টডাংগা-চুয়াডাংগা রোড (Q ) : p. 721

**Bhattacharyya, Shri Shibapada**

জবরদখল বাস্তুহারা কলোনি (Q.) : p. 187
বনহুগলী টেনামেন্ট স্কীম (Q.) : p. 506
বরানগর-কামারহাটি জয়েন্ট ওয়াটার ওয়ার্কস (Q.) . p. 361
লালগড়, শেঠ ও মনোহর কলোনী (Q.) : p. 4
সরকারী কলোনীর জমি (Q ) : p. 480
সি. এম. ডি-এর সভাপদ (Q.) : p. 371

**Bhattacharjee, Shri Susanta**

সার্কেল অ্যাসিস্টান্ট (Q.) : p. 757

**Bhattacharyya, Shri Hara Sankar**

স্বরুপ-গুহুটিয়া রোড (Q ) : p. 101
The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1972 : pp. 590-92
Mention Case : p. 649
Motion under rule 185 : pp. 226-29
The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 : pp. 37-40

**Bhattacharyya, Shri Pradip**

Motion under rule 185 : pp. 239-41

Statement on a Calling Attention Notice on the subject of relay hunger-strike by the employees of Messrs Indian Standard Wagon, Burnpur, since the 14th July, 1972 : pp. 110-11

Statement on Krishna Glass Works : p. 114

**Bhowmik, Shri Kanai**

The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 : pp. 28-31

**Bijali, Dr. Bhupen**

চব্বিশপরগনা জেলায় পর্যটন নিবাস (Q.) : p. 80

চব্বিশপরগনায় পাওয়ারলুম (Q.) : p 91

**Bill(s)**

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendments)—, 1972—Postponement of : pp 290-291

The Bengal Municipal (Amendment)— 1972 : pp. 798-803

The Calcutta Municipal (Fourth Amendment)—, 1972 : pp. 659-67

The Calcutta Municipal (Third Amendment)—, 1972 pp 125-31

The Code of Criminal Procedure (West Bengal Amendment)—, 1972 : p. 589

The Provincial Small Cause Courts (West Bengal Amendment)—, 1972 : p. 586

The Public Wakfs (Extension of Limitation) (West Bengal Amendment)—, 1972 : pp. 803-808

Ratification of the Constitution (Twenty-eighth Amendment)—, 1972 : pp. 202-106

The Shri Aurobinda Memorial—, 1972 : pp. 420-28

The West Bengal Acquisition and Settlement of Homestead Land (Amendment)—, 1972 : pp. 793 98

The West Bengal Agricultural Produce Marketing (Regulation), —1972 : p. 521

The West Bengal Apartment Ownership (Amendment)—, 1972 : pp. 657-59

The West Bengal Appropriation (No. 2)—, 1972 : pp. 10-44, 47-57

The West Bengal Housing Board—, 1972 : pp. 428-452

**Biswas, Shri Kartic Chandra**

জলঙ্গী নদীর ভাঙ্গন রোধ কল্পে পলাশীপাড়ায় ফেরিঘাট (Q.) : p. 574

তেহট্ট কাটোয়াঘাট রাস্তায় জলঙ্গী নদীর সেতু : p. 721

নদীয়া জেলায় সার বন্টন (Q.) p. 765

নদীয়ায় ডাকাতি (Q.) : p. 722

সাবসিডিয়ারী হেলথ সেন্টার প্রকল্প (Q.) : p. 765

**Calling Attention(s)**

Statement on a—on the subject of attack on workers of Gagalbhai Jute Mill, p.s. Uluberia : p. 781

Statement on a—on the subject of Demand for Sanction of minimum 15 per cent, G. R. for the drought and flood affected people of West Bengal : pp. 646-47

Statement on a—on the subject of dislodging of certain inhabitants of Salt Lake are due to execution of Calcutta Extension Scheme : p. 515

Statement on a—on the subject of disruption of Production in Durgapur Industries for inadeque supply of power : p. 415

Statement on a—on the subject of intensification of power crisis in Calcutta due to two units of power generator at Durgapur Projects Ltd. going out of commission : p. 113

Statement on a—on the subject of recovery of the dead body of Naren Ghosh from a pond : pp. 781-82

Statement on a—on the subject of relay hunger-strike by the employees of Messrs Indian Standard Wagon, Burnpur, since the 14th July, 1972 : pp. 110-11

Statement on a—on the subject of serious situation in Malda and West Dinajpur districts as a sequel to drought : pp. 111-12

**Chaki, Shri Naresh Chandra**

অগভীর নলকূপের জন্য বিদ্যুৎ (Q.) : p. 83
উদ্বাস্তু (Q.) : p. 191
কল্যাণী (Q.) : pp. 363-64
কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন (Q.) p. 502
কৃষ্ণনগর-রাণাঘাট রাস্তা (Q.) : p. 750
জেলা শিক্ষা প্রশাসন (Q.) : p. 496
তারাপুর-বলাগড়ঘাট রাস্তা (Q.) : p. 777
নাসড়া গার্লস হাইস্কুল ভবন (Q.) : p. 642
প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা (Q.) : p. 582
ভারীশিল্পের বিকেন্দ্রীকরণ (Q.) : p. 92
বঙ্কিমনগরে মিল্ক ফার্ম (Q ) : p. 399
বলদ, বীজ ও সার খরিদ ঋণ (Q.) : pp. 390-91
মাধ্যমিক বিদ্যালয় (Q.) : p. 480
রাজ্যের বিভিন্ন হাসপাতালের মোট শয্যা (Q.) : p. 390
শিল্পে কর্মী নিয়োগের পদ্ধতি (Q.) : p. 95

**Chakrabarti, Shri Biswanath**

Mention Case : pp. 655-56

The Provincial Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1972 : pp. 586-88

**Chakrabarti, Shri Biswanath**

The West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1972 : pp. 657-58
The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 : pp. 23-25
The West Bengal Housing Board Bill, 1972 : pp. 436-39
নূতন বি এড্ কলেজ (Q.) : p. 762
বে-সরকারী নন্-স্পনসর্ড প্রাইভেট কলেজ (Q.) : p. 762
মিনিবাস (Q.) : p. 761
মুর্শিদাবাদ জেলার রেশম তন্তুবায় (Q.) : p. 566
রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগ (Q.) : p. 763
সুপারঅ্যানুয়েটেড প্রাথমিক শিক্ষকদের বেতন (Q.) : p. 763

**Chakravarty, Shri Bhabataran**

Mention Case : p. 122

**Chatterji, Shri Kanti Ranjan**

Discussion on Motion under rule 185 : pp. 700-701

**Chatterjee, Shri Tapan**

Discussion on the Chief Minister's Statement, dated 28th July, 1972, regarding the murder of four Trade Union Workers at Chinakuri Colliery : pp. 323-24

**Chattoraj, Shri Suniti**

Statement on a Calling Attention Notice on the subject of dislodging of certain inhabitants of Salt Lake area due to execution of Calcutta Extension Scheme : p. 515
Statement on a Calling Attention Notice on the subject of disruption of production in Durgapur Industries for inadeque supply of power : p. 415

**Chattopadhyay, Dr. Sailendra**

Discussion on Motion under rule 185 : pp. 673-74
Motion under rule 194 : pp. 829-30
The West Bengal Housing Board Bill, 1972 : p. 440
পশ্চিম বাংলায় বিদ্যুৎ সরবরাহের পরিমাণ (Q.) : p. 92
রবি মরসুমে সেচপ্রাপ্ত জমি (Q.) : pp. 99-100
সাঁওতালদিহি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (Q) : p. 569

**Chattopadhyay, Shri Sukumar**

নদীয়া জেলাপরিষদ (Q.) : pp. 407-408
নদীয়া জেলাপরিষদে নিযুক্ত করণিক (Q.) : pp 257-59
বন্যানিয়ন্ত্রণকল্পে দামোদর নদের দক্ষিণ তীরে বাঁধ (Q.) : p. 88

**Das, Shri Barid Baran**

Ratification of the Constitution (Twenty-eight Amendment) Bill, 1272 : pp. 205-206

Statement under rule 346 : p. 336

**Das, Shri Bimal**

Discussion on Food : pp. 154-57

ভালুকা গ্রাম রক্ষার জন্য বাঁধ (Q.) : p. 89

মহানন্দা তীর বরাবর বালির বাঁধ (Q.) : p 87

**Das, Shri Jagadish Chandra**

Mention Case : pp. 584, 654-55

The West Bengal Housing Board Bill, 1972 : pp. 439-40

**Das, Shri Sarat Chandra**

Discussion on Food : pp. 151-52

Mention Case : pp. 116, 201, 286-87

Motion under rule 185 : p. 692

ঝালদা থানায় সিমেন্ট কারখানা (Q.) : pp. 403-404

ঝালদা পৌর এলাকায় জল সরবরাহ (Q) : pp. 364-65

ঝালদা হিন্দু হাই স্কুল (Q.) : p. 727

পুরুলিয়া জেলার অহল্যাবাঈ রোড ও সেতু (Q) : p. 645

**Das, Shri Sudhir Chandra**

বানতালীয়া ও দৌলতপুর স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার (Q.) : p. 370

এস, এফ, ডি, 'রোহিত' লাঞ্চ (Q.) : p. 505

কাঁথি থানায় গভীর ও অগভীর নলকূপ (Q.) : p. 751

কাঁথি শহর এলাকায় পানীয়জল সরবরাহ (Q.) : p. 643

খরা ও বন্যার্ত এলাকায় খাজনা মকুব (Q.) : p. 407

গৃহনির্মাণ প্রকল্প (Q.) : p. 512

চাঁপাতলা হাইস্কুলের শিক্ষকদের বকেয়া বেতন (Q.) : p. 500

জুনপুটে নতুন পর্যটন কেন্দ্র (Q.) : p. 91

টেস্ট রিলিফ স্কীম (Q.) : p. 191

দীঘা সমুদ্রের অবক্ষয় (Q.) : pp. 277-78

পিছাবনী স্বাস্থ্যকেন্দ্র (Q.) : p. 502

বন্যা ও খরা এলাকায় সরকারী ঋণ (Q.) : p. 483

বিভিন্ন জেলায় ক্র্যাস প্রোগ্রাম (Q.) : pp. 340-44

সি এম ডি এতে কর্মসংস্থান (Q.) : pp. 383-84

হলদিয়ার শিল্পোন্নয়ন পরিকল্পনা (Q.) : pp. 66 67

**De, Shri Asamanja**

Discussion on Food : pp. 147-49
Mention Case : pp. 124-25, 284, 648, 785-86
Motion under rule 185 : pp. 299-301, 682-84
Motion under rule 194 : pp. 825-27
The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 : pp. 19-23
রাজ্য ভাষা (বিধান) কমিশন (Q.) : p. 737

**Dihidar, Shri Niranjan**

Mention Case : pp. 115, 284-85, 417-18
Motion under rule 185 : pp. 231-33
কাশীপুর ইনষ্টিটিউশন ফর গার্লস (Q.) : p. 760
"কাশীপুর ইনষ্টিটিউশন ফর গার্লস"-এর হিন্দী শিক্ষক (Q.) : p. 761
মিনিবাসের লাইসেন্স (Q.) : p. 774
সেরামিক ও রিফ্র্যাকটরী কারখানা (Q.) p. 507

**Discussion on Food :** pp. 131-67

**Division(s) :** pp. 312-13, 315-16

**Doloi, Shri Rajani Kanta**

Accelerated renewal programme for CSTC (Q.) : p. 727
Black Money (Q.) : p. 378
Board for Plans and Programmes of the State (Q.) : pp. 359-60
Chinese goods in Calcutta (Q.) : p. 715
Contribution of West Bengal in the export earnings (Q.) : p. 558
Disposal of complaints made against the employees of C. S. T. C. and C. T. C. (Q.) : p. 772
Drive to improve the operational efficiency of the C. S. T. C (Q.) : p. 763
Discussion on Motion under rule 185 : pp. 687-88
Dismissed employees of the C.S.T.C (Q.) : p. 743
Durgapur Steel Ltd. and Chemicals Ltd. (Q.) : p. 7
Fixation of prices of agricultural products (Q.) : p. 742
Foreign Technicians in Durgapur Chemicals Ltd. (Q.) : pp. 408-409
Goods Transport Service (Q.) : p. 772
I A S. Officers (Q.) : p. 283
Improper method practised by the F.C.I. (Q.) : pp. 106-107
Improvement of conditions in Jails (Q.) : p. 494
Incentive Schemes for CSTC Staff (Q.) : p. 727
Issue of Bus Permits (Q.) : p. 771
Jails (Q.) : p. 187
Jail-breaking incidents (Q.) : p. 504

**Doloi, Shri Rajani Kanta**

Labour Welfare Centres (Q.) : p. 103
List of freedom fighters for presentation of Tamrapatra (Q.) : p. 772
Loss of crops due to drought (Q.) : pp. 348-50
Luxary Cars (Q.) : p. 736
Luxury Tourist Buses in Calcutta (Q.) : pp. 763-64
Messrs Martin Burn Limited (Q.) : p. 631
Motion under rule 194 : pp. 812-13
Motor Transport Undertakings (Q.) : p 6
Mustard seeds and pulses (Q.) : p. 105
Naxalite Activities (Q.) : pp. 256-57
Open prisons (Q.) : p. 479
Passenger carrying capacity of C.S.T C. (Q ) : p. 762
Phthalic Anhydride Plant (Q.) : p. 408
Plan for market loans to strengthen C.S.T.C with Buses (Q.) : p. 764
Police Department (Q.) p. 279
Price of rice at Kharagpur (Q.) : p 4
Private Godowns used by F.C.I. (Q ) : p. 633
Professional Theatres (Q ) : p. 739
Programme for Promoting Tourism in the State (Q ) p 557
Public Sector undertaking (Q ) . p. 510
Recruitment to I A S. from West Bengal (Q ) p. 758
Rural Electrification (Q ) p. 8
Rural Housing Scheme (Q.) : p. 741
Salaries and allowances of the orderly peons (Q ) : p. 511
Sales Counters by F.C.I. (Q ) p. 105
Setting up of an Industrial Estate at Kharagpur (Q ) : pp. 92-95
Smuggling of arms (Q.) : p. 738
Stagnation in Industries (Q.) p. 409
Sugar through Fair Price Shops (Q ) . p 3
Less Sustained by Sales Emporia in Calcutta (Q.) p. 564
Tenughat Dam (Q ) : pp 67-68
Water Supply Scheme for Kharagpur (Q ) pp. 389-90
The West Bengal Appropriation (No 2) Bill, 1972 pp 40-43
West Bengal State Electricity Board (Q ) : pp. 97-98

**Dolui, Shri Hari Sadhan**

Fodder Banks (Q ) : p. 777
Relief to the cattle owners affected by natural calamities (Q) : p. 776
ক্ষীরপাই হাসপাতাল (Q.) : pp. 366 67
ঘাটাল পৌর এলাকা'র উন্নয়ন (Q ) : p. 726

**Dolui, Shri Hari Sadhan**

ঘাটাল মিউনিসিপ্যালিটি (Q.) : pp. 259-60

চন্দ্রকোণা-ঘাটাল ব্লকে পাকারাস্তা (Q.) : p. 750

বন্যাবিধ্বস্ত এলাকায় পাকাবাড়ী নির্মাণ (Q.) : p. 106

**Dubey, Shri Krishna Prasad**

কৃষিঋণ (Q.) : p. 735

**Dutt, Dr. Ramendra Nath**

Appointment of Mechanical-cum-Electrical Engineer (Q.): pp. 169-71

Discussion on momotion under rule 185 : pp. 689-91

Half-an hour discussion : pp. 215-16

Mention Case : p. 195

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে নূতন বাস : (Q.) : p. 306

কৃষিকার্যে গভীর নলকূপ (Q.) : p. 369

ডালখোলা থার্মাল প্ল্যান্ট (Q.) : p. 96

টুরিস্ট লজ (Q.) : p. 88

পশ্চিম দিনাজপুর জেলায় পুষ্করিণী (Q.) : p. 494

পশ্চিম দিনাজপুর জেলায় রিভার লিফট ইরিগেশন (Q) . pp 361-62

পশ্চিম দিনাজপুরে এক্স-রে মেশিন (Q.) : pp. 382-83

পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের অধীনে গার্ডৗ (Q.) : p. 509

পূর্ত বিভাগের বাড়ী (Q.) : p. 731

রায়গঞ্জে ইণ্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনষ্টিটিউট (Q.) : p 64

**Dutta, Shri Adya Charan**

E.P.O., Mukhja Sevika and Sevikas (Q.) : p 511

Taxes levied on people by Panchayats, Murshidabad (Q.) : p. 514

খরা এলাকায় নলকূপ (Q.) : p. 2

নবগ্রাম কেন্দ্রে খাস জমি (Q.) : pp. 405-406

নবগ্রাম ও জিয়াগঞ্জ থানায় জি. আর. (Q.) p 406

নবগ্রাম ও জিয়াগঞ্জ ব্লকে গো-ক্রয় সারক্রয় ও অন্যান্য ঋণ (Q.) : p. 725

নবগ্রাম থানার বসিয়া ও তিলকার (Q.) : p. 735

নবগ্রাম ব্লকে ডিপ টিউবওয়েল (Q.) : p. 101

মুর্শিদাবাদ জেলায় কুটীর ও ক্ষুদ্র শিল্প (Q.) : p. 89

মুর্শিদাবাদ জেলায় পাকারাস্তা (Q.) : p. 730

মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন সমবায় সমিতি (Q.) : p. 646

মুর্শিদাবাদ জেলায় বৃহৎ শিল্প (Q.) : p. 69

মুর্শিদাবাদ জেলায় রেশন কার্ড (Q.) : p. 7

মুর্শিদাবাদ জেলায় রেশমশিল্প (Q.) : p. 102

**Dutta, Shri Hemanta**

Bengal Salt Co., Dadanpatrabarh (Q ) : p. 746
Mention Case : pp. 198, 654, 788-89
Motion under rule 185 : p. 235
জুনপুট, আলমপুর ও দীঘা ফিসারী (Q.) : pp. 186-87

**Ekramul Haque Biswas, Dr.**

Mention Case : pp. 197-98
কুষ্ঠ চিকিৎসাকেন্দ্র (Q.) : p. 278
কৃষি উন্নয়ন সমবায় সমিতি (Q ) : p. 282
ডোমকল-জলঙ্গী ব্লকে ভূমি বন্টন (Q.) : p. 747
ডোমকল-জলঙ্গী সার্কেলে খাজনা ছাড়প্রাপ্ত লোকের সংখ্যা (Q.) : p 750
ডোমকল ব্লকে এন এস. সি পাটবীজ (Q ) p. 378
পতিতাবৃত্তি নিয়ন্ত্রণ আইন (Q.) : pp 464-67
পলিওক্লিনিক (Q ) : pp. 105-106
ফরিদপুর স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক (Q ) : p 385
ফ্যামিলি প্ল্যানিং ক্লিনিক (Q ) : p 281
মুর্শিদাবাদ জেলায় টি আর স্কীম (Q ) : pp. 413-14
মুর্শিদাবাদ জেলায় নলকূপ (Q ) . pp 346 47
যক্ষ্মারোগীদের পুনর্বাসন (Q ) · p 277

**Fazle Haque, Dr. Md.**

The Public Wakfs (Extension of Limitation) (West Bengal Amendment) Bill, 1972 : pp. 803-804, 807-808
Statement on Calling Attention Notice regarding recovery of the dead body of Naren Ghosh from a pond : pp. 781 82

**Ghosal, Shri Satya**

Ratification of the Constitution (Twenty eighth Amendment) Bill, 1972 : pp. 202-204
The Shri Aurobinda Memorial Bill, 1972 : pp. 423-24
রবীন্দ্র সদনে "টিনের তলোয়ার" নাটক (Q ) : p. 481

**Ghose, Shri Sankar**

Half-an hour discussion : pp. 214-15
Laying of Appropriation and Finance Accounts of the Government of West Bengal for 1969-70 and the Report of the Comptroller and Auditor-General of India for the year 1969-70 : p 656
Ratification of the Constitution (Twenty-eighth Amendment) Bill, 1972 · pp. 204-205
Statement on a Calling Attention Notice on the subject of serious situation in Malda and West Dinajpur districts as a sequel to drought : pp. 111-12
The West Bengal Appropriation (No. 2) Bill 1972 : pp 10-15 52-56

**Ghosh, Shri Netai Pada**

Mention Case : p. 117

সাঁইথিয়া ব্লকে বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ ব্যবস্থা (Q ) : p. 78

**Ghosh, Shri Prafulla Kanti**

The Bengal Municipal (Amendment) Bill, 1972 : pp. 998-99, 802-803

The Calcutta Municipal (Fourth Amendment) Bill, 1972 : pp. 659-60, 665-67

The Calcutta Municipal (Third Amendment) Bill, 1972 : pp. 125-27, 130-31

Half-an hour discussion : pp 219-20

**Ghosh, Shri Rabindra**

Mention Cases : pp 197, 585, 653, 786-87

শ্যামপুর ১নং ব্লক অফিস (Q ) : p. 746

**Ghosh, Shri Sisir Kumar**

The Bengal Municipal (Amendment) Bill, 172 : pp 799-800

Mention Cases : pp. 198, 655

Motion under rule 185 : pp, 236-37

টিটাগড় গভর্নমেন্ট প্রোডাকসন সেন্টার (Q ) : p. 480

নব ব্যারাকপুর পৌর এলাকায় বিদ্যুৎ (Q ) . p. 578

**Ghosh, Moulik, Shri Sunil Mohan**

অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা (Q.) : p. 485

নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট অফিস গ্যারেজ (Q ) : p. 498

**Goswami, Shri Paresh Chandra**

Mention Case : p. 649

কালনা মহকুমার পাকারাস্তা : (Q ) : p. 719

জেলা স্কুলবোর্ড কর্মচারীদের মহার্ঘভাতা (Q ) : p. 760

বিদ্যালয় পরিদর্শকস্তরে কাঠামো পুনর্বিন্যাস (Q.) : p. 760

**Goswami. Shri Shambhu Narayan**

উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণীশাখা (Q ) : p. 489

বাঁকুড়া জেলায় বৃহদায়তন শিল্প (Q.) : p 79

বাঁকুড়া জেলায় সেচ এলাকা (Q.) : pp. 98-99

বাঁকুড়ার ওন্দা ব্লকে বৈদ্যুতীকরণ (Q ) : p. 94

**Gyan Singh Sohanpal, Shri**

Motions under rule 363 : p 792

The Shri Aurobinda Memorial Bill, 1972 : pp. 427-28

**Habibur Rahaman, Shri**

Mention Case : p. 785
পদ্মার ভাঙ্গনে ৬৫০টি গৃহহারা পরিবার (Q.) : pp. 474-75

**Haldar, Shri Harendranath**

কৃষ্ণনগর গভর্নমেন্ট গার্লস স্কুল (Q.) : pp. 187-188
খড়গ্রাম থানায় বাঁধ (Q.) : p. 97
চক্ষুরোগ (Q.) : p. 381
চামড়া বাবত আয় (Q.) : p. 509
জেলাওয়ারী তপশীলি ও উপজাতি সম্প্রদায় (Q.) : p. 495
তপশীলি ও উপজাতি ছাত্রছাত্রীদের শিক্ষা বাবদ সাহায্য (Q.) : p. 479
বহরমপুর হাসপাতালের প্রাক্তন কর্মচারীদের প্রভিডেন্ট ফাণ্ড ও পেনশন গ্র্যাচুইটির টাকা (Q) : p. 362
বীরভূম জেলা প্রাথমিক বিদ্যালয় পর্ষদ (Q) : p. 506
মুর্শিদাবাদ জেলায় তপশীলি জাতি ও উপজাতির সংখ্যা (Q) p. 748
মুর্শিদাবাদে বর্গাদার সংখ্যা (Q.) : p. 94
রেশম শিল্পী (Q) pp. 412-13

**aldar, Shri Kansari**

Discontinuance of the old U. G. C. Scale of Pay to teachers of Non-Government College (Q) : p. 581
Enquiry Reports into the affairs of the Burdwan and North Bengal Universities (Q) : p. 753
Regional Records Survey Committee (Q.) : p. 490
The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 : pp. 43-44

**alder, Shri Monoranjan**

Mention Case : p. 520
Half-an hour discussion : pp. 208-20

**atui, Shri Ganesh**

Mention Case : p. 193
Motion under rule 185 : pp. 238, 239, 611-13
The West Bengal Agricultual Produce Marketing (Regulation) Bill, 1972 : p. 538-39
জাঙ্গীপাড়া ব্লক ও চণ্ডীতলা ১নং ব্লকে গভীর নলকূপ (Q) : pp. 354-55
জিয়াড়া-কানাইডাঙ্গা ডি. ভি. সি. ডিষ্ট্রিবিউটারি ক্যানেল (Q) : pp. 82-83
মুণ্ডেশ্বরী সেতু (Q) : p. 730
লাম্পগ্রান্ট প্রাপ্ত সরকারী বিদ্যালয় (Q) : p. 744

**Iembram, Shri Sital Chandra**

পুরুলিয়া জেলায় খাস ও বেনামী জমি (Q) : pp. 79-80
পুরুলিয়া জেলায় প্রাথমিক বিদ্যালয়বিহীন গ্রাম (Q) : p. 487

**Hembram, Shri Sital Chandra**

পুরুলিয়ায় জে. এল. আর ও অফিস (Q ) : p. 93
বন্দোয়ান প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (Q ) : p. 362
মধুকুণ্ডাতে মিশ্র ইস্পাত কারখানা (Q.) : p. 98

**Hemram, Shri Kamala Kanta**

বাঁকুড়া জেলায় টি. আর. ও জি. আর. বাবত খরচ (Q.) : p. 483

**Jana, Shri Amalesh**

কাজলাগড় সহায়ক স্বাস্থ্যকেন্দ্র (Q.) : p. 725
দেড়েদিঘী-উদবাদাল ও কলাবেড়িয়া নিকাশী খাল (Q.) : p. 86
হাবড়া গার্লস হাইস্কুল সম্পর্কে অডিট রিপোর্ট (Q.) : p. 484

**Karar, Shri Saroj Ranjan**

The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972 : pp. 537-38
উদয়নারায়ণপুর ও আমতা ব্লকে স্থায়ী অফিস নির্মাণ (Q.) : p 644
দামোদরের উপর বেতাই-আমতা রাস্তার সংযোগ সেতু (Q.) : p. 756
বেতাই-ঝিখিরা রোড (Q.) : p. 717

**Khan, Shri Gurupada**

The West Bengal Acquisition and Settlement of Homestead Land (Amendment) Bill, 1972 : pp. 793-94, 797-98

**Khan Samsul Alam, Shri**

National Theatre (Q.) : p. 275
West Bengal State Academy of Dance, Drama, Music and Fine Arts (Q.): p. 757
পুলিশ কর্মচারীদের বাড়ীভাড়া ভাতা (Q) : p. 266
পুলিশ কর্মচারীদের ভ্রমণভাতা (Q.) : p. 265
মেদিনীপুর জেলায় গভীর ও অগভীর নলকূপ (Q.) : p. 758

**Laying of**

—Annual Report on the working and affairs of the West Bengal Financial Corporation for the year 1971-72 : p. 656
—Appropriation and Finance Accounts of the Government of West Bengal for 1969-70 and the Reports of the Comptroller and Auditor General of India for the year 1969-70 : p. 656
—Seventh Annual Report on the working and affairs of the Durgapur Chemical Ltd. for the year 1969-70 : p. 656

**Lohar, Shri Gour Chandra**

Mention Case : pp. 289-90
ইন্দপুর প্রাথমিক চিকিৎসাকেন্দ্র (Q.) : p. 381
গুন্নাথ উপস্বাস্থ্যকেন্দ্র (Q.) : p. 389
হাটগ্রাম উপস্বাস্থ্যকেন্দ্র (Q.) : p. 366

**Mahanti, Shri Pradyot Kumar**

Discussion on Food : pp. 137-40
Half-an hour discussion : pp. 218-19
Mention Case : pp. 200, 517-18
ক্যাস প্রোগ্রাম (Q.) : pp 402-403
চেতলা ব্রীজ (Q.) : pp. 347-48
জুনিয়ার হাইস্কুল ও তাহার সেকেণ্ডারী স্কুলের অনুমোদন (Q.) : pp. 462-64
তহশীলদারদের মাহিনা, ভাতা, ইত্যাদি (Q.) : p. 574
বার্দ্ধক্য ভাতাপ্রাপ্ত ব্যক্তি (Q.) : p. 492
মেদিনীপুর জেলায় আগরাড়া গ্রামে হত্যার ষড়যন্ত্র (Q.) : p. 260
মেদিনীপুর জেলায় স্থায়ী ও অস্থায়ী বাসকট (Q.) : p. 778
শরশঙ্কা দীঘিতে মৎস্যচাষের পরিকল্পনা (Q.) : p. 769
পিংলা, দাঁতন ও বেলদা আউটপোস্ট (Q.) p. 719
প্রয়োজনে কলিকাতায় বাড়ি রিকুইজিসান (Q.) : p 582
সাবরেজিস্ট্রারের পদ (Q.) : p 581
ঝাড়গ্রামে ডুলুং নদীবাঁধ পরিকল্পনা (Q.) : pp. 87-88
ঝাড়গ্রাম মহকুমার বিভিন্ন গ্রাম বৈদ্যুতিকরণ (Q.) : p. 90
ব্লাড ব্যাঙ্ক (Q.) : p. 368
সরকারের ন্যস্ত কৃষি ও কৃষি জমি (Q.) : p. 99

**Mahata Shri Kinkar**

ঝালদা থানার ড্যাম স্কীম (Q.) : p. 768
সয়েল কনজারভেশন (Q.) : p. 640

**Mahato, Shri Madan Mohan**

পুরুলিয়া জেলায় সেচের জন্য চাংবা জোড় পরিকল্পনা (Q.) : p. 85

**Mahata, Shri Satadal**

পুরুলিয়া জেলায় কলেজ (Q.) p. 499
পুরুলিয়া জেলায় প্রাথমিক বিদ্যালয় (Q.) : p. 482

**Maitra, Shri Kashi Kanta**

Discussion on Food : pp. 131-37, 162-67
Mention Case p. 289
Statement under rule 346 : pp. 192-93

**Majhi, Shri Rup Sing**

আদিবাসী প্রাধান্য গ্রামসমূহে পানীয় জল সরবরাহ (Q.) : p. 478
পুরুলিয়া জেলায় বরাবাজার ও বলরামপুর শহরে বৈদ্যুতীকরণ (Q.) : p. 81
পুরুলিয়া জেলায় বরাবাজার ও বলরামপুর ব্লকে কূপ (Q.) : p. 364
পুরুলিয়ায় প্রাথমিক শিক্ষকগণের বেতন (Q.) : p. 499

**Maji, Shri Saktipada**

গাংডুয়া প্রজেক্ট (Q.) : pp. 95-96
প্রাথমিক শিক্ষকদের সুযোগসুবিধা (Q.) : p. 486
বেহারীনাথ ও তেঁতুলটুকরী সেচ প্রকল্প (Q.) : p. 736
বাঁকুড়া ও পুরুলিয়া জেলার কৃষিজমি (Q.) : p. 81
বাঁকুড়া জেলায় দামোদর এলাকায় সেচ-প্রকল্প (Q.) : pp. 397-98
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও শালতোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (Q.) : pp. 351-52
বাঁকুড়ায় ক্ষুদ্র এবং বৃহৎ শিল্প প্রকল্প (Q.) : pp. 93-94

**Malladeb, Shri Birendra Bijoy**

Digging of mines near Belpahari (Q.) : p. 743

**Mandal, Shri Arabinda**

করিমপুর থানা অঞ্চলে চুরিডাকাতি (Q.) : p. 721
জলঙ্গী নদীর সংস্কার (Q.) : p. 576
পাঁচগাছী-খোড়াদহ রাস্তা (Q). : p. 724

**Mandal, Shri Jokhi Lal**

ওয়াকফ্ এস্টেট (Q.) : p. 720
মালদহ জেলায় পাকারাস্তা (Q.) : p. 723

**Mondal, Shri Nrisinha Kumar**

লাম্পা গ্রান্টপ্রাপ্ত হাইস্কুল (Q.) : p. 487

**Mandal, Shri Prabhakar**

Mention Case : p. 519
কাটোয়া-পালিতা ও বাদশাহী রাস্তা (Q.) : p. 739
কান্দড়া স্বাস্থ্যকেন্দ্র : p. 759
কোপাই সাউথ মেন ক্যানেল (Q.) : p. 737
কোমরপুর হইতে চাকটাগ্রাম পর্যন্ত পাকারাস্তা (Q.) : p. 759

**Md. Safiullah, Shri**

Motion under rule 185 : pp. 603-605
The Shri Aurobinda Memorial Bill, 1972 : pp. 426-27
The West Bengal Acquisition and Settlement of Homestead Land (Amendment) Bill, 1972 : p. 797
কচুরিপানা নিধন আইন (Q.) : p. 357
টেস্ট রিলিফের কাজে পে-মাস্টার ও মোহরার (Q.) : p. 468
বদ্ধ ও মজা পুকুর (Q.) : pp. 380-81
বদ্ধ পুষ্করিণী সংস্কার প্রকল্প (Q.) : p. 497
সিনকোনা (Q). p. 70
হুগলী জেলায় সি এম ডি এ স্কীম (Q.) : pp. 385-88

**Mention Case(s)** : pp. 113-25, 193-201, 284-90, 416-20, 648-56, 784-92

**Misra, Shri Chandra Nath**

Agricultural Land Tax (Q.) : p. 85

**Misra, Shri Kashinath**

Discussion on Food : pp. 157-58
Mention Case : p. 125
Mention Case : pp. 195-96
Mention Case : p. 416
Mention Case : p. 791
The West Bengal Acquisition and Settlement of Homestead Land (Amendment) Bill 1972 : p. 796
কল্যাণী বিশ্ববিদ্যালয় (Q.) : pp. 189-90
কৃষি আধিকারিক অফিস (Q.) : pp. 275-76
জেলাওয়ারী রাজ্য সমবায় ব্যাঙ্কের শাখা (Q.) : p. 397
জেলাপরিষদের কর্মচারীদের সুযোগ-সুবিধা (Q.) : p. 274
দুর্গাপুরে ডি এস টি এস বাস (Q.) : p. 399
দুর্গাপুর-পুরুলিয়া-আরামবাগ বাসরুট (Q.) : p. 512
প্রেক্ষাগৃহ হইতে বাকস্ব আদায় (Q.) : p. 773
বাঁকুড়া কো-অপারেটিভ রাইসমিল (Q.) : p. 405
বাঁকুড়া খ্রীশ্চান কলেজ (Q.) : p. 478
বাঁকুড়া জেলায় এইচ এস এবং এস এফ বিদ্যালয় (Q.) : p. 491
বাঁকুড়া জেলার কর্মকার (Q.) : pp. 393-94
বাঁকুড়া জেলায় কুটির শিল্প (Q.) : p. 394
বাঁকুড়া জেলায় কংসাবতী নদী হইতে জল সরবরাহ (Q.) : p. 576
বাঁকুড়া জেলায় কোয়ারী এবং স্টোনচীপস (Q.) : p. 400
বাঁকুড়া জেলায় খাদিশিল্প (Q.) : p. 395
বাঁকুড়া জেলার গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহ (Q.) : p. 369
বাঁকুড়া জেলায় তন্তুবায় (Q.) : pp. 96-97
বাঁকুড়া জেলার ধীবরদের আর্থিক সাহায্য (Q.) : p. 505
বাঁকুড়া জেলায় প্রাথমিক সমবায় ঋণদান সমিতি (Q.) : p. 396
বাঁকুড়া জেলায় বিড়িশিল্প (Q.) : pp. 182-83
বাঁকুড়া জেলায় শরণার্থী শিবির (Q.) : 731
বাঁকুড়া জেলায় লাক্ষা চাষ (Q.) : p. 398
বাঁকুড়া বিদ্যুৎ সরবরাহ সংস্থা (Q.) : p. 79
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতাল (Q.) : p. 345
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজের কাচারাস্তা (Q.) : p. 507
বাঁকুড়ায় শিল্পস্থাপনের পরিকল্পনা (Q.) : p. 88
ব্লকের কৃষি বিভাগ (Q.) : p. 276
বিজ্ঞান-মন্দির (Q.) : p. 186
বিজ্ঞান-মন্দির কর্মী (Q.) : p. 185

**Misra, Shri Kashinath**

রাজ্য সমবায় ব্যাঙ্ক (Q ) : p. 396
রাস্তাঘাট ও পুল মেরামত (Q.) : pp. 279-80
রিভার পাম্পিং ও লিফ্‌ট ইরিগেশন (Q ) : p. 277
শ্যামপুরে তুলাচাষ (Q.) : pp. 276-77
স্কুলকলেজে হেলথ হোম ইউনিট (Q.) : pp. 410-11
স্কুলবোর্ড (Q.) : pp. 190-91
সমাজ উন্নয়ন ব্লক (Q.) : p. 276
সরকারী চাকরিতে বয়সের উর্ধসীমা (Q ) : p 277
সরকারের অধীন বিজ্ঞান-মন্দির (Q ) : p. 186
সুন্দরবনের মধু : (Q.) : 7
হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি : pp. 395-96

**Mitra, Shrimati Ila**

Discussion on motion under rule 185 : pp. 677-79
Mention Case : p. 787
The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 : pp. 15-19
The West Bengal Housing Board Bill, 1972 : pp. 430-33, 451-52

**Mitra, Shri Somendra Nath**

Mention Case . p. 517

**Mahammad Dedar Baksh, Shri**

Mention Case : pp. 197, 791
Motion under rule 185 . pp. 235-36
The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972 : p. 540
উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় (Q ) : p. 502
খরা পরিপ্রেক্ষিতে টি. আর. ও জি. আর. স্কীম (Q.) : pp. 469 71
তহসিলদারদের সরকারী কর্মী হিসাবে নিয়োগ (Q.) : pp. 89-90
প্রথম হইতে পঞ্চম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা (Q.) : p. 498
প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্র (Q ) : p. 370
ভগবানগোলা থানা এলাকায় সেচ (Q ) : pp. 69-70
বন্যা এলাকায় খাজনা মকুব (Q.) : p. 95
বেকারের সংখ্যা (Q ) : pp: 411-12
ভিক্ষুক (Q.) : p. 2
মুর্শিদাবাদ জেলাপরিষদে নিযুক্ত অবসর প্রাপ্ত ওভারসিয়ার (Q.) : pp. 264-265
মুর্শিদাবাদ জেলায় ক্র্যাস প্রোগ্রাম (Q ) : p. 339
শিক্ষাদপ্তর (Q.) : p. 190
মুর্শিদাবাদ জেলার জমি সংক্রান্ত মোকদ্দমায় সরকারের হারজিতের খতিয়ান (Q.) : p. 580
মুর্শিদাবাদ জেলায় সরকারে ন্যস্ত জমি (Q.) : p. 86

**Mojumdar, Shri Jyotirmoy**

Discussion on Food : pp. 152-54
Mention Case : p. 648
Motion under rule 185 : pp. 306-308
Statement under rule 346 : pp. 336-37

**Mondal, Shri Aftabuddin**

Motion under rule 185 : pp. 615-17
আমতা ১নং ব্লকে গভীর নলকূপ (Q.) : p. 369

**Mondal, Shri Anil Krishna**

Discussion on Motion under rule 185 : p. 689

**Motion under Rule 185**

pp. 101, 220 50 292-316 667-95, 700-711

**Motion under rule 193**

pp. 808-37

**Mukherjee, Shri Tarapada**

Motion under rule 194 : p 831

**Mukerjee, Shri Bhabani Sankar**

Bally Municipality Water Works Scheme (Q.) : p. 579
The Bengal Municipal (Amendment) Bill. 1972 : pp. 800-801
Mention Case : p. 117
Motion under rule 185 : pp 231, 298-99. 621-22

**Mukherjee, Shri Ananda Gopal**

Rent deposits in the Rent Controller's Office (Q.) : p. 572

**Mukherjee, Shri Biswanath**

Discussion on the Chief Minister's statement, date 28th July. 1972, regarding the murder of four Trade Union workers at Chinakuri Colliery : pp. 320-23
Discussion on Food : pp. 141 44
Mention Case : pp. 123-24, 285-86
Motion under rule 185 : pp. 301-303, 613 15, 684-86
Point of order : pp. 695, 696 97

**ıkherjee, Shri Mahadeb**

Motion under rule 185 : pp. 620 21
Motion under rule 194 : p. 830

**Mukherjee, Shri Mrigendra**

Motion under rule 185 : pp. 220-22, 249, 601-603
ইণ্ডিয়া মেশিনারী কারখানা : pp. 178-80

**Mukherjee, Shri Ajoy Kumar**

Half-an hour discussion : pp. 213-14

**Mukhopadhaya, Shri Subrata**

Statement on a Calling Attention Notice regarding attack on workers of Gagalbhai Jute Mill, P. S. Uluberia : p. 781

**Mukhopadhyaya, Shrimati Geeta**

Mention Case : pp. 196-97
Mention Case : pp. 584, 787-88
Motion under rule (94) : pp. 827-29
Motion under rule 185 : pp. 292-96, 309-11
কুটির ও ক্ষুদ্র শিল্পে মহিলাদের কর্মসংস্থান (Q ) . pp. 94-95
জে. কে. নগর অ্যালুমিনিয়াম কারখানা (Q ) . p. 398
জে. কে. নগর অ্যালুমিনিয়াম ফ্যাক্টরিতে বিদ্যুৎ সরবরাহের অভাব (Q ) . p. 65
টেকনিক্যাল অ্যাপ্রেন্টিসদের কর্মসংস্থান (Q.) : p 568
পূর্ণাঙ্গ কৃষি বিশ্বালয় (Q.) : p 363
মহিলাদের কর্মসংস্থান (Q.) . p. 370
শিপিং কর্পোরেশন অব ইণ্ডিয়া (Q.) : pp. 180 181
স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে শূন্যপদ (Q ) : pp. 77-78

**Mukhopadhyaya, Shri Girija Bhusan**

Cycle tyres and tubes (Q ) : p. 104
Percentage of impurities mixed in rice (Q.) : pp. 183-84

**Murmu, Shri Rabindra Nath**

Motion under rule 194 : pp. 821-22

**Nag, Dr. Gopal Das**

Motion under rule 185 : pp. 244-48
Motion under rule 194 : p 832

**Nahar, Shri Bijoy Singh**

Half-an hour discussion : pp. 211-13
Mention Case : pp. 200, 519

**Naskar, Shri Arabinda**

Mention Case : p. 649
চব্বিশপরগনা জেলায় ভাগচাষী উচ্ছেদ (Q ) : pp. 81-82

**Naskar, Shri Ardhendu Shekar**
Personal Explanation : p. 44

**Nurul Islam Molla, Shri**
কালনা মহকুমা হাসপাতাল (Q.) : p. 104

**Nurunnesa Sattar, Shrimati**
The Public Wakfs (Extension of Limitation) (West Bengal Amendment) Bill, 1972 : p. 806

**Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed**
The Calcutta Municipal (Fourth Amendment) Bill, 1972 : pp 661-62
The Calcutta Municipal (Third Amendment) Bill, 1972 : pp. 127-28
Mention Case : p. 288
The Public Wakfs (Extension of Limitation) (West Bengal Amendment) Bill, 1972 : pp. 804-805
State Wild Life Board (Q.) : pp. 171-77

**Obituary Reference(s) :** p. 453

**Omar Ali, Dr.**
Discussion on Food : pp 159-60
Motion under rule 185 : 681-82
তমলুক মাস্টার প্ল্যান (Q.) : p. 2
বিপন্ন গৃহ বাবত অনুদান (Q.) : pp. 108-10
মেদিনীপুর জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ (Q.) : p. 745
মেদিনীপুর জেলায় মৎস্যজীবীদের সাহায্য (Q.) : p 10

**Oraon, Shri Prem**
The West Bengal Housing Board Bill, 1972 : pp. 447-48

**Panda, Shri Bhupal Chandra**
Half-an hour discussion : pp 216-17
Non-filling up of the Post of Director, State Archives, Government of West Bengal (Q.) : p. 488

**Paul, Shri Sankar Das**
Mention Case : p. 653
Motion under rule 185 : pp. 607-608
কল্যাণী বিশ্ববিদ্যালয়ের আবাদযোগ্য জমি (Q.) : p. 489
জনস্বাস্থ্য বিভাগে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (Q.) : p. 101
পলিটেকনিক (Q.) : p. 500

**Personal Explanation :** p 44

**Point of order :** pp 695, 696-97

**Point of Privilege**

Raised by Shri Sukumar Bandopadhyay and Shri Puranjoy Pramanik regarding continuance of the sitting of the House beyond 6 p.m. : pp. 206-207

**Pramanick, Shri Gangadhar**

Mention Case : pp. 419-20
Scheduled Castes and Scheduled Tribes Candidates in Government Services (Q.) : pp. 475-76

**Pramanik, Shri Monoranjan**

Discussion on motion under rule 185 : p. 693.
Motion under rule 185 : p. 230
Motion under rule 194 : pp. 820-21
The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 : pp. 47-48
The West Bengal Housing Board Bill, 1972 : pp. 448-49
আদালতে বিচারাধীন কেস (Q.) : p. 581
এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরী Q.) : p. 627
সংবাদপত্রে বিজ্ঞাপন (Q.) : p. 644
কাঙ্গার নদীতে লিফ্ট ইরিগেশন স্কীম (Q.) : p. 759
খাদ্য কর্পোরেশনে নিযুক্ত খাদ্য সরবরাহ বিভাগের কর্মীদের ভবিষ্যৎ (Q.) : p. 729
দেবশালা গ্রামে সেচের জল (Q.) : p. 558
পঞ্চায়েৎ নির্বাচন Q.) pp. 265-66
পলিটেকনিকগুলির শিক্ষক ও অশিক্ষক কর্মীদের বেতনক্রম ও মহার্ঘভাতা (Q.) : p. 770
প্রাথমিক শিক্ষক পাঠ্যপুস্তক (Q.) : p. 759
মহিলা পুলিশ (Q.) : pp. 266-67
মিসা আইনে আটক বন্দী (Q.) p. 254-56
সুতাকল (Q ) : p. 555

**Pramanik, Shri Puranjoy**

Accidents on G. T. Road (Q.) : p. 5
The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1972 : pp. 592-94
Crimes in Jamalpur P.S. (Q.) : p. 103
Half-an hour discussion . pp. 217-18
Point of Privilege regarding continuance of the sitting of the House beyond 6 p.m. : p. 207
Street accident (Q ) : p. 5
দি ওয়েষ্ট বেঙ্গল চিলড্রেন্স অ্যাক্ট (Q.) : p. 503
চকদীঘি উপস্বাস্থ্যকেন্দ্র (Q.) : pp. 356-57
চকদীঘি স্বাস্থ্যকেন্দ্র (Q.) : p. 399
জামালপুর থানায় গভীর নলকূপ ও রিভার পাম্প (Q.) : p. 726

**Pramanik, Shri Puranjoy**

জামালপুর থানায় সরকারে অর্পিত জমি (Q.) : p. 278
দামোদর নদীর ভাঙনে কনকপুর গ্রাম (Q.) : pp. 72-74
ডিষ্ট্রিক্ট কমিটি ফর এমপ্লয়মেন্ট ফর সিডিউলড কাস্ট অ্যাণ্ড ট্রাইবস (Q.) : p. 498
বর্ধমানে কৃষিকলেজ (Q.) : p 382
বর্ধমানের পুলিশ সুপার (Q.) : p. 713
মঞ্জুরী প্রাপ্ত নূতন কলেজ (Q.) : p. 488

**Presentation of Report**

Presentation of First Report of the Committee on Government Assurances : p. 792

**Quazi Abdul Gaffar, Shri**

Discussion on Motion under rule 185 : pp. 686-87

**Question(s)**

Accidents on G. T. Road : p. 5
Accelerated renewal programme for C S T.C. : pp. 727-28
Agricultural Land Tax : p 85
Appointment of Mechanical-cum-Electrical Engineer : pp. 169-71
Bally Municipality Waterworks Scheme : p. 579
Bengal Salt Co., Dadanpatrabarh : p. 746
Berhampore Rabindra Sadan : pp. 472-73
Black Money : p. 378
Board for Plans and Programmes of the State : pp. 359-60
Cases pending in Lalbagh Criminal Court : p 358
Chinese goods in Calcutta : pp. 715-16
Coke Oven Factory : p. 752
Commercial Estate, Haldia : p. 753
Committee on quality control of foodgrains for Ration Shops : pp. 728-29
Contribution of West Bengal in the export earnings : p. 558
Crimes in Jamalpur P.S. : p. 103
Cycle tyres and tubes : p 104
Digging of Mines neer Belpahari : p. 743
Discontinuence of the old U.G.C. Scale of Pay to teachars of Non-Government Colleges : p. 581
Dismissed employees of the C S.T C. : p. 743
Disposal of complaints made against the employees of C S.T.C. and C.T.C : pp 772-73
Drive to improve the operational efficiency of the C.S.T.C. : p. 763
Durgapur Projects Ltd. : p. 513
Durgapur Steel Ltd. and Chemicals Ltd. : p. 7

**Question(s)**

E.P.O. Mukhya Sevika and Sevikas : p. 511
Electricity duty paid by Calcutta Tramways Co. Ltd : p. 729
Electricity from Durgapur Projects Ltd. : p. 59
Employment of retire officials in Public Service : p. 580
Enquiry Reports into the affairs of the Burdwan and Noth Bengal Universities : p. 753
Expantion of Railway Workshop, Kharagpur : p. 643
Fixation of prices of agricultural products : p. 742
Fodder Banks : p. 777
Foodgrains supplied through M. R Shops in Midnapore district : pp. 635-39
Foreign Technicians in Durgapur Chemicals Ltd. pp. 408-409
Goods Transport Service : p. 772
I.A.S. Officers : p. 283
Improper method practiced by the F.C.I. : p. 106-107
Improvement of conditions in Jails : p. 494
Incentive Schemes for C.S.T.C. Staff : p. 727
Introduction of the course of Soil Chemistry and Geology in post-Graduate classes : pp. 767-68
Islampur Gangapata Fishery : p. 578
Issue of Bus Permits : p. 771
Jail-breaking incidents : p. 504
Jails : p. 187
Kharagpur Railway Workshop : p. 737
Labour Welfare Centres : p. 103
List of freedom fighters for presentation of 'Tamrapatra : p. 772
Loss of crops due to drought : pp. 348 50
Loss sustained by Sales Emporia in Calcutta : p. 564
Luxury Cars : p. 736
Luxury Tourist Buses in Calcutta : pp. 763-64
Messrs Martin Burn Limited : pp. 631-32
Minimum price of Raw Jute : pp 353-354
Motor Transport Undertakings : p. 6
Mustard seeds and pulses : p. 105
National Theatre : p 275
Naxalite Activities : pp. 256-57
Non-filling up of the Post of Director, State Archives, Government of West Bengal : p 488
Open prisons : p. 479
Passenger carrying capacity of C.S.T.C. : p. 762
Percentage of impurities mixed in rice : p. 183-84

**Question(s)**

Phthalic Anhydride Plant . p. 408
Plant for market loans to strengthen C S T.C. with Buses : p. 764
Police Department : p. 279
Price of rice at Kharagpur : p. 4
Private Godowns used by F.C.I. : pp. 633-35
Professional Theatres : p. 739
Programme for Promoting Tourism in the State : p. 557
Promotion procedure : pp. 731-32
Proposal to defray the defence cost in criminal cases : p. 768
Public prosecutor pp 765-67
Public Sector undertaking : p. 510
Recruitment to I.A S. from West Bengal p. 758
Regional Records Survey Committee · p: 490
Relief to the cattle owners affected by natural calamities . pp 776-77
Rent deposits in the Rent Controller's Office . p. 572
Recruitments in the Durgapur Projects Ltd. : pp 76-77
Rural Electrification p. 8
Rural Housing Scheme p. 741
Salaries and allowances of the orderly peons p. 511
Sales Counters by F.C I : p. 105
Scheduled Castes and Scheduled Tribes Candidates in Government Services : pp 475-76
Scrap materials for minor industries : pp. 103-104
Screening Committee for supply of tyres : p. 496
Setting up of an Industrial Estate at Kharagpur · pp. 92-93
Small-Scale Industrial Units in Darjeeling : p. 68
Smuggling of Arms : p. 739
Stagnation in industries : 409
State Wild Life Board : pp. 171-77
Street accident : p. 5
Sugar through Fair Price Shops : p. 3
Supply of water from Farakka : pp 80-81
Taxes levied on people by Panchayats, Mursidabad : p. 514
Tenughat Dam : pp. 67-68
Thermal Power Station, Midnapore : p. 768
Water Supply Scheme for Kharagpur : pp. 389-90
West Bengal State Academy of Dance, Drama, Music and Fine Arts : p. 757
West Bengal State Electricity Board : pp. 97-98
Withholding of payment of allowance to the teachers : p. 477

**Question(s)**


অগভীর নলকূপের জন্য বিদ্যুৎ : p. 83
অগভীর নলকূপ বৈদ্যুতিকরণ পরিকল্পনা : pp. 70-72
অর্থাভাবে নবদ্বীপের শিক্ষা প্রতিষ্ঠানগুলির অচল অবস্থা : pp. 486, 488
অফিস ও কর্মচারীদের বাড়িভাড়া : p. 414
অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা : p. 485
আদালতে বিচারাধীন কেস : p. 581
আদিবাসী ছাত্রদের ছাত্রাবাস-বৃত্তি : p. 392
আদিবাসী প্রাধান্য গ্রামসমূহে পানীয় জল সরবরাহ : p. 478
আমতা ১নং ব্লকে গভীর নলকূপ : p 369
আমলা গোড়াকোল্ড স্টোরেজ : p. 366
আর, টি, এ : pp. 473-74
আসানসোল কোল রোড কন্‌স্ট্রাকশন ডিভিশনের অধীন সড়ক : p. 579
আসানসোল ও বর্ধমান উন্নয়ন পরিকল্পনা : pp 644-45
আসানসোল মহকুমায় বিভিন্ন রাস্তা নির্মাণ : 273-74
আসানসোল শহর : p 190
আড়ংঘাটা-দত্ত-পুলিয়া-কৃষ্ণনগর রোড় : p. 720
ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার বাণাঘাট শাখা : p. 747
ইন্দপুর প্রাথমিক চিকিৎসাকেন্দ্র : 381
ইণ্ডিয়া মেশিনারী কারখানা : pp. 178-80
উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে নূতন বাস : p. 506
উদ্বাস্তু : p. 191
উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় : p. 562
উদয়নারায়ণপুর ও আমতা ব্লকে স্থায়ী অফিস নির্মাণ : p. 644
উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণীশাখা : 489
এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরি : pp. 627-30
এস. এফ, ভি, "রোহিত" লঞ্চ : p. 505
ওয়াকফ্ এস্টেট : p. 720
দি ওয়েস্ট বেঙ্গল চিলড্রেন্স অ্যাক্ট : p. 503
কচুরিপানা নিধন আইন : p. 357
করিমপুর থানা অঞ্চলে চুরি-ডাকাতি : p. 721
করিমপুর ব্লককে বিভক্ত করিবার পরিকল্পনা : pp. 769-70
কল্যাণী : pp. 363-64
কল্যাণী বিশ্ববিদ্যালয় : pp. 189-90
কল্যাণী বিশ্ববিদ্যালয়ের আবাদযোগ্য জমি : p. 489
কল্যাণী বিশ্ববিদ্যালয়ের জন্য তদন্ত কমিশন : p. 724
কল্যাণী সুতাকল : p 508
কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ : pp. 459-62
কলিকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন : p. 502
কলিকাতায় পুরাতন বাড়ি : pp. 260-64
কয়লা-সমৃদ্ধ জমি : p. 743
কংসাবতী ক্যানেল হইতে খড়্গপুর ব্লকে জল সরবরাহ : p. 74

**Question(s)**

কংসাবতী প্রকল্প : p. 749
কাটোয়া-পলিতা ও বাদশাহী রাস্তা : p 739
কান্মুর নদীতে লিফট ইরিগেশন স্কীম : p 759
কান্দড়া স্বাস্থ্যকেন্দ্র : p. 759
কালনা মহকুমা হাসপাতাল : p. 104
কালনা মহকুমায় পাকারাস্তা : p 719
কালনা হাসপাতাল : p. 410
'কাশীপুর ইনষ্টিটিউশন, ফর গার্লস' : p. 760
"কাশীপুর ইনষ্টিটিউসন ফর গার্লস"-এর হিন্দী শিক্ষিকা : p. 761
কাষ্টডাংগা-চুয়াডাংগা রোড : p 721
দি ক্যাটেল ট্রেসপাস অ্যাক্ট : pp. 251 54
ক্যান্সার : p 508
কাঁচাপাট সংগ্রহ : pp. 370-71
কাঁথি থানায় গভীর ও অগভীর নলকূপ : p. 751
কাঁথি শহর এলাকায় পানীয় জল সরবরাহ : p. 643
কুটির ও ক্ষুদ্র শিল্পে মহিলাদের কর্মসংস্থান pp. 94-95
কুমারগঞ্জ ও গঙ্গারামপুর টেস্ট রিলিফ ও সরকারি সাহায্য p. 485
কুমারী নদীর বাঁধ : p. 577
কুষ্ঠ চিকিৎসাকেন্দ্র : p. 278
কৃষকদের বিভিন্ন প্রকার ঋণ : p. 275
কৃষ্ণনগর গভর্নমেন্ট গার্লস স্কুল : pp. 187-88
কৃষ্ণনগর-রাণাঘাট রাস্তা : p. 750
কৃষি অধিকারিক অফিস : pp. 275-76
কৃষি আয়কর : p 411
কৃষি উন্নয়ন : pp 381-82
কৃষি-উন্নয়ন সমবায় সমিতি : p 282
কৃষিঋণ : p. 735
কৃষিকার্যে গভীর নলকূপ : p. 369
কেন্দ্রীয় সমবায় ব্যাংক : p 512
কেলেঘাই ও কংসাবতী প্রজেক্ট : p. 735
কেশিয়াড়ী মালটিপারপাস রাইসমিল : p. 82
কোচবিহার জেলায় দাতব্য চিকিৎসালয় : pp. 724-25
কোপাই সাউথ মেন ক্যানেল : p. 737
কোমরপুর হইতে চাকটাগ্রাম পর্যন্ত পাকারাস্তা : p. 759
কেশিয়াড়ী-ফুলবনি পাকারাস্তা : p. 776
খরা এলাকায় নলকূপ : p. 2
খরা-কবলিত এলাকায় ফসলহানি : pp. 74-76
খরা পরিপ্রেক্ষিতে টি. আর. ও জি. আর. স্কীম : pp. 469-71
খরা ও বন্যার্ত এলাকায় খাজনা মকুব : p. 407
খরাপীড়িত বাঁকুড়া জেলার সমস্যা : p. 384
খড়গ্রাম থানায় বাঁধ : p. 97

**Question(s)**


স্বরূপ-গুমুটিয়া রোড : p 101
ক্ষীরপাই হাসপাতাল : pp. 366-67
ক্ষুদ্র শিল্পজাত দ্রব্যের বিদেশে রপ্তানী : p 642
ক্র্যাস প্রোগ্রাম : pp. 402-403
গভীর সমুদ্রে মৎস্যশিকার প্রকল্প : p. 497
গাংচুয়া প্রজেক্ট : pp. 95-96
গ্রামীণ বৈদ্যুতীকরণ : p. 748
গৃহনিমাণের জমি : p. 100
গৃহনির্মাণ প্রকল্প : p. 512
গুয়াথ উপ-স্বাস্থ্যকেন্দ্র : p. 389
ঘাটাল পৌর এলাকার উন্নয়ন : pp. 726-27
ঘাটাল মিউনিসিপ্যালিটি : pp 259-60
চকদীঘি উপস্বাস্থ্যকেন্দ্র : pp. 356-57
চকদীঘি স্বাস্থ্যকেন্দ্র : p. 399
চক্ষুরোগ : p. 381
চন্দ্রকোণা-ঘাটাল ব্লকে পাকারাস্তা : p. 750
চব্বিশপরগনা জেলার পর্যটন নিবাস : p. 80
চব্বিশপরগনা জেলায় ভাগচাষী উচ্ছেদ : pp. 81-82
চব্বিশপরগনায় পাওয়ারলুম : p. 91
চামড়া বাবত আয় : p. 509
চাঁপাতলা হাইস্কুলের শিক্ষকদের বকেয়া বেতন : p 500
চেতলা ব্রীজ : pp 347-48
জনসংখ্যা অনুপাতে ব্লকসংস্থা গঠন : p. 769
জনস্বাস্থ্য বিভাগে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার : p. 101
জবরদখল কলোনি : p. 189
জবরদখল বাস্তুহারা কলোনি : p. 187
জলংগী নদীর সংস্কার : p. 576
জলংগী নদীর ভাঙ্গনরোধ কল্পে পলাশীপাড়ায় ফেরিঘাট : p. 574
জল্পেশ্বর হইতে কোচবিহার এলাকার কতিপয় পাকারাস্তা : p. 758
জাংগিপাড়া ব্লক ও চণ্ডীতলা ১নং ব্লকে গভীর নলকূপ : pp. 354-355
জমির হিসাব দাখিলের সময় বৃদ্ধি : p. 99
জামালপুর থানায় গভীর নলকূপ ও রিভার পাম্প : 726
জামালপুর থানায় সরকারে অর্পিত জমি : p. 278
জিয়াড়া-কানাইডাঙ্গা ডি. ভি. সি. ডিষ্ট্রিবিউটারি ক্যানেল : pp. 82-83
জুনপুট, আলমপুর ও দীঘা ফিসারী : pp. 186-87
জুনপুটে নূতন পর্যটনকেন্দ্র : p. 91
জুনিয়র ও সিনিয়র বেসিক স্কুল : p. 188
জুনিয়ার হাইস্কুল ও হায়ার-সেকেণ্ডারী স্কুলের অনুমোদন : pp. 462-64
জে কে নগর অ্যালুমিনিয়াম কারখানা : p. 398
জে. কে. নগর অ্যালুমিনিয়াম ফ্যাক্টরিতে বিদ্যুৎ সরবরাহের হার : p. 65
জেলাশিক্ষা প্রশাসন : p. 496

**Question(s)**


জেলা স্কুলবোর্ড কর্মচারীদের মহার্ঘভাতা : p. 760
জেলাওয়ারী তপশীলী ও উপজাতি সম্প্রদায় : p. 495
জেলাওয়ারী টি. আর. ও জি. আর. : p. 514
জেলাওয়ারী রাজ্য সমবায় ব্যাঙ্কের শাখা : p. 397
জেলা পরিষদের কর্মচারীদের সুযোগসুবিধা : p. 274
জৈবিক সার প্রকল্প : p. 359
জোনাল-কো-অপারেটিভ রাইসমিল, বীরভূম : pp. 777-78
শ্রীজ্যোতি বসুর বিলাত ভ্রমণের ব্যয়ভার : pp. 267-72
ঝালদা থানায় ড্যাম স্কীম : pp 768 69
ঝালদা থানায় সিমেন্ট কারখানা : pp. 403-404
ঝালদা পৌর এলাকায় জল সরবরাহ : pp 364-65
ঝাড়গ্রাম মহকুমায় উন্নয়ন : p. 379
ঝাড়গ্রাম মহকুমায় বিভিন্ন গ্রাম বৈদ্যুতীকরণ : p. 90
ঝাড়গ্রামে ডুলুং নদীবাঁধ পরিকল্পনা : pp. 87-88
ট্রান্সপোর্ট কমিশনারের বিরুদ্ধে অভিযোগ : p. 274
টিটাগড় গভর্ণমেন্ট প্রোডাকসন সেন্টার : p. 480
টুরিস্ট লজ : p. 88
টেকনিক্যাল অ্যাপ্রেন্টিসদের কর্মসংস্থান : p. 568
টেস্ট রিলিফ স্কীম : p. 191
টেস্ট রিলিফের কাজে পে-মাষ্টার ও মোহরার : p. 468
ডালখোলা থার্মাল প্ল্যান্ট : p. 96
ডিষ্ট্রিক্ট কমিটি ফর এমপ্লয়মেন্ট ফর সিডিউল্ড কাষ্ট অ্যাণ্ড ট্রাইবস : p. 498
ডোমকল-জলঙ্গী ব্লকে ভূমিবন্টন : p. 747
ডোমকল-জলঙ্গী সার্কেলে পাজনা ছাড়প্রাপ্ত লোকের সংখ্যা : p. 750
ডোমকল ব্লকে এন. এস. সি. পার্টবীজ : p. 278
তপশীলী ও উপজাতি ছাত্রছাত্রীদের শিক্ষা বাবদ সাহায্য : p. 470
তপসিলী জাতি ও উপজাতি সরকারী কর্মচারী : p. 454
তমলুক মাস্টার প্ল্যান : p 2
তহশীলদারদের মাহিনা, ভাতা, ইত্যাদি : p 574
তহশীলদারদের সরকারী কর্মী হিসাবে নিয়োগ : pp 89-90
তারাপুর-বলাগড়ঘাট রাস্তা : p. 777
তালডাংরা ও সিমলাপাল ব্লকে নলকূপ ও বড় কুয়া খনন : pp. 352-53
তুলাচাষ প্রকল্প : p. 744
দামোদর নদীর ভাঙ্গনে কনকপুর গ্রাম : pp. 72-74
দামোদরের উপর বেতাই-আমতা রাস্তার সংযোগ সেতু : p. 756
দীঘা সমুদ্রের অবক্ষয় : pp. 277-78
দুর্গাপুরে ডি. এস. টি. এস. বাস : p 399
দুর্গাপুর-পুরুলিয়া-আরামবাগ রুট : p. 512
দেবশালা গ্রামে সেচের জল : p. 558
দেবোত্তর ও বেনামীতে জলাভূমি : p. 98
দেঁড়েদিঘী-উদবাদাল ও কলাবেড়িয়া নিকাশী খাল : p. 86

**Question(s)**

ধংসের পথে পাওয়ারলুম শিল্প : p. 513
ধংসের পথে হস্তচালিত তাঁতশিল্প : p. 508
নদীয়া জেলাপরিষদ : pp. 407-408
নদীয়া জেলাপরিষদে নিযুক্ত করণিক : pp. 257-59
নদীয়া জেলায় কৃষিঋণ : p. 732
নদীয়া জেলায় পাটকল : 'p 85
নদীয়া জেলায় বিভিন্ন বনের মূল্যবান বৃক্ষাদি : pp. 640-41
নদীয়া জেলায় সার বন্টন : p. 765
নদীয়া জেলায় সুতাকল : p: 100
নদীয়ায় ডাকাতি : pp. 722-23
নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট অফিস গ্যারেজ : p. 498
নব ব্যারাকপুর পৌর এলাকায় বিদ্যুৎ : p. 578
নবগ্রাম কেন্দ্রে খাস জমি : pp. 405-406
নবগ্রাম ও জিয়াগঞ্জ থানায় জি. আর. : p. 406
নবগ্রাম থানার বসিষা ও তিলকার বিল : p. 735
নবগ্রাম ব্লকে ডিপ টিউবওয়েল : p. 101
নবদ্বীপ বেসরকারী বিদ্যুৎ সংস্থা : p. 94
নবদ্বীপে জে. এল. আর ও অফিস : p. 409
নবদ্বীপে টেকনিক্যাল স্কুল : p. 500
নবদ্বীপে সিড ফার্ম : p. 368
নারিকেল গাছ : pp. 350-51
নাসড়া গার্লস হাইস্কুল ভবন : pp. 642-43
নূতন বি. এড. কলেজ : p. 762
পঞ্চায়েৎ নির্বাচন : pp. 265-66
পতিতাবৃত্তি নিয়ন্ত্রণ আইন : pp. 464 67
পদ্মার ভাঙ্গনে ৬৫০টি গৃহহারা পরিবার : pp. 474-75
পলিও ক্লিনিক : pp. 105-106
পলিটেকনিক : p. 500
পলিটেকনিকগুলির শিক্ষক ও অশিক্ষক কর্মীদের বেতনক্রম ও মহার্ঘভাতা : pp. 770-71
পশ্চিম দিনাজপুর জেলায় পুষ্করিণী : p. 494
পশ্চিম দিনাজপুর জেলায় বিভার লিফট ইরিগেশন : pp. 361 62
পশ্চিম দিনাজপুরে এক্স-রে মেশিন : p. 382-83
পশ্চিমবঙ্গে চা-বাগিচার তথ্য : p 752
পশ্চিম বাংলায় বিদ্যুৎ সরবরাহের পরিমাণ p. 92
প্রথম হইতে পঞ্চম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা : p. 498
প্রয়োজনে কলিকাতায় বাড়ী রিকুইজিসান : p. 582
প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা : p. 582
প্রাথমিক শিক্ষক নিয়োগের সরকারী নীতি : p. 756
প্রাথমিক শিক্ষক পাঠ্যপুস্তক : p 759
প্রাথমিক শিক্ষকদের সুযোগসুবিধা : p. 486
প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্র : p. 370

**Question(s)**

পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের অধীনে গাড়ী : p. 509
পাঁচগাছী-ধোড়াদহ রাস্তা : p. 724
পিছাবনী স্বাস্থ্যকেন্দ্র : p. 102
পিংলা, দাঁতন ও বেলদা আউটপোস্ট : p. 719
পুরুলিয়া জেলায় অহল্যাবাঈ রোড ও সেতু : pp. 645-46
পুরুলিয়া জেলায় কলেজ : p. 499
পুরুলিয়া জেলায় খাস ও বেনামী জমি : pp. 79-80
পুরুলিয়া জেলায় প্রাথমিক বিদ্যালয় : p. 482
পুরুলিয়া জেলায় প্রাথমিক বিদ্যালয়বিহীন গ্রাম : p. 487
পুরুলিয়া জেলায় বরাবাজার ও বলরামপুর ব্লকে কূপ : p. 364
পুরুলিয়া জেলায় বরাবাজার ও বলরামপুর শহরে বৈদ্যুতীকরণ : p. 81
পুরুলিয়া জেলায় সিমেন্ট কারখানা : p. 89
পুরুলিয়া জেলায় সেচের জন্য ডাংরা জোড় পরিকল্পনা : pp. 85
পুরুলিয়া সদর হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক p. 389
পুরুলিয়ার জে এল আর ও অফিস : p. 93
পুরুলিয়ায় প্রাথমিক শিক্ষকগণের বেতন : p. 499
পুলিশ কর্মচারীদের বাড়ীভাড়া ভাতা : p. 266
পুলিশ কর্মচারীদের ভ্রমনভাতা : p. 265
পূর্ত বিভাগের গাড়ী : p. 731
পূর্ণাঙ্গ কৃষি বিদ্যালয় : p. 363
পৃথক জেলা গঠন : p. 718
প্রেক্ষাগৃহ হইতে রাজস্ব আদায় : pp. 773-74
ফরিদপুর স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক p. 385
ফ্যামিলি প্ল্যানিং ক্লিনিক : p. 281
ফুড কর্পোরেশনে কর্মরত খাদ্য ও সরবরাহ বিভাগের কর্মচারীবৃন্দ : pp. 630-31
বঙ্কিমনগরে সিল্ক ফার্ম : p. 399
বদ্ধ জলাশয় : p. 405
বদ্ধ পুষ্করিনী সংস্কার প্রকল্প : p. 497
বদ্ধ ও মজা পুকুর : p 380 81
বর্ধমান-গুসকরা রাস্তায় সিমেন্ট বোঝাই লরী p. 717
বর্ধমানে কৃষিকলেজ : p. 382
বর্ধমানে রবীন্দ্রভবন : p. 505
বর্ধমানের পুলিশ সুপার : pp 713-15
বনহুগলি টেনামেন্ট স্কীম : p 506
বন্যা এলাকায় খাজনা মকুব : p. 95
বন্যা ও খরা এলাকায় সরকারী ঋণ : p. 483
বন্যানিয়ন্ত্রনকল্পে দামোদর নদের দক্ষিণ তীরে বাঁধ : p. 88
বন্যাবিধ্বস্ত এলাকায় পাকা বাড়ি নির্মাণ p. 106
বরানগর-কামারহাটি জয়েন্ট ওয়াটার ওয়ার্কস : p. 361
বলদ, বীজ ও সার খরিদ ঋণ : pp. 390-91
বসন্তরোগ নির্মূল পরিকল্পনা ও স্বাস্থ্যকর্মীদের বিভিন্ন সুযোগসুবিধা : p. 365

**Question(s)**


বহরমপুর হাসপাতালের প্রাক্তন কর্মচারীদের প্রভিডেন্ট ফাণ্ড ও ডেথ গ্রাচুইটির টাকা : p. 362
ব্লকের কৃষিবিভাগ : p. 276
বাগনান-শিবগঞ্জ ও বাগনান-কমলপুর বাসরুট : p. 467
বার্দ্ধক্যভাতাপ্রাপ্ত ব্যক্তি : p. 492
বানতালীয়া ও দৌলতপুর স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার : p. 370
বান্দোয়ান প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র : p. 362
বালুরঘাটে বি টি কলেজ : p. 481
বাস্তহারাদের বাস্তজমি : pp. 458-59
ব্লাড ব্যাঙ্ক : p. 368
ব্যাণ্ডেল থার্মাল প্ল্যান্টের কর্মচারীবৃন্দ : pp. 64-65
বাঁকুড়া কো-অপারেটিভ রাইসমিল : p. 405
বাঁকুড়া খৃশ্চান কলেজ : p. 478
বাঁকুড়া জেলায় কর্মকার : pp. 393-94
বাঁকুড়া জেলায় খাদিশিল্প : p. 395
বাঁকুড়া জেলার ধীবরদের আর্থিক সাহায্য : p. 505
বাঁকুড়া জেলায় এইচ এস এবং এস এফ বিদ্যালয় : p. 491
বাঁকুড়া জেলায় কংসাবতী নদী হইতে জল সরবরাহ : p. 576
বাঁকুড়া জেলায় কুটিরশিল্প : p. 394
বাঁকুড়া জেলায় কোয়ারী অফ স্টোন চীপস্ : p. 400
বাঁকুড়া জেলায় গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহ : p. 369
বাঁকুড়া জেলায় চাষযোগ্য জমি : p. 84
বাঁকুড়া জেলায় টি আর ও জি আর বাবত খরচ : p. 483
বাঁকুড়া জেলায় তন্তুবায় : pp. 96-97
বাঁকুড়া জেলায় তাঁত ও বাসন শিল্প : p. 577
বাঁকুড়া জেলায় দামোদর এলাকায় সেচ-প্রকল্প : pp. 397-98
বাঁকুড়া জেলায় প্রাথমিক বিদ্যালয় : p. 501
বাঁকুড়া জেলায় প্রাথমিক সমবায় ঋণদান সমিতি : p. 396
বাঁকুড়া জেলায় বাস সার্ভিস : p. 471
বাঁকুড়া জেলায় বিড়িশিল্প : pp. 182-83
বাঁকুড়া জেলায় বৃহদায়তন শিল্প : p. 79
বাঁকুড়া জেলায় রাস্তা ও সেতু নির্মাণ : p. 579
বাঁকুড়া জেলায় লাক্ষা চাষ : p. 398
বাঁকুড়া জেলায় লিফ্‌ট ইরিগেশন : p. 102
বাঁকুড়া জেলায় শরণার্থী শিবির : p. 731
বাঁকুড়া জেলায় শরণার্থীদের বাসগৃহ : p. 1
বাঁকুড়া জেলায় শাহসপুরে কাটলারি ওয়ার্কশপ : p. 84
বাঁকুড়া জেলায় সেচ এলাকা : pp. 98-99
বাঁকুড়া ও পুরুলিয়া জেলার কৃষিজমি : p. 81
বাঁকুড়া বিদ্যুৎ সরবরাহ সংস্থা : p. 79
বাঁকুড়া মেডিক্যাল কলেজে বৈদ্যুতিকরণ : p. 278

**Question(s)**

বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও শালতোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র : pp 351-52
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতাল : p. 345
বাঁকুড়া সম্মিলনি মেডিক্যাল কলেজের কাঁচারাস্তা : p 507
বাঁকুড়ার ওন্দা ব্লকে বৈদ্যুতীকরণ : p. 94
বাঁকুড়ায় ক্ষুদ্র এবং বৃহৎ শিল্প প্রকল্প : pp. 93 94
বাঁকুড়ায় শিল্পস্থাপনের পরিকল্পনা : p 88
বাঁধ মেরামত : p. 740
বিজ্ঞান-মন্দির : p. 186
বিজ্ঞান-মন্দির কর্মী : p. 184
বিদ্যালয় পরিদর্শকস্তরে কাঠামো পুনর্বিন্যাস : p. 760
বিধ্বস্ত গৃহ বাবত অনুদান : pp. 108-10
বিভিন্ন জেলায় ক্র্যাস প্রোগ্রাম : pp. 340-44
বিভিন্ন জেলায় নলকূপ ও বিভার পাম্পিং সেট : 400-401
বিভিন্ন শিল্পে নিযুক্ত শ্রমিক : p. 10
বীরভূম জেলা প্রাথমিক বিদ্যালয় পর্ষদ : p. 506
বীরভূম জেলায় গ্রাম বৈদ্যুতীকরণ : p. 558
বীরভূম জেলায় বেকারসমস্যা রোধে শিল্প স্থাপন . p. 575
বৃদ্ধদের জন্য আশ্রয়গৃহ : p. 482
বেকারসমস্যা : p. 407
বেকারের সংখ্যা : pp. 411-12
বেতাই-ঝিখিরা রোড : pp 717-18
বেনীফ্ড : pp. 639-40
বে-সরকারী ননস্পনসড প্রাইভেট কলেজ : pp 762-63
বেহারীনাথ ও তেঁতুলটিকরী সেচ প্রকল্প : p. 736
বোসপুকুর-আনকুল বৈদ্যুতীকরণ : p. 84
ভগবানগোলা থানা এলাকায় সেচ : pp. 69-70
ভারী শিল্পের বিকেন্দ্রীকরণ : p. 92
ভালুকা গ্রামের রক্ষার জন্য বাঁধ : p. 89
ভ্রাম্যমান হাসপাতাল : p. 409
ভিক্ষুক : p. 2
মঞ্জুরী প্রাপ্ত নূতন কলেজ : p. 488
মধুকুণ্ডাতে মিশ্র ইস্পাত কারখানা : p. 98
মহানন্দা তীর বরাবর বালির বাঁধ : p. 87
মহিলা পুলিশ : pp. 266-67
মহিলাদের কর্মসংস্থান : p. 370
মৎস্য উৎপাদন : p. 501
মৎস্যজীবী : p. 185
মাঝিয়ান কৃষিবীজ ফার্ম : pp. 107-108
মাঝেরগ্রাম ও হরনগর সাবসিডিয়ারী হেলথ সেন্টার : p. 764
মাধ্যমিক বিদ্যালয় : p 480
মালদহ জেলায় পাকারাস্তা : p. 723

**Question(s)**

মাস্টার প্ল্যান : p. 185
মাস্তানী গ্রামে গভীর নলকূপ : p. 367
মিনিবাস : p. 761
মিনিবাসের লাইসেন্স : pp. 774-76
মিসা আইনে আটক বন্দী : pp. 254-56
মুণ্ডেশ্বরী সেতু : p. 730
মুর্শিদাবাদ জেলাপরিষদে নিযুক্ত অবসরপ্রাপ্ত ওভারশিয়ার : pp. 264 65
মুর্শিদাবাদ জেলার জমি সংক্রান্ত মোকদ্দমায় সরকারের হারজিতের খতিয়ান : p. 580
মুর্শিদাবাদ জেলার রেশম তন্তুবায় : p. 566
মুর্শিদাবাদ জেলায় কুটীর ও ক্ষুদ্র শিল্প : p. 89
মুর্শিদাবাদ জেলায় ক্র্যাস প্রোগ্রাম : p. 339
মুর্শিদাবাদ জেলায় টি আর স্কীম : pp. 413-14
মুর্শিদাবাদ জেলায় তপশিলী জাতি ও উপজাতির সংখ্যা : p. 748
মুর্শিদাবাদ জেলায় নলকূপ : pp. 346-47
মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন সমবায় সমিতি : p. 646
মুর্শিদাবাদ জেলায় বৃহৎ শিল্প : p. 69
মুর্শিদাবাদ জেলায় রেশন কার্ড : p. 7
মুর্শিদাবাদ জেলায় রেশম শিল্প : p. 102
মুর্শিদাবাদ জেলায় সরকারে ন্যস্ত জমি : p. 86
মুর্শিদাবাদ বর্গাদারসংখ্যা : p. 94
মেখলিগঞ্জ হাসপাতালে ডাক্তার : p. 378
মেখলিগঞ্জ হাসপাতালে বিদ্যুৎ সরবরাহ : p. 350
মেদিনীপুর জেলায় আগরাড়া গ্রামে হত্যার ষড়যন্ত্র : p. 260
মেদিনীপুর জেলায় গভীর ও অগভীর নলকূপ : p. 758
মেদিনীপুর জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ : p. 745
মেদিনীপুর জেলায় মৎস জীবীদের সাহায্য : p. 10
মেদিনীপুর জেলায় স্থায়ী ও অস্থায়ী বাসরুট : pp. 778 80
যক্ষারোগীদের পুনর্বাসন : p. 277
যৌথ খামার : p. 62
রবি মরসুমে সেচপ্রাপ্ত জমি : pp. 99-100
রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগ : p. 763
রবীন্দ্র সদনে "টিনের তলোয়ার" নাটক : p. 481
রাজ্য পরিবহণ সংস্থার আয়ব্যয় : p. 490
রাজ্য ভাষা (বিধান) কমিশন : p 737
রাজ্য সমবায় ব্যাঙ্ক : 396
রাজ্য সমবায় ব্যাঙ্কের অনাদায়ী ঋণ : p. 573
রাজ্যের বিভিন্ন হাসপাতালের মোট শয্যা : p 390
রামনগর সুগার মিল : p 575
রাস্তাঘাট ও পুল মেরামত : pp. 279-80
রায়গঞ্জ ইণ্ডাস্ট্রীয়াল ট্রেনিং ইনষ্টিটিউট : p. 64
রিভার পাম্পিং ও লিফট ইরিগেশন : p. 277

**Questions(s)**

রেশম শিল্প : pp. 412-13
লক্ষ্মীসাগর স্বাস্থ্যকেন্দ্র : p. 371
লাম্প গ্রান্টপ্রাপ্ত সরকারী বিদ্যালয় : p. 744
লাম্প গ্রান্টপ্রাপ্ত হাইস্কুল : p. 487
লালগড, শেঠ ও মনোহর কলোনী : p 4
লোধা উপজাতি : p 393
শরণার্থী শিবিরের অফিসার ও কর্মচারী : p 733
শরণার্থীদের সাহায্য : p 734
শরশঙ্কা দীঘিতে মৎস্যচাষের পরিকল্পনা : p 769
শস্যবীমা : p 356
শ্মশানভূমি ও কবরস্থান বন্টন : p 87
শ্যামপুর ১নং ব্লক অফিস : p. 746
শ্যামপুরে তুলাচাষ : pp 276-77
শিক্ষাদপ্তর : p 190
শিপিং কর্পোরেশন অব ইণ্ডিয়া : pp 180 81
শিল্পে কর্মী নিয়োগের পদ্ধতি : p 95
সমাজউন্নয়ন ব্লক : p 276
সরকারী উদ্যোগে পরিচালিত কৃষিখামার : pp 372-77
সরকারী কলোনীর জমি : p 480
সরকারী খাস কৃষিজমি সরকারী কর্মচারীদের মধ্যে বণ্টন : p 91
সরকারী চাকরিতে বয়সের ঊর্ধ্বসীমা : p 277
সরকারী দপ্তরে তপসীলি ও আদিবাসী কর্মচারী : pp. 454-56
সরকারে ন্যস্ত কৃষি ও কৃষি জমি : p 99
সরকারের অধীন বিজ্ঞান-মন্দির : p 186
সয়েল কনজারভেশন : p 640
সংবাদপত্রে বিজ্ঞাপন : p 644
সার্কেল অ্যাসিস্ট্যান্ট : p 757
সাবরেজিস্ট্রারের পদ : p. 581
সাবসিডিয়ারী হেলথ সেন্টার প্রকল্প : p. 765
স্যাকসবী ফারমার কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড : p 573
সাঁইথিয়া ব্লকে বিভিন্ন গ্রামে বিদ্যুতীকরণ ব্যবস্থা : p 78
সাঁওতালডিহি বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র : p 569
সি এম ডি এ-তে কর্মসংস্থান : pp 383-84
সি এম ডি-এ-র সভাপদ : p 371
সিনকোনা : p. 70
সুন্দরবনের মধু : p. 7
সুপার অ্যানুয়েটেড প্রাথমিক শিক্ষকদের বেতন : p 763
সুতাকল : p. 555
সুতাকল জাতীয়করণ : p. 571
সেরামিক ও রিফ্র্যাকটরী কারখানা : p. 507
স্কুলকলেজে হেলথ হোম ইউনিট : pp. 410-11

**Question(s)**

স্কুলবোর্ড : pp. 190-91
স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে শূন্যপদ : pp. 77-78
সোনাখালি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র : p 368
হলদিয়ার শিল্পোন্নয়ন পরিকল্পনা : pp. 66-67
হাঙর খাল : p. 61
হাটগ্রাম উপস্বাস্থ্যকেন্দ্র : p. 366
হাবড়া গার্লস হাইস্কুল সম্পর্কে অডিট রিপোর্ট : p. 484
হিমঘর : pp 355-56
হিমঘর কর্মীদের প্রভিডেন্ট ফাণ্ড : p. 177
হীরাপুর থানার অন্তর্গত বিধান কলোনী, বার্ণপুর রোড . pp. 272-73
হীরাপুর ব্লকে স্বাস্থ্যকেন্দ্র : p. 367
হুগলী জেলায় স্বাস্থ্যকেন্দ্র : pp. 379-80
হুগলী জেলায় সি এম ডি এ স্কীম : pp 385-88
হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি : 395-96

**Rai, Shri Deo Prakash**

Small-Scale Industrial Units in Darjeeling (Q ) : p 68
The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 : pp. 34-37

**Ray, Shri Siddharta Sankar**

Discussion on his statement, dated 28th July, 1972, regarding the murder of four Trade Union workers at Chinakuri Colliery : pp. 316-30
Mention Case : p. 201
Ratification of the Constitution (Twenty-eighth Amendment) Bill, 1972 : pp. 202-206
Satatement under rule 346 : pp. 330-35

**Report(s)**

—of the Business Advisory Committee : pp 46, 516

**Roy, Shri Aswini**

Coke Oven Factory (Q.) : p. 752
Durgapur Projects Ltd. (Q ) : p. 513
Electricity from Durgapur Projects Ltd. (Q ) : p. 59
Employment of retired officials in Public Service (Q.) : p. 580
Introduction of the course of Soil Chemistry and Geology in Post-Graduate classes (Q.) : pp. 767-68
Mention Case : pp. 418, 519, 653-54
Minimum price of Raw Jute (Q.) : pp. 353-54
Motion under rule 194 : pp. 808-12
Proposal to defray the defence cost in criminal cases (Q.) : p. 768

**Roy, Shri Aswini**

Public Prosecutor (Q.) : p. 765
Recruitments in the Durgapur Projects Ltd. (Q.) : 76-77
Screening Committee for supply of tyres (Q.) : p. 496
The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972 : pp. 523-25, 530
কাঁচাপাট সংগ্রহ (Q.) : pp. 370-71
কেন্দ্রীয় সমবায় ব্যাংক (Q.) : p. 512
ক্ষুদ্র শিল্পজাত দ্রব্যের বিদেশে রপ্তানী (Q.) : p. 642
জমির হিসাব দাখিলের সময় বৃদ্ধি (Q.) p. 96
পশ্চিমবঙ্গে চা-বাগিচার তথ্য (Q.) : p. 753
প্রাথমিক শিক্ষক নিয়োগের সরকারী নীতি (Q.) : p. 756
বর্ধমান-গুসকরা রাস্তায় সিমেন্ট বোঝাই লরী (Q.) : p. 717
বর্ধমানে রবীন্দ্র ভবন (Q.) : p. 505
বাস্তুহারাদের বাস্তুজমি (Q.) : pp. 458-59
হিমঘর কর্মীদের প্রভিডেন্ট ফাণ্ড (Q.) : p. 177

**Roy, Shri Bireswar**

বালুরঘাটে বি. টি. কলেজ (Q.) : p. 481
ম্যাক্সিয়ান কৃষিবীজ দাম (Q.) pp. 107-108

**Roy, Shrimati Ila**

Mention case : pp. 652-53
Motion under rule 185 : pp. 234-35

**Roy, Shri Jagadananda**

Mention case : pp. 789-90

**Roy, Shri Jatindra Mohan**

শ্মশানভূমি ও কবরস্থান বণ্টন (Q.) : p. 87

**Roy, Shri Krisrna Pada**

Mention case : pp. 651-52
Motion under rule 185 : pp. 608-609
লোধা উপজাতি (Q.) : p. 393

**Roy, Shri Madhu Sudan**

কোচবিহার জেলায় দাতব্য চিকিৎসালয় (Q.) : p. 724
জল্পেশ্বর হইতে কোচবিহার এলাকার কতিপয় পাকারাস্তা (Q.) : p. 758
মেখলিগঞ্জ হাসপাতালে বিদ্যুৎ সরবরাহ (Q.) : p. 350
মেখলিগঞ্জ হাসপাতালে ডাক্তার (Q.) : p. 378

**Roy, Shri Santosh Kumar**

Discussion on motion under rule 185 : pp. 701-705
Statement on Calling Attention Notice regarding Demand for sanction of minimum 15 per cent, G. R. for the drought and flood affected people of West Bengal : pp. 646-47
Statement on Mention Case : p. 652

**Roy Shri Saroj**

Half-an hour discussion : pp. 210-11
Mention Case : pp. 194-95
আমলাগোড়া কোল্ড স্টোরেজ (Q.) : p. 366
ঝাড়গ্রাম মহকুমায় উন্নয়ন (Q.) : p. 379
স্থাকসরী ফারমার কর্মচারীদের প্রভিডেন্ট ফাণ্ড (Q.) : p. 573

**Ruling(s)**

—on Point of Order : pp. 698-99

**Saha, Shri Dulal**

Mention Case : p. 116
বীরভূম জেলায় গ্রাম বৈদ্যুতিকরণ (Q.) : p. 558
বীরভূম জেলায় বেকার সমস্যা রোধে শিল্প স্থাপন (Q.) : p. 575

**Saha, Shri Dwijapada**

গ্রামীণ বৈদ্যুতিকরণ (Q.) p. 748

**Saha, Shri Radha Raman**

অর্থাভাবে নবদ্বীপের শিক্ষা প্রতিষ্ঠানগুলির অচল অবস্থা (Q ) : p. 488
নদীয়া জেলায় পাটকল (Q.) : p. 85
নদীয়া জেলায় সুতাকল (Q.) : p. 100
নবদ্বীপে সিড্ ফার্ম (Q.) : p. 368
নবদ্বীপে জে এল আর ও অফিস (Q.) : p. 409
নবদ্বীপে টেকনিক্যাল স্কুল (Q.) : p. 500
নবদ্বীপ বেসরকারী বিদ্যুৎসংস্থা (Q.) : p. 94

**Samanta, Shri Tuhin Kumar**

Motion under rule 194 : pp. 813-15

**Santra, Shri Sanatan**

বাঁকুড়া জেলায় শাহসপুরে কাটলারি ওয়ার্কশপ (Q.) : p. 84

**Saren, Shri Dasarathi**

আদিবাসী ছাত্রদের ছাত্রাবাস-বৃত্তি (Q.) : p. 392

**Sarkar, Dr, Kanai Lal**

Mention Case : pp. 287-88

**Sarkar, Shri Nil Kamal**

মাঝেরগ্রাম ও হরনগর সাবসিডিয়ারী হেলথ সেন্টার (Q.) : p. 764

**Sarkar, Shri Netai Pada**

Mention Case : p. 124

The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972 pp. 531-33

The West Bengal Housing Board Bill, 1972 : pp. 440-43

আড়ংঘাটা-দত্তপুলিয়া-কৃষ্ণনগর রোড (Q.) : p. 720

ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার রানাঘাট শাখা (Q.) : p. 747

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের জন্য তদন্ত কমিশন (Q.) . p. 724

কল্যাণী সূতাকল (Q.) . p 508

ক্যান্সার (Q.) : p. 508

কৃষকদের বিভিন্ন প্রকার ঋণ (Q.) : p. 275

কৃষিউন্নয়ন (Q.) . pp. 381-82

খরা-কবলিত এলাকায় ফসলহানি (Q.) : pp. 74-76

জবরদখল কলোনী (Q.) : p. 189

জুনিয়র ও সিনিয়র বেসিক স্কুল (Q.) : p. 188

জৈবিক সার প্রকল্প (Q.) : p. 359

তপশীলী জাতি ও উপজাতি সরকারী কর্মচারী (Q.) : p. 454

তুলাচাষ প্রকল্প (Q.) : p. 744

দেবোত্তর ও বেনামীতে জলাভূমি (Q.) : p. 98

ধ্বংসের পথে পাওয়ারলুম শিল্প (Q.) ; p. 513

ধ্বংসের পথে হস্তচালিত তাঁতশিল্প (Q.) : p. 508

নদীয়া জেলার বিভিন্ন বনে মূল্যবান বৃক্ষাদি (Q.) : p. 640

বদ্ধ জলাশয় (Q.) : p. 405

বেকার সমস্যা (Q.) : p. 407

বেবীফুড় (Q.) : pp, 639-40

মৎস্য উৎপাদন (Q.) : p. 501

মৎস্যজীবী (Q.) : p. 185

মাস্টার প্ল্যান (Q.) : p. 185

শরনার্থী শিবিরের অফিসার ও কর্মচারী (Q.) : p. 733

সরকারী দপ্তরে তপশীলী ও আদিবাসী কর্মচারী (Q.) : pp 454- 58

সূতাকল জাতীয়করণ (Q.) : p. 571

হাঙর খাল (Q.) : p. 61

**Sau, Shri Sachi Nandan**

Mention Case : pp. 122-23, 288
Motion under rule 185 : pp. 233-34
The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972 : pp. 535-37
জোনাল কো-অপারেটিভ রাইস মিল, বীরভূম (Q.) : p. 777

**Sen, Shri Bholanath**

Postponement of the Bengal Legislative Assembly (Members' Emolument) (Amendment) Bill, 1972 : pp. 290-91
The Shri Aurobinda Memorial Bill, 1972 : pp. 420-23, 427-28
The West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1972 : pp. 657-59
The West Bengal Housing Board Bill, 1972 · 428-30, 449-52

**Sen, Shri Sisir Kumar**

বাগনান-শিবগঞ্জ ও বাগনান-কমলপুর বাসরুট (Q.) : p. 467
বোসপুকুর-আনকুল বৈদ্যুতীকরণ (Q.) : p. 84

**Sen Gupta, Shri Kumardipti**

Berhampore Rabindra Sadan (Q.) : pp. 472-73
Cases pending in Lalbagh Criminal Court (Q.) : p. 358
Discusion on Motion under rule 185 : pp. 674-76
Mention Case : p. 419
The Shri Aurobinda Memorial Bill, 1872 : pp. 424-26
Supply of water from Farakka (Q.) : pp. 80-81
The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972 : pp. 527-30

**Seth, Shri Balai Lal**

Mention Case : p. 791
Motion under rule 185 : p. 617-19
The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972 : pp. 533-35
অর্থাভাবে নবদ্বীপের শিক্ষা প্রতিষ্ঠানগুলির অচল অবস্থা (Q) : p. 486
হরিপাল ব্লকে পশু সার ইত্যাদি ক্রয় ও অন্যান্য বাবত ঋণ (Q.) : p. 725
হিমঘর (Q.) : pp. 355-56
হুগলী জেলায় স্বাস্থ্যকেন্দ্র (Q.) : pp. 379-80

**, Shri Lal Bahadur**

iscussion on the Chief Minister's Statement, dated 28th July, 1972, regarding the murder of four Trade Union workers at Chinakuri Colliery : pp. 318-19
ention Case : p. 90

**ababu, Shri Phani Bhusan**

he West Bengal Housing Board Bill, 1972 : pp. 443-44
সাবতী প্রকল্প (Q.) : p. 749
ারী নদীর বাঁধ (Q.) : p 577
াপীড়িত বাঁকুড়া জেলার সমস্যা (Q ) : p 384
লডাংরা ও সিমলাপাল ব্লকে নলকূপ ও বড় কুয়া খনন (Q ) : pp. 352-53
কুড়া জেলায় চাষযোগ্য জমি (Q ) : p. 84
কুড়া জেলায় তাঁত ও বাসন শিল্প (Q.) : p. 577
কুড়া জেলায় প্রাথমিক বিদ্যালয় (Q.) : p. 501
কুড়া জেলায় বাস সার্ভিস (Q.) : p. 471
কুড়া মেডিকাল কলেজে বৈদ্যুতিকরণ (Q.) : p. 278
কুড়া জেলায় রাস্তা ও সেতু নির্মাণ (Q.) : p. 579
কুড়া জেলায় লিপট ইরিগেশন : p. 102
কুড়া জেলায় শরণার্থীদের বাসগৃহ Q.) : p. 1
াসাগর স্বাস্থ্যকেন্দ্র (Q.) : p. 371
ধ আয়কর (Q ) : p. 411
াবগঞ্জ ও গঙ্গারামপুর টেস্ট রিলিফ ও খয়রাতি সাহায্য (Q.) : p. 485

**, Shri Debendra Nath**

scussion on Motion under rule 185 : pp. 676-77

**Shri Nirmal Krishna**

scussion on Motion under rule 185 : pp. 693-95
হানী গ্রামে গভীর নলকূপ (Q.) : p. 367

**Roy, Shri Bhabani Prasad**

ention Case : p 199
otion under rule 185 : p. 230
otion under rule 194 : pp. 818-20

**er, Mr.**

ying of First Report of the Committee on Rules : p. 326
ying of Report of the Business Advisory Committee : pp. 46-47, 243-44, 516
bservation by—on a Point of Order : p. 45

**Speaker, Mr.**

Observation by—on a Point of Privilege regarding continuance of the sitting of the House beyond 6 p.m. : pp. 207-208
Ruling on a Point of Order raised by Shri Biswanath Mukherjee : pp. 698-99
Statement under rule 346 : pp. 330-37, 793
Statement under rule 363 : p. 792

**Sur, Shri Ganapati**

The Calcutta Municipal (Fourth Amendment) Bill, 1972 : pp. 662-64

**Tudu, Shri Budhan Chandra**

Mention Case : p. 193
কেশিয়াড়ী মালটিপারপাস রাইস মিল (Q ) : p. 82
কেশিয়াড়ী-ফুলবনি পাকারাস্তা (Q ) : p. 776
কেলেঘাই ও কংসাবতী প্রজেক্ট (Q.) : p. 735

**Talukdar, Shri Rathin**

বসন্ত রোগ নির্মূল পরিকল্পনা ও স্বাস্থ্যকর্মীদের বিভিন্ন সুযোগসুবিধা (Q ) : p. 365

**Wilson-de Rose, Shri George Albert**

Discussion on the Chief Minister's Statement, dated 28th July, 197 regarding the murder of four Trade Union workers at Chinaku Colliery : pp. 326-27
Motion under rule 185 : p 621
The West Bengal Appropriation (No. 2) Bill, 1972 : pp. 48-49